Vol. 122, No. IV

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Hundred Twenty-Second Session

(March to July Session, 2003)

(From 14th July to 23rd July, 2003)

(The 14th, 15th, 16th, 17th, 18th, 21st, 22nd and 23rd July, 2003)

Published by Authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

Price : ₹ 798.42

Vol. 122, No. IV

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Hundred Twenty-Second Session

(March to July Session, 2003)

(From 14th July to 23rd July, 2003)

(The 14th, 15th, 16th, 17th, 18th, 21st, 22nd and 23rd July, 2003)

Published by authority of the Assembly under Rule 353
of the Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI VIREN J. SHAH

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Shri Buddhadeb Bhattacharjee,** Chief Minister and Minister-in-Charge of Home Department, Information & Cultural Affairs Department, Science & Technology Department, Personnel & Administrative Reforms Department, Hill Affairs Department.
2. **Shri Nirupam Sen,** Minister-in-Charge, Department of Commerce & Industries, Public Undertakings, Industrial Reconstruction and Development & Planning including Uttaranchal Unnayan Affairs & Paschimanchal Unnayan Affairs.
3. **Dr. Surjya Kanta Mishra,** Minister-in-Charge, Health & Family Welfare and Panchayat & Rural Development Department.
4. **Shri Mahammad Amin,** Minister-in-Charge of Labour Department.
5. **Dr. Asim Kumar Dasgupta,** Minister-in-Charge of Finance Department.
6. **Shri Subhas Chakraborti,** Minister-in-Charge of Transport Department, Sports Deptt. and Hooghly River Bridge Commission.
7. **Shri Md. Salim,** Minister-in-Charge of Department of Minorities Development & Welfare, Self Employment Scheme for the Urban Unemployed, Department of Youth Services and Technical Education Department.
8. **Shri Kamal Guha,** Minister-in-Charge of Agriculture Department.
9. **Shri Biswanath Chowdhury,** Minister-in-Charge of Women & Child Development & Social Welfare Department and Jails Department.
10. **Shri Nanda Gopal Bhattacharjee,** Minister-in-Charge of Minor Irrigation and Water Investigation & Development Deptt.
11. **Shri Kiranmay Nanda,** Minister-in-Charge of Fisheries, Aqua Culture & Aquatic Resource and Fishing Harbours Department.
12. **Shri Prabodh Chandra Sinha,** Minister-in-Charge of Parliamentary Affairs and Excise Department.
13. **Shri Kalimuddin Shams,** Minister-in-Charge of Food & Supplies Department.
14. **Shri Amar Chaudhuri,** Minister-in-Charge of Public Works Department.

15. **Shri Goutam Deb**, Minister-in-Charge of Housing and Public Health Engineering Department.

16. **Shri Kanti Biswas**, Minister-in-Charge of School Education and Madrasah Department.

17. **Shri Naren Dey**, Minister-in-Charge of Co-operation and Consumer Affairs Department.

18. **Shri Manabendra Mukherjee**, Minister-in-Charge of Information Technology and Environment Department.

19. **Shri Asok Bhattacharya**, Minister-in-Charge of Municipal Affairs, Urban Development and Town & Country Planning Department.

20. **Shri Dinesh Chandra Dakua**, Minister-in-Charge of Tourism Department.

21. **Shri Sailen Sarkar**, Minister-in-Charge of Food Processing & Horticulture Department.

22. **Shri Satyasadhan Chakraborty**, Minister-in-Charge of Higher Education Department.

23. **Shri Amalendralal Roy**, Minister-in-Charge of Irrigation & Waterways Department.

24. **Shri Abdur Razzak Mollah**, Minister-in-Charge of Land & Land Reforms Department.

25. **Shri Mrinal Banerjee**, Minister-in-Charge of Power Department.

26. **Shri Bansagopal Choudhury**, Minister-in-Charge of Cottage and Small Scale Industries Department.

27. **Shri Nisith Adhikary**, Minister-in-Charge of Law and Judicial Department.

28. **Shri Upen Kisku**, Minister-in-Charge of Backward Classes Welfare Department.

29. **Shri Anisur Rahaman**, Minister-in-Charge of Animal Resources Development Department.

30. **Shri Jogesh Chandra Barman**, Minister-in-Charge of Forest Department.

31. **Shri Nimai Mal**, Minister-in-Charge of Library Services Department.

32. **Shrimati Nandarani Dal**, Minister-in-Charge of Mass Education Extension Department.

33. **Shrimati Chhaya Ghosh**, Minister-in-Charge of Agriculture Marketing Department.

34. **Shri Hafiz Alam Sairani**, Minister-in-Charge of Relief Department.

35. **Shri Pratim Chatterjee**, Minister-of-State, Department of Fire Services.

36. **Shri Dhiren Sen**, Minister-of-State, Department of Panchayats & Rural Development.

37. **Shri Susanta Ghosh**, Minister-of-State, Department of Labour, Employment Exchange and Employees State Insurance.

38. **Shri Dasrath Tirkey**, Minister-of-State, Department of Public Works.

39. **Shri Maheswar Murmu**, Minister-of-State, Department of Forests and Paschimanchal Unnayan Affairs.

40. **Shrimati Anju Kar**, Minister-of-State, Department of Municipal Affairs.

41. **Shrimati Bilasi Bala Sahis**, Minister-of-State, Department of Backward Classes Welfare.

42. **Shri Ganesh Chandra Mondal**, Minister-of-State, Department of Irrigation & Waterways.

43. **Dr. Srikumar Mukherjee**, Minister-of-State, Department of Home (Civil Defence).

44. **Shri Kanti Ganguly**, Minister-of-State, Department of Sundarban Development Affairs.

45. **Shri Pratyush Mukherjee**, Minister-of-State, Department of Health & Family Welfare.

46. **Shri Narayan Biswas**, Minister-of-State, Department of Transport.

47. **Shri Nayan Sarkar**, Minister-of-State, Department of Refugee, Relief and Rehabilitation.

48. **Smt. Ibha Dey**, Minister-of-State, Department of School Education.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS & OFFICIAL

Speaker : **Shri Hashim Abdul Halim**

Deputy Speaker : **Shri Kripa Sindhu Saha**

Secretary : **Shri Monoranjan Sarker**

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

Note : Number shown within brackets against the name of each Member is the "Constituency Number".

A

1. Abdul Karim Choudhary, Shri (28-Islampur, North Dinajpur)
2. Abdul Mannan, Shri (181-Champdani, Hooghly)
3. Abdur Razzak Molla, Shri (106-Canning East, South 24-Parganas)
4. Abu Ayes Mondal, Shri (278-Manteswar, Burdwan)
5. Abu Hasem Khan Choudhury, Shri (49-Kaliachak, Malda)
6. Abu Hena, Shri (55-Lalgola, Murshidabad)
7. Abu Taher Khan, Shri (61-Naoda, Murshidabad)
8. Abul Hasnat, Shri (54-Jangipur, Murshidabad)
9. Acharya, Shri Manik Lal (257-Kulti, Burdwan)
10. Adhikari, Shri Sisir (211-Contai South, Midnapore)
11. Adhikary, Shri Nisith (270-Burdwan North, Burdwan)
12. Adhikary, Shri Paresh Chandra [1-Mekliganj (SC), Cooch Behar]
13. Anisur Rahaman, Shri (60-Domkal, Murshidabad)
14. Ankure, Shri Saresh [266-Kanksa (SC), Burdwan]

B

15. Badal Zamadar, Shri (107-Bhangar, South 24-Parganas)
16. Bag, Shri Kartick Chandra [267-Ausgram (SC), Burdwan]
17. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC), Birbhum]
18. Bagdi, Shri Kirity [247-Indpur (SC), Bankura]
19. Bajaj, Shri Satyanarayan (143-Jorasanko, Kolkata)
20. Bakshi, Shri Subrata (111-Bishnupur West, South 24-Parganas)
21. Bala, Dr. Asim [80-Ranaghat East (SC), Nadia]
22. Bandyopadhyay, Smt. Nayna (145-Bowbazar, Kolkata)
23. Bandyopadhyay, Shri Tarak (140-Cossipur, Kolkata)
24. Banerjee, Shri Ambica (163-Howrah Central, Howrah)
25. Banerjee, Dr. Asish (291-Rampurhat, Birbhum)
26. Banerjee, Shri Kalyan (260-Asansol, Burdwan)
27. Banerjee, Shri Mrinal (264-Durgapur-I, Burdwan)
28. Banerjee, Shri Pankaj (150-Tollygunge, Kolkata)
29. Barman, Shri Jogesh Chandra [13-Falakata (SC), Jalpaiguri]
30. Basu, Shri Badal (164-Howrah South, Howrah)
31. Basu, Smt. Manju (132-Noapara-North 24-Parganas)
32. Bauri, Shri Madan [263-Ukhra (SC), Burdwan]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

33. Bauri, Shri Ramcharan [249-Gangajalghati (SC), Bankura]
34. Bera, Shri Dipak (203-Moyna, Midnapore)
35. Bera, Shri Nityananda [205-Sutahata (SC), Midnapore]
36. Bhadra, Shri Arup (104-Baruipur, South 24-Parganas)
37. Bhattacharjee, Shri Buddhadeb (108-]adavpur, South 24-Parganas)
38. Bhattacharjee, Shri Nanda Gopal (228-Dantan, Midnapore)
39. Bhattacharya, Shri Asok (25-Siliguri, Darjeeling)
40. Bhattacharya, Shri Rabindranath (183-Singur, Hooghly)
41. Bhowal, Shri Subrata (279-Purbasthali, Burdwan)
42. Bhowmick, Shri Prafulla Kumar (69-Karimpur, Nadia)
43. Bhunia, Shri Ajit (198-Daspur, Midnapore)
44. Biswas, Shri Haripada (131-Jagatdal, North 24-Parganas)
45. Biswas, Shri Kaliprasad (184-Haripal, Hooghly)
46. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC), North 24-Parganas]
47. Biswas, Shri Kanti [98-Sandeshkhali (SC), orth 24-Parganas]
48. Biswas, Shri Narayan (35-Gangarampur, South Dinajpur)
49. Biswas. Shri Sushil [74-Krishnaganj (SC), Nadia]
50. Biswas, Smt. Susmita (250-Barjora, Bankura)
51. Bose, Shri Subrata (141-Shyampukur, Kolkata)
52. Bouri, Smt. Uma Rani [241-Raghunathpur (SC), Purulia]

C

53. Chakraborti, Shri Tarapada (252-Onda, Bankura)
54. Chakraborty, Shri Biman (167-Jagatballavpur, Howrah)
55. Chakraborti, Shri Subhas (139-Belgachia East, Kolkata)
56. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha, Nadia)
57. Chatterjee, Smt. Nirupama (173-Bagnan, Howrah)
58. Chatterjee, Shri Partha (113-Behala West, South 24-Parganas)
59. Chatterjee, Shri Pratim (185-Tarakeswar, Hooghly)
60. Chatterjee, Shri Rabindranath (280-Katwa, Burdwan)
61. Chattopadhyay, Shri Sobhandeb (149-Rash Behari, Kolkata)
62. Chattopadhyay, Shri Tapas (275-Memari, Burdwan)
63. Chhetri, Smt. Shanta (24-Kurseong, Darjeeling)
64. Chaudhuri, Shri Amar (137-Baranagar, North 24-Parganas)
65. Chaudhuri, Shri Nripen (57-Nabagram, Murshidabad)
66. Choudhuri, Smt. Asima (47-Manickchak, Malda)
67. Choudhury, Shri Bansagopal (261-Ranigunj, Burdwan)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

68. Chowdhury, Shri Biswanath (38-Balurghat, South Dinajpur)
69. Chowdhury, Shri Jayanta (253-Vishnupur, Bankura)
70. Chowdhury, Shri Nanigopal (176-Udaynarayanpur, Howrah)
71. Chowdhury, Shri Subhendu [45-Malda (SC), Malda]

D

72. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (SC), Cooch Behar]
73. Dal, Smt. Nanda Rani [219-Keshpur (SC), Midnapore]
74. Das, Shri Ananda Gopal [283-Nanur (SC), Birbhum]
75. Das, Dr. Debesh [154-Taltala (SC), Kolkata]
76. Das, Shri Jagadish Chandra (128-Bijpur, North 24-Parganas)
77. Das, Shri Jajneswar (125-Patharpratima, South 24-Parganas)
78. Das, Shri Nirmal (12-Alipurduar, Jalpaiguri)
79. Das, Shri Paresh Nath [53-Sagardighi (SC), Murshidabad]
80. Das, Shri Puspa Chandra [9- Tufanganj (SC), Cooch Behar]
81. Das, Shri Ratan (277-Nadanghat, Burdwan)
82. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah, North 24-Parganas)
83. Das Mohapatra, Shri Kamakhya Nandan (215-Pataspur, Midnapore)
84. Dasthakur, Shri Chittaranjan (200-Panskura West, Midnapore)
85. D'Costa Hart, Smt. Gillian Rosemary (295-Nominated)
86. Datta, Shri Binoy (194-Arambagh, Hooghly)
87. Datta, Smt. Tapati (87-Habra, North 24-Parganas)
88. De (Nag), Dr. Ratna (180-Serampore, Hooghly)
89. Deb, Shri Ashok Kumar (116-Budge Budge, South 24-Parganas)
90. Deb, Shri Goutam (96-Hasnabad, North 24-Parganas)
91. Deb, Shri Rabin (152-Ballygunge, Kolkata)
92. Dey, Shri Ajoy (78-Santipur, Nadia)
93. Dey, Smt. Ibha (177-Jangipara, Hooghly)
94. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar, Kolkata)
95. Dey, Shri Naren (186-Chinsurah, Hooghly)
96. Dhar, Shri Padmanidhi (166-Domjur, Howrah)
97. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC), Midnapore]
98. Dutta, Shri Gurupada (196-Chandrakona, Midnapore)
99. Dutta, Shri Parash (112-Behala East, South 24-Parganas)
100. Dutta, Smt. Sarmistha (88-Ashoknagar, North 24-Parganas)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — *contd.*

G

101. Ganguly, Smt. Kanika (161-Bally, Howrah)
102. Ganguly, Shri Kanti (123-Mathurapur, South 24-Parganas)
103. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC), North 24-Parganas)]
104. Ghatak, Shri Moloy (259-Hirapur, Burdwan)
105. Ghose, Smt. Manasi (254-Kotulpur, Bankura)
106. Ghosh, Shri Arunava (138-Dum Dum, North 24-Parganas)
107. Ghosh, Shri Bankim (83-Haringhata, Nadia)
108. Ghosh, Shri Bhakti Pada (286-Dubrajpur, Birbhum)
109. Ghosh, Smt. Chhaya (58-Murshidabad, Murshidabad)
110. Ghosh, Shri Dipak Kumar (204-Mahisadal, Midnapore)
111. Ghosh, Shri Nirmal (135-Panihati, North 24-Parganas)
112. Ghosh, Shri Pankaj (85-Bongaon, North 24-Parganas)
113. Ghosh, Shri Rabindra (171-Uluberia, Howrah)
114. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnanagar West, Nadia)
115. Ghosh, Shri Susanta (220-Garhbeta East, Midnapore)
116. Ghosh, Shri Tamonash (118-Falta—South 24-Parganas)
117. Giri, Shri Akhil (212-Ramnagar, Midnapore)
118. Goala, Shri Rajdeo (160-Belgachia West, Kolkata)
119. Golam Kibria Mia, Shri (64-Beldanga, Murshidabad)
120. Goswami, Shri Subhas (248-Chhatna, Bankura)
121. Guha, Shri Kamal (7-Dinhata, Cooch Behar)
122. Guha, Smt. Sonali (117-Satgachia, South 24-Parganas)

H

123. Hafiz Alam Sairani, Shri (29-Goalpokhar, North Dinajpur)
124. Haldar, Shri Jagaranjan [124-Kulpi (SC), South 24-Parganas]
125. Haldar, Shri Rishi (119-Diamond Harbour, South 24-Parganas)
126. Hamidul Rahaman, Shri (27-Chopra, North Dinajpur)
127. Hansda, Shri Upendra Nath [233-Banduan (ST), Purulia]
128. Hashim Abdul Halim, Shri (89-Amdanga, North 24-Parganas)
129. Hatial, Shri Bhabani Sankar (230-Gopiballavpur, Paschim Midnapore)
130. Hazra, Shri-Bankim Chandra (127-Sagar, South 24-Parganas)
131. Hazra, Shri Samar [274-Jamalpur (SC), Burdwan]
132. Hembram, Shri Rabindra Nath [242-Kashipur (ST), Purulia]
133. Hemrom, Shri Jadu [39-Habibpur (ST), Malda]
134. Hore, Shri Tapan (284-Bolpur, Birbhum)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly – *contd.*

135. Humayun Reza, Shri (51-Aurangabad, Murshidabad)

I

136. Id. Mohammad, Shri (68-Bharatpur, Murshidabad)

J

137. Jane Alam Mian, Shri (52-Suti, Murshidabad)
138. Jatua, Shri Choudhury Mohan [122-Mandirbazar (SC), South 24-Parganas]

K

139. Kabi, Shri Pelab (262-Jamuria, Burdwan)
140. Kalimuddin Shams, Shri (293-Nalhati, Birbhum)
141. Kanji, Shri Bansari Mohan [121-Magrahat East (SC), South 24-Parganas]
142. Kar, Smt. Anju (276-Kalna, Burdwan)
143. Kar, Shri Jyotirmoy (210-Contai North, Midnapore)
144. Khan, Shri Sukhendu [256-Sonamukhi (SC), Bankura]
145. Khan, Shri Kollol (71-Nakashipara, Nadia)
146. Khanra, Shri Saktipada (190-Polba, Hooghly)
147. Kisku, Shri Upen [245-Raipur (ST), Bankura]
148. Kujur, Smt. Kumari [14-Madarihat (ST), Jalpaiguri]
149. Kundu, Shri Ranjit (129-Naihati, North 24-Parganas)

L

150. Lahiri, Shri Jatu (165-Shibpur, Howrah)
151. Lakra, Shri Paban Kumar [11-Kalchini (ST), Jalpaiguri]
152. Lakra, Shri Somra [18-Mal (ST), Jalpaiguri]
153. Laya, Dr. Tushar Kanti (216-Sabang-Midnapore)
154. Lepcha, Shri Gaulan (22-Kalimpong, Darjeeling)
155. Let, Shri Bishnu [290-Mayureswar (SC), Birbhum]

M

156. Mafuja Khatun, Smt. (37-Kumarganj, South Dinajpur)
157. Mahapatra, Dr. Saumen Kumar (199-Nandanpur, Midnapore)
158. Mahata, Shri Abinas (243-Hura, Purulia)
159. Mahata, Shri Khagendranath (222-Salboni, Midnapore)
160. Mahata, Smt. Shamya Pyari (234-Manbazar, Purulia)
161. Mahato, Shri Nepal (237-Jhalda, Purulia)
162. Mahato, Shri Shantiram (238--Joypur, Purulia)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

163. Mahbubul Haque (Badal), Shri (41—Kharba, Malda)
164. Mainul Haque, Shri (50-Farakka, Murshidabad)
165. Maitra, Shri Banshi Badan [193-Khanakul (SC), Hooghly)
166. Maity, Shri Ardhendu (208-Bhagabanpur, Midnapore)
167. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST), Purulia)
168. Majhi, Shri Nandadulal [255-Indas (SC), Bankura]
169. Majhi, Shri Tamal Chandra [282-Ketugram (SC), Burdwan)
170. Mal, Shri Asit Kumar [292-Hasan (SC), Birbhum]
171. Mal, Shri Nimai (192-Pursurah, Hooghly)
172. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC), Hooghly]
173. Mallick, Shri Jyoti Priya (86-Gaighata, North 24-Parganas)
174. Mallik, Smt. Sadhana (281-Mangalkot, Burdwan)
175. Mandal, Shri Kalipada (172-Shyampur, Howrah)
176. Mandal, Shri Subhas (268-Bhatar—Burdwan)
177. Mandi, Dr. Sambhu Nath [232-Binpur (ST), Midnapore)
178. Md. Salim, Shri (153-Entally, Kolkata)
179. Md. Yakub, Shri (92-Deganga, North 24-Parganas)
180. Mehbub Mondal, Shri (269-Galsi, Burdwan)
181. Mehta, Shri Nishi Kanta (236-Arsha, Purulia)
182. Minj, Shri Prokash [26-Phansidewa (ST), Darjeeling]
183. Mishra, Shri Kashinath (251-Bankura, Bankura)
184. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh, Midnapore)
185. Mitra, Shri Asit (174-Kalyanpur, Howrah)
186. Mitra, Smt. Sabitri (44-Araidanga, Malda)
187. Mitra, Shri Somendra Nath (156-Sealdah, Kolkata)
188. Modak, Shri Dhananjoy (72-Kaliganj, Nadia)
189. Mohammed Amin, Shri (114-Garden Reach, South 24-Parganas)
190. Mojibor Rahaman, Shri (56-Bhagabangola, Murshidabad)
191. Mondal, Shri Biswanath [66-Khargram (SC), Murshidabad]
192. Mondal, Shri Dilip [110, Bishnupur East (SC), South 24-Parganas]
193. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (SC), South 24-Parganas)
194. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
195. Mondal, Shri Mohan [170-Uluberia North (SC)—Howrah]
196. Mondal, Shri Nirmal Chandra [109-Sonarpur (SC)—South 24-Parganas)
197. Mondal, Shri Sailen (168-Panchla—Howrah)
198. Mondal, Shri Tanmoy [91-Rajarhat (SC)—North 24-Parganas]
199. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar-North 24-Parganas)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — *contd.*

200. Mostaque Alam. Shri (42-Harishchandrapur-Malda)
201. Mukherjee, Shri Apurba (265-Durgapur-II-Burdwan)
202. Mukherjee, Shri Ashoke (Gopal) (90-Barasat — North 24-Parganas)
203. Mukherjee, Shri Braja (288-Suri — Birbhum)
204. Mukherjee, Shri Kamal (182-Chandernagore — Hooghly)
205. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata — Kolkata)
206. Mukherjee, Shri Manas (136-Kamarhati — North 24-Parganas)
207. Mukherjee, Smt. Nabanita (285-Labhpur — Birbhum)
208. Mukherjee, Shri Narayan (95-Basirhat — North 24-Parganas)
209. Mukherjee, Shri Nikhil (239-Purulia — Purulia)
210. Mukherjee, Shri Pratyush (175 — Amta — Howrah)
211. Mukherjee, Shri Sibdas (75-Krishnanagar East — Nadia)
212. Mukherjee, Dr. Srikumar (34-Itahar — North Dinajpur)
213. Mukherjee, Shri Subrata (146-Chowringhee — Kolkata)
214. Mukherjee, Shri Swaraj (179-Uttarpara — Hooghly)
215. Mukhopadhyay, Shri Ashutosh (187-Bansberia — Hooghly)
216. Munda, Shri Chaitan [16-Nagrakata (ST) — Jalpaiguri]
217. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST) — Midnapore]
218. Mursalin Molla, Shri (115-Maheshtala-South 24-Parganas)

N

219. Nanda, Shri Brahmamoy (207-Narghat — Midnapore)
220. Nanda, Shri Kiranmay (214-Mugberia — Midnapore)
221. Naskar, Shri Gobinda Chandra [105-Canning West (SC) — South 24- Parganas]
222. Naskar, Shri Subhas [101-Basanti (SC) — South 24-Parganas]
223. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural-Midnapore)
224. Niamot Sk., Shri (62-Hariharpara — Murshidabad)
225. Noorar Rahman, Shri (120-Magrahat West — South 24-Parganas)

P

226. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC) — Midnapore]
227. Pakhira, Shri Manturam (126-Kakdwip — South 24-Parganas)
228. Pakhira, Shri Ratan [197-Ghatal (SC) — Midnapore]
229. Pal, Shri Shyama Prosad (273-Raina — Burdwan)
230. Pan, Shri Bhakta Ram (178-Chanditala — Hooghly)
231. Pande, Shri Sadhan (158-Burtola — Kolkata)
232. Patra, Shri Manoranjan (244-Taldangra — Bankura)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly – *contd.*

233. Paul, Smt. Maya Rani (63 – Berhampore – Murshidabad)
234. Paul, Shri Paresh (159-Manicktola – Kolkata)
235. Paul, Shri Tapas (148-Alipore – Kolkata)
236. Pradhan, Shri D. K. (23-Darjeeling – Darjeeling)
237. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC) – Cooch Behar]
238. Purkait, Shri Probodh [102-Kultali (SC) – South 24-Parganas]

Q

239. Qamre Elahi, Dr. (294-Murarai-Birbhum)
240. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria – North 24-Parganas)

R

241. Raha, Shri Sudhan (19-Kranti – Jalpaiguri)
242. Ram, Shri Ram Pyare (147-Kabitirtha – Kolkata)
243. Ray, Shri Bachcha Mohan [17-Maynaguri (SC) – Jalpaiguri]
244. Ray, Shri Nirbed (202-Tamluk – Midnapore)
245. Ray, Shri Pramatha Nath [32-Kaliaganj (SC) – North Dinajpur]
246. Ray Chowdhury, Shri Biplab (201-Panskura East – Midnapore)
247. Routh, Shri Dibakanta [188-Balagarh (SC) – Hooghly]
248. Roy, Shri Amalendralal (67-Barwan – Murshidabad)
249. Roy, Shri Chitta Ranjan [31-Raiganj (SC) – North Dinajpur]
250. Roy, Shri Gobinda (20-Jalpaiguri – Jalpaiguri)
251. Roy, Shri Gokul (30-Karandighi – North Dinajpur)
252. Roy, Shri Jatindra Nath [21-Rajganj (SC) – Jalpaiguri]
253. Roy, Shri Lakshmi Kanta [15-Dhupguri (SC) – Jalpaiguri]
254. Roy, Shri Narmada Chandra [33-Kusmandi (SC) – South Dinajpur]
255. Roy, Shri Nripendra Nath (6-Sitai – Cooch Behar)
256. Roy, Shri Samar (46-English Bazar – Malda)
257. Roy, Shri Saugata (151-Dhakuria – Kolkata)
258. Roy, Shri Tapas (144-Bara Bazar – Kolkata)
259. Rubi Noor, Smt. (48-Sujapur – Malda)

S

260. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (SC) – Hooghly]
261. Saha, Shri Pundarikakshya (77-Nabadwip – Nadia)
262. Sahis, Smt. Bilasi Bala [240-Para (SC)-Purulia]
263. Samanta, Shri Rampada [217-Pingla – Midnapore]
264. Sanatani, Smt. Mina (231-Jhargram – Midnapore)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly – *contd.*

265. Sanyal, Shri, Kamalendu (70-Palashipara – Nadia)
266. Sardar, Shri Sital Kumar [169-Sankrail (SC) – Howrah]
267. Saren, Shri Bhutnath [229-Nayagram (ST) – Midnapore]
268. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar – South 24-Parganas)
269. Sarkar, Shri Dipak Chandra (4-Cooch Behar North – Cooch Behar)
270. Sarkar, Shri Nayan [79-Hanskhali (SC) – Nadia]
271. Sarkar, Shri Sailen (43-Ratua – Malda)
272. Seal, Shri Sudhangshu (142-Jorabagan – Kolkata)
273. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar – Birbhum)
274. Sen, Shri Nirupam (271-Burdwan South – Burdwan)
275. Sengupta, Shri Purnendu (223-Midnapore – Midnapore)
276. Shamsul Islam Mollah, Shri (73-Chapra – Nadia)
277. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh – North 24-Parganas)
278. Singh, Shri Arjun (130-Bhatpara – North 24-Parganas)
279. Singh, Smt. Jyotsna [272-Khandaghosh (SC) – Burdwan]
280. Singh, Shri Lagan Deo (162-Howrah North – Howrah)
281. Singha, Shri Sankar (81-Ranaghat – West, Nadia)
282. Sinha, Shri Atish Chandra (65-Kandi – Murshidabad)
283. Sinha, Shri Probodh Chandra (213-Egra – Midnapore)
284. Sk. Illias Mohammad, Shri (206-Nandigram – Midnapore)
285. Sk. Jahangir Karim, Shri (218-Debra – Midnapore)
286. Sk. Majed Ali, Shri (189-Pandua – Hooghly)
287. Sohanpal, Shri Gyan Singh (224-Kharagpur Town – Midnapore)
288. Soren, Shri Khara [36-Tapan (ST) – South Dinajpur]

T

289. Tamser Ali, Shri (8-Natabari – Cooch Behar)
290. Thakur, Shri Akshoy (5-Cooch Behar West – Cooch Behar)
291. Tirkey, Shri Dasrath [10-Kumargram (ST)-Jalpaiguri]
292. Tudu, Shri Makar [246-Ranibandh (ST) – Bankura]
293. Tudu, Shri Sadhu [40-Gazole (ST) – Malda]

U

294. Unus Ali Sarkar, Shri (59-Jalangi – Murshidabad)
295. Upadhyay, Shri Manik (258-Barabani – Burdwan)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 14th July 2003 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 09 Ministers, 06 Ministers of State and 80 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

২০০২-০৩ আর্থিক বছরে রাজ্যে লোক আদালতের সংখ্যা

*২৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২-০৩ আর্থিক বছরে এ রাজ্যে লোক আদালত অনুষ্ঠিত করার লক্ষ্যমাত্রা ছিল কিনা ; এবং

(খ) লক্ষ্যমাত্রানুযায়ী ২০০২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট কতগুলি লোক আদালত অনুষ্ঠিত হয়েছে (জেলাওয়াড়ি হিসাব)?

শ্রী নিশীথ অধিকারী : (ক) হ্যাঁ, লক্ষ্যমাত্রা ছিল — প্রতিটি জেলায় প্রতি মাসে ১টি নির্ধারিত দিনে (ছুটির মাস বাদে)।

(খ) লক্ষ্যমাত্রানুযায়ী ২০০২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট ২১১টি লোক আদালত অনুষ্ঠিত হয়েছে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রিমহোদয় নির্দিষ্ট সময়ের মধ্যে বললেন ২১১টি লোক আদালত অনুষ্ঠিত হয়েছে। আমি জানতে চাইছি — এই লোক আদালতে কতগুলি মামলা নিষ্পত্তির জন্য এসেছিল এবং কতগুলি মামলা নিষ্পত্তি হয়েছে, সেটা জানাবেন।

শ্রী নিশীথ অধিকারী : নিষ্পত্তির জন্য এসেছিল ৯ হাজার ৪৫টি এবং নিষ্পত্তি হয়েছে ৪ হাজার ৮৯৭টি।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, প্রাক্ মামলার নিষ্পত্তির সংখ্যাটা জানতে

চাইছি, এই বিষয়টি ধোঁয়াটে, পরিষ্কার নয়। প্রাক্ মামলা বিষয়টি কি এবং এগুলি নিষ্পত্তির জন্য আপনি কি পদক্ষেপ নিয়েছেন?

শ্রী নিশীথ অধিকারী : প্রাক্ মামলার নিষ্পত্তি লোক আদালতের মাধ্যমে হয়েছে ৭ শত ২২টি। সাধারণভাবে এই সংখ্যাটা কম। আসলে মামলার নিষ্পত্তি যদি বাড়াতে হয়, তাহলে প্রাক্ মামলার উপর জোর দিতে হয়। একবার যদি জিদ্ এসে যায়, তাহলে সেই মামলা নিষ্পত্তি হতে চায় না। প্রাক্ মামলার নিষ্পত্তির ব্যাপারে সরকার জোর দিতে চায়। আমরাও জোর দেওয়ার চেষ্টা করছি। প্রয়োজন হলে এটাকে আরও বিকেন্দ্রীকৃত করতে হবে। প্রয়োজন হলে এটাকে যদি ব্লক লেভেলে নিয়ে যাওয়া যায়, তারজন্য আমরা চেষ্টা করছি এবং সেইজন্য ভাবনা-চিন্তা করছি। প্রাক্ মামলা নিষ্পত্তির জন্য যদি ব্লক লেভেলে বোর্ড করতে হয়, তারজন্যও চিন্তা-ভাবনা করা যেতে পারে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি তো প্রাক্ মামলার বিষয়টি বললেন। আমাদের রাজ্যে লোক আদালতের গুরুত্ব যেভাবে বাড়ছে এবং সম্প্রসারণ ঘটছে, তাতে মামলার যে গুরুত্ব, তাতে আমাদের রাজ্যের জেলায়-জেলায় স্থায়ী লোক আদালত স্থাপনের গুরুত্ব অনুভব করছি। এই বিষয় আপনাদের নির্দিষ্ট কোন পদক্ষেপ আছে কিনা জানাবেন।

শ্রী নিশীথ অধিকারী : না, স্থায়ী লোক আদালতের ধারণাটি বর্তমানে এসেছে। এই বিষয়টি এসেছে একটি কেন্দ্রীয় সংশোধনের মাধ্যমে — লিগাল সার্ভিসেস অথরিটিজ অ্যাক্ট, যেটা সেন্ট্রাল গভর্নমেন্ট অ্যামেন্ড করেছে, সেখানে পার্মানেন্ট লোক আদালত বলে একটা আদালত স্থাপনের কথা ওই আইনে বলা হয়েছে। যেটাকে লোক আদালত বলে বুঝতাম এবং এখনও বুঝি যে, দু পক্ষের ভিতর আপোষ-আলোচনার মাধ্যমে নিষ্পত্তি করে দেওয়া। এই যে পার্মানেন্ট লোক আদালত সংক্রান্ত সেন্ট্রাল গভর্নমেন্ট আইন করছে তাতে বলা হচ্ছে, আলোচনার মধ্যে দিয়ে স্থিরীকৃত হ'ল তো হ'ল, না হলে সেখানে বসে মামলা শেষ করে দাও। অর্থাৎ ডিসাইড করে দাও। এই যে কন্সেপ্ট, এর জন্যই অসুবিধা হচ্ছে। পারমানেন্ট লোক আদালত নয়, আমরা লোক আদালতের সংখ্যাটা বাড়াতে চাইছি। সে চেষ্টা আমরা করছি। পারমানেন্ট লোক আদালত করার ক্ষেত্রে খরচেরও ব্যাপার আছে। তারপর এই যে কন্সেপ্ট, অল পাবলিক ইউটিলিটি সার্ভিসেস, কোর্টের আগে ওখানে যেতে হবে এটা করতে গিয়ে একটু অসুবিধার আমরা সম্মুখীন হচ্ছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রী মহাশয়, আমি শুধু লোক আদালত নয়, সমস্ত আদালতের কথাই বলছি। আদালতে মামলার নিষ্পত্তি হতে দীর্ঘ সময় লেগে যাচ্ছে। ফলে জাস্টিস ডিলেইড, জাস্টিস ডিনায়েড এই রকম একটা পরিস্থিতি হচ্ছে। আপনি নিশ্চয়ই জানেন বহু ক্রিমিনাল কেসের দীর্ঘদিন ধরে চার্জশিট প্রাপ্ত আসামীদের ট্রায়াল হচ্ছে না। আমি আপনাকে নির্দিষ্টভাবে বলছি, ১৯৯৭ সালে দক্ষিণ ২৪-পরগনার কুলতলির ভুবনেশ্বরীতে আমাদের ৫ জন কর্মীকে খুন করে বস্তায় পুরে পাথর বেঁধে নদীতে ডুবিয়ে দেওয়া হয়েছিল। কয়েকদিন পরে সেই ডেডবডিগুলি ভেসে উঠেছিল। তা নিয়ে গোটা পশ্চিমবাংলায় খুব আলোড়ন সৃষ্টি হয়েছিল। বিধানসভাতেও এ'বছরের ২৫শে মার্চ খুব হৈ-চৈ হয়েছিল। সে সময়ের স্বরাষ্ট্রমন্ত্রী, বর্তমান মুখ্যমন্ত্রী বলেছিলেন, 'কোন আসামী

ছাড়া পাবে না। অবিলম্বে তাদের গ্রেপ্তার করা হবে এবং শাস্তি হবে।' এ' মার্ডার কেসে ৫১ জনকে চার্জশিট দেওয়া হয়েছিল। তাদের মধ্যে ৩৬ জন কোর্ট থেকে বেল নিয়েছিল। আর ৩৭ নং থেকে ৫১ নং পর্যন্ত বাকি আসামিরা সরকারী হিসাবে অ্যাবস্কন্ডার। এত দিন হয়ে গেল এখন পর্যন্ত সেই মামলার ট্রায়াল শুরু হ'ল না। আমার মাননীয় মন্ত্রীর কাছে নির্দিষ্ট প্রশ্ন চার্জশিট প্রাপ্ত আসামীদের কেসগুলো যাতে দ্রুত শুরু হয় এবং নিষ্পত্তি হয় তার জন্য সরকার কি ভাবনা-চিন্তা করছেন?

শ্রী নিশীথ অধিকারী : আমাদের বিধানসভার কার্যপরিচালনার ৪৩ নং নিয়মটির প্রতি আমি মাননীয় সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি এবং অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি যে, তিনি যে অতিরিক্ত প্রশ্নটি করলেন তা মূল সংশ্লিষ্ট প্রশ্নের সঙ্গে সম্পর্কযুক্ত নয়।

শ্রী দেবপ্রসাদ সরকার : আদালতে বহু সিরিয়াস মামলার নিষ্পত্তি হচ্ছে না। এর ফলে সমস্যার সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে সরকার কি ভাবছেন?

[11.10–11.20 a.m.]

শ্রী নিশীথ অধিকারী : এই অতিরিক্ত প্রশ্নটির জবাব দিতে গিয়ে আমি আবার সেই রুল ৪৩-এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি — আদালতের বিচার্য বিষয় — সে সম্পর্কে আমি এখানে উত্তর দিতে পারছি না।

শ্রীমতী কণিকা গাঙ্গুলী : সাধারণভাবে আমরা দেখি লোক আদালতে যে বিষয়গুলি আসে সেগুলি হচ্ছে ব্যাঙ্ক, গাড়ির অ্যাক্সিডেন্টের ব্যাপারে ইন্স্যুরেন্স কোম্পানির বিষয় এবং ডিভোর্স বা স্বামী-স্ত্রীর সম্পর্কের অবনতি, খোরপোষ ইত্যাদির মামলা। এই তিনটি বিষয় সাধারণভাবে আমরা দেখি লোক আদালতগুলিতে অসে। খোরপোষের ব্যাপারটা খুব সুন্দরভাবে নিষ্পত্তি হতে দেখি, ব্যাঙ্কের ক্ষেত্রেও ভাল রেজাল্ট পাওয়া যায় কিন্তু সমস্যাটা দেখি ইনস্যুরেন্স কোম্পানিগুলির ক্ষেত্রে। প্রথমতঃ তারা দিনের পর দিন লোক আদালতে হাজির হন না এবং হাজির হলেও, ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণ দেওয়ার প্রশ্নে একটা অনমনীয় মনোভাব দেখান,অর্থাৎ তাদের অবজ্ঞা করার একটা প্রবণতা দেখা যায়। এরকম কিছু ঘটনা হাওড়ার লোক আদালতে আমরা দেখেছি এবং এটা প্রায় সর্বত্রই লোক আদালতে দেখা যায়। এটা আমাদের একটা অভিজ্ঞতা বলতে পারেন যে গাড়ির অ্যাক্সিডেন্টের কেসগুলি নিষ্পত্তি করার প্রশ্নে ইনস্যুরেন্স কোম্পানিগুলির মধ্যে একটা প্রতিবন্ধকতা সৃষ্টির মনোভাব দেখা যায়। এই যে সাফল্য এই সাফল্যের মধ্যে এই বিষয়টা একটা প্রতিবন্ধকতা হিসাবে দেখা দিচ্ছে। আমার প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয়ের দপ্তর থেকে ইনস্যুরেন্স কোম্পানিগুলিকে বাধ্য করার প্রশ্নে বা তারা যাতে সহযোগিতা করে সেই প্রশ্নে বা লোক আদালতগুলির রায়কে তারা যাতে মান্যতা দেয় সে প্রশ্নে কিছু করার কথা ভাববেন কি?

শ্রী নিশীথ অধিকারী : মাননীয়া সদস্যার প্রশ্নের উত্তরে জানাই যে, তিনি সঠিকভাবেই এটা বলেছেন। লোক আদালতের যে অ্যাওয়ার্ড সেই অ্যাওয়ার্ড ডিগ্রি হওয়ার পরও অ্যাকচুয়াল অ্যাওয়ার্ডেড মানি পেড সেটা কিন্তু অ্যাওয়ার্ড মানির চেয়ে অনেক কম। আমি এখানে নজির হিসাবে আনতে চাইছি, ৬৮ হাজার টাকা মানি পেড হয়েছে অথচ দেখা যাচ্ছে প্রায় ৪২ কোটি টাকা মানি

অ্যাওয়ার্ডেড হয়েছে। যে লিগ্যাল সার্ভিসেস অথরিটিস অ্যাক্ট অনুযায়ী লোক আদালত হয়েছে তার যে অ্যাওয়ার্ড সেটা কিন্তু সিভিল কোর্টের ডিগ্রি, সেটা কোর্টে গিয়ে আদায় করা যায়। কিন্তু কোর্টের যে পদ্ধতি ডিগ্রি জারি করতে গেলে আরও একটা মামলা করতে হয়। এই মামলা করতে হয়, এই যে জটিল পদ্ধতি সেইজন্য দেরি হচ্ছে। এখানে সরকারের ভূমিকা অত্যন্ত সীমিত। এটা কিন্তু একেবারেই আদালতের অন্তর্ভুক্ত ব্যাপার। লোক আদালতে অ্যাওয়ার্ড হয়ে গেলে, ডিগ্রি হয়ে গেলে সেটা একজিকিউট করতে গেলে একজিকিউটিভ কোর্ট আছে, সেই কোর্টে গিয়ে করতে হয়। পদ্ধতিগত জটিলতার জন্য দেরি হচ্ছে, এখানে সরকারের খুব বেশি করার কিছু নেই। তবুও আপনি যখন বলেছেন তখন সরকার থেকে নিশ্চয় আমরা এটা চিন্তাভাবনা করবো।

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রী মহাশয়, আবু আয়েশ মণ্ডল মহাশয়ের প্রশ্নের জবাবে আপনি যেটা বলেছেন সেটা খুব ক্লিয়ার হয় নি। স্থায়ী লোক আদালতের ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্ট কেন এটা বলছেন, এটা বলার পেছনে তাদের যুক্তি কি? এক্ষেত্রে স্টেট গভর্নমেন্টেরই বা অবস্থানটা কি? আমরা শুনেছি আইনজীবীদেরও এ ব্যাপারে একটা রিজারভেশান আছে। আমরা তো লোক আদালত করেছি। লোক আদালত একটু জনপ্রিয় হয়ে উঠেছে। এতো মামলা মকদ্দমা জমে রয়েছে হাইকোর্টে। বিচারপতির সংখ্যা কম, প্রয়োজনীয় যেটা থাকা দরকার সেটা আপনার নেই। বাইরে থেকে বিচারপতি আসার কথা ছিল, তারা আসছে না। বিজন ভবন আপনি যেটা করেছেন সেই বিজন ভবন আমরা দেখতে পাচ্ছি পড়ে রয়েছে। এটা দেরি হওয়ার কারণ কি? এই ইন্স্যুরেন্স বলুন, ডিভোর্সের ক্ষেত্রে বলুন এবং আরো আনুষঙ্গিক ক্ষেত্রে বলুন এটা ত্বরান্বিত করার জন্য আরো ব্যাপক ব্যবস্থা নেওয়ার কথা। স্থায়ী লোক আদালতের ক্ষেত্রে সমস্যাটা কোথায়? জনস্বার্থে সমস্যাটা কোথায়? আইনজীবীরা কোন ইন্টারেস্টে এই ব্যাপারে বিরোধিতা করছে? এটা একটু দয়া করে বলুন।

শ্রী নিশীথ অধিকারী : এই লোক আদালত, এটা আইনে রূপ নিয়েছে। এই লিগ্যাল সার্ভিসেস অথরিটি অ্যাক্ট নামে একটা আইন যেটা সেন্ট্রাল গভর্নমেন্ট চালু করেছিল। এটা ১৯৮৭ সালে চালু হয়েছিল। আমাদের এখানে ১৯৯৮ সাল থেকে যেহেতু লিগ্যাল সার্ভিসেস অথরিটি অ্যাক্ট চালু করেছি, ফলে লোক আদালত শুরু হয়েছে। লোক আদালতের মূল কথা হলো আদালতের বাইরে মীমাংসা, অলটারনেটিভ ডিসপিউট রিড্রেসার। যা কোর্টে আছে তার বাইরে কিছু করা। সেই হিসাবে লোক আদালত বিভিন্ন জায়গায় চালু হয়েছে। লোক আদালতের আইনের ব্যবস্থা যে দিকে সেটা হচ্ছে এই লিগ্যাল সার্ভিসেস অথরিটি অ্যাক্ট অনুযায়ী লোক আদালতের যে অ্যাওয়ার্ড সেটা সিভিল কোর্টের দিকে। অর্থাৎ সিভিল কোর্টে দীর্ঘ দিন লাগতো সেটা লোক আদালতে অ্যাওয়ার্ডেড হয়ে যাচ্ছে। এটা মোটামুটি পশ্চিমবাংলায় এবং গোটা ভারতবর্ষের ক্ষেত্রে জনপ্রিয়তা পেয়েছে। যদিও যেগুলো চলতি মামলা সেই ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি দু-পক্ষ খুব বেশি দিন মামলা করার ফলে একটু ক্লান্ত হয়ে পড়ছে, সেখানে চটপট করতে হচ্ছে। যেমন একপক্ষ সরকার বা সরকারের আওতায় রয়েছে ব্যাঙ্ক অ্যান্ড আদার্স, যেখানে দিতেই হবে সেখানেও তাড়াতাড়ি হয়ে যাচ্ছে। কিন্তু যেখানে যেখানে মামলা চলছে দীর্ঘ দিন ধরে, যেখানে যেখানে এই জেদের ফ্যাক্টারটা চলে আসছে সেখানে কিন্তু খুব বেশি যে লোক-আদালতে মীমাংসা হচ্ছে সেটা বলা যাচ্ছে না। বর্তমানে সেই

জন্য আমরা কি মনে করছি? পশ্চিমবাংলার দিক থেকে আমরা মনে করি যে, শুরু হওয়ার আগে, বিরোধ যখন শুরু হলো, বিরোধের বীজ যখন আসলো সঙ্গে সঙ্গে তার যদি নিষ্পত্তি করে দিতে পারি তাহলে হয়ত এই সমস্যার সমাধান হতে পারে। আমাদের অভিজ্ঞতা থেকে দেখি একটা মামলা থেকে ৭ টা মামলার জন্ম নেয়। একটা স্বামী-স্ত্রীর বিরোধ থেকে একটা ১২৫, একটা ৪০৬, একটা ৪৯৪ এই রকম পরপর মামলা শুরু হয়ে যায়। সেই ক্ষেত্রে মামলা হওয়ার আগে প্রথমেই দু-পক্ষকে বসিয়ে মিটিয়ে দেওয়া যায় সেটার চেষ্টা করা উচিত। সেই জন্য আমরা জোর দিতে চাই প্রি-ট্রায়াল যে সেটেলমেন্ট, মামলা হওয়ার আগে সেই সেটেলমেন্ট করা উচিত। সেটা করতে গেলে কি করা উচিত? যত বেশি মানুষের কাছে যাওয়া যায়, সেটাকে যদি আমরা ব্লক স্তরে নিয়ে যেতে পারি সেখানে আর দূরে যেতে হবে না, তাড়াতাড়ি করে মিটিয়ে দেওয়া যাবে, চারপাশে লোকজন আছে এই জায়গাটা আমরা চাই। এই জায়গাটাই হচ্ছে আমাদের কনসেপ্ট। সেন্ট্রাল গভর্নমেন্ট একটা আলাদা কনসেপ্ট নিয়ে এসেছে। সেটা হচ্ছে ওরা যে লোক আদালত করেছিল ১৯৮৭ সালে, সেখানে লিগ্যাল সার্ভিসেস অথরিটি অ্যাক্ট-এর ২০০২ সালে একটা অ্যামেন্ডমেন্ট করতে হয়েছে, সংশোধন করতে হয়েছে। তার সঙ্গে সেকশান ২২-ও একটা নূতন সেকশান জুড়ে দেওয়া হয়েছে। সেখানে বলা হয়েছে যে যেমন তেমন করে মামলা মেটাতে হবে, কমাতে হবে। বিরোধের বীজ যদি থেকে যায় তাহলে মিটিয়ে তো কিছু করা যায় না। সবচেয়ে দুর্বলতা হচ্ছে আদালতে নিষ্পত্তি হয় ঠিকই কিন্তু বিরোধের বীজ যায় না। বংশ পরম্পরায় থেকে যায়, কি হবে জিতে কি হবে হেরে। কিন্তু বিরোধ থেকে যায়। বিরোধের আসল যে জায়গাটা সেই জায়গাটার নিষ্পত্তি সেন্ট্রাল গভর্নমেন্টের যে আইন সেই আইনটাতে আছে বলে আমরা মনে করছি না। যদিও আইনটা হয়েছে, আইনটার ব্যাপারে ভাবনা-চিন্তা সকলকে করতে হবে। সেন্ট্রাল গভর্নমেন্টের যে আইনটা হয়েছে তাতে বলছে পারমানেন্ট লোক আদালত করতে হবে প্রতিটি ডিস্ট্রিক্টে ডিস্ট্রিক্টে। পারমানেন্ট লোক আদালতে কি হবে? অল দি পাবলিক ইউটিলিটি যা যা আছে ট্রান্সপোর্ট বলুন, ইলেকট্রিসিটি বলুন এই রকম পাবলিক ইউটিলিটি সার্ভিসগুলোতে যদি কোন ডিসপিউট হয় তাহলে সরাসরি লোক আদালতে যাবে, সেটা হচ্ছে আর একটা আদালত সেখানে চলে যাবে।

[11.20–11.30 a.m.]

তারা প্রথমে দু'পক্ষকে মিটিয়ে নেবার জন্য চেষ্টা করবে। আর তা যদি না হয়, তাহলে তারা ডিসাইড করে দেবে, কোন্‌টা ঠিক। অর্থাৎ সিদ্ধান্ত যেটা আদালতগুলিতে নিয়ে থাকে, কোন্‌টি ভুল আর কোন্‌টি ঠিক, সেই রকম লোক আদালতেও হবে। আমরা দেখেছি, কোন কোন জায়গায় বার কাউন্সিল অফ ইন্ডিয়া বাধা দেওয়ায় এটা বন্ধ হয়ে গেছে। আইনজীবীরা বিরোধিতা করছেন। তাঁরা বলছেন, দিস ইজ দি সাব্‌স্টিটিউট অফ দি কোর্ট। আমরা কি বলছি, না এটাকে কোর্টের বিকল্প হিসাবে করছি। আর ওরা যেটা করছেন, কোর্টের জায়গায় আর একটা কোর্ট। আমরা বলছি, কোর্টের বাইরে, একেবারে নীচে গিয়ে নিষ্পত্তি করতে চাইছি। ওরা লোক আদালতে নিষ্পত্তি করতে চায়। এখন পর্যন্ত সারা ভারতবর্ষে এটাতে তেমন সাড়া মেলেনি। তাছাড়া, এর খরচপত্র কি হবে, টাকা কে দেবে? আর পার্মানেন্ট লোক আদালত করতে হলে আলাদা বাড়ি দরকার। সেখানে শুধু জাজ নয়, দু'জন সোশ্যাল সার্ভিসের লোক নিতে হবে। এদের মাইনে কে দেবে? কোর্ট চালানোর জন্য

খরচ যেটা আছে, সেটা কে দেবে? কেন্দ্রীয় সরকার এটা স্থির করে দেয়নি। এটা এখনও প্রসেসের মধ্যে আছে। সেইভাবে যদি হয়, আমরা নিশ্চয়ই সাহায্য করবো। আদালতের বাইরে মামলার বিরোধ নিষ্পত্তি করতে পারলে সেটা ভাল হবে। আর তাকে বিকেন্দ্রীকরণ করা দরকার, সেটা করতে পারলে আরও বেশি করে হবে।

শ্রী পদ্মনিধি ধর : স্যার, আমার অভিজ্ঞতায় আমি দেখেছি যে, হাওড়া জেলায় ডিস্ট্রিক্ট জাজ যিনি আছেন, তিনি হচ্ছেন লিগ্যাল সার্ভিসেস অথরিটির চেয়ারম্যান। তাঁকে যদি না বলা হয় তাহলে তিনি কোন ব্যাপারে নিজের থেকে ইনিশিয়েটিভ নিয়ে করেন না। আমরা চেষ্টা করে হাওড়াতে লোক আদালত বসাবার বন্দোবস্ত করেছি। প্রতি শনিবার সেটি বসতো। এখন জানি না, কি হচ্ছে। ন্যাশনাল লেভেলে ন্যাশনাল লিগ্যাল সার্ভিসেস অথরিটি, স্টেট লেভেলে স্টেট লিগ্যাল সার্ভিসেস অথরিটি এবং ডিস্ট্রিক্ট লেভেলে ডিস্ট্রিক্ট লিগ্যাল সার্ভিসেস অথরিটি আছে, কিন্তু কোন একটি জেলার প্রত্যন্ত অংশ থেকে, দূর থেকে আসতে গেলে একজন গরিব মানুষ বা একজন বিধবা যার কেউ নেই, তাকে সাহায্য দেবার জন্য লোক আদালত আছে, বিশেষ করে স্বামী-স্ত্রীর মধ্যে যে বিরোধ আছে খোরপোষের ব্যাপারে, আমি বলছি, এটাকে ব্লক পর্যন্ত নিয়ে যাবার জন্য আপনি ব্লক লেভেল লিগ্যাল সার্ভিসেস অথরিটি, লোক আদালতের জন্য বন্দোবস্ত করবেন কিনা? আর লোক আদালতের অন্তর্ভুক্ত যেগুলো আছে তাছাড়া তারমধ্যে আরও কিছু অন্তর্ভুক্ত করা যায় কিনা? আর লোক আদালত যখন বসছে তখন সমন করা যায় কিনা? কারণ, আমরা দেখেছি, যার বিরুদ্ধে কেস হচ্ছে তাকে হাজির করানো যাচ্ছে না। আমি কয়েকটি ক্ষেত্রে দেখেছি, হাজির করানো যায় নি। আপনি ব্লক লেভেল পর্যন্ত করানোর জন্য কোন প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাবেন কিনা? কারণ দূর থেকে যারা আসছে, তাদের আর্থিক সাহায্যার্থে, তার মানে, তার পক্ষে একজন উকিল যিনি দাঁড়াবেন সেটা বিনা পয়সায় হবে কিনা? বর্তমানে যে ব্যবস্থা আছে, সেটাকে বাড়াবেন কিনা?

শ্রী নিশীথ অধিকারী : এই ব্যাপারে আপনার সঙ্গে অনেক ব্যাপারে আমি সহমত পোষণ করছি। বর্তমানে যে লিগ্যাল সার্ভিসেস অথরিটি অ্যাক্ট যা আছে, তাতে কিন্তু চালিকাশক্তি দেওয়া হয়েছে বিচার ব্যবস্থাকে। অর্থাৎ আমাদের এখানে হাইকোর্টের জাজ স্টেট লেভেলে, ডিস্ট্রিক্ট লেভেলে ডিস্ট্রিক্ট জাজ, সাব ডিভিশান লেভেলে সাব জাজ যিনি আছেন তিনিই বিচার করছেন। তাঁকে সময়টা মূলত বিচার করার জন্য দিয়ে থাকেন। অন্য মামলার কাজ তার কাছে গৌণ হয়ে যাচ্ছে। ফলে যে উৎসাহ নিয়ে এগিয়ে আসার কথা তার অভাব আমরা দেখতে পাচ্ছি। কিন্তু আইন যদি হয় সেটা করার পেছনে আপনাদের সহযোগিতা থাকার দরকার। কারণ লোক আদালতে যে অ্যাওয়ার্ড, যে মামলা হচ্ছে সেটা কিন্তু আদালতের দিকে হচ্ছে এবং ডিস্ট্রিক্ট জাজের মাথায় তার মামলাটাই মাথায় থাকছে। সেখানে চলতি মামলা যদি হয়, সেই মামলা বাদ দিয়ে, তার মামলাটাই করেন। তাহলে অ্যাওয়ার্ড দিতে পারছে না। সেখানে চলতি মামলা প্রি-ট্রায়াল লিটিগেশান করে যদি মিটিয়ে দেওয়া যায় তা নিয়ে ভাবনা চিন্তা করা হচ্ছে। প্রি-ট্রায়াল মানে মামলা শুরু হবার আগেই শেষ করে দেওয়া। আমরা বিকেন্দ্রীকরণ করে ব্লক লেভেলে যদি এর নিষ্পত্তি করে দিতে পারি তাহলে ভাল হয় এবং নিশ্চয় এটা একটা ভাল পদক্ষেপ নেওয়া হবে বলে মনে করছি। এই ব্যাপারে

সরকারও ভাবনা চিন্তা করছেন যাতে করে আগামীদিনে পশ্চিমবঙ্গ সরকার এই ব্যাপারে আইন করতে পারেন। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দরকার হবে না। কেন্দ্রীয় সরকারের আইন সাব ডিভিশান লেভেল, মহকুমা লেভেল পর্যন্ত। মহকুমা লেভেল থেকে আরো একে বিস্তৃত করার দরকার। আমি আপনার বক্তব্যের সঙ্গে সহমত পোষণ করি এবং বিধানসভার বিধায়করা যদি অনুমতি দেন তাহলেই এই পদক্ষেপ নিয়ে এটা করা যাবে।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী আপনি আপনার প্রশ্নের উত্তর দিতে গিয়ে বললেন যে, ৮ হাজারের মধ্যে ৪ হাজার কেস নিষ্পত্তি হয়েছে। আমি আপনার কাছে জানতে চাইছি এতগুলো মামলা যে নিষ্পত্তি হল না, এটা কি আপনার লোক আদালতের পরিকাঠামোর অভাবে অথবা বাদী বা বিবাদীপক্ষের অসহযোগিতার ফলে এতোগুলো কেস নিষ্পত্তি হল না। আর লোক আদালতের যে রায় এই রায়ের বিপক্ষে পরবর্তী পর্যায়ে অন্য কোন আদালতে সুবিচারের জন্য আপিল করতে পারেন কি?

শ্রী নিশীথ অধিকারী : আপনার প্রথম প্রশ্নের উত্তরে বলি যে, নিশ্চয় এটার পরিকাঠামোর অভাব আছে। কিন্তু মামলা ফাইল হয়েছে কিন্তু মামলা নিষ্পত্তি হয় নি এটা তো হতে পারে না। কেস যখন ফাইল হয়েছে তখন নিষ্পত্তি হবেই। পরিকাঠামোর অভাবেই যে এতোগুলো কেস নিষ্পত্তি হয় নি তা নয়। কোন একটা পক্ষ যদি অসহযোগিতা করে, দু'পক্ষ যদি একসঙ্গে একমত না হয় তাহলে মামলা নিষ্পত্তি হতে দেরি হবে। এই যে লোক আদালত কেস হচ্ছে এতে কোন একটা না কোন একটা পক্ষের মতের অভাবেই হচ্ছে। আমি আগেও বলেছি, আবার বলছি যে, মামলা চলে জেদের প্রশ্নে, রেষারেষির প্রশ্নে। একপক্ষ উদার না হলে আরেক পক্ষ উদার হলেও কিছু করার নেই। মহিলাদের মিউচুয়ালের ক্ষেত্রে যে পরিমাণে সাফল্য দেখেছি তার থেকে বেশি সাফল্য দেখেছি ব্যাঙ্কের ক্ষেত্রে, এ এম এ সি সির ক্ষেত্রে, যেখানে সরকার থেকে টাকা দেওয়া হচ্ছে। আমাদের যে বিচার ব্যবস্থা তা প্রতিদ্বন্দ্বিতামূলক, সেই বিচার ব্যবস্থায় দু'পক্ষের মধ্যে যদি একপক্ষ ছেড়ে দেয় কিন্তু একপক্ষর মধ্যে লড়াইয়ের মানসিকতা থাকে তাহলে সেই কেস নিষ্পত্তি করার অসুবিধা আছে। সেখানে নিষ্পত্তি করা যাবে না।

[11.30–11.40 a.m.]

লোক আদালতের রায়ের বিরুদ্ধে — সত্যি কথা বলতে কি — এটাতো কনসেন্ট ডিগ্রি, দুই পক্ষকে মেলানোর পরে কনসেন্ট ডিগ্রির বিরুদ্ধে অ্যাপিল করা যায় না। অধিকাংশ ক্ষেত্রে কনসেন্ট ডিগ্রি হচ্ছে না, ব্যাক-অডিট হয়ে যাচ্ছে। শেষ মুহূর্তে দেখা যায়, আলোচনা হল, দুই পক্ষ এল, কিন্তু সই করলো না, পিছিয়ে গেল।

মিঃ স্পীকার : পদ্মনিধিবাবু নানারকম তো আর্গুমেন্ট করলেন। প্রশ্নও করলেন। মূল কথা, পুঁজিবাদী সমাজ ব্যবস্থার মধ্যে সমাজবাদ হয় না। আপনারা চাইছেন, সমাজব্যবস্থা পুঁজিবাদের মধ্যে — এটা হয়? হাইকোর্টের বিচার ব্যবস্থার দায়িত্ব আছে, আপনি চাইছেন গরিব মানুষের ব্যবস্থা — হবে কোথা থেকে? যেখানে সুপ্রীম কোর্ট নির্দেশ দিয়েছেন, এই বেতন দেবেন, এই নির্দেশ রেজলিউশান করে, পাস করেন ; আইন করেননি — সুপ্রীম কোর্টের নির্দেশ অনুযায়ী? এইসব

কথা ছেড়ে দিন না, বাস্তবে আসুন। আপনার আর্থিক ক্ষমতার মধ্যে আছে, একটা ব্লক লেভেল কোর্ট পারবেন করতে? যাক, ওইসব ছেড়ে দিন।

রাজ্যে যুবকল্যাণ বিভাগের অনুমোদিত কম্পিউটার সেন্টারের সংখ্যা

*২৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৫) **শ্রী তাপস চট্টোপাধ্যায় :** যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে যুবকল্যাণ বিভাগের অনুমোদিত কম্পিউটার সেন্টারের সংখ্যা কত : এবং

(খ) উক্ত কম্পিউটার সেন্টারগুলিতে মোট কত জনের কর্মসংস্থান হয়েছে?

শ্রী মহম্মদ সেলিম : (ক) রাজ্যে যুবকল্যাণ বিভাগ অনুমোদিত ৭৭টি যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র আছে।

(খ) যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে কত জনের কর্মসংস্থান হয়েছে, এই তথ্য সঠিকভাবে জানানো প্রায় অসম্ভব ; কারণ, প্রশিক্ষণ প্রাপ্ত যুবক-যুবতীরা সাধারণত কর্মসংস্থানজনিত তথ্য প্রশিক্ষণকেন্দ্রকে জানান না।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রী মহাশয় জানিয়েছেন যে, আমাদের রাজ্যে এখন পর্যন্ত, যুব কল্যাণ দপ্তর অনুমোদিত ৭৭টি যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র খোলা হয়েছে। এখন এই ব্যবস্থাটা সারা জেলায় খুবই জনপ্রিয় হয়েছে। স্বাভাবিকভাবে নূতন সেন্টার খোলার জন্য বিভিন্ন জায়গায় যুবক যুবতীরা উৎসাহ প্রকাশ করছেন। তাই নূতন সেন্টার খোলার সাধারণত নিয়মটা কি? এটা যদি জানান তাহলে ভাল হয়, কারণ এটা জানার জন্য সাধারণ যুবক-যুবতীরা আগ্রহী।

শ্রী মহম্মদ সেলিম : মাননীয় সদস্য যে বক্তব্য রেখেছেন, এটা ঠিকই যে, ইতিমধ্যে যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রগুলি জনপ্রিয় হয়েছে। কিন্তু এই জনপ্রিয়তা ধরে রাখার দরকার আছে। আর কম্পিউটার ভায়াবিলিটির একটা ব্যাপার আছে। যেহেতু আমরা অল্প ক্ষমতায় স্টেট অফ দি আর্ট টেকনোলজি ট্রেনিং-এর ব্যবস্থা করেছি এবং এইগুলি করা হচ্ছে, আমাদের এই রাজ্যের এন্টারপ্রিনাররা যারা প্রশিক্ষণপ্রাপ্ত এবং যারা যুবক যুবতী আছেন তারা ব্যক্তিগতভাবে গোষ্ঠীবদ্ধভাবে কাজ করছেন, ফ্রানচাইজির মাধ্যমে। সুতরাং আমরা এটাকে খোলামকুচির মত অনেক খুলতে দিতে পারি না। তাহলে সেক্ষেত্রে ওরা নিজেরা টিকে থাকতে পারবে না। আমরা অ্যাসেস করি। আমাদের জনপ্রতিনিধিরা জানান, তাদের এলাকায় প্রয়োজন আছে কি না। আমাদের নিজস্ব যে ম্যাপিং আছে, এই কম্পিউটার ব্যবস্থা কোথায় কোথায় প্রয়োজনীয়তা আছে, সেইগুলি মাথায় রেখে আমরা বিজ্ঞাপন মারফত জানাই সাধারণ লোকেদের, আমরা এই এই জায়গায় কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র খুলতে আগ্রহী। তারা আমাদের কাছে যোগাযোগ করেন স্ট্যান্ডার্ড বিল্ডিঙে, ডাইরেকটার অফ ইউথ সার্ভিসেস-এর কাছে। কয়েক সপ্তাহ আগে একটা বিজ্ঞাপনও বেরিয়েছে, নূতন কিছু কেন্দ্র খোলা হবে, নূতন জায়গায় খুলবো বলে সারিবদ্ধভাবে লিস্ট টাঙিয়ে দেওয়া হয়েছে স্ট্যান্ডার্ড বিল্ডিঙে। সেখানে আমরা দেখি উপযুক্ত জায়গা আছে কিনা। যেখানে ছেলে-মেয়েরা প্রশিক্ষণ নিতে যায় সেটা রেলওয়ে স্টেশন, বাস-স্ট্যান্ড, বাস টার্মিনাস, বাস স্টপেজের কাছাকাছি যাতে হয়। আর যারা

প্রশিক্ষণ দেবেন, তাদের প্রশিক্ষণ আছে কিনা সেটার উপরে আমরা জোর দিই। আর যারা প্রশিক্ষণ দিতে আগ্রহী তাদের মধ্যে থেকে ইন্ডিপেন্ডেন্টলি অ্যাসেস করে আমরা বেছে নিই। তবে এক্ষেত্রে স্থানীয় লোকেদের আমরা বেছে নিই এবং তাদের সুবিধা দেওয়া হয়।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন আপনার দপ্তর থেকে ইতিমধ্যে ১৭-১৮টি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র খোলা হয়েছে। ইতিমধ্যে কোন কোন জায়গায় খোলা হয়েছে সেটা জানালে ভালো হয়।

শ্রী মহম্মদ সেলিম : এটা ইতিমধ্যেই পাবলিসড্ হয়েছে। প্রথমে আমরা জেলা কেন্দ্রে করেছি, সেগুলো কভার করার পর আমরা সাব-ডিভিশনাল টাউনে করেছি, তারপরে ব্লক লেভেলে করেছি।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : কোন জায়গায় হয়েছে সেটা খবরের কাগজে কিন্তু অ্যানাউন্সড্ হয় নি।

শ্রী মহম্মদ সেলিম : আমরা বিজ্ঞপনে বলেছি যারা আগ্রহী তারা স্ট্যান্ডার্ড বিল্ডিঙে আসুন, পয়সা দিয়ে তারা দস্তাবেজ কিনে নিন।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : যুব কল্যাণ দপ্তরের অনুমোদন পাওয়ার পরেও, সেই প্রশিক্ষণ কেন্দ্র যদি চালু করা না হয়ে থাকে তাহলে সরকারের পক্ষ থেকে কোন নির্দিষ্ট পরিকল্পনা আছে কি?

শ্রী মহম্মদ সেলিম : আমি এটুকু বলতে পারি যেহেতু জনপ্রিয়তা আছে এবং লোকে খুলতে চাইছেন, তাই অনুমোদন পাওয়ার পরে খোলেন নি এই রকম কেস কিন্তু নেই। এইক্ষেত্রে দুটি জায়গা আছে, হয়ত তিনি যেখানে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র খুলতে চেয়েছিলেন, সেখানে অন্য প্রশিক্ষণ কেন্দ্র চালু হয়ে গেছে, সেখানে তিনি বিকল্প জায়গা চাইছেন। আরেকটা হচ্ছে, তিনি প্রশিক্ষণ কেন্দ্র করবেন বলে ঠিক করেছিলেন, পরবর্তীকালে তিনি অন্য কোন প্রকল্পে বিনিয়োগ করতে রাজি হয়েছেন। সেখানে আমরা প্যানেলভুক্ত নাম দেখে, প্রথমজন যদি না করে, তাহলে দ্বিতীয়জন, দ্বিতীয়জন যদি না করে তাহলে তৃতীয়জন করবেন। তবে খালি আছে এই রকম কোন ব্যাপার নেই।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : যুবকল্যাণ দপ্তরের অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের ক্ষেত্রে আপনার দপ্তর থেকে ফিস্ বেঁধে দেওয়ার কোন নির্দিষ্ট পদ্ধতি আছে কি?

শ্রী মহম্মদ সেলিম : আমাদের যে কোর্সগুলো চালানো হয় তার ফিজ আমরা বেঁধে দিই। কারিক্যুলাম আমরা ঠিক করে দিই, সিলেবাস আমরা ঠিক করে দিই, সার্টিফিকেট আমরা দিই। ইনস্ট্রাক্টার, অর্থাৎ যারা ট্রেনিং দেবে তাদের নিয়োগ করার দায়িত্ব আমাদের নয়। প্রত্যেকটি কোর্সের জন্য আলাদাভাবে ফিজ বাঁধা আছে। এইক্ষেত্রে আমরা শুধু প্রশিক্ষণ কেন্দ্রই বাড়াচ্ছি না, প্রশিক্ষণ কেন্দ্রে যে সমস্ত বিষয়গুলো প্রশিক্ষণ দেওয়া হয়, সে বিষয়ে আমরা প্রত্যেকটি বছরে এক্সপার্টদের

সঙ্গে কথা বলি, মার্কেট ডিমান্ড দেখি। এইসব দেখে আমরা নতুন নতুন কোর্স ইন্ট্রোডিউস করি। এই বছরে আমরা নতুন চারটি কোর্স অন্তর্ভুক্ত করেছি। একটা হচ্ছে সার্টিফিকেট ইন কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড মেইনটেনেন্স এবং আরেকটি হচ্ছে ডিপ্লোমা ইন কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড মেইনটেনেন্স। এতদিন আমরা সফট্ওয়্যার করাচ্ছিলাম, ইতিমধ্যে কম্পিউটারাইজেশান যেহেতু হয়েছে, সেগুলো মেইনটেনেন্সের বিষয় আছে, তার সার্ভিসিং-এর লোক দরকার, তাই জনপ্রিয় কোর্সগুলো আমরা চালু করেছি। তারপরে এক একটা কোর্সের জন্য নির্দিষ্ট করে আলাদা আলাদা ফিজ আছে এবং এই ব্যাপারে সরকারী অর্ডার বেরিয়েছে। এই ব্যাপারে লেটেস্ট সার্কুলার বেরিয়েছে ফেব্রুয়ারি মাসের ১০ তারিখে।

[11.40–11.50 a.m.]

শ্রী অসিত মিত্র : যুব-কল্যাণ দপ্তরের যে সমস্ত কার্যালয় আছে, এদের ওখানে যদি কোন কমিটি থাকে, সেই কমিটি কি আপনার কাছে বা আপনার দপ্তরের কাছে অ্যাপিল করবে এবং এটা কি কম্পিউটার সেন্টার বা কম্পিউটার শিক্ষার্থীদের কাছে বেশি উপযোগী হবে? অথবা, আপনি পঞ্চায়েত সমিতি বা অন্য কোন প্রতিষ্ঠানের মাধ্যমে তাদের আবেদন গ্রহণ করবেন?

এই সংশ্লিষ্ট আর একটি প্রশ্ন করছি। ইদানীংকালে আর একটি সমস্যা দেখা দিচ্ছে। কম্পিউটার প্রশিক্ষণের ক্ষেত্রে বেসরকারী ক্ষেত্রে বহু প্রতিষ্ঠান শহরতলি, থানা বা ব্লক এরিয়াতে অতিরিক্ত মুনাফা করার জন্য নেমে পড়েছে। দেখা যাচ্ছে প্রয়োজনীয়, উপযুক্ত শিক্ষক-শিক্ষিকা না থাকা সত্ত্বেও ছাত্র-ছাত্রীদের নিয়ে নিচ্ছে, ট্রেনিং দিচ্ছে। তারা যখন বেরিয়ে আসছে, দেখা যাচ্ছে উপযুক্ত মানের শিক্ষা গ্রহণ করতে পারল না, তাদের একটা বছর নষ্ট হ'ল, অনেক টাকা-কড়ি নষ্ট হ'ল। আপনার দপ্তরের কি এই সুযোগ আছে, যেখানে এদের পাশাপাশি যেসব উদ্যোগে কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা করছেন, সেখানে এই ধরনের মানসিকতার সম্পর্ক থাকবে না এবং ছাত্রছাত্রীরা পরবর্তী পর্যায়ে প্রশিক্ষণ নিতে পারবে?

শ্রী মহম্মদ সেলিম : মাননীয় সদস্য যথার্থ বলেছেন, আমি দ্বিতীয়টার উত্তর আগে বলছি। আমাদের যুব কম্পিউটার প্রশিক্ষণের দর্শনটা এদিকটাকে মাথায় রেখেই। যখন আমাদের দেশে কম্পিউটার প্রশিক্ষণ চালু হ'ল এবং এল, তখন সরকারী ব্যবস্থাপনায় যে শিক্ষা ব্যবস্থা আছে, ৮০-র দশকের শেষ দিকে বা নব্বই দশকের প্রথমে তারা রি-অ্যাক্ট করে গ্রহণ করেছি। সেইজন্য এটা মার্কেট ফোর্সের হাতে ছেড়ে দেওয়া হয়। অনেক বড় বড় কোম্পানি বিশাল বিশাল বিজ্ঞাপন দিয়ে, এয়ারকন্ডিশন ফেসিলিটি দিয়ে কম্পিউটার প্রশিক্ষণ শুরু করে। যারা হাজার হাজার টাকা খরচ করতে পারবে, তারাই নিতে পারবে তাদের কাছে প্রশিক্ষণ। আমি মন্ত্রী হওয়ার আগে, আমার প্রিডিসেসর একটা সিদ্ধান্ত নিয়েছিলেন, মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত যুবক যুবতীরা, যারা কম্পিউটার প্রশিক্ষণ নিতে চায়, তাদের উপযুক্ত ব্যবস্থা গ্রামাঞ্চলে, শহরতলি এমনকি কলকাতা শহরেও স্প্রেড করেনি তখন। সেইজন্য আমরা এই রাজ্যে পুরোপুরি সরকারী ব্যবস্থাপনায় একটি ফ্রাঞ্চাইজ করে, যেসব ছেলেরা পড়তে চায় তাদের ট্রেনিংয়ের ব্যবস্থা করি। যেখানে কম্পিউটার অ্যাপলিকেশন একটা ইন্ডাস্ট্রি হিসাবে গড়ে উঠেছে, সেখানে আমাদের হোম-গ্রোন-এন্ট্রিপ্রিনিওর দরকার — ছোট প্রতিষ্ঠান গড়ে

তুলব এবং আস্তে আস্তে তারা বড় হবে। এই দুটো মাথায় রেখেই শুরু করি। ২৫।৩০ থেকে এখন ৭৭-এ এসেছে এবং আরও বাড়বে। হোম-গ্রোন-এন্ট্রিপ্রিনিওরদের ক্ষেত্রে ফিস্ স্ট্যান্ডার্ড, ক্যারিক্যুলাম এসব আমরা ঠিক করে দেব। যেহেতু ওই ধরনের প্রতিষ্ঠানগুলো বিদেশিদের দেখে আরোপ করে। সেইজন্য দেখবেন, বিরাট বিরাট কোম্পানিগুলো অন্য রাজ্যে যে প্রাইস নিচ্ছে, আমাদের রাজ্যে তার থেকে অনেক কম নিচ্ছে। কারণ, তাদের যে অ্যাফোর্ড প্রাইস, তার পাশাপাশি নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলেছি। আমাদের কারিগরি দপ্তর ডিসিপ্লিন, ক্যারিক্যুলাম ঠিক করে, অ্যাফিলিয়েশন দেয় এই ধরনের প্রাইভেট সংগঠনগুলো গড়ে তোলার ক্ষেত্রে। তাদের ফিস্ এবং ক্যারিক্যুলাম বাধ্যতামূলক করিনি। কারণ, তারা স্বেচ্ছায় এসে যাচ্ছে এবং প্রতিযোগিতামূলক ক্ষেত্রে দাঁড়িয়ে সরকারি অনুদানও চাইছে। আমরা বিশ্ববিদ্যালয়, কলেজ এবং স্কুলে এই কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা করেছি, হাই ডিগ্রি ট্রেনিং দিচ্ছি। আমাদের পলিটেকনিকগুলোতে হয়েছে। আমাদের স্কুলে কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থার একটা বিরাট ব্যাকলগ আছে। যারা সেখান থেকে পড়াশোনা করে বেরিয়ে এসেছে, যথার্থভাবে প্রশিক্ষিত হয় নি, সেইসব যুবক যুবতীদের টার্গেট করে করা হচ্ছে। আমরা সবসময় চেষ্টা করছি অল্প খরচে করতে পারা যায় কিভাবে। এটা আমরা একেবারে স্বাধীন করে রেখে দিয়েছি। বিধি-নিষেধ আরোপ করিনি। আপনি নিজেও জানাতে পারেন যে, আপনার কেন্দ্রে এই রকম কেন্দ্র রয়েছে, একটা সুযোগ আছে, কারণ যেহেতু এদের টিকে থাকতে হবে, প্রশিক্ষণ দিয়ে আয় করতে হবে। অন্যদের সঙ্গে কম্পিটিশন করতে হবে। যেখানে চলতে পারবেন, সেখানে এগিয়ে আসবেন। যেখানে চলতে পারবেন না, সেখানে যাবেন না। এইজন্য আমরা পঞ্চায়েত সমিতি, মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান এইসব তো আছেন, তারা জানাতে পারবেন, তবে একজন অধ্যাপক, একজন সাধারণ নাগরিকও দৃষ্টি আকর্ষণ করতে পারেন যে, আমাদের এই ব্লকে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র নেই, এখানে খোলা হোক। সরকারী বিনিয়োগ বেশি নয়। এর মধ্যে প্রায়োরিটি দেব। যেখানে পঞ্চায়েত সমিতির জেলা পরিষদ, পুরসভা, ব্লক, সরকারী কিছু বাড়ি আছে, সেগুলি ব্যবহৃত হচ্ছে না, সেগুলিকে তারা যদি দেন, তাহলে আরও কম খরচে আমরা সেটা করতে পারি।

শ্রী দেবেশ দাস : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি — একই সংস্থা একের বেশি ফ্রাঞ্চাইজি খুলতে পারবে কিনা। কটা সংস্থা রাজ্যে এই রকম ফ্রাঞ্চাইজি খুলেছে এবং তাদের লিস্ট কি?

শ্রী মহম্মদ সেলিম : এই বিষয়টা নিয়ে গত দু বছর ধরে আমি দায়িত্ব নেবার পরে আমার মাথার মধ্যে ঘুরপাক খাচ্ছিল। প্রথম যখন শুরু হয়, তখন এই রকম কোন বিধি-নিষেধ জারি করা হয় নি যে, একটা সংস্থা একাধিক করতে পারবে না। কারণ তখন যুব প্রশিক্ষণ কেন্দ্রের নিজস্ব ব্র্যান্ড ছিল না। নিজস্ব জনপ্রিয়তা অর্জন করেনি। অনেকে এগিয়ে আসেনি। তাই প্রথম দিকে বিধি নিষেধ না থাকার ফলে একটা সংস্থা একাধিক খুলেছে। তবে গত বছর থেকে বলা হয়েছে যে, একজনকে মনোপলি করতে দেওয়া হবে না। তবে ইতিমধ্যে যারা করেছেন, সেগুলি তো বন্ধ করে দিতে পারি না। কিন্তু আমরা নতুনদের বেশি সুযোগ দেব। ইতিমধ্যে যারা ফ্রাঞ্চাইজি নিয়েছেন, তাদের আর সুযোগ দেব না। তবে কতগুলি ক্ষেত্রে উত্তরবঙ্গে, দক্ষিণবঙ্গে প্রত্যন্ত এলাকায় প্রথম দিকে যারা করেছিলেন, তারা এখন আর সাফল্য পাচ্ছে না, যেমন — ভাঙ্গরে, মালদার

গাজলে, কিন্তু পরবর্তীকালে যদি বেটার ডেসটিনেশানের জন্য যদি সুযোগ থাকে, তাহলে তাদের অগ্রাধিকার দেওয়া হবে। সেইজন্য ইতিমধ্যে যারা লোকশানে চলছে, তাদের হয়ত ক্রশ সাবসিডিতে করতে পারব, যদি তারা রাজি থাকেন। যারা ইতিমধ্যে প্রতিষ্ঠিত তাদেরকে সুযোগ দেওয়া হবে না।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : আমার প্রশ্ন — জেলা শহর বা মহকুমা শহরে সেন্টার খোলা হলেও বড় বড় গঞ্জে যেখানে ইলেকট্রিসিটি রয়েছে, সেই সমস্ত জায়গায় কোন কম্পিউটার সেন্টার নেই। রাজ্য সরকারের এমন কোন পরিকল্পনা আছে কি যে, এই সমস্ত গঞ্জ এলাকায় কম্পিউটার কেন্দ্র খোলা হবে?

শ্রী মহম্মদ সেলিম : আমরা ধাপে ধাপে গঞ্জ এলাকায় যাব। কিন্তু আবারও বলছি যেখানে যথেষ্ট সংখ্যক ইচ্ছুক শিক্ষার্থী থাকবে সেখানে এই ধরনের প্রশিক্ষণ কেন্দ্র খোলা হবে। কিন্তু শুরু করলেই তো হবে না, বছরের পর বছর সাসটেন করতে হবে। সেইজন্য ধাপে ধাপে এগোচ্ছি। সেইজন্য স্কুল শিক্ষা দপ্তর, কারিগরি শিক্ষা দপ্তর থেকে গঞ্জ এলাকায় প্রশিক্ষণ কেন্দ্র খোলার ব্যবস্থা করা হচ্ছে।

শ্রী অসিত মাল : যে সমস্ত কম্পিউটার সেন্টার হচ্ছে, সেগুলি যদি জনপ্রিয়তা অর্জন না করে, ছাত্রছাত্রীরা ইচ্ছুক না হয়, সেক্ষেত্রে কম্পিউটার সেন্টারগুলিকে একই জায়গায় রাখার কথা ভাবছেন কি, না অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিচ্ছেন।

[11.50 a.m. –12.00 noon]

শ্রী মহম্মদ সেলিম : এইরকম কোন বিষয় আমাদের নজরে আসেনি। যদি আসে তাহলে আমরা নিশ্চয়ই সেটা বিবেচনা করব।

শ্রী মানস মুখার্জী : স্যার, আমার প্রশ্ন মাননীয় মন্ত্রীর কাছে যে ইনডিপেন্ডেন্ট একটা অ্যাসেসমেন্টের ভিত্তিতে দপ্তর এই ফ্রাঞ্চাইজিগুলো দিয়ে কিন্তু তারা যে পাঠক্রম পরিচালনা করেন তার গুণগত উৎকর্ষতা যাচাই-এর ক্ষেত্রে বিশেষ করে ফ্যাকাল্টি যারা শেখাচ্ছেন তারা সরকারী বিধিনিষেধ অনুযায়ী, সরকারী সিলেবাস অনুযায়ী তারা ঠিকমত ছাত্রদের শিক্ষা দিচ্ছেন কিনা, এই বিষয়ে দেখভাল করার, তদারকি করার কোন ব্যবস্থা যুবকল্যাণ দপ্তর-এর আছে কিনা?

শ্রী মহম্মদ সেলিম : এটা আমাদের কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয়। আমাদের যে ডিস্ট্রিক্ট ইউথ অফিসার আছেন এবং আমাদের যে যুবকল্যাণ দপ্তর এর কাঠামো আছে তার মারফত আমরা এইগুলো মনিটরিং করে থাকি। আমি নিজে যারা শিক্ষার্থী, যারা প্রশিক্ষক এবং যারা ফ্রাঞ্চাইজি করে তাদের এই ধরনের অভাব অভিযোগ, অনুযোগ মনিটরিং করার ব্যবস্থা করেছি। তাছাড়া, আমরা কম্পিউটার এক্সপার্ট যারা যুব কল্যাণ দপ্তরের সঙ্গে যুক্ত নন, এই বিষয়ে এক্সপার্ট ক্যারিক্যুলামের ব্যাপারে তাঁদের পরামর্শ নেওয়া হয়, কোর্স কিভাবে চলছে এটা যাতে কনস্ট্যান্টলি আপ গ্রেড করা হয় আমরা সাজেশন নিই। গত তিন চার বছর ধরে আমরা এটা বাড়িয়ে যাচ্ছি। সেজন্য বিশেষজ্ঞদের

নিয়ে একটা কমিটি করেছি। তাঁরাও পরামর্শ দিয়ে থাকেন। আমি আশা করব জনপ্রতিনিধি যারা আছে তাঁরা নিজস্ব এলাকায় যখন যাবেন সেখানে এই ধরনের কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রে কোনরকম অভাব অভিযোগ থাকে তাহলে আমাদের কাছে জানান সেটা অনেক বেশি ইনডিপেন্ডেন্ট মনিটরিং হবে। ইতিমধ্যে আমি যা পেয়েছি সেগুলো হচ্ছে সদর্থক।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় মন্ত্রী মহাশয়, একটা ভালো প্রোগ্রাম আপনার দপ্তর থেকে নেওয়া হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে যে, যারা এই প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়েছেন তাদের মধ্যে কত জনের কর্মসংস্থান হয়েছে এবং আপনার দপ্তর তাদের কর্মসংস্থানের ব্যাপারে কোন আর্থিক সাহায্য দিয়েছেন কিনা, সে সম্পর্কে জানাবেন কি?

শ্রী মহম্মদ সেলিম : আমাদের যুবকল্যাণ দপ্তরের অধীনে বাংলা স্বনির্ভর প্রকল্প চলছে কিন্তু সেটা ভিন্ন প্রশ্ন। আর এখানে যারা প্রশিক্ষণ পাচ্ছেন, হাজার হাজার সংখ্যায়। যে রকম ফ্লাই বাই নাইটস অপারেটরস তারা যেভাবে বিজ্ঞাপন দিয়ে বলে প্লেসমেন্ট ১০০ পার্সেন্ট গ্যারান্টি। ১০০০ পার্সেন্ট প্লেসমেন্ট সেটা যুবকল্যাণ দপ্তর বলতে পারে না যুব প্রশিক্ষণ দপ্তরের পক্ষে এটা বলা সম্ভব নয়। আমরা এই তথ্যগুলো রাখতাম না, আমরা মনিটরিং করছি সেখানে এই তথ্যগুলো আহরণ করা সম্ভব না। যারা প্রশিক্ষণ নিয়ে চলে যাচ্ছে তাদের ফিরতি প্রশিক্ষণ কেন্দ্রের সঙ্গে আর কোন যোগাযোগ থাকছে না। তবে যুব কল্যাণ দপ্তর থেকে যারা ট্রেনিং নিচ্ছেন, তারা ঋণ নিয়ে প্রশিক্ষণ কেন্দ্র চালাচ্ছেন। তাছাড়া বিভিন্ন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জও কম্পিউটার জানা লোক দরকার যদি হয় তাহলে এখান থেকে সার্টিফিকেট পেলে অগ্রাধিকার দেওয়া হয়। ত্রিপুরা, অসাম সরকার -এর যুবকল্যাণ দপ্তর, দিল্লির প্রবাসী বাঙালিদের কাছ থেকে প্রস্তাব আসছে যে যুব প্রশিক্ষণ দপ্তর সেখানে খোলা দরকার।

মাদ্রাসা শিক্ষায় আধুনিক পাঠক্রম

*২৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫০) **শ্রী তাপস চট্টোপাধ্যায় :** মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে মাদ্রাসা শিক্ষায় আধুনিক পাঠক্রম চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কবে থেকে তা কার্যকরী হবে বলে আশা করা যায়?

শ্রী কান্তি বিশ্বাস : (ক) অনেক আধুনিক বিষয় মাদ্রাসা শিক্ষা পাঠক্রমের মধ্যে আছে। এই সুযোগকে সম্প্রসারিত করার বিষয় বিবেচনার স্তরে আছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাদ্রাসা শিক্ষার মধ্যে ইতিমধ্যেই আধুনিক শিক্ষা ব্যবস্থার কিছু বিষয় পাঠক্রমের মধ্যে রাখা হয়েছে। এই আধুনিক শিক্ষার কোন কোন বিষয় পাঠক্রমের মধ্যে আছে এটা যদি আপনি নির্দিষ্টভাবে বলেন ভালো হয়।

শ্রী কান্তি বিশ্বাস : সেখানে ভাষাগত বিষয়, অনেক আধুনিকতর বিষয় আনা হয়েছে, সেই সাথে বিজ্ঞান, গণিত এবং সর্বশেষ কম্পিউটার শিক্ষার প্রবর্তন করা হয়েছে। পশ্চিমবাংলায় যতগুলি উচ্চমাধ্যমিক পাঠক্রম সমন্বিত মাদ্রাসা আছে তার মধ্যে কম্পিউটার প্রবর্তন করা হয়েছে, উচ্চ-মাদ্রাসার অনেকগুলিতে কম্পিউটার শিক্ষার প্রবর্তন করা হয়েছে। এ বছর অনেকগুলি মাদ্রাসায় এই কম্পিউটার শিক্ষার প্রবর্তন করা হবে। আপনি নিশ্চয়ই জেনে আনন্দিত হবেন কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে নিযুক্ত জাতীয় পরিকল্পনা আয়োগ তার যিনি সহ-সভাপতি কৃষ্ণ চন্দ্র পন্থ, যিনি এক সময় কেন্দ্রীয় সরকারের শিক্ষামন্ত্রী ছিলেন, তিনি সম্প্রতি জানিয়েছেন গোটা দেশে মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা এক নতুন দৃষ্টান্ত স্থাপন করেছে, গোটা ভারতবর্ষের মধ্যে এই দৃষ্টান্তকে প্রসারিত করা প্রয়োজন এবং পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা থেকে আমাদের শিক্ষা গ্রহণ করা প্রয়োজন। এই কথা বলেছেন জাতীয় পরিকল্পনা আয়োগের সহ-সভাপতি, তিনি সম্প্রতি বলেছেন, উত্তর-পূর্ব এবং পূর্ব ভারতে যে রাজ্যগুলি আছে তাদের অবিলম্বে উচিত পশ্চিমবঙ্গ থেকে তাদের বিষয়টা সম্পর্কে ওয়াকিবহাল হওয়া এবং নিজ নিজ মাদ্রাসার ক্ষেত্রে আধুনিক মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে প্রবর্তন করার জন্য উদ্যোগী হওয়া।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : আমাদের রাজ্যে অনুমোদিত মোট মাদ্রাসার সংখ্যা কত এবং তার মধ্যে আপনি এখানে নির্দিষ্টভবে বলেছেন কম্পিউটার শিক্ষা ব্যবস্থা চালু করা হয়েছে, কতগুলিতে চালু করা হয়েছে বললে ভালো হয়?

শ্রী কান্তি বিশ্বাস : অনুমোদিত মোট মাদ্রাসার সংখ্যা ৫০৩। তার মধ্যে ৪৫ টিতে কম্পিউটার চালু করা হয়েছে।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : এই যে কম্পিউটার শিক্ষা চালু করা হয়েছে যেটা একটু আগে যুব কল্যাণ দপ্তরের মন্ত্রী জানালেন যে যুব কল্যাণ দপ্তর ফ্রাঞ্চাইজি নিয়ে বিভিন্ন জায়গায় ৭৭টি কম্পিউটার সেন্টার হয়েছে। এই কোম্পানিকে শিক্ষাকেন্দ্র সাফল্যের সাথে বাড়াচ্ছেন, তাদের এই ধরনের রাজ্য সরকারের শিক্ষা ক্ষেত্রে এই কম্পিউটার প্রশিক্ষণের কাজটা করার ক্ষেত্রে সুযোগ পেলে ভালো হয়। এদের নির্দিষ্টভাবে শিক্ষাক্ষেত্রে নিয়ে যাবার বা কম্পিউটার প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নিয়ে যাবার কোন পরিকল্পনা আছে কিনা?

শ্রী কান্তি বিশ্বাস : জেলাস্তর থেকে যে সব শিক্ষার্থী কম্পিউটার শিক্ষায় প্রশিক্ষিত হচ্ছে অন্যান্য বিদ্যালয়ে কম্পিউটার শিক্ষক হিসাবে তারা নিযুক্ত হতে পারবে না। তাদের অধীত বিদ্যার যে মান সেটা কম্পিউটার শিক্ষা দেওয়ার যে যোগ্যতা তাতে তাদের পক্ষে সম্ভব নয়। যুবকল্যাণ দপ্তরের সাহায্য আমরা বিভিন্নভাবে পাচ্ছি, রাজ্য তথ্য-প্রযুক্তি বিভাগ তারা সাহায্য করছেন। যুবকল্যাণ দপ্তর এবং বিদ্যালয় শিক্ষা বিভাগ এবং তথ্য-প্রযুক্তি বিভাগ এদের পারস্পরিক বোঝাপড়ার মধ্যে দিয়ে কম্পিউটার শিক্ষা প্রসারিত হচ্ছে এবং যে অগ্রগতি হয়েছে সেটা আশাব্যঞ্জক।

[12.00 noon –12.10 p.m.]

শ্রী তাপস চট্টোপাধ্যায় : আপনি আগেই জানিয়েছেন, মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে প্রাথমিকে আধুনিক শিক্ষা পাঠক্রম চালু আছে। আমি জানতে চাইছি, মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের কাছে এটাকে নিয়ে যাওয়ার জন্য ট্রেনিং-প্রাপ্ত শিক্ষকদের ব্যবস্থা আছে কিনা এবং না থাকলে তার ব্যবস্থা আপনার দপ্তর থেকে করার জন্য কোন ব্যবস্থা আছে কিনা?

শ্রী কান্তি বিশ্বাস : একটু আগেই যুবকল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় যথার্থভাবে বলেছেন যে, আমরা বিভিন্ন সংস্থার সাহায্য গ্রহণ করছি। এখানে আই.এম.বি আছে, উইপ্রো আছে, ওয়েবেল আছে, নিট আছে। এই জাতীয় সরকারী, আধা-সরকারী এবং বে-সরকারী বহু দক্ষতাসম্পন্ন অভিজ্ঞতা সম্পন্ন সংস্থা আছে। আমরা চেষ্টা করছি তাদের সাহায্য গ্রহণ করতে। আমাদের রাজ্যে যে কারিগরি শিক্ষা পরিষদ আছে তাদেরও সাহায্য গ্রহণ করছি। আর, সেই সাথে যাদবপুর, শিবপুর প্রতিম বিদ্যালয়ে গত বছর থেকে বিভিন্ন প্রকার সাহায্য পাচ্ছি এবং এই সাহায্যগুলো নিয়ে আমাদের কার্যক্রম এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছি।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

পাঠ্যপুস্তকে ভুল ত্রুটি

*২৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৫) **শ্রীমতী সোনালী গুহ :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, প্রাথমিক থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত পাঠ্যপুস্তকে প্রচুর ভুল ত্রুটি আছে ; এবং

(খ) থাকলে, উক্ত পুস্তকগুলি ভুল সংশোধনের জন্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রচুর ভুল নয়, তবে কখনো কখনো মুদ্রণজনিত কিছু ভুল থাকে।

(খ) যখনই ভুল ধরা পড়ে, সংশ্লিষ্ট সংস্থা বিজ্ঞপ্তি জারি করে ভুলগুলি সংশোধন করেছে এবং পরবর্তী সংস্করণে সেগুলি সংশোধন করা হয়েছে।

Circuit Bench in Jalpaiguri

* 281. (Admitted Question No. *467) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Judicial Department be pleased to state—

The latest position with regard to setting up a circuit bench in Jalpaiguri ?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কলকাতা হাইকোর্টের ল' কোর্টের সুপারিশক্রমে এটা ঠিক হয়েছে যে হাইকোর্টের প্রস্তাবিত সার্কিট বেঞ্চটি বর্তমানে জলপাইগুড়ি জেলা পরিষদ ভবনে অস্থায়ীভাবে স্থাপন করা হবে। এবং জলপাইগুড়ি জেলায় খাতারিয়া মৌজার অধীনে আসাম মোড়ে হাইকোর্টের স্থায়ীভবন নির্মাণের ব্যবস্থা করা হবে। এই ব্যাপারে ভারত সরকারের আইন ও বিচার মন্ত্রককে জ্ঞাত করা হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপের জন্য অপেক্ষা করা হচ্ছে।

অনশনরত শিক্ষক-শিক্ষণপ্রাপ্ত ব্যক্তিদের চাকুরিতে নিয়োগ

*২৮২। (অনুমোদিত প্রশ্ন নং * ৭৫৬) শ্রী অজয় দে : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, নদীয়া জেলায় চল্লিশোর্দ্ধ শতাধিক শিক্ষক-শিক্ষণপ্রাপ্ত ব্যক্তি চাকুরিতে নিয়োগের দাবিতে অনশন করে চলেছেন ; এবং

(খ) অবগত থাকলে, এদের নিয়োগের ব্যাপারে সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছেন?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় —

(ক) হ্যাঁ, এই সংবাদ আমাদের কাছে এসেছে।

(খ) চল্লিশোর্ধ কোন ব্যক্তিকে চাকুরিতে নিয়োগ কোনভাবেই সম্ভব নয়।

Nomination of the Govt. Nominees to Governing Bodies

*283. (Admitted Question No. * 915) **Shri Pankaj Banerjee** : Will the Minister-in-Charge of the Higher Education Department be pleased to state—

The procedure followed for nomination of the govt. Nominees to Governing Bodies of the Govt. Sponsored Colleges ?

Minister-in-Charge of the Higher Education Department :

The affiliated Colleges request the Higher Education Department for providing name of the Government nominees to their Governing Bodies.

The Higher Education Department after careful consideration sends the names of Government nominees for inclusion in the Governing Bodies.

শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকার সংখ্যা

*২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮২১) শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে বছরে কতজন শিক্ষক/শিক্ষিকার প্রশিক্ষণের ব্যবস্থা আছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যের ৫৮টি প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্রের অনুমোদিত গ্রহণ ক্ষমতা ৫৪৯৭টি। কিন্তু এই শিক্ষণের ক্রমবর্ধমান চাহিদার পরিপ্রেক্ষিতে গত শিক্ষাবর্ষ থেকে সাময়িকভাবে অনুমোদিত গ্রহণ ক্ষমতার উপর ২০ শতাংশ অধিক প্রার্থী ভর্তির অনুমোদন দেওয়া হয়েছে। তবে এই বর্ধিত আসনগুলি কেবলমাত্র নতুনদের দ্বারাই পূর্ণ হবে।

রাজ্যে নতুন ইঞ্জিনিয়ারিং কলেজের সংখ্যা

*২৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৩) **শ্রী দীপক কুমার ঘোষ :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ১৯৯৮ থেকে ৩১শে ডিসেম্বর, ২০০২ পর্যন্ত রাজ্যে কতগুলো নতুন ইঞ্জিনিয়ারিং কলেজ খোলা হয়েছে ;

(খ) তন্মধ্যে, বৃহত্তর কোলকাতায় স্থাপিত ইঞ্জিনিয়ারিং কলেজের সংখ্যা কত ; এবং

(গ) তন্মধ্যে, কোনো কলেজে এ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং পড়াবার ব্যবস্থা আছে কিনা?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১লা জানুয়ারি, ১৯৯৮ থেকে ৩১ শে ডিসেম্বর, ২০০২ পর্যন্ত রাজ্যে মোট তিরিশ (৩০)টি স্নাতক স্তরের নতুন ইঞ্জিনিয়ারিং ও টেক্‌নোলজি কলেজ খোলা হয়েছে।

(খ) তন্মধ্যে, বৃহত্তর কোলকাতা (কোলকাতাসহ)-য় ইঞ্জিনিয়ারিং ও টেক্‌নোলজি কলেজের সংখ্যা এগারো (১১)। এবং

(গ) না, উপরোক্ত কলেজগুলির মধ্যে কোন কলেজেই এ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং পড়াবার ব্যবস্থা নেই।

প্রাথমিক বিদ্যালয়গুলিতে শৌচাগার, পানীয় জলের ব্যবস্থায় অর্থ বরাদ্দ

*২৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮১) **শ্রী কমল মুখার্জী :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে পানীয় জলের ব্যবস্থা, শৌচাগার নির্মাণ এবং বিদ্যালয় চত্বর প্রাচীর দিয়ে ঘেরার জন্য অর্থ বরাদ্দের কোন পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কিনা?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যের সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে পানীয় জলের ব্যবস্থা ও শৌচাগার নির্মাণের লক্ষ্যে পশ্চিমবঙ্গ সরকার কাজ করছেন।

Residential Hostels for the Muslim Boys & Girls

*287. (Admitted Question No. *2098) **Shri Golam Kibria Mia and Prof. P. N. Roy :** Will the Minister-in-Charge of the Minorities Development Department be pleased to state—

(a) number of hostels built for providing residential facilities to the Muslim boys and girls during 2002-2003 ; and

(b) the details thereof ?

Minister-in-Charge of the Minorities' Development and Welfare Department :

(a) Funds for construction of two hostels for Muslim girls were provided to the District Magistrate of Dakshin Dinajpur and another to an N.G.O. in Murshidabad. Both the hostels are under construction.

(b) The Minorities' Development & Welfare Department is implementing scheme for construction of Muslim Girls' Hostel in the districts and there is no scheme for construction of hostels for providing residential facilities to the Muslim boys being implemented by this Department.

During the financial year 2002–2003, an amount of Rs. 10 lakh has been sanctioned and released for construction of Muslim girls' hostel at Balurghat in the district of Dakshin Dinajpur. Rs. 20 lakh has been released to Basantapur Education Society. Domkol (Murshidabad) as State Government contribution during 2002-2003.

পরীক্ষকের নাম প্যানেল থেকে বাদ

*২৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০৪) শ্রী বঙ্কিম হাজরা : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

২০০২ সালের মাধ্যমিক পরীক্ষায় সঠিকভাবে খাতা না দেখার জন্য মোট কতজন পরীক্ষকের নাম প্যানেল থেকে বাদ দেওয়া হয়েছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০২ সালের মাধ্যমিক পরীক্ষায় সঠিকভাবে খাতা না দেখার জন্য মোট ৫ জন প্রধান পরীক্ষক ও ১৬৫৬ জন পরীক্ষকের নাম প্যানেল থেকে বাতিল করা হয়েছে।

অনুমোদিত হাই মাদ্রাসার সংখ্যা

*২৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৪) শ্রী দীপক কুমার ঘোষ : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে অনুমোদিত হাই-মাদ্রাসার সংখ্যা কত ;

(খ) এদের মধ্যে কতগুলো মাদ্রাসায় ১২ ক্লাস পর্য্যন্ত পড়াবার ব্যবস্থা আছে ; এবং

(গ) ১৯৯৯ থেকে ২০০২-এর আর্থিক বছর পর্যন্ত সময়ে কতগুলো হাই মাদ্রাসাকে ১২ ক্লাস পর্য্যন্ত পড়াবার অনুমোদ দেওয়া হয়েছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি মহোদয় :

(ক) ২৩৮

(খ) ২১

(গ) ১০-টি

Rejplies to Starred Question Nos 277 and 289 will be given later.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received one notice of Adjourment Motion from Shri Asit Mitra on the subject of flood situation in North Bengal.

The subject matter of the motion is not such that may call for adjournment of the business of the House. The member will get ample scope to raise the matter during the discussion and voting on demand for grants of the concerned department which is now going on. The member may also invite attention of the Minister concerned through Calling Attention, Question, Mention etc. I, therefore, withhold my consent to the Motion.

আমি গতকালই বলেছি সংখ্যা না হলে এ্যাডজর্নমেণ্ট মোশান দেব না। আজকে তো আপনাদের উপস্থিতি মনে হয় ৪ জন কিন্তু দরকার ৩০ জন। এ্যাডজর্নমেণ্ট মোশান দিয়েছেন। কি হবে? এতেও পড়বেন কি?

শ্রী অসিত মিত্র : আপনি স্যার অনুমতি দিলে পড়তে পারি। মাননীয় দেবপ্রসাদ সরকার মহাশয় তো একজনেই পড়েন।

Mr. Speakers : The Member may, however, read the text ot the motion as amended. ঢাল নেই তরোয়াল নেই নিধিরাম সর্দার। দিন পড়তে দিন।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হ'ল—

উত্তরবঙ্গের বিভিন্ন নদীতে প্রচণ্ড বন্যার সৃষ্টি হয়েছে। বাঁধ ভাঙছে। সতর্কতামূলক কোন ব্যবস্থা নেওয়া হয়নি। বন্যাপ্লাবিত মানুষরা কোন রকম ত্রাণ পাচ্ছে না। এমনকি তাদের উদ্ধার করার কোন ব্যবস্থা নেই। বেশ কয়েকদিন ধরে এই অবস্থা চলা সত্ত্বেও রাজ্য সরকার নীরব। সেচ ও ত্রাণ দপ্তর সম্পূর্ণ ব্যর্থ। এর ফলে মানুষের অবর্ণনীয় কষ্ট হচ্ছে। তারা বিক্ষোভ দেখাচ্ছে। এমনকি মন্ত্রীরাও এই বিক্ষোভের মুখে পড়েছেন। অবিলম্বে ত্রাণ সাহায্য ও পুনর্বাসনের দাবি জানাচ্ছি।

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received two notices of calling Attention on the following subjects. namely :

Subject	Name
(i) Admission problem in Higher Secondery courses	: Shri Asit Mitra
(ii) Power faliure in Burdwan Medical college & Hospital	: Shri Asit Kumar Mal

I have selected the notice of **Shri Asit Mitra** on the subject of Admission Problem in Higher Secondary Courses.

The Minister in charge may please make a statement today. If possible or give a date.

শ্রী কান্তি বিশ্বাস : স্যার আপনি অনুমতি দিলে আজকেই দিতে পারি। তথ্যগুলো আমার মুখস্থ আছে এখনই বলে দিতে পারি। আর, যদি মাননীয় সদস্য লিখিত আকারে চান তাহলে পরে জানিয়ে দেব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য প্রশ্ন তুলেছেন যে, পশ্চিমবাংলায় দ্বাদশ শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে সমস্যা দেখা দিয়েছে এবং তাতে শিক্ষা-পিপাসু আমার অত্যন্ত স্নেহভাজন ছাত্র-ছাত্রীরা উদ্বেগের মধ্যে আছে। এবিষয়ে তিনি আমার বিবৃতি দাবি করেছেন। এই পরিপ্রেক্ষিতে আমি কতগুলো তথ্য এই বিধানসভায় উপস্থিত করতে চাই।

গত বছর ২০০২ সালে পশ্চিমবাংলার সমস্ত উচ্চমাধ্যমিক বিদ্যালয় এবং মহাবিদ্যালয়ে একাদশ শ্রেণীতে ভর্তির সংখ্যা ৩ লক্ষ ২৪ হাজার ৩৩৬ জন।

কলেজ এবং উচ্চমাধ্যমিক বিদ্যালয় মিলিয়ে গতবছর একাদশ শ্রেণীতে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল ৩ লক্ষ ২৪ হাজার ৩৩৬ জন। গতবারে যারা মাধ্যমিক পাশ করেছিল তার থেকে এবারে কিছু বেশি সংখ্যায় মাধ্যমিক পাশ করেছে, এবছর ৫০১৫ জন মাধ্যমিকে বেশি পাশ করেছে। গত বছর পশ্চিমবঙ্গে যতজন মাধ্যমিক পাশ করেছিল তার থেকে এবারে পশ্চিমবঙ্গে ৫০১৫ জন বেশি পাশ করেছে। গতবারে ৩ লক্ষ ২৪ হাজার ৩৩৬ জন একাদশ শ্রেণীতে ভর্তি হয়, এবারে অতিরিক্ত উত্তীর্ণ হয়েছে ৫০১৫ জন।

শ্রী অসিত মিত্র : গতবছর কতজন পাশ করেছিল, এবারে কতজন পাশ করেছে, আমরা বুঝতে পারছি না। কারণ আপনি তো আমাদের স্টেটমেন্ট দেননি।

শ্রী কান্তি বিশ্বাস : গতবারে একাদশ শ্রেণীতে ভর্তি হয়েছিল ৩ লক্ষ ২৪ হাজার ৩৩৬ জন। এবারে গতবারের থেকে ৫০১৫ জন বেশি মাধ্যমিক পাশ করেছে। গতবারে ৩ লক্ষ ২৪ হাজার ৩৩৬ জন একাদশ শ্রেণীতে ভর্তি হয়েছিল, এবারে আরও অতিরিক্ত ৫০১৫ জন বেশি পাশ করেছে। এবারে যারা পাশ করেছে তাদের সকলকে যদি একাদশ শ্রেণীতে ভর্তি করতে হয় তাহলে আসন থাকার কথা ৩ লক্ষ ২৯ হাজার ৩৫১ টি। বর্তমানে আমরা বেশ কিছু সংখ্যক মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিকে উন্নীত করেছি। পশ্চিমবঙ্গে এখন উন্নীত উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ৩০০৩ টি। এই ৩০০৩ টি উন্নীত উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে এবছর একাদশ শ্রেণীতে ভর্তি হওয়ার সুযোগ আছে। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের আইন অনুযায়ী যেকোন উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে একাদশ শ্রেণীতে ২২০ জন ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারে। যদি একেকটা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের একাদশ শ্রেণিতে ১৫০ জন ছাত্রছাত্রী ভর্তি হয়—বর্তমানে পশ্চিমবঙ্গে ৩০০৩ টি উচ্চমাধ্যমিক বিদ্যালয় আছে—যদি প্রতিটি উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ১২৫ জন করে ছাত্র-ছাত্রীও ভর্তি হয় তাহলে সেখানে ভর্তি হতে পারবে ৩ লক্ষ ৭৫ হাজার ৩৭৫ জন। গতবছরে ৮৫ টি কলেজে উচ্চমাধ্যমিক পড়ানো হয়েছে। এবারে কিছু কলেজ থেকে উচ্চমাধ্যমিক তুলে দেওয়া হয়েছে। এখনও ৬৫ টি কলেজে উচ্চমাধ্যমিক থাকবে। এই ৬৫ টি কলেজে যদি ২০০ জন করে ছাত্র-ছাত্রী একাদশ শ্রেণীতে ভর্তি হয় তাহলে সেখানে ভর্তি হতে পারে ১৩০০০ জন ছাত্রছাত্রী। প্রতিটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে যদি ১২৫ জন করে ছাত্রছাত্রী একাদশ শ্রেণীতে ভর্তি হয় এবং ৬৫টি কলেজে যদি ২০০ জন করে ছাত্র-ছাত্রী একাদশ শ্রেণীতে ভর্তি হয় তাহলে মোট আসন সংখ্যা হয় ৩ লক্ষ ৮৮ হাজার ৩৭৫ টি। কিন্তু আমাদের দরকার ৩ লক্ষ ২৯ হাজার ৩৫১ টি আসন। আমার হাতে অতিরিক্ত আসন আছে ৫৯০২৪ টি। সেজন্য ভর্তি হওয়ার ক্ষেত্রে কোন সমস্যা হওয়ার কথা নয়। আমরা জানি কিছু কিছু বিদ্যালয় আছে যেখানে ভর্তি হওয়ার ব্যাপারে ছেলে-মেয়েদের আকর্ষণ থাকে। অনেকের পছন্দ-অপছন্দের ব্যাপার আছে। এই পছন্দ-অপছন্দর সমস্যা বাদ দিলে, মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, গতবছর গোটা ভারতবর্ষে যত ছাত্র-ছাত্রী মাধ্যমিক পাশ করেছিল তার মাত্র ৬৫ পারসেন্ট একাদশ শ্রেণীতে ভর্তি হয়েছিল। গর্বের কথা রামমোহন, বিদ্যাসাগরের বাংলা, আশুতোষ মুখোপাধ্যায়ের বাংলায় মাধ্যমিক উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে ৭৫ পারসেন্টের বেশি ছাত্র-ছাত্রী গতবছর একাদশ শ্রেণীতে ভর্তি হয়েছিল। গোটা ভারতবর্ষের তুলনায়, এমনকি কেরালার থেকেও পশ্চিমবঙ্গে মাধ্যমিক উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের বেশি অংশ একাদশ শ্রেণীতে ভর্তি হয়—এই নজির এই বাংলায়, এই খণ্ডিত বাংলায় প্রতিষ্ঠিত হয়েছে। তাতে আত্মসন্তুষ্টির জায়গা নেই। আমরা

বিশ্বাস করি আরও বেশি ছেলে-মেয়ে যারা মাধ্যমিক উত্তীর্ণ হবে, তাদের উচ্চশিক্ষার সুযোগ করে দেওয়া আমাদের সরকারের দায়িত্ব।

[12.10–12.20 p.m.]

সেই সুযোগ আরও আমরা প্রসারিত করতে চাই, আরও সম্প্রসারিত করতে চাই। ভারতবর্ষের মোট লোকসংখ্যার ৭.৩ শতাংশ পশ্চিমবঙ্গে বাস করে কিন্তু গোটা ভারতবর্ষে একাদশ-দ্বাদশ শ্রেণীতে যত ছাত্র-ছাত্রী পড়ে তার প্রায় ৯ শতাংশ পড়ে পশ্চিমবঙ্গে। শিক্ষার ক্ষেত্রে যে পশ্চাদপদতার গ্লানি ১৯৭৭ সাল পর্যন্ত ছিল সেই গ্লানিকে দূরীভূত করে আজ ঔজ্জ্বল্যের শিখরে পশ্চিমবঙ্গ প্রতিষ্ঠিত হতে চলেছে। এই হচ্ছে পশ্চিমবঙ্গের সাফল্য। মাননীয় সদস্য একাদশ শ্রেণীতে ছাত্র ভর্তির ব্যাপারে উদ্বিগ্ন হয়েছেন, তাই আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু এই হচ্ছে পশ্চিমবঙ্গের আসল চিত্র।

.... (এইসময় মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার কিছু বলতে উঠে দাড়ান)

মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকারের অসন্তুষ্ট হওয়ার কোন কারণ নেই। আমি যা বলছি সেটা কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের প্রকাশিত তথ্যের উপর ভিত্তি করেই বলছি। ধন্যবাদ।

মিঃ স্পীকার : The Statement will be circulated.

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহাশয়, তিনি বিস্তারিতভাবে জানালেন এবং বক্তব্য রাখলেন যে আমাদের বর্তমানে যে বন্দোবস্ত উচ্চমাধ্যমিকে ভর্তি হওয়ার ব্যাপারে, তার থেকে অনেক কম ভর্তি হওয়ার সম্ভাবনা আছে। পরিসংখ্যান অনুযায়ী গত বছরে ৩ লক্ষ ২৪ হাজার ভর্তি হয়েছিল এবং এ বছরে তার থেকে ৫ হাজার বেশি যদি হয়, তাহলে এটা ৩ লক্ষ ২৯ হাজার হয়। কিন্তু তাতেও আপনার গ্যাপ থেকে যাচ্ছে। কিন্তু এখনও সমস্যাটা দেখা যাচ্ছে কেন? আসলে আমাদের অভিজ্ঞতায় দেখেছি যে, আপনার পরিসংখ্যান অনুযায়ী বিদ্যালয়ে যেগুলি আপনি মাধ্যমিক থেকে উচ্চ-মাধ্যমিকে উন্নীত করেছেন তাদের সিটের সংখ্যা অনুযায়ী এই গুণ করলে এই দাঁড়ায় এবং এত ছাত্র বেশি হয়েছে। এখানে এই প্রসঙ্গে বলতে চাই যে, যে সময়ে এক একটি কলেজ থেকে দ্বাদশ শ্রেণী তুলে দিয়েছেন সেই সময়ে ফলাফল প্রকাশিত হয়েছে, ফলে এই দুটো একই সময়ে হচ্ছে বলে যে প্রতিষ্ঠিত হাইস্কুলকে আপনি হায়ার সেকেণ্ডারী করেছেন, মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক স্কুলে পরিণত করেছেন সেখানে উপযুক্ত পরিকাঠামো তৈরি করা হয়নি। আমাদের মাননীয় সদস্য নেপাল মাহাত খুব বিপর্যস্ত অবস্থায় আছেন। ওনার এলাকা ঝালদায় কলেজ থেকে হায়ার সেকেণ্ডারী তুলে দেওয়া হয়েছে তুলনায় অন্যান্য স্কুলে যেখানে হায়ার সেকেণ্ডারী খোলা হয়েছে সেখানে উপযুক্ত পরিকাঠামো তৈরি হয়নি। ফলে তিনি খুব বিপর্যস্ত অবস্থায় আছেন। তাই আমার প্রশ্ন—আপনি তো বলছেন যে ১২৫ জন করে ছাত্র ভর্তি হবে। কিন্তু আপনি কি জানেন মাননীয় শিক্ষামন্ত্রী, যে ১২৫ জন করে ছাত্র ভর্তির হওয়ার মত পরিকাঠামো এক একটি বিদ্যালয়ে নেই। সেখানে ছাত্র ভর্তি হতে গেলে তাদের এণ্টারটেন করতে পারে না।

আমি সংশ্লিষ্ট আর একটি প্রশ্ন করছি যদিও একসাথে ২টি প্রশ্ন করা যায় না। প্রশ্নটি হচ্ছে সায়েন্সের ব্যাপারে। বিজ্ঞান বিভাগের কথা আপনি আলাদা করে উল্লেখ করেননি। বিজ্ঞান বিভাগের জন্য কতকগুলি স্কুলে যেখানে আপনি বিজ্ঞান বিভাগ দিয়েছেন সেখানে সেই সমস্ত হায়ার সেকেণ্ডারী স্কুলে বিজ্ঞান বিভাগের জন্য ল্যাবরেটরি নেই। ফলে সেই স্কুলে ছাত্র-ছাত্রীরা বিজ্ঞান পড়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। তারা ভাবছে এখানে ভর্তি হয়ে কোন লাভ নেই।

মি. স্পীকার : পুট ইওর কোয়েশ্চেন। আপনি তো বক্তৃতা দিয়ে যাচ্ছেন।

শ্রী অসিত মিত্র : আপনাকে বলছি, আপনি কি জানেন এই সমস্ত স্কুলে বিজ্ঞান পড়ানোর মত উপযুক্ত পরিকাঠামো নেই। আপনি বলেছিলেন যে স্থানীয় কলেজ থেকে শিক্ষক দিয়ে পড়ানোর বন্দোবস্ত করবেন। কিন্তু সে ব্যবস্থা করেননি। ফলে ছাত্র-ছাত্রীরা অসুবিধায় পড়ছে। অন্য স্কুল বা অন্য কলেজগুলি থেকে শিক্ষক না নিয়ে আসায় ছাত্র ভর্তির সমস্যাটা অনেক বেশি তীব্র হয়ে দেখা দিচ্ছে। ইন্ ফ্রাস্ট্রাকচারের অভাব থাকা সত্ত্বেও হঠাৎ করে কিছু স্কুলকে সেকেণ্ডারী থেকে হায়ার সেকেণ্ডারী করার পারমিশন দিয়ে দিচ্ছেন, ফলে সেসব স্কুলে ছাত্র ভর্তি ব্যাহত হচ্ছে ; এ সম্পর্কে আপনার বক্তব্য কি?

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষে মাধ্যমিকোত্তর শ্রেণীতে গড়ে ৩৫ শতাংশ ছাত্র-ছাত্রী ভর্তি হয় বিজ্ঞান শাখায়। কিন্তু আমাদের পশ্চিমবাংলায় মাধ্যমিক উত্তীর্ণ ছাত্র-ছাত্রীর ৪১ শতাংশ ভর্তি হয় বিজ্ঞান শাখায়। পশ্চিমবাংলায় ছাত্র-ছাত্রীদের বিজ্ঞান পড়ার ঝোঁক সর্বভারতীয় গড়ের থেকে বেশি। মাধ্যমিক স্তরের যে সমস্ত বিদ্যালয় উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত হবার জন্য আবেদন করে, তাদের সেই আবেদনের ভিত্তিতে জেলা পরিদর্শকদের বিদ্যালয় পরিদর্শন করতে বলা হয় এবং তাঁরা পরিদর্শন করে দেখেন যে উচ্চমাধ্যমিকে উন্নীত হবার মত পরিবেশ আছে কিনা—যোগ্যতাসম্পন্ন উপযুক্ত সংখ্যক শিক্ষক আছেন কিনা, শ্রেণী কক্ষ আছে কিনা এবং বিজ্ঞানাগার আছে কিনা—তারপর তাঁরা সুপারিশ করেন। যদি তাঁরা দেখেন যে উপযুক্ত পরিবেশ নেই, তাহলে তাঁরা সুপারিশ করেন না। যেগুলোকে উপযুক্ত মনে করা হয় সেগুলোকেই শুধু উন্নীত করা হয়। ন্যূনতম পরিকাঠামো না থাকলে উন্নীত করা হয় না। এতদ্‌সত্ত্বেও কোন কোন ক্ষেত্রে বিজ্ঞানাগার, শিক্ষক ইত্যাদির কিছু কিছু অভাব থেকে যায়। যার জন্য আমরা এবারে প্রচুর সংখ্যক শিক্ষকের পদ তৈরি করেছি, যদিও পূর্ণ সময়ের জন্য নয়, ২০০০ টাকা বেতনের বিনিময়ে আংশিক সময়ের জন্য। এর দ্বারা আমরা শিক্ষক ঘাটতি পূরণ করার চেষ্টা করছি। বিজ্ঞানাগারের ঘাটতি পূরণ করার জন্য সরকার থেকে সাহায্য করার চেষ্টা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে, রোম ওয়াজ নট বিল্ট ইন এ ডে। আমাদের পক্ষেও একই সঙ্গে সব বিদ্যালয়কে সঠিকভাবে উন্নীত করা সম্ভব নয়। তথাপি শিক্ষা ক্ষেত্রে যাতে কোন অসুবিধা সৃষ্টি না হয় তার জন্য আমাদের সরকার সজাগ আছে, আমরা সব সময় চেষ্টা চালিয়ে যাচ্ছি—শিক্ষার্থীদের যাতে কোন অসুবিধা না হয়, তাদের মূল্যবান সময়ের অপচয় না ঘটে, সেদিকে লক্ষ্য রেখে পরিকাঠামো উন্নয়নে আমরা সব সময় সচেষ্ট।

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Seventh Report of the Standing Committee on Agriculture, Agriculture Marketing and Horticulture (2002–2003)

Shri Md. Yakub : Mr. Speaker Sir, I beg to present the Seventh Report of the Standing Committee on Agriculture, Agriculture Marketing and Horticulture (2002–2003).

MENTION CASES

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র (পুলিশ) মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত বুধবার ৯/৭/২০০৩ তারিখে নরঘাট বিধানসভা কেন্দ্রের চণ্ডীপুরের বোরোজ গ্রামের শ্রদ্ধেয় শিক্ষক, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির একজন জনপ্রিয় কর্মী কমল কৃষ্ণ দাস তৃণমূল কংগ্রেসের জল্লাদ বাহিনীর হাতে খুন হয়ে মৃত্যু বরণ করেছেন। আজীবন শিক্ষক, অভিনেতা, ক্রীড়াবিদ, প্রতিবাদী চরিত্র কমল কৃষ্ণ দাসের খুনের প্রতিবাদে চণ্ডীপুরে বনধ্ পালিত হয়েছে। এই খুনের ঘটনায় চণ্ডীপুর থানার পুলিশ এখন পর্যন্ত কাউকে গ্রেপ্তার করেনি। আমরা কিছুদিন ধরেই দেখছি, চণ্ডীপুর থানা তৃণমূলের এজেন্সী নিয়েছে। সেখানে ও. সি এবং কিছু পুলিশ প্রত্যক্ষভাবে তৃণমূলকে মদত দিচ্ছে। তাই আমাদের আশংকা ওখানে এ' ও. সি. থাকতে কোন দুষ্কৃতীই ধরা পড়বে না। জল্লাদ বাহিনীর কাউকেই সে এখনো পর্যন্ত ধরছে না। এমতাবস্থায় আমি এ' খুনের ঘটনাটির প্রতি মাননীয় স্বরাষ্ট্র (পুলিশ) মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে এ দুষ্কৃতীদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়ার ব্যবস্থা করার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী অসিত কুমার মাল : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একটু আগে মাননীয় সদস্য অসিত মিত্র মহাশয় মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে যে প্রশ্নটি রেখেছেন আমি সে প্রসঙ্গেই তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। যে সমস্ত মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক বিদ্যালয় হিসাবে অনুমোদন দেয়া হয়েছে সেই বিদ্যালয়গুলির প্রতিই আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[12·20—12·30 p.m.]

শুধু অনুমোদনটাই দিয়েছেন কিন্তু নতুন সেইসব স্কুলে শিক্ষক না দেওয়ার ফলে শিক্ষার কাজ সেখানে ব্যাহত হচ্ছে। তা ছাড়া সেই সমস্ত স্কুলে সঠিক কোন পরিকাঠামোর ব্যবস্থা করতে না পারার জন্য শিক্ষা ব্যবস্থাটা এ রাজ্যে ভেঙে পড়ছে। মাননীয় মন্ত্রীমহাশয়কে বলব, যে সমস্ত স্কুলকে গত নির্বাচনের প্রাক্কালে অনুমোদন দিয়েছেন সেই সমস্ত স্কুলে উপযুক্ত পরিকাঠামো তৈরি করুন, শিক্ষক নিয়োগ করুন এবং বিল্ডিং না থাকার জন্য সেখানে যে অসুবিধা হচ্ছে সেই অসুবিধা দূর করার

জন্য বিল্ডিং গ্র্যান্ট দিন। অতি সত্ত্বর এর ব্যবস্থা না হলে ছাত্রছাত্রীরা এখনই হতাশ হয়ে পড়েছে, আরও হতাশ হয়ে পড়বে। অবিলম্বে সেখানে পরিকাঠামো তৈরি করুন, শিক্ষক দিন, বিল্ডিং গ্র্যান্ট দিন।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র সালারে যে ব্লক হাসপাতালটি আছে সেই ব্লক হাসপাতালটিতে চিকিৎসার উপযুক্ত পরিকাঠামো না থাকার জন্য সেখানকার মানুষরা চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন এবং বাধ্য হয়ে চিকিৎসার জন্য তাদের কাটোয়া, বহরমপুর, কান্দিতে যেতে হচ্ছে। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার আবেদন, অবিলম্বে সালার ব্লক হাসপাতালটিকে রুর‍্যাল হাসপাতালে রূপান্তরিত করে এলাকার মানুষরা যাতে সুচিকিৎসা পান তার ব্যবস্থা করুন।

শ্রী কিরীটি বাগদী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র ইন্দপুরে ইন্দপুর বাংলা থেকে মোলান হয়ে বান্দোয়ান পর্যন্ত যে রাস্তাটি গিয়েছে দীর্ঘদিন ধরে তা অকেজো হয়ে পড়ে আছে। মাইলখানেক-এর কাজ হয়েছে কিন্তু বাকি রাস্তাটি মেরামতির অভাবে অকেজো হয়ে পড়ে আছে। রাস্তাটি এমন কি মানুষের চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। এই রাস্তা দিয়ে কয়েকটি বাস যায়। অবিলম্বে রাস্তাটি মেরামত করার জন্য মাননীয় পূর্তমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় সুতী বিধানসভা কেন্দ্র এবং জঙ্গীপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত রঘুনাথগঞ্জে বিদ্যুতের একটি স্টেশন রয়েছে। মাননীয় বিদ্যুৎমন্ত্রীর সঙ্গে আলোচনা করে গত বছর সেখানে বিদ্যুৎ পরিবহণের উন্নয়নের জন্য ৬-৩-এর একটি ট্রান্সফারমার বসানো হয়েছিল। এই ট্রান্সফারমারটি বসালে আর ওখানে লোড শেডিং হবে না এটাই ছিল ওখানকার বিদ্যুৎ কর্তৃপক্ষের কথা। কিন্তু স্যার, আমরা দেখছি গত তিন/চার মাস ধরে সেখানে বিদ্যুৎ প্রায় থাকছেই না। সারাদিনের মধ্যে কয়েক ঘণ্টা মাত্র বিদ্যুৎ থাকে বাকি সময় লোডশেডিং। এর ফলে সেখানে ছাত্রছাত্রীদের পড়াশুনার ক্ষতি হচ্ছে, ছোট ছোট কারখানা বিশেষ করে প্লাস্টিকের ছোট ছোট কারখানা যেগুলি আছে, সেখনে শ'য়ে শ'য়ে মানুষ কাজ করেন, তাদের রুজি রোজগার হয় সেগুলি কঠিন অবস্থার মধ্যে পড়েছে। আমাদের মনে হচ্ছে সেখানে কর্মচারীদের একটা অংশের সুষ্ঠু পরিচালনার অভাবেই বিদ্যুতের এই বেহাল অবস্থার সৃষ্টি হয়েছে। এ বিষয়ে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, এর একটা তদন্ত করুন এবং সেখানে বিদ্যুতের ব্যবস্থাটা যাতে সঠিকভাবে চলে সেটা দেখুন।

শ্রী আবুল হাসনত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জঙ্গীপুর সহ রঘুনাথগঞ্জ শহর এবং তার আশেপাশের অঞ্চলে গত তিন মাস ধরে ব্যাপক লোডশেডিং চলছে। এর ফলে এলাকার মানুষরা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। ছাত্রদের পড়াশুনার ক্ষতি হচ্ছে, হাসপাতালে জরুরি অপারেশান ঠিকমতন হচ্ছে না, ছোট ছোট কারখানাগুলি বন্ধ হয়ে যাচ্ছে। ব্যাপক লোডশেডিং-এর ফলে এলাকার মানুষদের

মনে ভীষণ ক্ষোভ দেখা দিয়েছে। অবিলম্বে সেখানকার মানুষরা যাতে লোডশেডিং-এর হাত থেকে রক্ষা পান তারজন্য মাননীয় বিদ্যুৎমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি।

শ্রী মানস মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একটা ভাল কাজ আমাদের রাজ্যে হচ্ছে বেলঘরিয়া এক্সপ্রেস ওয়ের কাজ। সেই কাজ দীর্ঘকাল ধরে চলছে এবং আরো ২-১ বছর চলবে। কিন্তু সেই কাজ করতে গিয়ে বিশেষ করে কামারহাটি, উত্তর দমদম এবং বরাহনগর পৌর-এলাকায় রাস্তা-ঘাট বিপর্যস্ত হচ্ছে। নিকাশি ব্যবস্থার মুখ বন্ধ হয়ে যাচ্ছে। ফলে অল্প বৃষ্টিতেই সেই অঞ্চল প্লাবিত হয়ে যাচ্ছে। মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে আবেদন জানাতে চাই, রাস্তা-ঘাট সংস্কারের ক্ষেত্রে এবং জলনিকাশির বিষয়ে যাতে মুখগুলো বন্ধ হয়ে না যায় বিশেষ করে কামারহাটি, উত্তর দমদম এবং বরাহনগর পৌর এলাকায়, তার জন্য তিনি যেন প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেন।

শ্রী পদ্মনিধি ধর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে মেনশানটা করছি নিশ্চয়ই আপনার সম্মতি পাবো। এন. এইচ-৬ নেটা বম্বে রোড আর যেখান থেকে দিল্লি রোড শুরু হয়েছে সেখানে এবং কোনা এক্সপ্রেসওয়ে, যেখান দিয়ে আপনি রোজ আসেন সেই কোনা এক্সপ্রেসওয়ের হাল অত্যন্ত খারাপ। বিভিন্ন জায়গায় বড় বড় গত হয়ে গিয়েছে। গতকাল আমি যখন আসছিলাম তখন সলপের মোড়ে একটা অ্যাক্সিডেন্ট হয়েছে। এখানে রাস্তা তৈরি করছে এন.এইচ.এ.আই. তারা এমনভাবে বোল্ডারগুলো রেখেছে যাতে দু-পাশ দিয়ে গাড়ি যেতে না পারে। এখান দিয়ে দুরন্ত গতিতে গাড়ি যাতায়াত করে। সলপের মোড়ে দুটি বড় বড় অ্যাকসিডেন্ট হয়েছে। ওভারব্রিজের এক সাইডে দেখলাম লরি পাল্টি খেয়ে সব নিচে পড়ে আছে। অবিলম্বে এন.এইচ.এ.আই-কে বলা হোক যেন এই সমস্ত এলাকায় সংস্কার করা হয়। তা না হলে বিরাট বিপর্যয় ঘটবে। রোজই দুর্ঘটনা ঘটছে এবং আবারও ঘটবে। সেই কারণে উপযুক্ত ব্যবস্থা না নিলে রক্ষা পাওয়া যাবে না।

শ্রী আশুতোষ মুখোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের শ্রমমন্ত্রী এবং শিল্প পুনর্গঠন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় ভারতবর্ষের একটা বিখ্যাত কারখানা ডানলপ, যার কথা সকলেই জানেন, দীর্ঘ কয়েক বছর যাবত বন্ধ হয়ে রয়েছে। ডানলপ কারখানাকে বাঁচাবার জন্য ভি.আর স্কিম নেওয়া হয়েছে, পুনর্বিন্যাস প্রকল্প নেওয়া হয়েছে। বি.আই.এফ.আর এবং এ.আই.এফ.আর-র মাধ্যমে আলোচনা হয়েছে। কিন্তু তাদের ভাগ্যে কি ঘটেছে সেটা আজ পর্যন্ত তারা জানতে পারছে না। শুধু মাত্র শোনা যাচ্ছে সংশোধিত আকারে খুলবে। এখানে ৪ হাজার শ্রমিক কাজ করে তাদের জীবন আজ বিপন্ন। বামফ্রন্ট সরকার ঘোষণা করেছে বন্ধ কারখানার শ্রমিকদের মাসে ৫০০ টাকা করে ভাতা দেবে। দুর্ভাগ্যের বিষয় এই ডানলপ কারখানার শ্রমিকরা আজ পর্যন্ত সেই ভাতা পায় নি। এই ব্যাপারে অনেক আবেদন নিবেদন করা হয়েছে। জানা যাচ্ছে যে, এই সম্পর্কে কমিটি মিটিং করে উঠতে পারেনি। সেই জন্য টাকা পাওয়া যায় নি। এই ব্যাপারে দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। আর একটা বিষয়, এই কারখানার বিদ্যুতের টাকা বাকি থাকার জন্য বিদ্যুৎ পর্ষদ লাইন কেটে দেবার জন্য উদ্যোগ নিয়েছিল। আমাদের শিল্প পুনর্গঠন মন্ত্রী বিদ্যুৎ পর্ষদের সঙ্গে কথা বলে আপাতত সেটা রদ করেছেন। এই কারখানায়

জল সরবরাহ বিপর্যস্ত হয়ে পড়েছে। বাঁশবেড়িয়া মিউনিসিপ্যালিটি এবং চুঁচড়া মিউনিসিপ্যালিটির বদান্যতায় এখন পর্যন্ত জল থাকলেও যে কোন সময় লাইন কেটে দিতে পারে। এই সমস্যা সমাধানের জন্য আমি আপনার মাধ্যমে শিল্পমন্ত্রী এবং শিল্প পুনর্গঠনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12·30—12·40 p.m.]

শ্রীমতী কণিকা গাঙ্গুলী : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার অবগতির জন্য জানাচ্ছি এবং আপনার মাধ্যমে মাননীয়া বিদ্যুৎ মন্ত্রী এবং এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি যে, বর্তমানে হাওড়া জেলার শহরাঞ্চলের একটা বিরাট অংশ এবং গ্রামাঞ্চলের কিছু অংশ সম্পূর্ণভাবে সিই-এসসি'র আন্ডারে। এখানে 'লস কণ্ট্রোল সেল' বলে সিইএসসি'র একটি উৎপাত সেল আছে, যার কাজকর্মে আমরা কখনও স্বচ্ছতা দেখতে পাচ্ছি না। যার ফলে বিদ্যুৎ চুরি করছে, এই অজুহাতে হাওড়া জেলার বিশেষ করে বালি বিধানসভা কেন্দ্র এবং তৎসংলগ্ন উত্তর হাওড়া বিধানসভা কেন্দ্রে যে সমস্ত ছোট ছোট কারখানা আছে, তাদের বিদ্যুৎ সংযোগ কেটে দিচ্ছে। এই ব্যাপারে তাদের একটাই বক্তব্য যে, তারা বিদ্যুৎ চুরি করছে। কিন্তু কোন প্রামাণ্য তথ্য তারা দেখাতে পারছে না। এর ফলে ঐ সমস্ত কারখানাতে কর্মে নিযুক্ত শ্রমিক যারা আছেন, তাঁরা প্রতিদিন বেকার হচ্ছেন। শুধু তাই নয়, সমস্ত অঞ্চল জুড়ে অদ্ভুত একটা নীরবতা তৈরি হচ্ছে শ্রমিকদের মধ্যে সিইএসসি'র এই আচরণের জন্য। আমি বিশেষ ভাবে দৃষ্টি আকর্ষণ করতে চাইছি, তাদের এই উৎপাতের ফলে সাধারণ মানুষ, ছোট ছোট কারখানার শ্রমজীবী মানুষের মধ্যে একটা আশংকা দেখা দিয়েছে। হাওড়া জেলার এই অংশে ছোট ছোট কুটির শিল্প গড়ে ওঠার যে ভিত্তি তৈরি হয়েছে, সেখানে এর ফলে আঘাত নেমে আসছে। মানুষের পেটে টান পড়ছে। আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রী এবং সকলের দৃষ্টি আকর্ষণ করতে চাই, অবিলম্বে এই অস্বচ্ছতার অবসান ঘটুক। সিইএসসি লস কণ্ট্রোলের সমস্ত বিষয় প্রমাণ হিসাবে দেখাক, নতুবা এই যে জোর করে লাইন কেটে দিচ্ছে, এটি বন্ধ করুক। এই জায়গায় তাদের বাধা দেওয়া দরকার।

শ্রীমতী সাধনা মল্লিক : (অনুপস্থিত)।

শ্রী রামচন্দ্র বাউড়ি : (অনুপস্থিত)।

শ্রী মকর টুডু : (অনুপস্থিত)।

ZERO HOUR

Shri Samar Hazra : Not present.

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, লোকসভার নির্বাচন যত এগিয়ে আসছে, বিজেপি এবং সংঘ পরিবারগুলো ততই একটা সাম্প্রদায়িক বাতাবরণ সৃষ্টি করে চলেছে সারা ভারতবর্ষে। মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন যে, আইন করে অযোধ্যায় মন্দির করা হবে। এতে সাম্প্রদায়িক শক্তিগুলো আরও উল্লসিত হচ্ছে এবং সাম্প্রদ্রায়িকতার পরিবেশ সৃষ্টি হচ্ছে। এর বিরুদ্ধে বলিষ্ঠ প্রতিবাদের জন্য আমি পশ্চিমবঙ্গের গণতন্ত্রপ্রিয় মানুষ এবং প্রগতিশীল মানুষের কাছে যেমন আহ্বান জানাচ্ছি, তেমনি এই সাম্প্রদায়িক আচরণের বিরুদ্ধে আমি নিন্দা করছি। ধন্যবাদ।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌর দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সালার একটি বড় জায়গা, ওখানে লোকসংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং পঞ্চায়েত ব্যবস্থা চালু আছে। কিন্তু মানুষের যে পরিষেবা পাওয়ার দরকার তা এই পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে করা সম্ভব নয়। সেখানে এলাকার মানুষের রাস্তাঘাটের সমস্যা, ড্রেনেজের সমস্যা, সুতরাং ওখানে একটা পৌরসভা থাকা দরকার। লোকসংখ্যা প্রচণ্ড বৃদ্ধি ঘটেছে, সেই কারণে মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ যে, পৌরসভা করার প্রয়োজনীয় ব্যবস্থা ওখানে গ্রহণ করুন।

শ্রী তপন হোড় : স্যার, আজকের এই দিনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং বিশেষ দিন। আমরা যারা ইতিহাসের ছাত্র, এবং সমাজ গবেষণার সঙ্গে যুক্ত এবং সমাজ বিপ্লবের কাজের সঙ্গে যুক্ত তারা জানেন আজকের এই দিনটি ইতিহাসে কতখানি গুরুত্বপূর্ণ। ১৭৮৯ সালে ১৪ই জুলাই বাস্তিল দুর্গের পতন ঘটেছিল এবং ফরাসী বিপ্লবের সূচনা। এবং তখনই রাজতন্ত্রের বিরুদ্ধে ফ্রান্সে যে লড়াই সংগঠিত হয়েছিল তা আমরা সবাই জানি। সমাজতন্ত্র পরিবর্তনের ক্ষেত্রে পরবর্তীকালে একটা বিশেষ রূপ নিয়েছিল এটা ইতিহাসের যারা ছাত্র, তারা সবাই জানেন। এই যে বাস্তিল দুর্গ পতনের মাধ্যমে রাজতন্ত্র উচ্ছেদের যে প্রক্রিয়া এবং তারপরে প্যারি কমিউনে প্রক্রিয়া শুরু হয়েছিল সেই বিষয়ে আমরা সকলেই ওয়াকিবহাল। তারপরে সোভিয়েত বিপ্লবে আমরা দেখলাম ১৯১৭ সালের অক্টোবর-নভেম্বর মাসে কমরেড লেনিনের নেতৃত্বেও কিভাবে সংগঠিত হয়েছিল। সেখানে আজকে আমাদের সামনে আবার নতুন করে দেখছি যে, রাম মন্দির প্রতিষ্ঠা করবার জন্য নতুন করে একটা আইন আনার চেষ্টা করছেন অটল বিহারী বাজপেয়ীর সরকার। এতে ওঁরা এবং আদবানি আর এস এসের সঙ্গে যোগ হয়ে আইন করতে চাইছেন। আইন করে রাম মন্দির তৈরি করতে চাইছেন। ইতিহাসকে তাঁরা পেছনের দিকে নিয়ে যেতে চাইছে। ১৭৮৯ খৃষ্টাব্দে ১৪ই জুলাই যে ভাবে রাজতন্ত্রের বিরুদ্ধে গণতান্ত্রিক মানুষ একজোট হয়ে রাজতন্ত্রের উচ্ছেদ করেছিল প্যারি কমিউনের মাধ্যমে এবং পরবর্তীকালে সোভিয়েত বিপ্লবের মাধ্যমে সমাজতন্ত্রের প্রবর্তন এবং পুঁজিবাদী, সামন্ততান্ত্রিকবাদের অবসান ঘটিয়েছিল। সেখানে হিস্টোরিক্যাল মেটারিয়েলিজিম মার্কসবাদের যে বক্তব্য, সেই বক্তব্য অনুকরণ করে আজকে ইতিহাসটা সামনে এগোবে না পেছনে এগোবে সেটা আমি আপনার মাধ্যমে হাউসের কাছে জানাতে চাই এবং তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

মি. ডেপুটি স্পীকার : মি. হোড় আপনি যে বক্তব্য মেনশনে বলার জন্য এখানে জমা দিয়েছেন তা কিন্তু বলেন নি। আপনি ওটা কারেকশান করে দেবেন।

শ্রীমতি কণিকা গাঙ্গুলী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার অবগতির জন্য এবং সভার অবগতির জন্য জানাচ্ছি যে, ১৯০৫ সালে লর্ড কার্জনের হুংকারের বিরুদ্ধে বঙ্গভঙ্গ আন্দোলনের জন্য পথে নেমেছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর। তিনি বাংলার মাটি এবং বাংলার জল এক রাখো এই আহ্বান জানিয়েছিলেন। তাতে সমস্ত বাংলার মানুষ এই আওয়াজ তুলেছিল যে বাংলাকে ভাঙা যাবে না। কিন্তু দুঃখের বিষয় যে, ইতিহাসেও এমন নির্লজ্জ ঘটনা ঘটলো যে ভারতের স্বাধীনতার পর নিজেদের অস্থিরতা গোপন করার জন্য কংগ্রেসীরা বাংলার বুকে ছুঁরি বসিয়েছিল।

[12·40—1·30 p.m.] (including adjourned)

কংগ্রেস এই বাংলার বুকে ছুরি বসালেন এবং গোটা বাংলাকে পূর্ব এবং পশ্চিমে ভাগ করলেন। আজকে আর একটা বিচ্ছিন্নতাবাদী শক্তি তারা কিন্তু আওয়াজ তুলেছে বাংলা ভাগ করার ব্যাপারে। গতকাল পুরুলিয়ার এক এন.ডি এ. র আঞ্চলিক সম্মেলনে উপস্থিত ছিলেন ঝাড়খণ্ড-এর বিদ্যুৎমন্ত্রী লালচাঁদ মাহাতো। তিনি বলেছেন যে বামফ্রন্ট সরকার জোর করে বাঁকুড়া, মেদিনীপুর এবং পুরুলিয়াকে ধরে রাখছে পশ্চিমবঙ্গের মধ্যে। এটা ঝাড়খণ্ডে দিয়ে দিতে হবে। তাঁর এই বক্তব্য পুরুলিয়ার রবীন্দ্রভবনে কলঙ্কের মত হাততালি ছাপিয়ে বেরিয়েছিল। এই মঞ্চ আলো করে বসেছিলেন যারা, তাদের মধ্যে যারা নিজেদেরকে বাংলার মানুষের সোনার বাংলার স্বপ্ন দেখাতে চায় বলে মানুষকে ধোঁকা দিতে চায়, সেই তৃণমূলের সর্বভারতীয় সম্পাদক তিনি মঞ্চে বসেছিলেন। শুধু তাই নয়, এটাও বলে রাখা দরকার, এই বাংলার ক্ষমতাকে কুক্ষিগত করবার জন্য ঐ তৃণমূলের বিচ্ছিন্নতাবাদী শক্তির সঙ্গে হাত মেলানো, ইতিহাস দেখলে দেখা যাবে, যেদিন ওরা মাউন ব্যাটেন-এর হাত থেকে রুল নেবার জন্য বাংলাকে ভাগ করেছিল, আবার সেই পশ্চিমবাংলাকে ভাগ করার জন্য ওই ঝাড়খণ্ড এর হাতে তুলে দিতে চাইছে পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর—আমরা এর তীব্র নিন্দা করছি। এই মানসিকতায় যারা রাজনীতি করেন, যাদের রাজনীতির কোন প্রকৃত উদ্দেশ্য থাকে না, যারা উদ্দেশ্যকে চরিতার্থ করতে বিপথে ছোটে, সেই রাজনৈতিক দল তৃণমূল আজকে এই ব্যাপারে উস্কানি দিচ্ছে। আমরা সেই বিচ্ছিন্নতাবাদীদের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করছি এবং এই সভা থেকে নিন্দা প্রস্তাব আনার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী সমর হাজরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় রেল দপ্তরের এবং কেন্দ্রীয় রেল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া বর্ধমান কর্ড লাইনে জৌগ্রাম স্টেশন আমার বিধানসভার এলাকার মধ্যে আছে। এই স্টেশনের প্ল্যাটফর্ম এত নীচু, কয়েক হাজার নিত্যযাত্রী এখান দিয়ে যাতায়াত করে, তাদের প্রচণ্ড অসুবিধা হচ্ছে। এই ব্যাপারে বারবার রেল দপ্তর এবং হাওড়ার ডি আর এম. কে জানানো সত্ত্বেও প্ল্যাটফর্ম উঁচু করা হচ্ছে না। রেল দপ্তর তারা টিকিটের ভাড়া নিজেদের আইনমত বাড়াচ্ছে, কিন্তু যারা প্ল্যাটফর্ম ব্যবহারকারী নিত্যযাত্রী, বয়স্কমানুষ, শিশু, নারী যারা আছেন, তারা ঠিক মতন উঠানামা করতে পারছেন না। প্ল্যাটফর্ম এবং প্ল্যাটফর্ম এর বাথরুম ঠিক মতন পরিষ্কারও হচ্ছে না। এই প্ল্যাটফর্মটি যাতে উঁচু করা হয় এবং পরিষ্কার করা হয় এই আবেদন আমি জানাচ্ছি।

শ্রী পদ্মনিধি ধর : মি. ডেপুটি স্পীকার স্যার, আমরা অত্যন্ত সংকটজনক মুহূর্তে আছি। কেননা রাষ্ট্রসংঘের নির্দেশকে উপেক্ষা করে আমেরিকার মত সাম্রাজ্যবাদী দেশ, ব্রিটিশ সাম্রাজ্যবাদের সঙ্গে এক হয়ে ইরাকের মত একটা স্বাধীন রাষ্ট্র তারা যে বোম্বেটেগিরি করলো, তার ফলে বহু নারী, শিশু এবং সাধারণ মানুষ যে নিহত হল, সেই উদ্দেশ্যেই বলতে চাই, ওখানকার তেল পৃথিবীর বৃহত্তম দ্বিতীয় উৎপাদক দেশ হল ইরাক। তাদের উপর দখল কায়েম করার জন্য আমেরিকা সাম্রাজ্যবাদী ব্রিটিশ সাম্রাজ্যবাদী সেখানে তারা যে বোম্বেটেগিরি করলো তার প্রতিবাদ করার ক্ষমতা আমাদের কেন্দ্রীয় সরকারের এন ডি এ সরকারের হাতে ছিল না। আজকে আমরা দেখতে পাচ্ছি

একটা স্বাধীন সার্বভৌম দেশকে দখলে রাখবে, তেল দখল করবে, সেখানে তাদের এই দুষ্কর্ম করার জন্য ভারত থেকে সৈন্য প্রেরণের জন্য ব্যস্ত—কেন? আজকে খবরের কাগজে দেখলাম, কেন্দ্রীয় মন্ত্রিসভা বসছে, সৈন্য পাঠানোর ব্যাপারে বিবেচনা করতে। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। শুধু পশ্চিমবঙ্গ নয়, রাজনৈতিক দল হিসাবে কংগ্রেস এবং অন্যান্য দল এর বিরোধিতা করছে।

আমরা শুনেছি কংগ্রেস বা অন্যান্য রাজনৈতিক দল এর বিরোধিতা করেছে। বামপন্থী দল হিসাবে আমরাও এর বিরোধিতা করছি। কিছুতেই আমরা ইরাকের মাটিতে ভারতবর্ষের সৈন্য পাঠাতে দেব না।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি বিষয় এই সভায় উত্থাপন করতে চাই। মেদিনীপুর শহরের মাঝখান দিয়ে রেলওয়ে লাইন চলে গেছে। লেভেল ক্রসিঙের গেট পড়ার ফলে শহরে যানজটের সৃষ্টি হয়। তার ফলে স্কুল-কলেজে শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা সময় মত পৌছাতে পারে না। ওখানে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, ল-কলেজ এবং চার-পাঁচটি বিদ্যালয় আছে। রেলের কাছে আমরা অনেক আবেদন-নিবেদন করার পরে রেলওয়ে দপ্তর থেকে রাঙামাটি ফ্লাইওভারের জন্য অর্থবরাদ্দ করা হয়। কিন্তু রাজ্য সরকার পঞ্চাশ শতাংশ অর্থ বরাদ্দ না করলে ঐ উড়ালপুলের কাজ হতে পারছে না। তাই আমি পৌরমন্ত্রী এবং অর্থমন্ত্রীর কাছে বলছি, রাজ্য সরকারের দেয় অর্থ নাবার্ড বা অন্য কোন সংস্থা থেকে সংগ্রহ করে পঞ্চাশ শতাংশ অর্থ সেখানে দেওয়া হোক এবং মেদিনীপুর শহরকে যানজটের হাত থেকে মুক্তি দেওয়ার ব্যবস্থা করা হোক।

শ্রী অসিত মাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে উত্তরবঙ্গ ভাসছে। সারা পশ্চিমবাংলায় যে এলাকাগুলি বন্যা কবলিত এলাকা হিসাবে চিহ্নিত আছে সেই জায়গার মানুষ আজকে আতঙ্কে দিন কাটাচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রীর কাছে বলতে চাই, উত্তরবঙ্গে ত্রাণের ব্যবস্থা করা এবং বন্যা কবলিত এলাকা হিসাবে যে এলাকাগুলো চিহ্নিত আছে সেই এলাকায় বন্যা প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রী রতন পাখিরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিম মেদিনীপুরের ঘাটাল বন্যা কবলিত এলাকা হিসাবে চিহ্নিত। প্রতি বৎসরই এই বন্যায় দুই থেকে আড়াই মাস ঘাটাল মহকুমার শহরের প্রবেশ মুখে তিনটি চাতাল এলাকায় জল জমে সেখানকার যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে পড়ে। ফলে সেখানে যানবাহণও চলতে পারে না। মেদিনীপুর শহর এবং কলকাতা শহরের সঙ্গে যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে পড়ে। প্রতি বছরই মানুষের অবর্ণনীয় কষ্ট হয় এবং তারা দুঃখ-দুর্দশার সামনে পড়ে। সেখানকার মানুষকে প্রতি বছরই আড়াই থেকে তিন মাস নৌকায় যাতায়াত করতে হয় এবং প্রতি বছরই সেখানে নৌকাডুবির ঘটনা ঘটে থাকে। ঘাটাল শহরের প্রবেশমুখে যে তিনটি চাতাল রয়েছে সেখানে ফ্লাইওভার নির্মাণের জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি।

(At this stage the House was adjourned till 1·30 p.m.)

[1·30—1·40 p.m.] (After adjournment)

LEGISLATION

The Netaji Subhas Open University (Amendment) Bill, 2003

Shri Satyasadhan Chakraborty : Mr. Deputy Speaker Sir, I beg to introduce the Netaji Subhas Open University (Amendment) Bill, 2003.

... (Secretary then read the title of the Bill)

Shri Satyasadhan Chakraborty : Sir, I beg to move that the Netaji Subhas Open University (Amendment) Bill, 2003 be taken into consideration.

শ্রী অসিত মিত্র : মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, এই যে 'দি নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটি (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ২০০৩' পেশ করা হয়েছে, তার উপর আমি আমার বক্তব্য রাখছি।

স্যার, ধারাবাহিক শিক্ষার বাইরে পৌঁছে যেতে অনেক ছাত্র-ছাত্রী অন্যভাবে যাতে নিজেদের শিক্ষিত করে তুলতে পারেন, তার জন্যই এই নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটি তৈরি করা হয়েছে। এই বিল সম্পর্কে আমি সংক্ষিপ্ত ভাবে যেটা বলতে চাই,—এই বিলের আগে নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটির যে কার্যক্রম ছিল, তাতে পশ্চিমবাংলার বাংলা ভাষাভাষী মানুষদের মধ্যে তা সীমাবদ্ধ ছিল। এর আগে আমরা ইন্দিরা গান্ধী ওপেন ইউনিভার্সিটি দেখেছি, সেখানে হিন্দি এবং ইংরাজী, দুটো ভাষার ব্যবহার ছিল। কিন্তু নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটির ছাত্র-সংখ্যা প্রায় ১০ হাজারের মত। এই পরিধিকে আরও বাড়াবার কথা এই বিলে বলা হয়েছে। স্বাভাবিক কারণেই মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের কাছে আমি যে অনুরোধ সবার আগে রাখব, সেটা হ'ল—যদি কোন বিষয় ব্যাপ্তি লাভ করে, সেই ব্যাপ্তিতে কারো আপত্তি থাকে না, আমারও নেই, আমি শুধু অনুরোধ করব, যে-ভাবে এই নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটির কার্যক্রম চলছে, সেখানে ছাত্র-ছাত্রীদের কোথাও কোন বিপত্তির মাঝখানে পড়তে হচ্ছে কিনা।

যাতে বিপত্তির মাঝখানে পড়তে না হয় তাহলে এই ওপেন ইউনিভার্সিটি আরও গতিময় হোক, আরও গতিশীল হোক। এটা আমরা নিশ্চয় চাইব না, বিলে যে কথা বলেছেন যে, এতদিন পর্যন্ত বিশ্ববিদ্যালয় কার্যক্রম শুধুমাত্র পশ্চিমবঙ্গের মধ্যেই সীমাবদ্ধ ছিল। কিন্তু এই বিলে তিনি পশ্চিমবঙ্গের বাইরে, ভারতের অন্যান্য রাজ্যে যেখানে বাংলা ভাষাভাষী মানুষের সংখ্যা বেশী, দিল্লিতে হতে পারে, লক্ষ্ণৌতে হতে পারে, বেনারসে হতে পারে, কাশীতে হতে পারে, অথবা

বিহারের কিছু কিছু জায়গা আছে, যেখানে বাঙালি আছে, বাংলা ভাষায় পঠনপাঠন যারা করেন, তারা এর দ্বারা উপকৃত হতে পারেন। সুতরাং এই বিলের উদ্দেশ্য সম্পর্কে আমার দ্বিমত পোষণ করার অন্য কোন কারণ নেই। আমার সন্দেহ শুধু একটা জায়গাতেই, সেটা হল যে, মাননীয় শিক্ষামন্ত্রী তিনি একজন বিশিষ্ট শিক্ষাবিদ তিনি নিশ্চয় ভাববেন, চিন্তা করবেন যে, আমাদের বর্তমান অবস্থা যে জায়গায় ছিল, যেখানে ছিল, সেখানে তার সম্পূর্ণ সার্থকতা এসেছে কিনা। যদি না এসে থাকে, তাহলে সেগুলি দূরীকরণ-এর কি ধরনের বন্দোবস্ত তিনি গ্রহণ করতে পারবেন, তিনি নিশ্চয় বলবেন এবং সঙ্গে সঙ্গে যে সমস্ত রাজ্যে আমরা এটাকে বাস্তবায়িত করতে চাইছি, সেই সমস্ত জায়গায় সুফল সম্পর্কে আমাদের আগাম রূপরেখা যেন তৈরী করতে পারি সেটা দেখতে হবে। এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করার আগে এর যা উদ্দেশ্য এবং সেটা যাতে যথাযথভাবে প্রতিফলিত হয়, তারজন্য আবেদন জানাচ্ছি। এই পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যেখানে প্রথমে ১০ হাজার ছাত্রছাত্রী অংশগ্রহণ করেছেন। তাতে আরও বেশী ছাত্রছাত্রী অংশগ্রহণ করতে পারেন, সেই বিষয়ে বন্দোবস্ত নেওয়ার আবেদন জানাচ্ছি।

শ্রী দীপক বেরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নেতাজী সুভাষ ওপেন ইউনিভার্সিটি ১৯৯৭ সালের যে আইন, সেটার যে সংশোধনী প্রস্তাব নিয়ে আসা হয়েছে, তাকে সমর্থন জানাই। এটা খুবই আনন্দের কথা যে, আমাদের বিরোধীদলের সদস্য বন্ধু অসিত বাবু এই ধরনের সংশোধনী প্রস্তাবকে সাধুবাদ জানালেন। তবে তিনি একটা আশংকা প্রকাশ করেছেন যে, আসল উদ্দেশ্য সিদ্ধ হবে কিনা। আমরা জানি যে, আমাদের ভারতের শিক্ষার ক্ষেত্রে যে দুর্বলতা আছে, অন্তত পশ্চিমবঙ্গে বিগত ২৬ বছর ধরে শুধু প্রাথমিক শিক্ষা নয়, উচ্চ শিক্ষার ক্ষেত্রে অভাবনীয় অগ্রগতি ঘটেছে। দেখা যায় যে, ৯৬-৯৭ সালে উচ্চ শিক্ষার পড়ুয়ার সংখ্যা ১ লক্ষ ৯৯ হাজার ছিল। এখন সেখানে ৬ লক্ষের বেশী। আমাদের এখানে উচ্চশিক্ষা মূলত কেন্দ্রীভূত হয়ে আছে কলা বিভাগ, বাণিজ্যবিভাগ, বিজ্ঞানবিভাগের মধ্যে। কারিগরি বিদ্যা, বৃত্তিমূলক শিক্ষার ক্ষেত্রে যে দুর্বলতা আছে, সেটা অস্বীকার করা যায় না। বিজ্ঞান প্রযুক্তির যুগে যেভাবে আমাদের চলতে হয়, ভারতের অন্যান্য রাজ্যের শিক্ষার সঙ্গে পাল্লা দিয়ে আমাদের চলতে হয়, তাহলে আমাদের অস্বীকার করার উপায় নেই যে, বৃত্তিমূলক শিক্ষা বা পেশাদারী শিক্ষার ক্ষেত্রে যথার্থ ভূমিকা পালন করতে হবে।

[1·40—1·50 p.m.]

সেই মহৎ উদ্দেশ্য নিয়ে আসতে হবে। অসিত বাবু ঠিকই বলেছেন যে, আমাদের পশ্চিম বাংলার বাইরে এই ধরনের শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠা করা হোক। আমাদের পশ্চিমবাংলার বাইরে যারা আছেন, বাংলা ভাষাভাষী ছাত্র, শিক্ষার সুযোগ, কারিগরি শিক্ষা, বৃত্তিমূলক শিক্ষার সুযোগ যেন নেতাজী সুভাষ ওপেন ইউনিভারসিটি দিতে পারেন তাহলে নিশ্চয়ই ছাত্ররা খুশি হবে। একথা অস্বীকার করা যায় না যে আমাদের দেশে আর্থিক দিক থেকে সামাজিক দিক থেকে যারা দুর্বল তারা প্রথাগত প্রতিষ্ঠানগুলোয় পড়াশোনার সুযোগ পায় না। এই ধরনের বিশ্ববিদ্যালয় হলে আগামী দিনে তারা পড়ার সুযোগ পাবে। আমার মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ এই যে, যারা পড়ার সুযোগ

পাচ্ছে কাজ পাওয়ার ক্ষেত্রেও তারা যেন সেই সুযোগ-সুবিধা পায়, মন্ত্রী মহাশয় যেন সেদিকে নজর দেন। তাহলে ছাত্রছাত্রীরা, হাজার হাজার বাঙালি ছাত্রছাত্রীরা আপনাকে সাধুবাদ জানাবে।

শ্রী সুব্রত বসু : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উচ্চশিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় সংশোধনী বিধেয়ক ২০০৩ যেটা পেশ করেছেন তাকে সমর্থন করে স্বল্প সময়ের মধ্যে আমি কয়েকটি কথা বলতে চাই। শ্রী অসিত মিত্র ঠিকই বলেছেন যে, এই যে সংশোধনী বিধেয়ক এসেছে তার উদ্দেশ্য অত্যন্ত ভালো এবং স্বভাবতই সকলে এটাকে সমর্থন করেছেন। আপনারা অবগত আছেন যে, ৯৭ সালে নেতাজী সুভাষ চন্দ্রের জন্মশত বর্ষে রাজ্যসরকার এই মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপন করেন যেটা আমাদের রাজ্যের প্রথম মুক্ত বিশ্ববিদ্যালয়। চিরাচরিত প্রথায় মহাবিদ্যালয় এর মাধ্যমে যে উচ্চশিক্ষা ব্যবস্থা আছে অর্থনৈতিক এবং অন্যান্য কারণে যে সমস্ত ছাত্ররা তার সুযোগ গ্রহণ করতে পারে না তাদের জন্য এই ব্যবস্থা করা হয়েছে। দূর-সঞ্চারী অধ্যয়নের মধ্যে দিয়ে উচ্চশিক্ষা লাভ করতে পারে, কয়েক বছরের মধ্যে এই মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষার জগতে পশ্চিম বাংলায় একটা স্থান করতে পেরেছে। যদিও আমরা চাই আগামী দিনে এই মুক্ত বিশ্ববিদ্যালয় আরও বেশী করে স্থাপন করা হোক। আমাদের রাজ্যে এর পরিধি বৃদ্ধি পাবে এবং যারা সমাজে অবহেলিত তাদের এই দূর-সঞ্চারী শিক্ষা ব্যবস্থার মাধ্যমে আমরা তাদের আরও বেশী সুযোগ সুবিধা দিতে পারব। আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, এই মুক্ত বিশ্ববিদ্যালয়ে ইতিমধ্যেই বি.এ, বি. এস.সি, বি.কম চালু করেছেন এবং এই বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন উৎসব সম্পন্ন হয়েছে। সেখানে আপনারা শুনেছেন যে, তিনশোরও বেশী ছাত্র সেই সমাবর্তন উৎসবে তাদের সাফল্যের স্মারক পেয়েছেন। এই বিলের উদ্দেশ্য হচ্ছে দুটো। একটা হচ্ছে যে আমাদের রাজ্যের বাইরের অন্যান্য রাজ্যে এই দূর-সঞ্চারী অধ্যয়ন কেন্দ্র স্থাপন করা আর শুধু বাংলা নয়, রাজ্যের বাইরে অন্যান্য যে রাজ্যবাসীরা আছে তারাও এই মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে সুবর্ণ সুযোগ পাবে যাতে তারা উচ্চশিক্ষা যাতে পেতে পারেন। দ্বিতীয় উদ্দেশ্য হচ্ছে যে, আমাদের আজকে যে অর্থনৈতিক এবং সামাজিক অবস্থা সেই অবস্থাতে কারিগরি ও পেশাগত শিক্ষার যদি ব্যবস্থা করতে হয় তাহলে দূর-সঞ্চারী অধ্যয়ন কেন্দ্র রাজ্যের বাইরে স্থাপন করা এবং শুধু তাই নয়, কারিগরি এবং পেশাগত শিক্ষার ব্যবস্থা করা।

আমি আশা করবো, এই বিধেয়ক অনুমোদন পাবে এবং এই নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় তারা কারিগরী এবং পেশাগত অধ্যয়নের ব্যবস্থা করতে পারবেন। এই কথা বলে আমি এই বিধেয়ককে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তপন হোড় : মি. ডেপুটি স্পীকার, আজকে নেতাজী সুভাষ ওপেন ইউনিভার্সিটি এ্যামেন্ডমেন্ড বিল ২০০৩ এই বিল উত্থাপন করা হয়েছে, আমি এইটাকে সমর্থন করছি এবং কয়েকটি কথা এই প্রসঙ্গে বলতে চাই সেটা হচ্ছে এই নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় ক্রমশই জনপ্রিয় হয়ে উঠছে এবং পশ্চিমবঙ্গেই ইতিমধ্যেই প্রায় ৫৫,৫৬ টি কেন্দ্র স্থাপিত হয়েছে এবং আমি শুনেছি যে প্রায় ৭৫ টি কেন্দ্র এই আর্থিক বর্ষের মধ্যেই সম্পন্ন করা যাবে। আপনারা জানেন কিছু দিন আগে শান্তিনিকেতনে একটা কেন্দ্র হয়েছে, সেখানে মাননীয় সাংসদ উপস্থিত ছিলেন,

ওপেন ইউনিভার্সিটির উপাচার্য্য সুরভি বন্দ্যোপাধ্যায়ও উপস্থিত ছিলেন এবং সেখানে থাকার সৌভাগ্যও আমার হয়েছিল। সেখানে বৃত্তিমূলক শিক্ষাকে অর্থাৎ ভোকেশনাল ট্রেনিং যেটা সাধারণ মানুষের কাছে জীবন জীবিকার প্রশ্নে অত্যন্ত গুরুত্বপূর্ণ সেটা সুচারু রূপে এই নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় তারা করতে পারছেন। একটা নির্দিষ্ট জায়গার মধ্যে সীমিত না থেকে সেটাকে আরও ব্যাপক ভাবে বাংলার বাইরে যে বাঙালীরা আছেন তাদের জন্য এই সংশোধনীটির প্রয়োজন হয়ে পড়েছে। আমরা জানি বেনারস, দিল্লি, লক্ষ্ণৌ, বিহার, আন্দামানে কিছু বাঙালী পরিবার আছেন তাঁরা এই সংশোধনীর ফলে উপকৃত হবেন। আমি বলতে পারি আন্দামানে ৩৬ পারসেন্টের মতো বাঙালী আছেন। একটা সময়ে আত্মসমালোচনা হয় যে, একটা সময় আন্দামানে ৮০ পারসেন্ট বাঙালী হওয়ার কথা ছিল। কিন্তু যে কোন কারণেই হোক সেটা হয় নি। সেই ভুলের একটা প্রায়শ্চিত্ত করার সুযোগ এসে গেছে। আমরা আন্দামানে গিয়েছি এবং সেখানে অভিযোগ পেয়েছি যে তারা ক্যালকাটা ইউনিভার্সিটির আন্ডারে আসতে চেয়েছিল। যে কোন কারণেই হোক সেটা হয় নি এবং কেন হয় নি সেই আলোচনায় আমি যাচ্ছি না। সেখানকার মানুষ সেই টিকলীপুর, মায়াবন্দর, পোর্ট-ব্লেয়ার, রঙ্গতনীল এই সমস্ত জায়গায় যখন আমরা ঘুরেছি তখন সেই জায়গার মানুষরা অভিযোগ করেছেন। সেখানে বাঙালী একটা প্রতিষ্ঠান আছে তাঁরা বলছিলেন আমরা চেয়েছিলাম কিন্তু হয় নি। তারা এখন পণ্ডিচেরী ইউনিভার্সিটির সাথে যুক্ত। সেই জায়গায় নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় আমাদের একটা প্রায়শ্চিত্ত করার সুযোগ এসেছে। সেখানে যদি একটা ভালোভাবে কেন্দ্র স্থাপন করা যায় তাহলে সেখানে যে ৩৬ পারসেন্ট বাঙালী আছেন তারা সেই সুযোগটা গ্রহণ করতে পারবেন। কাজেই এই বিল যথাযথ হয়েছে এবং সময়োপযোগী। সেই জায়গায় দাঁড়িয়ে শুধু আন্দামানই নয় বেনারস, লক্ষ্ণৌ, দিল্লিতে যে বাঙালীরা আছেন তাদের কাছে এটা একটা সুযোগ সদ্ব্যবহার করার। এই বিশ্ববিদ্যালয়কে আমি খুব কাছ থেকে দেখেছি, এরা দক্ষতার সাথে এটা করতে পারবে। অসিতবাবু যে আশংকার কথা বলেছেন তার কোন কারণ নেই, মাননীয় মন্ত্রী তাঁর জবাব দেবেন। কাজেই এই সুযোগ শুধু পশ্চিমবাংলাই নয়, পশ্চিমবাংলার বাইরেও এটা যাতে ঠিক মতো হয় তার ব্যবস্থা সরকার করবেন। এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[1·50—2·00 p.m.]

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সহ উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের মাধ্যমে যে সংশোধনী এখানে উপস্থাপিত করা হয়েছে, এই যে 'নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিধেয়ক, ২০০৩'-এর উপর ৪ জন মাননীয় সদস্য, সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের আলোচনা করেছেন এবং তাঁরা সকলে এই বিলকে সমর্থন করেছেন, আমি আন্তরিক ভাবে তাদের ধন্যবাদ জানাই।

আপনাদের স্মরণে আছে ১৯৯৭ সালে এই সভায় যখন আপনারা এই বিলটি পাশ করেন আমি বলেছিলাম যে, উচ্চশিক্ষার ক্ষেত্রে একটা নতুন অধ্যায়ের সূচনা হ'ল এবং এই কটা বছর অতিক্রম করে আজকে এই মুক্ত বিশ্ব-বিদ্যালয় অনেকটা বলিষ্ঠ হয়েছে এবং তার কার্যক্রমকে ধীরে ধীরে ছড়িয়ে দিচ্ছে। আমাদের সেই সময় লক্ষ্য ছিল পশ্চিমবাংলায় দূরশিক্ষার বন্দোবস্ত করে আধুনিক

যে যন্ত্র, যেটাকে আমরা বলি সফটওয়ার, ইনফর্মেশন টেকনোলজি, তার সাহায্য নিয়ে আমাদের উচ্চশিক্ষাকে পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় ছড়িয়ে দেওয়ার চেষ্টা করা। যারা কর্মরত, যারা গৃহে কর্মরত বা যারা ক্ষেতে-খামারে, কলেকারখানায় কাজ করে, তারা যাতে উচ্চশিক্ষার সুযোগ পান এবং নতুন নতুন ধরনের বিষয় তারা শিখতে পারেন—এই উদ্দেশ্য নিয়ে সেদিন করা হয়েছিল। আজকে মাননীয় সদস্য বলছিলেন যে, ছাত্র সংখ্যা ১০ হাজার ছাড়িয়ে গেছে। তাদের জন্য কোন পরিকল্পনা নেওয়া হয়েছে? অবিলম্বে ২৫ হাজারে এটাকে পরিণত করতে হবে। আর, শুধু মাত্র আর্টস-সায়েন্স এবং কমার্স নয়, পোস্ট গ্রাজুয়েট খোলা হবে, কিছু ভোকেশনাল কোর্সও শুরু করা হবে, কম্পিউটার অ্যাপ্লিকেশন, ম্যানেজমেন্ট, এতে এম.ডি অর্থাৎ মাস্টার্স ডিগ্রি খোলা হবে। এবং ওরা ইতিমধ্যে যেটা শুরু করেছেন 'ইনস্টিটিউশন অফ ইংলিশ', সেটা ছাড়াও 'ইংলিশ ফর কমিউনিকেসন, ৬ মাসের সার্টিফিকেট কোর্স, অনেক নতুন নতুন বিষয়, আধুনিক বিষয়, সেগুলো পড়াবার বন্দোবস্ত করা হচ্ছে। এর মধ্যে বাংলার বাইরে থেকে কিছু সংস্থা, তারা আগ্রহ প্রকাশ করে বলেছে যে, আমাদের এখানে আপনারা যদি কেন্দ্র খোলেন তাহলে এখানে যারা বাঙালী আছেন তাদের সুবিধা হবে। এটা সম্ভব। দূর শিক্ষার মাধ্যমে আমরা ভারতবর্ষের যে কোন জায়গায় পৌঁছে যেতে পারি এবং শিক্ষার সামগ্রীগুলো পৌঁছে দেওয়া যায়। সেই জন্য এটা আমরা অনুভব করি, বিশ্ব-বিদ্যালয়, তাদের সঙ্গে কথা-বার্তা বলি, ভাইস চ্যান্সেলর বা অন্যান্য যারা আছেন, যে আমাদের দিয়ে দূর শিক্ষাকে 'নেতাজী সুভাষ ওপেন ইউনিভার্সিটি' কে দিয়ে ভারতবর্ষের বিভিন্ন জায়গায় কেন্দ্র গড়ে তুলতে হবে। এই শিক্ষা শুধু বাঙালী নয়, অন্যান্য কেউ যদি এই শিক্ষার সুযোগ নিতে চান, তারা যেন নিতে পারেন। এবং এ ব্যাপারে আমরা সমস্ত সহযোগিতা পাচ্ছি ইন্দিরা গান্ধী ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটি থেকে। এবং আপনারা বোধ হয় কাগজে দেখেছেন, কিছুদিন আগে ওপেন ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর ছিলেন, আমি ছিলাম, কলকাতার গড়চা রোডে এফ. এম চ্যানেল, জ্ঞান বাণীর উদ্বোধন করা হয়েছে। আমাদের পশ্চিমবঙ্গে বিশ্বভারতীতে এই রকম কেন্দ্র আছে। তাছাড়া, দ্বিতীয় পূর্ব ভারতে ইন্দিরা গান্ধী ওপেন ইউনিভার্সিটির সঙ্গে পার্টনার হিসাবে চালু করা হচ্ছে। অর্থাৎ এইভাবে রেডিও চ্যানেল, ইনফর্মেশন টেকনোলজি, ক্যাসেট, অডিওভিজুয়াল সিস্টেম, বিভিন্নভাবে করা হচ্ছে। তাছাড়া করসপন্ডেন্সও আছে। এইভাবে এই শিক্ষাকে শুধু পশ্চিমবাংলায় নয় অন্যান্য জায়গায়ও ছড়িয়ে দেওয়া হচ্ছে। আপনাদের শুনে ভালো লাগবে পুরুলিয়ার আদিবাসী অঞ্চলে, সুন্দরবনে এই কেন্দ্র খোলা হচ্ছে।

এবং একেবারে সুদুর পাহাড়ে তরাই অঞ্চলে কেন্দ্র খোলা হচ্ছে। আমাদের মনে রাখতে হবে যে, একবিংশ শতাব্দীতে শিক্ষা এখন নতুন দিকে এগিয়ে চলেছে—নতুন নতুন বিষয়তে। সেখানে মনে রাখতে হবে হাজার হাজার নতুন শিক্ষার্থী তারা উচ্চশিক্ষার ময়দানে আসছে। আমরা একটা হিসেব করেছি, তাতে দেখা যাচ্ছে, প্রতি বছর গোটা ভারতবর্ষে ১ লক্ষ করে ছাত্র-ছাত্রী উচ্চশিক্ষার জন্য আসবে এবং আগামী ১০ বছরে ১০ লক্ষ ছাত্র-ছাত্রীর পড়াশোনার বন্দোবস্ত করতে হবে। এতে বিপুল পরিমাণ টাকার প্রয়োজন হবে। এটা কি করে আমরা মোকাবিলা করবো? ৩টি পথ আছে। (১) সরকার পোষিত যে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো আছে তাকে শক্তিশালী করা, (২) এই

দূর শিক্ষাকে আরও ছড়িয়ে দেওয়া, (৩) সরকারের বাইরে যারা অর্থ বিনিয়োগ করতে চায় তাদেরকে নিয়ে আসা। তা নাহলে এই বিপুল পরিমাণে সম্প্রসারণ—এটা সম্ভব হবে না। বিপুল পরিমাণে টাকার প্রয়োজন। ১৫০ বছরে যা করা হয়েছে আগামী ১০ বছরে উচ্চশিক্ষায় তাই করতে হবে। আমরা আমাদের ছাত্র-ছাত্রীদের বঞ্চিত করতে পারি না। তারা আসবেন, সেজন্য জোর দেওয়া হয়েছে দূর-শিক্ষার উপরে। আরও নতুন নতুন কলেজ খুলে আমরা যাতে আগামীদিনের চাহিদাকে পূরণ করতে পারি সেদিক থেকে নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় আগামী দিনে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে—শুধু আমাদের রাজ্যে নয়, আমাদের রাজ্যের বাইরেও। যাঁরা আজকে আলোচনায় অংশগ্রহণ করেছেন তাঁদের সকলকে ধন্যবাদ জানিয়ে আমি বলছি যে, আসুন সর্বসম্মতিক্রমে আজকে আমরা বিলটাকে পাশ করি।

The motion of Shri Satyasadhan Chakraborty that the Netaji Subhas open University (Amendiment) Bill, 2003 be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3

The question that clauses 1 to 3 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that the peamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Satysadhan Chkraborty : Sir, I beg to move that the Netaji Subhas Open University (Amendment) Bill, 2003 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

FINANCIAL

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANT.

Demand No. 13, Demand No. 14, Demand No. 15 & Demand No. 51

Mr. Deputy Speaker : Now discussions on Voting on Demands for Grant. The business of the House is to take up Demand Nos. 13, 14, 15 and 51. All the Demands will be taken up together for discussions. Demand No. 13 relates to Higher Education Dept. 14 relates to Mass Education Extension and Library Dept., 15 relates to School Education Dept. and 51 relates to Techinical Education and Training Dept.

Now, there 45 cut motions to Demand No. 13, 11 to Demand No. 14, 131 to Demand No. 15 and 11 to Demand No. 51. All the cut motions are in order.

[2.00–2.10 p.m.]

Cut motion nos. 1, 18-20, 22, 28, 29, 38, 39 on Demand No. 13, Cut Motion nos. 2–5, 49–52, 58–61, 66–69, 82–84 on Demand No. 15 and Cut Motion nos. 1, 2, 5, 6 on Demand no. 51 are taken as moved. The rest cut motions are not taken as moved.

Demand No. 13

Shri Deba Prasad Sarkar : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Rs. 1/-

Shri Kamal Mukherjee **Shri Deba Prasad Sarkar** **Shri Gyan Singh Sohanpal** **Shri Abdul Mannan**	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

Demand No. 15

shri deba Prasad Sarkar **Shri Kamal Mukherjee** **Shri Abdul Mannan**	Sir, I beg go move that the amount of the Demand be reduced to Rs. 1/-
Shri Gyan Singh Sohanpal **Shri Abdul Mannan** **Shri Kamal Mukherjee** **Shri Deba prasad Sarkar**	Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100/-

Demand No. 51

Shri Kamal Mukherjee **Shri Abdul Mannan** **Shri Gyan Singh Sohanpal**	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

শ্রী অসিত কুমার মাল : স্যার, ২০০৩-০৪ সালের পশ্চিমবঙ্গের বিদ্যালয় শিক্ষা খাতে ব্যয়-বরাদ্দের যে প্রস্তাব রেখেছেন অভিযাজন নং ১৫-তে শ্রী কান্তি বিশ্বাস, ভারপ্রাপ্ত মন্ত্রী প্রাথমিক, মাধ্যমিক, মাদ্রাসা শিক্ষা এবং শ্রমতী ইভা দে, রাষ্ট্রমন্ত্রী বিদ্যালয় শিক্ষা এবং অভিযাজন নং ১৩-তে শ্রী সত্যসাধন চক্রবর্তী, ভারপ্রাপ্ত মন্ত্রী উচ্চশিক্ষা—যে বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা

করে এবং বিরোধীদের আনা কাটমোশনকে সমর্থন করে আমরা বক্তব্য রাখছি। স্যার ২৬ বছর ধরে বামফ্রন্ট সরকার শিক্ষার ক্ষেত্রে যে ভুল করেছেন, সেই ভুল পদক্ষেপের ফলে সারা পশ্চিমবাংলার শিক্ষাকে অনেক পিছিয়ে দিয়েছে এবং সেই শিক্ষা ক্ষেত্রে যে দুর্নীতি দিনের পর দিন সারা পশ্চিমবঙ্গকে গ্রাস করেছে, এতে পশ্চিমবঙ্গের মানুষ দারুণভাবে অস্বস্তি বোধ করছে। মাননীয় মন্ত্রী তার বাজেট বরাদ্দে বলেছেন—প্রথমে সর্বশিক্ষা অভিযানর কথা বলছি। ওনাকে আমি ধন্যবাদ জানাই। ১০টি জেলাকে উনি বেছে নিয়েছেন সর্বশিক্ষা অভিযানের জন্য। কলকাতা জেলা সহ আরও ২০টি জেলায় এই সর্বশিক্ষা অভিযান তিনি কত দিনে চালু করতে পারবেন? এই সর্বশিক্ষা অভিযানের নাম করে শুধু স্কুলের বাড়ি তৈরি করার জন্য যদি এই সর্বশিক্ষা অভিযান হয়, সর্বশিক্ষা অভিযানের নামে যে সমস্ত স্কুলে বিল্ডিংয়ের কোনো প্রয়োজন নেই, সেখানে যদি গ্র্যান্ট দেওয়া হয়, তাহলে এই সর্বশিক্ষা অভিযানের যে মূল উদ্দেশ্য সেটা ব্যাহত হবে। আপনি পরিষ্কার করে বলুন, সারা পশ্চিমবঙ্গে এই সর্বশিক্ষা অভিযান করতে কত বছর সময় লাগবে? কত বছর সময় লাগবে এই পরিকল্পনাকে বাস্তবায়িত করতে? আপনি প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে অনেক কথা বলেছেন। আমরা বার বার বলি আপনার কাছে যে, আপনি পঞ্চম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীদের উৎসাহ দেবার জন্য এবং সাহায্য করার জন্য যে সসস্ত বই দেন, পোশাক দেন, অধিকাংশ স্কুলগুলিতে সে পোশাক পৌছায় না। আপনাকে আমরা বার বার অভিযোগ করেছি এই বিনা পয়সায়, বিনা মূল্যের যেটা বাজারে কিনতে পাওয়া যায় না—আপনার এইসব দিয়ে সত্যিকারের যদি সাহায্য করতে চান তাহলে সঠিক সময়ে বই বিতরণ করতে হবে। ৬ মাস স্কুলে ক্লাস হয়ে যাওয়ার পর স্কুলগুলিতে বই পৌছয়। যার ফলে ছাত্র-ছাত্রীদের অসুবিধা হয়। একথা আপনাকে বারবার বলেছি—প্রাথমিক স্কুলে যারা শিক্ষক আছেন আপনার কাছে অভিযোগ করেছেন সারা পশ্চিমবঙ্গে অনেক স্কুল আছে যেখানে ১ জন টিচারকে ৪টি ক্লাস নিতে হয়। পশ্চিমবঙ্গে অনেক স্কুল আছে বিশেষ করে তপশিলী জাতি, উপজাতি অধ্যুষিত মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া বীরভূম প্রভৃতি জেলায়, যেখানে একটা প্রাইমারী স্কুল থেকে আর একটি প্রাইমারী স্কুলের দূরত্ব ২ কিলোমিটারের বেশি। আমরা বলছি রাজ্য সরকার যদি সত্যি সত্যিই প্রাথমিক শিক্ষার বিকাশ চান তাহলে যেখানে যেমন প্রাথমিক স্কুলের প্রয়োজন সেখানে তেমন প্রাথমিক স্কুল তৈরি করতে হবে। রাজ্য সরকারের যদি টাকা না থাকে তাহলে যে সমস্ত এন.জি.ও-রা স্কুল করতে আগ্রহী এবং কেন্দ্রীয় সরকার যেখানে টাকা দিয়ে সাহায্য করতে আগ্রহী সেখানে রাজ্য সরকারকে সেই সাহায্য গ্রহণ করতে হবে। আপনারা কেন সেটা গ্রহণ করবেন না, যেখানে এ রাজ্যে প্রাথমিক শিক্ষা মার খাচ্ছে। এ ক্ষেত্রে সরকারের সঠিক ভূমিকা কি? দয়া করে তা আমাদের একটু বলবেন। একটা বাচ্চা ছেলেকে ২ কিলোমিটার হেঁটে গিয়ে প্রাথমিক শিক্ষা গ্রহণ করতে হবে ; এটা কখনই সম্ভব নয়। এ ক্ষেত্রে রাজ্য সরকারের কি চিন্তা-ভাবনা আছে, তা আমরা জানতে চাইছি। কিছু দিন আগে পর্যন্ত আমরা বিভিন্ন কাগজে দেখেছি প্রাথমিক স্কুলের যে সমস্ত শিক্ষকরা ইতিপূর্বে অবসর গ্রহণ করেছেন তাঁদের মধ্যে অনেকে পেনশন না পেয়েই মারা গিয়েছেন। তবে বর্তমানে শিক্ষকদের পেনশনের ব্যাপারটার অনেকটাই উন্নতি হয়েছে। এটা এখন

আর বলার অপেক্ষা রাখে না। তবুও এখন পর্যন্ত কত শতাংশ শিক্ষক দীর্ঘদিন অবসর গ্রহণ করার পরেও পেনশন পাচ্ছেন না, কেন পাচ্ছেন না এবং তাঁদের পেনশন দেওয়ার ক্ষেত্রে সরকারের কি চিন্তা-ভাবনা আছে, আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণের মধ্যে দিয়ে নিশ্চয়ই তা আমাদের জানাবেন। মাধ্যমিক স্কুলকে উচ্চমাধ্যমিক স্কুলে উন্নীত করার ব্যাপারটা আজই আমি মেনশনের সময় উল্লেখ করেছি এবং মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়, তখন আপনি হাউসে উপস্থিত ছিলেন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বেশ কিছু মাধ্যমিক স্কুলকে উচ্চমাধ্যমিকে উন্নীত করার অনুমোদন দিয়েছেন। অথচ সেসবের বেশিরভাগ ক্ষেত্রেই এখন পর্যন্ত প্রয়োজনীয় পরিকাঠামো তৈরি করে দিতে পারেননি। শুধু স্যাংশনই দিয়েছেন, শিক্ষক নিয়োগ করেননি, বিল্ডিং তৈরি করে দেননি। অথচ আপনি এ বছর সমস্ত কলেজ থেকে উচ্চ মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা তুলে নিয়েছেন। ফলে ছাত্র-ছাত্রীরা না স্কুলে ভর্তি হতে পারছে, না তাদের সামনে কলেজে ভরতি হবার সুযোগ আছে—এই অবস্থার মধ্যে তারা পড়েছে। এখন এবিষয়ে সরকারের কি চিন্তা-ভাবনা তা আপনাকে বলতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি স্কুল সার্ভিস কমিশন করেও সঠিক সংখ্যক উপযুক্ত শিক্ষক নিয়োগ করার ক্ষেত্রে ব্যর্থ হয়েছেন। আপনারা এক সময় বলেছিলেন, স্কুল ম্যানেজিং কমিটিগুলি যোগ্যতার ভিত্তিতে নয়, টাকার বিনিময়ে নিজেদের লোকেদের স্কুলে শিক্ষক হিসাবে নিয়োগ করছে। ফলে রাজ্যের শিক্ষা ব্যবস্থা মার খাচ্ছে। তাই স্কুল সার্ভিস কমিশনের মধ্যে দিয়ে পরীক্ষায় উত্তীর্ণ সঠিক যোগ্য প্রার্থীদের বিভিন্ন স্কুলে শিক্ষক হিসাবে নিয়োগ করার ব্যবস্থা করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আজকে আপনি দয়া করে আমাদের একটু বলবেন যে, স্কুল সার্ভিস কমিশন গঠিত হবার পর থেকে এখন পর্যন্ত তারা কত জন শিক্ষক সারা পশ্চিমবাংলায় নিয়োগ করতে পেরেছেন এবং প্রয়োজন কত? সারা পশ্চিমবাংলায় এখন পর্যন্ত কত জন স্কুল শিক্ষকের প্রয়োজন, কত জন শিক্ষক কর্মে নিযুক্ত আছেন, তার মধ্যে কতজনকে স্কুল সার্ভিস কমিশন নিয়োগ করেছেন এবং এখনো কত জনের প্রয়োজন আছে? এটা একটু আমাদের বলবেন। সাথে সাথে এটাও বলবেন কত সালের মধ্যে সমস্ত পদ পূরণ করা সম্ভব বলে আপনি আশা করছেন। কারণ আমরা দেখছি গ্রামাঞ্চলের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্কুলগুলির সঠিক পরিকাঠামো নেই, সেগুলিতে সঠিক সংখ্যক শিক্ষক নেই। অথচ প্রতি বছরই ছাত্র-ছাত্রীর সংখ্যা বাড়ছে। ক্লাসে ছাত্র-ছাত্রী ধরছে না, বিল্ডিংগুলি ভেঙে পড়ছে। পুরোনো বিল্ডিংগুলির মেরামতের জন্য এবং নতুন বিল্ডিং করার জন্য রাজ্য সরকার কোনো রকম সাহায্য স্কুলগুলিকে দিতে পারছে না। এখন এক মাত্র ভরসা এম.পি.ল্যাণ্ড এবং বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প। এই দুটো ফান্ড থেকে কিছু কিছু টাকা দিয়ে একটু একটু করে স্কুলগুলির মেরামতি এবং নির্মাণ কাজ একটু একটু করে এগিয়ে চলছে। এই ভাবে ও কাজ সম্পূর্ণ করা সম্ভব নয়। এবিষয়ে রাজ্য সরকারের সিস্টেম কি? রাজ্য সরকারের শিক্ষা নীতি কি? শিক্ষা ক্ষেত্রে যে পরিকাঠামোর প্রয়োজন সেই পরিকাঠামো গড়ার জন্য সরকার কি চিন্তা-ভাবনা করছে।

[2.10–2.20 p.m.]

কারণ যদি সেখানে স্কুলের বিল্ডিং না থাকে এবং মাধ্যমিকের জন্য যতগুলি টিচারের প্রয়োজন পারমিশান পাওয়ার পরও, ইনটারভিউ নেওয়ার পরও সেখানে যদি শিক্ষক না দিতে পারেন—তা আপনি দিতে পারছেন না—তাহলে ছাত্ররা শিক্ষা পাওয়া থেকে বঞ্চিত হবেই এবং তাই হচ্ছে। আবার নতুন করে কতকগুলি স্কুলকে উচ্চমাধ্যমিকে স্যাংশান দিয়েছেন, অনুমোদন দিয়েছেন কিন্তু, সেখানে উপযুক্ত পরিমাণের শিক্ষক দিতে না পারায় শিক্ষকরা প্রত্যেকটি ক্লাস এ্যাটেন করতে পারছেন না এবং ছাত্ররাও শিক্ষা পাওয়া থেকে বঞ্চিত হচ্ছেন। এটা অত্যন্ত গুরুত্ব সহকারে ভাবার জন্য আমি দাবী করছি। আমি আশা করি, মাননীয় মন্ত্রী মহাশয় তার জবাবী ভাষণের সময় বলবেন কত স্কুলকে হায়ার সেকেন্ডারি স্কুলে উন্নীত করেছেন এবং তারজন্য কতজন শিক্ষককে দিতে পেরেছেন। এবারে আমি মাধ্যমিকের রেজাল্ট নিয়ে কয়েকটি কথা বলব। এ ক্ষেত্রে আমি দেখাবো যে আপনি কিভাবে ব্যর্থ হয়েছেন। এমন কোন বছর নেই যে বছর রেজাল্ট নিয়ে অনিয়ম, ভুলভ্রান্তি ইত্যাদি ধরা না পড়ছে। যে ছেলেটা মাধ্যমিকে স্টার পেয়েছে, যে ছেলেটা টেষ্টে ফার্স্ট হয়েছে, যে ছেলেটা জয়েন্টে চান্স পেয়েছে সেই ছেলেটার ক্ষেত্রেও দেখা যাচ্ছে ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্সের ক্ষেত্রে ১০-এর বেশি নাম্বার পায়নি। এটা কোনমতেই সম্ভব নয়। খাতা চ্যালেঞ্জ করলে ধরা পড়ছে এবং হাইকোর্টে তার নজির আমরা দেখেছি। খাতা হারিয়ে গিয়েছে, অনিয়ম হয়েছে ইত্যাদি নানান দৃষ্টান্ত আমরা হাইকোর্টের মাধ্যমে জানতে পেরেছি। মাননীয় মন্ত্রীমহাশয়কে বলতে চাই সকলে কিন্তু মহামান্য হাইকোর্টের কাছে পৌছাতে পারে না। অনেকেই শুধু রিভিউ করিয়েই হাল ছেড়ে দেয়। এখন এই রিভিউ করা মানে খাতা পুনরায় দেখা নয়, সেখানে নাম্বারটা খালি চেকিং করা হয়। আমরা জানি গ্রামে অনেক গরিব ভালো ছাত্র আছে যারা বিনা প্রাইভেট টিউশান সত্ত্বেও ভালো রেজাল্ট করছে। কিন্তু মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিকে পরীক্ষা ভালো দেওয়ার পরও শিক্ষকমহাশয়দের গাফিলতির জন্য তাদের রেজাল্ট আশাতীত হচ্ছে না। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমি জানতে চাই যে, এর দায়িত্ব কে নেবে? এরজন্য সরকার কি ব্যবস্থা করেছেন? কারণ প্রতিটি ছাত্রের পক্ষে পয়সা খরচ করে হাইকোর্টে গিয়ে কেস করা সম্ভভ নয়। এরজন্য রাজ্যসরকার কোন সেল করেছেন কিনা, তাদের জাসটিস দেওয়ার কোন ব্যবস্থা করেছেন কিনা আশা করি সেটা এই হাউসে পরিষ্কারভাবে বলবেন। কারণ এই ব্যাপারটি নিয়ে ছাত্রসমাজের মধ্যে একটা দারুণ সংকট তৈরি হয়েছে। আরও একটি বিষয় জানতে চাই, রাজ্যসরকার কি আন-অফিসিয়ালি বিশেষ করে শিক্ষাকর্মীদের ক্ষেত্রে বলে দিয়েছেন যে, এমবারগো চলছে কাজেই করণিক, পিওন ইত্যাদি নিয়োগ করা চলবে না? কারণ অনেক স্কুলে আমরা দেখছি করণিক, পিওন ইত্যাদির ঘাটতি রয়েছে। আমার কনসটিটিউয়েন্সিতে একটি স্কুলে হেড মাস্টার মহাশয়কে দেখছি করণিকের কাজ করতে হচ্ছে, সেখানে অ্যাপয়েন্টমেন্ট দিতে পারছেন না। আমি জানি আজকে থেকে তিন বছর আগে একটি স্কুলে করণিক ও সিডিউল কাস্টদের জন্য সংরক্ষিত পিওনের পোস্টটি খালি হয়, সেখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে পারমিশান পাওয়ার পর ঠিকমতন ইন্টারভিউ নেওয়ার পর প্যানেল তৈরি করে

ডি.আই. অফিসে পৌঁছে দেওয়া হয়। কিন্তু তিন বছর হয়ে গেলেও সেই স্কুলে করণিক বা পিওন নিয়োগ করা হচ্ছে না। ডি.আই.-এর কাছে জানতে গেলে উনি বলেন এমবারগো আছে আমি কিছু করতে পারবো না। এমবারগো আছে বলে করছেন না কিন্তু আস্তে আস্তে তো তাহলে পোস্টটা ল্যাপ্‌স করে যাবে। তাহলে শিক্ষা দপ্তরের কাছে, রাজ্যসরকারের কাছে রিভ্যালিডেশানের জন্য পাঠানো হোক। বলা হচ্ছে, পাঠানো হয়েছিল কিন্তু সরকার রিফিউস করে বলেছেন, এখন এমবারগো চলছে কিছু করা যাবে না। এইভাবে পোস্টটা যদি ক্যানসেল হয়ে যায় তাহলে তো বিরাট ক্ষতি হয়ে যাবে। আপনাদের সংকট চলছে নিয়োগ করতে পারছেন না কিন্তু তাই বলে পোস্টটা বাতিল করে দেবেন?

কিন্তু রিভ্যালিডেশানের ক্ষেত্রে আপনাদের কি অসুবিধা আছে সেটা পরিষ্কার করে বলবেন। নাম জানতে চাইলে বলে দেব, বীরভূম জেলার ডুনিগ্রাম হাই-স্কুল, একটা বন্যা কবলিত এলাকার হাই স্কুল, তফশিলি জাতি উপজাতি অধ্যুষিত এলাকার হাইস্কুল, সেখানে করণিক নেই পিয়ন নেই। ৩ বছর এমপ্লয়েমেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে প্যানেল করে পাঠানো হয়। কিন্তু তাকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয় নি। এর পরেও কি বলবেন শিক্ষার উন্নতি করেছেন? কি করবেন? যদি স্কুল না থাকে, যদি স্কুলে বেঞ্চ না থাকে, যদি স্কুলে টেবিল না থাকে, যদি স্কুলে ঘর না থাকে, যদি স্কুলে শিক্ষক না থাকে প্রয়োজন মতো তাহলে কি শুধু প্রচার করে শিক্ষার মান উন্নতি করবেন? আপনাকে পরিসংখ্যান দিলে প্রমাণ হয়ে যাবে সারা বাংলায় শিক্ষা ব্যবস্থা দিনের পর দিন কি ভাবে পঙ্গু হয়ে যাচ্ছে। কারণটা কি? কারণ আর বলবেন না, এটা শুনতে চাই না। ২৬ বছর ধরে একই কথা শুনিয়ে আসছেন, পরিসংখ্যান দিয়ে বোঝাতে চাইছেন যে সারা বাংলায় শিক্ষা ব্যবস্থা ভালো, এই রকম ভালো গুজরাটের নয়, কর্ণাটকের নয়, তামিলনাড়ুতে নয়, অন্ধ্রপ্রদেশে নয়। কিন্তু বাস্তব অবস্থা তা নয়। আপনারা সমস্যাটা কি দয়া করে বলবেন? রাজ্যের শিক্ষা নীতি কি সেটাই সরকার পরিষ্কার করে বলতে পারছে না। হাইকোর্ট অনেক ক্ষেত্রে সরকারকে জবাবদিহি করেছেন, বলেছেন যে বলুন সরকারের শিক্ষা নীতি কি? সর্বস্তরে শিক্ষা পৌঁছে দিতে আপনারা কি ব্যবস্থা নিয়েছেন? কাগজে তো ফলাও করে নানা রকম কথা লিখছেন এটা করেছি সেটা করেছি, বেতন ফ্রি করে দিয়েছে, বহু ব্যবস্থাপনা আছে। সারা ভারতবর্ষের মানুষ জানতে পারছে পশ্চিমবাংলায় একটা সুন্দর সরকার চলছে, সেই সরকার কি সুন্দর শিক্ষা নীতি গ্রহণ করেছে। কিন্তু বাস্তবে যতটা আপনারা প্রচার করেছেন ততটা নয়। স্বীকার করি, কংগ্রেস আমলে ঠিক সময়ে শিক্ষকদের বেতন দেওয়া হতো না, স্বীকার করি কংগ্রেস আমলে শিক্ষকদের অবস্থা ভালো ছিল না। আপনারা তার পরিবর্তন করেছেন, ধন্যবাদ। এই পরিবর্তন আনতে গিয়ে যদি রাজ্যে অর্থসংকট হয় তাহলে এই পরিবর্তন এই ভাবে আনা উচিত হয় নি। কে বলেছিল কেন্দ্রীয় সরকারের সুপারিশ অনুযায়ী আপনাদের রাজ্যে বেতন বাড়াতে হবে? কে আপনাদের দিব্যি দিয়েছিল? আজকে আর্থিক সংকট আর্থিক সংকট বলে সমস্ত ডিপার্টমেন্ট মার খাচ্ছে। আপনার যে ব্যয় বরাদ্দ তার মধ্যে বেতন দিতে কত টাকা লাগবে, পেনশন দিতে কত টাকা লাগবে? তারপরে ফর দি ডেভলপমেন্ট অফ স্কুল এডুকেশান কত টাকা থাকবে আপনি যদি বলতে পারেন বলবেন। শিক্ষা দপ্তরের ব্যর্থতার কথা আমি শুধু বলছি না,

আমাদের পাশে বসে আছেন, আপনাদের সরকার পক্ষের সদস্য শ্রী পদ্মনিধি ধর মহাশয়, উনি শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান, স্ট্যানডিং কমিটি ... ইং ..

তিনি এখানে বসে আছেন উনি একটা রিপোর্ট দিয়েছেন সেই বইটা আপনার কাছে আছে, আপনি হয়ত অনেকবার পড়েছেন। উনি রেকমেন্ড করেছেন রাজ্যসরকারকে। উনি একটা জায়গায় বলেছেন "It is found that during the last few years the concerned department had not furnished the Action Taken Report on the recommendation as reflrected in the Report of the Committee.

তিনি পরিষ্কার ভাষায় বছেন, উনি যে সমস্ত প্রস্তাবগুলি দিয়েছেন রাজ্য সরকার তার কোনো অ্যাকশন নেন নি, কোনো কিছু গ্রহণ করেন নি। ওনার যে রিপোর্ট তাতে আছে আজকে কলকাতার বেসরকারি এবং আধা সরকার স্কুলগুলো ছাত্র-ছাত্রীর কাছ থেকে প্রচুর টাকা নিয়ে ভর্তি করছে, রোজগারের পথ খুঁজে নিচ্ছে। আপনারা তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করেন নি। কম্পিউটারের নামে শিক্ষাক্ষেত্রে একটা ব্যবস্থা চালাচ্ছে। সেই ব্যাপারে রাজ্য সরকারের কোনো কন্ট্রোল নেই। আমি আপনাকে পরিষ্কার করে দেখিয়ে দিতে পারি, কাগজে একটা কলেজের কথা বার হয়েছে। তারপর কলকাতায় একটা স্কুল,.বি.ডি.মেমোরিয়াল, সেখানে বিনা রিসিটে টাকা নিচ্ছে। এই ব্যাপারে আপনাদের কোনো বক্তব্য নেই।

আমার বক্তব্য শেষ করার আগে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটি বিষয় সম্বন্ধে জানতে চাই, যে সমস্ত কলেজকে প্রাইমারী বেসিক ট্রেনিং এর জন্য অ্যাফিলিয়েশন দিয়েছেন, তারা ৪০ হাজার টাকা নিয়ে ছাত্রদের শিক্ষা দিতে চাইছে। আপনারা কত টাকা নিয়ে এই অ্যাফিলিয়েশনগুলো দিয়েছেন? আজকে যে ভাবে চাকুরী হচ্ছে, তাতে একথা কি বলা হয়েছে যে, যারা টীচার্স ট্রেনিং নেবেন তাদের মাধ্যমে, সেই সমস্ত লোকদের চাকুরী হবে? এই কথা বলে যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনা কাটমোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[2.20–2.30 p.m]

শ্রীমতী কণিকা গাঙ্গুলী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় মন্ত্রী মহাশয়রা বিষয়গত ১৩, ১৪, ১৫ এবং ৫১ নম্বর দাবীর ভিত্তিতে যে দাবী পেশ করেছেন, আমি তাকে সমর্থন করে এবং স্বাভাবিক ভাবে বিরোধীদের আনা কাটমোশানকে বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্যার, আমি একটি বিষয়ে আপনার কাছে বলতে চাই, কোন কিছু বলতে গেলে তার একটা নৈতিক অধিকার প্রত্যেক মানুষের থাকা দরকার। আমার পূর্ববর্তী বক্তা তিনি স্বীকার করলেন, বামফ্রন্ট কি ভাল কাজ করেছে। মাস্টার মহাশয়রা যখন খেতে না পেয়ে ঘুরে বেড়াত তখন 'ফিল্ম' এর পরিচালকরা মানুষের মধ্যে ঐ ছবি প্রচার করতেন। এখন তাঁরা সেই গল্প একটু পাল্টে দিয়েছেন। মাস্টার মহাশয়রা মাথা উঁচু করে চলতে শিখেছেন। উনি স্বীকার করলেন না, ওই সময়ে ওরা কি কি করেছেন? যদি স্বীকার করতেন, তাহলে এই উচ্চগ্রামে নিজের সময়ের বাইরে গিয়ে আমাদের কানের অবস্থা খারাপ করার জন্য এত ভাষণ দিতেন না। তাঁর যদি নৈতিক অধিকার থাকতো তাহলে

১৯৭২ সালের আগে থেকে ১৯৭৭ সাল পর্যন্ত শিক্ষাক্ষেত্রকে যে জায়গায় ঘুরিয়ে নিয়ে গিয়েছিলেন, সেদিন এখানকার অনেক বিধায়ক পরীক্ষাকেন্দ্রে টেবিল থেকে কাগজ ছোঁড়াছুঁড়ি করতেন, টেবিলে যাদের খোলা বই ছিল, তাদের এই নৈতিক অধিকার নেই বলার। যারা পরীক্ষার একটা সিস্টেমকে পুরোপুরি টোকাটুকির পরিবেশ করে দিয়েছিলেন, আমাদের ভাল ভাল ছেলেরা সেই অবস্থার শিকার হয়েছিল। তাদের অধিকার ওরা কেড়ে নিয়েছিলেন। আজকে তাঁদের এই অধিকার নেই। আমার এলাকার মাস্টার মহাশয়, রবি ব্যানার্জী। তিনি বামপন্থী রাজনীতি করতেন। তিনি ভাল পড়াতেন বলে সেদিন কংগ্রেসী গুন্ডারা, নকশাল গুন্ডারা তাঁকে খুন করেছিল। আমাদের মাস্টার মহাশয়, সত্যেন চক্রবর্তী, তিনি পলিটেকনিক কলেজের প্রফেসর ছিলেন। তিনি যখন কলেজে পড়াচ্ছেন তখন, ১৯৮১ সালের ১২ই নভেম্বর কলেজের মধ্যে তাঁকে খুন করেছিল যারা, আজকে এখানে বলছেন, 'কি করিতে হইবে'। এই কথা বলার নৈতিক অধিকার তাঁর নেই। আমাদের বামফ্রন্ট সরকার যেটা করেছেন, সকলের জন্য শিক্ষা ত্বরান্বিত করতে যেটা করেছেন, তাকে স্বীকৃতি দিয়েছেন। তারজন্য এই যে ব্যয়-বরাদ্দ আনা হয়েছে, একে আমি সমর্থন জানাচ্ছি। আমি আমার বক্তব্য ৫১ নম্বর দাবীর ওপরে নির্দিষ্ট রাখতে চাই। কারিগরি শিক্ষার প্রশ্নে প্রযুক্তিগত শিক্ষা আজকে শুধু পশ্চিমবঙ্গেই নয়, সারা পৃথিবীর মানুষের এর প্রতি আগ্রহ সৃষ্টি হয়েছে। এই প্রবণতার মধ্যে আমরা যদি এই বিশ্বায়নের যুগে, এই গতিময় যুগে তাল মিলিয়ে চলতে না পারি, তাহলে আমরা ছিটকে পড়বো।

এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি ৫১ নং দাবির উপরে জোর দিয়ে বলতে চাই যে, একটা ছোট্ট রিপোর্টের উপরে দৃষ্টি আকর্ষণ করাতে চাই। ইউনেস্কোর হিউম্যান ডেভোলাপমেন্ট রিপোর্ট ২০০২ সালের, এতে বলা আছে পৃথিবীর মধ্য আয়ের যারা সেই দেশগুলোর প্রতি ১০ লক্ষ মানুষ পিছু বিজ্ঞান, প্রযুক্তি, ইঞ্জিনিয়ারের সংখ্যা হল ৮১৮ জন, উচ্চ আয়ের অনুপাতের দেশগুলোর মধ্যে এই হার ৩৩৬৯। তার নীচে হচ্ছে ভারতবর্ষ, এটা বলতে আমাদের লজ্জা হয়। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার তো ২৬ বছর শাসন করছে, কিন্তু ভারতবর্ষে অশ্বমেধের যজ্ঞের ঘোড়া ছুটিয়েছেন ৩০ থেকে ৫০ বছরেরও বেশী-স্বাধীনতার পর থেকে কংগ্রেস এবং তারপরে বি জে পি শাসনের মধ্যে দিয়ে এই যজ্ঞের ঘোড়া ছুটছে। সেখানে এই জায়গায় দাঁড়িয়ে তাদের হার হল মাত্র ১৫৮ জন। তারপরেও অসিত বাবু কথা বলতে সাহস করেন কি করে? তবে এর মধ্যেও পশ্চিমবঙ্গে আশার আলো যে, এই কারিগরী শিক্ষা বিদ্যালয় শিক্ষা দপ্তর, কুটির শিল্প দপ্তর এবং উচ্চ শিক্ষা দপ্তর প্রতিটি দপ্তর থেকেই কারিগরী শিক্ষার মাধ্যমে মানুষকে কর্মসংস্থানের চেষ্টা করার যে পরিকল্পনা নিয়েছে এটি গর্বের বিষয়। ওঁদের মাথায় এসব আসে না, এসব করলে তো জামা ছেঁড়াছেড়ি বা চেয়ার ছোঁড়াছুঁড়ি করা যাবে না। আজকে মানুষের উন্নতির জন্য প্রযুক্তিগত বিদ্যা শিক্ষা দেওয়া হচ্ছে। এরই পাশাপাশি বলছি যে, বামফ্রন্ট সরকারের প্রচেষ্টার ফলে মহিলাদের মধ্যে কারিগরি শিক্ষার প্রসার ঘটেছে, এরজন্য সাধুবাদ জানাচ্ছি। আজকে মহিলাদের আই টি আই কলেজ, পলিটেকনিক কলেজের মাধ্যমে ১০ শতাংশ বরাদ্দ বৃদ্ধি করা গেছে এবং পাশাপাশি ৪টি আই টি আই কলেজ এবং ৪টি পলিটেকনিক কলেজও খোলা হয়েছে। এ এক অভাবনীয় ব্যাপার। মহিলা কলেজ এবং তাদের মধ্যে কারিগরি ভাবনা ছড়িয়ে দিতে পারা একমাত্র সরকারের মাধ্যমেই সম্ভব

হয়েছে। এরজন্য বামফ্রন্ট সরকারকে অশেষ ধন্যবাদ জানাচ্ছি। এরসঙ্গে আমি দুটি প্রস্তাব জানাচ্ছি। আজকে বিভিন্ন কমিউনিটির মহিলারা কারিগরি শিক্ষার ক্ষেত্রে এগিয়ে আসছে। আমরা দেখছি সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব এবং প্রতিবন্ধীরা এগিয়ে আসছে। অনেক মুসলীম মহিলারা, যারা কিনা এক সময়ে পর্দানসীন ছিলেন এবং বহু বাধা বিপত্তি সত্ত্বেও তারাও আজকে এই শিক্ষা নিতে এগিয়ে আসছে। ওদের কথা সরকারকে আরো বেশী করে চিন্তা করতে হবে। আমার এলাকায় ভোকেশনাল কলেজ আছে। আমার এলাকাতে ভোকেশনাল ট্রেনিং নিতে অনেকেই আসছেন এবং সেক্ষেত্রে স্কুলেতেও এর একটা আলাদা ব্যবস্থা করা যায় কিনা দেখতে অনুরোধ করছি। পাশাপাশি এই বিশাল পরিকাঠামোতে আই টি আই কলেজ, পলিটেকনিক কলেজ আরো বেশী করে গড়ার ক্ষেত্রে আমাদের সীমাবদ্ধতা আর্থিক দিক থেকে থাকা সত্ত্বেও, কিছুটা অসীম হতে পারি কিনা দেখতে হবে। এইসব কলেজের ব্যাপ্তি ঘটানো দরকার। পাশাপাশি আরেকটা বিষয় হচ্ছে কটা কলেজ একাধারে দিবা, নিশা এবং সকাল এই নিরিখে খুলে আরো বেশী করে ব্যাপ্তি ঘটানোর ব্যাপারে মাননীয় মন্ত্রীকে লক্ষ রাখতে অনুরোধ করছি। এইকথা বলে এই বরাদ্দকে সমর্থন করে কংগ্রেসীবন্ধুরা যাঁরা শিক্ষার ব্যাপারে চেঁচিয়ে গেলেন তাদের সমস্ত কথা নস্যাৎ করে দিয়ে এই বাজেট বরাদ্দকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2.30–2.40 p.m]

শ্রী গোবিন্দ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ১৩, ১৪, ১৫ ও ৫১ নম্বর ব্যয়-বরাদ্দের যে প্রচেষ্টা পেশ হয়েছে তাঁকে সমর্থন করে আমার বক্তব্য রাখতে চাই। আসলে এখানে এই ব্যয়-বরাদ্দের ব্যাপারে আলোচনায় আমাদের বিরোধী দলের মাননীয় সদস্য যা বলেছেন তাঁর উত্তর দেওয়ার মতন তিনি কিছু বলতে পারেন নি। আমার আগে যিনি বললেন তাতেই তিনি ভূপাতিত আর আমাদের যারা মাননীয় মন্ত্রী মহাশয়রা আছেন তাঁরা এত তথ্যসমৃদ্ধ-জ্ঞানীগুণী মানুষ, আমাদের রাজ্যের শিক্ষা প্রসারে ভারতবর্ষের প্রেক্ষাপটে পশ্চিমবঙ্গের শিক্ষার অগ্রগতির তথ্য আজকে এই সভাতে প্রথম হাফে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী কান্তিবাবু বলছিলেন। সুতরাং এই তথ্য পরিসংখ্যানে আমি যাব না। বিরোধীদের সত্যিকথা বলতে, বলবার মত কিছু তাদের নেই। শিক্ষা নিয়ে তাদের কোন অভিযোগও বলবার মত নৈতিক অধিকার নেই। গঠনমূলক যে প্রস্তাব যদিও তারা দিতে পারেননি, সেই কারণে আমাদের মাঝে মাঝে এই গঠনমূলক প্রস্তাব সরকারের কাছে রাখতে হয়। আমি দুটি কথা আপনাদের কাছে বলে নিতে চাই। মাননীয় শিক্ষামন্ত্রী, উচ্চশিক্ষামন্ত্রী তাঁর বাজেট বিবৃতিতে বিস্তারিতভাবে বলেছেন। বিশ্বায়ন এবং গৈরিকীকরণের কাজে ভয়ঙ্কর সংকটের কথা। শিক্ষা নিয়ে যেখানে আলোচনা হবে বিশেষ করে এই পবিত্র বিধানসভায় দাঁড়িয়ে আমাদের এই সংকটের কথা মাথায় নিয়ে এগুতে হবে। আজকে আমাদের যুক্তরাষ্ট্রীয় গণতান্ত্রিক ক্ষমতায় যারা বসে আছেন তাঁরা শিক্ষাকে বিকৃত করতে চায়, ইতিহাসকে বিকৃত করতে চায়। শুধু তাই নয়, এক নূতন মতবাদ শিক্ষার মাধ্যমে ছাত্রছাত্রীদের মধ্যে দিয়ে গোটা ভারতবর্ষের শিক্ষার যে অগ্রগতি তাকে পশ্চাদ্‌গামীর দিকে নিয়ে যেতে চায়। সুতরাং সেই জায়গায় আমাদের পশ্চিমবঙ্গের শিক্ষা দপ্তর বিশেষ করে উচ্চশিক্ষা এবং বিদ্যালয় শিক্ষার মাননীয় মন্ত্রী মহাশয়রা যথাযোগ্য পদক্ষেপ নিয়ে চলেছেন। যদিও আমাদের রাজ্যের যে বিরোধী দল যারা আছেন, তারা মৌলিক সংকটের কথা বুঝতেও চান

না। তারা এই ব্যাপারে নির্বিকার থাকতে ভালবাসেন। আমি এর মধ্যে একটি কথা উচ্চশিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন হিসাবে রাখতে চাই, তিনি তাঁর বাজেট বিবৃতিতে বলেছেন-আমাদের রাজ্যে উচ্চশিক্ষার বিশেষ করে আমাদের যে ইঞ্জিনীয়ারিং, টেকনিক্যাল ইন্সটিটিউটগুলির ব্যাপারে অনেকগুলি বেসরকারী কলেজ অনুমোদিত হয়েছে এবং অনেকগুলি ইতিমধ্যে নো অবজেকশান পেয়েছে। এইগুলির দু-একটির সঙ্গে যোগাযোগ করে আমি বুঝেছি, একটা মোটা অঙ্কের টাকা শিক্ষার্থীদের কাছ থেকে নেওয়া হয়, তার হিসাব সরকারকে দেওয়া হয় না। আমি জানি না, তারা নিজেদের বিলাসব্যসনের জন্য সাধারণ ছাত্রদের উপর একটা বড় আর্থিক বোঝা চাপিয়ে দেয়। সুতরাং সরকারের দিক থেকে নো অবজেকশান-এর ক্ষেত্রে কি কি বিধিনিষেধ আছে, সেটাকে আরো কঠোরভাবে ছাত্রদের শিক্ষার প্রতি দৃষ্টি রেখে কিছু করা যায় কিনা, সেটা মাননীয় মন্ত্রী মহাশয়কে ভাবতে অনুরোধ জানাবো। আমাদের সাধারণ শিক্ষার ক্ষেত্রে মাননীয় মন্ত্রী কান্তি বিশ্বাস এবং ইভা দে তারা তাদের বাজেট বিবৃতিতে বিস্তারিতভাবে বলেছেন, সেখানে আমাদের রাজ্যের শিক্ষার ক্ষেত্রে যে ব্যাপক প্রসার ঘটেছে, এটা শুধু বিধানসভার নয়, বাইরে বিরোধীদের বলবার জায়গা নেই। যেখানে আগে শিক্ষার কোন স্থান ছিল না, মাইলের পর মাইল গিয়ে শিক্ষার জন্য শিক্ষালয়ে পৌছাতে হোত, সেখানে বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান-এর সংখ্যা অনেক বেড়ে গিয়েছে। সেইজন্য বাইরেও তারা বলবার জায়গা পাচ্ছেন না। কিন্তু এর যে মান, গোটা রাজ্যে বিশেষ করে প্রাথমিকে, জেলার প্রাথমিক কাউন্সিল দ্বারা পরিচালিত হয়, সেই প্রাথমিক বিদ্যালয়ের পরিকাঠামোয় সেখানে আমরা লক্ষ্য করেছি যেখানে শহরে হয়ত একটি বিদ্যালয়ে ৭জন মাস্টার মশাই বা দিদিমণি আছেন সেই স্কুলে বড় জোর ১৫ জন ছাত্র-ছাত্রী আছে। কিন্তু পাশেই একটা নার্শারি স্কুল যেটা ক্লাশ ফোর অবধি আছে, সেখানে ছাত্র-ছাত্রীদের ভিড় বেশী, সেখানে যেতে তারা বেশী আগ্রহী। বেসরকারী স্কুলে ১০০ টাকা বেশী মাইনে দিয়েও অভিভাবকরা রাজি, অথচ বিনা পয়সায় প্রাথমিক বিদ্যালয়ে যেতে ছাত্র-ছাত্রীরা অনাগ্রহী কেন এই ব্যাপারে আমাদের নজর দিতে হবে। এই ব্যাপারে পরিকাঠামোগত ত্রুটি আছে কিনা দেখতে হবে। এই ব্যাপারে আমরা অভিভাবকদের এবং শিক্ষার্থীদের আকর্ষণ করাতে পারছি না কেন সেই ব্যাপারে আমাদের আত্মসমীক্ষা করে উত্তরণের পন্থা বার করা উচিত। সারা রাজ্যে প্রাথমিক শিক্ষক শিক্ষণ কেন্দ্র চালু করা হয়েছে সরকারী এবং বে-সরকারী উদ্যোগে। প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে শিক্ষক শিক্ষণ থাকাটা জরুরী। এইভাবে প্রাথমিক শিক্ষক নিয়োগের ব্যবস্থা অভিনন্দন যোগ্য এবং এই পদক্ষেপকে ইতিমধ্যে বাস্তবায়িত করা হয়েছে। শিক্ষক শিক্ষণের যে ঘাটতি আমাদের আছে সেটা পূরণ করার চেষ্টা আমাদের করতে হবে। বে-সরকারী শিক্ষক শিক্ষণ বিদ্যালয়গুলিতে যে টাকা তারা নেবেন সেই টাকা কর্তৃপক্ষ নিজেদের বিলাসব্যসনে যাতে ব্যয় না করে, পরিকাঠামো গড়ে তোলে সেইদিকে আমাদের নজর দিতে হবে। এরপরে আমি মাদ্রাসা সম্বন্ধে বলব। আপনি বলেছেন এ.আর,কিদোয়াই কমিটির সুপারিশ দ্রুত কার্যকর করবার জন্য পদক্ষেপ গৃহীত হবে। গ্রামবাংলার দু-একটা মাদ্রাসার বাস্তব চিত্র আমি দেখেছি। মাদ্রাসা শিক্ষায় আধুনিক শিক্ষা পাঠ্যক্রম এবং অন্যান্য পরিকাঠামো গড়ে তোলার জন্য যে পদক্ষেপ নেওয়া হয়েছে পশ্চিমবাংলার সর্বত্র তা অভিনন্দনযোগ্য। জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি গাদল উচ্চ মাদ্রাসায় ছাত্র সংখ্যা কম, তার পরিকাঠামো খুবই দুর্বল। অথচ ১৩জন শিক্ষক এবং শিক্ষাকর্মী সেখানে কাজ করছে। এই ব্যাপারে স্থানীয়ভাবে সমস্যা সমাধানের উদ্যোগ নেওয়া হয়েছে।

মাদ্রাসাগুলিকে আরও কিভাবে উন্নত করা যায় তার জন্য নির্দিষ্ট পদক্ষেপ নিয়ে এগোনো উচিত বলে আমি মনে করি। শিক্ষক নিয়োগের ব্যাপারে স্কুল সার্ভিস কমিশনের একটা আঞ্চলিক জোন গঠনের জন্য আমরা বিধানসভায় বলেছিলাম। মাননীয় মন্ত্রীমহাশয় তার বক্তৃতায় উল্লেখ করেছেন শিলিগুড়িতে একটি আঞ্চলিক মুখ্যালয় গঠন করে একটা জোন চালু হবে। এটা চালু হওয়া খুবই জরুরী। কংগ্রেস আমলে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে দুর্নীতির কথা আমরা জানতাম। স্কুলের পরিচালন কমিটির সংকীর্ণ স্বার্থসিদ্ধি করার প্রচেষ্টা সেখানে হত। কিন্তু স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নিয়োগের ব্যবস্থা করে গোটা রাজ্য থেকে দুর্নীতি দূর করা সম্ভব হয়েছে। সেই রকম জেলায় জেলায় প্যানেল তৈরী করার ব্যবস্থা হলে এটা আরও ফলপ্রসূ হবে বলে আমি মনে করি। এডুকেশান স্ট্যান্ডিং কমিটির আমি একজন সদস্য এবং পদ্মনিধি বাবু তার চেয়ারম্যান। আমরা কমিটিতেও এই ব্যাপারটি নিয়ে আলোচনা করেছি, মাস এডুকেশন ডিপার্টমেন্টের পক্ষ থেকে যে হোমগুলো চালানো হয়, অফিসাররা বলছে, যে টাকা বরাদ্দ করা হয়েছে তাতে হোমগুলো তিনমাসও চলবে না, যদি টাকা বরাদ্দ করা না হয়। উচ্চ শিক্ষা থেকে মাস এডুকেশন ডিপার্টমেন্ট পর্যন্ত সর্বত্র বরাদ্দকৃত অর্থ বাড়াবার জন্য এই হাউসের পক্ষ থেকে আমরা অনুরোধ করছি আলোচেনার মধ্যে দিয়ে।

[2.40–2.50 p.m.]

সর্বোপরি গোটা রাজ্য জুড়ে শিক্ষার যে নতুন উদ্যোগ তৈরী হয়েছে, একে এগিয়ে নিয়ে যাওয়া, অব্যাহত রাখার জন্য আমাদের সরকার এবং আমরা সচেষ্ট। অর্থ বরাদ্দের অভাবে যাতে থমকে না যায়, তার জন্য আবেদন জানাচ্ছি। অর্থ দপ্তরের কাছে আবেদন জানাব নুন ভাত নাহলে যেমন আমরা বাঁচব না, তেমনি শিক্ষার মত অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর যেন কোন ভাবেই অর্থাভাবে সংকটের মধ্যে না পড়ে সেটা সুনিশ্চিত করবেন। মাননীয় মন্ত্রী মহোদয়কেও এই ব্যাপারে আরও একটু উদ্যোগী হওয়ার জন্য আবেদন করব। আর, বিরোধীদের তো শিক্ষা বাজেট নিয়ে কিছু বলারই নেই, ইতিমধ্যেই তারা ধরাশায়ী, ভূপাতিত হয়ে গেছে। এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শিবদাস মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ১৩, ১৪, ১৫ এবং ৫১ নং দাবীর যে বাজেট ব্যয়বরাদ্দ পেশ করেছেন, তার বিরোধিতা করে এবং আমাদের কাটমোশানের পক্ষে আমি বক্তব্য রাখছি।

৫১ নং যে, কারিগরি মন্ত্রী দেখিয়েছেন যে, অনেক উন্নতি করেছেন, করবেন। নদীয়া জেলার কৃষ্ণনগরে বি. পি. সিং. ইনিস্টিটিউট অফ টেকনোলজি আছে, আর একটি আছে জুনিয়র টেকনিক্যাল স্কুল এবং জুনিয়র বি.পি.সি. । এই দুটোর সংযোগ ঘটিয়ে এখন হয়েছে বি.পি.সি., আই.টি.সি.। আমি ওঁনাকে দেড় বছর আগে একটা চিঠি দিয়েছিলাম যে, ওখানে অনেক চুরি হচ্ছে, বয়সে কারচুপি রয়েছে। উনি আমাকে সেই চিঠির উত্তর দেওয়া প্রয়োজন বোধ করেননি। আমি তাই ওঁনার কাছে শিক্ষা বাজেটে সুনির্দিষ্ট অভিযোগ দিয়ে দাবী করছি যে, তিনি ঐ দুর্নীতি, পঙ্কিলতাকে ভেঙে নতুন পরিকাঠামো তৈরী করে, আজকে যে বি. পি. সি., আই. টি. সি. হ'ল তাকে উন্নততর অবস্থায় নিয়ে যাবেন। ওখানে একজন ডি. গ্রুপ স্টাফ - বিমলেন্দু সাহা, ৩.১.১৯৪৯ তারিখের বার্থ

সার্টিফিকেট কালীনগর স্কুল থেকে জমা দিয়েছিল। কিছুদিন পরে, যখন তার রিটায়ারমেন্টের চিঠি আসবে, তখন শক্তি নগর হাইস্কুল থেকে ১২.২.১৯৫২ তারিখের বার্থ সার্টিফিকেট জমা দিয়েছে। এই ব্যাপারে নদীয়ার এস.পি., ডি. এস.পি. এনক্যয়ারি করেছে। এনক্যয়ারি রিপোর্ট সাবমিট হয়েছে। সেই রিপোর্টে তাকে না রাখার জন্য গভর্নিং বডিতে প্লেসড হয়েছে এবং এস.ডি.ও. সাউথ, চেয়ারম্যান হিসাবে এখানে ডাইরেকটরেটে পাঠিয়েছিলেন, সল্টলেকে। সমস্ত নথী দিয়ে আমি পাঠিয়েছিলাম। কিন্তু যেহেতু আপনাদের দলভুক্ত, আপনাদের কো-অর্ডিনেশন কমিটি করেন, ১২ জুলাই কমিটির মিছিল করেন, তাই তদন্ত করলেন না। এইরকম দুর্নীতিকে পুষে রেখে দিয়েছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে আরও বলতে বাধ্য হচ্ছি যে, কেমিস্ট্রি ল্যাবরেটরি থেকে প্রচুর মালপত্র চুরি যায়। সেই মালপত্র চুরি হওয়ার পর কৃষ্ণনগর কোতয়ালি থানায় এফ.আই.আর. করা হয়। তদন্ত হয়। মাননীয় এস. পি. মহাশয় এনক্যয়ারি করেন। সেই মালগুলো একটা জায়গায় পাওয়া যায়। তারপর কলেজের অধ্যক্ষ মানস মজুমদার রিসিভ করার জন্য বলেন প্রদ্যুৎ রায় - অঙ্ক, বিজ্ঞানের শিক্ষককে। তিনি বলেন - আমি গ্রহণ করব না এবং গ্রহণ করার প্রয়োজন বোধ করি না। কেমিস্ট্রি ল্যাবরেটরির দায়িত্বপ্রাপ্ত দীনেশ দে, তিনি বলছেনউনি যদি রিসিভ না করেন, তাহলে আমার পক্ষে নেওয়া সম্ভব নয়। কেমিস্ট্রি ল্যাবরেটরির জিনিসপত্র পড়ে পড়ে নষ্ট হচ্ছে। সেটা পুলিশকে দিয়ে এনক্যয়ারি করে আপনার কাছে পাঠিয়ে ছিলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে অকেগুলো সেগুন গাছ ছিল। রাতের অন্ধকারে সেই সেগুন গাছগুলো কেটে ফেলে দেওয়া হ'ল। সেই গাছগুলি কেটে নিয়ে বিক্রি করল নাইট গার্ড পাহারাদারের কাছে। সরকার বেতনভুক কর্মচারী, তিনি কিনে নিলেন। বিক্রি করলেন ওই স্কুলেরই শিক্ষক পড়াশোনা করান, তপন দত্ত, সুশীল বিশ্বাস, ভৈরব মণ্ডল, ৭.০২.২০০২ তারিখে। এগুলি তদন্ত করার জন্য এফ আই আর করা হল। গভর্নিং বডি থেকে এস ডি ও কেও জানানো হল ১৪.০৫.২০০২ তারিখে। কিন্তু কোন তদন্ত হল না। আমি এই সুনির্দিষ্ট অভিযোগ আনলাম। আশা করব, আপনি এই ব্যাপারে তদন্ত করে ওখানকার পরিকাঠামো উন্নত করবেন। দেড় বছর আগে লিখিত আকারে বিধানসভায় জানিয়েছিলাম। আবারও আজকে এখানে দাঁড়িয়ে বলছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কান্তি বাবুকে জিজ্ঞাসা করছি নদীয়া জেলার কৃষ্ণনগর কলিজিয়েট স্কুল এবং কৃষ্ণনগর গার্লস স্কুলে ১০ বছর হতে চলেছে সেখানে এখনও পর্যন্ত প্রধান শিক্ষক নিযুক্ত করতে পারলেন না। অ্যাডহক শিক্ষকদের দিয়ে প্রধান শিক্ষকের দায়িত্ব পরিচালনা করছেন। আপনি ২৭ তারিখ যাচ্ছেন, আপনাকে অনুরোধ করব এই ব্যাপারটা আপনি দেখবেন। আর একটা কথা বলছি সায়েন্স স্ট্রিমে ৪৫ জন ছাত্র ছাত্রী ভর্তি হয়। আর্টসে ২০ জনের বেশি ভর্তি করে না। এই বছর যারা ফার্স্ট ডিভিশনে যারা পাশ করেছে, সেখানে ১৮ জনকে ভর্তি করা হয়েছে। কারণ সেখানে শিক্ষক নেই। শিক্ষক-এর অভাবে বাংলা এবং ইংরাজী ক্লাস জয়েন্টলি আর্টস এবং সায়েন্স নিয়ে চলছে। এরফলে ছাত্র ভর্তির সংখ্যা কমিয়ে দিচ্ছে। প্রাথমিক শিক্ষার শিক্ষণকেন্দ্র হিসাবে নদীয়া জেলায় ৫টি কেন্দ্র আছে। কৃষ্ণনগরে দুটো, চাপড়া - বড়বাদুলিয়াতে একটা, মুড়াগাছা - নাকাশিপাড়াতে একটা, হরিণঘাটাতে একটা। এই পাঁচটি জায়গাতে আউট সাইডার হিসাবে যারা অ্যাপ্লাই করেন, অনেকে আছেন যারা ফার্স্ট ডিভিশনে পাশ করেছেন। কিন্তু এইবছর নাম্বার নেমেছে ৭৮ পারসেন্ট। তার নীচে যোগ্যতা অর্জন করলে তারা

শিক্ষণকেন্দ্রে স্থান পাচ্ছে না। সংবাদপত্রে মাঝখানে দেখলাম যে, বেসরকারী সংস্থার মাধ্যমে এই শিক্ষণকেন্দ্র চালাবেন। ৭৫ পারসেন্টের উপর কজন ছাত্রছাত্রী পেতে পারেন? আপনি এই নম্বর বি টি তে বাধ্যতামূলক করলেন। আপনি হয় শিক্ষণকেন্দ্রে আসনসংখ্যা বৃদ্ধি করুন। অথবা নাম্বার কমানোর ব্যবস্থা করুন। যাতে ফার্স্ট ডিভিশানে পাশ করা ছেলেমেয়েরা অন্তত চান্স পায়। এই ব্যাপারে আপনার হস্তক্ষেপ প্রার্থনা করছি। আর একটা কথা বলছি - নদীয়া জেলার প্রাইমারী স্কুলগুলিতে পাঠ্যপুস্তক ঠিকমত গিয়ে পৌছায় না।

[2.50–3.00 p.m.]

আরেকটা কথা আপনাকে বলতে চাই যে, নদীয়া জেলার প্রাইমারি স্কুলের পাঠ্য পুস্তক ঠিকমত গিয়ে পৌছয় নি। পাঠ্যপুস্তক যাতে ঠিকমত পায় তার জন্য আপনার কাছে আবেদন রাখছি। আরেকটা ব্যাপারে বলছি মিড ডে মিল নিয়ে। এই মিড ডে মিল নিয়ে সরকারের যদি সদিচ্ছা থাকত তাহলে যে চাল দেওয়া হচ্ছে তা সেই চাল খাবার মত নয়। এই চাল খেয়ে গ্রামের শিশুরা বিভিন্ন রকমের পেটের রোগে ভুগছে। তাই আপনার কাছে অনুরোধ রাখছি যে চাল মিড ডে মিল হিসাবে দেওয়া হয় তা যেন ভালো হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে শিক্ষকরা অবসর গ্রহণ করছে তারা ঠিকমত পেনশন পাচ্ছেন না। যাঁদের বিবাহযোগ্য কন্যা আছে যত তাড়াতাড়ি সম্ভব তাদের পেনশন দেওয়ার ব্যবস্থা করবেন। যারা অবসর গ্রহণ করেছেন তারা অবসরকালীন ভাতা সব কিছু যেন ঠিকমত পান। আমরা লক্ষ করছি যে, শিক্ষকরা গ্র্যাচুইটি পাচ্ছে না। গ্র্যাচুইটি দেওয়া বন্ধ আছে। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব যাদের বাড়িতে বিবাহযোগ্যা কন্যা আছে, বা যে শিক্ষকের পরিবারে কোন মানুষ দুরারোগ্য অসুখে ভুগছে তাদের গ্র্যাচুইটি ছেড়ে দেওয়ার জন্য। অনতিবিলম্বে আপনি এই গ্র্যাচুইটি ছেড়ে দিন আপনার কছে এই অনুরোধ রাখছি। নদীয়া জেলার কালেকটরিতে, ট্রেজারি অফিসে তাদের দিনের পর দিন ঘোরাচ্ছে। কোন সময়ে বলছেন সই ঠিক নয়। আসল কথা হচ্ছে এখন সরকারের আর্থিক অনটন চলছে। তাই শিক্ষকদের ন্যায্য প্রাপ্য অর্থ তারা পাচ্ছে না। যাদের বাড়ীতে বিবাহযোগ্যা কন্যা আছে তাদের সারটিফিকেট দিতে হচ্ছে তাদের বিবাহযোগ্যা কন্যা আছে বলে আমার কাছে আসেন সার্টিফিকেট নিতে। সারটিফিকেট করে দিলে, সল্টলেক পুর্তভবনে পাঠালে, সেখান থেকে অনুমতি দেবে যাতে গ্র্যাচুইটি পায়। আপনি এই বিষয়টা দেখুন। আরেকটা বিষয় প্রভিডেন্ট ফান্ড। বিশেষ করে নদীয়া জেলার কথাই আমি বলছি, এই প্রভিডেন্ট ফান্ডের কোন হিসাব এখন আর দেওয়া হয় না। তিন চার বছর আগে দেওয়া হত কিন্তু এখন আর দেওয়া হয় না। অবসর গ্রহণ করার পর বলা হয় আপনার এইটুকু হয়েছে আপনি এইটুকু নিয়ে নিন। ইতিপূর্বে কার কত প্রভিডেন্ট সাল ভিত্তিক জানতে পারছে না। প্রাথমিক শিক্ষক এর পদ অনেক শূন্য রয়েছে কিন্তু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে শিক্ষক নেওয়ার জন্য যে আদেশনামা আছে তার পরিপ্রেক্ষিতে সঠিকভাবেই নেওয়া হচ্ছে কিন্তু পরীক্ষা নেওয়ার ফলে যারা ৮০ সালে, ৮১ সালে, ৮২ সালে বেসিক পাশ করেছেন তাদের কিন্তু চাকরি হলো না কারণ তাদের বয়স বেড়ে গিয়েছে। সারা পশ্চিমবাংলায় এই বেসিক পাশ করা ছেলেরা আমরণ অনশন করল। তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের ৪ জন বি.টি. পাস, তাদের শিক্ষকতা করার যোগ্যতা থাকা সত্ত্বেও আপনাদের যে সিস্টেম আছে তার জন্য হতে পারছে না। তারা অনশন করছে, তাদের বয়স উত্তীর্ণ হয়ে যাচ্ছে,

তাদের শিক্ষাগত যোগ্যতা আছে, তারা চাকরী পাওয়ার অধিকারী, তাদের দিকে দৃষ্টি দিতে আমি অনুরোধ করছি। আরেকটা বিষয় আমি অনেকবার বলেছি সেটা হলো কৃষ্ণনগরে একটা হাইস্কুল আছে ক্লাস ৮ পর্যন্ত। তারকদাস বন্দ্যোপাধ্যায় এটা প্রতিষ্ঠা করেছিলেন, তিনিও অনেকবার বলেছেন এই হাউজে বলেছেন। তখন মন্ত্রী ছিলেন স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় এবং অমৃতেন্দু মুখোপাধ্যায়। পরবর্তীকালে আপনি যখন কৃষ্ণনগরে গিয়েছিলেন আমি এবং জেলার সভাধিপতি রাধানাথ বিশ্বাস এবং বিধায়ক সুশীল বিশ্বাসও আপনাকে বারবার অনুরোধ করেছেন। কিন্তু জানি না কি অজ্ঞাত কারণে সেই জুনিয়র স্কুলটি ১০ ক্লাস হচ্ছে না। আমি আপনার দৃষ্টি আকর্ষণ অনেকবার করেছি, এবারেও আপনি বলেছেন লিখে দিতে, আমি লিখে দেব। আমি আশা করবো যারা প্রয়াত হয়েছেন তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এই স্কুলটিকে অষ্টম শ্রেণি থেকে দশম শ্রেণিতে উত্তীর্ণ করবেন। আপনি দুটি কমপিউটার সেন্টার করেছেন। একটা হলো সি.এম.এস. স্কুল কৃষ্ণনগরে, আরেকটা হলো করিমপুরে হাইস্কুল নদীয়াতে। আরেকটা কথা শান্তিপুর মিউনিসিপ্যাল স্কুল এবং রানাঘাট পালচৌধুরী স্কুল যাতে সরকারী সাহায্য পায় সেটা আপনি দেখবেন। এবারে আমাদের জেলা থেকে নির্বাচিত মাননীয় মন্ত্রী শ্রী সত্যসাধন চক্রবর্তী আছেন, তাঁকে আমি ধন্যবাদ জানাই, তিনি অনেক ভালো কাজ করেছেন। কিন্তু একটা ব্যাপারে তাঁকে বলছি তিনি ভালো কাজ করেছেন কল্যাণী ইউনিভার্সিটির আন্ডারে নদীয়া এবং মুর্শিদাবাদকে নিয়ে এসেছেন। কৃষ্ণনগরে জিওগ্রাফির স্ট্রিম খোলা হয়েছে, সেখানে এম.এস.সিতে মাত্র ২৫ টা সিট আছে এবং তার মধ্যেই এস.সি.ক্যান্ডিডেট, এস.টি. ক্যান্ডিডেট এবং ইউনিভার্সিটির ফার্স্ট ক্লাস পাওয়া ছাত্ররাও আছে। যে যে কলেজে দিয়েছেন নদীয়া এবং মুর্শিদাবাদে তাতে ভালো ভালো ছাত্ররা ভর্তির সুযোগ পায় সেই দিকে নজর দেবেন। আপনাকে ধন্যবাদ জানাচ্ছি আপনি কৃষ্ণনগরে কমার্স কলেজ খুলেছেন, যেটা দ্বিজেন্দ্র লাল রায়ের নামে আছে। সেখানে এম.কম. খুলেছেন, এতে সেখানকার ছাত্ররা উপকৃত হবে। নবদ্বীপের বিদ্যাসাগর কলেজ, কৃষ্ণনগরের ও'মেনস কলেজ এবং নাকাসীপাড়ায় বেথুয়াডহরী কলেজ যাতে অনার্স স্ট্রিম পায় তার জন্য আপনি চেষ্টা করবেন। এখানে মাননীয় গ্রন্থাগার মন্ত্রী আছেন, আমি ওঁনাকে অনেকবার বলেছি যে আমাদের ওখানে দ্বিজেন্দ্র লাল রায়ের নামে একটি গ্রন্থাগার আছে এবং সেটি সরকার স্বীকৃত গ্রন্থাগার। এর সরকারী সাহায্যের ব্যাপারে আপনাকে অনেকবার বলেছি। বুদ্ধদেব বাবু যখন সংস্কৃতিমন্ত্রী ছিলেন তখন তিনি সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিলেন। আপনাকে আমি বলেছিলাম, আপনি বললেন আমি গিয়ে দেখবো। ৪ ঠা শ্রাবণ, ইংরাজীর ২১ শে জুলাই ওঁনার জন্ম দিন আছে। আমি বলতে চাই ওই গ্রন্থাগারে যারা কাজ করেন তাদের স্থায়ীকরণের জন্য এবং বই কেনার জন্য ওই গ্রন্থাগারটিকে সাহায্য করুন। আরেকটা কথা নবদ্বীপের টোলে যে পুরনো পুঁথিগুলি আছে সেগুলির সংরক্ষণের ব্যবস্থা করুন। আপনি বইমেলা নিয়ে রাজনীতি করেন, সেখানে কার্ডে আমাদের নাম থাকে না, আমাদের সাথে কোন আলোচনাও করেন না। কিন্তু মুখ্যমন্ত্রী বলেছেন বইমেলা নিয়ে কোন রাজনীতি না করতে। আমি এর বিরোধিতা করে এবং কাটমোশানগুলিকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[3.00–3.10 p.m.]

শ্রী তপন হোড় : মাননীয় ডেপুটি স্পীকার স্যর, মাননীয় মন্ত্রীদ্বয় ১৩, ১৪, ১৫ এবং ৫১

নম্বর ডিমান্ডের অধীনে এখানে যে ব্যয়-বরাদ্দ এনেছেন আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি।

আমরা সবাই জানি যে, একটা পুঁজিবাদী অর্থনৈতিক সমাজ ব্যবস্থার মধ্যে সাধারণ মানুষের অবস্থানটা কোথায় এবং এটাও আমরা জানি নতুন করে, ভালো করে বুঝতে পেরেছি সুদুর প্রত্যন্ত গ্রাম থেকে শহর সর্বত্র, সেটা হচ্ছে আমাদের দেশের কৃষি-নীতি কি হবে, আমাদের দেশের শিল্প নীতি কি হবে আমাদের দেশের ওষুধ শিল্পনীতি কি হবে এবং আমাদের দশের শিক্ষানীতি কি হবে তা আমাদের দেশ ঠিক করে না। এটা সম্পূর্ণভাবে ঠিক করে দেয় মার্কিন সাম্রাজ্যবাদ নিয়ন্ত্রিত যে সংস্থা, আই.এম.এফ, বিশ্ব-ব্যাংক, ডব্লু.টি.ও-এরা এই সমস্ত ঠিক করে দেয় যে কি নীতি গ্রহণ করবে আমাদের শিক্ষকরা, শিক্ষা ব্যবস্থার অগ্রগতির ক্ষেত্রে। এবং এটা জানবেন পুঁজিবাদী ব্যবস্থার শিক্ষাকে সম্পূর্ণ ভাবে পণ্য হিসাবে দেখা হয়। কাজেই শিক্ষা যেখানে পণ্য সেখানে সাধারণ মানুষের কি অবস্থা তা অনুমান করা যায়। এবং সেখানে দাঁড়িয়ে সর্বশিক্ষা অভিযান, মানুষের এতে আরো বেশি বেশি করে অগ্রগতি, এডুকেশন ফর অল - একথা কোথায় চলে যাচ্ছে এই অবস্থার মধ্যে আমাদের তা চিন্তা করতে হবে। আমরা ছোটো বেলা থেকে আন্দোলন করেছি যে, শিক্ষা ক্ষেত্রে টোটাল কেন্দ্রীয় বাজেটের ১০ শতাংশ ধার্য করা হোক। কিন্তু সেক্ষেত্রে ইতিবাচক পদক্ষেপ দেখা যাচ্ছে না। শিক্ষা যুগ্ম তালিকায় পড়ে। সংসদে দেখবেন টোটাল কেন্দ্রীয় বাজেটে ১.৮ ভাগ শিক্ষাক্ষেত্রে এলট করা হয়। ন্যাচারলি, আমাদের দেশে শিক্ষাকে প্রসার করার ক্ষেত্রে, সাধারণ কর্মী থেকে শুরু করে সর্বস্তরের কর্মী বৃদ্ধি করার ক্ষেত্রে টাকা দিয়ে আর যাইহোক অন্তত সর্বশিক্ষা নীতি, শিক্ষাকে তৃণমূলস্তরে পৌঁছে দেওয়ার চিন্তা স্বপ্ন বিলাস ছাড়া আর কিছু নয়। কেন্দ্রীয় সরকার শিক্ষার ক্ষেত্রে যে পরিকাঠামো, বৃত্তিমূলক শিক্ষা বা আধুনিক শিক্ষা কেন্দ্র যতগুলো করেছে তাদের পরিমার্জন বা পরিবর্তন করার ক্ষেত্রে ইতিবাচক ব্যবস্থা নেওয়া দরকার। কিন্তু কেন্দ্রীয় সরকারের নীতি এক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। কেন্দ্রীয় সরকার আজ পর্যন্ত জাতীয় শিক্ষা নীতি এই কারণে চালু করতে পারেনি। ইউ.জি.সি, এম.সি.ই.আর.টি এমন এমন সিলেবাস করছে, এমন ব্যবস্থাপনা নিচ্ছে যে শিক্ষাক্ষেত্রে তা আমাদের নতুন করে ভাবিয়ে তুলছে। সিলেবাসে ভুল তথ্য তুলছে। অথচ বিরোধীরা এখানে আবোল-তাবোল বলছেন। একটা কথা বলছি 'বিরোধীদের আগে শিক্ষা নিতে হবে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে'। সেই শিক্ষা আনবে চেতনা এবং সেই চেতনার মধ্যে দিয়ে বিপ্লব ঘটবে। ওঁরা মূর্খের স্বর্গে বাস করছেন। কালীঘাটের গঙ্গায় বিসর্জন গেছে বিরোধীদের ভাবমূর্তি। আমাদের মোট বাজেটে ২০/৩০ শতাংশ শিক্ষা খাতে বরাদ্দ ধরা হয়েছে। কিন্তু প্ল্যান বাজেটের অবস্থাটা শেষপর্যন্ত কোথায় গিয়ে দাঁড়াচ্ছে? এম.পি., এম. এল.এ কোটার টাকার মধ্যে দিয়ে এখানে শিক্ষা ক্ষেত্রে পরিমাঠামো উন্নয়ন ঘটাতে হবে। এজন্য অনেক টাকা দরকার। একজন মাননীয় বিরোধী সদস্য বললেন প্ল্যান বাজেট যদি না বাড়ানো যায় তাহলে উন্নয়ন কোথায় গিয়ে দাঁড়াবে, ইত্যাদি ইত্যাদি। অধিকাংশ বাজেটেই নন-প্ল্যান এবং আনুষঙ্গিক অন্যান্য খাতে, মাইনে দিতে চলে যাচ্ছে এবং ২.৭ শতাংশ টাকা প্ল্যান বাজেটে থেকে যাচ্ছে। এই টাকা দিয়ে আমরা যদি মনে করি সর্বশিক্ষা করব, শিক্ষা ব্যবস্থাকে তৃণমূলস্তরে নিয়ে যাব তাহলে আমাদের একটু, ধীরে ধীরে এগোতে হবে, অত তাড়াতাড়ি করলে সম্ভব হবে না। বিরোধীদের এটা বুঝতে হবে। এব্যাপারে রাজ্য সরকারের

দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা বলেছেন যে, 'আমরা প্রত্যন্ত গ্রামে যে সমস্ত জুনিয়র হাই স্কুল আছে সেগুলোকে হাই স্কুলে উন্নীত করেছি, হাই স্কুলগুলোকে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করেছি এবং আরও কিছু বিদ্যালয় করা হয়েছে'। সেই পরিকাঠামোর ক্ষেত্রে কিছু মৃদু আলোচনা আছে। সেই পরিকাঠামোর উন্নয়নের ক্ষেত্রে প্ল্যান বাজেটের টাকা যদি না দেওয়া হয় তাহলে এটা করতে বিলম্ব হবে। এক্ষেত্রে দপ্তরের কিছু করার থাকবে না। সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, শিক্ষা এমন একটি বিষয়, যে বিষয়ে কখনই নেগ্লেক্ট করা উচিত না। সেজন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে প্ল্যান বাজেটের টাকাটা বাড়ানো হয়। দপ্তরগুলোর সমস্যা আছে, আমরা এর ভিতরে প্রবেশ করলে এটা বুঝতে পারি। এটা পরিষ্কার করার দরকার আছে। আরেকটা কথা যেটা বলার আছে সেটা হল যে, আমরা অনেকগুলো কলেজ থেকে উচ্চমাধ্যমিক তুলে নিয়েছি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে, রাজ্যসরকার কি প্রাথমিকে পঞ্চম শ্রেণী চালু করার ক্ষেত্রে কোন পলিসি নিয়েছেন? ৩০০ প্রাথমিক স্কুলে পঞ্চম শ্রেণী চালু করার অনুমতি সম্প্রতি আপনি দিয়েছেন। সেজন্য প্রাথমিকে আরও পরিকাঠামো বাড়ানোর ক্ষেত্রে পলিসি নেওয়া দরকার। প্রত্যেকটি প্রাইমারি স্কুলে ধাপে ধাপে পঞ্চম শ্রেণী চালু করবেন। আমরা লক্ষ্য করছি অনেক কলেজ থেকে উচ্চমাধ্যমিক তুলে নেওয়া হয়েছে, জুনিয়র হাই স্কুলগুলোকে হাই স্কুলে পরিণত করা হয়েছে, আমার তাদের চাপ কমানোর জন্য, জুনিয়র হাই স্কুলগুলোর উপর থেকে চাপ কমানোর জন্য পঞ্চম শ্রেণীকে প্রাথমিকে নিয়ে আসার ক্ষেত্রে জাস্টিফিকেশন কি? কি দৃষ্টিভঙ্গি থেকে আজকে এই ব্যবস্থা নিতে যাচ্ছেন সেটা ভাবতে হবে। সেই কারণে আমি বলবো যে, আমাদের স্কুলগুলোতে বৃত্তিমূলক শিক্ষার আরও প্রসার ঘটানো দরকার। আমাদের স্কুলগুলোতে এখন ড্রপ-আউটের সংখ্যা কমেছে বিভিন্ন কারণে। কংগ্রেস আমলে যে পরিমাণ ড্রপ-আউট হত তার চেয়ে এখন ড্রপ-আউট অনেক কমে গেছে। এখন অনেক বেশী মানুষ শিক্ষার সঙ্গে যুক্ত হয়েছেন। এই ড্রপ-আউটকে কমানোর জন্য বৃত্তিমূলক শিক্ষাকে জনপ্রিয় করতে হবে। বৃত্তিমূলক শিক্ষাকে জনপ্রিয় করতে গেলে আজকে স্কুলস্তরে বৃত্তিমূলক শিক্ষার প্রসার ঘটানোর প্রয়োজন আছে — সেটা দেখতে হবে। তার সঙ্গে সঙ্গে মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে বলি, এস.এস.সি. থেকে যে সমস্ত রিজার্ভেশন হওয়ার কথা সেই রিজার্ভেশন ফিল-আপ করার প্রয়োজন আছে, অনেক ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, রিজার্ভেশন ফিল্-আপ করা যাচ্ছে না—এক্ষেত্রে শিক্ষা দপ্তরের পরিষ্কার কতকগুলো দৃষ্টিভঙ্গি রাখতে হবে। কারণ এস.এস.সি. তে এই রিজার্ভেশনের কোটা পূরণ করতে না পারার ফলে তাদের পঠন-পাঠনের অসুবিধা হচ্ছে। এক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো যে, তাঁরা এব্যাপারে কোন্ দৃষ্টিভঙ্গি নিচ্ছেন সেটা যদি বলেন তাহলে ভাল হয়। নিঃসন্দেহে এস.এস.সি. একটা ভাল ব্যবস্থা। আমাদের বিধানসভাতেও শুনেছি যে, এস.এস.সি. থেকে নিয়োগ করলে ভাল ভাল টিচার পাওয়া যাবে। ভাল মানের টিচার আসবেন। কিন্তু সেখানে বদলি নীতি চালু করা দরকার। আরেকটি কথা বলছি যে, তুহিন সামন্ত এখানে দাঁড়িয়ে বলেছিলেন যে, এক বছরে একটি ছেলে এম.এ., বি. এড. পরীক্ষা দিয়েছে এবং এক বছরে সে আরও দুটি পরীক্ষা দিয়েছে, ১৯৭৪ সালের প্রসিডিং খুলে দেখুন — কংগ্রেসি লিডার বলেছেন, একজন একই বছরে ৩টে পরীক্ষা দিয়েছে। কংগ্রেস আমলে শিক্ষা নৈরাজ্যের কোন স্তরে পৌঁছে গিয়েছিল! আর আজকের দৃষ্টিভঙ্গি

কোন স্তরে পৌঁছেছে। সেই জায়গায় দাঁড়িয়ে তার মূল্যায়ন হবে। গঠনমূলক আলোচনা করুন। এই প্ল্যান বাজেটে ২.৭ পারসেন্ট টাকা রয়েছে। এই বরাদ্দের আরও বৃদ্ধি ঘটানো দরকার। এই কথা বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাটমোশানগুলোর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী চিত্তরঞ্জন দাস-ঠাকুর : মাননীয় সভাপতি মহাশয়, শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রীগণ যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের আনীত কাট-মোশানগুলোর বিরোধীতা করে আমি অত্যন্ত দৃঢ়তার সঙ্গে একথা বলতে চাই যে, আমাদের রাজ্য সরকারের মাননীয় মন্ত্রীগণ আমাদের রাজ্যের সাধারণ মানুষকে মূলধন করে, আমাদের রাজ্যের সর্বস্তরের মানুষের কাছে শিক্ষাকে আরও যাতে পৌঁছে দেওয়া যায় তার জন্য ব্যাপক দৃষ্টিভঙ্গি নিয়ে, গঠনমূলক প্রয়াস নিয়েছেন।

[3.10–3.20 p.m.]

এরই ফলশ্রুতি হিসাবে দেখতে পেয়েছি একটু আগে বন্ধু অসিত মিত্র বলছিলেন যে অনেক গ্রামে নাকি স্কুল নেই। আমি জানিনা নিশ্চয়ই উনি তালিকা পেশ করবেন মাননীয় মন্ত্রীর কাছে। আমি যতদূর সংবাদ রাখি পশ্চিমবাংলার সমস্ত গ্রামেই প্রাথমিক বিদ্যালয় আছে এবং যেখানে প্রাথমিক বিদ্যালয় করা সম্ভব হয়নি সেখানে শিশু শিক্ষাকেন্দ্র স্থাপন করা হয়েছে। যেটুকু ঘাটতি আছে তা অবিলম্বে পূরণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পশ্চিমবঙ্গে এমন কোন গ্রাম পঞ্চায়েত নেই যেখানে জুনিয়ার হাইস্কুল বা হাইস্কুল নেই। পশ্চিমবঙ্গে এমন কোন জেলা নেই যেখানে ৫-৬ টি মহাবিদ্যালয় নেই। এ কথা তো অস্বীকার করা যায় না। স্যার এর সঙ্গে একথা দৃঢ়তার সঙ্গে বলতে পারি যে, সারা দেশে সাক্ষরতার যে হার, সাক্ষরতার হার তার থেকে অনেক বেশী। এটাই তো আমাদের সফলতা। এটা তো অস্বীকার করার উপায় নেই। এর জন্য আরও বেশি সহযোগিতা দরকার, আরও পরিকাঠামো দরকার, আরও বেশি স্কুলের দরকার। এই ব্যাপারে আমরা সকলেই সচেষ্ট। আমরা সকলেরই সহযোগিতা নিয়ে চলতে চাইছি। শুধুমাত্র সরকারী উদ্যোগে এটা সম্ভব নয়। আমরা বেসরকারী উদ্যোগকেও স্বাগত জানাই। তারই ফলশ্রুতি হিসাবে ইঞ্জিনিয়ারিং -এর ক্ষেত্রে কি ডাক্তারির ক্ষেত্রে, শিক্ষক-শিক্ষণের ক্ষেত্রে নতুন একটা সম্ভাবনা সূচিত হয়েছে। তাই এই যে লড়াই - এই লড়াইয়ের জন্য অভিনন্দন জানাই, ধন্যবাদ জানাই। আমাদের শিক্ষার বিষয়টিকে যারা চিরাচরিত সংস্কৃতির বিরুদ্ধে ঠেলে নিয়ে যাওয়ার চেষ্টা চালাচ্ছে, যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিকে সম্পূর্ণ উপেক্ষা করে সেই চিরাচরিত কুসংস্কারের দিকে নিয়ে যাওয়া হচ্ছে তার বিরুদ্ধে আমাদের শিক্ষা দপ্তর সচেতনভাবে লড়াই করছে। সুতরাং সেই দপ্তরের ব্যয়-বরাদ্দকে সমর্থন না জানিয়ে উপায় কী? স্যার এই মূল্যবান বিষয়গুলি এই মহতী সভায় আলোচনার জন্য রাখবেন এবং এই বিষয়গুলি নিয়ে ভাববেন। আমাদের বামফ্রন্ট সরকার চিরকালই বেসরকারীকরণের বিরোধী। আমাদের সীমাবদ্ধতার জন্য আমাদের এই পথে যেতে হচ্ছে। জানিনা এটা আমাদের নীতি, না কৌশল, না আপৎকালীন একটা বিষয়। যদিও মন্ত্রী মহাশয় এটা স্পষ্ট করে দিয়েছেন। তবুও এই বিষয়টি বারবার স্পষ্ট করার দরকার আছে। জনসাধারণের কাছে আমরা দায়বদ্ধ। পঞ্চম শ্রেণী পর্যন্ত

বিনা মূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। কিন্তু আমি খোঁজ নিয়ে দেখেছি যে সেই পাঠ্যপুস্তক সব জায়গায় সময় মত পৌঁছে দেওয়া যায়নি। নদীয়া জেলার প্রাথমিক স্কুলে প্রায় ২ মাস হয়ে গেল এখনও পর্যন্ত অঙ্কের বই পৌঁছয়নি। আশা করি সরকার এই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করবেন। এই বিষয়টি শুধু মন্ত্রীদের উপর নির্ভর করে না, আমি আবেদন করব যে প্রশাসনিক বিভাগকে এই বিষয়ে আরও গতিশীল করতে। যাতে আমাদের মূল উদ্দেশ্য কোন প্রকারে ব্যাহত না হয়। তাই প্রশাসনকে আরও বেশি গতিশীল করার জন্য আবেদন জানাব। আমরা অনেক দিন ধরে বিগত বেশ কয়েকটি অধিবেশনে শিক্ষা দপ্তরের ব্যয়-বরাদ্দে আমরা বলেছি কারিগরী এবং বৃত্তিমূলক শিক্ষাকে যথেষ্ট গুরুত্ব দেওয়ার জন্য। আমরা বলেছি বিদ্যালয়কে কারিগরী এবং বৃত্তিমূলক শিক্ষার সঙ্গে যুক্ত করতে হবে। কিন্তু অধিকাংশ স্কুলে এখনও পর্যন্ত সেই উদ্যোগকে বাস্তবায়িত করতে পারেননি। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব এই বিষয়ে উদ্যোগ নেওয়ার জন্য। স্যার, প্রতিবন্ধীরা চিরদিনই অবহেলিত। আমরা বামপন্থীরা তাদের সম্পর্কে একটি বিশেষ দৃষ্টিভঙ্গি পোষণ করি এবং প্রতিবন্ধী শিক্ষার কাজও আমরা এগিয়েছি এবং অন্যান্য রাজ্যের তুলনায় অনেক এগিয়ে আছি। মানবিক দৃষ্টিকোণ থেকে তাদের যে দাবিগুলি আছে; তাদের যে কেন্দ্রগুলি আছে সেগুলি যাতে সঠিকভাবে চলে তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। প্রাথমিক স্কুলে শিশুদের চিকিৎসা করার একটা বন্দোবস্ত আছে কিন্তু উচ্চমাধ্যমিক, মাধ্যমিক স্কুলে আমরা সেটা চালু করতে পারি নি। আমরা যখন ছাত্র ছিলাম তখন স্টুডেন্ট হেল্‌থ হোম ছিল। এখনও আছে। আমার আবেদন মাননীয় মন্ত্রীর কাছে যে, এই যারা কিশোর হল, নব যৌবনে পা দিল তাদের স্বাস্থ্য সম্পকিত বিষয় নিয়ে বিশেষ ভাবে নজর দেওয়া দরকার । এবং স্টুডেন্ট হেল্‌থ হোম করার ব্যাপারে উদ্যোগ নেওয়ার জন্য আবেদন করছি। আমরা যখন স্কুলে পড়তাম তখন স্কুলে এন.সি.সি. ছিল এবং এন.সি.সি আমরা করতাম। এখন উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে সেই এন.সি.সি ব্যবস্থা চালু নেই। আবার যাতে এন.সি.সি. ব্যবস্থা চালু করা যায়, সেটা দেখতে অনুরোধ করছি। আমাদের অনেক ব্যাপারেই ওয়েলফেয়ার ফান্ড আছে, টিচার্স ওয়েলফেয়ার ফান্ড আছে, লেবার ওয়েলফেয়ার ফান্ড আছে। আমরা জানি যারা আমাদের ভাল ছেলে তাদের মুখ্যমন্ত্রীর তহবিল থেকে, শিক্ষা দপ্তর থেকে আর্থিক সহযোগিতা করা হয়। আমাদের যারা মেধাবী দুঃস্থ ছেলে-মেয়ে তাদের জন্য একটা কল্যাণ তহবিল গঠন করার কথা আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে চিন্তা-ভাবনা করে দেখতে অনুরোধ করছি। সব শেষে আমি এই কথা বলব যে, শিক্ষাকে সম্প্রসারিত করার জন্য আমরা সকলের সাহায্য নেব ঠিকই, কিন্তু সাহায্য নেয়ার সময় এ কথা আমাদের অবশ্যই ভাবতে হবে যে, যাদের সাহায্য নিচ্ছি তারা আমাদের মূল উদ্দেশ্য এবং দৃষ্টিভঙ্গী অনুযায়ী পরিচালিত না হয়ে তাদের উদ্দেশ্য এবং দৃষ্টিভঙ্গির মধ্যে কোন ব্যবসায়ী উদ্দেশ্য এবং দৃষ্টিভঙ্গি লুকিয়ে রাখছেন কিনা। এটা একটু পরখ করে দেখা দরকার। বিভন্ন কলেজে নতুন নতুন পাঠক্রম চালু হয়েছে, কিন্তু আমরা অধ্যাপক দিতে পারছি না। ফলে কলেজগুলি সেসব পাঠ্যক্রমের জন্য ছাত্র-ছাত্রীদের কাছ থেকে মোটা অঙ্কের টাকা নিচ্ছে। এর ফলে এটা ধীরে ধীরে ব্যবসায়ে পরিণত হচ্ছে কিনা দেখতে হবে। এই প্রসঙ্গে আমি আরও উল্লেখ করব যে, বেসিক স্কুলের সঠিকভাবে অনুমোদন দেওয়া হয়েছে। তবে নজরদারির ব্যবস্থা আরো উন্নত করা দরকার। যারা কর্তৃপক্ষ তারা ব্যবসায়ী দৃষ্টিভঙ্গি থেকে সমস্ত কিছু বিবেচনা করছে কিনা, এটা দেখা দরকার। পরিশেষে আমি বলব যে, অনেক অসুস্থ মাস্টারমশাই আমার কাছে আসেন, তাঁরা আমাকে এসে

বলেন, 'আমি দীর্ঘদিন অবসর গ্রহণ করেছি এখনো পেনশন পেলাম না, একটু সুরাহা করে দিন। 'অনেকে এমনই অসুস্থ যে একা আসতে পারেন না, স্ত্রীকে নিয়ে এসে অনুরোধ জানান। অথচ আমি তাঁদের জন্য বিশেষ কিছুই করতে পারি না। তাই এ প্রসঙ্গে আমার সরকারের কাছে অনুরোধ আমাদের বিভিন্ন স্তরের জনপ্রতিনিধিদের এই সমস্ত বিষয় সংক্রান্ত আবেদনগুলি একটু বিশেষ দৃষ্টিভঙ্গি নিয়ে দেখার ব্যবস্থা করা হোক। যে সমস্ত অসুস্থ, কন্যা দায়প্রাপ্ত অবসরপ্রাপ্ত শিক্ষক কমিটেড পেনশন পাচ্ছেন না, অনেক দিন ধরে পড়ে আছে, তাঁদের কেসগুলি বিশেষ দৃষ্টিভঙ্গি দিয়ে দেখা হোক। এই ক'টি আবেদন জানিয়ে, আমাদের রাজ্যের শিক্ষা দপ্তরগুলি রাজ্যের শিক্ষাক্ষেত্রে যে গতি এবং প্রাণের সঞ্চার করেছে তা আরো গতিশীল হবে, এই আশা রেখে ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে ১৩, ১৪, ১৫ এবং ৫১ নং খাতে যে ব্যয়-বরাদ্দের দাবি শিক্ষামন্ত্রী মহোদয়রা পেশ করেছেন আমি তার বিরোধিতা করে, আমাদের কাটমোশানগুলির সমর্থনে আমার বক্তব্য রাখছি।

মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে শিক্ষার ওপর একের পর এক আঘাত নেমে এসেছে। শিক্ষাক্ষেত্রে ফি বৃদ্ধি, শিক্ষার ব্যবসায়িকরণ বেসরকারীকরণ ইত্যাদি একটা ভয়াবহ রূপ নিয়েছে। কেন্দ্রীয় সরকারের নীতিকে অনুসরণ করে রাজ্য সরকার পশ্চিমবাংলায় শিক্ষার ওপর এক চরম আঘাত নামিয়ে এনেছে। আপনি জানেন স্যার, রাজ্য এখন পর্যন্ত আবার ক্লাস ফোর পর্যন্ত পাশ-ফেল চালু করেননি, এখনো অটোমেটিক প্রমোশন চালু আছে। ফলে ক্লাশ ফোর পর্যন্ত ছেলে-মেয়েরা কি শিখলো, না শিখলো কিছুই বোঝা যাচ্ছে না। ফলে তাদের অনেকেই পঞ্চম শ্রেণীতে ভর্তি হবার সময় ভর্তির পরীক্ষা দিতে গিয়ে সমস্যার সম্মুখীন হচ্ছে, হয়রান হতে হচ্ছে। যে সংখ্যক ছাত্র-ছাত্রী চতুর্থ শ্রেণী থেকে পঞ্চম শ্রেণীতে ভর্তি হতে চাইছে সে তুলনায় মাধ্যমিক স্কুলের সংখ্যা খুবই কম। ফলে অভিভাবকদের সন্তানদের পঞ্চম শ্রেণীতে ভর্তি করতে খুবই অসুবিধা ভোগ করতে হচ্ছে। আসন সংখ্যা কম হওয়ার সুযোগে বিভিন্ন স্কুলে কর্তৃপক্ষ অভিভাবকদের কাছ থেকে ডোনেশানের নামে টাকা পয়সা আদায় করছে। এই অনৈতিক কাজ বিভিন্ন স্কুল কর্তৃপক্ষ করছে। অভিভাবকরা টাকা পয়সা দিতে বাধ্য হচ্ছেন। আমরা দেখছি বেশিরভাগ স্কুলেই বসার জায়গা নেই ক্লাশরুম নেই প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নেই। প্রয়োজন অনুযায়ী সরকার তাদের অনুদান দিচ্ছেন না। ফলে স্কুল কর্তৃপক্ষ এ'ভাবে ডোনেশন নিচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, এ ব্যাপারে সরকারের নির্ধারিত নিয়ম কি, তা তিনি একটু আমাদের জানাবেন---মাধ্যমিক স্তরের কোন স্কুলে ভর্তি হতে গেলে একজন ছাত্রকে গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে যথাক্রমে ৬৩ টাকা এবং ৭৫ টাকার বেশী কখনোই দিতে হবে না, এরচেয়ে বেশী নেয়া চলবে না, এটাই কি আপনাদের সরকারী নিয়ম?

[3.20–3.30 p.m.]

কিন্তু দেখা যাচ্ছে যে, রাজ্যের বিভিন্ন জেলাতে মাধ্যমিক স্কুলগুলিতে সরকার নির্ধারিত যে ফিজ তাকে বাদ দিয়ে নিয়ম বহির্ভূতভাবে ব্যাপক হারে ফিজ নেওয়া হচ্ছে, ডোনেশান নেওয়া হচ্ছে। নমুনা হিসাবে আমি দু-একটা স্কুলের তালিকা এখানে তুলে ধরছি। বেহালা হাইস্কুল

কোলকাতা—ফর্মের দাম এখানে নিচ্ছে ২০ টাকা, ডোনেশান নিচ্ছে ৫ম শ্রেণীতে ২শো থেকে ৬ শো টাকা, ৯ম শ্রেণীতে ৬ শো থেকে ৯ শো টাকা। দমদম মতিঝিল গার্লস স্কুলে—ফর্মের দাম নিচ্ছে ৩০ টাকা, ডোনেশন ৬ শো টাকা। দমদম কে. কে. হিন্দু অ্যাকাডেমি ফর্মের দাম নিচ্ছে ৫০ টাকা ডোনেশন ৫ম শ্রেণীতে ৫শো টাকা, ৯ম শ্রেণীতে ৬শো টাকা। কিশোর ভারতী—ফর্মের দাম ২৫ টাকা। ডোনেশন হচ্ছে ৫ম শ্রেণীতে ১০০০ টাকা, ৯ম শ্রেণীতে ২৬০০ থেকে ২৭০০ টাকা। মালদহ কৃষ্ণমোহন গার্লস এক হাজার টাকা ৫ম শ্রেণীতে, ৮ শো টাকা ৯ম শ্রেণীতে। এইভাবে সরকার নির্ধারিত ফিয়ের থেকে কয়েক গুণ বেশী নিচ্ছে। উচ্চ মাধ্যমিকেও একই অবস্থা। সেখানে সরকার নির্ধারিত যে ফিজ আছে গ্রামাঞ্চলে কলা, বাণিজ্য, বিজ্ঞানের শাখায় তা হচ্ছে কলাতে ৭৭ টাকা, বাণিজ্যে ৭৭ টাকা, বিজ্ঞানে ৯৯ টাকা। শহরাঞ্চলে বাণিজ্য ও কলাতে ১১৩ টাকা এবং বিজ্ঞানে ১২৬ টাকা অথচ জেলায় স্কুলগুলি কি ব্যাপকহারে ফি নিচ্ছে দেখুন। সেন্ট পলস, কোলকাতা—বিজ্ঞানে ১৩৫০ টাকা ভর্তির ফিজ নিচ্ছে, বাণিজ্যে নিচ্ছে এক হাজার টাকা। আর্যকন্যা, কোলকাতা—১১৬০ টাকা বিজ্ঞানে, হাজার ৬০ টাকা কলাতে ৮৬০ টাকা বাণিজ্যে। হিন্দু স্কুল—৮৯৯ টাকা নিচ্ছে। বঙ্গবাসী স্কুল এক হাজার টাকা নিচ্ছে বিজ্ঞানে, ৭৫০ টাকা নিচ্ছে কলাতে। লাজপত হিন্দু হাইস্কুল দু হাজার দুশো টাকা ভর্তির ফিজ নিচ্ছে। মণীন্দ্র চন্দ্র বিদ্যাপীঠ, বহরমপুর—৯৪০ টাকা নিচ্ছে বিজ্ঞানে। রায়গঞ্জ বিদ্যাচক্র স্কুল ৬ শো টাকা নিচ্ছে। শিলিগুড়ি বয়েজ হাইস্কুল নিচ্ছে ৪২৭ টাকা কলাতে। আমি আর তালিকা দীর্ঘায়িত করছি না। এতেই দেখা যাচ্ছে সরকার নির্ধারিত ফিয়ের থেকে কয়েকগুণ বেশী আদায় করা হচ্ছে বিভিন্ন জায়গায়। এখন এই যে সরকার নির্ধারিত ফিয়ের থেকে কয়েকগুণ বেশী ফি নিচ্ছে, ডোনেশান নিচ্ছে তার ফলে স্বাভাবিক কারণেই আন্দোলন হচ্ছে, বিরোধিতা হচ্ছে। এ ব্যাপারে জেলা পরিদর্শকদের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। জেলা পরিদর্শকরা জেলাতে পরিদর্শন করেছেন, এনকোয়ারি করেছেন। করে তারা বলেছেন, এটা অন্যায় এবং এমন কি তারা সার্কুলার দিয়েছেন এই বলে যে সরকার নির্ধারিত ফিয়ের বাইরে ডোনেশান বা ফি নিতে পারবে না। কিন্তু সমস্যা যে তিমিরে ছিল সেই তিমিরেই রয়ে গিয়েছে। জনৈক ডি.আই-এর বক্তব্য, কিছু করার নেই। এই যে নিয়ম বহির্ভূতভাবে বর্ধিত ফিজ নিচ্ছে তিনি বলেছেন, এ ব্যাপারে আমরা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, বিকাশ ভবনে জানিয়েছি। কিন্তু স্যার, আপনি জানেন, বিকাশ ভবন আজ বিনাশ-ভবনে পরিণত হয়েছে, এখানে শিক্ষার বিকাশ হচ্ছে না। এইভাবে নিয়ম বহির্ভূতভাবে ব্যাপকভাবে ডোনেশান, ফিজ নেওয়া হচ্ছে আর সরকার সেখানে নীরব দর্শকের ভূমিকা নিচ্ছে। আজকে শিক্ষার ফিজ বৃদ্ধি, ব্যবসায়ীকরণ, বেসরকারীকরণের ব্যাপারে কেন্দ্রীয় সরকার যে নীতি অনুসরণ করেছেন রাজ্য রাজ্যসরকারও অকপটে সেই নীতি অনুসরণ করে চলেছেন। কেন্দ্রীয় সরকার নিয়োজিত আম্বানি-বিড়লা কমিশন সরকারকে পরামর্শ দিয়েছিল বেসরকারীকরণের জন্য শিক্ষার দরজা যদি খুলে দিতে হয় তাহলে আজকে সরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলির যে ফিজ, তাদের বেতন কাঠামো এইগুলো উচ্চ হারে না হয়, অর্থাৎ বেসরকারী প্রতিষ্ঠানগুলো তারা তাদের মুনাফা লুণ্ঠনের জন্য উচ্চহারে বেতন এবং ফি ধার্য করতে চাইছে তার সমতুল্য যদি সরকারের বেতন ফি না হয় তাহলে এই রাজ্যে বেসরকারী প্রতিষ্ঠানগুলোর দ্বার উন্মুক্ত হবে না। এটা আম্বানি-বিড়লা কমিশন সুপারিশ করেছে। অত্যন্ত দুর্ভাগ্যের কথা যে পশ্চিমবাংলায় রাজা রামমোহনের মতো, বিদ্যাসাগরের মতো, রবীন্দ্রনাথের মতো, শরৎচন্দ্রের মতো মানুষ

সার্বজনীন শিক্ষার দাবি নিয়ে স্বদেশী আন্দোলনে সোচ্চার সেই পশ্চিমবাংলায় আজকে দেখতে পাচ্ছি সি.পি.এম ফ্রন্ট সরকার এবং আমাদের শিক্ষামন্ত্রী কেন্দ্রীয় সরকার যে বেসরকারীকরণ নীতি গ্রহণ করেছেন সেটা তাঁরা গ্রহণ করছেন। ব্যাপকভাবে শিক্ষা ক্ষেত্রে ফি বৃদ্ধি ঘটাচ্ছেন। কিভাবে ফি বৃদ্ধি ঘটাচ্ছেন সেটা আমি একটু বলে দিচ্ছি। কলেজ স্তরের মানে বি.এ পাসে টিউশন ফি ছিল ১৪৪ টাকা, সেটা হয়েছে ৬০০ টাকা। বি.কম পাশে টিউশন ফি ছিল ১৫৭ টাকা সেটা হয়েছে ৭২০ টাকা। বি.এস.সি পাসে টিউশন ফি ছিল ১৬৮ টাকা সেটা হয়েছে ৯০০ টাকা। হোস্টেল চার্জ ১৪৪ টাকার জায়গায় হয়েছে ৬০০০ টাকা। এম.এ-তে টিউশন ফি ছিল ২১৬ টাকা সেটা হয়েছে ১৫০০ টাকা, এম.এসসি-তে টিউশন ফি ছিল ২৮৮ টাকা সেটা হয়েছে ১৮০০ টাকা। এই রকমভাবে ব্যাপক ভাবে ফি বৃদ্ধি করেছেন গত বছর শিক্ষাবর্ষ থেকে। ইঞ্জিনিয়ারিং কলেজে কি ভাবে ফি বৃদ্ধি করেছেন সেটা একটু দেখুন। ইঞ্জিনিয়ারিং-এ ৭৫০০০ টাকা ভর্তি ফি এবং ৩০০০ টাকা ৪০০০ টাকা মাসে বেতন নিচ্ছেন। একদিন ইঞ্জিনিয়ারিং কলেজে মাসে ১৮ টাকা করে দিতে হতো। এই রকম ভাবে সরকার বেতন বৃদ্ধি করেছেন। মেডিক্যাল শিক্ষার ক্ষেত্রে তদনুরূপ তাঁরা ব্যবস্থা নিয়েছেন। এখানে আমরা দেখতে পাচ্ছি মেডিক্যালের ক্ষেত্রে কয়েক দিন আগে ঘোষণা করা হয়েছে, যেখানে ১২ টাকা মাসে বেতন ছিল সেটা ৮৫০ টাকা করা হলো। বি.এড.এস কোর্সে টিউশন ফি ৭৫০ টাকা করা হলো। হোমিওপ্যাথি আয়ুর্বেদ ডিগ্রি কোর্সে ৬৫০ টাকা করা হলো। সরকারী মেডিক্যাল কলেজগুলোতে ১৫ পারসেন্ট আসন সংরক্ষিত করা হয়েছে ধনীদের জন্য। যাদের টাকা তারা পড়াতে পারবেন সে ছাত্র-ছাত্রীদের মেধা থাক বা না থাক। ১০ লক্ষ টাকা সাড়ে চার বছরে দিতে হবে। এই যে ক্যাপিটেশন ফি, হ্যাঁ, দক্ষিণ ভারতে আছে, বিভিন্ন বেসরকারী কলেজে ক্যাপিটেশন ফি নেওয়া হয়। কিন্তু পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে একমাত্র রাজ্য যেখানে ধনীদের জন্য ১০ লক্ষ টাকা দিয়ে আসন সংরক্ষিত করা হলো ১৫ পারসেন্ট ছাত্র-ছাত্রীদের জন্য। এই সরকার বেসরকারীকরণের ক্ষেত্রে কেন্দ্রের সরকারকে পথ দেখাচ্ছে। এটা অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়। মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে উচ্চমাধ্যমিকে ভর্তির সমস্যা ভয়াবহ রূপ নিয়েছে। উচ্চমাধ্যমিক স্তর হঠাৎ রাতারাতি কলেজগুলো থেকে তুলে দেওয়া হলো, মাধ্যমিক স্তরের স্কুলগুলিকে উচ্চমাধ্যমিকের ব্যবস্থা করা হয়েছে। সেই স্কুলগুলির ইনফ্রাসট্রাকচার নেই। উপযুক্ত শিক্ষার জন্য লাইব্রেরি নেই, ল্যাবরেটরি নেই। মারাত্মক অবস্থা বেহাল অবস্থা। বিশেষ করে বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে ইনফ্রাসট্রাকচার নেই, ল্যাবরেটরি নেই। যার জন্য বিজ্ঞান শিক্ষার জন্য স্টার পাওয়া ছাত্র-ছাত্রীরা তারা তাদের পছন্দ মত স্কুলে আসতে পারছে না।

[3.30–3.40 p.m.]

এই রকম একটা ভয়াবহ অবস্থা যেখানে, সেখানে উনি একটা অঙ্কের হিসাব দিয়ে বললেন, না না, ভর্তির কোন সমস্যা নেই। কিন্তু পশ্চিমবাংলার মানুষ দেখছে, উচ্চমাধ্যমিকে ভর্তির ব্যাপারে সমস্যা প্রকট রূপে দেখা দিয়েছে। তা যদি না হোত, মাননীয় মন্ত্রী মহাশয় কি আমার প্রশ্নের উত্তর দিতে পারবেন, যেখানে মাধ্যমিকে ছাত্রসংখ্যা বাড়ছে, সেখানে উচ্চমাধ্যমিকে ছ'হাজার পরীক্ষার্থী কমে গেল কি করে? আজকে আমরা দেখতে পাচ্ছি, সরকার যেভাবে বেসরকারীকরণের দিকে যাচ্ছে, শিক্ষাখাতে বাজেটে যেভাবে কমাচ্ছেন, এ এক ভয়ঙ্কর অবস্থা। স্ট্যান্ডিং কমিটির রিপোর্টে

বলেছে, প্ল্যান এবং নন-প্ল্যানে শিক্ষা বাজেট এমনভাবে কমানো হয়েছে, ৭৫ পার্সেন্ট কমেছে কোর বাজেটে। এমনকি নন-প্ল্যান বাজেটও কমিয়েছেন, এর ফলে শিক্ষক এবং শিক্ষাকর্মীদের বেতন দেওয়া অসম্ভব হয়ে পড়বে। আমরা আজকে দেখতে পাচ্ছি ফল প্রকাশে সর্বত্র বিভ্রাট। গত বছর ইন্টারনেটে ফল প্রকাশ করতে গিয়ে এমন অবস্থা হল যে, পর্ষদের সভাপতি হরপ্রসাদ সমাদ্দারকে সরে যেতে হল। এবারেও ইন্টারনেটে ফল প্রকাশ করতে গিয়ে সেই রকম বিভ্রান্তি। মাননীয় কান্তি বিশ্বাস বলেছেন, আমরা আগামী বছর থেকে গেজেট বার করবো। কিন্তু ইন্টারনেটে অন্য রাজ্য তো তাদের ফলাফল বার করছে। সেখানে তো এই রকম ঘটছে না। মধ্যশিক্ষা পর্ষদে আজকে চরম দুর্নীতি চলছে — জাল বই বাজারে বেরিয়ে পড়ছে। জাল বইয়ের ব্যবসা খুবই লাভজনক ব্যবসা। মধ্যশিক্ষা পর্ষদের বই বিক্রি করতে পারলে যেখানে ১৫ পার্সেন্ট কমিশন, সেখানে জাল বই বার করতে পারলে কমিশন ৪০ পার্সেন্ট। আজকে এই অবস্থা চলছে যেখানে, সেখানে মাননীয় শিক্ষামন্ত্রী কি ভূমিকা পালন করছেন যাতে এই জাল বই বন্ধ হয়? অথচ আমরা দেখতে পাচ্ছি বাজেটে টাকা কার্টেল করা হচ্ছে। আজকে সরকারী বরাদ্দকৃত যে টাকা তা প্রপারলি ইউটিলাইজ হচ্ছে না। হায়ার এডুকেশনে এস.সি.দের জন্য বরাদ্দকৃত টাকা স্পেশ্যাল কম্পোনেন্ট স্কিমে যা ছিল তা প্রপারলি ইউটিলাইজ হল না। এস.সি. ছাত্রদের জন্য টাকার সদ্ব্যবহার না হওয়ার ফলে তারা ক্ষতিগ্রস্ত হল। আজকে শিক্ষা দপ্তরের এই অবস্থা। চূড়ান্ত অব্যবস্থার জন্য নেতাজী সুভাষচন্দ্র বসুর যে 'ওয়ার্কস্' তা পাবলিশ করার জন্য যে টাকা বরাদ্দ ছিল, তার সদ্ব্যবহার হল না। একটা পয়সাও খরচ করতে পারলেন না। আপনারা শিক্ষার উন্নয়নের কথা ভাবছেন। মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী এখানে আছেন, এই প্রশ্নের জবাব দেবেন। টেকনিক্যাল এডুকেশনের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি বাজেটের টাকা প্রচণ্ডভাবে কাট করা হয়েছে। টেকনিক্যাল কলেজে ইঞ্জিনিয়ারিংয়ের ট্র্যাডিশনাল কোর্সে — স্ট্যান্ডিং কমিটির রিপোর্টেও আছে — যেগুলির ডিমান্ড বেশী, সিভিল ইঞ্জিনিয়ারিং পড়ানো হচ্ছে না। অন্য কোর্সে সেখানে পড়ানো হচ্ছে। কম্পিউটার সায়েন্সে অ্যাবান্ডান্ট সিট, অথচ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে সিট নেই। আজকে কলেজ স্তরে কি ভাবে সরকার ফি বাড়াবার চেষ্টা করছে, বেসরকারীকরণের দিকে যাচ্ছে, ব্যবসার দিকে যাচ্ছে তা আমরা লক্ষ্য করছি। সেখানে সাধারণ স্ট্রিম তার জন্য অর্থ বরাদ্দ নেই। কিন্তু সেল্ফ ফিনান্সিং যে সাবজেক্টগুলো যেমন মাইক্রোবায়োলজি, কম্পিউটার সায়েন্স, জিওগ্রাফ, স্ট্যাটিসটিকস্, সীড টেকনোলজি — এইসব বিষয়ে চালু করে ভর্তির জন্য ১৫ থেকে ৪০, ৫০ হাজার টাকা পর্যন্ত আদায় করা হচ্ছে। ফলে এইভাবে সরকার শিক্ষার ফিজ বৃদ্ধি করে শিক্ষাকে বেসরকারীকরণের দিকে নিয়ে যাচ্ছে। এবং একটি ভয়ঙ্কর পরিস্থিতির আজকে সৃষ্টি হচ্ছে। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি শুধু এই কথা বলতে চাই যে, শিক্ষা ক্ষেত্রে যে বেসরকারীকরণের নীতি গ্রহণ করতে চাইছেন তা কেন্দ্রীয় সরকারের নীতি নিয়ে চালাতে চাইছেন। আমাদের রাজ্য সরকার যেখানে বামপন্থার কথা বলেন, গণতন্ত্রের কথা বলেন, শিক্ষা সম্প্রসারণের কথা বলেন সেখানে শিক্ষাকে বেসরকারীকরণের নীতি কিভাবে অন্যায়ভাবে গ্রহণ করতে চলেছে। কোঠারী কমিশনের রিপোর্টে কি ছিল? কোঠারী কমিশনের রিপোর্টে ছিল যে প্রাথমিক শিক্ষার থেকে কখনোই রেভিনিউ আদায় হতে পারে না। প্রাথমিক স্তর থেকেই শিক্ষা অবৈতনিক হওয়া উচিত এটাই ছিল কোঠারী কমিশনের সুপারিশ। সেখানে কেন্দ্রীয় সরকার জাতীয় বাজেটের শিক্ষা বাজেটে যেখানে

১০ শতাংশ থাকার কথা, সেখানে ৬ শতাংশে নিয়ে এসেছেন। ৬ শতাংশ শিক্ষা খাতে ব্যয় করা হয়। কেন্দ্রীয় সরকার শিক্ষা খাতে বাজেট ভয়ঙ্করভাবে কমিয়ে দিয়েছেন। আমাদের রাজ্য সরকারও সেই পথই অনুসরণ করে চলেছে। তাই এই জনবিরোধী বাজেটকে সমর্থন করতে পারছি না। আজকে শিক্ষাকে ব্যবসাকরণ করে, বেসরকারীকরণ করে কেন্দ্রীয় সরকারের মত শিক্ষাকে মৃত্যুমুখীকরণ করতে চাইছেন। মৌলিক শিক্ষার ক্ষেত্রে যে বাধার সৃষ্টি করা হচ্ছে, সেই শিক্ষা নীতির বিরোধিতা করে এই বাজেটের বিরোধিতা করে, কাট মোশানকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ মাননীয় চেয়ারম্যানকে।

শ্রী গুরুপদ দত্ত : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি ডিমান্ড নং ১৩, ১৪, ১৫ এবং ৫১ নং বাজেট বরাদ্দকে সমর্থন করে বিরোধীদের আনা কাট মোশানকে নস্যাৎ করে দিয়ে আমার বক্তব্য উপস্থিত করতে চাই। বিরোধীদের কাট মোশানকে নস্যাৎ করার পক্ষে আমার যুক্তি হল যে , ভারতবর্ষে যুক্ত রাষ্ট্রীয় কাঠামোয় দিল্লিতে কেন্দ্রীয় সরকার কংগ্রেসীদের দ্বারা দীর্ঘ ৩০, ৪০ বছর পরিচালিত হয়েছে এবং আমাদের রাজ্যেও দীর্ঘ ৩০ বছর ধরে চালিয়ে এসেছেন। তাদের সময়ে যেভাবে শিক্ষায় অরাজকতা ঘটেছিল সে কথা বলার নয়। তাদের সময়কালে শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য, শিক্ষা ক্ষেত্রে চরম নৈরাজ্য ঘটেছিল। কিন্তু তারাই আজকে শিক্ষা নিয়ে বড় বড় কথা বলছেন। বামফ্রন্ট সরকারের আমলে প্রশ্ন এসে যায় কেন্দ্রীয় সরকারের যে শিক্ষা কমিশন, সেই কমিশনের রিপোর্ট অনুযায়ী কি কাজ করেছেন? প্রশ্ন এসে যায় ভারতবর্ষে শিক্ষার কি অবস্থা করে রেখেছেন? একটা উন্নয়নশীল দেশের শিক্ষার বাজেটকে সবচেয়ে গুরুত্ব দেওয়া উচিত। সেখানে আমরা উল্টো দেখছি রাজ্যে ৩০ থেকে ৩৫ শতাংশ প্রথা বহির্ভূত খাতে বরাদ্দ করা হয়েছে। কেন্দ্রীয় সরকার থেকে শিক্ষা খাতে ১.৮ শতাংশ বরাদ্দ করা হয়েছে। এর থেকে শিক্ষার ক্ষেত্রে কি দৃষ্টিভঙ্গি বোঝা যাচ্ছে? আজকে বামফ্রন্ট সরকারের ২৬ বছরের জমানাতে শিক্ষার দ্বারমুক্ত করে তাকে উপরের দিকে নিয়ে আসতে পেরেছে। আজকে লক্ষ লক্ষ ছাত্রের অনুপ্রবেশ ঘটেছে। সংবিধানের বিষয়বস্তু যে, কম্পালসারি ফ্রি এডুকেশন সেটা গ্রহণ কেন্দ্রীয় সরকার করে নি এবং সেটা বাস্তবায়িত করার ক্ষেত্রে দ্বিধাগ্রস্ত রয়েছে। আজকে এখনো ৪০ শতাংশ নিরক্ষর ভারতবর্ষে। এই বামফ্রন্টের আমলেই আমরা দেখতে পাচ্ছি লক্ষ লক্ষ প্রাথমিক শিক্ষাস্তরে ছাত্র-ছাত্রীরা আসছে। মাধ্যমিক স্তরেও আসছে এবং উচ্চমাধ্যমিক স্তরেও হাজার হাজার ছাত্র-ছাত্রী আসছে। বহু নতুন নতুন বিদ্যালয় খোলা হয়েছে। বহু শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে এবং বহু ভাঙা বাড়ি সারানো হয়েছে। মাধ্যমিক স্তর পর্যন্ত অনেক শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে।

[3.40–3.50 p.m.]

আমাদের কলেজগুলিতে যে সমস্ত শিক্ষা ব্যবস্থা ছিল, আজকে শিক্ষার পাঠক্রমে নূতন দিশারী তৈরি হয়েছে, আজকে প্রযুক্তিকে নির্ভর করে যে সমস্ত আধুনিক বিজ্ঞানের বিষয়গুলি আছে, তা কলেজের পাঠক্রম হয়েছে। ইউনিভার্সিটির ক্ষেত্রে বামফ্রন্ট সরকার অনেকগুলি কাজ করেছে এবং এখানেই সরকার থেমে নেই, আমাদের রাজ্যে মেধাবী ছাত্রদেরকে এখানে ধরে রাখার জন্য ইঞ্জিনিয়ারিং কলেজ হয়েছে, আমাদের শিক্ষামন্ত্রী বলেছেন, একটি একটি করে আমাদের রাজ্যে এখন

অনেকগুলি বিষয় নিয়ে পড়ানো হচ্ছে। এই কথা ঠিক যে সমস্যার মধ্যে প্রতিবন্ধকতা থাকা সত্ত্বেও আমাদের কাজ করতে হচ্ছে। যে সমস্ত রাজ্যে ক্যাপিটেশান ফিজ্ ১৬।২০ লক্ষ টাকা বা লক্ষ লক্ষ টাকা দিয়ে উচ্চশিক্ষা গ্রহণ করতে হয়, সেখানে আমাদের রাজ্যে উচ্চশিক্ষার জন্য যে ব্যবস্থা করা হয়েছে, সেটা মাত্র একটা অংশের জন্য, সেখানে মেধাবী ছাত্র, গরীব ছাত্ররা পড়তে পারবেন, ফ্রি স্টুডেন্টশিপ এর ব্যবস্থা আছে, অল্প পয়সায় পড়বার ব্যবস্থা রয়েছে। আমাদের উচ্চশিক্ষার বিষয়ে মূলতঃ ডিমান্ড নম্বর ১৩ তে বলতে গিয়ে বলতে পারি আমাদের রাজ্যে যে ইউনিভার্সিটিগুলি তৈরী হল, সেইগুলি ছাড়াও আমাদের যে সমস্ত ইঞ্জিনিয়ারিং কলেজ হয়েছে, সেখানে ইনফ্রাস্ট্রাকচার টেকনোলজি, আধুনিক শিক্ষা ব্যবস্থা করা হয়েছে, বায়োটেকনোলজির ব্যবস্থা করা হয়েছে, মাইক্রো-বায়োলজি ইত্যাদি বিষয়ে পড়ানোর ব্যবস্থা করা হয়েছে। এইসব নূতন নূতন ব্যবস্থা বামফ্রন্ট সরকার-এর পক্ষ থেকে চালু করা হয়েছে। কিছুক্ষণ আগে এখানে একটি সংশোধনী বিল পাস হল, নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (সংশোধনী বিধেয়ক)' ০৩। এটা আমাদের রাজ্যের ক্ষেত্রে একটা নূতন দিশারী, যেটা বামফ্রন্ট সরকার করেছে। আমাদের রাজ্যের শিক্ষার ও কৃষির প্রসারে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় গড়ে তোলা হয়েছে। ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভার্সিটি অফ জুরিডিক্যাল সায়েন্সে তৈরী করা হয়েছে, এবং ইউনিভার্সিটি অফ হেলথ সায়েন্সে তৈরী করা হয়েছে। সর্বশেষে যে কথা বলতে চাই, আমরা যেটা এখনও কার্যকরী করতে পারিনি কলেজগুলিতে স্পোর্টস এডুকেশানকে কার্যকরী করতে হলে আমাদের গোটা রাজ্যে স্পোর্টস ইউনিভার্সিটি যাতে গড়ে তুলতে পারি, আমাদের রাজ্যে সমস্ত শিক্ষার দিক থেকে তাহলে গোটা রাজ্যে আমরা চৌহদ্দির মত শিক্ষা ব্যবস্থা কাজ করতে পারবো। আমাদের রাজ্যে বিজ্ঞান ও রিসার্চ ব্যবস্থার প্রসারণ হয়েছে। প্রায় ১১টি শিক্ষা কেন্দ্রের মাধ্যমে এই রকম রিসার্চ ও গবেষণার কাজ চলছে। আমাদের আশঙ্কা যারা আজকে বলছেন, কেন্দ্রের ভারত সরকারের দিকে তাকিয়ে আছেন, তারা শিক্ষায় গৈরিকীকরণের কথা বলছেন। পুরানো দিনের কথা বলছেন, জ্যোতিষশাস্ত্রের কথা বলছেন, পুরোহিত তন্ত্রের কথা বলছেন, অর্থাৎ আজকের দিনে যে বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থার হার দেশকে এক শত, দুই শত বছর পিছিয়ে দেওয়ার কথা বলছেন, সেই শিক্ষার ক্যারিকুলামের কথা বলছেন, সেটাকে বাধা দিতে হবে। এই ব্যাপারে বিরোধী দল মুখে কিছু বলছেন না। ওরা দেশকে কোথায় নিয়ে যাচ্ছেন। শিক্ষাকে, কৃষিকে তারা ধ্বংস করেছে ; ডাবলিউ টি.ও.তে স্বাক্ষর করে কৃষির মত শিক্ষাকেও তারা ধ্বংস করার দিকে এগিয়ে নিয়ে গিয়েছে, সেই দিক থেকে পশ্চিমবাংলার শিক্ষার ক্ষেত্রকে আমরা মুক্ত রাখতে পেরেছি। পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থাকে আমরা এর মধ্যে দিয়ে আরো উচ্চে তুলে আনতে চাই। আজকে এই বিশ্বায়নের পরিপ্রেক্ষিতে সাম্রাজ্যবাদীরা যেভাবে দেশকে ধ্বংস করতে চায় তার আমরা প্রতিবাদ ও প্রতিরোধ করবো। আমাদের যে আচার্য্যকুল, শিক্ষককুল আছে, আমাদের রাজ্য সরকারের শিক্ষার ও শিক্ষকের প্রতি দায়বদ্ধতা আছে, শিক্ষকের যে দায়বদ্ধতা ছাত্রদের প্রতি, যারা জাতির মেরুদণ্ড হিসাবে সার্বজনীন হবেন, তাদের জন্য রাজ্য সরকার যে শিক্ষানীতি গ্রহণ করতে পেরেছেন, সেই পিলসুজ আলোকবর্তিকা হয়ে গোটা দেশকে এই আলোর দিকে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। আমাদের রাজ্য সরকারের শিক্ষা সম্পর্কে

সবচেয়ে বড় যে দৃষ্টিভঙ্গি, — সেই দৃষ্টিভঙ্গি জনগণের একটা ব্যাপক অংশের মধ্যে — সেই শিক্ষাকে ছড়িয়ে দেওয়ার চেষ্টা আমাদের রাজ্য সরকার নিরন্তন চেষ্টা করে যাচ্ছেন। তাই এই বাজেট প্রস্তাবের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে, বিরোধিদের যে কাট মোশান তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

41st Report of the Business Advisory Committee

শুধু ফুড প্রসেসিং দপ্তরটা আমরা বাদ দিয়েছি। মাননীয় মন্ত্রী শ্রী শৈলেন সরকার অসুস্থ, তিনি যদি সুস্থ হন তাহলে এটা পরে আলোচনা হবে, না হলে এটা গিলেটিনে যাবে। I now, request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that the 41st Report of the Business Advisory Committee, as presented in the House, be agreed to.

The motion was then put and agreed to.

I now present the 41st Report of the Business Advisory Committee as follows :

15.7.2003, Tuesday :	(i) The West Bengal Lokayukta Bill, 2001 (as reported by the Select Committee) (Consideration and Passing)	... 1 hour
	(ii) Demand No. 5 Agriculture Department (iii) Demand No. 4 Agricultural Marketing Department	3 hours

N.B. : The programme of Business of the House from the 16th to the 18th will remain unchanged.

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষা বাজেটের অভিয়াচন নম্বর ১৩, ১৪, ১৫ এবং ৫১ এই বাজেটগুলি আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীদ্বয়গণ এখানে উপস্থাপন করেছেন, তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। এই যে শিক্ষা ব্যবস্থা, এই শিক্ষাকে, এই বিদ্যালাভকে, এই বিদ্যাকে আমরা মাতৃরূপে কল্পনা করছি। প্রাচীন ভারতবর্ষে সেই ধ্বনিই উচ্চারিত হয়েছিল —

"মাতেব পুষ্যতি পিতেব হিতং করোতি
ভার্য্যেব মোদয়তি মুঞ্চতি ন সখেব
লক্ষীং সমাহরতি তত্র তনোতি কীর্ত্তিং
কিং কিং ন সাধয়তি কামদুঘেব বিদ্যা।"

যেমন আমরা বলি — 'ত্বমেব মাতা চ পিতা ত্বমেব

ত্বমেব বন্ধুশ্চ সখা ত্বমেব।

ত্বমেব বিদ্যা দ্রবিনং ত্বমেব।।'

ঠিক তেমনি বিদ্যাকেও আমরা মাতৃরূপে ধারণ করেছি। পশ্চিমবাংলার শিক্ষার অঙ্গনকে আমরা পবিত্র রাখার চেষ্টা করেছি। যত দিন যাচ্ছে আমাদের দেশের ছেলে-মেয়েরা তাদের দুঃখ-দারিদ্রকে অতিক্রম করে তারা এই শিক্ষার অঙ্গনে এগিয়ে আসছে এবং আমাদের রাজ্য সরকারও তাদের যথাযথভাবে সহায়তা করার চেষ্টা করছে। আমরা স্বরবর্ণে প্রথমে পড়েছি 'অ', তার মানে অন্ধকার। তারপরে পড়েছি 'আ', তার মানে আলো — 'তমসোঃ মা জ্যোতির্গময়' — অর্থাৎ অন্ধকার থেকে আলোতে নিয়ে চলো। তাই এই শিক্ষা অনেক বেশি পবিত্র, পরিচ্ছন্ন থাকে সেটা আমাদের দেখতে হবে। রাজা রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, রবীন্দ্রনাথ ঠাকুর, যারা আমাদের দেশের শিক্ষার মান উদ্ভাসিত করেছে তাদের প্রতি আমাদের যথাযথ সম্মান প্রদর্শন করা উচিত। ভারতবর্ষই হচ্ছে একমাত্র জায়গা, সেখানে যারা শিক্ষাদান করেন তাদের আমরা গুরুদেবের আসনে বসিয়েছি।

'গুরুব্রহ্মা গুরুবিষ্ণু গুরুর্দেবো মহেশ্বরঃ।

গুরুরেব পরমব্রহ্ম তস্মৈ শ্রী গুরুরেব নমঃ।।'

তাদের প্রতি এত শ্রদ্ধা আমরা ভারতবর্ষ ছাড়া অন্য কোথাও দেখিনি। তাই আচার্য্যের প্রতি সম্মান, ছাত্র এবং শিক্ষকদের মধ্যে মেলবন্ধন কেবল আমাদের দেশেই সম্ভব হয়েছে। কিছুদিন ধরে আমরা দেখতে পাচ্ছি এই বিদ্যাক্ষেত্রে মত্ত হস্তির তাণ্ডব চলছে। নানা ধরনের জিনিস শিক্ষাক্ষেত্রকে আবর্জনাময় করে তুলতে অগ্রসর হচ্ছে। আমাদের উচ্চশিক্ষা, কারিগরী শিক্ষা, আমাদের বিদ্যালয় শিক্ষা, আমাদের জনশিক্ষা প্রসার বিস্তৃতি লাভ করেছে, তাই সেদিক থেকে আমাদের সাবধান থাকতে হবে, যাতে এই শিক্ষাক্ষেত্রগুলো কলঙ্কিত না হয়। গ্রন্থাগার সম্পর্কে আমি বলব, এই গ্রন্থাগার আমাদের স্নান করায়, প্রত্যেকদিন স্নান করে আমরা যেভাবে আমাদের মালিন্য দুর করি, সেইভাবে গ্রন্থাগার আমাদের মনের দিক থেকে স্নান করায়।

[3.50–4.00 p.m.]

বহু গ্রন্থাগার আছে, যেখানে বহু দুষ্প্রাপ্য পুঁথিবই আছে, যার মূল্য অপরিসীম। এসব গ্রন্থাগার, পুঁথিপত্র কোথায় কোথায় আছে, তার অনুসন্ধান করে মাননীয় মন্ত্রী মহাশয় তাকে ওয়েবসাইটে যাতে আনতে পারেন সেটা দেখবেন। এতে গবেষক, অধ্যাপক, ছাত্র-ছাত্রীদের অনেক উপকার হবে। এই বাজেটে তার সংস্থান করতে পারলে ভালো হয়। পাঠ্যপুস্তকের দাম বাড়ছে। যেসব গ্রন্থাগারগুলো ভালোভাবে চলছে, সেখানে স্কুল-কলেজের পাঠ্যপুস্তক রাখতে পারলে অনেক ছাত্র-ছাত্রী উপকৃত হবে। আপনার নেতৃত্বে স্টেট সেন্টার লাইব্রেরী দেশের শিরোপা অর্জন করেছে।

মেদিনীপুর জেলা গ্রন্থাগার শ্রেষ্ঠ জেলা গ্রন্থাগারের সম্মান পেয়েছে। এবারে হাওড়া জেলা লাইব্রেরী সেরা জেলা গ্রন্থাগার হিসাবে স্বীকৃতি লাভ করেছে। এই গ্রন্থাগারগুলোকে যাতে তথ্যকেন্দ্র হিসাবে গড়ে তোলা যায় সেটা দেখতে অনুরোধ করি। ঋষি রাজ নারায়ণ বসু লাইব্রেরী ১৫০ বছরে পদার্পণ করেছে। আপনার দপ্তর সেই গ্রন্থাগারকে নবরূপে রূপায়িত করেছে, সেজন্য আপনাকে ধন্যবাদ জানাই। উত্তরপাড়া জয়কৃষ্ণ লাইব্রেরীকে গুরুত্বপূর্ণ জাতীয় গ্রন্থাগার হিসাবে জাতীয় স্বীকৃতি দেওয়া যায় কিনা, সেই বিষয়ে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে হবে। এই বিষয়ে আপনার প্রচেষ্টা আছে। এই গ্রন্থাগার পরিষেবা যাতে দিনের পর দিন উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হয়, এই কামনা করে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শেখ মাজেদ আলি : মি. চেয়ারম্যান স্যার, এখানে ১৩, ১৪, ১৫ এবং ৫১ নং দাবীর যে বাজেট ব্যয়বরাদ্দ উপস্থাপিত হয়েছে তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি।

স্যার, কেন্দ্রের এন.ডি.এ. জোট সরকার ঘোষণা করেছে যে, ২০০৩ থেকে ২০১০ সালের মধ্যে সর্বশিক্ষা অভিযান হবে, অর্থাৎ ৫ থেকে ১৪ বছর বয়স্ক বালক বালিকাদের কাছে শিক্ষার দরজা খুলে দেওয়া হবে। বিগত দিনে কংগ্রেস সরকারও ঘোষণা করেছিল ১৯৬০ সালের মধ্যে ৬ থেকে ১৪ বছরের ছেলে-মেয়েদের জন্য অবৈতনিক এবং বাধ্যতামূলক শিক্ষা আমরা চালু করব। কিন্তু খুব দুঃখের সঙ্গে আমরা দেখলাম ১৯৬১ সালে শিক্ষার হার ৩৪.৪৬ শতাংশ হয়েছে। আমি নিজে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ছিলাম। আমরা লক্ষ করেছি ৬৬ সালেও হয়নি। আমাদের দীর্ঘদিনের দাবী ছিল — কেন্দ্রীয় বাজেটের শতকরা ১০ ভাগ এবং জাতীয় আয়ের শতকরা ৬ ভাগ শিক্ষা খাতে ব্যয় করতে হবে। কিন্তু আমরা খুব দুঃখ এবং লজ্জার সঙ্গে লক্ষ্য করলাম যে, এখানে কংগ্রেসী বন্ধুরা সেসব বললেন না। ১৯৬৬ সালে ৫ টাকা ডি.এ.-র জন্য আমাদের এক মাস আন্দোলন করতে হয়েছিল। পশ্চিমবাংলার প্রায় ৯৫ ভাগ শিক্ষকের নেতৃত্বে ছিলেন সত্যপ্রিয় রায় এবং অনিলা দেবী। শুধু কলকাতা নয়, সারা পশ্চিমবাংলা থেকে ধ্বনি উঠেছিল — নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতি থেকেও — শিক্ষা এবং শিক্ষক বিরোধী সরকারকে উৎখাত করো। তার ফলে আমরা দেখেছি ১৯৬৭ সালের নির্বাচনে তারা শুধু পশ্চিমবাংলা থেকেই নয়, সারা ভারতবর্ষ থেকে উৎখাত হয়েছিল এবং অ-কংগ্রেসী সরকার গঠিত হয়েছিল। আজকে শিক্ষা সম্বন্ধে আপনারা এত কিছু বলছেন, কিন্তু ভুলে গেলেন কি যে, ১৯৭১-৭২ সালে কি নৈরাজ্য চলেছিল, কি অবাধ টোকাটুকি চলেছিল? কবে শিক্ষকরা বেতন পাবেন, কবে ফল প্রকাশ হবে, তার কোন ঠিক ছিল না। ১৯৭৫ সালের ২৫ শে জুন গভীর অন্ধকারে শিক্ষাকে রাজ্য তালিকা থেকে যৌথ তালিকার মধ্যে নিয়ে যাওয়া হ'ল এবং তার ফলে তার গুরুত্ব যেমন হ্রাস পেল, তেমনি কেন্দ্র-রাজ্য সম্পর্কের ক্ষেত্রে যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে তাদের পাওনা-গন্ডা, সেদিকে ভ্রূক্ষেপ করা হ'ল না। কংগ্রেস আমলে মাধ্যমিক বিদ্যালয়ের যে প্রতিবন্ধকতা ছিল, এখন আমরা সেগুলি কাটাতে পেরেছি। আমরা ত্রিস্তর পঞ্চায়েতের মাধ্যমে ভূমি সংস্কার করেছি। ১৫ লক্ষ কৃষক পরিবারকে ভাগচাষী রেকর্ড করা হয়েছে। আজকে সেই সমস্ত পরিবারের ছেলে মেয়েরা প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে পড়াশোনা

করছে। শহরের বন্ধুরা গ্রামের খবর জানেন না। আগে গ্রামের ছেলেমেয়েরা বই কিনতে পারত না। এখন তাদের সেই ব্যবস্থা করা হয়েছে। কৃষকদের পরিবারের, প্রান্তিক চাষির ছেলেমেয়েদের মাসে ৩ কেজি চাল দিয়ে মিড-ডে মিলের ব্যবস্থা করা হয়েছে। আজকে গ্রামে গঞ্জের বিদ্যালয়গুলিতে ছাত্ররা উপচে পড়ছে। কেন্দ্রীয় সরকার দুটো মূল স্তম্ভের উপর দাঁড়িয়ে শিক্ষানীতি ঘোষণা করছে। একটা হচ্ছে বেসরকারীকরণ, আর একটা হচ্ছে গৈরিকীকরণ। শুধু তাই নয় উত্তরপ্রদেশ থেকে শুরু করে সব জায়গায় নতুন প্রজন্মের শিশুদের শেখানো হচ্ছে তাজমহল সমুদ্রগুপ্ত করেছে। কুতুব মিনারের নাম বিষ্ণু স্তম্ভ দেওয়া হয়েছে। মানুষের দৃষ্টিভঙ্গিকে অন্যদিকে নিয়ে যাওয়ার জন্য চেষ্টা করা হচ্ছে। শিশুদের মনে সাম্প্রদায়িকতার বাতাবরণ তৈরী করার চেষ্টা করা হচ্ছে। এর মধ্য দিয়েই আমরা পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছি। সারা ভারতের মানচিত্রে কংগ্রেসী জমানায় যখন দ্বাদশ স্থানে ছিলাম, তখন আজকে আমাদের এই ৫ জন শিক্ষামন্ত্রীর অনলস প্রচেষ্টায় ভারতবর্ষের মধ্যে তৃতীয় স্থানে পৌঁছাতে পেরেছে। বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পের টাকা দিয়ে বিদ্যালয়গুলির পরিকাঠামোকে উন্নত করা হচ্ছে। হায়ার সেকেন্ডারীতে ছাত্র ভর্তির সমস্যা হচ্ছে পরিকল্পিত সমস্যা। নামীদামি শহরকেন্দ্রিক স্কুলগুলিতে ছাত্র ভর্তি করার সময় চিরকালই এই সমস্যা ছিল। এখনও ঘটছে। এমন স্কুল আছে, যেখানে ১০, ১৫, ২০ জন করে ছাত্রছাত্রী আছে। এইকটি কথা বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4.00–4.10 p.m.]

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষা দপ্তরের ১৩, ১৪, ১৫ এবং ৫১ নম্বর অভিযাচনে ২০০৩ এবং ২০০৪ সালের যে ব্যয়বরাদ্দ মঞ্জুরীর জন্য পেশ করা হয়েছে আমি তার বিরোধিতা করছি এবং আমাদের আনা যে কাট মোশনের সমর্থন করে আমি আমার সংক্ষিপ্ত বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সবচেয়ে বেশী যে বিষয়টা নিয়ে এখানে কথা বলা হয়েছে তা হল মাস এডুকেশন সর্বশিক্ষা ব্যবস্থা। এই কথা সত্যি যে, এই শিক্ষাব্যবস্থার জন্য অনেক টাকা বরাদ্দ করা হচ্ছে। কেন্দ্রীয় সরকার এই সর্বশিক্ষা অভিযানে সাহায্য করছেন। তারা এই কথা বলছেন যে, ২০১০ সালের মধ্যে সকলকে একটা জায়গায় নিয়ে যেতে হবে। এই কথা তারা বলেছেন কিন্তু দুঃখের বিষয় হল যে, যে প্রচার হয়েছে যে আলোচনা হয়েছে সেটা অত্যন্ত ভালো। পরবর্তী পর্যায়ে আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি সর্বশিক্ষা অভিযানের মধ্যে একটা দলের সংকীর্ণতা থাকার ফলে সর্বক্ষেত্রে যে সফল হওয়ার কথা ছিল সেইভাবে সফল হচ্ছে না এবং আমরা দেখছি অধিকাংশ ক্ষেত্রে যে টাকাপয়সাগুলো খরচ হচ্ছে সেই টাকাটা নিতান্তই কিছু সেমিনার, কিছু আমলাতান্ত্রিক বন্দোবস্ত এই ধরনের শোভাযাত্রার মধ্যে বা অন্য কিছুর মধ্যে সীমাবদ্ধ থাকছে। মাননীয় মন্ত্রীমহাশয়, আপনার কাছে আমি আবেদন করছি যে আপনি স্টক টেকিং করেছেন এই খাতে কত টাকা খরচ হয়েছে। এতদিন ধরে যে বন্দোবস্ত চলছে সেই বন্দোবস্তের ফলে কোন কোন জেলা অধিকাংশ ক্ষেত্রে উপকৃত হয়েছে। যে রিপোর্টগুলো আসছে সেই রিপোর্ট আপগ্রেড করে কোনরকম একটা পরিক্ষণের ব্যবস্থা করে কি আপনি দেখছেন যে এই বন্দোবস্ত সঠিক কিনা এবং আমরা এগিয়ে যাচ্ছি কিনা। আমার নিজের ধারণা এই সর্বশিক্ষা অভিযানকে কেন্দ্র করে একটা বিশেষ রাজনৈতিক

দলের নিজস্ব পরিকাঠামোর মধ্যে সীমাবদ্ধ করে রাখা হয়েছে। যার ফলে এর গতি আর বেশী করে বাড়ছে না। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে একটি আবেদন রাখছি। আপনি আদিবাসীদের শিক্ষাদানের কথা বলেছেন। আপনিও পশ্চিম মেদিনীপুরে মানুষ, আপনি বলেছেন আদিবাসী অধ্যুষিত এলাকায় সেখানে শিক্ষার প্রসার ঘটানোর চেষ্টা করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভায় দাঁড়িয়ে আমি এই কথা বলতে চাই যে, এই ব্যাপারে সঠিক বন্দোবস্ত গ্রহণ করা হচ্ছে না। গতবারও বলেছিলাম যে এই সমস্ত মানুষ যারা বিদ্যালয়ের সঙ্গে সংযুক্ত না, যারা প্রথাগত শিক্ষার সঙ্গে যুক্ত না তাদের বেশী করে এই বন্দোবস্তের মধ্যে যাতে আনা যায় তার ব্যবস্থা করা দরকার কিন্তু আমার নিজের অভিজ্ঞতায় যা দেখেছি তাতে করে আদিবাসী তফশিলী জাতির লোকদের জন্য এই বন্দোবস্ত সঠিকভাবে এগোচ্ছে না এবং এটা একটা আমলাতান্ত্রিক ব্যবস্থার মধ্যে রয়ে গেছে। কিছুদিন আগেও বলেছিলাম যে অনেক এন.জি.ও আছে যারা আপনাদের একান্ত অনুগত, আপনাদের রাজনৈতিক দলের সঙ্গে তাদের যোগাযোগ আছে। আপনারা তাদের জন্য কাজ করেন। বঙ্গীয় শিক্ষা প্রসার সমিতি বলে একটা এন.জি.ও পশ্চিমবাংলায় যার সভাপতি হলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু এবং কার্যকরী সভাপতি যিনি সমস্ত ব্যাপারটা দেখাশোনা করেন, দেখভাল করেন তিনি আমাদের এই কক্ষের সঙ্গে যুক্ত নন বলেই আমি তাঁর নাম উল্লেখ করতে পারছি না। আপনারা এই বঙ্গীয় সাক্ষরতা প্রসার সমিতিকে অনেক বেশি টাকা বরাদ্দ দিয়ে থাকেন। কলকাতায় ১ হাজার স্কুলকে দেওয়াল লিখন করার জন্য আপনারা এদের টাকার বন্দোবস্ত করেছেন, এর জন্য মঞ্জুরী দিয়েছেন। আমার মনে হয় শুধু এই প্রতিষ্ঠানগুলিই নয় আরও অনেক প্রতিষ্ঠান আছে যে সব এন.জি.ও.গুলি আপনাদের সাথে যুক্ত তাদের মঞ্জুরী দেন এবং তাদের দিয়ে অনেক বেশি টাকা খরচ করানোর বন্দোবস্ত করেন। আমাদের দেশে নারীশিক্ষার হার কম, সেই দিক থেকে ভীষণভাবে প্রচার করে তাদের শিক্ষার আলোয় টেনে আনবে এরা। সেই দিক থেকে আপনাদের এই মাস এডুকেশান সিসটেম বা সর্বশিক্ষা অভিযান-এ বালক অথবা বালিকা যারা ফর্মাল এডুকেশানের সঙ্গে যুক্ত তাদেরকে টেনে আনতে ব্যর্থ হয়েছেন। এ ব্যাপারে তৎপর না হলে, এ ব্যাপারে ভিজিলেন্স না যদি থাকে তাহলে পরবর্তীকালেও আপনারা ব্যর্থ হবেন। প্রাথমিক শিক্ষা সম্বন্ধে অনেক কথা আমার আগের বক্তারা বলেছেন। আমি বলতে চাই অনেকগুলি কারণে প্রাথমিক শিক্ষা পিছিয়ে পড়েছে। মাননীয় শিক্ষামন্ত্রী আপনি নিশ্চয়ই জানেন আমাদের এখানে জায়গা আছে যেখানে স্কুল খোলা দরকার। আবার অনেক জায়গা আছে যেখানে স্কুল উঠে গেছে। হাওড়ায় অনেক স্কুল উঠে গেছে, কলকাতায় অনেক স্কুল উঠে গেছে। কলকাতায় ৮৪ টা স্কুল এবং হাওড়াতে ৭০ টি স্কুল উঠে গেছে। তার কারণ সেখানে ছাত্র নেই। কিন্তু কেন ছাত্র নেই? মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রী আপনি কি এর তদন্ত করে দেখেছেন কেন উঠে যাচ্ছে? মাননীয় দেবপ্রসাদ সরকার বলেছেন ইংরাজী শিক্ষা তুলে দেওয়ার জন্য এবং প্রাথমিক স্তরে পাশ-ফেল প্রথা তুলে দেওয়ার ফলেই কলকাতা এবং হাওড়ায় এই সমস্ত স্কুলগুলি উঠে গেছে। সেখানে দু-জন ছাত্র-ছাত্রী আছে, দু-জন শিক্ষক আছে, তার ফলে এই স্কুলগুলি তুলে দেওয়া ছাড়া আপনাদের আর কিছুই করার নেই। আমি আরেকটা কথা বলতে চাই আপনারা শিক্ষক শিক্ষণের যে ব্যবস্থা করেছেন তার অনেকগুলি ব্যাপার আছে যেগুলি আমি আর আলোচনা করছি না তার পুনরাবৃত্তি হবে বলে। শিক্ষক শিক্ষণে বর্তমান যে অবস্থা তাতে দেখছি ৫৮ টা প্রতিষ্ঠান আছে যেগুলি সরকারী এবং সরকারী সাহায্যপ্রাপ্ত এবং অনুমোদিত। সেখানে যে ধরনের বন্দোবস্ত

চালু করা উচিত ছিল সেটা হয় নি। এর পরেও আপনি আরও ৩৭ টা বেসরকারী এন.জি.ও.-দের দ্বারা পরিচালিত সংস্থাকে শিক্ষক শিক্ষণ দেওয়ার কথা বলেছেন। আমার অনুরোধ আপনার সরকারী বন্দোবস্তে যেগুলি আছে সেগুলির কি সঠিকভাবে পর্যালোচনা করেছেন? আপনি দেখেছেন কি এদের পরিকাঠামোগত অসুবিধা আছে কিনা? কত ছাত্রছাত্রী এখান থেকে বেরোচ্ছে? আপনি বেসরকারী হাতে এর বন্দোবস্ত তুলে দিতে চাইছেন। আপনাদের টেন্ডেন্সিই হচ্ছে বেসরকারী বন্দোবস্তকে এক দিকে নিন্দা করবেন আবার আপনাদের দপ্তরেই তাদের অনুপ্রবেশ ঘটাবেন। আপনি ৩৭ টা এন.জি.ও.-কে বলেছেন তোমরা শিক্ষক শিক্ষণের বন্দোবস্ত করো, আমরা অনুমোদন দেব। এরা যেমন অনেক টাকা নেবে ভর্তির সময়, পরীক্ষার সময় বা অন্যান্য সময়। এদের জন্য কোন গাইড লাইন তৈরী করেছেন কি যে এরা আপনাদের কথা শুনে চলবে। মাননীয় শিক্ষামন্ত্রী এখানে আছেন — যেমন ভাবে আজকে বেসরকারী ইঞ্জিনিয়ারিং কলেজগুলি তারা টাকা নিয়ে ভর্তি করে এবং সরকারের থেকে অনেক বেশী টাকা নিয়ে তারা ভর্তি করে থাকে এবং পরবর্তীকালে পরীক্ষার সময় এবং বিভিন্ন সময় টাকা নিচ্ছে। আমি বলতে চাই এই যে শিক্ষক শিক্ষণের যে বন্দোবস্ত করছেন এটাও কিন্তু সেই রকমই হবে। আমি একটা বিশেষ ঘটনা মাননীয় শিক্ষামন্ত্রীর সামনে তুলে ধরছি। আপনি দয়া করে এই প্রশ্নের উত্তর দেবেন এবং এটা একটু বিবেচনা করবেন। প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকেরা সি. পি এফের আওতায় তাঁরা দাবী করেছিলেন শিক্ষালয়ের চাকরীর মেয়াদ ৬৫ বছর চান, তাদের অনেকেই জি. পি. এফে অপশন দিয়েছিলেন।

[4.10–4.20 p.m.]

কিন্তু পরবর্তী পর্যায়ে যখন ৬৫ না হয়ে ৬০ হ'ল ওই শিক্ষকরা এমন অবস্থায় পড়ে গেলেন যে তাদের আর সি. পি. এফ থেকে জি. পি. এফে নিয়ে যাওয়ার বন্দোবস্ত হ'ল না। আজকে তার ফল ওরা ভোগ করছেন। ওদের সংখ্যা কত? আপনিও মন্ত্রী মহাশয় বিদ্যালয়ের প্রধান শিক্ষক ছিলেন, আপনার এই বিষয় দেখা উচিত। প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের যে বন্দোবস্ত তার ফলে কি অসুবিধা হচ্ছে একটু দেখুন। অথচ আপনার দপ্তর থেকে যে সার্কুলার বেরিয়েছিল তাতে মাদ্রাসা বিদ্যালয়ের শিক্ষক এবং অধ্যাপকদের সেই সুযোগ দেওয়া হয়েছিল। আমি বক্তব্যের শেষে এটা (দেখে পড়ছিলেন) আপনাকে দেব। এতে দেখা যাচ্ছে 'ডেপুটি সেক্রেটারি টু দি গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল' ১২-ই ফেব্রুয়ারি ২০০১ তারিখে যে সার্কুলার বের করেছেন তাতে বলা হয়েছে 'হ্যাঁ, এরাও সি. পি. এফ থেকে জি. পি. এফ' এ যেতে পারবে'। কিন্তু তারা সেই সুবিধা না পেয়ে আজকে রাস্তায় বসতে বাধ্য হয়েছেন। আজকে তাদের অর্থনৈতিক অবস্থা খুব খারাপ হয়ে পড়েছে। এ ব্যাপারে শিক্ষক সংগঠন, এমন কি এ.বি.টি.এ., এ.বি.পি.টি.এ. — তারা সবাই একমত। এই বন্দোবস্ত করা উচিত। তারা বারবার আপনার কাছে গেছেন। সহৃদয়তার সঙ্গে যদি এটা দেখেন তাহলে তাঁরা সুযোগটা পেতে পারেন। এ ব্যাপারটা দেখতে আমি আপনাকে অনুরোধ করছি।

মাননীয় শিক্ষামন্ত্রী জানেন যে, শিক্ষকরা ঠিক সময় মত বেতন পান না। বর্তমানে একটা ব্যবস্থা হয়েছে 'কমিউটেশন অফ পেনশন'। যেটা ৪০ শতাংশ দেওয়া হচ্ছে না এবং গ্রাচুইটির টাকাও দেওয়া হচ্ছে না। এ ব্যাপারটা আপনাকে দেখতে অনুরোধ করব। আপনি এখনও পর্যন্ত এ ব্যাপারে

কিছু করেন নি। আজকে যে আমি শুধু বিদ্যালয়ের বন্দোবস্তের কথা বলছি তা নয় বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির পক্ষ থেকেও একই কথা বলা হয়েছে।

বর্তমানে শিক্ষার সিলেবাস, প্রাথমিক স্তরে যেটা আছে, পর্ষদ স্বীকার করলে সবচেয়ে ভালো হ'ত, তারা বলছে না, আমি মনে করি আপনি পুনর্বিবেচনা করুন এবং প্রয়োজন হলে পরিবর্তন করবেন। আপনারা বলেন বর্তমান অবস্থার মধ্যে অনেক দূর এগিয়ে গেছেন। কিন্তু যে শিক্ষা ব্যবস্থাকে আগে আমরা দেখেছি, কংগ্রেস আমলে দেখেছি তার থেকে আপনারা পিছিয়ে দিয়েছেন। সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ শিক্ষা ক্ষেত্রে আজকে ১৮-তম স্থানে পৌঁছে গেছে।

এবারে ড্রপ আউটের একটা উদাহরণ দিচ্ছি। কেন্দ্রীয় শিক্ষাদপ্তর বলেছে ক্লাস ওয়ান থেকে ক্লাস এইট পর্যন্ত ছাত্র-ছাত্রীদের সর্বভারতীয় ক্ষেত্রে ড্রপ আউটের হার ৫৪.৩ শতাংশ। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এই হার ৭০.৮৮ শতাংশ। আবার, ক্লাস এইট থেকে ক্লাস টেন-এর ছাত্র-ছাত্রীদের মধ্যে এই ড্রপ আউটের হার সর্বভারতীয় ক্ষেত্রে ৬৮.২৮ শতাংশ। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এই ড্রপ আউটের হার, যারা কিনা পড়তে পড়তে পড়া ছেড়ে চলে গেছে, তাদের সংখ্যা ৮২.০৬ শতাংশ। সুতরাং আমরা বুঝতে পারছি যে আমাদের রাজ্যে ড্রপ আউট বাড়ছে। কিন্তু এ বিষয়ে শিক্ষা দপ্তর মাথা ঘামাচ্ছে না, তারা ভবিষ্যতে কি ভাবে এগবেন তার বন্দোবস্ত করছেন না।

এবারে আমি একটা মারাত্মক বিষয়ে উল্লেখ করব। আপনারা সিলেবাসে একটা অবৈজ্ঞানিক পরিবর্তন করতে চলেছেন। শিক্ষা ক্ষেত্রে বি. জে. পি-র গৈরিকীকরণের আপনারা নিন্দা করেছেন, আমিও নিন্দা করেছি। কিছুক্ষণ আগে বামফ্রন্টের একজন মাননীয় সদস্য বলছিলেন 'ব্রাহ্মণ, পুরোহিত', ইত্যাদি। আমরা একমত, আমরাও নিশ্চয় এগুলো সমর্থন করি না। কিন্তু আপনারা এখানে পঞ্চম থেকে অষ্টম শ্রেণীর জন্য যে সিলেবাস আনছেন তা কি গৈরিকীকরণের জায়গায় 'লৌহিতীকরণে'র মানসিকতা নিয়ে চলছে।

একটা উদাহরণ দিচ্ছি। আপনারা বলেছেন 'চলিত ভাষায়' পড়া হবে। 'সাধু ভাষায়' পড়া হবে না। আপনাদের কাছে জিজ্ঞাসা করি আপনারা রবীন্দ্রনাথকে মানেন? ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের নামে প্রচার করতেন। আবার, বঙ্গীয় সাক্ষরতা প্রসার সমিতির কার্যকরী সভাপতি আমেরিকা যাচ্ছেন। নিমাই, চৈতন্যের কথা বলবেন, রবীন্দ্রনাথের কথা বলবেন, নজরুলের কথা বলবেন, কেশব সেনের কথা বলবেন। সংবাদপত্রে আমি দেখেছি, চলিত ভাষা আপনারা ব্যবহার করবেন কোনখানে? ক্লাস-সিক্স থেকে ক্লাস-এইট্ পর্যন্ত আপনারা রবীন্দ্রনাথকে পড়াবেন না, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে পড়াবেন না — ওখানে সাধু ভাষা ব্যবহৃত হচ্ছে। তাহলে ব্যাপারটা কোন জায়গায় গিয়ে দাঁড়াবে? আপনাদের সদস্যরা রাজা রামমোহন রায়ের কথা বার বার বলছিলেন। রাজা রামমোহন রায় থেকে যদি এনে ছাত্রদের পড়াতে হয়, জানাতে হয় তাহলে আপনারা কি করে পড়াবেন? দ্বিতীয় কথা হচ্ছে, প্রথমেই সাধু ভাষা কি, চলিত ভাষা কি — এ বিষয়ে ছাত্র-ছাত্রীদের জানার প্রয়োজন আছে। স্যার, ক্লাস-সিক্স থেকে ক্লাস-এইট্ এই বয়স ভীষণ মারাত্মক বয়স, এই সময়ে তারা শেখে, তারা যদি কোনটা সাধু ভাষা, কোনটা চলিত ভাষা — এর পার্থক্য বুঝতেই না পারে তাহলে কি অবস্থা দাঁড়াবে? তাহলে একদিকে বলবেন রবীন্দ্রনাথ, একদিকে বলবেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, একদিকে

বলবেন রাজা রামমোহন রায়, একদিকে বলবেন নজরুল ইসলাম, এমনকি কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের এমন অনেক রচনা আছে সেগুলো পড়াতে গেলে সাধু ভাষার সম্পর্ক তার সঙ্গে থাকা দরকার। আপনারা কেন তুলে দেবেন এটা বুঝতে পারছি না। এই ধরনের বন্দোবস্ত অবিলম্বে বন্ধ করতে হবে এবং এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য আমি মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। ইতিহাস — ইতিহাস প্রসঙ্গে বলতে এসে আমি এন. ডি. এ.-এর যে বি.জে.পি. সরকার তার শিক্ষানীতির তীব্র সমালোচনা করেছি আগে। আবারও বলছি, আপনারা কি সেই একই পথ গ্রহণ করছেন? ইতিহাসের কথা বলতে গিয়ে আপনারা বলেছেন তথাকথিত মেকি বামপন্থার কথা, তাদের ইতিহাসকে আপনারা তুলে ধরার চেষ্টা করেছেন। যেমন আমি বলছি — ক্লাস-সিক্স থেকে ক্লাস-এইট্ পর্যন্ত আপনি ইতিহাস পড়াতে গিয়ে কোন বিপ্লবের কথা বলছেন? আমাদের দেশের স্বাধীনতা সংগ্রামের কথা বলছেন না, উন্নত ভারতবর্ষ, যে ভারতবর্ষ ২০০ বছর পরাধীন থাকার পর ইংরেজকে তাড়ানোর জন্য ক্ষুদিরাম থেকে মহাত্মা গান্ধী, নেতাজী সুভাষচন্দ্র বসু এবং আরও অনেকে সংগ্রাম করেছিলেন, অথবা তথাকথিত অন্যান্য বিপ্লবগুলি সংগঠিত হয়েছে — আপনারা চান না ক্লাস-সিক্স থেকে ক্লাস-এইট-এর ছাত্র-ছাত্রীরা তারা এগুলো জানুক। আপনারা কি বলছেন? আপনারা বলছেন, 'আমরা রুশ বিপ্লবের কথা পড়াবো। আপনারা কি বলছেন? আপনারা বলছেন, 'আমরা ফরাসী বিপ্লবের কথা পড়াবো।' মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়, আপনি তো শিক্ষক ছিলেন, দয়া করে আপনি বলুন, সংখ্যাগরিষ্ঠতার জোরে আবার একই সঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয় বলবেন। আপনারা ইয়েস বলবেন, আমরা নো বলব, অথবা যদি কোন আপত্তি থাকে তাহলে আমরা 'নো' বলব, আর আপনারা 'ইয়েস' বলবেন। এখানেই কি শেষ? রুশ বিপ্লবের কথা জানবে ক্লাস-সিক্স থেকে ক্লাস-এইট্-এর ছাত্র-ছাত্রীরা, ফরাসী বিপ্লবের কথা জানবে ক্লাস-সিক্স থেকে ক্লাস-এইট্-এর ছেলে-মেয়েরা। আমাদের দেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস, আমাদের দেশের পুরোনো ইতিহাস — সেই ইতিহাসের কথা এরা জানবে না। এটা কি করে হয়? আপনি এটা বলবেন। আপনি বলেছেন, সাম্যবাদী আন্দোলনের ইতিহাসের কথা। সাম্যবাদী আন্দোলনের ইতিহাসের কথা বলতে গিয়ে আপনি কার্ল মার্কসের কথা বলবেন কিনা জানি না। আপনি ডায়লেক্টিক্ মেটেরিয়ালিজম্-এর কথা বলবেন কিনা জানি না — আমি আপনার কাছে জানতে চাইছি। আজকে আমি আপনাকে বলেছি যে, আপনি এগুলো নিশ্চয় বন্দোবস্ত করবেন। ভূগোলের ক্ষেত্রে আপনি বলেছেন যে, 'আমরা শুধু পশ্চিমবাংলাকে বলবো, তার পরেই আমরা চলে যাব বিদেশে।' অর্থাৎ ভারতবর্ষের অন্য কোন রাজ্যের পরিবর্তন বা ভারতবর্ষের অন্য কোন রাজ্য সম্পর্কে আপনাদের জানার কোন আগ্রহ নেই — এই ধরনের বন্দোবস্ত করেছেন। অঙ্কের সম্পর্কে আমি জানি না। আমি আপনাকে লাইব্রেরি সম্পর্কে একটা কথা বলছি। মাননীয় নিমাই বাবু আপনি আছেন, লাইব্রেরি সম্পর্কে আপনার বাজেট অনেক কমে যাচ্ছে। লাইব্রেরিতে আরও বেশী করে পড়ুয়াদের টানবার জন্য আমি বার বার বলেছি। শিশুদের ক্ষেত্রে উপযোগী বই, কিশোরদের ক্ষেত্রে উপযোগী বই এবং অন্যান্য ক্ষেত্রে উপযোগী বইগুলো আপনাকে সৃষ্টি করতে হবে। কিছুক্ষণ আগে মাননীয় শ্রী ব্রহ্মময় নন্দ মহাশয় বলছিলেন যে, উত্তরপাড়ার জয়কৃষ্ণ পাঠাগার — পাবলিক লাইব্রেরি — এটাকে 'এ' গ্রুপে নিয়ে যাওয়ার দরকার। আপনাকে আমি একথা বলেছি যে, আমাদের এখানে

এমন লাইব্রেরি বাজেটের ব্যবস্থা হয়েছে যে, স্টেট সেন্ট্রাল লাইব্রেরির টেলিফোনের কানেকশন পর্যন্ত কেটে দেওয়া হয়েছে। এই যদি বন্দোবস্ত হয় তাহলে আপনি কি পারবেন, আগামীদিনে আপনার লাইব্রেরিকে সঠিক জায়গায় নিয়ে যেতে? আপনাকে আরও বিস্তার ঘটাতে হবে, শুধুমাত্র লাইব্রেরি নয়, শুধুমাত্র ডিস্ট্রিক্ট গ্রন্থাগার — এদের উপর নির্ভর করলে চলবে না। আপনাকে যেটা চেষ্টা করতে হবে সেটা হচ্ছে যে, এগুলো যাতে সুন্দরভাবে চলে তার জন্য আপনাকে বন্দোবস্ত করতে হবে। মাননীয় টেকনিকাল এডুকেশন মিনিস্টার শ্রী মহম্মদ সেলিম সাহেব, আপনি উদ্যোগী পুরুষ, আপনি চেষ্টা করছেন যাতে করে এই বন্দোবস্ত করা যায়। আমি আপনাকে বলছি, আগে টেকনিক্যাল এডুকেশন নিলে একটা সম্ভাবনা থাকতো, অন্তত নিজেও সে কিছু করে খেতে পারবে। আজকে আপনি টেকনিক্যাল এডুকেশনের যে বন্দোবস্ত করছেন, আপনি কম্পিউটার পর্যন্ত আনছেন, যদিও সেই দপ্তরের আলোচনা আজকে হচ্ছে না।

[4.20–4.30 p.m.]

কিন্তু সেই কম্পিউটারকে ইনট্রোডিউস করার চেষ্টা করছেন। আমি আপনাকে বলছি যে, আরও বেশী করে আপনি টেকনিক্যাল এডুকেশানে ভর্তি হওয়ার জন্য সরলীকরণ করণ এবং আজকে আরও ব্যবহার করার চেষ্টা করুন। আপনি বেসরকারী অনেক প্রতিষ্ঠানের উপর নির্ভরশীল হয়েছেন, কেন তা আমি জানি না। তবে আমি আপনাকে বলব যে এই বেসরকারী, সরকারী সিলেবাসটাকে রেকগ্নেশন অনুযায়ী যাতে একই ছাতার তলায় আনা যায়, যাতে একই আমব্রেলার তলায় আনা যায় সেই চেষ্টা আপনি করবেন। আজকে টেকনিক্যাল এডুকেশানের ছেলেমেয়েরা চাকরি পাচ্ছে না। তাই তারা যাতে পরবর্তী পর্যায়ে নিজেরা স্বরোজগার করে নিজেদের জীবন নির্বাহ করতে পারেন সেটা লক্ষ রাখবেন। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি, আজকে যে বাজেট এখানে প্লেস করা হয়েছে মাননীয় কলেজ শিক্ষামন্ত্রী আছেন, আজকে কলকাতা বিশ্ববিদ্যালয়ে আড়াইশত-এর মত শিক্ষক কম আছে, তাই কলেজগুলিকে আরও উন্নত করতে হবে, আরও কলেজ তৈরি করতে হবে। তাই আমি আপনাকে অনুরোধ করব এই সমস্ত বিষয়ে বিচার বিবেচনা করে শিক্ষক, অধ্যাপক নিয়োগ করে আরও বেশি কলেজ করার দিকে আপনি নিশ্চয়ই নজর দেবেন। তাই এই ৪টি বিভাগের ব্যয়-বরাদ্দের তীব্র বিরোধিতা করে আমাদের দলের এবং বিরোধী দলের কাট মোশানগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রীমতী ইভা দে : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষা খাতে ব্যয় বরাদ্দের যে প্রস্তাব এখানে উপস্থাপিত করা হয়েছে, আমি তাকে পূর্ণ সমর্থন করে বিরোধীদের কাট মোশানকে বিরোধীতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এবারে পঞ্চায়েত নির্বাচনের জন্য গ্রামাঞ্চলে বই যেতে দেরি হয়েছে। আমরা বিগত বছরগুলিতে এবং বর্তমান শিক্ষাবর্ষে রাজ্যের প্রতিটি জেলাতে ১ম শ্রেণী থেকে ৫ শ্রেণী পর্যন্ত বিনামূল্যের বই সরবরাহ করেছি। শিশু শিক্ষাকেন্দ্রগুলিতে বই দেওয়া হয়েছে। এ বছরে বাংলা, হিন্দী, উর্দু, নেপালী এবং সাঁওতালী ভাষায় প্রকাশিত ৮৪টি শীর্ষক প্রায় ৫ কোটি ৪০ লক্ষ বই ছাপানো হয়েছে এবং অন্যান্য বছরের মত এবছরেও আন্দামান দ্বীপপুঞ্জে বাংলায় পাঠরত ছাত্র-ছাত্রীদের বই দেওয়া হয়েছে। আপনি জানেন যে, মধ্যাহ্নকালীন আহার প্রকল্পে

এবছরেও আমাদের যারা চাল পেয়েছে তারা ৩ কেজি চাল পেয়েছে মাসে। এই চাল যারা পেয়েছে তাদের সংখ্যা প্রায় ৯৭ লক্ষ ৬৪ হাজার ১ শত ১ জন। বর্তমান শিক্ষাবর্ষে মহামান্য সুপ্রিম কোর্টের আদেশে আমাদের প্রায় ৫টি জেলার ১১ শত স্কুলকে এই আওতায় আনা হয়েছে। ৭৬ হাজার ৫ শত ছাত্র-ছাত্রীকে প্রথম পর্যায়ে এই আওতায় আনা হয়েছে এবং দ্বিতীয় পর্যায়ে আরও ৪টি জেলার ৮ শত স্কুলকে এই আওতায় আনা হয়েছে। পরবর্তী সময়ে অন্যান্য স্কুলকে এই পর্যায়ে আনা হবে। উৎসাহ দানে আমাদের ছাত্রেরা বিশেষ করে জাতি, অর্থনৈতিক অবস্থা নির্বিশেষে সমস্ত ছাত্রীদের পোষশাক দেওয়া হয়েছে। বিগত বর্ষে আপনারা জানেন ২২ কোটি ৯৭ লক্ষ টাকা খরচ হয়েছে এর জন্য। এবং এ বছরে আমাদের আনুমানিক ব্যয় ধরা হয়েছে প্রায় ৩০ কোটি টাকা। ক্রীড়া বিষয়ে আপনারা জানেন আমাদের রাজ্যে বিশেষ করে আমাদের একটি উপযুক্ত ক্রীড়া বিদ্যালয় তৈরি করা হয়েছে ড. বি. আর. আম্বেদকারের নামে আমাদের উত্তর ২৪ পরগনা জেলার বাণীপুরে। এই বিদ্যালয়টি ৩ বছর চলছে। এই বিদ্যালয়ে যে ছাত্র-ছাত্রী আছে তারা ক্রীড়াতে সুনাম অর্জন করেছে এবং পশ্চিমবঙ্গের নাম উজ্জ্বল করেছে। এই বিদ্যালয়টি সম্পূর্ণ আবাসিক। এখানে থাকা, খাওয়া, চিকিৎসা, লেখাপড়া এবং তাদের খেলাধূলার সমস্তকিছু খরচ আমাদের পশ্চিমবঙ্গ সরকার বহন করে, এই শিক্ষাবিভাগ থেকে। এই রাজ্যের ছাত্র-ছাত্রীরা রাজ্য ও জাতীয় পর্যায়ে যে প্রতিযোগিতামূলক খেলাধূলা হয় সেখানে তারা খুব সুন্দরভাবে অংশগ্রহণ করে এবং তাদের জন্য আমাদের শিক্ষা খাতে অর্থ মঞ্জুর করা হয়েছে। আপনারা শুনে খুশি হবেন পশ্চিমবঙ্গ হচ্ছে একমাত্র রাজ্য — যে রাজ্যে খেলাধূলাটা প্রাথমিক স্তর থেকে রাজ্যস্তর পর্যন্ত এটাকে চালু করেছে। এই বছরে আরও একটি খেলাকে আমাদের রাজ্যের ছেলেমেয়েদের উৎসাহ দানের জন্য প্রাথমিকে এই খেলাটাকে এবারে সংযুক্ত করতে পেরেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমাদের রাজ্যেই খেলাটাকে প্রাথমিক স্তর থেকে জেলা স্তর এবং রাজ্যস্তর পর্যন্ত নিয়ে যাওয়া হয়েছে। আপনারা আরও খুশি হবেন যে আমাদের যে ক্রীড়া বিদ্যালয়, সেই ক্রীড়া বিদ্যালয়ে যে ছাত্রেরা আছে তারা ব্যাঙ্গালোরে যে অ্যাথলিট খেলাধূলা হয়ে গেল এবং কলকাতায় যে তিরন্দাজি খেলা হয়েছিল সেখানে তারা অসাধারণ সাফল্য অর্জন করে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যই একমাত্র রাজ্য, এখানে প্রতি বছর ১৫ জন ছাত্র এবং ১৫ জন ছাত্রীকে ক্রীড়া বিদ্যালয়ে ভর্তি করা হচ্ছে। এখন পর্যন্ত এ বিষয়ে একটা বিদ্যালয়ই হয়েছে। আগামী দিনে অন্য জেলাতেও এই ধরনের স্কুল করার জন্য আমরা চেষ্টা করব। পরিশেষে শিক্ষা খাতের ব্যয়-বরাদ্দের যে দাবি এখানে পেশ করা হয়েছে তাকে আর একবার সমর্থন জানিয়ে, বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রীমতী নন্দরাণী ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে ১৩, ১৪, ১৫ এবং ৫১ নং দাবির অধীন শিক্ষা খাতের যে ব্যয়বরাদ্দ উত্থাপন করা হয়েছে তার ওপর সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ মিলিয়ে ১১ জন মাননীয় সদস্য আলোচনায় অংশ গ্রহণ করেছেন। তাঁদের সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের যতগুলি সেবামূলক বিভাগ আছে তার মধ্যে অন্যতম জনশিক্ষা প্রসার বিভাগ। সাক্ষরতা অভিযান পরিচালনা, প্রতিবন্ধী ছেলে-মেয়েদের

শিক্ষাদান, সমাজ কল্যাণ হোম পরিচালনা, প্রথা-বহির্ভূত শিক্ষা প্রকল্প পরিচালনা এবং শ্রমিক বিদ্যাপীঠ পরিচালনা এই দপ্তরের কর্মসূচি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের রাজ্যে সাক্ষরতার হার বেড়েছে। সাক্ষরতা অভিযানের মধ্যে দিয়ে আমরা ৬৯.২২ শতাংশে পৌঁছেছি। সারা ভারতবর্ষের তুলনায় আমাদের রাজ্যে সাক্ষরতার হার বেশী। কিন্তু এতে আমাদের আত্মসন্তুষ্টির কোন অবকাশ নেই। বিগত বাজেট অধিবেশনে আমরা বলেছিলাম যে, আমাদের ৯টি জেলায় প্রবহমান সাক্ষরতা কর্মসূচী চলছে। এখন আরো ৪টি জেলা অনুমতি পেয়েছে প্রবহমান সাক্ষরতা কর্মসূচির। জেলাগুলি হ'ল — নদীয়া, মুর্শিদাবাদ, পুরুলিয়া এবং দক্ষিণ দিনাজপুর। এই কাজে ৬৭,৯৯২ জন মানুষ নিযুক্ত আছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সমাজ কল্যাণ শাখায় যে সমাজকল্যাণ আবাসগুলি আছে তাতে সাড়ে চার হাজার ছেলে-মেয়ে আছে। তাদের সমস্ত রকম দায়-দায়িত্ব এই দপ্তরকে বহন করতে হয়। এর সাথে সাথে প্রতিবন্ধী শিশু ও ছাত্র-ছাত্রীদের শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচির দায়-দায়িত্বও আমরা পালন করে থাকি। আমাদের মোট ১১৪ টি বহুমুখী প্রতিবন্ধী প্রতিষ্ঠান রয়েছে। তার মধ্যে ৩৯টি সরাসরি আমাদের সরকার পরিচালিত, ৩৮টি সরকারী সাহায্যপ্রাপ্ত এবং বাকি ৩৭টি প্রাতিষ্ঠানিক স্বীকৃতিপ্রাপ্ত। অধিকাংশ প্রতিষ্ঠানেই প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তিমূলক তথা কারিগরি কর্ম প্রশিক্ষণ ব্যবস্থা রয়েছে। আমাদের জনশিক্ষার এই সাফল্য আজ আর কারো অস্বীকার করার কোন উপায় নেই।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, আমাদের রাজ্যে পপুলেশন গ্রোথ কমেছে ৩.১০ শতাংশ হারে ১৯৯১ সাল থেকে ২০০১ সালের মধ্যে। সারা ভারতবর্ষে যে সমস্ত শিশুরা জন্ম গ্রহণ করছে — শূন্য থেকে ছয় বছর বয়সের — তাদের মধ্যে পুত্র সন্তানের হার (শিশুপুত্র) কন্যা সন্তান (শিশুকন্যা) হার অপেক্ষা বেশী। সারা ভারতবর্ষে শিশুকন্যার জন্ম হার কম — সারা ভারতবর্ষে যেখানে এটা ৯২৭, সেখানে পশ্চিমবঙ্গে ৯৬৩। এটাও আমাদের একটা সাফল্য। সাক্ষরতা আন্দোলনের এটা একটা অন্যতম সাফল্য। এ রকম আরো অনেক সাফল্য আছে। বিদ্যালয়ের ভর্তির ক্ষেত্রে আছে, বিজ্ঞানমনস্ক মানসিকতা গড়ার ক্ষেত্রে আছে, স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে আছে, জন্ম-মৃত্যু হারের ক্ষেত্রে আছে — দুটো হারই আমরা কমিয়ে আনতে সক্ষম হয়েছি। তথাপি আমাদের অনেক সমস্যা আছে।

মাননীয় সদস্যরা জানেন সারা ভারতবর্ষে যে উদারীকরণ এবং বিশ্বায়ন চলছে, যা কংগ্রেসের হাত ধরে এসেছিল এন. ডি. এ. সরকারের আমলে তা চূড়ান্ত জায়গায় গিয়ে পৌঁছেছে। এর ফলে সারা ভারতবর্ষের সমস্ত রাজ্যগুলিতে অর্থনৈতিক সংকট দেখা দিয়েছে। পশ্চিমবঙ্গ সরকার সেই সংকটের বাইরে নয়। স্বাভাবিকভাবেই আমরা একটা অর্থনৈতিক সমস্যার মধ্যে আছি। বিশেষ করে সমাজ কল্যাণ আবাস পরিচালনার ক্ষেত্রে আমাদের যথেষ্ট সমস্যা আছে। প্রতিবন্ধী শিশুদের ক্ষেত্রেও আমাদের সমস্যা আছে। সারা ভারতবর্ষের শেষ লোকগণনার হিসাবে আমরা দেখছি গোটা দেশে মোট জনসংখ্যার ৯ ভাগ প্রতিবন্ধী মানুষ।

[4.30–4.40 p.m.]

কিন্তু শিশু যারা আছে তাদের শিক্ষার আঙিনায় আনতে পারছি না। তাদের সাক্ষরতার হার তিন শতাংশ মাত্র। এই প্রতিবন্ধী শিশুদের সাহায্য করা দরকার। আমার দপ্তর ৮ হাজার ২ শো শিশুকে সাহায্য দিতে পারছে, আগামী দিনে প্রচেষ্টা আছে আরও কিছু করার। আমাদের প্রচেষ্টা আছে তিনটি জেলাকে সাক্ষরোত্তর কর্মসূচির মধ্যে আনার — মালদহ, দার্জিলিং, উত্তর দিনাজপুর। আশা করছি তিনটি জেলাকে নিয়ে আসতে পারবো। জলপাইগুড়ি এবং হাওড়ায় আমরা আশা করছি প্রবহমান শিক্ষা কর্মসূচির জন্য দিল্লির অনুমোদন পাব এবং সেগুলিকে একসাথে নিয়ে আসতে পারবো। প্রাথমিক শিক্ষার ব্যাপারে বিরোধীদলের সদস্যরা বললেন যে পরিকাঠামো নেই। ঠিকই তো। আপনারা যে পরিকাঠামো রেখে গিয়েছিলেন এবং যেভাবে শিক্ষার প্রসার ঘটিয়েছিলেন তখন তো আপনাদের আমলে গরিব ঘরের ছেলেমেয়েরা স্কুলে আসতো না কাজেই সমস্যাও হত না কিন্তু আজকাল অবস্থার অনেক পরিবর্তন ঘটে গিয়েছে, আজকাল গরিব ঘরের ছেলেমেয়েরাও শিক্ষার অঙ্গনে আসছে এবং সেইজন্যই এতো প্রাথমিক স্কুল করেও এবং শিশুশিক্ষা কেন্দ্র করেও স্থান সংকুলান করা যাচ্ছে না। আর আপনাদের অনুসৃত যে উদার নীতি এবং বিশ্বায়নের নীতি তার ফলে আর্থিক সংকট এতো তীব্র হচ্ছে যে অধিক সংখ্যায় পরিকাঠামোও করা যাচ্ছে না। বিরোধীদলের সদস্যরা এগুলি একটু অনুধাবন করলেই সব বুঝতে পারবেন কিন্তু তারা তা না করে শুধু বিরোধিতা করার জন্যই বিরোধিতা করে গেলেন। এই বলে সমস্ত কাট মোশানের বিরোধিতা করে, বাজেট প্রস্তাবকে সমর্থন করে, সকলকে ধন্যবাদ দিয়ে শেষ করছি।

শ্রী নিমাই মাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই বাজেট প্রস্তাবকে সমর্থন করছি এবং বিরোধী দলের পক্ষ থেকে যে সব কাটমোশান আনা হয়েছে সেগুলির বিরোধিতা করছি। মাননীয় তিন/চার জন সদস্য বক্তব্য রাখতে গিয়ে আমার গ্রন্থাগার দপ্তর সম্পর্কে কিছু বক্তব্য রেখেছেন, আমি সংক্ষেপে সেগুলির জবাব দেওয়ার চেষ্টা করছি। মাননীয় সদস্যরা যেসব বিষয় নিয়ে বলেছেন আমি তার মধ্যে অনেকগুলি বিষয়ে তাদের সঙ্গে একমত। মাননীয় সদস্য শিবদাসবাবু বলেছেন দ্বিজেন্দ্রলাল রায়ের বাস্তুভিটাতে যে গ্রন্থাগারটি আছে সেটির সংস্কার করা দরকার, সেটার আরও ভবনের দরকার। এ বিষয়ে মাননীয় সদস্যকে বলব, তিনি জানেন যে ওখানে জমিটি নিয়ে সমস্যা আছে। গ্রন্থাগারের জমিটি নিয়ে যে সমস্যা আছে সেটা আমি মেটাবার চেষ্টা করছি। এই প্রসঙ্গে বলি, যদিও আপনি এটা বলেন নি, কৃষ্ণনগর শহরে ১৫০ বছরের প্রাচীন যে গ্রন্থাগার বা পাবলিক লাইব্রেরীটি আছে তারও কিন্তু একই সমস্যা। আমরা চেষ্টা করলেও সেখানে ভবন নির্মাণের জন্য টাকা দিতে পারছি না। সেখানে একটি ট্রাস্টি বোর্ড আছে এবং সেই ট্রাস্টি বোর্ডের নামেই এ'জায়গাটি। আমি সেখানে বারবার গিয়েছি এবং বলে এসেছি যে এ'জায়গাটি গ্রন্থাগারের নামে লিখে দিন, আমরা চেষ্টা করি এটা বাড়াবার, এটা বাড়ানো দরকার। আমি আপনার সঙ্গে একমত যে নবদ্বীপে পুঁথি সংরক্ষণের ব্যাপারে আমরা খুব বেশী অগ্রসর হতে পারি নি। আমার ইচ্ছা আছে সেখানে যাবার পূজার আগে বা পরে — আপনাকেও ডেকে নেব — এসম্বন্ধে কিছু ব্যবস্থা করার, যাতে সেগুলি সংরক্ষণ করা যায়। এই সংরক্ষণের ব্যাপারে আমরা উৎসাহ দেব এবং সেদিকে এগিয়ে যাব। এ বছর এরজন্য আমাদের রাজ্যে দুটি গ্রন্থাগারকে আমরা ১৩ লক্ষ টাকা দিতে পেরেছি।

ব্রহ্মময়বাবু উত্তরপাড়া জয়কৃষ্ণ লাইব্রেরীর কথা বলেছেন। সেখানে ১০ লক্ষের বেশী টাকা আমরা দিয়েছি এবং কাজ শুরু হয়ে গিয়েছে। উত্তরবঙ্গের কুচবিহারে রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগার সেখানে অমূল্য সব পুঁথি আছে, সেখানে সেগুলির সংরক্ষণের জন্য সাড়ে ৩ লক্ষ টাকা দেওয়া হয়েছে এবং সেই কাজ শুরু হয়েছে। এ ছাড়া আপনারা জানেন যে আমাদের হুগলী জেলার বাঁশবেড়িয়াতে পুরানো একটি গ্রন্থাগার আছে। এর আগে আপনাদের সহযোগিতা নিয়ে সেখানে কাজ শুরু হয়েছে। অসিত মিত্র মহাশয় মাইক্রোফ্লিমিং-এর কথা বলছিলেন। আপনারা জানেন আমাদের এখানে দুটি ন্যাশনাল লাইব্রেরী আছে, সেখানে এই সমস্ত ব্যবস্থা আছে। এশিয়াটিক সোসাইটিতে এই ব্যবস্থা পুরোপুরি আছে। আমরা অনেক সময় সাহায্য নিই। আমাদের এখানে যে গ্রন্থাগারগুলো আছে, সরকারী গ্রন্থাগার কম, অধিকাংশই স্পনসরড লাইব্রেরী, যারা এখানে আছে যারা সাহায্য চান, যেমন ওনাদের ওখানে আছে রামায়ণ রচয়িতার নামে গ্রন্থাগার মাইক্রো ফ্লিম করেছে, সেটা এশিয়াটিক সোসাইটি করে দিয়েছে। আমরা সাহায্য নেওয়ার চেষ্টা করছি। আমাদের এখানে স্টেট সেন্ট্রাল লাইব্রেরী খোলা হয় নি, টাকা-পয়সার সাশ্রয় যদি করতে পারি নিশ্চয়ই করবো। ব্রহ্মময়বাবু খুব ভাল প্রস্তাব দিয়েছেন যে প্রাচীন গ্রন্থগুলো, খুব দুষ্প্রাপ্য গ্রন্থগুলিকে ওয়েবসাইডে আনবার জন্য। নিশ্চয়ই ভাল প্রস্তাব। আমরা ইতিমধ্যে এন.আই.সি-র সঙ্গে যোগাযোগ করেছি। তাঁরা কিছুটা আশ্বাস দিয়েছেন। আমি এই প্রসঙ্গে বলি, হাওড়া জেলা গ্রন্থাগার থেকে একটা পুস্তক ইতিমধ্যে প্রকাশিত হয়েছে। হাওড়া জেলায় যত রেয়ার বুক আছে তার সমস্ত তথ্য সম্বলিত পুস্তক বার হয়েছে এবং তাতে আছে কিভাবে যাবেন লাইব্রেরীতে, কোন বাস রুট দিয়ে যাবেন। সমস্ত কিছু এই পুস্তকে লিপিবদ্ধ করা হয়েছে। আমি আশা করি, সদস্যরা অনুগ্রহ করে এটা সংগ্রহ করুন কাজ দেবে। এছাড়া আমরা চেষ্টা করছি যে সমস্ত দুষ্প্রাপ্য বই যে সমস্ত আছে সেইগুলোকে ওয়েবসাইডে দিতে। কত দ্রুত এটা পারা যায় তার চেষ্টা করছি। ব্রহ্মময়বাবু আর একটা কথা বলেছেন টেক্সটবুক লাইব্রেরী। আপনারা জানেন গত ২ বছর ধরে আমাদের রাজ্যের ছাত্র-ছাত্রীদের কথা মাথায় রেখে গ্রন্থাগারগুলোতে এটা দেওয়ার চেষ্টা করছি। ২০০১-০২ সালে ৬০ লক্ষ ৬৫ হাজার টাকা দিতে পেরেছি ১১৫টি শহর গ্রন্থাগার এবং ৪৩৪টি গ্রামীণ গ্রন্থাগারকে। ২০০২-০৩ সালে ৭৫ লক্ষ ৯০ হাজার টাকা ১১৬ টি টাউন লাইব্রেরী এবং ৫৮৫টি প্রাথমিক পর্যায়ের গ্রন্থাগারকে দিতে পেরেছি। এটা বছরের অনুদানের উপর। আমরা বই কেনার জন্য উৎসাহিত করছি। অসিতবাবু শিশুদের বই-এর ব্যাপারে বলেছেন। আমরা নির্দিষ্ট অনুদান দিই শিশুদের বই-এর জন্য। রামমোহন লাইব্রেরী ফাউন্ডেশান-এ যারা আবেদন করেন তাদের ১০ হাজার টাকা অনুদান দেওয়ার ব্যবস্থা আছে। আপনার যদি কোন নির্দিষ্ট পরামর্শ থাকে যে এই গ্রন্থাগারে শিশুরা যেতে পারছে না পুস্তকের অভাবে সেই পরামর্শ আমি নিশ্চয়ই গ্রহণ করবো। আমি আশা করি আপনারা সহযোগিতা করবেন। কিছু কিছু গ্রন্থাগারের নাম দিয়ে যান, সেখানে যাতে আরো পুস্তক দেওয়া যায়, আরো সাহায্য করা যায় যাতে ছাত্র-ছাত্রীরা আসতে পারে, সেই রকম পরামর্শ নিশ্চয়ই গ্রহণ করবো নিশ্চয়ই সাহায্য করবো। আমাদের এই বাজেটে যাঁরা অংশগ্রহণ করেছেন তাঁদেরকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আপনাদের মূল্যবান পরামর্শ আমি গ্রহণ করবো। আপনাদের যে সমালোচনা সেই সমালোচনা আমি মন দিয়ে শুনেছি। আগামী দিনে আমরা গ্রন্থাগারকে জনগণের মধ্যে নিয়ে যেতে পারি সেই দিক থেকে যে পরামর্শ দেবেন, সাহায্য

সহযোগিতা করবেন এই আশা রেখে সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহম্মদ সেলিম : ধন্যবাদ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়। আজকে ৫১ নম্বর অভিযাচন অন্তর্গত কারিগরি শিক্ষা বিষয়ক যে সমস্ত ব্যয় প্রস্তাব সেই ব্যয়-বরাদ্দের উপর যাঁরা আলোচনা করেছেন আমি সেই মাননীয় সদস্যদের ধন্যবাদ জানাচ্ছি। আমরা যে কারিগরি শিক্ষার উপর গুরুত্ব দিচ্ছি এই বিধানসভার মধ্যে এই হাউসের মধ্যে সেটা পরিলক্ষিত হচ্ছে। আমি এই বিধানসভার আগেকার সমস্ত কারিগরি শিক্ষার উপর ডিসকাশান দেখলাম।

[4.40–4.50 p.m.]

তাতে এখন বেশী বেশী সংখ্যায় সদস্যদেরও দৃষ্টি আকৃষ্ট হচ্ছে কারিগরি শিক্ষা এবং প্রশিক্ষণের ওপরে। তারই স্বীকৃতিতে এই ৫১ নং দাবী। এটি আগে একসঙ্গে আসতো। এবারে আলাদা আলাদা করে এনলিস্টেড করে এই প্রথম আমরা পেশ করতে পেরেছি। আসলে শিক্ষার যে বিস্তার হয়েছে পশ্চিমবঙ্গে, বিশেষত বামফ্রন্ট সরকারের আমলে তার ভিতটা যথেষ্ট সম্প্রসারিত হয়েছে। বিরোধীরা এটা মানবেন, আশা করি। এখন যেটা প্রয়োজন, তাকে ব্রাঞ্চ আউট করা, ডাইভার্সিফিকেশন করা। দুর্ভাগ্য, আমাদের মত দেশে শিক্ষা মানে, উচ্চতার হারে ভার্টিক্যাল। সেজন্য ডিগ্রি, পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি করা, এটা হচ্ছে একটা জেনারেল ট্রেন্ড। যেখানে আরও অন্যান্য পেশা থাকতে পারে, তার দক্ষতাকে, ট্যালেন্টকে কাজে লাগিয়ে আরও বেশী প্রশিক্ষণ দিয়ে ম্যান পাওয়ারের ডেভলপমেন্ট হতে পারে। সেটা ছিল, কিন্তু তা ছিল বিক্ষিপ্তভাবে। সামাজিকভাবে তার স্বীকৃতিটা কম ছিল। একজন কাজ করছে, কারিগরি কাজ করছে, তাকে ডিগ্রি পেতে হবে। আমরা পৃথিবীব্যাপী জানি, উন্নয়নশীল দেশে কারিগরি দক্ষতার দাম বাড়ছে। সেখানে হাতে কলমে কাজ শেখানো হয়। এর জন্য সামাজিক একটা দৃষ্টিভঙ্গির প্রয়োজন। শুধু সরকারের মাধ্যমেই নয়, বাস্তবে এর যে চাহিদা আছে, সেই পরিপ্রেক্ষিতে এটি স্বীকৃতি লাভ করেছে। সরকারী বা বেসরকারী ক্ষেত্রে যেখানে ওয়েজ এমপ্লয়মেন্টের সুযোগ কমছে, সেখানে এই ধরনের দক্ষতার দাম বাড়ছে। আমার দপ্তরের কাজ হচ্ছে দক্ষতা তৈরী করা। আমাদের বিভাগের মধ্যে কয়েকটি ভাগ করে নিয়েছি। আজকে যারা পলিটেকনিকে শিখছে, তারা যাতে আরও উপযুক্তভাবে প্রশিক্ষিত হতে পারে, তারজন্য গত বছর থেকে পলিটেকনিকে আমরা সেমিস্টার সিস্টেম শুরু করেছি। গত বছর থেকে এটা ধীরে ধীরে হচ্ছে, ফাইনাল ইয়ারের দিকে এগোচ্ছে। ফার্স্ট ইয়ারের পরীক্ষা হয়ে গেছে। আমরা এই যে এটি চালু করেছি, এর মধ্যে কারিগরি জ্ঞানসম্পন্ন লোকদের, সামাজিক বিভিন্ন মানুষকে যুক্ত করেছি। আমরা ইন্ডাস্ট্রির লোকদের যুক্ত করতে চাই, তাঁদের সাজেশান আমরা চাই। পলিটেকনিকে কতকগুলো বিষয় চালু হয়েছে। পলিটেকনিক সম্বন্ধে আগে যে ধারণা ছিল, সেই ধারণাটা আজকের দিনে পাল্টেছে। আমি সেগুলির মধ্যে যাচ্ছি না। এতে মডার্ন যে সমস্ত সাবজেক্টস্ আছে তা ইন্ট্রোডিউস করা হয়েছে। এই বছরে আমরা আরও কতকগুলো ইন্ট্রোডিউস করবো না। আমরা চাইছি, আস্তে আস্তে একটা কনসোলিডেট করে এগোতে। পলিটেকনিকের ব্যাপারে নতুন নতুন বিষয় সেগুলো খুলেছি, তার জন্য নতুন পলিটেকনিক খোলা হয়েছে। তবে এই মুহূর্তে আমরা

আর নতুন পলিটেকনিক খুলছি না। আই.টি.আই.'এর ক্ষেত্রে গোটা দেশে ইন্ডাস্ট্রিয়াল সেক্টরে, ম্যানুফ্যাকচারিং সেক্টরে গ্রোথ না হবার ফলে, দক্ষ শ্রমিক যাতে তৈরী হয় তারজন্য আই.টি.আই. থেকে যারা প্রশিক্ষণ নিয়ে যাচ্ছে, সেখানে আমরা নতুন নতুন সাবজেক্টস ইন্ট্রোডিউস করছি। সেগুলো সফলভাবে চলছে। সেইসব ট্রেডগুলোর ডিমান্ডও আছে যেগুলো প্রথাগত দিক থেকে আলাদা, যেমন স্কিন অ্যান্ড হেয়ার কেয়ার বা সেক্রেটেরিয়াল প্র্যাক্টিস বা কম্পিউটার অপারেশন অ্যান্ড প্রোগ্রাম অ্যানালিস্ট, এইভাবে নতুন নতুন কোর্স আমরা ইন্ট্রোডিউস করেছি। মাননীয় অসিতবাবু যে কথা বলছিলেন, আমার মনে হয় উনি আমার দপ্তর থেকে অন্য দপ্তরের সঙ্গে গুলিয়ে ফেলেছেন। উনি বলেছেন, আমরা সরকারী স্তরে করছি না, বেসরকারীকরণের দিকে যাচ্ছি। কারিগরি শিক্ষার জন্য আমরা নতুন পলিটেকনিক, আই.টি.আই. সরকারীভাবে করেছি। আমাদের রাজ্যে ৪২টি পলিটেকনিক আছে। তারমধ্যে ৩৭টি সরকারী, দুটি স্পনসর্ড, আর তিনটি হচ্ছে প্রাইভেট পলিটেকনিক। উনি বললেন, আমরা নাকি ভীষণভাবে বেসরকারীকরণের দিকে ঝুঁকছি। ঝোঁকাটা কাকে বলে তা আমি জানি না। তবে প্রাইভেট সেক্টর যদি এগিয়ে আসে, আমরা তাদের গ্রহণ করবো। আই.টি.আই এবং পলিটেকনিকের ক্ষেত্রে ইন্ডাস্ট্রিয়ালিস্টদের একটা দায়িত্ব আছে। তারা সেই দায়িত্ব পালন করছে না। আমাদের দপ্তরের গুরুত্ব আরো বেশী বেড়ে যাচ্ছে এই কারণে যে, আগে যে ইন্ডাস্ট্রিগুলো নিজের মত করে ট্রেনিং দিত, এখন গ্লোবালাইজেশান বা শিল্পনীতির নামে এই যে কম্পিটিশনের কাট থ্রোট চলছে তাতে আর কেউ ঝুঁকি নিতে চাইছে না। তারা নিজেদের কাঁধ থেকে ছেড়ে ফেলে দিয়ে রেডি টু ইউজ, ফ্লোর লেভেলে যেন সব কাজ করতে পারে এমন দেখে লোক গ্রহণ করছে। আজকে সেইকারণে এই দপ্তরের গুরুত্ব বাড়ছে, আর ট্রেনিংও সেইকারণে বাড়ছে। কালকেই গিয়ে যেন তারা প্রোডাকশানের কাজ করতে পারে এমন লোক চাইছে। তারা নিজেরা শিখিয়ে পড়িয়ে নেবে এইরকম হচ্ছে না। সেইকারণে আই.টি.আই ছাড়াও আমরা শর্ট টার্ম ভোকেশনাল কোর্স চালু করতে চাই যাতে করে দেশের মধ্যে একটা উদাহরণ তৈরী করতে পারি। আই.টি.আই বা পলিটেকনিক পড়তে গেলে ছেলেমেয়েদের মাধ্যমিক পাশ বা উচ্চমাধ্যমিক পাশ করতে হত। আই.টি.আই পড়তে গেলে ক্লাশ এইট পাশ হলেও হত। এখন দেখা যাচ্ছে ক্লাস সিক্সের পর থেকে যারা আর পড়তে পারছে না, এইরকম ছেলেদের জন্য শর্ট টার্ম ভোকেশনাল কোর্স চালু করতে চাইছি। যারা ক্লাস সিক্স, সেভেন অবধি পড়েছে সেইসব ছেলেদের একটু শিখিয়ে পড়িয়ে নিলেই তারা কাজ করতে পারবে। এর জন্য ৯৮টি সেন্টার গঠন করেছি, যেখানে শর্ট টার্ম ভোকেশনাল ট্রেনিং কোর্স করানো হবে। এছাড়া জুনিয়র টেকনিক্যাল স্কুল যেগুলো আছে সেগুলোতে আই.টি.আই তো করা হচ্ছে। এছাড়া আলাদা আলাদাভাবে এন.জি.ও-রা পঞ্চায়েত বা মিউনিসিপ্যালিটিকে ব্যবহার করে শর্ট টার্ম ভোকেশনাল ট্রেনিং কোর্স চালু করছে। আমরা মেয়েদের উপরেও জোর দিয়েছি। আজকে আই.টি.আই. এবং পলিটেকনিক শিক্ষায় মেয়েরা এগিয়ে আসছে। আমরা মেয়েদের উপযুক্তভাবে তৈরী করতে পারি সেটা চাইছি। আমাদের ইন্ডাস্ট্রি যে দিকে এগোচ্ছে, কৃষি যে দিকে এগোচ্ছে সেটা মাথায় রেখেই এগোতে হবে। এই ব্যাপারে সবার মতামত চাইছি। যাঁরা সাহায্য করেছেন তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। বিরোধীরা কাট মোশান যেটা এনেছেন তাতে তাঁরা কেউই কারিগরী নিয়ে ভাবছেন না তাই কাট মোশানও দেন নি। আসলে আমরা যে কাজটা

করছি কোনভাবেই তাঁরা তার সঙ্গে যুক্ত নয়, সেই জন্য বিরোধিতা করছি এবং এই ব্যয়-বরাদ্দে রায় দেবেন এই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার পক্ষ থেকে যে ব্যয়-বরাদ্দের দাবী উত্থাপন করা হয়েছে আমি বিধানসভার মাননীয় সদস্যদের কাছে আবেদন করছি তাকে সমর্থন করবার জন্য এবং বিরোধী পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব উত্থাপিত করা হয়েছে আমি সম্পূর্ণভাবে তার বিরোধিতা করছি। শিক্ষা বাজেট নিয়ে আলোচনা করার শুরুতেই জানাই যে, আমাদের দেশ, ভারতবর্ষ অতীতে শিক্ষাক্ষেত্রে অত্যন্ত গৌরবমণ্ডিত ছিল। শিক্ষাক্ষেত্রে সেই গৌরব আজকে আর নেই। স্বাধীনতার ৫৬,৫৭ বছরের শেষে পদার্পণ করার পরেও শিক্ষায় অত্যন্ত নৈরাশ্যজনক এবং গ্লানিময় অধ্যায় চলছে। বিশ্বের যে প্রতিবেদন প্রকাশিত হয় তাতে ভারতবর্ষের শিক্ষার সম্পর্কে অত্যন্ত নৈরাশ্যজনক এবং গ্লানিময় অধ্যায় প্রকাশিত হয়েছে। বিশ্বে প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চশিক্ষার ক্ষেত্রে এই বয়সের যত ছেলে-মেয়ে তার ৬৫ শতাংশ কোন না কোন শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত। আর উন্নয়নশীল দেশগুলোর ক্ষেত্রে প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ শিক্ষার ক্ষেত্রে ৬১ শতাংশ যুক্ত। আর আমাদের এই গৌরবমণ্ডিত ভারতবর্ষে, অভাগা ভারতবর্ষে এই বয়সের ছেলেমেয়েদের ৫৬ শতাংশ শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত। সুতরাং বিশ্বের আঙিনায় শিক্ষাক্ষেত্রে আমরা পশ্চাদ্‌পদ কতটা সীমাহীন তা আরও প্রকট হয়ে উঠেছে। ইউনেস্কোর প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, বিশ্বের সমস্ত দেশের মধ্যে ১৭৫টি দেশের জাতীয় আয়ের ২৩.৩ শতাংশ ছাত্র পিছু ব্যয় হয় প্রাথমিক এবং মাধ্যমিক স্তরে। সুতরাং একটা দেশের ২৩.৩ শতাংশ ছাত্র পিছু ব্যয় হয়। সেখানে ভারতবর্ষের মত একটা গরীব দেশে ছাত্র পিছু ব্যয় হয় ১৬.৩ শতাংশ জাতীয় আয়ের। সুতরাং প্রত্যেকবারই এর থেকে প্রমাণিত হল যে, শিক্ষার দায়িত্বে যাঁরা ছিলেন, তাঁরা শিক্ষার প্রতি কত চরম উদাসীন ছিলেন। সুতরাং জাতীয় স্তরে শিক্ষার ক্ষেত্রে যাঁরা দায়িত্বে ছিলেন তাঁদের চরম উদাসীনতার জন্য আজকে শিক্ষাক্ষেত্রে পশ্চাদ্‌পদতা দেখা দিয়েছে। তাদের শিক্ষার ক্ষেত্রে চরম উদাসীনতা এবং বঞ্চনা — যার ফলে শিক্ষায় পশ্চাদ্‌পদতা। আরেকটি প্রতিবেদনের কথা উল্লেখ করছি — জাতীয় মানবসম্পদ উন্নয়নের প্রতিবেদন — হিউম্যান ডেভেলপমেন্ট রিসোর্স ২০০৩-এর রিপোর্ট, সেখানে বেরিয়েছে যে, গ্রস ডোমেস্টিক প্রোডাক্ট থেকে জাতীয় উৎপাদনের ৩ শতাংশ শিক্ষার জন্য বরাদ্দ হয়েছে এবং সেখানে বহু বিদ্যালয়েরও ছবি দেখাতে পারি। এর মধ্যে আরেকটি কথা উল্লেখ করা যেতে পারে।

[4.50–5.00 p.m.]

এই রকম বহু বেদনার ছবি আমি দিতে পারবো, কিন্তু দিতে চাচ্ছিনা। এর মধ্যে একটা কথা উল্লেখ করা যেতে পারে যা বিশ্ব মানবিক প্রতিবেদনে, ওয়ার্ল্ড হিউম্যান রিপোর্ট, ২০০৩ ; প্রকাশক ইউনেস্কো, তারা বলেছে ভারতবর্ষের মধ্যে ভিন্ন চিত্র বেরিয়ে এসেছে একটা রাজ্য থেকে শিক্ষার ক্ষেত্রে, সেই রাজ্যটির নাম হচ্ছে পশ্চিমবাংলা। আমি বিশেষ করে এই রাজ্যের ৮ কোটি মানুষের সাথে সাথে আমাদের বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা যারা আছেন তারাও জেনে গৌরবান্বিত ও গৌরববোধ করবেন, বিশ্ব প্রতিবেদনে পশ্চিমবঙ্গের নাম বিশেষভাবে উল্লেখিত হয়েছে। এখানে

মাননীয় সদস্য অসিত মিত্র তিনি আজকের আলোচনা শুরু করতে গিয়ে বলেছেন, ১০টি জেলায় সর্বশিক্ষা অভিযান প্রবর্তন করা হয়েছে। মাননীয় সদস্যকে বলি, না, পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় সর্বশিক্ষা অভিযান প্রবর্তন করা হয়েছে। এখন পশ্চিমবাংলায় কত শিক্ষক ও শিক্ষাকর্মী পেনশন পাচ্ছেন, সেই বিষয়টাও জেনে রাখুন। ৮৩ হাজার ৫৬৪ জন প্রাথমিক শিক্ষক বর্তমানে পূর্ণাঙ্গ পেনশন পাচ্ছেন। ৫৭,২৮০ জন মাধ্যমিক শিক্ষক পূর্ণাঙ্গ পেনশন পাচ্ছেন। ১ লক্ষ ৪০ হাজার ৮৪৪ জন শিক্ষক ও শিক্ষাকর্মী যারা বেসরকারী বিদ্যালয়ে শিক্ষকতা করেছেন, শিক্ষাকর্মী ছিলেন, তারা পেনশন পাচ্ছেন, যা ভারতবর্ষের দ্বিতীয় কোন রাজ্যে নেই যেখানে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে কাজ করে ১ লক্ষ ৪০ হাজার ৮৪৪ জন শিক্ষক, শিক্ষাকর্মী পেনশন পাচ্ছেন। একমাত্র দৃষ্টান্ত এই খণ্ডিত বাংলা, পশ্চিমবাংলায়। আর কোথাও এই দৃষ্টান্ত নেই। আপনারা বিদ্যালয় কৃত্যক আয়োগ তার মাধ্যমে শিক্ষক নিয়োগের কথা বলেছেন, ভারতবর্ষে এই রকম কোন দ্বিতীয় রাজ্য নেই, যেখানে বেসরকারী বিদ্যালয়ে, বিদ্যালয় কৃত্যক আয়োগের মাধ্যমে শিক্ষক নিযুক্ত হন। ইতিমধ্যে আমরা প্রায় ৩৩ হাজার সরকারী শিক্ষক নিয়োগ করেছি। '৯৮ সালের পর থেকে, ৩৩ হাজার শিক্ষক নিযুক্ত হয়েছে, বিদ্যালয় কৃত্যক আয়োগের মাধ্যমে এবং প্রায় ৩ হাজার প্রধান শিক্ষক নিয়োগ হয়েছে এবং এর মধ্যে আপনি যেটা উল্লেখ করেছেন তপশিলী জাতি আদিবাসী ও অন্যান্য অনগ্রসর এবং যারা শারীরিক দিক থেকে পঙ্গু তাদের যে হার বরাদ্দ আছে পশ্চিমবাংলায়, তার থেকে এই বিদ্যালয় কৃত্যক আয়োগের মাধ্যমে নিযুক্ত হার তার থেকে বেশী। আমরা বেসরকারীভাবে প্রাথমিকে শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়গুলি যেগুলি করেছি, তাদের টাকা আদায় করার কথা বলেছেন, বেশী টাকা আদায় করা হচ্ছে এই অভিযোগ আমাদের কাছেও আছে। অর্থ দপ্তর, কলকাতা বিশ্ববিদ্যালয়, বিদ্যালয় শিক্ষা দপ্তর সবাইকে নিয়ে একটা উচ্চক্ষমতাসম্পন্ন কমিটি করা হয়েছে, এই যে বেসরকারী শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়গুলি পরিচালিত হচ্ছে, এখানে তাদের কি পরিমাণ টাকা ব্যয়িত হয়, তাতে শিক্ষার্থীদের কাছ থেকে কি পরিমাণ টাকা আদায় করা উচিত, সেটা নিয়ে আমরা চিন্তাভাবনা করছি এবং ওই প্রতিবেদন পাওয়ার পরে এই বিষয়টাকে আমরা নিয়ন্ত্রিত করার চেষ্টা করবো। মাননীয় সদস্য গোবিন্দ রায়, তিনি আঞ্চলিক স্তরে, আরো যদি বলেন, জেলাস্তরে — বিদ্যালয় কৃত্যক আয়োগের কথা বলেছেন। এই প্রস্তাব সাধু প্রস্তাব। আমরাও স্বীকার করি, যদি জেলাস্তরে হোত, সুবিধা হোত। কিন্তু জেলাস্তরে করতে হলে পরে যে অর্থের দরকার, সেই অর্থের সংস্থান করা সম্ভব হচ্ছে না, সেইজন্য আপনার এই প্রস্তাব সম্পর্কে সরকারের কাছে বিষয়টা আছে, সুযোগ হলে পরে হবে। মাননীয় সদস্য, শিবদাস মুখার্জী মহাশয়, আপনি কতকগুলি কথা বলেছেন, বিদ্যালয় নিয়ে। বিশেষ করে তারক দাস বন্দ্যোপাধ্যায় নিয়ে, পুরনো আমলে, তিনি সৎ নিষ্ঠাবান কংগ্রেসের নেতা ছিলেন, তাঁর প্রতিষ্ঠিত বিদ্যালয় এর কথা বলেছেন। এই সমস্ত বিষয় আমাদের নজরে আছে। আপনার সাহায্য চাইবো এইগুলিকে যতখানি পারি উন্নতি করার এবং স্বীকৃতি দেওয়ার, যতখানি পারি করার চেষ্টা করবো। এখানে বলেছেন, গ্র্যাচুইটি এবং কমিউটেড ভ্যালু বন্ধ হয়ে গেছে। আমি আপনাকে এই বিধানসভায় দাঁড়িয়ে একাধিকবার বলেছি, যে শিক্ষক পেনশন এবং গ্র্যাচুইটি, এরতো আমি গ্রহীতা, এতে আমি উপকৃত হই, আমি দিই না। দেয় অর্থ দপ্তর। তার ফলে গ্র্যাচুইটি এবং কমিউটেড ভ্যালু পেনশনারদের দেওয়ার দায়িত্ব অর্থ দপ্তরের এই বিষয়টা নিয়ে আপনি সাধারণ বাজেটের দিনে আলোচনা করবেন, তখন আলোচনা করবেন এই বিষয়টা, এটা আমার দপ্তরের

মধ্যে পড়ে না। আমার এক্তিয়ারের মধ্যে পড়ে না। যারা পাচ্ছেন না তাদের জন্য আমার সহানুভূতি আছে, আছে দুঃখ। কিন্তু আর্থিক সংকটের জন্য সম্ভব হচ্ছে না। একদিনে এই সময়ে বোঝানো যাবে না, এর জন্য পুরো দিনটা যাবে, তাই আপনি শিক্ষা দপ্তরের সঙ্গে নয়, অর্থ দপ্তরের সঙ্গে বিষয়টা নিয়ে আলোচনা করতে পারেন। এখানে মাননীয় সদস্য তপন হোড় বলেছেন, শিক্ষক বদলীর বিষয়ে, না — তপনবাবু সম্ভব নয়। বেসরকারী বিদ্যালয়ের বিদ্যালয় পরিচালকমণ্ডলীই হচ্ছে তার নিয়োগকর্তা। ফলে নিয়োগকর্তা প্রত্যেকটি বিদ্যালয়ের নিয়োগকর্তা আলাদা আলাদা। ভিন্ন নিয়োগকর্তা নয়, কখন বদলীও হয় না, এটা সম্ভবপর নয়। সেইজন্য আপনি যে অসুবিধার কথা বলেছেন, সেই অসুবিধা হয়ত আছে, কিন্তু সমস্ত বিদ্যালয়গুলিকে সরকারী বিদ্যালয়ে রূপান্তরিত না করে একটি বিদ্যালয় থেকে আর একটি বিদ্যালয়ে কখন শিক্ষককে বদলী করা যায় না। দেবপ্রসাদ বাবু তিনি আমাদের শিক্ষার মানকে উন্নীত করার জন্য একমাত্র পথ বের করেছেন। কিছু ছাত্র-ছাত্রীকে ফেইল করাতে হবে : পাস-ফেল প্রথা। মানে পাস তো আছেই ফেইল করাতে হবে। কিছু শিক্ষার্থীকে ফেইল করাতে হবে। তা না হলে পরে বিদ্যালয়ের শিক্ষার মান উন্নীত হবে না। আপনার এই ধরনের শিক্ষাবিরোধী মন্তব্য, আপনি বহুবার করেছেন, আপনার দলের পক্ষ থেকে বহুবার করা হয়েছে, পৃথিবীতে একটা দেশ দেখাতে পারেন, সারা দুনিয়াতে একটা দেশ দেখাতে পারেন, যেখানে প্রাথমিক স্তরে কোন কোন ছাত্র-ছাত্রীকে পরীক্ষা দিয়েও আটকে রাখা হয়, সারা পৃথিবীতে এই রকম নজির নেই। একমাত্র আপনার দলের পক্ষ থেকে বারে বারে বলেন, এটা গ্রহণযোগ্য নয়।

প্রথমত একটা দেশও আপনি দেখাতে পারবেন না, যেখানে প্রাথমিক স্তরে কোন ছাত্রকে পরীক্ষা নিয়ে আটকে রাখা হয়? সারা পৃথিবীতে এই রকম কোন নজির নেই। কেবলমাত্র আপনাদের দলের পক্ষ থেকেই আপনি এই কথা বললেন। তাই এটা আদৌ গ্রহণযোগ্য নয়। আপনি বলেছেন পরিকল্পনা খাতে এবং পরিকল্পনা বর্হিভূত খাতে বরাদ্দ কমানো হয়েছে। আপনি খুব দায়িত্বশীল সদস্য এবং একটা দলের আপনি যোগ্য প্রতিনিধি। তাই আপনার কাছ থেকে এটা আমরা আশা করিনি। আপনি একটু বাজেট বইটা দেখে নেবেন। আপনি অসত্য কথা বলবেন না, তাতে আপনার মান ক্ষুণ্ণ হবে। শিক্ষার জন্য পরিকল্পনা খাতে এবং পরিকল্পনা বহির্ভূত খাতে বরাদ্দ একটুও কমানো হয়নি, বরং অনেক বেড়েছে। তবে আরও বাড়লে ভালো হত। আর কোঠারী কমিশন সম্বন্ধে বলতে গিয়ে আপনি বলেছেন, 'দশ শতাংশ, তার মানে ছয় শতাংশ'—এইসব বলে পুরো ব্যাপারটাই আপনি গুলিয়ে ফেলেছেন। কোঠারী কমিশন বলেছে, কেন্দ্রীয় সরকারের দশ শতাংশ এবং জাতীয় আয়ের ছয় শতাংশ। আপনি যে কথা বলেছেন সেটা বিধানসভার কার্যবিবরণীর মধ্যে নথিভুক্ত হয়ে যাবে, তাই এই ব্যাপারটা আমি উল্লেখ করলাম।

(ভয়েস ঃ কোথাও কোথাও সরকারী নির্ধারিত ফি থেকে বেশী ফি আদায় করা হচ্ছে।)

শ্রী কান্তি বিশ্বাস ঃ সরকারী নির্ধারিত ফি থেকে বেশী ফি দু-একটি ক্ষেত্রে আদায় করা হচ্ছে। আজকে জিনিসপত্রের দাম বাড়ছে, ১৯৯২ সালে যে ফি ধার্য করা হয়েছিল তারপর আর ফি বাড়ানো হয়নি। এগারো বছর পরেও আর সেই ফি রাখা সম্ভব নয়। যাতে কোন কোন ক্ষেত্রে

বেশী ফি নেওয়ার স্বেচ্ছাচারিতা না করতে পারে তার জন্য ফি-র একটা ঊর্ধ্বসীমা ধার্য করব। তাই এই বিষয়েও আপনার সঙ্গে আমরা একমত হতে পারছি না।

(ভয়েস ঃ তাহলে আবার ফি বাড়াবেন?)

শ্রী কান্তি বিশ্বাস ঃ অবশ্যই ফি বাড়াতে হবে।

মাননীয় সদস্য শ্রী অসিত মিত্র সি.পি.এফ এবং জি.পি.এফ নিয়ে বলেছেন। দু'বার এই স্বেচ্ছাপত্রে সই করবার জন্য মেয়াদ বাড়ানো হয়েছে। সর্বশেষ ১৯৯২ সালে ফেব্রুয়ারি মাসে হাইকোর্টের নির্দেশে আমরা মেয়াদ বাড়িয়েছিলাম, তাদের রাজী হওয়ার জন্য বলেছিলাম। সি.পি.এফে যারা ছিল তারা তাদের ভুল বুঝতে পেরেছে। কিছু শিক্ষক সংগঠন তাদের বিপথে পরিচালিত করেছিল। এখন তারা তাদের ভুল বুঝতে পেরেছেন। সি.পি.এফ নিয়ে যারা অবসর নিয়েছেন তাদের মধ্যে পনেরো হাজার শিক্ষক আছেন। এই পনেরো হাজার শিক্ষক যদি পেনশন স্কিমে আসতে চায় তাহালে তাদের সি.পি.এফের হিসাব করতে হবে, গভর্নমেন্ট কন্ট্রিবিউশান হিসাব করতে হবে, পেনশন হিসাব করতে হবে। এইসব করতে গিয়ে আমাদের যে শিক্ষকরা নিয়মিতভাবে পেনশন পাবেন তাদের পাঁচ থেকে সাত বছর পিছিয়ে যেতে হবে। এই পনেরো হাজার শিক্ষকদের ভুলের জন্য, তাদেরকে ভুল বোঝাবার জন্য, বাকি শিক্ষকদের ভাগ্যে একটা বিপর্যয় নেমে আসবে। যতগুলি মামলা হয়েছে সেখানে মুখ্য বিচারালয়ের প্রধান বিচারপতিদের নিয়ে যে বেঞ্চ হয়েছে, সেখানে পরিষ্কারভাবে বলা হয়েছে এখন আর কাউকে সি.পি.এফে থেকে জি.পি.এফ পরিবর্তন করা আদৌ সম্ভবপর নয়। একটা আদেশের কথা আপনি বলেছেন। একটা আদেশ বেরিয়েছিল অনবধনতায় উচ্চ শিক্ষা দপ্তর থেকে। এই আদেশ পরে প্রত্যাহার করে নেওয়া হয়েছে। তাই আর কোন সুযোগ নেই সি.পি.এফ. থেকে জি.পি.এফে যাবার, এটা কলেজেও নেই, বিশ্ববিদ্যালয়েও নেই। একটু আগে তপন হোড় মহাশয় বলছিলেন, বাস্তিল দুর্গ আক্রমণের কথা। সভ্যতার অগ্রগতি যদি বিচার করতে হয় - তাহলে ফরাসী বিপ্লব, রুশ বিপ্লব, রেঁনেসাকে বাদ দিয়ে আলোচনা করা যায় না। রুশ বিপ্লব, ফরাসী বিপ্লব, ইতালিয়ান রেঁনেসা এইসব বিবেচনা করে বিশ্বের মানব সভ্যতার অগ্রগতির আঙ্গিকে আমাদের ভারতবর্ষের অগ্রগতি বিচার করতে হবে।

[5.00–5.10 p.m.]

একপেশে ভাবে নয়। বিশ্বের মানব সভ্যতার অগ্রগতি, ক্রম বিকাশের ধারা বিচার করে, তার আঙ্গিকে আমাদের ভারতবর্ষের সিপাহী বিদ্রোহ থেকে শুরু করে নেতাজী সুভাষ, গান্ধীজীর অসহযোগ আন্দোলন, সাঁওতাল বিদ্রোহ, সবগুলো উল্লেখ করে, ইতিহাসের বিচার-বিবেচনা মত করব। আমাদের দেশের সমস্ত ঐতিহাসিকগণ মনে করেন - বিশ্ব মানব সভ্যতার অগ্রগতির আঙ্গিকে ভারতবর্ষকে জানতে হবে, নাহলে শুধু ভারতবর্ষকে জানতে গেলে ভ্রান্ত ধারণার সৃষ্টি হবে।

মাদ্রাসা সম্পর্কে একটি কথা এখানে উল্লেখ করতে চাইছি। আমি আগেও বলেছি, কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা আয়োগের সহ সভাপতি কৃষ্ণ চন্দ্র পন্থ লিখেছেন - ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার মাদ্রাসা ব্যবস্থা সব থেকে উন্নত এবং বাকি রাজ্যগুলিকে বলেছেন যদি মাদ্রাসা শিক্ষা

ব্যবস্থাকে উন্নত করতে হয়, তাহলে পশ্চিমবাংলার মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা থেকে শিক্ষা গ্রহণ করতে হবে। বিশেষ করে পূর্ব এবং উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলির কাছে আবেদন জানিয়েছেন যে - পশ্চিমবাংলা রাজ্য মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা থেকে শিক্ষা নিয়ে মাদ্রাসা ব্যবস্থাকে আধুনিকিকরণের প্রয়াস করতে হবে। এবং, এতদিন পরে কেন্দ্রীয় সরকার বাংলার মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে আধুনিকিকরণের প্রয়াসকে সমর্থন করেছে তাই নয়, সেই বিষয়ে তাদের মন্তব্যও উল্লেখ করেছে।

রবীন্দ্রনাথ যা লিখেছেন, তা পরিবর্তন কেউ করতে পারে না, পৃথিবীর কেউ না। ঈশ্বরচন্দ্র যা লিখেছেন তাই থাকবে। রবীন্দ্রনাথ যেমন লিখেছেন, 'অশ্রু বারি' আমি যদি লিখি তাহলে কেটে দিতে পারি, কিন্তু রবীন্দ্রনাথ যখন লিখেছেন সেটা রাখা হয়। আমাদের যারা পুরনো সাহিত্যিক, তাদের কথাগুলো অক্ষুণ্ণ রাখছি। বাকিদের কথাগুলোকে চলতি ভাষায় লিখে বিজ্ঞান সম্মত ভাবে করছি এবং ভাষা তত্ত্ববিদ্‌দেরও সেই মত, এখানে অন্য কিছু নেই। সারা ভারতবর্ষের কেন, সারা পৃথিবীর ভাষা তত্ত্ববিদ্‌দের সঙ্গে পরামর্শ করে এটা করেছি।

গ্র্যাচুইটি, ক্যমুটেশন, ইত্যাদি ফাইল আমি দেখিনা, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় দেখেন। শিক্ষকরা, যারা পাচ্ছেন না, তাদের প্রতি আমার শ্রদ্ধা আছে, সহানুভূতি আছে, কিন্তু বিষয়টার উত্তর দেওয়ার ক্ষমতা আমার নেই - যেহেতু প্রশাসনিক ভাবে ওই দপ্তর আমি দেখাশোনা করি না। অর্থমন্ত্রী মহাশয় এটা বলতে পারবেন। সুযোগ এলে সাধারণ বাজেটের সময় উল্লেখ করবেন। রবীন্দ্রনাথ, ঈশ্বরচন্দ্র আমাদের গৌরব, তাঁদের রচনাবলীকে অক্ষুণ্ণ রেখে চলতি ভাষাকে ব্যবহার করে আমাদের ছাত্র-ছাত্রীদের দেওয়া হবে, এটাই আমাদের মীমাংসা। উচ্চ মাধ্যমিক পরীক্ষা নিয়ে বলেছেন। মাধ্যমিক পরীক্ষার পর পশ্চিমবাংলায় উল্লেখযোগ্য সংখ্যায় ছাত্র-ছাত্রী - মাননীয় মন্ত্রী সেলিম সাহেব বলেছেন - কেউ পলিটেকনিক পড়তে যাচ্ছে, কেউ কেউ প্রাথমিক শিক্ষক হিসাবে যেতে চাইছে। গত তিন বছরে গোটা ভারতবর্ষে উচ্চ মাধ্যমিকে ভর্তির সংখ্যা হ্রাস পাচ্ছে কিন্তু পশ্চিমবাংলায় দেখা যাচ্ছে মাধ্যমিক পাশ করার পর কেউ পলিটেকনিকে, কেউ আই.টি.আই.তে, কেউ প্রাথমিক শিক্ষক হিসাবে নিযুক্ত হচ্ছে। যেহেতু প্রাথমিক শিক্ষকতার জন্য মাধ্যমিক পাশ দরকার এবং দেখা যাচ্ছে বি.এ., এম.এ. পাশ করেও চাকরি পাচ্ছে না, তাই মাধ্যমিক পাশ করার পর প্রাথমিক শিক্ষকতার দিকে অনেকে ঝুঁকছে। পশ্চিমবাংলায় যত ছাত্র-ছাত্রী পাশ করে, তার থেকে ৫৯,৮০০ মত আসন পশ্চিমবাংলায় বেশী আছে। এটা ভারতবর্ষের মধ্যে রেকর্ড। এত আসন অন্য কোন রাজ্যে নেই। আরও ৫৯,৮০০ যত ছাত্রছাত্রী ভর্তি হওয়ার ব্যবস্থা থাকবে।

আশা করি, এই বাজেট ব্যয়-বরাদ্দের প্রস্তাবকে আপনারা পরিপূর্ণ ভাবে সমর্থন করবেন। আপনাদের সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি এবং এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষা মন্ত্রকের ব্যয়-বরাদ্দের যে দাবি আমরা পেশ করেছি তার উপর আজকে ১১ জন মাননীয় সদস্য-সদস্যা সরকার পক্ষের এবং বিপক্ষের সকলে অংশগ্রহণ করেছেন। সকলকেই আন্তরিক অভিনন্দন জানাই। প্রত্যেকের বক্তব্য মন্ত্রী হিসাবে আমাদের মনোযোগের সঙ্গে শুনতে হয় এবং সেই বক্তব্যের যেখানে যেখানে সার্থকতা

আছে সেটাকে গ্রহণ করে পরবর্তী বছরের কর্মসূচী আমাদের পরিবর্তন করতে হয়। আজকে এখানে যাঁরা এমন কিছু পরামর্শ দিয়েছেন যেগুলি গ্রহণযোগ্য বলে মনে হয় আমি অবশ্যই সেগুলি মনে রাখব - আগামীদিনে যাতে আরও উন্নত ব্যবস্থা আমরা করতে পারি। একটা আবেদন করব সেটা হল এই শিক্ষা এমন একটা বিষয় যে বিষয় নিয়ে আমাদের সকলেরই একসঙ্গে ভাবা উচিত। একসঙ্গে চলা উচিত অনেক মতপার্থক্য থাকা সত্ত্বেও। এটা ভালো লেগেছে যে, আজকে বিরোধীপক্ষের যারা অংশগ্রহণ করেছেন তাদের বক্তব্যের মধ্যে আলো ছিল, উত্তাপ ছিল না। আগে আমরা লক্ষ্য করতাম আলোচনায় উত্তাপ থাকত আলো থাকত না। বিরোধীপক্ষের মাননীয় সদস্য প্রথম যিনি আলোচনা শুরু করলেন তিনি বললেন যে, আমরা পিছিয়ে যাচ্ছি। ঘটনাটা কি তাই? পরিসংখ্যান কি তাই বলে? আজকে উচ্চশিক্ষা স্তরে আমাদের যারা কলেজে কলেজে স্নাতক স্তরে পড়াশোনা করছে সব মিলিয়ে ৬ লক্ষের উপর। ৬ লক্ষের বেশী ছাত্র-ছাত্রী স্নাতক স্তরে পড়াশোনা করছে। আমাদের একটা দুর্বলতা ছিল যে, আমাদের এখানে ইঞ্জিনিয়ারিং কলেজ খুব কম ছিল। আমাদের ছাত্রছাত্রীদের অনেক টাকা ব্যয় করে ব্যাঙ্গালোরে যেতে হত, মহারাষ্ট্রে যেতে হত। দক্ষিণের কয়েকটি রাজ্যে যেতে হত। এমনও দিন গেছে, আপনারা কাগজে দেখেছেন প্লেনের টিকিট কেটে, ট্রেনের রিজারভেশান করে ব্যাঙ্গালোরে যাচ্ছে আমাদের পশ্চিমবঙ্গের ছেলেমেয়েরা এবং বহু লক্ষ টাকা ব্যয় করছে আধুনিক ইঞ্জিনিয়ারিং পড়ার জন্য, মেডিক্যাল পড়ার জন্য। গত কয়েক বছরেও আমাদের ইঞ্জিনিয়ারিং পড়ার এ আসন সংখ্যা ছিল ১৪০০। সেটা আমরা বাড়াতে পেরেছি ১৩ হাজারের মত। এই কয়েক বছরের মধ্যে বিপুল অগ্রগতি হয়েছে। যারজন্য দেখবেন আমাদের ছেলেমেয়েরা আর প্লেনে করে ট্রেনে করে ওখানে যাচ্ছে না। এখন ওরা আসছে এবং ওরা বিজ্ঞাপন দিচ্ছে কাগজে এবং ওরা এখানে এসে বলছে যে, আমাদের ওখানে চলুন। কিন্তু কেউ যাচ্ছে না। এর কারণ হচ্ছে আমরা এখানে সুযোগ করে দিতে পেরেছি। কর্ণাটকের ১৭টা ইঞ্জিনিয়ারিং কলেজ বন্ধ হয়ে যাচ্ছে কেন? কারণ আমাদের এখান থেকে ছেলে মেয়েরা আর লক্ষ লক্ষ টাকা খরচ করে ওখানে পড়তে যায় না। আমরা ৩৮টা নতুন বেসরকারী ইঞ্জিনিয়ারিং কলেজ করেছি। সরকারী ইঞ্জিনিয়ারিং কলেজ করেছি। টেকনলজিক্যাল ইউনির্ভাসিটি করেছি। আপনাদের মনে আছে বিল নিয়ে যখন আলোচনা চলছিল, তখন আমি বলেছিলাম যে, উচ্চশিক্ষার ক্ষেত্রে একটা বড় পরিবর্তন আসছে এবং চাহিদার জন্য আজকে বিভিন্ন জায়গায় কমপিউটার সায়েন্স, ইনফরমেশান টেকনোলজি, বায়োটেকনোলজি, মেটিরিয়াল সায়েন্স, মলিকিউলার বায়োলজি এগুলি পড়ানোর বন্দোবস্ত করা হয়েছে।

[5.10–5.20 p.m.]

আমরা নতুন ল কলেজ করেছি। ম্যানেজমেন্ট ইনস্টিটিউট করেছি ২২টা। আমাদের ছাত্ররা এখানে পশ্চিমবাংলায়, উচ্চশিক্ষাতে তারা যে যে বিষয়গুলো পড়তে চায় পড়ার সুযোগ পাচ্ছে। একটা সমালোচনা মাননীয় সদস্য দেবপ্রসাদ বাবু করেছেন যে, শিক্ষা বেসরকারীকরণ হয়ে যাচ্ছে। কেন ফিজ বাড়ানো হয়েছে। উনি একজন অভিজ্ঞ মানুষ, অনেকদিন আমাদের এই সভাতে আছেন। ফিজ বৃদ্ধি মানে কি বেসরকারীকরণ? তাহলে ইন্ডিয়ান এয়ারলাইনসে ভাড়া বাড়ালে এটা কি বেসরকারীকরণ হয়ে গেল, রেলের ভাড়া বাড়লে কি বেসরকারীকরণ হয়ে গেল? এটা ভালো করে

বুঝতে হবে যে সেল্ফ ফিনান্সিং ইনস্টিটিউট মানে প্রাইভেট ইনস্টিটিউট না, কোয়ালিটেটিভ দুটো আলাদা। হ্যাঁ, আমরা প্রাইভেট ইনস্টিটিউশন করেছি। কেন করেছি? আপনি তো নিজে একজন মার্কসবাদী। পুঁজিবাদী ব্যবস্থায় ইঞ্জিনীয়ারীং, মেডিকেলের মত খরচবহুল জায়গায় অধিকাংশ ছেলেমেয়ে একটু উপরের স্তর থেকে আসে। এটা কি মার্কসবাদ সম্মত যে এদের বিনা পয়সায় পড়ানো, গরীবের পয়সা নিয়ে ধনীদের ছেলেদের পড়ানো। মার্কস কি একথা বলেছেন কখনো? যাদবপুর ইউনিভারসিটিতে যে ছাত্র ১৮ টাকা মাইনেতে পড়ছে তারা কোন পরিবারের ছেলে, তারা কোন গাড়িতে চড়ে আসছে? আমরা তো কখনো এই কথা বলি নি যে এদের এত টাকা দিতে হবে। যারা গরীব ঘর থেকে এসেছে আমরা তাদের কনসেশন দিয়েছি। একথা আপনারা একবারও উল্লেখ করেননি। নির্দেশনামায় পরিষ্কার বলা আছে যাদের আয় কম তাদের এই বেশী টাকা দিতে হবে না। এই হাউসে দাঁড়িয়ে বলছি যারা পারবেন না তারা দেবেন না। যাদের আয় বেশী তার দেবেন এবং কেন দেবেন না। যারা প্লেনে করে গাড়ি করে দক্ষিণের রাজ্য গুলোতে টাকা দিয়ে পড়তে যাচ্ছে, আমাদের এই টাকাটা দিলে তো আমাদের একজন শিক্ষক কাজ পায়, আমাদের অর্থনীতির উন্নতি হয়। আপনি এটার বিরোধীতা করবেন? আপনি রবীন্দ্রনাথের কথা বলেছেন। আপনার কি মনে হয় যে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর শিক্ষার বিরোধী ছিলেন? তাঁর ইনস্টিটিউশন তিনি যে বেতন ধার্য করেছিলেন, আজকের দিনে যে মূল্যবৃদ্ধি ঘটেছে তাতে এক একটা কলেজের মাইনে হওয়া উচিত তিনশো টাকা। আমরা করেছি ৫০ টাকা। শিক্ষার বিরোধী? তাতেও বলেছি যারা গরীব তাদের ছাড় দেওয়া হবে। ফ্রী অথবা হাফ ফ্রী করা হবে। আমাকে দেখতে হবে যে এই ব্যবস্থার মধ্যে বাস করে আমরা গরীব মানুষের কতটা ভালো করতে পারি। আমরা কি করে আরও এগিয়ে যেতে পারি এবং সেটা আমরা করছি। আজকে যখন একদিকে শিক্ষায় গৈরিকীকরণ, আরেকদিকে গ্লোবালাইজেশনের ফলে অর্থনীতি ভাঙছে সেখানে আপনি কি মনে করেন পুঁজিবাদী অর্থনীতিতে শিক্ষাব্যবস্থা হয়ে যাবে সমাজতান্ত্রিক? এটা হয় না। হতে পারে না। পশ্চিমবাংলায় আমরা একটা সরকার চালাচ্ছি। যুক্তরাষ্ট্রিয় রাষ্ট্রের একটা রাজ্য। ভারতবর্ষের অর্থনীতি এবং অন্যান্য নীতিকে মাথায় রেখে প্রচণ্ড বিপদের মধ্যে দিয়ে আমরা আমাদের রাজ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছি। শিক্ষাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছি। কষ্ট হয় তখন, যখন টেলিভিশনে দেখি যে আপনাদের ছেলেমেয়েগুলো পুলিশের উপর ঝাঁপিয়ে পড়ছে। ভুল বুঝিয়ে তাদের ভুল পথে আপনারা নিয়ে যাচ্ছেন। আপনারাই শিক্ষার অগ্রগতির কথা বলছেন। আমার কাছে এই যে বইটা আছে. এখানে দেখবেন ইউনিভারসিটি গ্র্যান্টস কমিশন, ইউনিভারসিটি ডেভলপেমন্ট ইন ইন্ডিয়া, বেসিক ফ্যাক্টস অ্যান্ড ফিগারস অন ইনস্টিটিউশন অব হায়ার এডুকেশন, স্টুডেন্টস এনরোলমেন্ট, টিচিং স্টাফ এই সব নিয়ে ভারতবর্ষের একেবারে সামনের সারিতে পাঁচটা রাজ্য উচ্চ শিক্ষাতে আছে। পশ্চিমবাংলা তার মধ্যে আছে। একটু কষ্ট করে বইটা দেখে নেবেন। ভারতবর্ষের যে ১০টা সবচেয়ে বড় ইউনিভারসিটি, ২৫৬টার মধ্যে ১০টা সবচেয়ে বড় ইউনিভারসিটি। তার মধ্যে যাদবপুর আছে। ভারতবর্ষের দুটো ইউনিভারসিটি ফাইভ স্টার পেয়েছে। যাদবপুর এর মধ্যে আছে। আর আপনারা সব ক্ষুধিত পাষাণের মেহের আলির মত বলে যাচ্ছেন যে সব ঝুট হ্যায়, সব ঝুট হ্যায়। একটু বইগুলো পড়ুন। ভারতবর্ষের যতগুলো কেন্দ্রীয় প্রতিষ্ঠান আছে, কেন্দ্রীয় গবেষণা প্রতিষ্ঠান আছে,

সেখানে শতকরা ৫০ ভাগ ছাত্র হচ্ছে বাঙালী। অন্যান্য রাজ্যে খবর নিন। ছাপানো আছে, কাগজে বেরিয়েছে। আপনারা সেটাও দেখেন না। আজকে আমাদের রাজ্য এগিয়ে যাচ্ছে, গর্ব করার কথা। আমাদের বাঙালী ছেলেরা এগিয়ে নিয়ে যাচ্ছে। আমাদের রাজ্যের শিক্ষার অগ্রগতি ঘটছে। আমরা এতেও সন্তুষ্ট নই। আমাদের আরও অগ্রগতি ঘটাতে হবে। সারা পৃথিবী বলে বাংলার ছেলেরা মেধার দিকে থেকে সবচেয়ে ভালো। এই ছেলেদের জন্য আমাদের আরও সুযোগ করে দিতে হবে। যা করতে গিয়ে আমরা শিক্ষার জন্য সাড়ে ৪ হাজার কোটি টাকা ব্যয় করছি। আর কত টাকা সরকার ব্যয় করবে? অন্যান্য রাজ্যগুলো বেসরকারীকরণ করে দিয়েছে অধিকাংশ জায়গায়। আমরা করিনি। ৪৫৫টা হায়ার এডুকেশন ইনস্টিটিউশন, এর মধ্যে ৩৮টা বেসরকারী বাকিগুলো সরকারী সহায়তায় চলে। বললেই হল, আমরা বেসরকারীকরণ করে দিচ্ছি। একজন সদস্য বললেন, বেসরকারী ইনস্টিটিউশনগুলো বেশী ফি নিচ্ছে। আমরা একটা কমিটি করেছি। এ.আই.সি.টি., সেই কমিটি যে ফি রেকমেন্ড করছে আমরা সেটাই করছি। কোন ইনস্টিটিউশন বেশী নিলে আপনারা যদি কাগজপত্র পাঠিয়ে প্রমাণ করে দিতে পারেন আমরা সেই ইনস্টিটিউশনের অ্যাফিলিয়েশন বাতিল করে দেব। সেই নিয়ন্ত্রণ আমরা রেখেছি। আপনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের পার্থক্যটা কি বুঝতে পারলেন না। পার্থক্য বোঝার মত বিদ্যাবুদ্ধি আপনার আছে। কিন্তু আপনারা দেখতে পান না, আপনারা বুঝতে চান না। কেন্দ্রীয় সরকারের নীতি হচ্ছে ধীরে ধীরে উচ্চশিক্ষা থেকে হাত তুলে নেওয়া। অ্যাবলিকেশন অব রেসপনসিবিলিটি। আর পশ্চিমবাংলায় আমরা হাত তুলে নেওয়ার কথা বলছি না হাত শক্ত করার কথা বলছি।

[5.20–5.29 p.m.]

ওদের সঙ্গে এখানেই আমাদের মূল পার্থক্য। আমরা শিক্ষার সম্পূর্ণ বে-সরকারীকরণের কথা বলছি না। আমাদের রাজ্য সরকার দায়িত্ব থেকে হাত তোলার কথা বলছে না। কিন্তু যেখানে আর্থিক ক্ষমতা বাধা হয়ে দাঁড়াবে সেখানে নিয়ন্ত্রণের মধ্যে থেকে বে-সরকারী পুঁজি এনে আমাদের রাজ্যে শিক্ষায় অগ্রগতি ঘটাব যাতে আমরা পিছিয়ে না পড়ি। এটা সমর্থন করবেন না? কেন করবেন না দাঁড়িয়ে বলুন। আমাদের রাজ্যের ছেলেরা অন্য রাজ্যে চলে যাবে? সেখানে যা খরচ তার থেকে অনেক কম খরচে এখানে পড়তে পারবে। আমাদের শিক্ষকরা পড়াবেন, আমাদের কর্মচারীরা কাজ পাবেন। এটা সমর্থন করবেন না? আপনারা এটা কি সমর্থন করবেন না যে আমাদের রাজ্যে একশ্রেণীর মানুষের আয় বেড়েছে? তাদের থেকে খরচ নেওয়া হবে। না হলে আপনারাই রাস্তা দেখিয়ে দিন যে, এই পথে নয় ওই পথে যেতে হবে। কেন্দ্রীয় সরকার আমাদের ২ হাজার কোটি টাকা দিলেন না। টাকা কোথায় পাব? শিক্ষায় খরচ কি করে বাড়াব? কিন্তু এই রকম বিপদের মধ্যে পড়েও বামফ্রন্ট সরকার যে শিক্ষা-নীতি নিয়ে চলেছে আপনারা তার সমর্থন করবেন না? অন্যান্য রাজ্যের সাথে আমাদের পার্থক্যটা মানবেন না? আপনি যেখানে আছেন সেখানে কলেজের গভর্নিং বডি কারা চালায়? শিক্ষক, কর্মচারী - তারা। ভারতবর্ষে আর কোথাও আছে? গণতান্ত্রিক কাঠামো বজায় রেখে, শিক্ষকদের অধিকার বজায় রেখে শিক্ষকদের বেতন-ক্রম বজায় রেখে আমরা আমাদের শিক্ষার অগ্রগতি ঘটাচ্ছি। এই পার্থক্য দেখবেন না? তামিলনাড়ুর জয়ললিতাকে দেখছেন না? অন্ধ্রে একজন শিক্ষক রিটায়ার করলে আর লোক নেয় না। এগুলো যদি না দেখেন এবং চোখ থাকতেও

বলেন আমি দেখব না, দেখতে চাইছি না তাহলে আমি বলব এটা করবেন না। সুতরাং, আবার আপনাদের কাছে আবেদন করব এবং বলবো, এব্যাপারে আমাদের মত পার্থক্য থাকা উচিত নয়। আগামীদিনে বাংলার একটা উজ্জ্বল ভবিষ্যৎ দেখতে পাচ্ছি এবং সেটা হচ্ছে আমাদের ছেলে-মেয়েদের মেধা আছে, আরো যদি সুযোগ করে দিই, কী সরকারী কী বে-সরকারী, শুধু ভারতবর্ষের বাজার নয়, বিশ্বের বাজারে এরা ছড়িয়ে পড়বে। সেই জন্য আমাদের বাজেট সমর্থন করুন এবং কাট-মোশান তুলে নেওয়ার অনুরোধ করব। এবং বাংলার উন্নয়নে আসুন আমরা একসাথে শামিল হই। ধন্যবাদ।

Demand No. 13

The motion that the Amount of the Demand be Reduced to Re.1/- was then put and lost.

The motions that the Amount of the Demand be reduced by Rs. 100/ were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 that a sum of Rs. 668,86,99,000 be granted for expenditure under Demand No. 13, Major Heads : "2202-General Education, 2203-Technical Education 2204-Sports and Yourth Services, 2205-Art and Culture, 2251-Secretariat-Social Services, 3454 Census, Surveys and Statistics and 6202-Loans for Education, Sports, Art and Culture" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs.222,95,67,000 already voted on account in March, 2003.)
was then put and agreed to.

Demand No. 14

The motions that the Amount of the Demand be Reduced by Rs.100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 that a sum of Rs.78,95,63,000 be granted for expenditure under Demand No.14, Major Heads : "2202-General Education, 2205-Art and Culture, 2235-Social Security and welfare 2251–Secretariat-Social Services, 2515-Other Rural Development Programmes, 2551-Hill Areas, 3454-Census, Surveys and Statistics and 4202-Capital Outlay on Education, Sports, Art and Culture" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs.26,31,87,000 already voted on account in March, 2003.)
was then put and agreed to.

Mr. Deputy Speaker : Now we are taking up Demand No. 15. I put to vote all the cut motions moved.

The motions (cut motion nos. 2–5) that the amount of the Demand be reduced to Re. 1 –, were then put and lost.

The motions (cut motion nos. 49–52, 58–61, 66–69 & 82–84) that the amount of the Demand be reduced by Rs. 100–, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 that a sum of Rs. 3978,39,85,000 be granted for expenditure under Demand No. 15, Major Heads : "2202 – General Education, 2204 – Sports and Youth Services, 2245 – Relief on account of Natural Calamities, 2251 – Secretariat–Social Services, 2551 – Hill Areas, and 4202 – Capital Outlay on Education, Sports, Art and Culture" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 1326,13,28,000 already voted on account in March, 2003.), was then put and agreed to.

Mr. Deputy Speaker : Now Demand No. 51. I put to vote all the cut motions moved.

The motions (cut motions nos. 1–2, 5 & 6), that the amount of the Demand be reduced by Rs. 100 –, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 that a sum of Rs. 67,44,61,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads : "2203 – Technical Education, 2230 – Labour and Employment, 2251 – Secretariat–Social Services and 4250 – Capital Outlay on Other Social Services" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 22,48,20,000 already voted on account in March, 2003.), was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5.29 p.m. till 11.00 a.m. on Tuesday, the 15th July, 2003 at the Assembly House, Eden Gardens, Kolkata – 700 001.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 15th July 2003 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 04 Ministers of State and 114 Members.

[11.00–11.10 a.m.]

Held Over Starred Questions (to which answers were laid on the 'Table')

বিচারাধীন বন্দীর সংখ্যা

* ২১। (অনুমোদিত প্রশ্ন নং * ৮৩৪) ডঃ আশীষ ব্যানার্জী : কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি :—

(ক) ২০০৩-এর ৩১শে জানুয়ারী পর্যন্ত রাজ্যে বিচারাধীন বন্দীর সংখ্যা কত ছিল ; এবং

(খ) তন্মধ্যে, উপসংশোধনাগারে বন্দীর সংখ্যা কত?

কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) ১১,৭৫৯ জন।

(খ) ৩০৩৯ জন।

সংশোধনাগারের কয়েদীদের চিকিৎসার জন্য ঔষধ ক্রয়

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং * ৮৮২) শ্রী পংকজ বন্দ্যোপাধ্যায় : কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি :

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের সংশোধনাগারগুলির কয়েদীদের চিকিৎসার জন্য শুধুমাত্র দুটি সংস্থা থেকেই বেশীর ভাগ ঔষধ কেনা হয় ; এবং

(খ) সত্যি হলে, ২০০১-২০০২ এবং ২০০২-২০০৩ আর্থিক বছরে উক্ত সংস্থা দুটি থেকে কত টাকা মূল্যের ঔষধ কেনা হয়েছে?

কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) ৫ টি সংস্থা থেকে ঔষধ কেনা হয়। তবে তার মধ্যে দুটি সংস্থা থেকে বেশীর ভাগ ঔষধ কেনা হয়।

(খ) (i) রামকৃষ্ণ মেডিকেল স্টোর্স—

২০০১-০২ সালে — ৯০,৭৮,৮০৩ টাকা

২০০২-০৩ " — ১,০৬,০১,৪৩৮ টাকা

মোট — ১,৯৬,৮০,২৪১ টাকা

(ii) হিন্দুস্থান অ্যান্টিবায়োটিকস্ —

২০০১-০২ সালে — ৫,১৯,৩৫৯০ টাকা

২০০২-০৩ সালে — ৭,১৬,৫১৯১ টাকা

মোট — ১,২৩,৫৮,৭৮১ টাকা

Regular Questions

*292. Not Called.

*293. Held Over.

*294. Held Over.

Starred Questions
(to which oral answers were given)

নারী কল্যাণ আবাসের সংখ্যা

*২৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** মহিলা ও শিশু কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে দুস্থ মহিলা ও বালিকাদের সামাজিক সুরক্ষা এবং নিরাপত্তার জন্য নারী কল্যাণ আবাস চালু আছে ;

(খ) সত্যি হলে, এইরূপ আবাসের সংখ্যা কত ; এবং

(গ) সেগুলি কোথায় কোথায়?

শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ

(ক) হ্যাঁ।

(খ) ৫৭ (সাতান্ন)টি।

(গ) সংযোজনী-১ মোতাবেক।

সংযোজনী—১

বালিকা ও নারীদের জন্য সরকারী পরিচালনাধীন আবাস

অনুবন্ধ 'ক'

১. এস.এম.এম. হোম, লিলুয়া, হাওড়া।

২. উত্তরপাড়া দুস্থাবাস, ৭, রামমোহন রোড, উত্তরপাড়া, হুগলী।

৩. বিদ্যাসাগর বালিকা ভবন, গোপ, পশ্চিম মেদিনীপুর।
৪. আনন্দমঠ, শিমুলিয়া, পুরুলিয়া।
৫. শহীদ বন্দনা স্মৃতি মহিলা আবাস, পোঃ + জেলা : কোচবিহার।
৬. শিলায়ন, বহরমপুর, মুর্শিদাবাদ।
৭. কলিকাতা উদ্ধার আশ্রম, ২৭৯/৩, এন.এস.সি. বোস রোড কলিকাতা-৪৭।
৮. সুকন্যা, এ.কিউ, সেক্টর - ৫, সল্টলেক, কলিকাতা-৯১।
৯. বর্ধমান ডিস্ট্রিক্ট শেল্টার, ১৬৩, বি. এল. হাতি রোড, রাধানগর, বর্ধমান।
১০. নদীয়া ডিস্ট্রিক্ট শেল্টার, নগেন্দ্র নগর ৩য় লেন। কৃষ্ণনগর নদীয়া।
১১. মালদা ডিস্ট্রিক্ট শেল্টার, সর্বমঙ্গলাপল্লী, পো: ও জেলা - মালদা।

চক্রচর নিয়ামকের অধীনে নারী কল্যাণ আবাসের তালিকা

১. মহিলা ভবঘুরে আবাস, উত্তরপাড়া, জেলা - হুগলী।
২. মানসিক ভারসাম্যহীন ভবঘুরেদের আবাস, মহালন্দী, মুর্শিদাবাদ (মহিলা)।
৩. কুষ্ঠ রোগ গ্রস্থ (মহিলা) ভবঘুরে আবাস, ৭৫/১, বেলেঘাটা মেইন রোড, কলকাতা - ১০।

স্বেচ্ছাসেবী সংগঠন দ্বারা পরিচালিত নারী কল্যাণ আবাসের তালিকা

১. রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন, পুরুলিয়া, পোঃ + জেলা - পুরুলিয়া।
২. আনন্দ নিকেতন, কাটোয়া, জেলা - বর্ধমান।
৩. সেবক, ২২, ভুবন মোহন রায় রোড, কলকাতা-৮।
৪. এস.ও.এস ভিলেজ, ব্লক ইকে, সেক্টর - ২, সল্টলেক সিটি, কলকাতা-৯১।
৫. বাগান্দা হোম, জনশিক্ষা প্রচার কেন্দ্র, হুগলী, জেলা - হুগলী।
৬. চিরনবীন, বাগনান, জেলা - হাওড়া।
৭. প্রবর্তক সেবা নিকেতন, চন্দননগর, জেলা-হুগলী।
৮. বোধিপীট, ২০, হরিনাথ দে রোড, কলকাতা-৬।
৯. প্রবর্তক সংঘ হোম, সল্ট লেক সিটি, কলকাতা।
১০. সংলাপ, ৬/৪, লেক ইস্ট ফোর্থ রোড, সন্তোষপুর, কলকাতা-৭৫।
১১. ইন্ডিয়ান সোসাইটি ফর স্পনসরশিপ অ্যান্ড অ্যাডপ্শন, ১, প্যালেস কোর্ট, ১, কিড স্ট্রীট, কলকাতা-১৬।
১২. অল বেঙ্গল উইমেন্স ইউনিয়ন, ৮৯, ইলিয়ট রোড, কলকাতা-১৬।
১৩. চাইল্ড কেয়ার হোম, সুকান্তনগর, সেক্টর - ৪, সল্ট লেক সিটি, কলকাতা-৯১।
১৪. সোসাইটি ফর ইন্ডিয়ান চিলড্রেন্স ওয়েলফেয়ার, ২০, কর্নেল বিশ্বাস, বেকবাগান, কলকাতা-১৯।

স্বল্পকালীন আবাসের তালিকা

1. অ্যাসোসিয়েশন ফর সোশ্যাল হেলথ ইন ইন্ডিয়া
   — ৭, অশোক এভিনিউ,
   কলিকাতা -৭০০০৪০
2. সংলাপ
   — স্নেহা
   গ্রাম - ইলাচি পোঃ - নরেন্দ্রপুর
3. সৌজাত্য
   — ১৫০, কে.পি. রায় লেন,
   এবং ৭, কে পি রায় লেন
   কলকাতা
4. ভিলেজ ওয়েলফেয়ার সোসাইটি
   — গ্রাম+পোঃ - পঞ্চারুল,
   ব্লক - উদয়নারায়নপুর,
   হাওড়া -৭১১২২৫
5. মালিপুকুর সমাজ উন্নয়ন সমিতি
   — গ্রাম+পোঃ - জুজেরেসা,
   ব্লক - পাঁচলা
   হাওড়া -৭১১৩০২
6. গণ উন্নয়ন পর্ষদ
   — নবোদয়া,
   গ্রাম - কালাবেরিয়া,
   পোঃ - আরবিষ্ণুপুর,
   ব্লক-রাজারহাট,
   উত্তর ২৪ পরগনা
7. সেবা সংঘ মহিলা সমিতি
   — গ্রাঃ - জিওনখালি,
   পো ঃ - গোলাবাড়ি বাজার.
   উত্তর ২৪ পরগনা
8. সোসাইটি ফর সুইটেবল ভলেন্টারী অ্যাসোসিয়েশন (সেবা)
   — আনন্দ কেন্দ্র,
   গ্রাম + পোঃ - আটঘড়া,
   ব্লক - বাদুরিয়া,
   উত্তর ২৪ পরগনা ৭৪৩৪৩৮

9. জয়প্রকাশ ইস্টিটিউট অফ্ সোশ্যাল চেঞ্জ
— ভালোবাসা,
তারা দাস হোম,
গঙ্গানগর, পোঃ - মধ্যমগ্রাম,
উত্তর ২৪ পরগনা
10. অ্যাসোসিয়েশন ফর সোশ্যাল ইন্ ইন্ডিয়া
— সকুনগলা আশ্রম,
নারকেলডাঙ্গা,
পোঃ - শ্যামপুর,
জেলা - দক্ষিণ ২৪ পরগনা।
11. মহিলা সেবা সমিতি
— মহিলামণ্ডল ও শিশুবিকাশ কেন্দ্র
গ্রাম — খাসিপুর,
পোঃ — রায়পুর
দক্ষিণ ২৪ পরগনা।
12. সোসাইটি ফর রুরাল অ্যান্ড আর্বান ডেভালপমেন্ট
— পোঃ - কাকদ্বীপ
জেলা - দক্ষিণ ২৪ পরগনা
13. জনশিক্ষা প্রচার কেন্দ্র
— শখনা - জপনিকা
গ্রাম + পোঃ - বাগানদা
ব্লক — জঙ্গিপাড়া
জেলা — হুগলি।
14. দুলাল স্মৃতি সংসদ
— গ্রাম + পোঃ — খাজুরদহ
ব্লক — ধনিয়াখালি,
জেলা - হুগলি
15. অ্যাসোসিয়েশন ফর সোশ্যাল হেলথ ইন ইন্ডিয়া
— সত্য ভারতী ভবন
পোঃ — নবগ্রাম
জেলা — হুগলি ৭১২-২৪৬
16. করিমপুর সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি
— চারাতোলাপাড়া,
গ্রামঃ - মহিষবাথান
পোঃ - রহমতপুর
আই.পি.এস. করিমপুর
জেলা - নদীয়া

17. অল্ ইন্ডিয়া উমেন্স কনফারেন্স (এ.আই.ডব্লু.সি.)
— গ্রাম + পোঃ - ক্ষীরপাই
জেলা — মেদিনীপুর (পশ্চিম),
পিন -৭২১২৩২

18. প্রবুদ্ধভারতী শিশুতীর্থ
— সারদা নিস্তারিণী, সারদাপল্লী
খড়গপুর টাউন,
জেলা — মেদিনীপুর (পশ্চিম)

19. প্রবুদ্ধভারতী শিশুতীর্থ —
— সারদা নিস্তারিণী
পোঃ - বিষ্ণুপুর
জেলা - বাঁকুড়া - ৭২২-১২২

20. স্কটলেন পভার্টি ইরাডিকেশন সেন্টার
— জেলা - বাঁকুড়া

21. অ্যাসোসিয়েশন ফর সোস্যাল হেলথ ইন ইন্ডিয়া
— নিবেদিতা ভবন
কলনবগ্রাম, শিক্ষা নিকেতন
পোঃ - কলনবগ্রাম
বর্ধমান -৭১৩১২৪

22. অ্যাসোসিয়েশন ফর সোশ্যাল হেলথ ইন ইন্ডিয়া
— সারদাসদন, কলনবগ্রাম,
শিক্ষা নিকেতন,
পোঃ - কলনবগ্রাম
বর্ধমান -৭১৩১২৪

23. ইনস্টিটিউট ফর মোটিভেটিব সেল্ফ এমপ্লয়মেন্ট (অই.এম.এস.ই.)
— পিতৃপায়া, মালঞ্চ
পোঃ - সিংরি
বর্ধমান - ৭১৩৫১৪

24. অ্যাসোসিয়েশন ফর সোশ্যাল হেলথ ইন ইন্ডিয়া
— পুষ্পরাগ নিকেতন, ডুমকা রোড
পোঃ - নিশ্চিন্দীপুর,
ব্লক — রামপুরহাট -১
বীরভূম - ৭৩১২২৪

25. এল্মহার্স্ট ইনস্টিটিউট অফ্ কমিউনিটি স্টাডিস্
— নববীথিকা, অ্যান্ড্রুপল্লী
পোঃ - শান্তিনিকেতন,
বীরভূম -৭৩১২৩৫

26. অরবিন্দ অনুশীলন সোসাইটি
— আর.টি.বালিকা বিদ্যালয় রোড
পোঃ - সিড়ড়ী
জেলা - বীরভুম
পিন - ৭৩১১০১

27. জয়প্রকাশ ইনস্টিটিউট অফ্ সোশ্যাল চেঞ্জ
— আশা, ১২৮
ওল্ড ডাঙ্গালপাড়া
পোঃ - সিউড়ি
বীরভূম - ৭৩১১০১

28. রুরাল হেলথ ডেভালপ্‌মেন্ট সেন্টার
— যমুনা, পোঃ — বড়গ্রাম
ব্লক — হরিহরমপুর,
দক্ষিণ দিনাজপুর - ৭৩৩১২৮

29. নিউ ভারতী ক্লাব
— গ্রাম + পোঃ - বাণেশ্বর
জেলা - কোচবিহার

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, রাজ্যের ১০টি জেলায় নারী কল্যাণ আবাস চালু হয়েছে দুস্থ মহিলা এবং বালিকাদের সামাজিক সুরক্ষা এবং নিরাপত্তার জন্য। মানবিক দিক দিয়ে এটা খুবই গুরুত্বপূর্ণ কাজ। এটা রাজ্যের বাকি জেলাগুলিতে সম্প্রসারিত করার কোন পরিকল্পনা আছে কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : কেন্দ্রীয় সরকার এই প্রকল্পের স্যাংসন দেয়। যদি কোন ভলানটারি অর্গানাইজেশন স্কীম প্রস্তুত করে কোন জেলায় এই প্রকল্প রূপায়িত করার জন্য আমাদের কাছে পাঠান, তাহলে আমরা নিশ্চয়ই এন্‌কোয়ারী করে তা কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য পাঠাবো।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, দুস্থ মহিলা এবং বালিকাদের কি কি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : উইভিং, টেলারিং, স্টীল ফার্নিচার তৈরি করার শিক্ষা, প্রেসের কাজকর্ম শিক্ষা, বুক বাইন্ডিং, মোড়া-ঝুড়ি-পাপোশ তৈরির কাজ শেখানো হয়। স্বেচ্ছাসেবী সংগঠন পরিচালিত আশ্রমে ব্যাগ তৈরি, ফ্যাশন ডিজাইনিং, কাটিং, টেলারিং, মিউজিক, মশলা তৈরি এবং পাটজাত হস্তশিল্পের কাজে শিক্ষা দেওয়া হয়। হ্যান্ডলুমের বিভিন্ন কাজ, নার্সিং, আয়ার কাজ, সোলার কুকার তৈরির কাজ, জরির কাজ, কাঁথা স্টিচিং, মশলা তৈরি প্রভৃতির প্রশিক্ষণ দেওয়া হয়।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, রাজ্য সরকারের কাছ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে এই জাতীয় বেশ কিছু প্রকল্পের সুপারিশ গিয়েছে, সেগুলি এখন কোন্ অবস্থায় আছে?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : কেন্দ্রীয় সরকার যে সমস্ত স্বেচ্ছাসেবী সংগঠনের প্রকল্প অনুমোদন করেন, সে সমস্ত প্রকল্পে কেন্দ্রীয় সরকার অনুদান দেয়। আমরা যত প্রকল্প কেন্দ্রের কাছে পাঠাই সব প্রকল্পই অনুমোদিত হয় না। কিছু কিছু অনুমোদন পায়। যেগুলি অনুমোদিত হয়ে আসে, সেগুলিই আমরা আমাদের রাজ্যে বাস্তবে কার্যকরী করতে পারি।

শ্রী দেব প্রসাদ সরকার : মাননীয় মন্ত্রী মহাশয়, পারিবারিক বিপর্যয়ের ফলে বর্তমানে যে সমস্ত নারীরা স্বামী, পুত্র ইত্যাদি মৃত্যুর পরিপ্রেক্ষিতে বিপন্ন হয়ে পড়ছেন, যা আমাদের সমাজে ক্রমবর্ধমান, এই ক্রমবর্ধমান সমস্যার প্রেক্ষাপটে নারী কল্যাণ আবাসের সংখ্যা যাতে আরো বাড়ানো যায় তার জন্য রাজ্য সরকার কি উদ্যোগ গ্রহণ করেছেন? আপনি বললেন প্রকল্পটি কেন্দ্রীয় সরকারের প্রকল্প, কেন্দ্রীয় সরকার যদি তার কল্যাণ আবাসন বৃদ্ধির অনুমোদন না দেন তাহলে রাজ্য সরকারের কী করণীয় আছে? আবাসন সংখ্যা বাড়াবার জন্য, সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য কোনও প্রস্তাব রাজ্য সরকারের পক্ষ থেকে দেওয়া হয়েছে কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : প্রথম কথা হচ্ছে, রাজ্য সরকারের পক্ষ থেকেও এই প্রকল্প রূপায়ণের জন্য কিছু অর্থ দেওয়া হয়। দ্বিতীয় কথা হচ্ছে, আমরা যেটা বলেছি, এই ধরনের স্কীম কোন সমাজসেবী প্রতিষ্ঠানের পক্ষ থেকে যদি করা হয়, তাহলে তা কার্যকরী করার জন্য আমরা আমাদের সাধ্যমতো চেষ্টা করব। যদি সমাজসেবী সংগঠনগুলি এবিষয়ে এগিয়ে আসেন তাহলে আমরা আমাদের সাধ্যমতো সংখ্যা বৃদ্ধি করার চেষ্টা করব, যদি কেন্দ্রীয় অনুদান পাওয়া যায়।

[11.10–11.20 a.m.]

শ্রী নির্মল দাস : দুস্থ মহিলাদের সামাজিক সুরক্ষার জন্য নারী কল্যাণের যে সমস্ত ব্যবস্থা আপনার দপ্তর করেছে, সেক্ষেত্রে আমি লক্ষ্য করছি, কিছু কিছু ক্ষেত্রে এন.জি.ওদের কেন্দ্রীয় সরকার স্পনসর্ড করেছেন এবং তারা নারী কল্যাণের জন্য ব্যবস্থা নিচ্ছেন। ইতিমধ্যে আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠান এদের সুরক্ষার জন্য যে সমস্ত কল্যাণমূলক ব্যবস্থা গ্রহণ করা দরকার সেগুলি নিয়ে আগ্রহ প্রকাশ করেছেন। এই মুহূর্তে দুস্থ মহিলা এবং বালিকা যাদের সামাজিক সুরক্ষার জন্য আপনার দপ্তর কাজকর্ম করছে, বিশেষ করে উত্তরবঙ্গের যে সমস্ত

জেলাগুলি আছে, সেইসব জেলাগুলিতে এদের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করেছেন কিনা?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আমি প্রথমেই বলেছি, কোন সমাজসেবামূলক প্রতিষ্ঠান যদি কোন স্কীম করে প্ল্যান করে দেয়, সেগুলি আমরা সাধ্যমতো কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে যাতে অনুমোদন পাওয়া যায় তার জন্য চেষ্টা করবো।

শ্রী বিনয় দত্ত : রাজ্যে দুস্থ মহিলা ও বালিকাদের সামাজিক সুরক্ষার জন্য যে আবাস আছে এই দুস্থ মহিলা ও বালিকাদের নির্ধারণ কে করবে? সরকারের পক্ষ থেকে যেটা করা হয়, সেই নির্ধারণের ক্ষেত্রে অভিযোগ ওঠে, কি কি ক্রায়টেরিয়া হলে পর দুস্থ মহিলা ও বালিকাদের নেওয়া হবে? এর সঙ্গে আর একটি কথা বলছি, যদি কোন অভিযোগ আসে যে ঠিকমত নির্ধারণ হচ্ছে না, সেটা কে দেখবে?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : অভিযোগ উঠলে জেলা সমাহর্তা আছেন, এছাড়া ডি.পি.ও আছেন, ডি.এস.ডব্লু আছেন, তাদের কাছে জানাবেন। দ্বিতীয় কথা, কোন জায়গার প্রধান সার্টিফিকেট দিতে পারেন কোন মহিলা দুস্থ কিনা, এ ছাড়া এম.এল.এ.রা দিতে পারেন, এম.পি.রা দিতে পারেন, সরকারী হায়ার অফিসাররা দিতে পারেন। এছাড়াও কোন অভিযোগ জানানোর থাকলে মন্ত্রীর কাছে জানাতে পারেন।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : এর আগে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন, কাশী, মথুরা এবং বৃন্দাবনে এই রাজ্যের যেসব দুস্থ মহিলারা আছেন তাদের জন্য রাজ্য সরকার একটা রিপোর্ট তৈরী করবেন এবং তাদের যাতে পুনর্বাসন দেওয়া যায়, তার ব্যবস্থা রাজ্য সরকার করবেন। এই বিষয়ে কি অগ্রগতি ঘটেছে মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : কেন্দ্রীয় সরকারের কাছে আমরা যে প্রস্তাব পাঠিয়েছি সে সম্পর্কে আমি বিধানসভার মাননীয় সদস্যদের পূর্বাহ্নেই জানিয়েছি যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সে সম্পর্কে নতুন কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর : আমরা জানি যে এইসব আবাসনগুলিতে রাজ্যের অনেক দুস্থ মহিলারা থাকেন এবং এখানে তাদের স্বনির্ভর করা হয়ে থাকে। এর জন্য বিভিন্ন কর্মসূচিও নেওয়া হয়েছে। আমার প্রশ্ন, আই.সি.ডি.এস. প্রকল্পে এরকম কর্মসংস্থান প্রকল্পে এ সব দুস্থ মহিলারা আসেন স্থায়ীভাবে কর্মসংস্থানের জন্য। এই সব আবাসন থেকে আসা কত সংখ্যক দুস্থ মহিলার আই.সি.ডি.এস. প্রকল্পে কর্মসংস্থান হয়েছে জানাবেন কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : নোটিশ চাই।

I.C.D.S. কর্মী ও সহায়িকাদের ভাতা বৃদ্ধি

*২৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১২৯) **শ্রীতাপস চট্টোপাধ্যায় ঃ** সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমান আর্থিক বছরে আই.সি.ডি.এস. কর্মী ও সহায়িকাদের মাসিক ভাতা বৃদ্ধির কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কী না?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : না।

কেন্দ্রীয় সরকার ১।৪।০২ তারিখ থেকে অঙ্গনওয়াড়ি কর্মী এবং সহায়িকাদের ভাতা যথাক্রমে ৫০০ টাকা ও ২৪০ টাকা করে বৃদ্ধি করেছেন। এর সঙ্গে আমিও আরও যেটা যোগ করতে চাই সেটা হচ্ছে, বর্তমানে অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাগণ যে হারে ভাতা পান সেটা হল অঙ্গনওয়াড়ি কর্মীরা কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত ১০০০ টাকা এবং রাজ্য সরকারের বরাদ্দকৃত ২০০ টাকা, মোট ১২০০ টাকা এবং সহায়িকারা কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত ৫০০ টাকা ও রাজ্য সরকারের বরাদ্দকৃত ২০০ টাকা মোট ৭০০ টাকা। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৩১ কোটি ৫৫ লক্ষ ৬ হাজার টাকা পাওয়া গিয়েছে। সরকারী প্রকল্পগুলিতে ১.৪.০৩ থেকে অতিরিক্ত ভাতা দেওয়া হচ্ছে। ৩১.৩.২০০৩ তারিখের হিসাব অনুযায়ী বার্ষিক অতিরিক্ত অর্থের পরিমাণ ৪৪ কোটি ২৯ লক্ষ ৯৫ হাজার টাকা।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : নিশ্চিতভাবে এটা খুবই উল্লেখযোগ্য দিক। এতদিন ধরে আই.সি.ডি.এস-এর সহায়িকা এবং কর্মীরা আন্দোলন করছিলেন এবং রাজ্য সরকারও চেষ্টা করছিলেন যে কিভাবে তাদের ভাতাটা বাড়ানো যায়। স্বাভাবিকভাবে এটা নিশ্চয় আন্দোলনের সুফল এবং এ ক্ষেত্রে রাজ্য সরকারের প্রচেষ্টা সার্থক হয়েছে। এই যে ভাতা বৃদ্ধি করা হয়েছে কর্মী এবং সহায়িকাদের ক্ষেত্রে এখন সামগ্রিকভাবে গোটা রাজ্যে চাহিদাটা বাড়ছে আই.সি.ডি.এস প্রকল্প সম্পর্কে, আগ্রহও বাড়ছে — আমার প্রশ্ন, এখনও পর্যন্ত যেসব ব্লকে আই.সি.ডি.এস প্রকল্প নেই তার সংখ্যাটা কত এবং যেখানে নেই সেখানে কতদিনের মধ্যে এটা করতে পারবেন জানাবেন কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : সমস্ত ব্লকেই আই.সি.ডি.এস. স্যাংসান হয়েছে। কোন কোন জায়গায় এটার প্রক্রিয়াগুলি চলছে। দুটি ব্লকে এখনও পর্যন্ত করা সম্ভব হয়ে ওঠেনি।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : আই.সি.ডি.এস. প্রকল্পে রান্নাকরা খাবার যেটা দেওয়া হয় মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে সেখানে জ্বালানির একটা সমস্যা রয়ে গিয়েছে, কারণ জ্বালানির পয়সাটা খুব কম দেওয়া হয়। আমার জিজ্ঞাসা, জ্বালানির পয়সাটা বৃদ্ধি করার জন্য কোন নির্দিষ্ট পরিকল্পনা আপনার আছে কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : এটা বৃদ্ধি করার জন্য অর্থ দপ্তরের কাছে আমরা আবেদন করেছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : দার্জিলিং-এর হিল এরিয়াতে বহু টি গার্ডেন, ফরেস্ট ভিলেজ, সিংকোনা প্লানটেশান কেন্দ্রে অঙ্গনওয়াড়ি কেন্দ্র নেই। আমার জিজ্ঞাসা, সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে আপনারা যে প্রোপোজাল পাঠিয়েছেন তার ভিত্তিতে এখানকার জন্য কোন স্যাংসান এসেছে কি? তার ভিত্তিতে কোন স্যাংসান এসেছে কিনা দয়া করে বলবেন কি?

[11.20–11.30 a.m]

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আমাদের অদমসুমারী হয়ে যাওয়ার পর আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বাড়তি সমস্ত জায়গাতে আরো সেন্টার চেয়েছি। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এখনও পর্যন্ত কোন বাড়তি সেন্টার পাইনি। বাড়তি সেন্টার পেলে হিল এরিয়া সম্পর্কে বিশেষভাবে চিন্তা করা হবে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ২টি ব্লক ছাড়া সব ব্লকে আমাদের আই.সি.ডি.এস প্রকল্প রূপায়িত হয়েছে উল্লেখযোগ্যভাবে। এর ফলে নারী এবং গর্ভবতী মহিলা এবং শিশু কল্যাণের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে। কিন্তু একটা সমস্যা প্রকট হয়ে দেখা দিয়েছে। এই ব্যাপারে আপনি আগেও বলেছিলেন যে দেখবেন। ২—৩ বার পরীক্ষা হয়ে যাওয়ার পর সিডিউল কাস্ট যদিও বা পাওয়া যাচ্ছে সিডিউল ট্রাইভ পাওযা যাচ্ছে না। তিনবার পরীক্ষা নেওয়া হয়েছে, তবুও পদগুলি অপূরণীয় থেকে যাচ্ছে। ফলে কেন্দ্রগুলি খোলা যাচ্ছে না। এই ব্যাপারে কোন বিশেষ ব্যবস্থা না নিলে অচল অবস্থায় থেকে যাবে। আমাদের ব্লকে এই রকম ১০-১১টি কেন্দ্রের জন্য ৩ বার পরীক্ষা নেওয়া হয়েছে, রিটিন, মৌখিক সমস্ত পরীক্ষা নেওয়া হয়েছে, কিন্তু শূন্যস্থান থেকে গেছে। এই ব্যাপারে কি ব্যবস্থা নিচ্ছেন দয়া করে বলবেন কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : এটা ঠিক যে বেশ কিছু জায়গায় অসুবিধা আছে। যে সমস্ত জায়গায় তফশিলি জাতি এবং আদিবাসী সম্প্রদায়ভুক্ত মহিলা আছেন, সরকারী নিয়ম অনুযায়ী সেখানে যদি লোক না পাওয়া যায়, পরপর তিনবার কাগজে বিজ্ঞপ্তি জারি করতে হবে। তারপরেও যদি না পাওয়া যায়, তাহলে ব্লক থেকে আমাদের ডাইরেক্টরেটে আসবে, সেক্রেটারিয়টে আসবে। সেখান থেকে আমরা তফশিলি জাতি এবং আদিবাসী কল্যাণ দপ্তরে পাঠাবো। সেখান থেকে তাঁরা যদি অনুমোদন দেন তখনই আমরা রিক্রুটমেন্ট করতে পারবো। যতক্ষণ না পর্যন্ত ওনারা অনুমোদন দেবেন ততক্ষণ পর্যন্ত আমরা কিছু বলতে পারবো না। তবে এই ব্যাপারে অনেকগুলো প্রপোজাল এসেছে। তফশিলি জাতি, উপজাতি এবং আদিবাসী কল্যাণ দপ্তরের সঙ্গে যোগাযোগ করে দ্রুত যাতে সেটা করা যায়, সেই ব্যাপারে আমরা চেষ্টা করবো।

শ্রী শিবদাস মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে একটা অতিরিক্ত প্রশ্ন জিজ্ঞাসা করছি। উনি বলছেন ৪১ কোটি ৫৫ লক্ষ ৬ হাজার টাকা, এটা কি কেন্দ্রের টাকা, না সামগ্রিক সাহায্য? আপনি বলেছেন খরচ হয়েছে ৪৪ কোটি ৫০ লক্ষ কিছু টাকা। আমার বক্তব্য হচ্ছে, কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের সহায়তায় যে শিশু বিকাশ প্রকল্প চলছে তাতে অঙ্গনওয়াড়ি কর্মীদের বেতন ১২০০ টাকা এবং ৭০০ টাকা এটা ঠিক সময়মতো মাস গেলে দেওয়া হয় না। এই বৈষম্য হচ্ছে কেন? আপনারা কি কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্য যেটা সেটা ঠিকমত পাচ্ছেন না, নাকি রাজ্য সরকার সেই টাকা পাওয়ার পরে তাদের বকেয়া রেখে বেশি কিছু দিন পরে দিচ্ছে? এটা আমার জিজ্ঞাস্য।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যেটা পাই তার সবটা এখনো পাওয়া যায়নি। তার মধ্যে দিয়ে আমরা চালাবার চেষ্টা করছি। রাজ্য সরকারের পক্ষ থেকে যে ২০০ টাকা করে বৃদ্ধি করা হয়েছে সেটা প্রথম থেকেই ৩ মাস ৪ মাস পরপর একসঙ্গে দিয়ে দেওয়া হয়।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা প্রশ্ন আছে। এটা ঘটনা যে আই.সি.ডি.এস ওয়ারকার বা হেল্পার, এদের ভাতা বাড়ানোর যে বন্দোবস্ত করেছেন বা কেন্দ্রীয় সরকার তাদের জন্য যে মঞ্জুরী দিয়েছেন এটা অত্যন্ত আনন্দের কথা। কারণ তাদের যে ওয়ার্কলোড নিতে হয় তাদের যে সারাভিস দিতে হয়, শুধু আই.সি.ডি.এস প্রকল্পের কাজ নয় অন্য কাজও তাদের করতে হয়, তাতে তাদের আরো বেশী প্রাপ্য হওয়া উচিত। যদি এটা করতে পারেন তাহলে ভাল হয়। আমার প্রাসঙ্গিক প্রশ্ন হচ্ছে, যে অবস্থার মধ্যে তাঁরা কাজ করেন, আইসিডিএস'-এর যে ঘর বা ঘরবাড়ি, যাই বলুন না কেন, তার জন্য তাঁদের অসুবিধা হয়। তাঁরা জিনিসপত্র রাখতে পারেন না। অন্য কোন বাড়িতে সেগুলো রাখতে হয়। সেখান থেকে কিছু চুরি গেলে তার দায়ভার তাঁদেরই নিতে হবে। আমরা এ নিয়ে প্রশ্ন তুলেছি। পঞ্চায়েত সমিতি কিছু টাকা অ্যালট করে। আপনারা কি এ সম্পর্কে ভাবছেন যে, আইসিডিএস'-এর যে সমস্ত জায়গায় ঘরবাড়ি নেই বা ঘরবাড়িগুলো অনুপযুক্ত, সেখানে শুধু পঞ্চায়েত সমিতি নয়, আপনারা, আপনাদের দপ্তর থেকে ঘরবাড়ি করার চেষ্টা করবেন? যেটা করলে আরও উন্নত হতে পারে, যেটা দরিদ্র শিশুদের কাজে আসবে।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : মাননীয় সদস্য সঠিকভাবেই বলেছেন যে, পশ্চিমবাংলাতে সমস্ত জায়গায়, যেখানে আইসিডিএস'-এর সেন্টারগুলো আছে, সেখানে বহু জায়গায় ঘরবাড়ি নেই। কিছু জায়গায় আছে। এ সম্পর্কে আমরা কেন্দ্রীয় মন্ত্রী যাঁরা আছেন, তাঁদের কাছে বারবার বলবার চেষ্টা করেছি, বোঝাবার চেষ্টা করেছি যে, শিশুদের জন্য ঘরগুলো অত্যন্ত জরুরি। কেন্দ্রীয় মন্ত্রীকে আমরা এটাও জানিয়েছিলাম, কেন্দ্রীয় সরকার যে অর্থ দেন, তার মধ্যে আইসিডিএস'-এর জন্য ২ পার্সেন্ট যদি ইয়ার মার্ক করে দেওয়া হয়, সেটা যদি আমরা জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি বা গ্রাম পঞ্চায়েত থেকে পাই, তাহলে আমরা তা দিয়ে ঘরবাড়িগুলো করতে পারি। কেন্দ্রীয় সরকার সেইভাবে কিছু করেননি। আমরা নাবার্ড থেকে ২০ কোটি টাকা নিয়ে পশ্চিমবাংলাতে কিছু ঘরবাড়ি করার চেষ্টা করছি। কিন্তু তাতেও সমস্যার সমাধান হবে না, প্রচুর সমস্যা থাকবে। কাজেই আমাদের দপ্তর থেকে চেষ্টা থাকবে।

এই সুযোগে আমি মাননীয় বিধায়ক যাঁরা আছেন, তাঁদের কাছে অনুরোধ জানাবো, তাঁরা যে অর্থ পান, সেই অর্থ থেকে তাঁরা যদি এই আইসিডিএস প্রকল্পের জন্য কিছু ঘরবাড়ি করে দেন তাহলে ভাল হয়।

মিঃ ডেপুটি স্পীকার : মিঃ হাফিজ আলম সৈরানী, প্রশ্নোত্তরের' দিন নির্দিষ্ট সময়ের মধ্যে আসার চেষ্টা করুন।

গরীবের মধ্যে শীতবস্ত্র বিতরণ

*২৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮০) শ্রী তপন হোড় : ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি :—

(ক) এটা কি সত্যি যে সাম্প্রতিককালে ভয়ানক শীতে ত্রান বিভাগ রাজ্যে গরীবদের শীতবস্ত্র বিতরণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, শীতবস্ত্র বাবদ কত টাকা ব্যয় হয়েছে?

শ্রী হাফিজ আলম সৈরানী :—

(ক) হ্যাঁ ; সত্যি ; এবং

(খ) এ বাবদ মোট ৪,৫৮,০০০ টাকা (চার লক্ষ আটান্ন হাজার টাকা) ব্যয় হয়েছে।

শ্রী তপন হোড় : আমি জানি যে, বিগত শীতে একটা ভয়ঙ্কর অবস্থা তৈরি হয়েছিল। আপনি ভাল কাজই করেছেন। শীতে কিছু শীতবস্ত্র দেওয়া হয়েছে ৪ লক্ষ ৫৮ হাজার টাকা তাতে ব্যয় হয়েছে। আপনি কতজনকে শীতবস্ত্র দিতে পেরেছেন?

শ্রী হাফিজ আলম সৈরানী : আমি যে ৪ লক্ষ ৫৮ হাজার টাকার কথা বললাম, এটা ঠিক, ঐ সময়ে কিছু শীতবস্ত্র ক্রয় করি, যেটা বিতরণ করা হয়েছিল তার কথা বললাম। এছাড়াও আমাদের কাছে আগে কিছু মজুত ছিল। কত লোক উপকৃত হয়েছে, তা বলতে গেলে, অনেক বড় চার্ট, সেটা পড়ে বলতে হবে।

[11.30–11.40 a.m.]

শ্রী তপন হোড় : আপনি বলেছেন যে, ৪ লক্ষ ৫৮ হাজার টাকা ব্যয় করেছেন, আমার প্রশ্ন এতে কত মানুষকে শীতবস্ত্র দিতে পেরেছেন?

শ্রী হাফিজ আলম সৈরানী : সংখ্যা ওইভাবে বলতে পারব না, কিন্তু জেলাওয়ারি বলে দিতে পারব। কোন জেলায় কত দিয়েছি সেটা বলে দিতে পারব। আমি জেলাওয়ারি হিসাব দিচ্ছি যেমন বাঁকুড়া জেলায় আমরা দিয়েছি ২ হাজার মানুষকে, বীরভূম জেলায় ১ হাজার, বর্ধমান জেলায় ১ হাজার, কুচবিহার জেলায় ৩ হাজার, দার্জিলিং জেলায় ৩ হাজার, উত্তর দিনাজপুর জেলায় ২ হাজার ৫০০, দক্ষিণ দিনাজপুর জেলায় ২ হাজার, হুগলি জেলায় ২ হাজার, হাওড়া জেলায় ১৫০০, জলপাইগুড়ি জেলায় ২ হাজার, মুর্শিদাবাদ জেলায় ২ হাজার, নদীয়া জেলায় ১ হাজার, দক্ষিণ ২৪ পরগনা জেলায় ২৫০০। এছাড়া আবার বাঁকুড়াতে দিয়েছি ১ হাজার, উত্তর দিনাজপুরে ১ হাজার, মালদাতে ৫০০, আবার ৫০০ দক্ষিণ দিনাজপুরে ৫০০, পশ্চিম মেদিনীপুরে ১ হাজার, মুর্শিদাবাদে আবার ৫০০, কুচবিহারে ১ হাজার। সব মিলিয়ে মোট ৩২,৫০০ মানুষ উপকৃত হয়েছে।

শ্রী তপন হোড় : আপনি যে শীতবস্ত্র দিয়েছেন আমার জেলাতেও দিয়েছেন আগে বোধহয় ১ হাজার, এতে দেখা যাচ্ছে এই ১ হাজারটা খুবই অপর্যাপ্ত এবং অন্যান্য জেলাতেও অপর্যাপ্ত। আপনি যা পেরেছেন দিয়েছেন, কিন্তু এই যে শীতবস্ত্র দিয়েছেন তার মানের ক্ষেত্রে কিছু অভিযোগ আছে। ভবিষ্যতে এই ধরনের প্রাকৃতিক দুর্যোগ, শীত হোক বা অন্য কিছু হোক

না কেন, মানুষকে যখন দেবেন তখন, তার মানটা যেন বজায় থাকে, এই ব্যাপারে কি ব্যবস্থা নেবেন জানাবেন কি?

শ্রী হাফিজ আলম সৈরানী : ভাল জিনিস কিনতে গেলে ভাল টাকা লাগবে আমাদের যে অর্থের সংস্থান আছে তার উপরে আমরা দিয়েছি। এবং তার উপরে দাঁড়িয়ে যে রেট আছে সুতি কম্বলের ক্ষেত্রে ৭৮ টাকা পার পিস এবং উলেন কম্বল ১০২ টাকা পার পিস। এই দামের উপরে আমাদের কিনতে হয়। স্বাভাবিকভাবেই যতটা ভাল কোয়ালিটি আশা করছে মানুষ সে ধরনের কোয়ালিটির মান আমরা দিতে পারিনি। তবে আপনি যেরমক বললেন এইরকম সুনির্দিষ্ট অভিযোগ আমাদের দপ্তরে নেই। আপনারা যে উলেন বা কটন ব্ল্যাংকেট দিচ্ছেন তার অত্যন্ত খারাপ, এই রকম অভিযোগ আমাদের কাছে নেই। কিন্তু যদি কোন সুনির্দিষ্ট অভিযোগ জানান তাহলে তদন্ত করে ব্যবস্থা নেব।

শ্রী তপন হোড় : আপনার কথার মধ্যে স্ববিরোধিতা রয়েছে। আপনি নিজে স্বীকার করলেন যে মান ঠিক নয়। আবার বললেন সুনির্দিষ্ট অভিযোগ করলে তদন্ত করে দেখবেন। আপনার সাধ্য সীমাবদ্ধ আমরা জানি। কিন্তু ঘটনাটা হচ্ছে যে দেখতে হবে। আমরা যাদেরকে দিচ্ছি, এটা তো দয়ার দান নয়, তাদেরও পাবার অধিকার আছে। সেই অধিকার থেকে তাঁরা পাচ্ছেন। সেখানে মান উন্নয়নের প্রশ্নে সজাগ থাকতে হবে রাজ্য সরকারকে, এটা আমি বলতে চাই।

এখানে আমি যেটা প্রশ্ন করতে চাই, আমাদের বিধায়করা তারা যা পায়, ঈদ উপলক্ষে, পূজা উপলক্ষে, তারা জামাকাপড় পান, আপনি জানেন যে ২৪ শতাংশ দারিদ্রসীমার নীচে বসবাস করে, এই রকম একটা হিসাব পশ্চিমবাংলা জুড়ে ছিল, ২৪ শতাংশ বি পি এল-এর নীচে আছে, এখন আমরা হিসাব করে যা দেখছি তাতে দেখছি ৩৬ শতাংশ। আমাদের অভিজ্ঞতা হচ্ছে এটা আরো ২/৪ শতাংশ বাড়তে পারে। কিন্তু কেন্দ্রীয় সরকার একটা নীতি নিয়েছেন ১০ শতাংশের বেশি বাড়ানো যাবে না। ফলে একটা সমস্যা দেখা দিয়েছে। এই সমস্যা অন্য জায়গায়। আমাদের এখানে যদি ৪২ শতাংশ দারিদ্রসীমার নীচে লোক বাস করে, সেখানে দাঁড়িয়ে আপনি যে মালটা দেন সেটা একেবারেই তার সঙ্গে সাযুজ্য থাকে না। তার সঙ্গে সঙ্গে বলি, আগে অন্তত মানটা খারাপ ছিল, সেটার খানিকটা উন্নতি করেছেন, সেটাও পর্যাপ্ত নয়। আমি বলছি, এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করে, আপনি যদি মতামতটা বলেন :

শ্রী হাফিজ আলম সৈরানী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আগেই বলেছি, টাকার যদি ব্যবস্থা হয় তাহলে এম.এল.এরা দীর্ঘদিন ধরে যে কথাটা বলে আসছেন, আমাদের সেই রকম কিছু জামাকাপড়, কম্বল বিতরণ করার জন্য যা দেওয়া হয়, তার সংখ্যাটা বাড়ানো হোক। তার সঙ্গে সঙ্গে অপজিশান দলের নেতা মাননীয় মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছেন, সেই চিঠি আবার আমার কাছেও এসেছে, সেই চিঠিতে উনি আবেদন করেছেন, কেবল জামাকাপড় নয়, তাপলিনও এম এল এ.-দের দেওয়া হোক, সেটা যেন তারা প্রাকৃতিক দুর্যোগের সময় বিতরণ করতে পারেন। সবটাই নির্ভর করছে টাকার উপরে। আপনারা জানেন, আমরা খোলাখুলি স্বীকার করেছি, কেন্দ্রীয় সরকার তারা যে নীতি নিয়েছেন, তার উপরে টাকার যে সমস্যা আছে সেটা আমরা সবাই জানি। স্বাভাবিকভাবে আমাদের দপ্তরে এই রকম কোন চিন্তা-ভাবনা নেই সংখ্যাটা বাড়বে। পরবর্তীকালে টাকার যদি কোন জোগান হতে পারে বা টাকার যদি সংগ্রহ করা সম্ভব

হয় কোন জায়গা থেকে, তাহলে নিশ্চয় বিবেচনা করে দেখবো। আপনি বলেছেন, কোয়ালিটির ব্যাপারে, আমি এটা আবারও বলছি, যে দামে আমরা জিনিসগুলি কিনি, এই ব্যাপারে আমি নিজে একটা উদ্যোগ নিয়েছিলাম, এর থেকে ভাল কোয়ালিটির মাল যাতে সাধারণ মানুষ পায়, এটা তাদের অধিকার। এটা আমি মনে করি না, তাদের করুণা করছি না, এটা তাদের অধিকার। তারা যদি সেই ভাল মানের জিনিস পায়, সেখানে দেখা যাচ্ছে যে নিয়মনীতির মধ্যে দাঁড়িয়ে যে টাকা দিয়ে মাল নিতে হচ্ছে, সেই অবস্থায় দাঁড়িয়ে বেশী কিছু মান উন্নতি করা যাবে না। এখানে এটুকু করা যেতে পারে, আরো কিভাবে এবং কোন রকম গোলমাল যেন না হয়, কেউ আমাকে ঠকিয়ে না দিতে পারে এটার উপর দাঁড়িয়ে আপনাদের যে আবেদন সেটাকে রক্ষা করার চেষ্টা করছি।

শ্রী তপন হোড় : আমাদের যে ন্যাচারাল ক্যালামিটিজ্ ফান্ড আছে, সেটা আমরা কিছু টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে পাই, গত বছরে আমরা ন্যাচারাল ক্যালামিটিজ্ ফান্ড-থেকে কত টাকা পেয়েছিলাম সেটা যদি দয়া করে বলেন?

শ্রী হাফিজ আলম সৈরানী : স্যার, এটা এই প্রশ্নের সঙ্গে সম্পর্কিত নয়, তবুও বলছি। এক নম্বর হচ্ছে, এটা প্রতি বছর বাড়ে। গত বছরে ছিল ১০৭ কোটি টাকা, এর মধ্যে ৭৫ শতাংশ হচ্ছে কেন্দ্রীয় সরকারের আর ২৫ শতাংশ হচ্ছে রাজ্য সরকারের। এই হচ্ছে গত বছরের টাকার পরিমাণ। এই বছরে এটা বেড়ে দাঁড়াবে ১১১ কোটি টাকা।

[11.40–11.50 a.m.]

কিন্তু প্রশ্নটা হচ্ছে এই টাকাটা খরচ করা, আপনি যে উদ্দেশ্য নিয়ে এই প্রশ্নটা করেছেন। এই টাকাটা খরচ করার যে পদ্ধতি বর্তমানে আছে সেই পদ্ধতি হচ্ছে, সব কিছু ঘটে যাওয়ার পর তবেই এই টাকায় হাত দেওয়া যাবে। অর্থাৎ লোক মারা যাবে, ঘরবাড়ী ভেঙে যাবে, রাস্তাঘাট শেষ হয়ে যাবে, কালভার্ট, ব্রিজ শেষ হয়ে যাবে তারপর ঐ টাকায় হাত দেওয়া যাবে। তার আগে দশটা টাকাও খরচ করা যাবে না। এই রকম নিয়ম-কানুন কেন্দ্রীয় সরকার করে দিয়েছে। এটাকে পাল্টানোর জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বিভিন্নভাবে বলছি এবং এই দাবিটা উত্থাপন করছি।

শ্রী অসিত কুমার মাল : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে শুনলাম শীতের হাত থেকে গরিব মানুষকে বাঁচানোর জন্য অতিরিক্ত কিছু শীতবস্ত্র দেওয়া হয়েছিল। বিধায়কদের একটা কোটা দেওয়া হয়েছিল এবং সেই শীতবস্ত্র বিতরণ করা হয়েছিল। কিন্তু পরে যে শীতবস্ত্র বিতরণ করা হল সেটা বিধায়করা জানতেই পারল না। এতে কোন লোক দুবার পেয়ে যেতে পারে। দ্বিতীয়বার শীতবস্ত্র বিতরণের সময় এম.এল.এ-দের সঙ্গে আলোচনা করা উচিত ছিল। এই দ্বিতীয়বার শীতবস্ত্র কাদের মারফত বিতরণ করা হল?

শ্রী হাফিজ আলম সৈরানী : ন্যাচারাল ক্যালামিটির সময় আমাদের কোন জিনিস বিতরণের একটা টিম আছে। সেই টিমটা হচ্ছে, বিডিও অফিসের একজন অফিসার থাকবেন,

পঞ্চায়েত সমিতির একজন সদস্য থাকবেন এবং গ্রাম পঞ্চায়েতের একজন সদস্য থাকবেন। এই তিনজনের কমিটি সুপারিশ করবে কে কোন জিনিস পাওয়ার যোগ্য। এই কমিটির সুপারিশমতোই প্রাকৃতিক দুর্যোগের সময় আমরা ত্রাণসামগ্রী বিতরণ করি। আর এলাকা উন্নয়নের জন্য এম.এল.এ-দের যে টাকা দেওয়া হয়, ঠিক অনুরূপভাবেই এম.এল.এ-দের একটা কোটা দেওয়া হয় দুস্থ মানুষদের কাছে ত্রাণ সামগ্রী পাঠানোর জন্য।

শ্রী আবু আয়েশ মন্ডল : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন বিগত বৎসরে এই রাজ্যে দু-একটি জেলা ছাড়া প্রায় সব জেলাতেই এই শীতবস্ত্র বিতরণ করা হয়েছিল এবং এর জন্য টাকা ব্যয়িত হয়েছিল ৪ লক্ষ ৫৮ হাজার টাকা এবং উপকৃত মানুষদের সংখ্যা সাড়ে বত্রিশ হাজার। এই ৪ লক্ষ ৫৮ হাজারকে সাড়ে বত্রিশ হাজার দিয়ে ভাগ করলে দেখা যায় এক-একটি কম্বলের দাম পড়ছে ১৪ টাকা ২৫ পয়সা করে। তাহলে ঐ দামে কি শীতবস্ত্র আপনি মানুষকে দিয়েছেন? এখানে হিসাবের গোলমাল যদি থাকে এবং সেটা যদি বলেন তাহলে ভালো হয়।

শ্রী হাফিজ আলম সৈরানী : ৫,৫০০টি সুতির কম্বল এবং ৫০০টি উলেন কম্বল কেনা হয়েছে। এক-একটি কম্বলের দাম ৫৮ টাকা এবং এক-একটি উলেন কম্বলের দাম ১০২ টাকা করে পরে। এতে ৪ লক্ষ ৫৮ হাজার টাকা ব্যয়িত হয়েছে। এইভাবে হিসাব করে দেখলে দেখবেন ঐ পরিমাণ টাকাই খরচ হয়েছে। আর ৩২ হাজার লোক যেটা বললেন -আমি আগেই মূল প্রশ্নের উত্তর দেওয়ার সময় বলেছি - তাৎক্ষণিকভাবে দরকার ছিল বলে ওটা কিনেছিলাম, আর আগে থেকে কিছু সুতি কম্বল, উলেন কম্বল আমাদের বিভিন্ন গোডাউনে ছিল, সেসব বিতরণ করেছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : রাজ্যের ৩৬ শতাংশ মানুষ বি.পি.এল. তালিকায় - সরকারি হিসাবে। এক্ষেত্রে বিধায়কদের ত্রাণ ব্যাপারে যে কোটা, সেখানে আর্থিক সঙ্কটের কথা বলেছেন। ত্রাণসামগ্রী যা দেওয়া হয় তা অত্যন্ত নিম্নমানের, সেটা আপনিও স্বীকার করেছেন, এবং অভিযোগটা বারবারই বিধানসভা থেকে উঠেছে। আপনি চেষ্টা করলেও বিষয়টিকে ক্যাবিনেটে তোলা হয়েছে কিনা এবং উন্নততর বামফ্রন্টের কথা যেমন বলেন, সেই রকমভাবে এই গুরুতর সমস্যার সমাধান করতে কোন উদ্যোগ নিয়েছেন কিনা যাতে অবস্থাটা একটু ভালো হতে পারে?

শ্রী হাফিজ আলম সৈরানী : এটা সঠিকভাবেই আপনি বলেছেন, অন্যান্য বিধায়করাও বলেছেন। এই বিষয়টাকে যাতে চূড়ান্ত পর্যায়ে নিয়ে যেতে পারি তার চেষ্টা আমি করব।

শ্রী সমর হাজরা : গরীব মানুষ, যারা মশারি কিনতে পারে না এবং এর ফলে মশার কামড়ে ম্যালেরিয়ায় আক্রান্ত হয়। আপনার দপ্তর থেকে গরীব মানুষদের মশারি দেওয়ার ব্যাপারে কোন চিন্তা-ভাবনা করছেন কি?

শ্রী হাফিজ আলম সৈরানী : গত বাজেটের সময় এই বিষয়টার উপর অনেক সদস্যই আলোকপাত করেছিলেন এবং তারপর আমরা বিষয়টির প্রতি উদ্যোগ নিয়েছি। কিন্তু এটা এতই

প্রাথমিক পর্যায়ে আছে যে, এই ব্যাপারে কোন চূড়ান্ত প্রতিশ্রুতি দেওয়া এই পবিত্র বিধানসভায় দাঁড়িয়ে এখনই সম্ভব নয়।

শ্রী কমল মুখার্জী : আপনার ত্রাণ দপ্তর থেকে, মহকুমা শাসকের দপ্তর থেকে আমরা দেখেছি অত্যন্ত গরীব মেয়েদের ঠোঙা তৈরি করার জন্য বা অন্য কোন কাজের জন্য এক হাজার টাকা অনুদান দেওয়া হয়। এই ব্যাপারে বিধায়কদের কোন সম্মতি বা মতামত নেওয়া হয় না। এই হাজার টাকা অনুদানের ব্যাপারে রিলিফ ডিপার্টমেন্ট, এস.ডি.ও. অফিসে দুর্নীতির চক্র গড়ে উঠেছে।

[11.50–12.00 noon]

প্রকৃতপক্ষে ওই হাজার টাকার মধ্যে তারা বখরা করে নিচ্ছে। তুমি সাতশো টাকা পাবে, তিনশো টাকা আমি পাব। আদৌ তারা ব্যবসা করছে না। এই যে গরীব মানুষদের অনুদানের ব্যবস্থা আছে, এর সঙ্গে আপনারা এম.এল.এ-দের যুক্ত করার কোন চিন্তা আপনাদের আছে কিনা?

শ্রী হাফিজ আলম সৈরানী : এটা হচ্ছে পুনর্বাসন বলে একটা প্রকল্প আছে। কেবল এক হাজার টাকা নয় মহিলাদের মধ্যে যারা সেলাই এর কাজ জানে, তাদের সেলাই মেশিন দেওয়া, এর জন্য আমাদের লাগে দু'হাজার টাকা এবং ক্ষুদ্র ব্যবসায়ের সঙ্গে যারা যুক্ত, দুস্থ মানুষ হতে হবে এবং সে কোন না কোনওভাবে ছোট ব্যবসায়ের সঙ্গে যুক্ত থাকবে। তাহলে তাদেরকে এক হাজার করে টাকা দেওয়া হবে। এদের নামধাম সংগ্রহ করা হয়, একটু আগেই যেটা বললাম যে ব্লক লেভেল একটা রিলিফ কমিটি আছে, পৌরসভাতে একটা রিলিফ কমিটি আছে। ব্লকের চেয়ারম্যান হচ্ছে সভাপতি। বি.ডি.ওর প্রতিনিধিরা আছে, ত্রাণের যে স্থায়ী কমিটি আছে সেই স্থায়ী কমিটির সদস্যরা থাকে। এইরকম একটা কমিটি আছে। পৌরসভাতে চেয়ারম্যানের অধীনে একটা কমিটি আছে, সেই কমিটি ঠিক করে আগাম আমাদের জানিয়ে দেয় প্রতি জেলাতে, প্রতি ব্লকে, পৌরসভাতে এই খাতে কত টাকা দেওয়া হবে। বেনিফিসিয়ারী কমিটি সিলেকশন করে এবং সিলেকশন করে উপরে পাঠায়। তার পর টাকা পাঠান হয় এবং সেই টাকা থেকে সেলাই মেশিন দেওয়া হয়। দু হাজার টাকা সেলাই মেশিন কেনার জন্য দেওয়া হয়, ক্ষুদ্র ব্যবসায়ে যারা যুক্ত তাদের এক হাজার টাকা সরাসরি চেক মারফত দেওয়া হয়। এখন এইসব নিয়ে যদি দুর্নীতির অভিযোগ থাকে, সুনির্দিষ্টভাবে আমাদের জানান, নিশ্চয়ই ব্যবস্থা নেওয়া হবে।

শ্রী নির্মল দাস : মাননীয় মন্ত্রীতো গতবার গিয়েছিলেন। আমি যেটা বলতে চাইছি যে, যে চা-বাগানগুলো পরিত্যক্ত হয়ে গেছে সেখানকার দরিদ্র মানুষরা যাতে এই সুযোগ-সুবিধাগুলো যাতে পান এবং যে বাড়িঘর তাদের ভেঙে গেছে, সেখানে যাতে তারা তারপোলিন পায়, এই ব্যাপারে আপনার যে প্রতিশ্রুতি ছিল সে ব্যাপারে কি উদ্যোগ গ্রহণ করেছেন এবং বন্যা পরিস্থিতির পরিপ্রেক্ষিতে আরও কি ব্যবস্থা নিয়েছেন?

শ্রী হাফিজ আলম সৈরানী : যে প্রশ্ন আপনি তুলেছেন এটা যে নতুনভাবে তুলেছেন তা নয়। একাধিকবার তুলেছেন, কিন্তু আপনিও জানেন আমরাও জানি যে বনবসতি এলাকায় এবং চা-বাগান এলাকায় সে সেবামূলক কাজ হোক বা অন্যান্য দপ্তরের কাজ হোক, করার ক্ষেত্রে একটা অসুবিধা আছে। সেই অসুবিধা দূর করা গেলে কোন সমস্যা থাকবে না। আমি রিসেন্টলি জলপাইগুড়ি গেছিলাম। জলপাইগুড়ি ডিভিশানের জেলা শাসক এবং অন্যান্য অফিসার সেখান ছিলেন, তাদেরকে বলেছি যে, এক্ষেত্রে যদি দুস্থ মানুষের জন্য যতটা খরচ করতে পারা যায়, আমাদের দপ্তরের পক্ষ থেকে তা করতে হবে। এই নির্দেশ আমি দিয়ে এসেছি। এই নির্দেশ যদি কার্যকরী না হয়, তাহলে আমি আবার এটা করার চেষ্টা করব।

শ্রী মানস মুখার্জী : মাননীয় মন্ত্রী কম্বল বিতরণের যে হিসাব দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি যে, সাড়ে ৫ হাজার এবং ৫০০ মোট ৬ হাজার ক্রয় করা হয়েছে। সরকারী গোডাউনে ছিল আরও ২৬ হাজার। এই রকম অবন্টিত কম্বল, এটা কি প্রতি বছরের চিত্র, নাকি শুধুই বিগত বছরের চিত্র।

শ্রী হাফিজ আলম সৈরানী : অনুমানের ভিত্তিতে কেনা হয়। তারপর যখন কোন প্রাকৃতিক দুর্যোগ ঘটে যায়, যখন আমরা দেখি যে ওটা দিয়ে হবে না, আরও কিছু প্রয়োজন হবে। শীতের সময় দেখলাম যে, যে কম্বলগুলি রাখা আছে, তাছাড়া এগুলি আমাদের দরকার আছে। সেই হিসাবে আমরা ৬ হাজারের মতো কম্বল আলাদা করে কেনার ব্যবস্থা করলাম। যার জন্য ৪ লক্ষ ৫৮ হাজারের মতো টাকা খরচ হল।

শ্রী নৃপেন গাইন : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন যে, এটা ঠিকই সময়মতো মানুষের কাছে ত্রাণ পৌঁছায় না। বিশেষ করে গ্রামাঞ্চলে। শীতের সময় পৌঁছায় না। শীত আরম্ভ হওয়ার আগে এটা দিতে পারলে ভালো হত। এটা সময়মতো কিভাবে এটা গ্রামাঞ্চলে পৌঁছানো যায়, সেটা দেখবেন এবং এটার পরিমাণ খুবই কম। এর জন্য সরকারী সাহায্য ছাড়াও স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানগুলিও কি সাহায্য করেন? একমাত্র রামকৃষ্ণ মিশন থেকে কম্বল বিতরণ করা হয়। আপনি অন্য কোন স্বেচ্ছাসেবী সংগঠনকে যুক্ত করে এটা বাড়াবার পরিকল্পনা করেছেন কি?

শ্রী হাফিজ আলম সৈরানী : আমি এই ব্যাপারে বলছি---আগেই বলেছি যে, কিছু না ঘটলে কিছু করা যাবে না। কিছু ঘটলে তারপরই করা যাবে। এখন কারা শীতের জন্য অসুবিধায় পড়ছে এটা তো শীত আসলেই তারপর আইডেনটিফাই করা যাবে। তারপর তাই আমি করতে পারব। এটাই নিয়ম। দ্বিতীয় কথা হচ্ছে ত্রাণ দপ্তর বাদ দিয়েও কোন কোন সেবামূলক প্রতিষ্ঠান এই কাজে সহযোগিতা করে। কেবল রামকৃষ্ণ মিশন নয়, অনেকেই আছে।

[12.00–12.10 p.m.]

দার্জিলিং ও জলপাইগুড়িতে তারা অনেক ভালো কাজ করেছে। ওখানে আবার স্থানীয় কতগুলো এন.জি.ও আছে। যেমন মালবাজার ওয়েলফেয়ার সোসাইটি। জলপাইগুড়িতে। ওরা প্যাকেট ফুড নিয়ে ঘুরে বেড়াচ্ছে। ঠিক ঐ রকম 'কেয়ার' বলেও একটা সংস্থা আছে, ডি.ডি.চ্যারিটেবল সোসাইটি আছে। এছাড়াও অসংখ্য ক্লাব আছে, সেবামূলক সংস্থা আছে,

আপনারা আছেন। সবাই মিলে এই ত্রাণের কাজ পরিচালনা করা হয়। বিশেষ করে যখন বিরাট আয়তনে বা খুব সিভিয়র ডিজাস্টার ঘটে তখন। সবটা আমরা করি—এই দাবি আমরা কখনও করি না। আমরা সমস্ত মানুষকে নিয়ে সমস্ত সেবামূলক প্রতিষ্ঠানকে যুক্ত করে এই কাজ করি। এই কথাটা আপনাকে জানিয়ে রাখলাম।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

বিগত আর্থিক বছরে ধান সংগ্রহের পরিমাণ

*২৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৭) **শ্রী কাশীনাথ মিশ্র** ঃ কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ২০০২-০৩ আর্থিক বছরে কত পরিমাণ ধান সংগ্রহ করা হয়েছে; এবং

(খ) ধান চাষ যোগ্য জমির পরিমাণ বৃদ্ধির জন্য বর্তমান আর্থিক বছরে কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) প্রশ্নটি কৃষি বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

(খ) মোট ধান চাষযোগ্য জমির পরিমাণ বৃদ্ধির জন্য কৃষি দপ্তরের কোনও পরিকল্পনা নেই। মোট ধানচাষের এলাকা বৃদ্ধির জন্য বহুবিধ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

দুর্বলতর মানুষদের জন্য ত্রাণ ও পুনর্বাসন

*২৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১১২) **শ্রীজ্যোতির্ময় কর** ঃ ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আর্থিক দিক থেকে দুর্বলতর শ্রেণীভুক্ত এবং আর্থ-সামাজিক কারণে বিপর্যস্ত মানুষের পুনর্বাসনের জন্য ত্রাণ ও অনুদান দেওয়া হয়; এবং

(খ) সত্যি হলে, ২০০২-০৩ আর্থিক বছরে ৩১শে ডিসেম্বর পর্যন্ত কতজনকে ত্রাণ এবং পুনর্বাসনের জন্য অনুদান দেওয়া হয়েছে?

ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) হ্যাঁ, সত্যি,

(খ) চলতি আর্থিক বছরে (২০০২-০৩) ৩১শে ডিসেম্বর'০২ পর্যন্ত ২৯৩ জনকে "আর্থিক পুনর্বাসন প্রকল্পে" অনুদান দেওয়া হয়েছে।

বিগত আর্থিক বছরে বন্ধ কারখানার সংখ্যা

*২৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৫) শ্রী মইনুল হক্ ঃ শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২-০৩ আর্থিক বছরে মোট কতগুলি কারখানা বন্ধ হয়েছে; এবং

(খ) উক্ত সময়ে মোট কতজন কর্মচ্যুত বেকার শ্রমিককে মাসিক ভাতা দেওয়া হয়েছে (জেলাওয়ারি)?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) ৩৬০টি বন্ধ হয়েছে। এর মধ্যে ৪৬টি চালু হয়েছে।

(খ) ৩৪,৮৭৩ জন

মৃত্যুজনিত ১,০৯১ ..

৩৫,৯৬৪...

(জেলাওয়ারি সংখ্যা দেওয়া হল)

জেলাভিত্তিক সংখ্যা

১.	বর্ধমান	...	২,৬৫২
২.	বাঁকুড়া	...	৫২
৩.	২৪ পরগনা (উত্তর)	...	৩,৩৯৭
৪.	মুর্শিদাবাদ	...	২২
৫.	কলকাতা ও দক্ষিণ ২৪ পরগনা	...	১১,৩৮৬
৬.	হুগলি	...	৩,১৬০
৭.	কোচবিহার	...	৬৫
৮.	দার্জিলিং	...	১,৬১২
৯.	মেদিনীপুর	...	৩৭২
১০.	হাওড়া	...	৬,৮০২
১১.	জলপাইগুড়ি	...	৬৮
১২.	নদীয়া	...	৩,৭৩৮
১৩.	মালদহ	...	৩০
১৪.	পুরুলিয়া	...	৯১২

১৫. দিনাজপুর	...	১৫৬
১৬. বীরভূম	...	৪৪৯
		৩৪,৮৭৩ জন
	মৃত্যুজনিত কারণ	১,০৯১ "
		৩৫,৯৬৪ জন

নিয়ন্ত্রিত বাজার সমিতিতে নিয়োগ পদ্ধতি

*২৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৮) **শ্রীজানে আলম মিঞা এবং শ্রীআবুল হাসনাৎ** ঃ কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের নিয়ন্ত্রিত বাজার সমিতিতে কত জন লোক নিযুক্ত রয়েছে ; এবং

(খ) এদের নিয়োগ করার পদ্ধতি কীরূপ?

কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) রাজ্যের বিভিন্ন নিয়ন্ত্রিত বাজার সমিতিতে নিম্নরূপ শ্রেণিভুক্ত কর্মী নিযুক্ত হয়েছে ঃ—

১। স্থায়ী পদে ঃ ১৩৫৮ জন

২। অস্থায়ী (নৈমিত্তিক পদে) ঃ ১৫০ জন

(খ) নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলি স্বয়ংশাসিত সংস্থা এবং ঐ সমিতিগুলির প্রয়োজন অনুযায়ী পদ সৃষ্টির জন্য পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্য বিপণন (প্রনিয়ন্ত্রণ) আইন, ১৯৭২-এর ১৪(৩) ধারা মোতাবেক তাদের সুপারিশ, পশ্চিমবঙ্গ রাজ্য বিপণন পর্ষদের নিকট অনুমোদনের জন্য পেশ করতে হয়। পশ্চিমবঙ্গ রাজ্য বিপণন পর্ষদ, উপরিলিখিত আইনের ধারা ও পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্য বিপণন (প্রনিয়ন্ত্রণ) বিধি, ১৯৮২-এর ২৭ নং বিধি মোতাবেক প্রদত্ত ক্ষমতাবলে অনুমোদন প্রদান করেন।

Number of closed Jute Mills

*300. (Admitted Question No. *1210) **Shri Ashok Deb** : Will the Minister-in-Charge of the Labour Department be pleased to state—

(a) number of Jute Mills closed during 2002-2003 up-to-date;

(b) steps taken to open the Mills by the Government; and

(c) number of employees affected?

Minister-In-Charge of the Labour Department :

(a) 9 (Nine)

(b) Conciliation meetings were held at different times at both the Government level and bilateral level and consequently 8 (eight) Jute Mills reopened.

(c) 30,637 (approx)

প্রতিবন্ধীদের প্রশিক্ষণ প্রকল্প

*৩০১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৭) শ্রী রামপদ সামন্ত ঃ সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, প্রতিবন্ধীদের স্বনির্ভর করতে সম্প্রতি একটি "প্রশিক্ষণ প্রকল্প' হাতে নেওয়া হয়েছে; এবং

(খ) সত্যি হলে, প্রশিক্ষণ দেবার জন্য কোথায় প্রশিক্ষণ কেন্দ্রটি গড়ে তোলা হচ্ছে?

সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

রসগোল্লা প্রস্তুত ও বিপণনে গৃহীত প্রকল্প

*৩০২। (অনুমোদিত প্রশ্ন নং *১২২৫) শ্রী দীপক কুমার ঘোষ ঃ প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রসগোল্লা প্রস্তুত ও বিপণনের জন্য একটি প্রকল্প চালু করার পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন;

(খ) সত্যি হলে, প্রকল্পটির রূপরেখা কী; এবং

(গ) কবে নাগাদ প্রকল্পটি চালু হবে বলে আশা করা যায়?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) হ্যাঁ

(খ) প্রাথমিক স্তরে মাদার ডেয়ারী ব্রান্ডে রসগোল্লা এবং ঐ জাতীয় মিষ্টি প্রস্তুত ও বিপণন করা হবে। পরবর্তী পর্যায়ে ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের 'টাইফাক-এর সহায়তায় আধুনিক যন্ত্রের সাহায্যে দুধ থেকে ছানা এবং ছানা থেকে রসগোল্লা, সন্দেশ, রসমালাই, ল্যাকটোস ইত্যাদি প্রস্তুত ও বিপণন করার পরিকল্পনা রয়েছে।

পরীক্ষামূলকভাবে ছোট আকারে যান্ত্রিক পদ্ধতিতে ছানা ও ছানা থেকে মিষ্টি তৈরীর একটি প্রকল্প দুগ্ধ মহাসঙ্ঘ হাতে নিয়েছে।

(গ) প্রথম পর্যায়ের কাজ শীঘ্রই শুরু হবে, পরবর্তী পর্যায়ের কাজ শুরু হওয়া অনুমোদন পাওয়ার উপর নির্ভরশীল। অনুমোদন পাওয়ার পর যতশীঘ্র সম্ভব শুরু করা হবে।

অঙ্গনওয়ারি কেন্দ্রের জন্য খাদ্যদ্রব্য ক্রয়

*৩০৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮৬) শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, অঙ্গনওয়ারি কেন্দ্রগুলির জন্য খাদ্যদ্রব্য একটি টেন্ডার কমিটি মারফত কেনা হয়; এবং

(খ) সত্যি হলে, উক্ত কমিটির সদস্য কারা?

সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) কলিকাতা কর্পোরেশন অধীন শহরাঞ্চলীয় প্রকল্পগুলির টেন্ডার কমিটির সদস্যগণঃ-

(১) সমাজ কল্যাণ অধিকর্তা। অতিরিক্ত সমাজ কল্যাণ অধিকর্তা, পশ্চিমবঙ্গ,

(২) প্রকল্প এলাকার বিধায়ক। বিধায়াকগণ

(৩) বিশেষ আধিকারিক (শিশুবিকাশ), সামজ কল্যাণ আধিকারীক।

(৪) জেলা প্রকল্প আধিকারিক।

(৫) শিশু বিকাশ প্রকল্প আধিকারিক।

বিধায়ক যদি মন্ত্রী হন, তিনিই হবেন কমিটির সভাপতি। অন্যথায় সমাজ কল্যাণ অধিকর্তা। অতিরিক্ত সমাজ কল্যাণ অধিকর্তা কমিটির সভাপতি হবেন।

(২) কলকাতার বাইরে শহরাঞ্চলীয় প্রকল্পগুলির টেন্ডার কমিটির সদস্যগণ ঃ

(১) মহকুমা শাসক।

(২) প্রকল্প এলাকার বিধায়ক। বিধায়কগণ।

(৩) মহকুমা স্বাস্থ্য আধিকারিক।

(৪) জেলা প্রকল্প আধিকারিক।

(৫) শিশু বিকাশ প্রকল্প আধিকারিক।

বিধায়ক যদি মন্ত্রী হন, তিনিই হবেন কমিটির সভাপতি। অন্যথায় মহকুমা শাসক কমিটির সভাপতি হবেন।

(৩) গ্রামীণ আদিবাসী অধ্যুষিত প্রকল্পের টেন্ডার কমিটির সদস্যগণ :

(১) মহকুমা শাসক।

(২) প্রকল্প এলাকার বিধায়ক। বিধায়কগণ।

(৩) সভাপতি, পঞ্চায়েত সমিতি।

(৪) ব্লক স্বাস্থ্য আধিকারিক।

(৫) সমষ্টি উন্নয়ন আধিকারিক।

(৬) জেলা প্রকল্প আধিকারিক।

(৭) শিশু বিকাশ প্রকল্প আধিকারিক।

বিধায়ক যদি মন্ত্রী হন, তিনিই হবেন কমিটির সভাপতি। অন্যথায় মহকুমা শাসক কমিটির সভাপতি হবেন।

উত্তরবঙ্গে সেট ব্যবস্থা সম্প্রসারণে গৃহীত পদক্ষেপ

*৩০৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩০) শ্রী নির্মল দাস ঃ জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান ২০০৩-২০০৪ আর্থিক বছরে রাজ্যের কী পরিমাণ কৃষিকাজ ক্ষুদ্র সেচের আওতায় আনা হবে; এবং

(খ) পিছিয়ে পড়া উত্তরবঙ্গের জেলাগুলিতে সেচসেবিত এলাকা সম্প্রাসারণে কী কী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) বর্তমান ২০০৩-২০০৪ আর্থিক বছরে রাজ্যের অতিরিক্ত ৯৮,০০০ হেক্টর কৃষিজমি ক্ষুদ্র সেচের অধীনে আনার লক্ষ্যমাত্রা রয়েছে।

(খ) বর্তমান আর্থিক বছরে আর-আই-ডি-এফ-৮ পরিকল্পনায় অনুমোদিত ৪০০২টি প্রকল্পের মধ্যে ৩১৭৪টি প্রকল্প উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় নেওয়া হয়েছে অর্থাৎ এই পরিকল্পনার প্রায় ৮০ শতাংশ প্রকল্পই উত্তরবঙ্গের জেলাগুলিতে রূপায়ণ করা হবে।

এছাড়া গ্রান্টস্-ইন-এইড, আর-আই-ডি-এফ-৫, ৬, ও ৭ পরিকল্পনায় বরাদ্দকৃত অর্থের খরচ-না-হওয়া অবশিষ্ট অর্থের মাধ্যমে উত্তরবঙ্গের জেলা পরিষদগুলি বহুতর ক্ষুদ্র সেচ প্রকল্প রূপায়িত হবে বলে আশা করা যায়।

এ প্রসঙ্গে আরও উল্লেখ্য যে তিস্তা নদীবাঁধ প্রকল্পের যে খালগুলিতে আপাতত জল দেওয়া শুরু হয়েছে, সেখানে এই দপ্তরের অধীনস্থ সি.এ.ডি.-এ প্রকল্পের মাধ্যমে মাঠ-নালা তৈরি করে সুস্থভাবে জলবণ্টনের ব্যবস্থা করা হচ্ছে। বর্তমান আর্থিক বছরে এই ধরনের মাঠ-নালা নির্মাণের মাধ্যমে ৬৬৫ হেক্টর চাষযোগ্য জমিতে জল-পৌঁছে দেবার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

জে.সি.আই. কর্তৃক পাট ক্রয়

*৩০৫। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩৯) শ্রী শিবপ্রসাদ মালিক ঃ কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত (২০০২-২০০৩) আর্থিক বছরে জুট কর্পোরেশন অফ্ ইন্ডিয়া এ রাজ্যের কৃষকদের কাছ থেকে কী পরিমাণ পাট ক্রয় করেছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

বিগত (২০০২-২০০৩) আর্থিক বৎসরে ভারতের পাট নিগম এই রাজ্যের কৃষকদের কাছ থেকে মোট ১০,৯৪,৬০৬ কুইন্টাল বা ৬০৮১১৪ বেল পাট ক্রয় করেছে (১ বেল = ১৮০ কেজি)

প্রতিবন্ধীদের পরিচয়পত্র প্রদান

*৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২৩) **শ্রীমদন বাউরী** ঃ সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) রাজ্যের প্রতিবন্ধীদের পরিচয়পত্র ও প্রমাণপত্র দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, তা কীরূপ?

সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) ১৯৮৯ সাল থেকে পশ্চিমবঙ্গের প্রতিবন্ধীদের পরিচয়পত্র ও প্রমাণপত্র প্রদানের ব্যবস্থা আছে।

(খ) (১) কলকাতা ব্যতীত অন্যান্য জেলাগুলির ক্ষেত্রে, জেলা হাসপাতাল ও মহকুমা হাসপাতালগুলির সঙ্গে সংযুক্ত মেডিক্যাল বোর্ড প্রতিবন্ধকতাজনিত সার্টিফিকেট প্রদান করে থাকেন। কলকাতার ক্ষেত্রে এই সার্টিফিকেট নিম্নোক্ত চারটি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল কর্তৃপক্ষ প্রদান করে থাকেন।

(১) মেডিকেল কলেজ

(২) আর.জি.কর. মেডিকেল কলেজ

(৩) এন.আর.এস. মেডিকেল কলেজ

(৪) কলকাতা ন্যাশ্যানাল মেডিকেল কলেজ

(২) কলকাতা ব্যতীত অন্যান্য জেলাগুলির ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজ কল্যাণ আধিকারিকগণ প্রতিবন্ধীদের পরিচয়পত্র প্রদান করে থাকেন।

কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এলাকাভুক্ত প্রতিবন্ধীদের পরিচয়পত্র কমিশনার (প্রতিবন্ধকতা) অফিস প্রদান করে থাকেন।

Unstarred Questions
(to which written answers were Laid on the 'Table')

অগ্নি নির্বাপণ কেন্দ্রের বেহাল অবস্থা

৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৭০) শ্রী তপন হোড় ঃ অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন জেলায় অবস্থিত অগ্নি নির্বাপণ কেন্দ্রগুলির মধ্যে বেশ কিছু কেন্দ্রের অবস্থা খুবই খারাপ এবং

(খ) সত্যি হলে, ঐরূপ কেন্দ্রের সংখ্যা কত (জেলাওয়াড়ি হিসাব সহ)?

অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) হ্যাঁ, কয়েকটি কেন্দ্রের ভবনের অবস্থা খারাপ।

(খ) এরূপ কেন্দ্রের সংখ্যা ৬টি। জেলাওয়াড়ি হিসাব ঃ

জেলা	অগ্নি-নির্বাপণ কেন্দ্রের নাম
বীরভূম	বোলপুর ও রামপুরহাট
হুগলি	শ্রীরামপুর
নদীয়া	রানাঘাট ও কৃষ্ণনগর
দঃ২৪ পরগনা	বজবজ-২

মুর্শিদাবাদের রক্তশনগরে নারী নির্যাতন

৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১) শ্রী প্রবোধ পুরকাইত এবং শ্রী দেবপ্রসাদ সরকার ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জলঙ্গী থানার অন্তর্ভুক্ত রক্তশনগর গ্রামের জনৈকা গৃহবধুর হাঁটুতে পেরেক পুঁতে দেওয়া সহ দৈহিক নিগ্রহের ঘটনা সম্পর্কে রাজ্য সরকারের সর্বশেষ রিপোর্ট কি এবং

(খ) উক্ত ঘটনায় অভিযুক্ত কতজন ব্যক্তিকে অদ্যাবধি গ্রেপ্তার করা হয়েছে?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) গত ২৫.১.০৩ তারিখ সন্ধ্যায় রক্তশনগর গ্রামের জনৈকা খাজেমা বিবি, (স্বামী আওয়াল সরকার) ঐ গ্রামের বাসিন্দা বাবলু সরকারের সঙ্গে অবৈধ সম্পর্ককে কেন্দ্র করে গ্রামের কয়েকজন মিলে খাজেমা বিবিকে লোহার রড দিয়ে মারধোর করে এবং দুজনকে একটি ঘরে আটকে রাখে। পরের দিন ২৬.১.০৩

তারিখ সকালে গ্রাম্য সালিশকারী ব্যক্তিবর্গ গ্রামের হাটের মোড়ে বিচার শুরু করে। উক্ত বিচারের সময় দুর্লভ সরকার কাঁচি দিয়ে খাজেমা বিবির চুল কেটে দেয়। এরপর বিচারের সিদ্ধান্ত অনুযায়ী মাথায় পোড়া মোবিল ঢালা হয় এবং টায়ারের সঙ্গে বেঁধে গ্রামে ঘোরানো হয়। ঐ সময় কেউ একজন খাজেমা বিবির পায়ের নীচের দিকে পেরেক দিয়ে সামান্য ক্ষতের সৃষ্টি করে। এরপর খাজেমা বিবি থানায় এসে লিখিত অভিযোগ করলে, থানা কর্তৃপক্ষ তাঁর অভিযোগের ভিত্তিতে কেস শুরু করে। কেস নং ২১/০৩ তাং ২৮.১.০৩ সেকশন ১৪৭/৩২৩/৩৪২/৩২৬/৩৫৪/১২০(বি) আই.পি.সি।

এফ. আই. আর নামধারী অভিযুক্ত-ব্যক্তির বিরুদ্ধে তদন্ত শুরু হয়। এবং এগারো জনকে গ্রেপ্তার করে আদালতে পাঠানো হয়। উক্ত কেসের পূর্ণাঙ্গ রিপোর্ট পাঠানো হয়েছে। সর্বশেষ চার্জশীট নং ৩৪/০৩ তাং ২৮.২.০৩ সেকশান ১৪৭/৩২৩/৩৪২/৩২৬/৩৫৪/১২০(বি) আই.পি.সি.।

(খ) এগারো জনকে গ্রেপ্তার করা হয়েছে।

চন্দননগর শহরে বিদ্যুতের চাহিদা

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬০) **শ্রী কমল মুখার্জী** ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হুগলি জেলার চন্দননগর শহরে দৈনিক গড় বিদ্যুতের চাহিদা কত ;

(খ) বিগত ২০০১ ও ২০০২ সালে জগদ্ধাত্রী পূজায় দৈনিক অতিরিক্ত কত পরিমাণ বিদ্যুৎ সরবরাহ করা হয়েছিল এবং

(গ) এর জন্য পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের অতিরিক্ত কত পরিমাণ মাশুল আদায় হয়েছিল?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) হুগলি জেলার চন্দননগর শহরে দৈনিক বিদ্যুতের চাহিদা ১২ এম.ভি.এ.

(খ) বিগত ২০০১ ও ২০০২ সালে জগদ্ধাত্রী পূজায় অতিরিক্ত বিদ্যুৎ সরবরাহের দৈনিক গড় পরিমাণ ছিল নিম্নরূপ ঃ

২০০১ সালে : ২.০৮ এম.ভি.এ.

২০০২ সালে : ২.০৫ এম.ভি.এ.

(গ) এর জন্য পশ্চিমবঙ্গে রাজ্য বিদ্যুৎ পর্ষদের অতিরিক্ত মাশুল আদায়ের পরিমাণ ছিল-

২০০১ সালে : ৫.১৭ লক্ষ টাকা

২০০২ সালে : ৬.০৫ লক্ষ টাকা

কংসাবতী সেতুর কাজ

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৩) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পূর্ব মেদিনীপুর জেলার শ্রীরামপুরে কংসাবতী সেতুর কাজ কোন পর্যায়ে আছে;

(খ) উক্ত কাজে এ পর্যন্ত কত টাকা ব্যয় করা হয়েছে এবং

(গ) কাজটি শেষ হতে আর কত সময় লাগবে বলে আশা করা যায়?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) মূল সেতু নির্মাণের কাজ শেষ হয়েছে। দু'দিকের এ্যাপ্রোচ্ রোড নির্মাণের কাজ চলছে।

(খ) উক্ত কাজে এ পর্যন্ত ৪৭২.৭৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

(খ) কাজটি ২০০৪ সালের ডিসেম্বর মাস নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

নন্দীগ্রাম ৩ নং ব্লকে বিদ্যুতায়িত মৌজার সংখ্যা

৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৪) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী ২০০৩ পর্যন্ত ২০৭ নরঘাট বিধানসভা কেন্দ্রের অন্তর্গত নন্দীগ্রাম ৩ নং ব্লকে কতগুলি মৌজা বিদ্যুত্যায়িত হয়েছে এবং

(খ) কতগুলি মৌজা এখনো বিদ্যুতায়িত করা সম্ভব হয়নি?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) বিদ্যুতায়নের পরিসংখ্যান ব্লকভিত্তিক রাখা হয় না। ২০০২-২০০৩ আর্থিক বছরে পূর্ব মেদিনীপুর জেলার নন্দীগ্রাম ৩নং ব্লকের চণ্ডীপুর থানার অন্তর্গত ১১৩টি জনবসতি পূর্ণ মৌজার মধ্যে ৪৫টি মৌজা বিদ্যুত্যায়িত হয়েছে।

(খ) মোট ৬৮টি মৌজায় বৈদ্যুতিকরণের কাজ বাকি আছে।

কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে চাকরি

৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৩) **শ্রী রামপদ সামন্ত ঃ** কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জানুয়ারি ২০০২ থেকে ডিসেম্বর ২০০২ পর্যন্ত সময়ে রাজ্যের কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিতে কতজন নতুন বেকারের নাম নথিভুক্ত হয়েছে এবং

(খ) উক্ত সময়ে কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে কতজনের চাকরি হয়েছে?

কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) জানুয়ারি ২০০২ থেকে ডিসেম্বর ২০০২ পর্যন্ত সময়কালে রাজ্যের কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিতে মোট ৪৬৪৯৯৩ জন বেকার নাম নথিভুক্ত করেছেন।

নথিভুক্ত বেকারের লিঙ্গভিত্তিক বিন্যাস নিম্নরূপ ঃ

পুরুষ	মহিলা	মোট
৩১১১৬৬	১৫৩৮২৭	৪৬৪৯৯৩

(খ) উক্ত সময়ে অর্থাৎ ২০০২ সালে কর্মবিনিয়োগ কেন্দ্রগুলির মাধ্যমে ৭৭৯৫ জন চাকরি পেয়েছেন।

চাকরিপ্রাপ্ত বেকারের লিঙ্গভিত্তিক বিন্যাস নিম্নরূপ ঃ

পুরুষ	মহিলা	মোট
৬৩৫৩	১৪৪২	৭৭৯৫

রাজ্যে নারী অপহরণের ঘটনা

৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৪) **শ্রীমতী সোনালী গুহ ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত দশ বছরে রাজ্যে নারী অপহরণের ঘটনা কয়টি ঘটেছে?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ সর্ব্বমোট ৭৭৮২টি ঘটনা ঘটেছে।

৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০০৬) **শ্রী তমোনাশ ঘোষ ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০২ সালের মার্চ মাস পর্য্যন্ত দক্ষিণ ২৪ পরগনা জেলার ফলতা থানায় কোন কোন মৌজায় কত পরিমাণ জমি খাস জমি বলে ঘোষণা করা হয়েছে?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ একটি তালিকা সংযোজিত হল।

ক্রমিক সংখ্যা	মৌজার নাম	খাস জমির পরিমাণ
১।	বৈদ্যখালি	৩৯.৬৪
২।	পুকুরতলা	২.৫০
৩।	শ্রীবল্লভপুর	৩.৭৯
৪।	বকুলতলা	১৭.৪৬
৫।	খরদো বকুলতলা	৬.২৪
		৬৯.৬৩

ক্রমিক সংখ্যা	মৌজার নাম	খাস জমির পরিমাণ
৬।	পৈকউ	১৪.৩৮
৭।	বার আমতা	১২.০১
৮।	কৃষ্ণপুর	৭.৯৮
৯।	মাসুদপুর	১২.৮৬
১০।	দক্ষিণালা	২.৩৯
১১।	গুথারি	৪.৪১
১২।	পশ্চিম দৌলতপুর	৩.১৭
১৩।	মহাদেবপুর	৬.৫৭
১৪।	পদ্মপুর	৪০.৯৫
১৫।	আবাদ শিমুলগঞ্জ	১৮.৮৬
১৬।	আহম্মদপুর	১.৬৭
১৭।	রাজারামপুর	৩৫.৭৬
১৮।	চক্‌ধানু মণ্ডল, কৃষ্ণরাম বসু	১৫.২২
১৯।	শ্যাম সুন্দরপুর	৪.০৯
২০।	বসুলাট	১০.০৬
২১।	চণ্ডীদেউল	৩০.৩১
২২।	সাহারা	২০.৫৪
২৩।	ভাতুয়ালী	৪.৯০
২৪।	ঈশ্বরীপুর	৭.০৮
২৫।	সুজাপুর	১.২২
২৬।	জগনাথপুর	৬.৪৭
২৭।	বেলসিংহী	১০.৫৭
২৮।	পুণ্য	৪১.৬৭
২৯।	নেওদা	১.৩৮
		৩১৪.৫২

ক্রমিক সংখ্যা	মৌজার নাম	খাস জমির পরিমাণ
৩০।	দাঁদপালা অনন্তরামপুর	৪৮.৩৪
৩১।	বার হাইবাতপুর	৯.৪১
৩২।	শ্রীরামপুর	৫.৭৬
৩৩।	নিত্যানন্দপুর	১৬.৭২
৩৪।	পশ্চিম দুর্গাপুর	১৫.২৭
৩৫।	দক্ষিণ সরগরিয়া	১০.৩১
৩৬।	সাহাপুর কমলপুর	৫.০৫
৩৭।	সৎ কালা	৫.৯৫
৩৮।	জোড়াগদি	৩.১৫
৩৯।	বুধাগ্রাম	৩.৬৪
৪০।	বৌকি	১১.৯৫
৪১।	ডোনা	৭.৬৮
৪২।	রসুলপুর	১৩.১৫
৪৩।	মহিম রামপুর	৭.২৬
৪৪।	নারায়ণ বেড়িয়া	৫.৫৬
৪৫।	মল্লিকপুর	৫.০৭
৪৬।	কলাগাছিয়া	৬.১০
৪৭।	পাকুড় দিগরা	৪.৪০
৪৮।	গোপালপুর	৬.৬৫
৪৯।	চকা	১.৭২
৫০।	অন্তা	১২.৫৮
৫১।	জামিরা	৮.৯৮
৫২।	উত্তর সরগরিয়া	৯.২২
৫৩।	দলুইপুর	১৩.০৩
৫৪।	পাইকপাড়া	১.১৭
		৩৮.১২

ক্রমিক সংখ্যা	মৌজার নাম	খাস জমির পরিমাণ
৫৫।	কৃষ্ণমাধবপুর	৫.৮১
৫৬।	ত্রিপুরাপুর	৭.৭১
৫৭।	সুজাগলপুর	২.৬৮
৫৮।	নারাণতলা	৫.৩৪
৫৯।	বাদেগোহানা	৩.২১
৬০।	পুরহিয়া	০.৮৫
৬১।	গোয়াবেরিয়া	০.৫১
৬২।	রামলখা	২.৫৮
৬৩।	খালসা	১৩.১৩
৬৪।	সত্যান	৮.৮৬
৬৫।	নীলাম্বরপুর	৩.৩৬
৬৬।	পন কামরা	৩.০৯
৬৭।	নোয়া পূর্ণিমা	১০.৯০
৬৮।	কুন্তলফুলি	১৩.৭২
৬৯।	ধলতুকরণ	২.১২
৭০।	লস্করপুর	৬.৩৫
৭১	জঙ্গলিয়া	১৮.৭৩
৭২।	বলদারি	০.১৯
৭৩।	হারিনডাঙ্গা	৫.২১
৭৪।	ঘুসুলিয়া	৪.৬৫
৭৫।	বাসুদেবপুর	৭.৮১
৭৬।	মজলিসপুর	১০.৮৫
৭৭।	জগৎবল্লভপুর	২৭.৬৭
৭৮।	হোগলা	১৭.১১
৭৯।	বৃহস্পতিপুর	৭.১৭
		১৮৯.৬১

ক্রমিক সংখ্যা	মৌজার নাম	খাস জমির পরিমাণ
৮০।	তালান্ডা	৩.৯৪
৮১।	মুলগুঞ্জা	৩০.০৮
৮২।	নারায়ণী	৪.৫৯
৮৩।	কেওট খানাল	১১.০৩
৮৪।	দোস্তিপুর	৫.৮৯
৮৫।	আদালতপুর	৫.৭১
৮৬।	কোদালিয়া	৫.৪৫
৮৭।	দৌলতপুর	৪৮.০৪
৮৮।	রেয়ারনা	৪.৪৬
৮৯।	আলামবিবি রানীনগর	৪.৫২
৯০।	দীগরা	২.৪৯
৯১।	ভগবানপুর	৬.৯৯
৯২।	বৈঁচিবেরিয়া	৩.৩১
৯৩।	কৈখালি	৪.০৯
৯৪।	শ্রীধরপুর	৩.৭৯
৯৫।	গোবিন্দপুর	৫.৭৩
৯৬।	যাদববাটী	১৪.৩৮
৯৭।	হাঙরঘাটা (এইচ.পুর)	১৪.০২
৯৮।	দেবীপুর	১২.০৩
৯৯।	আছান্দা	৯.৬৬
১০০।	বুলটিলা	১২.৫৭
১০১।	লক্ষ্মণাগঙ্গা (ডিম্পুর)	০.৯৪
১০২।	মোল্লা হাসিম্পুর	৭.৪৯
১০৩।	অমরপুর	৩.৬৯
১০৪।	কাশীরামপুর	৭.৬৮
১০৫।	ঘনশ্যামপুর	১২.০৪
১০৬।	পয়রাখালি	৮.২৭
		২৫২.৮৮

ক্রমিক সংখ্যা	মৌজার নাম	খাস জমির পরিমাণ
১০৭।	রামেশ্বরবাটী	৬.৩১
১০৮।	কাঁটাখালি	৫.৭৭
১০৯।	বারবেড়িয়া	৪.৪৫
১১০।	পেসবা	৪.৮৪
১১১।	মোগীপুর	১.৩৫
১১২।	তাজপুর	৪.২৯
১১৩।	শাসন	৩.৩৮
১১৪।	পিক্‌লিয়া	১.৭৪
১১৫।	পূর্বগোপালপুর	১.৯২
১১৬।	রুনথম্‌	১.৬৯
১১৭।	ছালিসম্‌	৭.৪০
১১৮।	নিয়োগীরাল	১.৪৮
১১৯।	দূর্বারাল	২.৮০
১২০।	কোতলডাঙ্গা	১.২২
১২১।	বেনাপুর	৪.৬৭
১২২।	ফতেপুর	৯.১৩
১২৩।	বঙ্গনগর	৫১.১৫
১২৪।	যফরপুর	১১.৬৩
১২৫।	হাসিমনগর	৯.৭৬
১২৬।	বাণেশ্বরপুর	৭.০৩
১২৭।	গোটরা	৫.০২
১২৮।	আউসবেড়িয়া	৫.৭৪
১২৯।	শিবপুর	২.৫১
১৩০।	রামরামপুর	০.৪৮
১৩১।	ময়না	২.২২
১৩২।	কালারিয়া	৩.১৪
		১৬১.১২
		মোট ১২২৫.৪৮ একর

প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য রান্না করা খাবার

৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩১) **শ্রী নৃপেন গায়েন ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের দুপুরে রান্না করা খাবার সরবরাহ করার ব্যবস্থা চালু হয়েছে কিনা এবং

(খ) হয়ে থাকলে, বর্তমান আর্থিক বছরে কতগুলি বিদ্যালয়ে উক্ত খাবার চালু করার পরিকল্পনা নেওয়া হয়েছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) হ্যাঁ।

(খ) বর্তমান আর্থিক বছরে আপাততঃ নয়টি (৯) জেলার মোট ২২০০টি প্রাথমিক বিদ্যালয়ে দ্বি-প্রাহরিক রান্না করা খাবার চালু করার পরিকল্পনা রয়েছে।

বাঁকুড়া, হুগলি ও পশ্চিম মেদিনীপুর জেলায় ব্যক্তিগত নিরাপত্তা রক্ষী

১০০। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭৮) **শ্রী দীপক কুমার ঘোষ :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া ও হুগলি জেলায় জনযুদ্ধ গোষ্ঠীর সন্ত্রাসের জন্য কতজন ব্যক্তিকে সরকারী খরচে নিরাপত্তা রক্ষী দেওয়া হয়েছে এবং

(খ) উক্ত নিরাপত্তা রক্ষীদের জন্য সরকারের মাসিক ব্যয় কত?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) ৩৫ জন।

(খ) মাসিক ব্যয়—২,৬২,৩৮৭ টাকা

নামখানা-ফ্রেজারগঞ্জ রাস্তা মেরামত

১০১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৫) **শ্রী মন্টুরাম পাখিরা ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নামখানা-ফ্রেজারগঞ্জ (১১ কি.মি.) রাস্তা মেরামত করার কোন প্রস্তাব বিবেচনাধীন আছে কিনা এবং

(খ) থাকলে, কবে নাগাদ এটি মেরামত করা হবে বলে আশা করা যায়।

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) ও (খ) মেরামতির কাজ শুরু করা হয়েছে। ইতিমধ্যে প্রায় ৬০ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে।

মাদ্রাসা ও হাইমাদ্রাসা বিদ্যালয়

১০২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৯) **শ্রী মন্টুরাম পাখিরা** ঃ বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলার মাদ্রাসা এবং হাই মাদ্রাসা বিদ্যালয়ের সংখ্যা কত ;

(খ) কাকদ্বীপ মহকুমা অঞ্চলে ঐ রূপ মোট কতগুলি বিদ্যালয় আছে এবং

(গ) ঐ বিদ্যালয়গুলির মোট ছাত্রছাত্রীর সংখ্যা কত?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) মাদ্রাসা এবং হাইমাদ্রাসা এভাবে মাদ্রাসার শ্রেণী বিন্যাস করা হয় না। যা হোক নীচে তথ্য দেওয়া হল—

মাধ্যমিক মাদ্রাসা	-	২৩টি
নিম্ন-মাধ্যমিক মাদ্রাসা	-	১৫টি
সিনিয়ার মাদ্রাসা	-	১২টি
মোট	-	৫০টি

(খ) কাকদ্বীপ মহকুমা অঞ্চলে ঐরূপ

মাধ্যমিক মাদ্রাসা	-	১টি
নিম্ন মাধ্যমিক মাদ্রাসা	-	৩টি
মোট	-	৪টি

(গ) ঐ মাদ্রাসাগুলিতে ছাত্র	-	৪১৪ জন
ছাত্রী	-	৪৩৬ জন
মোট	-	৮৫০ জন

Cardiology Ward of S.S.K.M. Hospital

103. (Admitted Questions No. 1213) **Shri Ashok Deb** : Will the Minister -in-Charge of the Health and Family Welfare Department be pleased to state–

(a) Total Number of beds in Cardiology Ward of S.S.K.M. Hospital. Kolkata, as on 31.12. 02 ;

(b) Number of doctors engaged in the Ward and

(c) Number of operations held during 2002?

Minister-in-charge of the Health and Familty Welfare Department : (a) 217.

(b) 50.

(c) Diagnostic :

Coronary Angiography	-	1031
Peripheral Angiography	-	122
Cardiac Cath (Audit)	-	131
Do (Paed.)	-	196
EP Study	-	133
Theraputic :		
Coronary Angioplasty & Stenting	-	361
Mitral Valvoplasty	-	381
Peripheral Angioplasty & Stenting	-	24
P.D.A. Closure	-	41
Pacing Temporary	-	1013
Permanent	-	794
Total No.	-	4227

Development work of Berhampore and Kandi Municipality

104. (Admitted Question. No. 1374) **Shri Abu Taher Khan and Shri Humayun Reja** : Will the Minister -in-Charge of the Municipal Affairs Development be pleased to state –

total amount sanctioned by the Government for the development work at Berhampore Municipality and Kandi Municipality during 2002 -2003 (upto 31.1.2003)?

Minister-in-charge of the Municipal Affairs Department :

Department of Municipal Affairs have released the following funds :

1. Berhampore Municipality : Rs. 48,088 lakh
2. Kandi Municipality : Rs. 52,151 lakh

for the development works of the aforesaid two municipalities.

Issue of SC/ST and OBC certificate

105. (Admitted Question No. 1378) **Shri Abu Taher Khan and Shri Humayun Reja** : Will the Minister -in -Charge of the Backward Classes Welfare Department be pleased to state –

(a) number of SC/ST and OBC certificates issued during 2001-2012 and 2002-2003 (upto 31st January, 2003 and

(b) number of such certificates issued in Murshidabad district?

Minister-in-charge of the Backward Classes Welfare Department:

(a)

Year	Certificate issued		
	SC	ST	OBC
2001-2002	43,226	7,009	13,534
2002-2003 (upto 31.01..2003)	91,558	12,898	23,746

(b)

Year	Certificate issued		
	SC	ST	OBC
2001-2002	6621	309	2588
2002–2003 (upto 31.01.2003)	5683	384	1458

কাশীপুরে গঙ্গার ধারে 'জ্যোতিনগর' কলোনি

১০৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৪) শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, কাশীপুর এলাকার ৬ নং ওয়ার্ডের অন্তর্গত স্ট্র্যান্ড ব্যাংক রোডে গঙ্গার ধারে 'জ্যোতিনগর কলোনি' নামে একটি জবরদখল কলোনি আছে;

(খ) সত্যি হলে, উক্ত কলোনির অপসারণ বা উচ্ছেদের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা।

(গ) থাকলে, কবে নাগাদ ঐ উচ্ছেদ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) হ্যাঁ।

(খ) আপাতত নেই।

(গ) প্রশ্ন ওঠে না।

প্রশাসনিক ভবন

১০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৪) **শ্রী জানে আলম মিঞা ও শ্রী আবুল হাসনাৎঃ** কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সমস্ত মহকুমায় নিজস্ব সরকারী 'প্রশাসনিক ভবন' আছে কিনা এবং

(খ) না থাকিলে, যে সমস্ত মহকুমায় প্রশাসনিক ভবন নেই, সেখানে ঐ ভবন নির্মাণের জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) না।

(খ) মহকুমাস্তরে সরকারী অফিসগৃহগুলি নির্মাণের প্রয়াস চালু আছে।

লটারী থেকে সরকারী আয়

১০৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮১) **শ্রী ধনঞ্জয় মোদক ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০১-২০০২ আর্থিক বছরে লটারী থেকে সরকারের কত আয় হয়েছে,

(খ) উক্ত ক্ষেত্রে ব্যয়ের পরিমাণ কত এবং

(গ) লটারী থেকে সংগৃহীত অর্থ কী কী খাতে কী পরিমাণে ব্যয়িত হয়েছে?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) ২০০১-২০০২ আর্থিক বছরে লটারী থেকে সরকারের রাজস্ব-খাতে জমার পরিমাণ—২৯,২৫,৮১,০২৭.০০ টাকা

(খ) ২০০১-২০০২ আর্থিক বছরে মোট ব্যয়ের পরিমাণ —২৪, ৫৮, ৯৫, ১৭০.০০ টাকা অর্থাৎ ২০০১-২০০২ সালে লটারী থেকে রাজস্ব খাতে নীট জমার পরিমাণ— (২৯,৬১,২৬,৯৭৭.০০ - ২৪,৬২,৩২,২৫৬.০০) = ৪,৯৮,৯৪,৭২১.০০ টাকা।

(গ) আদায়ীকৃত অর্থ রাজ্যের একীকৃত (Consolidated fund) অর্থ ভাণ্ডারে জমা হয় এবং পরিকল্পনা ও পরিকল্পনা-বহির্ভূত কর্মসূচিতে এই একীকৃত অর্থ ভাণ্ডার থেকে অর্থ ব্যয় করা হয়ে থাকে। এ ব্যাপারে নির্দিষ্টভাবে খরচের হিসাব দেওয়া সম্ভব নয়।

অচল নদী জলোত্তোলন প্রকল্প ও গভীরনলকূপের সংখ্যা

১০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৬) **শ্রী ধনঞ্জয় মোদক ঃ** ক্ষুদ্র সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে কতগুলি নদী জলোত্তোলন প্রকল্প ও গভীর নলকূপ অচল অবস্থায় আছে (জেলাওয়াড়ি হিসাব);

(খ) অচল থাকার কারণগুলি কী কী এবং

(গ) অচল প্রকল্পগুলি সচল করার জন্য কী কী পদক্ষেপ নেওয়া হয়েছে?

ক্ষুদ্র সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের অধীনে অচল নদী জলোত্তোলন প্রকল্প ও অচল গভীর নলকূপের জেলাওয়ারি পরিসংখ্যান নীচে সারণিতে দেওয়া হল ঃ

ক্রমিক নং	জেলার নাম	গভীর নলকূপ	নদী জলোত্তোলন প্রকল্প
১।	কোচবিহার	৩	৩
২।	জলপাইগুড়ি	৮	৭
৩।	দার্জিলিং (শিলিগুড়ি)	০	৪
৪।	উত্তর দিনাজপুর	১৯	৬
৫।	দক্ষিণ দিনাজপুর	১৬	৭
৬।	মালদা	২৮	৮
৭।	মুর্শিদাবাদ	৪৬	৩৯
৮।	নদীয়া	১৯	৩৭
৯।	উত্তর ২৪ পরগনা	১১	৭
১০।	দক্ষিণ ২৪ পরগনা	৮	০
১১।	হাওড়া	১	২
১২।	হুগলি	২	১২
১৩।	বর্ধমান	৩০	২৪
১৪।	বীরভূম	১২	১১
১৫।	পূর্ব মেদিনীপুর	৬	০
১৬।	পশ্চিম মেদিনীপুর	৩৩	৩৪
১৭।	বাঁকুড়া	৭৩	৩৪
১৮।	পুরুলিয়া	-	২৪
		৩১৫	২৫৯

(খ) গভীর নলকূপের ক্ষেত্রে অচল থাকার কারণগুলি যথাক্রমে—

(১) বিদ্যুতের ট্রান্সফর্মার চুরি, বিদ্যুতের তার চুরি, ট্রান্সফর্মার ও তার উভয়ই চুরি, ট্রান্সফর্মার পুড়ে যাওয়ার জন্য।

(২) পাম্প মোটর ও অন্যান্য যন্ত্রাংশ চুরি যাওয়ার জন্য।

(৩) কিছু স্থানীয় সমস্যার জন্য।

(৪) এবং অন্যান্য বিভিন্ন কারণে।

নদী জলোত্তলন প্রকল্পের ক্ষেত্রে অচল থাকার কারণগুলি যথাক্রমে—

(১) বিদ্যুতের ট্রান্সফর্মার, তার অথবা তার ও ট্রান্সফর্মার উভয়ই চুরি।

(২) পাম্প মোটর ইঞ্জিনের যন্ত্রাংশ চুরির জন্য।

(৩) বিভিন্ন মরসুমে নদী ও অন্যান্য উৎসে জলের প্রবাহ পর্যাপ্ত না থাকার জন্য।

(৪) স্থানীয় সমস্যার জন্য।

(৫) জলকর না দেওয়ার জন্য।

(৬) এবং অন্যান্য বিভিন্ন কারণে।

(গ) যে সকল প্রকল্পগুলিতে ট্রান্সফর্মার, বিদ্যুতের তার ও অন্যান্য সরঞ্জাম চুরি অথবা ট্রান্সফর্মার পুড়ে যাওয়ার ফলে বা কম ভোল্টেজের জন্য অকেজো অবস্থায় আছে, সেগুলির ব্যাপারে রাজ্য বিদ্যুৎ পর্ষদের সাথে যোগাযোগ করে পুনরায় চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে।

এছাড়া যেসকল প্রকল্পে স্থানীয় সমস্যা, জলকর না দেওয়ার সমস্যা অথবা বিভিন্ন যন্ত্রাংশ চুরির কারণে বন্ধ আছে, সেগুলি সচল করার জন্য স্থানীয় পঞ্চায়েতের সাথে যোগাযোগ করা হয়েছে এবং চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে।

সাময়িকভাবে কিছু প্রকল্প কিছু সময়ের জন্য অকেজো থাকলেও, তা আবার চালু করে দেওয়া হয় যথাসম্ভব কম সময়ের মধ্যেই।

মাধ্যমিক বিদ্যালয়ে চতুর্থ শ্রেণীর কর্মীপদে নিয়োগ

১১০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৪) **শ্রী ধনঞ্জয় মোদক** ঃ বিদ্যোলয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দীর্ঘদিন রাজ্যের মাধ্যমিক বিদ্যালয়গুলিতে চতুর্থ শ্রেণীর কর্মী পদে নিয়োগ বন্ধ আছে;

(খ) সত্যি হলে তার কারণ কী এবং

(গ) মোট কতগুলি পদ শূন্য অবস্থায় আছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) সত্যি।

(খ) ২০০০ সালের ডিসেম্বর মাসে শূন্য পদ পূরণের ক্ষেত্রে অর্থ দপ্তরের জারি করা আদেশের জন্য এই নিয়োগ বন্ধ আছে।

(গ) আনুমানিক ১৬২০টি চতুর্থ শ্রেণীর পদ শূন্য অবস্থায় আছে।

বিদ্যুৎ গ্রাহক পাসবুক

১১১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১৩) **শ্রী ধনঞ্জয় মোদক ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বিদ্যুৎ পর্ষদ গ্রাহকদের সুবিধার্থে ব্যাঙ্কের মতো বিদ্যুৎ গ্রাহক পাশ বুক চালু করার পরিকল্পনা গ্রহণ করেছেন এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত ব্যবস্থা চালু হবে বলে আশা করা যায়?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) না।

(খ) প্রযোজ্য নয়।

Appointment of Committee

112. (Admitted Question No. 1578) **Shri Ashok Deb :** Will the Minister-in-Charge of the Commerce and Industry Department be pleased to state–

(a) whether it is a fact that the Government has appointed a Committee for solving the problems of Jute Industry and

(b) If so, the details thereof?

Minister-in-charge of the Commerce and Industry Department :

(a) No

(b) Does not arise

Amount sanctioned for Development work at Pujali Municipality

113. (Admitted Question No. 1584) **Shri Ashok Deb :** Will the Minister -in-Charge of the Municipal Affairs Department be pleased to state –

(a) the amount sanctioned by the Government for development

work at Pujali Municipality during 2001-2002 and 2002-2003 up to 28.02.2003 and

(b) the details thereof?

Minister-in-charge of the Municipal Affairs Department:

(a) (i) 2001-2002 Rs. 87.92 lakh

(ii) 2002-2003 (upto 28.02. 03) Rs. 6.433 lakh

(b) Details of release of funds under Development of Works given below :

Year	Sl. No.	Name of the Scheme	Amount
2001-2002	1	SFC	45.63
	2	SJSRY	5.43
	3	NSDP	4.42
	4	O/B	5.00
	5	PWD	5.25
	6	11th FC	22.19
		Total	87.92
2002-2003 (upto 28.02.03)	1	SJSRY	1.52
	2	NSDP	4.10
	3	Incentive	0.233
	4	11th PC	0.58
		Total	6.433

বন্যায় ক্ষতিগ্রস্থ সেতু

১১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮৬) **শ্রী সামসুল ইসলাম মোল্লা** ঃ পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত সেতুগুলির মধ্যে কোন্ কোন্ সেতু পুনর্নির্মিত হয়েছে এবং

(খ) কোন্ কোন্ সেতুর পুনর্নির্মাণের কাজ এখনও চলছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) এবং (খ) ঃ নদীয়া জেলায় পূর্ত দপ্তরের

তিনটি ব্রিজ গত ২০০০ সালের বন্যায় পুরোপুরি ক্ষতিগ্রস্ত হয়। এর মধ্যেও দুটি ব্রিজ পলাশী-বেতাই রাস্তার উপর (এ দুটি স্টিল গার্ডার ব্রিজ)। এবং অপরটি কৃষ্ণনগর -করিমপুর রাস্তায় (এটি বক্স্ ব্রিজ)।

তিনটি ব্রিজের পুনর্নির্মাণের কাজ শেষ পর্যায়ে।

১৩২ কে.ভি. সাব-স্টেশন-এর নামকরণ

১১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৫) **শ্রী মহবুবুল হক্ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মালদহ জেলার চাঁচোল থানার জিয়াগাছি মৌজায় নির্ম্মিত ১৩২ কে.ভি. সাব-স্টেশনটি সামসি সাব-স্টেশন নামে চিহ্নিত করা হচ্ছে এবং

(খ) সত্যি হলে, এর কারণ কী?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) মালদহ জেলার চাঁচোল থানার জিয়াগাছি মৌজায় কোনো ১৩২ কে.ভি. সাব-স্টেশন নেই। সামসি ১৩২ কে.ভি. সাব-স্টেশনটি উক্ত জেলার খাবরা থানার শম্ভুনগর মৌজায় নির্মিত হচ্ছে।

(খ) প্রযোজ্য নহে।

মালদহের চাঁচোলে এস.ডি.পি.ও অফিস স্থাপন

১১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৬) **শ্রী মহবুবুল হক ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলার চাঁচোল মহকুমায় এস.ডি.পি.ও অফিস স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা স্থাপন করা হবে বলে আশা করা যায়?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) হ্যাঁ।

(খ) সরকারের বিবেচনাধীন।

আর.ই.ডি.সি.-এর মাধ্যমে বিদ্যুতায়ন

১১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২৫) **শ্রী পরেশ নাথ দাস ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আর.ই.ডি.সি.-এর মাধ্যমে সর্বশেষ তথ্যানুযায়ী রাজ্যে মোট কতগুলি মৌজা বিদ্যুতায়িত হয়েছে এবং

(খ) মুর্শিদাবাদ জেলায় এই প্রকল্পে বিদ্যুতায়িত মৌজার সংখ্যা কত?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) জানুয়ারি ২০০৩ পর্যন্ত আর.ই.ডি.সি-এর মাধ্যমে ১৪০৪টি বিদ্যুৎবিহীন মৌজার বৈদ্যুতিকরণ করা হয়েছে।

(খ) ১৫টি।

সোনারপুরে রেলওয়ে ওভারব্রিজের কাজ

১১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩৬) **শ্রী নির্মল চন্দ্র মণ্ডল ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সোনারপুর রেলওয়ে ওভারব্রিজের কাজ কবে নাগাদ শেষ হবে এবং

(খ) কাজটি সম্পূর্ণ করার জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে?

নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) সোনারপুর রেলওয়ে উড়ালপুলের নির্মাণকাজ আগামী ২০০৪ সালের ডিসেম্বর মাস নাগাদ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

(খ) কাজটি সম্পূর্ণ করার জন্য ১৭.৩৪.১৪,০০০ টাকার প্রয়োজন হবে।

কাঁথি ও ঝাড়গ্রাম মহকুমায় ১৩২/৩৩ কে.ভি. লাইন

১১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪৯) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কাঁথি ও ঝাড়গ্রাম মহকুমাতে ১৩২/৩৩ কে.ভি. লাইন চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং

(খ) খড়গপুর হিজলী থেকে কাঁথি পর্যন্ত সিঙ্গল টাওয়ার লাইন বদলে ডবল টাওয়ার লাইন করার কোন পরিকল্পনা আছে কিনা?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) আনুমানিক ৩৯৪০ লক্ষ টাকা ব্যয়ে একটি ১৩২/৩৩ কে.ভি. সাব-স্টেশন কাঁথিতে এবং আনুমানিক ২৬৯৬ লক্ষ টাকা ব্যয়ে আর একটি ১৩২/৩৩ কে.ভি সাব-স্টেশন ঝাড়গ্রামে স্থাপন করার পরিকল্পনা আছে। প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য প্রকল্প দুটি আর.আই. ডি. এফ.-এর কাছে পেশ করা হয়েছে।

(খ) না।

বীরসিংহ গ্রামে ১৩২ কে.ভি. সাব-স্টেশন

১২০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬২) **শ্রী রতন পাখিরা ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পশ্চিম মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে ১৩২ কে.ভি. সাব-স্টেশন স্থাপনের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ বীরসিংহ ১৩২ কে.ভি. সাব-স্টেশনটি তৈরির জন্য যে জমির প্রয়োজন তা অধিগ্রহণের ব্যাপারে কিছু সমস্যা দেখা দেওয়ায় বিষয়টি কলকাতা উচ্চ আদালতের বিচারাধীন অবস্থায় রয়েছে।

খাস জমি বিলি

১২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬৮) **শ্রী রতন পাখিরা ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, পশ্চিম মেদিনীপুর জেলায় ঘাটাল থানা এলাকায় বেশী পরিমাণ জমির মালিকদের খাস হয়ে যাওয়া জমি বিলি করা যাচ্ছে না এবং

(খ) সত্যি হলে, কারণ কি?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) সত্য নহে। বিলিযোগ্য মোট ১৪৫২.৭৩ একর খাস জমির মধ্যে ১২৭৮.৪৯ একর জমি ইতিমধ্যে বিলি করা হয়েছে। অবশিষ্ট জমির মধ্যে ৬২.০৭ একর জমি মিউনিসিপ্যাল এলাকায় যা পাট্টা প্রদানের আওতাভুক্ত নয়। বাকি ১১২.১৭ একর বিলিযোগ্য খাস জমি পর্যায়ক্রমে বিলি করা হবে।

(খ) প্রশ্নও ওঠে না।

রাজ্যের বিজ্ঞান ও কারিগরি শিক্ষার গুরুত্ব

১২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯০) **শ্রী কমল মুখার্জী ঃ** কারিগরি শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বিজ্ঞান ও কারিগরী শিক্ষাকে আরও গুরুত্ব দিতে সরকার কর্তৃক কী কী উদ্যোগ গ্রহণ করা হয়েছে?

কারিগরি শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ কারিগরি শিক্ষার গুরত্ব প্রসঙ্গে বলা যেতে পারে যে, এ দপ্তরের অধীনস্থ অধিকারদ্বয় যথাক্রমে (ক) কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ অধিকার এবং (খ) শিল্প প্রশিক্ষণ অধিকার কর্তৃক বিগত দশকে বিশ্ব ব্যাংক সহায়তা প্রকল্পর মাধ্যমে নতুন নতুন শিক্ষাক্রম চালু, নতুন নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান সমূহের উন্নতি সাধন, মহিলাদের প্রশিক্ষণের জন্য উন্নততর ব্যবস্থা গ্রহণ সহ প্রভূত ব্যবস্থাদি গ্রহণ করা হয়েছে। এ প্রসঙ্গে একটি পৃথক বিস্তারিত বিবরণী সংযোজিত হল।

বিজ্ঞান শিক্ষা উন্নতির বিষয়টি মূলত উচ্চশিক্ষা বা বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের এক্রিয়ারভুক্ত হওয়ায় সে প্রসঙ্গে যাবতীয় তথ্যাদি উচ্চশিক্ষা বা বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তর থেকে পাওয়া যেতে পারে।

পশ্চিমবঙ্গে কারিগরি প্রশিক্ষনে বিশেষ গুরুত্ব প্রদানের ক্ষেত্রে কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থাবলী ঃ

পলিটেকনিক শিক্ষা (Polytechnic Education)

'বিশ্ব ব্যাংক প্রকল্প' -এর সহায়তায় (আর্থিক বরাদ্দ ১৪০ কোটি) বিগত দশকে ডিপ্লোমা ও পোস্ট ডিপ্লোমা স্তরে উন্নয়নমুখী কার্যক্রম ঃ

(১) ৪টি (চারটি) নূতন পলিটেকনিক স্থাপন ঃ

ডঃ মেঘনাদ সাহা ইনস্টিটিউট অব টেকনোলজি, হলদিয়া ; উইমেন্স পলিটেকনিক, শিলিগুড়ি; নজরুল সেন্টেনারী পলিটেকনিক, রুপনারায়ণ এবং উইমেন্স পলিটেকনিক, চন্দননগর।

(২) ১৩টি নূতন ডিপ্লোমা পাঠক্রম ঃ

(১) ইনস্ট্রুমেনটেশন ইঞ্জি ঃ (২) ফার্মেসি, (৩) মডার্ন অফিস প্র্যাক্‌টিস, (৪) ফোটোগ্রাফি ও সিনেমাটোগ্রাফি, (৫) কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেক্‌নোলজি, (৬) অটোমোবাইল ইঞ্জিঃ, (৭) কেমিক্যাল ইঞ্জিঃ ইত্যাদি।

(৩) ৫টি নূতন পোস্ট-ডিপ্লোমা পাঠক্রম ঃ

(১) কম্পিউটার অ্যাপ্লিকেশন, (২) মেডিক্যাল ইলেকট্রনিক্স, (৩) পেট্রো -কেমিক্যাল ইঞ্জিঃ, (৪) ফাউন্ড্রি টেকনোলজি এবং (৫) মাইনিং ইলেকট্রনিকস্।

(৪) আধুনিকীকরণ ঃ

নতুন প্রযুক্তির প্রয়োগোপোযোগী যন্ত্রপাতি স্থাপন সহ লাইব্রেরিগুলিকে সমৃদ্ধ করা হয়েছে।

(৫) শিক্ষকদের মানোন্নয়ন ঃ

দেশে-বিদেশে বহু কর্মশালা এবং প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। ফলে উল্লেখযোগ্য অঙ্কের শিক্ষক আধুনিক প্রযুক্তিতে প্রশিক্ষিত হয়ে উঠেছেন।

প্রকল্পের পরবর্তীকালে ও পর্যায়ক্রমে আসন সংখ্যা বৃদ্ধির মাধ্যমে ডিপ্লোমা, পোস্ট-ডিপ্লোমা এবং আংশিক সময়ের ডিপ্লোমা পাঠক্রমে বৎসরে প্রায় সাড়ে সাত হাজার ছাত্র-ছাত্রীকে শিক্ষার সুযোগ দেওয়া হয়েছে। মহিলাদের অংশগ্রহণ সম্প্রসারিত ও আসন সংখ্যা সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

(৬) ১৯৯৯-এর পরবর্তী সময়কালে ৪টি নতুন পলিটেকনিক স্থাপন করা হয়েছে ঃ

(ক) সেন্ট্রাল ফুটওয়্যার ট্রেনিং সেন্টার, বজবজ (ফুটওয়্যার ডিজাইন)

(খ) কালনা পলিটেকনিক, বর্ধমান (সিভিল, ইলেকট্রিক্যাল অ্যান্ড টেলিকম্যুনিকেশন ইঞ্জিঃ)

(গ) ফালাকাটা পলিটেকনিক, জলপাইগুড়ি (ইলেকট্রিক্যাল অ্যান্ড টেলিকম্যুনিকেশন, ফুড প্রসেসিং)

(ঘ) শেখপাড়া আব্দুল রহমান মেমোরিয়াল পলিটেকনিক, মুর্শিদাবাদ (ফুড প্রসেসিং, মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, কম্পিউটার সফট্ওয়্যার)।

(৭) উল্লেখযোগ্য আরো কয়েকটি বিষয় ঃ

(ক) পরীক্ষা ব্যবস্থার সেমিস্টার সিস্টেম প্রবর্তন করা হয়েছে,

(খ) কিছু পলিটেকনিক ইঞ্জিনিয়ারিং-স্নাতক পর্যায়ের শিক্ষাক্রম চালু করার প্রাথমিক ভাবনা চিন্তা চলছে।

(গ) দ্বাদশ অর্থ কমিশনের কাছে ৫টি পলিটেকনিককে 'উৎকর্ষ কেন্দ্র (Centre of Excellence) হিসাবে স্থাপন করার প্রস্তাব দেওয়া হয়েছে।

(ঘ) কারিগরি শিক্ষাকে জনমুখী করার উদ্দেশ্যে দুটি বিশেষ প্রকল্পের কাজ গুরুত্ব সহকারে সম্পাদন করা হচ্ছে।

(১) কমিউনিটি পলিটেকনিক প্রকল্প

শহর ও গ্রামাঞ্চলে ছেলে-মেয়েদের স্ব-নিযুক্তির উদ্দেশ্যে কেন্দ্রীয় প্রকল্পের অধীন কমিউনিটি পলিটেকনিক প্রকল্পে যথাযথ গুরুত্ব প্রদান করা হয়েছে। এই প্রকল্পে ১২০টি প্রসারণ কেন্দ্রের মাধ্যমে ১৫,০০০-এরও বেশি ছাত্র-ছাত্রী উপকৃত হচ্ছে।

শহর ও গ্রামাঞ্চলে যুব সমাজ ও অন্যান্যদের স্ব-নিযুক্তি প্রকল্পের উন্নতির সুযোগ বৃদ্বির জন্য এই ধরনের প্রসারণ কেন্দ্রের সংখ্যা বৃদ্বির লাগাতার প্রয়াস চলছে। অন্যান্য দপ্তর বিভিন্ন সরকার অধিগৃহীত সংস্থার সঙ্গে সহযোগী পরিকল্পনা নেওয়া হয়েছে এবং বিভিন্ন কমিউনিটি পলিটেকনিক জেলায় এবং রাজ্য স্তরে মেলাসমূহে অংশগ্রহণ করছে।

(২) স্বল্পমেয়াদি বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচি

শিক্ষিত ছেলেমেয়েদের স্ব-নিযুক্তি ক্ষমতা বৃদ্বিতে যথেষ্ট গুরুত্ব প্রদানের জন্য ১৯৯৭-১৯৯৮ সালে স্বল্পমেয়াদি বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচি প্রশিক্ষণ গৃহীত হয়েছে। প্রতি বছর এই প্রকল্পের বিস্তার ঘটেছে এবং বর্তমানে রাজ্যের বিভিন্ন সরকারী ও সরকার পোষিত পলিটেকনিক, শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়, পৌরসভা বিদ্যালয়, মহাবিদ্যালয় এবং বেসরকারী সংগঠন পরিচালিত ৯০টি কেন্দ্রের মাধ্যমে প্রতি বছর ১০,০০০-এরও বেশি ছেলেমেয়ে উপকৃত হচ্ছে। এই প্রকল্পে পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি শিক্ষা সংসদ-এর তত্ত্বাবধানে বৃত্তিমূলক বিভিন্ন কর্মসূচি এবং প্রশিক্ষণ সম্পাদিত হয়ে থাকে এবং পরীক্ষায় সফল শিক্ষার্থীদের শংসাপত্র প্রদান করা হয়।

(৮) পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি শিক্ষা সংসদ

১৯৯৫ সালের ২১ নং রাজ্য আইন অনুসারে পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি শিক্ষা

সংসদ নামে একটি বিধিবদ্ধ সংস্থা গঠিত হয়। এই সংসদ বিভিন্ন ডিপ্লোমা ও ডিপ্লোমা-উত্তর স্তরে পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশ করে থাকে। ইঞ্জিনিয়ারিং এবং টেকনোলজি বিভাগের জন্যে পাঠক্রম ও পাঠ্যসূচি প্রস্তুত এবং পরিমার্জন করার অধিকারী এই সংসদ। দীর্ঘকাল যাবৎ উক্ত সংস্থা সফলভাবে এই দায়িত্ব পালন করে আসছে।

সংসদের সুপারিশক্রমে ২০০২-২০০০ শিক্ষাবর্ষ থেকে পলিটেকনিকসমূহের সমস্ত ডিপ্লোমা পাঠ্যক্রমে 'সেমিস্টার সিস্টেম' চালু হয়েছে। এ ধরনের পরিবর্তনের জন্যে সংসদ যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছে এবং আশা করা যায় শীঘ্রই তা সম্পূর্ণ হবে।

সম্প্রতি পশ্চিমবঙ্গে রাজ্য কারিগরি শিক্ষা সংসদ ও 'বোর্ড অফ কর্মাশিয়াল এডুকেশন'-এর সংযুক্তির পরে সংসদ বাণিজ্য শিক্ষায় নতুন ক্ষেত্রের সন্ধানে নতুন একটি পর্ষদ গঠন করার চিন্তাভাবনা করছে।

স্বল্পমেয়াদি বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রকল্পের নিয়ন্ত্রণ তার মূল্যায়নের বিষয়টিও সংসদের কর্মসূচির অন্তর্গত।

শিল্প প্রশিক্ষণ (Industrial Training)

১। ১৯৯০-২০০০ বিগত দশকে ছাতনা, বালুরঘাট, আলিপুরদুয়ার, আমতলা (দঃ২৪ পরগনা) এবং তুফানগঞ্জ-এ সর্বমোট ৩৫২টি আসনসম্পন্ন ৫ (পাঁচ)টি নতুন 'আই.টি.আই' স্থাপিত হয়েছে। শিলিগুড়ি, বর্ধমান, কলকাতা এবং দঃ২৪ পরগনার বাণীপুর-এ সর্বমোট ৩২০টি আসনসম্পন্ন মহিলাদের জন্য ৪ (চার)টি মহিলা প্রশিক্ষণ কেন্দ্রও স্থাপিত হয়েছে।

২। ইলেকট্রনিক মেকানিক, মেকানিক রেডিও-টেলিভিশন, সেক্রেটারিয়েট প্রাক্টিস, হেয়ার অ্যান্ড স্কিন কেয়ার এবং কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রাম অ্যাসিস্টেন্ট-এর মতো আধুনিক শিক্ষাক্রমও চালু করা হয়েছে।

৩। উপরে উল্লিখিত শিল্প প্রশিক্ষণ শিক্ষাক্রম ছাড়াও বিভিন্ন শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়—

(১) ড্রেস মেকিং

(২) ল্যাবরেটরি অ্যাসিস্টেন্ট

(৩) ইনস্ট্রুমেন্ট মেকানিক

(৪) ইনফরমেশন টেকনোলজি এবং

(৫) ইলেকট্রনিক্স সিস্টেমস্ মেইনটেন্যান্স ছাড়াও

(৬) প্লাস্টিক প্রসেসিং অপারেটর-এর শিক্ষাক্রম চালু করা হয়েছে।

উৎপাদন ক্ষেত্রের চাহিদা পূরণের জন্য ৬ (ছয়)টি বিভিন্ন আই.টি.-এ 'টার্নার এবং মেসিনিস্ট বিভাগের শিক্ষার্থীদের কম্পিউটার নিয়ন্ত্রিত যন্ত্রাদির সুবিধার্থে সি.এন.সি. মেসিন স্থাপন করা হয়েছে।

৪। ২০ (কুড়ি)টি জুনিয়র পলিটেকনিকের উন্নতি সাধনের উদ্দেশ্যে তা বর্তমানে শিল্প প্রশিক্ষণ অধিকার -এর নিয়ন্ত্রণে আনা হয়েছে ঃ

৫। প্রশিক্ষণ কর্মসূচির উন্নতির জন্য স্টেট কাউন্সিল পুনর্গঠন করা হচ্ছে ;

৬। গড়িয়াহাট, শিলিগুড়ি এবং দুর্গাপুর-এর তিনটি আই.টি.আই-এর উন্নয়ন এবং হাওড়া হোমস্-এ ইনস্ট্রাকটর্স ট্রেনিং ইনস্টিটিউট গঠনের জন্য রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছেন এবং ভারত সরকারের কাছে প্রস্তাব দেওয়া হয়েছে।

উত্তরবঙ্গে ইঞ্জিনিয়ারিং কলেজ

১২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩০) **শ্রী প্রমথ নাথ রায় ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গের ছয়টি জেলার জন্য নতুন কোন ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের পরিকল্পনা আছে কিনা ;

(খ) থাকলে, উক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ কোথায় স্থাপন করা হবে এবং

(গ) কবে নাগাদ সংশ্লিষ্ট কাজ শুরু হবে বলে আশা করা যায়?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) হ্যাঁ, উত্তরবঙ্গের মালদা জেলায় একটি আর্থিকভাবে স্বনির্ভরভিত্তিক স্নাতক স্তরের ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের প্রস্তাব আছে এবং রাজ্য সরকারের উচ্চশিক্ষা দপ্তর প্রস্তাবিত ঐ কলেজটির জন্য প্রয়োজনীয় ছাড়পত্র দিয়েছে। কলেজটি বর্তমানে অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেক্‌নিক্যাল এডুকেশন (A.I.C.T.E.) নিউ দিল্লির অনুমোদনের অপেক্ষায় আছে।

(খ) প্রস্তাবিত কলেজটির ঠিকানা আই.এম.পি. এস (IMPS) কলেজ অফ্ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেক্‌নোলজি, পোঃ ও জেলা -মালদা, পশ্চিমবঙ্গ।

(গ) A.I.C.T.E. দ্বারা চূড়ান্তভাবে অনুমোদিত হলে, আশা করা যায় কলেজটি ২০০৩-০৪ (জুলাই, ২০০৩) শিক্ষাবর্ষে চালু করা যাবে।

প্রতিবন্ধী যুবকযুবতীর চাকুরি

১২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০৬) **শ্রী অশোক দেব ঃ** কর্মবিনিয়োগ কেন্দ্রের বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত ২০০২ সালে কর্ম বিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে মোট কত জন প্রতিবন্ধী যুবক-যুবতীর চাকুরি হয়েছে (জেলাওয়ারি)?

কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ বিগত ২০০২ সালে রাজ্যের বিভিন্ন কর্ম বিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে চাকুরিপ্রাপ্ত প্রতিবন্ধী যুবক-যুবতীর সংখ্যা -৭২। ২০০২ সালে জেলাভিত্তিক চাকুরিপ্রাপ্ত প্রতিবন্ধী যুবক-যুবতীর বিন্যাস নিম্নরূপ ঃ

জেলার নাম	২০০২ সালে চাকুরিপ্রাপ্ত প্রতিবন্ধী যুবক-যুবতীর সংখ্যা
কলকাতা	৪
উত্তর ২৪ পরগনা	০
দক্ষিণ ২৪ পরগনা	১
নদীয়া	৮
মুর্শিদাবাদ	০
হাওড়া	৪
হুগলি	২
বর্ধমান	০
বীরভূম	২
বাঁকুড়া	০
পূর্ব মেদিনীপুর	২
পশ্চিম মেদিনীপুর	৩৩
পুরুলিয়া	১
দার্জিলিং	০
জলপাইগুড়ি	১
কোচবিহার	১১
মালদা	০
উত্তর দিনাজপুর	০
দক্ষিণ দিনাজপুর	৩
	মোট ৭২

১২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০৯) **শ্রী অশোক দেব ঃ** কর্মবিনিয়োগ কেন্দ্রের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত রাজ্যের কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিতে নিবন্ধীকৃত বেকারের সংখ্যা কত (জেলাওয়ারি)?

কর্মবিনিয়োগ কেন্দ্রের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ ২০০২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত রাজ্যের কর্মবিনিয়োগ কেন্দ্রগুলির মাধ্যমে নিবন্ধীকৃত মোট বেকারের সংখ্যা ৬৪,৩৩,১৩৭। ৩১/১২/২০০২ পর্যন্ত নথিভুক্ত বেকারের জেলাভিত্তিক পরিসংখ্যান নিম্নরূপ ঃ

জেলা	নথিভুক্ত বেকারের সংখ্যা
কলকাতা	৫১৭৬৭৬
উত্তর ২৪ পরগনা	৮০৬৯১৯
দক্ষিণ ২৪ পরগনা	৪৫৫৫২৪
নদীয়া	৩৮০৩৩২
মুর্শিদাবাদ	৩৩৩৬৪৩
হাওড়া	৩৬৯৩৬৭
হুগলি	৪১১৫৯৪
বর্ধমান	৬৮৮৩০৩
বীরভূম	২৫৮৬৭৭
বাঁকুড়া	২৭৬৫৬৮
পূর্ব মেদিনীপুর	৩৮১৪৪৭
পশ্চিম মেদিনীপুর	৩৮৭৩৮৮
পুরুলিয়া	১৮৯২৩০
দার্জিলিং	১৪৬০৭২
জলপাইগুড়ি	১৬৯২৫৮
কোচবিহার	২১৬১০৯
মালদা	২০০৯০৩
উত্তর দিনাজপুর	১৩৯৪৩৭
দক্ষিণ দিনাজপুর	১০৪৬৯০
মোট	৬৪৩৩১৩৭

দক্ষিণ ২৪ পরগনার নদীবাঁধের জন্য বরাদ্দকৃত অর্থ

১২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১৩) **শ্রী অশোক দেব ঃ** সুন্দরবন উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবন উন্নয়ন পর্ষদ দক্ষিণ ২৪ পরগনা এলাকায় নদীবাঁধগুলির জন্য ২০০২-২০০৩ সালে কত টাকা বরাদ্দ করেছিলেন এবং

(খ) ২৮/০২/২০০৩ তারিখ পর্যন্ত এই ব্যাপারে মোট কত টাকা খরচ করা হয়েছে?

সুন্দরবন উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) দক্ষিণ ২৪ পরগনা এলাকায় নদীবাঁধের জন্য সুন্দরবন বিষয়ক দপ্তরে কোন বাজেট বরাদ্দ থাকে না। কেবলমাত্র ২০০২-২০০৩ সালের জন্য "অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্যে" খাতে সুন্দরবনের নদী বাঁধ উন্নয়নের জন্য ৩.৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল।

(খ) ২৮/০২/২০০৩ তারিখ পর্যন্ত সুন্দরবন এলাকার নদী বাঁধ উন্নয়নের জন্য মোট ৩,১২,৬৫,০০০ টাকা (তিন কোটি বারো লক্ষ পয়ষট্টি হাজার টাকা) খরচ করা হয়েছিল।

প্রথাবহির্ভূত সাক্ষরতা কেন্দ্র

১২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৪) **শ্রীমতী সাধনা মল্লিক ঃ** জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে প্রথাবহির্ভূত শিক্ষা কেন্দ্রের সংখ্যা কত (জেলাভিত্তিক);

(খ) তন্মধ্যে মহিলা কেন্দ্রের সংখ্যা কত এবং

(গ) উক্ত কেন্দ্রগুলির মাধ্যমে এ পর্যন্ত মোট উপকৃতের সংখ্যা কত?

জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) সমগ্র রাজ্যে মোট ৮১টি প্রকল্পের অধীনে ৪০৫০টি শিক্ষাকেন্দ্র চালু আছে। প্রতিটি প্রকল্প পিছু কেন্দ্রের সংখ্যা ৫০।

জেলাভিত্তিক হিসাব

ক্রমিক সংখ্যা	জেলার নাম	প্রকল্পের সংখ্যা	কেন্দ্রের সংখ্যা
১।	বর্ধমান	১৭	৮৫০
২।	দক্ষিণ ২৪ পরগনা	১৭	৮৫০
৩।	মেদিনীপুর	১৩	৬৫০
৪।	উত্তর ২৪ পরগনা	০৯	৪৫০
৫।	বীরভূম	০৪	২০০
৬।	হুগলি	০৩	১৫০

৭।	মুর্শিদাবাদ	০৩	১৫০
৮।	দক্ষিণ দিনাজপুর	০৩	১৫০
৯।	উত্তর দিনাজপুর	০২	১০০
১০।	জলপাইগুড়ি	০২	১০০
১১।	হাওড়া	০২	১০০
১২।	বাঁকুড়া	০২	১০০
১৩।	কলকাতা	০২	১০০
১৪।	পুরুলিয়া	০১	০৫০
১৫।	দার্জিলিং	০১	০৫০
		৮১	৪০৫০

(খ) মহিলাদের জন্য পৃথক কোন কেন্দ্র নেই। বালক ও বালিকারা একত্রে পাঠগ্রহণ করেন।

(গ) ১,০১,২৫০ জন।

Lady Prisoners at Alipore Presidency Jail

128. (Admitted Question No. 1897) **Shri Humayun Reza and Shri Abu Taher Khan** : Will the Minister-in-Charge of the Jails Department be pleased to state —

(a) number of Lady prisoners at Alipore Presidency Jails as on 28.02.2003 and

(b) the amount sanctioned for their expenses during 2002-2003?

Minister -in-charge of the Jails Department : (a) 246.

(b) No separate fund is received nor spent for the expenses of the Lady prisoners. Their expenses are included alongwith other prisoners as a whole.

আনুড় উচ্চ বিদ্যালয়ের উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে উন্নতিকরণ

১২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০৩) **শ্রী শিবপ্রসাদ মালিক** ঃ বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গোঘাটের "আনুড় উচ্চ বিদ্যালয়"টিকে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং

(খ) থাকলে পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) বিশেষ একটি বিদ্যালয়ের জন্য নির্দিষ্ট কোন পরিকল্পনা নেই।

(খ) প্রশ্নই ওঠে না।

আলিপুর কেন্দ্রীয় সংশোধনাগারে বন্দী মাধ্যমিক পরীক্ষার্থী

১৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১৫) **শ্রী নিয়ামত শেখ ঃ** কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আলিপুর কেন্দ্রীয় সংশোধনাগারে বর্তমান বছরে মোট কতজন বন্দী মাধ্যমিক পরীক্ষায় বসছেন এবং

(খ) এদের জন্য বিশেষ কোন সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে কিনা?

কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) তিন জন বন্দী।

(খ) হ্যাঁ। এদের জন্য বিশেষ সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে। যেমন—পৃথক বা নিরিবিলিতে থাকার ব্যবস্থা, সরকারী খরচে প্রয়োজনীয় বই, খাতাপত্র প্রদান ও উচ্চশিক্ষিত বন্দীদের দ্বারা বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা। এছাড়াও এদের একবেলা শ্রম মকুব করা হয়েছে যাতে তারা পড়াশুনায় অধিকতর সময় ব্যয় করতে পারে।

জেলাভিত্তিক আবগারি খাতে রাজস্ব আদায়

১৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২৩) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০১-২০০২ এবং ২০০২-২০০৩ আর্থিক বছরে (ফেব্রুয়ারী, ২০০৩ পর্যন্ত) আবগারি বিভাগের জেলাভিত্তিক রাজস্ব খাতে আদায়ের পরিমাণ কত?

আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ আবগারি বিভাগের জেলাভিত্তিক রাজস্ব খাতে আদায়ের পরিমাণ নীচে দেওয়া হল ঃ-

(লক্ষ টাকায়)

জেলা	২০০১-২০০২	২০০২-২০০৩ (ফেব্রুয়ারী, ০৩ পর্যন্ত)
বাঁকুড়া	৪৩১.৭৬	৪৬১.২৯
বীরভূম	৬১৭.১৫	৬৮০.৩৪
বর্ধমান পূর্ব	৭২৫.৫৫	৭৩৮.৮০
বর্ধমান পশ্চিম	৬৬৭২.৯৮	৬৮০৩.৪০
কুচবিহার	৫৯০.১৪	৫৮৫.৫৪
দার্জিলিং	৩১০৫.৬৭	৩১২৮.৪৯

(লক্ষ টাকায়)

জেলা	২০০১-২০০২	২০০২-২০০৩ (ফেব্রুয়ারী, ০৩ পর্যন্ত)
দঃ দিনাজপুর	১০১.৯৬	২৬৬.৭৪
হুগলি	১৩৪৬.৪১	১৩৭১.১৯
হাওড়া	১৩৪২.৮৮	১৩২১.১১
জলপাইগুড়ি	২২১৩.৮৩	২০৮৩.৩১
কলকাতা	২০০৩০.৩৮	১৮৯১৮.৯১
মালদা	১০১২.২৩	৮১৪.১৪
পূর্ব মেদিনীপুর	৬২৮.২৯	৬৫৪.৩১
পশ্চিম মেদিনীপুর	১০৭৯.২২	১৩৫৫.৪৮
মুর্শিদাবাদ	৮৯৩.৪৭	১০০৬.৪৪
নদীয়া	২১২২.৩৫	২২৬৭.১৩
উত্তর ২৪-পরগনা	২৬৬৯.৬১	২৬৯৫.৫৭
পুরুলিয়া	৬০৫.২১	৬০২.৮৮
দক্ষিণ ২৪ পরগনা	৩৭১৬.৮৭	৩৮৬৫.৪২
বিশেষ শাখা	১১৮২.০১	১০১২.৭১
উত্তর দিনাজপুর	২৬.২৮	২৮.৪৬
পশ্চিমবঙ্গ	**৫১১,১৪.২৫**	**৫০৬,৬১.৬৬**

থানা কো-অর্ডিনেশান কমিটি গঠন

১৩২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯২) **শ্রী শ্যামাপ্রসাদ পাল** ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, রাজ্যের প্রতিটি থানা এলাকার থানা কো-অর্ডিনেশন কমিটি (শান্তি কমিটি) স্থায়ীভাবে গঠিত করার ব্যবস্থা নেওয়া হয়েছে এবং

(খ) সত্যি হলে, কতগুলি থানা এলাকায় উক্ত কমিটি গঠিত হয়েছে?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) রাজ্যে ১টি থানা বাদে অন্য সকল থানায়, থানা কো-অর্ডিনেশন কমিটি থানা অ্যাডভাইসরি কমিটি গঠিত হয়েছে।

(খ) ৪১৩টি

পশ্চিম মেদিনীপুরে গ্রামীণ গ্রন্থাগার

১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২০০৫) **শ্রী ভূতনাথ সরেন ঃ** গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম মেদিনীপুর জেলায় ২০০২-২০০৩ আর্থিক বছরে কতগুলি গ্রামীণ গ্রন্থাগার মঞ্জুর হয়েছিল (নামসহ ব্লকওয়ারি হিসাব),

(খ) তন্মধ্যে, কতগুলি চালু করা গেছে ও কতগুলি চালু করা যায়নি এবং

(গ) যেগুলি চালু করা যায়নি তার কারণ কি?

গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) পশ্চিম মেদিনীপুর জেলায় ২০০২-২০০৩ আর্থিক বছরে কোন গ্রামীণ গ্রন্থাগার মঞ্জুর হয়নি;

(খ) (প্রযোজ্য নয়)

(গ) (প্রযোজ্য নয়)।

মালদহ জেলায় যুব কল্যাণ কেন্দ্র

১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০২৫) **শ্রী মহবুবুল হক ও শ্রী মোস্তাক আলম ঃ** যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলায় যুব কল্যাণ কেন্দ্রের সংখ্যা কত এবং

(খ) প্রতিটি কেন্দ্রে যুব আধিকারিক আছেন কিনা?

ক্রীড়া ও যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) মালদহ জেলায় যুব অফিস আছে—

জেলা যুব অফিস	১টি
ব্লক যুব অফিস	১৫টি
পৌর যুব অফিস	১টি

মোট ১৭টি যুব কল্যাণ কেন্দ্র আছে।

(খ) প্রতিটি কেন্দ্রে যুব আধিকারিক নেই। মালদহ জেলা যুব অফিস, রতুয়া -১ ব্লক যুব অফিস এবং ইংলিশবাজার ব্লক যুব অফিস-এ যুব আধিকারিক আছেন।

শ্রীরামপুর মহকুমা আদালতের নতুন ভবন

১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭১) **শ্রী আব্দুল মান্নান ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শ্রীরামপুর মহকুমা আদালতের নতুন ভবন নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা কার্যকরী হবে বলে আশা করা যায়?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) হ্যাঁ, শ্রীরামপুর মহকুমা আদালতের নতুন ভবন নির্মাণের পরিকল্পনা সরকারীভাবে নেওয়া হয়েছে।

(খ) শ্রীরামপুর মহকুমা আদালতের নতুন ভবন নির্মাণের জন্য ২০০১-২০০২ আর্থিক বর্ষে ৬৯,৯৩,০০০ টাকার প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে।

POINT OF ORDER

শ্রী দেবপ্রসাদ সরকার : একটা পয়েন্ট অফ অর্ডার আছে স্যার। এক ঘন্টা হয়ে গেল এখনও পেপার এল না স্যার। আপনি একটু দেখুন স্যার। এব্যাপারে একটি নোটিশ দিন। হাউজে এই রকম কখনও হয়নি। এক ঘন্টা হয়ে গেল পেপার কি হ'ল?

মিঃ ডেপুটি স্পীকার : পেপার এসে গেছে, পেপার ডিস্ট্রিবিউটও হয়ে গেছে।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received one notice of Adjournment Motion from Shri Asit Mitra on the subject of severe power crisis in South Bengal.

The subject matter of the motion is not such that may call for adjournment of the business of the House. The Member will get ample scope to raise the mater during the discussion and voting on demand for grants of the concerned department which is now going on. The Member may also invite attention of the Minister concerned through Calling Attention, Mention, Question etc. I, therefore, withhold my consent to the Motion.

The Member may, however, read the text of the Motion as amended.

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হ'ল—

দক্ষিণবঙ্গে বিদ্যুৎ সংকট চরম আকার ধারণ করেছে। সরকারী ব্যবস্থা নেই বললেও চলে। অবিলম্বে বিদ্যুৎ সংকটের কারণ খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received three noties of colling attention on the following subject, namely :

	Subject		Name
(i)	Reported falling ill of some persons from taking food offered to a deity at Subarnapur under Haringhata P.S., Nadia on 12.7.03	:	Shri Shamsul Islam Mollah
(ii)	Escape of Shri Kashinath Mondal, a prisoner from the Barasat Jail on 30.6.03 by producing a forged document	:	Shri Badal Zamadar
(iii)	Failure of the State Government to construct some concrete Bridges to connect Alipurduar and Jailpaiguri	:	Shri Nirmal Das

I have selected the notice of Shri Badal Zamadar on the subject of escape of Shri Kashinath Mondal, a prisoner from the Barasat Jail on 30.6.03 by producing a forged document.

The Minister in Charge may please make a statement today, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha : Sir, the statement will be made on 22nd of July, 2003.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Deputy Speaker : Now I call upon the Hon'ble Minister-in-Charge of Labour Dept. to make a statement on the subject of re-opening of Dunlop Rubber Industries Ltd., at Bansberia in the Dist. of Hooghly.

(Attention called by Shri Abdul Mannan and Shri Kamal Mukherjee separately on the 8th July, 2003)

Shri Mohammad Amin :

Mr. Speaker Sir, I beg your permission to place before the House the following statement in reply to the Calling Attention raised by Shri Abdul Mannan and Shri Kamal Mukherjee both M.L.As.

The functioning of the factory of M/s. Dunlop India Ltd. of Sahaganj had been deteriorating since early 1997. Though there had been no major labour problem or industrial unrest, the production of the factory had started going down and ultimately the factory was put under lock-out by the management with effect from 07.02.98. The State Government was of the view that the deteriorating situation of the factory was mainly due to extreme failure of the management including financial irregularities committed by the management and not due to any labour problem. Accordingly, the State Government took up the matter with the Central Government to take appropriate steps against the management for their action including financial irregularities in the interest of survival of the unit. But no positive steps were taken by the Government of India in the matter. Meanwhile, the case of the company was referred to BIFR by the management and BIFR declared the unit as a sick unit in June, 1998. While the case of the unit was pending before the BIFR, the management of the company after having a bipartite discussions with the Unions lifted the lock-out of the factory w.e.f. 11.3.2000. Even afer such reopening of the factory, management could not clear the dues of the workers as promised and also could not bring in sufficient fund to keep up the factory in a running condition and accordingly the factory was again placed under lock-out w.e.f. 20th August, 2001. While the factory is under lock-out since 20th August, 2001, the proceedings before BIFR was also continuing. Incidentally it may be mentioned that a draft revival scheme was considered by BIFR in August, 2001 but the management of Dunlop appealed before the AAIFR against certain decisions of the BIFR. The matter is still pending before the AAIFR. A revised revival scheme was also published by AAIFR in May, 2002 after hearing on different dates. The approval of the revival scheme could not however be obtained as yet. The State Government was however agreeable to grant the following reliefs and concessions in connection with the revival of the Dunlop Factory.

(i) Exemption of sales tax for period of 9 years from the date of starting of production which amounts to roughly Rs.44 crores.

(ii) Grant of soft loan to the management to meet up arrear sales tax which amounts to Rs.5 crores.

(iii) To give permission for sale of surplus land of the company for reinvestment of the amount received out of sale of such surplus land towards revival of the unit.

(iv) Exemption of tax on electricity for next 5 years.

(v) Rebate of 25 to 30% on electricity charges for a period of 3 years.

(vi) Exemption of the charges towards AMGR for the electricity dues at the time of lock-out of the factory.

Despite several concession offered by the State Govt., it is unfortunate that the factory could not be reopened as yet. State Government is however pursuing the matter closely for survival of the Dunlop factory and its reopening.

Incidentlly, it may be mentioned that financial assistance @ Rs.500/- per month under the 'FAWLOI' scheme to each of about 4000 employees engaged in the unit for the period of 1.4.99 to 10.3.2000 was paid. Steps for payment of similar financial assistance @ Rs.500/- per month to each of the workers of the unit with effect from 1.4.2003 have also been taken by the State Government.

[12.10–12.20 p.m.]

শ্রী কমল মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রীর কাছে যেটা আমি প্রশ্ন রাখছি— মন্ত্রী বলেছেন তাঁর বিবৃতিতে যে, ডানলপের শ্রমিকেরা ১.৪.৯৯ - ১০.৩.২০০০ পর্যন্ত এই বন্ধ ভাতা ৫শত টাকা করে তারা পেয়েছে। তারপর এটা বন্ধ হয়ে গেছে। আপনি আবার এটা চালু করেছেন ১.৪.০৩ থেকে। কিন্তু অত্যন্ত দুঃখজনক ঘটনা এখনও পর্যন্ত ডানলপের যারা কর্মচারী তারা কিন্তু ৫ শত টাকা করে এই বন্ধ ভাতা পাচ্ছে না এবং সঙ্গে সঙ্গে যারা অবসর নিয়েছে ডানলপের শ্রমিক বা কর্মচারী তারা অবসরের পর তাদের যে ন্যায্য পাওনা গ্র্যাচুয়িটি এবং প্রভিডেন্ট ফান্ড, তার মধ্যে তারা গ্র্যাচুয়িটির টাকা পেয়েছে কিন্তু প্রভিডেন্ট ফান্ডের টাকা পাইনি। এই ব্যাপারে আপনার দপ্তর বা আপনি কি ভূমিকা নিয়েছেন, সেটা জানাবেন।

শ্রী মহম্মদ আমিন : এটা যেহেতু কোন লেবার ডিসপুটের কারণে কারখানা বন্ধ হয়নি, সেই জন্য লেবার ডিপার্টমেন্ট এই বিষয়ে কিছু করতে পারেনি। কিন্তু আমাদের কাজ হচ্ছে যে ১ বছর বন্ধ হয়ে যাওয়ার পরে যদি কারখানা না খোলে তাহলে আমরা এই ৫ শত টাকা করে দিই। সেই কাজ এগিয়েছে। এনক্যোয়ারি কমপ্লিট হওয়ার পরে আমাদের যে ফরম্যালিটিজ আছে সেগুলি করে টাকাটা আমরা ব্যাঙ্কে দিয়ে দেব এবং তারপর ব্যাঙ্ক থেকে ওয়ার্কাররা তুলে নিতে পারবেন। এই হচ্ছে প্রসিডিওর।

শ্রী কমল মুখার্জী : না, আমি জানতে চাইছি অবসর নেওয়ার পর শ্রমিকরা গ্র্যাচুয়িটির টাকা পেয়েছে কিন্তু প্রভিডেন্ট ফান্ডের টাকা পাইনি। এই ব্যাপারে আপনাদের দপ্তরের ভূমিকা কি?

শ্রী মহম্মদ আমিন : কারখানা ফরম্যালি ক্লোজ হয়নি। ওদের একটা কারখানা তামিলনাড়ুতে আছে। সেখানে এগ্রিমেন্ট হয়েছে একটা কাগজে আমি দেখলাম। কিন্তু সে কারখানাটি এখন খোলেনি। কাজেই প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুয়িটির পেমেন্ট করবার প্রশ্ন তখনই আসে, যখনই এটা সাব্যস্ত হয়ে যায় কারখানাটি খুলবে না, এটা ক্লোজ হয়ে গেলে ব্যাপারটা আসে। কিন্তু যেহেতু এইরকম কোন ফরম্যালিটিজ হয়নি। সে কারণে এই বিষয়টি আমরা টেক আপ করতে পারিনি।

শ্রী কমল মুখার্জী : শ্রমিকরা রিটায়ার করার পরে তারা গ্র্যাচুয়িটির টাকা পেয়েছে কিন্তু প্রভিডেন্ট ফান্ডের টাকা পাইনি। এই ব্যাপারে আপনার দপ্তর বা আপনি কি ভূমিকা নিয়েছেন?

শ্রী মহম্মদ আমিন : আমাদের কাছে যদি এই ব্যাপারে কোন দরখাস্ত আসে তাহলে সেটা আমরা প্রভিডেন্ট ফান্ড কমিশনারের কাছে পাঠিয়ে দেব।

Mr. Deputy Speaker : Now, I call upon the Minister-in-Charge of the Relief Department to make a statement on the subject or reported landslide and flood in Darjeeling and Jalpaiguri Districts causing loss of lives and properties. (Attention called by Shri Abdul Mannan, Shri Nirmal Das, Shri Tapan Hore and Shri Asit Kumar Mal and jointly by Shri Asit Mitra and Smt. Shanta Chhetri on the 9th July, 2003).

শ্রী আব্দুল মান্নান : ১) দার্জিলিং পার্বত্য এলাকায় ব্যাপক ধস নামার ফলে জনজীবন স্তব্ধ। যোগাযোগ বিচ্ছিন্ন। ১০ জনের বেশি মানুষের মৃত্যু।

শ্রী নির্মল দাস : ২) গত কয়েকদিনের প্রবল বর্ষণে উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, ডুয়ার্সের প্রবল বন্যায় যোগাযোগ ব্যবস্থা, বন্যা নিয়ন্ত্রণের জন্যে নির্মিত বাঁধের প্রচণ্ড ক্ষয়ক্ষতি হয়েছে। ইতিমধ্যেই ধসে ২০ জনের মৃত্যু হয়েছে। নিখোঁজের সংখ্যাও প্রায় সমপরিমাণ। বন্যা নিয়ন্ত্রণ এবং ত্রাণ উদ্ধারের জন্যে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন। সভায় বিবৃতি মারফত মন্ত্রী মহোদয় অবহিত করুন। এই আবেদন জানাই।

Sri Tapan Hore : Regarding the landside and also flood at Darjeeling and steps taken thereof.

শ্রী অসিত কুমার মাল : ভয়াল ধসে বিচ্ছিন্ন দার্জিলিং, মৃত ১৭।

শ্রী অসিত মিত্র এবং শ্রীমতী শান্তা ছেত্রী : লাগাতার বর্ষণে মঙ্গলবার দার্জিলিং-এর পাহাড়ে বেশ কয়েকটি জায়গায় ধস নামায় কমপক্ষে ১৮ জন মারা গিয়েছেন। দার্জিলিং, কালিম্পং, কার্শিয়াং সড়কপথ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। অবিলম্বে মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

শ্রী হাফিজ আলম সৈরানী : মহাশয়, ১ থেকে ৯ই জুলাই ২০০৩ পর্যন্ত দার্জিলিং জেলায় লাগাতার ভারী বর্ষণে পার্বত্য এলাকায় গত ৮.৭.২০০৩ তারিখে ব্যাপক ধস নামে। আবহাওয়া দপ্তরের রিপোর্ট অনুযায়ী সিকিম ও হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গে (২- ৯ জুলাই ২০০৩ সপ্তাহে) স্বাভাবিকের তুলনায় ২০৫% বেশি বৃষ্টিপাত হয়েছে। এই অস্বাভাবিক ভারী বর্ষণই দার্জিলিং জেলায় পার্বত্য অঞ্চলে ভয়াবহ ধস নামার কারণ বলা যেতে পারে। জেলা প্রশাসনের কাছে থেকে প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী ঐ ধস নামার কারণে কার্শিয়াং মহকুমার মিরিক ব্লকে ৮.৭.২০০৩ তারিখে ২৪ জন মানুষের মৃত্যু হয়েছে (১৯ জনের মৃতদেহ উদ্ধার করা গেছে ও ৫ জন এখনও নিখোঁজ) ও জন মানুষ আহত হয়েছেন। দার্জিলিং জেলায় মিরিক ব্লকে ২০ বর্গ কিলোমিটার এলাকার ১২টি গ্রামের ১২০০ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। ক্ষতিগ্রস্ত বাড়ির সংখ্যা ৪৫১ (৭৬টি সম্পূর্ণরূপে ও ৩৭৫টি আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে)। এই অঞ্চলের ৩০ হেক্টর এলাকা চাবাগান ক্ষতিগ্রস্ত হয়েছে। আনুমানিক মূল্য ১.৫০ কোটি টাকা, অন্যান্য সম্পত্তির ক্ষয়ক্ষতির পরিমান প্রায় ৬৫ লক্ষ টাকা। শিলিগুড়ি মহকুমার ক্ষতিগ্রস্থ এলাকার পরিমাণ প্রায় ২১৪.১৫ একর। ১৮৫টি গ্রামের ৯৪,২৮৪ জন মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। ২,৬৬১টি বাড়ী ক্ষতিগ্রস্ত হয়েছে। মৃত গবাদি পশুর সংখ্যা ২২। রবি শস্যহানি হয়েছে প্রায় ৮১ লক্ষ টাকা।

সংযাগকারী রাস্তা, নদীবাঁধ, সেতু ও কালভার্ট ইত্যাদি সরকারী সম্পত্তি ক্ষয়ক্ষতির মধ্যে রয়েছে ঃ—

জাতীয় সড়ক - ৫৫	দার্জিলিং - কার্শিয়াং	কালীমতি, তিনধরিয়া রংটঙ, রক্তিখোলা
পাঙ্খাবাড়ি রোড,	কার্শিয়াং - সুকনা	নদী সংযোগকারী সেতু, সাখাইবাড়ী,
রাজ্য সড়ক-১২/৩১	সুকনা - দার্জিলিং কার্শিয়াং - গড়িধুরা গড়িধুরা - মিরিক সুকনা - আদলপুর লুখেবির - তিস্তাবাজার সেবকের সংলগ্ন নন্দীনদী ব্রিজ শিলিগুড়ি - কার্শিয়াং দুধিয়া - মিরিক লুখেবির - শিলিগুড়ি	উজুরাই বস্তি, ক্যামেটলিন **ধসে সবচেয়ে বেশি ক্ষয়ক্ষতি হয়েছে** মিরিক ব্লকের গয়াবাড়ী, নয়া কামান, চোটাতিংলিং ঢাকালে বস্তি এলাকা

এর মধ্যে যুদ্ধকালীন তৎপরতায় রাস্তা সারানো ও ধস সাফাইয়ের কাজ চলছে। এখন পর্যন্ত দার্জিলিং-কার্শিয়াং, পাথ্বাবাড়ি - গড়িধুরা, সুকনা - আদলপুর, লুখেবির - শিলিগুড়ি, সেবকের কাছে নন্দীনদী ব্রিজ রাস্তা ইতিমধ্যেই চালু করা সম্ভব হয়েছে। অবশিষ্ট রাস্তা / সেতু মেরামতির কাজ চলছে।

শিলিগুড়ি মহকুমায় বাঁধ ক্ষয়ক্ষতির মধ্যে উল্লেখযোগ্য হল ঃ—

মাটিগাড়া থানার পঞ্চনই নদীবাঁধ	-	৭০	মিটার দৈর্ঘ্য অংশ
" পাথরঘাটার বান্দ্রীজোট	-	১৫০	"
ফাঁসিদেওয়া থানার বুড়িবালাসন নদীবাঁধ	-	৫০০	"
" বুধারিগাঁও নদীবাঁধ	-	৩০০	"
খড়িবাড়ী থানার সোনামতী নদী নিয়ন্ত্রণ বাঁধ	-	২০	"
নক্সালবাড়ী থানার সারদাকলোনি রাস্তা বাঁধ	-	২৫০	"

ত্রাণ বাবদ বণ্টন করা হয়েছে ঃ

ত্রাণ বিভাগ, আরক্ষা, অসামরিক প্রতিরক্ষা, দমকল, পূর্ত বিভাগ ও জেলা প্রশাসন সম্মিলিতভাবে ত্রাণ কার্য পরিচালনা করেছেন।

মিরিক ব্লকে গয়া বাড়ী অঞ্চলে ৮ টি লঙ্গরখানা খুলে ১০৫২ জন দুর্গত মানুষকে খাওয়ানোর ব্যবস্থা করা হয়েছে। তিনটি আশ্রয় শিবিরে (পাকা বাড়ি) ৭৫টি পরিবারকে অস্থায়ীভাবে আশ্রয় দেওয়া হয়েছে।

দার্জিলিং জেলা প্রশাসন থেকে (অগ্রিম মজুত সামগ্রী থেকে) ত্রান সামগ্রী বিতরণ করা হয়েছে ঃ-

৬৬৫টি ত্রিপল, ৩৫০টি কম্বল, ধুতি/লুঙ্গি/শাড়ি/শিশুদের পোশাক ৫৩৫টি করে।

চাল - ৫৬৪ কেজি, গুড় ৪০ কেজি।

ঐ জেলায় (অগ্রিম মজুত ত্রাণ সামগ্রীর) অতিরিক্ত ত্রাণ বিভাগ থেকে এই ধসের পরিস্থিতি মোকাবিলা করার জন্য জেলায় বরাদ্দ করা হয়েছে ঃ—

গম - ২০ মেট্রিক টন, আনুমানিক খরচা - ৩০ হাজার টাকা

চাল - ৫ মেট্রিক টন, ত্রিপল - ৩০০০ পিস, শিশুদের পোশাক ১০০০ পিস, লুঙ্গি, ধুতি, শাড়ি - ৫০০ পিস করে।

এছাড়া ত্রাণ বিভাগ থেকে দার্জিলিং জেলায় এ পর্যন্ত ২০ জন মৃত ব্যক্তির নিকট আত্মীয়ের জন্য এককালীন অনুদান বাবদ ৪ লক্ষ টাকা অর্থ বরাদ্দ মঞ্জুর করা হয়েছে।

জলপাইগুড়ি জেলায় মহানন্দা, তিস্তা, জলঢাকা, তোর্ষা, রায়ডাক ও অসংখ্য উপনদীতে

জলস্ফীতির ফলে ১০টি ব্লক ও তিনটি পুরসভা ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রায় ১১,০০০ পরিবারের ৪৬,০০০ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন।

৪,২৭০ জনকে ৪৪টি শিবিরে স্থানান্তরিত করা হয়েছে।

ক্ষতিগ্রস্ত হয়েছে ২,৬৭০টি বাড়ি (২,০০০টি সম্পূর্ণরূপে এবং ৬৭০টি আংশিকভাবে)। প্রায় ৫৫০ একর জমির ফসল নষ্ট হয়েছে। ক্ষতিগ্রস্ত বাঁধ/রাস্তা ইত্যাদির মধ্যে রয়েছে।

(১) তৃতীয় মহানন্দা সেতুর রেল বাঁধের ৪০ মিটার।

(২) সাতভেণ্ডিতে তিস্তাখালের ১৭০ মিটার, NH ৩১-এর আংরাভাষা নদীর সেতু।

(৩) ধুপগুড়িতে গাদায়ের কুঠিতে জলঢাকা নদী বাঁধ।

(৪) মাল ও বীরপাড়া অঞ্চলে NH ৩১-এর বিভিন্ন অংশে।

(৫) নেওড়া, চেল মূর্তি নদীর বাঁধসমূহ।

সর্বত্র যুদ্ধকালীন তৎপরতায় সংস্কারের কাজ চলছে।

জেলা থেকে নিম্নলিখিত ত্রাণসামগ্রী বণ্টন করা হয়েছে :

ত্রিপল	-	১০০২টি
চাল	-	১০৯.৮০ কুইন্টাল
গম	-	২৬০ কুইন্টাল
চিড়া	-	৫৬ কুইন্টাল
গুড়	-	৫.৬ কুইন্টাল
শিশুখাদ্য	-	১৫ কেজি

ত্রাণ দপ্তর থেকে পূর্বে প্রেরিত ত্রানসামগ্রী ছাড়াও নিম্নলিখিত সামগ্রী/অর্থ পাঠানো হয়েছেঃ

ত্রিপল	-	৩০০০টি
চাল	-	১০ মেট্রিক টন
আনুষঙ্গিক খরচ	-	২৫,০০০ টাকা
ধুতি	-	৮০০টি
শাড়ি	-	১০০০টি
লুঙ্গি	-	৫০০টি
শিশুদের বস্ত্র	-	৫০০টি

শ্রী নির্মল দাস : মাননীয় মন্ত্রী মহোদয়, আপনাকে ধন্যবাদ। উত্তরঙ্গের ভয়াবহ বন্যা এবং ধসের ক্ষয়ক্ষতি আপনি নিজে গিয়ে দেখে এসেছেন এবং আপনি বলে এসেছেন ন্যাচারাল ক্যালামিটি ফান্ড থেকে অর্থ বরাদ্দ করবেন। আলিপুরদুয়ার এবং জলপাইগুড়ির মাঝের শিলতোর্ষা নদীর ব্রিজ ভেঙে যাওয়ার ফলে ওখানে যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়েছে। কিছু দিন আগে ওখানে মাননীয় মুখ্যমন্ত্রী একটা ব্রিজ উদ্বোধন করে এসেছেন এবং অর্থমন্ত্রী বলেছিলেন ৭টা ব্রিজ হবে। কিন্তু তা এখনো হয়নি। এ অঞ্চলের মানুষের জীবন এখন বিপন্ন। আমি আপনার কাছে জানতে চাইছি বেলি ব্রিজ-সহ ৭-টা কাঠের ব্রিজ অবিলম্বে নির্মাণ করে ওখানকার যোগাযোগ ব্যবস্থা সচল রাখার ব্যবস্থা করবেন কি? সাথে সাথে ওখানে যে বাঁধগুলি ভেঙেছে সেগুলি ন্যাচারাল ক্যালামিটি ফান্ড থেকে অর্থ ব্যয় করে মেরামতের ব্যবস্থা করবেন কি? মোট ৪২-টার মতো বাঁধ ভেঙেছে। সবগুলো না হোক, যেগুলি অবিলম্বে মেরামত না করলে কোটি কোটি টাকার সম্পদ নষ্ট হবে, রাজ্য সরকারকে প্রচুর ক্ষতিপূরণ দিতে হবে সেগুলি অন্তত নির্দিষ্ট করে সেগুলি মেরামতের ব্যবস্থা করবেন কি? ইতিমধ্যেই আন্ত্রিকে হাসিমারায় তিন জন মারা গেছে এবং ১০০ জল হাসপাতালে ভর্তি হয়েছে। ওখানে জলের পাইপ লাইন ফেটে গেছে। এ ক্ষেত্রেও ন্যাচারাল ক্যালামিটি ফান্ড থেকে কোন অর্থ কি বরাদ্দ করা হয়েছে?

শ্রী হাফিজ আলম সৈরানী : আলিপুরদুয়ার মহকুমার এবং জলপাইগুড়ি মহকুমার কিছু অংশে নদীর গতিপথ পরিবর্তিত হয়েছে। ফলে অনেক বাঁধ, ব্রিজ, সেতু ভেঙে গিয়েছে, যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে গেছে। আমরা ওখানে বসেই ঠিক করেছিলাম যে, জেলা পরিষদের কাছেই ই.এস.এ-র অনেক টাকা আছে, ওঁরা বলেছেন মজুরি-বাবদ অর্থ ওঁরা ওখান থেকে খরচ করবেন, কিন্তু এ টাকা দিয়ে কোন জিনিসপত্র কেনা হবে না—লেবার পেমেন্টের জন্য এ টাকা ওঁরা ব্যয় করবেন। অতএব লেবার কস্টের ক্ষেত্রে কোন ঘাটতি হবে না, সেই টাকাটা ওঁরা দেবেন। তা ছাড়াও অন্যান্য ডিপার্টমেন্টের কিছু কিছু টাকা ওখানে আছে। এ ছাড়াও আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলেছি। কেন্দ্রীয় সরকার ওখানে যে টাকাটা আদায় করেন—আগে ট্যাক্স হিসাবে আদায় করতেন, এখন তা ট্যাক্স হিসাবে কালকেশন করেছেন না, নামটা পালটে দিয়ে টি ইন্ডাসট্রিজ ডেভেলপমেন্ট ফান্ড করেছেন - তা থেকে অন্তত চার কোটি টাকা দিতে হবে। ২০ থেকে ২২ কোটি টাকা কেন্দ্রীয় সরকার জলপাইগুড়ির চাবাগানগুলি থেকে সংগ্রহ করেন থাকেন। তার থেকে ৪ কোটি টাকা আমরা চেয়েছি।

[12.20–12.30 p.m.]

তা ছাড়া ডিমান্ড এখন এসে পৌঁছচ্ছে। চীফ্ সেক্রেটারির নেতৃত্বে একটা রিলিফ ক্যালামিটি ফান্ড যেটা আছে, এখানেও ডিমান্ড প্লেস হয়। ওখানে মিটিং বসছে, আজকে হয়তো মিটিং বসবে। ওখানে ঠিক হবে যে টাকা চাওয়া হয়েছে, তার মধ্যে ইমিডিয়েট কত টাকা দেওয়া যায়। কিন্তু যেটা বলা হয়েছে সেটা হচ্ছে, টাকার কোন অসুবিধা প্রাথমিকভাবে হবে না, আপনারা কাজ করুন, যে টাকা লাগবে সে ইরিগেশন ডিপার্টমেন্ট হোক আর পি.ডব্লু. ডিপার্টমেন্ট হোক বা অন্যান্য আরো যেসব ডিপার্টমেন্ট আছে—যে রকম আপনি হেল্‌থ

ডিপার্টমেন্টের কথা বললেন—সমস্ত ডিপার্টমেন্টকে নির্দেশ দেওয়া হয়েছে, টাকার অসুবিধা হবে না। আমি নিজে এসে চিফ্ মিনিস্টারের কাছে রিপোর্ট করেছি যে, তাৎক্ষণিক ২টি জেলা মিলিয়ে অন্তত ১০/১২ কোটি টাকা রিলিজ করতে হবে। আজ অথবা আগামীকালের মধ্যে সিদ্ধান্ত নিতে পারবো যে কত কোটি টাকা বাঁধ মেরামতি, রাস্তা বা ব্রিজ মেরামতির জন্য দিতে পারবো। ২ নম্বর হচ্ছে, আপনি যে বেলি ব্রিজের কথা বললেন, সেই ব্যাপারে সিদ্ধান্ত হয়েছে, কিন্তু মিলিটারির কাছ থেকে নিলে প্রতিদিন অনেক টাকা দিতে হবে। সেই জন্য পি.ডব্লু.ডি. কে বলেছি, উত্তরবঙ্গে কোথায় কি অবস্থা আছে এবং আপনি যে জায়গার কথা বললেন—যেসব জায়গায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে সেখানে পুনরায় যাতে ঠিক করা যায় তার চেষ্টা চলছে।

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রী মহাশয়ের লিখিত উত্তর দেখলাম এবং মাননীয় সদস্য শ্রী নির্মল দাসের প্রশ্নের উত্তর আপনি যা বললেন তা শুনলাম। আমি একটি বিষয় জানতে চাই, সারা পৃথিবীতে প্রাকৃতিক দুর্যোগ, বিশেষ করে বন্যার ভয়ঙ্কর প্রভাব দেখা দিয়েছে ভারতবর্ষে এবং পৃথিবীতে প্রাকৃতিক দুর্যোগ, বিশেষ করে বন্যার ভয়ঙ্কর প্রভাব দেখা দিয়েছে ভারতবর্ষে এবং বাংলা যেহেতু প্রান্তসীমায় সুতরাং বন্যার সম্ভাবনা সব সময়ে থেকে যায়। এখন আবহাওয়াবিদদের কাছ থেকে শুনছি এবং বিভিন্ন জার্নালে বেরুচ্ছে যে, এই বছর ভাল বৃষ্টি হবে। কাজেই সেখানে দাঁড়িয়ে বিগতদিনে আপনার যে অ্যাসিওরেন্স ছিল ঐ উত্তরবাংলার ক্ষেত্রে, বিশেষ করে দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলার ক্ষেত্রে ন্যাচারাল ক্যালামিটির যে ঘটনা ছিল, সেই টাকা এখনো পর্যন্ত তারা পায়নি। আপনি এখন বলছেন, টাকার অভাব হবে না। কিন্তু গত বছরে বাঁধের টাকা আসেনি এবং নর্থবেঙ্গলের ফ্লাড কমিশনের কোন টাকা-পয়সা নেই। ন্যাচারালি এটা একটা সমস্যা হচ্ছে। সুতরাং দুটি ব্যাপার, একটা হচ্ছে টাকার ব্যাপারে আপনি নিশ্চয়তা কিভাবে দিচ্ছেন এবং ফিউচার স্টেপ্স কি হবে? কারণ যে কোন সময়ে বড় ঘটনা ঘটতে পারে। আমি এক সময়ে উত্তরবঙ্গে ছিলাম, ১৯৬৮ সালের বন্যায় দেখেছি গোটা জলপাইগুড়ি জেলায় দুইতলা পর্যন্ত জলের তলায় ছিল। আমি শুনেছি, রাজ্য সরকার কিছু ফিউচার স্টেপ্স নিচ্ছেন। আপনি সেনা-বাহিনী, আধা-সামরিক বাহিনী নেবার চেষ্টা করছেন। বন্যা উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গেও হয়, কিন্তু প্রশ্নটা যেহেতু উত্তরবঙ্গের ক্ষেত্রে, তাই আমি জিজ্ঞাসা করছি, উত্তরবাংলার ক্ষেত্রে আপনি কি স্টেপ্স নেবেন, কি পরিকল্পনা আছে, সেটা যদি একটু বলেন?

শ্রী হাফিজ আলম সৈরানী : আমাদের ক্রাইসিস ম্যানেজমেন্ট আছে, কিন্তু এখনো পর্যন্ত ডিজাসটার ম্যানেজমেন্ট হয়নি। স্বাভাবিকভাবেই একটা অঙ্গ রাজ্য হিসাবে আমাদের আগাম ব্যবস্থা নেবার ব্যাপারে বিশেষ করে অর্থ খরচ করার ব্যাপারে বা এইসব করার ক্ষেত্রে ঐ রকম ব্যবস্থা আমাদের নেই—এটা হচ্ছে ১ নম্বর, ২ নম্বর হচ্ছে, আপনি বললেন কি ব্যবস্থা আমরা নিয়েছি। আমরা সেনা-বাহিনীর সঙ্গে কথা বলেছি, আমাদের রাজ্যের যারা পুলিশ তাদের সঙ্গে কথা বলেছি।

আমাদের নিজেদের ডিপার্টমেন্টের মাধ্যমে ট্রেনিং দিয়ে কিছু মানুষকে উদ্ধার কাজে উপযুক্ত করার ব্যবস্থা, সেটা আমরা করেছি। এই রকম কোন ঘটনা ঘটলে তৎক্ষণাৎ উদ্ধার

কাজে তারা যাতে নেমে যেতে পারে এই রকম একটা আগাম ব্যবস্থা আমরা কিছু করিনি। আগাম ব্যবস্থার মধ্যে নৌকা কত লাগবে, আমাদের সিভিল ডিফেন্স ডিপার্টমেন্টে বেশ কিছু যন্ত্রচালিত নৌকা আছে, বি.এস.এফ-এর কিছু আছে, সেনাবাহিনীর কিছু আছে, কার কাছে কি আছে, কোথায় পাওয়া যাবে, কোথায় কোনটা কাজে লাগাতে পারবো, সেই ব্যবস্থা করেছি। তার সঙ্গে সঙ্গে আমরা এটাও চিন্তা করি, ত্রাণ বলতে বিষয়টা আমার একার এই রকম নয়, আনিসুর সাহেব আছেন উনি করেন, তার সঙ্গে পি.ডব্লু.ডি আছে, হেল্‌থ আছে, ইরিগেশান আছে, সিভিল ডিফেন্স আছে, ইলেকট্রিসিটি আছে, টেলিফোন আছে, এই সমস্ত দপ্তরের সঙ্গে আমরা একটা কো-অর্ডিনেট করি। সমন্বয় সাধন করার কাজটা আমরা করছি। কে কিভাবে কাজ করবেন, তাদের কি ব্যবস্থা আছে, গোখাদ্য মজুত রাখা আছে কিনা, ঔষধ মজুত রাখা আছে কিনা, এফ.সি.আই গোডাউনে খাদ্যশস্য মজুত রাখা আছে কিনা, কেরোসিন তেল মজুত করে রেখেছে কিনা, সেটা দেখা দরকার। প্রতিটি দপ্তর যাতে কাজ করে, সেই ব্যাপারে যথাযথ ব্যবস্থা আমরা নিই। বিগত দিনের অভিজ্ঞতা হচ্ছে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার জনগণের সহযোগিতা নিয়ে, পঞ্চায়েতের সহযোগিতা নিয়ে, সাধারণ মানুষের সহযোগিতা নিয়ে অনেক দুর্যোগের মোকাবিলা করেছে। ২০০০ সালে আমরা করেছি। ২০০০ সালে আমরা যেটা দেখেছি যে ভাবে কেন্দ্রীয় সরকারের দুর্গত মানুষদের পিছনে দাঁড়ানোর দরকার ছিল সেটা তাঁরা দাড়াননি। রাজ্যের মানুষের সহযোগিতায় রাজ্যের মানুষের সেবামূলক প্রতিষ্ঠানগুলির সহযোগিতা এবং বিভিন্ন দপ্তরের সহযোগিতায় আমরা দুর্গত মানুষের পাশে দাঁড়িয়ে দুর্যোগের মোকাবিলা করেছি। সেই অভিজ্ঞতা আমাদের আছে। সেই অভিজ্ঞতার ভিত্তিতে আমরা সব রকম ব্যবস্থা নিচ্ছি।

শ্রী অসিত মাল : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে অগ্রিম কোন ব্যবস্থা নেই। ১৯৭৭ সালের পর থেকে একটা কথা প্রচলিত আছে, রাজ্যের বামফ্রন্ট সরকার টিকে আছে বন্যা এবং প্রাকৃতিক দুর্যোগের ভিত্তিতে। যত বেশি বন্যা হবে, যত বেশি দুর্যোগ হবে তত পার্টির ভাল হবে, কেন্দ্রীয় সরকারের কোটি কোটি টাকা নেবে। আমার মূল প্রশ্ন হলো, এই যে দুর্যোগ হলো, দার্জিলিং জেলায় প্রবল বর্ষণে ধস নামার ফলে ২৪ জনের মৃত্যু হয়েছে, খবরের কাগজে আমরা যেটা দেখেছি তা হলো, এই সমস্ত যাঁরা মারা গেলেন রাজ্য সরকার তাঁদের কিছু টাকা দেবেন, কেন্দ্রীয় সরকার কিছু টাকা দেবেন। আজকে আপনি এখানে দাঁড়িয়ে বলুন নির্দিষ্ট করে যে রাজ্য সরকারের পক্ষ থেকে কত টাকা দেবেন এবং কেন্দ্রীয় সরকার টাকা দেবার অঙ্গীকার করেছেন কিনা বা রাজ্য সরকার তাঁদের কাছ থেকে টাকা চেয়েছেন কিনা এবং এই টাকা কত দিনের মধ্যে মৃত ব্যক্তির পরিবারের কাছে পৌঁছে যাবে?

শ্রী হাফিজ আলম সৈরানী : আমি আগেই বলেছি যে ক্যালামিটি রিলিফ ফান্ডের যে টাকা আছে সেই ব্যাপারে। আপনি বলেছেন আগাম ব্যবস্থা নিতে পারছি না কেন? এই সমস্ত ব্যবস্থা আমরা নিতে চাইছি। কিন্তু টাকা খরচের প্রশ্নটা যখন আসছে, তখন আমরা খরচ করতে পারছি না। কারণ ক্যালামিটি রিলিফ ফান্ডের যে নর্মস, টাকা খরচের যে নর্মস, সেটা কেন্দ্রীয় সরকার ঠিক করে দেন। এটা বলা আছে যে প্রাকৃতিক দুর্যোগ না ঘটলে আপনারা এই খাত থেকে একটা টাকাও খরচ করতে পারবেন না। স্বাভাবিকভাবেই আমরা খরচ করতে

পারি না। সেটা আমি আগেই বলেছি। হয়ত কোনখানে ১০ টাকা খরচ করলে মানুষ অনেক উপকৃত হতে পারবে অনেক ব্যবস্থা করতে পারবো। কিন্তু সেই ১০ টাকা আমরা খরচ করতে পারি না।

[12.30–12.40 p.m.]

শ্রীঅসিত মাল : স্যার, আমার প্রশ্নটা খুব নির্দিষ্ট—যাঁরা মারা গিয়েছেন তাঁদের পরিবারকে রাজ্য সরকার কত টাকা করে দেবেন এবং কেন্দ্রীয় সরকারের কাছে কত টাকা করে দেওয়ার জন্য সুপারিশ করেছেন?

মিঃ ডেপুটি স্পীকার : মন্ত্রী মহাশয়, আপনি নির্দিষ্ট এই প্রশ্নটিরই জবাব দেবেন।

শ্রী হাফিজ আলম সৈরানী : কোন লোক যদি মারা যায় রাজ্য সরকার তার নেক্সট টু কিথ অ্যান্ড কিনকে ২০ হাজার টাকা করে দেয় এবং তার উপর ভিত্তি করে কাগজপত্র সেন্ট্রালের কাছে পাঠালে এ খাতে আরও ৫০ হাজার টাকা করে কেন্দ্রীয় সরকারের কাছে পাবে।

শ্রীঅসিত মিত্র : মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি বলেছেন যে মিরিক ব্লকে ১২ শো মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং শিলিগুড়ি মহকুমাতে ১৮৫টি গ্রামের ৯৪ হাজার ২৮৪ জন মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। ২ হাজার ৬৬১টি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। আপনি বলেছেন ৬৬৫টি ত্রিপল, ৩৫০টি কম্বল, ধুতি, শাড়ি, লুঙ্গি, শিশুদের পোশাক দেওয়া হয়েছে ৫৩৫টি করে। চাল দেওয়া হয়েছে ৫৬৪ কে.জি., গুড় ৪০ কে.জি। ক্ষতিগ্রস্ত মানুষের সংখ্যা এবং আপনাদের দেওয়া সাহায্যের পরিমাণের মধ্যে বিরাট ফারাক রয়েছে। এর পর আপনি আরও বলেছেন যে আরও ২০ মেট্রিক টন গম দেবেন, যার আনুমানিক মূল্য ৩০ হাজার টাকা। যে বিপুল পরিমাণে মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন তাতে আরও বেশি ত্রাণ দেওয়া দরকার। এখন তো বলতে পারবেন না যে ক্ষতিগ্রস্ত হলে তারপর ত্রাণ দেওয়া হবে কারণ ক্ষতিগ্রস্ত যা হবার তা হয়ে গিয়েছে। এত কম ত্রাণ দিচ্ছেন, এ ক্ষেত্রে আরও বেশি ত্রাণ দেওয়ার জন্য যুদ্ধকালীন ভিত্তিতে কি বন্দোবস্ত করছেন জানাবেন কি?

শ্রী হাফিজ আলম সৈরানী : এখানে দুটি সংখ্যা আছে। একটি হচ্ছে কত লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং আর একটি হচ্ছে কত ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। ঘরবাইড়র সংখ্যাটা হচ্ছে ২ হাজার ৬৬১টি। ত্রিপল দেওয়া হয়েছে তিন হাজার। ওখানে আমাদের জোনাল গো-ডাউনে যেটা ছিট সেটা বাদ দিয়েছে। তার মানে ৬/৭ হাজার দেওয়া হয়েছে। এখন কথা হচ্ছে, ত্রিপল তো আমরা পরিবারকে দেব। একটা লোককে দিচ্ছি না তো। যেসব পরিবারের ঘরবাড়ি নষ্ট হয়েছে, যাদের মাথার উপর আচ্ছাদন নেই তাদের ত্রিপল দেব। স্বাভাবিকভাবেই ত্রিপল কম আছে এটা বলা যাবে না। যদি দরকার হয় আরও দেব। এরকম কোন অভিযোগ নেই যে ত্রাণ দিতে পারিনি। মানুষ যাঁরা ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাঁরা বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন। কারুর চাষবাস নষ্ট হয়েছে, কারুর ঘরবাড়ি নষ্ট হয়েছে, সকলের একই রকম হয়েছে

তা নয়। সকলেই সেল্টারলেস হয়ে গিয়েছে, ত্রাণ শিবিরে চলে এসেছে এরকম হয়নি। বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। তার মধ্যে যে ২ হাজার ৬৬১টি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের ত্রিপল, খাবার দেওয়া হয়েছে।

শ্রীমতী শান্তা ছেত্রী : রিসেন্টলি দার্জিলিং-এর বিভিন্ন এলাকা—মিরিক, কার্সিয়াং, কালিম্পং-এ যে ল্যান্ডস্লাইড হয়েছে মন্ত্রী মহাশয় তা গিয়ে দেখে এসেছেন। প্রত্যেক বছরই ওখানে ল্যান্ডস্লাইড হয়, কিন্তু এবারে যে রকম ভয়ঙ্কর হয়েছে সে রকম হয়নি। এবারে ২৯ জন মানুষ মারা গিয়েছেন, তিনটি ডেডবডি এখনও পাওয়া যায়নি। বহু বাড়ি ওয়াশ-আউট হয়ে গিয়েছে। কিছু পারসিয়ালি ড্যামেজ হয়েছে, অনেক বাড়ি পুরোপুরি ভেঙে গিয়েছে। রাজ্য সরকার থেকে টোট্যাল ড্যামেজের জন্য দু'হাজার টাকা করে দেওয়া হয়, পারসিয়ালি হলে এক হাজার টাকা করে দেওয়া হয়। কিন্তু গত বছর সেই রকম ড্যামেজ, পার্শিয়াল ড্যামেজ হয়েছিল, টোটাল ড্যামেজের টাকা এখনও রাজ্য সরকারের কাছ থেকে দার্জিলিংয়ের জেলা শাসক পাননি। এই বছরে ভয়ঙ্কর ল্যান্ড স্লাইডে বহু মানুষের ঘরবাড়ি নষ্ট হয়ে গেছে। রাজ্য সরকারের তার জন্য কি চিন্তা-ভাবনা আছে? কমপ্লিটলি ড্যামেজ হয়ে গেলে এই যে দু'হাজার টাকা দেওয়া হয়, এই টাকায় কি ঘরবাড়ি করা সম্ভব? আর পার্শিয়ালি ড্যামেজ হলে যে ১ হাজার টাকা দেওয়া হয়, তাতেও কি সম্ভব? রাজ্য সরকারের এই টাকা বাড়ানোর কোন চিন্তা-ভাবনা আছে কিনা?

শ্রী হাফিজ আলম সৈরানী : আপনি একটু খোঁজ নেবেন, আমরা ইতিমধ্যেই দার্জিলিং এবং জলপাইগুড়ির ডি.এম.কে গতবারের টাকা রিলিজ করেছি। ওঁরা তাড়াতাড়ি তা পেয়ে যাবেন। আমাদের এখনও পর্যন্ত এই দু'হাজার টাকা এবং এক হাজার টাকা দেওয়ার নর্ম আছে। আপনি বললেন, আমরা চিন্তা করে দেখবো বাড়ানো যায় কিনা। আপনার যে উদ্বেগ, তার সঙ্গে আমিও সহমত পোষণ করি। আমরা চিন্তা-ভাবনা করে দেখবো।

Mr. Dy. Speaker : Now the Minister-in-charge of judicial Department will make a statement on the subject of decision of boycott by the lawyers of Krishnagar Court, Nadia on the 9th July, 2003 and consequential situation arisen therefrom.

(Attention called by Shri Sibdas Mukherjee, Shri Asit Mitra, Shri Abdul Mannan and Shri Asit Kumar Mal separately on the 10th July, 2003.

শ্রী নিশীথ অধিকারী : গত ৯।৭।২০০৩ তারিখে দুপুর ১২.৫০ মিনিট নাগাদ কৃষ্ণনগরে নদীয়া জেলা জজের আদালতে একজন পুলিশ কর্মচারীর জামিনের আবেদন সংক্রান্ত মামলার আদেশের পর জেলা জজ যখন পরবর্তী মামলার শুনানিতে ব্যস্ত ছিলেন সেই সময় আনুমানিক ১০০।১৫০ জন আইনজীবী জেলাজজের আদালত কক্ষে প্রবেশ করেন এবং তার মধ্যে কতিপয় আইনজীবী জেলা জজের উদ্দেশ্যে কটূক্তি করেন এবং জেলা জজের উপর দৈহিক নির্যাতনে উদ্যত হলে আদালতের কর্মচারীরা জেলা জজকে উদ্ধার করে তাঁর

কক্ষে নিয়ে যান। এই ঘটনার পরিপ্রেক্ষিতে জেলাজজের আদালত কক্ষ ভাঙচুর হয় এবং কৃষ্ণনগরে বার অ্যাসোসিয়েশনগুলি ঐদিন থেকে জেলা জজ আদালত বয়কটের সিদ্ধান্ত নিয়ে বয়কট শুরু করেন। ঘটনার অব্যবহিত পরেই জেলাজজ শ্রী যুক্ত সব্যসাচী ব্যানার্জী মহাশয় ঘটনার পুঙ্খানুপুঙ্খ বিবরণ দিয়ে মহামান্য উচ্চ আদালতে একটি প্রতিবেদন পাঠান। ঐ প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মহামান্য উচ্চ আদালত যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়টি বিচারাধীন রেখেছেন।

এরপর গত ১১।৭।২০০৩ তারিখে সকাল ১০.৩০ মিনিট নাগাদ কৃষ্ণনগরের চারটি বার অ্যাসোসিয়েশনের সদস্যরা মিলিতভাবে ঐ ঘটনায় জড়িত আইনজীবীদের নিন্দা করেন এবং সম্মিলিতভাবে সিদ্ধান্ত নিয়ে জেলাজজ শ্রীযুক্ত ব্যানার্জীর নিকট ঐ দুর্ভাগ্যজনক ঘটনার জন্য দুঃখ প্রকাশ করে নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেন। ফলে ঐদিন থেকেই জেলা জজের আদালতে স্বাভাবিক কাজকর্ম শুরু হয়।

মিঃ ডেপুটি স্পীকার : শিবদাসবাবু, আপনি সাপ্লিমেন্টারি প্রশ্নের জন্য কোন আবেদনপত্র জমা দেননি। এখন আপনি প্রশ্ন করুন, তবে পরে একটা লিখিত আবেদনপত্র জমা দেবেন।

শ্রী শিবদাস মুখার্জী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, যে দুঃখজনক ঘটনা ১৮।৬।২০০৩ তারিখে আদালতের মধ্যে ক্রেতা সুরক্ষা আদালতের যিনি জজ ছিলেন, তাঁর নির্দেশে একজন কনস্টেবল্, যিনি কৃষ্ণনগর পৌরসভার উপ-পৌরপতি ছিলেন এবং ঐ অদালতের যিনি ল'ইয়ারর্স বার অ্যাসোসিয়েশনের সম্পাদক, কোন কথা বলার আগে তাঁর ওপরে গুলি চালায়। চারটি গুলি চালানো হয় পয়েন্ট ব্লাংক রেঞ্জ থেকে। তাতে দুটো গুলি তাঁর দেহে প্রবেশ করে। দৈবক্রমে ঐ জায়গাতে, যে জায়গাতে গুলি করেছিল, আদালতের চারতলার ঘরের মধ্যে, তিনি মৃত্যুমুখে পতিত হননি। তাঁকে কলকাতার হাসপাতালে নিয়ে আসা হয়েছিল। ১৫ দিন হাসপাতালে থাকার পর তিনি সুস্থ হয়ে বাড়ি ফিরে যান।

[12.40–12.50 p.m.]

মি: ডেপুটি স্পীকার : আপনি নির্দিষ্ট প্রশ্ন করুন।

শ্রী শিবদাস মুখার্জী : আমার বক্তব্য হচ্ছে একজন জাজ তিনি ৩০৭ ধারার আসামীকে, যেখানে কোন ল-ইয়ার তার জন্য উপস্থিত হননি তার হয়ে সাওয়াল করার জন্য, তার জামিনের জন্য, সেখানে জাজ তিনি ওই আসামীকে জামিনে মুক্তি দিতে পারেন কিনা? এবং দ্বিতীয় প্রশ্ন যে, তার পরিপ্রেক্ষিতে যে ঘটনা ঘটেছে সমস্ত আইনজীবীদের ব্যাপারে এবং সেখানে জাজ বার অ্যাসোসিয়েশানের সমস্ত ল-ইয়ারের বিরুদ্ধে কোনরকম শাস্তিমূলক ব্যবস্থা যাতে গ্রহণ না করেন সেদিকে নজর দেবার জন্য মাননীয় মন্ত্রীকে বলবো। এবং আগামীদিনে এই ঘটনা যদি পশ্চিমবঙ্গের বুকে ঘটে যে কোন পুলিশ কনস্টেবেল দলমতনির্বিশেষে গুলি চালিয়ে মারবেন এবং জজ তাকে জামিনে মুক্তি দেবেন, এই জিনিস তো হতে পারে না। এইক্ষেত্রে ওই আসামীর পক্ষে কোন ল-ইয়ার ছিলেন না, এমন কি পাবলিক প্রসিকিউটার তিনিও আপত্তি

করেছিলেন, কিন্তু তা সত্ত্বেও জেলা জজ ওই আসামীকে জামিনে মুক্তি দিলেন। আমার জিজ্ঞাসা যে, ওই জজের বিরুদ্ধে কোন ব্যবস্থা আপনারা গ্রহণ করবেন কিনা?

মিঃ ডেপুটি স্পীকার : জাজের বিরুদ্ধে কোন আলোচনা করা যাবে না এবং উত্তরও তার দেওয়া যাবে না। মি. অধিকারী আপনি বসুন।

শ্রী অসিত মাল : মাননীয় মন্ত্রী তাঁর জবাবে বলেছেন কৃষ্ণনগরে নদীয়া জেলা জজের আদালতে একজন পুলিশ কর্মচারীর জামিনের আবেদন সংক্রান্ত মামলার আদেশের পর জেলা জজ যখন পরবর্তী মামলার শুনানিতে ব্যস্ত ছিলেন সেই সময় আনুমানিক ১০০।১৫০ জন আইনজীবী জেলাজজের আদালত কক্ষে প্রবেশ করেন এবং তার মধ্যে কতিপয় আইনজীবী জেলা জজের উদ্দেশে কটূক্তি করেন এবং জেলাজজের উপর দৈহিক নির্যাতনে উদ্যত হলে আদালতের কর্মচারীরা জেলাজজকে উদ্ধার করে তাঁর কক্ষে নিয়ে যান। এই ঘটনার পরিপ্রেক্ষিতে জেলাজজের আদালতকক্ষ ভাঙ্গচুর হয় এবং কৃষ্ণনগরে বার অ্যাসোসিয়েশনগুলি ঐদিন থেকে জেলা জজ আদালত বয়কটের সিদ্ধান্ত নিয়ে বয়কট শুরু করেন। ঘটনার অব্যবহিত পরেই জেলা জজ শ্রীযুক্ত সব্যসাচী ব্যানার্জী মহাশয় ঘটনার পুঙ্খানুপুঙ্খ বিবরণ দিয়ে মহামান্য উচ্চ আদালতে একটি প্রতিবেদন পাঠান। ঐ প্রতিবেদনটির পরিপ্রেক্ষিতে মহামান্য উচ্চ আদালত যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়টি বিচারাধীন রেখেছেন।

এরপর গত ১১.৭.২০০৩ তারিখে সকাল ১০.৩০ মিনিট নাগাদ কৃষ্ণনগরের চারটি বার অ্যাসোসিয়েশন-এর সদস্যরা মিলিতভাবে ওই ঘটনায় জড়িত আইনজীবীদের নিন্দা করেন এবং সম্মিলিতভাবে সিদ্ধান্ত নিয়ে জেলাজজ শ্রীযুক্ত ব্যানার্জীর নিকট ঐ দুর্ভাগ্যজনক ঘটনার জন্য দুঃখ প্রকাশ করে নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেন। ফলে ঐ দিন থেকেই জেলা জজের আদালতে স্বাভাবিক কাজকর্ম শুরু হয়। আপনার কথাতে জানলাম বার অ্যাসোসিয়েশান দুঃখ প্রকাশ করেছেন এবং ওখানে স্বাভাবিক কাজকর্ম চলছে। কিন্তু 'আজকাল' পত্রিকার একটি প্রতিবেদনে বেরিয়েছে যে, কৃষ্ণনগর জেলা আদালতে অকারণে বিক্ষোভ দেখানোর জন্য কলকাতা হাইকোর্ট স্বতঃপ্রণোদিত হয়ে স্থানীয় তিন আইনজীবীর বিরুদ্ধে আদালত অবমাননার আদেশ জারি করল। এঁরা হলেন পরেশ পাল, সুখেন দাস ও মহম্মদ শাকিল। আগামী ৪ সপ্তাহ পর ওদের বিচারপতি অজয়নাথ রায় ও বিচারপতি হৃষীকেশ ব্যানার্জীর আদালতে হাজির হতে হবে। কৃষ্ণনগর ক্রেতা সুরক্ষা আদালত সরানো নিয়ে।

মিঃ ডেপুটি স্পীকার : এইভাবে আপনারা যদি হাউসকে মিসলিড করেন তাহলে তো হাউস চালাতে অসুবিধা হবে।

শ্রী অসিত মাল : এই ব্যাপারে রাজ্য সরকারের বার অ্যাসোসিয়েশন ক্ষমা চেয়েছেন এবং আপনি বলেছেন স্বাভাবিক কাজকর্ম চলছে। সেখানে হাইকোর্টের এই যে সিদ্ধান্ত তিনজন আইনজীবীকে হাজির হওয়ার জন্য, এই ব্যাপারে রাজ্য সরকার কি সিদ্ধান্ত নেবেন জানাবেন কি?

শ্রী নিশীথ অধিকারী : মাননীয় সদস্য শিবদাসবাবু যে প্রশ্নটা রেখেছিলেন, সেই প্রসঙ্গে বলি, যে যদি কোন জামিনের আবেদন মঞ্জুর হওয়াটার উপর কারোর ক্ষোভ থাকে, এবং সেটা ঠিক নয় বলে মনে হয়, তাহলে রিভিসান করার জন্য বলা যেতে পারে, ক্যান্সেল-এর জন্য বলা যেতে পারে তারও পদ্ধতি আছে। সেই পদ্ধতি অনুয়ায়ী হয়নি, এখন গোটা ব্যাপারটা বিচারাধীন। আগে যে মামলার কথা বললেন, সেটাও বিচারাধীন। এখানে তার উপরে মন্তব্য করলে বিচারের ক্ষতি হবে, ফলে তা করা উচিত নয়। দ্বিতীয় কথা, অসিত মাল মহাশয় যেটা বললেন, এক্ষেত্রে আমি বলে দিচ্ছি, ঘটনা একটা ঘটেছে, ঘটনা ঘটার পরে ডিস্ট্রিক্ট জাজ তিনি হাইকোর্টকে জানিয়েছেন। হাইকোর্ট কিন্তু ঐ ঘটনায় একটা ক্রিমিনাল কনটেমটে মামলা রুজু করেছে, সুয়োমটো। সেই মামলাটিও বিচারাধীন আছে। এই ব্যাপারে সরকারের কিছু করণীয় নেই। কারণ যদি কোন কনটেমটে মামলা হয়, সেটা হচ্ছে বিটুইন দি কোর্ট অ্যান্ড দি কনটেমনার। সেখানে সরকারের কিছু করণীয় থাকে না। আর আমার মনে হয় যারা এই ঘটনা ঘটিয়েছে, তারা নিজেরাই যখন ক্ষমা প্রার্থী, আদালত নিশ্চয় তা নরমভাবে দেখবেন। এটুকু আমি সাধারণ আইনজীবী হিসাবে বলছি, বিষয়টা নরম হয়ে গেছে নিশ্চিতই।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী মহাশয়, আমার প্রশ্ন, এই ঘটনা ঘটেছিল ৯।৭।০৩ তারিখে, জেলাজজ এর এজলাসে, সেখানে তার ঘর ভাঙচুর ইত্যাদি হয়েছিল যেটা স্টেটমেন্টে বলা হয়েছে। উনি হাইকোর্টে একটা দরখাস্ত করেছেন এবং উনি জানিয়েছেন একটা ঘটনা ঘটেছে। আমি যত দূর জানি, আইনজ্ঞ আমি নই, স্বাভাবিকভাবে আমার যেটা মনে হয়েছে, জেলা জাজ এর উপর তাঁর ঘরে যদি কেউ ক্রিমিনাল অ্যাকটিভিটিজ্ করে তার উপর অত্যাচার করে, কেউ যদি তার ঘর ভাঙচুর করে, তাহলে তাঁর এফ আই আর করা উচিত ছিল। মামলা করা উচিত ছিল, এই এই মানুষ আমার ঘর ভাঙচুর করেছে, আমার উপর আক্রমণ করেছে, আমি এফ আই আর করতে চাই। তিনিও একজন মানুষ, তার উপর যে আক্রমণ হয়েছে, যেভাবে সেটা বলা দরকার ছিল, সেইভাবে তিনি সেটা করলেন না, তিনি হাইকোর্টে দরখাস্ত করলেন। অর্থাৎ এই এই করেছে, সেই ভিত্তিতে ব্যবস্থা নেওয়া হয়েছে। আপনি কি মনে করেন জেলা জাজ-এর এফ.আই.আর. করা উচিত ছিল, যাতে জনসমক্ষে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া যেতো।

শ্রী নিশীথ অধিকারী : ব্যক্তিগত মত আমি বলছি না। উনি এফ আই আর করেননি এটা ঘটনা। কিন্তু ডিস্ট্রিক্ট জাজ হিসোবে আদালত কলকাতা হাইকোর্টকে জানায় অ্যাডমিনিস্ট্রেটিভ কমিটির কাছে। একটা ঘটনা ঘটলে রিপোর্ট পাঠাতে হয়, ফলে আমার মনে হয় তাদের যে অনুসন্ধান কাজের মধ্যে এটা পড়ে, তার অ্যাডমিনিস্ট্রেটিভ ফাংশান-এর মধ্যে পড়ে হাইকোর্টকে জানান। হাইকোর্ট সেটা তে কগনিজেন্স দিয়েছে, কনটেম্পট অফ কোর্ট অ্যাক্ট অনুযায়ী ব্যবস্থা নিয়েছে। এখানে তিনি কেন এফ আই আর করেননি, সেটা তার ব্যক্তিগত ইচ্ছা-অনিচ্ছার ব্যাপার। স্বাভাবিকভাবে তিনি তিক্ততা বাড়াতে চাননি বলে। তারপরে তার এই সদিচ্ছা দেখে আইনজীবীরা ঐ রকম একটা রেজলিউশান নিয়েছেন। ক্ষমা চেয়ে গিয়েছেন। একটা ঘটনা ঘটেছে, যা হওয়ার হয়েছে, স্পার অফ দি মুভমেন্টে হয়েছে, রাগের উপর

হয়েছে, আবার থিতিয়েও গিয়েছে। আমাদের দিক থেকে আমরা এই ঠান্ডা জিনিসটাকে আর কেন গরম করি। হাইকোর্টে যা করার করছে, হাইকোর্টে মামলা রয়েছে, সেটার উপর এখানে আলোচনা করা উচিত হবে না।

Mr. Deputy Speaker : Now, the Minister-in-Charge of Labour Department will make a statement on the subject of non-depositing of subscription of provident fund by the owners of private Jute Mills in the State. (Attention called by Shri Asit Mitra on the 11th July, 2003).

[12.50–1.00 p.m.]

Shri Mohammad Amin :

Mr. Deputy Speaker Sir,

I beg your permission to place before the House the following statement in reply to the Calling Attention raised by Sri Asit Mitra, MLA.

It is unfortunate that the employers particularly the Jute Mill Employers are in default towards payment of P.F. dues of the workers to a large extent. Non-payment of P.F. contributions is one of the major problems in the Jute Industry. As many as 26 Jute Mills including five NJMC Mills under the control of Govt. of India are in default towards payment of P.F. contributions above Rupees one lakh. In this connection it may be mentioned that the responsibilities for Enforcement of the 'Employees Provident Fund and Miscellaneous Provisions Act, 1952' and also for collecting Provident Fund contributions from the employers under the said Act lie with the Regional Provident Fund Commissioner under the control of Govt. of India. The State Govt. extends all possible assistance including police help, as and when requested by the RPFC for recovery of arrear P.F. contritutions from the defaulting employers.

শ্রী অসিত কুমার মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা খুবই গুরুত্বপূর্ণ প্রশ্ন, এই ব্যাপারে আপনি তাড়াহুড়ো করবেন না। মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন জুট ইন্ডাস্ট্রিতে এটা খুবই মেজর প্রবেলম। আমাদের রাজ্যে ২৬টি জুটমিল রয়েছে। তার মধ্যে পাঁচটি হচ্ছে এন.জি.এম.সি'-র এটা আন্ডার দি কন্ট্রোল অফ গভর্নমেন্ট অফ ইন্ডিয়া। আপনার রাজ্যে ৩২৪ কোটি ৯৯ লক্ষ টাকা বাকি আছে, এটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের রিপোর্ট। এর মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের অধিগৃহীত রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির বকেয়ার পরিমাণ হচ্ছে ২৭ কোটি টাকা। আজকে চটকল মালিকরা পি.এফের টাকা দেয় না, এন.জে.এমসি পরিচালিত জুটমিলগুলির টাকা

কেন্দ্রীয় সরকার দেয় না, কিন্তু পরিশ্চবঙ্গের শ্রমিকদরদী সরকার তাদের পরিচালিত সংস্থাগুলির ২৭ কোটি বকেয়া রেখেছেন। এই ব্যাপারে একটা প্রচলিত আইন আছে। শুনেছি কেন্দ্রীয় সরকার আবার নতুন করে আইন করতে চাইছে। কিন্তু আপনার হাতে যে আইন আছে সেই আইন ব্যবস্থায় কতগুলি চটকল মালিকের বিরুদ্ধে, এন.জে.এম.সি, যেটা গভর্নমেন্ট অফ ইন্ডিয়া চালায় তাদের বিরুদ্ধে বা অন্যান্য ইঞ্জিনিয়ারিং সংস্থার বিরুদ্ধে আপনি কি ব্যবস্থা নিতে পেরেছেন শ্রমিকদের বকেয়া প্রভিডেন্ট ফান্ডের টাকা না দেবার জন্য? এই ব্যাপারে আপনার বক্তব্য আমরা জানতে চাই।

শ্রী মহম্মদ আমিন : প্রভিডেন্ট ফান্ডের টাকা যেই বাকি রাখুক না কেন সেটাকে সমর্থন করা যায় না। আমরা বলেছি এটা দিতে হবে। কিন্তু টাকাটা আদায় করবার দায়িত্ব হচ্ছে রিজিওন্যাল প্রভিডেন্ট কমিশনারের। তারা যখন আইনত কোন স্টেপস্ নিয়ে কাউকে গ্রেপ্তার করতে যায়, তখন রাজ্য সরকারের পক্ষ থেকে আমরা পুলিশ দিই। অতীতেও এটা দেখা গেছে কয়েকটি ক্ষেত্রে যে, কিছু অ্যারেস্ট হয়েছে, অ্যারেস্ট হওয়ার সঙ্গে সঙ্গে মিলটা বন্ধ হয়ে যায়, তখন আবার শ্রমিকরা এবং ইউনিয়ন এসে বলেন—আগে ছাড়িয়ে দিন, মিলটা যাতে খোলে সেটা করুন, যেটা বকেয়া আছে, সেটা কিস্তিতে আদায় করা যাবে। রাজ্য সরকার তখন অসুবিধায় পড়ে যায়। তখন আমাদের বলতে হয়—ঠিক আছে, এখন ছেড়ে দিন, মিলটা আগে চলুক এবং টাকাটা কিস্তিতে আদায় করা হোক। অনেক সময় কিস্তিতে দেবে এই এগ্রিমেন্ট করে নেয় প্রভিডেন্ট ফান্ড কমিশনারের সাথে। কিছুদিন দেয়, তারপর আর দেয় না। সেই জন্য এটা ঠিক হচ্ছে না। সারা ভারতবর্ষে হচ্ছে, পশ্চিমবাংলাও এর মধ্যে আছে। এই সম্বন্ধে শ্রমিকদের আরও সচেতেন হতে হবে, ট্রেড-ইউনিয়নকেও আরও সংগঠিত হতে হবে। রাজ্য সরকার সঙ্গে আছে এবং থাকবে।

PRESENTATION OF THE COMMITTEE REPORT

Presentation of the Third Report of the Committee on Estimates (2002-2003)

Shri Rabin Deb : Mr. Deputy Speaker, sir, I beg to present the Third Report of the Committee on Estimates (2002 – 2003) on Public Works (Roads) Department.

LAYING OF RULES

Amendment in the West Bengal Special Marriage Rules, 1969.

Shri Nisith Adhikary : Sir, I beg to lay the Amendment in the West Bengal Special Marriage Rules, 1969, published in the Kolkata Gazette Extraordinary of the 25th June, 2003 under notification No.233-JL, dated the 24th June, 2003.

LAYING OF REPORT

14th Annual Report and Accounts of the West Bengal State Food Processing & Horticulture Development Corporation Limited for the year 1999-2000

Shri Probodh Chandra Sinha : Mr. Deputy Speaker, sir, with your kind permission I beg to lay the 14th Annual Report and Accounts of the West Bengal State Food Processing & Horticulture Development Corporation Limited for the year 1999-2000.

MENTION CASES

শ্রী মানিকলাল আচার্য : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা কুলটির রামনগর সেতুটি ২০০০ সালের ভয়াবহ বন্যায় ভেঙে গেছে। বারবার বলেছি, চিঠি দিয়েছি, তা সত্ত্বেও আজ পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এই দপ্তরের রাষ্ট্রমন্ত্রী শ্রী দশরথ তিরকে মহাশয় গিয়েছিলেন, তিনি বলেছিলেন কাজটা হবে। কিন্তু আজ পর্যন্ত কিছু হ'ল না। বরাকর থেকে কল্যাণেশ্বর, যোগাযোগ ব্যবস্থা ভেঙে গেছে। বারবার হাউসে বলা সত্ত্বেও যদি আমাদের কথার কোন মূল্য না দেওয়া হয়, তাহলে আমাদের বলে কি লাভ। অবিলম্বে ঐ সেতুটি পুনর্নির্মাণের ব্যবস্থা করার দাবি জানাচ্ছি।

শ্রী সামসুল ইসলাম মোল্লা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই মহতী সভায় একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাইছি। বিগত পঞ্চায়েত নির্বাচনের পরে আমরা জানি কর্মকর্তা নির্বাচন - প্রধান, উপপ্রধান, পঞ্চায়েত সমিতির সভাপতি, সহসভাপতি, জেলা-পরিষদের সভাধিপতি, সহসভাধিপতি নির্বাচন হয়ে গেছে। স্থায়ী সমিতিগুলো এখন গঠন হচ্ছে। কিন্তু গতকাল মালদা জেলাতে সম্পূর্ণ নীতি, নৈতিকতা বিসর্জন দিয়ে কংগ্রেস (আই.) দল সম্পূর্ণ সাম্প্রদায়িক শক্তি বি.জে.পি.র সঙ্গে হাত মিলিয়ে জেলা-পরিষদ বোর্ড গঠন করেছে। গত পঞ্চায়েত নির্বাচনে জেলাপরিষদে মালদাতে ৩০টা আসনের মধ্যে ১৪টা পেয়েছে কংগ্রেস কিন্তু দেখা যাচ্ছে যে এই মালদা জেলাতে বিজেপির সঙ্গে হাত মিলিয়ে যেভাবে বোর্ড দখল করেছে, তাতে এটা পরিষ্কার যে সাম্প্রদায়িক শক্তির সঙ্গে সব সময়ে আপস করে চলেছে। সিমলা বৈঠকেও সেই সিদ্ধান্ত নিয়েছে। (এই সময় মাইক অফ হয়ে যায়।)

[1.00–1.10 p.m.]

শ্রী কমল মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি এর আগেও বিধানসভায় মেনশন আওয়ারে বলেছিলাম সেটা পুনরায় বলার চেষ্টা করছি। বিধায়কদের উন্নয়ন ক্ষেত্রের অন্তর্গত স্থানীয় পৌরসভাগুলো বিধায়কদের আমন্ত্রিত সদস্য করার জন্য পৌরমন্ত্রীর কাছে আবেদন

রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে বহু বিধায়ক আছেন যার এলাকার মধ্যে পৌরসভা এবং পঞ্চায়েত এলাকাগুলো পড়ছে। চন্দননগর বিধানসভার মধ্যে দুটো পৌর সভা এবং একটা মাত্র পঞ্চায়েত এলাকা আছে। আমরা যারা বিধায়ক তারা পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের এক্স-অফিসিও মেম্বার। কিন্তু অত্যন্ত দুঃখজনক ঘটনা যে আমরা জনপ্রতিনিধি, বহু মানুষ আমাদের কাছে আসে পঞ্চায়েতের বিভিন্ন সমস্যা নিয়ে, পৌরসভার বিভিন্ন সমস্যা নিয়ে, কিন্তু আমরা পৌরসভার সদস্য না হওয়ার জন্য সাধারণ মান মানুষের যে সমস্যা সেগুলো তুলে ধরতে পারি না। তাই পৌরমন্ত্রীর কাছে আমার আবেদন দয়া করে আমাদের মতো যে বিধায়করা আছেন তাঁদের এলাকার মধ্যে যে সমস্ত পৌরসভাগুলো আছে সেখানে যেন আমন্ত্রিত সদস্য করা হয়।

শ্রী সমর হাজরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জামালপুর বিধানসভা কেন্দ্রে একটি গুরুত্বপূর্ণ রাস্তা হচ্ছে মাধবপুর থেকে অমরপুর ফেরীঘাট পর্যন্ত, ২০০০ সালের পর থেকে ওই রাস্তাটিকে আর সংস্কার করা হয়নি। স্কুলের ছাত্রছাত্রীরা আমার মাধ্যমে একটি পূর্তমন্ত্রীর কাছে একটি আবেদন করেছে সেটি আমি আপনার কাছে জমা দেব। ওই রাস্তাটি যান চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। বিধায়ক কোটার টাকা সম্পূর্ণ দিয়ে দিলেও ওই রাস্তা মেরামত করা যাবে না। তাই আমি পূর্তমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি রাস্তাটিকে সংস্কার করার জন্য।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : স্যার, সারা ভারতবর্ষে কৃষক সভার নেতৃত্বে বর্ধমান জেলা সহ পশ্চিমবঙ্গের অন্যান্য জেলায় খেতমজুররা ৪০ টাকা আর দু কিলো চাল মজুরি করার জন্য সংগঠিত হচ্ছে। গ্রামে জমির মালিক, কৃষক, খেতমজুর পারস্পরিক বসে আলোচনা করে শান্তিপূর্ণ উপায়ে মজুরী ধার্য করেছেন। কেন্দ্রীয় সরকারের গৃহীত উদারী নীতির পরিণতি হচ্ছে ভয়ঙ্কর, এর আক্রমণের ফলে কৃষি এবং কৃষকদের অবস্থা খুবই খারাপ। খেতমজুর, কৃষক আলোচনা সাপেক্ষে কৃষকদের মজুরি ৩৭ টাকা আর দু'কিলো চাল রফা করেছে। অতীতে কংগ্রেস আমলে খেতমজুররা এই ধরনের বহু আন্দোলন করেছে কিন্তু তখন তাদের উপর পুলিশ লেলিয়ে দেওয়া হত। আজকে তারা শান্তিপূর্ণ উপায়ে আন্দোলন করছে। আপনি জানেন স্যার, বর্তমানে একদিকে বন্যা হচ্ছে আবার অপর দিকে বৃষ্টিপাতের পরিমাণ কম। বর্ধমানে আমন রোয়া ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই অবিলম্বে সমস্ত ক্যানাল থেকে যাতে জল ছাড়া হয় তার জন্য সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি পরিবহণ মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ আমি দেখলাম যে দ্বিতীয় হুগলি সেতুর উপরে ভীষণ জ্যাম হচ্ছে। গতকাল দেখলাম যে অনেক পুলিশ পাহারা রয়েছে, একটা রাস্তা দিয়ে গাড়ি যাচ্ছে, আমার ধারণা হয়েছিল যে গাড়িগুলো চেক করা হচ্ছে। কিছুক্ষণ পরে চলে আসার পর খবর পেলাম যে ওখানে শুটিং হচ্ছে। অজয় দেবগণ, অভিষেক এদের নিয়ে শুটিং হচ্ছে। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে আজকে আমাকে ১৫ মিনিট দাঁড়িয়ে

থাকতে হয়েছে। স্যার, আজকেও ১৫ মিনিট দাঁড়িয়ে থাকতে হয়েছে। একদিক ব্লক করে দেওয়া হয়েছে। প্রাইভেট সিকিউরিটি দেওয়া হয়েছে। আমাদের গাড়িকে থামিয়ে রেখে সেখানে শুটিং চলছে। সেখানে অজয় দেবগণ, করিনা কাপুর, অভিষেক বচ্চন, বিবেক ওবেরয় এরা এসেছে। শুটিং এর জন্য সমস্ত আটকে রাখা হয়েছে। অবিলম্বে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, অফিস টাইমে দিনের বেলায় গুরুত্বপূর্ণ পথে শুটিং-এর অনুমতি দেওয়া হয়েছে। এটা ভয়ঙ্কর বিপজ্জনক। শিল্পসংস্কৃতি আমরা চাই। কিন্তু আমরা চাই না এইভাবে সাধারণ মানুষের ক্ষতি করে দিনের বেলায় শুটিং-এর বন্দোবস্ত করা।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এগ্রিকালচার মার্কেটিং বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি যে, পশ্চিম মেদিনীপুর সদর ব্লকে কোন রেগুলেটেড মার্কেট নেই। অথচ আমাদের সরকারের অনেক খাস জমি পড়ে রয়েছে। ভূমিরাজস্ব দপ্তর সেই খাস জমি নিয়ে বিলি বণ্টন করেছে। আমি অবিলম্বে এই রেগুলেটেড মার্কেট করার জন্য ভূমিরাজস্ব মন্ত্রীর কাছে অনুরোধ করছি। পাঁচকড়ি হাটে যে জমি আছে, সেটা দিয়ে রেগুলেটেড মার্কেট করা হোক।

শ্রী অসিত মাল : স্যার, আপনার মাধ্যমে কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বর্ষা আগত কিন্তু চাষিরা উন্নতমানের বীজ, সার কোথাও পাচ্ছে না। অথচ রাজ্য সরকারের কৃষি দপ্তর ব্লকে ব্লকে এরিয়া অফিস খুলে রেখেছেন। সেখানে গরিব প্রান্তিক চাষিদের মিনিকিট বিনামূল্যে দেওয়া হয়, ঠিক তেমনিভাবে যারা ভালো ফসল ফলাতে চায়, বিশেষ করে যারা ধান চাষ করতে চায়, তাদের জন্য উন্নতমানের বীজ রাখা উচিত। কিন্তু রাজ্য সরকার এই ব্যাপারে ব্যর্থ হচ্ছে। কোন এরিয়া অফিসে কোন উন্নতমানের বীজ নেই। যাতে চাষিদের কাছে উন্নতমানের বীজ পৌঁছে দেওয়া যায়, তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ ডেপুটি স্পীকার : মিঃ শম্ভু মান্ডি, আপনার ব্যাপারটা এখানে উল্লেখ করা যাবে না। এটা বিধানসভার ব্যাপার। স্পিকারকে আলাদা করে বলতে হবে।

শ্রী কিরীটি বাগদী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি বর্ষা শুরু হওয়ার সঙ্গে সঙ্গেই গ্রামাঞ্চলে সাপের উপদ্রব ঘটেছে। অবিলম্বে ব্লক হাসপাতালগুলিতে সাপে কামড়ানোর ভ্যাকসিনের ব্যবস্থা করা হোক। তা যদি না হয়, তাহলে আবার মানুষ ওঝার মুখে পড়ে মারা যাবে।

শ্রীমতী মাফুজা খাতুন : স্যার, আমার জেলা দক্ষিণ দিনাজপুর পুনর্ভবা, আত্রেয়ী এবং ট্যাঙ্গন নদী দ্বারা পরিবেষ্টিত। এই তিনটি নদীর জল বিপদসীমার উপর দিয়ে বইছে। ৮টি পঞ্চায়েত সমিতি, ৬৫ গ্রাম পঞ্চায়েত এবং দুটো পুরসভার বেশির ভাগ মানুষই জলবন্দী। মাননীয় মন্ত্রী মহাশয় যেন অবিলম্বে সেখানে ত্রাণ পাঠানোর ব্যবস্থা করেন, এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মুজিবর রহমান : স্যার, আমার ভবনা থানার অন্তর্গত বিধানসভা কেন্দ্রে সাব-রেজিস্টার অফিস আছে। সেখানে জমি ক্রয়-বিক্রয় করতে অসুবিধা দেখা দিয়েছে। মৌজাওয়ারি কোন রিপোর্ট না ঝুলিয়ে, এক-এক রকম মান নির্ধারণ করে, খেয়ালখুশিমত চলছে। সেখানে অনেক সমস্যা দেখা দিচ্ছে। তাতে দলিলে নির্ধারিত মূল্যের থেকে বেশি দাম বা কম দাম ছাপানো হচ্ছে। এতে এলাকার মানুষের মধ্যে বিশৃঙ্খলা দেখা দিচ্ছে। যাতে এ এলাকার বিঘাপ্রতি জমির নির্ধারিত মূল্যের চার্ট মৌজাতে টাঙানো থাকে এবং সাব-রেজিস্ট্রাররা তাদের খেয়ালখুশিমত জমির দাম নির্ধারিত করতে না পারে তার জন্য আমি সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[1.10–1.20 p.m.]

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দক্ষিণ দিনাজপুর জেলার সবকটা নদীর জল এখন চরম বিপদসীমার উপর দিয়ে বইছে। কয়েকদিনের অবিরাম বর্ষণের ফলে ধুলাই, টাঙ্গন প্রভৃতি নদীর জল বিপদসীমার উপর দিয়ে বইছে। কুশমন্ডি এলাকার বিস্তীর্ণ অঞ্চলের মানুষ গৃহহীন হয়ে পড়েছে, বহু এলাকা জলে প্লাবিত হয়ে পড়েছে। আবার, টাঙ্গন নদীর বাঁধ ভেঙে যাওয়ার ফলে বহু এলাকা প্লাবিত হয়েছে। বাঁধগুলো মেরামতের জন্য অতিরিক্ত ব্যবস্থা নেবার জন্য আমি মাননীয় কৃষিমন্ত্রী এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া, কুশমন্ডি এলাকা সহ সারা দক্ষিণ দিনাজপুর এলাকায় বন্যার ফলে চাষের অনেক ক্ষয়ক্ষতি হয়েছে, বীজতলা নষ্ট হয়ে গেছে। চাষীরা আজকে মাথায় হাত দিয়ে বসে আছে। তাই ঐ অঞ্চলের চাষিদের যাতে উন্নতমানের বীজ দেওয়া হয় এবং আমন চাষ বিঘ্নিত না হয়, তার ব্যবস্থা করার জন্য কৃষিমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

মিঃ ডেপুটি স্পীকার : শ্রী নৃপেন গায়েন — আপনারটা বলা যাবে না।

শ্রী আবুল হাসনাৎ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ছাত্র-ছাত্রীদের ভর্তির সমস্যার সমাধান করার জন্য। আমি জাঙ্গিপুর বিধানসভা এলাকায় মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের দাবিও জানাচ্ছি। কারণ, আজকে ছাত্র সংখ্যা বৃদ্ধি হওয়ার ফলে অনেক ছাত্র-ছাত্রী পঞ্চম এবং একাদশ শ্রেণিতে ভর্তি হতে পারছে না এবং তারা শিক্ষা থেকে বঞ্চিত হয়ে যাচ্ছে এবং তাদের অভিভাবকরা এর ফলে হতাশার শিকার হচ্ছেন। তাই আমি রঘুনাথগঞ্জে একটা বালক ও বালিকা বিদ্যালয় এবং গোবিন্দপুরে মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ-মাধ্যমিকে উন্নীত করার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র ভরতপুর থেকে কলকাতা আসার জন্য সরাসরি কোন যানবাহন নেই। আগে ভরতপুর থেকে বাসে সালার এসে সালার থেকে কাটোয়া এসে সেখান থেকে কলকাতার জন্য ট্রেন পরিবর্তন করতে হয়। এর ফলে সাধারণ মানুষের অনেক হয়রানি হচ্ছে। সেই জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার দাবি, অবিলম্বে

ভরতপুর থেকে কলকাতা পর্যন্ত স্টেট বাস সার্ভিস চালু করা হোক। মানুষ যাতে সরাসরি কলকাতায় আসতে পারে তার জন্য ভরতপুর ভায়া সালার-নবদ্বীপ-কৃষ্ণনগর কলকাতা পর্যন্ত একটা গাড়ি দেওয়া হোক।

শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা সবাই হুগলির উত্তরপাড়ার হিন্দমোটর কারখানার কথা জানি। কিন্তু সবাই হয়তো খোঁজ রাখেন না যে সেই কারখানার শ্রমিকদের কি দুর্দশার মধ্যে দিনযাপন করতে হচ্ছে। হিন্দমোটরের মালিক গত ২ বছর ধরে শ্রমিক-কর্মচারীদের পি.এফ-এর টাকা জমা দেননি। মাসোহারার টাকাও এক-দেড় মাস যাওয়ার পর দেওয়া হয়। অথচ দেখা যাচ্ছে উৎপাদনের ক্ষেত্রে ১৪ হাজার থেকে গিয়ে দাঁড়িয়েছে ২১ হাজারে। আজকে ঐ কারখানায় কর্মী সংকোচন হচ্ছে এবং ঠিকাদার শ্রমিকরাও ঠিক সময়মত টাকা পাচ্ছে না। এর ফলে ঐ কারখানার শ্রমিক-কর্মচারীরা একটা আন্দোলনের দিকে অগ্রসর হচ্ছে এবং হয়তো তারা ধর্মঘটেও শামিল হতে পারে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় তাই আপনার মারফত মাননীয় শ্রমমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি অবিলম্বে হিন্দমোটর কারখানার মালিক এবং শ্রমিক ইউনিয়নের প্রতিনিধিদের ডেকে এই সমস্যার সমাধান করার উদ্যোগ নেওয়া হোক।

শ্রী তমসের আলি : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলা কুচবিহার। উত্তরবঙ্গের বন্যার সঙ্গে আমাদের কুচবিহার জেলা ভাসছে। ২২টি নদী কুচবিহার জেলার উপর দিয়ে প্রবাহিত। সেখানে বন্যার ফলে নদীর ভাঙন তীব্র হয়েছে। আমার নাটাবাড়ি বিধানসভা কেন্দ্র, সেখানে প্রায় ৭টি নদী প্রতিদিন ভাঙছে, ২০০টি বাড়ি ভাঙনের কবলে পড়ে গেছে, রাস্তাঘাট বিচ্ছিন্ন হয়ে গেছে, এলাকা জলবন্দী হয়ে রয়েছে। আমরা সেচ দপ্তরের সঙ্গে যোগাযোগ করেছি। গত বছর থেকে এবছর পর্যন্ত বাঁধের ভাঙন প্রতিরোধ বা নদীর ভাঙন প্রতিরোধের জন্য কোন অ্যালোটমেন্ট যায়নি। পুরোনো বাঁধ মেরামতের জন্য একটা পয়সা তাদের দেওয়া হয়নি। পুরোনো বাঁধ মেরামতি সহ এলাকার ভাঙন প্রতিরোধের জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের বিশেষ করে স্বাস্থ্য দপ্তরের এবং ত্রাণ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি। ভুটান সীমান্তের জয়গাঁ, তার লাগোয়া হাসিমারা—এখানে আন্ত্রিক দেখা দিয়েছে। হাসিমারার ঝোড়া এবং তোর্ষা নদী থেকে যে জলচ্ছাস আসে তাতে চা-বাগানের জলের পাইপ লাইন এবং পি.এইচ.ই.-এর জলের পাইপ লাইন নষ্ট হয়ে গেছে। অবিলম্বে এই জলের পাইপ লাইনগুলো সারানো দরকার। যারা আন্ত্রিকে আক্রান্ত হয়েছে তারা সেন্ট্রাল ডুয়ার্স হাসপাতালে আছে, এটি বেসরকারী হাসপাতাল, সেখানে রাজ্য সরকারের কোন মেডিকেল টিম না গেলে আন্ত্রিক মহামারীর আকার নেবে। ইতিমধ্যে ৩ জন আন্ত্রিকে আক্রান্ত মানুষ মারা গেছে। রাজ্য সরকারের স্বাস্থ্য দপ্তর থেকে এখনও পর্যন্ত কোন প্রতিনিধি সেখানে যায় নি। এই পার্বত্য এলাকার কোন হাসপাতালে মেডিকেল সিসটেম ভাল নেই। এই অবস্থায় সেখানে যাতে আন্ত্রিক মহামারীর আকার নিতে না পারে, তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্য সরকারের কাছে এবং বিশেষ করে স্বাস্থ্য দপ্তর ও ত্রাণ দপ্তরের কাছে দাবি করছি।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র নরঘাটের নন্দীগ্রাম ৩ নম্বর ব্লকের চণ্ডীপুরে একটা মাত্র নলবাহিত পানীয় জল সরবরাহের ব্যবস্থা আছে। এটা ১০টি অঞ্চলের পক্ষে অনুপযুক্ত। এই ব্লকের গড়গ্রাম, ব্রজলালচক, চৌখালি, নন্দপুরে ৩ টি নলবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্প যাতে গড়ে ওঠে, তার জন্য আমি মাননীয় জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শেখ জাহাঙ্গীর করিম : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ২০০২ সালের জুন মাসে আমার বিধানসভা কেন্দ্র ডেবরাতে লোয়াদা-কংসাবতী নদীর উপর সেতু নির্মাণের জন্য মাননীয় মন্ত্রী ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন। সেই সেতু নির্মাণের জন্য টেন্ডার হয়েছে, ওয়ার্ক-অর্ডার হয়েছে। যে কোম্পানি টেন্ডার পেয়েছে তারা গত ২ মাস আগে ঐ জায়গায় কাজ করতে গেছে। কিন্তু ২ টি কোদাল ছাড়া আর কোন যন্ত্রপাতি তাদের কাছে নেই। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন ২ বছরের মধ্যে সেতু নির্মাণের কাজ শেষ হবে। কিন্তু এক বছর পেরিয়ে গেল। যদি ঢিমেতালে কাজ হয় তাহলে সেতুর কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ হবে বলে আমার মনে হয় না। আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, যাতে অবিলম্বে এই সেতু নির্মাণের কাজটা সম্পূর্ণ হয়, তার জন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়া হোক।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে কৃষিতে অভূতপূর্ব উন্নতি হয়েছে। আমাদের যে সমস্ত ব্লকে বীজ খামার আছে সেখান থেকে উন্নত মানের বীজ চাষ করার জন্য চাষিদের সরবরাহ করা হয়। কিন্তু বর্তমানে কৃষকরা অনিয়মিতভাবে এবং না জেনে রাসায়নিক সার যেভাবে মাটিতে প্রয়োগ করছেন, তাতে মাটি খারাপ হয়ে যাচ্ছে এবং ফলনও খারাপ হয়ে যাচ্ছে। ব্লক আধিকারিকদের মাধ্যমে এলাকার কৃষকদের মাটি পরীক্ষা করে যদি চাষ করানো যায় তাহলে আমাদের যে ব্যবস্থা আছে সেটাকে আরও উন্নত করা যায়। যে কৃষকরা চাষ করছে তারা আরও বেশি ফলন করতে পারে এবং এটা আমাদের অর্থনৈতিক দিক থেকে সহায়ক হবে বলে আমি মনে করি। এইরকম একটা ব্যবস্থা গ্রহণ করলে ভাল হয়। এই ব্যাপারে আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1.20–1.30 p.m.]

শ্রী রামপদ সামন্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কুটির ও ক্ষুদ্রশিল্প মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার পিংলা কেন্দ্রটি দীর্ঘকাল যাবৎ ঐতিহ্যগতভাবে তুঁত চাষ এবং রেশম শিল্পের জন্য বিখ্যাত ছিল। এমনকি বামফ্রন্ট সরকার আসার আগে রেশম শিল্পের উন্নতির জন্য রিলিং মেশিন দেওয়া হয়েছিল। সেই রিলিং মেশিন এখন কোথায় রয়েছে, কাকে দেওয়া হয়েছে, তার কোন হদিশ পাওয়া যাচ্ছে না। সরকারী দপ্তরে তার রেকর্ড থাকতে পারে। যাই হোক এখনও পর্যন্ত পিংলায় বহু তুঁত চাষী এবং রেশম চাষিরা নানাভাবে তাদের এই পুরনো যে ব্যবস্থা আছে সেটাকে বজায় রাখার চেষ্টা

করছে কিন্তু তারা কোনভাবে সরকারী সাহায্য পাচ্ছে না। তাছাড়া আধুনিক উন্নত পদ্ধতিতে যে গুটিপোকার বীজ, পলু পোকার বীজ দেওয়ার কোন ব্যবস্থা নেই। তাদের বিপনণের কোন সুযোগ নেই। তাই তারা যাতে পলু পোকা উন্নত গুটি পোকার চাষ করতে পারে তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

ZERO HOUR

শ্রী শেখ জাহাঙ্গীর করিম : স্যার, আমি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় এখানে উপস্থাপন করছি। সারা ভারতবাসী সিঁদুরে মেঘ দেখলে ভয় পায়। এটাই স্বাভাবিক কারণ। আমাদের দেশে যারা কফিন নিয়ে ব্যবসা করে কফিনের ওপর কমিশন পায়, তেহেল্কা ডট্ কম কাণ্ডের নায়ক তিনি ভারতবর্ষের প্রতিরক্ষামন্ত্রীর ক্ষমতায় আসীন। এই সময়েই প্রশ্নটা উঠেছে যে ইরাকে ভারতবর্ষের সৈন্য পাঠাতে হবে। আমি এর তীব্র বিরোধিতা করছি। কারণ এটা ঠিকই যে আমেরিকার প্রেসিডেন্ট তিনি হয়ত জানেন যে ভারতবর্ষ হচ্ছে একটি দুর্নীতিপরায়ণ এবং এবং ভারতবর্ষের ধর্মনিরপেক্ষতাকে আজকে খারাপ জায়গায়, বাজে জায়গায় নিয়ে গেছে, সেই জায়গায় দাঁড়িয়ে সারা ভারতবর্ষ অর্থনৈতিক দিক থেকে যে দাসত্ব গ্রহণ করেছে এবং রাজনৈতিকভাবে সারা ভারতবাসীকে দাসত্বের অধিকারী করতে চায়। আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আর এটা খেয়াল রাখা উচিত ভারতবর্ষের সরকার হয়ত আমেরিকার দাসত্ব গ্রহণ করতে পারে, কিন্তু ভারতবর্ষের অপামর জনসাধারণ এদের তীব্র বিরোধী। তাই আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জনস্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয় রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সহকারের রেল দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া বর্তমান মেন লাইলে সন্ধ্যা ৭-১০ মিনিটে হাওড়া থেকে একটি সুপার ট্রেন চালু হয়েছে। এই ট্রেনটি শ্রীরামপুর, শেওড়াফুলী, ব্যান্ডেল, পান্ডুয়া, বর্ধমান, হাওড়া প্রভৃতি জায়গায় স্টপেজ দিচ্ছে,কিন্তু মেমারির মতো গুরুত্বপূর্ণ জায়গায় স্টপেজ দিচ্ছে না। তাই এখানে যাতে স্টপেজ দেয়, তার দাবি করছি এবং সাথে সাথে মেমারী থেকে সকাল ৬.১০ মিনিটে মেমারী লোকাল হাওড়ায় আসত সেটা বন্ধ করে দিয়েছে। তাই অবিলম্বে সেই লোকাল ট্রেনটি জনস্বার্থে চালু করার জন্য দাবি করছি।

শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর : নট্ প্রেজেন্ট।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমাদের রাজ্য সরকারের কাছে আবেদন রাখছি। বিধানসভা থেকে একটি প্রস্তাব রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের রেল দপ্তরের পাঠানোর জন্য। কাটোয়া থেকে আজিমগঞ্জে লোকাল ট্রেনে এসে লিঙ্ক ট্রেন ধরতে হয়, হাতে সময় থাকে না, ট্রেন চেঞ্জ করতে গেলে একটা প্ল্যাটফর্ম থেকে আর একটা প্ল্যাটফর্মে যেতে হয়, অনেক বয়স্ক লোক এবং রোগীদের পক্ষে এটা সম্ভবপর নয়। কাটোয়া থেকে আজিমগঞ্জ পর্যন্ত বৈদ্যুতিকরণ করার জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সার্ভে করা হয়েছে। আজ পর্যন্ত বৈদ্যুতিকরণ কারর জন্য কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি,

ব্যবস্থা করা হয়নি। তাই আমি রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর কাছে আবেদন করছি যাত্রী-সাধারণের সুবিধার জন্য কাটোয়া — আজিমগঞ্জ শাখায় অবিলম্বে বৈদ্যুতিকরণ করার ব্যবস্থা করা হোক। নমস্কার।

শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটা অন্যন্ত জরুরি বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার নন্দকুমারে 'কন্টিনেন্টাল লজ' নামে একটা লজ আছে। সেই লজে বহুদিন ধরে বিভিন্ন রকম অসামাজিক কার্যকলাপ ঘটে চলেছে এবং সে বিষয়ে বিভিন্ন সংবাদপত্রে নানা কথা বেরিয়েছে। আমরা তা নিয়ে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। কিন্তু অবস্থার কোন উন্নতি ঘটেনি। সর্বশেষ ঘটনা হচ্ছে গত পরশু দিন সেই লজের ভিতর থেকে একটা অপরিচিত মহিলার লাশ পুলিশ উদ্ধার করে। কিভাবে সে মারা গেল তা এখনো জানা যায়নি। গতকাল ঐ ঘটনার প্রতিবাদে এ আই টি ইউ সি এবং সি আই টি ইউ-র পক্ষ থেকে ওখানে পথ অবরোধ করা হয়। এই ঘটনায় আমরা বিশেষভাবে উদ্বিগ্ন। ঐ হোটেল থেকে নানা অসামাজিক কার্যকলাপ দীর্ঘদিন ধরে পরিচালিত হচ্ছে। আমি আপনার মাধ্যমে এ লজটির প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আবেদন জানাচ্ছি অসামাজিক কার্যকলাপ যাতে সেখানে বন্ধ হয়, তার জন্য তিনি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। হোটেল কর্তৃপক্ষের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ কার হোক, না হলে আগামী দিনে ওখানে অবস্থা আরো গুরুতর আকার ধারণ করবে, এবিষয়ে কোন সন্দেহ নেই। ধন্যবাদ।

শ্রী নিখিল মুখার্জী : স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের পক্ষে বিপজ্জনক একটা মারাত্মক ঘটনার প্রতি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র গারুলিয়া গত পরশু এন.ডি.এ জোট একটা আঞ্চলিক সম্মেলন করে। সেখানে তারা আলোচনার মধ্যে দিয়ে প্রস্তাবাকারে বাংলা ভাগের সিদ্ধান্ত নেয়—পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুর, এই তিনটে জেলাকে তারা বাংলা থেকে বিচ্ছিন্ন করতে চায়। এটা খুবই বিপজ্জনক সিদ্ধান্ত। তারা জানে না ভাষাকে ভিত্তি করে "রাজ্য পুনর্গঠন কমিটি" বলেছেন, 'বিশেষ কারণে ৫ লক্ষ বাংলাভাষী বাঙালিকে আমরা পুরুলিয়া জেলার অন্তর্ভুক্ত করতে পারলাম না। 'আজকে এন.ডি.এ, জোট ঐ বক্তব্যের উল্টোটা বলছে, পুরুলিয়াকেই ঝাড়খণ্ডের অন্তর্ভুক্ত করতে চাইছে। এন.ডি.এ. জোটের অন্যতম শরিক তৃণমূল এখানে আসতে পারছে না বলে রাঁচি যেতে রাজি আছে কিনা আমি জানি না। কিংবা দিদিমণিকে মন্ত্রী করার জন্য পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুর উপঢৌকন দিয়ে পশ্চিম বাংলোকে ক্ষত-বিক্ষত খণ্ডিত করতে চাইছে কিনা, তাও জানি না। আমরা জানি এন.ডি.এ. হিডিন অ্যাজেন্ডা নিয়ে চলে, ওপেন অ্যাজেন্ডা নিয়ে চলে না। কিন্তু এখন ঝোলা থেকে বিড়াল বেরিয়ে পড়েছে। এন.ডিএ. শরিকরা বিধানসভায় আসবে কিনা জানি না। ওদেন নেতা রাও-ওখানকার-এ ষড়যন্ত্রে যুক্ত ছিল। আমার রাজ্য সরকারের কাছে আবেদন অবিলম্বে বিষয়টা গুরুত্ব সহকারে টেক্ আপ করা হোক, পশ্চিমি বাংলার জনগণকে সচেতন করা হোক এবং উপযুক্ত, সঠিক ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানি ইরাকে ভারত সরকার তথা এন.ডি.এ জোট সরকার সেনা পাঠাচ্ছে না। কিন্তু তারা এ কথ্য ঘোষণা করছে না

যে তারা মার্কিন সাম্রাজ্যবাদের সঙ্গে আর কোন সম্পর্ক রাখবে না। আমরা জানি ইরাকের ওপর যে তথ্যের ওপর ভিত্তি করে মার্কিন রাষ্ট্রপতি বুশ আক্রমণ নামিয়ে এনেছিলেন, সেই তথ্য যে ভুল তা তিনি স্বীকার করেছেন। কিন্তু তাঁর ভুল সিদ্ধান্তের ফলে হাজার হাজার ইরাকি শিশু ও নারী মারা গেছেন। ইরাক দেশটা প্রায় ধ্বংস হয়ে গেছে। এই পরিস্থিতিতে আমাদের প্রশ্ন, এখন ইরাকের ঘটনাবলির পরিপ্রেক্ষিতে ভারত সরকার কী ভূমিকা নেবে? ভারতবর্ষের ভূমিকা কী হবে? উদারনীতি এবং বিশ্বায়নের ফলে আমাদের দেশের সর্বনাশ হচ্ছে। সুতরাং আমরা এই ভারত সরকার অবিলম্বে মার্কিন সাম্রাজ্যবাদের সঙ্গে গাঁটছড়া ছিন্ন করুক।

শ্রী অসিত কুমার মাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরি বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। একটু আগে মাননীয় সদস্য কিরীটী বাগদি সঠিক কথাই বলেছেন — সারা পশ্চিম বাংলায় বর্ষার সময় সাপের উপদ্রব বেড়ে চলেছে। বিভিন্ন হাসপাতালে দৈনিক সাপে কামড়ানো রুগির ভিড় বাড়ছে। কিন্তু কোন হাসপাতালেই সাপের কামড়ের ইঞ্জেকশন পাওয়া যাচ্ছে না। সেই সঙ্গে সঙ্গে রামপুরহাট মহকুমা হাসপাতালে কুকুরে কামড়ানোর ইঞ্জেকশন নেই। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, যাতে রাজ্যের সর্বস্তরে, বিশেষ করে রামপুরহাট মহকুমা হাসপাতালে জীবনদায়ী ওষুধ পাওয়া যায়, তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন।

[1.30–2.15 p.m.]

Shrimati Santa Chhetri : Hon'ble Deputy Speaker, Sir, I would like to draw special attention to the Hon'ble Minister, Department of Health. Sir, upgradation of the Darjeeling District Hospital with 500 beds is absolutely necessary to cope with the number of patients who get admission. It has been a long-standing need as well as the demand of the DGHC that the District Hospital of Darjeeling needs to be upgraded with respect to the bed strength. The present bed strength of 308 needs to be ehnanced to 500 to meet the patients' load throughout the year. I request the Hon'ble Minister concerned to kindly sanction 500 beds as per the need of the DGHC.

শ্রীমতী মাফুজা খাতুন : স্যার, আমি আপনার মাধ্যমে অত্যন্ত জরুরি বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। কংগ্রেস দলের কতটা অধঃপতন হয়েছে তার প্রমাণ গতকাল মালদা জেলা-পরিষদে এই দল বি.জে.পি.র সঙ্গে, তৃণমূলের সঙ্গে গাঁটি-ছড়া করে মালদা জেলা-পরিষদ দখল করেছে। যে সাম্প্রদায়িক দল বি.জে.পি. গুজরাটে দাঙ্গা ঘটিয়েছিল, গুজরাটে খুন করেছিল, যাদের হাতে এখনো সেই খুনের রক্ত লেগে রয়েছে, সেই হাত থেকে নব-নির্বাচিত সভাধিপতি শ্রী গৌতম চক্রবর্তী ফুলের মালা পরেছেন,-কতটা অধঃপতন ঘটেছে। এই কংগ্রেস দল সাম্প্রদায়িক দলের সঙ্গে গাঁটি-ছড়া করেছে, তাদের মদত দিচ্ছে, প্রশ্রয় দিচ্ছে। তাহলে আমার

বলতে ইচ্ছা করে, সোনিয়া গান্ধী এখন কেন বিরোধী আসনে বসবেন? মিলি-জুলি খিচুড়ি সরকার এখন করুন, লোকসভায় বিরোধীদলের আসনে বসার আর দরকার নেই। এটা আমি সভার দৃষ্টি আকর্ষণ করলাম।

শ্রী তপন হোড় : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, কংগ্রেস সম্পর্কে কারো-কারো মোহ থাকতে পারে, কিন্তু আমাদের কোন সময়ে ছিল না। কংগ্রেস সাম্প্রদায়িক দল কি দল নয় তা নিয়ে বিতর্ক থাকতে পারে, কিন্তু সাম্প্রদায়িক অবস্থানে কংগ্রেস সব সময়ে লালন-পালন করে এসেছে। বাবরি মসজিদ ভাঙা কংগ্রেস কখনই অস্বীকার করতে পারে না। সুতরাং কংগ্রেস সম্পর্কে কারো মোহ থাকতে পারে, কিন্তু কংগ্রেস সব সময়ে সাম্প্রদায়িক শক্তিকে মদত দিয়ে এসেছে। আজকে মালদায় যে বোর্ড হয়েছে সেই বোর্ডের ক্ষেত্রেও তার ব্যতিক্রম ঘটেনি। কাজেই এখানে দাঁড়িয়ে আমি এই কথা বলতে চাই, কংগ্রেস যে চরিত্রটা প্রকাশ করলো, শুধুমাত্র দলগত স্বার্থের সুবিধার জন্য, নাকি ব্যক্তিগত সুবিধার জন্য? সেই ব্যক্তির সুনামের দিকে লক্ষ্য রেখে? সুনাম অবশ্য তাঁর নেই, দুর্নাম আছে। পশ্চিমবাংলায় বামপন্থীদের যে ঐতিহ্য আছে—বামপন্থী করা ছাড়াও এমন অনেক সাধারণ মানুষ আছেন, যাঁরা এই সাম্প্রদায়িক সংঘাতকে এড়িয়ে থাকতে চান। এই যে ঐতিহ্য সেই ঐতিহ্যকে আজকে নষ্ট করে কংগ্রেস মালদায় দেখিয়ে দিয়েছে। সুতরাং কংগ্রেস নেতৃত্বকে আজকে জবাব দিতে হবে—তাঁরা আজকে কি বলবেন? অনেকদিন ধরে তাঁরা বি.জে.পি.র বিরুদ্ধে বলেছেন। এ তো দেখছি দ্বৈত চরিত্র, এই দ্বৈত চরিত্রের বিরুদ্ধে বাংলার সমস্ত মানুষকে আজকে ঐক্যবদ্ধ হতে বলছি।

শ্রী নির্মল দাস : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাদের উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় গত বছর যারা মাধ্যমিক পাশ করেছিল এই রকম বহু ছেলে-মেয়ে যারা উচ্চ-মাধ্যমিক পড়াশুনা করবে তারা বিদ্যালয়ের অভাবে পড়া-শুনা করতে পারেনি। গত বছর শিক্ষামন্ত্রী মহাশয় বলেছিলেন টাকা না পাবার জন্য বিদ্যালয়গুলিকে অনুমোদন দিতে পারছি না। গতকাল মাধ্যমিক শিক্ষা দপ্তরের এবং উচ্চ-শিক্ষা দপ্তরের বাজেট পাশ হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করবো, তিনি যেন আরো কয়েকটি বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করেন এবং বিশেষ করে নির্দিষ্ট ৬ টি বিদ্যালয়ের কথা বলা হয়েছে সেইগুলো যেন উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করেন। কলেজ থেকে হায়ার সেকেন্ডারী উঠিয়ে দেওয়া হয়েছে, সেই কারণে এই ব্যবস্থা তিনি যেন করেন। আর একটা বিষয় হলো আলিপুরদুয়ারে মহিলা মহাবিদ্যালয় খোলার আবেদন জানানো হয়েছে। অর্থের কারণে গত বছর করা যায়নি, এই বছর যাতে হয় সেটা যেন মন্ত্রী মহাশয় দেখেন। ভাইস চ্যান্সেলার উত্তরবঙ্গ, তিনি নিজে ইন্টারেস্টেড। এই এলাকায় কোন মহিলা মহাবিদ্যালয় নেই। এখানে নানান ভাষাভাষী মানুষের বাস। সেই জন্য এই মহিলা মহাবিদ্যালয়ে যাতে ইংরাজি, হিন্দি এবং বাংলা-তে পঠন-পাঠনের ব্যবস্থা করা হয় তার জন্য আবেদন জানাচ্ছি। ৬টি যে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের আবেদন করা হয়েছে এটা মঞ্জুর করা হোক এই আবেদন জনাচ্ছি।

শ্রী শুভেন্দু চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গভীর উদ্বেগজনক বিষয়ের অবতারণা করতে চাই। আমার আগে কয়েকজন উল্লেখ করেছেন, তথাপিও আমি উল্লেখ করছি। গতকাল মালদা জেলায় নূতন একটা হাঁসজারু জেলা পরিষদের

বোর্ড গঠিত হয়েছে। সেটা হচ্ছে কংগ্রেস দল নির্লজ্জভাবে বি.জে.পি'র কাছ থেকে লিখিত প্রতিশ্রুতি নিয়ে তাদের কাছ থেকে সমর্থন আদায় করেছে। আমরা জানি মাত্র কয়েক দিন আগে সিমলা বৈঠকে এই কংগ্রেস দল সর্বাত্মকভাবে সেখানে ধর্মনিরপেক্ষ দলগুলির কাছে আবেদন করেছিল তাদের সমর্থন করার জন্য। আমরা দেখেছি গুজরাট রাজ্যের নির্বাচনের সময় নরম হিন্দুত্ববাদের নীতি নিয়ে উগ্র হিন্দুত্ববাদের বিরুদ্ধে লড়াই করেছিল। কিন্তু আজকে তাঁরা কি করলেন? মালদা জেলায় বোর্ড ঘঠনের ক্ষেত্রে তাঁদের সমস্ত নিয়মনীতি বর্জন করে বি.জে.পি-র সমর্থন নিয়েছেন। মানুষের রায় তো এটা ছিল না। সেখানে তো মানুষের সঠিক রায় প্রতিফলিত হয়েছে, বামফ্রন্টকেই তারা বেছে নিয়েছিল। তথাপিও নির্লজ্জভাবে তাঁরা বোর্ড গঠন করেছেন। সাম্প্রদায়িক শক্তি আবার মাথাচাড়া দেবে। আমি সভাকে এই বিষয়টা দেখার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী রতন পাখিরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলা ভাগ হয়েছে ঠিকই, কিন্তু বিদ্যুতের ডিভিশান অফিস এখনও পূর্ব মেদিনীপুর তমলুকে থেকে গেছে। ফলে বিদ্যুৎ বিভাগের কাজকর্মের নানা ধরনের সমস্যা তৈরি হচ্ছে। তাই আমি এই বিদ্যুৎ ডিভিশান তমলুককে বিভাজন করে পশ্চিম মেদিনীপুর-এ ঘাটাল ডিভিশান অফিস খোলাবার জন্য মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ ডেপুটি স্পীকার : এখন সভাব বিরতি, আবার সভার কাজ ২-১৫ মিনিটে শুরু হবে।

(All this stage, the house as adjurned till 2.15 p.m.)

[2.15–2.25 p.m.] (after recess)

LEGISLATION

The West Bengal Lokayukta Bill, 2001 as reported by the Select Committee

Shri Nisith Adhikari : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Lokayukta Bill, 2001 as reported by the Select Committee, be taken into consideration.

শ্রী অতীশ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল লোকায়ুক্ত বিল যেটা সিলেক্ট কমিটিতে গিয়েছিল সেটা আজ সভায় উপস্থিত করা হয়েছে, এই বিল সম্পর্কে কয়েকটি কথা বলা প্রয়োজন বলে মনে করছি, সেই জন্য বলছি। এই বিলটা কবে থেকে কার্যকরী হবে সেটা কিন্তু বলা নেই। স্যার, এমনিতেই আপনি জানেন যে প্রায় দু বছর পরে এই বিলটা আজ সভায় উপস্থিত করা হয়েছে। এটা প্রথম ইনট্রোডিউসড হয়ে সিলেক্ট কমিটিতে রেফার্ড হয়েছিল ৩০শে জুলাই ২০০১ সালে। তার মানে প্রায় দু বছর আগে প্রথম এই বিলটা এসেছিল। তারপর সিলেক্ট কমিটি গঠিত হয় এবং দু বার এর টাইম এক্সটেন্ডেড হয়ে আজকে বিলটা এখানে এসেছে। কিন্তু কবে থেকে এটা কার্যকরী হবে তা আমরা দেখতে

পাচ্ছি না। এখানে বিলের মধ্যে প্রভিশান আছে "It shall come into force on such date as the State Government may, by notification, appoint." বিলটা আসতেই যেখানে দু বছর সময় লেগে গেল, সেখানে এটা কার্যকরী করতে কতদিন সময় লাগবে তা যদি মন্ত্রী মহাশয় জানান তাহলে ভাল হয়। এর পরে যে পয়েন্টটা নিয়ে আমি বলতে চাই সেটা হচ্ছে, এখানে একটা ডেফিনেসান কলজে কম্পিটেন্ট অথরিটির একটা প্রভিশান আছে "in the case of a Minister, the Chief Minister". আগে ছিল গভর্নার, এখন সেটা পরিবর্তন করে করা হয়েছে স্টেট লেজিসলেটিভ অ্যাসেম্বলী। এইভাবে বিভিন্ন কম্পিটেন্ট অথরিটি আছে in the case of a Minister, in the case of a Member ইত্যাদি বলা আছে। যেটা আমি জানতে চাই সেটা হচ্ছে এই কম্পিটেন্ট অথরিটি ফাংসানটা কি? কম্পিটেন্ট অথরিটি তো এনকোয়ারি করতে পারবে না, আমি যতটা বুঝেছি বিলটা পড়ে। এর ফাংসানটা কি হবে কলজ টেন-এ তার একটা প্রভিশান আছে। লোকায়ুক্ত বা উপ-লোকায়ুক্ত উনি বুঝবেন যে এই কমপ্লেনের মধ্যে একটা কিছু সারবত্তা আছে, এটা এনকোয়ারি করা দরকার। এখানে উনি Shall forward a copy of the complaint, a statement setting out the grounds of such investigation, to the public functionary concerned and the competent authority concerned for information মানে মন্ত্রী হোক, মুখ্যমন্ত্রী হোক বা এম.এল.এ হোক এটার মানে এই কম্পিটেন্ট অথরিটির কাছে একটা খবর জানাতে হবে। কোন এম.এল.এ.-দের পুলিশ ধরে যদি হাজতে নিয়ে যায় তাহলে তারা আপনাকে জানাতে বাধ্য এই যে নিয়ম আছে সেই রকম নিয়ম এখানে দেখছি। কোন মন্ত্রী বা এম.এল.এ.র বিরুদ্ধে যদি অভিযোগ আসে, লোকায়ুক্ত যদি বোঝেন এটার এনকোয়ারি করা দরকার, এর মধ্যে সারবত্তা আছে, তাহলে কম্পিটেন্ট অথরিটির যা ডেফিনেশান দিয়েছেন, শুধু কম্পিটেন্ট অথরিটিকে জানাবার প্রভিশান এখানে আছে। এটাতে কি লাভ হবে, যে অভিযোগ তার কত দূর কি হবে তা আমি বুঝতে পারছি না। সুতরাং আমার মনে হচ্ছে, এটা সুপারফ্লুয়াস হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই তাঁর বক্তব্য রাখার সময়ে আমাদের কাছে পরিষ্কার করে বলবেন। যে সমস্ত অভিযোগগুলো ভিজিলেন্স কমিশনে চলে গেছে, ভিজিলেন্স কমিশন এনকোয়ারি করেছে, সেগুলোর ক্ষেত্রে এই লোকায়ুক্ত কি অ্যাকশান নিতে পারেন? ভিজিলেন্স কমিশনে যেগুলো চলে গেছে, সেগুলোকে কি বাদ দেওয়া হয়েছে? এখানে বলেছেন, কতগুলোকে বাদ দেওয়া হয়েছে। বিভিন্ন জায়গায় অলরেডি যেগুলোর এনকোয়ারি হচ্ছে, সেগুলো লোকায়ুক্ত করতে পারবেন না। কিন্তু এখানে ভিজিলেন্স কমিশনে যেগুলো গেছে, সেগুলোর কথা কিন্তু বলা নেই। এটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, এনকোয়ারিটা হবে কি করে? তার কারণ, আপনারা সকলেই চান, আমরাও চাই, কোন এম এল এ হোন বা সরকারী অফিসার হোন বা মুখ্যমন্ত্রী হোন, তাঁর বিরুদ্ধে যে অভিযোগ হয়েছে, তার সারবত্তা আছে, প্রাথমিকভাবে যদি এটা মনে হয় ইনভেস্টিগেশনযোগ্য, তাহলে সেই এনকোয়ারিটা কে করবেন? এখানে মাননীয় মন্ত্রী মহাশয় ১৫ নং ক্লজে একটা কথা রেখেছেন যে, subject to the approval of the Governor the Lokayukta may appoint, or authorise an Upa-Lokayukta

or any officer subordinate to the Lokayukta or Upa-Lokayukta to appoint, officers and other employees to assist the Lokayukta and the Upa-Lokayukta in the discharge of their functions under this Act."

তারপরে বলেছেন, তাঁরা সাহায্য নিতে পারেন—"any officer or investigating agency of the State Government with the concurrence of that Government."

এটা স্যার, আমাদের কাছে পরিষ্কার নয় যে, উনি 'এনি আদার পার্সন তার এজেন্সি' বলতে কি বোঝাচ্ছেন? আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, আমাদের দাবিও বটে, একটা অভিযোগ যদি কোন এমএলএ, কোন সরকারী অফিসারের বিরুদ্ধে বা মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে আসে, তাহলে লোকায়ুক্ত নিশ্চয়ই ইনভেস্টিগেট করবেন। সেটা কোন ইম্পার্শিয়াল ইনভেস্টিগেটিং এজেন্সি করবেন। কিন্তু তা না হলে, সরকারী কোন ইনভেস্টিগেটিং এজেন্সিকে দিয়ে এটা হতে পারে না। সুতরাং এ ব্যাপারে পরিষ্কার নির্দেশিকা থাকা দরকার বিলের মধ্যে। লোকায়ুক্ত বা উপ-লোকায়ুক্ত, তাঁদের নিজস্ব একটা টিম ফর ইনভেষ্টিগেশান এজেন্সি নিশ্চয় থাকবে। কারণ, স্যার, আমরা দেখেছি, হিউম্যান রাইটস্ কমিশনের তাদের নিজস্ব এজেন্সি আছে। কিন্তু তাঁদের নির্ভর করতে হয় লোকাল এস.পি., লোকাল ডিএসপি এবং লোকাল এএসপি'র ওপরে। তাঁরা যে সিদ্ধান্ত দেন, সাধারণভাবে সেই সিদ্ধান্তটা সঠিক হয় না। এখানে এই যে লোকায়ুক্ত বিল নিয়ে এসেছেন, এখানে এই প্রভিশন থাকা জরুরি, থাকা উচিত যে, লোকায়ুক্ত বা উপ-লোকায়ুক্ত, তাঁদের স্বনির্ভর ইনভেস্টিগেটিং এজেন্সি দেওয়া দরকার। তার জন্য যে টাকা খরচ করা দরকার তা সরকারকে করতে হবে। এখানে মন্ত্রী মহাশয় সেই রকম স্টেটমেন্ট অফ ফিনান্স কিছু দেননি। সরকার কোন ইনভেস্টিগেটিং এজেন্সিকে দিয়ে এনকোয়ারি করালে সেটা নিরপেক্ষ হবে না বলে আমি মনে করি। তার জন্য যে অর্থ প্রয়োজন, সেটা এখানে রাখা উচিত ছিল। সেটা এখানে নেই। এটাতে খুববেশি বলার কিছু নেই। আর একটি বিষয়, মাননীয় মন্ত্রী লোকায়ুক্ত'র টার্ম অফ অফিস তিন বছরের জন্য করছেন। তারপর বলেছেন, দরকার হলে দু'বছর বাড়ানো যাবে। আমি বলতে চাইছি, একেবারে পাঁচ বছরের জন্য করে দিন। দু'বছরের জন্য এক্সটেনশন কেন হবে? তারপর বলেছেন, লোকায়ুক্ত হতে গেলে এমন ব্যক্তি হতে পারেন, তাঁকে সুপ্রিম কোর্টের জজ হতে হবে।

[2.25–2.35 p.m.]

লোকায়ত হতে পারেন সুপ্রিম কোর্টের জাজ আর উপলোকায়ত হতে পারেন হাইকোর্টের জাজ, এটা ভাল, কিন্তু টার্মস অফ অফিস বলেছেন ৩ বছরের, ওটাকে একবারে ৫ বছরের করে দিন। দু বছরের এক্স্টেনশানের সুযোগ না রেখে একেবারে ৫ বছরের করে দিন। স্যার, আমি লাস্ট প্যারাতে যেটা আছে সেটা বলে শেষ করবো। এখানে যে কমপ্লেন করবেন, যিনি অভিযোগ করবেন যে কোন ব্যক্তি হোক কিংবা সরকারী ফাংশানারি হোক কিংবা এম এল এ হোক কিংবা মন্ত্রী হোক তাঁর বিরুদ্ধে খুব কড়া পদক্ষেপের মধ্যে

যেতে হবে। এটা যেন ফ্রিভ্‌লাস না হয়, কেবলমাত্র কাদা ছুঁড়ে চরিত্র হনন করা না হয়। যার কোন সত্যতা নেই, একটা অভিযোগ করে জনসমক্ষে হেয় করার জন্য করে দিলাম সেটা যেন না হয়। যার বিরুদ্ধে অভিযোগ করা হবে তার সম্পর্কে সত্যিকারের যেন কোন অভিযোগ থাকে। যিনি অভিযোগ করবেন তার যেন ফর্ম পেতে কোন অসুবিধা না হয়। ফর্ম যেমন সহজলভ্যভাবে পাওয়া যায়। তারপরে ক্লজ নাইনের সাব-সেকশান টু-তে বলেছেন that every complaint shall be made in such form and shall be accompanied by such affidavits as many be prescribed

অভিযোগকারীকে অ্যাপিডেবিট করে জানাতে হবে যে, অমুক লোক চুরি করেছে, এইভাবে তার দোষ জানিয়ে করতে হবে। কিন্তু এই অ্যাপিডেবিট কোথায় করতে হবে, কিভাবে অ্যাপিডেবিট করতে হয় সেটা জানা না থাকলে একজন গ্রামের সাধারণ মানুষ কোথার থেকে ফর্ম পাবে, কার কাছে অ্যাপিডেবিট করবে কি করে জানবে। সেখানে অভিযোগ করার ইচ্ছা থাকলেও কোথায় ফর্ম পাবে, এসব জানা না থাকার জন্য হয়ত সে ১০ পা এগিয়েও ন' পা পিছিয়ে পড়বে। এটা তো সবাইকে জানাতে হবে এবং সহজে যাতে পাওয়া যায় সেটা দেখতে হবে। তারপরে কি কাগজে লিখবে—সাদা কাগজে করলে হবে, নাকি কোন কাগজে লিখবে, কি কি ফর্মে, কি কি ফিল আপ করবে এসব ক্লিয়ার করা দরকার। আপনি এই বিলটি সৎ উদ্দেশ্য নিয়ে এসেছেন বলে মনে করি, কিন্তু যে অসুবিধার কথাগুলো বললাম সেই ব্যাপারে মাননীয় মন্ত্রী নিশ্চয় উত্তর দেবেন এবং পরিষ্কার করবেন। সেগুলো বুঝলে পরে সাধারণ মানুষের এই বিলটিতে উপকৃত হবে এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আশুতোষ মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, লোকায়ুক্ত বিল মাননীয় মন্ত্রী যেভাবে উপস্থাপিত করেছেন আমি তাকে সমর্থন করছি। এবং ধন্যবাদ জানাচ্ছি মাননীয় সদস্য শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা মহাশয়কে, তিনি এই বিলটি সম্পর্কে মূল্যবান বক্তব্য রেখেছেন এবং সমর্থন জানিয়েছেন। কিছু কিছু বিষয়ে তিনি উল্লেখ করেছেন। এই বিলটি এখানে অনুমোদিত হলে আমাদের পশ্চিমবঙ্গে একটা ঐতিহাসিক কাজ সম্পন্ন হবে বলে মনে করি। কারণ বর্তমান সরকারে উচ্চ পদে আসীন নির্বাচিত জনপ্রতিনিধি যাঁরা রাজনীতির সঙ্গে যুক্ত তাঁদের সম্পর্কে নানা ধরনের কলুষিত বক্তব্য, অভিযোগ শোনা যায়। কিন্তু বাস্তবে যদি তার সত্যতা থাকে তাহলে সেগুলো কলুষিত মুক্ত করার দরকার। আমাদের সংবিধানে নির্বাচিত জনপ্রতিনিধিরা অসৎ বা ক্ষমতার অপব্যবহার বা দুর্নীতিপরায়ণ হলে তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয় না। সেই জন্য এই বিলটি আনা হয়েছে এই কাজটা করার জন্য। ইতিপূর্বে আমাদের দেশের ১৪টি রাজ্যে এই ধরনের বিল অনুমোদিত হয়েছে ঠিকই, কিন্তু আজ পর্যন্ত কোন রাজ্যেই এটা কার্যকরী হয়নি। ১৯৭১-এ মহারাষ্ট্রে এই বিল আনা হয়েছিল, ৭৩-এ রাজস্থানে, বিহারে ; ৭৪য় উত্তরপ্রদেশে, সর্বশেষ'৯৯-তে। কিন্তু কোথাও এটা কার্যকরী করা হয়নি। এখানে এই বিলে পাবলিক ফাংশানারির যে সংজ্ঞা দেওয়া হয়েছে, তাতে মুখ্যমন্ত্রী থেকে শুরু করে তাঁর মন্ত্রিসভার সদস্য, নির্বাচিত জনপ্রতিনিধি, আইনসভার সদস্য, এমন কি জনসাধারণের ভোটে নির্বাচিত বিভিন্ন সংস্থার জনপ্রতিনিধিরাও এর আওতাভুক্ত হয়েছে। এটা সত্যিই

অভিনন্দনযোগ্য। পাবলিক সার্ভেন্ট আমাদের রাজ্যে যারা, সেই পাবলিক সার্ভেন্ট-এর বিরুদ্ধে তাদের কোরাপ্ট প্র্যাকটিশের তদন্ত করার ব্যবস্থা আছে। ভিজিলেন্স কমিশন আছে। রাজ্য সরকারের পাবলিক গ্রিভান্স সেল আছে। এছাড়া সরকারী কর্মচারীদের সি পি সি.তে এই মামলা করা যায়, কিন্তু পাবলিক ফাংশানারির ক্ষেত্রে যে ব্যবস্থা ছিল না, সেই ব্যবস্থা বর্তমানে করা হয়েছে আর এই অভিযোগ যে করবে তাকে তো নিশ্চয় এফিডেফিট দিতে হবে। তা না হলে অকারণে কাদা ছোঁড়াছুঁড়ি করার জন্য একজনের চরিত্রয় কলঙ্ক লেপন করার জন্য অসংখ্য অভিযোগ হতে পারে। অবশ্যই তাঁকে সিটিজেন হতে হবে, নন-সিটিজেন হলে হবে না। আন-আইডেন্টিফাইড ব্যক্তিরা অভিযোগ করতে পারেন না। এই ব্যবস্থা এখানে রাখা আছে। এখানে আমি দেখলাম সিলেক্ট কমিটিতে ১৬টা সিটিং হয়ে গেছে, তাতে অনেক সংশোধনীও এসেছিল, এখানে কমপিটেন্ট অথরিটি এই কথাটা উঠেছে। কমপিটেন্ট অথরিটি চিফ মিনিস্টার এর ক্ষেত্রে গভর্ণার নয় কেন? লেজিসলেটিভ অ্যাসেম্বলি কেন? এটা ঠিকই তুলনীয় প্রশ্ন হতে পারে। কিন্তু যেটা করা হয়েছে ঠিকই করা হয়েছে। কেননা রাজ্যপাল তিনি নির্বাচিত পদ নয়, বেশ কিছুকাল ধরে রাজ্যপাল পদটা বির্তকের কেন্দ্রীভূত হয়ে রয়েছে। রাজ্যপাল এই পদটা বেতনভুক্ত পদ। আমাদের দেশে কেন্দ্র এবং রাজ্যয় যখন বিভিন্ন দলের শাসন থাকে তাহলে বিরোধী দলের শাসনভুক্ত যে রাজ্য, সেই রাজ্য সরকারকে বিব্রত করার জন্য কেন্দ্রীয় সরকার অতীতে এবং এখনও রাজ্যপাল নামের এই পদটায় রাজ্যপালকে নিয়োগ করে থাকেন। সেক্ষেত্রে অবশ্যই ঐ রাজ্যের মুখ্যমন্ত্রীকে অযথা বিব্রত করা, অস্বস্তিতে ফেলা, চাপে রাখার জন্য, রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার জন্য অকারণে তার বিরুদ্ধে তদন্তর নির্দেশ দেওয়া হতে পারে। এই ক্ষেত্রে এই যে পদটা এর যৌক্তিকতা আছে কিনা, এটা শ্বেত হস্তী পোষার সমতুল কিনা, এটা নিয়ে বিতর্ক অন্য জায়গায় রয়েছে। যেহেতু রাজ্য বিধানসভার কাছে মুখ্যমন্ত্রী দায়বদ্ধ সেইজন্য মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে তদন্ত করার ক্ষমতা কমপিটেন্ট অথরিটি হিসাবে রাজ্য বিধানসভাকে দায়িত্ব দেওয়া হয়েছে। এটা অত্যন্ত যুক্তিসঙ্গত। আমি এই প্রসঙ্গে বলতে চাই, এই যে বলা হল, মাননীয় অতীশবাবু একটা আশঙ্কা প্রকাশ করলেন কে করবে, শুধু ইনফর্মেশান যাবে, নাকি শুধু ইনফর্মেশান এর জন্য যাবে না ? অনুগ্রহ করে দেখবেন, ক্লজ ১২(২) সেখানে বলা আছে, এ্যকাশান পার্টে, যদি The competent authority shall, on receipt of the report under sub-section (1), examine the said report, take appropriate action and inform Lokayukta or the Upa Lokayukta.

সুতরাং অ্যাকশান পার্টে আছে। শুধু ইনফর্মেশানের জন্য নয়। সুতরাং এই আশঙ্কা অমূলক। ইনভেস্টিগেশান পর্যায়ে ১৫(২) (বি) এটা ভাল করে পড়লে দেখবেন, সেখানে বলা আছে, অতীশবাবু আপনি আশঙ্কা প্রকাশ করছিলেন, কোন সরকারী এজেন্সি কি মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে বা মন্ত্রিসভার সদস্যদের বিরুদ্ধে নির্ভীকভাবে তদন্ত করতে পারবে? এখানে লেখা আছে ১৫ (২) (এ)-তে এনি অফিসার অর ইনভেস্টিগেশান এজেন্সি অফ দি স্টেট গভর্নমেন্ট এবং (২) (বি) তে বলা আছে, এনি আদার পার্সন অর এজেন্সি।

[2.35–2.45 p.m.]

অর্থাৎ লোকায়ুক্ত যেমন মনে করবে, এনি আদার পার্সন, এনি আদার এজেন্সি। সুতরাং এখানে আশঙ্কিত হবার কোন কারণ নেই। আপনি লোকায়ুক্তর কাজ এবং তার যোগ্যতা সম্বন্ধে বলেছেন। এটা এখানে দেওয়া আছে, আমাদের সংবিধানের ১২৪ নম্বর আর্টিকেলে সুপ্রিম কোর্টের জজ হতে গেলে যে যোগ্যতা থাকা দরকার, সেই যোগ্যতা লোকায়ুক্তের থাকতে হবে, আর উপ-লোকায়ুক্তের ক্ষেত্রে আর্টিকেল ২১৭-তে হাইকোর্টের জজ হতে গেলে যে যোগ্যতা থাকা দরকার এখানেও সেই যোগ্যতা থাকতে হবে। যে সিভিল প্রসিডিওর কোড আছে, তাতে যে ক্ষমতা ভোগ করা যায়, এই লোকায়ুক্ত প্রতিষ্ঠানেও সেই ক্ষমতা ভোগ করা দরকার। ১৯৬০ সালের ইন্ডিয়ান পেনাল কোড আছে সেখানে ১৯৩ ধারা অনুযায়ী লোকায়ুক্তের সামনে যেসব অভিযোগ আসবে, তার শুনানির বিষয়গুলো জুডিসিয়াল প্রসিডিংস হিসাবে রেকর্ডেড হবে, জুডিসিয়াল প্রসিডিংস হিসাবে মর্যাদা পাবে। সুতরাং এখানে আশঙ্কিত হবার কোন কারণ নেই। তবে আভ্যন্তরীণ রক্ষা কবচের মধ্যে এটা আছে। ইন্টারনাল সিকিউরিটি, ভারতবর্ষের প্রতিরক্ষা সংক্রান্ত সম্পর্কিত বিষয়ে, যেটা জনগণের সামনে প্রকাশ হওয়া উচিত নয়, সেটা প্রকাশ হবে না। এছাড়া আরেকটা বিষয় দেখে আমি অবাক হয়ে যাচ্ছি, মাননীয় বিরোধী দলনেতা পঙ্কজ বন্দোপাধ্যায়, তিনি এই হাউসে অনুপস্থিত আছেন, যখন এই বিষয়ে সিলেক্ট কমিটিতে আলোচনা হয়েছিল তখন তিনি নোট অফ ডিসেন্টে বলেছেন—

But one cannot overlook some basic limitations of the proposed Law and cannot rule out the possibility that the failure to overcome those limitations may not only frustrate to achieve the proposed objects of the Bill, it may even lead the situation to worse.

এই ধরনের আশঙ্কা প্রকাশ করার কোন যুক্তি নেই। সম্পূর্ণ রাজনৈতিক বিরোধিতার উদ্দেশ্যে এটা দেওয়া হয়েছে। তাছাড়া এর কোন কারণ থাকতে পারে না। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অনুরোধ—এই বিল পাশ হয়ে যাওয়ার পর, এটাকে আইনে পরিণত হওয়ার পরে লোকায়ুক্ত এবং উপ-লোকায়ুক্ত নিয়োগ করে এটাকে পরিপূর্ণভাবে কার্যকরী করা দরকার। পুনরায় এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ভক্তিপদ ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় পশ্চিমবঙ্গ লোকায়ুক্ত বিল, ২০০১ যেটা এই হাউসে পেশ করেছেন, সেটাকে সমর্থন করে দু-একটি কথা বলব। এই লোকায়ুক্ত বিলের প্রয়োজনীয়তা সম্বন্ধে অতীশ চন্দ্র সিংহ মহাশয় বলেছেন এবং প্র্যাকটিক্যালি এই বিলটাকে সমর্থন করেছেন। এই বিলটাকে যেভাবে নিপুণ হস্তে প্রণয়ন করা হয়েছে, এর মধ্যে কোন খুঁত নেই। নির্বাচিত প্রতিনিধিদের মানসম্মান যাতে অক্ষুণ্ণ থাকে, তাদের যাতে হয়রানির শিকার না হতে হয় তার প্রভিশান এই বিলে রাখা হয়েছে। এই বিলের ১০ ধারা দেখলে আমরা দেখতে পাব বিলের গোপনীয়তা সম্বন্ধে সবরকম সতর্কতা নেওয়া হয়েছে। ১০(২) তে পরিষ্কার বলা হয়েছে — Every Preliminary enquiry referred to in Sub-section 1 shall be made in private.

প্রিলিমিনারি এনক্যায়ারি যেটা করা হবে, সেটা প্রাইভেটে করা হবে, এর গোপনীয়তা রক্ষা করা হবে, তার ডকুমেন্টসগুলোকে গোপন রাখা হবে। ক্লজ ১০ (৩)-এর শেষ লাইনে বলা হয়েছে — But the regard shall always be given to the principle of natural justice.

ন্যাচারাল জাস্টিসের কথাও এখানে রাখা হয়েছে। ক্লজ ৯, সাবক্লজ (২)-তে বলা হয়েছে — Every complaint shall be made in such form — আমাদের বিরোধী নেতা যেটা বলেছেন—and shall be accompanied by such affidavits as may be prescribed.

যিনি কমপ্লেইন করবেন, তার জন্য ফর্ম প্রেসক্রাইব করে দেওয়া হয়েছে এবং সেই ফর্মটা এফিডেভিট করতে হবে। একজন নির্বাচিত প্রতিনিধিকে অযথা হয়রানি করার জন্য বা কালিমালিপ্ত করার জন্য ফলস্ কমপ্লেইন করা যাবে না। সেই জন্য কমপ্লেন্যান্টকে অন ওথ এফিডেভিট করে সেই কমপ্লেইন করতে হবে। এখানে আর একটা প্রভিশন আছে। ক্লজ ১৪-তে বলা আছে —Notwithstanding anything contained in Section 10 or elsewhere in this Act, whoever, wilfully and maliciously makes any false complaint under this Act, shall, on conviction, be punished with imprisonment for a term which may extend to one year but shall not be less than three months and shall also be liable to fine.

উদ্দেশ্যপ্রণোদিতভাবে, ম্যালাসিয়াসলি যদি ফলস কমপ্লেইন করা হয়, তার বিরুদ্ধে শাস্তির বিধানও এই আইনে রাখা হয়েছে। এবং এনক্যায়ারির ব্যাপারে সেকশন ১০ এ ভিভিডলি বলা হয়েছে, কমপ্লেন্যান্টের উপর প্রিলিমিনারি এনক্যায়ারি হবে। লোকায়ুক্ত আধিকারিক যদি মনে করেন প্রিলিমিনারি এনক্যায়ারিতে তার কেস মিটআপ করতে পেরেছে কমপ্লেন্যান্ট, তবেই তখন নির্বাচিত প্রতিনিধিকে শমন জারি করা হবে এবং তার গ্রাউন্ড সমেত। Where the Lokayukta or Upa-Lokayukta, is satisfied on preliminary enquiry that the complaint needs investigation.

(10) (i) : He shall foward a copy of the complaint, a statement setting out the grounds of such investigation.

[2.45–2.55 p.m.]

ইনভেস্টিগেশান যেগুলো পাচ্ছেন সেই ইনভেস্টিগেশনের গ্রাউন্ডগুলো সমেত বিশেষ নির্বাচিত প্রতিনিধিদের উপর এইগুলো জারি করা হবে এবং তাদের দল যদি এটা ভাবেন, এই বিলকে সমর্থন করতে গিয়ে এই কথা বলতে চাইছি যে এই বিল একদম নিপুণ হস্তে সমস্ত দিক বিচারবিবেচনা করে, বর্তমানে যে অবস্থা তৈরি হয়েছে সেই অবস্থাকে প্রতিরোধ করার জন্য এই আইনের প্রয়োজন হয়েছে। আজকে মূল্যবোধের যে অবক্ষয়, নির্বাচিত প্রতিনিধিদের যে নীতিবহির্ভূত কর্মকাণ্ড সেগুলোকে বন্ধ করতেই এই আইনের প্রয়োজন হচ্ছে।

আগে এই আইনের প্রয়োজন হয়নি। আজকে বিরোধী পক্ষ স্বীকার করেছেন যে এই আইনের প্রয়োজন আছে এবং এই আইনকে সুচারুরূপে প্রণয়ন করা হয়েছে। এরপর রুলস তৈরি হবে। সেখানে আরও ইলাবরেটলি থাকবে। আমি মন্ত্রীর কাছে এটাই অনুরোধ করব যে সেই রুলে যেন আরও বিস্তৃতভাবে ব্যাখ্যা করেন। আরেকটা কথা, যেটা আমাদের বিরোধী দলের সদস্যরা বলেছেন হোয়াট শ্যুড বি দি প্রেসক্রাইবড ফর্ম? সেই ফর্ম কোথায় কিভাবে পাওয়া যাবে, কোন অফিসে পাওয়া যাবে, সাধারণ মানুষ কিভাবে পেতে পারবেন, এইগুলো রুলের মধ্যে প্রেসক্রাইব করবেন। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল দাস : স্যার, এখানে আমাদের রাজ্যের আইনমন্ত্রী মাননীয় নিশীথ অধিকারী মহাশয় যে বিল এনেছেন আমি তাকে স্বাগত জানাচ্ছি। আমরা জানি যে আমাদের দেশে বিশেষ করে স্বাধীনতার পর থেকে বিশেষ করে যারা দেশ শাসন করেছিলেন দীর্ঘদিন ধরে, ৪৭ বছর ধরে কংগ্রেস দেশ শাসন করেছিলেন, এই মুহূর্তে আমাদের কংগ্রেসের বন্ধুরা এখানে আছেন, সেজন্য ওদের রেফার করছি। পণ্ডিত জওহরলাল নেহরু যখন ছিলেন, তখন দেবজ্যোতি বর্মণ তিনি একটা বই লিখেছিলেন, বিঁড়লা বাড়ির রহস্য। সেটা লিখতে গিয়ে যে সমস্ত কথা লিখেছিলেন, তার মধ্যে ছিল যারা দেশ শাসন করেন তাদের চেহারা ছবিটা কি? পরবর্তীকালে অবস্থা আরও খারাপ হয়ে যায় এবং আমাদের যে ভোগবাদী ব্যবস্থা, আমাদের দেশের সংসদীয় ব্যবস্থা ধনতান্ত্রিক ব্যবস্থা সেটা আরও কঠিন আকার ধারণ করে। আমাদের দেশের প্রধানমন্ত্রী যখন রাজীব গান্ধি, তখন একটা অভিযোগ আসে যে দেশরক্ষার জন্য অস্ত্র কেনার বিষয়ে উৎকোচ গ্রহণ করা হয়েছে। এটা একটা ভয়ঙ্কর আকার ধারণ করেছে। অতি সম্প্রতি আমাদের কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষামন্ত্রীর বিরুদ্ধে তহলকা—এইরকম নানা অভিযোগ প্রকাশ করেছে। কিন্তু লোকায়ুক্ত কোন সংস্থা না থাকার কারণে, কোন ব্যবস্থা না থাকার কারণে, যদিও প্রধানমন্ত্রীকে বলা হচ্ছে তিনি এক নম্বর, তাঁর মতো জনপ্রিয় না কি হয় না। তিনি অনেক বক্তৃতা দিয়েছেন। মূল্যবোধের অবক্ষয়ের উপর অনেক কথা বলেছেন। কিন্তু আসল কার্যক্ষেত্রে কিছুই হয়নি। সেখানে আমাদের দেশের বিভিন্ন রাজ্য সরকার যেমন—কর্নাটক, অন্ধ্র, মহারাষ্ট্রে এই ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে। উদ্যোগটা তাদের আছে। আমাদের এখানে এই বিল যখন উত্থাপিত হয়, তখন বিরোধীদলের নেতারা বলেন, অনেক আলাপ-আলোচনার দরকার আছে। অনেক আলোচনা হয়েছে। সিলেকট কমিটি হয়েছে। রাজ্যবাসীর কাছে বিশ্বাসযোগ্যতা আনার চেষ্টা করেছেন। কিন্তু আনতে পারেননি। এই সমস্ত মূল্যবোধহীনতায় যারা ভোগেন, যারা ভোগবাদে বিশ্বাসী, তারা কখনো চান না যে, এই ধরনের বিল পাশ হোক। এই কারণে আমরা লক্ষ্য করেছি যে, তারা কোনদিনই অনেননি বা ভবিষ্যতেও আনবেন কিনা সন্দেহ। আমরা দেখেছি যে, সিদ্ধার্থ শংকর রায়ের আমলে ওয়াংচু কমিশন মন্ত্রীদের বিরুদ্ধে অভিযোগের ভিত্তিতে বসিয়েছিলেন। এই সমস্ত ব্যাপার ঘটছে। এই ধরনের বাস্তববাদী উদ্যোগ প্রকৃত চিত্রটা নিয়ে আসবে। তাই এই রকম একটা উদ্যোগ পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করেছেন। তাই এই বিলকে আমি স্বাগত জানাচ্ছি। আশা রাখছি একটা পরিচ্ছন্ন ব্যবস্থার সৃষ্টি হবে। এই কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিশীথ অধিকারী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিধানসভার প্রতিটি সদস্যকে আমার আন্তরিক অভিনন্দন জানাই। তার কারণ এই প্রথম ৫ বছরের মধ্যে আমরা একটা ঐতিহাসিক পদক্ষেপ নিতে চলেছি। একটা বিধায়ক এখানে আলোচিত হচ্ছে। গৃহীত হবে এবং তা কিন্তু কোন বিরোধিতার মধ্য দিয়ে নয়, প্রত্যেকে যাকে স্বাগত জানিয়েছে, এমনই একটা বিধেয়ক এখানে আমরা গ্রহণ করছি।

[2.55–3.05 p.m.]

তা পরবর্তী প্রজন্মের উপর প্রযুক্ত হবে। আমি প্রথমই বলে রাখি যে, ইন্ডিয়ান পেনাল কোডে ১৬১ আছে, প্রিভেনশন অফ করাপশন অ্যাক্ট আছে। কিন্তু যদিও 'ওম বুকস্‌ম্যানকে' ফলো করে এই যে আইন, লোকায়ুক্ত আইন, লোকপাল আইন ভারতবর্ষের বিভিন্ন জায়গায় আনার চেষ্টা হচ্ছে। ১৯৯৯ সালে সুপ্রিম কোর্টও আমাদের মনে করিয়ে দেয় যে এটা করা উচিত। যাদের হাতে ক্ষমতা আছে, এছাড়াও আমাদের শুধুমাত্র সৎ থাকলে চলবে না, সাধারণ মানুষকে প্রতি মুহূর্তে বুঝিয়ে দিতে হবে আমরা সৎ। আমাদের পশ্চিমবঙ্গের কোন বিধানসভার সদস্যর বিরুদ্ধে বা কোন মন্ত্রীর বিরুদ্ধে এখনও পর্যন্ত কোন কালিমালিপ্তের ঘটনা ঘটেনি। সেটা পশ্চিমবঙ্গের সৌভাগ্য। কিন্তু তবুও আমরা এটা আনছি এই কারণে যে আমরা শুধু সাধারণ মানুষের কাছে ৫ বছর অন্তর অন্তর নিজেদের গঙ্গা জলে ধুয়ে তুলছি না, আমরা তাদের কাছে দায়বদ্ধ, প্রেসের কাছেও আমাদের দায়বদ্ধতা আছে। কারণ তারাও আমাদের দেখছে। আদালতের কাছেও আমাদের দায়বদ্ধতা আছে। ৫ বছর অন্তর অন্তর পরিষ্কার হচ্ছি, যদিও মাজা নয়, ধোয়ার জন্য এই ব্যবস্থা। কারণ আপনারা জানেন সার্ভ করার বাসনকে ধোয়ার পদ্ধতি দরকার। সেই জন্য এই লোকায়ুক্ত বিল আনার দরকার হয়েছে। আমি মনে করি ভারতবর্ষের বিভিন্ন জায়গায় অভিযোগ ওঠে কিন্তু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কোন অভিযোগ নেই। আমরা মনে করি সাধারণ মানুষের কাছে আরো বেশি দায়বদ্ধতা আমাদের রয়েছে এবং এই পদ্ধতিতে কোন কমপ্লেইন এলে, অভিযোগ এলে সেই অভিযোগ যেন চাপা না পড়ে যায়, ঠিক জায়গায় আসে তার জন্য এই ব্যবস্থা গ্রহণ করা, যাতে করা যায়।

মাননীয় সদস্য শ্রদ্ধেয় অতীশদা বলেছেন যে, এত দেরি হ'ল কেন, ২০০১ সাল থেকে? নিশ্চয় আমরা তাড়াতাড়ি চেয়েছিলাম কিন্তু একই সঙ্গে মনে রাখতে হবে যে আমরা এই বিলটাকে নিখুঁত এবং সর্বাঙ্গীণ সুন্দর করতে চেয়েছিলাম এবং তার জন্য ১৬টা সিটিং হয়েছে। প্রত্যেকটা ক্লজ আলাদা আলাদা করে পড়ে শোনানো হয়েছে এবং তার সঙ্গে ভারতবর্ষের যেখানে যেখানে আইন আছে, সব আইনকে এক জায়গায় করে এবং বিদেশের আইনকেও এক জায়গায় করে পুস্তিকা তৈরি করে স্ট্যান্ডিং কমিটির সদস্যদের মধ্যে বিলি করা হয়েছে, পড়তে দেওয়া হয়েছে। তার জন্য সময় লেগেছে, আমাদের সময় বাড়াতে হয়েছে। এই গুরুত্বপূর্ণ বিধেয়তে যাতে কোন ভুল না থাকে এবং প্রত্যেকে স্বাগতভাবে গ্রহণ করতে পারে — এমন একটা জায়গায় নিয়ে আসতে চেষ্টা করেছি। সেই জন্য দেরি হয়েছে। তবে এর থেকে এটা মনে করার কোন কারণ নেই যে যেহেতু দেরিতে হয়েছে তাই এটা

প্রযুক্ত হতেও সময় নেবে। আপনি পুরনো মানুষ অনেক আইন দেখেছেন, আপনি জানেন, প্রত্যেকটা আইনের ক্ষেত্রেই লেখা থাকে যে কোন দিন থেকে গভর্নমেন্ট এটা করবে। সেই দিন থেকে প্রযুক্ত হবে। সেকশন-১(৩)-তে বলা আছে। দেরি নিশ্চিতভাবে হবে না। আমরা প্রত্যেকেই চাই আত্মসংশোধন, নিজের নিজের সংশোধন করব। ফলে মনে হয় না দেরি হওয়ার কোন কারণ আছে, দেরি হওয়ার কারণ নেই।

আরেকটা কথা হচ্ছে, মাননীয় সদস্য অতীশচন্দ্র সিনহা মহাশয় বলেছেন, 'কমপিটেন্ট অথরিটির ফাংশন কি হবে?' এব্যাপারে আশু বাবু বলে দিয়েছেন। সেকশন ৭(১), ১২(২)-এ একেবারে পরিষ্কার করে বলা আছে, কোন কমপ্লেন এলে প্রাইমারি ইনভেস্টিগেশন, প্রাইমারি এনকোয়ারি সেটা ওরা করবেন—লোকায়ুক্ত। আমাদের লোকায়ুক্ত যারা আছেন, লোকায়ুক্ত, উপ-লোকায়ুক্ত করার পরে কমপিটেন্ট অথরিটির কাছে যাবে। কমপিটেন্ট অথরিটি তারপরে স্পেসিফিক কিছু বলবেন। স্পেসিফিক মানে জেনালের বলে দেখবে। তারপর শুরু হবে এনকোয়ারি। এনকোয়ারি হয়ে যাওয়ার পরে রিপোর্ট যখন পড়বে, রিপোর্ট পড়ার সঙ্গে সঙ্গে সেকশন-১২(২)-তে সেটার উপর তাঁরা অ্যাকশন নেবেন এবং অ্যাকশন কি নেওয়া হল সেটা কিন্তু অ্যাসেম্বলিতে বলা হবে। এটাও কিন্তু বুঝে দেখতে হবে। ফলে আমরা অ্যাসেম্বলি একটা বডি। এই বডি কিন্তু—আমরা সবাই সর্বসম্মতিক্রমে একটা জায়গায় আসছি। আত্মসংশোধন সম্পর্কে সাধারণ মানুষের কাছে দেখিয়ে দিতে চাইছি যে, শুধুমাত্র আমরা সৎ—এই কথাই বড় কথা নয়। আমাদের সততা কিন্তু সাধারণ মানুষ বুঝুক এবং তাদেরও যে পদ্ধতি, পদ্ধতিগতভাবে কোন অভিযোগ থাকলে অভিযোগ যাতে খতিয়ে দেখা যায় এবং ব্যবস্থা নেওয়া যায় তার ব্যবস্থা থাকুক। বলেছেন ভিজিল্যান্স কমিশন—আসলে কি জানেন, প্রথমেই বলা আছে পাবলিক—আমাদের এখানে এটা কাদের জন্য, কাদের বিরুদ্ধে এটা? পাবলিক ফাংশনারিজ্ কারা? সেখানে বলা আছে, ইলেকটেড পাবলিক ফাংশনারি-ভিজিল্যান্সকমিশন তো পাবলিক সার্ভিসের জন্য, সে তো আছেই। এটা কিন্তু ইলেকটেড পাবলিক ফাংশনারি—মিনিস্টারস্ থেকে আরম্ভ করে আমাদের যাঁরা মাননীয় বিধায়করা আছেন—প্রত্যেকে এই আওতায় আসছেন। স্পিকার, স্পিকার হিসেবে আসছেন না। কারণ স্পিকার তো পাবলিক ফাংশনারি নন। আর লিডার অফ দি অপোজিশন আসছেন না। কারণ লিডার অফ দি অপোজিশন এখানকার ভিতরে। ফলে যারা পাবলিক ফাংশনারিজ্, তাঁদের জন্য—ইলেকটেড পাবলিক ফাংশনারিজ তাঁদের জন্য এই বিধেয়ক এবং তাঁদের আত্মসংশোধনের জন্য। হ্যাঁ, পঞ্চায়েত, মিউনিসিপ্যালিটি তাঁরাও তা ইলেকটেড ফাংশনারিজ। কিন্তু গভর্নমেন্ট যখন বলবে তখন আসবে, তাঁরা তখন আসতে পারেন। আর নিশ্চয় এখানে বলা আছে, পঞ্চায়েত হবে যখন গভর্নমেন্ট এটাকে টাইম টু টাইম নোটিফাই করবেন, যখন নিয়ে আসবে তখন হবে। এখন পঞ্চায়েত বলা নেই। পঞ্চায়েত বললে তাহলে মিউনিসিপ্যালিটিকেও আসতে হবে। এভাবে বলা নেই, আদার পাবলিক ফাংশনারিজ—ইলেকটেড পাবলিক ফাংশনারিজ গভর্নমেন্ট যে নোটিফাই, দেখবেন সেকশন—৪ ডি-তে বলা আছে। ১৩(এ)-তে আছে এনি আদার পার্সন এবং বলা আছে যেটা বাই নোটিফিকেশন—কারা যাবে

এনি আদার পার্সন মানে ইলেকটেড পার্সন। ইলেকটেড পাবলিক ফাংশনারিজ-এর ডেফিনেশন দেওয়া আছে। ইলেকটেড পাবলিক ফাংশনারিজ—সেটাতে গভর্নমেন্ট ঠিক করবে—কে পাবলিক ফাংশনারিজ। এখানে যেটা আমাদের আছে সেটা হচ্ছে এম.এল.এ., মিনিস্টার্স এবং চিফ মিনিস্টার। এর সীমারেখা টানা আছে। অকেরটু ভাল করে দেখবেন যে, এর সীমারেখা টানা আছে। কিন্তু ডিসাইড করতে হবে গভর্নমেন্টকে ইন রুল্‌স্। আরেকটা হচ্ছে যে, উনি বলেছেন যে, টার্মস কতদিন হবে? আমার মনে হচ্ছে, আমাদের সিলেক্ট কমিটির যে রিপোর্ট, সিলেক্ট কমিটির রিপোর্টে দেখবেন যে, সেকশন—৫ এ এর যে ফার্স্ট প্রোভাইসো সেটা অমিট করা আছে, দ্যাট হ্যাজ বিন্ অমিটেড্। ওটা অমিট্ করা আছে। আপনি যেটা বললেন সেটা অমিট্ করা আছে। ৩ বছর এবং তাই তো আইনে গিয়ে দাঁড়ায় ঐ যে ইটালিক্স্ বলা আছে, সেটাকে সিলেক্ট্ কমিটির অধিকাংশ সদস্য মেনেছেন এবং সেটি বলেছেন। আর এছাড়া এই বিলে আপনারা বলেছেন যে, চিফ মিনিস্টারের কমপিটেন্ট অথরিটি কেন গভর্নর নয়? এটা প্রশ্ন এসেছিল। স্বাভাবিকভাবে চিফ মিনিস্টারের ক্ষেত্রে এখানে পাওয়ার দেওয়া আছে ব্যবস্থা নেওয়ার—চিফ মিনিস্টারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার বা চিফ মিনিস্টারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য অ্যাপয়েনটিং অথরিটি, হু ইজ হি? দ্যাট ইজ দি অ্যাসেম্বলি ইটসেল্ফ।

শ্রী অতীশ চন্দ্র সিনহা : মুখ্যমন্ত্রী বিরুদ্ধে বিধানসভায় অভিযোগ আনলে সুরাহা হবার আশা কম। সেখানে আপনারা ইনটারফেয়ার করবেন, বিল পাশ্ হয়ে যাবে। আপনারা অভিযোগ নেবেন না, ইনভেস্টিগেশন হবে না। ফলে কোন অ্যাকশন নেওয়া যাবে না।

শ্রী নিশীথ অধিকারী : পাবলিক তো পিছনে রয়েছে।

[3.05–3.15 p.m.]

লোকপাল বিল যেটা হয়েছে, সেটা সেন্ট্রাল গভর্নমেন্টের সেখানেও ঠিক একইভাবে প্রধানমন্ত্রীর ক্ষেত্রেও কম্পিটেন্ট অথরিটি হচ্ছে কিন্তু পার্লামেন্ট ইট্স সেল্ফ। ফলে ঐ যে প্রশ্নটা—ইনডিভিজুয়াল স্যালারি পার্সন অ্যাপয়েনটেড বাই দি প্রেসিডেন্ট। তা না হয়ে হাউস করেছে এটাই বেস্ট হয়েছে। এছাড়া আপনি বলছিলেন ইনভেস্টিগেট করবে কে? সেখানে কিন্তু পরিষ্কার করে সেক্শান ১৫-তে বলা আছে —

Subject to the approval of the Governor the Lokayukta may appoint, or authorise an Upa-Lokayukta or any officer subordinate to the Lokayukta or Upa-Lokayukta to appoint, officers and other employees to assist the Lokayukta and the Upa-Lokayukta in the discharge of their functions under this Act.

ফলে ওরা আলাদা করে নিজেরা অফিসার নিযুক্ত করবেন। আর একটু পড়লেই ওটা ক্লিয়ার হয়ে যেত। শুধু তাই নয়,

Without prejudice to the provisions of sub-section (1), the Lokayukta or Upa-Lokayukta may, for the purpose of conducting

investigations under this Act, utilise, in such manner as may be prescribed, the services of, - (a) any officer or investigation agency of the State Government with the concurrence of that Government, (b) any other person or agency.

ফলে কোন চিন্তার কারণ নেই। লোকাউক্ত বা উপলোকাউক্ততে তারা ইনভেস্টিগেশান করার সময় সম্পূর্ণভাবে স্বাধীনভাবে ইনভেস্টিগেশান করবেন এবং ইনভেস্টিগেশানের পর তারা রিপোর্ট দেবেন এবং রিপোর্টের পর একটা অ্যাকশান টেকেন রিপোর্ট তাদের জানানো হবে। অ্যাকশান যেটা নেওয়া হবে সেটাও অ্যাসেম্বলীকে জানাতে হবে। অর্থাৎ শেষ ক্ষমতা দেওয়া আছে অ্যাসেম্বলীকে। এ কথা বলে আমি সকলকে আমার আন্তরিক অভিনন্দন জানিয়ে এই ঐতিহাসিক বিধেয়কে আমার সমর্থন জানিয়ে আপনাদের অভিনন্দন জানিয়ে আমি আত্মসংশোধনীর যে প্রস্তাব যে বিধেয়টি এটা সর্বসম্মতিক্রমে যাতে পাশ হয় এটা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Nisith Adhikary that the West Bengal Lokayukta Bill, 2001 as reported by the Select Committee, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1–23

The question that clauses 1 – 23 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Nisith Adhikary : Sir, I beg to move that the West Bengal Lokayukta Bill, 2001, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

Demand No. 5 & 4

Mr. Speaker : There are 33 cut motions on Demand No. 5 and 13 cut motions on Demand No. 4. The Cut motions are in order. Cut motion nos. 1 – 3, 5, 17 – 23, 28 on Demand No. 5 and cut motion nos. 11 – 13 on Demand No. 4 are taken as moved. The rest cut motions are not moved as the movers are not present.

Demand No. 5

Shri Kamal Mukherjee : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1/-

Shri Gayan Singh Sohanpal :
Shri Kamal Mukherjee :
Shri Deba Prasad Sarkar :
} Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/

Demand No. 4

Shri Kamal Mukherjee : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী যে বাজেট বরাদ্দ আমাদের সামনে পেশ করছেন ২৭২ কোটি টাকার, তার আমি বিরোধিতা করছি। সাথে সাথে আমাদের তরফ থেকে যে কাট মোশানগুলি এসেছে সেগুলিকে সমর্থন করছি।

স্যার, মাননীয় কৃষিমন্ত্রী কমল গুহ মহাশয় যখন মন্ত্রী ছিলেন না, তখন তিনি একটা বই লিখেছিলেন "কৃষি অর্থনীতির সংকট"। ১৯৯৮ সালে উনি কিছু দিনের জন্য বামফ্রন্ট ত্যাগ করেছিলেন এবং তখন উনি লিখেছিলেন, 'বয়স বাড়ছে বেকারদের। এদের পিছু হটার জায়গা নেই আর। ঘুরে দাঁড়াবার মুখে লাখ লাখ গ্রামীণ বেকার। ইতিমধ্যে সরকারের সর্বোচ্চ স্তর থেকে দুর্নীতির সূত্র ধরে গ্রামীণ সমাজেও পঞ্চায়েত ব্যবস্থায় দুর্নীতি শিকড় গেড়ে বসেছে। সর্বত্র সুবিধাভোগী—ক্ষমতাভোগীদের দৌরাত্ম্য প্রতিষ্ঠিত।' এই বইটাতে উনি বিভিন্নভাবে দেখিয়েছেন কিভাবে আসতে আসতে কৃষিজমি কমছে এবং সেটা দেখাতে গিয়ে উনি বলেছেন, 'অর্থনৈতিকভাবেও বিপদ ঘনীভূত। গোটা রাজের কৃষি অর্থনীতির উপর এই কৃষিজমি হ্রাসের চাপ পড়তে বাধ্য। পুরনো ক্যাসেট বাজানোর মতো সরকারী তথ্যের ভাঙা রেকর্ড বাজিয়ে প্রকৃত সত্যকে ফাঁকি দেওয়ার কারসাজি একদিন ধরা পড়বেই।' এখন আবার উনি মন্ত্রী হয়েছেন, এখন আবার উনি সেই ফাটা রেকর্ড বাজাবেন, না অন্য কি রেকর্ড বাজাবেন তা আমি জানি না! তবে উনি ওঁর বক্তৃতার মধ্যে নানান কথা বলেছেন এবং তাতে আমরা দেখছি যে, উনি সেই ফাটা রেকর্ডই নতুনভাবে বাজাচ্ছেন।

যাই হোক, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যেটা বলতে চাই, সেটা হচ্ছে আপনি যদি একটু দেখেন তাহলেই দেখতে পাবেন এই রকম একটা গুরুত্বপূর্ণ দপ্তর, যার ওপর পশ্চিমবাংলার প্রায় ৭০ শতাংশ মানুষ নির্ভরশীল এবং যেখান থেকে সরকারের জি.ডি.পি. বা স্টেট ডোমেস্টিক প্রোডাক্টের প্রায় শতকরা ৫০ ভাগ কৃষি থেকে আসে, সেই কৃষি দপ্তরের বাজেট আসতে আসতে কমে যাচ্ছে। ২০০০-২০০১ সালে এই দপ্তরের মোট বাজেট বরাদ্দ ছিল ২৭৫ কোটি টাকা। ২০০১-২০০২ সালে বেড়ে হয়েছেল ২৯৮ কোটি টাকা। কিন্তু এবছর ২০০৩-২০০৪ সালে — যেটা আমরা আলোচনা করছি, সেটা কত? সেটা হল ২৭২ কোটি টাকা। অর্থাৎ ২০০০-২০০১ সালে যা ছিল তার চেয়েও কম। আপনি নিশ্চয়ই জানেন এর মধ্যে ৬৬ ভাগই কর্মচারীদের বেতন দিতে চলে যাবে। তারপরে আবার এর সবটাই কৃষি দপ্তরের অধীন নয়, বিভিন্ন দপ্তরের সঙ্গে এটা যুক্ত হয়ে আছে। উনি বলেননি, আমার মনে

হয় এর মধ্যে কৃষি দপ্তরের অধীন ২৪০ কোটি টাকা। তার বেশি নয়। এটা উনি আলাদা করে বলেননি। যে দপ্তরকে অবলম্বন করে পশ্চিমবাংলার বেশিরভাগ জনগণ বাঁচবে, এগিয়ে যাবার চেষ্টা করবে সেই দপ্তরের আমরা দেখতে পাচ্ছি বরাদ্দ ক্রমশ ক্রমশ কমিয়ে দেয়া হচ্ছে। শুধু তাই নয় স্যার, আপনি দেখুন মাইনে বা নন্-প্ল্যান বাদ দিলে স্টেট প্ল্যানের কি অবস্থা! ১৯৯৮-৯৯ সালে স্টেট প্ল্যানে বরাদ্দ ছিল ৪৩.৪১ কোটি টাকা। ১৯৯৯-২০০০ সালে ৫০ কোটি টাকা। ২০০০-২০০১ সালে ৫৪.৬০ কোটি টাকা। আর এ বছরেরটা আপনি শুনলে অবাক হয়ে যাবেন, কত, না স্টেট প্ল্যানে বরাদ্দ করা হচ্ছে মাত্র ২৮.৭৫ কোটি টাকা। ১৯৯৮-৯৯ সালে যেটা ছিল ৪৩ কোটি টাকা সেটা ২০০৩-২০০৪ সালে কমে হ'ল ২৮.৭৫ কোটি টাকা। স্যার, আপনি শুনলে আরো আশ্চর্য হবেন যে, স্টেট প্ল্যানে বিভিন্ন বছরে যা বরাদ্দ হয় তার সম্পূর্ণটা মন্ত্রী মহাশয় খরচ করার জন্য পান না — কোন বছর ৬০% পান, কোন বছর ৭০% পান। তারচেয়ে বেশি মাননীয় অর্থমন্ত্রীর সৌজন্যে কখনোই পান না। তাহলে কৃষির কোথা থেকে উন্নতি হবে? কৃষি ক্ষেত্রে নানা রকম পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে, কিন্তু সেগুলো কার্যকরী করতে যে অর্থের প্রয়োজন সেই অর্থ অর্থমন্ত্রীর কাছ থেকে কৃষিমন্ত্রী পাচ্ছে না। ১৯৯৯-২০০০ সালের কৃষি দপ্তরের প্রি বাজেট স্ক্রুটিনির যে ৩২-তম রিপোর্ট প্রকাশিত হয়েছিল তাতে খুবই স্কেদিং রিমার্ক রয়েছে।

[3.15–3.25 p.m.]

৮-এর পাতায় আপনি বলেছেন, The performance of the department with regard to spending last years has been dismal. Out of total plan outlay of 43.41 একটু আগে পড়লাম তার মাত্র ৬৭.৬৬ হ্যাজ বিন স্যাংসন্ড। স্যাংসন্ড হচ্ছে না। টাকা কমে যাচ্ছে, কম আছে। তার আবার সবটা স্যাংসন্ড হচ্ছে না। The main shortfall is in seeds, where out of plan outlay of 3.35 crores only 72.40 Lakhs was sanctioned. বুঝতেই পারছেন কি অবস্থা? The State domestic Sproduct due to agriculture was 22,742.83 cores. এর মধ্যে এগ্রিকালচার ছিল এত টাকা। ঐ বছরে ২৬০ কোটি টাকা, that is less than 2 per cent. Plan outlay is 50 Cores. Less than .5 per cent. This is achieved by the State farmers. যে প্রডাকশন হচ্ছে সেটার কথাই বলেছেন, This is achieved by the state with the role of departments mainly confined to extension and some infrastructural support. আপনারা খুব বড় বড় কথা বলেন যে কৃষিতে এতো উন্নতি হচ্ছে। আমি পরে বলবো কিভাবে এতো উন্নতি হচ্ছে। আপনারা বলেন ভূমিসংস্কারের জন্য হয়েছে, পঞ্চায়েতি ব্যবস্থার জন্য হয়েছে। আসলে যাদের জন্য হচ্ছে তাদের জয়গান আপনারা করেন না। ভোটের সময়ে করেন, কিন্তু অন্য জায়গায় করেন না। মাথার ঘাম পায়ে ফেলে যে সমস্ত চাষিরা উৎপাদন করছে এটা তাদের জন্যই মেইনলি হচ্ছে। দ্বিতীয়ত, আমি পরে বলবো, সেটা হচ্ছে ৬০ দশকে বিশেষ করে ৭০ দশকে, সেই সময়

থেকে পশ্চিমবাংলায় এবং অন্যান্য রাজ্যে উচ্চ-ফলনশীল বীজ এবং জলের ব্যবস্থা—মিনি-ডিপ-টিউব-ওয়েল, শ্যালো টিউবওয়েল ইত্যাদি করে যে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষের ব্যবস্থা করা হয়েছে তার ফলেই যে মাটিতে একটির বেশি ফসল ফলতো না, এখন সেখানে ২/৩ করে ফসল উঠছে। যেখানে বিঘাতে ৬ মণ ধান হতো, এখন সেখানে ২০/২৫/৩০ মণ করে ধান হচ্ছে। এর ফলেই প্রডাকশন বাড়ছে। কিন্তু আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে মনে করিয়ে দিতে চাই, এর একটা লিমিট আছে। আপনি ভাবছেন ১৬৫ লক্ষ টন প্রডাকশন হবে, — সত্য কিনা জানি না, আমি সেই সম্পর্কে পরে আসবো — কিন্তু এটা যে হু-হু করে বাড়বে তা নয়, বাড়বে না। গ্রাফ উপরের দিকে যাচ্ছে, কিন্তু একটা জায়গায় ফ্লাট হয়ে যাবে। পাঞ্জাবেও তাই হয়েছে, আপনাদেরও তাই হবে, ঐ ল্ অফ ডিমিনিসিং রিটার্নের মতো, চিরকাল বাড়তে থাকবে না, এই জিনিস হতে পারে না। নতুন যদি হাই-ব্রিড সিড ইনট্রোডিউস করতে পারেন তাহলে নিশ্চয়ই প্রডাকশন বাড়বে। কারণ, হাই ব্রিড সিডের প্রডাকশন ক্ষমতা অনেক বেশি হাই-ইল্ডিং সিডের থেকেও। হাই-ইল্ডিং সিডে যেখানে বিঘাতে ২০/৩০/৪০ মণ পর্যন্ত ক্ষমতা, হাই-ব্রিড সিডের ক্ষেত্রে সেখানে ৫০/৬০ মণ হয় এবং জাপানে তাই হয়েছে, চায়নাতেও তাই হবে। কিন্তু মুশকিল হচ্ছে, এটা টারমিনেটর, ১ বছরের বেশি ব্যবহার করতে পারবেন না, আপনাকে নতুন করে সিড করতে হবে। শুধু তাই নয়, আজকে আমার সঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয় একমত হবেন কিনা জানি না, যত দূর খবর নিয়েছি তাতে জেনেছি, এই হাই-ব্রিড সিড থেকে যে ধান বা চাল উৎপন্ন হচ্ছে, সেটা গলা-গলা। শুকনো-বাঙালিরা যেমন চাল খেতে অভ্যস্ত সেইরকম চাল উৎপাদন হচ্ছে না, গলা - গলা। চায়না এবং জাপানের লোকেরা ঐ রকমের চাল খেতে অভ্যস্ত, সেই জন্য সেখানে ঐ রকম চাল পাওয়া যায়। কিন্তু পশ্চিমবাংলার মানুষ ঐ রকম চাল পছন্দ করে না। যদি হাই-ইল্ডিং সিডের পরিবর্তন করতে না পারেন, তাহলে হাই-ব্রিড সিড এমনভাবে তৈরি করতে হবে যাতে আমাদের পশ্চিমবাংলার মতো মানুষের সেই চাল খেতে ভাল লাগে, সেই রকম ধরনের প্রডাকশনের প্রচেষ্টা যদি করতে না পারেন তাহলে কোয়ানটাম জাম করা সম্ভব হবে না। আশা করি, পরীক্ষাগারে বা যেসব রিসার্চ ইনস্টিটিউশনগুলি আছে সেখানে আরো বেশি অর্থ বিনিয়োগ করে - অবশ্য অর্থ কোথা থেকে বিনিয়োগ করবেন আমি জানি না, কারণ অর্থের বিনিয়োগ কমিয়ে দিয়েছে—এটা যদি করতে না পারেন, অর্থমন্ত্রী বা মুখ্যমন্ত্রীকে যদি বোঝাতে না পারেন, তাহলে পশ্চিমবাংলায় চাল উৎপাদনের লক্ষ্যমাত্রা ১৭০ লক্ষ টনে যে পৌঁছাবেন ভাবছেন টেন্থ ফাইভ ইয়ার প্ল্যানে তা আপনি করতে পারবেন বলে মনে হয় না। এবারে যে প্রি-বাজেট স্ক্রুটিনি তার ষষ্ঠ প্রতিবেদন আমার কাছে আছে, সেখান থেকে উল্লেখ করে শোনাতে চাই কি অবস্থা আপনারা করেছেন। উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় ও বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের যেখানে বিভিন্ন কর্মসূচি রূপায়ণের জন্য প্রয়োজন ৪৫০ লক্ষ টাকা, সেখানে কেবলমাত্র বেতন দেওয়ার জন্য ৭০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। যে বিশ্ববিদ্যালয়গুলি আপনার সিড তৈরি করবে, যারা হাই কোয়ালিটি বীজ তৈরি করবে, যারা হাই ব্রিড বীজ তৈরি করবে, যারা হাই হেলডিং সিড তৈরি করবে, কি করে আরো প্রোডাকশান বাড়ানো যায়, তার জন্য নানা বিষয় উদ্ভাবন করতে পরীক্ষা-নিরীক্ষা করার জন্যই

এই বিশ্ববিদ্যালয় তৈরি হয়েছে। সেখানে বেতন দেওয়া ছাড়া আর কোন ফুটো পয়সা নেই। তাহলে কি করে হবে? কৃষি বিভাগের শস্য উৎপাদনের মুখ্য খাত দুটি। একটি হলো ২৪০১ শস্য উৎপাদন মুখ্য খাত এবং দ্বিতীয়টি হলো ৪৪০১ শস্য উৎপাদনের জন্য মূলধনী ব্যয়। উক্ত মুখ্য খাত দুটিতে ২০০৩-২০০৪ সালে মোট ১৮৬ কোটি ২৭ লক্ষ ৪৯ হাজার টাকা ব্যয় মঞ্জুরীর জন্য প্রস্তাব পেশ করা হয়েছে। এটা লক্ষণীয় যে উক্ত খাত দুটিতে ২০০২-০৩ আর্থিক বছরের তুলনায় ২৫ কোটি ৪৩ লক্ষ ৮৩ হাজার টাকা ব্যয় বরাদ্দ কমানো হয়েছে। সব ব্যাপারে মুখ্য খাত যেগুলো সেইগুলো আপনার ফসল বাড়াবে। যেগুলোতে পরীক্ষা হবে, পরীক্ষা-নিরীক্ষা করে যাতে উৎপাদন বাড়ে তার ব্যবস্থা হবে। সেখানে আপনারা ব্যয়-বরাদ্দ কমিয়ে দিচ্ছেন। তাহলে কি করে উৎবাদন বাড়বে পশ্চিবাংলায় আমি জানি না। আরো ২-১ টি বিষয় এর থেকে তুলে দিচ্ছি। '২৪০২ ভূমি ও জল সংরক্ষণ এবং ৪৪০২ ভূমি ও জল সংরক্ষণের জন্য মূলধনী ব্যয়, উক্ত প্রথম খাতে মোট ৭ হাজার ৪১ লক্ষ ২০ হাজার টাকা মঞ্জুরী চাওয়া হয়েছে। সংশ্লিষ্ট বিভাগের লিখিত উত্তর থেকে দেখা যাচ্ছে যে ৪৪০২ ভূমি-ও জল সংরক্ষণের জন্য মূলধনী খাতে কোন টাকা বরাদ্দ করা হয় নি। "উৎপাদন হবে কি করে? যদি কোন টাকা মঞ্জুর না হয় তাহলে উৎপাদন আপনি করবেন কি করে?" ২৪১৫ কৃষি গবেষণা ও শিক্ষা এবং ৪৪১৫ কৃষি গবেষণা ও শিক্ষার জন্য মূলধনী ব্যয়। বর্তমান আর্থিক বছরে উক্ত খাত দুটিতে মোট ৪৯ কোটি ৮ লক্ষ ৩৩ হাজার টাকা মঞ্জুরীর জন্য চাওয়া হয়েছে। পূর্ববর্তী বছরের তুলনায় ৯ কোটি ১৫ লক্ষ ৩০ হাজার টাকা কম মঞ্জুরী চাওয়া হয়েছে। মন্ত্রী মহাশয় কি করবেন? মন্ত্রী মহাশয়ের ঘাড় ধরে বলা হচ্ছে এর বেশি তুমি পাবে না, তাঁকে বলা হচ্ছে এর বেশি দেওয়া যাবে না। সেই জন্য উনি কম চাইছেন। কম চাইলে বেশী উৎপাদন হয় না, এটা আমাদের সাধারণ জ্ঞান। বেশি উৎপাদন করতে গেলে খরচ করতে হবে। বেশি পরীক্ষা-নিরীক্ষা করে আরো উদ্ভাবনী শক্তি বাড়াতে হবে। বিজ্ঞান ও প্রযুক্তিকে কাজে লাগাতে হবে। জমির পরিমাণ কমে যাচ্ছে। গত বছরেই মন্ত্রী মহাশয় তাঁর বাজেট ভাষণে বলেছেন জমি ইলাস্টিক নয় যে বেড়ে যাবে, জমি কমে যাচ্ছে। জমি কমে যাচ্ছে আমরা যখন ছিলাম তখন জমির পরিমাণ ছিল ১ কোটি ৪০ লক্ষ হেকটর, এখন সেটা এসে দাঁড়িয়েছে ১ কোটি ৩০ লক্ষ হেকটরে ফসল বাড়াবার একমাত্র উপায় হচ্ছে একটা জমিতে ২-৩ টি ফসল করা। সেটা অনেকটা হয়ে এসেছে চাষিদের কৃতিত্বে এবং তার সাথে সাথে উন্নত বীজ, উন্নত মানের চাষের পদ্ধতিকে ব্যবহার যদি করতে পারে। এবারে কৃষিনীতি সম্বন্ধে দু-একটা কথা বলার ছিল, এই সুযোগে বলে নেওয়া ভাল। একটা কৃষি নীতি চালু হয়েছে। সেই কৃষি নীতি অর্থমন্ত্রী রেখেছেন। জানি না মাননীয় কৃষিমন্ত্রী সেটাতে রাজি হয়েছেন কিনা, উনি তার উত্তর দেবেন। সেখানে অনেকগুলি পরস্পরবিরোধী কথা আছে। যেমন উনি এক জায়গায় বলেছেন কেমিক্যাল ফার্টিলাইজার খুব ভাল এগিয়ে যাচ্ছে, বেশী ব্যবহার হচ্ছে, আরো বাড়াতে হবে।

[3.25–3.35 p.m]

আবার এক জায়গায় বলছেন কেমিক্যাল ফার্টিলাইজার বেশি ব্যবহার করলে, কীটনাশক

বেশি ব্যবহার করলে খারাপ হয়, সুতরাং সেখানে জৈব সার ব্যবহার করতে হবে। তাহলে সে কি করবে? কীটনাশক, কেমিক্যাল ফার্টিলাইজার বেশি ব্যবহার করবে, না জৈব সার বেশি ব্যবহার করবে? তারপর দেখুন এক জায়গায় কি রকম কথা বলছেন যেটা আমার কাছে হাসি-ঠাট্টার মতন মনে হয়েছে, বলেছেন সেচের সম্প্রসারণ করে উৎপাদন বাড়াবেন। ভাল কথা, কিন্তু এই সেচের সম্প্রসারণটা কিভাবে করবেন বলছেন? এখানে নন্দবাবু বসে আছেন, উনি ভালোভাবেই জানেন যে মানুষের জমিগুলি এমনিতেই ছোট ছোট হয়ে যাচ্ছে। সাধারণ মানুষ বা সাধারণ চাষিদের জমি এতো ছোট ছোট হয়ে গিয়েছে যে লাঙল পর্যন্ত ঘোরে না। সেখানে আপনারা বলছেন অর্ধেক জমিতে পুকুর করবেন এবং অর্ধেক জমিতে চাষ করবেন এবং এইভাবে নাকি সেচের সম্প্রসারণ করবেন। সেই পুকুরের জল নিয়ে চাষ করার যে চিন্তাভাবনা এটা কি ধরনের চিন্তা-ভাবনা আমার মাথায় আসছে না। কারণ জমিগুলি এমনিতেই ছোট ছোট হয়ে গিয়েছে। এটা আদৌ বাস্তবে সম্ভব কিনা আমি বুঝতে পারছি না এবং সেইজন্যই বলছিলাম যে এটা আমার কাছে হাসি-ঠাট্টার মতন মনে হয়েছে। আশা করি নন্দবাবু এ বিষয়ে কিছু বলবেন। এখানে নন্দবাবুকে আর একটি কথা বলি, উনি জানেন যে মাটির তলা থেকে জল তুলে চাষ করার একটা সীমাপরিসীমা আছে। আমাদের পশ্চিমবাংলা এমনিতেই এমন একটা অবস্থায় পৌঁছে গিয়েছে যে বহু ব্লককে আমাদের বাদ দিতে হচ্ছে সেখানে মিনি ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল আর বসছে না। সাখানে স্যালো টিউবওয়েল থেকে আর জল উঠছে না। মিনি ডিপ টিউবওয়েল, ডিপ টিউবওয়েলও সেখানে বসানো যাবে না, তার কারণ যেখানে জলে আর্সেনিক উঠছে। সুতরাং মাটির তলা থেকে জল তোলারও একটা সীমা আছে। সুতরাং এই যে সেচের সম্প্রসারণের কথা কৃষিনীতিতে বলছেন এবং বলছেন এইভাবে সেচের সম্প্রসারণ করে এতো লক্ষ হেকটরে সেচের সম্প্রসারণ করে উৎপাদন বাড়াবেন এটা কি করে হবে জানি না। তার কারণ মাটির তলা থেকে জল তুলে সেই জল দিয়ে সেচের ব্যবস্থা করে চাষ করবেন—বাস্তবিক ক্ষেত্রে এটা আর বেশী সম্ভব বলে আমাদের মনে হয় না। কারণ ইতিমধ্যেই এ ক্ষেত্রে আমরা একটা স্যাচুরেটেড পয়েন্টে পৌঁছে গিয়েছি। এরপরও যদি মাটির তলা থেকে জল তোলেন তাহলে সেটা এতো সাংঘাতিক হবে যে সাধারণ মানুষের খাওয়ার জলটুকুও পাওয়া যাবে না। এরপর আমি যে প্রসঙ্গটাতে আসছি সেটা হচ্ছে শস্য বিমা। বহুদিন থেকে মাননীয় মন্ত্রী মহাশয় এবং মন্ত্রিসভা বলে আসছেন যে শস্য বিমা চালু করতে হবে। দুএক বছর আগে আমরা জানি যে কেন্দ্রীয় সরকার একটা স্কীম করে পাঠিয়েছিল কিন্তু সেই স্কীম রাজ্য সরকার গ্রহণ করতে রাজি হননি। এখন অনেক টাল-বাহানার পর ওরা রাজি হয়েছেন সেই নীতি মেনে নিতে। আমরা দেখছি এই শস্য বিমা এখনও মাত্র শতকরা ৫ কি ৬ ভাগ চাষির মধ্যে সম্প্রসারিত হয়েছে যেটা খুবই কম। আমরা দেখছি আপনার ভাষণে লেখা আছে যে প্রিমিয়ামের ১০০ ভাগ এতোজন চাষিকে এইভাবে দিতে হবে, ২০০ পারসেন্ট হলে এতো দিতে হবে। এতো কড়াকড়ি, এতো কমপ্লিকেটেড নিয়ম করে কেবলমাত্র শতকরা ৫/৬ ভাগ মানুষকে শস্যবিমার আওতার মধ্যে আনতে পেরেছেন। এটা খুবই দুঃখের ব্যাপার। আপনি জানেন যে আমাদের রাজ্যে খরা

বা বন্যা লেগেই আছে এবং প্রতি বছরই তাতে বিরাট ক্ষয়ক্ষতি হয়। ২ হাজার সালে হয়েছে, ২ হাজার এক সালে হয়েছে। সেই ক্ষয়ক্ষতির জন্য আপনারা কিন্তু সেইভাবে চাষিদের কমপেনসেসান দিতে পারেননি। আপনারা একটা নিয়ম করেছেন যে কমপেনসেসান পেতে গেলে সম্পূর্ণভাবে ক্ষতি হয়েছে সেটা দেখাতে হবে। আপনারা যারা গ্রাম থেকে এসেছেন তারা জানেন যে একটা ব্লকের মধ্যে হয়ত ১০টা অঞ্চলের মধ্যে ৪/৫ টা অঞ্চলে বন্যা হল, বাকিগুলিতে হল না, কিন্তু তা হলে যেহেতু গোটা ব্লকটাই ক্ষতিগ্রস্ত হয়নি, সেইহেতু তারা কোন ক্ষতিপূরণ পেল না। তার কারণ ব্লক থেকে রিপোর্ট গেল যে ব্লকের সমস্ত অঞ্চলে বন্যা হয়নি। সেইজন্য আমাদের প্রস্তাব ছিল যে ব্লক ওয়াইজ না করে এটা মৌজা ওয়াইজ করুন। তার কারণ এটা না করলে পরে চাষিরা শস্যবিমার ক্ষেত্রে যে ক্ষতিপূরণ সেটা তারা পাচ্ছে না। আমি আর একটি কথা উল্লেখ করতে চাই, সেটি হচ্ছে, এবারের যে প্রি-বাজেট সমীক্ষা বেরিয়েছে, তাতে ওঁরা অনেকগুলি সুপারিশ করেছেন। আমি সবগুলি পড়ছি না। এক জায়গায় বলেছেন-কেন্দ্রীয় ও কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্পসমূহের জন্য রাজ্য সরকারের ম্যাচিং গ্রান্ট পুরোপুরি দেওয়ার ব্যবস্থা রাখতে হবে এই কারণে যে, কেন্দ্রীয় অর্থ থেকে এই রাজ্য যাতে বঞ্চিত না হয়।' তার মানে কি—তার মানে, কেন্দ্রীয় সরকার একটা টাকা দেন, তার জন্য যে ম্যাচিং গ্রান্ট দিতে হয়, সেই ম্যাচিং গ্রান্টের টাকা রাজ্য সরকার দিতে পারছে না। ফলে কেন্দ্রীয় সরকারের সেই টাকা ফিরে যাচ্ছে। সেইজন্যই এই সুপারিশ তাঁরা করেছেন। স্যার, এটা আমাদের পক্ষে অবমাননাকর। কেন্দ্রীয় সরকার যে ম্যাচিং গ্রান্ট দেন, সে পরিমাণ ৫৫:৫০ হয় না, এটা কখনও ৮০:২০ হয়, কখনও বা ৯০:১০ হয়। সেই অল্প টাকাও যদি দিতে না পারেন, তাহলে কেন্দ্রের কাছ থেকে যে টাকা পাওয়া যায় তা পাওয়া যাবে না। আর একটি কথা, 'বিভিন্ন কৃষি উন্নয়ন প্রকল্পগুলিতে বরাদ্দকৃত অর্থ যাতে করে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে পায়, তার জন্য অর্থ বিভাগকে উদ্যোগ গ্রহণ করতে হবে। "বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণভাবে পাওয়ার জন্য কৃষি বিভাগকে অর্থ বিভাগের সাথে নিরন্তর যোগাযোগ রাখতে হবে। এর কারণ, বছরের শেষে যদি টাকা পান, তাহলে সেই টাকা খরচ করতে পারবেন না। একে তো টাকার পরিমাণ কমিয়ে দিয়েছে, তাও যদি বছরের শেষে দেওয়া হয়, তাহলে তা খরচ করতে পারবেন না।" আর এক জায়গায় সুপারিশে লিখেছেন, 'ক্রমবর্ধমান প্রাকৃতিক বিপর্যয় থেকে কৃষকদের বাঁচাবার জন্য শস্যবিমা প্রকল্প খাতে আরও বেশি পরিমাণে অর্থ বরাদ্দ করতে হবে।' এবারে ১ কোটি ১ লক্ষ ৭০ হাজার টাকা মাত্র বরাদ্দ হয়েছে। এতে কত চাষি শস্যবিমার আওতায় আসতে পারবে সেটা আমরা বুঝতে পারছি না। স্যার, একটা চিঠি বেরিয়েছে, তাতে সরকারী তথ্য সম্বন্ধে বলা হয়েছে। লেখা হয়েছে, 'এই সরকার তথ্য সংগ্রহ করে না, তথ্য তৈরি করে এবং তারই ভিত্তিতে গ্রাম বাংলায় উন্নয়নের দাবি জোর গলায় প্রচার করে।" কি পদ্ধতিতে সরকার হিসাব রাখেন—আশির দশক পর্যন্ত হিসাব রাখতো মূলত দুটি সংস্থা — (১) বুরো অফ অ্যাপ্লায়েড ইকনোমিক্স অ্যান্ড স্ট্যাটিসটিকস্; এবং (২) সরকারী কৃষি দপ্তর। আশির দশকের মাঝামাঝি সময় থেকে এই বুরো অফ অ্যাপ্লায়েড ইকনোমিকস্ অ্যান্ড স্ট্যাটিসটকস'-এর প্রক্রিয়াকে বাদ দিয়ে দেওয়া হয়। তখন থেকে সরকারী

কৃষি দপ্তর যে হিসাব পেশ করেছে তাকে বেদবাক্য বলে মেনে নেওয়া হয়। এই সময় থেকে সরকার রেকর্ড উৎপাদনের দাবি জানাতে থাকে। রেকর্ড উৎপাদনের দাবি আপনারা জানাতে থাকুন। কেউ জানতে চাইছে না এটি সত্য, না মিথ্যা। কিন্তু আমরা চাইবো, যে উৎপাদনের কথা বলে গলা ফাটাচ্ছেন, সেটা যেন বাস্তবমুখী হয়, যেন অলীক না হয়। আর যে কথা বললাম, আজে যেভাবে লক্ষ্যমাত্রা ঠিক হত, এখন আর তা হয় না, এখন অর্থ দপ্তর যেটা বলছে সেটাই মেনে নিচ্ছেন। আমার বক্তব্য আর দীর্ঘায়িত করবো না। এই কথা বলে বাজেট বরাদ্দর বিরোধিতা করছি এবং আমাদের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তবগুলো আনা হয়েছে, তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3.35–3.45 p.m.]

শ্রীমতী মাফুজা খাতুন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষি দপ্তরের মন্ত্রী ২৭২ কোটি ৪৯ লক্ষ ৪৪ হাজার টাকার ব্যয়বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন এবং কৃষি বিপণন দপ্তরের মন্ত্রী ১১ কোটি ৬৫ লক্ষ ৯৯ হাজার টাকার ব্যয়বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন আমি দুটি বাজেটকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের তীব্র বিরোধিতা করছি। স্যার, আপনি জানেন যে বিগত ২৫ বছর ধরে চলমান পঞ্চায়েত ব্যবস্থা সাফল্যের সঙ্গে এই রাজ্যে চলছে এবং ২৬ বছরে বামফ্রন্ট সরকারের সাফল্য আমাদের রাজ্যের কৃষিকে একটা উন্নততর জায়গায় পৌঁছে দিয়েছে। কৃষিতে ব্যাপক উন্নতি ঘটেছে। আপনি জানেন যে, গোটা ভারতবর্ষ স্বাধীনতার ৫৫ বছরেরও বেশি সময় হল, এই সময়ের মধ্যে আমরা দেখেছি ৪৫ বছর ধরে কংগ্রেসিরা রাজত্ব করেছেন এবং শাসন করছেন। তাদের সময়ে কোন কৃষি নীতি ছিল না, তারপরে এন ডি এ সরকার এল, তারা ৪৫ মাস ধরে দেশটাকে শাসন করছেন। তাদেরও কোন কৃষিনীতি নেই। ভারতবর্ষের কোন সুনির্দিষ্ট কৃষিনীতিই নেই। সেই জায়গায় দাড়িয়ে আমাদের রাজ্য কৃষিতে একটা বিকল্প পথ দেখাচ্ছে এবং বিকল্প কৃষিনীতি নিয়ে চলছে। আমাদের রাজ্যে কৃষিতে যখন এই ধরনের অগ্রগতি ঘটছে তখন বিরোধীরা তাদের বলার সময়ে বলছেন যে, এতে নাকি সরকারের কোন কৃতিত্ব নেই। সরকারের কোন সাফল্য নেই। কৃষক বা চাষিরা নাকি উৎপাদন বাড়াচ্ছে। স্যার, একটা অদ্ভুত ব্যাপার, আমাদের রাজ্যে বিরোধীরাও শাসন করেছেন প্রায় ২৯ বছর ধরে। তখন কিন্তু উৎপাদন বাড়েনি, সেখানে আমরা এসে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকেও খাদ্যশস্য উৎপাদনে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছি। বিরোধীদের আমলে খাদ্যশস্য উৎপাদন ৩৯.৩৩ লক্ষ টন ছিল, সেটা ২০০০ সালে সেই পরিমাণ এসে দাঁড়ায় ১৬৫.০১ লক্ষ টনে। তাহলে স্বাধীনতার পরে এই রাজ্যে তো পরিচালনা করেছেন মাননীয় বিরোধীদল এবং সেখানে অতীশ বাবু বলার সময়ে বললেন যে, আমরা নাকি এখানে অর্জিত সাফল্য অর্জন করতে পারিনি। এই বামফ্রন্ট সরকারের রাজত্বে ২৬ বছর উৎপাদন যে জায়গায় এসে দাঁড়িয়েছে সেই জায়গায় ওঁদের আমলে কখনো হতে পারেনি। কৃষকরা সেই সময়ে বেশি ধানই উৎপাদন করতে পারত না। সেই সময়ে একটা প্রচলিত কথা ছিল যে, হাতি সরে তো ঝাতি সরে না। আশ্বিন, কার্তিক মাসে খেত-মজুর, কৃষক, চাষি যারা ১ বিঘা, ২ বিঘা, ৫ বিঘা জমির মালিক, তাদের কি অবর্ণনীয়, অসহনীয় এবং দুঃখজনক অবস্থায় দিনাতিপাত করতে হত তা আপনারা কি করে জানবেন? সেই সময়ে

সেই জমির জন্য ওখানকার মোড়ল, মহাজন, জোতদার এবং জমিদারের কাছে জমি তারা বন্ধ রেখে টাকা নিত। এমন কি তাতে না হলে ঘরের ঘটিবাটি পর্যন্ত বিক্রি করে দিতে হত। তাতেও না হলে নিজেদের গতর আগাম বিক্রি করতে হত পেটের জ্বালা মেটাতে। আজকে ২৬ বছরে রাজ্যে এই ধরনের ঘটনা আর নেই। অন্ধ্রে তো হাইটেক মুখ্যমন্ত্রী রয়েছেন, তবুও সেখানে কেন কৃষক, চাষিরা মিটিং করে আত্মহত্যা করছে? আজকে অন্ধ্রপ্রদেশ, রাজস্থান, হরিয়ানার কি অবস্থা - সেখানে কৃষক, চাষিরা আত্মহত্যা করছে। অন্ধ্রপ্রদেশে হাইটেক মুখ্যমন্ত্রী থাকা সত্ত্বেও ওখানে চাষিদের কি দুরবস্থা যে আত্মহত্যা করতে হচ্ছে। পশ্চিমবঙ্গে তা ঘটেনি। অন্ধ্রপ্রদেশে যা ঘটছে আমাদের রাজ্যের কৃষকরা যদি মিটিং করে আত্মহত্যা করত তাহলে নিশ্চয় বিরোধী বন্ধুরা এখানে দাঁড়িয়ে বলতেনই এই রাজ্যে কৃষিতে এগিয়ে গেছে, এই রাজ্যে খাদ্যশস্য উৎপাদন বেড়েছে। কৃষি বিপণন খুব ভালো হচ্ছে। স্যার, তাই আপনাকে বলতে চাই যে এখানে আমাদের যে শস্য উৎপাদন বেড়েছে, এটা সম্ভব হয়েছে আধুনিক প্রযুক্তির সর্বাধিক ব্যবহার, বিভিন্ন প্রকার পদ্ধতিতে যেমন হাইব্রিড বীজ, রাসায়নিক সার, কীটনাশক ঔষধ, সেচের ব্যবহার ইত্যাদির জন্য। স্যার, আপনি জানেন, ধান, পাট এবং সবজি উৎপাদনে আমাদের রাজ্য প্রথম। প্রাইজ কে দেয়, কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় সরকারে যারা বসে আছেন, তৃণমূল হচ্ছে তাদেরই শরিক দল, তারা আসেনি, তাই তাদের সম্বন্ধে বলতে চাই না। কেন্দ্রীয় সরকার—পশ্চিমবাংলা ধান, পাট এবং সবজি উৎপাদনে প্রথম—ঘোষণা করেছে। অথচ কেন্দ্রে আমাদের বিপরীত সরকার বসে আছেন, যারা শত্রু মনোভাবাপন্ন সরকার। আলু উৎপাদনে আমাদের রাজ্য দ্বিতীয়। আলু উৎপাদনে আমাদের লক্ষ্যমাত্রা হচ্ছে ৮৫ লক্ষ মেট্রিক টনে আমরা পৌঁছাব। উৎপাদিত ফসলকে রাখার জন্য হিমঘরের ব্যবস্থা করা হয়েছে আমাদের রাজ্যে কৃষি দপ্তরের থেকে। তবে আমাদের উৎপাদিত ফসলের পরবর্তী পর্যায়ে চাষিরা যাতে সঠিক মূল্য পেতে পারে তার জন্য কৃষিজ বিপণন দপ্তর এর সঙ্গে চাষিদের একটা সুসম্পর্ক আছে। আমরা দেখেছি উৎপাদিত আলুর ৪০ লক্ষ মেট্রিক টন হিমঘরে রাখার ব্যবস্থা আছে। তাছাড়াও ফল, ফুল, সবজি, মাছ, মাংস, ডিম এবং দুগ্ধজাত দ্রব্যকে রাখার জন্য আমাদের রাজ্যতে ৩০ টি বহুমুখী হিমঘর প্রতিষ্ঠিত হয়েছে। আমাদের রাজ্যে আরো হিমঘর দরকার। পশ্চিমবঙ্গে কৃষিজ বিপণন ব্যবস্থার তিনটি স্তর আছে। এর মধ্যে হচ্ছে ২৯২৫টি গ্রামীণ বাজার-হাট, ১৫৯টি পাইকারি ও ৪০টি প্রান্তিক রপ্তানি বাজার, মালিকানা ও পরিচালনা, স্থানান্তরে ও বাজারক্রমে ভিন্ন ভিন্ন। কৃষিজ বিপণন নিয়ন্ত্রণ আইন'৭২ অনুযায়ী আমাদের রাজ্যে ৪৮টি নিয়ন্ত্রিত বাজার সমিতি তৈরি হয়েছে এবং এরা ২৫টি প্রধান বাজার, ১৫৯টি উপ-বাজার পরিচালনা করে। বাজার পরিকাঠামোর উন্নয়ন, শস্য সংরক্ষণাগার স্থাপন, গ্রাম থেকে বাজার সংযোগকারী রাস্তাঘাট নির্মাণ, ঋণ প্রদানের মাধ্যমে অভাবী বিক্রি বন্ধ করা, সুষ্ঠু বিপণন ব্যবস্থা সৃষ্টি করা ও বিপণন তথ্য পরিবেশন করার দায়িত্ব নিয়ন্ত্রিত বাজার কমিটিগুলি করে থাকে। স্যার, এই যে কৃষি উৎপাদন ও কৃষি ব্যবস্থা সম্পর্কে এই ২টি দপ্তর আমাদের যে কাজগুলি করছে, সেইজন্য আমাদের কৃষিতে আমাদের রাজ্য প্রথম হচ্ছে এবং কৃষিজ বিপণন ব্যবস্থাকে আরো উন্নততর করার জন্য কৃষি ব্যবস্থা যাতে আমাদের রাজ্য আরো

এগিয়ে যায়, এই ব্যাপারে আমাদের সচেষ্ট থাকার দরকার আছে। আমাদের রাজ্যে কৃষিতে অভূতপূর্ব উন্নতি হয়েছে। মিনি ডিপ-টিউবওয়েল, স্যালো টিউবওয়েল এবং বিদ্যুতের মাধ্যমে যে পাম্পসেটগুলি পরিচালিত হয়, তাতে কৃষি উৎপাদনে আমাদের রাজ্য এগিয়ে চলেছে। অথচ কেন্দ্রীয় সরকার সারের দাম, পেট্রোলের দাম, ডিজেলের দাম বিদ্যুতের দাম বাড়িয়ে দিচ্ছে, এর ফলে গোটা দেশের কৃষি ব্যবস্থা মার খাচ্ছে এবং রাজ্যের কৃষি ব্যবস্থাও এতে মার খাবে। এর মধ্যে দিয়ে আমাদের রাজ্য বিপরীত কৃষিনীতি নিয়ে এগিয়ে চলেছে। আগামী দিনে আমাদের রাজ্য আরো এগিয়ে যাবে, এবং গোটা ভারতবর্ষকে কৃষিতে পথ দেখাবে। তাই এই কৃষি দপ্তর এবং কৃষিজ বিপণন দপ্তরের যে ব্যয় বরাদ্দ পেশ করা হয়েছে, তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমরা বক্তব্য শেষ করছি।

[3.45–3.55 p.m.]

শ্রী অসিত মাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী ২০০৩-২০০৪ সালের জন্য যে ব্যয়বরাদ্দ উপস্থিত করে আমি তার বিরোধিতা করে এবং আমাদের আনীত কাট মোশানগুলোকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। অতীশ চন্দ্র সিংহ মহাশয় তার বক্তৃতার সময় বলেছেন সারা পশ্চিমবাংলার কৃষির উপরে নির্ভরশীল হচ্ছে প্রায় ৭০ শতাংশ মানুষ। কিন্তু রাজ্য সরকার, বিশেষ করে এই কৃষি দপ্তর কৃষকদের স্বার্থ রক্ষায় সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। স্যার, একটা কথা আছে-'ঝড়ে বক মরে, আর ফকিরের কেরামতি বাড়ে'। মাননীয় মন্ত্রীমহাশয় তার বক্তব্যের এক জায়গায় বলেছেন—বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে পশ্চিমবাংলায় বিশাল ক্ষয়-ক্ষতি হয়েছে। ২০০১-২০০২ সালে আবহাওয়া ছিল অত্যন্ত প্রতিকূল, বিশেষত খরিফ মরসুমে। বৃষ্টিপাতের ঘাটতি হওয়ার দরুন ৬৮৪ কোটি টাকা মূল্যের ৮.৫৬ লক্ষ টন ফসল নষ্ট হয়েছে। আবার সেপ্টম্বর ও অক্টোবর মাসে অতিরিক্ত বৃষ্টিপাতের ফলে এবং নদীগুলি থেকে অতিরিক্ত জল ছাড়ার ফলে পশ্চিবাংলার নয়টি জেলায় অভূতপূর্ব বিধ্বংসী বন্যার সৃষ্টি হয়, তার ফলে খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে ৩৮৪৯.২৬ কোটি টাকা মূল্যের ফসলের ক্ষতি হয়। খরিফ ফসলের এই ক্ষতিপূরণের জন্য ৪২.৮৩ লক্ষ হেকটর জমিতে রবি গ্রীষ্ম ফসল উৎপাদনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এই ক্ষতির পরিমাণটা কত, প্রত্যেকের হাতে বই আছে সেটা আপনারা পড়ে নিতে পারেন। ২০০১-২০০২ সালে খাদ্যশস্য উৎপাদন মোট বেড়ে দাঁড়িয়েছে ১৬৫.০১ লক্ষ টন, যা অতীতের রেকর্ডকে অতিক্রম করে গেছে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, বিনামূল্যে চাষিদের মিনিকিট দেওয়া হয়েছে, উচ্চফলনশীল ধানের বীজ দেওয়া হয়েছে, গমের বীজ দেওয়া হয়েছে। কিন্তু আপনি কি খবর রাখেন, পঞ্চায়েত সমিতির মাধ্যমে যে এগ্রিকালচারাল ডেভালপমেন্ট অফিস আছে, সেখান থেকে মিনিকিট সত্যিকারের ক্ষুদ্র প্রান্তিক চাষিদের বিতরণ করা হচ্ছে কিনা। আপনাদের দলের সদস্যরা তা বস্তায় বেঁধে নিয়ে গিয়ে বাজারে বিক্রি করে দিচ্ছে। এর আগে কংগ্রেস যখন ক্ষমতায় ছিল, তখন প্রত্যেকটি ব্লকে এস.আর.পি.পি স্কীম চালু ছিল। আপনারা ক্ষমতায় আসার পরে সেই প্রোগ্রামকে তুলে দিলেন। ফলে চাষিরা আজকে বীজ পাচ্ছে না। আপনি বীজের

রেখেছেন বলেছেন, কিন্তু তা তাদের কাছে পৌঁছয় না। আপনাকে কিছু করতে হবে না, আপনার কৃষি দপ্তরের বিদ্যালয়গুলো তুলে দিন আর আপনাকে গবেষণা করতে হবে, কারণ আপনার কৃষি দপ্তরের উপর নির্ভর করে বাংলার কৃষক বেঁচে নেই, তাদের উপর নির্ভর করে তারা চাষ করে না। উন্নত মানের ফসল ফলাতে হলে কি ব্যবস্থা গ্রহণ করা উচিত সরকারের, সেই ব্যবস্থা কংগ্রেস রেখেছিল। আপনারা রাইটার্স বিল্ডিংসে বসে আছে আছেন কর্মচারীদের মাইনে দেওয়ার জন্য, আর তামাশা করে কোটি কোটি টাকা খরচ করে কৃষকদের মধ্যে মিনিকিট বণ্টনের নামে তা বাজারে বিক্রির ব্যবস্থা করছেন। এতে কৃষকদের লাভ নয়, হয়েছে লোকসান। আমি আপনাকে বলতে চাই, দয়া করে আর বিনামূল্যে আপনাকে মিনিকিট বিতরণ করতে হবে না, কারণ তা ক্ষুদ্র, প্রান্তিক চাষির কাছে পৌঁছয় না। আপনি উন্নত মানের হাইব্রিড বীজ পয়সার বিনিময়ে বিক্রির ব্যবস্থা করুন, কৃষকরা কিনে নেবে। আপনার দয়ার দান বি.ডি.ও. অফিস থেকে নেওয়ার জন্য ধরনা দেবে না।

আপনি বলেছেন অনেক ব্যবস্থা রেখেছেন। আপনি কি জানেন, একটা জমিতে বারবার ফসল ফলাতে গেলে সয়েল টেস্ট করতে হয়? সেই ব্যবস্থা তো তুলে দিয়েছেন। সেইসব কর্মচারীরা বাড়িতে বসে বেতন পাচ্ছে। বলতে পারেন, কোন জেলায় কোন ব্লকে তারা গিয়ে সয়েল টেস্ট করছে? অন্তত যে ব্লকগুলো ভালো ফসল হয় বলে চিহ্নিত হয়েছিল সেখানে কি গেছে? আমাদের দেশ কৃষির উপর নির্ভরশীল। ভারত সরকারের ব্যবস্থাপনার ভর্তুকি দেওয়ার ব্যবস্থা কৃষিতে ছিল, সেটাকে তুলে দিয়েছেন। তাই পশ্চিমবাংলার কৃষকরা নিজেদের প্রচেষ্টায় অধিক ফলনশীল বীজ সংগ্রহ করে চাষাবাদ করছে। আপনি কিছু করতে পারেননি।

দীর্ঘদিন ধরে আন্দোলন করছি, বিধানসভায় বারবার বলেছি-কৃষকদের স্বার্থে বিমার ব্যবস্থা করুন। আপনি করতে পারেননি। প্রাকৃতিক দুর্যোগে কৃষক মারা গেলে তার সম্পদ নষ্ট হলে ক্ষতিপূরণ তাতে হতে পারত। আপনি কৃষি লোনের কথা বলেছেন। ঠান্ডা ঘরে বসে বুঝতে পারছেন না, মন্ত্রিত্ব গেলে বুঝতে পারতেন কি অসুবিধায় কৃষকরা পড়ে এই লোন নিতে গেলে ব্যাঙ্ক থেকে কৃষকরা কৃষি লোন পায় না। কৃষি লোন পেতে গেলে ব্যাঙ্কগুলো নানান ফ্যাকড়া তোলে। এটা বজায় রাখতে গেলে এই ক্ষেত্রে যে নিয়ম-কানুন আছে তা শিথিল করবেন। এই কটি কথা বলে, এই বাজেটের বিরোধিতা করে, বিরোধীদের আনা কাটমোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী হরিপদ বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০০৩-০৪ সালের ৪ নং দাবি সম্পর্কে মাননীয় মন্ত্রী কমল গুহ যে বাজেট পেশ করেছেন এবং ৪ নং দাবি সম্পর্কে কৃষি বিপণন মন্ত্রী শ্রীমতী ছায়া ঘোষ যে বাজেট প্রস্তাব রেখেছেন তাকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে এই অল্প সময়ের মধ্যে দু-চারটি কথা বলার চেষ্টা করছি।

[3.55–4.05 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতি অল্প সময়ের মধ্যে দু একটি কথা বলতে চাই। মাননীয়

মন্ত্রী শ্রী কমল গুহ যে বাজেট প্রস্তাব পেশ করেছেন আমরা সেটা আগেই পেয়েছি, আমরা এর আগে পেয়েছি, পড়েছি। আমাদের পড়ার সুযোগ হয়েছে। বলতে গিয়ে যে কথা বলব একটা প্রবাদ আছে চোরের মায়ের বড় গলা, সে রকম বিরোধী বন্ধুরা যে বললেন কার মায়ের যেন বড় গলা। ওরা সব অনেক উন্নয়ন করেছেন। তাদের পরিসংখ্যান থেকে বুঝা যাচ্ছে যে '৪৭ সালে পশ্চিমবাংলায় ৩৫.৬ টন ধান উৎপাদন হয়েছিল '৭৬-৭৭ সালে ৭৪.৫৪ লক্ষ টন ধান উৎপাদন হয়েছিল, '৭৭এর আগে পর্যন্ত ওরা সেচ ব্যবস্থাকে বসিয়ে দিয়েছিলেন। ওরা বললেন যে বামফ্রন্ট সরকার কিছুই করেননি। আজকে বামফ্রন্ট সরকারের ঐকান্তিক প্রচেষ্টার ফলেই আমাদের যে লক্ষ্যমাত্রা ছিল, আমরা সেখানে পৌঁছতে পেরেছি। আমাদের পশ্চিমবাংলায় যে জমি আছে ২.৭ শতাংশ। আজকে পশ্চিমবাংলা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছে সে প্রশ্ন অন্য জায়গায়, দীর্ঘ একান্ত পরিশ্রমের ফলে বামফ্রন্ট সরকার এই সাফল্য অর্জন করেছে। এই সাফল্য কতদিন ধরে রাখা যাবে, তা জানি না। কিন্তু আজকে ভারতবর্ষের কৃষিব্যবস্থা ধ্বংসের মুখে। আজকে ১৪শো পণ্য বিদেশ থেকে আসার সুযোগ করে নিয়েছে। স্বাভাবিকভাবে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা কৃষিতে কতদিন টিকে থাকবে, সে বিষয়ে সন্দেহ আছে। আজকে যে কথা বলতে চাই তা হল কেন্দ্রীয় সরকার ডব্লু.টি.ও নীতি গ্রহণ করেছে। কৃষকের হাতে জমি থাকছে না, সে সম্ভাবনা দেখা দিয়েছে। আমি মাননীয় মন্ত্রী কমল গুহর দৃষ্টি আকর্ষণ করে আরেকটা কথা বলতে চাই যে ১০ তারিখে পুলিশ বাজেট ছিল। সেদিন মাননীয় মুখ্যমন্ত্রী বি.এস.এফদের কার্যকলাপ নিয়ে আলোচনা করেছেন। আমি আবার আলোকপাত করছি এই জন্য যে, আমাদের রাজ্যে ২ হাজার ২১৬ কিলোমিটার সীমান্তবর্তী এলাকা রয়েছে। আমাদের রাজ্যের ওই সীমান্তবর্তী এলাকায় কৃষকদের সমস্যা আরও বেশি।

কারণ পাট বয়ে আনতে সীমান্তবর্তী এলাকায় যে টাকা খরচ হবে, সীমান্তবর্তী এলাকা ছাড়া তার অনেক কম খরচ হবে যেটা আপনারা সকলে জানেন। সকালে এক ঘন্টা, বিকালে এক ঘন্টা গেট খোলা থাকে। স্বাভাবিকভাবে ওই সময় কৃষিকাজ সম্পন্ন করা সম্ভব নয়। তাই এই ব্যাপারে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি আর একটা জিনিস বলছি—পাটে এই বছর জে সি আই টি ডির উপর ১০ টাকা রেট বাড়িয়েছে। কিন্তু কথা হল পাট মূল্য এখন ১৫০০ টাকা কুইন্টাল কম নয়। স্বাভাবিকভাবে এই সভায় একটা প্রস্তাব রাখছি এই জন্য যে, পশ্চিমবঙ্গের আর্থিক বুনিয়াদ পাটের উপর নির্ভর করে। কারণ উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গ, পাট চাষ আজ উত্তরবঙ্গের ক্যাশক্রপ এবং দক্ষিণবঙ্গে আছে পাটশিল্প। পাটশিল্পে নয় নয় করে এখনও দু লক্ষের উপর শ্রমিক আছে। পশ্চিমবঙ্গে ৪০ লক্ষের উপর পাটচাষি এবং তার সঙ্গে এক কোটির মত খেতমজুর আছে, জেলাওয়ারি আছে। পাটচাষিরা দাম পাচ্ছে না। নেতাজি সুভাষ বসু রংপুর ঢাকায় বিভিন্ন সময় পরাধীন ভারতবর্ষে পাটচাষ কমাতে বলেছিলেন। কারণ প্রয়োজনের তুলনায় উৎপাদন যদি বেশি হয়ে যায়, তাহলে স্বাভাবিকভাবে বাজার নিয়ন্ত্রণ করার ক্ষমতা মালিকদের কমে যায়। এই বিষয়ে আগেও সভায় উল্লেখ করেছিলাম। জুট হাউসে পাট কেনা-বেচা হয়। সেখানে কারচুপি হচ্ছে। সেখানে প্রায় কয়েক শো কোটি টাকা ট্রানজাকশান হয়। সেখানে কৃষকরা বঞ্চিত হয় এবং তারা দাম পায় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কয়েকটা বিষয় বলতে

চাই যে, বর্তমান পরিস্থিতিতে সমগ্র ভারতবর্ষ যেদিকে যাচ্ছে, সেটা হচ্ছে—আকালের প্রত্যাবর্তন। ১৯৪২ সালে ৩ লক্ষ লোকের অনাহারে মৃত্যু। আবার সেই দিকে যাচ্ছে। গণবন্টন ব্যবস্থার মৃত্যু—খাদ্য সুরক্ষার অবসান। অনাহারই দরিদ্রদের ভবিতব্য। দরিদ্রদের অনাহারে রাখতে খরচ বাড়ছে। পেশাগত সুরক্ষার অবসান। কৃষিক্ষেত্রে কাঁচামালের মূল্যবৃদ্ধি খাদ্য উৎপাদন হ্রাস। আমদানিতে নিয়ন্ত্রণ নেই। ভর্তুকিপ্রাপ্ত কৃষিপণ্যের বাজার পূর্ণ। দরিদ্রদের জনখ্য ভর্তুকি নয়। চলবে রপ্তানিতে ভর্তুকি। চাষির জন্য ভর্তুকি নয়। থাকবে কর্পোরেশানে ভর্তুকি। দেশে ১৪০০টি পণ্য অবাধে ঢোকার ব্যবস্থা হয়েছে। তার ৮৫০টি কৃষিপণ্য। লক্ষণীয় বিষয় কার্গিলের মতো কোম্পানি গম একসপোর্ট করছে। আমাদের এখানে বি পি এলের গমের দাম, তার থেকে কম দামে গম পাচ্ছে এবং বিদেশে এক্সপোর্ট করছে এবং তাদের সহায়তা করছে। কৃষি বিপণন দপ্তরের মাধ্যমে সুপার মার্কেট করা দরকার। চেকিং পয়েন্ট বাড়ানো দরকার। আমাদের রাজ্যে বহু রাস্তাঘাট তৈরি হচ্ছে এবং এটা করতে বাধা কোথায় এবং এটা আমাদেরকে ভেবে দেখার জন্য বলব। এক্ষেত্রে সর্বদলীয় সিদ্ধান্ত দেওয়ার জন্য প্রস্তাব রাখছি। এবং এটা করতে বাধা কোথায়? এটা মাননীয় মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে বলব।

[4.05–4.15 p.m]

আরেকটা কথা হচ্ছে, একটা সর্বদলীয় সিদ্ধান্তের প্রস্তাব রাখছি। সেটা হচ্ছে আজকে পাটচাষিদের একটা ভয়াবহ পরিস্থিতির মধ্যে পড়তে হচ্ছে। আজকে তো তৃণমূল এখানে নেই। এরা অনেক সময় দেশের জন্য কাঁদেন। যদি তা সত্যি হয় তাহলে সবাই মিলে কেন্দ্রীয় সরকারের কাছে ডেপুটেশন দেবার জন্য একটা সর্বদলীয় প্রস্তাবের আবেদন রাখছি। আরেকটা হচ্ছে, পশ্চিমবঙ্গে কৃষিতে মারাত্মক অবস্থা দেখা দিয়েছে। একদিকে ২৩ বছরের জমির সেস চক্রবৃদ্ধি হারে করা হয়েছে এবং জলকর বাড়িয়ে দেওয়া হয়েছে। আগে যেখানে পার একর ছিল ৫ টাকা সেটা এখন ২৪০ টাকা গিয়ে দাঁড়িয়েছে। আমরা লক্ষ্য করছি আমাদের রাজ্যে বিভিন্ন দপ্তর থেকে যে জল পেয়ে থাকি, ক্যানেল সিস্টেমে বর্ধমান, বাঁকুড়া, হুগলি ও মেদিনীপুরে পেয়ে থাকি, তা একরপ্রতি ৫০ টাকা পড়ে। সমস্ত রাজ্যে ধানের দাম এক থাকলে জলকরের হারের বিভিন্নতা গ্রহণীয় নয়। এ ব্যাপারে একটা সমন্বয় দাবি করছি।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রীমতী ছায়া ঘোষ ৪ নম্বর দাবির অধীনে এবং কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রীকমল গুহ মহাশয় ৫ নম্বর দাবির অধীনে যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি। স্বাধীনতার পর থেকে কৃষিতে কিভাবে অগ্রগতি হয়েছে তা মাননীয় মন্ত্রী মহাশয় প্রতিটি পঞ্চবার্ষিক পরিকল্পনায় তুলে ধরে দেখাবার চেষ্টা করেছেন। স্বাধীনতার পরে এবং ১৯৭৭-৭৮ সালের আগে পর্যন্ত পশ্চিমবঙ্গ খাদ্যশস্যে একটা ঘাটতি রাজ্য ছিল। তারপর আমাদের দেশে খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি পেল এবং বর্তমানে আমরা এক্ষেত্রে একটা উদ্বৃত্ত জায়গায় পৌঁছেছি। ধান, সব্জি প্রভৃতি উৎপাদনে আমরা প্রথম হয়েছি। অথচ আমাদের দেশের কৃষিব্যবস্থা কতগুলি জিনিসের উপর নির্ভর করে—জমি, ভূমিসংস্কার, সেচ ব্যবস্থা এবং বিদ্যুৎ। এর উপর নির্ভর করে। আমাদের দেশের জনসংখ্যা যেভাবে বাড়ছে, তেমনি

সাংঘাতিকভাবে জমির পরিমাণও কমে যাচ্ছে। নতুন নতুন রাস্তা-ঘাট হচ্ছে, নতুন নতুন গ্রামগঞ্জ গড়ে উঠছে। একদিকে জমির পরিমাণ কমছে, অন্যদিকে লোকসংখ্যা বাড়ছে। বর্তমানে বৈজ্ঞানিক পদ্ধতিতে কৃষি ব্যবস্থায় উন্নতির ফলে এবং সেচ ব্যবস্থার সম্প্রসারণের ফলে এবং ভূমিসংস্কার সার্থকভাবে রূপায়িত হওয়ার ফলে এবং চাষির হাতে জমি চলে যাওয়ার ফলে আজকে আমাদের ফসলের ফলন এত বৃদ্ধি পেয়েছে। আমার সময় সংক্ষেপ, অনেক কিছু বলার থাকলেও সব কিছু বলা যাবে না, তাই আমি সংক্ষেপে কিছু কথা বলব। ধান উৎপাদনে আমরা প্রথম হয়েছি, কিন্তু যেভাবে সেচের দাম বাড়ছে, বিদ্যুতের দাম বাড়ছে, সারের দাম বাড়ছে, তার ফলে প্রডাকশন কস্ট অনেক বেশি হয়ে যাচ্ছে। সারের দাম এখন দ্বিগুণ বৃদ্ধি পেয়েছে কেন্দ্রীয় সরকারের ভর্তুকি তুলে দেওয়া জন্য। সুতরাং এখন এককাঠা জমিতে ধান উৎপাদন করতে যা খরচ হচ্ছে, বাজারে বিক্রি করে দেখা যাচ্ছে, তাতে লস হচ্ছে। আবার, আমরা দেখলাম চাষিদের কথা ভেবে সরকার থেকে চাল কেনার একটা ব্যবস্থা হয়েছিল। কিন্তু এমন সময়ে কেনা হচ্ছে, যখন কিনা গরিব চাষিদের ঘরে আর ধান থাকে না। তখন সেই ধান উচ্চবিত্তদের ঘরে চলে যায়। তারা সেই দাম পায়।

তারা দাম পাচ্ছে না, গরিব চাষিরা দাম পাচ্ছে না। সঠিক সময়ে চাষীদের কাছ থেকে ধান কেনার ব্যবস্থা করতে হবে। গরিব চাষিদের মিনিকিট দেওয়া হয়, কিন্তু সেই মিনিকিট টাইম টু টাইম দেওয়ার ব্যবস্থা করতে হবে। অনেক সময় দেখা যায় যে, মিনিকিট বণ্টন করতে করতে চাষের সময় পার হয়ে গেছে। তবে সর্বক্ষেত্রে, সবসময় যে এটা ঘটছে তা নয়, তবুও কিছু কিছু ক্ষেত্রে দেখা যাচ্ছে চাষের সময় পার হয়ে গেছে তারপর মিনিকিট দেওয়া হয়েছে। এর ফলে অসুবিধা হচ্ছে। মিনিকিট নির্দিষ্ট সময়ে চাষিদের কাছে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করতে হবে। পশ্চিমবঙ্গ ঘুরে দেখেছি যে, এবারে বেশি করে পাট চাষ হয়েছে। পাট খুব অর্থকারী ফসল, কিন্তু কস্টলি। পাট বোনা থেকে আরম্ভ করে ঘরে তোলা পর্যন্ত তার যে পরিচর্যা করতে হয়, তার জন্য প্রচুর খরচা হয়। কিন্তু চাষি পাটের দাম পাচ্ছে না বিক্রি করার সময়। কারণ পাট সব বড় বড় কোম্পানির ঘরে যাচ্ছে। জোতদারদের ঘরে চলে যাচ্ছে। এসব জিনিসগুলো বেড়ে যাচ্ছে। জে. সি. আই. পাট কিনছে না, পাটের দাম চাষিরা পাচ্ছে না। এদিকে লক্ষ্য রাখতে হবে। পাট যাতে জে.সি.আই কেনে সেটা দেখা দরকার। আমাদের দেশে জুটের ব্যবহার কমে যাচ্ছে, পলিথিনের ব্যবহার বেশি হচ্ছে। চটের ব্যবহার বেশি করতে হবে। শস্যবিমা চালু করতে হবে। কারণ খরা, বর্ষা, ঝড়ঝঞ্ঝা, শিলাবৃষ্টিতে ফসলের ক্ষতি হয়। সেই ফসলের দাম চাষিরা পায় না। শস্যবিমা যদিও চালু করার পদ্ধতি করা হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত সঠিকভাবে কার্যকরী করা হয় নি। কৃষকদের জন্য ওল্ড-এজ পেনশন চালু আছে, কিন্তু এটাকে আরও বাড়াতে হবে। আমি আরেকটা ব্যাপার বলছি যে, কৃষকদের পি. এফ.-এর টাকার ব্যাপারে কোন নির্দিষ্ট নিয়ম-কানুন চালু নেই। এজন্য একটা নির্দিষ্ট নিয়ম করা দরকার। যেমন কৃষক যদি ১০ টাকা দেয়, তা হলে সরকার দেবে ২০ টাকা, যাতে শেষ বয়সে কৃষক অনেক টাকা পায়। মার্কেটিং সোসাইটি সম্পর্কে আমি বলছি যে, আর এম. সি.-তে জনপ্রতিনিধিদের কোন স্থান নেই, সেখানে আমলাতান্ত্রিক ব্যবস্থা প্রবর্তিত আছে, তাঁরাই যা করেন, তাই হয়। এগ্রিকালচারের জন্য যে রাস্তাগুলো তৈরি করা হয় সেটা কি পদ্ধতিতে করেন, প্রতি ইয়ারে

কত কিলোমিটার রাস্তা করেন সেই পরিসংখ্যান আমাদের কাছে নেই, সেটা যদি বলেন তাহলে ভালো হয়। বহু জায়গায় আর.এম.সি চালু নেই। বহু জায়গায় রাস্তায় চেকপোস্ট বসিয়ে চাষিদের কাছ থেকে টাকা আদায় করা হয়। বহু জায়গায় এগ্রিকালচার গুডস্ কেনার কোন ব্যবস্থা নেই। চাষিরা যখন কোন এগ্রিকালচারাল গুডস্ বিক্রির জন্য যায় তখন রাস্তার পয়েন্টে আটকে দিয়ে চাষিদের কাছ থেকে টাকা আদায় করা হয়। এভাবে তাদেরকে হয়রানি করা হচ্ছে। এই সম্পর্কে মাননীয়া মন্ত্রী মহাশয়া নিশ্চয় বলবেন। আমি সব পয়েন্ট বলার সময় পেলাম না। এই কথা বলে বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাটমোশানগুলোর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। (ধন্যবাদ)

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী শ্রী কমল কান্তি গুহ মহাশয় এবং মাননীয়া কৃষিবিপণন মন্ত্রী শ্রীমতী ছায়া ঘোষ মহাশয়া যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে এবং বিরোধী দলের পক্ষ থেকে আনীত কাটমোশানগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। আজকে হর্টিকালচার এবং ফুড প্রসেসিং ডিপার্টমেন্টেরও বাজেট বরাদ্দ পেশ করার ছিল। কিন্তু হর্টিকালচার এবং ফুড প্রসেসিং ডিপার্টমেন্টের মাননীয় মন্ত্রী শ্রী শৈলেন সরকার মহাশয় অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি আছেন, তাই সেই দপ্তরের বাজেট বরাদ্দ পেশ করা যাবে না— আমরা গতকাল বি.এ কমিটির বৈঠকে সিদ্ধান্ত নিলাম।

[4.15–4.25 p.m]

মাননীয় উপাধ্যক্ষ তিনি অসুস্থ, তিনি সুস্থ হয়ে এই সভায় ফিরে আসুন এই কামনা করি। কিন্তু আজ সংবাদপত্রে দেখলাম যে তাকে বলা হয়েছে তার দলের পক্ষ থেকে যে, তিনি পদত্যাগ করুন, পদত্যাগ করলে মালদা জেলা পরিষদে তিনি ভোট দিতে পারবেন। তাহলে কর্মাধক্ষের পদগুলিতে তার ভোটে নির্বাচিত হতে পারবে। কোন্‌টা সত্যি মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি বুঝতে পারছি না। শৈলেন বাবু অসুস্থ ছিলেন, তিনি পুরোপুরি সুস্থ হয়ে ফিরে আসুন। কিন্তু তার দল মালদা জেলা কমিটি থেকে বলা হচ্ছে— পদত্যাগ করুন, পদত্যাগ করলে ভোট দিতে পারবেন এবং কর্মাধ্যক্ষের পদগুলি দখল করতে পারবেন। সংবাদপত্রে একথা বলা আছে। একথা আমার নয় স্যার, আমি আপনাকে জানিয়ে রাখলাম যে এই কারণে বাজেট প্লেস করা যাচ্ছে না। অনেকে অনেক কথা বলেছে আমি একটা ছোট কথা বললাম। স্যার, সবসময়ই বলা হচ্ছে পশ্চিমবঙ্গে আমরা ভীষণভাবে এগিয়ে গেছি সব দিক থেকে। বিরোধী দলে থাকি আর যে দলেই থাকি, এটা নিশ্চয়ই ভাল। কিন্তু স্যার আমি একটা কথা আপনাকে বলছি যে, স্টেট ওয়াইজ প্রোডাকশান ১৯৯৭-এর যে রিপোর্ট আছে সেই রিপোর্টে বলা আছে, এগ্রিকালচার স্ট্যাটিসটিক্স অ্যাট এ গ্ল্যান্স যেটা বের করেছে নিউ দিল্লি থেকে গভর্নমেন্ট অফ্ ইন্ডিয়ার মিনিস্ট্রি অফ্ এগ্রিকালচার, তাতে যে পরিসংখ্যান দিয়েছে আমি সব উল্লেখ করতে চাইছি না। আমি শুধু বলছি রাইস প্রোডাকশানের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ৬ নম্বরে আছে। অন্ধ্রপ্রদেশ, জম্মু, কাশ্মীর, কর্নাটক, পাঞ্জাব এবং তামিলনড়ুর পরেই পশ্চিমবঙ্গের স্থান। গমের ক্ষেত্রেও আমরা ৬ নম্বরে আছি। গুজরাট, হরিয়ানা, পাঞ্জাব, রাজস্থান এবং উত্তরপ্রদেশের পরে আছে

পশ্চিমবঙ্গ। আমি তাই আপনাকে বলছি যে স্বাধীনতার পরে আমরা কোনদিনই চাল উৎপাদনে প্রথম স্থানে ছিলাম না? ১৯৭৬-৭৭ সালের ইকনমিক রিভ্যুউ থেকে পড়ছি। তাতে বলা হচ্ছে—

West Bengal's contribution in Agricultural Production - in real terms, West Bengal is the highest producer of both rice and jute. In 1974-75, the state produced 65 lakh tonnes of rice and 26 lakh bales of fibres.

স্যার, এর দ্বারা কি প্রমাণিত হয় যে আমরা প্রথম থেকে কোন্ জায়গায় ছিলাম? হঠাৎ আমরা রাতারাতি এই জায়গায় এসে দাঁড়িয়ে পড়লাম। এখান থেকে আমরা বলতে পারি যে আমরা চাল উৎপাদনে, গম উৎপাদনে, পাট উৎপাদনে আমরা এই রাজ্যে প্রথম হয়েছি? স্যার, আপনার কাছে বইয়ের তথ্য পৌঁছে দিতে পারি, যার থেকে আমি এগুলি বললাম। আমি আর একটি কথা বলব, সব থেকে বড় কথা হল মাননীয় কমলবাবু, এখানে আছেন, দীর্ঘদিনের বিদগ্ধ বিধায়ক, আজকে মন্ত্রী, তিনি সত্য কথাই বলেন। আবার কখনও কখনও ফিরিয়ে নেন। তিনি নিজেও একটি জিনিস দেখবেন যে অন্ধ্র ৩০.৫০ লক্ষ হেক্টর জমিতে চাল উৎপাদন করে তার থেকে আমরা অনেক বেশি চাল উৎপাদন করেছি। বিহারে ৫.০০ লক্ষ হেক্টর জমিতে, উড়িষ্যায় ৪০.৪৬ লক্ষ হেক্টর জমিতে, উত্তরপ্রদেশে ৫০.৮০ লক্ষ হেক্টর জমিতে চাষ হয়, পাঞ্জাবে ২২.৮০ লক্ষ হেক্টর জমিতে চাষ হয় আর পশ্চিমবঙ্গে ৫৯.০০ লক্ষ হেক্টর জমিতে চাষ হয়। আর একটি তথ্য স্যার, আপনাকে দেব, যেটা কয়েকদিন আগে সংবাদপত্রে পড়েছিলাম।

রাজীব গান্ধী ইনস্টিটিউট অব কনটেমপোরারি স্টাডিস-এর পক্ষ থেকে সর্বভারতীয় ক্ষেত্রের একটা তুলনামূলক মূল্যায়ন করা হয়েছিল এবং 'ইন্ডিয়া টু ডে' পত্রিকায় সেটা বেরিয়েছিল। তাতে দেখছি কৃষিক্ষেত্রে ভারতবর্ষের মোট ১৯টি রাজ্যের মধ্যে পশ্চিম বাংলার সংস্থান ১৯৯০ সালে ছিল একাদশ, সেটা এক কমে এখন হয়েছে দশম। এই হচ্ছে আমাদের রাজ্যের অবস্থা। কমলবাবু এখানে কিছু সত্য তথ্য পরিবেশন করার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। বামফ্রন্ট সদস্যরা এবং বামফ্রন্টের কর্মীরা এখানে এবং বাইরে পঞ্চায়েত নির্বাচনের সময়, বিধানসভার নির্বাচনের সময়, লোকসভার নির্বাচনের সময় একটা কথা বলেন, তা হচ্ছে "উচ্চ ফলনশীল ধান চাষের ফলন আনল কে — বামফ্রন্ট আবার কে?" কেউ কি আবার বলেন ঃ "উচ্চ ফলন আনল কে, সিপিএম, আবার কে"। খুব সুন্দর সংলাপ। অথচ কমলবাবু নিজে তাঁর এই বিবৃতির মধ্যে বলছেন, ষাটের দশকের মাঝামাঝি ধান ও গমের অধিক ফলনশীল জাতের প্রচলন, সেচের সুযোগ সৃষ্টি, সারের বর্ধিত ব্যবহার এবং অন্যান্য প্রয়োজনীয় জোগানের মাধ্যমে উৎপাদনের মাত্রা যথেষ্ট বৃদ্ধি করা গিয়েছিল। বিভিন্ন রাজ্য ও কেন্দ্রীয় প্রকল্প এবং কেন্দ্রীয় সাহায্যপুষ্ট ফসল উন্নয়ন কর্মসূচি / প্রকল্প যথা অ্যাকসেলারেটেড ফুড প্রোডাকশান প্রোগ্রাম (এ.ফে.পি.পি.) ইনটিগ্রেটেড প্রোগ্রাম ফর সিরিয়াল ডেভেলপমেন্ট (আই.পি.সি.ডি), ন্যাশনাল পালস্ ডেভেলপমেন্ট প্রোজেকষ্ট (এন.পি.ডি.পি.) সূর্যমুখী সহ তৈলবীজ উন্নয়ন, স্পেশাল জুট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এস.জে.ডি.পি), আলু, আখ প্রভৃতির উন্নয়ন কর্মসূচি

ইত্যাদি সূচিত হয়েছে যাতে দ্রুততর হারে সর্বাত্মক কৃষি উৎপাদনে উন্নিত ঘটানো যায় এবং কৃষক গোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন সাধিত হয়। এর মধ্যে দিয়েই এখানে এই ব্যাপক অগ্রগতি সম্ভব হয়েছে এবং এ কথাগুলো আমার নয়, কমলবাবুর। তা যদি হয়ে থাকে তাহলে এখানে ১৯৭২, ১৯৭৩, ১৯৭৪, ১৯৬২, ১৯৬৪ ইত্যাদি বলে কোন লাভ নেই। এটা জানার পরে আপনাদের আর কথা বলার কোন সুযোগ নেই, আপনাদের নীরব হয়ে যাওয়া উচিত। এবার নীরব কার দাও হে তোমার মুখর কবিয়ে। কমলবাবু আপনাদের একদম নীরব করে দিয়েছিল। তার জন্য আমি কমলবাবুকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি, তিনি সহজ সত্যি কথাটা বাজেটে উল্লেখ করেছেন।

মাননীয়া মন্ত্রী ছায়া ঘোষ মহোদয়া তাঁর বাজেট বিবৃতিতে সত্যি কথাই বলেছেন। যে বরাদ্দ এখান থেকে মঞ্জুর করা হয় সেই সম্পর্কে তিনি আশঙ্কা প্রকাশ করেছেন। বরাদ্দকৃত টাকা পাবেন কিনা তা নিয়ে তিনি আশঙ্কা প্রকাশ করেছেন এবং সেই সঙ্গে তিনি উল্লেখ করেছেন,

For the financial year 2002-2003 we have not yet received any fund from the State Budget for construction of market infrastructure and market services and for construction of market link roads linking village to the markets.

অর্থাৎ উনি বলছেন, গত বছর বাজেটে যে টাকা বরাদ্দ করা হয়েছিল সেই বরাদ্দকৃত অর্থ উনি ব্যয় করার জন্য পাননি। সুতরাং এবারের বাজেটের যে কি অব্যবস্থা হবে, সে বিষয়েও যথেষ্ট সন্দেহ রয়েছে।

স্যার, এই সঙ্গে আমি উল্লেখ করছি যে প্রতি বছররের মতো এ বছরও প্রাকৃতিক বিপর্যয় দেখা দিয়েছে। হাওড়া হুগলি সহ রাজ্যের বিভিন্ন জেলায় শিলাবৃষ্টি হয়েছে। আমাদের হাওড়া জেলায় আমি দেখেছি যে চাষি তার জমি থেকে গুণগত ৪০ মণ ধান আশা করেছিল, সে এবারে চার মণও পাবে কিনা সে বিষয়ে তার সন্দেহ রয়েছে। এই সংক্রান্ত প্রাকৃতিক বিপর্যয়ে বিপর্যস্ত চাষিদের ক্ষতিপূরণ দেয়ার, সাহায্য করার, ঋণ দিয়ে পরবর্তী চাষের সুযোগ করে দেয়ার জন্য আমরা দাবি জানিয়েছিলাম। কিন্তু আমাদের সেই দাবি পূরণ করা হয়নি। মাননীয় কৃষিমন্ত্রী, আপনি এ বিষযে আমার চেয়ে অনেক বেশি ওয়াকিবহাল। সুতরাং এ বিষয়ে আপনি কি চিন্তাভাবনা করছেন তা আশা করব আপনি আপনার জবাবি ভাষণে বলবেন, যদিও আপনি কাল নষ্টের কথা বাজেট বিবৃতিতে উল্লেখ করেছেন।

[4.25–4.35 p.m.]

আপনি কি বলবেন? এদের জন্য কি করবেন? যেখানে রেকর্ড হয়েছে, সব কিছু হয়েছে, সেখানে ক্ষতিগ্রস্ত কৃষকরা কি করবে? শস্যবিমার কথা অতীশবাবু বলেছেন। সুতরাং আমি এই সম্পর্কে বেশি কিছু বলবো না, শুধু দু-একটি কথা বলছি। এই শস্যবিমার আওতায় ৫ থেকে ৬ পারসেন্ট চাষিকে আনতে পেরেছেন। কিন্তু এই শস্যবিমার কোন বিকল্প নেই। পশ্চিমবাংলার চাষিরা যদি এই শস্যবিমার আওতায় না থাকে— বন্যা হতে পারে, খরা হতে পারে, ঝড়

হতে পারে, শিলাবৃষ্টি হতে পারে, তাহলে চাষিরা কোথায় যাবে? চাষিরা তো মারা পড়ে যাবে। বর্তমান বন্দোবস্ত বি. ডি. ও অফিস থেকে করা হয়। কিন্তু এত জটিলতার মধ্যে চাষিরা যেতে পারছে না। তাই আমি আপনাকে অনুরোধ করবো, এই শস্যবিমা কিভাবে চালু করা যায়, তার জন্য আপনার অফিসারদের সঙ্গে বৈঠক করে হোক, কিংবা পার্টির সঙ্গে মিটিং করে হোক অথবা ডি.এম দের সঙ্গে সভা করে হোক অর্থাৎ যেভাবেই হোক করা দরকার, সমস্ত কাজ বাদ দিয়ে কৃষি বিমার ব্যাপারে গুরুত্ব দিয়ে দেখুন, তাহালে কৃষকরা উপকৃত হবে। আলুর উৎপাদন ভীষণভাবে বেড়েছে। ভারতবর্ষের অন্যান্য রাজ্যেও - যেমন, উত্তরপ্রদেশ, কর্নাটক প্রভৃতি এইসব রাজ্যেও আলুর উৎপাদন হচ্ছে। তাহলে আমরা কি করবো? এর দুটি পথ আছে, একটা পথ হচ্ছে, আলু কোল্ড স্টোরেজে রাখবো এবং তার জন্য কোল্ড স্টোরেজের সংখ্যা বাড়াতে হবে। মাননীয়া মন্ত্রী শ্রীমতী ছায়া ঘোষ বললেন, আলু রাখার জন্য আমরা কোল্ড স্টোরেজের সংখ্যা বাড়ানোর চেষ্টা করছি। কিন্তু কত পরিমাণ আলু রাখতে পারবেন? ৩৫ লক্ষ মেট্রিক টন, তার বেশি রাখতে পারবেন না। এই ৩৫ মেট্রিক টন রেখে যদি ৮৫ লক্ষ মেট্রিক টন ফসল উৎপাদন হয় তাহলে বাকি প্রডাকশনের জন্য — আমি ১০/১২ লক্ষ মেট্রিক টন ছেড়ে দিলাম— আলু কোথায় থাকবে? ফলে আলু চাষিদের আলু বিক্রি হচ্ছে না আর তারা কোল্ড স্টোরেজেও রাখতে পারছে না। এর ফলে ফড়েদের উৎপাত বাড়ছে, তারা চাষিদের কাছে যাচ্ছে, চাষিরা ফড়েদের কাছ থেকে স্লিপ নিচ্ছে আর আলু ঐ ফড়েদের কাছে কম দামে বিক্রি করছে। এর ফলে ফড়েরাই লাভবান হচ্ছে। সুতরাং এই মিডিলম্যান, এই দালালদের হাত থেকে আলুচাষিদের আপনি বাঁচাতে পারেন কিনা দেখুন। কৃষকদের জন্য আপনি যদি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করেন, তাহলে পশ্চিমবঙ্গের আলুচাষিরা আলুর দাম পাবে না, চাষিদের আবার আত্মহত্যা করতে হবে। আপনারা বলেছেন, আলুচাষিদের আলুর উপর ৭ টাকা ভরতুকি দেওয়া হবে, যদি তারা বাইরে আলু বিক্রি করে। কে করবে? মাননীয় কৃষি বিপণনমন্ত্রী, আপনি দয়া করে বলবেন, অন্য রাজ্যে ধরুন উত্তরপ্রদেশে আলু পাঠাতে হলে কে ব্যবস্থা করবে, কে কিনবে? কারা ব্যবস্থা করবে, কোন জায়গার চাষিরা বিক্রি করবে— এই বন্দোবস্ত না করেই মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলে দিলেন ৭ টাকা করে ভরতুকি দেব। আলু কে কিনবে, কে বিক্রি করবে এইসব অরগ্যানাইজড মেশিনারির বন্দোবস্ত যদি না করা হয় তাহলে আলুচাষিরা এর সুফল পাবেন না। সুতরাং এই মেসিনারির ব্যবস্থা তৈরি করতে হবে। চাষিদের জানাবে কে? আই. টি. চাষিদের সহায়তা করছে না, ওয়েব-সাইডে চাষিরা আসবে না, অন্য কোথাও খবর পায় না। আপনার পঞ্চায়েত অফিস আছে, বিডিও অফিস আছে অথবা থ্রু মিডিয়া এই জিনিসের যদি ব্যবস্থা করা হয় তাহলে হতে পারে। আর একটি ছোট্ট কথা মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়কে বলছি, আপনি বড় বড় করে সিড ফার্মের কথা বলেন। পশ্চিমবঙ্গে এই সিড ফার্মের কত লক্ষ বিঘা, কত হাজার বিঘা জমি আছে তার পরিমাপ করেছেন? এই বিষয়ের সাবজেকট কমিটির সদস্য হিসাবে বিভিন্ন জেলায় ঘুরে ঘুরে দেখেছি, বহু জায়গায় হতাশা ছাড়া আর কিছু নেই। আপনার সিড ফার্মে গাড়ি আছে, লোকজন আছে, কিন্তু ওয়ান ফোর্থ ল্যান্ডে সিড তৈরি হচ্ছে না। এর দুটি পথ আছে, হয় আপনাকে কিছু সিড ফার্ম বন্ধ করে দিতে হবে, দিয়ে কিছু সিড ফার্ম আধুনিকীকরণ করতে হবে। কারণ এতো সিড কোথা থেকে আসবে? মাননীয়

সদস্য শ্রী অতীশ চন্দ্র সিংহ মহাশয় বললেন, বিভিন্ন জেলায় যে মিনিকিট দেওয়া হয় তা দলীয় স্বার্থে ব্যবহার হচ্ছে। উনি ঠিকই বলেছেন। যদি ওঁর কথা সত্য না, হয় তাহলে এতো সিড আপনি সাপ্লাই করতে পারবেন চাষিদের কাছে যতখানি হওয়া উচিত? আমি উত্তরবঙ্গের বিভিন্ন জায়গায় গিয়ে দেখেছিলাম অসহনীয় দৃশ্য, ভাবা যায় না। উত্তরবঙ্গের কথা বলুন আর দক্ষিণবঙ্গের কথা বলুন, এই সিড ফার্মগুলির বন্দোবস্ত করার চেষ্টা করবেন যাতে সিড ফার্মগুলিকে কাজে লাগানো যায়। এতো জায়গার দরকার যদি না থাকে তাহলে অন্য কাউকে দিতে পারেন সিড ফার্ম করতে কিংবা ফিস ফার্ম করতে।

আমাদের বাগনান ব্লক(১)-এ অনেকখানি জায়গা আছে। আমি অনেকবার বলেছি যে এটা সি.এ.ডি.সি.কে দিয়ে দিন, ওখানে ফিস ফার্ম করুক, ওরা ওখানে ট্রেনিং দিক। ওরা জায়গা পাচ্ছে না। আপনার দপ্তরের জায়গা অন্য দপ্তরকে দেওয়া যায় না। এই ব্যাপারে খুব গঠনমূলক চিন্তাভাবনা নিয়ে আপনার মতো মানুষ যদি এগিয়ে না আসে, তাহলে কোন কিছু হবে না। মাননীয় ইয়াকুভ সাহেব ওনার রেকমেনডেশানে উনি বলেছেন ফুল চাষের উপর গুরুত্ব দিতে হবে বেকার সমস্যা দূর করার জন্য। ফুল চাষে জনসাধারণকে আরো উৎসাহিত করতে হবে। আমি বলছি উৎসাহিত আপনি হন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি এই প্রশ্ন বারে বারে রেখেছি, এই বিধানসভায় আপনি যখন ছিলেন না, তখনও আমি এই প্রশ্ন রেখেছি। ফুল চাষ এখন ব্যাপকভাবে হচ্ছে মেদিনীপুর জেলায় এবং হাওড়া জেলার পশ্চিম অঞ্চলে। কোলাঘাট, মেচেদা, পাঁশকুড়া এই সারাউডিং বেল্টটা তার সঙ্গে সঙ্গে হাওড়া জেলার বাগনান, শ্যামপুরের কিছু অংশ ব্যাপকভাবে ফুল চাষ হচ্ছে। আমতা থানার কিছু অংশে ফুল চাষ আরম্ভ হয়েছে। ফুলের মারকেট আছে, ক্রেতা আছে, কিন্তু ফুলের রক্ষণা-বেক্ষণ নেই। আপনি বললেন যে দেউলটিতে একটা ফুলে কোল্ড স্টোরেজ করবেন। এখনও পর্যন্ত তার অগ্রগতি নজরে পড়ছে না। কতটা অগ্রগতি হয়েছে দৈউলটিতে কোল্ড স্টোরেজের সেটা আপনি বলবেন। ফুল সংরক্ষণের ব্যবস্থা করুন। চাষিরা মার্কেট দেখে বুঝতে পারবে যে ফুলের এই মার্কেট যাচ্ছে, তাহাল যদি তাদের বিক্রি করার. দরকার হয় বিক্রি করবে, না হয় সে রেখে দেবে। আমি যে ট্রেন দিয়ে যাতায়াত করি, সেই ট্রেনে ফুল আসে। আমি নিজের চোখে দেখেছি ট্রেনে করে চাষীরা ফুল নিয়ে আসছে, ট্রেন অবরোধ হয়ে গেল, সিগনাল নেই, ট্রেন বন্ধ হয়ে গেল, চাষিরা হাজার হাজার টাকা ফুল ট্রেন থেকে ফেলে দিচ্ছে। তারা বলছে ফুল নষ্ট হয়ে গেছে। ওই ফুল আর বাড়িতে নিয়ে গিয়ে কি করবো, বাড়িতে নিয়ে গিয়ে দুর্গন্ধ ছড়াতে পারবো না। এই ফুল কয়েক ঘন্টার মধ্যে নষ্ট হয়ে যায়, এর মধ্যে যদি বিক্রি করতে না পারে, তাহলে ফুল নষ্ট হয়ে যাবে। এই বিপর্যয়ের হাত থেকে চাষিদের বাঁচাবার একমাত্র উপায় হচ্ছে ফুলের কোল্ড স্টোরেজ করা। এই বিষয় নিয়ে বিগত ৬ বছর ধরে এই বিধানসভায় চিৎকার করে আসছি, আপনাকে এই কথা শুনিয়েছি, আপনার দপ্তরকে এই কথা শুনিয়েছি। কিন্তু আজ পর্যন্ত কিছু করা হয়নি। যার ফলে চাষিরা যে জায়গাতে ছিল, সেই জায়গাতেই দাঁড়িয়ে আছে। যে অবস্থায় পড়েছিল সেই অবস্থায় পড়ে আছে। আপনাদের জন্য তারা মাশুল দিচ্ছে। আপনাকে অনুরোধ করছি আপনি বিষয়টি খুব সিরিয়াসলি দেখুন। আপনি এবার রেগুলেটিং মারকেটের কথা বলেছেন।

রেগুলেটিং মারকেট যতগুলো হয়েছে, সেই রেগুলেটিং মার্কেটগুলো কমপ্লিট করতে পেরেছেন ? রেগুলেটিং মারকেটগুলো কমিটি হয়নি। বামফ্রন্টের একজন মাননীয় সদস্য সঠিক কথা বলেছেন যে রেগুলেটিং মার্কেটে জনপ্রতিনিধিদের নিতে হবে। আপনার যে এলাকার মার্কেট সেই এলাকার জনপ্রতিনিধি নেন। যে অ্যাসেম্বলী কনস্টিটিউয়েন্সীতে মার্কেট সেই অ্যাসেম্বলী কন্সটিটিউয়েন্সীর জনপ্রতিনিধি মার্কেট কমিটিতে আছে। কিন্তু অনেক কৃষক সেই অ্যাসেম্বলী কনস্টিটিউয়েন্সীর বাইরে থেকে আসে সেই রেগুলেটিং মার্কেটে। কিন্তু কমিটিতে অন্য এলাকার জনপ্রতিনিধি স্থান পাচ্ছে না। যার ফলে কমিটি ভাল করে কাজ করতে পারছে না। আপনি বাজার তৈরি করবেন বলেছেন। বাগনানে রেগুলেটিং মার্কেট তৈরি হওয়ার কথা। এই সম্পর্কে কি বন্দোবস্ত হতে যাচ্ছে? সঠিকভাবে এই কাজকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আপনাকে অনুরোধ করছি। আপনি টোল তুলছেন। আপনি আমার এক প্রশ্নের জবাবে এখানে দাঁড়িয়ে বলেছিলেন যে হ্যাঁ, এখানে দুর্নীতি আছে। আপনি স্বীকার করেছেন তার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনার টোলের জন্য ভিজিলেন্স আপনার দপ্তরে রাখুন। সেই ভিজিলেন্স লক্ষ্য করবে বিভিন্ন জায়গায়, টোল থেকে যে টাকা তোলা হচ্ছে সেই টাকা তোলার মধ্যে কোথাও কোন দুর্নীতি আছে কিনা, অন্য কোন ব্যাপার আছে কিনা। এটা না থাকার জন্য আপনার আরনিং কমে যাচ্ছে। এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী অনেক দিন আগে হতাশা প্রকাশ করেছিলেন, ক্ষুব্ধ হয়ে এই দপ্তর সম্পর্কে বলেছিলেন এটা কি হচ্ছে। আমরা এটা শুনেছি সেই জন্য এই ব্যাপারটা বলছি। আমার শেষ কথা, পরিকল্পনাখাতে আপনাকে সমান গুরুত্ব দিতে হবে। পরিকল্পনা বহির্ভূত খাতে আপনাকে টাকা দিতেই হবে, তা না হলে কর্মচারীরা আপনাদের বিরুদ্ধে চলে যাবে, আন্দোলন করবে। পরিকল্পনা বহির্ভূত খাতে টাকা কমান আর না কমান, এই বছর পরিকল্পনা খাতের টাকা সরকারের কাছ থেকে যেমন করেই হোক আপনাকে আদায় করতেই হবে।

[4.35–4.45 p.m]

পরিকল্পনা খাতের জন্য বিভিন্ন প্রকল্পে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে টাকাটা আপনারা পান কোন কোন ক্ষেত্রে ৭০/৭৫ শতাংশ টাকাও পান, সেটা যাতে আদায় হয় তার দিকে নজর অবশ্যই রাখতে হবে। এক্ষেত্রে শ্রমিকদের সহযোগিতা চাইলে নিশ্চয়ই সে সহযোগিতা আমরা করবো। কিন্তু উন্নয়নের খাতের টাকা যদি কমিয়ে দেন, তাহলে কখনওই কৃষির উন্নয়নের দাবি আপনারা করছেন, সেটা সম্ভব হবে না। এই বাজেটের মধ্যে কৃষকদের, চাষিদের উজ্জীবিত করার কোন ছবি আমরা দেখতে পাচ্ছি না বা তার কোন সমাধান পাচ্ছি না, তাই এই বাজেটের বিরোধিতা করে এবং কাটমোশানগুলো সমর্থন করে শেষ করছি।

শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি শুরুতে বাজেট বরাদ্দকে সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের আনা কাটমোশানগুলির বিরোধিতা করছি। স্যার প্রত্যেকবার কৃষি বাজেটের আলোচনার সময় মাননীয় সদস্য অতীশবাবুকে বলতে শুনি যে পশ্চিমবঙ্গের কৃষিক্ষেত্রে যে উন্নয়ন এবং উৎপাদনের ক্ষেত্রে যে বিকাশ বা সাফল্য তার সমগ্র কৃতিত্ব পশ্চিমবাংলার কৃষকদের, সরকারের নয়। স্যার আমি তার বক্তব্যের প্রথম অংশের সংগে

সহমত পোষণ করছি, নিশ্চয়ই এটা কৃষকদেরর সাফল্য। কিন্তু এই প্রসঙ্গে ওকে জিজ্ঞাসা করি, ওদের সময় তো এখানে কৃষকরা ছিলেন, এখনকার চেয়ে কৃষিজমিও বেশি ছিল, এখনকার চেয়ে লোকসংখ্যাও অনেক কম ছিল, তা সত্ত্বেও উনি কি ভুলে গিয়েছেন যে সেই সমগ্র আমেরিকা থেকে পি. এল. ৪৮০- তে গম আসতো এবং লোককে তা খেতে হত? উনি কি ভুলে গিয়েছেন যে তখন লঙ্গরখানা চালু ছিল এবং সেখানে মানুষের মিছিল ছিল। উনি কি ভুলে গিয়েছেন যে তখন ফুড ফর ওয়ার্কের খাদ্যের জন্য মানুষের মিছিল ছিল এবং সেই খাদ্য দিয়ে গরিব মানুষরা তাদের জ্বালা মেটাতো? উনি কি ভুলে গিয়েছেন যে তখন কাঁচকলা খাওয়ার প্রতিযোগিতা ছিল? তার কাছে আমার আরও জিজ্ঞাস্য, যখন কৃষক ছিল, জমিও ছিল তা সত্ত্বেও তখন কেন উৎপাদনের ক্ষেত্রে আমরা স্বনির্ভরতা অর্জন করতে পারিনি? আসল কথাটা হল, এই কৃষক সম্পদ এবং কৃষি সম্পদকেও ওরা পরিপূর্ণভাবে ব্যবহার করতে পারিনি। আর আমাদের জামানায় কৃষিক্ষেত্র অনেক কমে যাওয়া সত্ত্বেও—নানান বিকাশের জন্য কৃষিজমি কমে গিয়েছে—এবং জনসংখ্যা অনেক বৃদ্ধি পাওয়া সত্ত্বেও উৎপাদনের ক্ষেত্রে আমরা শীর্ষে উঠেছি এবং অনেক ক্ষেত্রে প্রথম সংস্থান পেয়েছি। এর প্রধান কৃতিত্ব নিশ্চয় কৃষকদের, কিন্তু একথা অস্বীকার করলে চলবে না যে, সম্পদকে পরিপূর্ণভাবে কাজে লাগানোর ক্ষেত্রে আমাদের সরকার তাদের পরিপূর্ণভাবে সহায়তা করেছেন। আমরা ভূমিসংস্কারের মাধ্যমে তাদের সহায়তা দিয়েছি, আমরা ৬৫ শতাংশ জমিকে সেচের আওতায় এনে তাদের সহায়তা দিয়েছি, ব্যাংকের মাধ্যমে মূলধন সরবরাহ করে তাদের সহায়তা দিয়েছি, পঞ্চায়েতের মাধ্যমে কৃষি উপকরণ এবং কৃষির তথ্য সরবরাহ করে তাদের সহায়তা দিয়েছি এবং তার ফলেই এখনকার কৃষকরা পরিপূর্ণভাবে উৎপাদন করতে পেরেছে এবং তারা মাথা উঁচু করে দাঁড়িয়েছে। যে কৃষকদের জন্য পশ্চিমবাংলার এতো সাফল্য সেখানে দিনের পর দিন এর বাজেট কমে যাবে এটা কি প্রত্যাশা করবো? বারবার মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে আমাদের কৃষকদের অর্থনৈতিক অবস্থার উন্নতি ঘটেছে এবং তাদের ক্রয়ক্ষমতা বৃদ্ধি পাচ্ছে এবং এতে শিল্পের প্রসার ঘটার সম্ভাবনা তৈরি হয়েছে অথচ সেই কৃষকরাই কিন্তু ফসলের ন্যায্য দাম পাচ্ছে না। আমি রাজ্য সরকারকে ধন্যবাদ দেব কারণ সরকার তার সীমাবদ্ধ আর্থিক অবস্থার মধ্যেও কৃষকদের কিছুটা সাহায্য করছেন এক্ষেত্রে। এই প্রসঙ্গে একই সভার কাছে আমি একটি আবেদন রাখবো। কেন্দ্রীয় সরকারের যে সব প্রকল্প আছে— আই. সি. ডি. এস বা মিডডে মিল, খাদ্যের বদলে কাজ ইত্যাদি সেইসব প্রকল্পের জন্য যে খাদ্যশস্যের প্রয়োজন হয়, কেন্দ্রীয় সরকার কেন সেই খাদ্য পাঞ্জাব, হরিয়ানা থেকে আনবে, কেন পশ্চিমবাংলা থেকেই সেই খাদ্য কেনা হবে না? পশ্চিমবাংলা থেকে কিনলে এখানকার চাষিরা উপকৃত হবেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে এবং এই সভার সব দলের মাননীয় সদস্যদের এ বিষয়ে উদ্যোগী হওয়ার জন্য আমি অনুরোধ করছি। এবারে আমি শস্যবিমার প্রসঙ্গে আসছি। শস্যবিমা না হলে কৃষকরা বাঁচবে না। মাননীয় মন্ত্রী মহাশয় এ বিষয়ে উদ্যোগ নিয়েছেন, কিন্তু সেই উদ্যোগ অত্যন্ত সীমিত। মাত্র একটি ব্লকে এখন পরীক্ষামূলকভাবে শুরু করেছেন। মৌজাভিত্তিক করে সমস্ত ব্লকে এটা হওয়া দরকার। কেন্দ্রীয় সরকারের কিছু প্রকল্পে আমরা অনুদান পাই। এ সম্বন্ধে মাননীয় ইয়াকুব সাহেব তাঁর রিপোর্টে বলেছেন যে এক্ষেত্রে সব ম্যাচিং প্যাণ্ট আমরা দিতে পারি না।

আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাবো, কেন আমরা দিতে পারলাম না, এর জন্য মূল্যায়ন প্রয়োজন যে, এর জন্য দায়ী কে— আপনার দায়িত্ব, না অন্য কারও? এটা নিয়ে আপনারা নিজেদের মধ্যে আলোচনা করুন, যাতে টাকা ফেরত চলে না যায়। কৃষিতে নতুন কোন সাফল্য আনতে হলে আরও বেশি গবেষণা দরকার। কল্যাণী বিশ্ববিদ্যালয়ে তাঁরা গবেষণা করেছেন। সেই গবেষণাকে কৃষকের কাছে পৌঁছে দিতে পারলে, একগুচ্ছ যে গবেষণা হলো তা যদি কৃষকদের কাছে পৌঁছে দিতে পারি, তাহলেই উৎপাদন বাড়বে। আমাদের অনেক দুস্থ কৃষক আছে, তাদের রাজ্য সরকার পেনসন দেবার ব্যবস্থা করেছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাবো এই জন্য। অনেক জেলা পরিষদ তারা সময়মতো আবেদন জমা দিতে পারেনি, সেজন্য অনেক কৃষককে পেনসন দেওয়া যায়নি। আপনি গতবার বলেছিলেন, যেখানে জেলা পরিষদ সময়মতো আবেদন জমা দিতে পারেনি, সেখানে কৃষকরা যদি আবেদন জমা দেন, তাহলে আপনি সেই আবেদন মঞ্জুর করবেন। কোন কোন কৃষক তারা আবেদনপত্র জা দিয়েছিল, আপনি তা মঞ্জুর করেছেন। এই জন্য আমি আপনাকে অভিনন্দন জানাই। আর একটি কথা, এই পেনসন যদি কৃষকরা সময়মতো না পায়, দেখা যায় পেনসন পেতে পেতে আট মাস, দশ মাস, এক বছর লেগে যায়। স্যার, যাদের জন্য এই পেনসন, তারা যদি এটি সময়মতো না পায়, টাকা পেতে পেতে যদি সব শেষ হয়ে যায়, তাহলে এর সার্থকতা কোথায়? আমার সময় খুব অল্প। আমি বলবো, কৃষির সাফল্যকে যদি ধরে রাখতে হয়, যদি একে বিকশিত করতে হয়, সেক্ষেত্রে কৃষিজ সাফল্যকে যদি ধরে রাখতে হয়, যদি একে বিকশিত করতে হয়, সেক্ষেত্রে কৃষিজ উৎপন্নের উল্লেখযোগ্য একটা ভূমিকা আছে। দেখা দরকার সারা ভারতবর্ষে কৃষিজপণ্য কোথায় কি দামে বিক্রি হচ্ছে। কৃষি বিপণন দপ্তর তারা কম্পিউটারের মাধ্যমে এই মূল্য সংগ্রহ করেছে। দেখা যাচ্ছে উদ্যোগ আছে, সাধ আছে, কিন্তু টাকা নেই। আপনি গতবার বাজেটে টাকা দিতে পারেননি। এবারেও পারলেন না। কিন্তু যাঁরা করছেন তাঁরা অনেকটাই করছেন, কিছুটা হয়তো পারেননি। পশ্চিম মেদিনীপুরে এবং পূর্ব মেদিনীপুরে জমি আছে, কিন্তু টাকার অভাবে সেখানে নিয়ন্ত্রিত বাজার করে উঠতে পারেননি। তবে নিয়ন্ত্রিত বাজার যারা করেছে তারা কিছু কাজ তো করেছেন—তারা কিছু টিউবওয়েল করে দিয়েছে, রাস্তা বানিয়েছে মালপত্র নিয়ে আসার জন্য। কিছু বেকার যুবকদের তারা কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন। কৃষি বিপণন দপ্তরকে যদি স্বয়ংসম্পূর্ণ করতে হয়, তাহলে সেখানে ফসল আনার সুবিধা করে দিতে হবে। তারা যাতে কম্পিউটার ব্যবহারের সুযোগ পায়, মালপত্র আনার সুযোগ পায়, তার জন্য বরাদ্দ বাড়ানো উচিত বলে আমি মনে করি। কৃষকের উৎপাদনের পাশাপাশি দেখতে হবে সে যাতে তার উৎপন্ন সামগ্রীর উপযুক্ত দামটা পায়। সে যাতে তার উৎপাদন সামগ্রী বিপণনের সহজ সুযোগ পায়। আর তা না হয়ে, উৎপাদন হলো, কৃষক দাম পেল না, এই যদি অবস্থা হয়, তাহলে তার প্রভাব পড়বে শিল্পক্ষেত্রে। কারণ, আমাদের দেশে মোট জনসংখ্যার ৭৬ ভাগ হচ্ছে কৃষক। এই কৃষক যদি উপেক্ষিত থাকে, তাহলে শিল্পের বিকাশ কিন্তু সম্ভব নয়। শিল্পসামগ্রী কিনবে কারা? যারা কিনবে তাদের আয় যদি না বাড়ে, তাহলে কি করে শিল্পের উন্নতি হবে? মাঝে মাঝে প্রশ্ন ওঠে যে, হিসাবে নাকি গোলমাল আছে। চেকপোস্টে গোলমাল আছে। একথা যে একেবারে মিথ্যা তা নয়। গোলমাল কিছু হতে পারে। কিন্তু তা যাতে মেটানো যায় তার

জন্য নজরদারির ব্যবস্থা করতে হবে। কৃষিজ বিপণন ব্যবস্থা সুন্দর হবে, এই আশা প্রকাশ করি এবং কৃষি বিভাগ, বিপণন বিভাগ এবং সেচ বিভাগ এক সূত্রে গ্রথিত হয়ে যাতে উন্নতি ঘটে তার জন্য বরাদ্দ বাড়ানো হোক এই দাবি করে বিরোধীদের কাট মোশানের বিরোধিতা করে— যাঁরা মানুষকে খেতে দিতে পারেননি তাঁদের নৈতিক অধিকার নেই কিছু বলার—আমার বক্তব্য শেষ করছি।

[4.45–4.55 p.m]

শ্রী রামচরণ বাউড়ি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় কৃষিমন্ত্রী ২০০৩-০৪ সালের ৫ নং দাবি যে প্রস্তাবিত করেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। এবং বিরোধীদের আনা কাট মোশান যেগুলো আছে তার সম্পূর্ণ বিরোধিতা করে কৃষি সম্পর্কে কয়েকটি কথা বলছি। আমাদের প্রথম বক্তা শ্রদ্ধেয় অতীশ সিন্‌হা মহাশয় তিনি এই কৃষি সম্পর্কে কয়েকটি কথা বলছি। আমাদের প্রথম বক্তা শ্রদ্ধেয় অতীশ সিন্‌হা মহাশয় তিনি এই কৃষি ব্যবস্থাকে সম্পূর্ণভাবে সমর্থন করেননি। কেন করেননি তা ঠিক বুঝতে পেরেছি, কারণ ওনারা তো এক সময়ে পশ্চিমবঙ্গে কৃষি সমাজ এবং কৃষি ব্যবস্থাকে তো ধ্বংস করে দিয়েছিলেন, সুতরাং কি করে আজকে সমর্থন করবেন? তারপরে বিরোধী পক্ষের অসিত মাল, তিনি বললেন যে, ক্ষুদ্র এবং প্রান্তিক চাষিদের জন্য যে সমস্ত মিনিকিট সরকার কর্তৃক দেওয়া হত সেটা বন্ধ করে দিলেন। তিনি কি করে জানবেন যে, আজকে কৃষকদের আর্থিক অবস্থার উন্নতি হয়েছে, তাই মিনিকিট, বীজ আর কৃষকদের দেওয়া হয় না। তাঁরা এসব খবর রাখেন না, তাঁরা জানেন না। তাই একটা প্রবাদবাক্য আছে যে, 'চাটু নাহি জানে পিষ্টকের স্বাদ'। পিষ্টক মানে পিঠে এবং চাটু হচ্ছে একটা কাঠের ডান্ডা। সুতরাং কংগ্রেসিরা সেইরকম কৃষকদের মর্ম কি করে বুঝবেন। তাহলে তো আজকে কৃষক সমাজকে তাঁরা ধ্বংস করে দিতেন না। বামফ্রন্ট সরকারের আমলে আজকে গ্রামের কৃষকদের, গ্রামের মানুষদের উন্নয়নের একটা পরিবর্তন এসেছে। সেখানে দেখছি কৃষকদের যে ক্ষয়ক্ষতি হচ্ছে, সেখানে সেইভাবে সাহায্য করে কৃষকদের সমাজে মাথা তুলে দাঁড়ানোর প্রচণ্ড সহায়তা এই সরকার দিয়েছেন। স্বাধীনতার সময়ে আমরা কি দেখেছি এবং তারপরেও আমরা দেখেছি খাদ্যশস্য উৎপাদন হয়েছিল ৩৯.৩৩ লক্ষ টন। সেখানে আজকে বামফ্রন্ট সরকারের জমানায় ২০০১ থেকে ২০০৩ পর্যন্ত খাদ্যশস্যের উৎপাদনের পরিমাণ ১৬৫.০১ লক্ষ টন হয়েছে। এমন তো আগে হয়নি, তার কারণ হচ্ছে পশ্চিমবঙ্গ বামফ্রন্ট সরকার জন্ম লগ্ন থেকে কৃষি ব্যবস্থাটাকে ত্রিস্তর পঞ্চায়েতের মধ্যে নিয়ে একটা পরিকাঠামোগত পরিবর্তন আনতে সক্ষম হয়েছেন। সেখানে কৃষিতে সুযোগ সৃষ্টি করে এবং কৃষির সঙ্গে সমাজ ব্যবস্থার একটা নিবিড় সম্পর্ক রেখে পশ্চিমবঙ্গের বুকে এক উল্লেখযোগ্য পরিবর্তন নিয়ে এসেছে। আমরা দেখেছি নবম পরিকল্পনার চতুর্থ বর্ষে পশ্চিমবঙ্গে ৯টি জেলায় বিধ্বংসী বন্যা হয়েছিল এবং তাতে ৩, ৮৪৯.২৬ কোটি টাকার খাদ্যশস্যের ক্ষতি হয়েছিল আর খাদ্যশস্যের পরিমাণ ছিল ৪২, ৯৩৫ লক্ষ টন। এতে সরকার কিন্তু থেমে থাকেননি। কৃষক সমাজকে যাতে আরো উন্নত করা যায় তার জন্য ২২.৫০ কোটি টাকার শস্যের গম, সর্ষে, বোরো, মুসুর, ছোলা, চীনাবাদাম ইত্যাদি বীজ এবং ২৩,০১,৩৬৪ সংখ্যক মিনিকিট বিনা মূল্যে বিতরণ করেছিলেন।

এখানেও সরকার থেমে থাকেনি, ১৫০০ সংখ্যক পাওয়ার টিলার আজকে চাষিদের মধ্যে বিতরণ করেছেন এবং জেলা পরিষদগুলিকে ১২ কোটি টাকা অনুদান দিয়েছেন যাতে আজকে গ্রাম বাংলায় কৃষকরা তাদের ক্ষয়ক্ষতির ফলে যাতে পুনরায় তারা ধান গম শাক্সবজি চাষ করে তাদের যে ঘাটতি সেই ঘাটতিটা যাতে পুরণ হয়, সেইজন্য সরকার তার পরিকল্পনা গ্রহণ করেছেন। আমরা ইতিপূর্বে দেখেছি যে ২০০১-০২ সালে নবম পরিকল্পনার চূড়ান্ত বৎসরে খারিফ মরশুমে আবহাওয়ার পরিস্থিতি প্রতিকূল থাকলে জুন মাসব্যাপী মৌসুমি বায়ু, সক্রিয় থাকায় অতিরিক্ত বর্ষণ ঘটে, চাষিরা মার খায়, তাদের ফসলের পরিমাণ বৃদ্ধি কমে যায়। সরকার এখানে থেমে থাকে না, সরকার পরিমাণ বৃদ্ধি করতে রবিগ্রীষ্ম উৎপাদন কর্মসূচি গ্রহণ করেন; যার ফলে ১৯.৫০ কোটি টাকা এই সমস্ত চাষিদের বোরো ধান, সর্ষে, মুসুর, ছোলা, চীনাবাদাম ইত্যাদি বীজের মিনিকিটের বিতরণ করা হয়েছে। অর্থাৎ পশ্চিমবঙ্গ সরকারের এই সমস্ত প্রচেষ্টা ও ব্যবস্থার ফলে আজকে ভারতবর্ষের মধ্যে এরা খাদ্যশস্য উৎপাদনে প্রথম স্থান অধিকার করেছেন। এটাও আমরা লক্ষ্য করেছি যে অর্থনৈতিক প্রচেষ্টার ফলে যে উন্নয়ন এবং আজকে যেগুলি খরাপ্রবণ এলাকা বিশেষত আমাদের যে এলাকা বাঁকুড়া জেলা সেখানেও দেখেছি— পুরুলিয়া জেলা, বাঁকুড়া, মেদিনীপুর, বীরভূম এগিয়ে—খরা প্রবণ এলাকায় আজকে ওয়াটার শেড জল গবেষণা প্রকল্প নিয়েছেন। যার ফলে আজকে গরিব, ক্ষুদ্র কৃষক যারা রয়েছেন তাদের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটেছে এই প্রকল্পের জন্য এবং কর্মক্ষমতা বেড়েছে। আজকে কৃষককুল, চাষিদের কৃষির ক্ষেত্রে সচেতনতা লাভ করেছে, এই সময়ে সরকার যে ব্যবস্থা নিয়েছেন তার ফলে। যাই হোক, পুনরায় আমি আমাদের যে দাবি এটাকে সমর্থন করে, বিরোধীদের যে কাট মোশান এইগুলিকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী দেব প্রসাদ সরকার : মি: ডেপুটি স্পীকার স্যার, আজকে কৃষিতে এবং কৃষি বিপণন বিভাগ ৫ এবং ৪ নম্বর যে ব্যয়বরাদ্দ বাজেট এখানে পেশ করা হয়েছে, আমি সেই বাজেটের বিরোধিতা করে, আমার কাটমোশানকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে কেন, দীর্ঘদিন ধরে পশ্চিমবাংলায় কৃষি উন্নয়নের সাফল্য, কৃষি উৎপাদনের সাফল্যের কথা এই সরকার বারবার বলে এসেছেন এবং তাঁরা নয়া কৃষিনীতি গ্রহণ করতে যাচ্ছেন, তার তিনটি খসড়াও পেশ করা হয়েছিল এবং চতুর্থ খসড়া আমাদের অর্থমন্ত্রী তিনি পেশ করেছেন এবং তার যে কৃষিনীতি কাগজেকলমে এখনও গৃহীত না হলেও সরকার সেই নীতির দিকে এগিয়ে যাচ্ছেন। এখন এই কৃষিনীতির ক্ষেত্রে সরকারের যে সাফল্য, তারা অনেক ঢাকঢোল পিটিয়ে তাদের সেই সাফল্যের কথা বলছেন। কিন্তু এই খসড়ানীতি যা প্রকাশিত হয়েছে, আমাদের কাছে এসেছে, তাতে কিন্তু পশ্চিমবাংলার গ্রাম বাংলায় সংখ্যাগরিষ্ঠ সাধারণ মানুষ অর্থাৎ মধ্য নিম্ন প্রান্তিক চাষি যারা গ্রামের খেতমজুর তাদের স্বার্থে এবং তাদের দারিদ্র দুরবস্থার কথা সেই নয়া কৃষিনীতির মধ্যে বা তাদের বারংবার যে কৃষি বাজেট এসেছে সেখানে তার মধ্যে স্থান পায়নি।

[4.55–5.05 p.m.]

এর কোনো উত্তর পাওয়া যায়নি—কেন এই রাজ্যে বছর বছর কৃষকরা জমি হারিয়ে ভূমিহীন খেতমজুরে পরিণত হচ্ছে? কেন গ্রামীণ কৃষিমজুর তার সর্বস্ব হারিয়ে ফুটপাতবাসী হচ্ছে? কেন গরিব কৃষক তার ফসলের ন্যায্য দাম না পেয়ে আত্মহত্যার পথ বেছে নিচ্ছে? এই সমস্ত গ্রামীণ জীবনে সাধারণ মানুষের যে মৌলিক সমস্যা, এই রকম একটা ভয়াবহ সমস্যা আজকে কোন নীতির ফলে হয়েছে তার কোন ব্যাখ্যা, তার কোন বিশ্লেষণ আমরা এই কৃষি বাজেটের মধ্যে পাইনি। বরং তাদের বক্তব্যের মধ্যে এই ২৬ বছরের রাজত্বে পশ্চিমবাংলার কৃষি উৎপাদনের উন্নয়ন, তার সাফল্যের কথা তারা নানান তথ্য ও পরিসংখ্যান দিয়ে দেখাবার চেষ্টা করেছেন। আসলে এই সমস্ত তথ্য এবং পরিসংখ্যানের ভিত্তিতে তাঁরা দেখাতে চেয়েছেন ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলায় কৃষি উৎপাদনে এগিয়ে আছে। সেই তথ্য এবং পরিসংখ্যানের বিশ্বাসযোগ্যতা নিয়ে গুরুতর অভিযোগ আছে। এই সমস্ত তথ্য এবং পরিসংখ্যান তাদের মনগড়া, এটা বস্তুনিষ্ঠ তথ্য নয়। এই অভিযোগ আমার নিজের নয়, এই অভিযোগ করেছেন রাজ্য সরকারের নিয়োজিত মুখার্জি-ব্যানার্জি কমিশন। New Horizon for West Bengal Panchayat-Nirmal Mukherjee and D. Bandopadhyay Commission. এই কমিশনের রিপোর্ট ১৯৯৩ সালে পেশ হয়েছিল। এই কমিশন তার রিপোর্টে বলেছে, এই রাজ্যে কৃষি উৎপাদনের যে হিসাব, সেটা সবটাই কনজেকচারাল। আমি পেজ ২৬ এবং ২৭-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। All estimates of agriculture production remain conjectural. How the figures have been arrived at is a mystery considering that no one knows the crop acreage, the statistical base was week, crop acreage being guess work in the absence of crop recording system. ফলে টোটাল জিনিসটাই কনজেকচারাল এবং এটা অত্যন্ত দুর্বল এবং ক্রপ একারেজ গেস ওয়ার্কের উপর নির্ভর, ক্রপ রেকর্ডিং সিস্টেম কিছু নেই। তাদের তৈরি করা তথ্য এবং পরিসংখ্যানই হচ্ছে এটার কারণ। ১৯৮০-র দশক পর্যন্ত এই কৃষি উৎপাদনের হিসাব রাখার দায়িত্ব ছিল 'ব্যুরো অফ অ্যাপ্লায়েড ইকনমিকস্ অ্যান্ড স্ট্যাটিসটিকস্' বলে একটি সংস্থার উপরে এবং সরকারী কৃষি দপ্তরের উপরে। সরকারী কৃষি দপ্তর কৃষি উৎপাদনের যে হিসাবটা দিত সেটা খানিকটা তাদের কোলে ঝোল টেনে দিত, এবং ব্যুরো অফ অ্যাপ্লায়েড ইকনমিকস্ অ্যান্ড স্ট্যাটিসটিকস একটা বস্তুনিষ্ঠ হিসাব দিত। এই দুটি সংস্থার গড় করে কৃষি উৎপাদনের হিসাব হত। কিন্তু '৮০-র দশকের মাঝামাঝি থেকে ব্যুরো অফ অ্যাপ্লায়েড ইকনমিকস্ অ্যান্ড স্ট্যাটিসটিকসকে বাদ দিয়ে দেওয়া হয়। এই রাজ্যে কৃষি উৎপাদনের ও খাদ্যশস্য উৎপাদনের হিসাব কৃষি দপ্তর তাদের ইচ্ছামতো দিত এবং সেটাকে বেদবাক্য হিসাবে মেনে নিতে হত। ফলে '৮০-র দশকের মাঝামাঝি থেকেই রেকর্ড ফলনের উৎপাদন হচ্ছে। এই হচ্ছে বিষয় স্যার। ফলে, সরকারের নিয়োজিত কমিশনের রিপোর্ট অনুযায়ী যে তথ্য, যার পরিসংখ্যানের ভিত্তি এত দুর্বল এবং যেটা কনজাকচ্যুরাল, এরকম একটা মনগড়া স্ট্যাটিসটিকসের উপর এই যে উন্নয়নের চিত্র আপনারা এঁকেছেন, যে সাফল্য দাবি করেছেন, কোন যুক্তিবাদী মানুষ সেটাকে

বিশ্বাসযোগ্য, নির্ভরযোগ্য বলে মেনে নিতে পারেনা। এস সমস্ত তথ্য দিয়ে আপনারা এমন একটা ভাব দেখাচ্ছেন যেন গ্রামবাংলার কৃষক, খেতমজুরদের কোন সমস্যা, কোন সঙ্কট নেই, যেন তারা দুধে-ভাতে আছে। অথচ বামফ্রন্টের রাজত্বের আসল চিত্রটা কি? আপনাদের ২৬ বছরের রাজত্বে গ্রামবাংলায় ভূমিহীন খেতমজুরের সংখ্যা বেড়েছে ৩০ লক্ষ। ১৯৮১ সালের সেনসাস রিপোর্ট অনুযায়ী ভূমিহীন খেতমজুরের সংখ্যা ছিল ৩৮ লক্ষ, এখন সেটা প্রায় ৭৫ লক্ষের মতো—এটা আরও বাড়ছে।

দুই নম্বর হচ্ছে, এই প্রান্তিক কৃষকদের সংখ্যা কমে গেছে ২ লক্ষ ৪৪ হাজার, এই ২৬ বছরে। তৃতীয় হচ্ছে, প্রান্তিক এবং নিম্ন চাষিদের হাত থেকে জমি হাতছাড়া হয়েছে ৪৭ লক্ষ ৬৩ হাজার বিঘে। এই হচ্ছে গ্রামবাংলার গ্রমোন্নয়নের বাস্তব চিত্র। এটা পশ্চিমবাংলার মানুষ, গ্রামবাংলার মানুষ মর্মে মর্মে উপলব্ধি করছেন। এই করুণ পরিণতি কেন? এই ২৬ বছরের বামফ্রন্টের রাজত্বে একদিকে কৃষিপণ্য উৎপাদনের খরচ, উপকরণের খরচ দিনের পর দিন বেড়ে যাচ্ছে। সার, বীজ, কীটনাশক ওষুধ, সেচের জল, এসবের খরচ ভয়ানকভাবে বেড়ে যাচ্ছে। অপর দিকে ফসলের লাভজনক দাম চাষি পাচ্ছে না। ডিস্ট্রেস সেল, অভাবী কসল বিক্রি করে দিচ্ছে, সরকার দাম দিচ্ছে না। এই দুটো কারণে চাষি ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং চাবিরা আত্মহত্যার পথ বেছে নিচ্ছে—প্রায়শঃই সংবাদপত্রে এই খবর বের হয়। চাষি, খেতমজুর বছরে ৩৬৫ দিনের মধ্যে গড়ে ১১৪ দিন কাজ পায়, ২৫১ দিনই বেকার থাকছে এবং যা পায় তাও ন্যূনতম মজুরি থেকেও অনেক কম। যার জন্য আজকে হাজার হাজার কৃষক মজুর গ্রাম ছেড়ে ফুটপাথবাসী হচ্ছে। এই মর্মান্তিক চিত্র আমরা দেখতে পাচ্ছি। কেন এই অবস্থা? সি.পি.এম., ফ্রন্ট সরকার যাই বলুক না কেন, কৃষক সমাজ, কৃষককুলের উন্নয়ন তারা চায় না। তাদের আসল উদ্দেশ্য দেশি-বিদেশি মালিককদের স্বার্থ রফা করা—যাদের সাহায্যে আজকে তারা গদিতে বসে আছে। দেশি-বিদেশি মালিনকদের অবাধ মুনাফা লুণ্ঠনের স্বার্থ বজায় রাখাই তাদের উদ্দেশ্য। তাদের স্বার্থে আজকে গ্রামবাংলার কৃষিক্ষেত্রকে কিভাবে তুলে ধরা যায়, সেটাই উদ্দেশ্য, অন্য কিছু নয়। ১৯৭৭ সালে, তখন জ্যোতি বসু মুখ্যমন্ত্রী, তিনি বললেন- মুক্ত অর্থনীতির ফলে কৃষি কাজে পুঁজি বিনিয়োগের যে সম্ভবনা দেখা দিয়েছে, তার পূর্ণ সুযোগ গ্রহণ করতে হবে এবং গ্রহণ করছেনও তাঁরা। ভূমিসংস্কার আইনের ১৪ জে ধারা সংশোধন করে সেখানে চাবাগানের জমি এবং রবার শিল্পের জমি তাদের দিয়ে দেওয়ার জন্য জমির উর্ধ্বসীমা শিথিল করলেন। সেখানে জোর করে চাষিদের উৎখাত করা হল। আমরা দেখতে পাচ্ছি আজকে উন্নয়নের নামে কিনা হচ্ছে। ঐ চাঁদমনি টি এস্টেট-চাঁদমনি চাবাগানের এতগুলো শ্রমিকের কাজ চলে গেল। ওরা উপনগরী গড়ে তোলার নামে এই চা বাগানের শ্রমিকদের উৎখাত করলেন।

[5.05–5.15 p.m.]

এবং তারা প্রতিবাদ করতে গেলে তাদের উপর গুলি চালিয়েছে সরকার। আজকে আপনারা উল্টেদিকে চলেছেন। আমরা ভূমিসংস্কার বলতে যা বুঝতাম এখন তা হচ্ছে না। যে জমি গরিব, ক্ষুদ্র, প্রান্তিক চাষিদের হাতে না দিয়ে মালিকদের হাতে কুক্ষিগত হচ্ছে। আজকে

ভূমিসংস্কার উল্টো দিকে স্থাপিত হয়েছে। আজকে আমরা দেখতে পাচ্ছি চাষিরা তাদের উৎপাদিত ফসলের ন্যায্য দাম পাচ্ছেন না। আজকে আমরা দেখতে পাচ্ছি যে ধানের দাম বেঁধে দেওয়ার হচ্ছে। কিন্তু সরকার যখন সেই ধান কিনছেন তখন চাষিদের হাতে ধান থাকছে না। ডিসট্রেস সেল হয়ে গেছে। আজকে এঁরা বলছেন যে এত কৃষি উৎপাদন হচ্ছে, ধান উৎপাদনে পশ্চিমবঙ্গ প্রথম স্থান অধিকার করে আছে। যেখানে আপনারা প্রায় দেড় কোটি ধান উৎপাদন করছেন, সেখানে চাষি তার উৎপাদিত ধানের সহায়ক মূল্য কত পায়। আজকে ফরোয়ার্ড ব্লকের একজন মাননীয় সদস্য বলছিলেন আজকে ডব্লু.টি.ও নীতির ভিত্তিতে আজকে কৃষিনীতি আনা হচ্ছে। যেভাবে পশ্চিমবাংলায় দেশি বিদেশি মহাজনি পুঁজি বিনিয়োয়গের সুযোগ করে দেওয়া হচ্ছে এটা অত্যন্ত উদ্বেগজনক। আজকে এই সরকার এক কোটি তিরিশ লক্ষ কৃষিকর্মীর কাছে দায়বদ্ধ নয়, তারা দায়বদ্ধ দেশি বিদেশি মালিকদের কাছে। আজকে তাই চাষিদের ফসল ন্যায্য দাম পায় না। কেন্দ্রীয় সরকার যেখানে দায়িত্ব নিচ্ছেন না, সেখানে রাজ্য সরকারকে বলব যে সীমিত ক্ষমতার মধ্যে এই সরকার কিছু ব্যবস্থা নিক। কেন্দ্রীয় সরকারের কাছে দাবি রাখতে হবে। নিশ্চয়ই সর্বদলীয় প্রতিনিধি নিয়ে যেতে হবে। পশ্চিম বাংলার জনসাধারণের, পশ্চিমবাংলার কৃষককের দাবি যদি কেন্দ্রীয় সরকার না মানতে চান আমাদের তার বিরুদ্ধে সংগ্রাম করতে হবে। কিন্তু পশ্চিমবাংলার রাজ্য সরকার তাঁরা এই গরিব, ক্ষুদ্র, প্রান্তিক চাষিদের প্রতি তাদের দায়বদ্ধতা প্রমাণ করার জন্য তাদের সীমিত ক্ষমতায় কিছু ব্যবস্থা গ্রহণ করুন। সাহায়ক মূল্য দিয়ে ধান কেনার ব্যবস্থা করুন। সহায়ক মূল্য দিয়ে পাট কিনে যাতে চাষিরা উপযুক্ত দাম পায় তার ব্যবস্থা করুন। আজকে এক বিশাল সংখ্যক চাষি এই পাট শিল্পের সঙ্গে জড়িয়ে আছে। এখানে জুট ব্যারন পাটের বাজারে যেভাবে শহরে বাড়ছে আন্তর্ভাতিক ক্ষেত্রের জুট ব্যারন পাটচাষিদের দুরাবস্থার সুযোগ নিয়ে কৃত্রিম অভাব সৃষ্টি করছে। পাটশিল্প রুগ্ন এই রকম একটা বাতাবরণ সৃষ্টি করে পাটচাষিরা যাতে বিক্রি করতে বাধ্য হয় তারা সেই চেষ্টাই করছে। সেই দিক থেকে জে সি আই তাদের ভূমিকা পালন করছে না। এখন কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে হবে যাতে জেসিআই তাদের দায়িত্বপালন করতে পারে এবং সীমিত ক্ষমতার মধ্যে রাজ্য সরকারও পাটচাষি এবং অন্যান্য চাষিদের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন। দ্বিতীয় কথা হচ্ছে খেতমজুররা সারা বছর কাজ পায় না। তারা মাত্র ১১৪ দিন কাজ পায় এবং সেখানে ন্যুন্যতম মজুরিও পায় না। আর একটা জিনিস আজকে কাগজে দেখলাম যে, বকেয়া খাজনা, সেস মুকুব করা হয়েছে। অথচ সেখানে সার্টিফিকেট পাওয়া যাচ্ছে না। যারা চাষি যাদের খাজনা মুকুব করা হয়েছে, তারা যখন রাষ্ট্রয়ত্ত ব্যাঙ্কের থেকে ঋণ নিতে যাচ্ছে, তারা ঋণ পাচ্ছে না। সেখানে তাদের বলা হচ্ছে যে খাজনা দেওয়া হয়েছে কিনা। আমি দেখলাম ভূমিরাজস্বমন্ত্রী রেজ্জাক মোল্লা দাবি করেছেন যে, রাজ্য সরকারের তরফ থেকে এদের খাজনা মুকুব করে দেওয়া হয়েছে এবং যে রাষ্ট্রয়ত্ত ব্যাঙ্ক থেকে ঋণ গ্রহণের ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি না করা হয়। আমরা বলেছিলাম বকেয়া ২২ বছরের সেস মুকুব করুন। এটা না করলে মারাত্মক অবস্থার সৃষ্টি হবে। আমি আগের দিন ভূমিসংস্কার দপ্তরের বাজেটে বলেছিলাম। আজকে কাগজে দেখলাম সরকার নাকি খাজনা মুকুব করছে। এই ব্যাপারে আমরা দীর্ঘদিন ধরে আন্দোলন

করেছিলাম। যদি প্রকাশিত সংবাদ সত্য হয়, তাহলে রাজ্য সরকারকে সাধুবাদ জানাচ্ছি। কৃষিককুল বকেয়া সেস আদায় করার বিরুদ্ধে আন্দোলন করছিল। যাই হোক আপনারা সেই আন্দোলনের মর্যাদা দিয়েছেন। এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী ছায়া ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিরোধী বন্ধু এবং সরকার পক্ষের বন্ধুদের বক্তব্য অনেকক্ষণ ধরে শুনলাম। আমার বিরোধী পক্ষের বন্ধুদের বক্তব্য শুনে মনে হল যে, কিছু কিছু মানুষ আছেন, তারা ঠিকমত খবর রাখেন না। আর রাখেন না বলেই তারা বিরোধিতা করছেন এবং কাটমোশান দিয়েছেন এবং এগুলি দিয়েছেন তারা সম্পূর্ণভাবে না পড়ে, না জেনেই দিয়েছেন। স্বভাবতই চরমভাবেই এটার বিরোধিতা করছি। যে দু'জন আমাদের সদস্য, বামফ্রন্টের-ই সদস্য, একজন আমার স্নেহের ইদ মহম্মদ, তিনি একটু বিরোধিতা করেছেন। সেটা ওর দোষ তা আমি বলব না। তার কারণ সেদিন হয়তো আসতে পারেননি, জঙ্গীপুরে, ওনার এলাকাভুক্ত ৯ একর জমি কিনেছি এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করেছি, মামলা মোকদ্দমা চলছে। এই খবর উনি মনে হয় রাখতে পারেননি। এলাকা ভাগ ভাগ করা থাকে। অধিগ্রহণ যখন করি একটা এরিয়ার মধ্যে দাঁড়িয়ে কাজ করি। আমি বলেছিলাম তোমাদের যে যে স্কীম আছে আর.এম.সি অফিসে জমা দাও, আন, কোন্ কোন্টা করা সম্ভব আমি দেখব। একটু আগে বাজেটে বলেছি গভর্নমেন্টের সহযোগিতা আমরা পাচ্ছি না। এটা সরকারের দোষ নয়। সম্পূর্ণভাবে বিশ্বায়ন এবং উদার অর্থনীতির বিষয় যেটা কিনা গোটা ভারতবর্ষকে গ্রাস করতে চলেছে। এটা তার পরিপ্রেক্ষিতে বলতে পারি। আমাদের সরকারও বলেছে, আমাদের আর্থিক সংকট আছে। ক্রাইসিস আছে। মাননীয় মুখ্যমন্ত্রীও এটা অস্বীকার করেননি। আমরা, কোন মন্ত্রীও এটা অস্বীকার করি না। কিন্তু তার অল্টারনেটিভ ব্যবস্থা আমাদের দপ্তরের আছে। সেজন্য কিছু অর্থ সংগ্রহ করে আমাদের ছেলেরা ১৯৭২ সালের অ্যাক্ট অনুযায়ী, এটা বেআইনি কিছু নয়, চেক পোস্ট থেকে কিছু কিছু অর্থ সংগ্রহ করে রাস্তা-ঘাট, টিউবওয়েল, ব্রিজ গ্রাম-বাংলার মানুষের স্বার্থে তৈরি করা হয়। কিন্তু করি কোথায় এটা জানা দরকার। যেখানে বাজার হয়েছে, পাইকারি হাট, প্রাইভেট হাটগুলোতে যাওয়ার রাস্তাঘাট, কৃষকদের যাতে কষ্ট না হয়, এটা আমরা লক্ষ্য রাখি। কৃষকদের স্বার্থের সাথে আমাদের স্বার্থ ওতপ্রোতভাবে জড়িত। কৃষকের সাথে যুক্ত এমন দপ্তর কমই আছে। কৃষক কৃষি দপ্তরের কৃষিনীতির ফলে ভালোভাবে ফসল উৎপাদন করছে। আমরা সেই ফসল আনার জন্য রাস্তা করে দিই, টিউবওয়েল করে দিই, ফসল রাখার জন্য মার্কেট সেড করে দিই, ল্যাটরিন করে দিই। বড় বড় মার্কেট অকশন প্লাটফর্ম করে রেখেছি। মালদা, শিলিগুড়ি, কালিংপং, ধূপগুড়ি, মুর্শিদাবাদ জেলায় এই রকম অনেক জায়গায় অকশন প্লাটফর্ম করেছি সময়ে সময়ে। কৃষক ন্যায্য দাম পাচ্ছে। এগুলো আপনারা কেউ দেখছেন না। কৃষক যে ফসল উৎপাদন করবে তার জন্য জমির উপর ছোট ছোট কাটেজ, শস্য সংরক্ষণের জন্য করে দিই। কৃষকদের বাজারে শস্য নিয়ে আসার জন্য উন্নতশীল গরুর গাড়ি, ভ্যান রিকশ দিয়ে থাকি এবং গত কয়েক বছরে এই রকম ৪৪৪-টা উন্নয়শীল ভ্যান দিয়েছি। সেগুলো আপনারা দেখবেন না? আমরা প্রাইভেট হাটকে সাহায্য করি, যারা আমাদের সদস্য। ল্যাটরিন, নর্দমা,

সেড করি। পঞ্চায়েত সমিতির হাটেও করি। নিয়ন্ত্রিতভাবে এই কজগুলো অত্যন্ত নীরবে করছি। কিন্তু সেগুলো না দেখে সস্তার রাজনীতি করার জন্য অনেক কথা বলা হয়। মাননীয় সদস্য অতীশবাবু বলেছেন অনেগুলো জায়গায় আমরা মার্কেট করতে পারিনি। আমরা ডি.এম.কে তার জন্য বলেছি। মাননীয় অর্থমন্ত্রীর কাছে টাকা চাইলে, ঠিক উপযুক্ত ব্যাপারে, উপযুক্ত কাজ করতে গেলে, সরকারকে যদি বলি, কিছু সাহায্য করলেও করতে পারেন, হয়তো করবেন। কিন্তু তার প্রাথমিক যে কাজ, প্রত্যেকটা ডি.এম.-কে চিঠি লিখেছি আমাদের কিছু কিছু বড় জায়গা দরকার, অধিগ্রহণ করা দরকার। যেমন অধিগ্রহণ করলাম জঙ্গীপুরে ৯ একর জায়গা। সেখানে খুব শীঘ্রই মার্কেট আরম্ভ করব। মাননীয় জুডিসিয়াল মন্ত্রী, লালবাগের কাছে তহবাজার, একটা এতিহাসিক বাজার, দু'দিন পরে পড়ে যেত, মানুষ মারা যেত, ক্ষতিগ্রস্ত হত,-তার কাছ থেকে জমিটা অধিগ্রহণ করি, কিছুটা অর্থ দিতে হয়েছে। সেটা নিয়ে ৪ কোটি টাকার মার্কেট শুরু করেছি। বোলপুর একটা ঐতিহাসিক জায়গায়। বোলপুরে অনেক জায়গা ছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যে, কিছু জমি অন্য দপ্তরকে দেওয়া হয়েছে। মার্কেট আমরা করেছি। ৪ কোটি টাকার এই মার্কেটগুলো আমরা করেছি। আমি এবং মাননীয় সোমনাথ চট্টোপাধ্যায় মহাশয় গিয়ে উদ্বোধন করে এসেছি। তমলুকে আমরা মার্কেট করছি, বহু জায়গায় আমরা মার্কেট করেছি। আমাদের দপ্তরের খুব ভাল দিক যে, আমরা মানুষের কাছ থেকে সংগ্রহ করি এবং কৃষকদের কাছে ফিরিয়ে দিই। আমরা তাই ইদ মহম্মদ বললেন, 'কৃষকদের ক্ষতি করে, কৃষকদের কাছ থেকে আপনারা টোল নিয়েছেন'। এটা সঠিক নয়। আপনি ভাল করে অনুধাবন করুন। কৃষকদের কাছ থেকে কোন টোল্ কালেকশন এই দপ্তর করে না। আমরা অর্থ সংগ্রহ করি—যারা বিজনেস করে, বড় বড় ব্যবসা করে, যারা লক্ষ লক্ষ টাকার জিনিস নিয়ে বিজনেস করছে, তাদের থেকে আমরা ইনকাম করি, তবে আবরা বেশি আদায় করি না।

ওয়ান পয়েন্টের মতো অর্থ সংগ্রহ করি। অনেক ছেলে আছে যাদের পা কাটা গেছে, অনেকের পাঁজরা ভেঙে গেছে, এরকম অনেক বেকার যুবক-যুবতী আছে তাদেরকে এই টাকা দিয়ে আমাদের দপ্তর সহযোগিতা করছে। অনেক ছেলে মাসে মাত্র ২ হাজার টাকার কনট্রাক্টে কাজ করছে। এইসব টাকা দিয়ে আমরা কৃষকদের স্বার্থে রাস্তাঘাট, ব্রিজ, টিউবওয়েল করছি। আমরা ডি.এম.দের বলেছি, আমাদের আরও জায়গা দিন। কিন্তু আমাদের দুর্ভাগ্য যে, ডি.এম.রা সেই জায়গা দিতে পারছেন না। আমরা করতেও পারছি না। পশ্চিমবঙ্গে অনেক জায়গায় এখনও অবধি মার্কেট করতে পারিনি—আপনাদের কাছে অনুরোধ করি, আপনাদের নিজ নিজ এলাকায় যদি কোন জায়গা থাকেতাহলে আপনারা নিজের এলাকায় ডি.এম.-কে বলুন যে, 'জমি অধিগ্রহণ করে দিন'। আমরা নিশ্চয়ই কাজ করবো। আমরা শুধু এটাই করি না। আমরা আরও কাজ করি। প্রত্যেকটা জেলায় আমাদের ফুড প্রসেসিং সেন্টার আছে, যেখানে আর.এম.সি. আছে—আমরা গৃহবধূ, বিধবা, গরিব মেয়ে—যাদের কেউ নেই, যেসব মেয়েদের বিয়ে হয়নি, এ-ই রকম মেয়েদের আমরা ট্রেনিং দিচ্ছি—ফুড প্রসেসিং-এর মাধ্যমে। তারা জ্যাম, জেলি,

আচার এইসব জিনিস তৈরি করছে এবং ট্রেনিং পেয়েছে। এর ফলে তারা আজকে অন্তত কিছু ইনকাম করছে। ১০০টা তথ্যকেন্দ্র আমাদের কাছে আছে। কোথায় কোন জিনিসের কত দাম, কোথায় কি কাজ হল—এগুলো সরকারী কর্মচারীরা তাঁরা ঘুরে ঘুরে এইসব তথ্য সংগ্রহ করেন এবং ১০০টা তথ্যকেন্দ্রের মাধ্যমে আমরা সেটা জানিয়ে দিই। সেটা আপনারা নিশ্চয়ই শুনেছেন। সেটা কেউ তো বললেন না। এছাড়া টি.ভি.তে অন্নদামঙ্গল প্রোগ্রাম ভোরবেলা হয়, সেগুলোর মাধ্যমেও আমরা খবর দিই। তার মাধ্যমে বিভিন্ন দপ্তরের জিনিসের দাম ঠিক করতে সুবিধা হয়। সেই দপ্তরগুলো আমাদের এই দপ্তর থেকে উপকৃত হয়। পানের ব্যাপারে মাননীয় অসিত মিত্র মহাশয় বলেছেন। আপনার বক্তৃতা ভাল হয়েছে, চরমভাবে বিরোধিতা করেননি, 'বি' টিম আজকে আপনাকে উস্কানি দেওয়ার সুযোগ পায়নি, আমাদের খুব ভাল লেগেছে। আমাদের তেমন বিরোধিতা অসিতবাবু ছাড়া কেউ করেননি। আপনাদের বেশি বক্তব্য রাখার উপায় নেই, বলতে চাইলেও সবাই আপনারা সমর্থন করেছেন। আপনারাও থাকুন, প্রয়োজনে আমার সঙ্গে দেখা করুন। আমরা ব্যাপকভাবে স্কুলের বাজার আরম্ভ করেছি।

[5.25–5.35 p.m.]

অনেকগুলো কোল্ড স্টোরেজ আজকে তৈরি হচ্ছে, এখানে বিভিন্ন ফুল, ফল সব রাখতে পারবেন। আমরা করিমপুরে এইরকম কোল্ড স্টেরেজ এবং হাওড়ায়ও কোল্ড স্টোরেজের কাজ আরম্ভ করেছি। এই ফুলচাষিরা যে লরি নিয়ে, বাস নিয়ে, ট্রেন যাতায়াত করছে, তার জন্য রেলে ওয়াগান বাড়ানোর জন্য অমরা রেল দপ্তরের সাথে কথা বলি যে এটা আমাদের দরকার। এটা করে দেবেন। সব ব্যাপারে আমরা দেখছি। তবে এই ফুলের ব্যাপারটা শৈলেনবাবুর অধীনে চলে যাবে। যদিও এখনও খবর পাইনি, তবু যতিদন আছে আমরা যোগ্যতার সাথে দেখভাল করব। আজকে ফুল চাষ বাড়ছে। ফুল চাষিরা উৎসাহ পাচ্ছে। আপনি নিউ মার্কেটে গেলে দেখতে পাবেন যে সেখানে কত ভ্যারাইটির ফুল আসছে। আমি জানি এই ব্যাপারে কোন বিরোধিতার জায়গা নেই, সম্পূর্ণভাবে অল্প টাকার বাজেট আমার, তবুও এটার গুরুত্ব অপরিসীম বলে আমি মনে করি। আপনারা সকলের সহযোগিতা করে এই বাজেট পাশ করবেন এটা জানি। আমি তাই কাটমোশানের চরমভাবে বিরোধিতা করে আমরা বক্তব্য শেষ করছি।

শ্রী কমল গুহ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কৃষি বাজেটের বিষয়ে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ তারা অংশগ্রহণ করেছেন। তারা গুরুত্ব দিয়ে আলোচনায় অংশগ্রহণ করেছেন। অতীশবাবু, আমাদের অর্থের কথা বলেছেন যে কৃষি দপ্তরে বরাদ্দ কমেছে। এটা তো শুধু কৃষি দপ্তরের ব্যাপার নয়। আমাদের রাজ্যের অর্থনৈতিক অবস্থা কেন কারাপ হচ্ছে? শুধু রাজ্যেই নয়, পৃথিবী জুড়ে যে সমস্যা দেখা দিয়েছে, সেই সমস্যার ঢেউ ভারতবর্ষের এই একটি অঙ্গ রাজ্যে এসে পৌছেছে। এটা নিশ্চয়ই আপনার মতো শিক্ষিত পণ্ডিত লোক জানেন যে চারিদিক থেকে সাম্রাজ্যবাদীরা, ডবলিউ.টি.ও. বিশ্বায়ন, এমনভাবে শোষণের বৃত্তটাকে জোরদার করে এনেছে এবং সংকুচিত করে এনেছে যে আমরা তার থেকে বাঁচবার চেষ্টা করছি। এটা হচ্ছে ব্যতিক্রম। সবাই সারেন্ডার করে যাচ্ছে, সমস্ত দেশ, ভারত সরকারও সারেন্ডার করেছে

পুরোপুরিভাবে। পৃথিবীর যেসব দেশগুলি লোভে, মোহে ডবলিউ.টি.ও-র চুক্তি স্বাক্ষরিত করেছিল তাদের অবস্থা কি? ব্রাজিল, আর্জেন্টিনা, এই সমস্ত লাটিন আমেরিকার দেশ, থাইল্যান্ড সমস্ত দেশের নাভিশ্বাস উঠে গেছে, মৃত্যুর হাতছানি প্রতিনিয়ত হচ্ছে ঐসব দেশে। আমাদের দেশেও তা এসে গেছে। ক্লিটনের পায়ের ধুলো নিয়েও অন্ধ্র বাঁচতে পারছে না। পাঞ্জাবে আজকে হতাশা সৃষ্টি হয়েছে সবখানে। সেখানে পশ্চিমবঙ্গ একটা ব্যতিক্রমী সিদ্ধান্ত নিতে চলেছে এবং নিয়েছি যে - আমরা সারেন্ডার করব না এদের কাছে। বহুজাতিক সংস্থা বা বিদেশি সাম্রাজ্যবাদী শোষণের কাছে আমরা আত্মসমর্পণ করব না। আমরা বিকল্প পথ খুঁজে নেওয়ার চেষ্টা করব। তাতে যদি আমাদের অস্তিত্ব শেষ হয়ে যায়, যাবে। কিন্তু শোষণ, শাসন, অন্যায়, অবিচারের কাছে মাথা নত করব না। ওর ভিত্তিতে পশ্চিমবঙ্গের কৃষিনীতি তৈরি হয়েছে। এই কৃষিনীতির ফলাফলের জন্য একটু অপেক্ষা করতে হবে আরো একটু ধৈর্য-সহকারে। সমস্ত শক্ত দিয়ে আমাদের বাঁচার রাস্তাগুলো তৈরি করতে হবে। একটা কথা স্বীকার করে নেওয়া উচিত। এই কৃষিনীতি সম্পর্কে বলা হয়েছে যে, অর্থমন্ত্রী অসীমবাবু কৃষি নীতি তৈরী করেছেন। বন্ধুগণ, কৃষিনীতি যখন আমরা মন্ত্রিসভায় পেশ করেছিলাম তখন আমাদের কোর কমিটির মাননীয় সদস্যরা বলেছিলেন মৎস্য ও অন্যান্য পরিপূরক যে দপ্তরগুলি আছে তাদের কিছু বক্তব্য কৃষিনীতির মধ্যে সংযোজিত হওয়া দরকার। আমরা সবাই সেই প্রয়োজনীয়তা উপলব্ধি করেছিলাম। কিন্তু সে সময় পঞ্চায়েত নির্বাচন এসে গিয়েছিল, তাই আমি থাকতে পারিনি। সে জন্য সমস্ত দায়িত্ব অর্থমন্ত্রী অসীম দাশগুপ্তকে দিয়েছিলাম এবং আমরা সবাই মিলেই সেটা দিয়েছিলাম, তিনি অন্যান্য দপ্তরের বক্তব্যগুলি একসাথে মিলিয়ে নিয়ে মূল কৃষিনীতিটা তৈরি করবেন। তাই অসীমবাবুর স্বাক্ষরিত কৃষিনীতি আপনাদের কাছে পৌঁছেছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অতীশবাবু একবারও বলেননি যে, শুধু আমাদের পশ্চিমবঙ্গেই নয়, ভারতবর্ষে এবং পৃথিবীজুড়ে অর্থনৈতিক মন্দা দেখা দিয়েছে। শ্রমিকরা ছাঁটাই হয়ে যাচ্ছে। কল-কারখানাগুলো বন্ধ হয়ে যাচ্ছে। সমস্ত রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলির বেসরকারীকরণ হচ্ছে। এই সবের বিরুদ্ধে ওঁর মুখ দিয়ে তো একটা কথাও বেরোলো না ! উনি একটুও প্রতিবাদ করলেন না। যার ফল আজ পশ্চিমবঙ্গ ভুগছে তার সম্বন্ধে উনি একটা কথাও উচ্চারণ করলেন না। এই সত্যটা ওঁর স্বীকার করে নেয়া উচিত ছিল।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা যে হিসাব দিয়েছি — আমাদের এত ফসল উৎপাদন হয়েছে, উৎপাদন এত বৃদ্ধি পেয়েছে ইত্যাদি, এটা কৃষি দপ্তরের কোন মন গড়া, তৈরি করা তথ্য নয়। ১৯৮০ সালের পর থেকে ব্যুরো, কৃষি দপ্তর এবং ভূমিরাজস্ব দপ্তর, এই তিনটি দপ্তর যৌথভাবে ক্রপ কাটিং-এর পরিসংখ্যান করছে। যেহেতু কৃষি দপ্তর নোডাল দপ্তর, সেহেতু কৃষি দপ্তরের নামেই রিপোর্টগুলি প্রকাশিত হয়েছে। ন্যাশনাল সার্ভে অর্গানাইজেশন-এর তদারকিতে তা হচ্ছে। কাজেই আমদের এক্ষেত্রে অতিরঞ্জিত করার কোন ব্যাপারে নেই। অথচ এখানে শুনলাম বলা হলো, আমরা নাকি কতগুলি ভিত্তিহীন রিপোর্ট দিয়ে পশ্চিমবাংলার মানুষকে বিভ্রান্ত করছি।

[5.35–5.45 p.m.]

কিন্তু এটা তো ঠিক আমি পঞ্চাশের মন্বন্তর দেখেছি। বিয়াল্লিশ সনে ইংরেজের তৈরি সৃষ্ট দুর্ভিক্ষের সময়ে যখন পূর্ববঙ্গ থেকে যমুনা নদী পার হয়ে ময়মনসিংহ, ঢাকা প্রভৃতি এসব জায়গা থেকে হাজার-হাজার লোক খাদ্যের সন্ধানে কোচবিহারে দেশীয় রাজ্যে এসে আশ্রয় নিচ্ছে—আমি সেই দুর্ভিক্ষ দেখেছি এবং কংগ্রেস আমলেরও দুর্ভিক্ষ দেখেছি। একথা ঠিক, আপনার সাথে আমি একমত বা আমার সাথে আপনি একমত হবেন, '৬৬ সন থেকে উচ্চ-ফলনশীল চাষের সূত্রপাত হল, শ্যালো পাম্পসেটে ব্যাপক ব্যবহার শুরু হল। কিন্তু তারপরে তো লঙরখানা কমাতে হবে? ১৯৬৭, ১৯৭০, ১৯৭১, ১৯৭২, ১৯৭৩ সালে সিদ্ধার্থ শঙ্কর রায় আমাদের শহরে একদিনে ৩টি লঙরখানার উদ্বোধন করলেন। ততদিনে কৃষিপ্রযুক্তি একটা পথ নিয়েছে, উচ্চ ফলনশীল চাষ হচ্ছে, ক্ষুদ্র সেচের ব্যবহার শুরু হয়ে গেছে। তাহলে লঙরখানা কেন? এইখানেই আপনাদের সাথে আমাদের মৌলিক পার্থক্য। উৎপাদন বাড়ছে আর মহাজন যারা আছে তাদের ঘরে ঢুকছে, কালোবাজারিদের ঘরে ঢুকছে। হাটে-বাজারে গিয়ে মানুষ পয়সা দিয়েও খাবার পাচ্ছে না। ছিয়াত্তরের মন্বন্তর সম্পর্কে একটা লেখা পড়েছিলাম। সেখানে একটা জায়গায় বলছে, "মানুষ সন্তান বিক্রি করিতেছে, অর্থ লইয়া বাজারে যাইতেছে, কিন্তু খাদস্যশস্য খুঁজিয়া পাইতেছে না।"। এই হচ্ছে ছিয়াত্তরের মন্বন্তর আর '৭০ দশকের মন্বন্তর একই রূপ নিয়ে আমাদের সামনে এসেছে। এখানেও আপনাদের সঙ্গে আমদের তফাত হচ্ছে এই, আপনারা শুরু করেছিলেন, কিন্তু কৃষক, চাষি, গরিব চাষি যারা তাদের ঘরে খাদ্য তুলে দেননি, অস্ট্রেলিয়ার ঘোড়ার দানা, মাইলো এইসব খাবার বাজারে এসে নিতে হতো। কিন্তু আমাদের সময়ে যারা মহাজন, যারা বড় চাষি তাদের ঘরে এই ফসল কালোবাজারি করবার জন্য রাখবার পথগুলি বন্ধ করে দিয়েছিলাম। অতীশবাবুর এটা জানা দরকার। মাননীয় সদস্য শ্রী অসিত মিত্র মহাশয় বলেছেন, ফার্মগুলির ক্ষেত্রে একটা ব্যবস্থা করা উচিত। ঠিকই তো, দেখলে কষ্ট হয়। যারা কৃষক, তাদের জমিতে আবাদ হচ্ছে আর পাশেই ফার্ম সেখানে ঠিকমত আবাদ হচ্ছে না। এটা সরকারের অর্থের অসুবিধার জন্য। সেইজন্য নতুন কৃষিনীতিতে আমরা একটা যুগান্তকারী ব্যবস্থা নিয়েছি যা আপনারা ভাবতে পারবেন না। সেটা হচ্ছে এই, আমরা বহুজাতিক সংস্থার কাছে যাব না, আমরা ডব্লু.টি.ও, ম্যাকিনশের কাছে যাব না। আমাদের ফার্ম, আমাদের কৃষকের জমি এইসব কাজ বা ভূমির সংরক্ষণ এইসব কাজ আমাদের যে সিড করপোরেশন আছে সেই সিড করপোরেশন এবং কৃষি দপ্তর যৌথভাবে এই পরিকল্পনাগুলি রূপায়িত করবো। সিড করপোরেশন ব্যাঙ্ক থেকে টাকা নেবে আর সিড করপোরেশন থেকে আমরা টাকা নেব, নিয়ে আমরা এই কাজে নামবো। অসিতবাবুকে আমি বলতে পারি, আপনি অনুগ্রহ করে ১ বছর ধৈর্য ধরুন, ১ বছর নরে আপনার এলাকার ফার্মগুলির চেহারার যে একটা পরিবর্তন ঘটে গেছে, নিশ্চয়ই আপনি তা বুঝতে পারবেন। আমরা ফার্ম কমিটি করে দিয়েছি। ফার্মগুলো কী ভাবে উন্নতি করা যাবে, কিভাবে ভাল বীজ পাওয়া যাবে সেটা দেখতে হবে। আপনাদের একজন বক্তা বলেছেন যে বীজ আমাদের প্রতি বছর বাইরে থেকে আনতে

হবে, যে বীজ ওরা আমাদের উপর চাপিয়ে দেওয়ার চেষ্টা করছে। সেই জন্য আমরা এই কথা বলছি আমাদের রাজ্যেই আমরা বীজ তৈরি করবো, বাইরের বীজ এনে কৃষকদের চাষ করতে হবে না প্রতি বছর। আমরা এই ব্যবস্থা আমাদের নতুন নীতির মাধ্যমে করছি। জৈব সার, জীবাণু সার যাতে ব্যাপকভাবে হয়। অর্থের অভাব? সেই অর্থের আমরা খোঁজ পেয়েছি। আরও একটা ব্যবস্থা আমরা করেছি। আমি এর আগেই ১৪ বছর বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় এলো তখন আমি কৃষি দপ্তরের দায়িত্বে ছিলাম। তার মধ্যে ১৯৬২ সাল থেকে আমি বিধায়ক হয়েছি। আমি কংগ্রেস সরকারকে দেখেছি। এবারে আমরা একটা ব্যবস্থা করেছি। আপনারা বারে বারে বলছেন যে অর্থ দপ্তর আপনার প্রয়োজনীয় টাকা দেবে না, বরাদ্দের টাকাও আপনার ঘরে পৌঁছে দেবে না। আমরা এই ব্যবস্থাগুলো সব ওলোট-পালট করে দিয়েছি। বিকল্প কৃষিনীতির চ্যালেঞ্জ নিয়ে আমরা দাঁড়িয়েছি। কাজেই দৃষ্টিভঙ্গি বা কাজের যে ব্যবস্থা, সব পরিবর্তন করতে হবে। না হলে বিকল্প কৃষিনীতি খালি মুখের কথায় হবে না। তাই কৃষি দপ্তর এবং অর্থ দপ্তর আগামী ৩১শে জুলাই সারা দিন রোটানডায় বসবে। বসে আমাদের মধ্যে আলোচনা হবে কৃষি দপ্তরকে কত টাকা কিভাবে দিতে পারবে। আমাদের সেই দিন বেশি করে লক্ষ থাকবে ম্যাচিং গ্রান্টের টাকা ঠিকমত দিয়ে আমরা যাতে কেন্দ্রীয় সরকারের টাকাগুলো তুলে আনতে পারি। এই ব্যাপারে আমাদের বিস্তারিত আলোচনা হবে। কাজেই আমরা যে নীতির পথে যাচ্ছি আপনারা নিশ্চয়ই উপলব্ধি করবেন যে আমরা নীতির কথা ভাবছি। এবারে আমি আর একটা কথা বলে নিতে চাই। সেটা হচ্ছে দেবপ্রসাদ সরকার, আপনি লড়াকু, আপনার দল লড়াকু, আমি অনেকগুলো বিষয়ে আপনাদের সমর্থন করি, আমি লড়াকু বিষয়টা সমর্থন করি। কিন্তু আপনারা তাড়াতাড়ি সাফল্য পাওয়ার জন্য যে মিথ্যার বেসাতি করবেন, এটা আমি ভাবতে পারিনি। এই পথে গেলে শ্রীমতী ব্যানার্জী হতে যাবেন। সেটা হচ্ছে আপনি বলবেন যে খাজনার ব্যাপারে আপনারা আন্দোলন করেছেন, তার ফলে হয়েছে যে বামফ্রন্ট সরকার এবং তার ভূমিসংস্কার দপ্তর এটা নিয়ে ব্যবস্থা করছে। কোন আন্দোলন করেননি, অসত্য কথা বলেছেন। দেখাতে পারবেন? এতো বড় একটা স্টেসমেন্ট দিলেন? আমরা ৩ মাস ধরে বাইরে অনলিবাবু, বিমানবাবুর সঙ্গে কথা বলেছি। দপ্তরের মন্ত্রী রেজ্জাক সাহেবের সঙ্গে অসীমবাবুর সঙ্গে বৈঠকের পর বৈঠক করেছি। আমলারা কেসটা ঘটিয়ে বসে আছে। আমরা তার বিরুদ্ধে। আমলাদের কারসাজিটা ধরে ফেলেছি। আবার কাল অসীমবাবুর সঙ্গে বৈঠক আছে। যে বেআইনি টাকা আদায় করা হয়েছে সেই টাকাগুলো কিভাবে গরিব কৃষকদের খাজনা সেসের টাকা ফেরত দেওয়া যায় তার পথ খুঁজে নিচ্ছি।

[5.45–5.56 p.m.]

দরকার হলে আন্দোলন করবো, দরকার হলে আলোচনা করবো, কিন্তু মিথ্যা কথা বলে কিছু হবে না।

(গোলমাল)

শ্রী দেবপ্রসাদ সরকার : অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার .....

(গোলমাল)

মিঃ ডেপুটি স্পীকার : বসুন, বসুন।

শ্রীকমলকান্তি গুহ : শ্রী অসিত মিত্রের কথা বললাম, এবার আমি অসিত মালের কথায় আসছি। অসিত মাল মহাশয় বলেছেন যে উনি দেখেছেন এ.ডি.ও.রা ঠিক সময় মিনিকিট বিলি করে না, পড়ে থাকে, আমাদের লোককে বিলি করে ইত্যাদি। অসিতবাবু আপনাকে আমি হাতজোড় করে বলছি এতবড় একটা অন্যায় হয়ে যাবে আর আমরা তা মেনে নেব —না, তা মেনে নেব না। আপনি ধরে আনবেন, এ' এ.ডি.ও.কে বেঁধে রেখে আমাকে ফোন করবেন আমি যেখানেই থাকি উপস্থিত হ'ব এবং তাকে কঠিন শাস্তি দেব। কিন্তু এসব না করে এ' এ/ডি.ও. দের সাথে ভাগ-বাঁটোয়ারা করে এসে এই ঠান্ডাঘরে বসে আপনি এইভাবে বলে বাহাদুরি নেবেন, এই বাহাদুরির কিন্তু মূল্য নেই। চোর পালিয়ে যাচ্ছে ছেড়ে দিচ্ছেন, ডাকাত পালিয়ে যাচ্ছে ছেড়ে দিচ্ছেন। তার বিরুদ্ধে রুখে দাঁড়ান। আপনারা তো বিরোধী দল, এর বিরুদ্ধে আপনারা রুখে দাঁড়ান। আপনি বলবেন যে ব্যাঙ্ক লোন দিচ্ছে না—তার জন্য আপনারা কিন্তু আন্দোলন করছেন না। আমরা ব্যাঙ্কের বিরুদ্ধে এর জন্য আন্দোলন করছি। আমাদের অর্থমন্ত্রী দিল্লিতে যতবার গিয়েছেন কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করতে অর্থের ব্যাপারে ততবারই তিনি ব্যাঙ্কের ভূমিকার তীব্র নিন্দা করেছেন। আমরা ব্যাঙ্কের বিরুদ্ধে আন্দোলন করছি, লড়াই করছি। আপনারাও করুন। এবারে আমি ক্রপ ইনস্যুরেন্সের ব্যাপারে কয়েকটা কথা বলতে চাই। '৭৮ সালে আমি একথাই বলেছিলাম এখানে দাঁড়িয়ে বাজেট বক্তব্যে যে, একটা লোক জীবন-বিমা করে, সেই লোকটা মারা গেলে বিমার টাকা তার পরিবারের লোকরা পায়। ক্রপ ইনসুরেন্স-এ' যে মৌজা ধরে আগে ছিল থানা, ব্লক তা কেন হবে? যে লোন করবে, যে লোন নিয়ে চাষ করবে ক্রপ ইনস্যুরেন্সের আওতায় সেই আসবে? ৮০ পারসেন্ট জমি নষ্ট হলে তবে বাকিরা ক্রপ ইনস্যুরেন্স পাবে—আগে যে নিয়ম ছিল তার প্রতিবাদ কিন্তু আমি বারে বারে করেছি—দিল্লিতে করেছি, এই বিধানসভায়ও করেছি। এখন ওরা যেটাতে রাজি হয়েছেন সেটা হলে, একমাত্র নদীখাতে সো'জা ভিত্তিক তারা পরীক্ষামূলকভাবে করতে রাজি হয়েছেন। আমি এ ব্যাপারে আরও বলেছি যে মৌজাটাকে আরও কমিয়ে আনা হোক, তারজন্য আমরা চেষ্টা করছি। এবারে আমি একটা কথা বলব যে এখানে আপনারা যারা অতীশবাবুর মতন উচ্চবিত্ত লোকেরা আছেন আপনারা একটু ত্যাগ করুন। এবারে একটু ত্যাগ করুন রাজ্যের জন্য। আমাদের কেউ কেউ কৃষকরা এতদিন ক্ষুদ্র সেচের টাকা বাড়াতে হবে, তাদের ক্ষুদ্র সেচের টাকা বাড়াতে হবে। বাড়ান কিন্তু কতটুকু বাড়াবেন, কতটুকু কৃষকরা সহ্য করতে পারবেন এগুলি কিন্তু বিস্তারিত আলোচনা হওয়া দরকার। আমি সি.পি.এম. নেতা অনিলবাবুর কাছে অনুরোধ করেছি, আমাদের একটু বার সুযোগ করে দিন যে কতটুকু বাড়াবে, ফি হবে ইত্যাদি তা দিয়ে আলোচনা করতে। কিন্তু তোমরা এতদিন দাও নি এবার দাও, উলটোটা তো বলছেন না যে তোমরা এতদিন সুযোগসুবিধা পেয়েছে এবারে কিছু সুযোগ-সুবিধা ছাড়ো। যাতে কৃষকদের

ওপরে, ক্ষেত মজুরদের ওপরে চাপ না পড়ে। আজকে কিন্তু এই কথাটাই বলতে হবে। আমি কৃষক কর্মী, কৃষক ফ্রন্টে কাজ করি, কৃষিমন্ত্রী হিসাবে বলতে চাই, ছাড়তে হবে, ধরতে হবে। এতদিন পশ্চিমবঙ্গের আগামী দিনে একটা সুদৃঢ় জায়গায় দাঁড়াতে হবে। আমি এই কথা বলবো, আপনারা যে ছাঁটাই প্রস্তাব এনেছেন সেগুলো প্রত্যাহার করে নিন। এই বিশ্বায়নের মধ্যে, এই ঝোড়ো হাওয়ার মধ্যে আমাদের একটু, সময় দিন যাতে আমরা বিকল্প ব্যবস্থা তৈরী করতে পারি। তাতে পশ্চিমবাংলা উপকৃত হবে তাই নয়, ছোটো একটি রাজ্য এখানে যদি আমরা বিশ্বায়নের অশ্বমেধ' এর ঘোড়াকে ঠেকিয়ে দিতে পারি, তাহলে সেটা সারা বিশ্বের কাছে একটা নজির হয়ে থাকবে। ওরা এখন নতুন করে ভাবছে। ডব্লু.টি.ও. সংগঠনকে এখন মিটিং করতে হচ্ছে লুকিয়ে। আজকে ওয়াশিংটনে শ্রমিকরা মিছিল করছে। কিছু দিনের মধ্যেই ভাঙবে। কিন্তু এই মোহ ভাঙার আগে যাতে আমাদের সর্বনাশ না করতে পারে, তার জন্য পশ্চিমবঙ্গ সরকার যে ব্যবস্থা নিয়েছে, তাতে আপনাদের কাছে সহযোগিতা আশা করি। সমস্ত ছাঁটাই প্রস্তাবকে বাতিল করে দিয়ে, আমি আশা করবো, এই ব্যয়-বরাদ্দকে আপনারা সমর্থন করবেন।

(এই সময়ে মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার ওয়াক আউট করেন)।

Demand No. 5

The motions That the Amount of the Demand be Reduced to Re.1/- were then put and lost.

The motions that the Amount of the Demand be Reduced by Rs.100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 that a sum of Rs.272,49,44,000 be granted for expenditure under Demand No. 5, Major Heads : 22235 – Social Security and Welfare, 2236– Nutrition, 2245 – Relief on account of Natural Calamities, 2401-Crop Husbandry, 2402 – Soil and Water Conservation, 2415 – Agricultural Research and Education, 2575 – Other Special Areas Programmes, 3451 – Secretariat Economic Services and 4401– Capital Outlay on Crop Husbandry" during the year 2003–2004.

(this is inclusive of a total sum of Rs. 90,83,16,000 alrerady voted an account)

was then put and agreed to.

Demand No. 4

The motions that the Amount of the Demand be Reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 that a sum of Rs. 11,65,99,000 be granted for expenditure under Demand No. 4, Major Heads: "2245–Relief on account of Natural Calamities, 2408–Food, Storage and Warehousing, 2435–Other Agricultural Programmes and 4435–Capital Outlay on Other Agriculture Programmes" during the year 2003–2004.

(This is inclusive of a total sum of Rs. 3,88,67,000 already voted of account in March, 2003.),

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-56 p.m. till 11-00 am, Wednesday, the 16th July, 2003 at the Assembly House, Kolkata-700 001.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 16th July 2003 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 09 Ministers, 08 Ministers of State and 114 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

মৈনাক হোটেলের বেসরকারীকরণ

*৩০৮। (অনুমোদিত প্রশ্ন *১৩) **শ্রী তপন হোড়** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকারর শিলিগুড়ির মৈনাক হোটেলটির বেসরকারীকরণের প্রস্তাব বিবেচনা করছেন ; এবং

(খ) সত্যি হলে, উক্ত প্রস্তাবটি কবে নাগাদ কার্যকর হতে পারে বলে আশা করা যায়?

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী তপন হোড় : শিলিগুড়িকে কেন্দ্র করে একটা সুবিশাল বাণিজ্যিক অবস্থানের কথা আমরা সবাই জানি। তার উপরে নাথুলা পাশ দিয়ে চীনের সঙ্গে যে বাণিজ্যিক সম্ভাবনা দেখা দিয়েছে তার পরিপ্রেক্ষিতে শিলিগুড়ির গুরুত্ব আরও বেড়ে গেল। একটা গুরুত্বপূর্ণ ট্যুরিস্ট লজ হিসাবে আমরা মৈনাককে জানি এবং এরা সুনামের সঙ্গে কাজ করেছে। কিন্তু হোটেলটি বর্তমানে দুরবস্থার মধ্যে আছে। তার আর্থিক দুরবস্থার সঙ্গে সাযুজ্যতা বজায় রেখে তাদের ফিউচার ডেভালপমেন্টের ব্যাপারে আপনার দপ্তর কিছু ভাবছেন কি?

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া : একথা ঠিকই মৈনাক হোটেলের একটা ঐতিহ্য আছে। মৈনাক যখন স্টার্ট হয়েছিল তখন শিলিগুড়িতে বা তার কাছাকাছি, আজকালকার যেগুলো বড় বড়

হোটেল সিনক্লেয়ার বা সিনড্রেলা এবং আরও কিছু নামীদামি হোটেল চালু হয়েছিল। পরবর্তীকালে আরও অনেক হোটেল চালু হয়েছে। ফলে তাদের সঙ্গে প্রতিযোগিতায় মৈনাক আর পেরে উঠছে না। আর দ্বিতীয় কথা হচ্ছে মৈনাক ট্যুরিস্ট লজের যারা কর্মচারী তারা সরকারী কর্মচারীদের সমস্ত অধিকার এবং সুযোগ-সুবিধা পেয়ে থাকে। এখানে পার রুম দেড়জন করে স্টাফ থাকা দরকার, অর্থাৎ ৪২ জন স্টাফ থাকা দরকার। কার্যত এখানে ৭২ জন স্টাফকে আমাদের বহন করতে হয়। এখানে অআগে বিবাহ বা অন্যান্য সোসাল ফাংশানের জন্য ভাড়া দেওয়া হত সারা বছর। কিন্তু বর্তমানে এইসব বিয়ে বা অন্যান্য সোসাল ফাংশানও অনেক কমে গেছে ওখানে, কারণ এইসবের জন্যও অনেক ঘর শিলিগুড়ি শহরে তৈরী হয়েছে। এক্ষেত্রেও আমরা প্রতিযোগিতায় পেরে উঠছি না। মৈনাক হোটেলের অকুপেন্সিও অনেক কমে গেছে। সাধারণভাবে হোটেলিয়ার্সদের নিয়ম হচ্ছে ফিফটি পারসেন্ট অকুপেন্সি থাকলেই সেই হোটেল মোটামুটি চলে। কিন্তু সেই ৫০ শতাংশেও পৌঁছনো যাচ্ছে না। মৈনাক হোটেলের আয় থেকে তাকে পুনর্জীবিত করা বা আরও ভালো করার সম্ভাবনা বেশী নেই, বাইরের অর্থ যদি ঢালা যায়, তাহলে হতেও পারে। আমরা সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে চেষ্টা করছি মেজর কিছু না হলেও মাইনর ডেভলপমেন্ট কিছু করে ওটাকে আরও আকর্ষণীয় করার।

শ্রী তপন হোড় : বাইরের ইনভেস্টমেন্ট আনার কোনো পরিকল্পনা আছে কি?

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া : ওয়েস্ট বেঙ্গল ট্যুরিজম ডেভলপমেন্ট কর্পোরেশন একটি সংস্থা, এই কোম্পানির আন্ডারে মৈনাক-সহ ২৫টি হোটেল রান করে — এর মধ্যে কোন্‌টা লাভে, কোন্‌টা লসে চলে। এই কোম্পানি থেকে কিছু অর্থের ব্যবস্থা করে কিছু মাইনর ডেভলপমেন্ট — যেমন, পরিষ্কার-পরিচ্ছন্ন করা, আসবাবপত্রের ব্যবস্থা, কার্পেট ইত্যাদি দেব। কিছু দিনের মধ্যে দারোয়ান বা অ্যাটেন্ডেন্টদের পোশাক দেব। এইভাবে এর চাকচিক্য কিছুটা বাড়িয়ে কাস্টোমার আকর্ষণের চেষ্টা করব। এর ২৪টি রুম আছে, সেটাই থাকবে। বর্তমানে এটি লসে চলছে।

শ্রী তপন হোড় : আমরা শুনেছি ওয়েস্ট বেঙ্গল ট্যুরিজম ডেভলপমেন্ট কর্পোরেশনের আন্ডারে যে-সমস্ত লজ বা হোটেল আছে, তার অনেকগুলোই লসে চলছে। ক্রমাগত লসে তো চলতে পারে না। বক্রেশ্বরে আছে, শান্তিনিকেতনে আছে, দীঘাতে আছে, এমন কি দার্জিলিঙে ট্যুরিস্ট লজ আছে, সেইগুলোর লস সামাল দেওয়ার জন্য বেসরকারী ভাবে অর্থ বিনিয়োগের কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা জানাবেন কি?

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া : যে লজগুলো চলছে আমাদের, সেইগুলোকে বেসরকারীকরণের কোনো প্রস্তাব আমাদের কাছে নেই বা বিবেচনা করছি না। কিছু কিছু নতুন নতুন লজ প্রয়োজনভিত্তিক এখানে-ওখানে তৈরী করছি সরকারি সাহায্যে এবং এই কোম্পানি থেকে সেইগুলো ম্যানেজমেন্ট কন্ট্রাক্টে দিয়ে তাদের চালাতে বলছি। এমপ্লয়ি তাদের, প্রপার্টি আমাদের। এইভাবে কিছু লজ চালানোর চেষ্টা করছি। আর, আগের থেকেই আমাদের কিছু আছে লজ, সেইগুলো বন্ধ করার বা বেসরকারীকরণের কোনো সিদ্ধান্ত নিইনি।

শ্রীমতী শান্তা ছেত্রী : শিলিগুড়ির মৈনাক ট্যুরিস্ট লজটির অবস্থা সত্যিই খুব খারাপ। বললেন, সেটা প্রাইভেটাইজেশনের কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। ডায়মন্ড হারবারে সাগরিকাতে গিয়েছিলাম, দীঘাতেও গেছি। অনেক ট্যুরিস্ট লজ ভালো চলছে না। দার্জিলিঙে, কার্শিয়াংয়ে ট্যুরিস্ট লজ আছে, ভালোভাবে চলছে। কালিম্পঙে ট্যুরিস্ট লজ ছিল। ওয়েস্ট বেঙ্গল ট্যুরিজম ডেভলপমেন্ট কর্পোরেশনের আন্ডারে, সেটা ডি.জি.এইচ.সি.-কে আপনারা দিয়েছিলেন।

[11.10–11.20 a.m.]

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাতে এই রকম ট্যুরিস্ট লজ আছে। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাতে এস. ডি. জে. এ. এইচ. ডি. এ. বিভিন্ন ডেভলপমেন্ট অথরিটি আছে। তাদের ট্যুরিস্ট লজ আছে। সেই ট্যুরিস্ট লজগুলি আপনারা কি ডেভলপমেন্ট অথরিটি বা জেলা পরিষদকে দেওয়ার জন্য চিন্তা ভাবনা করছেন?

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া : আমাদের সামগ্রিকভাবে যে খারাপ চলছে তা নয়। কারণ আমরা যে লজগুলি চালাচ্ছি সেগুলির ক্ষেত্রে কোনোটা লস হচ্ছে, আবার কোনোটাতে লাভ হচ্ছে। কিন্তু সামগ্রিকভাবে লসে নয়। আর আপনি যে কার্সিয়াং-এর ব্যাপারে বলছেন সেটা লসে নেই। প্রফিটেই ছিল। দার্জিলিং লসে ছিল।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় সদস্য তপন হোড়ের অতিরিক্ত প্রশ্নের জবাবে বললেন যে, পুরানোগুলির ক্ষেত্রে নয়। নতুন নতুন পর্যটন কেন্দ্র প্রতিষ্ঠা করার জন্য বেসরকারী সংস্থাকে গুরুত্ব দেওয়া হয়েছে। নতুন নতুন পর্যটন কেন্দ্রগুলিকে বিকশিত করার জন্যই কি বেসরকারী সংস্থার হাতে দেওয়া হচ্ছে? মৈনাকের ব্যাপারে কি বলছেন?

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া : মৈনাকের কথা ভেবেছিলাম। প্রাথমিকভাবে আমরা চেষ্টাও করেছিলাম। কিন্তু পরবর্তী সময়ে কয়েকটা কোম্পানীর লাভ-লোকসান যখন বিবেচনা করলাম তখন দেখলাম যে, বিচ্ছিন্নভাবে মৈনাকের ব্যাপারে ট্রিট করা যায় না। কারণ লসে অনেকগুলিই আছে। ২৫টা চলছে। ৭ থেকে ৮ টা লসে আছে। সামগ্রিকভাবে লসে নেই। কিছুটা লাভেও আছে। সুতরাং যেগুলি চলছে মৈনাক-সহ ২৫টা, আমরা কোনোটাতেই বেসরকারী ম্যানেজমেন্ট কন্ট্রাক্টে যাব না। আমাদের এমপ্লয়ি আছে। ২৫ টা লজ আছে। সেখানে মেনটেনেন্স যাতে ভালো হয় তার জন্য চেষ্টা করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : এই পর্যটন দপ্তরের সঙ্গে প্রায় এক বছর আগে সুন্দরবন এলাকা নিয়ে সাহারা ইন্ডিয়ার সঙ্গে একটা মৌ চুক্তি হয়েছে। তারপর আমি কোয়েশ্চেন দিয়েছিলাম এবং তাতে বলেছিলেন যে, এখনও পর্যন্ত চূড়ান্ত কিছু হয়নি। অথচ কাগজে দেখতে পাচ্ছি যে, ফুল পেজ অ্যাডভার্টাইজমেন্ট বেরোচ্ছে যে, সাহারা ইন্ডিয়ার ফ্লোটিং হোটেল হচ্ছে। এই যে সাহারা ইন্ডিয়ার সঙ্গে মৌ সাক্ষরিত হয়েছিল, এটা বর্তমানে কি অবস্থায় আছে?

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া : এই প্রশ্নটার সঙ্গে একটা সেপারেট প্রশ্ন হয়ে ছিল কিন্তু

আনফরচুনেটলি ওই প্রশ্নটা ওঠে নি। আমি তো কাগজপত্র আনি নি। তবু যেটুকু বলা যায় বলছি। এটা এগোচ্ছে। দু-একদিন জমিজমা চিহ্নিতকরণ করা হয়েছে। সেই জমিগুলো অধিগ্রহণ করার ব্যবস্থা করছি। এটা আট-দশ দিন আগের খবর।

শ্রী দেবপ্রসাদ সরকার : প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হবে না তো?

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া : এটা এনভায়রনমেন্ট দপ্তরের ক্লিয়ারেন্স নিয়ে করা হবে।

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় মন্ত্রী মহাশয়, সার্কের চুক্তির ফলে ভারত, ভূটান এবং বাংলাদেশের সঙ্গে ব্যবসা চলছে, মন্ত্রী মহাশয় আপনি নিশ্চয় জানেন যে কুচবিহার জেলায় চাঙরিবান্দা করিডোর দিয়ে বাংলাদেশের ব্যবসায়ী আসেন ভারতের বিভিন্ন জায়গায় ব্যবসা সারতে কিন্তু করিডোর পার হওয়ার পর তাদের নানা সমস্যায় পড়তে হয়। সেখানে থাকা, খাওয়ার জায়গা নিয়ে অসুবিধায় পড়তে হয়। আমি আপনার কাছে জানতে চাইছি যে এখানে রাজ্য সরকারের হোটেল বা অতিথি নিবাস করার কোন পরিকল্পনা আছে কি?

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া : আপাতত আমাদের সেখানে একটা ডে সেন্টার করার পরিকল্পনা আছে এবং ডে সেন্টারে যদি লোকে থাকতে চায় তখন আলাদাভাবে লজের চিন্তা করব। আপাতত আমরা ডে সেন্টার দিয়ে শুরু করব, আমরা এই বছরের মধ্যে আরম্ভ করব।

শ্রী নেপাল মাহাত : প্রশ্নোত্তরের সময়ে কিছুক্ষণ আগে বললেন যে, কোম্পানি সাথে জয়েন্ট ভেনচারে কিছু লজ নির্মাণ করছেন ট্যুরিজম ডিপার্টমেন্ট। আপনি এই পশ্চিমবঙ্গ এবং পশ্চিমবঙ্গের বাইরে এই ধরনের লজ নির্মাণ করছেন এই সংখ্যাটা কত? পশ্চিমবঙ্গের মধ্যে এবং পশ্চিমবাংলার বাইরে।

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া : পশ্চিমবাংলার বাইরে এখন আর নেই। আর আমরা নির্মাণ করি অসমাপ্ত করে রেখে হয়তো পরিচালনা করার জন্য, বাকিটা কমপ্লিট করার জন্য, কমপ্লিট করে পরিকল্পনা করার জন্য। এই দুটো উদ্দেশ্যে আমরা দিই। সেরকম সংখ্যা মোট আটটা। এইভাবে আমরা চেষ্টা করছি। কোনোটা হয়তো পুরোপুরি হয়ে গেছে, কোনো কোনোটা হয়তো প্রসেস চলছে।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে পর্যটন শিল্প এবং এই দপ্তর বিভিন্ন জায়গায় যেসব হোটেল-লজ করেছেন, আমরা জানি যে মুর্শিদাবাদ জেলা ট্যুরিজমের হোটেল আছে বহরমপুরে কিন্তু লালবাগে যেখানে একটা পর্যটন কেন্দ্র, যেখানে বহু মানুষ আমাদের রাজ্যে, রাজ্যের বাইরে এমন কি বিদেশ থেকেও বহু মানুষ এখানে আসে। কিন্তু এখানে পর্যটন দপ্তরের পক্ষ থেকে কোনো হোটেল বা লজ করার কথা বিবেচনা করছেন কি?

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া : লালবাগে করার ব্যাপারটার বিবেচনার মধ্যে ছিল কিন্তু তা নিয়ে একটা মামলা হয়েছিল। রিসেন্টলি মামলাটা শেষ হয়েছে। এখন ওই জায়গায় যদি কোনো

বাধা না আসে তাহলে আমরা প্রাইভেট সেক্টরে আমাদের জমিটা ম্যানেজমেন্ট কন্ট্রাক্টে অন্যকে দিয়ে একটা লজ করার কথা ভাবছি।

[11.20–11.30 a.m.]

শ্রী ঈদ মহম্মদ : দার্জিলিং বা কার্শিয়াং বাদে অধিকাংশ ট্যুরিস্ট লজই লোকসানে চলার কথা মাননীয় মন্ত্রী মহাশয় বললেন। আমি জানতে চাইছি, আমাদের ট্যুরিস্ট লজগুলোর থেকে বার্ষিক লসের পরিমাণ কত এবং এটা বন্ধ করার জন্য কোনো পরিকল্পনা মাননীয় মন্ত্রী মহাশয়ের আছে কিনা?

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া : অধিকাংশ বলিনি, কয়েকটা বলেছি। অধিকাংশ লাভে চলছে। আমি বলেছি, খুব বেশী নয় অল্প-স্বল্প আমাদের এখন সারপ্লাস রয়েছে। সব মিলে ২০০২-০৩ সালের হিসাব অনুযায়ী ৫ লক্ষ ৫৩ হাজার ৮৬৪ টাকা ৫৩ পয়সা, এটা অপারেটিং সারপ্লাস।

শ্রী অসিত মাল : বীরভূম জেলার তারাপীঠ পশ্চিমবাংলার তীর্থস্থান শুধু নয়, পশ্চিমবাংলার বাইরে থেকেও মানুষ এখানে আসেন। রাজ্য সরকার বিশেষ করে পর্যটন দপ্তরের বহু আগে একথা বিবেচনা করে সেখানে ট্যুরিস্ট লজ করা উচিৎ ছিল। তারাপীঠে ট্যুরিস্ট লজ করার ক্ষেত্রে সরকারের চিন্তা-ভাবনা আছে কিনা? থাকলে কবে নাগাদ শেষ হবে?

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া : তারাপীঠ নিয়ে সেখানকার জেলা-পরিষদ যথেষ্ট রকমের পদক্ষেপ নিয়েছেন এবং নিচ্ছেন। আর, জেলাপরিষদের দিক থেকে সে রকম কোনো প্রস্তাব আমাদের কাছে নেই আলোচনা করার। পর্যটকদের সুবিধা নিয়ে জেলা-পরিষদ বিভিন্ন স্টেপস নেবে এটা আমাদের কাছে আশ্বাস দিয়েছে। তবে আমরা যদি মনে করি মানুষের অসুবিধা হচ্ছে, থাকার জায়গা পাচ্ছে না তাহলে এগিয়ে যাই। না হলে যে ভাবে ব্যবসায়িক ভিত্তিতে চলছে তা চলুক এটা আমরা চাই। পলিসি হচ্ছে আগে আমরা এক্সপ্লোর করি নতুন জায়গা। নতুন জায়গায় লসের ভয়ে কেউ হোটেল করতে চায় না। এক সময়, বিধান রায়ের আমলে পশ্চিমবঙ্গ সরকার দিঘায় প্রথম হোটেল করেছিল, লস হয়েছিল। কিন্তু এখন সেখানে এমন অবস্থা যে সরকারী হোটেল না থাকলেও চলবে। বকখালিতেও জঙ্গলের মধ্যে লজ করা হয়েছিল। কিন্তু এখন সেখানে আমাদের লজ উঠিয়ে দিলেও মানুষের অসুবিধা হবে না। এটাকে বলে পাইওনিয়ারিং রোল, প্রথমে এগিয়ে গিয়ে খুলিয়ে দেওয়া। আর, তারাপীঠ জঙ্গল নয়, সেখানে এনিবডি করলে লাভ করবে। তবে যদি পর্যটকদের অসুবিধা হয় তাহলে আমরা এগোব। আদারওয়াইজ প্রাইভেট সেক্টর বা জেলা-পরিষদের মাধমে যদি জনগণের ডিমান্ড মিটে যায় তাহলে আমরা এগোব না অযথা।

হোসিয়ারি পার্ক স্থাপন

*৩১০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৭) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এ রাজ্যের হোসিয়ারি শিল্পে উৎপন্ন দ্রব্যকে বিশ্বের বাজারে পৌঁছে দেওয়ার জন্য একটি হোসিয়ারি পার্ক তৈরির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ;

(খ) সত্যি হলে, রাজ্যের কোন স্থানে সংশ্লিষ্ট পার্কটি তৈরির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(গ) পরিকল্পনাটি রূপায়ণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

শ্রী বংশগোপাল চৌধুরী :

(ক) হ্যাঁ, এ রাজ্যের হোসিয়ারি শিল্পে উৎপন্ন দ্রব্যকে বিশ্বের বাজারে পৌঁছে দেওয়ার জন্য একটি হোসিয়ারি পার্ক তৈরির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(খ) সংশ্লিষ্ট পার্কটি তৈরির উদ্দেশ্যে হাওড়া জেলায় কোনা এক্সপ্রেস হাইওয়ের পাশে উনসানি মৌজায় জমি চিহ্নিত করা হয়েছে।

(গ) পরিকল্পনাটি রূপায়ণের লক্ষ্যে ন্যাশনাল ইনস্টিটিউট অফ্ ফ্যাশন টেকনোলজি দ্বারা প্রস্তুত প্রাক্-সম্ভাব্যতা প্রতিবেদনটি বর্তমানে সরকারের পরীক্ষা, পর্যালোচনা ও বিবেচনার স্তরে রয়েছে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, এ রাজ্যের হোসিয়ারি শিল্পের উৎপন্ন দ্রব্যকে বিশ্বের বাজারে পৌঁছে দেওয়ার জন্য একটি হোসিয়ারি পার্ক তৈরির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এবং ইতিমধ্যে জমি চিহ্নিত হয়েছে। সেটা কোনা হাইওয়ে, এক্সপ্রেস ওয়ের কাছে। আমি জানতে চাইছি, এই জমির পরিমাণ কত এবং ইতিমধ্যে এই জমিতে কোনো নির্মাণ কাজ শুরু হয়েছে কিনা? হলে, তার অগ্রগতিই বা কি?

শ্রী বংশগোপাল চৌধুরী : অ্যাপারেল এক্সপোর্ট পার্ক স্থাপনের জন্য হাওড়া জেলায় কোনা এক্সপ্রেস হাইওয়ের পাশে উনসানী মৌজায় আনুমানিক ৪৫ একর জমি চিহ্নিত করা হয়েছে। এই জমি ক্যালকাটা মেট্রোপলিটান ডেভেলপমেন্ট অথরিটির আন্ডারে আছে। আমরা এখন কে. এম. ডি. এ.-র সঙ্গে এই জমি নেওয়ার বিষয়ে কি অর্থ লাগবে সেই হিসেব-নিকাশের ব্যাপারে তাদের সঙ্গে কথা বলছি।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে, এই অগ্রগতির ব্যাপারে যা বললেন তাতে যথেষ্ট সময় লাগবে বলে মনে হচ্ছে। আমি জানতে চাই, চিহ্নিত জমির আশে-পাশে ছড়িয়ে-ছিটিয়ে থাকা যে সহ হোসিয়ারি ইউনিটগুলো আছে সেগুলো বর্তমানে কি অবস্থায় আছে এবং সেগুলোকে পুনরুজ্জীবনের ক্ষেত্রে আপনার বিভাগ কি করছে?

শ্রী বংশগোপাল চৌধুরী : এই পার্ক তৈরি করার ব্যাপারে আমাদের যে পরিকল্পনা নেওয়া হয়েছে সেটা কার্যকর হতে একটু সময় লাগবে। আমাদের জমির জন্য যে অর্থ বন্দোবস্ত করার দরকার সেটা এখন আমাদের আলোচনার স্তরে আছে। ইতিমধ্যে হোসিয়ারি শিল্পের জন্য অনেকগুলো ব্যবস্থা গ্রহণ করেছি। এই রাজ্যে অবিন্যস্ত অবস্থায় যে সব হোসিয়ারি শিল্পগুলো আছে সেগুলোকে সরকারীভাবে সহযোগিতা করতে চাই এবং এই জন্য এগুলোকে বিভিন্ন স্কীমের অন্তর্ভুক্ত করে সুযোগ-সুবিধা প্রদান করছি।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, যতক্ষণ না পার্ক নির্মিত হচ্ছে এবং বিশ্বের বাজারে যথেষ্ট পরিমাণে পৌঁছে দেওয়ার কাজ শুরু করা যাচ্ছে, তার আগে কতকগুলো পদক্ষেপ আপনি নিয়েছেন। আমাদের রাজ্যে ১৯৯৯ সাল থেকে ক্ষুদ্র শিল্প রপ্তানি উন্নয়ন সমিতি গঠন করেছেন। সেই সমিতির মাধ্যমে হোসিয়ারি শিল্প রপ্তানির কাজ কতটা অগ্রগতি হয়েছে?

শ্রী বংশগোপাল চৌধুরী : আমাদের যে এক্সপোর্ট প্রোমোশন কাউন্সিল আছে, বিশেষ করে সেখানে আমাদের তৈরী পোশাক এবং বস্ত্র রপ্তানির ব্যাপারে আমরা অনেকখানি সাফল্য পেয়েছি। গত ২ বছরে আমাদের রাজ্য থেকে কয়েক কোটি টাকার বস্ত্র এবং তৈরী পোশাক আমরা রপ্তানি করতে পেরেছি। এই পার্ক তৈরী করার উদ্দেশ্য, আমরা রপ্তানি বাণিজ্য এবং তার সাথে সাথে হোসিয়ারি গার্মেন্টিস শিল্পকে আরও বেশী করে বিশ্বের দরবারে এবং আমাদের দেশের অভ্যন্তরে পৌঁছে দিতে চাইছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন হোসিয়ারি শিল্প এবং প্রিন্টিং টেকনোলজি এই দুটো বেচা-কেনার ব্যাপারটা আমাদের নিজস্ব ছিল। আমি প্রিন্টিং টেকনোলজির কথা বলছি না। হোসিয়ারি শিল্প নিয়ে মাননীয় আবু আয়েশ মণ্ডল মহাশয় প্রশ্ন তুলেছেন। আমি জানতে চাই, হোসিয়ারি পার্ক করার কথা এখন হয়েছে, কোনা এক্সপ্রেস হাইওয়ের পাশে জায়গা নিচ্ছেন, সেখানে পার্ক করবেন। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গে হোসিয়ারি শিল্প মুখ থুবড়ে পড়েছে। আপনার কাছে পরিসংখ্যান আছে কি যে, আমাদের রাজ্যে কতগুলো হোসিয়ারি শিল্পের ইউনিট ছিল এবং বর্তমানে কতগুলো হোসিয়ারি শিল্পের ইউনিট আছে এবং তার প্রোডাকশন কত? এর সঙ্গে সংশ্লিষ্ট প্রশ্ন হল, আপনি কি এর আগে হোসিয়ারি শিল্পকে বাঁচিয়ে রাখার জন্য — পার্ক করার পরিকল্পনা নেওয়ার আগে — আপনি কোনরকম বন্দোবস্ত নেন নি?

শ্রী বংশগোপাল চৌধুরী : একসঙ্গে ৫-৬টি প্রশ্ন হয়েছে। আমি এর উত্তরে বলতে চাই যে, হোসিয়ারি শিল্প পশ্চিমবঙ্গে মুখ থুবড়ে পড়েনি। আমরা যদি তুলনামূলক বিচার করি তাহলে দেখবো যে, গত কয়েক বছরে পশ্চিমবঙ্গে হোসিয়ারি শিল্প এবং তৈরী পোশাক শিল্পে আমাদের রাজ্যের অগ্রগতি যে কতখানি সেটা যথেষ্ট উল্লেখযোগ্য। কিন্তু আত্মতুষ্টির অবকাশ নেই। আমরা চাইছি, বর্তমানে হোসিয়ারি শিল্পে এবং তৈরী পোশাক শিল্পে পূর্বাঞ্চলের মধ্যে আমাদের জায়গা আছে — তাকে কতটা উন্নত করা যায় তার জন্য আমরা ন্যাশনাল ইন্সটিটিউট অফ ফ্যাশান টেকনোলজির সঙ্গে প্রতিনিয়ত যোগাযোগ করছি, কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রকের সাথে আমরা যথেষ্ট যোগাযোগ রক্ষা করে চলেছি। আমাদের একটু আর্থিক অসুবিধার জন্য আমরা হোসিয়ারি পার্ক বা এক্সপোর্ট প্রোমোশন পার্ক যেটা করতে চাইছি সেটার ক্ষেত্রে জমির দাম নির্ধারণের ব্যাপারে আমাদের একটু অসুবিধা হচ্ছে।

[11.30–11.40 a.m.]

এই যে অর্থ আমাদের জোগাড় করতে হবে, এটা একটা বিপুল অঙ্কের অর্থ যেটা

আমরা চেষ্টা করছি আমাদের রাজ্যের কলকাতা মেট্রোপলিটান ডেভেলপমেন্ট অথরিটি ২ ভাগে কাজ করে পর্যায়ক্রমে এই অর্থ পরিশোধ করে দেব। আমাদের রাজ্যের অনেক বড় বেসরকারী সংস্থাকে আমরা টেক্সটাইল এবং হ্যান্ডলুমের ক্ষেত্রে টেনে আনার চেষ্টা করছি। এই ধরনের পার্ক নির্মাণ করে আমরা খুব দ্রুত সফল জায়গায় পৌছতে পারি। সেইজন্য আমি এটা করা দরকার মনে করেছি এবং যেভাবে দ্রব্য মূল্য বেড়েছে তাতে কিছু অসুবিধা আছে এবং শিল্পক্ষেত্রে যে অসুবিধা আছে সেটা টেক অফ করতে সময় লাগবে। আমরা আশা করছি আমরা এই ক্ষেত্রে ঠিক জায়গাটা দখল করতে পারব।

শ্রী মানস মুখার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমরা অতিরিক্ত প্রশ্ন যে, আমাদের রাজ্যের হোসিয়ারি শিল্প সাধারণত ২ ধরনের প্রতিষ্ঠান। একটা হচ্ছে বড় প্রতিষ্ঠান এবং তারা বিভিন্ন এলাকায় ছোট ছোট প্রতিষ্ঠানকে দিয়ে মূলত সেলাইয়ের কাজটা করান। কিন্তু ইদানিংকালে এই ছোট প্রতিষ্ঠানগুলিকে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। ছোট ছোট শিল্প যেগুলি গড়ে উঠেছে যারা মূলত বড় বড় ব্যবসায়ীর কাছে থেকে কাপড় নিয়ে এসে সেলাই করে ফিনিসিং দিয়ে সেটা কমপ্লিট করে থাকে সেখানে অনেক ক্ষেত্রে তারা অভিযোগ করেছেন যে এই কাজগুলো আমাদের রাজ্যের ছোট ছোট প্রতিষ্ঠানকে না দিয়ে ভিন রাজ্যে দেওয়া হচ্ছে। কারণ সেখানে তাদের উৎপাদন খরচ কম হচ্ছে। সেই কারণে তারা নাকি পাঠাচ্ছে এবং এর ফলে বেশ কিছু জায়গায় এই ছোট শিল্পগুলি কিছু সংকটের মধ্যে সাময়িক পড়েছে। এই ক্ষেত্রে সরকারের নির্দিষ্ট ভাবনা বা পরিকল্পনা কি আছে এই ছোট ছোট হোসিয়ারি শিল্পগুলিকে রক্ষা করার ক্ষেত্রে?

শ্রী বংশগোপাল চৌধুরী : মাননীয় সদস্য সঠিকভাবেই বলেছেন। আমরা এই ব্যাপারে ছোট হোসিয়ারি ইউনিটগুলোর সাথে বড় ইউনিটগুলোকে নিয়ে আমরা একসাথে যৌথ সভা করেছি। আমাদের এখানে ২টি সমস্যা হচ্ছে — ১টি হচ্ছে উৎপাদনের কথা যেটা বলেছে যে, হোসিয়ারি শিল্পের ক্ষেত্রে যে পর্যাপ্ত পরিমাণ উৎপাদনের লক্ষ্যে আমরা পৌছতে পারছি না। ২ হচ্ছে বিভিন্ন জায়গায় সেলাইয়ের যে কাজটা করছে, তাদের সঙ্গে এদের একটা জায়গায় সমস্যা কোথাও কোথাও হচ্ছে। এই ২টি বিষয় নিয়ে আলোচনা করছি আমরা এবং এই উদ্দেশ্যে ডাইরেক্টার অফ হ্যান্ডলুম অ্যান্ড টেক্সটাইল-এর নেতৃত্বে একটি কমিটি আমরা করেছি। আমাদের সরকারী অফিসার প্রতিনিয়ত এই বিষয়গুলি নিয়ে পর্যালোচনা করছে যাতে এই ছোট ইউনিটগুলো কাজ করতে পারে। আমরা এইভাবে পর্যালোচনা চালাচ্ছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাইছি যে, সাউথ বেঙ্গলে এই হোসিয়ারী শিল্পের জন্য র-মেটিরিয়াল্‌স আছে সেখানে কোম্পানী নর্থ বেঙ্গলে যে র-মেটিরিয়াল্‌স যেমন জুট, সেরিকালচার আছে ওই নিয়ে আর অন্যান্য যে হ্যান্ডলুমের কথা আপনি বললেন এই সমস্ত নিয়ে আপনার দপ্তর নর্থ বেঙ্গলে এই হোসিয়ারি শিল্পের জন্য কিছু চিন্তা-ভাবনা করছে কিনা জানাবেন।

শ্রী বংশগোপাল চৌধুরী : হোসিয়ারি মূলত হাওড়া, কলকাতা এবং দক্ষিণবঙ্গে

কেন্দ্রীভূত। জুট ডাইভার সিফিকেশান-এর জন্য উত্তরবঙ্গে একটা প্রকল্প করতে চলেছি এবং সেটার জন্য আমরা জুটের সঙ্গে সংশ্লিষ্ট যে সমস্ত সংস্থা আছে তাদের নিয়ে আমরা একটা সমীক্ষা করেছি এবং সমগ্র উত্তরবঙ্গে সেরিকালচার এবং হ্যান্ডিক্রাফটে আমরা সর্বাধিক গুরুত্ব দিচ্ছি।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে এই প্রশ্ন করছি যে, উনি বললেন যে আমাদের হোসিয়ারি দ্রব্যের উৎপাদন করার জন্য পার্ক হবে। তার জন্য আমি তাকে সাধুবাদ জানাই। আমি মুর্শিদাবাদ এবং মালদার কথা বলছি। মুর্শিদাবাদে জানেন যে, এখানকার সিল্ক বিদেশে এক্সপোর্ট হত কিন্তু বর্তমানে সেই সিল্কের দাম পড়ে যাচ্ছে এবং যে সমস্ত উইভার আছে তারা খুব সংকটের মধ্যে পড়েছে। এখানে ভালো সিল্ক উৎপাদন যেমন হয়, তার পাশাপাশি মালদাতেও সেখানে প্রচুর সিল্ক হচ্ছে। আমরা ফারাক্কায় যেটা এই দুটো জেলার মধ্যবর্তী এলাকা ওখানে সিল্ককে কেন্দ্র করে এইরকম একটা পার্ক তৈরি করা এবং প্রিন্টিংয়ের ব্যবস্থা করার জন্য কোনো পরিকল্পনা আপনার আছে কিনা জানাবেন।

শ্রী বংশগোপাল চৌধুরী : মালদায় একটা বেসরকারী সংস্থার সঙ্গে আমাদের আলোচনা চলছে। যদি আমরা ওখানে সিল্কের ভাল ইউনিট করতে পারি তাহলে মালদা এবং মুশির্দাবাদ জেলা উপকৃত হতে পারবে। দ্বিতীয়ত মুর্শিদাবাদ সিল্কের ব্যাপারে 'রেশম শিল্পী মহাসংঘের' কাজকর্মের কিছু বিন্যাস ঘটানো হয়েছে। তাদের মাধ্যমে আমাদের রাজ্যের সিল্ক ইউনিটগুলি গত বছর ব্যাঙ্গালোরে ৩ কোটি টাকার ব্যবসা করেছে — আমাদের রাজ্যের বাইরে গিয়ে। 'রেশম শিল্পী মহাসংঘ' বেশ কিছুটা লাভের দিকে এগুচ্ছে। আমাদের রাজ্যের সিল্ক ইউনিটগুলিকে যাতে কিছুটা সুযোগ-সুবিধা দিতে পারে তার জন্য তারা উদ্যোগী হয়েছে।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন জুট ডাইভারসিফিকেশন পরিকল্পনা উত্তরবঙ্গের জন্য নিয়েছেন। কিন্তু আমি জানি উত্তরবঙ্গের তিনটি সংস্থা, দিনহাটা চ্যাটার্জী কনসার্ন ; ময়নাগুড়ির এম. এস. জৈন এবং জলপাইগুড়ির লক্ষ্মী জুট মিল কেন্দ্রীয় সরকারের একটা সংস্থার কাছ থেকে ৩০ লক্ষ করে টাকা সাবসিডি পেয়েছে। শিল্প করার নামে সাবসিডি নিয়ে কিছুই করেনি। এমন কি ওদের ওপর নির্ভর করে একটা সংস্থা সূতা তৈরী করার জন্য তৈরী হয়েছিল, সেটাও মুখ থুবড়ে পড়েছে। যারা কাজ করতে চায় তারা সুযোগ পাচ্ছে না, যারা সুযোগ পাচ্ছে তারা কাজ করছে না। এখন আমার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন উত্তরবঙ্গের এই সমস্ত শিল্পকে এগিয়ে নিয়ে যাবার জন্য আমাদের সরকারের কি পরিকল্পনা আছে?

শ্রী বংশগোপাল চৌধুরী : মূল প্রশ্নটা হোসিয়ারি এবং রেডিমেড গারমেন্টস সংক্রান্ত। তবে আমি জলপাইগুড়ি থেকে একটা অভিযোগ পেয়েছি এবং তা আমি সংশ্লিষ্ট স্থানে পাঠিয়ে দিয়েছি, রিপোর্টের অপেক্ষায় আছি। আর আমি যে জুট ডাইভারসিফিকেশনের কথা বলছি,

সেটা নিয়ে স্বতন্ত্রভাবে রিপোর্ট তৈরী করছি যাতে জুট শিল্পের সঙ্গে যারা সংশ্লিষ্ট তাদের প্রতি সুবিচার করা হয়।

শ্রী রামপদ সামন্ত : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি হোসিয়ারী পার্ক তৈরীর ব্যবস্থা করছেন। গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে গরীব পরিবারের শারীরিক প্রতিবন্ধী পুরুষ এবং মহিলাদের আর্থিকভাবে স্বনির্ভর করার জন্য হোসিয়ারি শিল্পে সেলাই-এর কাজ বা এম্ব্রয়ডারির কাজ করার জন্য কোনো ট্রেনিং-এর ব্যবস্থা কি ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের আছে?

শ্রী বংশগোপাল চৌধুরী : আমাদের ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের প্রতিবন্ধীদের ট্রেনিং দেয়ার জন্য অনেকগুলি ব্যবস্থা আছে ; বিশেষ করের হোসিয়ারি এবং গারমেন্ট ইন্ডাস্ট্রিজের সঙ্গে যারা যুক্ত তাদের আমরা অনেক রকম সাহায্য করি। মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে, আমাদের বর্তমান রাজ্য বাজেটে এই সংক্রান্ত বিষয়ে আমরা বেশ কিছু পরিকল্পনা ঘোষণা করেছি। এই বিষয়টাকে আমরা যথেষ্ট গুরুত্ব দিচ্ছি।

শ্রী নেপাল মাহাত : স্যার, অতিরিক্ত প্রশ্ন। আমাদের পুরুলিয়া জেলার তসরের সেরিকালচার, সিল্ক এবং হ্যান্ডলুম টেক্সটাইল শিল্পের আরো সম্প্রসারণ ঘটাবার পরিকল্পনা কি সরকারের আছে?

শ্রী বংশগোপাল চৌধুরী : সেরিকালচার, সিল্ক, হ্যান্ডলুম, টেক্সটাইল ইত্যাদি সব নিয়ে একটা কার্যকরী পরিকল্পনা আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে করার চেষ্টা করছি।

[11.40–11.50 a.m.]

পুরুলিয়া জেলায় ইতিমধ্যে তসরের ট্রেনিং সেন্টার এবং তসর উৎপাদন কেন্দ্রের কাজ শুরু করেছি। এর ফলে প্রচুর আদিবাসী মানুষকে এই ট্রেনিং-এর সাথে যুক্ত করতে পেরেছি। আশা করি, পুরুলিয়া জেলায় আরো বেশী করে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে।

শ্রী রতন দাস : হোসিয়ারি শিল্প বলুন আর তাঁত শিল্পই বলুন এর গুণমান নির্ভর করে ডিজাইনের বৈচিত্র্য এবং রঙের গ্যারান্টির উপর। বাজারে যে সমস্ত রঙ বিক্রি হচ্ছে সেগুলি বাজে রঙ এবং শিল্পীদের ঠকাচ্ছে। এই রঙ বিক্রি করার ব্যাপারে এই দপ্তর কোন চিন্তা-ভাবনা করেছেন কিনা? এ ছাড়া রাজ্যের বাইরে প্রসেসিং করার জন্য পাঠানো হয়, আমাদের রাজ্যে প্রসেসিং করার উদ্যোগ নেওয়া হয়েছে কিনা?

শ্রী বংশগোপাল চৌধুরী : আমাদের এখানে প্রাকৃতিক যে রঙ অর্থাৎ ন্যাচারাল ডাই তার উপর আমরা সর্বাধিক গুরুত্ব দিচ্ছি। ফুলিয়ায় এইরকম একটা কেন্দ্র স্থাপনের ব্যাপারে বিশেষ গুরুত্ব দিয়েছি এবং সেখানে আমরা আর্থিকভাবে যে সাহায্য করা দরকার সেটা আমরা করছি। আমাদের রাজ্যে আরো যেটা প্রয়োজন শ্রীরামপুরে প্রিন্টিং সেন্টার গড়ে তোলার চেষ্টা করছি। এ বাবদ রাজ্যসরকারের পক্ষ থেকে ৮৬ লক্ষ টাকা একটা সমিতিকে দেওয়ার কথা বিবেচনা করছি।

শ্রী নির্মল দাস : আমাদের ওখানে যে সমস্ত জনজাতি, উপজাতি মানুষরা রয়েছেন তাদের কিছু ট্র্যাডিশন্যাল পোশাক আছে যেটা সবই হস্তনির্মিত, বিপণনের কোনো সুযোগ নেই, বিশেষ করে আমার এলাকা ডুয়ার্স, ডুক্কায় যে সমস্ত জনজাতিরা রয়েছে, তারপর টোটো, রাভা, মেজ, গারো এদের প্রকৃতপক্ষে খুবই ক্রাইসিস। এদের বর্তমান বংশধরেরা তাদের নিজেদের প্রোডাকশন, তাদের নিজেদের যে পোশাক এগুলি করার ক্ষেত্রে খুবই সীমাবদ্ধতা দেখা যাচ্ছে, কারণ প্রোডাকশন কস্ট্ যা বাড়ছে তাতে ওদের পক্ষে করা সম্ভব হচ্ছে না। যদি বিপণনের সুযোগ হয় — কেননা এর আগে মাননীয় মন্ত্রী শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া মহাশয় চেষ্টা করেছিলেন আলিপুরদুয়ারে শো-রুম করতে বা মুগার শামুকতোলে এবং আলুপুরদুয়ারের যে তসর ছোট ছোট জায়গায় করার চেষ্টা করেছে। এগুলি মিলিয়ে ট্র্যাডিশন্যাল যে প্রোডাকশন আছে সেগুলি শো-রুম করে বিপণনের সুযোগ করে দিয়ে ওদের সামনা-সামনি আনা যায় কিনা? তাহলে এরা অর্থনৈতিকভাবে উপকৃত হবে। এই বিষয়ে আপনার দপ্তর কোন চিন্তা-ভাবনা করেছেন কিনা? তন্তুজ এবং তন্তুশ্রীর ক্ষেত্রে হোসিয়ারির প্রশ্নের উত্তরে আপনি বলেছিলেন, ওখানে বিপণনের সুযোগ যদি মানুষগুলিকে দেওয়া যায় বিশেষ করে ছোট ছোট শিল্পোদ্যোগীদের তাহলে তারা উপকৃত হতে পারে। এই বিষয়ে বিস্তৃতভাবে যদি বলেন?

শ্রী বংশগোপাল চৌধুরী : আলিপুরদায়ারে মুগা চাষের জন্য একটা কেন্দ্র স্থাপন করেছি এবং আমাদের ভারতবর্ষে একমাত্র আসাম ছাড়া এই মুগা চাষের ক্ষেত্রে অগ্রগতি ছিল না। আমরা কিন্তু এই মুগা সিল্ক উত্তরবঙ্গের কোচবিহারে, আলিপুরদুয়ারে এই পুরো এলাকা জুড়ে কাজ শুরু করেছি। এর ফলে আলিপুরদুয়ারে বেশ কিছু অগ্রগতি ঘটে গেছে। আপনি যে জনজাতি, উপজাতির কথা বলেছেন ওই আলিপুরদুয়ারে যে কেন্দ্র আছে ওই কেন্দ্র থেকে উদ্যোগ নেবার চেষ্টা করবো।

এইড্স রোগাক্রান্তর সংখ্যা

*৩১২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৩) **শ্রীরামপদ সামন্ত :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে এইড্স রোগাক্রান্ত ব্যক্তির সংখ্যা কত ; এবং

(খ) ২০০২ সালে কতজন এইড্স রোগাক্রান্ত ব্যক্তির মৃত্যু ঘটেছে?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :

(ক) ২০০২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত প্রাপ্ত হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে এইড্স রোগীর সংখ্যা ১৭৮৬ জন।

(খ) এ পর্যন্ত এইড্স রোগে মৃত্যুর যথাযথ সংখ্যার হিসাব রাখা সম্ভব হয়নি। এইড্স রোগাক্রান্ত ব্যক্তির এইড্স হচ্ছে মৃত্যুর প্রধান কারণ। কিন্তু এইড্সজনিত প্রতিরোধ ক্ষমতা হ্রাসের সুযোগ নিয়ে যক্ষ্মা এবং অন্যান্য রোগের সংক্রমণ এইড্স রোগের মৃত্যুর কারণ হিসাবে

চিহ্নিত হয়। সেজন্য মৃত্যুর ঘোষণাপত্রে এইড্‌স অনেক ক্ষেত্রেই উল্লিখিত হয় না। তথাপি, যদি এই বিষয়ে বিশেষ ধরনের তালিকা বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক নির্ধারিত হয়, তবে হয়ত এইড্‌স আক্রান্ত হয়ে মৃত্যুর হিসাব হাসপাতাল পরিসংখ্যান বিভাগ থেকে ভবিষ্যতে পাওয়া সম্ভব হতে পারে।

শ্রী রামপদ সামন্ত : মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে ১ হাজার ৭৮৬ জন পশ্চিমবঙ্গে রোগাক্রান্ত হয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, জেলাভিত্তিক এর কোনো হিসাব আছে কিনা এবং এই রোগপ্রবণ জেলা কোন কোনগুলি সেটা চিহ্নিত হয়েছে কিনা? মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার আরও প্রশ্ন, রোগাক্রান্ত জেলাগুলিতে এই রোগ প্রতিহত করার জন্য বা এই রোগের বিরুদ্ধে লড়াই করার জন্য প্রিভেনটিভ সাইড-এ কি কি ব্যবস্থা নিয়েছেন জানাবেন কি?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমার কাছে ঠিকানাভিত্তিক তথ্য আছে, আমি তার মধ্যে যাচ্ছি না। তবে সাধারণভাবে কলকাতা এবং তার সংলগ্ন এলাকায় এই রোগের প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। এর প্রিভেনশানের জন্য স্টেট এড্‌স প্রিভেনশান অ্যান্ড কন্ট্রোল সোসাইটি আছে। যে রকম জাতীয় স্তরে ন্যাশানাল এড্‌স কন্ট্রোল অর্গানাইজেশান বা ন্যাকো আছে। সাধারণভাবে সেই ন্যাকোই জাতীয় স্তরের কর্মসূচীগুলি পরিচালনা করেন এবং রাজ্যস্তরে যে রাজ্যস্তরীয় সোসাইটি আছে তারা কর্মসূচীগুলি পরিচালনা করেন। এখানে মূলত কিছু গোষ্ঠী যাদের ঝুঁকি বেশী, এই রোগে আক্রান্ত হবার ঝুঁকি বেশী তাদের জন্য আমাদের বিশেষ কর্মসূচী রয়েছে। তার মধ্যে যৌনকর্মীরা আছেন, পরিবহণের শ্রমিক ইত্যাদি দুর দুর এলাকা থেকে এখানে আসেন, বাইরে থেকে এসে যারা দীর্ঘদিন এখানে থাকেন, যারা এই রাজ্য থেকে অন্য জায়গায় কাজ করতে যান দীর্ঘদিন ধরে এবং এখানে ফিরে আসেন তারা অপেক্ষাকৃত যাদের বয়স কম অর্থাৎ বয়ঃসন্ধিকালের ছেলেমেয়ে — মূলত এই ৪টি গোষ্ঠীর মধ্যে আমরা সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন কর্মসূচী গ্রহণ করে থাকি।

শ্রী রামপদ সামন্ত : পশ্চিমবাংলায় এই এড্‌স রোগে আক্রান্তের সংখ্যাটা আমরা মোটামুটিভাবে জানলাম। আমার প্রশ্ন, ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলিতে এর সংখ্যা বাড়ছে না কমছে তার কোন হিসাব আপনার কাছে থাকলে মন্ত্রী মহাশয় তা দয়া করে জানাবেন কি?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ভারতবর্ষে এড্‌স কেসের সংখ্যা শেষ যেটা আমরা পেয়েছি সেটা হল ৫২ হাজার ৭৫৫। অবশ্য ৫২ হাজার ৭৫৫ যখন ছিল তখন আমাদের পশ্চিমবাংলায় ছিল ৯৩০। এখন আমাদেরও বেড়েছে নিশ্চয় সর্বভারতীয় স্তরেও অনেক বেড়ে থাকবে। অনুপাতটা বোঝার জন্য আমি সংখ্যাটা বললাম — ৫২ হাজার ৭৫৫ আর তার মধ্যে ৯৩০ হচ্ছে পশ্চিমবাংলার অংশ। অন্য রাজ্যগুলির তথ্যও আমার কাছে আছে। আমি সাধারণভাবে কয়েকটি রাজ্যের কথা বলছি। অন্ধ্রপ্রদেশে — ৩ হাজার ৭০৭। গুজরাটে — ২ হাজার ৫৮৭। কর্ণাটকে — ১ হাজার ৬৯০। মহারাষ্ট্রে — ৯ হাজার ২৩৪। মণিপুর — ছোট রাজ্য কিন্তু তাদের হচ্ছে ১২৩৮। আর মুম্বাই মিউনিসিপ্যাল কর্পোরেশনেই খালি ২ হাজার ২৬১। এগুলি

বেশী যেখানে আছে। রাজ্যগুলিতে তিনভাগে সাধারণত ভাগ করা হয় এই রোগের প্রাদুর্ভাবের ভিত্তিতে এবং ঝুঁকির ভিত্তিতে — হাই রিস্ক, মিডিয়াম রিস্ক এবং লো রিস্ক। অর্থাৎ যেখানে রোগের প্রাদুর্ভাব বেশী এবং ঝুঁকি বেশী এবং বাড়ছেও বেশী হারে সেগুলি হাই রিস্ক। মাঝারি প্রবণতা যেগুলির সেগুলি মিডিয়াম রিস্ক আর বাকিগুলি হচ্ছে লো রিস্ক অর্থাৎ প্রবণতা কম, ঝুঁকি কম, রোগের প্রাদুর্ভাবও কম। পশ্চিমবাংলা লো রিস্ক স্টেটগুলির মধ্যে পড়ছে অর্থাৎ ঝুঁকি বা প্রবণতার দিক থেকে আমাদের রাজ্য এখনও কম। তবুও আমরা বলছি এতে আমাদের আত্মসন্তুষ্টির কোনো কারণ নেই কারণ এখানেও ধীরে হলেও বাড়ছে।

[11.50–12.00 noon]

শ্রী রামপদ সামন্ত : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে পারলাম যে এই রোগী অন্যান্য রাজ্যের তুলনায় দেখতে পাচ্ছি আমাদের পশ্চিমবাংলায় তুলনামূলকভাবে কম। তাহলেও এই রোগী রয়েছে। এই রোগ প্রতিরোধের জন্য আমাদের সবচেয়ে বড় দরকার সচেতনতা। এই সচেতনতা বাড়াবার জন্য বিদ্যালয় স্তরে বা কলেজ স্তরে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে কোনো শিবির বা পাঠ্যসূচীতে 'এড্‌স' অন্তর্ভুক্ত করার কোনো ব্যবস্থা আছে কি না জানাবেন কি?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : হ্যাঁ আছে। আমি আগেই বলেছি বয়ঃসন্ধিকালের ছেলে-মেয়েদের জন্য আমাদের বিশেষ কর্মসূচী আছে। বছরে লক্ষাধিক ছেলে-মেয়ে এই কর্মসূচীর আওতায় আছে। এটাকে আরো সুসংহত রূপ দেওয়ার জন্য বিদ্যালয় শিক্ষা দপ্তরের সঙ্গে আলোচনা হয়েছে। এটা সিদ্ধান্ত হয়েছে কোর্স ক্যারিকুলামের মধ্যে পাঠ্যসূচীতে রাখা হবে। এই পাঠ্যসূচীর জন্য একটা কমিটি করা হয়েছিল, মাননীয় সদস্যরা নিশ্চয়ই অবগত আছেন, তাদের সঙ্গে আমাদের আলোচনা হয়েছে যে এটা পাঠ্যসূচীতে অন্তর্ভুক্ত করতে হবে। নবম, দশম এবং একাদশ শ্রেণীতে বিশেষ করে এটা বাধ্যতামূলক হবে যাতে এই বিষয়টা ছেলে-মেয়েরা জানে। যতক্ষণ না পর্যন্ত এটা হচ্ছে ততক্ষণ পর্যন্ত বয়ঃসন্ধিকালের ছেলে-মেয়েদের সচেতন করার জন্য যে কর্মসূচী নেওয়া হয়েছে তাতে বছরে লক্ষাধিক ছেলে-মেয়ে এই কর্মসূচীর আওতার মধ্যে আছে।

হোমিও ক্লিনিকের সংখ্যা

*৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮০) **শ্রী সামসুল ইসলাম মোল্লা :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি হোমিও ক্লিনিক আছে ;

(খ) উক্ত ক্লিনিকগুলিতে কতজন ডাক্তার কাজ করছেন ; এবং

(গ) উক্ত ক্লিনিকগুলির আধুনিকীকরণের বিষয়ে সরকার কী ভাবনাচিন্তা করছেন?

ডঃ সূর্য্যকান্ত মিশ্র :

(ক) রাজ্যে ৫৪৫টি হোমিও ক্লিনিক আছে।

(খ) উক্ত ক্লিনিকগুলিতে ৫১৩ জন ডাক্তার কাজ করছেন।

(গ) উক্ত ক্লিনিকগুলির আধুনিকীকরণের প্রস্তাব সরকারের বিবেচনাধীন।

শ্রী সামসুল ইসলাম মোল্লা : আমার অতিরিক্ত প্রশ্ন। আমাদের রাজ্যের ৭০ ভাগ মানুষ হাসপাতালে চিকিৎসার সুযোগ পান। গ্রামাঞ্চলের মানুষ কম পয়সায় হোমিওপ্যাথি চিকিৎসার সুযোগ নিতে চাইছেন। কিন্তু যে ক্লিনিকগুলো চলছে সেই ক্লিনিকগুলোর অবস্থা ভাল নয় বলে অভিযোগ আছে। সেখানে প্রয়োজনীয় ঔষধ নেই, ডাক্তাররা নিয়মিত আসেন না। এই ক্লিনিকগুলো যাতে সচল থাকে তার জন্য কি কি উদ্যোগ নিয়েছেন অনুগ্রহ করে জানাবেন কি?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এটা ঠিক নয় যে সব ক্লিনিকগুলো চলে না, ব্যতিক্রম আছে। তবে আমি বলবো না যে সব ক্লিনিকেই ঠিকভাবে চলছে। আমরা যে উদ্যোগ নিয়েছে তার প্রথম যেটা সেটা হচ্ছে জেলার মুখ্য আধিকারিককে আমরা দায়িত্ব দিয়েছি, অধিকার দিয়েছি, ক্ষমতা দিয়েছি এই ক্লিনিকগুলো চালু আছে কিনা দেখবার জন্য। হোমিওপ্যাথিটা সি.এম.ও.এইচ দেখাশোনা করতেন না। সম্প্রতিকালে হোমিওপ্যাথি বা আয়ুর্বেদ এদের যে ক্লিনিক বা ডিসপেনসারিগুলো আছে সেইগুলোর দায়িত্ব আমরা জেলার মুখ্য আধিকারিকের হাতে দিয়েছি যাতে করে জেলা থেকে এইগুলোর দেখভাল করা যায়। আমরা ঠিক করেছি যে ক্লিনিকগুলো প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র বা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের মধ্যে নেই সেইগুলো কার্যকারী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্তরে স্থানান্তরিত করা হবে। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে পরিকাঠামো রয়েছে। আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথির যাতে সদ্ব্যবহার হয়, যেহেতু যেখানে রোগীরা যাতায়াত করে, তাদের উপর দেখভাল করার নজরদারি করার ব্যবস্থা আছে সেইহেতু তারা আরো একটু ভালভাবে দেখাশোনা করতে পারবে। সেইসাথে আমরা আধুনিকীকরণ, অর্থাৎ যে কর্মসূচী আমরা নিতে যাচ্ছি তা একটু গুছিয়ে করা, একটু ভালভাবে করতে চাইছি। ওখানে ওষুধপত্র সরবরাহ হয়। আমরা কল্যাণী থেকে ওষুধ পাঠাই। ১০০-১৫০র মতো রোগী হয়, আমাদের গড়পড়তা যে হিসাব আছে তাতে এটা জানি। তাঁরা ওষুধ পান না তা নয়। তাহলেও, ওষুধ সরবরাহ বাড়াবার জন্য আমরা — কেন্দ্রীয় সরকারের যে কর্মসূচী আছে এই ব্যাপারে — তাঁদের সঙ্গে আলোচনা করছি, কি করে এটা বাড়ানো যায়।

শ্রী সামসুল ইসলাম মোল্লা : আমাদের রাজ্যে যে ৫১৩ জন হোমিওপ্যাথি ডাক্তার আছেন, তাঁদের নিয়োগ সংক্রান্ত বা তাঁদের বেতন সংক্রান্ত ব্যাপারে উন্নত কোনো বিধি প্রয়োগের ক্ষেত্রে রাজ্য সরকার কোনো উদ্যোগ নিয়েছেন কি?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি যখন এই প্রশ্নের লিখিতভাবে জবাব দিয়েছিলাম, তারপরে আমাদের শূন্য পদের সংখ্যা কার্যত বেড়েছে। এখন ৪৭২ জন ডাক্তার আছেন। ৭৩টি জায়গায় এখন মেডিকেল অফিসার নেই। নিয়োগটা পি. এস. সি থেকে হয়। আমরা ওদের কাছে লিখেছি।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে যে হোমিওপ্যাথি চিকিৎসার ব্যবস্থা আছে, এছাড়াও গ্রাম পঞ্চায়েতে কিছু ডিসপেনসারি চলে সরকারী আনুকূল্যে। সব গ্রাম পঞ্চায়েতে কি এই রকম ডিসপেনসারি খোলার পরিকল্পনা আছে?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় সদস্যের বোধহয় খেয়াল আছে, ২০০১ সাল পর্যন্ত আমাদের ৫২৫টি গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথি ডিসপেনসরি ছিল ২০০২ সালে আরও ১৫০টি হয়েছে, অনেকদিন পরে খোলা হয়েছে। এই বছরে বাড়তি ১০০টি খোলার প্রস্তাব দিয়েছি। দেখা যাক, কি হয়।

শ্রী শান্তিরাম মাহাতো : এরাজ্যে হোমিও ক্লিনিকের সংখ্যা ৫৪৫। কিন্তু প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে যেখানে হোমিও ক্লিনিক আছে, সেখানে ডাক্তার নেই। সেখানে নিয়োগের কোনো ব্যবস্থা করছেন কিনা? আর একটি প্রশ্ন, বর্তমানে দেখা যাচ্ছে, অ্যালোপাথি চিকিৎসা বিশেষ করে গরীব মানুষের ধরা-ছোঁয়ার বাইরে চলে যাচ্ছে। এইক্ষেত্রে হোমিওপ্যাথি চিকিৎসার প্রসার ঘটানোর জন্য, বিশেষজ্ঞ কমিটিকে দিয়ে কিছু করেছেন কিনা?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : নিয়োগের ব্যাপারে তো আমি আগেই বলেছি, পি. এস. সি-কে শূন্য পদ পূরণের জন্য লিখেছি। আমরা অপেক্ষা করছি, নামগুলো পেলে নিয়োগ করবো। হোমিওপ্যাথি চিকিৎসার প্রসারের জন্য আমি বললাম, আধুনিকীকরণ থেকে চিকিৎসা পর্যন্ত কতকগুলো পদক্ষেপ নিয়েছি। এই হাউসে একটা বিল পাশ হয়েছে। হোমিওপ্যাথির সঙ্গে যাঁরা যুক্ত, তাঁদের আলাদা করে তখনই আমি বলেছিলাম যে, তাঁদের সার্ভিসটা নিয়ে কি করতে চাইছি। আর কলেজ যেগুলো চলে, সেখানে গবেষণা যাতে হয় — ন্যাশানাল ইনস্টিটিউট অফ হোমিওপ্যাথি যেটি কেন্দ্রীয় সরকারের, সেখানে গবেষণা হয় — তাদের আমরা কিছু জায়গা দিয়েছিলাম, যেটি সল্টলেকে আছে। আমরা উদ্যোগ নিয়ে গভর্নিং বডির মিটিংটা সাত বছর পরে করতে পেরেছি। এর চেয়ারম্যান হচ্ছেন কেন্দ্রীয় মন্ত্রী আর আমি ভাইস চেয়ারম্যান।

[12.00–12.10 p.m.]

৭ বছর পরে আমরা মিটিং করছি। সেখানে ন্যাশানাল ইনস্টিটিউট অফ হোমিওপ্যাথির সঙ্গে সম্পর্ক রেখে এখানে যাতে আরো ভালভাবে স্নাতকস্তর এবং স্নাতকোত্তর শিক্ষা এবং গবেষণা করা যায় সেইভাবে মেডিকেল কলেজগুলো করা যায় তার চেষ্টা করছি। এবং এই চিকিৎসার প্রসারের জন্য গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথিক ডিসপেনসারি এবং রাজ্য সরকারের যে ক্লিনিক আছে সেগুলো চালু রাখার চেষ্টা করছি। জেলাস্তরে যে হাসপাতালগুলো আছে সেখানে কিছু আলাদা বিশেষ বেড ইত্যাদি করবার চেষ্টা করছি।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

Cleaning up of Tolly's Nullah and Beliaghata Canal

*309. (Admitted Question No. *461) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Irrigation and Waterways Department be pleased to state—

the progress made by Irrigation and Waterways Department in cleaning up of Tolly's Nullah and Beliaghata Canal so far ?

Minister-in-Charge of the Irrigation & Waterways Department :

Tolly's Nullah

The total length of the Tolly's Nullah is 15.50 km. Desiltation work has been taken up by two methods, viz. (a) Manual Excavation & (b) Mechanical Dredging.

(a) Manual Excavation

From Kudghat to Chetla Boat Canal (9.00 km to 5.10 km). Desiltation completed for 2 km from Rishi Ashram (8.50 km) to the upstream of Tollygunge Bridge (6.50 km) and partly done from 6.50 km to 6.00 km. The remaining work would be executed after the monsoon of 2003.

(b) Mechanical Dredging

From Chetla Boat Canal to Hastings (5.10 km to 0.00 km). Desiltation work completed for 2.00 km to 1.00 km from Hastings to Khidirpore Bridge (0.00 km to 1.00 km) and further 1.00 km from the upstream of Alipore Bridge (2.20 km) to Balaramghat (3.20 km). Mechanical Dredging work in the rest portion is in progress and will be continued during the monsoon from Rishi Ashram (8.50 km) to Garia Railway Bridge (15.50 km). In this stretch, foundation work of Metro Railway is going on. Desiltation work in this portion would be taken up after completion of the foundation work by the Metro Railway Authority.

Beliaghata Canal

Total length of this canal is 8.50 km. Desiltation work for a length of 7.20 km from E.M. Bypass to Gaznabi Bridge completed except two small stretches measuring about 100 metres. The desiltation work of the remaining length of 1.30 km from Gaznabi Bridge to Chitpur lock has been proposed to be taken up after the monsoon of 2003.

জেসপ্ কোম্পানী লিমিটেড অধিগ্রহণ

*৩১১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৮) শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জেসপ্ কোম্পানী লিমিটেড অধিগ্রহণের বিষয়ে রাজ্য সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করেছেন কি?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : না।

শিল্প প্রতিষ্ঠানের অব্যবহৃত জমি

*৩১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬৭) শ্রী কাশীনাথ মিশ্র : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের অব্যবহৃত জমি সম্পর্কে সুনির্দিষ্ট নীতি গ্রহণ করার বিষয়ে রাজ্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন?

শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

রুগ্ন/বন্ধ শিল্পসংস্থার পুনরুজ্জীবনের স্বার্থে রাজ্য সরকার বহুদিন ধরেই এই ব্যাপারে চিন্তাভাবনা করে আসছেন।

যে সমস্ত শিল্পসংস্থার অব্যবহৃত জমি আরবান (ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেশন্‌স) অ্যাক্ট ১৯৭৬-এর আওতাভুক্ত, সেগুলির বিক্রয়লব্ধ অর্থ দিয়ে ওই সংস্থার পুনরুজ্জীবনের উদ্দেশ্যে ১৯৯৮ জানুয়ারীতে একটি সুনির্দিষ্ট নীতি গ্রহণ করা হয় যা বর্তমানে রূপায়িত হচ্ছে।

বাকী উদ্বৃত্ত জমি যা ওয়েস্ট বেঙ্গল স্টেট অ্যাকুইজিসন্ অ্যাক্ট, ১৯৫৩-এর অন্তর্ভুক্ত, সেগুলি সরাসরি বিক্রয়ের অনুমতি দেওয়ার ব্যাপারে আইনের বিধিনিষেধ আছে। তবুও রাজ্য সরকার এ ব্যাপারে একটি সহজ পদ্ধতিতে উক্ত জমি বিক্রয় করে সংস্থাটির পুনরুজ্জীবনের জন্য খুব শীঘ্রই তার নীতি নির্ধারণ করতে সচেষ্ট হয়েছেন।

কয়লার উপর 'সেস'

*৩১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪৮) শ্রী অতীশ চন্দ্র সিংহ : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য থেকে প্রাপ্ত কয়লার উপর রাজ্য সরকার 'সেস' পান ; এবং

(খ) সত্যি হলে, গত দুইটি আর্থিক বছরে 'সেসের' পরিমাণ কত ছিল?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ

(খ) ২০০০-২০০১ — ৪৯৩.০১ কোটি টাকা।

২০০১-২০০২ — ৬৮৩.৮৯ কোটি টাকা।

স্টেট জেনারেল হাসপাতাল

*৩১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩০) শ্রী তাপস চট্টোপাধ্যায় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে স্টেট জেনারেল হাসপাতালের সংখ্যা কত ; এবং

(খ) স্টেট জেনারেল হাসপাতালগুলির উন্নতি বিধানে রাজ্য সরকারের নীতি কি?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সর্বমোট ৪৪টি।

(খ) স্বাস্থ্য উন্নয়ন (বিশ্ব ব্যাঙ্ক সহায়তায়) প্রকল্প-২ এর অনুসারে রাজ্যে অবস্থিত সবকটি স্টেট জেনারেল হাসপাতালে পরিকাঠামো উন্নয়ন এবং পরিষেবা উন্নতির যথাযথ ব্যবস্থা করা হয়েছে এবং উন্নয়নের কাজ অব্যাহত আছে।

মুর্শিদাবাদ জেলায় প্রকল্পে বরাদ্দকৃত অর্থ

*৩১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৪) **শ্রী মইনুল হক :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলায় ২০০২-২০০৩ আর্থিক বছরে (জানুয়ারী, ২০০৩ পর্যন্ত) গ্রামোন্নয়নের বিভিন্ন প্রকল্পে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা সম্ভব হয়নি?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

২০০২-২০০৩ আর্থিক বছরে (জানুয়ারী, ২০০৩ পর্যন্ত) মুর্শিদাবাদ জেলায় গ্রামোন্নয়নের বিভিন্ন প্রকল্পে বরাদ্দকৃত মোট অর্থের পরিমাণ ছিল ৫৩৯৬.৭৭ লক্ষ টাকা ও তন্মধ্যে ৩২৫৪.১২ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়েছে।

স্বল্প সঞ্চয় প্রকল্পে সঞ্চিত অর্থ

*৩১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫৫) **শ্রী ইউনুস সরকার :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে স্বল্প সঞ্চয় প্রকল্পসমূহে সঞ্চিত অর্থের পরিমাণ কত ;

(খ) উক্ত অর্থের পরিমাণ গত আর্থিক বছরের তুলনায় কম না বেশী ; এবং

(গ) সরকার স্বল্প সঞ্চয় প্রকল্প থেকে কীভাবে লাভবান হয়ে থাকেন?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০২ সালে (জানুয়ারী থেকে ডিসেম্বর মাস পর্যন্ত) স্বল্প-সঞ্চয় প্রকল্প সমূহে সঞ্চিত নীট জমার পরিমাণ প্রায় ৭৩৫৪ কোটি টাকা।

(খ) ২০০১ সালে (জানুয়ারী থেকে ডিসেম্বর মাস পর্যন্ত) স্বল্প-সঞ্চয় প্রকল্প সমূহে সঞ্চিত নীট জমার পরিমাণ ছিল প্রায় ৬৬৪৯ কোটি টাকা। অর্থাৎ বর্তমান বছরের নীট জমা গত বছরের তুলনায় বেশী।

(গ) স্বল্প সঞ্চয়ের মাধ্যমে সংগৃহীত অর্থ রাজ্য সরকার বার্ষিক পরিকল্পনা রূপায়ণের জন্য ঋণ হিসাবে পায়।

নন্-প্র্যাকটিসিং ভাতা নিয়ে প্র্যাকটিসরত চিকিৎসকদের সাজা

*৩১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮২) শ্রী কমল মুখার্জী : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নন্-প্র্যাকটিসিং ভাতা নিয়ে প্র্যাকটিস করছেন, এরূপ কতজন সরকারী চিকিৎসকের বিরুদ্ধে ২০০২-২০০৩ আর্থিক বছরে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৭ (সাত) জন।

মধ্যবঙ্গ উন্নয়ন পর্ষদ

*৩২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫০) শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ: উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ, নদীয়া, বীরভূম প্রভৃতি জেলা নিয়ে মধ্যবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, বর্তমান বছরে উক্ত পরিকল্পনার রূপায়ণ হবে কি?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Cases pending with B.I.F.R

*321. (Admitted Question No. *1566) **Shri Mahabubul Haque and Shri Quazi Abdul Gaffar** : Will the Minister-in-Charge of the Industrial Reconstruction Department be pleased to state—

(a) the number of cases pending with B.I.F.R. regarding Jute Mills of West Bengal ; and

(b) the steps taken by the Government in the matter ?

Minister-in-Charge of the Industrial Reconstruction Department :

(a) 33 Nos.

(b) State Government in this Department, extend all admissible support measures including Soft loans to reschedule the arrear Sales Tax dues and other incentives within its policy frame-work, to facilitate the process of revival/rehabilitation of 'sick' jute mills in the state.

বোরো চাষের জন্য জল

*৩২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪৩) শ্রী বাঁশরীমোহন কাঁজি : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০০২-২০০৩ আর্থিক বছরে রাজ্যে বোরো চাষের জন্য লব্ধ জলের পরিমাণ পর্যাপ্ত ছিল না ; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কী?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) না, ইহা সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

দীঘা সৈকত উৎসব

*৩২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৫) শ্রী রামপদ সামন্ত : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দীঘা সৈকত উৎসব ২০০৩-এ বিদেশী পর্যটকেরাও যোগ দিয়েছিলেন ; এবং

(খ) পর্যটন শিল্পের পাশাপাশি বাংলার লোকসংস্কৃতির বিকাশে ওই উৎসব কী ভূমিকা পালন করেছিল?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ইহা সত্য নয়।

(খ) এই উৎসবের মাধ্যমে গ্রামীণ শিল্পীরা তাঁদের বাউলগান, লোকসংগীত ও বিভিন্ন গ্রামীণ সাংস্কৃতিক বিষয় মঞ্চস্থ করার সুযোগ পেয়েছিলেন।

এছাড়াও জনস্বাস্থ্য বিষয়ক অনুষ্ঠান বিশেষ করে এইড্‌স সম্পর্কে আলোচনা ও একটি নাটকও মঞ্চস্থ হয়েছিল বলে খবর পাওয়া গেছে।

এই উৎসবে একটি পুতুল নাচের অনুষ্ঠান উপস্থিত সকলকে মুগ্ধ করেছিল।

Reply to Starred Question No. 307 will be given later.

CALLING ATTENTION (Notices)

Mr. Speaker : Today I have received two notices of Calling Attention on the following Subjects, namely :

	Subject	Name
(i)	Alarming condition of Kurseong and some parts of Darjeeling owing to Landslides	: Shri Tapan Hore & Shri Asit Mitra

(ii) Outbreak of an unknown disease : Shri Nirmal Das
in different areas under Alipurduar
Subdivision and Panagarh, Burdwan

I have selected the notice of Shri Nirmal Das on the subject of outbreak of an unknown disease in different areas under Alipurduar Subdivision and Panagarh, Burdwan.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Mr. Speaker Sir, ther statement will be make on 23rd July, 2003.

STATEMENT UNDER RULE 346

Shri Nirupam Sen : Mr. Speaker Sir, The Industrial Reconstruction Department is assigned nodal responsibility for the revival of 'closed' and 'sick' industrial units in the State. This responsibility is guided by State Goverment's priority for value addition and employment interests through the deployment of industrial assets in the State in economic activity.

2. With 'Industries' being a subject on the Union List the legislative frame-work within which State Government is requiered to design initiatives in this field, are mainly 'The Companies Act, 1956' and 'The Sick Industrial Companies (Special Provisions) Act, 1985'. Both statutes are Central legislation.

3. Notwithstanding this limitation and in keeping with the thrust for industrialization in the State, Government planned a pro-active agenda for providing incentive and support to the renewal of ailing industrial assets in the state. With this objective in view, Government in the Industrial Reconstruction Department initiated the West Bengal Industrial Renewal Scheme (WBIRS) 2001 with Notification No. 1250-IR of the 2nd March 2001. This Scheme took effect from the 1st day of January 2001 and was intended to encourage the rehabilitation and expansion of 'close', 'sick' or 'weak' industrial units in the large/medium and small-scale manufacturing sectors in the State that presented comprehensive and long-term revival rehabilitation proposals with the support of Financial

Institutions/ Banks having interest and their employees. The incentives and support measures under the scheme, comprised Capital Investment Subsidy, Interest Subsidy, Subsidy for Conversion for use of Piped Gas, Re-schedulement of arrear Power and Sales Tax Dues, Grant of Bridging Loans on Soft terms, Waiver of Electricity Duty, Remission of Stamp Duty and Registration Fee, Disposal of Surplus Land Assests to generate resources for investment in revival/rehabilitation efforts. The types and quantum of incentives available under the scheme to eligible units have been classified according to location.

4. Our experience in implementing the WBIRS 2001 has revealed that this scheme has not resulted in a meaningful intervention in the complexities of industrial sickness in that the ailing industrial units provided incentives and support measures under the Scheme, have not achieved the projected turn around. Further, it has been observed that the majority of applicants under the Scheme have sought to sowp their debts to Financial Institutions and Banks through availing bridging loans under the Scheme at substantially lower interest rates. This does not contribute to capital asset creation that can sustain longer-term revenue generation for the industrial units.

5. Keeping this experience in view and also taking into account Goverment's paucity of financial resources to provide incentives and support to the large number of applicants for coverage under the scheme, it has been decided to restrict for the time being, the five incentives/support measures viz. Capital Investment Subsidy, Interest Subsidy, Subsidy for Conversion for use of piped Gas, Re-schedulement of arrear Power Dues, Grant of Bridging Loans on soft terms, that require fresh Budgetary outgoes. The remaining four support measures Waiver of Electricity Duty, Remission of Stamp Duty and Registration Fee, Disposal of Surplus Land Assets to generate resources for investment in revival/ rehabilitation efforts and Re-schedulement of arrear Sales Tax Dues will however, continue to remain available to eligible cases under the scheme.

6. Necessary notification in this regard is being issued by State Government.

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Fourth Report of the Standing Committee on Education, Information & Cultural Affairs, Sports and Youth Services (2002-2003)

Shri Padmanidhi Dhar : Sir, I beg to present the Fourth Report of the Standing Committee on Education, Information & Cultural Affairs, Sports and Youth Services (2002-2003) on Promotion of Sports and Games in the State.

LAYING OF REPORTS

Reports of the Comptroller and Auditor General of India

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to lay the following reports of the Comptroller and Auditor General of India :

(a) Report of the Comptroller and Auditor General of India for the year 2001-2002(Revenue Receipts)

(b) Report of the Comptroller and Auditor General of India for the year 2001-2002(Commercial) ; and

(c) Report of the Comptroller and Auditor General of India for te year 2001-2002(Civil)

Mr. Speaker : Now I would like to mention our thing. Hon'ble member, Shri Deba Prasad Sarkar, yesterday came to my chamber and drew my attention to an unparliamentary word used by the Hon'ble Minister, Shri Kamal Guha, during his address of the Agricultural budget. I have gone through the record and found that the word is unparliamentary. As such, this word is expunged from the record.

I would like to appeal to the members that unparliamentary words should not be used in the House. They should confine themselves to parliamentary words. They may use alternative words because there are lot of words which can be used altennatively. These are used in parliamentary forum. Members should confine themselves to parliamentary words with dignity and respect that the Parliament maintains.

MENTION CASES

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করছি। প্রধানমন্ত্রী এখানে এসেছেন এবং সল্টলেকের ফাইভ স্টার হোটেল হায়াৎ রিজেন্সিতে তিনি লাঞ্চ খেতে যাবেন। তাঁর নিরাপত্তার ব্যাপারে রাজ্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছেন। এই ফাইভ স্টার হোটেলের উল্টোদিকে একটা বস্তি এবং সেখানকার পঞ্চাশটি দোকান সাতদিন ধরে বন্ধ করে দেওয়া হয়েছে। ওখানকার একশোজন বস্তিবাসীকে সাতদিন ধরে ওর মধ্যে আটকে রাখা হয়েছে এবং তার চারিদিক থেকে ইঁটের দেওয়াল গেঁথে দেওয়া হয়েছে। সেখানে ইঁটের দেওয়াল তোলার জন্য পাঁচটি বাড়ী, পাঁচটি দোকান এবং তিনটি টয়লেট এবং একটি জলের কল ভেঙে ফেলতে হয়েছে। ফলে সেখানকার বস্তিবাসীরা কার্যত বন্দী, প্রাকৃতিক কাজে যাওয়ারও তাদের কোন উপায় নেই। তাদের মূলরাস্তায় যাওয়ার যে গেটওয়ে সেটাও বন্ধ করে দেওয়া হয়েছে। যদি সেখানে আগুন লেগে যায় তাহলে সেখানকার মানুষের জীবন বিপন্ন। প্রধানমন্ত্রীর নিরাপত্তার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ, কিন্তু এই বস্তিবাসী গরীব মানুষদের জীবনেরও তো একটা মূল্য আছে।

[12·10—12·20 p.m.]

সল্ট লেকের অ্যাডিশনাল এস. পি. বললেন—এটা না করলে অনেক ফোর্স দিতে হত, সেইজন্য এটা করতে হয়েছে। ফোর্স দেওয়ার জন্য কিছু খরচ হতে পারত কিন্তু এতগুলো পরিবারের জীবন-জীবিকা বন্ধ হোত না। আজকের 'টাইমস্ অফ ইন্ডিয়া'তে বেরিয়েছে—'স্লাম ডুয়েলারস পে ফর প্রাইম মিনিস্টারস্ লাঞ্চ'। প্রধানমন্ত্রীর জীবনের মূল্য নিশ্চয় দিতে হবে, কিন্তু তাই বলে গরীব বস্তিবাসীদের জীবনের মূল্য দিতে হবে না? এই বিষয়ে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করা হোক—সাত দিন ধরে তাদের দোকানপাট বন্ধ হয়ে আছে। এদিকটা দেখবেন।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জনস্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, বালকো-র পর নালকো-এই রাষ্ট্রায়ত্ত আধুনিক অ্যালুমিনিয়াম কারখানাটি বেসরকারিকরণের উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় সরকার। ১৯৮১ সালে ২৪০৮ কোটি টাকা বিদেশী ঋণে এই কারখানাটি তৈরী হয়েছে। ১৭ বছরের মধ্যে, ১৯৯৮ সালের মধ্যে সব ঋণ শোধ করে দেয়। এই কারখানাটি বন্ধ করার উদ্যোগ নিচ্ছে কেন্দ্রীয় সরকার। লোকসানের অজুহাত দেখিয়ে অনেক কারখানা বন্ধ করে দিচ্ছে তারা, বা বিক্রি করে দিচ্ছে। নালকো এই বছরেই ৫২২ কোটি টাকা নীট মুনাফা অর্জন করেছে। গত বছরের মুনাফা ছিল ৪০১ কোটি টাকা। এক বছরের মধ্যে ১২১ কোটি বাড়ীতে নীট মুনাফা করেছে। দেশের দ্বিতীয় বৃহত্তম এই অ্যালুমিনিয়াম কারখানাটি প্রতি বছর কেন্দ্রীয় সরকারের কোষাগারে ২৫৭ কোটি টাকারও বেশী ডিভিডেন্ট দেয়। সংস্থাটির নিজস্ব বক্সাইট রয়েছে ৩০০ মিলিয়ন টন, যা ১০০ বছরের চাহিদা মেটাতে পারবে। এরকম একটি

গুরুত্বপূর্ণ কারখানা বেসরকারিকরণের উদ্যোগের বিরুদ্ধে উড়িষ্যাবাসী এবং শ্রমিকরা লাগাতর আন্দোলন করছে। প্রধানমন্ত্রী একটা সভায় বলেছেন, এখনই নালকো বেসরকারিকরণ করা হচ্ছে না। তাঁর কথার মধ্যেই কিন্তু এই ইঙ্গিত থাকছে যে, ভবিষ্যতে করা হবে। তাই এই প্রচেষ্টার তীব্র প্রতিবাদ করছি এবং দেশের সকল শ্রমিক, কর্মচারীদের প্রতিবাদে সোচ্চার হতে অনুরোধ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উনি ছিলেন, একটু আগেই চলে গেলেন। স্যার, আর একটা দুর্ভাগ্যের সংবাদ আজকে বাংলার একটা বহুল প্রচারিত দৈনিক সংবাদপত্রে বেরিয়েছে—"আবার শিশুমৃত্যু"। এবারে মুর্শিদাবাদ, মালদায় নয়, পানাগড়ের কাছে কসবা গ্রামে অজানা রোগে চারটি শিশুর মৃত্যু হয়েছে। সরকারি ভাবে চারটি শিশুর মৃত্যু বলা হলেও সাতটি শিশুর মৃত্যু হয়েছে, আরও কয়েকটি শিশু এই রোগে আক্রান্ত হয়েছে। গত দোসরা জুলাই প্রথমে একটি শিশু আক্রান্ত হয়। এই সংবাদ স্বাস্থ্য দপ্তরে যায় এবং জেলার চিফ্ মেডিক্যাল অফিসারও ওই সংবাদের সত্যতা স্বীকার করেছেন। তা সত্ত্বেও শিশুরা বিনা চিকিৎসায় মারা যাচ্ছে। তিনি বলেছেন, ওই রোগের কারণ অনুসন্ধান করতে রক্ত পরীক্ষার জন্য কলকাতায় পাঠিয়েছেন।

এই কারণে শিশু মৃত্যু বর্তমানে ঘটছে। মালদা মুর্শিদাবাদ থেকে শুরু করে সর্বত্র প্রায় ২০০-র উপর সমস্ত জায়গাতে শিশুমৃত্যু হচ্ছে। অবিলম্বে পানাগড়ের কাছে কসবা গ্রামে শিশু মৃত্যু হচ্ছে। সেই রোগ নিরাময়ের জন্য অবিলম্বে ব্যবস্থা নেওয়ার জন্য আমি অপদার্থ স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী জয়ন্ত চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় জঙ্গল বেড়েছে। জঙ্গল যে পরিমাণ ছিল তার দ্বিগুণ হয়েছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে, জঙ্গল বাড়ার সাথে সাথে সমস্যা তৈরী হচ্ছে। এর ফলে অনেক রকম জীবজন্তু আসছে এবং আমরা দেখছি যে হরিণের সংখ্যা বৃদ্ধি হওয়ার ফলে ধানের চারা, গমের চারা নষ্ট হচ্ছে। বনশূকরও বেড়েছে। এর আক্রমণে একজন কৃষক আহত হয়ে হাসপাতালে ভর্তি ছিল। তিনজন মহিলা পাতা কুড়োতে গিয়ে আহত হয়ে তাদের মধ্যে একজন মারা গেছে। দুজন হাসপাতালে ভর্তি ছিল। এখন দেখা যাচ্ছে যে, দলমার পাহাড় থেকে দলছুট হাতিরা খাদ্যের অভাবে নেমে আসছে। আমার বিধানসভা এলাকায় বেলসুরিয়া এবং মুড়ার অঞ্চলে বাড়ী ঘর আক্রমণ করছে। তিন-চারটি করে বাড়ী ভাঙছে। ৪-৫ দিন আগে দেওয়াল চাপা পড়ে একজন শিশু মারা গেছে। তার মা মৃত্যুর সঙ্গে লড়াই করছে। আর একজন শিশু ভর্তি আছে। এর প্রতিকারের জন্য সরকার ব্যবস্থা নিলে ভালো হয়। আমার সরকারের কাছে অনুরোধ এই হাতির যে খাদ্য বনাঞ্চলের বাঁশ এবং কলা গাছ এবং জলাশয় তৈরী করা—এটা যেন করেন এবং হরিণ এবং শূকরদের হাত থেকে বাঁচতে গেলে আমরা দেখছি যে, ওই এলাকায় ইলেকট্রিফিকেশানের প্রয়োজন আছে এবং ফরেস্ট থেকে তেল যদি দেওয়ার ব্যবস্থা করেন, তাহলে এটাকে আটকে রাখা যায়। এই ব্যাপারে দপ্তর থেকে সক্রিয় উদ্যোগ নেবার জন্য অনুরোধ করছি।

শ্রী কমল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার চন্দননগর ভদ্রেশ্বর শহরের পূর্ব প্রান্তে ভাগীরথী নদীর তীরবর্তী এলাকায় ব্যাপক ভাঙন চলছে। চন্দননগর শহরের হাটখোলা, গোন্দলপাড়া, তটিনী সিনেমার দিকে এই ভাঙন বেশী। এই ভাঙন রোধের জন্য আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কিরীটি বাগদী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় অধিকাংশ সময়ই লোডশেডিং এবং লো ভোল্টেজ আছে। এরপর ওখানে বিভিন্ন রকমেন অ্যাবসার্ড বিল এসে উপস্থিত হচ্ছে। মিটার দেখার লোক নেই। ছয় হাজার, আট হাজার টাকা করে বিল আসছে। আমার এলাকার মানুষ বাধ্য হয়ে বিক্ষোভ দেখাচ্ছে। এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণের জন্য অনুরোধ করছি।

[12·20—12·30 p.m.]

শ্রী নেপাল মাহাত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পি.ডব্লু.ডি মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন আমাদের ঝালদা থানার ঝাড়খণ্ডের বর্ডারে পুরুলিয়া, রাঁচী যে রাস্তা আছে, ঝাড়খণ্ডের মন্ত্রীরা যখন আসেন ঘুমিয়ে আসেন কিন্তু তুলীনের মধ্যে যখন ঢুকে পড়েন তখন তাঁদের ঘুম ভেঙে যায়, তুলীনের রাস্তাটির অবস্থা এত খারাপ। দীর্ঘদিন ধরে খারাপ অবস্থায় পড়ে রয়েছে। বিভিন্ন জায়গায় বলা হয়েছে। মন্ত্রীকে বলা হয়েছে তুলীনের কথা। রাস্তাটির অবস্থা এত খারাপ, এই রাস্তাটি দিয়ে ঢোকার সঙ্গে সঙ্গে বুঝা যায় পশ্চিমবঙ্গ সরকারের কি হার। অন্য যে কোনো রাস্তাটি সারানো হোক বা না হোক এই তুলীনের রাস্তাটিকে অবিলম্বে সংস্কার করা হোক যাতে পশ্চিমবঙ্গের সম্মানটা থাকে।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এগ্রিকালচার মার্কেটিং বিভাগীয় মন্ত্রীর কাছে আবেদন করছি কিছু আমাদের এলাকা মেদিনীপুর সদরে, পশ্চিম মেদিনীপুর ৮ নম্বর অঞ্চলে প্রায় ২০ হাজার মানুষ বসবাস করেন। সেখানে উদয়পুর, কালীনগরে একটা ক্যানেল থাকার ফলে চাষীরা তাদের শাক, সবজি, জমির ফসল বাজারে নিয়ে আসতে অসুবিধা হয়। এই কারণে যাতে একটা ফুট ব্রীজ স্থাপন করা যায় তার জন্য বিভাগীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী অসিত মাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অসিত মিত্র কিছুক্ষণ আগে বলছিলেন যে পানাগড়ের কাছে কসবা গ্রামে শিশুমৃত্যু ঘটেছে। কিছুদিন আগে মুর্শিদাবাদ জেলায় যে ভাবে শিশুমৃত্যু হয়েছে তাতে আমরা সকলেই মর্মাহত। আবার নতুন করে পানাগড়ের কাছে কসবা গ্রামে যে ভাবে শিশুমৃত্যুর হার বেড়ে যাচ্ছে এই ব্যাপারে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী অপদার্থতার পরিচয় দিয়েছে। আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ওই গ্রামে নতুন করে আর শিশুমৃত্যু না ঘটে তার জন্য সব রকম ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী পেলব কবী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এলাকা জামুড়িয়া পৌরসভার পক্ষ থেকে ভূমি দপ্তরের কাছে লং টার্ম লীজের পৌরসভা দরখাস্ত করেছেন। এবং আমাদের

কেন্দ্রীয় সরকারের যে সমস্ত প্রকল্পগুলো আছে আই.ডি.এস.এম.টি.-সহ অন্যান্য প্রকল্পগুলো রূপায়ণ করা যাচ্ছে না। আটকে দেওয়া হয়েছে। আবেদনটা চুঁচুরিয়ার ডি.এল.এল. আর. ও.-র কাছে পড়ে আছে। যাতে অতি সত্বর এটা দেওয়ার ব্যবস্থা না হয় তাহলে দু কোটি টাকা কেন্দ্রীয় প্রকল্প এর টাকা ফেরত চলে যাবে। তাই সংশ্লিষ্ট মন্ত্রীকে অনুরোধ করছি যে অবিলম্বে বিষয়টা দেখুন যাতে উন্নয়নের টাকা ফেরত না যায়।

শ্রী শান্তিরাম মাহাতো : স্যার, আপনার মাধ্যমে আমি জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া এক নম্বর ব্লকের সিংড়ী চাষ রোড অঞ্চলে পানীয় জলের খুব সংকট। সেখানে নলকূপ থেকে পানীয় জল পাওয়া যায় না। নলকুপগুলো ড্রাই হয়ে গেছে এবং কুয়োতে পর্যন্ত জল পাওয়া যাচ্ছে না। তাই আমি দাবি করছি সেখানে নলবাহিত জল সরবরাহ করার ব্যবস্থা করা হোক যাতে মানুষ এই সংকট থেকে মুক্তি পেতে পারে। পানীয় জল তাদের কিনে খেতে হয়। এই অবস্থার মধ্যে অবিলম্বে সেখানে নলবাহিত জল সরবরাহ প্রোজেক্ট যাতে করা যায় আপনার মাধ্যমে আমি দাবি জানাচ্ছি।

শ্রী সামসুল ইসলাম মোল্লা : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের চাপড়া বিধানসভা কেন্দ্রের হাতিশালা গ্রামে পঞ্চায়েত নির্বাচনে জোতদার অমর সিংহ রায় অবশেষে পরাজিত হয়ে গ্রামের গরীব মানুষ ক্ষেতমজুর এবং বর্গাচাষীদের উপর নির্মম অত্যাচার চালাচ্ছে। কখনও কখনও আবার তাদের ফসল নষ্ট করে দিচ্ছে। আমাদের নির্বাচিত সদস্যরা তার প্রতিবাদ করতে গেলে তাদের নানা রকম মিথ্যা মামলা, সাজানো মামলায় জড়িয়ে দেওয়া হচ্ছে। এ বিষয়ে পুলিশ, এস.পি.-কে বলা হয়েছে। পুলিশের একটা অংশ এর সঙ্গে যুক্ত আছে। অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা নেওয়ার আবেদন রাখছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন দার্জিলিঙে যেভাবে ল্যান্ডস্লাইড হয়েছে সেই রকম নর্থবেঙ্গলের ডুয়ার্স, জলপাইগুড়িতে আবার বন্যা হয়েছে, বহু ক্ষতি হয়েছে। দার্জিলিঙে রোড্স, ব্রীজ সমস্ত ওয়াশআউট হয়ে গেছে। এখন দার্জিলিঙে যাওয়ার জন্য, কালিম্পঙে, সিকিমে যাওয়ার জন্য যে রাস্তা তা বিচ্ছিন্ন হয়ে আছে। তবে কিছু কিছু রাস্তা দিয়ে নাইট ভেইকেলস যাচ্ছে। দার্জিলিঙে যাওয়ার জন্য এম.এইচ. রোড আছে। তা দিয়েও হালকা গাড়ী যাচ্ছে। ওখানকার গরীব মানুষ খুব কষ্ট পাচ্ছে, সব জিনিস-পত্রের দাম বেড়ে যাচ্ছে। দার্জিলিং নন-প্রোডাকটিভ এরিয়া, শিলিগুড়ি থেকে সব জিনিস-পত্র যায়। ল্যান্ডস্লাইডিং হলে, নর্থবেঙ্গলে বন্যা হলে মিউনিসিপ্যাল অ্যাফেয়ার মন্ত্রী, রিলিফ মন্ত্রী, সিভিল ডিফেন্স মন্ত্রী সেখানে গিয়ে দেখে এসেছেন এবং মিটিং করেছেন। গতকাল এখানে মাননীয় রিলিফ মন্ত্রী যে কলিং অ্যাটেনশনের রিপ্লাই দিচ্ছিলেন, আমরা বিভিন্ন এম.এল.এ.-রা কলিং অ্যাটেনশন দিয়েছিলাম, সেই রিপ্লাই-এ কিন্তু আমরা সন্তুষ্ট নই। আমি জানতে পারলাম মাননীয় মুখ্যমন্ত্রী ১৯শে জুলাই দার্জিলিঙে যাচ্ছেন। আমি আশা করব উনি নর্থবেঙ্গলে যাবেন। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমি আরো অনুরোধ করব দার্জিলিং এবং নর্থবেঙ্গলে গিয়ে এবার পলিটিকাল মিটিং নয়, সত্যিকারের দুর্ঘটনাকবলিত

এলাকার কিভাবে ডেভেলপমেন্ট করা যায়, ন্যাচারাল ক্যালামিটিস ফান্ড কিভাবে সঠিকভাবে ব্যবহার করা যায় সেই সব কথা বলবেন।

শ্রী রতন দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নাদনঘাটের যে বাসষ্ট্যান্ড এবং বাজার রয়েছে তা অতি পুরাতন একটা স্থান। সেখানে একটা মাত্র রাস্তা যাওয়া এবং আসার। যার মেইন রাস্তা থেকে দৈর্ঘ্য কম-বেশী দেড় কি.মি.। এই রাস্তাটা দীর্ঘদিন ধরে চলাচলের অনুপযুক্ত অবস্থায় রয়েছে। পূর্ত দপ্তরের বাস্তুকারকেও বিষয়টা জানানো হয়েছে। এলাকার হাট-বাজার, স্কুল, হাসপাতাল, বাসষ্ট্যান্ড, ড্রেন, ব্যবসা-বাণিজ্য ইত্যাদি বিষয়গুলো সঠিকভাবে চালু রাখতে হলে অবিলম্বে এই রাস্তাটিকে মেরামত করা জরুরী।

শ্রী শেখ নিয়ামৎ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া কেন্দ্রে গত ১৩ তারিখে শনিবার রাত্রে একটা ইটভাটার মালিক, সেই ইটভাটার মালিকের মাটি কাটার অর্থ বাবদ যে পাওনা ছিল সেই পাওনা আদায় করতে গিয়ে রাত্রে বহরমপুর থানার পুলিশ টাউনবাবুর সঙ্গে কয়েকজন পুলিশকে নিয়ে গিয়ে সেই বাড়িতে ওঠেন।

[12·30—12·40 p.m.]

সেই বাড়িতে গিয়ে, প্রশান্ত ঘোষ যিনি ইটভাটার মালিক, তাঁকে বাড়িতে না পেয়ে তাঁর মার উপর টর্চার করে, তাঁর বৃদ্ধ দাদুর উপর অত্যাচার করে এবং তাঁর মা ও দাদু এখন জেনারেল হসপিটালে ভর্তি আছেন। আজকে আমি পুলিশ মন্ত্রীর কাছে জানতে চাই, আপনার কি পুলিশের সঙ্গে ইন্টার‍্যাকশন নেই? আপনি কি পুলিশকে অর্ডার দিয়েছেন যে, আসামীকে বাড়িতে না পেলে তার ফ্যামিলির উপর—তার বাবা, মা, ছেলে-মেয়ে, ভাই-বোনের উপর অত্যাচার করবে? তাদেরকে এমনভাবে মারা হয়েছে যে, তাদেরকে হাসপাতালে ভর্তি করতে হয়েছে। তার কোনো সুবিচার এখনও পর্যন্ত হয় নি। পুলিশ অস্বীকার করছে। আপনারা নিশ্চয়ই পেপারের মাধ্যমে এই ব্যাপারটা জানতে পেরেছেন। আমি জানতে চাই, মাননীয় মুখ্যমন্ত্রী কি পুলিশকে এই ধরনের অর্ডার দিয়েছেন যে, আসামীকে বাড়িতে না পেলে তার বাড়ির লোকেদের মারা হোক এবং ধরা হোক। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এটা অশুভ বলে আমি মনে করি। ঐ এলাকায় এই ধরনের ঘটনা ঘটায় সেই এলাকার সমস্ত মানুষরা আতংকিত। আগামীদিনে পুলিশ যাতে এই ধরনের ব্যবহার না করে সে ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য আমি দাবি রাখছি।

শ্রী নৃপেন গায়েন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার অনেক উন্নতি হয়েছে। এখন গ্রাম থেকে দলে দলে মানুষ চিকিৎসার জন্য কোলকাতার হাসপাতালগুলোতে আসে না। তবে যেগুলো খুব মারাত্মক রোগ, সেগুলোর চিকিৎসা গ্রামাঞ্চলে হয় না, সেই সব মারাত্মক রোগের ক্ষেত্রে গ্রাম থেকে মানুষ শহরাঞ্চলে, কলকাতার হাসপাতালগুলোতে চিকিৎসার জন্য আসে। গ্রামাঞ্চলে যে প্রাথমিক চিকিৎসালয়গুলো—সরকারী উন্নয়নের টাকায় যে বাড়ীগুলো তৈরী

হয়েছে—এইরকম বাড়ি, সুন্দরবনে আমার বিধানসভা এলাকায় ৪ খানা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র গড়ে উঠেছে। এই প্রাথমিক চিকিৎসাকেন্দ্রগুলোতে প্রতিদিন ৫০ থেকে ১৫০ মানুষ চিকিৎসার জন্য আসে। চিকিৎসা মোটামুটি চলছে, ডাক্তার আছেন—কেউ চুক্তির ভিত্তিতে, আবার অনেক ডাক্তার পি.এস.সি. থেকেও এসেছেন। ডাক্তার আছেন, কিন্তু এই হাসপাতালগুলোতে কমপক্ষে ৫ টি করে বেড থাকা দরকার। যোগেশগঞ্জ প্রাথমিক হাসপাতাল, রামেশ্বর প্রাথমিক হাসপাতাল, ভবানীপুর প্রাথমিক হাসপাতাল এবং সাহেবখালি প্রাথমিক হাসপাতাল—এই ৪ টি প্রাথমিক হাসপাতালে কমপক্ষে ৫ টি বেড মঞ্জুর করা দরকার। এর ফলে যে সমস্ত রোগীর চিকিৎসা গ্রামের প্রাথমিক হাসপাতালে করা সম্ভব, তাদের চিকিৎসা গ্রামের মধ্যেই হতে পারবে এবং গ্রামেরর মানুষ উপকৃত হবেন। এ ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী মায়ারানী পাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি যে, বহরমপুর হাসপাতালে কুকুরের কামড়ের ভ্যাক্সিন নেই, গ্রামের গরীব মানুষ হাসপাতালে এসে কুকুরের কামড়ের ভ্যাকসিন না পেয়ে ফিরে যায়। এছাড়া এই হাসপাতালে বেড বাড়ানোর দরকার। কোনো একটা অ্যাকসিডেন্ট হলে বেডের অভাবে পেশেন্টকে মাটিতে শুইয়ে রাখা হয়। আমরা এই হাসপাতালে গিয়ে দেখেছি যে, সেখানে পেশেন্ট মাটিতে শুয়ে আছে। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি যে, অবিলম্বে ওই হাসপাতালে কুকুরের কামড়ের ভ্যাকসিন সরবরাহ করা হোক এবং বেড বাড়ানো হোক।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সুতী বিধানসভা কেন্দ্রের অধীনে মহেশাইল ব্লক প্রাইমারী হাসপাতালের আশেপাশে প্রায় ৩ লক্ষ মানুষ বাস করে এবং সে এলাকাটা বিড়ি শ্রমিক অধ্যুষিত। সেখানে মানুষেরা সঠিকভাবে স্বাস্থ্য পরিষেবা পায় না, চিকিৎসকের সংখ্যা কম, অন্যান্য সুবিধা সেখানে কম। সেই কারণে সে এলাকার মানুষ আধুনিক চিকিৎসা যাতে পেতে পারে তার জন্য মহেশাইল ব্লক প্রাইমারী হাসপাতালকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী পবন কুমার লাক্‌রা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্যমন্ত্রীর নিকট একটি আবেদন রাখছি। গত কয়েকদিন সমগ্র উত্তরবঙ্গে ব্যাপক বৃষ্টিপাত হয়েছে। সেইরকম জলপাইগুড়ি জেলার বিস্তীর্ণ এলাকা জলে প্লাবিত হয়েছে। বহু রাস্তাঘাট ভেঙে গেছে। এর ফলে ওই এলাকার জনগণের ব্যাপক ক্ষতি হয়েছে এবং বিভিন্ন রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। আমার বিধানসভা কেন্দ্র কালচিনিতে সাতালী চা বাগানে ৩টি শ্রমিকের মৃত্যু হয়েছে ডাইরিয়ায়। আমি আপনাকে মনে করিয়ে দিতে চাই যে গত বছরেও আমাদের বিধানসভা কেন্দ্রর চুয়াপাড়া চা বাগানের শ্রমিকদেরও ডাইরিয়ায় হয়েছিল এবং সেই ডাইরিয়ায় ২৫ জন শিশু মারা গিয়েছিল, সেই সময় রাজ্যসরকারের স্বাস্থ্য বিভাগ থেকে ওই বাগানের শ্রমিকেরা কোনোরকম স্বাস্থ্য পরিষেবা পাইনি। আমি আপনার নিকট আবেদন করছি যে, চা বাগানে যে সমস্ত শ্রমিক থাকে তাদের পরিষেবা পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর থেকে যেন দেওয়া হয়। কারণ চা বাগানে যে শ্রমিকরা আছে তাদের পরিষেবা চা কোম্পানী দেবে

সব সময় এটা খুব দুঃখজনক ব্যাপার। আর একটা ব্যাপারে বলব যে আমারই ব্লকে বক্সায় ২৮-২৯ যে বস্তি আছে যেখানে ডুক্‌পা সম্প্রদায়ের লোকেরা বসবাস করে, এলাকাটি বনাঞ্চল। বিগত বছরে এখানে পানীয় জলের জন্য ইউনিসেফের থেকে পাইপ লাইন দেওয়া হয়েছিল, সেই পাইপলাইনটি ভেঙে গেছে। বর্তমানে সেইসব এলাকার লোকেরা প্রায় ২৪-২৫ মাইল দূরে গিয়ে নীচে থেকে জল আনছে। এটা খুব লজ্জার ব্যাপার। এ ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। যাতে এই সমস্যার সমাধান করা হয়। ধন্যবাদ।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইতিমধ্যেই আষাঢ় মাস শেষ হয়ে শ্রাবণ মাস শুরু হয়েছে এখনও পর্যন্ত বৃষ্টি হয়নি। দক্ষিণ বঙ্গে ধান রোওয়ার কাজ এবারে পিছিয়ে যাচ্ছে, সেটা পিছিয়ে গেলে উৎপাদন কম হবে, রাজ্যে খাদ্যশস্য উৎপাদন কম হবে। তাই সেচমন্ত্রীর কাছে দাবি যে ডি.ভি.সি-র জল ছাড়া হোক, যাতে চাষীরা আমন ধান রুইতে পারে, ধন্যবাদ।

শ্রী সরেশ আঁকুড়ে : স্যার, আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কাঁকসা বিধানসভা এলাকায় সিলামপুর একটি মাধ্যমিক স্কুল আছে। ঐ স্কুলে ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ১৪ শত। মাধ্যমিক পাস করার পরে উচ্চ মাধ্যমিকে পড়ার জন্য রেল লাইন ও জি.টি রোড পার হয়ে দূরদূরান্তের ছাত্র-ছাত্রীরা পড়তে যাচ্ছে। তাই এই সিলামপুর মাধ্যমিক স্কুলকে উচ্চমাধ্যমিক করার জন্য দাবি করছি।

শ্রী দিবাকান্ত রাউত : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এস.টি.কে.কে. রোড নামে যে রোডটি পরিচিত যেটি সপ্তগ্রাম থেকে শুরু হয়ে ত্রিবেণী, কালনা, কাটোয়া পর্যন্ত বিস্তৃত। এই রাস্তাটির উপর রয়েছে কয়েকটি ভারী কারখানা। এই রাস্তাটির উপর দিয়ে এতসব যানবাহন চলাচল করে যার ফলে রাস্তাটি অত্যন্ত সংকীর্ণ হয়ে যাচ্ছে এবং রাস্তায় চলাচলের ক্ষেত্রে খুব অসুবিধা হয়ে যাচ্ছে। রাস্তাটি খানাখন্দে পরিণত হয়েছে। দুর্ঘটনার সংখ্যা বাড়ছে। সেজন্য আমি এই রাস্তাটির চওড়া এবং মজবুত করার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টির আকর্ষণ করছি। এই রাস্তাটির বর্ধমান অংশ অনেকটাই চওড়া এবং মজবুত করা হয়েছে। গুপ্তীপাড়া থেকে ব্যাণ্ডেল, আদিসপ্তগ্রাম পর্যন্ত রাস্তাটা চওড়া এবং মজবুত করার জন্য আমি আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

[12·40—12·50 p.m.]

শ্রীমতী অসীমা চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর এবং ত্রাণ মন্ত্রীর দৃষ্টান্ত আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্রের মানিকচকে গঙ্গার ভাঙনে ১০০ টি পরিবার উদ্বাস্তু হয়েছে এবং ৪০০ পরিবার অ্যাফেক্টেড হয়েছে। এখন ওখানকার মানুষরা গঙ্গার ভাঙনের হাত থেকে রক্ষা পাবার জন্য ওখানকার যে অর্থকরী ফসল আম, সেই আমবাগানের আম গাছ কেটে কাঠ দিয়ে আশ্রয়স্থল করার চেষ্টা করছে। কিন্তু সে কাজেও বাধা সাধছে অবিরাম বৃষ্টি। গত ১১ তারিখ থেকে এই জিনিস হচ্ছে। আমি নিজে ১৩ তারিখ ওখানে ৪ ঘণ্টা থেকে সার্ভে করে দেখে এসেছি তাদের কি রকম ত্রাণ এবং পুনর্বাসন দেয়ার

ব্যবস্থা হচ্ছে। অতিবৃষ্টির ফলে ভুতনীর বলয় বাঁধে প্রচণ্ড রেন কাট্ হয়েছে। অবিলম্বে বাঁধ মেরামতের ব্যবস্থা না করলে অতিবৃষ্টিতে বাঁধ ভেঙে পড়বে, মানুষের দুর্ভোগ বাড়বে। আমার নির্বাচনী কেন্দ্রের কালিয়াচকের কালিয়াচক ২নং ব্লকের পঞ্চাননপুরের কয়েকটি ছোট ছোট গ্রাম গঙ্গাবক্ষে বিলীন হয়ে গেছে। সেখানে অবিলম্বে ত্রাণ ও পুনর্বাসনের ব্যবস্থা করার জন্য আমি মন্ত্রী মহোদয়দের অনুরোধ করছি। ধন্যবাদ।

শ্রীমতী সুস্মিতা বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মাননীয় মন্ত্রী মহোদয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র বড়জোড়া। সেই বড়জোড়া বিধানসভা কেন্দ্রের বড়জোড়া থেকে দুর্লভপুর পর্যন্ত রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ রাস্তা। কিন্তু বর্তমানে সেই রাস্তাটির অবস্থা খুবই খারাপ। অথচ সেই রাস্তাটির ধারেই মেজিয়া থার্মাল পাওয়ার স্টেশন অবস্থিত এবং নীলকমল-সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ কারখানা প্রতিষ্ঠিত রয়েছে। ফলে রাস্তাটির যথেষ্ট গুরুত্ব রয়েছে, এ বিষয়ে কোনো সন্দেহ নেই। তাই আমি অবিলম্বে রাস্তাটি মেরামত করার জন্য মাননীয় পূর্ত মন্ত্রীর কাছে আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি।

শ্রী তমশের আলি : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার যে, বর্তমানে আধুনিক চিকিৎসা ব্যবস্থার দিকে মানুষের আগ্রহ বাড়ছে এবং সে অনুযায়ী আমাদের সরকার চিকিৎসা ব্যবস্থায় অনেক অগ্রগতি ঘটিয়েছে। আমাদের কোচবিহার জেলা পশ্চিমবাংলার রাজধানী কলকাতা থেকে অনেক দূরে অবস্থিত। সেই জেলার স্বাস্থ্য পরিকাঠামো আমার মনে হয় যথেষ্ট নয়। আমাদের জেলায় ই.এন.সি.—সহ ২৯ টি চিকিৎসা কেন্দ্র আছে এবং তাতে ১০৩৮টি বেড আছে। প্রতি মাসে সেখানে প্রায় দেড় লক্ষ মানুষের আউটডোরে চিকিৎসা হয় এবং তার একটা বড় অংশকেই হসপিটালে অ্যাডমিট করতে হয়। সেজন্য অবিলম্বে কোচবিহার জেলার বিভিন্ন হসপিটালে বেড বাড়ানো দরকার। সমগ্র জেলার স্বাস্থ্য দপ্তরের ১৫৯ জন ডাক্তার পোস্ট স্যাংশন আছে। কিন্তু বর্তমানে সেখানে ১২৭ জন ডাক্তার আছেন। বাকি পদগুলিতে ডাক্তার নেই। কোচবিহার জেলা হাসপাতাল বাদে বাকি হাসপাতালগুলিতে বিশেষ কোনো ডাক্তার নেই। ওখানে একটা মেন্টাল হসপিটাল আছে, সেখানে প্রতিদিন ৩০০ থেকে ৪০০ রুগী আউট ডোরে চিকিৎসার জন্য আসেন। ক্রমশ ওখানে রুগির সংখ্যা বাড়ছে, সেজন্য আমি ওখানে ইন্ডোর বেড চালু করারও দাবি করছি। ওখানে একটা হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ গড়ার জন্য আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী ওখানে হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের ভিত্তি স্থাপন করেছিলেন—কোচবিহারে। সেটার কাজ যাতে তাড়াতাড়ি শুরু করা যায় তার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী পুষ্পচন্দ্র দাস : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার তুফানগঞ্জ ২ নম্বর ব্লক আসাম সংলগ্ন, স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে পিছিয়ে পড়া এলাকা। এই ব্লকে চিকিৎসা পরিষেবা বলতে ১০ শয্যা বিশিষ্ট একটি ব্লক প্রাইমারী হেল্‌থ সেন্টার আছে যার স্বাস্থ্য পরিষেবা আংশিকমাত্র। এমনকি পাশে কোনো রেজিস্টার্ড ডাক্তার না থাকার ফলে বেসরকারীভাবে চিকিৎসার কোনো সুযোগ নেই। ফলে

ব্যাপক এলাকার জনসাধারণ স্বাস্থ্য পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে এবং প্রতিনিয়ত মানুষের ক্ষোভ বাড়ছে। অতএব পিছিয়ে পড়া এলাকার জনসাধারণের চিকিৎসার জন্য অবিলম্বে এই ব্লক প্রাইমারী হেল্‌থ সেন্টারটিকে একটা রুরাল হেল্‌থ সেন্টার হিসাবে উন্নীত করার দাবী জানাচ্ছি।

শ্রী কার্তিক চন্দ্র বাগ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান এবং বীরভূম জেলার সংযোগকারী বোলপুর এবং ভেদিয়ায় অজয় নদীর উপর সেতু নির্মাণ হয়েছে। বোলপুর থেকে আমার বিধানসভা এলাকার আউশগ্রাম থানার গুসকরা পর্যন্ত রাস্তাটি সম্প্রসারিত হয়েছে, কিন্তু গুসকরা থেকে বর্ধমান পর্যন্ত ৩২ কিলোমিটার সিউড়ি রোডটি বেহাল অবস্থায় রয়েছে। এটা বর্তমানে মেরামতি এবং পরবর্তীকালে সম্প্রসারণ করার জন্য দাবী জানাচ্ছি।

শ্রী তপন হোড় : স্যার, বিষয়টি আইন-শৃঙ্খলার সঙ্গে যুক্ত এই কারণে ভি.ভি.আই.পি.-র দৌরাত্ম্যে আমাদের কলকাতা এবং আশেপাশের অঞ্চলে মানুষের প্রাণান্তকর অবস্থা তৈরী হচ্ছে। কিছুদিন আগে উপ-প্রধানমন্ত্রী এসেছিলেন, তাতে হাওড়া ব্রীজ বন্ধ হয়ে গেল, লঞ্চঘাট বন্ধ হবার জোগাড় হয়েছিল। আজকে প্রধানমন্ত্রী আসছেন বেঙ্গল চেম্বার অফ কমার্সের ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে। বিষয়টির গুরুত্ব আছে ঠিকই, কিন্তু এই ধরনের ভি.ভি.আই.পি. আসার ফলে গোটা কলকাতা জুড়ে রাস্তার জ্যাম-জট যেভাবে হয়েছে তাতে এক ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হচ্ছে। এইভাবে করা যায় না, ভাবতে হবে বিকল্প কি আছে। তারপর প্রধানমন্ত্রী আসছেন বলে বস্তি ভেঙে দেবে, টয়লেট ভেঙে দেবে—একটা বিশ্রী ব্যাপার হচ্ছে। দেবপ্রসাদবাবু সঠিকভাবেই বিষয়টি তুলেছেন, আমিও বলতে চাইছি এইগুলি নিয়ে ভাবতে হবে। ভি.ভি.আই.পি.রা আসবেন, তাঁদের আসার দরকার আছে, আমি না আসার কথা বলছি না, কিন্তু যেভাবে জনজীবন বিপর্যস্ত হচ্ছে তা বরদাস্ত করা যায় না। সাধারণ মানুষের প্রাণান্তকর অবস্থা তৈরী করে দেবে—এটা তো ভয়ঙ্কর অবস্থা। আমি সেই কারণে রাজ্যসরকারের দৃষ্টি আকর্ষণ করছি, এই বিষয়টি কতটা নমনীয় করা যায়। হ্যাঁ, ভি.ভি.আই.পি. দের আসতে হবে, কিন্তু যেভাবে যানজট হচ্ছে—একটা বাড়াবাড়ি রকম পর্যায়ে চলে যাচ্ছে, এগুলি বন্ধ করা দরকার।

শ্রী নির্মল দাস : স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্যসরকারের দৃষ্টি আকর্ষণ করছি, বিশেষ করে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠনের জন্য দীর্ঘ আন্দোলন প্রায় এক দশক ধরে আন্দোলন করতে হয়েছিল। প্রথমদিকে রাজ্যসরকারের কিছু কিছু লোক বলেছিলেন বিচ্ছিন্নতাবাদী আন্দোলনকে প্রশ্রয় দেওয়া হবে, কিন্তু পরবর্তীকালে প্রমাণ হয়ে গেছে বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের যারা ধারক-বাহক তারা যাতে মানুষকে বিভ্রান্ত করতে না পারে তার জন্য জেলা-পরিষদের যে পরিকাঠামো আছে তার পাশাপাশি উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করে তাদের অর্থ দিয়ে প্রত্যন্ত এলাকার উন্নয়ন পরিষেবা গড়ে তোলা দরকার। প্রথমদিকে আর.এস.পি.র যুক্তফ্রন্ট, আর.ওয়াই.এফ্ বার বার করে বলেছিলেন এবং আমরাও বলেছি একে বিধিবদ্ধ করা দরকার। বিধিবদ্ধ না হলে কেন্দ্রীয় সরকারের কাছে থেকে টাকা পাওয়া যায় না। কেন্দ্রীয় সরকার উত্তরবঙ্গের চা শিল্প থেকে ৫ হাজার কোটি টাকা বিদেশী মুদ্রা অর্জন করেছে অথচ বন্যায় যখন আমরা ধ্বংস হই তখন কিন্তু কেন্দ্রীয় সরকারের কোনো হেল-দোল নেই।

[12·50—1·00 p.m.]

উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ, তার জন্য বরাদ্দ নামমাত্র পৌনে দু কোটি মানুষ, ৬ টি জেলা, এতো মানুষ তার জন্য যা বরাদ্দ তা সিন্ধুতে বিন্দুর মতন। সেইজন্য রাজ্য সরকারের কাছে আমার আবেদন, এরজন্য বরাদ্দ অর্থের পরিমাণ বাড়ানো হোক। তা ছাড়া কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা আনার জন্য এই পর্ষদকে বিধিবদ্ধ করা হোক। জলপাইগুড়িতে উন্নয়ন পর্ষদের যে অফিস আছে তাকে পূর্ণাঙ্গ করা দরকার এবং এর পরিকাঠামো পুরোপুরি গড়ে তোলা দরকার। তার যে সমস্ত ইঞ্জিনিয়ারিং দপ্তর আছে সেখানে পূর্ত ও ইরিগেশান দপ্তর থেকে ডেপুটেশানে লোক নিয়ে গিয়ে যাতে একটা কার্যকরী পরিকাঠামো সেখানে গড়ে উঠতে পারে অবিলম্বে তা করা দরকার। সেখানকার মানুষের যে দাবী সেই দাবীকে পূরণ করার অবিলম্বে একটি মেডিকেল কলেজ, একটি ইঞ্জিনিয়ারিং কলেজ, একটি বিশ্ববিদ্যালয় বিশেষ করে ডুয়ার্স এলাকায় গড়ে তোলা দরকার। আসলে কথা হচ্ছে চেষ্টা আছে কিন্তু একে পরিপূর্ণ রূপ দেওয়ার জন্য অবিলম্বে এই উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে বিধিবদ্ধ করা দরকার এবং এর মাধ্যমে উন্নয়নের পরশ উত্তরবঙ্গের মানুষদের কাছে পৌঁছে দেওয়া দরকার।

ZERO HOUR

Shrimati Santa Chhetri : Hon'ble Deputy Speaker, sir, I would like to draw special attention to the Hon'ble Minister-in-Charge, Department of Health and Family Welfare through you.

Sir, the nurses' training schools attached to the Darjeeling District hospital and Kalimpong Sadar hospital have the superintendents of the respective hostels as the D.D.O. Though these institutions are not yet part of DGAHC, Health Department. The funds are placed through CMOH. This leads to several administrative difficulties. I would, therefore, request the Hon'ble Minister-in-Charge, Department of Health and Family Welfare to kindly transfer the nurses' training school as well as the family welfare and district reserved stores to the DGAHC, as early as possible.

শ্রী পরেশ নাথ দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার মধ্যে বহরমপুরে ভাগীরথী নদীর উপর যে ব্রীজটি তৈরি হয়েছে তার কাজ প্রায় ৪০/৫০ বছর হতে চললো। সেটা অত্যন্ত পুরোনো হয়ে গিয়েছে এবং চলাচলের অযোগ্য হয়ে গিয়েছে। এই ব্রীজটি ভালোভাবে মেরামত করা দরকার। বছর দুয়েক আগে এখানে একটি বাস অ্যাকসিডেন্ট হয় এবং বাসটি উপর থেকে নদীতে পড়ে যায়। তারপর থেকে ব্রীজটির কন্ডিসান আরও খারাপ হয়ে গিয়েছে। অবিলম্বে ব্রীজটি মেরামত করা দরকার। তা ছাড়া জনসংখ্যা বাড়ছে, যাতায়াত বাড়ছে ফলে অসুবিধাও

বাড়ছে, কাজেই আর একটি বিকল্প ব্রীজ দরকার। পুরানো ব্রীজটির মেরামত করার জন্য এবং বিকল্প একটি ব্রীজ করার জন্য মাননীয় মন্ত্রীমহোদয়েরর কাছে অনুরোধ জানাচ্ছি।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনরা মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র খড়গ্রামে সম্প্রতি কেটি গ্রামীণ হাসপাতাল তৈরি হয়েছে। তাঁর বাড়িঘর, চিকিৎসার সুযোগ-সুবিধা যেমন এক্সরে মেশিন, অপারেশনের জন্য টেবিল সমস্ত কিছু সরকার থেকে ব্যবস্থা করা হয়েছে। বর্তমানে এ' হাসপাতালে ৭ জন ডাক্তারের মধ্যে মাত্র তিনজন আছেন। খড়গ্রাম এলাকায় যে হাসপাতালটি তৈরি হয়েছে সেখানে বীরভূমের একটা অংশ থেকেও মানুষজন চিকিৎসার জন্য আসেন। এমনিতে অপারেশানের কেস হলে বা অন্য বড়ো কেস হলে আমাদের কান্দিতে মহকুমা হাসপাতালে যেতে হয়। সরকার এখানে প্রচুর টাকা খরচ করে পরিকাঠামো করে দিয়েছেন, আমার অনুরোধ এই হাসপাতালে অবিলম্বে একজন এম.এস. ডাক্তার, একজন সার্জেন্ট, একজন অ্যানাসথেটিক পাঠানো হোক। এই ডাক্তারদের পাঠালে এলাকার ২ লক্ষ মানুষসহ বীরভুমের একটা অংশের মানুষরাও চিকিৎসার সুযোগ পাবেন। অবিলম্বে সেখানে একজন এম.এস. ডাক্তার, একজন সার্জেন্ট, একজন অ্যানাসথেটিক পাঠাবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রী নির্মল দাস : স্যার, আমাদের দীর্ঘ দিনের দাবি রাজ্য সরকারের কেছে এবং আমরা বিভিন্ন সময় বলেছি, ব্রহ্মপুত্র বেসিন যেটা, যার বোর্ড হচ্ছে গৌহাটিতে, সেই ব্রহ্মপুত্র বেসিনে যে সমস্ত রিভার রয়েছে মহানন্দা ছাড়া সমস্ত নদী ডুয়ার্স অঞ্চলে, ব্রহ্মপুত্র বেসিনের বন্যা নিয়ন্ত্রণের জন্য যাতে অবিলম্বে কেন্দ্রীয় সরকার অর্থ বরাদ্দ করে তার জন্য উদ্যোগ নেওয়া হোক। কিন্তু দুর্ভাগ্যজনক বিষয় হল এখনও পর্যন্ত সেই উদ্যোগ নেওয়া হয়নি। অতি সম্প্রতি এই ব্রহ্মপুত্র বেসিনের বোর্ডে পশ্চিমবঙ্গ সরকার প্রতিনিধি পাঠাচ্ছে। এই বোর্ড বন্যা নিয়ন্ত্রণের জন্য উত্তবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশনকে টাকা বরাদ্দ করে তার জন্য বিশেষ ভাবে অনুরোধ করছি। সম্প্রতি ন্যাচারাল ক্যালামিটিতে ডুয়ার্স অঞ্চলে ২০-২৫ কোটি টাকা সম্পদ ধ্বংস হয়েছে গেছে। চা বাগান ধ্বংস হচ্ছে, বনাঞ্চল ধ্বংস হচ্ছে, গ্রামাঞ্চল ধ্বংস হচ্ছে। এই অবস্থায় আরো অর্থ বরাদ্দ কেন্দ্রীয় সরকার এবং ব্রহ্মপুত্র বোর্ড করে সেই বিষয়ে মন্ত্রী মহাশয় যাতে উদ্যোগ গ্রহণ করেন তার অনুরোধ জানাচ্ছি।

শ্রী জাহাঙ্গীর করিম : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন ভারত সরকারের উদারীকরণ নীতির ফলে আমাদের দেশের এবং আমাদের রাজ্যের রেশম চাষীরা মার খাচ্ছে। পশ্চিমবাংলায় রেশমের দাম সাংঘাতিকভাবে কমে গেছে গুটির দামও কমে গেছে। যেখানে রেশমের দাম ৪ হাজার টাকা ছিল সেটা ১২০০-১৩০০ টাকায় নেমে এসেছে। সেন্ট্রাল সিল্ক বোর্ড ঘোষণা করেছিল রেশম চাষীদের ভর্তুকি দেওয়া হবে। অন্য রাজ্যের রেশম চাষীরা কেজি প্রতি ১০ টাকা করে ভর্তুকি পাচ্ছে কিন্তু আমাদের রাজ্যের রেশম চাষীরা সেই ভর্তুকির আওতার মধ্যে নেই। এই রেশম চাষ সরাসরি বেকার সমস্যার সমাধান করে, একটা পরিবারের সমস্ত সদস্যই এই কাজের সঙ্গে যুক্ত হতে পারে। এই রকম একটা জায়গা, এই রকম একটা পদ, যাতে কৃষকরা শেষ

হয়ে না যায়, চাষীরা যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেই দিকে দৃষ্টি রাখার জন্য বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে যাতে ভর্তুকির ব্যবস্থা এই রাজ্যে চালু করা যায় তার ব্যবস্থা তিনি যেন করেন।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আমার সাবজেক্টটা একটু চেঞ্জ করছি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে আছে। জনস্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয় আমি এখানে উপস্থাপন করছি এবং স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি দীর্ঘ দিন ধরে দাবি করে আসছি, মেমারী গ্রামীণ হাসপাতাল একটা গুরুত্বপূর্ণ হাসপাতাল, সম্প্রতি প্রোজেক্ট হাসপাতাল হিসাবে স্বীকৃতি পেয়েছে। সমস্ত পরিকাঠামো ভাল, ১৬০ টি বেড রান করছে, এখানে ১১ জন ডাক্তারের অনুমোদিত পদ আছে, ২২ জন নার্সিং স্টাফের অনুমোদিত পদ আছে। তার মধ্যে ৭ জন ডাক্তার আছেন এবং ১৮ জন নার্সিং স্টাফ আছেন। এখানে প্রতিদিন আউটডোরে ৭০০-৮০০ রোগী হয়। পার্শ্ববর্তী থানা থেকে, খন্নান জামালপুর এই সমস্ত এলাকা থেকে রোগী আসে। ফলে এই হাসপাতালের উপর প্রচন্ড চাপ আছে। আমাদের দীর্ঘ দিনের দাবি এই হাসপাতাল আপগ্রেডেশান করে স্টেট জেনারেল হাসপাতাল করা হোক। আমি মন্ত্রী মহাশয়কে পারসোনালি বলেছি, ডি.পি.সি-তে ইতিমধ্যে এটা বলেছে। তাই আমি আবার অনুরোধ করছি মেমারী হাসপাতালকে স্টেট জেনারেল হাসপাতাল হিসাবে উন্নীত করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় যেন প্রয়োজনীয় ব্যবস্থা নেন।

শ্রী নেপাল মাহাত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, ঝাড়খণ্ড স্টেটে যে মুরিতে যে কারখানা আছে অ্যালুমিনিয়ামের সেই কারখানা থেকে ধোঁয়া এবং বর্জ্য পদার্থ প্রতিদিন বার হচ্ছে তাতে আমাদের এখানাকার চাষযোগ্য জমিগুলো পলিউশানের ফলে চাষের অযোগ্য হয়ে যাচ্ছে। ঝাড়খণ্ড স্টেটে যে জমিগুলো চাষের অযোগ্য হয়ে যাচ্ছে সেই জমিগুলোর জন্য কোম্পানী কমপেনসেশান দিচ্ছে। কিন্তু বেঙ্গলের পোর্শনে যে জমিগুলো চাষের অযোগ্য হয়ে যাচ্ছে কারখানার পলিউশানের জন্য সেখানে কোম্পানী কোনো কমপেনশেসান দিচ্ছে না। আমি গুরুত্বসহকারে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে ওই সংস্থার সঙ্গে যোগাযোগ করে ওই এলাকার কৃষিজমিগুলো যেভাবে চাষের অযোগ্য হয়ে পড়েছে তারজন্য ওই কোম্পানির কাছে দাবী করুন যাতে তারা চাষীদের ক্ষতিপূরণের ব্যবস্থা করে।

[1.00–1.10 p.m.]

শ্রীমতী অসীমা চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, গত ১৪ই জুলাই মালদহ জেলা পরিষদ দখলের জন্য ভারতের জাতীয় কংগ্রেস যে নির্লজ্জ ভূমিকা গ্রহণ করলো তাতে আমরা আতঙ্কিত। আজকে সাম্প্রদায়িকতার বীজ যেভাবে দেশে ছড়িয়ে পড়ছে তা আপনারা জানেন। ক্ষমতা দখলের জন্য যে ভূমিকা জাতীয় কংগ্রেস গ্রহণ করলো, সাম্প্রদায়িকতার প্রশ্নে আমরা আতঙ্কিত হয়ে পড়ছি। সভাপতি এবং সহ-সভাপতির হয়ে বিজেপি এবং কংগ্রেসের পতাকা যখন দেখলাম একসাথে পতপত করছে, তখন আমাদের মাথা লজ্জায় নত হয়ে গেছে। ওদের নেত্রী বলছেন, সাম্প্রদায়িক দলের সঙ্গে কোন সমঝোতা

নেই। ওদের নেতা বলছেন, সাম্প্রদায়িক দলের সঙ্গে কোনো সমঝোতা নেই। আবার মালদহ জেলা পরিষদ দখল করার জন্য দেখলাম সাম্প্রদায়িক দলের সঙ্গে সমঝোতা করছে। এই যে দ্বিচারিতা, এর বিরুদ্ধে সমস্ত মানুষকে সোচ্চার হতে হবে। সমস্ত মানুষকে জাগরিত হতে হবে। এই নির্লজ্জতার জবাব ওদের আগামী দিনে মানুষে কাছে দিতে হবে।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রের সর্বনাশা অর্থনীতির কারণে দেশের শ্রমিক কর্মচারী, সরকারী কর্মচারী এবং শিক্ষকদের একটা কঠিন অবস্থার মধ্যে পড়তে হচ্ছে। ইতিমধ্যে তামিলনাড়ুতে সরকারী কর্মচারী এবং শিক্ষকদের ওপরে আঘাত এসেছে যে, তাঁরা অবসরকালীন যে সুবিধা পান, সেগুলোকে কেটে নেওয়া হবে। চলতি যে সুযোগ-সুবিধা আছে, সেগুলোকে কেটে নেওয়া হবে। এর বিরুদ্ধে তাঁরা যে আন্দোলনে সামিল হয়েছিলেন, সেই আন্দোলনের ওপরে 'এসমা' জারি-সহ নানাভাবে সেই আন্দোলনকে দমন করার চেষ্টা হয়েছে। শুধু তাই নয়, সেখানে দেড় লক্ষ সরকারী কর্মচারী, শিক্ষককে সাসপেন্ড করা হয়েছে। এর বিরুদ্ধে অবিলম্বে প্রতিবাদ হওয়া উচিত। আজকে যেটা তামিলনাড়ু থেকে শুরু হয়েছে সেটা সারাদেশে সরকারী কর্মচারী, শিক্ষকদের ওপরে নেমে আসবে। বিধানসভার ভেতরে এবং বিধানসভার বাইরে সমস্ত মেহনতি মানুষকে তামিলনাড়ুতে সরকারী কর্মচারীদের ওপরে যে নিষ্পেষণ চলছে তার বিরুদ্ধে প্রতিবাদ করা উচিত বলে আমি মনে করি। ধন্যবাদ।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা সকলেই জানি যে, ভারতবর্ষে বিজেপি এবং সংঘ পরিবার সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করতে সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। তারা দাঙ্গা-হাঙ্গামা বাধিয়ে, সাধারণ মানুষকে হত্যা করে আগামী লোকসভার নির্বাচনের আগে হিন্দুত্বের কার্ড নিয়ে খেলতে চায়। ইতিমধ্যেই লখনৌ হাইকোর্টের বেঞ্চ থেকে অযোধ্যায় রাম মন্দির ছিল কিনা তার জন্য খননকার্যের নির্দেশ দিয়েছিল। এখনও পর্যন্ত কোনো মন্দিরের নিদর্শন দেখাতে পারেনি। শংকরাচার্যের দৌত্য ব্যর্থ হয়েছে। আইন করে যে রাম মন্দির নির্মাণ করবে তা তারা পারছে না এই কারণে যে, রাজ্যসভায় তাদের সংখ্যাগরিষ্ঠতা নেই। তাই ভারতবর্ষের সমগ্র ধর্মনিরপেক্ষ মানুষকে এই উগ্র হিন্দুত্ববাদকে পরাস্ত করার জন্য আজকে ঐক্যবদ্ধ হওয়া উচিত। কিন্তু দুর্ভাগ্যের বিষয় পশ্চিমবঙ্গে যে তৃণমূল নামে একটি পার্টি আছে, তারা সেখানে এন ডি এ-র শরিক। আজকে আশ্চর্যের বিষয় যে, কংগ্রেস এদিকে বলছে বি জে পির সাথে সমর্থক রাখবে না, কিন্তু মালদাতে জেলা পরিষদ গঠনে যেভাবে বি জে পির সঙ্গে হাতে হাত মিলিয়েছে তাতে আমাদের চিন্তার বিষয় হবে দাঁড়িয়েছে।

শ্রী তপন হোড় : স্যার,আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মহিলা বিল এতদিনের এতদিনেও পাশ করা যাচ্ছে না। মহিলা বিল নিয়ে যে রকম খেলা চলছে ; তাতে কংগ্রেস এবং বি জে পি খেলা চালাচ্ছে। বামপন্থীরা সব সময়ে এই মহিলা বিলকে সমর্থন করে এসেছে। এত ৩৩ পার্সেন্ট রিজার্ভেশান কি বিধানসভা কি লোকসভাতে মহিলাদের ক্ষেত্রে এই ব্যাপারে আমরা সর্বস্তরে পাশ করার জন্য জোর দিয়েছি। এই নিয়ে অনেক আলাপ-আলোচনাও চলছে। এখন দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকার এই বিল নিয়ে বিশ বাঁও জলে ফেলে দিতে চাইছেন। এই ব্যাপারে বারেবারে প্রস্তুতি নেওয়া হচ্ছে, টেবিলড্ হবার

পরেও আবার বিলটি উইথড্রন হল। এই ধরনের অগণতান্ত্রিক কাজ কেন্দ্র করছে। কংগ্রেসীরা যে প্রতিবাদের সুর তুলেছিলেন, আজকে সেই প্রতিবাদের সুর কোথায়? সংসদের বিরোধীপক্ষের ইউনিটি থাকা দরকার, কংগ্রেসের দায়িত্ব থাকা দরকার। সেই দায়িত্ব কংগ্রেস পালন করছে না। আজকে এন ডি এ সরকার ভাঙনের মুখে। রেলমন্ত্রী পদত্যাগ করেছেন, ওমর আবদুল্লা এন ডি এ থেকে বেরিয়ে গেছেন। আর চন্দ্রবাবু নাইডুর তো বিচ্ছিরি অবস্থা। আজকে এন ডি এ সরকারের যে অবস্থা তাতে মহিলা বিল পাশ হবে কিনা সন্দেহ। এই ব্যাপারে বিরোধী সাংসদ যাঁরা আছেন তাদের হওয়া দরকার। সেখানে কংগ্রেসের দায়িত্ব থাকা দরকার। এই যখন পরিস্থিতি তখন আগামীদিনে লোকসভার নির্বাচনে মহিলা প্রতিনিধিত্ব যাতে বজায় থাকে সেই ব্যাপারে রাজ্য সরকারের দৃষ্টি দেওয়া দরকার। এবং এই ব্যাপারে রাজ্য সরকারের সাথে রাজ্যবাসীদেও কিছু করার আছে, তাদের সেটা করতে হবে।

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়াতে বিশেষ করে গ্রামাঞ্চলে বিদ্যুৎ সরবরাহ ব্যাপকভাবে ব্যাহত হচ্ছে। দিনের পর দিন বিদ্যুৎ সরবাহ বন্ধ থাকছে। প্রায় ১২ ঘণ্টা, ১৪ ঘন্টা বিদ্যুৎ থাকথে না, গ্রামাঞ্চলে ২৪ থেকে ৩০ ঘন্টা বিদ্যুৎ সরবরাহ থাকেছ না। এর ফলে ছাত্র-ছাত্রীদের পড়াশুনোর খুব অসুবিধা হচ্ছে। সাধারণ মানুষ, গরীব মানুষ যারা বিদ্যুতের সংযোগ নিয়েছে তাদের বিকল্প ব্যবস্থা করতে হচ্ছে। অবস্থা খুবই দুর্বিষহ। অবিলম্বে যাতে ওখানে সঠিকভাবে বিদ্যুৎ সরবরাহ করা হয় এবং বিদ্যুতের উন্নতি করা যায় সেই ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী অসিত কুমার মাল : স্যার, আপনার মাধ্যমে পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাঁসখালি থানা এলাকার গেড়াপোতা হাইস্কুলের ষষ্ঠ শ্রেণির ছাত্র তন্ময় ঢালির মৃত্যু ঘিরে তীব্র চাঞ্চল্য দেখা দিয়েছে। তন্ময় ঢালি নিখোঁজ হওয়ার পর পুলিশ ডয়েরি নেয়নি। পুলিশ যদি ডায়েরী নিত তাহলে হয়তো তন্ময় ঢালির মৃত্যু ঘটতো না। তন্ময় ঢালির বাবা মৃতদেহ পাওয়ার পরে অভিযোগ করে তার ছেলের চোখ এবং কিডনি তুলে নেওয়া হয়েছে। এই খবর প্রকাশ পাওয়ার পরে সারা রাজ্যের ছাত্র-ছাত্রীদের এবং অভিভাবকদের মধ্যে নিরাপত্তার অভাব বোধ হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে এবং রাজ্যের পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, এই ঘটনায় যারা লিপ্ত তাদের খুঁজে বার করে তাদের শাস্তি দিতে হবে এবং ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের মধ্যে নিরাপত্তা ফিরিয়ে আনতে হবে।

[1.10–1.20 p.m.] (including adjournment)

শ্রী রতন পাখিরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার বাস কলকাতা থেকে ঘাটাল, দক্ষিণবঙ্গ সংস্থার একটি বাস হলদিয়া থেকে বীরসিংহ এবং ভূতল পরিবহণের একটি বাস কলকাতা থেকে বীরসিংহ পর্যন্ত যাতায়াত করে। কিন্তু পরিবহণ দপ্তরের চরম খামখেয়ালিপনার ফলে এই বাসগুলো মাঝে মাঝে চলে, আবার মাঝে মাঝে বন্ধ হয়ে যায়। বীরসিংহতে একটি বাস টার্মিনাল গড়ে তোলা হয়েছে স্টাফ এবং যাত্রীদের সুবিধার জন্য।

বর্তমানে এই বাসগুলো অযৌক্তিকভাবে বন্ধ আছে। ফলে যাত্রীসাধারণ সমস্যায় পড়েছে। আমি আপনার মাধ্যমে পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই পুনরায় এই বাসগুলি চালু করার বন্দোবস্ত করা হোক এবং কলকাতা পরিবহণ সংস্থার বাসটি বীরসিংহ পর্যন্ত চালু করার দাবি জানাচ্ছি।

শ্রী নিয়ামত শেখ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র ও কুটির শিল্প মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় মন্ত্রীমহাশয় মুর্শিদাবাদের সিল্কের কথা বললেন। কিন্তু মুর্শিদাবাদ জেলায় সব থেকে বেশি পাট উৎপাদন হয়। সবথেকে দুঃখের ব্যাপার হচ্ছে সেখানে কোনো জুটমিল নেই। তাই মুর্শিদাবাদ জেলায় যে পাট চাষ হয় তা ফড়েদের মাধ্যমে সস্তাদামে বিক্রি হয়। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ করব, মুর্শিদাবাদ জেলায় পাটচাষীরা যাতে ন্যায্যদামে পাট বিক্রি করতে পারে সেইজন্য একটা পাটশিল্প সেখানে গড়ে তোলা দরকার। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয়কে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাচ্ছি।

শ্রী আবু তাহের খান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মুর্শিদাবাদ জেলার আইন-শৃঙ্খলার অবস্থা অত্যন্ত খারাপ। কারণ নির্বাচনের পর আজ পর্যন্ত প্রায় ১৯ জন খুন হয়েছে। মুর্শিদাবাদ জেলার এবং নির্বাচনের পরে মুর্শিদাবাদ জেলায় সবচেয়ে বেশী খুন হয়েছে। প্রতিদিন মুর্শিদাবাদ জেলায় সন্ত্রাস চলছে। মুর্শিদাবাদের ডোমকলে দুদিন আগেও অনেকগুলি বাড়ি ভাঙচুর করা হয়েছে এবং হামলা চালানো হয়েছে। এখনো আটজন মানুষ মৃত্যুর সঙ্গে লড়াই করছে বহরমপুর হাসপাতালে। নির্বাচনের পরে আইন-শৃঙ্খলার অবস্থা এমন একটা জায়গায় পৌঁছেছে যে অনেক মানুষ এখনো ঘরছাড়া। দৌলতাবাদের ঘটনায় এখনো প্রায় ৪০০ জন মানুষ ঘরছাড়া অবস্থায়। মুর্শিদাবাদ জেলাপ্রশাসনকে বলা সত্ত্বেও সেই গ্রামছাড়া মানুষগুলোকে ঘরে ফেরানোর কোনো ব্যবস্থা আজও পর্যন্ত করা হয়নি। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী, তথা মাননীয় পুলিশমন্ত্রীকে অনুরোধ করছি অবিলম্বে সেখানে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হোক।

(এই সময় বেলা ২.০০ অবধি বিরতি হয়।)

[2.00–2.10 p.m.] (after adjournment)

LEGISLATION

The West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay and Allowance) (Repeal) Bill, 2003

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to introduce the West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Ravision of Pay and Aliowance) (Repeal) Bill, 2003.

(Secretary then read the title of the Bill)

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that the West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay and Allowance) (Repeal) Bill, 2003 be taken into consideration.

শ্রী আবু হেনা : মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী এখানে একটি বিল প্লেস করেছেন, 'The West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay and Allowance) (Repeal) Bill, 2003'. বিল নং ২২। খুব ছোট্ট বিল। এই সেসনে একটা বিল পাশ হয়েছিল—বিল নং ৬, মার্চ মাসে এবং অ্যাকটও হয়েছিল, অ্যাক্ট ৪,২০০৩। এতে আমরা দেখতে পাচ্ছি যে, সিভিল সার্ভিস (জুডিসিয়াল), হায়ার জুডিসিয়াল সার্ভিসে জুনিয়র সিভিল জাজ, সিনিয়র সিভিল জাজ, ডিস্ট্রিক্ট জাজ এবং অন্যান্যদের পে স্কেলটা বাড়ানো হয়েছে। সিডিউল ১-এ তখনকার একজিস্টিং পে স্কেল এবং সিডিউল ২, যেটা রিভাইজড্ করে, রিভিশন করে করা হল, সেখানে বলা হয়েছিল—ইট ইজ ফ্রম দা রেট্রোস্পেকটিভ এফেক্ট, ১লা জুলাই ১৯৯৬। এটা পাশ হয়েছে এবং অ্যাক্ট হয়ে গেছে। সেই বিলে বলা ছিল যে, রুলস্ তৈরি করা হবে এবং এই হাউসে লে করা হবে। আমার যতদূর মনে হয় রুলস্ এখনো তৈরী হয়নি এবং এই হাউসে লে করা হয়নি, কারণ আমরা তা দেখিনি। আমার মূল প্রশ্ন—যে অ্যাক্ট-টা তিন মাস আগে করা হল, বিলটা পাশ করে, সেই এনটায়ার অ্যাক্টটাকে রিপিল করছেন কেন? কেন কি উদ্দেশ্য? তার কারণ স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজন্স-এ এই বিষয়ে বিস্তারিতভাবে কিছু উল্লেখ নেই। সেখানে শুধু মেনশান করা হয়েছে It is expedient in the public interest to repeal the West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay and Allowance) (Repeal) Bill, 2003. এই দুটো লাইন স্টেটমেন্টে বলা হয়েছে। আমার জিজ্ঞাস্য মাননীয় অর্থমন্ত্রীকে যে, মার্চ মাসের এই হাউস থেকে পাশ করিয়ে দিয়েছে। কি এমন কারণ ঘটল যে, সেটাকে তিন মাসের মধ্যে আপনি রিপিল করতে চাইছেন। এই ব্যাপারে আপনি বলবেন। আমি শুধু ওইটুকু বলতে চাই যে সাব ডিভিশানাল লেভেলে এবং ডিস্ট্রিক্ট লেভেলে যে লোয়ার কোর্ট আছে, এই ব্যাপারে আমি যতদূর জানি এই ব্যাপারে অনারেবেল সুপ্রিম কোর্টের একটা জাজমেন্ট আছে। সেই জাজমেন্টের বেসিসে সাব ডিভিশানাল লেভেলে জুনিয়ার সিভিল জাজ এবং ডিস্ট্রিক্ট লেভেলে সিনিয়ার সিভিল জাজদের পে অ্যান্ড অ্যালাউন্স বাড়াতে হবে। এই কথা বলা আছে। এই ব্যাপারে হাউসে আলোচনা হয়েছে। আমরা জানি যে, এই বাজেট সেশান এবং তার আগের সেশানে আপনারা অনেক বিল পাশ করেছিলেন যাতে সরকারের আয় হয়, তারমধ্যে একটা হচ্ছে কোর্ট ফিজ অ্যাক্ট। আমরা দেখছি প্রত্যেকটা ক্ষেত্রে কোথাও ২০০, কোথা ৩০০, কোথাও ৪০০ পারসেন্ট কোর্ট ফিজ বাড়িয়ে দেওয়া হয়েছে। এই ব্যাপারে বার কাউন্সিলের তরফ থেকে দেড়-দু মাস ধরে কোর্ট বন্ধ ছিল। কোর্ট অ্যাটেন্ড করেনি। যেহেতু তখন এটা অর্ডিন্যান্স হিসাবে করা হয়েছিল এবং পরে এটা পাশ হয় এবং চালু হয়, তখন আপনারা বলেছিলেন যে,

অ্যাডমিনিস্ট্রেশান অফ জাস্টিস করতে গেলে সরকারের প্রচুর টাকা খরচ হচ্ছে এবং তার থেকে খরচ মেক আপ করতে গেলে টাকা তুলতে হবে। কিন্তু যেহেতু কোর্ট ফিজ অ্যাক্ট বাড়ানো হয়নি, সেহেতু এটা আপনারা করছেন। একটা কথা জানতে চাইছি যে, বিলটা পাশ হলে মার্চ মাসে অ্যাক্ট ফোরে কি এমন কারণ ঘটল যে আপনারা এটাকে রিপিল করার জন্য নতুন বিল এনেছেন। এস্টায়ার অ্যাক্ট রিপিল করে দিচ্ছেন। আমাদের যতদুর মনে আছে, আমরা জানতে চাইছি যে, অনারেবেল সুপ্রিমকোর্ট হয়ত নির্দিষ্ট করে দিয়েছে। আবার এমনও হতে পারে যে অ্যাক্ট হয়েছি, সেই অ্যাক্টকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে মামলা করা হয়েছে। সুতরাং এই ব্যাপারটা আমরা জানতে চাইছি। তার কারণ আপনার স্টেটমেন্ট অফ অবজেক্টসে সেইকথা উল্লেখ নেই এবং আমরা জানি যে, পশ্চিমবঙ্গ সরকারের অর্থনৈতিক অবস্থা খুব একটা ভালো নয় এবং আমরা এও জানি যে জজ সাহেবদের পে স্কেল রিভিশান অ্যান্ড অ্যালাওন্সের ব্যাপারে অনেকদিন ধরে চাপ ছিল এবং আপনারা এটা মাসের পর মাস ঝুলিয়ে রেখেছিলেন একটাই কারণ, অর্থনৈতিক অবস্থা ভালো নয় এবং এটাও শোনা কথা যে, অনারেবেল স্পিকার এই ব্যাপারে এই সরকারকে একটা স্ট্রিকচার দিয়েছিলেন যে খুব তাড়াতাড়ি তাদের গাইড লাইন অনুযায়ী এই বিল করে জজ সাহেবদের মাইনে এবং অন্যান্য আনুষঙ্গিক অ্যালাওন্স বাড়ানো দরকার। আপনারা দিনের পর দিন সেটা বন্ধ করে রেখেছিলেন।

[2.10–2.20 p.m.]

সরকারের অর্থনৈতিক অবস্থার জন্য। সুতরাং এই ব্যাপারটা নিয়ে বেশি আলোচনায় যাব না। কিন্তু এটা ঠিক যে জুডিসিয়াল ডিপার্টমেন্টের আন্ডারে অনেক কোর্ট আছে, সাবডিভিশনাল লেভেলে, জেলা লেভেলে কোর্ট রুমগুলো ব্রিটিশ আমলের, সেগুলো ভেঙে পড়েছে, এইগুলোর ব্যাপারে পদক্ষেপ নেওয়া উচিত। আপনি সেটাও নেননি, কারণ আপনার প্ল্যান, আউট লে অত্যন্ত কম। বিভিন্ন কোর্টে সাব ডিভিশনাল লেভেলে, জেলা লেভেলে জুনিয়র সিভিল জাজ বাড়ানোর ব্যাপারে আপনি কতটুকু কি করলেন না করলেন নিশ্চিতভাবে বলবেন। এই ব্যাপারে সুপ্রিম কোর্টের একটা ডাইরেকটিভ আছে বলে শুনেছি। সুতরাং এই বিষয়ে আলোচনা করতে চাই না। কারণ বিলে আপনি ডিটেল কিছু বলেন নি, কেন রিপিল করেছেন সেটাও বলেন নি। নিশ্চিতভাবেই জবাবী ভাষণে আপনি সেটা বলবেন। এটাও জানাবেন এটা করতে গিয়ে কেউ সুপ্রিম কোর্টে মামলা করেছে কিনা, মামলাতে রাজ্যসরকারের তরফ থেকে কেউ হেরেছে কিনা, তার পরিপ্রেক্ষিতে আপনি এই বিলটা এনেছেন কিনা। এই বিলটা সাপোর্ট করা বা বিরোধিতা করার কোন ব্যাপার নয়। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় এখানে যে বিলটি পেশ করেছেন, আমি তাকে সমর্থন করছি। যদিও আমাদের রাজ্যবাসীর অভিজ্ঞতা হচ্ছে, রবীন্দ্রনাথের ভাষায়, 'বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে'। একথা সত্যি যে জজসাহেব তাঁদের যে ন্যূনতম প্রয়োজন, এইগুলো তাঁরা যাতে পান বিশেষ করে তাঁদের ক্ষোভ বিক্ষোভ সেগুলো প্রকাশের সুযোগ তাঁদের নেই। ব্যক্তিগত আলাপচারিতায় এইগুলো বেরিয়ে আসে। আমরা লক্ষ্য

করেছি যে রাজ্যসরকার আন্তরিকভাবে চান যে দ্রুত বিচারের ব্যাপারটা নিষ্পত্তি হোক। হাই কোর্টে, বিভিন্ন জেলায়, মহকুমা সর্বস্তরে দেখা যাচ্ছে যে ব্যাপক সংখ্যায় পদ খালি আছে। পাশাপাশি যেটা আছে সেটা হচ্ছে হাজার হাজার কেস, হাজার হাজার বিচারপ্রার্থী যারা বিচার চেয়ে যাচ্ছেন কিন্তু তাদের কোনো সুরাহা হচ্ছে না। এই অবস্থায় এখানে জনস্বার্থে যাতে বিচারকরা আরও বেশি নির্বিঘ্নে তাদের অংশ নিতে পারেন সেখানে সমস্ত, আজকের যে পরিবর্তিত অবস্থা বিশেষ করে ভারত সরকারের সুপ্রীম কোর্টের যারা বিচারপতি তাদের যে সমস্ত সুযোগ-সুবিধা, আর্থিক ব্যবস্থাপনা তাদের জন্য করেছেন। কিন্তু আমাদের যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে একটি রাজ্যসরকার কি করে সেই ব্যবস্থা করবেন। কেন্দ্র তো রাজ্যগুলো থেকে টাকা নিয়ে চলে যান। এখানে দেখি যে বলা হয় কেন্দ্রের টাকা, সব টাকা কেন্দ্রের নামে চালিয়ে দেন কিন্তু সে টাকা যে রাজ্যগুলো থেকে কেন্দ্রীয় সরকার নিয়ে যান সে বিষয়ে কিছু বলতে শুনি না। যাই হোক রাজ্যসরকার নানা সীমাবদ্ধতার মধ্যেও চেষ্টা করে যাচ্ছেন। তিনি হাইকোর্টে থাকুন, জেলা কোর্টে থাকুন, হায়ার জুডিসিয়াল সার্ভিসে যারা আছেন তাদের যে সমস্ত প্রয়োজন, বিশেষ করে আর্থিক সুযোগ-সুবিধার ডিমান্ড রয়েছে সেগুলো ফুলফিল করার জন্য এখানে যে বিল নিয়ে আসা হয়েছে সেই বিলকে সমর্থন না করার কোনো কারণ নেই। আমার মনে হয় রাজ্য সরকার যে উদ্দেশ্যে এই বিল এনেছেন, অর্থাৎ বিচারপতিরা যাতে তাঁদের প্রফেশন আরো ভালো ভাবে চালিয়ে যেতে পারেন এবং এই প্রসঙ্গে বলতে হয়, মাননীয় আইন মন্ত্রী আছেন, বিভিন্ন জায়গাতে হাজার হাজার কেস ঝুলছে দিনের পর দিন ধরে এবং তাতে মানুষ অনেক সরকারের বিপক্ষে চলে যাচ্ছে। আমি এর আগেও উল্লেখ করেছি, অনেক জায়গা আছে যেখানে বহু বছর ধরে কেস চলার জন্য মানুষ বন্দী হয়ে থাকছে। এই কেসগুলো দ্রুত ডিসপোজ হওয়া দরকার। সেই ব্যবস্থাপনা কিন্তু এখনও সৃষ্টি করা যায়নি। আমরা চাইব মানুষের সবচেয়ে বড়ো ভরসা যে বিচার ব্যবস্থা, সেই ভরসা যারা দেবেন সেই বিচারপতিরা যাতে সুস্থিতি বজায় রেখে, গোটা দেশের অন্যান্য রাজ্যে বা দিল্লীতে এক্ষেত্রে যে ব্যবস্থাপনা সৃষ্টি হয়েছে সেগুলোর আংশিক হলেও সুযোগ পাবেন। সেগুলো অ্যাসিওর করা দরকার. তেমনি সমাজের প্রতি, রাষ্ট্রের প্রতি, মানুষের প্রতি যে দায়বদ্ধতা, তার কথা অনেকে ভুলে যান, টাকার পেছনে ছোটেন। যতবেশি টাকা দেওয়া যাবে তত বড়ো উকিল, ব্যারিস্টার এবং ওয়েটেজ পাবেন। সেই জায়গা অতিক্রম করে বিচারকদেরও দায়বদ্ধ হতে হবে মানুষকে পরিষেবা দেওয়ার ক্ষেত্রে। এই বিলের কার্যকারিতা তখনই সঠিক ভাবে অনুভূত হবে যখন এটা শুধু কিছু সুযোগ-সুবিধার মধ্যে সীমিত না থেকে দেশবাসী বিচার পাবে। আশা করি, বিচারকরা সেই দায়ের কথা মনে রেখে কাজ-কর্ম করবেন। যে মহৎ উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে তা যাতে সাধিত হয় তার আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সামসুল ইসলাম মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারের তরফ থেকে এখানে যে 'ওয়েস্ট বেঙ্গল' সিভিল সার্ভিস (জুডিসিয়াল) এবং ওয়েস্ট বেঙ্গল হায়ার জুডিসিয়াল সার্ভিস (রিভিশন অফ পে অ্যান্ড অ্যালাওয়েন্স) (রিপেল) বিল, ২০০৩' আনা হয়েছে তাকে সমর্থন করছি এই কারণে যে এছাড়া আর কোনো পথ ছিল না। কারণ, শেঠী কমিশনের নির্দেশ অনুযায়ী

সুপ্রিম কোর্টের নির্দেশ কার্যকরী করতে গিয়ে বিধানসভায় আগে যে বিল পাশ হয়েছিল আজকে এই যে বিল আনা হয়েছে সেটা তার সঙ্গে সঙ্গতিপূর্ণ এবং যথার্থ। নিম্ন আদালতের বিচারপতিদের কিছু সমস্যা আছে এবং সেটা সম্বন্ধে আমরা অবগত, ইতিপূর্বে আলোচনাও হয়েছে। কিন্তু যেভাবে শেঠী কমিশন-এর সুপারিশ সুপ্রিম কোর্ট কার্যকর করতে নির্দেশ দিয়েছিল তাতে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে সুপ্রিম কোর্টে রিভিশন করা হয়েছিল যে এই আর্থিক দায়ভার একটা রাজ্য সরকারের পক্ষে গ্রহণ করা সম্ভব নয় এবং এর পুনর্বিবেচনার দাবি করা হয়েছিল। কিন্তু সুপ্রিম কোর্ট তা শোনেনি। এই বিল যথার্থ এবং সময় উপযোগী হয়েছে তাই একে আমি সমর্থন করছি।

[2.20–2.30 p.m.]

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসেস (জুডিশিয়াল) অ্যান্ড ওয়েস্ট বেঙ্গল হায়ার জুডিসিয়াল সার্ভিস (রিভিশন অফ পে অ্যান্ড অ্যালাউন্স) (রিপিল) বিল, ২০০৩-এর সমর্থনে বক্তব্য রাখতে উঠে আমার প্রথমে বলা উচিত যে, একটি সাংবিধানিক সংকটের মুখে দাঁড়িয়ে এই বিল আমরা উত্থাপন করলাম এবং তার সমর্থনে বক্তব্য রাখছি। বিরোধী দলের মাননীয় বিধায়ক মাননীয় শ্রী আবু হেনা মহাশয় এখানে সঙ্গত কারণে প্রশ্ন করেছেন যে, কি হল যে, ৩ মাসের মধ্যে আপনাকে এই বিল প্রত্যাহার করতে হচ্ছে? তার কারণ হিসেবে আমি পূর্বাভাস দিয়ে রাখলাম, আমি এখন তার ব্যাখ্যায় যাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসেস (জুডিশিয়াল) এন্ড দি ওয়েস্ট বেঙ্গল হায়ার জুডিসিয়াল সার্ভিস (রিভিশন অফ পে অ্যান্ড অ্যালাউন্স) (রিপিল) বিল ২০০৩, আমরা সংক্ষেপে সাবোর্ডিনেট জুডিসিয়ারি বলি—এদের চাকরি সংক্রান্ত বিষয়, তাদের বেতনক্রম এবং অন্যান্য বিষয় সংবিধানের ২৩৪ ধারা এবং ৩০৯ ধারা অনুযায়ী এই অধিকার সমস্ত রাজ্যসরকারের এবং তার আইন করার অধিকার একমাত্র রাজ্যবিধানসভার। এই বাবদ একটা অর্থ বরাদ্দ করা দরকার। তাও বিধানসভার অনুমতি পাওয়ার পর আমরা বরাদ্দ করি। এভাবে চলে আসছিল। রাজ্যসরকারের তৃতীয় বেতন কমিশন এবং তাকে লাগু করার সুপারিশ যা ১৯৯০ সালে রিভিশন অফ পে অ্যান্ড অ্যালাউনসেস্ রুল্স হয় যাকে সংক্ষেপে 'রোপা' রুল্স্ বলে। তার মধ্যে অন্যান্য অফিসাররাও ছিলেন—বি.সি.এস., জুডিশিয়াল সার্ভিস—ঠিক একই ভাবে পুনর্বিন্যাস এবং বৃদ্ধি হয়। ব্যতিক্রম হয় রাজ্যসরকারের চতুর্থ বেতন কমিশনের সুপারিশ লাগু করার সময়। কারণ সেখানে আপনারা প্রশ্ন করেছিলেন, অল ইন্ডিয়া জাজেস্ অ্যাসোসিয়েশন ভার্সাস ইউনিয়ন অফ ইন্ডিয়া অ্যান্ড আদার্স একটা মামলা সুপ্রিম কোর্টে দাখিল করা হয়। সেই মামলার তখন শুনানি চলছে। সেই সময় রাজ্যের চতুর্থ বেতন কমিশন যাকে লাগু করার জন্য সংশোধিত নিয়মাবলী 'রোপা' ৯৮ লাগু হয় এবং ওদের সকলের জন্য বৃদ্ধি করা হয় এবং সাবোর্ডিনেট জুডিশিয়ারির ক্ষেত্রে বৃদ্ধি একই ভাবে করা হয়। কেবল বলা হয় 'অ্যাডহক' কথাটা, যেহেতু তখন সুপ্রিমকোর্টে মামলা চলছে। আপনারা বলেছেন অর্থের অভাবের

জন্য বৃদ্ধি করা হয়নি। অনেকের তখন বৃদ্ধি করা হয়েছি। সাবোর্ডিনেট জুডিশিয়ারি যারা লোয়ার লেভেলে ১৬ নম্বর আগে চালু ছিল—এই স্কেলটা ছিল মূল বেতন ২২০০ থেকে শুরু এবং ৪০০০-এ গিয়ে শেষ। অন্যান্য অফিসারদের সঙ্গে বৃদ্ধি করা হয়েছিল। ১৯৯৮-তে সেই স্কেলটা হয় মূল বেতন ৮০০০ থেকে শুরু এবং ১৩,৫০০ তে গিয়ে শেষ হয়। অ্যাড-হক বৃদ্ধি করা হয়। কেউ সেখানে কম পাচ্ছিলেন তা নয়। অন্য জায়গাতেও এই বৃদ্ধি হয়েছিল। কিন্তু ওদের যে মামলা সুপ্রিমকোর্টে চলছিল, সেই মামলার ক্ষেত্রে সুপ্রিমকোর্ট রায় দেন, কেন্দ্রীয় সরকারকে বলেন একটা কমিশন স্থাপন করতে হবে সেই মোতাবেক শেঠি কমিশন স্থাপন করা হয়। লক্ষণীয় যে, কেন্দ্রীয় সরকার শেঠি কমিশন স্থাপন করেন—যেহেতু বিষয়টি রাজ্যের এক্তিয়ারভুক্ত বিষয়, কিন্তু সেখানে রাজ্যসরকারের কোনো প্রতিনিধিকে রাখা হয়নি। শেঠি কমিশন রিপোর্ট দাখিল করেন নভেম্বর ১৯৯৯ সালে। মাননীয় অধ্যক্ষ মহাশয় এটা লক্ষণীয় যে, কেন্দ্রীয় সরকার শেঠি কমিশন স্থাপন করেছিলেন, কিন্তু তাঁরা শেঠি কমিশনের রিবোর্ট আজকে পর্যন্ত গ্রহণ করেননি। কিন্তু মাননীয় সুপ্রিমকোর্ট ২০০২ সালের ২১ শে মার্চ রায় দেন। রায়ে ২টি অংশ ছিল—বিচারকদের সংখ্যা জনসংখ্যার ভিত্তিতে ৫ গুণ বৃদ্ধি করতে হবে এবং বেতনক্রম ইতিমধ্যে যেটা বর্ধিত হয়েছিল তার থেকেও বেতনক্রম আরও বর্ধিত করতে হবে। লক্ষণীয় শেঠি কমিশন যাঁরা গঠন করেছিলেন তাঁরা এখনও শেঠি কমিশনের রিপোর্ট কিন্তু গ্রহণ করেননি। এতে রাজ্যসরকারগুলো—পশ্চিমবঙ্গ আলাদা নয়—প্রত্যেকটি রাজ্যসরকার হিসেব করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুটো সমস্যা মূলত দেখা দেয়। একটি হচ্ছে প্রশাসনিক ক্ষেত্রে। আপনারা অবগত আছেন যে যেকোনো জেলাতে একটা প্রশাসনিক কাঠামো আছে। জেলাশাসক, পুলিশ প্রধান, জেলায় যে বিচারপতি আছে তাদের মধ্যে একটা তুলনীয় বেতনক্রম পরিকাঠামো চালু ছিল, যে মুহূর্তে সেখানে কোনো একটি বেতনক্রম বাড়িয়ে দেওয়া হয়, তখন সেখানে একটি ভারসাম্যের সমস্যা দেখা দেয়। কারণ ওরা যে বেতনক্রম বলেছে মাননীয় সুপ্রিম কোর্টের কাছে, তা হচ্ছে সেক্রেটারীর নয়, যারা প্রিন্সিপাল সেক্রেটারী, যারা সুপার টাইম স্কেলে আছে, যারা চিফ্ সেক্রেটারীর নীচে সেই স্কেল, যা জেলা বিচারকদের দেওয়ার কথা বলেন। তাতে আমরা হিসাব করে দেখি যদি এর কোনো একটা প্রভাব রাজ্য সরকারের অন্যান্য সার্ভিসের উপরে এসে পড়ে, একইভাবে তারা পি.এস.সি.-র মাধ্যমে এসেছে, তুলনীয়ভাবে এসেছে, একইভাবে আনলেও যদি এসে পড়ে, সারা দেশে এর প্রভাব ২৮টি রাজ্যে এবং যে কেন্দ্র শাসিত অঞ্চল মিলিয়ে অতিরিক্ত ব্যয় করতে হবে। পশ্চিমবঙ্গ আলাদা বলে নয়, সব মিলিয়ে ১৪ হাজার কোটি টাকা এবং পশ্চিমবঙ্গের ক্ষেত্রে করতে হবে ১ হাজার ৫ শত কোটি টাকা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রেক্ষিতে মনে রেখে এই বিধানসভায় একটি প্রস্তাব গ্রহণ করে ৫ই জুলাই ২০০২ সালে। বিধানসভায় একটি প্রস্তাব গৃহীত হয় যে, বিধানসভার একমাত্র অধিকার আছে আইন প্রণয়ন করার, যে আইন অনুযায়ী রাজ্যসরকার কাজ করতে বাধ্য। এই বিধানসভায় যে প্রস্তাব গ্রহণ করে, তখন রাজ্যসরকারকে বলা হয় যে আপনারা উপযুক্ত পদক্ষেপ নিন যাতে সুপ্রিম কোর্টের কাছে গিয়ে বলুন যে মহামান্য সুপ্রিমকোর্ট যে আগের আদেশ দিয়েছে

সেই আদেশ যেন মডিফাই করা হয়। ঠিক এই ভাবেই আমাদের নির্দেশ দিলেন, সেই নির্দেশ নিয়ে রাজ্যসরকার ৩১ শে জুলাই রিভিউ পিটিশান করে মহামান্য সুপ্রিম কোর্টের কাছে এবং সেইসময় রাজ্যের সমস্ত অর্থমন্ত্রীদের ডেকে একটা সভা করা হয়েছিল ৭ই সেপ্টেম্বর ২০০২ সালে, সেই সভায় সমস্ত রাজ্যের অর্থমন্ত্রী রাজনীতি নির্বিশেষে, আপনাদের যারা প্রতিনিধিত্ব করছেন অন্য এন. ডি. এ দল, বি.জে.পি. তারা সকলে মিলে সকলে এক বাক্যে বলেন আমরা সকলে একইসঙ্গে পশ্চিমবঙ্গ বিধানসভা যেরকম করেছে আমরা নিজেদের নিজেদের বিধানসভায় সেইরকম করার পদক্ষেপ নিই। মহামান্য সুপ্রিমকোর্টে গিয়ে রিভিউ করতে বলি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রেক্ষিত গুরুত্বপূর্ণ যে ১৮ই অক্টোবর প্রধানমন্ত্রী একটি সভা ডাকেন রাজ্যের সমস্ত মুখ্যমন্ত্রীদের। যেটা দিল্লির বিজ্ঞান ভবনে হয়। সেই সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়, সেখানে সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রীরা উপস্থিত ছিলেন। আমাদের মুখ্যমন্ত্রী ব্যস্ত থাকায় উপস্থিত থাকতে পারেননি। আমাকে যেতে বলেছিলেন। সেখানে সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রীরা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নেন যে, আমরা একসঙ্গে রিভিউ পিটিশান যেন করি। সকলে বলি আপনারও একইভাবে সুপ্রিম কোর্টের কাছে আপনার একটা এফিডেভিট দাখিল করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রথম আমরা দেখলাম, ইদানীংকালে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কেন্দ্রীয় অর্থ মন্ত্রকে এক্সপেনডিচার সেক্রেটারী তিনিও এফিডেভিট দাখিল করলেন। এটা যে কি ভয়ানক প্রভাব পড়বে প্রশাসনিক ক্ষেত্রে এবং এরপরেও এই ঠিক এই সময়ে একটা কথা বলে রাখি—মাননীয় সুপ্রিম কোর্ট ২৫ নভেম্বর এসব শোনার পরে নির্দেশ দিয়ে দেয় ১লা এপ্রিল ওই বেতনক্রম যেটা ওরা বলেছেন যে বৃদ্ধি করতে হবে, যে বৃদ্ধি ইতিমধ্যেই হয়েছে। ৪র্থ বেতন কমিশনের অ্যাডহক ভিত্তিতে দিতে হবে। যেটা সুপার টাইম স্কেল, চিফ সেক্রেটারীর নীচে, সেটা জেলা স্তরে জাজদের দিতে হবে। সেই নির্দেশ দিয়ে দেয় ১লা এপ্রিল ২০০৩-এর মধ্যে লাগু করতে হবে। এই ব্যাপারে বিধানসভায় একটি বিল আনা হয়েছে যে বিলটি আজকে রিপিল করার জন্য বলেছি। আমরা পরিষ্কার করে বলি যে শেঠী কমিশনের যে স্কেল আমাদের সামনে আছে একই সঙ্গে বিধানসভায় যেভাবে প্রস্তাব রাখা হল, যেটা আছে, এটা মনে রেখে আমরা শেঠী কমিশনের কতগুলি স্কেলকে মেনে নি। কিন্তু আমরা বলি এনট্রি পয়েন্ট পি.এস.সি.-র মাধ্যমে এসেছেন, পরীক্ষা হয়ত তুলনীয় পরীক্ষা তিনি যে ১৬ নম্বর স্কেল ৮০০-১৩ হাজার ৫ শত ইতিমধ্যেই বৃদ্ধি হয়েছে। শেঠী কমিশন বলেছে ৯ হাজার–১৩ হাজার ৫ শত করতে হবে। আমরা বলেছি। আমরা সেটা ৮ হাজার থেকে হোক। না হলে এক্ষুনি প্রভাব পড়ে যাবে আর সব সার্ভিসের ওপরে।

[2.30–2.40 p.m.]

তারপরে পাঁচ বছর করে প্রমোশন। লক্ষ করুন, আমরা অল্প তফাতই রেখেছিলাম—প্রথমটা ১০,৭০০ টাকা থেকে ১৪,৯০০ টাকা এবং পরেরটা বলেছিলাম ১০,০০০ টাকা থেকে ১৫, ৫২৫ টকা। শেঠী কমিশন থেকে প্রথমটা কম, শেষটা বেশি। শেষটা বাড়িয়ে, প্রথমটা কমিয়ে

আমরা ওর সঙ্গে একটা সামঞ্জস্য রাখতে চেয়েছিলাম। তারপরে জেলা স্তরে সিভিল সার্ভিস সিনিয়রের ন্যায় পরবর্তী তিনটি স্কেলই শেঠী কমিশনেরটা আমরা মেনে নিয়েছিলাম। শেষে যখন হায়ার জুডিশিয়াল সার্ভিস আসছে তখনও সামঞ্জস্য রাখার জন্য সুপার টাইম স্কেল ইত্যাদির বিষয়ে বলেছিলাম, এটা বৈষম্যমূলক, এর আর্থিক দিক আছে। সে হিসাবে আমরা তখন এখানে আমাদের এ বিলটা রেখেছিলাম এবং বিলটা এখানে অনুমোদিত হয়েছিল। অনুমোদিত হওয়ার ফলে সেটাই আইন হল। আইন হবার পরে আমরা সুপ্রিম কোর্টকে গিয়ে বললাম, অন্য রাজ্যও বললো—মুখ্যসচিবরা এবং অ্যাডভোকেট জেনারেলরা গিয়েছিলেন। কিন্তু গত ৯ই মে মাহামান্য সুপ্রিম কোর্ট সমস্ত রাজ্যকে এক সঙ্গে ডেকে বলেদিলেন, 'শেঠী কমিশন যেটা বলে দিয়েছে সেটাই লেটার অ্যান্ড স্পিরিট হুবহু রাজ্যগুলিকে রূপায়িত করতে হবে।' ডেটও বলে দিলেন—১লা জুলাই ১৯৯৬ সাল থেকে। শুধু আমাদের পশ্চিমবাংলার ক্ষেত্রে বলে দিলেন, আপনারা অতিরিক্ত ২ মাস সময় পাবেন। এখন দু-মাসের মুখে দাঁড়িয়ে আপনাদের কাছে বলা প্রয়োজন যে, আমরা একটা সাংবিধানিক সংকটের মধ্যে পড়েছি। আমি আপনাদের আগেই বলেছি সংবিধানের ২৩৪ এবং ৩০৯ ধারা অনুযায়ী এটা রাজ্যের এক্তিয়ার, রাজ্য বিধানসভার এক্তিয়ার। সেই এক্তিয়ারের ভিত্তিতেই আমরা বিল এনেছিলাম। কিন্তু এখন মহামান্য সুপ্রিম কোর্ট বলছে, 'না, হুবহু এটাই করতে হবে।' তা যদি করতে হয় তা হলে আমাদের এ বিলটা আর থাকে না। এটাই হচ্ছে সাংবিধানিক সংকট এই মুহূর্তে। সুতরাং এই সংকটের মুহূর্তে দাঁড়িয়ে এই সাংবিধানিক সংকট আপাতত এড়াবার জন্য পূর্বে আমরা যে বিলটা পাশ করেছিলাম সেটা আমি প্রত্যাহার করে নিচ্ছি। রিপিল বিল, এই অবস্থায় দাঁড়িয়ে রাখছি। সাংবিধানিক সংকট আপাতত এড়াবার জন্য এই বিলটা আমি আপনাদের কাছে রাখলাম এবং ব্যাখ্যা দিলাম। এখন আমি এই বিলটায় আপনাদের সমর্থন চাইছি। আপনারা জানতে চেয়েছিলেন তাই আমি ব্যাখ্যা দিলাম। তবে আপনারা কেউ বিরোধিতা করছেন না, যেহেতু আমি উত্থাপন করেছি তাই আমি সমর্থন করলাম। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : ডঃ দাশগুপ্ত এবং মিঃ অধিকারী, আপনাদের কাছে আমি একটা প্রশ্ন রাখছি। আপনারা রিপিল করলেন, অন্য বিল আনলেন ইন কনফরমিটি অব দি সুপ্রিম কোর্ট ডাইরেকশন। কিন্তু যে কোনো বিলই তো পাশ করা, না করার ক্ষমতা হাউসের। মেম্বার অনুমোদন দিলে পাশ হবে। এখন যদি এই বিলের ক্ষেত্রে রুলিং পার্টি এবং অপোজিশন একমত হয়ে মনে করে যে রাজ্যের ক্ষমতা নেই, অত অর্থ ব্যয় করার মতো আর্থিক ক্ষমতা নেই, আমরা বিল পাশ করব না। তখন কি হবে?

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : আমাদের রাজ্য বিধানসভা এ ব্যাপারে সক্রিয়। কোন বিল পাশ হবে, না হবে। এক্সিকিউটিভ অফ দি আর্ম অব দি গভর্নমেন্ট তারা বিলটা এখানে উত্থাপন করতে পারেন, তার সমর্থনে বক্তব্যও রাখতে পারেন, কিন্তু বিলটা পাশ হবে, কি হবে না সেটা সম্পূর্ণ বিধানসভার এক্তিয়ার।

শ্রী অতীশ চন্দ্র সিংহ : অসীমবাবু বললে সবাই ভয়ে পাশ করে দেবে।

মিঃ স্পীকার : কিছু সময়ের জন্য সবাই নির্ভয় হয়ে গেলে, তখন কি হবে? যদি অর্থনৈতিক ক্ষমতার বাইরে কিছু করবার কথা বলা হয় এবং আমরা দায়িত্বশীল নাগরিকরা যদি এই হাউসে সিদ্ধান্ত নিই যে এই ব্যবস্থা আমরা করতে পারব না, এটা আমাদের আর্থিক ক্ষমতার বাইরে চলে যাচ্ছে, এটা করলে আমরা রাজ্যকে বিপদে ফেলব, এটা করা ঠিক হবে না, জনগণের স্বার্থে ঠিক হবে না, তাহলে তখন কি হবে?

শ্রী অতীশ চন্দ্র সিংহ : নিশীথবাবু আরো কোর্ট ফি বাড়িয়ে দেবেন।

মিঃ স্পীকার : অনেক কিছু বাড়াতে হবে, শুধু কোর্ট ফি বাড়ালেই সমস্যার সমাধান হবে না। আপনাদেরও বেতন কমাতে হবে। যাক্‌গে, নিশীথবাবু, এটার উত্তর আপনি পরে দেবেন, যদি অপোজিশন বিরোধিতা করে তখন ম্যানি বিল ফেল করে, গভর্নমেন্ট ফল করে। কিন্তু যদি অপোজিশন বিরোধিতা না করে তাহলে গভর্নমেন্ট ফল করবে না। অপোজিশন এবং রুলিং পার্টির কনসেনসাসে যদি হয় ইন দ্যাট কনডিশন হোয়াট উইল হ্যাপেন? তখন ওয়ে-আউটটা বলবেন?

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : আপনি যেটা বললেন সেটা আমাদের মাথার মধ্যে আছে। তাই বলছিলাম, একটা সাংবিধানিক সংকট সত্যিই উপস্থিত হয়েছে আজকের বিলে। আপনি পরের বিলের ক্ষেত্রে বললেন।

মিঃ স্পীকার : এটা তো পাশ হয়ে যাবে।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : পরের যেটা বললেন সেটা মাথার মধ্যে রেখেছি। কিন্তু একটা সংকট সৃষ্টি হয়েছে যার নজির কিন্তু ইদানীংকালে ভারতবর্ষে কোথাও হয়েছে কিনা জানি না। এই সংকট কিন্তু মনে রাখবেন রাজ্য বিধানসভার সঙ্গে মহামান্য সুপ্রিম কোর্টের।

মি. স্পীকার : এখানে প্রশ্ন আসছে গণতন্ত্র বড়ো, না বিচার ব্যবস্থা বড়ো—কোনটা বড়ো সেটা বিচার করতে হবে। গণতান্ত্রিক অধিকার বড়ো, না বিচার ব্যবস্থা বড়ো এটা আমাদের বিচার করতে হবে। যাক্ গে

The motion that the West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay and Allowance) (Repeal) Bill, 2003 be taken into consideration was then put and agreed to.

Clauses 1 & 2

The question that Clauses 1 & 2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that the West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay & Allowance) (Repeal) Bill, 2003 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

Demand No. 40

Mr. Speaker : There are eighty six cut motions to Demand No. 40 by Shri Kashinath Mishra (cut motion nos. 1, 2 and 13–27), Shri Kamal Mukherjee (cut motion nos. 3–5 & 70–78), Shri Jyoti Priya Mallick (cut motion nos. 6–9), Shri Jyoti Priya Mallick and Shri Ashok Kumar Deb (cut motion nos. 10–12), Shri Bankim Chandra Hazra (cut motion nos. 28–31), Shri Kalipada Mondal (cut motion 32–48), Dr. Asish Banerjee (cut motion nos. 49–53), Shri Subrata Mukherjee (cut motion nos. 54–60), Shri Pankaj Banerjee (cut motion no. 61), Shri Saugata Ray (cut motion nos. 62 & 63), Shri Dilip Mondal (cut motion no. 64), Shri Pundarikakshya Saha (cut motion nos. 65–67), Shri Deba Prasad Sarkar (cut motion nos. 68 & 69) and Shri Manturam Pakhira (cut motion nos. 79–86). All the cut motions are in order. Out of all the out motions cut motion nos. 3–5 and 68–78 will be moved. All the other cut motions are not moved as the Momebers are not present. Now I call upon Shri Kamal Mukherjee and Shri Deba Prasad Sarkar to move their motions.

Shri Kamal Mukherjee : Sir, I beg to move that the Amount of the Demand be Reduced to Re. 1/-

Shri Deba Prasad Sarkar
Shri Kamal Mukherjee } Sir, I beg to move that the Amount of the Demand be Reduced to Rs. 100/-

শ্রী অতীশ চন্দ্র সিংহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবী এখানে পেশ করেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি এবং আমাদের দলের তরফ থেকে যে ছাঁটাই প্রস্তাব এসেছে তাকে আমি সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে আমি বলি, গত ৯ জুলাই মাননীয় মন্ত্রী খুব তাড়াহুড়ো মধ্য দিয়ে একটা পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট বিল, ২০০৩ পাশ করিয়ে নিয়েছেন আমাদের জোরালো আপত্তি থাকা সত্ত্বেও এবং তার পরবর্তীকালে আপনাদের বিভিন্ন শরিকদল—আর.এস.পি., ফরওয়ার্ড ব্লক, সি.পি.আই. তারা এই ব্যাপারে সংশয়ের কথা, আপত্তির কথা বিভিন্ন প্রচার মাধ্যমে জানিয়েছেন।

[2.40–2.50 p.m.]

আমাদের তরফ থেকেও অনেক অপত্তির কথা বলা হয়েছে। আমি যখন এই বিলের আলোচনায় অংশ গ্রহণ করেছিলাম তখন আমি আমাদের সলের তরফ থেকে এ ব্যাপারে অনেক আপত্তির কথা জানিয়েছিলাম। কেন আমি আপত্তি জানিয়েছিলাম সেটা এখন একটু বলে নিতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে আছেন, উনি আমার সঙ্গে একমত হবে কিনা জানি না কিন্তু আমি যে আপত্তির কথাটা জানিয়েছিলাম সেটা আবার বিবেচনা করতে বলব। এখানে উনি একটা গ্রাম উন্নয়ন সমিতি করতে চলেছেন। পুরোনো অ্যাক্টে যে ধারাটা আছে ১৬(এ) ৪ (এ) সি-তে সেখানে বেনিফিসিয়ারি কমিটির কথা বলা হয়েছে। সেই বেনিফিসিয়ারি কমিটির ধারাটা সম্পূর্ণ পরিবর্তন করে এখানে তার পরিবর্তে উনি একটা উন্নয়ন সমিতি করতে চাইছেন। মোটামুটি বেনিফিসিয়ারি কমিটির পরিবর্তে উন্নয়ন সমিতি কথাটা লেখা থাকলেও উনি শেষ কালে একটা কথা যোগ করে দিয়েছেন যেটা আগের আইনে ছিল না — অ্যাজ মে বি প্রেসক্রাইব্ড। তার মানে এই উন্নয়ন সমিতি কি কাজ করবে না করবে সেটা প্রেসক্রাইব্ড করার ক্ষমতা সরকারের থাকবে। এ সম্পর্কে সংবাদপত্রগুলিতে নানান সংবাদ বেরিয়েছে সেটা কতখানি সত্য আমি জানিনা যে, যে টাকাটা গ্রামপঞ্চায়েত পায় তার অর্ধেক নাকি এই উন্নয়ন সমিতিকে দেওয়া হবে ইত্যাদি। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমি জানতে চাই যেসব সংবাদ সংবাদপত্রগুলিতে প্রকাশিত হয়েছে সেগুলির মধ্যে সত্যতা আছে কিনা। এখন আমাদের যেটা চূড়ান্ত আপত্তির কথা, স্যার, আপনি জানেন, গ্রামপঞ্চায়েত একটি নির্বাচিত সংস্থা। এই নির্বাচিত সংস্থার উপরে একটা সিলেকটেড কমিটি, উন্নয়ন সমিতি সিলেকটেড কমিটিই হবে ; অবশ্য কে করবে পরিষ্কার করে তা বলা নেই, আমি ধরে নিচ্ছি এই সিলেকটেড কমিটি সেই গ্রামপঞ্চায়েতের লোকরাই করবে তবুও আমি খুব পরিষ্কারভাবে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাইবো, যদি করেও আমি বলব একটা নির্বাচিত সংস্থার উপর অনির্বাচিত সংস্থাকে, একটা সিলেকটেড বডিকে চাপিয়ে দেওয়া হচ্ছে এটা সংবিধান বিরোধী বলেই মনে হয় এবং এই জিনিসটা খুব অনুচিত হবে। পুরনো বিলে যে প্রভিশান আছে বেনিফিসিয়ারি কমিটি করার, স্যার, আপনি জানেন গ্রামে বেনিফিসিয়ারি কমিটির মাধ্যমে অনেক কাজ হয়। তারা দেখে নেন কাজ ঠিকমতন হচ্ছে কিনা। এখন এই উন্নয়ন সমিতি যেটা করার কথা বলা হয়েছে সেই উন্নয়ন সমিতির ক্ষেত্রে

অ্যাজ মে বি প্রেসক্রাইবড বলাতে মানেটা সম্পূর্ণ সত্য হয়ে যাচ্ছে। এবারে প্রেসক্রাইব্ড যদি সরকার বা কেউ করেন যে ওরা কাজ করবে এই ধারা, বলে তাহলে তার মানেটা সম্পূর্ণ অন্য হয়ে যাবে। গ্রামপঞ্চায়েত একটা নির্বাচিত সংস্থা, তার উপর সিলেকটেড কমিটি কাজ করবে এই রকম মনে হতে পারে সুতরাং এই ধারাটা যাতে সংযুক্ত না হয় এবং পুরনো ধারাটাই যাতে থাকে তার জন্য মন্ত্রীমহাশয়ের কাছে আমি অনুরোধ জানাবো এবং দাবী জানাবো। এই ধারাটি সংযুক্ত হলে তা সংবিধান সম্মতি হবে না। শুনছি ইতিমধ্যেই নাকি অ্যাক্ট করেছেন এবং মাননীয় রাজ্যপাল মহাশয়েরও নাকি সম্মতি পাওয়া গিয়েছে। আমার মনে হয় বাস্তবে এটা করলে অনেক গন্ডগোল হবে এবং নিশ্চয় কোর্ট-কাছারিও হবে, কোর্টে এটা চ্যালেঞ্জ হবে। কাজেই এটা প্রত্যাহার করার জন্য আমি দাবী জানাচ্ছি। দ্বিতীয় যে আপত্তির কথাটা আমি এই বিলের আলোচনার সময় বলেছিলাম যদিও সেই সময় আমার কথায় আপনারা আদৌ কান দেন নি এবং শরিক দলের মাননীয় সদস্যরাও ভালোভাবে বুঝতে পারেননি, পরে যখন তাদের দলের নেতারা বুঝেছেন, জেনেছেন তখন সংবাদপত্রের মাধ্যমে, ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে তারা তাদের চূড়ান্ত বিরোধিতার কথাও প্রকাশ করেছেন। আমি যতদূর শুনেছি এটা নিয়ে আলোচনা করার জন্য বামফ্রন্টের মিটিং ডাকার দাবীও তারা রেখেছেন। কাজেই এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এ ব্যাপারে আপনাদের শরিক দল বা আপনাদের দলের মতামত নাকি গ্রহণ করবেন। তা করে কি করবেন জানি না। এই ব্যাপারে আমাদের দলের তরফ থেকে বিরোধী দলের তরফ থেকে, যেহেতু তৃণমূল কংগ্রেস নেই, তাঁরা কি করবেন জানিনা, আমাদের কংগ্রেস দলের পক্ষ থেকে চূড়ান্ত বিরোধিতা করছি এবং এই প্রভিশান যাতে প্রত্যাহার করে নেন তার দাবি জানাচ্ছি। দ্বিতীয় বিষয় যেটা আপত্তি করছি সেটা বিলে বলার সময়ও আপত্তি করেছিলাম, আবার সেটা মেনশান করছি আপনার এই গ্রাম সংসদের ব্যাপার নিয়ে। সেই দিন আপনি বিলের উপর বলার সময় অনেক বড় বড় কথা বলেছিলেন যে গ্রাম সংসদের অধিকার বাড়াতে চাই, আরো বেশী গণতান্ত্রিক করতে চাই। কিন্তু আপনি একটা উন্নয়ন সমিতি করতে যাচ্ছেন যারা সিলেকটেড বডি, তারা গ্রাম পঞ্চায়েতের উপর ফোঁপরদালালি করবে। এটা কোন ধরনের গণতন্ত্র আমি বুঝতে পারছি না। এটা একেবারে অগণতান্ত্রিক কাজ হচ্ছে, এটা আপনি প্রত্যাহার করে নিন। গ্রাম সংসদের ব্যাপারে গ্রাম সংসদের তরফ থেকে যে রেকমেন্ডেশানগুলো যাবে সেই রেকমেন্ডেশানগুলো মোটামুটি ভাবে গ্রাহ্য করতেই হবে। যদি এইগুলো প্রভিশান অনুযায়ী অ্যাক্ট অনুযায়ী রুলস অনুযায়ী হয় তাহলে সেটা গ্রাহ্য করতেই হবে। আপনারা জানেন একটা গ্রামপঞ্চায়েত সব দলের প্রতিনিধি থাকে। ধরুন আপনাদের একটা গ্রাম পঞ্চায়েত আছে, সেখানে আপনাদের দলের প্রধান আছে, সেখানে বিরোধী দলের ৪-৫ জন মেম্বার আছে। তারা একটা রেকমেন্ডেশান কি আদৌ স্বীকার করবে? সেই গ্রামপঞ্চায়েতে যারা মেম্বার আছে যিনি প্রধান আছেন তাঁরা তা স্বীকার করবেন না। উল্টোটা ধরুন, আমাদের দলের যদি প্রধান থাকে, আপনাদের দলের যদি ২-৩ জন মেম্বার থাকে, স্বাভাবিক ভাবেই গ্রামপঞ্চায়েতে তাদের আধিক্য থাকবে এটা স্বাভাবিক, সুতরাং তারা যে রেকমেন্ডেশান করবে সেই রেকমেন্ডেশান কি মেনে নিতে বাধ্য হবে? এটা কি করে কার্য্যকরী হবে? এটাতে নিশ্চয়ই একটা টেনশান সৃষ্টি হবে, এটা কার্যকরী করতে অসুবিধা হবে। এই গ্রাম উন্নয়ন সমিতির প্রত্যাহারের দাবি জানাচ্ছি। এই যে

প্রভিশান আপনি করেছেন গ্রাম সংসদের ব্যাপারে এটা বাস্তবে কার্যকরী করা কতখানি অসুবিধাজনক হবে সেটা আপনি ভেবে দেখুন। এটা চেঞ্জ করে অন্য রকম কিছু করা যায় কিনা সেটা ভাববার জন্য অনুরোধ জানাচ্ছি।

মাননীয় উপাধ্যক্ষ মাহায়, আজকে যে ব্যয় বরাদ্দের দাবি মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের কাছে চেয়েছে তার পরিমাণ হচ্ছে ৬৪৬.৫২ কোটি টাকা। এই বরাদ্দ ক্রমশ কমছে। আমি যেকটা বাজেটে অংশগ্রহণ করবার সুযোগ পেয়েছি তাতে দেখতে পাচ্ছি ক্রমশ বাজেট বরাদ্দ ভীষণ ভাবে কমছে। ২০০১-০২ সালে বাজেট বরাদ্দ ছিল ১০৬২ কোটি টাকা, ২০০২-০ত সালে বাজেটে বরাদ্দ ছিল ১২৫১.১৫ কোটি টাকা। এবারের বাজেট বরাদ্দ হলো ৬৪৬.৫২ কোটি টাকা। এটা বুঝতে অসুবিধা হয় না যে এই সরকার বিরাট একটা আর্থিক দৈনতার মধ্যে আছে। এই আর্থিক দৈন্যতার মধ্যে থাকার ফলে এর বেশী বাজেট বরাদ্দ করা যায়নি। আপনারা বলছেন পঞ্চায়েতের মাধ্যমে বিরাট সাফল্য এসেছে, বিরাট সাফল্যের জন্য আপনারা গর্বিত। আজকে একটা সমীক্ষা থেকে বলবো পঞ্চায়েত সম্পর্কে তারা কি ধরনের মতামত প্রকাশ করছেন। সেখানে প্রকাশিত হয়েছে আপনারা যে বরাদ্দ করেছেন বিভিন্ন খাতে তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। তারা সেটা পরিষ্কার করে বলেছেন। আমি ২-৩টি জায়গা থেকে পড়ে শোনাচ্ছি। এটা ২০০৩-০৪ সালের বাজেট সমীক্ষার প্রতিবেদন, সেখান থেকে আমি এটা পড়ে শোনাচ্ছি স্বর্ণ জয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা সম্পর্কে নানা রকম আলোচনা করে তাঁরা বলছেন "এই পরিপ্রেক্ষিতে কমিটি মনে করে এই খাতে বরাদ্দকৃত ২ কোটি টাকা অপ্রতুল"। তারপর ইনটিগ্রেটেড ওয়েস্টল্যান্ড ডেভলপমেন্ট প্রোগ্রামে সেখানে বলছে "এই খাতে ২০০৩-০৪ আর্থিক বছরে বরাদ্দের পরিমাণ ৩ লক্ষ টাকা। কমিটির মনে হয়েছে গুরুত্ব এবং প্রয়োজনীয়তার নিরিখে এই বরাদ্দ অত্যন্ত অপ্রতুল"।

[2.50–3.00 p.m.]

আমি এবারে আসছি ইন্দিরা আবাস যোজনায়। এবারে ইন্দিরা আবাস যোজনায় অর্থ অনেক কমিয়ে দিয়েছেন। বর্তমানে এই খাতে বরাদ্দ রেখেছেন ৬ কোটি ৫০ লক্ষ টাকা। যেটা আগে ৪০ কোটি টাকার ওপরে ছিল, সেটা কমতে কমতে ৬ কোটি ৫০ লক্ষ টাকায় এসেছে। প্রাক বাজেট সমীক্ষায় কমিটি তার রিপোর্টে বলেছে—'বর্তমানে আর্থিক বছরে বরাদ্দের পরিমাণ যথেষ্ট নয়। আরও অধিক মানুষকে এর আওতায় আনার জন্য বরাদ্দ বৃদ্ধির প্রয়োজন বলে কমিটি মনে করে। 'সুতরাং বিভিন্ন খাতে — আমি অত পড়ছি না, তিন-চারটি মেন্ যা আছে, সেগুলোই পড়ছি - যেমন, শিশু শিক্ষা কেন্দ্র। যেটা অনেক ঢাকঢোল পিটিয়ে এখানে পশ্চিমবাংলায় আপনারা চালু করেছেন, সেখানেও কমিটি তার রিপোর্টে বলেছে, 'এমতাবস্থায় শিশু শিক্ষা কেন্দ্রে সহায়ক ও সহায়িকাদের বেতন প্রদানের কিছু কিছু অসঙ্গতি লক্ষ্য করা যাচ্ছে। এমতাবস্থায় কমিটি সুপারিশ করছে, বাজেটে বরাদ্দকৃত ৪ কোটি ৪ হাজার টাকা বৃদ্ধি করার প্রয়াস চালাতে হবে।' মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে বলছি, শিশু শিক্ষা কেন্দ্রগুলি রাজ্যে রাজ্যে যেগুলি চলছে, সেখানে যাঁরা শেখাচ্ছেন তাঁরা মাসে এক হাজার করে টাকা

পান। বহু মহিলা আমাদের কাছে এসে তাঁরা বলেন, এক বছর ধরে তাঁরা বেতন পান না। এটাকে আপনারা বেতন বলেন না, অনারিয়াম বলেন। এই এক এক হাজার টাকা করে যেটা দেবার কথা, সেটা যাতে জেলায় অবিলম্বে পাঠিয়ে দেওয়া হয়, তাঁরা যাতে অবলিম্বে তাঁদের টাকা পান, তারজন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। আমার তৃতীয় পয়েন্ট হচ্ছে বিপিএল তালিকা। বিপিএল তালিকা নিয়ে আমরা বিধানসভায় অনেকবার বলেছি। আরও অনেক মাননীয় সদস্যরাও বলছেন। আমরা কিছু দিন আগে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এসেছিলাম যে, বিপিএল তালিকা যা তৈরী হয়েছে তা অত্যন্ত ত্রুটিপূর্ণ। বিভিন্ন সময়ে কাগজে, ইলেকট্রনিক মিডিয়াতে কি রকম কি রকম মানুষের নাম বিপিএল তালিকায় এসেছে তার বিবরণ বেরিয়েছে। এমনকি এমএলএর নামও বিপিএল তালিকায় উঠে এসেছে। তাঁর কাছে যখন জিজ্ঞাসা করলাম, আপনি কি করে ঢুকলেন? তখন তিনি আকাশ থেকে পড়লেন। আপনারা নিশ্চয়ই আমার সঙ্গে সহমত পোষণ করবেন, আপনারা নিশ্চয়ই স্বীকার করবেন যে, বিপিএল তালিকা যা পশ্চিমবঙ্গে প্রকাশিত হয়েছে তা এত ত্রুটিপূর্ণ যে সেটা সংশোধন করা দরকার। মাননীয় মন্ত্রী কয়েকদিন আগে একটি প্রশ্নের উত্তরে বললেন, যা আছে তাই-ই থাকবে। পরে সংশোধন করা হবে। কিন্তু আমরা বলছি, এই বিপিএল তালিকা সংশোধন করার প্রয়োজন আছে। আর তা যদি না সংশোধন করা হয়, তাহলে যতদিন না সংশোধিত হয়েছে ততদিন পর্যন্ত এটা নিয়েই কাজ করতে হবে। এখন গ্রামেগঞ্জে মানুষের মধ্যে এটা চালু হয়েছে যে, প্রধানকে জিজ্ঞাসা করলাম, এখন গ্রামে মানুষের চাহিদা কি? তিনি বললেন, এখন গ্রামের মানুষ টিউবওয়েল চাইছে না, রাস্তাঘাট চাইছে না। তারা বলছে, আমাদের নাম যেমন করেই হোক বিপিএল তালিকার মধ্যে ঢুকিয়ে দিন। কারণ বিপিএল এর মধ্যে নাম থাকলে তার সব ফ্রি- শিক্ষা ফ্রি, হাসপাতালে চিকিৎসা ফ্রি, নানা রকম সুবিধা সে পাবে। এখন গ্রামে গ্রামে মানুষের মধ্যে তাদের ধারণায় চলে এসেছে, তাদের নাম ওই বিপিএল তালিকায় ঢোকানো---যোগ্যতা থাকুক বা না থাকুক, তদ্বির তদারকি করে বিপিএল তালিকায় নাম ঢোকানো। সূর্য্যকান্তবাবু কয়েকদিন আগে বলেছিলেন, পশ্চিমবাংলায় যত ফ্যামিলি আছে তার অন্তর্গত দারিদ্রসীমার নীচে বঙ্গবাসকারী মানুষের শতকরা পরিমাণ হচ্ছে ৪৬ ভাগ। সেদিন উনি আমাদের জানালেন, কেন্দ্রীয় দরকার যে নির্দেশিকা দিয়েছে তার ফলে তাঁর ৩৬ শতাংশের বেশী করতে পারছেন না। ফলে দারিদ্রসীমার নীচে বসবাসকারী মানুষ শতকরা কতজন পশ্চিমবাংলায় আছে, তার বিভিন্ন রকম তথা, শতকরা হিসাব প্রকাশিত হচ্ছে। আমরা সত্যিকারের জানিনা ৪৬ পার্শেন্ট বি পি এল তালিকার মধ্যে নাকি ৩৬ পার্সেন্ট বি পি এল তালিকার মধ্যে। আবার মাঝে মাঝে খাদ্যমন্ত্রী বলেন ৭০ পার্সেন্ট বি পি এল তালিকার মধ্যে রয়েছে। আসলে বেশী দেখালে পরে বেশী করে খাদ্য কেন্দ্রের কাজ থেকে আনতে পারবেন। সুতরাং বি পি এল তালিকা নিয়ে যে অনিশ্চয়তা সেটা দূর হওয়ার দরকার। সত্যিকারে কারা কারা এই বি পি এল তালিকার আশ্চর্যযুক্ত এই বিষয়ে কোনো গাজুয়ারি না করে বি পি এল তালিকার যদি পরিবর্তন করা দরকার তাই করুন এবং তাতে যদি আরো দু মাস, তিন মাস সময় লাগে লাগুক, এই বি পি এল তালিকা ত্রুটিহীন করার চেষ্টা করুন। তা না করে যদি ত্রুটিপূর্ণ তালিকা হয় তাহলে যাদের সুযোগ সুবিধা পাওয়ার নয় তারা পাবেন, আর যাদের

পাওয়ার কথা তারা নিশ্চিন্ত হবে। আর যাদের পাওয়ার কথা নয় তারা যদি বেআইনিভাবে পেয়ে থাকেন সেটা নিশ্চয় আমরা বলুন, বামফ্রন্ট কারুরই তো পছন্দের নয় আমরা কেউ সেটা চাইব-না যে যাদের পাওয়ার নয় তারা এই সুযোগ থাক। সুতরাং এই বিষয়ে নিশ্চয় ভাবনা -চিন্তা করা দরকার। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীকে আরো তৎপর হবার জন্য অনুরোধ করব।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েতি ব্যবস্থার যে মেন দোষ সেটা হচ্ছে পঞ্চায়েতি ব্যবস্থা সম্বন্ধে বলা হচ্ছে এটা একটা আলাদা গভর্নমেন্ট বলে স্বীকৃতি লাভ করেছে ৭৩ তম সংশোধনীয় মাধ্যমে। কিন্তু একটা গভর্নমেন্টকে তো স্বয়ংসম্পূর্ণ এবং স্ব-শাসিত সংস্থা হতে হবে। নিজের পায়ে দাঁড়াতে হবে। কিন্তু আমরা জানি গ্রাম পঞ্চায়েতগুলোর নিজস্ব কোনো টাকা পয়সা নেই। নিজের পায়ে দাঁড়ানো তো দূরের কথা, তারা সম্পূর্ণ সরকারের মুখাপেক্ষী। কিছুদিন আগেই দেশ পত্রিকায় লিখেছে যে, পঞ্চায়েতিরাজকে দুর্বল বলে চিহ্নিত করা হল তার প্রমাণ হল স্ব-শাসিত সরকারের চরিত্র অর্জন না করে রাজ্যের একটা এজেন্ট হয়ে যায়, এটাই অত্যন্ত মারাত্মক। পঞ্চায়েত সেখানে আপনার দলেরই হোক বা আমাদের দলেরই হোক সম্পূর্ণভাবে সরকারের এজেন্টে পরিণত। সরকার টাকা দেবে যেমন স্ব-রোজগার যোজনা, ইন্দিরা আবাস যোজনা, বার্ধক্য ভাতা যোজনা— যেভাবে দেবে সেইভাবে টাকা ভাগ করা হবে। আবার ওই টাকা দেওয়ার পরেও তা নিয়ে কারচুপি হচ্ছে, নষ্টামি হচ্ছে। সেগুলো আপনার দেখা দরকার। কিন্তু এই যে টাকা, এগুলো না নিয়ে তো তাদের কাজ করবার কোনো ক্ষমতা নেই। সুতরাং স্ব-শাসিত সংস্থা হিসাবে ঘোষণা করলে যে যে ব্যবস্থা গ্রহণ করার দরকার সেটা করা হয়নি। সেটা করাও খুব শক্ত ব্যাপার কারণ এদের নিজস্ব কোনো আয় করবার কোনো ব্যবস্থা নেই। এখন আবার পঞ্চায়েত এলাকাতে নাকি হোর্ডিং লাগালে পরে বা পোস্টার লাগালে পরে তাদের ট্যাক্স আদায় করবার অধিকার আছে। এতে কত টাকা তারা আদায় করতে পারবে।- এই গ্রাম পঞ্চায়েতগুলো নাই নাই করে যে অবস্থার মধ্যে চলছে সেখানে টাকা তারা দিতে পারবে না। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পাবে তাও পাচ্ছে না কারণ হিসাব দিচ্ছে না, সুতরাং কেন্দ্রের কাছ থেকে পুরো টাকাটা পাচ্ছে না। এই ব্যাপারে আমি পরে হিসাব দেব। একটা গ্রাম পঞ্চায়েত বছরে ৩ থেকে ৪ লক্ষ টাকার বেশী পায় না। আমি নিজে জানি একটা গ্রাম পঞ্চায়েতে যে অল্প টাকা আসে তার অধিকাংশ টাকা গ্রামের খারাপ টিউবেল, সেই টিউবেল মেরামত করতেই খরচ হবে যায়। সুতরাং গ্রাম পঞ্চায়েতে উন্নয়নমূলক দুঃসাধ্য ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। আপনারা গ্রামে পঞ্চায়েত ব্যবস্থা নিয়ে গর্ব করেন এবং পশ্চিমবঙ্গের গ্রামের হাল আপনারা পাল্টে দেবেন। তা কি সত্যি করে পেরেছেন? তা করতে পারেননি। আমাদের বাস্তব অভিজ্ঞতা হচ্ছে উন্নয়নমূলক কাজ অনেক কমে গেছে। সরকারী তরফ থেকে যে টাকাগুলো আসে কোনরকমে, সেগুলো বিলি করার ক্ষেত্রেও অনেক সময়ে দুর্নীতি হচ্ছে।

[3.00–3.10 p.m.]

বিলের আলোচনায় সময় এই প্রশ্নটা আমি করেছিলাম। পঞ্চায়েত এই যে দুর্নীতি হচ্ছে সেই দুর্নীতি ধরার কোনো ব্যবস্থা ব্যাপকভাবে আপনি করেননি। অধিকাংশ জেলা পরিষদ বা

পঞ্চায়েত সমিতির কোন অডিট হয় না। তারা কোনো হিসাবও পাঠায় না আপনাদের কাছে। সি.এ. জি. কোন প্রশ্ন করলে তার উত্তর দেওয়া হয় না, এই ব্যাপারে সি.এ.জি. ক্লেদিং রিমার্ক করেছে-তারা বলেছেন গ্রাম পঞ্চায়েত গুলিতে ঠিকমত অডিট হয় না। আর অডিট নাহলে সেখানে কোন দুর্নীতি ধরা পড়বে না। আর ধরা পড়লে দেখা হয় সে কোন দলের জেলা পরিষদ বা পঞ্চায়েত সমিতি বা গ্রাম পঞ্চায়েত। যদি সেটা বিরোধীদলের হয় তাকে যেমন করেই হোক শাস্তি দেওয়া হয়। যেমন পঞ্চায়েত সমিতির সভাপতির পদ থেকে সরিয়ে দেওয়াও হয়েছে। মুর্শিদাবাদ এবং মালদহ জেলা পরিষদ এখন বিরোধীদের দখলে চলে এসেছে। এই দুটি জেলা পরিষদের ক্ষেত্রে আপনারা কি করবেন সেটা দেখার জন্য আমরা অধীর আগ্রহে অপেক্ষা করছি। হয়তো অন্যায়ভাবে তাদের প্রাপ্য টাকা থেকে বঞ্চিত করা হবে এবং তা হলে আমরা এই বিধায়সভায় সরব হব। আমি আশা করব এই রকম কাজ তিনি নিশ্চয় করবেন না। দেশ পত্রিকার আলোচনায় আরো যেটা বেরিয়েছে সেটা আমি আপনাকে পড়ে শোনাতে চাই—"কিন্তু পঞ্চায়েত বিপুল পরিমাণ বাধ্যবাধকতাহীন অর্থের প্রবাহই কি সব সমস্যার সমাধান করবে? পঞ্চায়েতের স্বশাসিত হবার পথে অন্যতম প্রতিবন্ধক সি.পি.এম.-এর মতো সুসংগঠিত দলের প্রভাবশালী অংশের পঞ্চায়েতি কাজকর্মে প্রত্যক্ষ হস্তক্ষেপ। কিছুটা এ কারণেও গ্রামের সাধারণ পঞ্চায়েতের নীতিগ্রহণ, পরিকল্পনা প্রস্তুত ইত্যাদি ক্ষেত্রে নিজেদের ব্রাত্য করে রেখেছেন।" আপনারা নিজেরাই স্বীকার করেছেন গ্রাম সংসদের মিটিঙে কেউ আসে না। কেন আসে না? তার কারণ লোকে জানে আমরা সেখানে বলে কিছু হবেনা, সি.পি.এমের থেকে যেখানে নির্দেশ যাবে সেখানেই কালভার্ট হবে, সেখানেই টিউবওয়েল হবে। সেইজন্য গ্রামের লোক গ্রাম সংসদের মিটিংগুলোয় অংশগ্রহণ করতে চাই না। আপনি প্রভিশান রেখেছেন যদি না সেখানে সংখ্যাগরিষ্ঠ লোক উপস্থিত থাকে তাহলে সাতদিন পরে সেখানে আবার মিটিং করতে হবে। আপনাদের দেখতে হবে গ্রাম সংসদের মিটিংগুলোতে লোকে যেন হাজির থাকে। গ্রাম সংসদের ব্যাপারে লোকে ইন্টারেস্টেড নয় কেন সেটাও এখানে আলোচনার সময় দেশ পত্রিকায় বলা হয়েছে। যতক্ষণ না এই ব্যবস্থার পরিবর্তন করা হচ্ছে এবং পঞ্চায়েতের উপর থেকে পার্টির হস্তক্ষেপ উঠছে ততদিন পর্যন্ত কিছু করা যাবে না। যতদিন না পঞ্চায়েত থেকে আপনাদের পার্টির লৌহমুষ্টি সরিয়ে নিচ্ছেন, ততদিন কোন মানুষকে আপনারা এই উন্নয়ন প্রক্রিয়ায় অংশগ্রহণ করাতে পারবেন না। যে প্রস্তাবগুলো আমরা দিলাম সেগুলো আপনারা বিবেচনা করবেন। আবার আমি দাবি করছি আপনি এই হাউসে অনুমোদন করিয়েছেন এবং তার মাধ্যমে সমিতি গঠন করবেন বলেছেড় সেটা জনস্বার্থ বিরোধী, অসাংবিধানিক এবং গনতন্ত্র বিরোধী। আপনি আবার পুরোনো আইনে ফিরে যান, এই কথা বলে আমাদের আনীত কাটমোশানগুলিকে সমর্থন করে এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে গ্রাম ও গ্রামোন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রী যে বাজেট রেখেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি।

মাননীয় বিরোধী দলের নেতা প্রথমেই বললেন, এই মাসের ৯ তারিখে পরিষ্কারভাবে

অ্যামেন্ডমেন্ট বিল পাশ করানো হয়েছে সেই সম্পর্কে। কিন্তু এতে পরিষ্কার ভাবে বলা হয়েছে, গ্রাম উন্নয়ন সমিতি গঠন হবে সংসদের ভোটারদের মধ্যে থেকে। কারণ আজকের দিনে পঞ্চায়েতের মূল লক্ষ্য হল-দক্ষতা, দ্রুততা, সততা ও স্বচ্ছতাকে সুনিশ্চিত করা। আগাম পরিকল্পনা থাকলে অর্থ পাওয়ার সঙ্গে সঙ্গে দ্রুততার সঙ্গে তা সদ্ব্যবহার করা সম্ভব। কাজের এই ধারার মধ্যে দিয়ে দক্ষতা বৃদ্ধি পায়। এই প্রক্রিয়া গ্রাম সংসদ সভা, এমনকি তারও নীচে গ্রাম এমনকি পাড়াভিত্তিক সভায় জনগণের অংশগ্রহণের উপর প্রতিষ্ঠিত হবার ফলে সততা ও স্বচ্ছতার কিছুটা নিশ্চয়তা দিতে পারো। মানুষের ছোট-খাটো দাবীগুলোর উপর ভিত্তি করে কাজের অগ্রাধিকার সৃষ্টি করা যাবে। এই বিষয়গুলির প্রতি লক্ষ্য রেখেই গ্রাম উন্নয়ন সমিতি গঠনের কথা বলা হয়েছে। বেনিফিসিয়ারি কমিটি গঠন করা হয় সংসদের সদস্যদের নিয়েই। বেনিফিসিয়ারি কমিটি শুধু কাজটাই দেখে না, কাজটা করার পর তার টাকা-পয়সা কত খরচ হল, কোন দিনে কত খরচ হল, তার নির্দিষ্ট জায়গাতে, বোর্ডে টাঙিয়ে দেয়। কাজটা শেষ হবার পর গ্রামের বিভিন্ন প্রকাশ্য স্থানে-তা বারোয়ারিতলা হতে পারে, ঠাকুরবাড়ি হতে পারে, মসজিদ হতে পারে, প্রাইমারি স্কুল হতে পারে—টাঙিয়ে দেয়। জনগণের টাকার হিসাব পাওয়ার এর চেয়ে ভালো কিছু হতে পারে না। তার জন্য এই বিলে গ্রাম উন্নয়ন সমিতির কথা বলা হয়েছে। নির্বাচিত সংস্থার সম্বন্ধে যেটা বলা হয়েছে, এই সম্পর্কে ১৯০২ সালের দোসরা জানুয়ারী পঞ্চায়েতের ক্ষেত্রে বিকেন্দ্রীকৃত পরিকল্পনার একটা নির্দেশ সরকারের পক্ষ থেকে জারি করা হয়েছে এবং যা দিয়ে গ্রাম পঞ্চায়েত গ্রামোন্নয়ন, বা যাকে সি.সি.এ. বলা হচ্ছে, তা হবে। গ্রামের সম্পদকে নিয়ে, গ্রামের অব্যবহৃত সেসমস্ত বিষয়—শ্রমশক্তি হতে পারে, গ্রামের পুকুর, ডাঙা হতে পারে, খাস জমি হতে পারে, গ্রামের তাঁত হতে পারে, অন্যান্য সেসমস্ত যন্ত্রপাতি আছে, সেইগুলোকে ব্যবহার করে গ্রামের কি করে উন্নয়ন করা যায়, সেই কথা বলা আছে। কারণ আজকের দিনে খোলা বাজার অর্থনীতির ফলশ্রুতিতে কৃষক সর্বস্বান্ত হয়ে যাচ্ছে, কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে। পঞ্চায়েত এই জায়গায় বসে থাকতে পারে না। আমরা জানি হাঙর তার ধারালো দাঁত দিয়ে যে কোন প্রাণীর মাংস নিমেষে খেয়ে নেয়। সেই আমাজন নদীতেই পিরান্‌হা নাকে এক ধরনের ছোট মাছ থাকে, হাঙরের পিছু পিছু তারা ঘোরে হাঙরের মাংস খাবার জন্য। এক ধরনের বিষাক্ত পদার্থ তারা হাঙরের গায়ে ছিটিয়ে দেয়, এবং হাঙরের মাংস খেয়ে নেয়। হাঙর প্রথমে তা বুঝতে পারে না। সেইরকম বহুজাতিক সংস্থাগুলো খোলা বাজারে অর্থনীতির মাধ্যমে গরীব বা মাঝারি মানুষদের সকল সম্পদ কেড়ে নিতে চাইছে।

[3.10–3.20 p.m.]

এদের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য এই সি.সি.এ. প্রকল্প যদি গ্রহণ করা যায় গ্রামের অব্যবহৃত সম্পদ দিয়ে গ্রামের উন্নয়নের কাজ যদি করা যায়, উৎপাদনের যে উপকরণগুলো আছে সেগুলোকে যদি ব্যবহার করা যায় তাহলে এর বিরুদ্ধে মোকাবিলা করা যাবে। সেই কাজ করার জন্য এই যে পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন তাতে এই সুযোগটা রেখেছেন। এটা কোন সংবিধান বিরোধী নয়। আমাদের সমাজের একটা বর্ণ, লিঙ্গ বিভক্তি শুধু নয় প্রচন্ডভাবে প্রকট এবং তার সাথে সাথে আমাদের এই শ্রেণীবিভক্ত সমাজে যারা প্রতিনিধি হিসাবে আসেন

তারাও নিজেদের ভাবনা-চিন্তা থেকে মুক্ত হন না। তার ফলে যে সিদ্ধান্তগুলো তারা নেন সেটা যে ভোটারদের সিদ্ধান্ত সেটা নিশ্চিতভাবে বলা যাবে না। তাই পিছিয়ে পড়া অংশের মানুষ তাদের নিজেদের ভাবনা-চিন্তা তাদের উন্নয়নের জন্য কোন কাজকে কতটা অগ্রাধিকার দিতে হবে সেগুলো বসে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে তাদের যোগ্য ভূমিকা নিতে হবে। সেজন্য এই বিলে গ্রাম উন্নয়ন সমিতির কথা যেটা বলা হয়েছে সেটা সঠিকভাবেই এখানে রাখা হয়েছে। ঠিক অনুরূপভাবে গণতন্ত্রকে বাড়ানো উন্নয়ন সমিতির মাধ্যমে এই প্রশ্নটাকে মাননীয় বিরোধী সদস্য রেখেছেন। আমি এখানে যেটা বলতে চাই যে মাননীয় বিরোধী সদস্যরা যে গণতন্ত্রের ক্ষেত্রে নির্বাচিত সদস্যের কথা বলেছেন কিন্তু নির্বাচিত সদস্যরা তো এই পচাগলা সমাজের অংশ বিশেষ। যাদের এই সমস্ত কাজ করার অভ্যাস নেই। তারা এসে যদি টাকা পয়সা পায়, এই সমাজের দুর্গন্ধ তাদের গায়ে লাগতে পারে। তারা খারাপ হয়ে যেতে পারে। সেই রকম একটা পারস্থিতিতে জনগণের যদি সদাসতর্ক দৃষ্টি থাকে তাহলে তারা তার থেকে মুক্ত হবে এবং এই কাজের জন্য এই বিষয়টার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। অপর দিকে বিভিন্ন সময়ে সর্বোচ্চ পদে থাকে তাদের ক্ষেত্রেও আমরা এই দুর্নীতি দেখতে পাই কিন্তু বামফ্রন্ট সরকার পঞ্চায়েতকে এর থেকে মুক্ত করার জন্য এটা করেছেন। দুর্নীতি হলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয় এমন নজির আছে। নিজেদের পার্টি থেকে তাড়িয়েও দেওয়া হয়েছে এমন নজির আছে। বাজেট কমানো হয়েছে এমন উল্লেখ আপনারা করেছেন। আমি একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে ৭৩-৭৪ সালে গ্রামোন্নয়ন মন্ত্রী ছিলেন প্রফুল্লকান্তি ঘোষ। সে সময়ে আমাদের পঞ্চায়েতের বাজেট বরাদ্দ ছিল তিনকোটি সত্তর লক্ষ টাকা। শুধু তাই নয়, পঞ্চায়েতের স্বচ্ছতা নিয়ে প্রতি বছর একটা পত্রিকা বার করা হত। সেই পত্রিকায় ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে বিভিন্ন উন্নয়নের কথা বলা হত এবং বলা হত গুজরাটের কত কোটি টাকা বরাদ্দ করা হয়েছে, তামিলনাড়ুতে কত কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। শুধু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে লেখা থাকত নট অ্যাভেলেবল অর্থাৎ পাওয়া যায়নি। অর্থাৎ স্বচ্ছতার ক্ষেত্রে এইরকমই অবস্থা ছিল। গ্রাম পঞ্চায়েতে বরাদ্দ ছিল ১৩শো টাকা। সে গ্রাম পঞ্চায়েত আ নেই। এবারে গ্রাম পঞ্চায়েত মন্ত্রী তার দাবি রেখেছেন ৬৪৬ কোটি ৫২ লক্ষ টাকা। এখানে বরাদ্দ কমানো হয়েছে। এই বছর দু কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই জায়গায় দাঁড়িয়ে উনি বললেন যে, ১৫ হাজার শিশু শিক্ষাকেন্দ্র খোলা হয়েছে এবং আগামীদিনে এই সংখ্যা যাতে আরও বাড়ানো যায়, তারজন্য প্রচেষ্টা চলেছে। বি পি এল কার্ডের ক্ষেত্রে মহামান্য সুপ্রীম কোর্টের আদেশের জন্য এর পরিবর্তন সম্ভব হচ্ছে না। এই কটি কথা বলে এই বাজেটকে সমর্থন করে ছাঁটাই প্রস্তাবের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী সূর্যকান্ত মিশ্র যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং কংগ্রেসের আনা এবং বিরোধীদলের আনা কাটমোশনগুলিকে সমর্থন করে আমরা বক্তব্য রাখতে চাইছি। রাজীব গান্ধী পঞ্চায়েতিরাজের কথা বলেছিলেন। রাজীব গান্ধী ক্ষমতায় আসার পরে সংবিধান সংশোধন করে পঞ্চায়েত ব্যবস্থাকে আরও শক্তিশালী করলেন এবং পঞ্চায়েতকে যাতে

মানুষের কাছে পৌঁছে দেওয়া যায়, তার ব্যবস্থা করলেন। কিন্তু উপাধ্যক্ষ মহাশয়, যে উদ্দেশ্য নিয়ে সংবিধান সংশোধন করা হয়েছিল তাতে পঞ্চায়েত ব্যবস্থা এবং পঞ্চায়েত পরিচালন ব্যবস্থা আরও গণতান্ত্রিক হওয়া উচিত ছিল। আজকে আমরা লক্ষ করছি যে, পঞ্চায়েত ব্যবস্থা গণতান্ত্রিক প্রক্রিয়ার মধ্য দিয়ে চলছে না। আমরা দেখলাম যে, এবার যে পঞ্চায়েত নির্বাচন হয়ে গেল, তাতে বাংলার মাটি রক্তে লাল হয়ে গেছে। মানুষ গণতান্ত্রিক ব্যবস্থার মধ্য দিয়ে নির্বাচনে অংশ নিতে পারছে না। এরথেকে দুর্ভাগ্যের কথা আর কি হতে পারে। বাঁকুড়ার একটা অংশ, মেদনিপুর, হুগলী এবং হাওড়ার বিভিন্ন জেলাতে আমরা দেখছি যে, ৪৯ হাজার সিটের মধ্যে ৬ হাজার সাড়ে ৬ হাজার সিট আনকনটেস্ট হয়েছে। বিনা প্রতিদ্বন্দ্বিতায়, যেখানে মানুষকে নির্বাচনে অংশগ্রহণ করতে দেওয়া হয়নি।

[3.20–3.30 p.m.]

পশ্চিমবঙ্গের পঞ্চায়েত নির্বাচন এই ভাবে শেষ হয়েছে। তাহলে আজকে কোথায় গেছে পঞ্চায়েত ব্যবস্থা? আজকে গণতান্ত্রিক ব্যবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে তা আমাদের ভেবে দেখতে হবে। আজকে আমরা বিহার, ইউ. পি.-র থেকেও খারাপ অবস্থায় পৌঁছে যাচ্ছি। আজকে এই জিনিস পশ্চিমবঙ্গের বুকে চলছে, এই জিনিস চলতে পারেনা। মাননীয় মন্ত্রী সূর্যকান্তবাবু এখানে কিছু কিছু কথা বলেছেন। তিনি বর্তমান আর্থিক বছরের বিভিন্ন রোজগার যোজনার কথা বলেছেন। এবং এক্ষেত্রে কত টাকা খরচ করা হয়েছে এবং আগামী বছর আরো কতটাকা খরচ করা হবে তাও বলেছেন। কিন্তু দুঃখের বিষয় স্যার তিনি তার বাজেট বক্তৃতায় কেন্দ্রীয় যোজনা থেকে বা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কত টাকা পাওয়া গেছে এবং তার কত টাকা ইউটিলাইজেশন হয়েছে সেটা উল্লেখ করেননি। অ্যানুয়্যাল অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্টে আমরা দেখতে পাচ্ছি ২০০১-০২ সালে স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনায় পশ্চিমবঙ্গ ১১,৫৬৫.৭৬ লক্ষ টাকা পেয়েছে। কিন্তু খরচ হয়েছে মাত্র ১৪.৪২ শতাংশ। তাহলে খরচের নমুনা কি? প্রশাসন কি অবস্থায় আছে? আমাদের পঞ্চায়েত কি অবস্থায় আছে? আমরা গ্রামের মানুষ কি ভাবে বঞ্চিত হচ্ছি তা বুঝতেই পারছেন। টাকা খরচ হচ্ছে না। পঞ্চায়েত ব্যবস্থা সুষ্ঠু ভাবে পরিচালিত করার জন্য আজকে কোন টাকা খরচ হচ্ছে না। এই জিনিস দেখা দরকার। কেন আজকে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা গ্রাম পঞ্চায়েতে ইউটিলাইজ হচ্ছে না, পঞ্চায়েতের সমিতিতে ইউটিলাইজ হচ্ছে না? জেলা-পরিষদে বিভিন্ন জায়গায় টাকা পড়ে থাকছে, টাকা ফেরৎ চলে যাচ্ছে তাও আমরা দেখতে পাচ্ছি।

১৯৯৯-২০০০ সালে ১৬,২৯১ লক্ষ টাকা মাত্র খরচ হয়েছে। অর্থাৎ ৩৪.৭৪ শতাংশ। এই ভাবে সর্বক্ষেত্রে ব্যর্থতার ছবি দেখতে পাচ্ছি। ইন্দিরা আবাস যোজনাতে ২০০১-০২ সালে পাওয়া গেছে ৩৪৭৩.৬১ লক্ষ টাকা। কিন্তু খরচ হয়েছে ৬৫.৫৮ শতাংশ। পুরুলিয়াতে ইন্দিরা আবাস যোজনার অবস্থা আরো খারাপ। এই ভাবে সর্বত্র আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকারের টাকা খরচ করা যাচ্ছে না, টাকা ফেরৎ চলে যাচ্ছে।

ফুড গ্রেনের ক্ষেত্রে দেখা যাচ্ছে, ২০০১-০২ সালে জে.জি.এস.ওয়াই-এ কেন্দ্রীয় সরকার

১,৪১,২২৫.০০ লক্ষ মেট্রিক টন ফুড গ্রেন লিফ্‌ট করার জন্য দিয়েছিল। কিন্তু লিফ্‌ট করা গেছে মাত্র ৯৩৭৮.৮৪ লক্ষ মেট্রিক টন। অর্থাৎ ১,৩১,৮৪৬.১৬ লক্ষ মেট্রিক টন মতো ফুড গ্রেন লিফ্‌ট করা যায়নি। এই ভাবে আজকে গ্রামের মানুষ বঞ্চিত হচ্ছে। এই ভাবে আমরা দেখতে পাচ্ছি পঞ্চায়েতে টাকা ইউটিলাইজেশন হচ্ছে না। পঞ্চায়েত ব্যবস্থা ভেঙে পড়েছে।

মাননীয় সূর্য্যবাবুকে আমি বিরোধিতা করছি কারণ তিনি যে পঞ্চায়েত উন্নয়ন সমিতি গঠন করতে চেয়ে বিল পেশ করেছেন, এ-ব্যাপারে বিরোধী দলের নেতা বলেছেন। কিন্তু নির্বাচিত সংস্থার উপর একটা মনোনীত সংস্থা খবরদারি করবে কি ভাবে? এই জিনিস আজকে আমি মেনে নিতে পারি না। সরকারপক্ষের শরিকদলও কিন্তু এর বিরুদ্ধে আজকে মুখর হয়েছে। পঞ্চায়েত একটা নির্বাচিত সংস্থা। তাহলে নির্বাচন করার দরকার কি? তাহলে মনোনীতদের মনোনয়ন করে পঞ্চায়েত চালান। পঞ্চায়েতে নির্বাচন করতে গিয়ে রক্ত ঝরাবার দরকার কি ছিল? তা হলে মেদিনীপুরে ২০ জন মারা যেত না, এত লোক আহত হত না। মনোনীতদের ভিতর থেকেই সেক্ষেত্রে বোর্ড করুন। এই জন্য এটা ভাবতে অনুরোধ করব। এর ফলে গ্রামোন্নয়ন সমিতি এতে আরও জটিলতা বাড়বে এবং আরও টাকা খরচা করার ক্ষেত্রে আরও বাধা হয়ে দাঁড়াবে। টাকা খরচা করার ক্ষেত্রে আরও অসুবিধা হয়ে যাবে। এত বেশী পঞ্চায়েত ডেড্‌-লক্‌ হয়ে থাকবে, কিছু বঞ্চিত হবে,উন্নয়নের টাকা বরাদ্দ থাকবে। এর সংশোধন দরকার। স্ট্যান্ডিং কমিটির যে সুপারিশ তাতে দেখেছি যে, পঞ্চায়েতের যে আইন এই আইনকে পূর্ণাঙ্গ রূপ দিতে পারেননি সূর্যবাবু। পঞ্চায়েতের আইনের মধ্যে ফাঁক-ফোকরগুলো থেকে গেছে সেই ফাঁক-ফোকরগুলো এখনও পূরণ করতে পারেননি। যেমন আমরা দেখছি, সংরক্ষণের ক্ষেত্রে সর্বোচ্চ কর্মকর্তা পদের সংরক্ষণ ব্যবস্থা সম্পর্কে পুনর্বিবেচনার প্রশ্নে তিনি কোন সঠিক মন্তব্য করতে পারেননি। সর্বোচ্চ কর্মকর্তা পদের জন্য যেখানে সংরক্ষণের ব্যবস্থার কথা বলা আছে, সেই পদের জন্য যদি সংরক্ষিত লোক না পাওয়া যায়, তাহলে সেই জায়গায় কি হবে—এর কোন সঠিক উত্তর আপনি দিতে পারেননি, আপনার দপ্তর দিতে পারেননি। স্ট্যান্ডং কমিটি সুপারিশ করেছে, পঞ্চায়েতের প্রত্যেকটি স্তরে কি কি ক্ষমতা থাকবে — পঞ্চায়েতের ৩টে স্তর—গ্রামপঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলাপরিষদ। এই ৩টে স্তরে কি কি ক্ষমতা থাকবে সেই কথা সঠিকভাবে আপনার দপ্তর বলতে পারেনি। অডিটের ক্ষেত্রে আমাদের বিরোধী দলের নেতা বলেছেন-গ্রামপঞ্চায়েতের ক্ষেত্রে অডিট হয়, কিন্তু পঞ্চায়েত সমিতি এবং জেলাপরিষদের ক্ষেত্রে অডিটের অবস্থা খুবই খারাপ। সেখানে বছরের পর বছর অডিট হচ্ছে না। এটা আজকে সমস্ত ক্ষেত্রে চলছে। সংরক্ষিত পদের ক্ষেত্রে যদি ক্যানডিডেট না পাওয়া গেলে যে সমস্যা হয় তার সমাধান এখনও করতে পারা যায়নি। এসব ক্ষেত্রে দেখছি ব্যাপক গন্ডগোল। আপনার দপ্তর সঠিক ভাবে পঞ্চায়েত পরিচালনা করছে না। যার জন্য আজকে পঞ্চায়েতের যে ভূমিকা হওয়া উচিত ছিল, পঞ্চায়েত সেই ভূমিকা পালন করতে পারছে না। পঞ্চায়েতে শুধু টাকা যাচ্ছে, শুধু টাকা নিয়ে তারা বসে থাকবে। এতে পঞ্চায়েতের কাজ হতে পারে না। পঞ্চায়েত একটা সরকার। সেখানে গ্রামের মানুষ উন্নয়নের কথা, উন্নয়নের পরিকাঠামোর কথা ভাববে, সমস্ত রকম উন্নয়নের কথা ভাববে। এই জিনিস পঞ্চায়েতে ঠিকভাবে পালন করা হচ্ছে না।

আমরা দেখছি সর্বক্ষেত্রে পঞ্চায়েতে টাকা গেল, টাকাটা খরচ করতে হবে, কিন্তু পঞ্চায়েত উপযুক্ত ক্ষেত্রে টাকা খরচা না করে থাকে। পঞ্চায়েতের অনেক কাজ আছে, যেমন—রাস্তাঘাট তৈরী করা, সাঁকো তৈরী করা, কোথাও এনক্রোচমেন্ট হচ্ছে কিনা—এগুলো দেখা দরকার। একটা মিউনিসিপ্যাল কর্পোরেশন যেভাবে কাজ করে পঞ্চায়েতেরও সেই ভাবে কাজ করা দরকার। পঞ্চায়েত ব্যবস্থাকে এখনও আপনারা সেই জায়গায় নিয়ে যেতে পারেন নি। পঞ্চায়েতকে স্বয়ংপূর্ণ করতে পারেন নি। পঞ্চায়েত স্বশাসিত সংস্থা। এর পরিকাঠামোর উন্নয়ন দরকার। সেই উন্নয়ন আপনি সঠিক ভাবে করতে পারেন নি। আমি আপনাকে অনুরোধ করবো, আপনি পরিকাঠামোর উন্নয়নের ব্যবস্থা করুন, যাতে গ্রামের মানুষের উপকার হয়। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট-মোশানগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3.30–3.40 p.m.]

শ্রী শৈলেন মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রী ডঃ সূর্য্যকান্ত মিশ্র এবং শ্রী ধীরেন সেন, পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে এবং সেই সঙ্গে ভাল লাগল যে আমার পূর্ববর্তী বক্তা রাজীব গান্ধীকে উল্লেখ করে পঞ্চায়েত ব্যবস্থার কথা বললেন। তিনি যদি একটু পিছনের দিকে ফিরে গিয়ে আর একটু ব্যাখ্যা করতেন ভাল লাগত। তিনি যে দলের প্রতিনিধিত্ব করছেন সেই কংগ্রেস দল মহাত্মা গান্ধীর নেতৃত্বে তার নীতি, আদর্শের উপর বিশ্বাস করেন। কিন্তু সেই দল ১৯৪৭ সালে ক্ষমতা হস্তান্তরের পরে আবার ক্ষমতায় এলেও মহাত্মা গান্ধীকে ভুলে গেছেন এবং সেই পঞ্চায়েত ব্যবস্থাকে এখনও ভারতবর্ষে সর্বত্র কায়েম করেননি। কিন্তু আমরা বামপন্থীরা কায়েম করেছি। ১৯৭৮ সালে পঞ্চায়েত ব্যবস্থা তৈরি করার মধ্য দিয়ে যে ইতিহাস তৈরি হয়েছিল, সেই ইতিহাসের উপর দাঁড়িয়ে তৎকালীন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী এই পঞ্চায়েত ব্যবস্থাকে আরও বেশি শক্তিশালী করা, আরও বেশি প্রসারিত করার কথা বলেছেন। আমরা সেই কারণে, বামপন্থীরা বলেন যে আমরা একটা ইতিহাস রচনা করেছি, সেই ইতিহাসটা আমরা আরও সমৃদ্ধ করতে চাই। সেই কারণে প্রতিনিয়ত, আলোচনা, পর্যালোচনা করছি, প্রতিনিয়ত পরীক্ষা-নিরীক্ষা করছি, যাতে এই ব্যবস্থাটাকে আরও সুন্দর করা যায় আরও সার্থক করা যায়। স্বাভাবিক ভাবে কিছু ত্রুটি আছে বিচ্যুতি আছে, একেবারে দুর্নীতিমুক্ত হয়ে গেছি এটাও নয়, কিন্তু বামপন্থীরা কখনও বলেনি, বামফ্রন্ট একথা বলেনি যে সব আমরা ঠিক করেছি, মানুষ যা চেয়েছে আমরা করেছি। কিন্তু আজকে আমরা এটাকে আরও সমৃদ্ধ করতে চাই। কিছু সমস্যা আছে, কিছু সাংগঠনিক সমস্যা আছে, কিছু প্রশাসনিক সমস্যা আছে, কিছু আইনগত সমস্যা আছে, প্রতিটা ক্ষেত্রকে সামনে রেখে আমরা এই পদ্ধতি পরিবর্তনের কথা ভেবেছি। আমরা কাজ শুরু করেছি। স্বাভাবিকভাবে যে বিল অ্যামেন্ডমেন্ট হয়েছে আইন হয়েছে, এই প্রসঙ্গে পক্ষে বিপক্ষে কথা আছে। কিছুটা মতপার্থক্য আছে। কিন্তু নিশ্চিতভাবে একটা প্রশ্ন উঠে এসেছে যে, এটা আরও বেশি সমৃদ্ধ হওয়া দরকার, এবং তার জন্য আলোচনা করা দরকার, পর্যালোচনা করা দরকার। এই বিলের মধ্য দিয়ে একটা কথা, যেটা মূল কথা উঠে এসেছে যে-নির্বাচিত সংস্থা এবং মনোনীত সংস্থা তার মধ্যে কি বিরোধ হবে? কার কতটা ক্ষমতা হবে? নিশ্চয়ই এই বিষয়টি আরও

ভাবার দরকার আছে, আরও চিন্তা করার দরকার আছে। এবং নিশ্চিতভাবে কিছু করতে হবে, যেভাবে আমরা করব যে একটা নির্বাচিত সংস্থার প্রতিনিধির ক্ষমতা খর্ব করে মনোনীত একটা বডির কাছে সেটাকে নিয়ে যাব কারণ এটা আইনের বিধান ছিল। গ্রাম-পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলাপরিষদের কাজকে সর্বাঙ্গীণভাবে করতে গেলে গ্রামসংসদকে বিস্তার করা এবং সেই ব্যবস্থাটাকে সঠিকভাবে কার্যকরী করতে পারলে আমরা পঞ্চায়েত ব্যবস্থাকে আরও সার্থক জায়গায় নিয়ে যেতে পারতাম। প্রতিটি ক্ষেত্রে যে কোন কাজের ক্ষেত্রে বেনিফিসিয়ারী কমিটি করার কথা বলা আছে। সেই বেনিফিসিয়ারী কমিটি সঠিক ভাবে করে তাকে কার্যকরী ভূমিকায় নিয়ে যাওয়া যেত তাহলে আমরা সব কাজ করতে পারতাম। তবে এক্ষেত্রে যে সমস্যা আছে, বা হয়ে যাচ্ছে সেই কারণে সেগুলিকে আরও বেশি কার্যকরী করার জন্য আইনের পরিবর্তনের কথা ভাবা হয়েছে। আমার অনুরোধ এবং আবেদন, সেই বিষয়টিকে এই যে পরিবর্তনের বিষয়টি সঠিকভাবে ভাবনা-চিন্তা করতে হবে এবং তাকে কার্যকরী করতে হবে। আপনারা মুর্শিদাবাদ পেয়েছেন, মালদা পেয়েছেন, এটা কিভাবে পেয়েছেন? আমরা বলেছি এটা গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করে পেয়েছেন। নিশ্চয়ই আমাদের কি ত্রুটি আছে সেটা দেখব এবং আগামী দিনে আপনাদের কাছ থেকে ছিনিয়ে নেওয়ার চেষ্টা করব। আপনারা সন্ত্রাস বলে গণতান্ত্রিক ব্যবস্থাকে অন্য পথে পরিচালিত করার কথা বললেন, কিন্তু মানুষকে সব কথা বলতে হবে তবেই মানুষ সঠিকভাবে বুঝবেন। স্বাভাবিকভাবেই আমরা যেটা চাই, যেটা আমাদের মন্ত্রী মহাশয় বার বার তাঁর বক্তব্যের মধ্যে দিয়ে বিভিন্ন ক্ষেত্রে, বিভিন্ন সময় বলবার চেষ্টা করেছেন যে, পঞ্চায়েত ব্যবস্থাকে সব মানুষের ব্যবস্থা হিসাবে গড়ে তুলতে হবে। তিনি পঞ্চায়েত ব্যবস্থায় সব মানুষের অংশগ্রহণকে গ্যারান্টেড করতে চাইছেন। কিন্তু সেটা হচ্ছে না। এটা প্রশাসনিকভাবে হয় না, আইন করে হয় না। এ কাজ রাজনৈতিক আন্দোলনের মধ্যে দিয়ে করতে হবে। আজকে গ্রাম সংসদের সভা করার ক্ষেত্রে প্রতিটি রাজনৈতিক দলকে তাদের নিজ নিজ ভূমিকা যথাযথভাবে পালন করতে হবে। এক্ষেত্রে নিশ্চয়ই আমাদের সকলেরই ব্যর্থতা আছে। আমাদের সব রাজনৈতিক দলগুলি যদি তাদের সঠিক ভূমিকা পালন করতে পারেন তাহলেই এট সার্থক হবে। সেই সার্থকতার মধ্যে দিয়েই পঞ্চায়েতি ব্যবস্থায় আমরা আমাদের বামফ্রন্টের বিভিন্ন কর্মসূচীকে রূপায়িত করতে পারব। আমরা আমাদের বিভিন্ন সরকারী উদ্যোগকে কার্যকরী করতে পারব। এ ছাড়াও আমার আরো কিছু প্রস্তাব আছে, সেগুলো আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের বিবেচনার জন্য রাখব। রাজ্যর সামগ্রিক উন্নয়নের দিকে লক্ষরেখে আমাদের সরকার যে কাজগুলি হাতে নিয়েছেন সেগুলির মধ্যে অন্যতম হচ্ছে গ্রামীন রোজগার যোজনা। এই কর্মসূচী সর্বস্তরে প্রয়োগের ক্ষেত্রে আমরা কিছু কিছু সমস্যা লক্ষ করছি। পরিকল্পনা রূপায়ণের জন্য যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থায় আমাদের জনপ্রতিনিধিদের কি করতে বলা হচ্ছে, না হচ্ছে তা তাঁদের মধ্যে অনেকেই ঠিকমত বুঝতে পারেননা, জানতে পারেনন। সরকারী বিভিন্ন আদেশনামার ভাষা এক্ষেত্রে একটা বড় প্রতিবন্ধক। এ-সমস্ত কাগজপত্র যেহেতু ইংরাজিতে তাদের কাছে পাঠানো হয় সেহেতু তারা দুক্ষেত্রেই এ-সবের মর্ম উপলব্ধি করতে পারে না। ফলে তাদের কি করতে হবে, না হবে তা বুঝতে পারে না, জানতে পারেনা। অনেক ক্ষেত্রেই তারা তাদের ভূমিকা পালন করতে

পারেন না। সেজন্য অবিলম্বে সরকারী সমস্ত রকম নির্দেশনামা বাংলা ভাষায় দেয়ার ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। সরকারী নির্দেশনামা আমাদের গ্রাম বাংলার জনপ্রতিনিধিদের কাছে বাংলা ভাষায় যদি পৌঁছে দেয়া যায় তাহলে তারা সেই অনুযায়ী সহজেই তাদের কর্তব্য পালন করতে পারে। গ্রামীণ রোজগার যোজনা-সহ সমস্ত রকমের নির্দেশনামা অবিলম্বে বাংলা ভাষায় পাঠাবার ব্যবস্থা করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। তাতে বিভিন্ন পরিকল্পনা রূপায়ণের কাজে অনেক গতিশীল হবে। আমি লক্ষ করেছি এবিষয়ে সাবজেক্ট কমিটিও সুপারিশ করেছে। তারপর আমরা লক্ষ্য করছি সাবজেক্ট কমিটি বলছে, ইন্দিরা আবাসন যোজনার কাজকর্ম সর্বত্র একরকম হয়নি। বেশ কিছু জেলার ক্ষেত্রে এই চিত্রটা মোটেই ভাল নয়। যে জেলাগুলি এই প্রকল্পকে সঠিকভাবে কার্যকরী করতে পারছে না, সেই জেলাগুলি কেন পারছে না, সেবিষয়ে অবশ্যই আমাদের খোঁজ খবর নিয়ে সমস্যা সমাধানের পথ করতে হবে। মনিটরিং সিস্টেম জোরালো করতে হবে। বিভাগীয় কর্তৃপক্ষকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। আমাদের গ্রামীণ সংস্থা বিধান কর্মসূচী, এটা একটা বড় প্রজেক্ট এবং এই প্রজেক্টের কাজ সর্বত্র চলছে। এ ব্যাপারে পঞ্চায়েতকে আরো সক্রিয় করা দরকার। এই প্রকল্পের মধ্যে দিয়ে গ্রামীণ মানুষকে সচেতন করে তুলতে হবে। আমরা যে সব শৌচাগার নির্মাণ করে দিচ্ছি সেগুলি সব মানুষ সঠিকভাবে ব্যবহার করছে না। এ বিষয়ে মানুষকে সচেতন করতে হবে। সে কাজে পঞ্চায়েতকে সক্রিয় হতে হবে। তা নাহলে গ্রামীণ মানুষের স্বার্থ রক্ষার জন্য যে পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে তা সঠিকভাবে কার্যকরী হবে না। সে জন্য সর্বস্তরে পঞ্চায়েতকে আরো বেশী সক্রিয় হতে হবে, তাদের সঠিক ভূমিা যথাযথভাবে পালন করতে হবে। এ বিষয়ে সরকারী সুপারভিশনও বাড়তে হবে। শিশু শিক্ষাকেন্দ্রের ব্যাপারটা আমাদের রাজ্যে খুবই দ্রুততার সঙ্গে প্রসারিত হয়েছে, নীচের স্তর পর্যন্ত গিয়ে পৌঁছেছে। কিন্তু সমস্যা হচ্ছে বাড়ি ঘরের। এই শিশু শিক্ষা কেন্দ্রগুলি কোথায় চলবে তা এখনো সর্বত্র নির্দিষ্ট হয়নি। প্রতিটি কেন্দ্রের নিজস্ব গৃহ দরকার। সরকার বলেছেন, — কেউ যদি ঘর দিয়ে কোন সাজেশন দেন তাহলে সরকার তা বিবেচনা করে দেখবেন। হাজার হাজার শিশু শিক্ষা কেন্দ্রের পরিকাঠামোর দিকটা অবশ্যই আমাদের ভাবতে হবে। পি.এম.জি.এস.ওয়াই. সম্বন্ধে সঠিকভাবেই বলা হয়েছে যে, কোন কোন জেলা এ বিষয়ে খুব ভাল কাজ করছে। এ বিষয়ে মাননীয় মন্ত্রী যে প্রস্তাব রেখেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি এবং আরো দু-একটা সাজেশন রাখছি। এ বিষয়ে বোধ করি একটা নতুন সেট-আপ সর্বত্র দীর্ঘ সময় ধরে প্রশিক্ষণ দেয়ার ব্যাপারটা বোধ হয় ঠিক হচ্ছে না।

[3.40–3.50 p.m.]

একটা অল্প সময়ের মধ্যে প্রধান, সভাপতি, সভাধিপতি, কর্মাধ্যক্ষ এদের একটা মিনিমাম সময়ের মধ্যে, খুব বেশী হলে ৬ মাসের মধ্যে প্রশিক্ষণ কমপ্লিট করতে পারেন কিনা দেখবেন এবং পদাধিকারী যারা আছেন তাদেরও প্রশিক্ষণের সময়টা অল্প সময়ের মধ্যে শেষ করতে পারলে গোটা ব্যাপারটাকে এগিয়ে নিয়ে যাওয়া যায়। এই গোটা ব্যাপারটাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আপনি সক্রিয় ভূমিকা নেবেন। আপনি সব স্তরেই স্ট্যান্ডিং কমিটির কথা বলেছেন, গ্রাম পঞ্চায়েতেও উপ-সমিতির কথা বলেছেন। সুতরাং এর দ্বারা প্রত্যেকের অংশগ্রহণের সুযোগ

থাকছে। সেই অংশগ্রহণটা তারা কেন করবে, কি জন্য করবে বোঝাতে যদি ৩/৪ বছর পার হবার পর প্রশিক্ষণ দেওয়া হয় তাহলে সরকারের অর্থ অপচয় হবে। তাদের ডেকে নিয়ে ফিস্ট করে খাওয়ানো ছাড়া আর কিছু হবে মনে হয় না। সুতরাং একটা মিনিমাম সময়ে এই প্রশিক্ষণ ব্লকস্তর থেকে একাধিক জায়গা যুক্ত করে একেবারে নিচের পর্যন্ত যদি নিয়ে যাওয়া যায়- একটা টাইম সিডিউলের মধ্যে - সেই আবেদন আমার থাকছে, কারণ এটা করা দরকার। আর একটা সাজেশন, আমাদের গোটা ব্যবস্থার মধ্যে সভাধিপতি, সহ-সভাধিপতি, সভাপতি, প্রধান এবং উপ-প্রধানরা আছেন। কিন্তু আইনের কোন বিধান নেই এই সহ-পদে সর্বস্তরে যারা আছেন তাদের ক্ষেত্রে স্ট্যাটুটরী কোন পাওয়ার বলা হয়নি, আইনগত তাদের কোন ক্ষমতা দেওয়া হয়নি যে সুনির্দিষ্টভাবে তারা এই কাজ করতে পারেন। তারা সব সময়ে ওই প্রধান পদে যারা আছেন তারা যদি অফ্ হোন বা তাদের যদি দায়িত্ব দেন বা ছুটি নেন তাহলে কার্যকর হবে। এই জায়গায় মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার দাবী, এদের সক্রিয় করতে একটা সুস্পষ্ট বিধান থাকা দরকার। কর্মাধ্যক্ষদের ক্ষেত্রেও যে ভার দেওয়া হয়েছে সেটাও স্পেসিফিক থাকা দরকার। সহ-পদে দক্ষতা না দিলে আলঙ্কারিক পদ হয়ে গেছে। এই পদকে যাতে যথার্থভাবে ব্যবহার করতে পারি সেইভাবে সরকারী নির্দেশনামা আইনগত দিক থেকে থাকার জন্য আবেদন করছি। আর আবেদন করবো, এই গোটা পঞ্চায়েত ব্যবস্থা বামফ্রন্ট সরকারে অনেকগুলি সাফল্যের মধ্যে সবচেয়ে বড় সাফল্য হিসাবে কার্যকরী হচ্ছে। সুতরাং এই পঞ্চায়েত ব্যবস্থাকে আগামীদিনের প্রজন্মের কাছে যাতে সঠিকভাবে নিয়ে যেতে পারি, তাদের উন্নত করতে পারি, শিক্ষিত করতে পারি তার জন্য এই পঞ্চায়েত ব্যবস্থাকে পাঠক্রমে সংযোজিত করা এবং সমৃদ্ধ করা দরকার। এর মধ্যে দিয়ে আমাদের রাজ্যের যারা নাগরিক তারা শুরু থেকে এই ব্যবস্থা সম্পর্কে ওয়াকিবহাল হবে এবং এটা যদি করতে পারি তাহলে সার্থকভাবে পঞ্চায়েত ব্যবস্থা গড়ে উঠবে। আমরা বামপন্থীরা যার জন্য চেষ্টা করছি তাকে সার্থক করতে পারবো, শক্তিশালী করতে পারবো। সেই কারণে এই গুরুত্বপূর্ণ দাবী মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন আকারে রেখে এই বাজেট বরাদ্দকে আর একবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত কুমার মাল : স্যার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ডাঃ সূর্য্যকান্ত মিশ্র এবং শ্রী ধীরেন সেন, রাষ্ট্রমন্ত্রী, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ২০০৩-২০০৪ সালের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে এবং কংগ্রেস ও বিরোধীদলের আনীত কাটমোশনগুলিকে সমর্থন করে গুটিকয়েক কথা এখানে রাখছি। গত ২৪ বছর ধরে কেন্দ্রীয় সরকারের দেওয়া টাকা এবং রাজ্যসরকারের টাকা ত্রি-স্তর পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের উন্নয়ন করার জন্য বরাদ্দ করা হয়েছিল, কিন্তু সেই টাকা যদি সঠিকভাবে রূপায়ণ করা যেত তাহলে আজকে রাজ্যের যে আর্থিক সংকট সেটা কিছু অংশে কম হতো। বহু টাকা বরাদ্দ হয়েছে, পঞ্চায়েতের মাধ্যমে গ্রাম-বাংলার অনেক কাজ হয়েছে—একথা অস্বীকার করতে পারবো না। কিন্তু এই কাজ আরও বেশী করে হতে পারতো যদি ত্রি-স্তর পঞ্চায়েত ত্রুটিমুক্ত হত, যদি ত্রি-স্তর পঞ্চায়েতে দুর্নীতি ভরে না যেত। স্যার, আমি আপনার কাছে জানাতে চাই, বিভিন্ন পত্র-পত্রিকায় বেরিয়েছে, বার বার বেরিয়েছে যে কেন্দ্রীয়সরকার এই রাজ্যকে পঞ্চায়েতের মাধ্যমে

গ্রামের উন্নয়নের জন্য রুরাল ডেভেলপমেন্টের টাকা দেওয়া সত্ত্বেও এই সরকার সেই টাকা খরচ করতে ব্যর্থ হয়েছে। তারমধ্যে বীরভূম জেলা পরিষদও আছে তারা সেখানে তপশিল জাতি, উপজাতিদের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছিল সেই বরাদ্দের টাকা অন্য খাতে খরচ করে ফেলেছে। এ ব্যাপারে আপনার যদি সঠিক কোন সিদ্ধান্ত থাকে আশা করি সেটা আমাদের জানাবেন। একটু আগেই আমি বলেছি যে পঞ্চায়েতগুলি যদি ত্রুটিমুক্ত হত, সেখানে যদি দুর্নীতি না থাকতো তাহলে যে টাকা বরাদ্দ করা হয়েছে ২৬ বছর ধরে তাতে গ্রাম বাংলায় যে কাজ হয়েছে তারও বেশী কাজ হত। পঞ্চায়েত ব্যবস্থাকে ত্রুটিমুক্ত করার জন্য কি ব্যবস্থা আপনি নিয়েছেন আশা করি বলবেন। আপনি হয়ত বলবেন যে এরজন্য বাংলাকে ভিজিলেন্স কমিটি, জেলা লেভেলে মনিটারিং কমিটি করা হয়েছে কিন্তু আমি একজন ভিজিলেন্স কমিটির সদস্য হয়ে আপনাকে বলতে চাই যে বছরে ২/৩ টির বেশী মিটিং হয় না এবং সেইসব মিটিং-এ বারবার বি.ডি.ও.দের বলা হয়েছে যে লক্ষ লক্ষ টাকার কাজ হচ্ছে পঞ্চায়েত সমিতির মাধ্যমে, আমরা ভিজিলেন্স কমিটি, মনিটারিং কমিটির সদস্য হিসাবে যে কোন সময়, যে কোন মুহূর্তে সেই কাজ দেখতে পারি, সেই কাজ দেখার দায়িত্ব ও কর্তব্য আমাদের আছে কিন্তু, আমাদের কাছে কগজপত্র দেওয়া হয় না। ধরুন, একটা রাস্তার জন্য দু লক্ষ টাকার অ্যালটমেন্ট আছে, সেখানে যে কনট্রাক্টর কনট্রাক্ট পেয়েছে সে যে এস্টিমেট জমা দিয়েছে তার কপি আমাদের দেওয়া হোক তাহলে আমরা জানতে পারবো যে একটা রাস্তার জন্য কত গাড়ী মোড়াম লাগবে, কত বালি লাগবে, কত শ্রমিক লাগবে বা একটা ঘর হলে তার জন্য কত ইঁট, সিমেন্ট বা শ্রমিক লাগবে কিন্তু সেটা আমাদের দেওয়া হচ্ছে না। আমরা এক্সপার্ট নই কিন্তু চোখে দেখলে এবং কাগজপত্র হাতে থাকলে আমরা ধরতে পারি যে কাজটা ঠিকমতন হচ্ছে কিনা। কাজেই ভিজিলেন্স যদি রাখতে হয়, মনিটারিং যদি রাখতে হয় এবং একে উন্নত করতে হয় তাহলে মন্ত্রী মহাশয়কে বলব, আপনি বি.ডি.ও. এবং ডি.এম.দের নির্দেশ দিন যেন ভিজিলেন্স কমিটি এবং মনিটারিং কমিটির সদস্যদের এস্টিমেটের কপি-সহ সমস্ত কাগজপত্র যেন দেওয়া হয়। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি পঞ্চায়েত বিলের নতুন করে অ্যামেন্ডমেন্ট এনেছেন। আমরা বিরোধীদলের সদস্যরা এর বিরোধিতা করেছি কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় আপনি যদি ঠান্ডা মাথায় লক্ষ্য করে থাকেন তাহলে নিশ্চয় বুঝতে পেরেছেন যে আপনাদের সরকারী দলের অনেক সদস্যই বিলটিকে সমর্থন করলেও এর জটিলতা নিয়ে প্রশ্ন তুলেছেন। আপনারা পঞ্চায়েতকে জনমুখী করে সাধারণ মানুষের হাতে নাকি ক্ষমতা পৌঁছে দিতে চাইছেন এবং তাদের মতামতের মান্যতা দিতেচাইছেন এবং তার জন্য নাকি গ্রাম উন্নয়ন সমিতি তৈরি করেছেন। কিন্তু আপনাকে বলছি বামফ্রন্ট পরিচালিত যেসব গ্রামপঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি বা জেলাপরিষদ আছে সেখানে কিন্তু এর কোন মূল্য নেই। একটা উদাহরণ দিই। ধরুন একটা গ্রামপঞ্চায়েত তৈরি হল ২০ টি গ্রামের সিট নিয়ে। এখানে হয়তো ১৬টা বামফ্রন্ট জিতলো আর ৪ টি বামফ্রন্ট-বিরোধীরা জিতলো। এখন ধরুন ইন্দিরা আবাস যোজনায় টাকা দেওয়া হবে এবং দারিদ্রসীমার নীচে বসবাসকারী মানুষরা সেই টাকা পাবেন। যেখানে আপনাদের মেজরিটি সেখানে আপনাদের কোন অসুবিধা নেই কিন্তু যেখানে বামফ্রন্ট বিরোধীরা রয়েছেন সেখানে গ্রামসংসদের অধিকাংশ

সদস্য যে নামটা প্রস্তাব করে পাঠাচ্ছেন দেখা যাচ্ছে বামফ্রন্টের সদস্যরা সেটা মানতে চাইছেন না। সেখানে গায়ে জোরে, মারপিট করে তারা সেটা ভন্ডুল করে দিয়ে নিজেদের পছন্দের নাম ঢুকিয়ে দিচ্ছেন। সেখানে শত প্রতিবাদ করেও, বি.ডি.ও.দের জানিয়েও কিছু হচ্ছে না। আপনি যে গ্রাম উন্নয়ন সমিতি করছেন সেখানেও একই অবস্থা হবে এবং তাই আমরা এই বিলের বিরোধিতা করেছি। এর মাধ্যমে বামফ্রন্ট বিরোধী জায়গাগুলিতে আলাদা করে খবরদারি করার চেষ্টা করা হবে।

[3.50–4.00 p.m.]

বি.পি.এল.-এর ব্যাপারে একটা জায়গায় আপনি বলেছেন, আমাদের অনেক সদস্য বলেছেন সেকথা। বি.পি.এল-এর তালিকার ব্যাপারে তো মারাত্মক অবস্থা সৃষ্টি হয়েছে। ৬ মাস আগে এই হাউসে দাঁড়িয়ে বলেছিলেন যে ৩ মাসের মধ্যে বি.পি.এল লিস্ট তৈরী হয়ে যাবে। কিন্তু আজ পর্যন্ত সঠিক বি.পি.এল লিস্ট তৈরী হয় নি। গ্রামের গরীব মানুষেরা জানতে পেরেছে যে বি.পি.এল লিস্ট না পেলে সরকারী কোন সুযোগ সুবিধা পাওয়া যাবে না। আপনি বাজেট বক্তৃতায় স্বীকার করেছেন যে বি.পি.এল লিস্টে ভুল হয়েছে। আপনি সেটা সংশোধন করার নির্দেশ দিয়েছেন। প্রতি বছর তো সংশোধন চলতে থাকবে। আর একটা আশংকা আমাদের সামনে এসে দাঁড়িয়েছে। আপনাকে নাকি কেন্দ্রীয় সরকার নির্দেশ দিয়েছেন ৩৪ পারসেন্ট বেশী তালিকা তৈরী করতে পারবেন না। ৩৪ পারসেন্টের বেশী দারিদ্রসীমা রেখার নিচে বসবাসকারী মানুষের তালিকা তৈরী করতে পারবেন কি পারবেন না সেটা আপনি এই হাউসে বলবেন। আমাদের রাজ্যে যদি ৬০ শতাংশ মানুষ দারিদ্রসীমা রেখার নিচে বসবাস করে তাহলে কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী ৩৪ শতাংশ মানুষের তালিকা আপনি তৈরী করতে পারবেন। আবার এর পরে এই ৩৪ শতাংশের মধ্যে ১৭ শতাংশ ভুল থাকবে অর্থাৎ ১৭ শতাংশ দারিদ্র সীমার নিচে বসবাসকারী মানুষের নাম তালিকাভুক্ত হবে। গরীব মানুষ কেবলমাত্র চোখের জল ফেলবে, তারা বিপদ থেকে কোনদিন মুক্ত হতে পারবে না এই বামফ্রন্ট সরকারের আমলে। আমি একটা বিষয় এখানে বলেছি, এই রাজ্যে পঞ্চায়েতের ক্ষেত্রে একটা সাংবিধানিক সংকট দেখা দিয়েছে। রিজারভেশানের ব্যাপারে আমি আগেও বলেছি, আপনি কি ব্যবস্থা নিয়েছেন বলবেন। মনে করুন একটা পঞ্চায়েতে ১৬ জন মেম্বার, তার মধ্যে ১২ জন কংগ্রেস দলের হয়ে জিতে এসেছে ৪ জন অন্য দলের জিতেছে। এই গ্রাম পঞ্চায়েতে প্রধানের সিটটা রিজার্ভড ফর এস.টি ওম্যান। সেখানে আমাদের যে সমস্ত প্রার্থী জিতেছে তার মধ্যে ১৬ জনের মধ্যে ১২ জন আমাদের দলের জিতেছে এস.টি.প্রার্থী নেই, ৪ জন যে পার্টি থেকে জিতেছে তাঁদের মধ্যে এস.টি মহিলা প্রার্থী আছেন। কংগ্রেস সংখ্যা গরিষ্ঠতা থাকা সত্ত্বেও ৪ জনের পার্টি থেকে পঞ্চায়েত সমিতি বা পঞ্চায়েত প্রধান হতে পারবেন। মেজরিটি মেম্বারের কোন মূল্য থাকছে না। এই ব্যাপারে কেন্দ্রিয় সরকারের কাছে রাজ্য সরকারের কি ভূমিকা আছে? কি বলেছেন এই ব্যাপারে, কি সুপারিশ করেছেন আপনারা? এই বিগত পঞ্চায়েত নির্বাচনে ব্যাপক কারচুপি হয়েছে, রিগিং হয়েছে। গতবার যে ব্যয়বরাদ্দ পেশ করেছিলেন তার চেয়ে এই বছরের ব্যয়বরাদ্দ অত্যন্ত

কম। এই অবস্থায় রাজ্যে পঞ্চায়েত উন্নয়ন হতে পারে না এই আশঙ্কা বোধ করছি। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে, কংগ্রেস দলের আনা কাটমোশান গুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নর্মদা রায় : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় পঞ্চায়েত এবং গ্রাম উন্নয়ন দপ্তরের মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি এখানে রেখেছেন আমি একটা মডেল। ১৯৯২ সালে ৭৩ তম এবং ৭৪ তম সংবিধান সংশোধন হয়েছে। তার বহু আগে থেকে পশ্চিমবাংলায় কার্যকারী হয়েছে। আজকে বিরোধীরা সকলেই জানেন যে কি ভাবে এই পঞ্চায়েত ব্যবস্থা প্রসারিত করে গ্রামের মানুষের অধিকার দেওয়া হয়েছে, কি ভাবে আমরা বিকেন্দ্রীকৃত পথে গ্রামের উন্নয়ন প্রসারিত করেছি। আমরা কি দেখেছি কংগ্রেস আমলে? তাঁদের আমলে তাঁরা কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য সরকারেও ছিলেন। কিন্তু বিকেন্দ্রীপথে গ্রামের উন্নয়ন করবার যে নীতি সেই নীতি তাঁরা গ্রহণ করেননি। আমরা দেখেছি তাঁরা কেন্দ্রীয় সরকারের হাত মজবুত করেছেন, ক্ষমতাকে তাঁরা কেন্দ্রীভূত করেছেন। গ্রামের মানুষের হাতে ক্ষমতা দেওয়া হয়নি। তাঁরা গ্রামের উন্নয়ন করেন নি, ক্ষমতা কেন্দ্রীভূত করে রেখেছিলেন। এই কথা আমরা পর্ব করে বলতে পারি বিকেন্দ্রীকৃত পথে গ্রামবাংলায় ভূমিসংস্কারের মধ্যে দিয়ে পঞ্চায়েত ব্যবস্থাকে গ্রামের মানুষের নির্ভরযোগ্য স্থান করে তুলেছি। আজকে সমস্ত গ্রামবাংলার মানুষের সমস্ত রকম অফিসের কাজকর্ম সেখানে হয়। আজকে আমরা একথা অস্বীকার করতে পারব না না যে, বিকেন্দ্রীকৃত পথে গ্রামবাংলার খেটে খাওয়ার মানুষের, সাধারণ মানুষের আর্থিক অবস্থার উন্নতি হয়েছে। পঞ্চায়েতি ব্যবস্থার মাধ্যমে ভূমিহীনরা জমি পেয়েছে। ইন্দিরা আবাস প্রকল্পের মাধ্যমে বহু মানুষ যারা গৃহহীন ছিল, তাদের আবাস তৈরী হয়েছে। আজকে জি এস আর ওয়াই যোজনার মধ্যে দিয়ে, পঞ্চায়েতি ব্যবস্থার মাধ্যমে বহু উদ্যোগ নেওয়া হয়েছে। এরই পাশাপাশি এস জি আর ওয়াই' এর মধ্যে দিয়ে লক্ষ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। এই প্রকল্পের মধ্যে দিয়ে লক্ষ লক্ষ টাকা খরচ হয়েছে। সুতরাং এই পঞ্চায়েতি ব্যবস্থার মাধ্যমে গ্রামবাংলার মানুষের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন সংঘটিত হয়েছে। আজকে গ্রামবাংলার মানুষ যেমন পঞ্চায়েতি ব্যবস্থার ওপরে নির্ভরশীল হয়ে পড়েছে, তেমনি মানুষ পঞ্চায়েত ছাড়া আর কিছু বুঝতে চাইছে না। আজকে সাধারণ টিউবওয়েলের একটা ভাল্‌ভ-এর জন্য রিকশা ভাড়া দিয়ে পঞ্চায়েতে মানুষ আসছে, সেটা নিতে আসছে। পঞ্চায়েতের প্রধান যাঁরা তাঁরা সরকারী অর্থের মুখাপেক্ষী হয়ে থাকছেন। এই জায়গায় আমাদের ভাবা দরকার। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো, গত ৯ তারিখে যে বিল অ্যামেন্ডমেন্ট হয়েছে, গ্রাম সংসদে বছরে দু-বার মিটিং হয়। সেখানে অনেক আলাপ-আলোচনা হয় এবং তার মাধ্যমে আমরা অনেক তথ্য জানতে পারি। কার কোথায় কি প্রয়োজন আছে সেগুলো আলোচনার মাধ্যমে আমরা জানতে পারি। সঠিক তথ্যগুলো সেখান থেকে বেরিয়ে আসে। গ্রাম সংসদের মেয়াদ হচ্ছে ১০ বছর। এর ওপরে যে বিল আনা হয়েছে, আমি মন্ত্রী মহাশয়কে বলতে চাই, একটা শিশুর ওপরে যদি বোঝা চাপিয়ে দেওয়া হয় তাহলে সে যেমন হাঁটতে পারে না, আজকে এই বোঝা চাপিয়ে দেবার ফলে সেও হাঁটতে পারবে না। আজকে যে আইন করা হয়েছে, সেখানে গ্রাম সংসদে যাঁরা নির্বাচিত প্রতিনিধি, তাঁদের সঙ্গে যাঁরা মনোনীত

হয়ে আসবেন গ্রামোন্নয়ন কমিটিতে, সেখানে দীর্ঘসূত্রিতা হবে কিনা? কাজের ক্ষেত্রে বিলম্ব হবে কিনা তা ভেবে এই বিলকে আরও ভালভাবে আনবার জন্য আমি অনুরোধ করি। গ্রাম সংসদের ১০ বছরের অভিজ্ঞতায় লক্ষ্য করেছি, গ্রাম সংসদের সভায় সবাই উপস্থিত হন না। তাঁরা বুঝতে পারেন না এর গুরুত্ব কতখানি, কি কার্যক্রম। এর গুরুত্ব কি তা না জানার ফলে গুরুত্বটা কমে যাচ্ছে। গ্রামোন্নয়ন কমিটি গঠন করার পর সেখানে পরিকল্পনা কি হবে এবং কাজ ত্বরান্বিত করার ক্ষেত্রে আগামীদিনে বিলম্ব হবে কিন, মনোনীত লোকদের নিয়ে আসার ফলে দীর্ঘসূত্রিতা হবে কিনা, এইসব ভেবে গত ৯ তারিখে যে বিল পাশ হয়েছে, তা ভেবে দেখার জন্য আমি অনুরোধ করবো। বিপিএল তালিকায় আমরা কি দেখছি?

[4.00–4.10 p.m.]

সেখানে বলেছেন ৩৪ শতাংশ যারা দারিদ্র সীমার নীচে বসবাসকারী তাদেরকে আনতে হবে এই বি পি এল তালিকায়, তাদেরকে সংযোজিত করতে হবে। কিন্তু আমরা দেখছি সেখানে যোগ্য নাম সেই তালিকায় নেই, সেই নামগুলো বাতিল করা উচিত। সেই নাম বাতিল করা যারা সত্যিকারের বি পি এল তালিকাভুক্ত বলে চিহ্নিত হওয়া উচিত এবং দারিদ্র সীমার নীচে বসবাসকারী, তাদেরকে এই সুযোগ দেওয়া হোক, তারা এই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এস ব্যাপারে উদ্যোগ নেওয়ার দরকার নামের যোগ্য লোকেদের বি পি এল তালিকায় আনা উচিত। পরিশেষে আরেকটি কথা বলছি যে, গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ এই তিন পর্যায়ে সহকারী প্রধান, উপ প্রধান, পঞ্চায়েতের ক্ষেত্রে সভাপতি, সহ সভাপতি এবং জেলা পরিষদের ক্ষেত্রে সভাধিপতি এবং সহ সভাধিপতির যে পদ এদের কোন দায়িত্ব নেই। তাদেরকে দায়িত্ব দেওয়া হোক তারা পঞ্চায়েতের কাজে তদারকি করছেন কিন্তু নিজস্ব দায়িত্বে তাদেরকে কাজ করতে দেওয়া হোক। সেই তদারকির কাজ করতে গিয়ে টেকনিক্যাল হ্যান্ডের দরকার, তার বড় অভাব। সেই টেকনিক্যাল হ্যান্ড আরো বাড়ানো দরকার যাতে করে অফিসের কাজ মুভ করতে পারে এবং পঞ্চায়তকে আরো জনমুখী করতে পারা যায়, আরো বেশী বেশী করে পঞ্চায়েতের মধ্যে সেইজন্য ম্যানপাওয়ার দরকার। এইকথা বলে এই ব্যয়বরাদ্দের দাবীকে সমর্থন করে আমর বক্তব্য শেষ করছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি পঞ্চায়েতের বাজেটকে সমর্থন করে বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আমরা সবাই জানি পশ্চিমবঙ্গের পঞ্চায়েতরাজ একটা আন্তর্জাতিক স্বীকৃতি পেয়েছে। আজকে গ্রামাঞ্চলে আর্থিক, সামাজিক উন্নয়নের প্রশ্নে অব্যবহিতভাবে গ্রামোন্নয়ন কর্মসূচীকে এগিয়ে নিয়ে চলছে। কিন্তু আমাদের দুঃখ যে, আমাদের বিরোধীরা এইসব জিনিস দেখতে পাচ্ছেন না। তাই তারা পঞ্চায়েতের নির্বাচনের আগে সন্ত্রাস বলে বলে চিৎকার চেঁচামেচি করলেন এবং ৩৫৫, ৩৫৬ ধারা জারি করার জন্য দিল্লীতে গিয়েছিলেন। কিন্তু আজকে এই কথা ভাবতে হবে ১৯৯৮ সালে টি.এম.সি. পাঁশকুড়া লাইন নিয়েছিল, সেই লাইন ক্রমশ কমে গেছে। তারা যেখানেই হাত দিচ্ছেন সেটাই বেলাইন হয়ে যাচ্ছে। ওঁদের দুঃখ বেড়েছে। এই বিষয়ে বেশী কিছু বলতে

চাইছি না। আমি যেকথা বলতে চাই সেটা হচ্ছে যে, আমাদের এই পঞ্চায়েতী ব্যবস্থাটাকে আরো উন্নত করতে হবে, এগিয়ে নিয়ে যেতে হবে। পঞ্চায়েতের ব্যাপারে নানাদিক থেকে প্রশ্ন এসেছে। আমি এই ব্যাপারে বলতে চাই যে, এর যে ভিজিলেন্স কমিটি রয়েছে, সেই কমিটি বছরে ২, ৩ বার করে বসা উচিত এবং তদারকি করা উচিত। আমরা জানি পঞ্চায়তী ব্যবস্থাতে আমরা অনেক কিছু করেছি যেমন বয়স্ক ভাতার ব্যবস্থা করেছি এবং সহায়তা দিয়েছি ৫ কোটি ৯৪ লক্ষ ৩৬ হাজার টাকার। কেন্দ্রীয় সরকার দিয়েছে ১৬ কোটি ৬৩ লক্ষ ১২০০ টাকা। শিশু বিকাশ কেন্দ্র চালু করেছি ১৪ হাজার ৬৯৯ টি। সর্বশিক্ষা অভিযান আমরা চালু করেছি। আমরা ভূমিহীনদের ভূমি ভবিষ্যত-প্রভিডেন্ট ফান্ড চালু করে কয়েক কোটি মানুষকে উপকার করতে পেরেছি। আজকে বিরোধীরা এই পঞ্চায়েতী ব্যবস্থার নানা ধরনের কথা বললেন, নানা অজুহাত দিলেন। আসলে তারা আমাদের এই পঞ্চায়েতী রাজকে ধ্বংস করতে চাইছে। কংগ্রেস আমলে গ্রামবাংলায় যে ইউনিয়ন বোর্ড তারা গঠন করেছিল সেখানে সত্যিকারের গরীব চাষীরা স্থান পায় নি। সেখানে স্থান পেয়েছিল মহাজন, সুদখোর, ধনী চাষী এসব শ্রেণীর লোকেরা। গ্রামের গরীব মানুষের কোন কথা বলবার অধিকার ছিলনা। কিন্তু ১৯৭৮ সালের পর থেকে সেই অবস্থার পরিবর্তন হয়েছে, বাস্তুঘুঘুরা আজকে চলে গেছে। নতুনভাবে সেই বাস্তুঘুঘু তৈরী করবার জন্য বিরোধীরা সচেষ্ট হয়েছিল পঞ্চায়েত নির্বাচনের আগে এবং তারা হৈ চৈ শুরু করেছিল। গত পঞ্চায়েত নির্বাচনে ৪৬ জন মার গিয়েছিল এবং তাদের অধিকাংশই হচ্ছে বামফ্রন্টের সমর্থক। বিরোধীরা কতজন মারা গেছে সেই হিসাবও আমাদের করতে হবে। এই পটভূমিকায় দাঁড়িয়ে আমাদের পঞ্চায়েতকে আরও এগিয়ে নিয়ে যেতে হবে। আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর কাছে একটা কথা জানতে চাই, অ্যামেন্ডমেন্টের মাধ্যমে আপনি উন্নয়ন সমিতি গঠনের কথা বলেছেন। সেই উন্নয়ন সমিতি কি নির্বাচিত পঞ্চায়েত সদস্যদের দ্বারা গঠিত হবে, না মনোনীত সদস্যর দ্বারা হবে সেটা নিয়ে একটা বিতর্ক আছে। এই ব্যাপারটি তিনি যদি পরিষ্কার করে দেন তাহলে ভালো হয়। আমি আশা করব বিরোধীরা যে কাট মোশান এনেছেন তারা তা তুলে নেবেন এবং এই পঞ্চায়েত বাজেটকে সমর্থন করবেন। এই ব্যয়-বরাদ্দকে আরও একবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় চেয়ারম্যান স্যার, ৪০ নম্বর দাবির অধীন পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রীদ্বয় ২০০৩-২০০৪ সালের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন সেই ব্যাপারে আমি একমত হতে পারছি না। পঞ্চায়েত ডিপার্টমেন্ট কিছু বছর আগে ডি.জি.এইচ.সি-র হাতে হস্তান্তর করা হয়েছিল। কিন্তু তার জন্য ডি.জি.এইচ.সি-কে আলাদাভাবে কত টাকা বরাদ্দ করা হয়েছে তার কোন হিসাব বাজেট স্পীচে উল্লেখ নেই, সেইজন্য আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না। বহু আন্দোলন ও রক্তপাতের মধ্যে দিয়ে এই দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ গঠন হয়েছিল ১৯৮৮ সালে, স্বর্গীয় রাজীব গান্ধী, প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু এবং দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের চেয়ারম্যান সুভাষ ঘিসিঙের সঙ্গে ত্রিপাক্ষিক বৈঠকের মাধ্যমে। এই দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের সঙ্গে জেলা পরিষদের কোন তুলনা হয়না। ১৯৮৮ সালে যখন এই দার্জিলিং পার্বত্য পরিষদ গঠন হল, সঙ্গে সঙ্গে শিলিগুড়িতে আপনারা মহকুমা পরিষদ

গঠন করলেন। তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু আমাদের আপত্তি সত্ত্বেও অ্যামেন্ডমেন্ট করে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের মধ্যে আপনারা গ্রামপঞ্চায়েতকে ঢুকিয়ে দিলেন ১৯৯৫ সালে। আমরা এর বিরোধিতা করেছিলাম, আগামী দিনে পঞ্চায়েত সমিতিকে ঢোকালেও আমরা বিরোধিতা করব। ১৯৯৫ সাল থেকে এখনো পর্যন্ত আমাদের ওখানে গ্রাম পঞ্চায়েতে ভালোই কাজ হয়েছে। যেমন ইন্দিরা আবাস যোজনা, এস.জি.আর.ওয়াই, এস.জি.এস.ওয়াই.পি এই প্রজেক্টগুলো দারুণভাবে সেখানে কাজ করেছে।

[4.10–4.20 p.m.]

আপনি জানেন স্যার, দার্জিলিং পাহাড়ি, দুর্গম এলাকা - পুরুলিয়াতেও পাহাড় আছে, দুর্গম এলাকা আছে-সেইসব দুর্গম পাহাড়ি এলাকায় পপুলেশন বেসিসে না দেখে নিড বেসিসে ফান্ড দেওয়ার জন্য অনুরোধ করছি। সেন্ট্রাল-এর গাইডলাইন্স আপনার পক্ষে সম্ভব না হলেও, যাতে পাহাড়ি দুর্গম এলাকায় গ্রাম পঞ্চায়েত স্তরে যোজনার জন্য বেশী টাকা বরাদ্দ হয় তার জন্য সেন্ট্রালের কাছে দাবী করুন, এই অনুরোধ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি।

তার একটি বিষয় হচ্ছে, নর্থ বেঙ্গলে, দার্জিলিঙে চা বাগান, ফরেস্ট ভিলেজ, সিঙ্কোনা প্ল্যান্টেশনের জন্য অনেক দিচ্ছেন। সেখানেও গ্রাম পঞ্চায়েত আছে। কিন্তু দুঃখের বিষয়, টি গার্ডেনে, ফরেস্ট ভিলেজে এবং সিঙ্কোনা প্ল্যান্টেশনের ক্ষেত্রে ইন্দিরা আবাস যোজনা, এমপ্লয়মেন্ট অ্যাসিওরেন্স স্কিম এখনও পর্যন্ত ইমপ্লিমেন্ট করা যাচ্ছে না। কারণ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এন.ও.সি. দিচ্ছেন না। এই স্কিমগুলো সেখানে যাতে চালু হয় সেই অনুরোধ মাননীয় মন্ত্রীকে করছি।

পাহাড়ে হোক, নর্থ বেঙ্গলে হোক, ন্যাশনাল ওল্ড এজ পেনশন, ন্যাশানাল ফ্যামিলি পেনশনের টাকা গ্রামীণ এলাকার মানুষ, টি গার্ডেনের মানুষ সবাই পাচ্ছেন না। এই যে পেনশন প্রকল্প, এর কোটা বাড়ানোর জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

আর একটি বিষয় বলছি। পঞ্চায়েত ডিপার্টমেন্ট দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলকে দিয়েছেন। ডি.জি.এইচ.সি.র পঞ্চায়েত ডিপামেন্ট আছে যেটা, সেখানে হিল কাউন্সিল নিযুক্ত সেক্রেটারী ছাড়া অন্য কোন ডিপার্টমেন্টাল হেড নেই। ডি.এম., এস.ডি.ও. অফিস, বিশেষ করে বি.ডি.ও. অফিসের স্টাফ, অফিসিয়াল এখনও পর্যন্ত ডি.জি.এইচ.সি.র পঞ্চায়েত ডিপার্টমেন্ট টোটালি ট্রান্সফার করা হয়নি, ফলে কাজের ক্ষেত্রে খুবই অসুবিধা দেখা দিচ্ছে। বি.ডি.ও. অফিস এবং পঞ্চায়েত অফিস তাল রাখতে পারছে না। সম্পূর্ণ পরিকাঠামো থাকলে কাজটা সুষ্ঠুভাবে করা যায়। মাননীয় মন্ত্রীর অবগতির জন্য জানাচ্ছি, বি.ডি.ও.অফিসের অফিসিয়াল ও স্টাফদের যাতে ডি.জি.এইচ.সি.তে ট্রান্সফার করা যায় সেই ব্যবস্থা করুন। এতে ফিনান্সিয়াল কোন বার্ডেন থাকবে না বলেই আমি মনে করছি।

আমি আর একটি কথা বলছি, যেটা আমার পূর্ববর্তী অনেক বক্তাই বলেছেন - সি.পি.আই. থেকে বলেছেন, আর.এস.পি. থেকে বলেছেন, বিশেষ করে বলেছেন মাননীয় অতীশবাবু গ্রাম পঞ্চায়েতের কাজ করার জন্য আগে গ্রাম সংসদে বছরে দুটো করে মিটিং হত। কি কাজ করানো দরকার, কোন কোন কাজ হয়নি, এগুলি দেখার জন্য প্রত্যেক বছর দুবার করে গ্রাম সংসদ

হত। তারপর আপনি যে পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট অ্যাকট নিয়ে যে ভিলেজ লেভেল কমিটি করেছেন, সেক্ষেত্রে আমি মনে করি যে, গ্রামপঞ্চায়েত হচ্ছে একটা ইলেকটেড বডি, ইলেকটেড এজেন্সী। তাই আপনি এটা ভাবুন। আমি মনে করি যে, ভিলেজ লেভেল কমিটি আপনি একটা নমিনেটেড মেম্বারকে নিয়ে করাচ্ছেন, সেটাতে আমি মনে করি যে, এনক্রোচমেন্ট হচ্ছে। তাই আমি আশা করব এই ব্যাপারটা চিন্তাভাবনা করবেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শম্ভু মান্ডি : মাননীয় চেয়ারম্যান স্যার, এই সভায় সবার অনুমোদনের জন্য যে বাজেট উত্থাপন করা হয়েছে, তাকে সমর্থন করে বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে কয়েকটি বক্তব্য রাখছি। বিরোধীদের বক্তব্য শুনে মনে হচ্ছে ওরা বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করতে পারছে না, কিন্তু পরোক্ষভাবে বাজেটকে সমর্থন করছেন। গান্ধীজি ভারতবর্ষের গ্রামে মানুষের উন্নয়নের স্বপ্ন দেখেছিলেন পঞ্চায়েতের মাধ্যমে। কিন্তু স্বপ্ন তো স্বপ্নই থেকে গেছে। কংগ্রেস আমলে গরীবদের জন্য বরাদ্দ সমস্ত কিছুই ওনারা নিজেরা খেয়েছে। এমন কি গ্রামের মানুষের জন্য সামান্যতম বলের ব্যবস্থা করতে পারেননি। কিন্তু বর্তমানে একটা গ্রাম খুঁজে পাবেন না, যেখানে কোন না কোন ভাবে পানীয়জলের ব্যবস্থা নেই। গ্রামের মানুষ এখন বলছে যে, "আমরা আর কুয়োর জল খাব না। আমরা কলের জল খাবো।" বামফ্রন্টের কর্মসূচীর মধ্য দিয়ে গ্রামের মানুষদের কি করে সমগ্র উন্নয়নমূলক কাজ করতে হবে সে দিকেই আমরা প্রতিজ্ঞাবদ্ধ। বামফ্রন্ট সরকার দুটো স্তম্ভের উপর দাঁড়িয়ে আজ পর্যন্ত ঐতিহাসিক উন্নয়নমূলক কাজ করে আসছে। তার মধ্যে একটা হচ্ছে ভূমি সংস্কার, আর একটা হচ্ছে পঞ্চায়েতী রাজ। ছোট বড় যতই প্রাকৃতিক দুর্যোগ যত কিছুই হোক সবই পঞ্চায়েতের মাধ্যমে সমাধান করা সম্ভব হয়েছে। পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের বঞ্চিত মানুষকে দুস্থ মানুষকে মর্যাদা দেওয়া হয়েছে। সম্মান দেওয়া হয়েছে।

[4.20–4.30 p.m.]

জোতদার, জমিদারদের ছেলেরা বিলেতে পড়তে যেত। দূর থেকে এদেরকে আমাদের ছেলেরা প্রণাম করত। আমাদের চোদ্দপুরুষ নমস্কার করে এসেছে। আজকে তারাই পঞ্চায়েত চালাচ্ছে। যারা যুগ যুগ ধরে নিপীড়িত, বঞ্চিত, অবহেলিত মানুষ এই শ্রেণিবিভক্ত সমাজে একজন ডব্লু.বি.সি.এস অফিসারের সঙ্গে তারাই আজকে উন্নয়নের কাজ করছেন, এটা কি কেউ কোনোদিন ভাবতে পেরেছে? কিন্তু অভিজ্ঞতা কি বলছে। আমরা দেখতে পাচ্ছি যে নিজেদের গ্রামের নিজেদের সামগ্রিক উন্নয়ন ঘটাচ্ছে। এটাই তো পঞ্চায়েত। একজন বন্ধু অন্য একটা কংগ্রেসি রাজ্যে আদিবাসীদের বাড়িতে গিয়েছিলেন, তা সেই আদিবাসী জিজ্ঞেস করছেন, আপনাদের পশ্চিমবাংলায় কোন জাদুকাঠি আছে, যে জাদুবলে একজন মুখ্যমন্ত্রী ২৫ বছর ধরে আছেন। আমাদের রাজ্যে তো প্রতি মুহূর্তে মুখ্যমন্ত্রী বদল হচ্ছে। আমাদের যদি মুখ্যমন্ত্রীর নাম জিজ্ঞাসা করা হয় আমরা বলতে পারব না। কোন জাদুকাঠি আমাদের পশ্চিমবাংলায় নয়। আমাদের পশ্চিমবাংলায় একটাই জিনিস তা হল পঞ্চায়েতের মাধ্যমে সকলকে সঙ্গে নিয়ে সামগ্রিক উন্নয়ন এবং কল্যাণমূলক যে কাজ হচ্ছে সেটাই আমাদের পশ্চিমবাংলার জাদুকাঠি। মাননীয় চেয়ারম্যান

স্যার, জোতদার জমিদার, মহাজনদের শোষণ, বঞ্চনা, অত্যাচারের বিরুদ্ধে যারা লড়াই করেছে তারা জমি পেল না। আপনারা নিশ্চিত জানেন যে, ৭৮ সালে তৎকালীন পঞ্চায়েত এবং ভূমিসংস্কার মন্ত্রী বিনয় চৌধুরী, জ্যোতি বসুর নেতৃত্বে সেই ঐতিহাসিক ঘটনার কথা। বীরভূম জেলায় আমরা একটা অনুষ্ঠান করি যেখানে প্রায় দু লক্ষ মানুষের সমাবেশ ঘটেছিল। সেই সমাবেশ থেকে আমরা পঞ্চায়েতের মাধ্যমে মানুষদের জমির পাট্টা বিলি করা হয়েছে। মাননীয় চেয়ারম্যান স্যার, রাজ্যে খেটে খাওয়া মানুষ গড়ে প্রায় ৫৬.৯০ টাকা মজুরি পাচ্ছে। একটা সমীক্ষায় দেখা গেছে মাথাপিছু আয় বৃদ্ধির হার অন্ধ্রে ৫.২ শতাংশ, গুজরাটে ৪.১ শতাংশ, মহারাষ্ট্রে ৩.২ শতাংশ, তামিলনাড়ুতে ৪.৩ শতাংশ, আর পশ্চিমবঙ্গে হচ্ছে ৫.৪ শতাংশ। কিছুটা হলেও গ্রামের মানুষের ক্রয়ক্ষমতা বেড়েছে সেইজন্য দেখতে পাচ্ছি বহু গ্রামের পাড়ায় মোড়ে চটি, গঞ্জ, হাট, বাজার গড়ে উঠেছে। সেখানে বহু যুবক-যুবতীর উপার্জনের ক্ষেত্র তৈরি হয়েছে। পশ্চিমবাংলার মেহনতি খেটে খাওয়া মানুষ, বিশেষ করে তফশিলি জাতি, আদিবাসীদের অধিকার, দায়িত্ব উন্নয়ন ও বাঁচার জন্য সচেতনতা বেড়েছে। তাই তো সমীক্ষায় দেখা যায় হাজারে জন্ম হার ভারতে ২৫.৮, পশ্চিমবাংলায় ২০.৭ শতাংশ। হাজারে মৃত্যুহার ভারতের ক্ষেত্রে ৮.৫ শতাংশ, পশ্চিমবঙ্গে তা ৭.০ শতাংশ। হাজারে শিশু মৃত্যুর হার ভারতে ৬৮, পশ্চিমবঙ্গে ৫১। মাননীয় চেয়ারম্যান স্যার, কয়েকদিন আগে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীদ্বয় একটা বিল সভায় এনেছিলেন এবং পাশ হয়ে গেছে। আমাদের শ্রদ্ধেয় বিরোধী বন্ধুরা একটু কষ্ট করে যদি সহযোগিতা করেন তাহলে আগামী দিনে এই পশ্চিমবাংলা ভারতবর্ষের একটা 'মডেল' রাজ্য হিসাবে গড়ে তোলা যাবে যার ভাগীদার বিরোধী বন্ধুরাও হবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবু তাহের খান : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র এবং এই দপ্তরের রাষ্ট্রমন্ত্রী ধীরেন সেন মহাশয় এখানে যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন অবশ্যই আমি তার বিরোধিতা করছি। এই পঞ্চায়েত ব্যবস্থা বেশিদিন হয়নি। আমরা গত পঞ্চায়েত নির্বাচনে দেখেছি গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা-পরিষদ স্তরে যে নির্বাচন হয়েছে তাতে আজকে গ্রাম-বাংলায় গণতন্ত্র কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আজকে যেখানে বামফ্রন্ট সরকার গণতন্ত্রের কথা বলছে সেখানে দেখছি প্রায় ৬,৮০০ গ্রাম-পঞ্চায়েত সিটে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচন হয়েছে। গণতন্ত্রে এটা অত্যন্ত লজ্জার এবং হাস্যকর। আজকে পঞ্চায়েতের ১৪ হাজার আসনে নির্বাচন একটা প্রহসনে পরিণত হল। আজকে বাংলায় যে প্রায় ৪৯ হাজার আসনে রক্তক্ষয়ী নির্বাচন হয়ে গেল, সেই নির্বাচনের মধ্যে দিয়ে গ্রাম বাংলায় পঞ্চায়েতের সুফল, গণতন্ত্রের সুফল কোথায় গিয়ে পৌঁছেছে নিশ্চয় আমরা অনুধাবন করলাম। কারণ যেখানে মানুষের গণতান্ত্রিক অধিকার নেই, যেখানে মানুষের গণতান্ত্রিক অধিকার এখনও প্রতিষ্ঠিত হয়নি, মানুষ এখনও যেখানে প্রতিদ্বন্দ্বিতা করবার সাহস পায় না সেখানে পঞ্চায়েতের সুফল কি ভাবে আরো তৃণমূল স্তরে পৌঁছবে তাতে আমার অবশ্যই সন্দেহ জাগে। এই পঞ্চায়েত নির্বাচন যদি সঠিকভাবে হত, যদি এই নির্বাচন প্রহসনে পরিণত না হত তাহলে অবশ্যই ক্ষমতার বিকেন্দ্রীকরণ আর তৃণমূলস্তরে ক্ষমতা পৌঁছে দেওয়া সম্ভব হত। আজকে পঞ্চায়েতের সুফল, কার্যকারিতা সঠিকভাবে মানুষের কাছে পৌঁছায়নি। তাই আপনারা এখানে নতুন করে বিল

এনেছেন গ্রামোন্নয়ন সমিতির জন্য। আপনাদের আজকে নতুন করে ভাবতে হচ্ছে কিভাবে গ্রামোন্নয়ন সমিতি গঠন করে পঞ্চায়েতকে নিয়ন্ত্রণ করা যায়।

[4.30–4.40 p.m.]

এই পঞ্চায়েতে একদিকে থাকবে ইলেক্টেড বডি, আরেকদিকে থাকবে সিলেক্টেড বডি। যাঁরা পঞ্চায়েতে নির্বাচিত হয়েছেন তাঁরাও হচ্ছেন ইলেক্টেড বডি, আর আপনারা যাদেরকে মনোনীত করেন তাঁরা সিলেক্টেড বডি। এই সিলেক্টেড বডি কেমন হবে, গ্রামোন্নয়ন সমিতি কেমন হবে—এর রূপরেখা কি হবে, কারা কাদেরকে নির্বাচিত করবে, এই সম্পর্কে আমাদের আরও ধ্যানধারণা থাকা দরকার। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো, আপনি গ্রামোন্নয়ন সিমিতি গঠন করার নামে যে বিল পাশ করিয়েছেন সেটা অন্তত বন্ধ রাখুন। আমার মনে হয় এই সম্পর্কে মাননীয় সদস্যদের ক্লিয়ার ধারণা নেই। কারণ যাঁরা নব-নির্বাচিত সদস্য হয়েছেন, যাঁরা ইলেক্টেড বডি হয়েছেন, তাঁদের ক্ষমতা কতটা থাকবে, যাঁদের উন্নয়ন সমিতিতে সিলেকশন করে নিয়ে আসবেন—তাঁদের ক্ষমতা কতটা থাকবে—এই সম্পর্কে একটা ধারণা সমস্ত স্তরে থাকা দরকার বলে আমি মনে করি। আজকে বিভিন্ন জায়গায় দেখছি, সব থেকে বেশি কাজের সুযোগ রয়েছে গ্রামপঞ্চায়েতে স্বর্ণজয়ন্তী স্বরোজগার যোজনাতে। এর মাধ্যমে খেটে খাওয়া গরীব মানুষরা ব্যাঙ্ক থেকে লোন নিয়ে একটা অর্থনতিক উন্নয়ন ঘটাতে সক্ষম হবে। আমরা যদি সেই সেক্টরে যেখানে সেন্ট্রাল গভর্নমেন্ট সবচেয়ে বেশি টাকা দেয়, যেখানে বেকারদের কোনো বাধ্যবাধকতা থাকে না, গ্রামের মানুষকে নিয়ে ছোটো ছোটো গ্রুপ তৈরি করে এই প্রকল্পের আওতায় অনেক মানুষকে নিয়ে আসা সম্ভব। কিন্তু আমরা দেখছি, ২০০০-২০০১ সালে যে অর্থ পাওয়া গেছে সেই অর্থ—পশ্চিমবঙ্গে আপনাদের জনদরদী সরকার যে কথা বলেছেন যে, এর মাধ্যমে পশ্চিমবঙ্গের অগ্রগতি সুন্দরভাবে এগিয়ে চলেছে, গ্রামের গরীব মানুষের উন্নতি ঘটেছে—সেই সরকার এই পারপাসে মাত্র ১৪ পারসেন্ট টাকা খরচ করেছে। যেখানে আপনাদের অনেক বেশি খরচ করা উচিত ছিল। এর মাধ্যমে খেটে-খাওয়া খেতমজুর, বেকার শ্রমিক এরকম অনেক মানুষের কর্মসংস্থানের সুযোগ ছিল। অথচ সেই সুযোগ থেকে মানুষ বঞ্চিত হচ্ছে। এটা আমাদের দুর্ভাগ্য। কারণ আমরা এখন গ্রামের মানুষকে সেই ধরনের সচেতনতায় উদ্বুদ্ধ করতে পারিনি। এখানে পঞ্চায়েতের যে ক্ষমতা আছে সেই ক্ষমতাকে আমরা তৃণমূল স্তরে পৌঁছে দিতে পারিনি। আপনারা যতই চিৎকার করে বলার চেষ্টা করুন না যে, পঞ্চায়েতের কাজকর্ম তৃণমূল স্তরে পৌঁছে গেছে—পঞ্চায়েতে ৪৯ হাজার যে নির্বাচিত সদস্য আছে, যাঁরা প্রধান হিসেবে নির্বাচিত হয়েছেন, যাঁদেরকে বলেছেন এস.সি., এস.টি—যাঁদেরকে উন্নয়নের জায়গায় নিয়ে আসা সম্ভব হয়েছে. আজকে তার জন্য গর্ববোধ করছেন—আমার পূর্ববর্তী বক্তা বলেছেন যে, অনেক এস.সি., এস.টি. আজকে মাথা উঁচু করে দাঁড়িয়ে—তাঁদের মধ্যে অনেকে আই.পি.এস., আই.এ.এস. হয়েছেন। পঞ্চায়েতের প্রধান হয়েছেন, জেলাপরিষদের সভাপতি হয়েছেন। স্বাভাবিক ভাবে অধিকার পর্যালোচনা করেছেন। আমরা বাস্তবে দেখছি, প্রধানমন্ত্রী গ্রাম-সড়ক যোজনা, সম্পূর্ণ গ্রামীণ রোজগার যোজনা, এমপ্লয়মেন্ট অ্যাসুরেন্স স্কীম—এই সমস্ত স্কীমের যে টাকা এসেছে সেই টাকা এই সরকার খরচা করতে পারেনি। এটা আমাদের কাছে

অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়। আপনারা বলেন যে, আজকে পঞ্চায়েত করার জন্য মানুষ একটা জায়গায় পৌঁছেছে, তৃণমূল স্তরে অর্থনৈতিক উন্নয়ন সংঘটিত হয়েছে। অথচ আমরা দেখছি, সেন্ট্রাল অ্যাডমিনিস্ট্রেটিভ-এর যে রিপোর্ট তাতে দেখছি যে, ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ সালের যে রিপোর্ট তাতে দেখছি যে, সেন্ট্রাল গভর্নমেন্ট সম্পূর্ণ গ্রামীণ রোজগার স্কীমে যে টাকা দিয়েছেন এবং চাল দিয়েছেন সেই চাল দুটো ডিসট্রিক্টে খরচা করতে পেরেছেন, বাকি কোনো ডিসট্রিক্ট সেই চাল পায়নি। কারণ কাজের বিনিময়ে খাদ্য—এর জন্য মানুষ চাল পেত, কিন্তু এখন গ্রামে কাজ নেই সেজন্য তারা চাল পায়নি। কৃষি-শ্রমিকরা বেকার হয়ে পড়েছে। অথচ, জেলাপরিষদে তার যে খতিয়ান, কাজের যে নমুনা—এটা আমাদের কাছে অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়। এটা আমাদের কাছে অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় যে আজকে সেই চাল আমরা খরচ করতে পারলাম না। সমস্ত চালগুলো আজকে আমাদের কাছে মজুত থাকছে, এটা আমাদের কাছে অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়, তাই মাননীয় সরকার পক্ষের বন্ধুদের কাছে বলব যে পঞ্চায়েত গঠন হয়েছে এই নতুন পঞ্চায়েতের যারা প্রধান নির্বাচিত হয়েছে, সেই প্রধানদের এখনও আমার মনে হয় আগের যে পঞ্চায়েত ছিল সমস্ত পঞ্চায়েত প্রধানদের ট্রেনিং এর ব্যবস্থা এই সরকার করতে পারেনি। পঞ্চায়েত সমিতিতে সভাপতি হিসাবে নির্বাচিত হয়েছিলেন গত টার্মে তাদেরকে সঠিকভাবে ট্রেনিং-এর ব্যবস্থা এই সরকার করতে পারেনি। আজকে যারা এস.সি. এবং অনেক অনুন্নত সম্প্রদায়ের মানুষ আজকে এই ত্রিস্তর পঞ্চায়েতের মধ্য দিয়ে ক্ষমতায় এসেছেন তাদের যদি সম্যক শিক্ষায় শিক্ষিত করা না যায়, তাদের যদি প্রশিক্ষণের ব্যবস্থা না থাকে, তাদের যদি কাজের কর্মপদ্ধতি কি হবে সেই সম্পর্কে সম্যক ধারণা না থাকে, পঞ্চায়েতের ক্ষমতা সম্পর্কে নব নির্বচিত প্রধান এবং সভাপতিদের সম্যক ধারণা না থাকে তাহলে সে পঞ্চায়েত কীভাবে সাধারণ মানুষের উপকার করবে? সে পঞ্চায়েত কিভাবে আরও ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করবার জন্য আজকে কাজে লিপ্ত হবে। সেই সম্পর্কে অবশ্যই সন্দেহ থেকে যায়। তাই মাননীয় মন্ত্রী এখানে আছেন, তার কাছে আমি বলব যে আপনার যে নব নির্বাচিত পঞ্চায়েত বডি আছে, সে পঞ্চায়েত বডি সম্বন্ধে কাজের অগ্রগতির জন্য আপনারা কাজের মূল্যায়নের মধ্য দিয়ে ট্রেনিং-এর ব্যবস্থা করুন। প্রথমে যে এস.সি. এবং এস.টি এবং ও.বি.সি এবং অনেক সম্প্রদায়ের মানুষ আজকে নির্বাচিত, নব নির্বাচিত হয়ে জেলাপরিষদে আসছে, পঞ্চায়েত সমিতিতে আসছে, গ্রাম পঞ্চায়েতে আসছে, আজকে যে গ্রামপঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলাপরিষদের মধ্য দিয়ে এই বাংলার উন্নয়ন সংঘটিত হবে, যে পঞ্চায়েত বডির মধ্য দিয়ে আজকে সমস্ত স্তরে কাজের উন্নয়ন সংঘটিত হবে এটা আজকে যে রাজ্যসরকারের একটা দৃষ্টি সুতরাং সেই লক্ষ্যে এগোতে হলে আমার মনে হয় সর্বাগ্রে দরকার মানুষকে সেইসমস্ত যারা নির্বাচিত তাদের ট্রেনিংয়ের দরকার, তাদের কাজের পদ্ধতি কি হবে তারা আগামী দিনে কীভাবে এই বাংলার সেইসমস্ত উন্নয়ন আজকে সেন্ট্রাল গভর্নমেন্ট স্পনসরড স্কিমে, সেই স্কিমে কীভাবে সঠিকভাবে রূপায়িত হবে, সেই সম্পর্কে তাদের ধারণা না থাকে তাহলে আমরা ঠিক নির্ধারিতভাবে প্রত্যেকটিতে যে সেন্ট্রাল গর্ভনমেন্ট স্কিমে যেভাবে মার খাচ্ছি পশ্চিমবঙ্গের সরকার আজকে সেইভাবে মার খেতে হবে। আমরা দেখছি আমাদের পঞ্চায়েতে রুরাল ডেভেলপমেন্টের যে কমিটি আছে, সেই কমিটিতে আমরা আলোচনা করতে গিয়ে দেখেছি যে আজকে কিভাবে ব্যর্থতা, আজকে সমস্ত অফিসার এসে

বলেন আজকে বিভিন্ন জেলায় আজকে কীভাবে টাকা আজকে সেন্ট্রাল গভর্নমেন্টের টাকা কীভাবে ফেরৎ যাচ্ছে। এটা আমাদের কাছে অত্যন্ত লজ্জার এবং দুঃখের, তাই মাননীয় মন্ত্রীর কাছে বলব, আজকে জেলাপরিষদে যদি সঠিকভাবে খরচ করতে না পারে, আজকে পঞ্চায়েত সমিতিতে আজকে যদি সঠিকভাবে খরচ করতে না পারে, আজকে গ্রামপঞ্চায়েতে তার যে নির্ধারিত বাজেট তার বাজেট আজকে নির্ধারিতভাবে সঠিকভাবে খরচ করতে না পারে, তাহলে আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের সেইসমস্ত টাকা, বরাদ্দকৃত টাকা থেকে আমরা বারবার অবহেলিত থাকব। তাই মাননীয় মন্ত্রীর কাছে আমরা বলতে চাই যে প্রথমে এই যে নবনির্বাচিত বডি আছে, এদেরকে ট্রেনিংয়ের ব্যবস্থা করুন, যে ট্রেনিংয়ের মধ্য দিয়ে আগামী দিনে পঞ্চায়েত ব্যবস্থা, আগামী দিনের পঞ্চায়েতসমিতি, জেলাপরিষদের সুন্দরভাবে এবং সঠিকভাবে এগিয়ে চলবে। আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের যেসমস্ত স্কিম আছে, সেইসমস্ত স্কিমের যে বরাদ্দকৃত অর্থ আমরা যাতে খরচ করতে পারি এবং খরচ করে আমরা আগামীদিনে পশ্চিমবঙ্গকে আপনাদের যে লক্ষ্য আছে পশ্চিমবঙ্গকে আপনারা এগিয়ে নিয়ে যেতে চান আপনার যেমন লক্ষ্য আছে, আগামী দিনের পঞ্চায়েত ব্যবস্থার মধ্য দিয়ে আরও নির্দিষ্ট জায়গায় নিয়ে যেতে চান, তাই আমরা চাই আপনাদের পাশে থেকে এই পশ্চিমবঙ্গকে অগ্রগতি একটা জায়গায় এগিয়ে নিয়ে যেতে। তাই আপনাদের সঙ্গে আমরা যেটা বলি যে পরিশ্চমবঙ্গের সমস্ত স্তরে সেন্ট্রাল গভর্নমেন্ট স্পনসরড স্কিমের টাকাগুলি আজকে একের পর এক ফেরৎ যাচ্ছে আর পশ্চিমবঙ্গের উন্নয়ন সংঘটিত হচ্ছে না। আজকে ভারতবর্ষের প্রধানমন্ত্রী সড়ক যোজনার যে টাকা এখানে বরাদ্দ হয়েছিল, সেই টাকা এখনও সঠিকভাবে খরচ হয়নি। সেই টাকা সঠিকভাবে এখনও পর্যন্ত জেলাপরিষদের মধ্য দিয়ে যে স্কিমগুলি হওয়ার দরকার সেগুলি হয়নি। তাই আরও বলতে চাইছি ভারতবর্ষে অন্নপূর্ণা এবং অন্ত্যোদয় যোজনা এটা গ্রামপঞ্চায়েতের মধ্য দিয়ে হয়, মাননীয় মন্ত্রী আছেন আমি বলতে চাইছি যে আজকে মানুষ বঞ্চিত হচ্ছে সেখানে অনেক দিন ধরে অন্নপূর্ণ এবং অন্ত্যোদয় যোজনা আজকে সেই চাল, গম পাচ্ছে না। বিভিন্ন সেক্টরে গ্রামপঞ্চায়েতের যেসমস্ত কাজ আমরা দেখছি যে আজকে বিভিন্ন ভাবে ব্যাহত হচ্ছে। আজকে যে পঞ্চায়েত, তার যে স্ট্রাকচার হওয়া দরকার, আজকে একজন পঞ্চায়েতে যে জব অ্যাসিসটেন্ট আছে তার ডেটিং পাওয়ার মাত্র ২০ হাজার টাকা। আজকে পঞ্চায়েতে লক্ষ লক্ষ টাকা যাচ্ছে অথচ ডেটিং পাওয়ারের জন্য আজকে পঞ্চায়েতের সমস্ত স্তরে কাজ আটকে যাচ্ছে।

[4.40–4.50 p.m.]

কালকের এস এ ই দের ভেটিং পাওয়ার ৫০,০০০ টাকা থেকে বাড়িয়ে আজকে অন্তত ১ লক্ষ টাকা করা উচিত। কারণ আমরা বিধায়ক এলাকা উন্নয়নের কাজের ক্ষেত্রে খুবই অসুবিধা ভোগ করছি। এই সমস্ত বিষয়গুলির সরলীকরণের প্রয়োজন আছে বলে আমি মনে করি। এস এ ই থেকে শুরু করে জেলা পরিষদ পর্যন্ত সর্বস্তরের কার্যকরী আধিকারিকগণের ভেটিং পাওয়ার অবিলম্বে বাড়াবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। তাহলে পঞ্চায়েত ব্যবস্থা খানিকটা সুন্দরভাবে পরিচালিত হতে পারে। এই কটি কথা বলে, বাজেট বরাদ্দের বিরোধিতা করে, আমাদের পক্ষ থেকে উত্থাপিত কাটমোশানগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রামপদ সামন্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০০৩-২০০৪ সালের ৪০ নং অভিযারচনের অধীন পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীদ্বয় যে ব্যয় বরাদ্দের দাবির প্রস্তাব উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। সাথে সাথে বিরোধীদের ছাঁটাই প্রস্তাবগুলির বিরোধিতা করছি। স্যার, বর্তমানে পঞ্চায়েত, গ্রামোন্নয়ন এবং ভূমিসংস্কার অঙ্গাঙ্গিভাবে সম্পর্ক যুক্ত। একটা ব্যাপারকে ছেড়ে আর একটা ব্যাপার চলতে পারে না। যে কারণেই আমাদের রাজ্যের গ্রামের তথা গ্রামবাংলার উন্নয়ন আজকে ভারতবর্ষে বিভিন্ন রাজ্যগুলির কাছে আদর্শ হয়ে দাঁড়িয়েছে। বিভিন্ন সময়ে দেশ বিদেশের প্রতিনিধিরা আমাদের রাজ্যে এসেছেন আমাদের পঞ্চায়েত ব্যবস্থা নিয়ে, ভূমি সংস্কার নিয়ে গবেষণা করার জন্য। এমনকি প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী পর্যন্ত আমাদের পঞ্চায়েতি ব্যবস্থাকে আদর্শ বলে ঘোষণা করে গিয়েছিলেন এবং এই ব্যবস্থা সমস্ত ভারতবর্ষে মডেল হিসাবে গ্রহণ করে এটা সর্বত্র চালু করতে চেয়েছিলেন। তা সত্ত্বেও আমাদের কংগ্রেসী বন্ধুরা আমাদের পঞ্চায়েত ব্যবস্থার সমালোচনা করছেন। আমরা জানি এক ধরনের মানুষ আছেন যাঁরা কখনো কোনো কিছু ভাল দেখতে পান না, কোন ভালো কিছু উপলব্ধি করতে পারেন না। অনুরূপভাবে আমাদের বিরোধী সদস্যরা আমাদের পঞ্চায়েত ব্যবস্থা, ভূমি সংস্কার এবং গ্রামোন্নয়ন কর্মসূচির গুরুত্ব উপলব্ধি করতে পারছেন না। আমরা দেখছি এই বাজেটে গ্রামের গরিব কৃষকদের প্রভিডেন্ট ফান্ড প্রকল্পের জন্য ১০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। তারপর আমরা আরো দেখছি পঞ্চায়েতের আয়-ব্যয়ের মধ্যে স্বচ্ছতা আনার জন্য সি. এ. জি.-কে দিয়ে সমস্ত রকম হিসাব নিকাশের ব্যবস্থা করা হচ্ছে। নির্বাচিত পঞ্চায়েত প্রতিনিধিদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। যেটা ইতিপূর্বেই চালু করা হয়েছে, সেটাকেই আরো ভালোভাবে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করা হচ্ছে। এসব আমাদের বিরুদ্ধ পক্ষ বা বিরোধী বন্ধুরা মেনে নিতে পারছে না। তাই তারা বিভিন্নরকম সামালোচনা করছেন। গ্রামীণ স্বাস্থ্যবিধান প্রকল্পের অধীনে ৭ লক্ষ শৌচাগার স্থাপনের জন্য বাজেটে যেটা ধার্য করা হয়েছে সেটাকেও সমর্থন করতে পারছেন না, তারও বিরোধিতা করছেন। এস. জি. আর. ওয়াই. প্রকল্পে স্বনির্ভর গোষ্ঠী গড়ার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে এবং ৫ লক্ষ এর অধিক সভ্যকে অন্তর্ভুক্ত করে ৫৪,৪৮৪টি গোষ্ঠী গঠিত হয়েছে। এই গোষ্ঠীগুলিকে স্বয়ংসম্পূর্ণ করার ব্যবস্থা করা হয়েছে। এই বাজেটকেও মাননীয় বিরোধী সদস্যরা সমর্থন করতে পারছে না। শিশু শিক্ষা কেন্দ্র খোলার যে প্রস্তাব রয়েছে সেটাও কি মাননীয় বিরোধী বন্ধুরা দেখতে পাচ্ছেন না। সব কিছু মিলিয়ে এটা পরিষ্কারভাবে বলতে পারি যে এই বাজেট সম্পূর্ণভাবে গ্রাম উন্নয়ন বাজেট। এটা প্রকৃতপক্ষে গ্রামবাংলাকে এগিয়ে নিয়ে যাবার বাজেট। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, আমাদের বিরোধী বন্ধুরা এটা উপলব্ধি করতে পারছেন না। কিন্তু পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে পশ্চিমবাংলার গ্রাম-উন্নয়ন আজকে যেভাবে এগিয়ে চলেছে তাতে তার গতিপথকে কেউ রোধ করতে পারবে না, তা করা সম্ভব নয়। পাঞ্জাব হরিয়ানার সবুজ বিপ্লবকে অতিক্রম করে আমার এগিয়ে চলেছি। তাই আমরা বার বার গোটা দেশের মধ্যে চাল উৎপাদনে প্রথম হচ্ছি। বিরোধীদের শাসনকালে যদি এই রেকর্ড না থাকে তাহলে আমাদের তার জন্য কিছু করার নেই। আমরা এবিষয়ে বছরের পর বছর রেকর্ড সৃষ্টি করে চলেছি। এর জন্য যদি ওঁদের মনে কোন জ্বালা সৃষ্টি হয় তাহলে

তা আমাদের পক্ষে উপশম করা সম্ভব নয়, তার জন্য আমরা দুঃখিত। এই কটি কথা বলে, বাজেটকে আর একবার সমর্থন জানিয়ে, বিরোধীদের কাটমোশানের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পদ্মনিধি ধর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ডাঃ সূর্য্যকান্ত মিশ্র এবং শ্রী ধীরেন সেন যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি সামান্য কিছু বক্তব্য উপস্থাপিত করতে চাই। এখনো পর্যন্ত গণতন্ত্র, সন্ত্রাস এই সমস্ত কথা শুনে শুনে কান ঝালাপালা হয়ে গেছে। আমি যেটুকু জেনেছি সেটা সত্য, না অসত্য সেটা আপনারা বিচার করবেন, ১৯৪৭ সালে স্বাধীনতা পাবার পর ১৭ বছর ধরে ভারতবর্ষে, পশ্চিমবঙ্গে ইউনিয়ন বোর্ড-এর দ্বারা পরিচালিত হতো লোকাল সেল্ফ গভর্নমেন্ট। তাতে ভোটাধিকার কাদের ছিল? যারা জমির মালিক, বাড়ির মালিক তাদের ১টি ভোট আর যারা ম্যাট্রিকুলেট শিক্ষিত তাদের ১টি ভোট, অ্যাডাল্ট ফ্রানচাইজ। এখন যেটা ১৮ বছর, তার আগে ছিল ২১ বছর বয়স্ক মানুষে ভোটাধিকারের ভিত্তিতে ভোট হতো। তারপর কি দেখলাম, কোন উন্নয়ন নেই। কারা তাতে আছে—

জনগণে যারা জোঁক সম শোষে তারে মহাজন কয়,
সন্তান সম পালে যারা জমি তারা জমিদার নয়,
মাটিতে যাদের ঠেকে না চরণ মাটির মালিক তারাই হোন,
যে যত ভণ্ড ধড়িবাজ আজ, সেই তত বলবান,
নীতি নব ছোরা গড়িয়া কশাই বলে জ্ঞান-বিজ্ঞান।

তারাই ছিল সেদিনের ইউনিয়ন বোর্ডের সর্বময় কর্তা যেটা আমার বন্ধুবর ডাঃ শম্ভুনাথ মাণ্ডি বলে গেল, তারা থাকতো পায়ের নিচে আর ওরা মাথার উপরে পা দিয়ে চলতো। ঘুঘুর বাসা ছিল। যারা বয়স্ক তারা নিশ্চয়ই জানেন, ১৯৬৪ সালে ৪টে স্তরে পঞ্চায়েত হল। এই ৪টে পঞ্চায়েত স্তর কি? গ্রাম সভা, অঞ্চল পঞ্চায়েত, আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদ, ঠুঁটো জগন্নাথ, যার দুহাত নেই। পুরীর জগন্নাথ দেখেছেন? এদের হাতও এরকম ছিল অর্থাৎ তাদের কোনো ক্ষমতা ছিল না। নিচের তলায় শুধু প্রত্যক্ষ নির্বাচন আর অঞ্চল পঞ্চায়েত থেকে জেলা পরিষদ পর্যন্ত পরোক্ষ নির্বাচনের মধ্য দিয়ে হতো। এটা কি গণতন্ত্র বলে? শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন নির্বাচনে পরাস্ত হল, গোটা ভারতবর্ষে কংগ্রেসের যখন পতন ঘটলো সেই সময়ে ১৯৭৭ সালের জুন মাসে নির্বাচন হল। সেই নির্বাচনে বামফ্রন্ট বিশাল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে রাজ্যে সরকার গঠন করলো, মুখ্যমন্ত্রী হলেন জ্যোতি বসু। তিনি রাজভবন থেকে শপথ গ্রহণ করে রাইটার্স বিল্ডিংসে-এ এলেন এবং করিডোর থেকে বক্তৃতা দিলেন। লক্ষ লক্ষ মানুষ তখন বিবাদীবাগে ভর্তি হয়ে গেছে, তিলধারণের জায়গা নেই। সেই জনগণের সামনে জ্যোতি বসু সেদিন বলেছিলেন, আমরা মহাকরণ থেকে রাজ্য শাসন করতে এখানে আসিনি, আমরা এসেছি, দিল্লী থেকে যে ক্ষমতা এবং অর্থ আনবো এবং রাজ্যে মধ্যে যে ক্ষমতা এবং অর্থ আছে তা বিকেন্দ্রীকরণ করে দিয়ে আমরা গ্রাম বাংলার মানুষের হাতে শহরাঞ্চলের বিভিন্ন ওয়ার্ডের মানুষের

হাতে এই ক্ষমতা হস্তান্তরিত করবো অর্থাৎ ডি-সেন্ট্রালাইজেশন অফ পাওয়ার, ক্ষমতার বিকেন্দ্রীকণ হবে এই ত্রিস্তর পঞ্চায়েতি ব্যবস্থার মধ্যে। অনেকের মনে আছে, ১৯৭৭ সালে নির্বাচনের আগে আমরা একটা ১০ পয়সার বই বের করেছিলাম, তাতে বামফ্রন্টের কর্মসূচির কথা বলা হয়েছিল। বলা হয়েছিল, যদি বামফ্রন্ট ক্ষমতায় আসে তাহলে আমরা এই ক্ষমতা পেয়ে ১ বছরের মধ্যে পঞ্চায়েতের নির্বাচন করবো। কারণ, আপনাদের আমলে ১৪ বছর ধরে পঞ্চায়েতের নির্বাচন হয়নি, ১৯৬৪ সাল থেকে ১৯৬৮ সাল পর্যন্ত একবার মাত্র নির্বাচন হয়েছিল। কংগ্রেসিরা আজকে গণতন্ত্রের কথা বলে? ১৪ বছর কেন পঞ্চায়েতের নির্বাচন হয়নি? এটা গণতন্ত্র?

[4.50–5.00 p.m.]

তা যদি গণতন্ত্র হয় তাহলে তার থেকে লক্ষকোটি গুণ গণতন্ত্র বামফ্রন্টের আমলে আছে। দ্বিতীয় প্রতিশ্রুতি যেটা দেওয়া হয়েছিল সেটা হল পঞ্চায়েতের ভোট এক বছরের মধ্যে করা হবে। '৭৮ সালেই সেই ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন হয়েছে। বিরোধীরা গণতন্ত্রের কথা বলছেন। আপনারা শুনুন বর্তমানে যেটা আছে যে ৫ বছর অন্তর পঞ্চায়েতে ভোট, সেটাই কিন্তু শেষ কথা নয়। এখন গ্রামে গ্রামে গ্রাম সংসদ তৈরি হয়েছে। গ্রাম সংসদ মানে কি? গ্রাম সংসদ মানে হচ্ছে ভিলেজ পার্লামেন্ট। ১৫/১৬ লক্ষ ভোটার নিয়ে পার্লামেন্টের একটা সিটের নির্বাচন হয় আর গ্রামে গ্রামে বামফ্রন্ট সরকার ভিলেজ্ পার্লামেন্ট তৈরি করেছেন। ১৬(ক) ধারাতে বলা হয়েছে যে প্রতি বছর মে মাসে এবং নভেম্বর মাসে দু বার করে তারা সভায় বসবে এবং সেই সভায় মিনিমাম ১০ ভাগ ভোটারের সেই গ্রাম সংসদের সভায় অংশগ্রহণ করতে হবে, না হলে সেই সভা অবৈধ হবে, তা বাতিল হবে এবং পরে এর জন্য রিক্যুইজিসান মিটিং করতে হবে। ডিসেম্বর মাসে আবার এই গ্রামপঞ্চায়েতের সবাইকে নিয়ে মিটিং করতে হবে এবং সেখানে মিনিমাম ৫ পারসেন্টকে হাজির থাকতে হবে, তা না হলে সেই মিটিং অবৈধ হবে। সেখানে ভোটাভুটিও হতে পারে। সেখানে বেনিফিসিয়ারি কমিটি, উপভোক্তারা ভোটাভুটি করতে পারেন। তাহলে দেখা যাচ্ছে ১১ই মে ২০০৩-এ পঞ্চায়েতের ভোট হল, তারপর প্রতি বছর মে মাসে এবং নভেম্বর মাসে এবং ডিসেম্বর মাসে সভা হবে এবং সেখানে ভোটাভুটি হতে পারে। তার মানে ৫ বছর একজন ১৬ বার ভোটাধিকার পাচ্ছে এর চেয়ে গণতন্ত্র আর কি হতে পারে? এটা হচ্ছে পার্টিসিপেটারি ডেমোক্রাসি। মাননীয় পঞ্চায়েত মন্ত্রী বলেছেন যে তোমরা অংশ গ্রহণ করো নিজের গ্রামের পুনর্গঠনের ব্যাপারে। কিন্তু আমরা দেখছি বিরোধী দল এখানে তা না করে শুধু দলবাজি করে যাচ্ছেন। এই কংগ্রেস, তৃণমূল কংগ্রেস, বি. জে. পি. দল শুধু দলবাজি করে যাচ্ছেন। আমরা কিন্তু চাইছি গ্রামের উন্নয়ন। আমার বন্ধু শ্রী মান্ডি সঠিক ভাবেই বলেছেন যে '৭৬ সালে ৩ কোটি টাকা থেকে আজকে কয়েক হাজার কোটি টাকা পঞ্চায়েতের জন্য বরাদ্দ হচ্ছে এবং পঞ্চায়েতের মাধ্যমে তা খরচ হচ্ছে। কংগ্রেস আমলে ওরা মনে করতেন যে এটা ওদের পৈতৃক পয়সা কিন্তু আমরা মনে করি এটা হচ্ছে জনগণের পয়সা এবং তা দিয়ে রাস্তাঘাট, স্কুল কলেজ হচ্ছে। ২৫ বছর আগে রাস্তা দিয়ে হাঁটা যেত না কাদায় পা ডুবে যেত, পানীয় জল ছিল না, স্কুল ছিল না আজকে কিন্তু

সেই অবস্থা আর নেই। আজ গ্রামে গ্রামে রাস্তাঘাট হয়েছে, পানীয় জলের ব্যবস্থা হয়েছে, শিক্ষা বিস্তারের জন্য স্কুল, কলেজ হয়েছে। শিক্ষা বিস্তারের জন্য শিক্ষা বিভাগের পাশাপাশি পঞ্চায়েতগুলিও সরকারের পাশে এসে দাঁড়িয়েছেন। আজকে এরজন্য শিশু শিক্ষা কেন্দ্র খোলা হয়েছে। রুর‍্যাল ডেভলপমেন্ট ডিপার্টমেন্ট এবং শিক্ষা দপ্তর পাশাপাশি দাঁড়িয়ে শিশু শিক্ষা কেন্দ্র এবং এম.এস.কে.গুলি চালাচ্ছেন। কেন এম. এস. কে প্রয়োজন হল? যেহেতু শিক্ষা দপ্তর যে প্রাইমারী স্কুলগুলো করছে সেই গুলো পরিপূর্ণ হয়ে যাচ্ছে, তার পাশাপাশি এইগুলোর প্রয়োজন হয়ে পড়েছে। তাই পঞ্চায়েতের মাধ্যমে জনকল্যাণের জন্য এই কাজ করা হয়েছে। আপনারা গণতন্ত্রের কথা বলেন। আজকে মুর্শিদাবাদের লোকজন বলছে সন্ত্রাস। মুর্শিদাবাদ মালদায় কি আপনারা সন্ত্রাস করে জিতেছেন? আজকে নীতি নৈতিকতা কংগ্রেস বিসর্জন দিয়েছে। যারা তাদেরকে বলছে. সি.পি.এম.-এর বি.টিম তাদেরকে সঙ্গে নিয়ে এবং বি. জে. পি যেটা একটা সাম্প্রদায়িক দল তাদেরকে সঙ্গে নিয়ে মালদায় বোর্ড গঠন করেছেন। আপনারা আবার সন্ত্রাসের কথা বলছেন। নিজেরা জিতলে সন্ত্রাস নয়, অন্যরা জিতলে সেখানে সন্ত্রাস হয়েছে। এই তো আপনাদের চিন্তা-ভাবনা। এই বাজেটের পরিপূর্ণ সমর্থন করে বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পঞ্চায়েত এবং গ্রাম উন্নয়ন দপ্তরের মন্ত্রী ৪০ নম্বর দাবির অধীনে যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন সেই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে কাট মোশানের সমর্থনে বক্তব্য রাখছি। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে পঞ্চায়েত মন্ত্রী এবং সরকার পক্ষের সদস্যরা পঞ্চায়েতের মাধ্যমে বিকেন্দ্রীকরণ, জনগণের হাতে ক্ষমতা তুলে দেওয়া এই সব কথা বলছেন। এবারে একটা পঞ্চায়েত বিল পাশ করিয়ে নিয়ে গেলেন গত বুধবার সংখ্যাধিক্যের জোরে। সেখানে স্টেটমেন্ট অ্যান্ড অবজেক্টস অ্যান্ড রিজিলে বলা হয়েছ ক্ষমতার বিকেন্দ্রীকরণের কথা। সেখানে বলছেন With a view to strengthening the process of decentralization and making the governance of Panchayats more responsible, transparent and accountabe. খুব ভালো কথা। জনগণের হাতে আরো ক্ষমতা তুলে দেবেন, আরো স্বচ্ছ এবং দুর্নীতিমুক্ত পঞ্চায়েতি হবে তার জন্য বিল এনেছেন। আমি উল্টো দিক থেকে একটু বলতে চাই। সি.পি.এম সরকার যেটা প্রচার করছে দাবি করছে যে পঞ্চায়েত রাজের ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছি, জনগণের হাতে ক্ষমতা তুলে দিয়েছি এবং টাকা পয়সা জনগণের হাত দিয়ে সদ্ব্যবহারের সুযোগ করে দিয়েছি। তাহলে তো ২৬ বছরে সি.পি.এম-এর রাজত্বে সি.পি.এম-এর জনপ্রিয় হওয়ার কথা। জন সমর্থন তো তাদের ব্যাপক ভাবে থাকার কথা। পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে সি.পি.এস-এর কোনো দুর্ভাবনা থাকার কথা নয়। এতো ভালো কাজ করেছেন, জনগণ তো ব্যালটের মাধ্যমে ঢেলে ঢেলে ভোট দিয়ে দেবে। নির্বাচনের প্রাক্কালের সি.পি.এম. সরকার সি.পি.এম দলের নেতৃত্ব এতো বেশি ত্রাসের উপর নির্ভরশীল হয়ে পড়লেন কেন? পশ্চিমবাংলায় শান্তিপূর্ণ নির্বাচনের যতটুকু ঐতিহ্য ছিল—অনেক দিন আগেই সেটা নষ্ট হয়ে গেছে। এবারের নির্বাচনে সেটা সমাধিস্থ করে দিলেন। গত নির্বাচনে নজিরবিহীন

সন্ত্রাস সৃষ্টি করেছেন। নির্বাচনের প্রাক্‌কালে একটার পর একটা খুন হলো, হাজার হাজার বিরোধী প্রার্থী মনোনয়নপত্র জমা দিতে পারলো না। এতো ভয় কিসের? এতো জনপ্রিয় তো সন্ত্রাস করতে হলো কেন? আসলে তাঁরা জানতেন নির্বাচন যেভাবে হওয়া দরকার সেই ভাবে যদি নির্বাচন হয় তাহলে সেই নির্বাচনে গো-হারা হারতে হবে। সেই জন্য গত পঞ্চায়েত নির্বাচনে সন্ত্রাস সৃষ্টি করে হাজার হাজার বিরোধী প্রার্থীদের মনোনয়ন পত্র জমা দিতে দিলেন না। বুথ দখল থেকে শুরু করে সমস্ত কিছু করেছেন। একটা নজিরবিহীন সন্ত্রাস সৃষ্টি করেছেন যেটা গোটা ভারতবর্ষ লক্ষ্য করেছে। ওনাদের পলিটবুরোর সদস্য সীতারাম ইয়েচুরি মহাশয়।

[5.00–5.10 p.m.]

হিন্দুস্থান টাইমসে একটা নিবন্ধে বেরিয়েছিল—উনি শাক দিয়ে মাছ ঢাকতে চেয়েছিলেন। উনি বলেছিলেন, এই পঞ্চায়েত নির্বাচন যে রক্তস্নাত নির্বাচন হলো, এর কারণ পশ্চিমবাংলায় সি.পি.এম. পঞ্চায়েতের মাধ্যমে যারা ভূস্বামী, যারা কায়েমি স্বার্থের প্রতিভু, এই সিপিএম তাদের বিরুদ্ধে সংগ্রাম করে এসেছে। ১১ লক্ষ একর জমি, বেনাম জমি উদ্ধার করেছে। যার মূল্য ১১ হাজার কোটি টাকা। সেই জমি গরীব মানুষদের হাত বদল হয়ে ভু-স্বামীদের হাতে চলে এসেছে। তারা সিপিএমকে ক্ষমতাচ্যুত করার জন্য এটা করেছে। এরজন্য সিপিএম দায়ী নয়। ওই সমস্ত কায়েমী স্বার্থের প্রতিভূদের নাকি এই কাণ্ডকারখানা। আমি দেখিয়েছিলাম, It is a class battle between the exploiter and the exploited. আমি আবার বলতে চাই, আপনারা ১১ লক্ষ জমি উদ্ধার করেছেন বলছেন। সীতারাম ইয়েচুরি এইভাবে বলতে চেয়েছেন। কারণ পশ্চিমবাংলার মানুষ সিপিএমকে হাড়েহাড়ে জানে যা ভারতবর্ষের মানুষ জানে না। তাই তিনি এই কথা বলতে পেরেছিলেন। ১১ লক্ষ একর জমি আপনারা উদ্ধার করেননি। এর মেজর জমি উদ্ধার হয়েছিল ১৯৬৭ এবং ১৯৬৯ সালে প্রথম এবং দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের আমলে। এটা নিউ হরাইজেন ইন ওয়েস্টবেঙ্গল। মুখার্জী-ব্যানার্জী কমিশন আপনাদের সরকারের নিয়োজিত তদন্ত কমিশন। তাঁদের রিপোর্টের ৩ পাতায় লেখা আছে।

Over a million acres of good agricultural land had there been taken over. This was because during the years 1967-70 a massive drive had been undertaken under the first and second United Front Governments to detect and vest lands that had been clandestinely retained by land owners beyond their entitlement.

তাহলে ১০ লক্ষ একর জমি যেটা সেটা উদ্ধার হয়েছিল যুক্তফ্রন্ট সরকারের আমলে। আপনাদের আমলে উদ্ধার করেছেন আড়াই লক্ষ একর। ২২ মাসের যুক্তফ্রন্টের আমলে উদ্ধার হয়েছিল ১০ লক্ষ একর আর আপনারা করেছেন আড়াই লক্ষ একর। আজকে পঞ্চায়েতগুলো সব বাস্তুঘুঘুর বাসা হয়ে গেছে সিপিএম-এর হাতে। কন্ট্রাক্টর, প্রমোটারে সব ভরে গেছে। যার জন্য প্রয়াত বিনয় চৌধুরীকে বলতে হয়েছিল, It is a government of the contractor, for the contractor and by the contractor. অত্যন্ত দুঃখের সঙ্গে বিনয়বাবুকে

এইসব বলতে হয়েছিল। এই হচ্ছে আজকে পঞ্চায়েতের অবস্থা। আপনি এই যে পঞ্চায়েত বিল এনেছেন, এটা অত্যন্ত মারাত্মক। এর মাধ্যমে এইভাবে পঞ্চায়েতকে দলীয় স্বার্থে ব্যবহার করেও সুস্থির হতে পারছেন না। কারচুপি করে নির্বাচনে জিতেও আপনারা নিশ্চিত হতে পারছেন না। গোটা পঞ্চায়েতি ব্যবস্থাকে নষ্ট করতে চাইছেন। ডিসেন্ট্রালাইজেশনের নামে এই যে আইন করছেন, জনগণের হাতে ক্ষমতা তুলে দেবেন বলছেন, এটা কোন ধরনের গণতন্ত্র তা আমার জানা নেইও। গ্রামের সাধারণ মানুষ তাঁরা তাঁদের গ্রাম পঞ্চায়েতের সদস্যদের নির্বাচিত করলেন। তাদের ওপরে খবরদারি করার জন্য গ্রামোন্নয়ন সমিতি করলেন। এক একটা সদস্যের এলাকা ধরে গ্রাম সংসদ তৈরি হলো যেখানে সেখানে গ্রামোন্নয়ন সমিতি হবে। এর গঠনতন্ত্র কি, না সেই এলাকার যিনি নির্বাচিত সদস্য, তিনি পদাধিকার বলে চেয়ারম্যান হবেন। আর সবাই মনোনীত হবেন—সরকার মনোনীত সদস্য থাকবেন। আর এই যে উন্নয়ন সমিতি আপনি করছেন, এখানে রুল্‌স কি হবে, কাদের নিয়ে করবেন তা আপনি বলবেন। বেশিরভাগই বলতে গেলে বাকি আছে। অ্যাক্টে খানিকটা রেখেছেন। তাহলে দেখা যাচ্ছে গ্রামোন্নয়ন সমিতি তাদের উপরেই টাকা খরচ করবার সম্পূর্ণ নিয়ন্ত্রণ দেওয়া হয়েছে। কত টাকা দেবেন জানিনা, শুনছি ওটা ৫০ পার্সেন্ট হবে। এই যে গ্রামোন্নয়ন সমিতি এটা একটা মনোনীত সদস্যদের দ্বারা গঠিত সমিতি। সেখানে টাকা যে খরচ হচ্ছে তারাই নিয়ামক। একটা নির্বাচিত কমিটি তাকে পাশ কাটিয়ে মনোনীত বডির উপরে এই নিয়ন্ত্রণ ক্ষমতা যেভাবে তুলে দেবার ব্যবস্থা এটা কি গণতন্ত্র সম্মত কাজ করেছেন এই কথাটাই মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই। এরই নাম কি গণতন্ত্র এবং এরই নাম কি ক্ষমতার বিকেন্দ্রীকরণ?

আমাদের উন্নয়ন সমিতি গঠন করে ক্ষমতা বিকেন্দ্রীকরণের নামে বকলমে সরকারি মনোনীত সদস্যদের নিয়ে এই সমিতি গঠন করে নির্বাচিত পঞ্চায়েতের সদস্যদের উপর খবরদারি করার একটা ব্যবস্থা, যেটা বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে চূড়ান্ত ডিক্টেটরশিপ ইন দি নেম অফ ডিসেনট্রেলাইজেশান—সেই পথেই যাচ্ছে। আজকে অত্যন্ত স্বৈরতন্ত্রের পথে যেটা অত্যন্ত বিপজ্জনক। আপনি এইগুলো বিচার করবেন। এই যে বিকেন্দ্রীকরণ এটা ঠিক ক্ষমতার বিকেন্দ্রীকরণ নয়, পঞ্চায়েতের মাধ্যমে সিপিএমের হাতে ক্ষমতা কেন্দ্রীকরণের ব্যবস্থা করছেন। আপনারা ক্ষমতার বিকেন্দ্রীকরণ ঠিকই করছেন, তবে সেটা দুর্নীতির বিকেন্দ্রীকরণ, একেবারে গ্রাম রুট লেভেলে দুর্নীতি। গ্রামবাংলার মানুষের মধ্যে সততার যে জায়গা ছিল এবং আন্দোলনমুখী যে মানসিকতা ছিল আজকে পঞ্চায়েতের মাধ্যমে সেখানে একেবারে দুর্নীতিগ্রস্ত করে তোলার শর্ত শেকড় তৃণমূল স্তর পর্যন্ত সৃষ্টি করেছেন। জনগণের টাকাতেই সব করেছেন, পঞ্চায়েতের টাকা মানে জনগণের টাকা, পাবলিক একস্‌চেকার মানে জনগণের টাকা। তাকে কোনরকমে কুক্ষিগত করে পঞ্চায়েতে ব্যবহার করে এলাকায় এলাকায় ভেস্টেড ক্লাস সৃষ্টি করে তাদের দিয়ে শাসক দলের পক্ষে ভোট ব্যাংক সৃষ্টি করবার একটা হাতিয়ারে পযবসিত করেছেন এবং পঞ্চায়েতের মাধ্যমে সেই টাকা ব্যয় হচ্ছে কিন্তু যথাযত তার সদ্ববাহার হচ্ছে না। তার মনিটারিংও হচ্ছে না। ব্যাপকভাবে পঞ্চায়েতে এই ভেস্টেড ক্লাস সৃষ্টি হয়ে যাচ্ছে। তাই বিনয়বাবু পুরানো দিনের মানুষ ওই কথা বলতে বাধ্য হয়েছেন যে, It is Government of the Contractor, for the Contractor, by the Contractor.

এই কথাগুলো একটু স্মরণ করবেন। এটা অত্যন্ত অভিজ্ঞতা দিয়ে লক্ষ করছি তাই আমি বললাম। বিরোধীদের কিছু ভূমিকা আছে সেই হিসাবে আমার কিছু প্রশ্ন আছে।

এই গ্রামোন্নয়ন সমিতি গঠন করার ফলে এক্ষেত্রে দ্বৈত ক্ষমতার সমস্যা পঞ্চায়েত স্তরে আসছে। এই যে দ্বৈত ক্ষমতা—নির্বাচিত বডি আর মনোনীত বডি এর মধ্যে একটা ক্ষমতার দ্বন্দ্ব সংঘর্ষ হবে। এমনিতে গ্রাম বাংলায় আইন-শৃঙ্খলার খুব খারাপ অবস্থা। আমার আশঙ্কা যে, এতে আরো সংঘর্ষ বাড়বে। আইনশৃঙ্খলার চরম অবনতি হবে। আপনাদের নির্বাচিত গ্রাম পঞ্চায়েতগুলো যেভাবে এলাকার উন্নয়নের পরিকল্পনা নেবে আপনার ওই গ্রামোন্নয়ন সমিতির মাধ্যমে যারা বকলমে সিপিএমের মনোনীত প্রার্থী, তারা সেখানে সর্দারী করবে এবং সমস্ত ব্যবস্থাটা বানচাল করে দেবে এবং একটা সংঘর্ষ বাড়বে। একটা ভয়ংকর পরিস্থিতির সৃষ্টি হবে। গ্রাম বাংলার আইন শৃংখলা ভয়ংকর জায়গায় চলে যাবে, পঞ্চায়েতের এই ডিসেনট্রালাইজেশানের নামে ক্ষমতার বিকেন্দ্রীকরণের নামে কার্যত শাসক দলের হাতে ক্ষমতা কুক্ষিগত করার সুযোগ করে দেওয়া হচ্ছে। এটা খুব খারাপ কাজ করা হচ্ছে। আর গ্রাম পঞ্চায়েত স্তরে নির্বাচিত পঞ্চায়েতকে গ্রাম সংসদের কাছে দায়বদ্ধ করা বাধ্যতামূলক আইনে করা হয়েছে। কিন্তু উপরের দিকে অর্থাৎ জেলা পরিষদের ক্ষেত্রে সংসদের কাছে দায়বদ্ধতার প্রশ্নে কোন বাধ্যবাধকতার ব্যবস্থা নেই।

[5.10–5.20 p.m]

জেলা পরিষদে কোন অ্যাকাউন্টিবিলিটি নেই। ওখানে আরও উন্নত কারবার, ওর আসল রহস্য আলাদা। কারণ জেলা পরিষদের ১৭টির মধ্যে ১৫টিই সিপি এমের দখলে, আর দুটি জেলা পরিষদ শুধু অন্যদের হাতে। সেইজন্য জেলা পরিষদে খবরদারির কোন প্রয়োজন নেই। তাই ওখানে ওদের তথাকথিত গণতন্ত্রের দরকার নেই। ওদের স্ববিরোধিতার মধ্যে দিয়েই ওর ডিজাইনটা রিফ্লেকট হয়। আপনি বিরোধীদের স্ট্যান্ডিং কমিটিতে থাকবার প্রভিশানে রেখেছেন। এটা কি নির্বাচিতদের মধ্যে থেকে হবে, না মনোনীতদের মধ্যে থেকে হবে সেটা একটু বলবেন। সমস্ত জিনিসটাই ধোঁয়াটে। গ্রাম পঞ্চায়েতে ৪৯ হাজার উন্নয়ন সমিতি হবে, আবার এক একটি উন্নয়ন সমিতির পিছনে পাঁচ, ছয়টি করে উপসমিতি থাকবে। অর্থাৎ আড়াই লক্ষের মত উপ-সমিতি থাকবে। সমস্ত ব্যাপারটাই একটা হচপচ, একটা বিশৃঙ্খল অবস্থা, তার কোন দিশা আপনি দিতে পারেননি। ওই পঞ্চায়েত বিল জনবিরোধী, পশ্চিমবাংলার মানুষের হাতে, পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধিদের হাতে যতটুকু ক্ষমতা ছিল সেই ক্ষমতাটুকুও আপনারা খর্ব করার চেষ্টা করছেন। এই বিলের আলোচনার সময় আমি বলেছিলাম এই বিলটা সার্কুলেট করা হোক, পাবলিক ওপিনিয়ান এলিসিট করবার বাই থার্টি ফার্স্ট অক্টোবর। আপনাদের যদি সদিচ্ছা থাকত তাহলে আপনারা তাড়াহুড়ো করতেন না, জনগণের মতামত আপনারা নিতে পারতেন। কিন্তু আপনারা সেইভাবে করেননি, সংখ্যাগরিষ্ঠের জোরে এই জনবিরোধী বিল আপনারা বিধানসভায় পাশ করিয়ে নিয়েছেন। পশ্চিমবাংলার গণতন্ত্রকে ধ্বংস করবার জন্য

এই বিল আপনারা এনেছেন, আপনাদের এই জনবিরোধী পঞ্চায়েত নীতি এবং পঞ্চায়েত বাজেটের বিরোধিতা করে আমি এই হাউস থেকে ওয়াক আউট করছি।

শ্রী ধীরেন্দ্র নাথ সেন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীদের আনীত কাটমোশানের বিরোধিতা করে এই বাজেটের সমর্থনে আমি দু-একটি কথা বলব। একথা ঠিকই, গ্রাম বাংলার সামাজিক উন্নয়নে পঞ্চায়েতের ভূমিকা আজকে স্বীকৃত হয়েছে। কিন্তু সেকথা আজকে বিরোধিতা স্বীকার করছেন না। তাদের বক্তৃতা শুনে আমার খুবই খারাপ লাগল, গ্রাম বাংলার সামাজিক উন্নয়নে যখন পঞ্চায়েতের ভূমিকা সঠিক তখন এখানে সবার সহযোগিতা চলবে না কেন।

ভোটের সময় আমরা বিভিন্ন দলের হতে পারি, বিভিন্ন রঙের হতে পারি, কিন্তু জনপ্রতিনিধি হওয়ার পর ভোটার আমাদের ভোটার, সকল লোক আমাদের নিজেদের লোক, এই মনোভাব কেন হবে না। যে বক্তৃতা আজকে শুনলাম, তা খুব খারাপ লাগল। যারা বহু দিনের জনপ্রতিনিধি, তারাও কেন এর বিরোধিতা করছেন? যখন আমাদের গ্রামের উন্নয়ন দরকার, তখন সবাই কেন সহযোগিতা করব না? ভোটের সময় নিশ্চয় লড়াই হবে, কিন্তু ভোটের পর কেন সবাই সহযোগিতা করব না? আজকে পঞ্চায়েতের সাফল্য সকলেই স্বীকার করছেন। গান্ধীজি বলেছিলেন পঞ্চায়েতকে ক্ষমতা দাও। কিন্তু তৎকালীন সরকার সে কথা শোনেননি। একথা আজকে স্বীকার করতেই হবে যে, বামফ্রন্ট সরকার গ্রামের লোকেদের, দেশের লোকেদের সম্মান দিয়েছে, তাদের অধিকার, ক্ষমতা দিয়েছে। সেই ক্ষমতায় কি ভাবে আরও ভালোভাবে কাজ করা যাবে, সেটা আমাদের সকলেরই দেখা দরকার। জনপ্রতিনিধিরা নিশ্চয় সেই দৃষ্টিভঙ্গি নিয়ে চলবেন। ভোটের লড়াই শেষ হয়ে গেছে, এখন দেশের উন্নয়নের কাজ করতে হবে। পঞ্চায়েত যদি ভালো কাজ করে, তাহলে কেন সমর্থন করব না। সবসময় কেন কটাক্ষ করব যদি বিরোধী দলের পঞ্চায়েত হয়? যখন আমরা নির্বাচিত প্রতিনিধি হয়েছি, তখন আমরা সকলের জন্য, সকলকে নিয়েই কাজ করব। পঞ্চায়েতে দুর্নীতি থাকতেই পারে, কিন্তু সেই দুর্নীতি রোধের প্রচেষ্টাও করতে হবে। আমার লোক দুর্নীতি করলে সমর্থন করব, অপর লোক দুর্নীতি করলে চিৎকার করব, এটা কেন হবে? প্রত্যেকের দোষ ত্রুটি দেখব, সে আমার দলেরই হোক বা অন্য দলেরই হোক। এই দৃষ্টিভঙ্গি নিয়ে না চললে দেশের উন্নয়ন করা যাবে না। পঞ্চায়েতের আজকে ক্ষমতা আছে, সেই ক্ষমতা এমনি এমনি আসেনি। সেই ক্ষমতা এই সরকারই দিয়েছে এবং এই সরকারই পঞ্চায়েত পরিচালনার ক্ষমতা দিয়েছে। আমরা যারা জন-প্রতিনিধি, আমরা যারা দেশের উন্নয়ন চাই, যারা চালিকাশক্তি হব, শুধু সমালোচনা করলেই হবে না, ভালো কাজের প্রশংসা করব, অন্যায় কাজের বিরোধিতা করব। আগামী দিনে পঞ্চায়েতের অনেক ভূমিকা থাকবে এবং সেই ভূমিকা নিশ্চয় পঞ্চায়েতের প্রতিনিধিরা পালন করবেন। এখানে যারা জনপ্রতিনিধি আছেন, সকলের কাছে আমার অনুরোধ পঞ্চায়েতের চালিকাশক্তি হবেন জনগণ, সেই পঞ্চায়েত যাতে সঠিক ভাবে কাজ করে, দেশকে এগিয়ে নিয়ে যায়, সেখানে আপনাদের সকলের সহযোগিতা যেন থাকে। আপনারা জন-প্রতিনিধিরা গ্রামে ফিরে গিয়ে এই চেষ্টা করবেন। শিক্ষিত বা অশিক্ষিত, গ্রামের প্রতিটি মানুষ যাতে জীবিকা উপার্জন করতে পারে, পানীয় জল পায়, শিক্ষা পায়, এই ব্যাপারে বামফ্রন্ট সরকার সচেষ্ট আছে। এক্ষেত্রে পঞ্চায়েত বড় ভূমিকা

নিতে পারে আগামী দিনে এবং সেক্ষেত্রে আপনাদের সকলের সহযোগিতা দরকার। আসল কথা হচ্ছে দেশের উন্নয়ন এবং এক্ষেত্রে আমাদের যতটুকু ক্ষমতা আছে, সেটা সঠিক ভাবে কেন ব্যবহার করতে পারব না?

[5.20–5.30 p.m]

সেটা যদি সঠিকভাবে বিবেচিত হয়, তাহলে আজকে এখানে এত গোলমাল চিৎকার বিরূপ মন্তব্য করতে হত না। পঞ্চায়েত সঠিকভাবে কাজ করছে এটা ঠিক কথা। কিন্তু ভুল ত্রুটি হতেই পারে। কিন্তু উন্নয়ন যে হয়েছে, সেটা সকলেই স্বীকার করছেন। রাজীব গান্ধী থেকে শুরু করে সবাই স্বীকার করেছে যে, পশ্চিমবঙ্গে গণতন্ত্রের ফলে বিরাট পরিবর্তন এসেছে। এসব জিনিস এমনি হয় না। এটা বামফ্রন্ট সরকারের কৃতিত্ব এবং সেই কৃতিত্বের অধিকারী সকলেই। সেই অধিকার যাতে বজায় থাকে এবং সেই অধিকার নিয়ে যাতে আমরা চলতে পারি, সেই দিকে দৃষ্টি দিতে হবে। এই যে উন্নয়ন পর্ষদ করা হয়েছে সেটা উন্নয়নের টাকা যাতে বাজেভাবে খরচ না হয়, সেটা দেখার জন্য। সুতরাং এটা লক্ষণীয় বিষয় সমালোচনার বিষয় নয়। বামফ্রন্ট সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে যেটুকু পেরেছে, সেটুকু করেছে। কংগ্রেস আমলে দেশে খেতে পেত না। গ্রাম ছেড়ে শহরে চলে আসত। আজকে গ্রাম ছেড়ে গ্রামের লোক কোথাও যায় না। আজকে সব ছেলেমেয়েরা স্কুলে পড়ছে। এটা কৃতিত্বের ব্যাপার নয়? গরীব বড়লোক সবাই একসঙ্গে পড়ছে। এটাও বামফ্রন্টের কৃত্বিত্ব এবং পঞ্চায়েতেরর কৃতিত্ব। আসল কথা হচ্ছে বামফ্রন্ট সরকার দেশের উন্নয়ন চায়। জাতির উন্নয়ন চায়। সমাজের উন্নয়ন চায় এবং সেই উন্নয়নের ক্ষেত্রে যদি সরকার বিফল হয়, তাহলে নিশ্চয় সমালোচনা করবেন। কিন্তু সমালোচনার জন্য সমালোচনা করবেন এটা ঠিক নয়। আমরা চাই মানুষ যেন মাথা উঁচু করে দাঁড়াতে পারে। আমরা চাই পশ্চিমবঙ্গ এগিয়ে চলুক। শিক্ষায় সামাজিক উন্নয়নে পশ্চিমবঙ্গ এগিয়ে গেছে। পশ্চিমবঙ্গ সাম্প্রদায়িকতা থেকে মুক্ত। এটা গর্বের কথা। এই গর্বের অধিকারী আপনারা সকলেই। পঞ্চায়েতের দোষ ত্রুটি নিশ্চয় থাকবে। সেটা সংশোধনের চেষ্টা করব। অসৎ কাজ হলে নিশ্চয় প্রতিরোধ করব। কেউ অন্যায় করলে প্রতিকার করব। আমরা চাই আগামীদিনে আপনারাও পঞ্চায়েতকে এগিয়ে নিয়ে যান। পঞ্চায়েতকে সহায়তা করুন। এই কথা বলে শেষ করছি।

শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা : এখানে বক্তব্য রাখার সময় অনেক সদস্য গ্রামোন্নয়ন সংসদ সম্পর্কে তাদের আপত্তির কথা জানিয়েছেন। এই বিল যখন আলোচনা হয়েছিল, তখন আমরা আপত্তি করেছি। এখন আমরা আপত্তি করছি যে, এটা করে অসাংবিধানিক কাজ করা হয়েছে। নির্বাচিত গ্রামপঞ্চায়েতের উপর আর একটা কমিটি চাপিয়ে দিয়ে গণতন্ত্রের সর্বনাশ করা হয়েছে। আমরা চাই এই বিল প্রত্যাহার করা হোক। এই আইন প্রত্যাহার করা হোক। যদি এটা প্রত্যাহার না করা হয়, তাহলে আমরা এই সভা পরিত্যাগ করছি।

এখানে আমি বক্তব্য রাখার সময় অনেক সদস্য গ্রাম উন্নয়ন সমিতি সম্বন্ধে তাদের আপত্তির কথা জানিয়েছেন। বিলে যখন আলোচনা হয়েছিল, তখনও আমরা এই আপত্তি করেছি।

এখানেও আমরা আপত্তি করছি। এটা করা একটা অসাংবিধানিক কাজ করা হয়েছে। পঞ্চায়েতের উপর একটা সিলেক্টেড বডিকে চাপিয়ে দেওয়া এটা গণতন্ত্রের সর্বনাশ করা হচ্ছে। আমরা চাই এই আইন প্রত্যাহার করা হোক।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, একজন পথপ্রদর্শক বেরিয়ে যাচ্ছে দেখে, বাকী সবাই তাঁকে তাঁর পিছনে যাচ্ছেন। ওদের কে কাকে অনুসরণ করেন সেটা বলা মুশকিল ওদের বক্তৃতা শুনে বোঝা যাচ্ছিল না এটা বাজেট নিয়ে আলোচনা হচ্ছে না বিল নিয়ে আলোচনা হচ্ছে। যাই হোক বিল হয়েছে, আলোচনা হয়েছে, পাশ হয়েছে আমি তার মধ্যে যাচ্ছি না। রুলস হবে, লে করা হবে, মাননীয় সদস্যদের দেখবার এবং বলবার অধিকার থাকবে। আর আমি কি জবাব দেব। ওরা বলছেন যে রক্তাক্ত হয়েছে। হ্যাঁ, হয়েছে। আমরা রক্তাক্ত হয়েছি, ওরা হন নি। ওরা বলছেন যে কয়েক হাজার আসনে প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। আমরা কি করতে পারি। আমরা ওদের রিলিফ দিতে পারি, বন্যা হলে ত্রিপল দিতে পারি, ঘর ভেঙে গেলে বাড়ী দিতে পারি, রাস্তা দরকার হলে সারিয়ে দিতে পারি, বিদ্যুৎ দিতে পারি কিন্তু সরকার প্রার্থী সরবরাহ করতে পারে না। ওরাই আমাদের বঞ্চিত করেছেন। নির্বাচনে প্রার্থী দিতে ব্যর্থতা মানুষকে নির্বাচনে অংশগ্রহণ করা থেকে বঞ্চিত করেছে। আমার অনেক কথাই বলার ছিল কিন্তু কথা বাড়াচ্ছি না। যেহেতু ওরা নেই। মাননীয় সদস্যদের অবগতির জন্য কিছু কথা বলছি, কিছু বিষয় এসেছে আলোচনার জন্য। ওরা কিছুই ভালো দেখছেন না। সারা বিশ্বে আমাদের এই পঞ্চায়েত ব্যবস্থা প্রশংসিত হচ্ছে। ২০০০ সালে ইউ. এন. ডি. পি হিউম্যান ডেভেলপমেন্ট রিপোর্ট মানব উন্নয়ন রিপোর্ট যা বেরিয়েছে সর্বশেষ তাতেও পশ্চিমবাংলার পঞ্চায়েত বিকেন্দ্রীকরণ ব্যবস্থার সাফল্য স্বীকৃতি পেয়েছে। সারা বিশ্বে একটা অনুকরণযোগ্য, অনুসরণযোগ্য দৃষ্টান্ত হিসেবে উল্লেখিত হয়েছে। যেখানে আমাদের রাষ্ট্রসংঘের একটা সংস্থা সারাদেশের তুলনামূলক চিত্র দিয়ে আমাদের কথা উল্লেখ করেছেন সেখানে আমাদের বিরোধীরা আমাদের এখানে এইসব জিনিস দেখতে পাচ্ছেন না। ওরা বলছেন যে আমাদের কিছুই খরচ হচ্ছে না। এই খরচ সম্পর্কে আমি দু-একটি কথা বলতে চাই। কয়েকটি প্রকল্প ধরে ধরে আমি আপনাদের বলছি। জে. জি. এস. ওয়াই আমাদের গত বছর খরচ হয়েছিল এর আগের আর্থিক বছরে ২০০১- ০২তে ২১১ কোটি ৬০ লক্ষ আর ২০০২-২০০৩ এ আমাদের খরচ হয়েছিল ৩০০ কোটি ৪০ লক্ষ টাকা। উল্লেখযোগ্যভাবে বেড়েছে। ইন্দিরা আবাস যোজনা। আমাদের খরচ হয়েছিল ২০০০.০১এ ১২২ কোটি ১০ লক্ষ। রাউন্ড ফিগারে বলছি। এটা বেড়ে এবারে হয়েছে ১৪৯ কোটি ৫০ লক্ষ টাকা। শতাংশ হিসেবে ৮০ শতাংশের কাছাকাছি, আমাদের খরচ হয়েছে। এস. জি. এস. ওয়াই আমাদের খরচ হয়েছে ২০০১-০২ সালে ২৮ কোটি ৬০ লক্ষ, এবারে ৫৩ কোটি ৬০ লক্ষ টাকা। সেল্ফ হেল্প গ্রুপ, স্বনির্ভর গোষ্ঠী আমাদের যা গঠিত হয়েছিল, এই প্রকল্প সেটা প্রায় ৬০ হাজার ৮৯৬। প্রত্যেকটা গ্রুপে গড়ে ১০ জন করে সদস্য আছে এবং এদের কোটি কোটি টাকা নিজস্ব সঞ্চয় তারা করেছেন। সব দপ্তরে স্বনির্ভর গোষ্ঠি সমবায় যারা আছেন তাদের যদি মেশানো যায় এটা ইতিমধ্যেই লক্ষাধিক অতিক্রম করবে। তা সত্ত্বেও খরচ সম্পর্কে আমাদের সন্তুষ্টির কোন অবকাশ নেই। ৭৮ হবে

কেন, ৯৯ হবে না কেন? সেটা তো আমাদের হাতে সবটা নেই। ওরা বক্তৃতা করলেন এখানে নেই। বলছেন যে ফুড গ্রেন খরচ হচ্ছে না।

[5.30–5.40]

ফুড গ্রেনে খরচ হচ্ছে না তো কি করতে পারি। চাল, গম আমাদের যা বরাদ্দ তা ফুড কর্পোরেশন দিতে পারছে না। আমাদের বরাদ্দ ১ লক্ষ ৩০ হাজার মেট্রিক টনের মত। তার মধ্যে ওরা দিতে পেরেছেন ৮২ হাজার মেট্রিক টনের মতো। মানে ৪৭ হাজার মেট্রিক টনের মত ওরা দিতে পারছেন না। আর, যখন আমাদের শ্রমিকদের মজুরী দিতে হয়, কিছুটা টাকায় এবং কিছুটা খাদ্যশস্যে, চাল-গম হিসাবে দিতে হয়। দিল্লীতে আমি বলেছিলাম এবং অন্যান্য রাজ্যের পক্ষ থেকেও বলা হয়েছিল যে, হয় শ্রমিকদের চাল গম দিন না হয় টাকা দিন। কিন্তু সেটা দেখছেন না। তাহলে টাকা খরচ করব কি করে? চাল, গম দিতে পারছে না। অন্ত্যোদয় যোজনা, অন্নপূর্ণা যোজনাতে এফ. সি. আই চাল, গমের জোগান দিতে পারছে না মাসের পর মাস। অথচ, ৫ কোটি টন শস্য পচে নষ্ট হচ্ছে, ইদুঁরে খাচ্ছে। এটা সবাই জানেন যে ওরা সরবরাহ করতে পারছে না। আমি নিজে ওদের সঙ্গে এ ব্যাপারে মিটিং করেছি। টাকা তার সঙ্গে বাঁধা, ফলে টাকা খরচ করা মুশকিল হয়ে পড়ে। টাকা যা আসে, আমি হাউসে অনেকবার বলেছি, আমি আবার রেকর্ড করাতে চাই যে, টাকা যা আসে তার একটা সিংহভাগ আসে জানুযারী, ফেব্রুয়ারী, মার্চ মাসে। কি করে খরচ করব? অনেকবার বলেছি, যা টাকা সেটা কাজের মরসুমে দেওয়া উচিৎ, বছরের শেষে দিলে কি করে কাজ করব। উদাহরণস্বরূপ বলছি, গত আর্থিক বছরে এস. জে. আর. ওয়াই ওরা দিয়েছেন ৯৯ কোটি ৩৭ লক্ষ। তার মধ্যে যদি জানুয়ারী, ফ্রেব্রুয়ারী, মার্চ মাসের অ্যালটমেন্টে দেখেন তাহলে দেখবেন তার পরিমাণ ৮৪ লক্ষ্য টাকা, শেষের তিন মাসে। মার্চে ২০ কোটি টাকা মত। মার্চে টাকা নিয়ে মার্চে খরচ করা যায়? ফেব্রুয়ারীতে টাকা দিয়ে বলবেন মার্চে খরচ দেখান? এস. জে. আর. ওয়াই-২তে বরাদ্দ ১০৭ কোটি টাকার মধ্যে শেষের তিন মাসে পেয়েছি ৪১ কোটি টাকা, আই. এ. ওয়াই-এ বরাদ্দ ১০১ কোটি টাকার মধ্যে শেষের তিন মাসে পেয়েছি ৪০ কোটি টাকা। এইভাবে আরো প্রকল্প ধরে ধরে আমি বলতে পারি যে, ২০০২-০৩ সালে সেন্ট্রাল রিলিজের কত পরিমাণ মার্চ মাসে পেয়েছি? আসলে আমার বলার উদ্দেশ্য হচ্ছে, যে টাকা মার্চ মাসে পাওয়া যায় তার খরচের রিপোর্ট মার্চ মাসে দেওয়া যায় না। অন্যরা কি করে এই কৌশল আয়ত্ত করেছেন তা আমি জানি না এবং তাদের কথা বলতেও চাই না। আমরা পারছি না। আমরা কেন্দ্রকে বলছি টাকাটা সময়মত রিলিজ করুন, সময়মত চাল-গম পেলে প্রকল্প চলতে পারে।

ওল্ড অ্যান্ড পেনশন প্রকল্পে নানা সমস্যা আছে আমাদের। ৭৫ শতাংশ মত খরচ করেছি। ৩ লক্ষ ৩২ হাজার ৮৭৫ জন বার্ধক্য ভাতা পাচ্ছেন। কবে কোথায় ক-জন কাদের আমলে পেয়েছেন তা সবাই জানেন।

ফ্যামিলি বেনিফিট স্কীমে অ্যাকসিডেন্ট ইত্যাদি হলে ৬, ২৪৩ জন এটা পেয়েছে। কৃষি শ্রমিকদের জন্য প্রভিডেন্ট ফান্ড। ভারতবর্ষের আর কোথায় আছে? এটা আমাদের রাজ্যের

স্কীম। এক্ষেত্রে রেজিস্টার্ড হয়েছেন ৭ লক্ষ ৩২ হাজার ২৯৪ জন। আইডেনটিটি কার্ড পেয়েছে ৬ লক্ষ ৭৬ হাজার জন মত। জমা দিয়েছেন ৬ কোটি ৬৫ লক্ষ। গত আর্থিক বছর থেকে শুরু হয়েছে। ৫০ অবধি যাদের হয়ে যাচ্ছে তারা টাকা ফেরৎ পাচ্ছেন। যদিও এখন ১৫ জনের মত। এই টাকা দিয়েছি। এটা বাড়বে। ফেরৎ শুরু হয়ে গেছে।

শিশু শিক্ষাকেন্দ্র কর্মসূচী আমাদের রাজ্যের কর্মসূচী। আমরা এটা করেছি। ১৪ হাজার ৬৯৯ টা কেন্দ্র চলছে। ৩৩,৬৭০ জন সহায়িকা কাজ করছেন। ৭ লক্ষ ৯৮ হাজার ছেলেমেয়ে ওখানে পড়ছে। ট্রেনিং-এর কথা আমরা বলেছি। ট্রেনিং আমরা প্রত্যেকবার করে থাকি, এবারেও করবো। আমরা তো খালি পঞ্চায়েতের ট্রেনিং-এর ব্যবস্থা করি না, আমরা ওই বিরোধীদেরও ট্রেনিং-এর ব্যবস্থা করেছি, সেটাই আমরা আগে আপনাদের বলেছি। যাঁরা বিরোধী দলের নেতা তাঁদের তো বিরোধী দলের ট্রেনিং দেওয়া উচিত যে, কিভাবে বিরোধিতা করতে হবে। সেটা ওঁরা ট্রেনিং দেন না। আমাদেরই ট্রেনিং দিতে হয়। বিরোধী দলের নেতারা কিভাবে বিরোধিতার কাজ করবেন সে ব্যাপারে। বি. পি. এল. তালিকা খুব পুরোনো হয়ে গেছে। এ ব্যাপারে এখানে প্রশ্ন-উত্তর হয়েছে, জবাব হয়েছে। আমার ব্যাখ্যার কোন দরকার আছে বলে মনে হয় না। তারপর আমি বলছি, সবশেষে সুপ্রিম কোর্ট থেকে একটি নির্দেশ কেন্দ্রীয় সরকারকে দেওয়া হয়েছে যে, তাঁরা যেন রাজ্যগুলোকে এই তালিকায় নাম বাদ দেওয়ার অন্তর্ভুক্তির ব্যাপারের কোন চাপ না দেয় বলে আমরা চিঠি পেয়েছি। সতিকারের কি আদেশনামা হয়েছে ইত্যাদি আমরা আমাদের যে আইনজ্ঞ আছেন তাঁদের কাছে জানতে চেয়েছি। কিন্তু আমাদের বক্তব্য খুব পরিষ্কার। আমাদের তালিকা আছে, আমাদের কাজ হচ্ছে এবং তালিকা সবসময় সংশোধন যোগ্য। কখনও আমরা বলিনি, এই তালিকা হচ্ছে চূড়ান্ত। ক্লেইম সবসময় হয়, আবার ভবিষ্যতে নেওয়ার সুযোগ রয়েছে। কিন্তু সুপ্রিম কোর্টের যা রায় সেই অনুযায়ী আমাদের পরবর্তী কার্যক্রম ঠিক করতে হবে এবং এটাও আমি বলছি যে, কত শতাংশ লোক দারিদ্রসীমার নিচের তালিকাভুক্ত হবেন এটা কেন্দ্র ঠিক করে দিচ্ছে। এখন আমাদের তার মধ্যে রাখার একটা বাধ্যবাধকতা আছে। তার জন্য আমাদের বলে কিছু লাভ নেই এবং কেন্দ্রের নীতি সম্পর্কে আমাদের বক্তব্য বিশদভাবে আগেও বলা হয়েছে। অডিটের একটা কথা ওঁরা বললেন। অডিটের ক্ষেত্রে আমি দেখছি যে, আমাদের গ্রামপঞ্চায়েতের অডিট ১৯৯৯-২০০০ পর্যন্ত ৯৭ পারসেন্ট হয়েছে, ২০০০-২০০১-এ ৯০ পারসেন্ট গ্রামপঞ্চায়েতের অডিট হয়েছে। এবং ২০০১-২০০২-এ ৬৩ পারসেন্ট গ্রামপঞ্চায়েতের অডিট হয়েছে। এটা আমাদের আগের চাইতে অনেক ভাল এবং ২০০২-২০০৩ এর কথা আমি বলছি না, কারণ ২০০২-২০০৩-এর অডিট এখন হবে এবং সেটা ই.এল. এ করবে, ক্যাগ থেকে হবে—সেটা আমাদের নীতিগত ঘোষণা, আমরা আগেই করেছি। পঞ্চায়েত সমিতি এবং জেলাপরিষদের অডিট আমরা করি না, ক্যাগ থেকে এটা হয়, ই.এল.এ. করেন অডিট। আমি সর্বশেষ যে খবর পেয়েছি— আমার জেলা ভিত্তিক হিসেব আছে—আজকেও টেলিফোনে যে খবর পেয়েছি তাতে জানলাম যে, ওঁরা প্রায় সেটা আপ-টু ডেট করে এনেছেন। অনেক পিছিয়ে ছিল আমাদের পঞ্চায়েত সমিতির অডিট। আমি এখানে

দেখছি ২০০১-২০০২-এ ৮৬টি পঞ্চায়েত সমিতির অডিট ওঁরা করতে পেরেছিলেন ৩৩৩ টার মধ্যে। কিন্তু আজকে আমি টেলিফোনে শুনেছি যে, এটা প্রায় তাঁরা আপ-টু-ডেট করে ফেলেছেন। জেলাপরিষদের অডিটও ২০০১-২০০২ পর্যন্ত ৫টির অডিট হয়ে গেছে। আর বাকি ৮টি ২০০০-২০০১ পর্যন্ত হয়েছে। একটারই অডিট ১৯৯৯-২০০০ পর্যন্ত হয়েছে। আপনারা যদি খেয়াল করেন তাহলে দেখবেন যে, ২ বছর আগে এগুলো সব ৮ বছর, ১০ বছর এরকম অডিট পেন্ডিং ছিল, এখন এগুলো প্রায় আপডেটেড হয়ে গেছে এবং এর পরের হিসেব— এ ব্যাপারে আজকে টেলিফোনে যে খবর পেয়েছি তাদে জানতে পারলাম যে, এটা অনেক এগিয়েছে। আর আমাদের বিভিন্ন প্রকল্পে অডিটে আমাদের প্রত্যেকবার আমি হিসেব দিয়ে থাকি যে, কি ব্যবস্থা ইত্যাদি নেওয়া হচ্ছে। দুর্নীতি ইত্যাদি ওঁরা বলেন। সম্ভবত উপরে যা হচ্ছে সেগুলোকে ঢাকার জন্য, গ্রামপঞ্চায়েতকে ধরেছেন—যাই হোক আমরা প্রত্যেকবার একটা হিসেব দিয়ে থাকি, এবারেও দিচ্ছি আমি। মার্চ পর্যন্ত ১৭৩ জনের বিরুদ্ধে বিভিন্ন ব্যবস্থা নেওয়া হয়েছে, ১২৩ জনের বিরুদ্ধে এফ. আই. আর. করা হয়েছে, ৬৩টি ক্ষেত্রে তাদের সাসপেনশন বা রিভিউয়াল হয়েছে, অ্যারেস্ট হয়েছেন ১৯ জন, আর অন্যান্য হচ্ছে ৯। এই হচ্ছে হিসেব, যা আমরা দিয়ে থাকি। আরেকটা প্রকল্প যেটা ওঁরা উল্লেখ করেননি, আমাদের বাজেটে বলা আছে যে, স্যানিটেশন— এ ব্যাপারে আমি আপনাদের একটা হিসেব দিতে চাইছি যে, এটাও আমাদের রেকর্ড। সারা দেশের মধ্যে সর্বোচ্চ স্থানে আমরা রয়েছি। এই যে শৌচাগার নির্মাণ — ২-৪ টি হয়তো কেউ ব্যবহার করেন না, সেটা হতে পারে, সেটা দেখতে হবে হবে। কিন্তু যা রেকর্ড আমাদের আছে— এটা কোথাও নেই ভারতবর্ষ। আমরা এ পর্যন্ত ২২ লক্ষ ৯৭ হাজার ২১৫টা শৌচাগার তৈরী করেছি— সারা গ্রামাঞ্চলের ৪০ পারসেন্টের বেশী বাড়ি এর মধ্যে পড়ে। ২২ লক্ষ ৯৭ হাজার — এর মধ্যে ৯ লক্ষর মতো আমরা গত আর্থিক বছরে করেছি।

[5.40–5.44 p.m]

আমাদের ২২ লক্ষ ৯৭ হাজার ২১৫টি শৌচাগার তৈরি করেছি। আমি কয়েকটি রাজ্যের হিসাব দিয়েছি— ৪ লক্ষ ৪০ হাজার ৭৯০টি অন্ধ্রপ্রদেশে। আসামে ১৮৫, কেরলে ১ লক্ষ ২৩ হাজার, মধ্যপ্রদেশে ২১ হাজার ২২৯, মহারাষ্ট্রে ৬৩ হাজার ৮৫৭, উড়িষ্যার ৫৩ হাজার ৮৫৭টি, তামিলনাড়ুতে ৪ লক্ষ ৫৬ হাজার, উত্তরপ্রদেশে ৩ লক্ষ ৯৪ হাজার আর পশ্চিমবঙ্গে আবার আমি বলছি ২২ লক্ষ ৯৭ হাজার। স্কুল স্যানিটেশান যে হয়েছে আমাদের এখানে তা হচ্ছে ৭ হাজার ৩১১টি হয়েছে— প্রাইমারী স্কুলে শৌচাগার তৈরি হয়েছে। এখানে সব রাজ্যের হিসাব আছে, তবে আমাদের ধারে কাছে কেউ নেই। সেইজন্য মোটামুটি আমাদের দপ্তরের যে প্রকল্পগুলি আছে তার একটা সংক্ষিপ্ত বিবরণ আমি নিয়েছি। এখানে তো ওদের বিরোধিতা করার নেই। ওদের কথার বিশেষ জবাব দিচ্ছি না। আমি আশা করি আপনারা সবাই এই ব্যয় বরাদ্দের দাবিকে গ্রহণ করবেন। আমি বিরোধীদের আনা যত কাটমোশানগুলিকে বিরোধিতা করে আমার বক্তব্য পেশ করছি।

The motions (cut motion nos. 3-5) that the amount of the Demand be reduced to Re. 1, were then put and lost.

The motions (cut motion nos. 68-69, 70-78) that the amount of the Demand be reduced by Rs. 100, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta mored on 20.3.203 that a sum of Rs. 646,52,44,000 be granted for expenditure under Demand no. 40, Major Heads "2217–Urban Development, 2235. Social Security and Welfare, 2245- Relief on account of Natural Calamities, 2501- Special Programme for Rural Development, 2505- Rural Employment, 2515 Other Rural Development Programmes, 3451 Secretariat- Economic Services, 3604- Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4515- Capital Outlay on Other Rural Development Programmes and 6515 Loans for other Rural Development Programmes" during the year 2003-2004.

This is inclusive of a total sum of Rs. 240, 12, 00,000 already voted on account in March, 2003., was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-44 p.m. till 11.00 a.m. on Thursday, the 17th July, 2003 at the Assembly House, Calcutta - 700001.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of th Assembly House, Kolkata, on Thursday, the 17th July 2003 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Minister, 07 Ministers of State and 108 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

তথ্য প্রযুক্তি নীতির ভিত্তিতে লগ্নীকারীদের অভিযোগ

*৩২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩) **শ্রী তপন হোড়** : তথ্য প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার ঘোষিত তথ্য প্রযুক্তি নীতির ভিত্তিতে লগ্নীকারীরা বিনিয়োগ করার ক্ষেত্রে নানা অসুবিধা নিয়ে রাজ্য সরকারের নিকট অভিযোগ করেছেন ;

(খ) সত্যি হলে, তার কারণ কী ; এবং

(গ) বর্তমান আর্থিক বছরে উক্ত ক্ষেত্রে মোট লগ্নীর পরিমাণ কত?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : (ক) লগ্নীকারীদের অভিযোগ সম্পর্কে তথ্য প্রযুক্তি দপ্তর অবহিত আছে।

(খ) এ প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে, ২০০১ সালের উৎসাহ প্রদান প্রকল্পে বিভিন্ন ধরনের শিল্পের সংজ্ঞা ও শ্রেণী বিভাজন বিষয়ে কিছু সমস্যা আছে। তাই 'তথ্য প্রযুক্তি উৎসাহ প্রদান প্রকল্প ২০০১' পরিমার্জন করে কিছু নতুন বিষয় অন্তর্ভুক্ত করার কর্মসূচী নেওয়া হয়েছে।

(গ) বর্তমান আর্থিক বছরে (২০০৩-২০০৪ অর্থবর্ষে) টেলিকম সেক্টরে ২০০ কোটি টাকা এবং আই-টি সেক্টরে ৩০০ কোটি টাকা লগ্নী করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। গত বছর অর্থাৎ ২০০২-২০০৩ আর্থিক বছরে টেলিকম সেক্টরে লগ্নী হয়েছে ৭০০ কোটি টাকা এবং আই-টি সেক্টরে লগ্নী হয়েছে ২০০ কোটি টাকা। এর মধ্যে এককভাবে রিলায়েন্স্-এর লগ্নীর পরিমাণ ৫৮৫ কোটি টাকা।

শ্রী তপন হোড় : স্যার, অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন, বিভিন্ন ধরনের শিল্পের সংজ্ঞা ও শ্রেণী বিভাজন বিষয়ে কিছু সমস্যা আছে। তাই "তথ্য-প্রযুক্তি উৎসাহ ত্রাণ প্রকল্প ২০০১" পরিমার্জন করে কিছু নতুন বিষয় অন্তর্ভুক্ত করার কর্মসূচী নেওয়া হয়েছে। যে সমস্যার কথা বলছেন সেই সমস্যাটা কি এবং যে নতুন নতুন কর্মসূচী নেয়ার কথা বলছেন সেগুলি কি কি?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : সমস্যাটা প্রধানত মৌলিক—তথ্য প্রযুক্তি সেক্টরে শিল্প এবং পরিষেবা ; আই, টি, ই, এস-এর সংজ্ঞার প্রশ্নে কিছু স্বচ্ছতার অভাবে তা শিল্প হিসাবে স্বীকৃত নয়, পরিষেবা হিসাবে স্বীকৃত। এই সমস্যার মৌলিক সমাধানের উদ্দেশ্যে ২০০১ সালের উৎসাহ প্রদান প্রকল্পের পরিমার্জনের মধ্যে দিয়ে আমরা নতুন তথ্য-প্রযুক্তি নীতি ঘোষণা করব। আগামী মাসের মধ্যেই সেটা একটা সামগ্রিক প্যাকেজ হিসাবে ঘোষণা করব।

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এখানে তথ্য-প্রযুক্তি সেক্টরে লগ্নীর কথা উল্লেখ করেছেন। এখন পর্যন্ত কোন্ কোন্ দেশী বিদেশী কোম্পানী উৎসাহিত হয়ে এখানে লগ্নী করতে আসছে? এবং এখানে আই.টি-র যে প্রোজেক্ট নিয়েছেন সেই প্রোজেকটের ভবিষ্যৎ সম্পর্কে যদি একটু বলেন।

শ্রী মানবেন্দ্র মুখার্জী : এক্ষেত্রে এই সভায় যেটা অবহিত করতে পারি সেটা হচ্ছে এই, ভারতবর্ষে যারা প্রধান তথ্য প্রযুক্তির ক্ষেত্রে শিল্প তাদের মধ্যে ইনফোসিস এবং সত্যম ছাড়া বাকি সব ক'টি বিগ্ হাউসের ইনভেস্টমেন্ট আমাদের রাজ্যে আছে। ইনফোসিস এই কথা দিয়েছে পরবর্তী কেন্দ্র করার সময়ে কলকাতার ক্ষেত্রে অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনা করবেন। ফলত, প্রধান তথ্য প্রযুক্তি সবার উপস্থিতি আমাদের এখানে আছে। এ ছাড়া নতুন করে আমরা সাড়া পাচ্ছি। ইতিমধ্যে যেগুলি আছে সেগুলির তালিকা দিলেই বুঝতে পারবেন তারা সত্যি-সত্যি ভারতবর্ষের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সংস্থা।

যথা—IBM, TCS, WIPRO, TCB, CA-TCG, Congnizant, TCT, R.S. Software, SEMA, Ressearch Engineers, NIIT, DPS, CAD WORLD, HCL INFD, VAI, CONVERGENCE, LEX MARK, USHACOM, ALUMNUS, TECHAN, GLOBSYN, BNK-E, ASTRALSYS, SKY TECH, INTERRA, ARB, VISHNU, এই কথাগুলি মেজর সংস্থা ইতিমধ্যে আমাদের এখানে আছে। আর আমাদের সাথে কথা চলছে এখানে বিনিয়োগের যেটা বিভিন্ন স্তরে আছে সেগুলির কতকগুলি গুরুত্বপূর্ণ নাম আমি বলতে পারি, যথা, AIG, ICICIS ON SOURCE, ITC IFOTECH, G.E. Capital, Infosys, Reliance Infocom, Oracle, Daksh MSBC, Unilever, JP Morgan, Infowavz, Epixtar, SPI Technology, Net Vision, Cyber vision Ltd.

এই কতকগুলি গুরুত্বপূর্ণ সংস্থার সাথে বিনিয়োগের প্রশ্নে কথা চলছে।

শ্রী তপন হোড় : তথ্য প্রযুক্তির ক্ষেত্রে যে ভূমিকা আপনার দপ্তর নিয়েছে নিঃসন্দেহে প্রশংসনীয় এবং আগামীদিনে এই অবস্থানের দ্রুত পরিবর্তন ঘটে যাবে। এখন ই-গর্ভনেন্স এবং ই.মেলের প্রসারের ক্ষেত্রে আপনার কোন পরিকল্পনা আছে কিনা এবং তার সাথে সাথে আপনি এই সভায় বলেছিলেন, স্কুলে স্কুলে কম্পিউটার সেখানে প্রোজেক্ট করবেন। এক্ষেত্রে আপনার উদ্যোগ কতটা সফল হয়েছে এবং আগামীদিনে আপনার টার্গেট কি আছে এবং সেই টার্গেট ফুল-ফিলমেণ্ট করার ক্ষেত্রে আপনার দপ্তরের ভূমিকা কি?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : ই-গভর্নেন্স ও বৈদ্যুতিন প্রশাসনের ক্ষেত্রে আমাদের যে ধারণা সেই ধারণা নিয়েই চলবার চেষ্টা করছি। ই-গর্ভনেন্স কোন সিসটেম নয়, আমাদের প্রশাসনে প্রতিষ্ঠিত যে কাঠামো আছে সেই প্রতিষ্ঠিত কাঠামোয় নতুন কারিগরি যুক্ত করে আরো স্বচ্ছ, আরো দ্রুত, আরো অংশ গ্রহণের মাধ্যমে কাজকে পরিচালনা করা। আমাদের সুবিধা হল, আমাদের এখানে প্রশাসনের যে বিকেন্দ্রীকৃত কাঠামো আছে সেটা আর ৫টা রাজ্যের তুলনায় যোগ্যতার সাথে কাজ করে। আমাদের ই.গর্ভনেন্স তথ্যের ক্ষেত্রে বিকেন্দ্রীকৃত যে প্রশাসন সেটার উপর ভিত্তি করে আমাদের সরকার চলে, সেটাকে আমরা স্ট্রেনদেন করার চেষ্টা করছি। আপনি জানেন, ইতিমধ্যে আমাদের নেট্-ওয়ার্ক-কেন্দ্রের সাথে জেলা হেড-কোয়ার্টারের যোগাযোগ প্রতিষ্ঠিত করেছি, ৮ টি গুরুত্বপূর্ণ সাব-বিভিশনসহ সেখানে যোগাযোগ তৈরী হয়েছে। কিন্তু বিকেন্দ্রীকৃত প্রশাসনে নতুন কারিগরির ব্যবহার যদি আমাদের গ্যারাণ্টি করতে হয় তাহলে আমাদের যেতে হবে ৩ হাজার ৬০০ গ্রাম পঞ্চায়েত পর্যন্ত যেটা ভারতবর্ষের অন্য কোন রাজ্যে বিবেচনাধীন এই মুহূর্তে নেই। আমি এই সভায় এইটুকু বলতে পারি, জেলা কেন্দ্র এবং বিশেষ করে ৮টি গুরুত্বপূর্ণ শহরের সঙ্গে যোগাযোগ সম্পূর্ণ হয়েছে। পর্যায়ক্রমে অল সাবডিভিশন, ব্লক এবং গ্রাম পঞ্চায়েতে নামতে হবে। এখন চূড়ান্ত পর্যায়ের কাজ চলছে। এই আর্থিক বছরের মধ্যে শুরু করতে পারবো এই আশা আমি রাখি।

[11·10–11·20 a.m.]

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি শেষ প্রশ্নের জবাব যেটা দিলেন তাতে বলেছেন যে এখনও সমস্ত গ্রামপঞ্চায়েতের মধ্যে পৌছানো সম্ভব হয়নি, ৮টি জেলার কথা এবং সাব-ডিভিশনের কথা বলেছেন সেগুলিতে যাচ্ছেন। যখন কোন প্রাকৃতিক দুর্যোগ হয় বিশেষ করে বন্যা এবং ঘূর্ণিঝড় ইত্যাদি-এর পূর্বাভাষ সাধারণ মানুষদের কাছে পৌছে দেওয়ার জন্য কোন ইনটেরিম এ্যারেঞ্জমেণ্ট আপনি করতে পারেন কিনা যাতে করে সাধারণ মানুষ আপনার এই টেকনোলজির মাধ্যমে সংবাদ পেয়ে নিজেদের প্রস্তুত করতে পারে প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষা পাওয়ার জন্য?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : আমাদের যেটা ধারণা, মাননীয় সদস্যকে জানাই যে নিঃসন্দেহে এই কারিগরি ব্যবস্থাটা আমাদের সাহায্য করবে। কিন্তু এটা আপনাকে বুঝতে হবে যে এটা হচ্ছে একটা মাধ্যম। এটার ভেতরে আমাদের কনটেন্ট দিতে হবে। আমাদের ইনফরমেশান এই সিসটেমের মধ্যে দিতে পারলে তবেই সেটা সবার কাছে পৌছাবে। কিন্তু এই প্রাকৃতিক দুর্যোগ

সংক্রান্ত ইনফরমেশানটা আমাদের এই ব্যবস্থার মধ্যে দিয়ে আসবে না, সেটা আমাদের ভারত সরকারের যে মেটারোলজিক্যাল দপ্তর আছে তাদের দেওয়া তথ্যগুলি পেলে তবেই আমরা পৌছে দিতে পারবো। ফলতঃ মূল জায়গাতে আমরা খানিকটা নির্ভরশীল মেটারোলজিক্যাল ডাটাগুলির ক্ষেত্রে। এই ডাটাগুলি যদি আমরা উপযুক্ত সময়ে পাই তাহলে নিঃসন্দেহে এই তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে আমরা অনেক দ্রুত গতিতে মানুষের কাছে সংবাদগুলি পৌছে দিতে পারবো। আমাদের ভবিষ্যতে যে বৈদ্যুতিন প্রশাসনের পরিকল্পনা আছে তাতে আপনি যে প্রশ্নটি উত্থাপন করলেন সেই প্রশ্নটি আমরা গুরুত্ব দিয়ে বিবেচনা করছি।

শ্রী মানস মুখার্জী : মাননীয় মন্ত্রিমহাশয় ইতিমধ্যেই এই হাউসের সামনে উপস্থিত করেছেন যে সারা পৃথিবীর দুটি বৃহত্ সংস্থা বাদে সমস্ত সংস্থাই আমাদের রাজ্যে বিনিয়োগ করেছে। তথ্য প্রযুক্তির ক্ষেত্রে আমাদের রাজ্যের অগ্রগতির চিত্রটা তিনি তুলে ধরেছেন। ইদানিংকালে একটি সমীক্ষা রিপোর্ট বেরিয়েছে কেন্দ্রীয় সরকারের যেখানে উল্লেখ করা হয়েছে যে পশ্চিমবাংলা তথ্য প্রযুক্তির রপ্তানীর ক্ষেত্রে শীর্ষস্থানে আছে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি জানতে চাই যে এই তথ্যটা কতটা সত্য? কারণ আমাদের রাজ্য সম্পর্কে নানান রকমের কথা বিভিন্ন সময় উঠছে। তথ্য প্রযুক্তির ক্ষেত্রে এই যে সমীক্ষা রিপোর্ট যে আমরা শীর্ষস্থানে রপ্তানী এবং বিনিয়োগের ক্ষেত্রে আছি—এ সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয় যদি তথ্যটা জানান ভাল হয়।

শ্রী মানবেন্দ্র মুখার্জী : মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই যে রপ্তানীর ক্ষেত্রে শীর্ষস্থানে আমরা, পশ্চিমবঙ্গ নেই। যে তথ্যটা কেন্দ্রীয় সরকার জানিয়েছেন সেটা হচ্ছে রপ্তানী বৃদ্ধির হারের ক্ষেত্রে আমরা শীর্ষ স্থানে আছি। রপ্তানী বৃদ্ধির হারের ক্ষেত্রে আমরা শীর্ষ স্থানে আছি। আর বিনিয়োগের প্রশ্নে যদি বলেন, বিনিয়োগের পরিমাণের ক্ষেত্রে ২০০১ সালের সর্বশেষ যে হিসাব পাওয়া গিয়েছে, তথ্য প্রযুক্তিতে বিনিয়োগের প্রশ্নে আমাদের রাজ্যের অবস্থান দেশের মধ্যে ৫-নং-এ। সবচেয়ে বেশী কর্নাটক, তারপর মহারাষ্ট্র, তারপর দিল্লী, তারপর অন্ধ্রপ্রদেশ এবং তারপর পশ্চিমবঙ্গ।

শ্রী আবু আয়েস মণ্ডল : মাননীয় মন্ত্রিমহাশয় জানিয়েছেন যে এ বছর আমাদের টেলিকম সেক্টারে লক্ষ্যমাত্রা হচ্ছে ২০০ কোটি। গত বছর ৭০০ কোটি লগ্নী হয়েছিল। সত্যিই আমাদের রাজ্যে টেলিকম সেক্টারে প্রভূত উন্নতি হয়েছে। ভি.এস.এন.এল.—ইতিমধ্যেই যেটা আপনি বললেন যে তিনটি স্যাটেলাইট আর্থ ষ্টেশান আছে এবং সারা পৃথিবীর জন্য দুটি গেটওয়ে সুইচ আছে। এগুলির সাহায্যে বর্তমানে কি অগ্রগতি ঘটেছে যোগাযোগের ক্ষেত্রে সেটা বলা হয়েছে। এখন বাস্তবে অবস্থাটা কি হয়ে আছে সেটা যদি মন্ত্রিমহাশয় বলেন ভাল হয়।

শ্রী মানবেন্দ্র মুখার্জী : প্রসংগত মাননীয় সদস্যকে জানাই যে বিনিয়োগের প্রশ্নে উত্তর দিতে গিয়ে বলেছি যে গত বছর ৭০০ কোটি এবং এ বছর ২০০ কোটি এটা কিন্তু সরকারী ক্ষেত্রকে বাদ দিয়ে। অর্থগত বি.এস.এন.এল.ভি.এস.এন এল কে বাদ দিয়ে। এটা হচ্ছে প্রাইভেট ইনভেস্টমেন্টের পরিমাণ। ভি.এস.এন.এল এবং এস.টি.পি.আই. এর মাধ্যমে আমাদের যে আন্তর্জাতিক গেটওয়েগুলি আছে তা হচ্ছে আমাদের রাজ্যে যে শিল্পগুলি তথ্য প্রযুক্তি এবং

তথ্য প্রযুক্তির পরিষেবার ক্ষেত্রে যে শিল্পগুলি আছে সেই শিল্পগুলি বহির্বিশ্বের সাথে সরাসরি যোগাযোগ রাখে এই আন্তর্জাতিক গেটওয়ের মাধ্যমে। আমরা যে কথা বলে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কাজটা হাতে নিয়েছিলাম যে শুধু কলকাতা কেন্দ্রীক না, এই কাজটা ছড়িয়ে দিতে হবে।

মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি সফ্‌ট ওয়ার টেকনোলজি পার্ক তার কাজ দুর্গাপুরে এবং খড়্গপুরে সম্পূর্ণ হয়ে গেছে, এই বছর কাজ শুরু করবো। আর হচ্ছে কেন্দ্রীয় সরকারের সঙ্গে প্রাথমিক যে কথা হয়েছে তা হলো এই ধরনের আরো দুটো কেন্দ্র গড়ে তোলার ব্যাপারে। সেটা হলো হলদিয়া এবং শিলিগুড়ি, এই কাজ এই বছরে আমরা শুরু করবো।

শ্রী বিনয় দত্ত : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন। তথ্য প্রযুক্তি পশ্চিমবাংলায় যেভাবে বিনিয়োগ হয়েছে সেটা আমি শুনলাম। কিন্তু বিনিয়োগের মধ্যে দিয়ে কতজন যুবকের কর্মসংস্থান হয়েছে সেটা বলবেন কি?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : শুধু বেসরকারী ক্ষেত্রে বলছি, সরকারী ক্ষেত্রে বলছি না। বেসরকারী ক্ষেত্রে ১৭৫টি কোম্পানী কাজ করছে, তাতে ১৫ হাজার ইঞ্জিনিয়ার এবং গভেষক প্রত্যক্ষ ভাবে এমপ্লয়মেণ্ট তৈরী হয়েছে।

শ্রী জাহাঙ্গীর করিম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়ের কাছ থেকে একটা প্রশ্ন জানতে চাইছি। তথ্য প্রযুক্তি ব্যবস্থার প্রয়োগের ফলে গোটা সমাজের বর্তমান ব্যবস্থার একটা আমূল পরিবর্তন হয়েছে। এটা যেমন ঠিক তেমনি গোটা প্রশাসনে বর্তমানে যে পরিকাঠামো আছে সেই পরিকাঠামোর মধ্যে তথ্য প্রযুক্তি প্রয়োগের ফলে সাধারণ প্রশাসনের মধ্যে কর্মচারী উদ্বৃত্ত হবে কিনা জানাবেন কি?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : নির্দিষ্টভাবে ঐ প্রশ্নের উত্তর দেওয়া একটু সমস্যা আছে। তার কারণ আমাদের রাজ্যে তথ্য প্রযুক্তি ব্যবহার দ্রুত গতিতে বাড়ছে। আমাদের রাজ্যে কর্মচারীর সংখ্যা কমেনি। দ্বিতীয় কথা হলো সভ্যতার প্রথম দিন থেকে টেকনোলজি ডেভলপ করছে। এর ফলে মানুষের কায়িক পরিশ্রমের প্রয়োজনীয়তা কমেছে, বুদ্ধির প্রয়োজনীয়তা বেড়েছে। সারা পৃথিবীতে আধুনিকিকরণের ক্ষেত্রে তথ্য প্রযুক্তি ব্যবহারে কর্মসংস্থান কমেনি বরং বেড়েছে। সুনির্দিষ্ট ক্ষেত্রে হয়ত কাজ হারিয়েছে কিন্তু অন্য ক্ষেত্রে নতুন করে কাজের উদ্ভব হচ্ছে। সমাজে এই ধরনের আশংকা নেই যে কর্মসংস্থান কমবে। তথ্য প্রযুক্তিতে ই-গভরনেন্স এবং ই-লারনিং-এর যে প্রোজেক্ট আছে সেটা যদি হয় তাহলে কর্মসংস্থানের বিপুল দরজা এর মাধ্যমে খুলে যাবে।

শ্রী পরেশ নাথ দাস : মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে এই তথ্য প্রযুক্তি পরিষেবা ব্লক স্তরে পঞ্চায়েত স্তরে দেবার জন্য ব্যবস্থা করা হচ্ছে। চিকিৎসা নিয়ে সাধারণ মানুষের খুব সমস্যা আছে। এই পরিসেবা হাসপাতাল স্তরে, গ্রামীণ হাসপাতল স্তরে পৌঁছে দেবার জন্য কোন কর্মসূচী গ্রহণ করা হয়েছে কি না?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : আমাদের এই প্রশ্নে দুটি পাইলট স্কিম আছে, তার মধ্যে একটা শেষ হয়ে গেছে আর একটা শেষ হওয়ার মুখে। কলিকাতার গুরুত্বপূর্ণ হাসপাতালগুলির সঙ্গে জেলা হাসপাতালের সংযোগ, এই তথ্য প্রযুক্তির নেটওয়ার্কের পাইলট প্রোজেক্টের একটার কাজ শেষ হয়েছে আর একটার কাজ শেষ হওয়ার মুখে। মাননীয় সদস্যকে জানাই এই ক্ষেত্রে টেকনিক্যাল সহযোগিতা দিয়েছে আই.আই.টি খড়গপুর-এর বিজ্ঞানীরা। একটা নতুন উদ্ভাবনী গোটা দেশের মানুষের কাছে একটা আদর্শ হিসাবে প্রতিষ্ঠিত হবে। পুরানো টেলিফোনের তামার তারের মাধ্যমে ভিডিও ট্রান্সফার করেছে যেটা কোন দিনই সম্ভব হবে বলে মনে হত না। এটা একটা বিরাট সাফল্য। টোল মেডিসিন প্রোজেক্টে সরাসরি গোটা রাজ্যের মানুষ কলিকাতা কেন্দ্রিক প্রধান হাসপাতালগুলোর প্রশাসনিক পরিকাঠামো ব্যবহার করতে পারবে। এই পাইলট স্কীম ভবিষ্যতে এক্সপানশান করা পরিকল্পনা করছি। গোটা রাজ্যের টেলি মেডিশিন সংক্রান্ত বিষয়ে একটা প্রোজেক্ট রিপোর্ট তৈরী করার কাজে হাত দিয়েছি। এই বিষয়টা হলে এই কার্য্যক্রমে এই কাজটা আমরা হাত দিতে পারবো।

পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির উদ্যোগে বিভিন্ন ভাষায় অভিধান প্রকাশ

*৩২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বাংলা/ইংরেজী/হিন্দী/উর্দু চারটি ভাষার একটি অভিধান প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, অভিধানটির প্রকাশনার কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য : (ক) হ্যাঁ।

(খ) বর্তমানে মুদ্রণের কাজ চলছে।

[11.20 a.m.—11.30 a.m.]

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়, আপনি জানালেন যে এই ধরনের অভিধান প্রকাশের ক্ষেত্রে অবস্থাটা হচ্ছে, এখন মুদ্রণের অবস্থায় আছে। আমি জানতে চাইছি, এই ধরনের অভিধান তিন অথবা ততোধিক ভাষায় আমাদের দেশে আছে কিনা ; এবং এটি নজিরবিহীন উদ্যোগ কিনা? সাথে সাথে জানতে চাইছি, এই যে মুদ্রণের কাজ চলছে, এরজন্য কোন সময়সীমা আপনি নির্ধারণ করেছেন কিনা যে এই সময়ের মধ্যে মুদ্রণের কাজ সমাপ্ত করতে হবে?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য : চারটি ভাষায় একসঙ্গে কোন অভিধান আমাদের দেশের অন্য কোন সরকার বা প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান করেছেন কিনা তা আমার জানা নেই। সম্ভবত আর কোথাও হয়নি। আমি সম্ভবত বলছি। আমি খুব নিশ্চিত নই। আর যেটা আপনি বললেন, আমাদের এখন প্রুফ রিডিংয়ের কাজ চলছে—প্রুফ দেখা হচ্ছে। কিন্তু বড় কাজ তো, প্রুফ

দেখার কাজ শেষ হলে তখন এটি হবে। আমি নির্দিষ্ট সময় বলতে পারছি না। কিন্তু প্রুফ রিডিংয়ের জায়গায় যখন চলে এসেছে তখন খুববেশী সময় লাগবে না।

শ্রী আবু আয়েশ মণ্ডল : এটি নিশ্চয়ই একটি গুরুত্বপূর্ণ কাজ। আমি বলবো অনবদ্য কাজ। আপনি বললেন, প্রুফ রিডিংয়ের কাজ যখন চলছে তখন খুব একটা সময় লাগবে না। আমার জিজ্ঞাস্য হচ্ছে, পশ্চিমবাংলা বাংলা অ্যাকাডেমি ভাষা, সাহিত্য গবেষণা এবং জ্ঞান চর্চার ক্ষেত্রে একটা অনবদ্য স্থানে পৌঁছেছে। আপনি ইতিমধ্যে বাংলা ভাষায় বানান অভিধান প্রকাশ করেছেন। বানান বিধির ভিত্তিতে প্রাথমিক স্তর থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত এই বানান বিধি ঠিকমত হচ্ছে কিনা, তার কোন অগ্রগতির তথ্য যদি থাকে আপনার কাছে, দয়া করে যদি তা জানান?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য : আপনি যেটা বললেন সেটা হচ্ছে, আমাদের বানান অভিধান যেটা সেটা চতুর্থ সংস্করণ পর্যন্ত হয়ে গেছে। তারমানে আরও বিক্রি হয়েছে। প্রাথমিক স্তর থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত যাতে পৌঁছুতে পারে তার জন্য সার্বিক উদ্যোগ নেওয়া হয়েছে। অনেক জায়গাতেই পৌঁছেছে। এই ব্যাপার প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পর্ষদ যেগুলো আছে, তাঁরা আমাদের সঙ্গে সহযোগিতা করছেন। কত বিক্রি হয়েছে, নির্দিষ্ট সংখ্যা আমি বলতে পারবো না। এই তিনটি বোর্ড এবং বিশ্ববিদ্যালয় আমাদের সঙ্গে সহযোগিতা করছেন। কত বিক্রি হয়েছে, নির্দিষ্ট সংখ্যা আমি বলতে পারবো না। এই তিনটি বোর্ড এবং বিশ্ববিদ্যালয় আমাদের সঙ্গে সহযোগিতা করছেন। ভবিষ্যতে আমাদের হয়তো আরও একটা সংস্করণ প্রকাশ করতে হবে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : শেষ প্রশ্ন—আপনার দপ্তর আরও গুরুত্বপূর্ণ বিষয়ে একটা ভূমিকা নিয়েছে একখণ্ডে বাংলা বিশ্বকোষ প্রকাশনার ক্ষেত্রে, সেটি কোন পর্যায়ে আছে তা যদি দয়া করে বলেন?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য : সেই কাজটি চলছে। কিন্তু সেটি সময়সাপেক্ষ কাজ। আমরা যেটি করছি, এরপর—বাংলা, হিন্দী, উর্দু এবং ইংরাজী ভাষার অভিধানের পর 'লেখক চরিতাভিধান' বলে একটি কাজ চলছে। দুটি খণ্ডে কাজটি হবে। এরসঙ্গে একইসঙ্গে চলছে বিশ্বকোষের কাজ। সেই কাজটিও গুরুত্বপূর্ণ। এতগুলো বিভাগ নিয়ে, এতগুলো ডিসিপ্লিন নিয়ে কাজ করতে হচ্ছে। তার কাজটিতে আরও সময় লাগবে।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, এই যে আপনি অভিধান প্রকাশের উদ্যোগ নিয়েছেন এটা খুবই প্রশংসার, এর মুদ্রণের প্রয়োজন আছে। আপনি যা বলছেন অর্থাৎ তার মানে ম্যানুস্ক্রিপট্ নিশ্চয় টোটালি কমপ্লিট হয়ে গেছে। আমি যেটা জানতে চাইছি এর কলেবর কি রকম হবে, অর্থাৎ আপনি তো সময় সীমা বলতে পারছেন না, তবুও এর কলেবর যাতে খুব কার্যকরী হয়, যাতে দ্রুত হতে পারে তারজন্য টেনটেটিভ টাইম দিতে পারেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে এটা যাতে দ্রুত করা যায় এবং সুলভ বা কেনা মূল্য কি রকম পড়বে সেটা জানাবেন কি?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য : কলেবরটা পরে বোঝা যাবে, এটা বিশাল কাজ। এটা বেরুলে পলে কলেবর বোঝা যাবে। আর সুলভ মূল্যের কথা যেটা বলেছেন সেই প্রসঙ্গে জানাই যে, এই ধরনের পাবলিকেশানে আমরা প্রফিট করার চেষ্টা করি না। যত সহজ মূল্যে দিতে পারি, বরং সাবসিডি দিতে পারলে ভাল সেইভাবেই করা হবে। আপনি প্রশ্ন করেছিলেন সুলভ মূল্যের ব্যাপারে তার উত্তর দিলাম। এরপরে আরেকটা প্রশ্ন সময় সীমাটা কি রকম, এই ব্যাপারে এখান থেকে আমার দপ্তর থেকে বলতে পারছি না, তবে বাংলা অ্যাকাডেমির থেকে জানিয়েছে ৬ মাস। কাজেই সময়টা না হওয়া পর্যন্ত বলতে পারছি না, তবে মোটামুটি ৬ মাসের মধ্যেই হবে বলে মনে হচ্ছে।

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে বাংলা, ইংরাজি, হিন্দী, উর্দু এই ৪টি ভাষাতে এই রাজ্য যেভাবে অভিধান রচনা করছে তা অন্য কোন রাজ্য করতে পারেনি এইকথা মাননীয় মুখ্যমন্ত্রী বললেন। এই কাজটা খুবই ভাল কাজ সেই বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু আমাদের রাজ্যে নেপালী ভাষা-ভাষীর মানুষ এখানে আছে, সাঁওতালি ভাষা-ভাষীর মানুষ আছে। কাজেই নেপালী ভাষা-ভাষী এবং সাঁওতাল ভাষা-ভাষী মানুষদের কথা মনে করে আপনি যে স্পিরিট নিয়ে এই ৪টি ভাষাতে অভিধান রচনা করতে যাচ্ছেন ঠিক তার সঙ্গে সাজ্জুজ্য রেখে এই নেপালী ভাষাভাষী এবং সাঁওতালি ভাষাভাষী মানুষদের জন্য কোন উদ্যোগ নেবেন কিনা?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য : নিশ্চয় নেপালী এবং সাঁওতালি সম্প্রদায়ের গুরুত্ব আছে। পাহাড়ে আমাদের নেপালি একাডেমির কাজ শুরু করেছিলাম, নানা গোলমালে সেটা এগোনো যায়নি। আর সাঁওতালি ভাষা সম্পর্কে সংস্কৃতি দপ্তর থেকে আমরা একাধিকবার বলেছি ওই দপ্তরকে উদ্যোগ নিতে। কারণ বাংলা একাডেমিতে এই ধরনের ভাষা সম্পর্কে কোন পণ্ডিত নেই, তাই আমরা তফসিলী জাতি এবং উপজাতি দপ্তর থেকে তাদের এই ধরনের উদ্যোগ নেবার জন্য বলেছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় তথ্য ও সংস্কৃতি দপ্তরের মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে, বাংলা, ইংরাজি, হিন্দী এবং উর্দু এই ৪টি ভাষাতে অভিধান রচনা নিশ্চয় প্রশংসনীয়। আপনি বলেছেন এরজন্য ৬ মাস লাগবে এবং সুলভ মূল্যে যাতে পাওয়া যায় তারও ব্যবস্থা আপনি করবেন। আমাদের অতীত অভিজ্ঞতা হচ্ছে যে, সরকারী পক্ষ থেকে যখন কোন প্রকাশিত পুস্তক বা কারুর রচনাবলী প্রকাশিত হয় তখন ঠিক সাধারণ মানুষের কাছে সাধারণভাবে পৌছায় না। যেভাবে পৌছানোর বন্দোবস্ত করা দরকার তা না হয়ে অনেক সময়ে দেখা যায় যারা প্রাইভেট পাবলিশার তারা এর সুযোগ গ্রহণ করে সেগুলো কিনে নিয়ে অনেক চড়া দামে বিক্রি করে। সেখানে এটা এখনো প্রকাশিত হয়নি। আপনার কাছে আমার প্রশ্ন যে, এটা প্রকাশিত হবার পরে সরকারের বিভাগ থেকে তাদের নিজেদের দায়িত্বে এই বইয়ের কপিগুলো সাধারণ মানুষের কাছে পৌছে দেবার ব্যবস্থা করবেন কিনা, অন্যভাবে প্রকাশনার যারা দায়িত্ব নিয়েছে তারাই এই দায়িত্ব বহন করবে কিনা?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য : আমরা মূলত যেটা করি সেটা হচ্ছে যে, যেমন আমরা মানিক বন্দ্যোপাধ্যায়ের রচনা সামগ্রী করেছি এবং আমরা প্রকাশ করার পরে কাগজে বিজ্ঞাপন দিয়ে গ্রাহক বা সাবস্ক্রাইবার হতে বলি।

সাবস্ক্রাইবার বা গ্রাহক হয়ে গেলে সেই গ্রাহকরা সোজাসুজি বাংলা অ্যাকাদেমি থেকে এসে বই নিতে পারবেন। তাই এখানে কোন এজেন্সি দরকার নেই। আর খোলা বাজারেও আমরা বিক্রি করি না। ইতিমধ্যে রবীন্দ্র রচনাবলীর ক্ষেত্রে আমরা যেমন করেছি।

[11.30—11.40 a.m.]

শ্রী অসিত মিত্র : আমি যেটা বলতে চাইছি, যখনই সেটা বেরোক না কেন রবীন্দ্র রচনাবলীর বই বাইরে থেকে অনেক চড়াদামে কিনতে হয়েছে।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য : এই রকম ঘটনা আমার জানা নেই। যেমন—মানিক রচনাবলী, রবীন্দ্র রচনাবলী আমরা করেছি। আর নজরুল রচনাবলীর কাজ আমরা করতে যাচ্ছি। আর গ্রাহকদের মাধ্যমেই আমরা করব। আর আমার মনে হয় মধ্যবর্তী কোন এজেন্সি যদি আসে তাহলে বইয়ের খরচ বেড়ে যাবে। তাই সবচেয়ে ভালো পদ্ধতি হচ্ছে গ্রাহক করা, বই বেরোনোর সঙ্গে সঙ্গে তারা অগ্রিম টাকা দেবেন এবং সেই ভিত্তিতে তারা বই পাবেন।

শ্রী মানস মুখার্জী : রাজ্য সরকার বেশ কয়েকটি প্রশংসনীয় কাজ করেছেন এবং চারটি ভাষায় অভিধান প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী এইমাত্র বললেন নজরুল রচনাবলী প্রকাশ করা হবে। যদিও বাংলাদেশ অনেক আগেই নজরুল রচনাবলী প্রকাশ করেছে। আমার প্রশ্ন হচ্ছে, এই নজরুল রচনাবলী প্রকাশের কাজটা কোন স্তরে আছে এবং এটা কতদিনের মধ্যে সম্পন্ন হবে?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এই সিদ্ধান্তটা সাম্প্রতিককালে হয়েছে, এর জন্য সময় লাগবে। এডিটোরিয়াল বোর্ড, লেখার ও সংকলনের কাজ শুরু করেছে। এই নজরুল রচনাবলী পাঁচটি খণ্ডে প্রকাশ করা হবে। বলা যেতে পারে প্রাথমিক স্তরের কাজগুলো সম্পন্ন করা হয়েছে। আরও এটায় সময় লাগবে, কিন্তু এটা হবে। কপিরাইটারের ব্যাপারে জটিলতায় এটা আটকে ছিল, সেই কপিরাইটের সমস্যা থেকে মুক্তি পেতে আমাদের অনেক দেরী হয়ে গেছে।

শ্রী শিবদাস মুখার্জী : মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার প্রশ্ন, সোমবার ৪ঠা শ্রাবণ, ২৯শে জুলাই কবি ও নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের জন্মদিন। বাংলা অ্যাকাদেমি থেকে বা রাজ্য সরকারের কোন সংস্থার পক্ষ থেকে দ্বিজেন্দ্রলাল রায়ের জীবনী গ্রন্থ বা রচনাবলী প্রকাশ করবার জন্য কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি? হয়ে থাকলে সেই বিষয় মাননীয় মন্ত্রিমহাশয়ের বক্তব্য জানতে চাই।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য : আপনি সঠিকভাবেই বলেছেন, কবি এবং নাট্যকরা দ্বিজেন্দ্র লাল রায়ের কোন বই সরকার এখনো পর্য্যন্ত প্রকাশ করেনি। আমাদের প্রকাশিত তালিকার মধ্যে যাদের নাম আছে তারা হচ্ছেন অক্ষয় দত্ত এবং হরপ্রসাদ শাস্ত্রি। অবশ্যই দ্বিজেন্দ্রলাল

রায়ের নাম এর মধ্যে আসতে পারে। আপনার এই মনোভাবটা আমি বাংলা অ্যাকাদেমিকে জানাব।

শ্রী পদ্মনিধি ধর : মাননীয় মুখ্যমন্ত্রীর এই অভিনব প্রয়াস ও উদ্যোগ্যের জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। বাংলা। ইংরাজী। হিন্দী। উর্দুকে একটি অভিধান বাংলা অ্যাকাদেমী প্রকাশ করবে। এই অভিধান যখন হচ্ছে তখন তার শব্দ ভাণ্ডার নিশ্চয় বিকশিত হচ্ছে এবং সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

কেন না বাংলা থেকে ইংরাজী, ইংরাজী থেকে হিন্দি, হিন্দি থেকে উর্দু—এই যে ভোকাবুলারি বা শব্দভাণ্ডার, সেটা বাড়ছে বলেই আমার মনে হয়। এই সম্পর্কে যদি একটু বলেন।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য : প্রথমতঃ একটু বলি, আপনারা এতজন প্রশ্ন করছিলেন আমি সুযোগ পাইনি বলার। আপনারা এই কৃতিত্বটা দিচ্ছেন সরকারকে, কিন্তু এর আসল কৃতিত্ব হচ্ছে ভাষাবিদ্ জ্যোতিভূষণ চাকি'র। বলতে পারেন তিনিই এই পরিকল্পনা করেন বা সমগ্র কাজটা করে পাণ্ডুলিপি জমা দেন। মূল কৃতিত্বটা তাঁরই। এটা ঠিক যে, এই ভাষাগুলো যখন একসঙ্গে অভিধান হয়, ভাষাগুলো পরস্পর পরস্পরের কাছাকাছি আসে। যাদের অ্যাবর্জব করার ক্ষমতা থাকে তারা সমৃদ্ধ হয়। ঠিক বলেছেন, চারটি ভাষার অভিধান একসঙ্গে হলে—ইংরাজীটা বলতে পারব না, কারণ ইংরেজরা সতর্ক, তারা চট করে কিছু নিতে চায় না—কিন্তু বাংলা, হিন্দি, উর্দু এই তিনটে ভাষার উন্নতির সম্ভাবনা আছে।

রাজ্যের সমস্ত গ্রামে পাইপ লাইনের মাধ্যমে পানীয় জল সরবরাহের পরিকল্পনা

*৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৩) **শ্রী জানে আলম মিঞা :** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের সমস্ত গ্রামে পাইপ লাইনের মাধ্যমে পানীয় জল সরবরাহ করার পরিকল্পনা নেওয়া হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, ২০০৩-২০০৪ আর্থিক বছরে কতগুলি গ্রামে ঐরূপ পানীয় জলের ব্যবস্থা করা হবে?

শ্রী গৌতম দেব : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

'তবে কাজ চলতে থাকা বিভিন্ন প্রকল্পের অন্তর্গত এলাকার প্রায় ৯০০ টি গ্রামে নলবাহিত জল প্রকল্পের মাধ্যমে ২০০৩-০৪ সালে জল সরবরাহ করা হবে।

শ্রী জানে আলম মিঞা : বামফ্রন্ট জমানায় পাইপ লাইনের মাধ্যমে রাজ্যের বৃহৎ অংশ জুড়ে পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। তথাপি যে বিষয়টা আছে, প্রতি বছর গ্রামের মানুষদের পানীয় জল সরবরাহের জন্য কোটি কোটি টাকা খরচ করা হয় টিউবওয়েল সিং কিং করতে। আমরা গ্রামের মানুষরা দেখতে পাই, সেই টিউবওয়েলগুলো এক-দেড় বছরের

মধ্যেই অকেজো হয়ে যায় এবং পানীয় জল দিতে পারে না ভূগর্ভস্থ জল নিচে চলে যাওয়ার কারণে। এক্ষেত্রে আপনার দপ্তর নতুন কোন প্রযুক্তির সাহায্যে টিউবওয়েল রি সিং কিং করার কোন ব্যবস্থা নিচ্ছে কিনা জানালে উপকৃত হব।

শ্রী গৌতম দেব : টিউবওয়েল রি-সিং কিং তো করা যায়ই। আর, মার্ক-২, মার্ক-৩, যে সমস্ত টিউবওয়েল বেরিয়েছে, সেইগুলো চট করে খারাপ হবে না।

শ্রী জানে আলম মিঞা : কেন্দ্রীয় সরকারের যে 'সজল জলধারা প্রকল্প'—নীতিগত ভাবে তার বিরোধিতা করা হয়েছে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কেন না এই প্রকল্পে যে পানীয় জল সরবরাহ করা হবে, সেখানে জল সংরক্ষণের কোন ব্যবস্থা থাকবে না। তবুও পশ্চিমবঙ্গে এই ধরনের কতগুলো পরিকল্পনা নেওয়া হয়েছে জানালে উপকৃত হব।

শ্রী গৌতম দেব : কিছু প্রকল্প আমাদের কাছে এসেছে বিভিন্ন পঞ্চায়েত, জেলা-পরিষদ থেকে। কিছু রুরাল ডেভলপমেন্ট ডিপার্টমেন্টে গেছে, সেইগুলো প্রসেস করা হচ্ছে। সজল জলধারা একটা আলাদা স্কিম, যেটা গভর্নমেন্ট অফ ইণ্ডিয়া চালু করেছে। এর একজ্যাক্ট ফিগারটা জানাতে হলে আলাদা করে জানতে চাইতে হবে, তাহলে তার মধ্যে টিউবওয়েল কি আছে, পাইপ নাইন কি আছে সেটা বলা যাবে।

মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে, পশ্চিমবঙ্গের মোট জনসংখ্যার কত শতাংশ মানুষের কাছে পাইপ লাইনে পরিশ্রুত পানীয় জল সরবরাহ করা হচ্ছে?

[11.40—11.50 a.m.]

শ্রী গৌতম দেব : অ্যাসেম্বলীতে এই কথা নিয়ে অনেকবারই বলেছি যে, বামফ্রন্ট সরকার যখন প্রথম তৈরী হয়, তখন এই নলের জল, মাথা মুড়োলো যে জল বেরোয় তা গ্রামবাংলার লোক খেত ০.৭ পারসেন্ট। এক পারসেন্ট পুকুরের জল, টিউবওয়েলের জল, ইঁদারার জল খেত। এখন গ্রামবাংলার ২৯ ভাগ লোক পাইপড্ ওয়াটার জল খায়। এখন যে স্কিমের কাজ চলছে, ছ থেকে আট মাসের মধ্যে শেষ হবে। তাতে যে পপুলেশান কভার হবে, সেটা ধরলে ৩৫ শতাংশ লোক পাইপ ওয়াটারে জল খাবে। এখন ২৯ শতাংশ লোক খাচ্ছে।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন যে, পশ্চিমবঙ্গের প্রায় ৯০০ গ্রামে এখন পানীয় জল সরবরাহ করা হয়। যদিও এখনও সমস্ত গ্রামে করা সম্ভব হয়ে ওঠেনি। আমরা দেখছি যে, এই সরকারের আমলে বিভিন্ন জায়গায় গঞ্জ গড়ে উঠেছে। সেখানে হাট বাজার স্কুল, ব্যবসা কেন্দ্র গড়ে উঠেছে এবং এই রকম কিছু কিছু জায়গায় কমপ্যাক্ট এলাকাতে প্রজেক্ট করতে পারলে ভালো হয়। যেমন মুর্শিদাবাদ জেলার কিছু এলাকায় আর্সেনিক পাওয়া গেছে। এছাড়া ওখানকার রাঢ় এলাকায় জলের লেয়ার নেমে যাচ্ছে। এই রকম গঞ্জ এলাকায় প্রজেক্ট করার জন্য সরকারের কোন চিন্তা ভাবনা আছে কি?

শ্রী গৌতম দেব : পাইপড্ ওয়াটার স্কিম করতে দুই, তিন, চার কোটি টাকা খরচ হয়। জায়গা সিলেকশানের ব্যাপারে জেলা পরিষদ থেকে পরামর্শ দিন। এম এল এ-রাও

দিতে পারেন। অন্যান্যরাও পাঠান। একটা কম জায়গার মধ্যে অনেক লোক আছে। সেখানে পাইপড ওয়াটার করলে সুবিধা হয়। সেইজন্য আমরা যখনই তালিকা চাই—গঞ্জের নামগুলি আমরা দ্রুত পেলে সেইভাবে অনেক সময় দেখি। কিন্তু সেটা ফেজে ফেজে হচ্ছে বলে সব গঞ্জ কভার হয় না।

শ্রী অতীশ চন্দ্র সিনহা : একটা প্রশ্ন—কেন্দ্রীয় সরকার দ্বারা একটা সজল ধারা প্রকল্প গৃহীত হয়েছে। শুনেছি এক্ষেত্রে যা খরচ হবে, তার শতকরা ১০ ভাগ টাকা যারা বেনিফিশিয়ারী তাদেরকে দিতে হবে। এই সজল ধারা প্রকল্প পশ্চিমবঙ্গে কতগুলি হয়েছে এবং এই ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের কি চিন্তাধারা আছে।

শ্রী গৌতম দেব : আগে ছিল সেক্টর রিফর্ম। সেটা নাম পাল্টে এখন সজল ধারা করা হয়েছে। এক কথায় আমরা যা মানে বুঝেছি সেটা হল—দিল্লীর মন্ত্রী ছিলেন বেঙ্কটাইয়া নাইডু এই দপ্তরের। তিনি এখন বি জে পি র সভাপতি হয়েছেন, এখন আর একজন নতুন মন্ত্রী হয়েছেন। এর মূল অর্থ হচ্ছে জল দেওয়ার দায়িত্ব থেকে কেন্দ্রীয় সরকার আস্তে আস্তে সরে যাবে। গ্রামাঞ্চল, শহরে কেন্দ্রীয় সরকার জলের জন্য এক পয়সাও দেয়নি।

কোন মিউনিসিপ্যালিটিকে পয়সা দেয় না। আপনি টাকা ধার করুন। সুদ সমেত শোধ করুন, এই হচ্ছে বিষয়। গ্রামে জওহরলাল নেহরুর আমল থেকে যে ব্যবস্থা চলে এসেছে যে পশ্চিমবঙ্গ সরকার যদি জলের জন্য ৫০ কোটি টাকা রাখে তাহলে দিল্লী ঠিক ৫০ কোটি টাকা দেবে। ওদেরটাকে বলে এ.আর.পি, আমাদেরটাকে বলে এম.এন.পি। আরেকটা হচ্ছে একটা ছোট রাজ্য যদি ৫ কোটি রাখে দিল্লী ৫ কোটি দেবে। এই বরাবর চলে এসেছে। আর এর সাথে রাজীব গান্ধী যেটা করেছিলেন যে, যে জল বেরোচ্ছে তার সাথে যে বিষ বেরোচ্ছে, সাথে ফ্লোরাইড, গিনি ওয়ার্ম, তার একটা আলাদা স্কীম করেছিলেন সাবমিশন। যেখানে ১০০ পার্সেন্ট টাকা দিল্লী দেবে। এই গভর্নমেন্ট প্রথমেই ওটা তুলে দিয়েছে। ওই টেকনোলজি সাবমিশন, আর্সেনিক যার মধ্যে পড়ে সেখানে কোন টাকা পয়সা নেই। যে হেড ছিল সেটাই তুলে দিয়েছি। আর তখন যা করছেন এই যে এ.আর.পির টাকা সেটাও প্রকৃতপক্ষে সেটাও তুলে দেবেন আস্তে আস্তে। প্রথমে বলেছেন ৯০ ভাগ টাকা আমরা দেব, ১০ ভাগ তোমাদের। টোটাল অপারেশন অ্যাণ্ড মেনটিন্যান্স পাবলিকের। একটা পাইপড ওয়াটার যদি চালাতে ১০,১৫ লক্ষ টাকা খরচ হয়। হাইলি টেকনিক্যাল ব্যাপার, টোটালটা পাবলিককে করতে হবে। সরকার তার মধ্যে থাকতে পারবে না। আর প্রথম বলছেন ৯০।১০, ৪০ লিটারের যখনই বেশী হয়ে যাবে, এটা অনেক জায়গাতেই হয় সাথে সাথে ওটা ৮০।২০ হয়ে যাবে। ৫০ লিটারের বেশী হয়ে গেলে সেই প্রোপোরশনে আস্তে আস্তে হয়ে যাবে এবং আলটিমটলি গভর্নমেন্ট ক্যাপিটালে টাকা দেবে না। সবটা কভারড হয়ে গেছে আর মেনটিন্যান্সে তো এখন থেকে আর টাকা দেবে না। সেইটাতে আমাদের যা আপত্তি করার আমরা করেছি, ওদের সাথে আলোচনা করেছি কিন্তু তার সাথে সাথে স্কীমটাও দিতে হবে। আমরা বেশ কিছু তালিকা পাঠিয়েছি কিন্তু এই স্কীম যেটা সোজা কথা সেক্টর রিফর্ম, বিভিন্ন জায়গায় যা রিফর্ম করা হচ্ছে জলের রিফর্ম সোজা

কথা সরকার আর জল দেবে না। পাবলিক নিজের পয়সায় জল নেবে। যে পাবলিকের পয়সা আছে সে নিজের পয়সায় জল খাবে। গ্রামের লোক বুঝবে আমার পয়সা আছে আমি পাইপড ওয়াটার খাব এবং ওদের কেতাবী ভাষা হচ্ছে ডিমান্ড ওরিয়েন্টেড অ্যারেঞ্জমেন্ট, ইনস্টেড অব সাপ্লাই ওরিয়েন্টেড অ্যারেঞ্জমেন্ট। তুমি পশ্চিমবঙ্গ সরকার এখানে পাইপড ওয়াটার করে দিচ্ছ, ওখানে করে দিচ্ছ। সেসব কিছু না। একটা গ্রামের লোক বুঝবে তার পকেটের জোর অনুযায়ী সে জল খাবে। সুতরাং সমস্যাটা এখনও কয়েক মাস চলবে দিল্লীতে কিছু পরিবর্তন না হওয়া পর্যন্ত।

শ্রী পুষ্প চন্দ্র দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়-এর কাছে জানতে চাইছি নলবাহিত জল বিশেষ করে আমাদের উত্তরবাংলার ক্ষেত্রে পানীয়জল পরীক্ষা কেন্দ্র করার কোন পরিকল্পনা আছে কিনা?

শ্রী গৌতম দেব : সেটা আছে আমাদের শিলিগুড়িতে একটা ল্যাবরেটরি করে বিভিন্ন জল পরীক্ষা করা, সেটা কিছুদিনের মধ্যে হয়ে যাবে। কিছু কাজকর্ম প্রাথমিকভাবে শুরু হয়েছে ওখানে।

শ্রী রবীন ঘোষ : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি পাইপলাইন সম্পর্কে বললেন। এখন একটা নলকূপ বসাতে ৫৪, ৫৫ হাজার টাকা লাগে। বামফ্রন্ট সরকারের আমলে পাইপলাইনের জল অনেক গ্রামে গিয়ে পৌঁছেছে। আমার বক্তব্য মিউনিসিপ্যালিটি কি পঞ্চায়েতের মধ্যে দিয়ে পি.এইচ.ই পাইপলাইন বসানোর জন্য, গ্রামে আরও বেশী করে পাইপলাইন বসাবার জন্য ব্যবস্থা করবেন কি?

শ্রী গৌতম দেব : বলা বাহুল্য যেভাবে খরচ বাড়ছে তাতে টাকা পয়সা যদি না থাকে তাহলে মুশকিল। এখন দিল্লী যদি টাকা না দেয়, বন্ধ করে দেয়, শুধু রাজ্য সরকার টাকা দিয়ে পাইপড ওয়াটার বাড়িয়ে যাবে এটা বলা মুশকিল আছে।

[11.50—12.00 noon]

শ্রী নৃপেন গায়েন : দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবনের একেবারে শেষ গ্রাম কালীতলা। সেখানে পানীয় জলের অসুবিধা ছিল। মানুষ পুকুরের জল খেত, টিউবওয়েলের জল পেত না। মাননীয় মন্ত্রীর পরিকল্পনার ফলে সেখানে সমস্ত গ্রামে পানীয় জলের ব্যবস্থা হয়ে গিয়েছিল। কিন্তু সম্প্রতি ৫ থেকে ৭ কি.মি রাস্তা পি.এম.জি.ওয়াই স্কীমে হচ্ছে। এবং এর ফলে সেই রাস্তায় যে পাইপ লাইন ছিল তা নষ্ট করে দিতে হবে। কোন উপায় নেই, রাস্তা বড় ও চওড়া করতে হচ্ছে। মাটি চাপা পড়ে যাচ্ছে, পাইপ লাইন ভেঙে যাওয়ার সম্ভাবনা আছে। তাই মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, বিকল্প পথে অন্য রাস্তা দিয়ে এই পাইপ লাইন নিয়ে গিয়ে কালীতলা গ্রাম পঞ্চায়েতে জল সরবরাহের কোন ব্যবস্থা জনস্বাস্থ কারিগরি দপ্তরের আছে কিনা। এই রকম পরিকল্পনা আপনার আছে কিনা?

শ্রী গৌতম দেব : এটা সুন্দরবনের একটা নির্দিষ্ট গ্রামের বিষয়। ঐ ভাবে বলতে পারব

না। তবে যেহেতু পি.এম.ওয়াই-এর টাকায় রাস্তা হচ্ছে, সেই রাস্তা হয়ে গেলে এবং এখন পাইপ সরে গেলেও তারা তুলে পরে বসিয়ে দেবে। কিন্তু আপনি যদি বলেন ঐ রাস্তা বাদ দিয়ে অন্য রাস্তা দিয়ে নিয়ে যাওয়ার জন্য তাহলে আমি বলব, আমি ওখানে গিয়েছি খানিকটা চিনি, অন্য রাস্তা কোথায়? তাহলে তো ভেড়ী দিয়ে যেতে হবে।

শ্রী তারাপদ চক্রবর্তী : মাননীয় মন্ত্রী মহাশয় কেন্দ্রীয় সরকারের 'সজলধারা' স্কীমের ব্যাখ্যা দিলেন। এতে টোট্যাল প্রোজেক্ট কষ্টের ১০ শতাংশ টাকা বেনিফিসিয়ারীদের দিয়ে হবে। এটা আমরা জানি। পঞ্চায়েত সমিতির এই রকম কয়েকটা স্কীম জেলা-পরিষদ থেকে মঞ্জুর হয়ে এসেছে। আমি জানতে চাইছি, ঐ ১০ শতাংশ টাকা বিধায়করা এলাকা উন্নয়ন-এর টাকা থেকে দিতে পারবেন কিনা? আর, স্কীম চালানোর ক্ষেত্রে বিনিফিসিয়ারীদের নিয়ে একটি কমিটি করতে বলা হয়েছে। আমি জানতে চাইছি, সেই কমিটি না করে পঞ্চায়েত যদি চায় দায়িত্ব নিতে পারবে কিনা?

শ্রী গৌতম দেব : দুটোই না। এম.এল.এ-রাও দিতে পারবেন না এবং পঞ্চায়েতের কাছে বাড়তি টাকা থাকলে তারাও সেটা দিতে পারবেন না। একেবারে জনগণের কাছ থেকে চাঁদা করে তুলে এক জায়গায় করে ব্যাঙ্কে ঢোকাতে হবে। কার কাছ থেকে কত নিয়েছেন তার হিসাব রাখতে হবে। এছাড়া, সারাই-এর টাকাও জনগণকেই দিতে হবে।

শ্রী গুরুপদ দত্ত : ইতিপূর্বে গ্রাম পঞ্চায়েত এলাকায় রাজীব গান্ধী জল প্রকল্প ছিল। এখন ১০ শতাংশ বেনিফিসিয়ারের মাধ্যমে শুরু করা হল এই স্কীম এবং স্কীমের নাম দেওয়া হল সজলধারা। স্কীমের প্রোজেক্ট কষ্ট ১২ লক্ষ টাকা হয়ে গেল। এক-একটা সজলধারা মানে এক-একটা পাড়া, টোট্যাল গ্রাম হবে না। এ সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় যদি বলেন। দ্বিতীয় বিষয় হচ্ছে, পৌর এলাকাতে পি.এইচ.ই থেকে একটা অর্ডার করে বা ইতিমধ্যে যেখানে জল প্রকল্প হ্যাণ্ডওভার হয়ে গেছে। পৌর দপ্তর বলছে না হ্যাণ্ডওভার হয়নি। কিন্তু ছোট ছোট পৌরসভার পরিকাঠামো নেই। সেই জল প্রকল্প পৌরসভা না পি.এইচ.ই-র হাতে থাকবে?

শ্রী গৌতম দেব : 'সজলধারা'তে গভর্নমেন্টের বেশী কিছু করার নেই। মন্ত্রীরা ও কিচ্ছু করার নেই। গ্রামে একটা কমিটি—জনগণ, এন.জি.ও। জেলায় একটা কমিটি। এইভাবে টাকা সেখানে যাবে। এখানে আপনি বলতে পারবেন না—এটা হবে না, ওটা হবে না। তারা বসে জিনিসটা ঠিক করবে। সেটা বুঝেসুঝে পাঠিয়েছেন। আমাদের শুধু বলেছেন মাঝে মাঝে 'জ্ঞান' দেবেন, এডভাইস দেবেন এবং কো-অর্ডিনেশন করে দেবেন। ভারত সরকার কেন করেছেন সেটা বুঝিয়ে দেবেন। সেটা আমরা বুঝিয়ে দেব। এখন জেনে-শুনে রাজী হলে যেটা শর্ত আছে মানতে হবে। এই হ'ল একটা জিনিস।

সেক্টর রিফর্ম যেটা মেদিনীপুরে শুরু হয়েছিল, সেটা ডিসকনটিনিউ হল, সেই ফ্রন্টটা 'সজল ধারা' প্রকল্প কনটিনিউ করবে। সুতরাং সেই টাকাটা আপনারা নিতে পারবেন।

(২) ৮৪টা মিউনিসিপ্যালিটি, কে.এম.ডি.এ. এর বাইরে আছে, যেখানে পি.এইচ.ই. জল দেয়, অনেকগুলো জায়গায় পি.এইচ.ই. পরিচালনা করেন, কয়েকটি জায়গা মিউনিসিপ্যালিটি

নিয়েছিলেন। মিউনিসিপ্যাল দপ্তরের সঙ্গে আলোচনা করে ঠিক হয়েছিল যে, এগুলো আস্তে আস্তে মিউনিসিপ্যালিটি নেবে না। সেভাবে আমরা একটা দিনক্ষণ ঠিক করেছিলাম, পরে মিউনিসিপ্যালিটিগুলো মিউনিসিপ্যাল দপ্তরের মন্ত্রীকে বলেছে যে, এখনই এটা মিউনিসিপ্যালিটি গুলো চালাতে পারবে না। সেজন্য আবার ওগুলো পি.এইচ.ই.কে চালাতে হবে। শুধু আমরা বলেছি ইলেকট্রিকের বিলটা অন্ততঃ আপনারা দিন। দিল্লি থেকে যে বড় বড় অফিসাররা এসেছিলেন 'সজল ধারা' প্রকল্পের ব্যাপারে, তাঁদেরও বলেছি গ্রাম আলাদা জিনিষ, মিউনিসিপ্যালিটি থেকে জল খাওয়ায় তার পয়সাটাও দিতে পারছে না। দুঃখের বিষয় এটা কালেক্ট করা যাচ্ছে না। আমরা বলেছি অন্ততঃ ইলেকট্রিকের বিলটা তোমরা দাও। আর বাকিটা যেভাবে পি.এইচ. ই. এখনও করে যাচ্ছে ইন ফেজেস্, আস্তে আস্তে পর্যায়ক্রমে জিনিষটা আমাদের মিউনিসিপ্যালিটির হাতে বুঝিয়ে দিতে হবে। আর জি. ও.টা বাতিল করে পি.এইচ.ই.র হাতে এসেছে। কিন্তু ইলেকট্রিকের বিলটা মিউনিসিপ্যালিটি দেবে।

রাজ্যে ডিজিটাল লাইব্রেরী

*৩৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২১) **শ্রী পরেশ নাথ দাস :** গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার প্রযুক্তি নির্ভর গ্রন্থাগার পরিষেবা চালু করতে ডিজিটাল লাইব্রেরী গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, মোট কয়টি ঐ ধরনের লাইব্রেরী গড়ে তোলা হবে ও কোথায় কোথায়?

শ্রী নিমাই মাল : (ক) না, এরকম কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি।

(খ) সত্যি নয়। অতএব মন্তব্য নিষ্প্রয়োজন।

শ্রী পরেশ নাথ দাস : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি বললেন যে, এরকম কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। উন্নত প্রযুক্তির যুগে এই প্রযুক্তিকে লাইব্রেরির সঙ্গে যুক্ত করার জন্য কোন ব্যবস্থা বা কোন চিন্তা-ধারা আপনারা গ্রহণ করেছেন কিনা?

শ্রী নিমাই মাল : আমরা যেটা করেছি সেটা হচ্ছে, রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগার এবং ২৫টা জেলা গ্রন্থাগার আছে সেখানে কমপিউটার ব্যাবস্থার মাধ্যমে গ্রন্থাগার পরিচালনার পরিকল্পনা আছে। রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগারে ১০টি কমপিউটার স্থাপিত হয়েছে এবং গ্রন্থাগারের সংগৃহীত তথ্য ভিত্তি যেটাকে ডাটা বেস্ বলে সেটা তৈরী করার কাজ চলছে। অন্যান্য জেলা গ্রন্থাগারগুলোতে কমপিউটার স্থাপনের প্রস্তাব আছে। পরবর্তী পর্যায়ে এই গ্রন্থাগারগুলোকে ডিজিটাল লাইব্রেরি করা যায় কিনা সেটা ভাবা হচ্ছে।

শ্রী পরেশ নাথ দাস : ডিজিটাল লাইব্রেরির সঙ্গে যুক্ত করার যে পরিকল্পনার আপনার আছে, তার সঙ্গে গ্রামে গ্রামে যে লাইব্রেরিগুলো আছে গ্রামের মানুষের সুবিধার জন্য আপনাদের কোন চিন্তা-ভাবনা আছে কিনা?

শ্রী নিমাই মাল : এটা বুঝতে পারছেন যে, আমাদের গ্রামেগঞ্জে সব মিলিয়ে গ্রন্থাগারের সংখ্যা ৩ হাজার। এগুলো একত্রে একটা নেটওয়ার্কের মাধ্যমে আনা অত্যন্ত ব্যয়বহুল ব্যাপারে। আমরা ইলেভেন্থ ফিনান্স কমিশনের কাছে এরকম একটা আর্থিক সাহায্য চেয়েছি। যদি আমরা সেই মত টাকা পয়সা পাই তাহলে এটা প্রথমে রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগার থেকে জেলা গ্রন্থাগার, তারপর জেলা গ্রন্থাগার থেকে শহরের গ্রন্থাগার এবং তারপর গ্রামের গ্রন্থাগারকে নেট ওয়ার্কের মাধ্যমে যুক্ত করার পরিকল্পনা আছে।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

পাঁচলার পথ দুর্ঘটনায় হতাহতের সংখ্যা

*৩২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৭) **শ্রী সৌগত রায় :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ২৮ শে জানুয়ারী পাঁচলায় মুম্বাই রোডে গুরুতর পথ দুর্ঘটনায় হতাহতের সংখ্যা কত, এবং

(খ) মুম্বাই রোডে দুর্ঘটনা এড়াতে সরকার কী ব্যবস্থা নিয়েছেন?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩৯ জন নিহত এবং ১৪ জন আহত।

(খ) মুম্বাই রোডে দুর্ঘটনা এড়াতে সরকার নিম্নলিখিত ব্যবস্থাদি নিয়েছেন :

(১) অতিরিক্ত বেগে চলাচলকারী গাড়ীর চালকদের অভিযুক্ত করা হচ্ছে।

(২) ৬ নং জাতীয় সড়কে নিরবিচ্ছিন্ন ভ্রাম্যমাণ নজরদারীর ব্যবস্থা নেওয়া হয়েছে।

(৩) সড়কপথ ও সড়কপথ সংলগ্ন আলোর উন্নতিবিধানে এন.এইচ.এ আই. এর আধিকারিকদের সঙ্গে আলোচনা করা হচ্ছে।

(৪) হাওড়া জেলার অর্ন্তগত ৬ নং জাতীয় সড়কের ৬৫ কিমির মধ্যে বিদ্যমান ২টি সহ ৫টি ট্রাফিক পুলিশ ইউনিট স্থাপন করার প্রস্তাব আছে।

- লিলুয়া। কোনো (বিদ্যমান)
- অংকুরহাটি (বিদ্যমান)
- রানীহাটি
- উলুবেড়িয়া (বাণীতবলা)
- বাগনান

* Q. No. 327 : Held Over

বন্ধ কারখানার জমিতে বহুতল বাড়ীর অনুমোদন

*৩২৮। (অনুমোদিত নং *৪৯২ **শ্রী নির্মল ঘোষ** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের পৌরসভাগুলি বহু এলাকায় বন্ধ কারখানায় জমিতে বহুতল বাড়ী নির্মাণের প্ল্যান অনুমোদন করেছে; এবং

(খ) সত্যি হলে, বিগত ১ বছরে কতগুলি কারখানার জমিতে এই ধরনের সুযোগ দেওয়া হয়েছে?

পৌরবিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রাপ্তব্য তথ্যের ভিত্তিতে বলা যায় যে, কোন পৌরসভা অবৈধ ভাবে বন্ধ কারখানার জমিতে বহুতল বাড়ী নির্মাণের প্ল্যান অনুমোদন করেনি।

(খ) প্রশ্ন ওঠে না।

কলকাতায় বায়ুদূষণে দোষী কারখানার সংখ্যা

* ৩৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০৪) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায়** : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) কলকাতায় কতগুলি কারখানা বায়ু দূষণের জন্য দোষী সাব্যস্ত হয়েছে; এবং

(খ) উক্ত কারখানাগুলির মালিকদের বিরুদ্ধে আইননানুগ কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এবং (খ)

২০০২-২০০৩ সালে সর্ব সমেত ৪৩টি সংস্থা বায়ুদূষণের অনুমোদিত সীমা লঙ্ঘন করেছে। এই সংস্থাগুলিকে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ বন্ধ করার নোটিশ জারী করেছে।

রাজ্য পুলিশ লক-আপে মৃতের সংখ্যা

* ৩৩২। (অনুমোদিত প্রশ্ন * ৫৭৩) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা এপ্রিল, ২০০০ থেকে ৩১ শে মার্চ, ২০০২ পর্যন্ত রাজ্যে পুলিশ লক-আপের মৃত্যুর সংখ্যা কত;

(খ) পুলিশ লক- আপের মৃত্যু রোধ করতে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন; এবং

(গ) উক্ত সময়ে পুলিশ লক-আপে মৃত্যুর জন্য কেউ দোষী চিহ্নিত হয়ে থাকলে সরকার তার বিরুদ্ধে কি ধরনের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৪ জন

(খ) পুলিশ লকআপে মৃত্যু, রোধ করতে সরকার নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করেছেন—

(১) মহামান্য সুপ্রীম কোর্টের সাম্প্রতিক নির্দেশিকানুযায়ী ও আইনানুযায়ী পুলিশ লকআপে বন্দী অভিযুক্তদের ব্যাপারে ব্যবস্থা গ্রহণ সম্পর্কে পুলিশ আধিকারিকদের এবং পুলিশকর্মীদের নিয়মিত জ্ঞাত করা হয়।

(২) পুলিশ লকআপগুলির পরিবর্তন করা হচ্ছে এবং আত্মহত্যা প্রতিরোধাথী বিচারাধীন বন্দীদের বিশেষ ধরনের পোশাক সরবরাহ করা হয়েছে।

(৩) লকআপে মৃত্যু, প্রতিরোধার্থে ২৪ ঘন্টা কড়া পাহারাদারীর ব্যবস্থা করা হয়েছে।

(গ) উক্ত সময়ে পুলিশ লকাআপে মৃত্যুর জন্য কোন পুলিশকর্মী দায়ী না হওয়ায় দরুন কোন পুলিশ কর্মীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

বাঁকুড়া পৌরসভাকে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ

* ৩৩৪। (অনুমোদিত প্রশ্ন নং * ৯৩৬) শ্রী কাশীনাথ মিশ্র : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া পৌরসভাকে বিশেষতঃ কর্মচারীদের (স্থায়ী ও অস্থায়ী) বেতন, ভাতা ও পেনশন বাবদ ২০০২-২০০৩ এর ৩১ শে জানুয়ারী পর্যন্ত কত পরিমাণ অর্থ দেওয়া হয়েছে, এবং

(খ) উক্ত পৌরসভা রাজস্ব আদায় বৃদ্ধির জন্য কী কী পরিকল্পনা গ্রহণ করেছে?

পৌরবিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কর্মচারীদের (স্থায়ী) বেতন, ভাতা ও রিলিফ অন পেনশন বাবদ ২০০২-০৩ এর ৩১ শে জানুয়ারী পর্যন্ত বাঁকুড়া পৌরসভাকে পরিকল্পনা বহির্ভূত খাতে দেয় অর্থের পরিমাণ নিম্নরূপ :

(১) বেতন ..... ১,৩৩,৮৭,৬৯৮ টাকা (ডিসেম্বর, ২০০২ পর্যন্ত)

(২) ভাতা ..... ২৯,০৭,০৪৫ টাকা (ডিসেম্বর, ২০০২ পর্যন্ত)

(৩) রিলিফ অন পেনশন ..... দাবী পেশ করেনি।

মোট - ১,৬২,৯৪,৭৪৩ টাকা

(খ) রাজস্ব আদায় বৃদ্ধির জন্য উক্ত পৌরসভা নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করেছে :

(১) জমি, বসতবাটি ইত্যাদির দলিল মূল্যের তিন শতাংশ উন্নয়ন কর হিসাবে ধার্য করা হয়েছে;

(২) সেপটিক্ ট্যাঙ্ক পিছু ১০০০ টাকা পরিষ্কার মূল্য হিসাবে ধার্য্য করা হয়েছে;

(৩) গৃহে জলসংযোগ কর ৫০০ টাকা থেকে বৃদ্ধি করে প্রতি গৃহের বর্তমান মূল্যায়নের ধাপ অনুযায়ী যথাক্রমে ১১০০ টাকা, ২১০০ টাকা এবং ২৬০০ টাকা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

(৪) সরকারী নির্দেশাবলী অনুযায়ী লাইসেন্স ফি চালু করা হয়েছে।

রাজ্যে ইতালিয় শিল্প

* ৩৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৫৯) **শ্রী নির্মল দাস** : মুখ্যমন্ত্রীর সচিবালয়ের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইতালির শিল্পোদ্যোগীরা কোন্ কোন্ শিল্প এই রাজ্যে স্থাপনে আগ্রহ প্রকাশ করেছেন; এবং

(খ) কি পরিমাণ অর্থ উক্ত উদ্দেশ্যে বিনিয়োগ হবে বলে আশা করা যায়?

মুখ্যমন্ত্রীর সচিবালয়ের মন্ত্রিমহোদয় :

(ক) ইতালির শিল্পদ্যোগীরা প্রধানত এ রাজ্যে চর্মশিল্প, চর্মজাত শৌখিন ব্যবহার্যবস্তুর নক্শার স্টুডিও এবং প্রশিক্ষন কেন্দ্র স্থাপন ও উন্নত প্রযুক্তি সরবরাহ, ফল ও সবজির প্রক্রিয়াকরণ, অত্যাধুনিক বৈদ্যুতিক যন্ত্রাংশ তৈরির প্রযুক্তি সরবরাহ, বহুমুখী হিমঘর ও হিমকক্ষ নির্মাণ ইত্যাদি বিষয়ে শিল্প স্থাপন ও পর্যটন ও পরিবেশ বিষয়ে পারস্পরিক সহযোগিতা এবং বস্ত্রজাত শিল্প স্থাপনে আগ্রহ প্রকাশ করেছেন এবং সর্বমোট ছয়টি সমঝোতা পত্র স্বাক্ষরিত হয়েছে।

(খ) এই মুহূর্তে বলা সম্ভব নয়।

হাওড়া ইমপ্রুভমেন্ট বোর্ড

* ৩৩৬। (অনুমোদিত প্রশ্ন নং * ৭৪০) **শ্রী জটু লাহিড়ী** : নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হাওড়া ইমপ্রুভমেন্ট বোর্ড তাদের কিছু ফ্যাট ভাড়াটিয়াদের কাছে মালিকানা স্বত্ব বিক্রয় করার সিদ্ধান্ত নিয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত মালিকানা প্রাপ্ত ভাড়াটিয়ার সংখ্যা কত?

নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) বিষয়টি এখন একেবারেই প্রাথমিক স্তরে আছে।

রাজ্যে ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ স্থানগুলির বিলুপ্তি

* ৩৩৭। (অনুমোদিত প্রশ্ন নং * ২৪৫৯) শ্রী শিব প্রসাদ মালিক : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা সত্যি যে, রাজ্যে ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ স্থানগুলি ধীরে ধীরে লুপ্ত হয়ে যাচ্ছে; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, এই বিষয়ে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না। রাজ্যের ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ স্থানগুলি রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক সংরক্ষিত হয়েছে।

(খ) এ পর্যন্ত অসংরক্ষিত, ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ স্থানগুলির বিলুপ্ত ঠেকানোর লক্ষ্যে রাজ্য সরকারের তরফে রাজ্যস্তরে একটি হেরিটেজ কমিশন এবং জেলাগুলির বিভিন্ন পুরসভার ক্ষেত্রে হেরিটেজ সংরক্ষণ সমিতি গঠন করা হয়েছে।

রাজ্যে নতুন পৌরসভা গঠনের পরিকল্পনা

* ৩৩৮। (অনুমোদিত প্রশ্ন নং * ১৩৬২) শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি—

(ক) ২০০৩-২০০৪ আর্থিক বছরে রাজ্যে কোন নতুন পৌরসভা গঠনের পরিকল্পনা সরকারের কাছে কি; এবং

(খ) থাকলে, কোন্ কোন্ এলাকায় নতুন পৌরসভা গঠন করা হবে?

পৌরবিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

উপনগরী গড়ে তোলার উদ্যোগ

* ৩৩৯। (অনুমোদিত প্রশ্ন * ১৩৫৪) শ্রী তাপস চট্টোপাধ্যায় : নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার রাজারহাটের পর আরও দুটি উপনগরী গড়ে তোলার উদ্যোগ নিয়েছে এবং

(খ) সত্যি হলে, তা কোন্ জায়গায় গড়ে তোলা হবে?

নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্য সরকারের নগর উন্নয়ন দপ্তর একটি উপনগরী গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। হুগলী জেলার ডানকুনিতে প্রস্তাবিত উপনগরীটি গড়ে তোলবার পরিকল্পনা আছে।

Number of incidence of political violence for Panchayat Election

*340. (Admitted Question No. * 2448) **Shri Gyan Singh** Sohanpal and Shri Abdul Mannan ; Will the Minister-in-Charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of incidents of political violence reported from various parts of the state during Campaigning, Polling and Counting for the Panchayat Elections held on 11th May, 2003;

(b) the number of persons killed and or injured in the incidents mentioned in (a); and

(c) the districtwise break-up of (a) and (b) ?

Minister in Charge of the Home (Police) Department :

(a) Number of incidents of political violence :

During Campaigning/pre-poll period	During polling i.e. on the day of poll	During counting post poll period
174	76	71

(b) (1) Number of Person killed

During Campaigning/pre-poll period	During polling i.e. on the day of poll	During counting/ post poll period	Total
15	20	5	40

(2) Number of Person injured :

During Campaigning/pre-poll period	During polling i.e. on the day of poll	During counting/ post poll period	Total
196	52	110	358

(c) As given below

District	No of incidents of Political Violence			Number of Persons killed			Number of Persons injured		
	During campai-gning/ pre-poll period	During polling i.e on the day of poll	During counting/ post poll period	During campai-gning/ pre-poll period	During polling i.e on the day of poll	During counting/ post poll period	During campai-gning/ pre-poll period	During poling i.e on the day of poll	During counting/ post poll period
Bankura	3	2	2	-	-		3	-	3
Birbhum	7	2	5		-	1	12	-	4
Burdwan	8	5	3	1	-	-	7	3	1
Coochbehar	18	1	14	-	-	-	28	1	9
Dasshin Dinijpur	5	-	-	-	-	-	13	-	-
East Midnapur	5	1	3	1	-	-	14	-	2
Hooghly	5	5	-	1		-	5	3	-
Howrah	1	7	-	-	-	-	-	1	-
Jalpaiguri	9	1	3	-	1	-	9	4	16
Malda	3		1	-	-	-	2	-	10
Murshida-bad	19	15	12	5	8	3	24	14	12
Nadia	2	5	10	-	1	-	2	19	20
24Pgs (N)	14	6	6	-	2	-	11	5	27
Purulia	3	7	-	-	-	-	1	-	-
24Pgs (S)	20	6	4	2	5	-	14	-	3
Uttar Dinajpur	30	6	4	5	-	-	28	2	1
West Midnapur	22	7	4	-	3	1	23	-	2
Total	174	76	71	15	20	5	196	52	110

পুরস্কৃত পৌরসভার সংখ্যা

* ৩৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫) শ্রী তপন হোড় : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০১ থেকে ৩০ শে এপ্রিল ২০০৩ পর্যন্ত রাজ্যের পৌরসভাগুলির কাজকর্মের সাফল্যের নিরিখে কোন্ কোন্ পৌরসভাকে পুরস্কৃত করা হয়েছে,

(খ) উক্ত পুরস্কারের ভিত্তি কি; এবং

(গ) ঐ পুরস্কার বাবদ কত টাকা দেওয়া হয়েছে?

পৌরবিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১৩টি পৌরসভাকে কর আদায়ের লক্ষ্যমাত্রা এবং আরও কয়েকটি প্রশাসনিক বিষয়কে

বিচার করে প্রোৎসাহ অনুদান দেওয়া হয়েছে। সামগ্রিক উন্নয়নমূলক কাজের বিচারে কোন পৌরসভাকে পুরস্কৃত করা হয়নি।

এই ১৩টি পৌরসভা হল— (১) ব্যারাকপুর, (২) নিউ ব্যারাকপুর, (৩) বিধাননগর, (৪) রাজপুর-সোনারপুর, (৫) শান্তিপুর, (৬) কান্দি, (৭) বালুরঘাট, (৮) আরামবাগ, (৯) দুর্গাপুর, (১০) ঘাটাল, (১১) রামজীবনপুর, (১২) খরার ও (১৩) কাঁথি।

(খ) উক্ত প্রোৎসাহ অনুদান প্রদানের ভিত্তি হল পৌরসভাকে অন্ততঃ বর্তমানে ধার্য্য সম্পত্তি করের শতকরা ৪০ ভাগ ও বকেয়া সম্পত্তি করের শতকরা ২৫ ভাগ আদায় করতে হবে এবং আগের বছরের তুলনায় ট্যাক্স ও ননট্যাক্সের আদায় যুক্তভাবে অন্ততঃ শতকরা ৫ ভাগ বাড়াতে হবে। উক্ত বিষয়গুলির যে কোন একটি ব্যাপারে যদি কোন পৌরসভা বর্তমান বিধি ভঙ্গ করে বেআইনি লোক নিয়োগ করে, যদি বর্তমান বিধি ভঙ্গ করে ক্যাজুয়াল কর্মী নিয়োগ করে, যদি কর্মচারীদের ভবিষ্যনিধির টাকা ঠিকমত জমা না দেয়, যদি এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করে এবং সরকারী বিধি লঙ্ঘন করার ঘটনা যদি পরিলক্ষিত হয় তবে উক্ত বিষয়গগুলির যে কোন একটির বিষয়ে বিচ্যুতি ঘটলে সেই পৌরসভা এই অনুদান থেকে বঞ্চিত হবে।

উপরোক্ত শর্তগুলি যে সমস্ত পৌরসভা পূরণ করবে তারা আগের বছরের তুলনায় নিজস্ব আয় (ট্যাক্স ও ননট্যাক্স)এ বৃদ্ধির উপর শতকরা ৪০ শতাংশ ওয়েটেজ পাবে এবং বর্তমান সম্পত্তি কর ও বকেয়া সম্পত্তি কর-এর গড় আদায়ের উপর শতকরা ৬০ শতাংশ ওয়েটেজ পাবে।

তবে কোন পৌরসভার প্রাপ্য অনুদানের অর্থ যুক্তভাবে মোট ট্যাক্স ও ননট্যাক্স আদায়ের শতকরা ৫০ ভাগের বেশী হবে না।

(গ) মোট দুই কোটি বারো লক্ষ চব্বিশ হাজার পাঁচশত টাকা।

তিস্তা গঙ্গা উৎসব

*৩৪২ (অনুমোদিত প্রশ্ন নং * ২১৫৬) শ্রী নির্মল দাস : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান বছরে তিস্তা-গঙ্গা উৎসব কোন্ জেলায় ও কোন্ স্থানে অনুষ্ঠিত হবে;

(খ) উক্ত উৎসবের প্রধান লক্ষ্য কি; এবং

(গ) উৎসবের খরচ নির্বাহের জন্য রাজ্য সরকার কত অর্থ বরাদ্দ করেছেন?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমান সময়ের তিস্তা গঙ্গা উৎসব - এর জন্য কোন জেলা বা স্থান এখনও পর্যন্ত নির্দিষ্ট হয়নি।

(খ) গঙ্গা ও তিস্তাপারের লোক সংস্কৃতি ও নগর সংস্কৃতি-র মধ্যে মেল বন্ধনই এই উৎসবের প্রধান লক্ষ্য।

(গ) এ বছর নির্দিষ্ট কোনও অর্থ বরাদ্দ এখনও করা হয়নি।

Replies to Starred Question Nos. 324 and 327 will be given later on.

CALLING ATTENTION (Notice)

Mr. Speaker : Today I have received three notices of Calling Attention on the following subjects, namely :

Subject	Name
(i) Incident of robbery and molestation of women at Shreebati under Nakashipara P.S., Nadia on 15.7.2003	Shri Asit Mitra & Shri Ajoy Dey
(ii) Apprehended disruption in public Distribution system in the state due to recent decision of R.B.I .	Shri Nirmal Das
(iii) Alarming condition of Kurseong owing to apprehended landslide	Shri Tapan Hore

I have selected the notice of Shri Tapan Hore on the subject of alarming condition of Kurseong owing to apprehended landslide.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Mr. Speaker sir, the statement will be made on 23rd July, 2003

LAYING OF REPORT

Annual Report of the Webel Carbon & Metal Film Resistors Limited for the year 2001-2002.

Shri Probodh Chandra Sinha : Sir, with your permission I beg to lay the Annual Report of the Webel Carbon & Metal Film Resistors Limited for the year 2001-2002.

MENTION CASES

শ্রী মানিক লাল আচারিয়া : মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র কুলটীর বিভিন্ন জায়গাতে পানীয় জলের তীব্র সংকট দেখা দিয়েছে। আমি এই ব্যাপারে বার বার বলেছি, কুলটী, রাণীতলা, লালবাজার, কেঁদুয়া, বরাকর, হালুয়ায় পট্টি, করিমডাঙ্গা, বেলাচক, বোলতি, চুনগাড়ি, জসাইডি, আলতি, মিঠানি, বেড়িডি, হাতিনল, নারায়ণ চক এবং আরও অনেক জায়গায় এই জল সংকট তীব্র আকার ধারণ করেছে। পাইপ লাইন থাকা সত্ত্বেও জল পাচ্ছে না। কারণ নার্সিং হোম, ইঁটভাটা এইসব জায়গায় বেআইনীভাবে জল নেওয়া হচ্ছে। আমরা বলেছিলাম, লাইন কেটে দেওয়া হোক। এই ব্যাপারে বিধানসভায় বার বার বলেছি। তাই অবিলম্বে যাতে আমাদের এলাকার পানীয় জলের ব্যবস্থা করা হয়, তারজন্য দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মানস মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি যে, আমাদের রাজ্যে কয়লা, ইঞ্জিনিয়ারিং এবং সুতো কল এই ৩টি শিল্প কেন্দ্রীয় সরকারের নীতির ফলে বিলুপ্ত প্রায়। আর ঠিক সেই সময়ে আমাদের রাজ্যে আবার নতুন করে শিল্পে আক্রমণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কিন্তু আমাদের রাজ্য শিল্পে ইতিমধ্যেই ঘুরে দাঁড়িয়েছে। গোটা দেশে যেখানে জাতীয় আয় কমছে, গোটা দেশে যখন মাথা পিছু আয় কমছে, গোটা দেশে যখন কয়লা, ইস্পাতের ব্যবহার কমছে, ডিজেলের ব্যবহার কমছে ঠিক সেই সময়ে আমাদের দেশে ২৪০টি রাষ্ট্রায়ত্ত সংস্থা, যে রাষ্ট্রায়ত্ত সংস্থার মুনাফা বর্তমানে বেড়েছে গত ১ বছরে ১৪ হাজার ৬২২ কোটি টাকা, তখন কেন্দ্রীয় সরকার একের পর এক রাষ্ট্রায়ত্ত সংস্থা বিক্রি করে দিচ্ছেন। ইতিমধ্যেই আমাদের রাজ্যের বি. আই কোম্পানী, আমাদের রাজ্যের জেসপ তার উপরে এই আক্রমণ নেমে এসেছে। তার ফলে গোটা দেশে এই ১ বছরে প্রায় কাজ হারিয়েছে ৪ লক্ষ ২৩ হাজার মানুষ, রাষ্ট্রায়ত্ত সংস্থায় শিল্পে কাজ হারিয়েছে ১ লক্ষ ৬৫ হাজার মানুষ লে অফে। অর্থনৈতিক সমীক্ষায় বলছে আমাদের কর্মসংস্থানের হার কমছে। যতটুকু বেড়েছে অসংগঠিত ক্ষেত্রে। তার মধ্যে দাঁড়িয়ে আমাদের রাজ্যের শিল্প সম্পর্কে মাননীয় প্রধান মন্ত্রীর যে মন্তব্য করেছেন, তার আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি। (এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী পরেশ নাথ দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমায় এন. এইচ ৩৪ ধরে ফারাক্কায় যেতে বাঁ দিকে একটি বিল পরে। এই বিলটি তক্ষকের বিল বা বরেল বিল নামে পরিচিত। সারা বছর বিলটিতে প্রচুর জল জমা হয়ে থাকে। বিশেষ করে ব্যারেজ চালু হয়ে যাওয়ার পরে সেখানে প্রচুর জল জমে থাকে। আমি আগেও বিধানসভায় বলেছিলাম এবং মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। সেই বিলটির জল নিয়ে যাতে ব্যাপকভাবে মানুষের কাজে লাগানো যায়, পাইপ লাইনের মাধ্যমে গ্রাউন্ডের উপর দিয়ে এবং আন্ডার গ্রাউন্ড দিয়ে এই জল টাকে নিয়ে এসে যদি নীচু এলাকায় আনা যায় তাহলে সেই নীচু এলাকার জমিকে সেচসেবিত করা যাবে। এছাড়া ঐ বিল এলাকার জমিগুলি জলমগ্ন হয়ে আছে। ঐ জলমগ্ন জমিগুলিকে সেচের আওতায় আনা যাবে এবং এই জমিগুলিতে মৎস চাষের পরিকল্পনা নেওয়া যেতে পারে, এই উদ্দেশ্য নিয়ে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ইউনুস সরকার : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের মুর্শিদাবাদ জেলার বিভিন্ন অঞ্চলের পানীয় জলে প্রচণ্ডভাবে আর্সেনিকের উপস্থিতি ধরা পড়েছে। বিশেষ করে আমার কেন্দ্রর জলঙ্গী এবং রাণীনগর ব্লকে আর্সেনিকের আক্রমণে কিছু মৃত্যুর ঘটনাও ঘটেছে। এখন পর্যন্ত জলঙ্গী ব্লকের সাদিখানদয়ার এবং রাণীনগর (২) ব্লকের কালীনগর ও মালবাড়ি (১) গ্রাম পঞ্চায়েতে আর্সেনিক মুক্ত জল সরবরাহের কোন সংস্থান তৈরী হয়নি। তাই আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে এই সমস্ত অঞ্চলে আর্সেনিক দূষণ মুক্ত জল সরবরাহে কিছু পরিকল্পনা গ্রহণ

করে এই সমস্ত অঞ্চলের মানুষদের রক্ষা করা হোক। আমাদের এ অঞ্চলের বেশ কয়েকটি গ্রাম পঞ্চায়েতে আর্সেনিক জনিত মৃত্যুর সংখ্যা ক্রমশঃ বাড়ছে। তাই আমি ওখানে অবিলম্বে আর্সেনিক দূষণ মুক্ত জল সরবরাহের ব্যবস্থা করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল একটি শিল্প সংক্রান্ত সভায় ভারতবর্ষের প্রধানমন্ত্রী এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী উপস্থিত ছিলেন। দুঃখের কথা এই যে, আমাদের রাজ্যে শিল্পায়ন হয়নি, এই কথা যখন আমরা বলতাম তখন মাননীয় মুখ্যমন্ত্রী অথবা মাননীয় শিল্প মন্ত্রী তার বিরোধিতা করতেন। কিন্তু গতকাল ভারতবর্ষের প্রধানমন্ত্রী আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর সামনেই ঘোষণা করলেন যে, বর্তমানে পশ্চিমবাংলায় এমনই অবস্থা হয়েছে, গত দশক শিল্পায়নে পশ্চিমবাংলা অনেক পিছিয়ে পড়েছে। এই ধরনের মন্তব্য যখন প্রধানমন্ত্রী করছিলেন তখন সেখানে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী উপস্থিত ছিলেন। এটা বাংলার লজ্জা, না আমাদেরই শুধু লজ্জা তা আমি জানি না। কিন্তু এখন পর্যন্ত মাননীয় মুখ্যমন্ত্রীর পক্ষ থেকে এ বক্তব্যের কোন প্রতিবাদ আমরা শুনিনি। তাই আমি বিষয়টির প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে পশ্চিমবাংলার রুগ্ন, বন্ধ শিল্পগুলির বিষয়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করে সেগুলিকে সঠিক জায়গায় নিয়ে যাবার ব্যবস্থা কার হোক এবং শিল্পায়নকে আরো গতিশীল করে রাজ্যের বেকার ছেলেদের চাকরির ব্যবস্থা করা হোক। এই দাবি করছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুত মন্ত্রীকে বলতে চাই যে, পূর্ব মেদিনীপুরের এবং পশ্চিম মেদিনীপুরের বিস্তীর্ণ অঞ্চল ব্যাপক লোড শেডিং এবং লো ভোলটেজের দাপটে বিপর্যস্ত। ঐ দুটি জেলার জনজীবন সম্পূর্ণ বিপর্যস্ত হয়ে পড়েছে। কাঁথি এবং ঝাড়গ্রামে ১৩২-৩৩ কেভি সাব-স্টেশন না থাকায় বিদ্যুত ঘাটতি তীব্র আকার ধারণ করেছে। আমি মাননীয় বিদ্যুতমন্ত্রীর কাছে অবিলম্বে এর প্রতিকার এবং প্রতিবিধান দাবি করছি। তিনি অবিলম্বে জনজীবনে সুস্থ স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার ব্যবস্থা করুন। লোড শেডিং-এর হাত থেকে আমাদের রক্ষা করুন। ধন্যবাদ।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র খড়গ্রাম ময়ূরাক্ষী সেচ বাঁধের আওতার মধ্যে পড়ে এবং ঐ এলাকার মৌজাগুলি সেচসেবিত হিসাবে চিহ্নিত। বর্তমানে ঐ এলাকায় সাংঘাতিক খরা চলছে। ফলে কৃষকরা মাথায় হাত দিয়ে বসে আছে। বীজ নষ্ট হয়ে যাচ্ছে। আষাঢ় মাস শেষ হচ্ছে, আগামীকাল থেকে শ্রাবণ মাস শুরু হবে। ঐ এলাকায় বর্ষার দেখা নেই। সেচ-সেবিত এলাকা হিসাবে চিহ্নিত এলাকায় যদি অবিলম্বে ময়ূরাক্ষী ক্যানেল থেকে জল ছাড়া না হয় তাহলে কৃষকদের সর্বনাশ হয়ে যাবে। কোনভাবেই চাষীদের পক্ষে আর চাষ করা সম্ভব হবে না। প্রকৃতি ওখানে মুখ ফিরিয়ে নিয়েছে, এই সময় মাননীয় মন্ত্রী ক্যানেল থেকে জল ছাড়ার ব্যবস্থা করুন, তাহলেই এলাকার চাষ শুরু করতে পারবে। ঐ এলাকার

জমিগুলি এক-ফসলা জমি এবং চাষীরা আমন ধানের ওপর নির্ভরশীল। সেই ধান না হলে এলাকার অর্থনীতির ক্ষতি হয়ে যাবে। সে জন্য আমি আবেদন করছি ওখানে ময়ূরাক্ষী ক্যানেল থেকে অবিলম্বে জল ছাড়া হোক যাতে ঐ এলাকার কৃষকরা চাষাবাদ শুরু করতে পারে। বিষয়টির প্রতি আমি পুনরায় আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

[12.10–12.20 p.m.]

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষমহোদয়, গতকাল প্রধানমন্ত্রী বেঙ্গল চেম্বার অফ কর্মাসের সভাতে বক্তব্য রাখতে গিয়ে পশ্চিমবঙ্গের জনগণকে বিদ্রূপ করেছেন এবং রাজ্য সরকারকে হেয় করার চেষ্টা করেছেন। প্রধানমন্ত্রী তাঁর বক্তব্য রাখতে গিয়ে মতাদর্শগত গোঁড়ামির কথা উল্লেখ করেছেন। শুধু বিশ্বাসের উপর নির্ভর করে সংবিধান, কোর্ট সব কিছুকে অপমান করে যারা বাবরি মসজিদ ভাঙতে পারে, গুজরাটে গণহত্যা সংঘটিত করতে পারে আর যাই হোক, পশ্চিমবাংলার মানুষ তাদের কাছে থেকে মতাদর্শ শিখতে যাবে না। আসলে, পশ্চিমবাংলায় বারে-বারে বি.জে.পি-তৃণমূল জোট পরাজিত হওয়ায় বামপন্থীদের কাছে, মার্কসবাদী কমিউনিস্টদের কাছে, সেইজন্য আমাদের মতাদর্শকে লক্ষ্য করে আক্রমণ করার চেষ্টা করেছেন। তিনি বলেছেন, এই রাজ্য থেকে ব্যবসায়ীরা নাকি চলে যাচ্ছেন, অথচ তথ্য বলছে অন্য কথা। ১৯৯১ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত আমাদের এখানে ৩ হাজার ৪৪টি নতুন শিল্পে ৬০ হাজার ৪৫৪ কোটি ৫৫ লক্ষ টাকার বিনিয়োগের প্রস্তাব এসেছে। আমরা সকলেই জানি, কেন্দ্রীয় সরকার এই রাজ্যকে বঞ্চনা করেছেন বারে-বারে এবং তার জন্যই হলদিয়া হতে পারে নি, বক্রেশ্বর হতে পারেনি। একথাও আমরা সকলে জানি, ম্যানমেড বন্যা বলে পশ্চিমবাংলাকে বঞ্চিত করা হয়েছে। তাই এই কদর্যপূর্ণ আক্রমণের তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, বাগদার দূরবর্তী গ্রাম থেকে যে কোন কলেজ ৪০ থেকে ৫০ মাইল দূরে। বাগদায় কোন কলেজ নেই। এ ছাড়া যাতায়াতের অবস্থা অত্যন্ত খারাপ। একটা মেয়ের পক্ষে বয়রা গ্রাম থেকে কলেজে যেতে আড়াই ঘন্টা সময় লাগে। এই সময়ের দূরত্বকে বাঁচানোর জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ করবো, বাগদা বিধানসভা কেন্দ্রের মধ্যে যাতে একটা কলেজ হয় তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রী অসিত কুমার মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকারের চরম আর্থিক সংকট উপেক্ষা করে সম্পূর্ণ বেআইনিভাবে চিকিৎসার সরঞ্জাম সরবরাহকারী ২টি সংস্থাকে স্বাস্থ্য দপ্তর মোটা টাকা পাইয়ে দিয়েছে। ক্যাগ রিপোর্টে সেটা ধরা পড়েছে। চিকিৎসার সরঞ্জাম বাক্সবন্দী থাকা সত্ত্বেও রক্ষণা-বেক্ষণে অপ্রয়োজনীয় ৩৩ কোটি ৮৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। মেডিক্যাল শিক্ষায় অর্থ খরচ নিয়ে দুর্নীতি ক্যাগ রিপোর্টে ধরা পড়েছে। গতকাল মাননীয় প্রধানমন্ত্রী বিভিন্ন উন্নয়নে রাজ্য পিছিয়ে যাচ্ছে বলে অভিযোগ করেছেন। একদিকে দুর্নীতি, অন্যদিকে রাজ্য পিছিয়ে যাচ্ছে যার ফলে রাজ্যের উন্নয়ন ব্যাহত হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে বলতে

চাই, স্বাস্থ্য দপ্তরে যদি দিনের পর দিন এইভাবে দুর্নীতি হয় এবং ক্যাগ রিপোর্টে প্রকাশিত হওয়ার পরেও যদি সচেতন না হয় তাহলে পশ্চিমবাংলার স্বাস্থ্য পরিষেবা এবং উন্নয়ন সব কিছুই ব্যাহত হবে। তাই আমি এর তীব্র প্রতিবাদ করছি। ধন্যবাদ।

শ্রী রতন দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌর বিষয়ক মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় সমুদ্রগড় স্টেশন সংলগ্ন "নসরৎপুর গ্রাম পঞ্চায়েতকে" নোটিফায়েড তথা পৌরসভায় উন্নীত করার দাবি করছি। কারণ, এই গ্রামে পঞ্চায়েতের জনসংখ্যা ৫০ হাজারের উপর, তার উপরে বাইরের ১০।১৫ হাজার তাঁতশ্রমিকের চাপও আছে। সদস্য সংখ্যা ৩০, অর্থাৎ স্যাচুরেটেড। একে ভেঙে ৩টি জি.পি. করা যায়। জনসংখ্যার ৭০ পারসেন্ট নন-এগ্রি তথা তাঁত শিল্পের সঙ্গে যুক্ত। ১৫টি প্রাথমিক বিদ্যালয়, ১টি উচ্চ-মাধ্যমিক, ১টি বালিকা বিদ্যালয় ও ৩টি কিন্ডার-গার্টেন স্কুল রয়েছে। এ ছাড়া বেশ কিছু এস.এস.কে. আছে। ৩টি কৃষি সমবায়, ১১টি তাঁত সমবায় এবং ২টি মৎসজীবী সমবায় আছে। বিদ্যুৎ, টেলিফোন অ্যাম্বুলেন্স ৩টি ও পানীয় জলের পরিষেবা চালু আছে। এছাড়া কৃষিপণ্যের হাট-বাজার, তাঁত বস্ত্র ও রেডিমেড পোসাকের হাটও আছে। কার্যত এটি একটি সেমি টাউন। চাহিদা ও বাস্তবতার নিরিখে এই দাবী রূপায়িত হওয়া উচিত।

শ্রী তারাপদ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ওন্দা বিধানসভা কেন্দ্রের মধ্যে রামসাগর এবং ওন্দা ডিমপোনা উৎপাদনে রাজ্যের মধ্যে একটি বিশেষ স্থান অর্জন করেছে। এখান থেকে ভারতাবর্ষের বিভিন্ন প্রান্তে এই ডিমপোনা যায় এবং এটা যাবার মাধ্যম হচ্ছে রেলওয়ের যোগাযোগ ব্যবস্থা। কিন্তু স্যার, এই ওন্দা এবং রামসাগর স্টেশন দুটি খুব নীচু, ফলে ডিমপোনার হাড়িগুলি গাড়িতে তোলা খুব কষ্টকর হয়ে পড়ে। বহু মানুষ এই ডিমপোনার হাঁড়ি তুলতে গিয়ে জখমও হয়েছেন। রাজ্য সরকারের মাধ্যমে আমি তাই কেন্দ্রীয় রেলমন্ত্রকের কাছে দাবি জানাচ্ছি, অবিলম্বে এই স্টেশন দুটিকে প্রশস্ত করা হোক এবং উঁচু করা হোক।

মিঃ স্পীকার : এটা তো কেন্দ্রীয় সরকারের রেল মন্ত্রকের ব্যাপার, এখানে রাজ্য সরকার কি করবে? আপনার এম.পি.কে দিয়ে এটা লোকসভায় বলান। এখানে এটা বলার কি আছে? রাজ্য সরকার তো করে দিতে পারবে না।

শ্রী নন্দদুলাল মাঝি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্র ইন্দাসে বিদ্যুতের একটি সাব-স্টেশন আছে। তার দুটি ফিডার থাকার কথা, কিন্তু বর্তমানে একটি আছে। এর ফলে দিনের অধিকাংশ সময় অধিকাংশ গ্রামে বিদ্যুৎ থাকছে না। বিশেষ করে সন্ধ্যার সময় বিদ্যুৎ না থাকায় ছেলেমেয়েরা লেখাপড়া করতে পারছে না, মানুষ কাজ করতে পারছে না। মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে আমার আবেদন, এখানে অবিলম্বে দ্বিতীয় ফিডারটি লাগানো হোক এবং এ অঞ্চলের মানুষরা যাতে সঠিকরূপে বিদ্যুৎ পেতে পারে তার ব্যবস্থা করা হোক।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল বণিকসভায় ভাষণ দিতে গিয়ে মাননীয় প্রধানমন্ত্রী মহাশয় যে বক্তব্য পশুচিকিৎসা সম্বন্ধে করেছেন সে সম্পর্কে বামপন্থী বন্ধুরা বলছেন যে নিজেদের ব্যর্থতা ঢাকতে গিয়ে তিনি এইসব মন্তব্য করেছেন। তারা কেন্দ্রীয় নীতির কথা

বলেছেন। কেন্দ্রীয় নীতির ফলে দেশ যে অনেকটা ডুবেছে এটা ঠিক, কিন্তু তার থেকে এটা প্রমাণিত হয় না যে পশ্চিমবঙ্গ সরকার ঠিক পথে চলছেন। আমি মনে করি খুব যথার্থভাবেই প্রধানমন্ত্রী মহাশয় বলেছেন যে এখানে কর্ম সংস্কৃতি নষ্ট হয়ে গিয়েছে। আপনারা জানেন যে কিছুদিন আগে বেলেঘাটায় নিকোলাস ফার্মাসিউটিক্যালস নামে একটি ওষুধের কোম্পানিতে বামপন্থী সংগঠনের মানুষরা কি রকম অত্যাচার চালিয়েছে। এর জন্য এ কোম্পানির কর্ণধারকে এখানে ছুটে আসতে হয়েছে। এখানে কো-অর্ডিনেশান কমিটির দাপট এবং দৌরাত্ম্য প্রতিনিয়ত চলছে যার ফলে রাজ্য সরকার তার সার্কুলারগুলি চালু করতেও পারছে না। হাওড়া পোস্ট অফিসেও একই অবস্থা। মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন যে 'ডু ইট নাউ' কিন্তু তার দলেরই কো-অর্ডিনেশান কমিটি এবং সিটুর লোকরা প্রতিনিয়ত উন্নয়নকে পরিকল্পিতভাবে পিছিয়ে দিচ্ছেন। এখানে এক খাতের টাকা অন্য খাতে খরচ করার ঘটনা সকলেই জানেন। তাই আমি বলছি, মাননীয় প্রধানমন্ত্রী যথার্থভাবেই বলেছেন যে এখানে কর্মসংস্কৃতি নষ্ট হয়ে গিয়েছে। ওরা নিজেদের ব্যর্থতা ঢাকবার জন্য কেন্দ্রের ঘাড়ে দোষ চাপাচ্ছেন। আমি মনে করি রাজ্য সরকারের ভূমিকার পরিবর্তন হওয়া দরকার।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সুতী বিধানসভা কেন্দ্রের অন্তর্গত গোপালগঞ্জ প্রাথমিক স্কুলের শিক্ষক রঘুনাথ দাস মারা গিয়েছেন ২৩.১.৭৮ সালে। তিনি প্রিসুপার অ্যানুয়েশান বেনিফিট অব পেনসন স্কীমের আওতাভুক্ত হবেন। বিধি আছে এর স্যাংসানিং অথরিটি হচ্ছেন মুর্শিদাবাদ জেলা প্রাথমিক শিক্ষক পরিদর্শক মহাশয়। তা সত্ত্বেও তিনি সেটা ডি.এস.সি.তে পাঠিয়ে দিয়েছেন। তার দুস্থ স্ত্রী তাঁর নাম নিমবরনী পাত্র, তিনি পেনশন পেতে হয়রান হয়েছেন। এই বিষয়টার যাতে দ্রুত নিষ্পত্তি হয়, তার জন্য আমি প্রাথমিক শিক্ষামন্ত্রী এবং অর্থমন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি।

[12.20–12.30 p.m.]

শ্রী তমাল মাঝি : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় কেতুগ্রামের মানুষ বর্ষার সময় আতঙ্কিত অবস্থায় থাকে বন্যার জন্য। আমাদের এলাকার দুই প্রান্তে অজয় এবং ভাগীরথী নদী বয়ে গেছে। এই দুটি নদীর বাঁধ দুর্বল এবং ক্ষতিগ্রস্ত হয়ে পড়েছে। অবিলম্বে এই দুর্বল বাঁধ মেরামত করার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকার এবং সুনির্দিষ্টভাবে রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়ি জেলায় ১৯৯৩ সালে একটি পিপলস কো-অপারেটিভ ব্যাঙ্ক প্রতিষ্ঠিত হয়েছিল। এর ৭টি ব্রাঞ্চে ২৫ হাজার আমানতকারীর টাকা রয়েছে, প্রায় ৬ কোটি টাকা আমানত রয়েছে। এই ব্যাঙ্কের পরিচালক সমিতির সভাপতি এবং সম্পাদক আমানতকারীদের ৬ কোটি টাকা নয়ছয় করেছে। এই আমানতকারীদের মধ্যে আছে চা-বাগানের শ্রমিক, তফশিলিজাতি এবং উপজাতি সম্প্রদায়ের ছাত্র-ছাত্রী, ঠেলাওয়ালা, রিক্শাওয়ালা এবং গরিব মানুষ। তারা তাদের টাকা এখানে রেখে ফেরত পাচ্ছে না। এখানকার

পরিচালকমণ্ডলীর সভাপতি এবং সম্পাদকের বিরুদ্ধে ব্যাবস্থা নেওয়ার দাবি জানানো হয়েছে। তাতে তাদের সেখান থেকে অপসারিত করে বোর্ড অফ ডিরেক্টরস বসানো হয়েছে। এই বোর্ড অফ অ্যাডমিনিসট্রেটর প্রাক্তন সভাপতি এবং সম্পাদকের বিরুদ্ধে ৮.১.২০০৩ তারিখে এফ.আই.আর করেন যে তারা ৪ কোটি টাকা আত্মসাৎ করেছে। অথচ পুলিশ এই সভাপতি এবং সম্পাদককে গ্রেপ্তার করেনি। আজকে এই ২৫ হাজার আমানতকারী বিপন্ন। এখানকার কর্মচারীরা ১১ই জুন থেকে অনশনে বসেছিল। সেখানে তাদের প্রতিশ্রুত দেওয়া হয়েছিল যে এই সম্পাদক এবং সভাপতিকে গ্রেপ্তার করা হবে। কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা নেওয়া হয়নি। দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় পি.ডবলু.ডি. মন্ত্রী এবং মাননীয় মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন এই হাউসে আমি প্রতি বছর আমাদের পাহাড়ের ল্যান্ড স্লাইডের কথা বলে থাকি। কিন্তু তা সত্ত্বেও ৩ বছর ধরে ল্যান্ড স্লাইডের জন্য ন্যাচারাল ক্যালামিটি ফান্ডের টাকা আমরা পাচ্ছি না। কালকের একটা সংবাদপত্রে যে কথাটা লেখা ছিল সেই লেখাটা আমি বলছি। সেখানে বলছে— The Tourist resort of Mirik and the second-most important hill station of the state, Kurseong, is rapidly sinking and if the erosion is not checked, both these places could be wiped out in the next 75 years. Briefing reporters after a visit to these areas, PWD Minister Amar Chowdhury said that a Geological Survery of India (GSI) report has warned of such a scenario. স্যার, আমি আবার বলতে চাইছি, আজ থেকে ২-৩ বছর আগে আমাদের মাননীয় মন্ত্রী অশোক ভট্টচার্য্য মহাশয় দার্জিলিং-এর জিমখানা ক্লাবে জিওলজির উপর একটা সেমিনার করেছিলেন। এই সেমিনারে ডিজাসটার্ড ম্যানেজমেন্টের ডঃ জেতা সংস্কৃতায়ন, উনি নিজে বলেছেন পাহাড়ে শুধু মিরিক বা কার্শিয়াং নয়, বহু জায়গায় সিংকিং জোন আছে। এই ব্যাপারে মন্ত্রী মহাশয় যে বক্তব্য রেখেছিলেন সেই বক্তব্যের উপর আমি আপনার মাধ্যমে স্টেটমেন্ট দাবি করছি। এই পাহাড়ে মিউনিসিপ্যাল এলাকায় শুধু ল্যান্ড স্লাইড হচ্ছে না, পঞ্চায়েত এলাকায় ল্যান্ড স্লাইড হচ্ছে।

রাস্তাঘাটে ল্যান্ড স্লাহড হচ্ছে, এই রকম বিবৃতি উনি দিয়েছেন। পাহাড়ের জনগণের জন্য কি চিন্তাভাবনা করছেন রাজ্য সরকার, তার জন্য আমি আপনার মাধ্যমে সরকারের পক্ষ থেকে স্টেটমেন্ট দেবার জন্য দাবি করছি। থ্যাংক ইউ স্যার।

শ্রী অশোক ভট্টাচার্য্য : মাননীয় সদস্যা শান্তা ছেত্রী যেটা বলছেন, পাহাড়ের ব্যাপারে পূর্তমন্ত্রী যে স্টেটমেন্ট দিয়েছেন, কাগজে যা বেরিয়েছে, সেটা হচ্ছে, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের কয়েকজন অধ্যাপক তাঁরা গবেষণা করে এটা বলেছেন। মূল বিষয়টা হচ্ছে, দার্জিলিংয়ের পাহাড়ি এলাকায় যেভাবে ল্যান্ড স্লাইড হয়েছে, বিভিন্ন এলাকাতে যে ল্যান্ড স্লাইড হয়েছে, তার কারণ অনুসন্ধান করে যেটা দেখা গেছে, অনেক জায়গাতে অবৈজ্ঞানিকভাবে জমি

ব্যবহৃত হচ্ছে। তাছাড়া আগে যে গাছগুলো ছিল তার পরিমাণ অনেকটা কমে এসেছে। বিভিন্ন জায়গায় বসতি বাড়ছে, জনসংখ্যা বাড়ছে। যে কোন জায়গাতে বাড়িঘর নির্মাণ করা হচ্ছে। এর ফলে পাহাড়ে চাপ সৃষ্টি হচ্ছে। এর জন্য আমাদের নেতাজি সুভাষ ইনস্টিটিউট অফ এশিয়ান স্টাডিস তাঁদেরকে দিয়ে জি. আই. এস., অর্থাৎ জিওগ্রাফিক ইনফর্মেশান সিস্টেম তৈরি করা হয়েছে। ১২৮টি যে গ্রাম পঞ্চায়েত আছে, তাদের জন্য জি.আই. এস. তৈরি করা হয়েছে। শহরাঞ্চলের জন্যও জি. আই. এস. তৈরি করা হয়েছে। এর মাধ্যমে দেখা যায় ল্যান্ড স্লাইড প্রোন এরিয়ায় অবস্থা কি রকম। কোন্ জায়গায় জমি কি রকম তা দেখে সেখানে বাড়িঘর, রাস্তা নির্মাণ করতে দেওয়া হবে কিনা তা ঠিক হবে। এটাকে যদি সবাই মিলে এনফোর্স করা যায়, বিশেষ করে হাই পাওয়ার কমিটি করা হয়েছিল, দার্জিলিংয়ের ব্যাপারে যে প্রেজেনটেশান হয়েছিল যখন ঐ ওয়ার্কশপটা হয়েছিল, ইউনিসেফের সহযোগিতায় যেটা হয়েছিল, তখন একটা রেকমেন্ডেশান করা হয়েছিল। পাহাড়ে যে জমি তার সদ্ব্যবহার হচ্ছে কিনা এবং পাহাড়ে একটা জোনিং ম্যাপ যদি করা যায় টাউন অ্যান্ড কান্ট্রি প্লানিং অ্যাকটের মতো, তাহলে জমি যেভাবে ব্যবহৃত হচ্ছে তাকে অনেকটা নিয়ন্ত্রণ করা যাবে। এটাকে ঠিকমতো এনফোর্স করা দরকার। সেটা করতে পারলে ইনডিসক্রিমিনেটলি যেভাবে জমি ব্যবহৃত হচ্ছে সেটাকে নিয়ন্ত্রণ করতে পারবো। এই সুপারিশকে কার্যকরী করার জন্য রাজ্য সরকার এবং গোর্খা পার্বত্য পরিষদ উভয়ের যৌথ উদ্যোগ দরকার। পাহাড়ে জমি ব্যাবহারের ক্ষেত্রে একটা বৈজ্ঞানিক পরিকল্পনা করার প্রয়োজন আছে এবং তাকে দ্রুত কার্যকরী করতে হবে। তার জন্য ডি. ডি. এইচ. সি. এবং রাজ্য সরকারের সহযোগিতা দরকার।

মিঃ স্পীকার : অশোকবাবু, একটা কথা আছে। আপনি তো ওপারের লোক। আমরা যখন রাজনীতির প্রয়োজনে ওখানে আগে যেতাম তখন দেখেছি, আগেকার বাড়িগুলো কাঠের হতো এবং খুব বেশি উঁচু হত না। ইদানীং কংক্রিটের, ইট, বালি, সিমেন্ট, লোহার রড বাবহার করা হচ্ছে বাড়ি নির্মাণে। আগে গ্রেডিয়েন্টে বাড়ি হত না। আজকাল তো গ্রেডিয়েন্টেও বাড়ি হয়ে যাচ্ছে। এরজন্য ল্যান্ডের ওপরে চাপ হচ্ছে। গ্রেডিয়েন্টের ওপরে বাড়ি হল সবই তো নরম জমি, তার ওপরে বাড়ি হলে জি. আই.এস.কে কড়াভাবে এনফোর্স করা দরকার। এখন কাঠের বাড়ি তো আদৌ হচ্ছে না, তার ওপরে যথেচ্ছভাবে জঙ্গলের কাঠ কাটা হচ্ছে। স্বাভাবিকভাবেই, এর একটা রিপার্কাশন আছে। এতে প্রবলেম হবে। সুতরাং আইনকে স্ট্রিকটলি এনফোর্স করা দরকার। দার্জিলিংয়ে লোকসংখ্যা বাড়ছে, টুরিজম বাড়ছে, হোটেল বাড়ছে। দার্জিলিং এখন খুবই কনজেস্টেড হয়ে গেছে, আগেকার মতো নেই। ওখানে প্রশাসনে যাঁরা আছে তাঁদের তো এটা এনফোর্স করতে হবে।

শ্রীমতী শান্তা ছেত্রী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাইছি, এই হাউসে পাহাড়ের জন্য বিল্ডিং রুল পাশ হয়েছিল। মিউনিসিপ্যাল বিল্ডিং রুল ফলো আপ করার জন্য আপনারাই অর্ডার দিয়েছিলেন। তা কার্যকর হচ্ছে কি হচ্ছে না, তার জন্য আপনার দপ্তর থেকে খোঁজখবর নিয়েছেন কিনা?

আরো যদি ফলো আপ করেছেন কিনা সেটা আপনি একটু যদি বলেন ভালো হয়, তাহলে আমি জনগণের সাথে এই নিয়ে কথা বলতে পারব।

[12.30–12.40p.m]

মি. স্পীকার : এটা শুধু মন্ত্রীর ব্যাপার নয়, এটা অল পার্টি তাদের মাধ্যমে প্ল্যাটফর্ম করতে হবে। এটা কোন একটা পলিটিক্যাল পার্টির দায়িত্ব নয়, কোন গভর্নমেন্টের দায়িত্ব নয়, এটা পিপলের দায়িত্ব। তাদেরকে অল পার্টি ফোরাম করে, প্ল্যাটফর্ম করে চাপ সৃষ্টি করতে হবে, এনফোর্স করতে হবে।

শ্রী তপন হোড় : স্যার আপনি যথার্থভাবেই কলিং অ্যাটেনশান গ্রহণ করেছেন এই ব্যাপারে এবং আগামী ২৩ তারিখে সম্ভবত উত্তর পান। আজকে যে পরিমাণে ডিফরেস্ট্রেশান হচ্ছে, ডলোমাইট উত্তোলন হচ্ছে, যার জন্য গত কয়েকদিন ধরে জি এন এল এফ আন্দোলন করেছিল। আমি উত্তরবঙ্গের মানুষ, ওখানে এতো অরণ্য ছেদন হচ্ছে এবং আগে যে পরিমাণে কাঠের বাড়ি ছিল, আজকে সেখানে বড় বড় মাল্টিস্টোরেড বিল্ডিং হচ্ছে, সুতরাং এই ব্যাপারে কোন ব্যবস্থা গ্রহণ না করলে এটা একটা সামগ্রিক ব্যাপার, আরো বড় ক্ষতি হবে, তখন ঠেকানো খুব শক্ত হবে।

মি. স্পীকার : আরো কথা হচ্ছে আগে তো চার চাকার ট্রাক ঢুকতেই দেওয়া হ'ত না, এও কেবলমাত্র দু'চাকার গাড়ি চলত। এখন তো সিক্স হুইলার ট্রাক যাচ্ছে। এতে রাস্তার ভাইব্রেশান বেশি হচ্ছে, টোটাল ইমপ্যাক্ট বাড়ছে। ট্র্যাক প্রচুর বেড়েছে, সুতরাং এইসব ব্যাপারগুলোই এফেক্ট করছে।

শ্রী দেব প্রসাদ সরকার : স্যার, ব্যাপারটা খুবই গভীর তাৎপর্যপূর্ণ। আপনি যে পয়েন্ট তুলেছেন এবং বিভিন্ন ক্ষেত্রে ন্যাচারাল ক্যালামেটির ফলে আর্থকোয়াক যে সমস্ত প্রাণ যেমন জাপানে আছে, সেইরকম পাহাড়ি এলাকাতেও সেই ধরনের প্রাণ আছে। আমি জলপাইগুড়িতে বহুদিন ছিলাম, ১৯৪৬ সাল থেকে ১৯৫৪ সাল পর্যন্ত, ফলে দেখেছিলাম সেখানে কাঠের বাড়ির বিল্ডিং খুব কম ছিল। এইসব বাড়িগুলো করার সায়েনটিফিক রিজিন ছিল। সুতরাং এই সব দিক থেকে টোটাল বিষয়টা দেখার দরকার। অন্তত ভবিষ্যতে এই ধরনের ল্যান্ডস্লাইট যাতে না হয়, এই রকম বিপর্যয় না ঘটে সেটা দেখতে হবে। এই ব্যাপারে বিশেষজ্ঞদের দিয়ে একজামিন করানো দরকার এবং কিছু রেসট্রিকশানও হওয়া দরকার।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বিষয়টিতে উদ্বেগ প্রকাশ করেছেন, আমি তার সঙ্গে একমত। সংবাদপত্রে প্রকাশিত হয়েছে গত কয়েকদিন আগে কার্শিয়াং এবং তার সংলগ্ন এলাকায় ধস নেমেছে। আপনি এই ব্যাপারে কলিং অ্যাটেনশান গতকালও নেন নি, কিন্তু আজকে নিয়েছেন। আগামী ৬০-৭০ সালের মধ্যে যদি সমস্ত এলাকাতে ধস নেমে যায় তাহলে আর তো দার্জিলিং পাহাড়ি এলাকা বলে আর কিছু থাকবে না, সব বিলুপ্ত হয়ে যাবে। সেই কারণে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে অনুরোধ করছি, আপনারা এই বিষয়ে বিশেষজ্ঞদের নিয়ে ব্যবস্থা নিন, তত্রা না হলে শুধুমমাত্র ল্যান্ড স্লাইড নয়, এলাকা একেবারে

ধ্বংস হয়ে যাবে। এখন থেকে যদি এর বন্দোবস্ত না করা হয়, তাহলে ভবিষ্যতে ওই এলাকা নষ্ট হয়ে যাবে, তার সঙ্গে ট্যুরিজিম সহ ফরেস্ট নষ্ট হয়ে যাবে। বাণিজ্যিক দিক থেকে ক্ষতি হবে, সভ্যতা নষ্ট হয়ে যাবে। তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি এই ব্যাপারে সরকার সচেতন হন এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিন।

শ্রী অশোক ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে ধন্যবাদ জানাব, আপনি এই ব্যাপারে এখানে আলোচনা করার সুযোগ দিয়েছেন। যে সমস্ত সদস্য এবং সদস্যা এখানে আলোচনা করেছেন তাদের আমি ধন্যবাদ জানাচ্ছি। পাহাড়ের বর্তমান পরিস্থিতি নিয়ে এই হাউসের সবাই খুব উদ্বিগ্ন এবং আপনিও উদ্বিগ্ন। দার্জিলিং পাহাড়ের এবং উত্তরবঙ্গের মানুষের প্রতি ভবিষ্যতের প্রতি আপনারা আশঙ্কা প্রকাশ করেছেন এবং সহানুভূতি প্রকাশ করেছেন এটা সত্যিই প্রশংসনীয়। কিন্তু যে বিষয়টি আলোচনার মধ্যে থেকে বেরিয়ে এল পাহাড়ের বিল্ডিং রুলসের একটা সেপারেট চ্যাপ্টার আছে। সেখানে কন্সট্রাকশানের ক্ষেত্রে, অর্থাৎ বিল্ডিং কন্সট্রাকশানের ক্ষেত্রে সাড়ে এগারো মিটারের বেশি কন্সট্রাকশান হতে পারে না। সেখানে কোন স্লোপ কতটা এবং কোন স্লোপে কতগুলো ডিগ্রি আছে সেটা নির্দিষ্ট করে রুলসে বলা আছে এবং কোন কোন জোনে কন্সট্রাকশান করা যাবে না, সেটাও বলা আছে। বিশেষ করে সিংকিং জোন এবং ল্যান্ড স্লাইড প্রোন এরিয়ায় এটা করা যাবে না এবং সে জায়গাগুলিকে ইতিমধ্যেই চিহ্নিত করে দেওয়া হয়েছে। কিন্তু দুঃখের সঙ্গে আমি বলতে বাধ্য হচ্ছি, এই বিষয়টা দার্জিলিঙের বহু মানুষই চাইছে না। যেভাবেই হোক এটা কার্যকরী করা উচিত। কিন্তু এখানকার বিভিন্ন পৌরসভার ক্ষেত্রেই এই অভাবটা লক্ষ্য করা যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় ঠিকই বলেছেন, পৌরসভায় বলুন ডি. জি. এইচ. সি-ই বলুন এবং রাজ্য সরকারের পক্ষ থেকেই বলুন, এর সাথে সাথে ওখানকার জনসাধারণকে সমবেতভাবে এগিয়ে আসা উচিত। যদি এগিয়ে না আসে, তাহলে কিন্তু এই বিরাট বিপদের সামনে আমাদের ভবিষ্যৎ উপস্থিত হবে। এর জন্য চাই মানুষের সচেতনতা এবং গোটা ভবিষ্যতকে রক্ষা করার জন্য একটা গণআন্দোলন। তাই নাগরিক সচেতনতার ভীষণভাবে প্রয়োজন আছে। এই বিষয়টার প্রতি আমাদের দার্জিলিং পাহাড়ের যারা দায়িত্বশীল আছেন, তাদের কাছে এই ম্যাসেজটা যদি আমরা পাঠাতে পারি, তাহলে কিন্তু আমরা সবাই লাভবান হব।

মিঃ স্পীকার : আমরা কেউই কিন্তু এক্সপার্ট নই। মন্ত্রী ওখানকার লোক তার অভিজ্ঞতা আছে তার থেকে তিনি এটা বললেন। ওখানে এক্সপার্ট কমিটি করে, এক্সপার্টদের ওপিনিয়ান নিয়ে বিষয়টির যদি স্ট্রিকটলি এনফোর্স করা হয় তাহলে ভালো হবে। এটা নিয়ে রাজনীতি করলে কোন লাভ হবে না। অল পলিটিকাল পার্টিকে আসতে হবে। সেখানে এক্সপার্ট বসিয়ে, তাদের ওপিনিয়ান নিয়ে, এটা স্ট্রিকটলি এনফোর্স করা দরকার।

শ্রী গুরুপদ দত্ত : স্যার আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় একটি গ্রাম পঞ্চায়েতে হাজার সংখ্যালঘু মানুষের বাস। ওখান দিয়ে শীলাবতী নদী ও কেটুয়া খাল প্রবাহিত হওয়ার ফলে এবং ঐ নদী এবং খালের উপরে কোন

ব্রিজ না থাকার ফলে সেখানকার ছাত্রছাত্রীরা বর্ষাকালে বিদ্যালয়ে আসতে পারে না। ঐ এলাকার কৃষিপণ্য ব্লক এলাকায় আসতে পারে না। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার দাবি, ঐ নদী এবং খালের উপরে ব্রিজ নির্মাণ করা হোক। আর ঐ সংখ্যালঘু অধ্যুষিত গ্রাম পঞ্চায়েত এলাকায় একটিমাত্র হাইস্কুল আছে, কৃষ্ণপুর রহমানি হাইস্কুল, সেখানে শিক্ষকের অপ্রতুলতা আছে, সেখানে অবিলম্বে শিক্ষক পদে নিয়োগের ব্যবস্থা করা হোক।

শ্রী আনন্দ গোপাল দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত দু-তিন মাস ধরে আমাদের রাজ্যে প্রত্যেকটি জেলায় লোডশেডিঙের পরিমাণ ভয়াবহভাবে বেড়ে গেছে। যার ফলে হাসপাতালগুলিতে জীবনদায়ী ওষুধ সংরক্ষণ করা খুবই অসুবিধা হচ্ছে। এই ব্যাপারে জেলা স্তরের ইঞ্জিনিয়ারদের কাছে জানতে চাইলে তারা ডিটেইলসে আমাদের কাছে বলতে চাই না। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে বলতে চাই এই লোডশেডিং ঠিক, নাকি অন্তর্ঘাতমূলক একটা ব্যাপার এখানে চলছে। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছ থেকে এই ব্যাপারে আমরা বিস্তারিতভাবে জানতে চাই।

[12.40–12.50 p.m.]

শ্রী নির্মল দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যখন তথ্য সংস্কৃতি দপ্তরে ছিলেন- এখনও আছে - তখন বিভিন্ন জেলায় ঘুরতেন এবং বলতেন ক্ষুদ্র পত্র-পত্রিকাকে ওয়েটেজ দিতে হবে - তারা গ্রাম বাংলার মানুষের দুঃখ, বেদনা, আশা-আকাঙ্ক্ষার কথা বলে। তাদের সরকারি বিজ্ঞাপনের ব্যাপারে আগে বলতেন। কিন্তু কয়েক বছর ধরে দেখছি গ্রাম বাংলার বিভিন্ন সংবাদপত্র খুবই বঞ্চিত হচ্ছে। বড় বড় হাউস বিজ্ঞাপন পান আপত্তি নেই, কিন্তু এরা বঞ্চিত হচ্ছে। যে সমস্ত ক্ষুদ্র পত্র-পত্রিকা ধুঁকছে, তাদের বিজ্ঞাপনের সুযোগ দেওয়ার জন্য মাননীয় তথ্য-সংস্কৃতি মন্ত্রীর কাছে আবেদন রাখছি।

শ্রী গোলাম কিব্রিয়া মিঞা : (নট প্রেজেন্ট)

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত বছর ৩১ জানুয়ারি মেখলিগঞ্জ সংশোধনাগারে বিচারাধীন বন্দী কালীপদ রায় নৃশংসভাবে খুন হন। তার বিধবা পত্নী শান্তি রায়, তার একমাত্র শিশুপুত্রকে নিয়ে দুয়ারে দুয়ারে ঘুরে ঘুরে বেড়াচ্ছে। স্থানীয় বিধায়ক হিসাবে এই বিষয়টা আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে লিখিতভাবে এবং বেশ কয়েকবার দেখা করে জানাই। তিনি আশ্বাসও দেন যে, একটা আর্থিক সাহায্য তাকে দেওয়া হবে। আজকে দেড় বছর পরেও কোনরকম আর্থিক সাহায্য সরকারের পক্ষ থেকে সে পায়নি। বর্তমানে কালীপদ রায়ের বিধবা পত্নী শ্বশুরবাড়ী থেকেও পরিত্যক্তা হয়ে দিনমজুর পিতার কাছে, বসবাস করছে কোনরকমে বেঁচে আছে। এই অবস্থায় আই. সি. ডি. এস. প্রকল্পে সহায়িকা পদে একটা ব্যবস্থা করেছিলাম, সেটাও বন্ধের মুখে। সে যাতে একটা সরকারি চাকরি পায়, আর্থিক সাহায্য পায় সরকারের কাছ থেকে, তার জন্য আবেদন করছি।

শ্রী পবন কুমার লাক্ড়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার বহু কারখানা, যেগুলো বন্ধ হয়ে আছে, সেইগুলোর শ্রমিকদের জন্য রাজ্য সরকারের মাধ্যমে অনুদান দেওয়ার কথা

বলেছেন। কিন্তু জলপাইগুড়ি জেলার বহু চাবাগান এক বছরের উপর বন্ধ হয়ে আছে অথচ সেখানকার শ্রমিকদের জন্য কোনরকম অনুদানের কথা রাজ্য সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে না। আবার, বহু কারখানার শ্রমিকদের প্রভিডেন্ড ফান্ড জমা না দেওয়ার জন্য সেইসব মালিকদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হচ্ছে, অথচ বহু চা-বাগানের মালিকরা শ্রমিকদের প্রভিডেন্ড ফান্ডের টাকা জমা না দিলেও তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নিচ্ছে না। এই ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

শ্রীমতী অসীমা চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা টু চাচোল রাস্তাটি মানিকচকের উপর দিয়ে গেছে। সেটা এত খারাপ যে চলাই যায় না। বহু দিন ধরে এই অবস্থা। আমি আপনার পূর্ত দপ্তরের একজিকিউটিভ্ ইঞ্জিনিয়ারকে নিজে বলেছি অফিসে গিয়ে, ফোনেও বলেছি, কিন্তু কাজ হয়নি কিছুই। তিনি বলেছিলেন ফার্স্ট উইক অফ এপ্রিল রাস্তাটি ঠিক হয়ে যাবে। কিন্তু তা হয়নি। তাঁর, মানিকচক থেকে মানিকচক ঘাট, এই রাস্তাটির অবস্থা আরও ভয়াবহ। সেখানে ট্রেকার, ঘোড়ার গাড়ি, ইত্যাদি চলে। যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে, প্রাণহানি হতে পারে। অতি সত্বর রাস্তা দুটি সারানোর জন্য মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আবেদন রাখছি।

শ্রীমতী মায়ারাণী পাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহরমপুর শহরে স্কুল, কলেজের বড়ই অভাবের কারণে ছাত্র-ছাত্রীরা স্কুল ফাইনাল পাশ করে কলেজে ভর্তি হওয়ার সুযোগ পাচ্ছে না। অনেক স্কুল বলছে তাদের জায়গা নেই। অনেক স্কুল বলছে, আপনারা চেয়ার, বেঞ্চ, বিল্ডিং করে দিন। এটা তো আমাদের পক্ষে সম্ভব নয়। তাই আমার আবেদন মাননীয় মন্ত্রী তথা রাজ্য সরকারের কাছে, সেখানে যাতে কিছু স্কুলকলেজ হয় তার ব্যবস্থা করুন।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ব্যাপারটি কেন্দ্রীয় সরকারের ব্যাপার। সাউথ ইস্টার্ন রেলে প্রায় ৮ থেকে ১০ হাজার গরিব ঘরের বেকার ছেলে তারা চাকরি না পেয়ে জীবনজীবিকার জন্য রেলে হকারি করে। কিছুদিন হলো আর.পি.এফ এই হকারদের উপর অত্যাচার করছে, তাদের মারধর করছে। তাদের মালগুলো ফেলে দিচ্ছে, বিনা টিকিটের বলে হাজির করছে, মিথ্যা কেস দিচ্ছে। আপনার মাধ্যমে বলতে চাই যে মাননীয় মুখ্যমন্ত্রী এই ব্যাপারটায় হস্তক্ষেপ করে রেলওয়ে অফিসারদের নিয়ে আলোচনায় বসুন, না হলে এই হকাররা অবরোধ শুরু করবে। আপনি একটা ব্যবস্থা করুন যাতে এই অত্যাচার বন্ধ হয়।

ZERO HOUR

শ্রী অসিত মিত্র : স্যার, ধানতলার পর নদীয়ার আরেকটা জায়গায় নাকাশীপাড়ার শিবাটি গ্রামে আবার নারীদের উপর নির্যাতন হয়েছে, ডাকাতি হয়েছে। ধানতলায় যেমন নারী ধর্ষণের ইতিহাস রচিত হয়েছিল, সেখান থেকে নেমে এসে এখানে নারী নির্যাতন হয়েছে। যুব কংগ্রেস সভাপতি নিমাই বিশ্বাসের বৌভাতের দিন রাত্রি দুটোয় একদল দুষ্কৃতী ওই বাড়ীতে আসে, ডাকাতি

করে মেয়েদের কাছ থেকে জোর করে গয়নাপত্র নিয়ে নেয়, তাদের উপর অত্যাচার করে। সাথে সাথে খুন করার জন্য নিমাই বিশ্বাসের উপর হামলা চালানোর চেষ্টা করে। তাই আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে বারবার নদীয়া জেলায় এই ধরনের ঘটনা ঘটছে, ডাকাতি হচ্ছে, নারী নির্যাতন হচ্ছে। অবিলম্বে এদের গ্রেপ্তার করার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী শিবদাস মুখার্জী : মাননীয় উপধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রী তথা সংস্কৃতি, কৃষ্টিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আগামী সোমবার ১৩৭তম জন্মদিন কবি দ্বিজেন্দ্রলাল রায়ের। অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি সকালবেলা মুখ্যমন্ত্রী বলেছিলেন যে দ্বিজেন্দ্র সংরক্ষণ তরফ থেকে গ্রন্থ প্রকাশ করার পরিকল্পনা আছে। আমার বক্তব্য হচ্ছে যে রাজ্য সরকার বিভিন্ন কবি এবং লেখকদের জন্মদিন পালন করেন কিন্তু রাজ্য সরকারের তরফ থেকে, বারবার এই বিধানসভায় বলা সত্ত্বেও কোন সাড়া পাওয়া যায়নি। আমি দাবি জানাচ্ছি যে দ্বিজেন্দ্রলাল রায়ের জন্মদিন যেন পালন করা হয়।

শ্রী রতন পাখিরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আজ আষাঢ় মাসের শেষ দিন। পর্যাপ্ত পরিমাণ বৃষ্টিপাত না হওয়ার ফলে সারা মেদিনীপুরে চাষ বন্ধ, খেতমজুররা কাজ পাচ্ছে না। বীজতলা নষ্ট হয়ে যাচ্ছে। মেদিনীপুরে ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। খেতমজুররা যাতে কাজ পান তার জন্য রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[12.50–1.00p.m.]

শ্রী গোবিন্দ রায় : স্যার, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আমি উল্লেখ করতে চাই। আমাদের পশ্চিমবঙ্গের সঙ্গে ভুটান সীমান্তে প্রায় দেড়শো কিলোমিটার এলাকা জুড়ে ভুটান নোট অবাধে চলছে। জয়গাঁ, কালিয়াচক, ময়নাগুড়ি, ধূপগুড়ি, বীরপাড়া এইসাব জনপদে ভুটান নোট চলছে। ওখানকার স্থানীয় পত্রিকা সৌরশিখার সম্পাদক এই ব্যাপারে ১৫ বছর ধরে লড়াই চালাচ্ছেন। প্রশাসনকে জানালেও প্রতিকার হচ্ছে না। এই ভুটান নোটের মূল্য আমাদের থেকে অনেক কম মূল্যবান। এক শ্রেণির অসাধু ব্যবসায়ী এই ধরনের ঘটনা ঘটাচ্ছে। এই ব্যাপারে নিষেধাজ্ঞা আছে রিজার্ভ ব্যাঙ্কের। এই ব্যাপারে ভুটানের সঙ্গে উগ্রপন্থীদের যোগাযোগ রয়েছে। এই ব্যাপারে অবিলম্বে নজর দেওয়ার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। ভারতবর্ষের প্রধানমন্ত্রী এক সভায় বলেছেন যে, পশ্চিমবঙ্গ সর্বক্ষেত্রে পিছিয়ে পড়ছে। এই ঘটনা সত্য নয়, অসত্য বলে মনে করছি। আমরা জানি যে, আমাদের পশ্চিমবঙ্গে মতাদর্শগত গোঁড়ামি এবং বুরোক্র্যাসির অন্তর্গত এবং অটলজি কোন রকম শিষ্টাচার না দেখিয়ে মুখ্যমন্ত্রীর সামনে দাঁড়িয়ে দূরদর্শন মিডিয়ার সুযোগ নিয়ে চমক দেখিয়েছেন। আমি এই কথা বলতে চাই যে, ভারতবর্ষ যখন আন্তর্জাতিক উৎপাদন ৫.৪, তখন পশ্চিমবঙ্গে ৭.২। যখন পশ্চিমবঙ্গে শিল্প উৎপাদন ৬.৭, তখন ভারতবর্ষে ৫.৩ তে দাঁড়িয়েছে এবং সারা ভারতবর্ষে বিলগ্নিকরণ হয়েছে ৬১ হাজার কোটি টাকার। সুতরাং যে কথাগুলি তিনি সভায় উপস্থিত করেছেন, তা আদৌ সত্য নয়, মিথ্যাচার হচ্ছে বলে মনে করছি।

শ্রী তপন হোড় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে এই অটল বিহারী বাজপেয়ী যা বলে গেছেন, তৃণমূল কংগ্রেস নেত্রী ওদের উপদেশ নেবেন, নাকি এই কংগ্রেস পার্টির অসিত বাবু এরাও ওনার উপদেশ নেবেন কিনা জানি না। আমি শুধু একটা কথাই বলতে চাই যে, জেশপ বিক্রি হয়ে যাচ্ছে। এম এম সি বিক্রি হয়ে যাচ্ছে। ইসকো বিক্রি হয়ে যাচ্ছে। অপথালমিক গ্লাস ফ্যাকটারি বিক্রি হয়ে যাচ্ছে। ডানলপ বিক্রি হয়ে যাচ্ছে, জুটমিলগুলোর খারাপ অবস্থা। মার্টিন বার্ন সিক হয়ে গেছে। এই অবস্থার জন্য কারা দায়ী। তাকে এখানে ওরা জ্ঞান দিতে এসেছে। কেন আমরা ওদের কথা শুনব। এর তীব্র প্রতিবাদ জানিয়ে আমরা আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী অসীমা চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র মানিকচকের ভুতনীতে বিদ্যুৎ যাওয়ার ব্যবস্থা হয়েছে। কিন্তু সেখানে এখনও বিদ্যুৎতের আলো জ্বলেনি। রিডার কাস্টিং করার জন্য যে পিলারগুলি করা হয়েছে, অতি বৃষ্টিতে একটা পিলার নড়ছে। এর ফলে যে বিদ্যুতের কানেকশান দেওয়া হচ্ছিল, সেটাও ভয়ে বন্ধ করে দেওয়া হয়েছে। এই ব্যাপারে উদ্যোগ নেওয়া হোক যাতে ভুতনীর মানুষ বিদ্যুৎতের আলো পায়।

হতাশায় এবং আতঙ্কে ভুগছে। ৮ লক্ষ টাকা দিয়ে তৈরি করা এই পিলার কেন নড়ছে তা খতিয়ে দেখতে এবং এই অবস্থা থেকে ভুতনীর মানুষকে রক্ষা করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাষ্ট্রায়ত্ত তেল সংস্থা এইচ. পি. সি. এল এবং বি.পি.সি.এল.-এর বেসরকারীকরণের জন্য কেন্দ্রীয় সরকার প্রচেষ্টা চালাচ্ছে এবং এর অজুহাত হিসাবে বলছে, রাষ্ট্রায়ত্ত সংস্থা লোকসানে চলছে সেই জন্য বন্ধ করে দেওয়া হচ্ছে বা বেসরকারীকরণ করে দেওয়া হচ্ছে। ২০০২-২০০৩ সালে এই সংস্থাগুলো ১৯,৫০০ কোটি টাকা লাভ করেছে। কিন্তু তা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার সংস্থাগুলোকে বেসরকারীকরণ করে দিচ্ছে। আমেরিকা যখন তেলের অজুহাতে ইরাক আক্রমণ করছে, তখন আমরা দেখতে পাচ্ছি ভারত সরকার নির্লজ্জের মতো তেল সংস্থাগুলোকে বেসরকারীকরণ করে দিচ্ছে, বেসরকারী হাতে তুলে দেওয়ার চেষ্টা করছে। তাই এই দুটো তেল সংস্থার শ্রমিক-কর্মচারীরা এর বিরুদ্ধে জনগণের স্বাক্ষর সংগ্রহ করছে। জুলাই মাসের তৃতীয় সপ্তাহে তারা প্রধানমন্ত্রীর কাছে লক্ষ লক্ষ স্মারকলিপি, প্রতিবাদপত্র পাঠাবে। আমি সর্বস্তরের মানুষের কাছে ঐ শ্রমিক-কর্মচারীদের আন্দোলনের পাশে সমবেত হওয়ার জন্য এবং তাদের সাহায্য সহযোগিতা করার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কারিগরি শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র খড়গ্রাম। খড়গ্রাম ব্লক হেড কোয়ার্টারে যে এ.এম. হাইসস্কুল আছে তাতে একটা কারিগরি শিক্ষাকেন্দ্র স্থাপিত হয়েছে। এটা স্থাপিত হওয়ার সময় জেলা পরিষদ ৮টা ট্রেডের অনুমোদন দিয়েছিল। বর্তমানে আরো

৪টে দিয়েছে এবং কাজ চলছে। কিন্তু আমার বিধানসভা কেন্দ্রে সিল্ক ভালো উৎপাদিত হয়, ব্যবসায়ীরাও আছেন। তাই আমরা বলেছিলাম এটাকে যুক্ত করার জন্য। সিল্ক স্পিনিংকে মুক্ত করার জন্য বা ছাপা, প্রিন্ট করার ট্রেড দেবার জন্য। তাই ওখানে সিল্ক সহ আরো ৪টে ট্রেডে যাতে দেওয়া হয়, তার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী পরেশনাথ দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন মাস দেড়েক আগে মুর্শিদাবাদ জেলায় শিশুমৃত্যুর ঘটনা ঘটেছে এবং তাতে বেশ কিছু শিশুর প্রাণ চলে গেছে অজানা ভাইরাস রোগের আক্রমণে। যদিও স্বাস্থ্য দপ্তরের প্রচেষ্টায় শেষ পর্যন্ত তা প্রশমিত করা গেছে। আবার, সম্প্রতি খবরে দেখা যাচ্ছে অন্ধ্রপ্রদেশের তেলেঙ্গানা এবং হায়দ্রাবাদে ব্যাপক শিশুমৃত্যু হয়েছে। প্রায় ১০০-র বেশি শিশুকে মৃত্যু মুখে পড়তে হচ্ছে। আমি অনুরোধ করছি সেই সমস্ত জায়গা থেকে যে ট্রেন আসছে এখানে, স্টেশনে তাতে শিশুরাও অভিভাবকদের সঙ্গে এসে নামছে। তাদের রক্ত পরীক্ষা করা উচিত, যাতে অন্ধ্রপ্রদেশের অজানা ভাইরাস মাইগ্রেট হয়ে পশ্চিমবঙ্গে এসে আমাদের এখানকার শিশুদের আক্রমণ করতে না পারে। এই ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার জন্য আমি মানয়ীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মানস মুখার্জী : মাননীয় অধ্যাক্ষ মহাশয়, অসিতবাবুরা এখন পশ্চিমবঙ্গেই নতুন বন্ধু জোগার করে ফেলেছেন। তারা হল বি.জে.পি.। আপনারা এখন তাদের সঙ্গে সম্পর্ক নিবিড় করছেন। এবং মাননীয় বাজপেয়ী এখানে এসে গোটা পশ্চিম বাংলার মানুষের সঙ্গে বিদ্রূপাত্মক আচরন করে গেলেন। যদিও পাশাপাশি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তথ্যভিত্তিক বক্তৃতা দিয়ে বুঝিয়ে দিলেন যে আমাদের রাজ্যে অগ্রগতির চিত্র কি। প্রধানমন্ত্রী রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে পশ্চিমবাংলার বিরুদ্ধাচারণ করে গেলেন। বণিকসভার মঞ্চকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করলেন। মাননীয় অসিতবাবুদের বলব ওদের সঙ্গে সম্পর্ক নিবিড় করছেন করুন, কিন্তু পশ্চিমবাংলার মানুষ আগামীদিনে এর বিরুদ্ধে জবাব দেবে।

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ল্যান্ড এ্যান্ড ল্যান্ড রিফর্মসমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের হাতে যে যে ডিপার্টমেন্ট এখনও হস্তান্তর হয়নি, তার সম্বন্ধে আমি এই হাউজে অনেকবার দাবি করেছি।

[1.00–2.00 p.m.] (including recess)

ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রিফর্মস ডিপার্টমেন্ট এখনও দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল-এর কাছে ট্রান্সফার করা হয়নি। এখানে ল্যান্ড অ্যান্ড রিফর্মস দপ্তর ডি. এমের আন্ডারে আছে। শুধুমাত্র এন.ও.সি-র ব্যাপারে ডি.জি.এইচ.সি.র কাছে পাঠায়। কিন্তু কোন ল্যান্ড কিরকম আছে সেটা ডি.জি.এইচ.সি. জানে না। সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি, ল্যান্ড অ্যান্ড রিফর্মস ডিপার্টমেন্টকে ডি.জি.এইচ.সি.-র কাছে হস্তান্তরিত করা হোক।

শ্রী জাহাঙ্গীর করিম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৩০ সালে ঝাড়খণ্ডীদের আক্রমণে আমার ডেবরা বিধানসভা এলাকায় ৭ জন সি.পি.এস. কর্মী নৃশংসভাবে খুন হন। সেই পরিপ্রেক্ষিতে কথা হয়েছিল যে,

আমাদের বর্তমান থানা থেকে প্রায় ৪০ কিলোমিটার দূরে আকালপৌষ এলাকায় একটা পুলিশ ফাঁড়ি করা হবে। কিন্তু এখনও পর্যন্ত সেই জায়গায় পুলিশ ফাঁড়ি করা হয়নি। এখন আবার কংগ্রেসিরা ঝাড়খণ্ডীদের সঙ্গে যুক্ত হয়ে বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়া জেলাকে নিয়ে ঝাড়খণ্ডের সঙ্গে যুক্ত করতে চায়। একটা খারাপ পরিবেশ তৈরির চেষ্টা হচ্ছে। অবিলম্বে আকালপৌষ এলাকায় একটি পুলিশ ফাঁড়ি স্থাপন করার জন্য আমি দাবি রাখছি।

শ্রী নির্মল দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জলপাইগুড়ির ডুয়ার্স এলাকায় জমির সমস্যা দীর্ঘদিন ধরে রয়েছে। ওখানে লিজ্ ল্যান্ড, খাস জমি, রেলের জমি, পূর্ত বিভাগের জমি এবং ডুয়ার্স মার্কেট ফান্ডের জমির সমস্যা আছে। কারণ দীর্ঘদিন ধরে এই জমিগুলোর সেটেলমেন্ট না হওয়ায় একদিকে রাজ্য সরকার যেমন রেভেনিউ থেকে বঞ্চিত হচ্ছে, তেমনি মানুষ তাদের নিজেদের পাট্টা, রায়তি স্বত্ব না পাওয়ায় দারুণ সমস্যায় পড়েছে। এই অবস্থায় জমি বন্ধক রাখা, বাড়িঘর করা, ব্যাঙ্ক লোন নেওয়া, ব্যবসা ইত্যাদি কিছুই তারা করতে পারছে না। অবিলম্বে তাদের সুবিধার জন্য এবং রাজ্য সরকারের সুবিধার জন্য ডুয়ার্সে ভূমি সমস্যার সমাধান করার জন্য আমি সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবি রাখছি।

মি. স্পীকার : এখন বিরতি, আবার আমরা মিলিত হব বেলা দুটোর সময়। (এই সময় মাননীয় অধ্যক্ষ্য মহাশয় সভার বিরতি ঘোষণা করেন।)

[2.00–2.10 p.m.]

(After Recess)

LEGISLATION

The West Bengal Valuation Board (Amendment) Bill, 2003

Smt. Anju Kar : Sir, I beg to introduce the West Bengal Valuation Board (Amendment) Bill, 2003.

(Secretary then read the titale of Bill)

Smt. Anju Kar : Sir, I beg to move that the West Bengal Valuation Board (Amendment) Bill, 2003 be taken into consideration.

শ্রী অতীশচন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ওয়েস্ট বেঙ্গল ভ্যালুয়েশন অ্যামেন্ডমেন্ট বিল আমাদের সামনে উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে দু-একটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী যখন উত্তর দেবেন তখন আমি আশা করব আমার প্রশ্নগুলির উত্তর দেবেন। এটা ঠিকই যে অবজেকটস অ্যান্ড রিজনসে তিনি বলছেন যে ওয়েস্টবেঙ্গল মিউনিসিপ্যালিটি অ্যাক্ট ৬ বছরের পরিবর্তে ৫ বছর করা হয়েছে। সুতরাং তার সঙ্গে সামঞ্জস্য রেখে এই অ্যালুয়েশন বোর্ড অ্যাক্ট ৬ বছরের জায়গায় ৫ বছর করা দরকার। সেটা করা হয়েছে। এটাতে আমাদের কোনো আপত্তি নেই। আমি যে প্রশ্নটা করতে চাইছি ভ্যালুয়েশন বোর্ড করার উদ্দেশ্য আপনারা সকলেই জানেন এরিয়াগুলোতে প্রপারটি ট্যাক্স ধার্য

করতে গিয়ে দেখা গেল অনেক প্রপারটির যে ন্যায্য দাম হওয়া উচিত ছিল তার থেকে অনেক কম আছে, যার জন্য এক একটা মিউনিসিপ্যালিটি তাদের ট্যাক্স করত সেই ট্যাক্স তাদের কাছে আদায় হয় না। যেহেতু প্রপারটি ট্যাক্স খুব কম আদায় হচ্ছে, ভ্যালুয়েশন কম, সেই ভ্যালুয়েশনটাকে বাড়াবার জন্য ভ্যালুয়েশন বোর্ড তৈরি করা হয়েছে, আজকে প্রপারটি ভ্যালুয়েশন তৈরি করছেন তার উপর একটা নির্দিষ্ট নির্ধারিত হারে একটা প্রপারটি ট্যাক্স আজকে মিউনিসিপ্যালিটিগুলোর ধার্য করার কথা। আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে পশ্চিমবাংলায় যে ১২১টা মিউনিসিপ্যালিটিগুলো আছে, করপোরেশনগুলোকে ধরে সেগুলোর মধ্যে কতগুলো ভ্যালুয়েশন বোর্ডের আন্ডারে আসছে এবং আসার পর আপনার কয়েক বছরের মধ্যে যে ট্যাক্স আদায় হবে প্রপারটি ট্যাক্স হিসেবে, সেই ট্যাক্স কতখানি করে বাড়বে, এই হিসাবটা যদি দেন বাধিত হবো। মাননীয় মন্ত্রী জানেন এবং আমরা খবর রাখি যে, যে টাকা ধার্য হয় আর যে টাকা আদায় হওয়ার কথা, সেই টাকা মাত্র শতকরা ২০ ভাগ টাকা আদায় হয়। এটা দুঃখের বিষয়। বিক্ষোভের কথা হচ্ছে যে কোনো কারণেই হোক এই আদায় যদি না বাড়ে আপনি যে চেষ্টা করছেন একটা মিউনিসিপ্যালিটি নিজস্ব আয় বাড়িয়ে সেই মিউনিসিপ্যালিটি নিজের পায়ে দাঁড় করিয়ে দেওয়ার চেষ্টা করছেন, সেটা বাধাস্বরূপ হয়ে যাচ্ছে। সুতরাং প্রপার্টি ট্যাক্স আদায় করার ক্ষেত্রে যে বাধাগুলি আছে সেগুলি দূর করার জন্য প্রতিষেধক হিসাবে কি ব্যবস্থা গ্রহণ করছেন তা নিশ্চয়ই আমাদের জানাবেন। এই প্রসঙ্গে আমি আরো দুএকটা কথা বলব। আমরা জানতে পেরেছি সঠিক প্রপার্টি ট্যাক্স আদায় করার ক্ষেত্রে প্রধান অন্তরায় হচ্ছে বিভিন্ন পৌর এলাকায় কেন্দ্রীয় সরকারের যে প্রপার্টিগুলি আছে, সেগুলির জন্য তাদের যা মিউনিসিপ্যালিগুলিকে সার্ভিস চার্জ দেওয়ার কথা বহু বছর ধরে তা তারা দিচ্ছে না। মাননীয়া মন্ত্রী মহোদয়ার কাছে আমার অনুরোধ, আপনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে এ বিষয়ে কথাবার্তা বলুন, বিষয়টা টেক্ আপ করুন যাতে অনাদায়ী সার্ভিস চার্জগুলি আদায় করা যায়। আপনার কাছে নিশ্চয়ই পরিসংখ্যান আছে, বিভিন্ন মিউনিসিপ্যালিটি এই সার্ভিস ট্যাক্স বা সার্ভিস চার্জ হিসাবে কেন্দ্রীয় সরকারি সংস্থাগুলির কাছে কত টাকা পাবে এবং সেটা যদি বলেন তাহলে সমস্ত হাউস সেটা অবগত হবেন এবং এ ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকার কি অবস্থার মধ্যে আছেন তা বুঝতে পারবেন। শুধু কেন্দ্রীয় সরকারের প্রপার্টির ক্ষেত্রেই এটা হচ্ছে, তা নয়। রাজ্য সরকারের বহু প্রপার্টির ক্ষেত্রেও এই ট্যাক্স আদায় হচ্ছে না। বহু ক্ষেত্রে তারাও ট্যাক্স দিচ্ছে না। এটার জন্য নিশ্চয়ই কেন্দ্রীয় সরকারের কাছে যেতে হবে না, এটা নিশ্চয়ই আপনাদের হাতের মধ্যেই আছে। সুতরাং কি করে আদায় করা যায়, সেটা একটু দেখবেন। এই দুটি জায়গা থেকে, কেন্দ্রীয় সরকারি সংস্থাগুলির কাছ থেকে এবং রাজ্য সরকারি সংস্থাগুলির কাছ থেকে যে ট্যাক্স আদায় করার কথা তা যদি পুরোপুরি আদায় করা সম্ভব হয়, তাহলে সম্পূর্ণ না হলেও মিউনিসিপ্যালিটিগুলি অনেকটাই দায়মুক্ত হতে পারবে। আমি আশা করব সেদিকে নিশ্চয়ই নজর রাখবেন। তার বেশি কিছু বলব না। আমি শুধু আর একটা প্রশ্ন করছি। আমরা জানি কলকাতার ক্ষেত্রে জেনারেল রিভ্যালুয়েশন হয় ৬ বছর পরপর। এটা কি পরিবর্তিত হয়ে পাঁচ বছর হয়েছে? আমি জানি না, এটা নিশ্চয়ই আপনি বলবেন। কলকাতার ক্ষেত্রে ৬ বছর থাকলে এবং অন্যান্য মিউনিপ্যালিটির ক্ষেত্রে ৫ বছর করা হলে অসংগতি থেকে যাবে। কলকাতার ক্ষেত্রে যদি ৬ বছরই থেকে থাকে তাহলে সেটাও ৫ বছর করুন। কারণ অসংগতি থাকলে, সেই অসংগতি

দূর হওয়া দরকার। এই কথা বলে, এই বিলকে আর একবার সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী অঞ্জু কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ওয়েস্টবেঙ্গল ভ্যালুয়েশন বোর্ড সংশোধনী বিল আজকে হাউসে এনেছি। বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী অতীশ চন্দ্র সিনহা মহাশয় প্রাথমিকভাবে এই বিলটিকে সমর্থন করেছেন তার জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। বিলটি কি কারণে আনা হয়েছে, সে কথাও মাননীয় সদস্য অতীশ চন্দ্র সিনহা মহাশয় বলেছেন। ইতিপূর্বে মিউনিসিপ্যাল ভ্যালুয়েশনের ব্যাপারটা ৬ বছর অন্তর অন্তর হত, এখন সেটা ৫ বছর অন্তর অন্তর করার ব্যবস্থা করা হচ্ছে। প্রয়োজনের নিরিখে অভিজ্ঞতার মধ্যে দিয়েই এটা আমরা করছি। মিউনিসিপ্যাল অ্যাক্টেও পরিবর্তন করেছি। আমাদের রাজ্যে এবং সর্বভারতীয় ক্ষেত্রে প্ল্যান পিরিয়ড হচ্ছে ৫ বছর। ৫ বছর পর পর সর্বস্তরে নির্বাচনও অনুষ্ঠিত হয়ে থাকে। সে জন্য আমরা ভ্যালুয়েশনটা ৫ বছর পর পর করতে চাইছি—সব কিছুর সঙ্গে সামঞ্জস্য বিধানের লক্ষ্যকে সামনে রেখে। এখন আমাদের যে ভ্যালুয়েশন বোর্ড হয়েছে তার মধ্যে দিয়ে অনেকটা বিজ্ঞানসম্মত পদ্ধতিতে ভ্যালুয়েশন নির্দিষ্ট করে ট্যাক্স আরোপ করার ব্যবস্থা করেছি। এমন কি ভ্যালুয়েশনের পদ্ধতিকে আগের তুলনায় অনেকটাই সহজ সরল করেছি। কিছু কিছু জায়গায় সেল্ফ অ্যাসেসমেন্টও চালু করেছি। পরবর্তী সময়ে ভ্যালুয়েশন পদ্ধতিকে এরিয়া বেসড করে ট্যাক্স আদায়ের পরিমাণটাকে যাতে আরো একটু বাড়ানো যায়—আরো বিজ্ঞানসম্মত পদ্ধতির মধ্যে দিয়ে সেটা আমাদের চিন্তা-ভাবনার মধ্যে আছে। এই হাউসের সদস্যরা শুনে আনন্দিত হবেন যে, সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড-এর বদলে এখন ওয়েস্ট বেঙ্গল ভ্যালুয়েশন বোর্ড করা হয়েছে। সেন্ট্রাল কথাটা তুলে দিয়েছি এবং ভ্যালুয়েশনের জন্য এই ধরনের পর্ষদ গোটা ভারতবর্ষের আর কোথাও নেই।

[2.10–2.20 p.m.]

এক্ষেত্রে আমরা পশ্চিমবাংলায় প্রথম এই নজির সৃষ্টি করেছি এবং ভারতবর্ষের অন্যান্য স্টেট থেকে এই পদ্ধতি দেখতে আসেন এবং বিভিন্ন সময়ে তারা প্রশংসা করেছেন এই পদ্ধতির জন্য। মাননীয় সদস্য যে প্রশ্নগুলি করেছেন খুব সঠিকভাবেই দেখতে হবে। আমরা ভ্যালুয়েশন বোর্ড করেছি ট্যাক্স বাড়ানোর জন্য যাতে পরিষেবা ও উন্নয়নের যে চাহিদা সেই অনুযায়ী এবং সময়োপযোগী যে চাহিদা, সেই অনুযায়ী মানুষের কাছে যদি পৌঁছতে হয়, তাহলে আয় বাড়াতে হবে এবং এই আয় বাড়ানোর জন্য মূল উৎস হচ্ছে প্রপার্টি ট্যাক্স সংগ্রহ করা। সেইদিকে লক্ষ্য রেখে আমরা এগুচ্ছি। আমি সংক্ষেপে হিসাবটা দিচ্ছি, ফার্স্ট টাইম ভ্যালুয়েশন হয়েছে আমাদের রাজ্যে ১১১টি মিউনিপ্যালিটির। আপনি যেটা জানতে চেয়েছিলেন, ফার্স্ট টাইম ভ্যালুয়েশন আমরা করে ফেলেছি। সেকেন্ড টাইম ভ্যালুয়েশন ৫২ পৌরসভায় হয়েছে। থার্ড টাইম ভ্যালুয়েশন ৭টি পৌরসভায় হয়েছে। তাহলে মোট আমাদের রাজ্যে ১২৫টি পৌরসভায় করপোরেশনগুলিকে নিয়ে ফার্স্ট টাইম, সেকেন্ড টাইম এবং থার্ড টাইম মোট ১৭০ বার এই ভ্যালুয়েশন করেছি। সেই ভ্যালুয়েশনের আগে আমাদের রাজ্যে টোটাল যে ডিমান্ড ছিল, সেটা ছিল ৫৩ কোটি ১০ লক্ষ টাকা আর ভ্যালুয়েশনের পরে সামগ্রিকভাবে দেখছি ১৮৪ কোটি

১ লক্ষ টাকায় পৌঁছতে পেরেছি অবশ্য কলকাতা বাদে। এই প্রসঙ্গে বলে রাখি, কলকাতা ওয়েস্ট বেঙ্গলের ভ্যালুয়েশন বোর্ডের আওতার মধ্যে পড়ে না। কলকাতা সম্পর্কে ভবিষ্যতে পরিকল্পনা আছে, চিন্তা-ভাবনা আছে, সেইভাবে পদক্ষেপ গ্রহণ করবো, এটা পরে জানতে পারবেন। এই যে ডিমান্ডের কথা বললাম এই ডিমান্ড করার জন্য এখনো পর্যন্ত আমাদের রাজ্যে ২৩ লক্ষ ৮৩ হাজার ২৫৪টি হোল্ডিংকভার করতে পেরেছি। বর্তমানে ২৭টি পৌরসভায় ভ্যালুয়েশনের কাজ চলছে। তবে এটা ঠিক, আমাদের যে পরিমাণ ডিমান্ড আছে সেখানে কালেকশনের ক্ষেত্রে কিছুটা দুর্বলতা রয়েছে। সেই দুর্বলতা কাটানোর জন্য আমরা নানাভাবে চেষ্টা করছি। এক্ষেত্রেও আমি বলবো, আপনাদের কাছ থেকে সকলের সহযোগিতা আমি আশা করি। অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের রাজ্যে এমনিতেই ট্যাক্স কম। অনেকেই জানেন, গরিবদের ক্ষেত্রে ৫০০ টাকা পর্যন্ত যাদের প্রপার্টির অ্যানুয়াল ভ্যালুয়েশন তাদের আমরা ছাড় দিয়েছি এবং টোটাল ভ্যালুয়েশনের ৩০ পারসেন্টের বেশি কখনও ট্যাক্স করিনি, যাতে ট্যাক্স বেশি করে কালেকশন করতে পারি। তা সত্ত্বেও দেখছি, গুজরাটে টোটাল ডিমান্ডের ৮৯ শতাংশ কালেকশন করতে পারে, পাঞ্জাবে ৮৮ শতাংশ কালেকশন করতে পারে, কেরালায় ৭৭ শতাংশ, অন্ধ্রে ৫৫ শতাংশ কালেকশন করতে পারে। সেই তুলনায় আমরা খুবই পুওর জায়গায় আছি, মাত্র ২৮ শতাংশ কালেকশন করতে পারি। মাথাপিছু যদি হিসাব করি তাহলে মাত্র ৩৬ টাকা মাথাপিছু আদায় করতে পারি। সুতরাং এই দিকে দুর্বলতা আছে। ভবিষ্যতে এটাকে কাটিয়ে ঐ জায়গাটিকে শক্তিশালী করতে হবে। আপনি আরো একটা প্রশ্ন করেছেন, কেন্দ্রীয় সরকারের যে প্রপার্টিগুলি আছে এবং বিভিন্ন ইন্ডাস্ট্রিয়াল সেক্টর যেগুলি আছে— সেখানে প্রাইভেট আছে, পাবলিক সেক্টর আছে, সরকারি আছে— কেন্দ্র এবং রাজ্যের সমস্ত ক্ষেত্রে এই সার্ভিস চার্জ দেওয়ার ব্যাপারে একটা গাফিলতি আছে। সেখানে আমাদের টোটাল যে ডিমান্ড, আলাদা করে এই সেক্টর এখন নেই। কিন্তু আমরা এই বিষয়ে পদক্ষেপ গ্রহণ করেছি, বিভিন্ন পৌরসভাগুলির কাছ থেকে জানতে চেয়েছি এবং বিভিন্ন দপ্তরের সঙ্গে ইতিমধ্যে টেক্-আপ করেছি, কথাবার্তা অলরেডি করে ফেলা হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের তাদের যে সার্ভিস চার্জ, যেটা তাদের কাছ থেকে পাওনা রয়েছে তা নিয়েও আমরা আলাপ-আলোচনা করেছি। এ বিষয়ে আমরা সচেতন যাতে আরো বেশি বেশি করে ডিমান্ড বাড়ানো যায় এবং তার সঙ্গে সঙ্গে কালেকশন বাড়ানো যায়। আমরা খুবই সচেতন যাতে মানুষের চাহিদা পরিপূরণ করা যায়, উন্নয়ন করা যায় এবং সময়োপযোগী জায়গায় পৌঁছোনো যায় এবং এর জন্য অর্থের দরকার। অন্যদিকে আমাদের দেশের যে নীতি সেখানে পরিষেবামূলক বিষয়ে বেসরকারীকরণ পথে নিয়ে যাওয়া, পাবলিক সেক্টর বলে কোনো কিছু থাকবে না, তেমনি সার্ভিস সেক্টরেও বেসরকারীকরণের কথা বারে বারে বলা হচ্ছে। কাজেই আমাদের রাজ্য সরকার এর মধ্য দিয়ে যতটুকু সম্ভব মানুষের ইনভলভমেন্টকে কাজে লাগিয়ে, সরকারি এবং বেসকারি সংস্থাগুলিকে যুক্ত করে উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার জন্য এই বিল নিয়ে এসেছে, এই সংশোধনী নিয়ে এসেছে। এই সংশোধনী নিয়ে এসেছি। আপনাদের সাহায্য, সহযোগিতা নিয়ে এই সংশোধনী কার্যকরী করতে পারলে পৌর উন্নয়নের কাজকে আরও বেশি করে আমরা এগিয়ে নিয়ে যেতে পারবো। এই বলে এই বিলকে পুনরায় সমর্থন করে এবং আপনারা সকলে এই বিলকে সমর্থন করবেন এই আশা করে শেষ করছি।

The motion of Smt. Anju Kar that the West Bengal Valuation Board (Amendment) Bill, 2003, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1–2

The question that Clauses 1–2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

Smt. Anju Kar : Sir, I beg to move that the West Bengal Valuation Board (Amendment) Bill, 2003 as settled in the Assembly, be passed.

The Motion of Smt. Anju Kar that the West Bengal Valuation Board (Amendment) Bill, 2003, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Municipal (Amendment) Bill, 2003

Shri Asok Bhattacharya : Sir, I beg to introduce the West Bengal Municpal (Amendment) Bill, 2003.

(Secreatary then read the title of the Bill)

Shri Asok Bhattacharya : Sir, I beg to move that the West Bengal Municipal (Amendment) Bill, 2003 be taken into consideration.

শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রীমহাশয় আমাদের সামনে আজ যে 'দি ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল (অ্যামেনডমেন্ট) বিল, ২০০৩ নিয়ে এসেছেন সে সম্বন্ধে কয়েকটি কথা বলছি। প্রথমেই বলি, এটা নিশ্চয় প্রশংসার ব্যাপার যে মিউনিসিপ্যালিটিগুলিতে এতদিন ডিফেকসান অ্যাক্ট ছিল না, সেই অ্যাক্ট আপনি চালু করেছেন। যদিও ১২৫টি মিউনিসিপ্যালিটিতে ডিফেক্টর হিসাবে কোন কাউনসিলার বা মেম্বারের এখনও পর্যন্ত সদস্য পদ্ খারিজ করতে পেরেছেন কিনা বলতে পারেননি। সেই তথ্য যদি আপনার কাছে থাকে নিশ্চয় তা আমাদের জানাবেন। স্যার, এ সম্বন্ধে আমাদের বাস্তব অভিজ্ঞতার কথাটা একটু বলি। আপনি জানেন কোন সদস্য সে বিধানসভার সদস্য হোক, মিউনিসিপ্যালিটি বা পঞ্চায়েতের সদস্য হোক যদিও আইন আছে যে তার দল পরিবর্তন করলে, তার দলনেতারর নির্দেশ অমান্য করলে তাকে দল থেকে বহিষ্কারের প্রভিসান আছে, সেটা করা যাবে কিন্তু আমরা

দেখছি এটা কার্যকরী করতে গেলে অনেক বাধার সম্মুখীন হতে হয় এবং অনেক সময়-সাপেক্ষ ব্যাপার হয়ে যায়। কাজেই এ ব্যাপারে নিশ্চয় চিন্তা-ভাবনা করার অবকাশ আছে। মাননীয় মন্ত্রীমহাশয়, তিনি চেষ্টা করবেন মিউনিসিপ্যালিটিগুলিতে যেটা আগে ছিল না—এই সদস্যপদ বাতিল করার ব্যাপারটা, সেটা তিনি ইনট্রোডিউস করেছেন। এটা নিশ্চয় সমর্থনযোগ্য, কিন্তু কার্যক্ষেত্রে এটা কার্যকরী হচ্ছে কিনা তা যদি আমাদের জানান তাহলে নিশ্চয় আমরা বাধিত হব। দ্বিতীয় যে কথাটা এই বিল সম্বন্ধে বলতে চাই, ক্লজ ফোরে আগে যে প্রভিশানটা ছিল তাতে হেভি ট্রাক এবং বাস দুটির উপর ট্যাক্স ধার্য করতে না পারে সেই রকম প্রভিশান ছিল। এবারে সেখানে লিখেছেন হেভি ট্রাকটা বাদ। লিখেছেন, heavy truck which shall be a heavy goods vehicle within the meaning of clause (16) of section 2 of the Motor Vehicles Act, 1988, Playing on a public street.

[2.20—2.30 p.m.]

কাকে হেভি ট্রাক বলা যাবে, সেটা আপনি নির্দিষ্ট করে দিয়েছেন। কেন বাসগুলোকে আপনি বাদ দিচ্ছেন না? কেন বাদ দিচ্ছেন না আমি জানি না। আর ট্রাকগুলো বাদ দেওয়ার কারণ কি আমি জানি না। এই হেভি ট্রাকগুলো মিউনিসিপ্যালিটির উপর দিয়ে যায় তাতে রাস্তা সব চেয়ে বেশি নষ্ট হয়। আপনি জানেন শুধু হেভি ট্রাক নয় নূতন যে গাড়িগুলো তৈরি হয়েছে যেগুলো নোংরা নিয়ে যায় সেইগুলোও রাস্তার যথেষ্ট ক্ষতি করে। এই ক্ষতি থেকে বাঁচতে গেলে তাদের কাছ থেকে ট্যাক্স আদায় করতে হয়। এমনিতেই তো মিউনিসিপ্যালিটির ট্যাক্স আদায় হয় না। অথচ মিউনিসিপ্যালিটিগুলোকে স্বয়ংসম্পূর্ণ করতে হবে। আপনি প্রভিশান এনেছেন তাতে হেভি ট্রাককে বাদ দিয়ে গিয়েছেন সেখানে বাসকে বাদ দিচ্ছেন না, এটা কেন করছেন আপনার উত্তর দেবার সময় আপনি বলবেন। তারপর যেটা আপনি বলেছেন সেটা আমাদের কাছে আপত্তিজনক বলে মনে হয়েছে। In sub-section 95 (B) of the principal act, the words "commercial and industrial establishment." তার মানে কমার্সিয়াল অ্যান্ড ইনডাসট্রিয়াল এসটাবলিস্টমেন্টের উপর কোন কনজারভেন্সি ট্যাক্স আপনি মিউনিসিপ্যালিটিকে বসাতে দিচ্ছেন না। কিন্তু ওরা তো সব চেয়ে বেশি নোংরা করে। এদের থেকে কনজারভেন্সি নেওয়া উচিত। তাদের যে বর্জ্য পদার্থ তার থেকে নোংরা বার হয়, সেইগুলো নিয়ে মিউনিসিপ্যালিটি ক্ষতিগ্রস্ত হয়। প্রতিটি মিউনিসিপ্যালিটিকে কনজারভেন্সি ট্যাক্স থেকে কেন তাদের বাদ দেওয়া হচ্ছে, এটা আমার বোধগম্য হচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় এই বিষয়টা একটু বুঝিয়ে বলবেন। কনজারভেন্সি ট্যাক্স যাতে তারা দিতে বাধ্য হয় সেইভাবে আইনটা করা উচিত। তৃতীয়ত আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে অনেক জায়গায় তিনি কয়েকটি প্রভিশান এনেছেন তাতে ট্যাক্সের পরিমাণ তিনি বাড়িয়েছেন ট্যাক্সের পরিমাণ একেবারে বাড়াবেন না তা বলছি না। সরকারের আর্থিক অবস্থা খুব খারাপ, অন্যদিকে মিউনিসিপ্যালিটিগুলোকে স্বয়ংসম্পূর্ণ করতে গেলে, নিজেদের পায়ে দাঁড়াতে গেলে এটা করতে হবে। যেমন প্রপার্টি ট্যাক্স বাড়াচ্ছেন ভ্যালুয়েশান বোর্ড করে কর বাড়ানোর চেষ্টা করছেন। তাতে কারো আপত্তি নেই। প্রপার্টি ট্যাক্স কিছু বাড়ান কিন্তু অত্যধিক যাতে না বাড়ে সেটা

দেখতে হবে। প্রফেশনাল ট্যাক্সের যে প্রভিশান ছিল তাতে আগে ৫০০ টাকা বেশি করা যেত না, এখন সেটা বাড়িয়ে ১৫০০ টাকা করছেন, ১৫০০ টাকার বেশি করা যাবে না। এটা আপনি বাড়িয়ে দিয়েছেন। এই বাড়ানো কি যৌক্তিকতা আছে আমি জানি না। এটা আমি সমর্থন করতে পারছি না। প্রফেশনাল ট্যাক্স যেটা ছিল তার হায়েস্ট স্লাব ছিল ৫০০ টাকা, সেটা বাড়িয়ে ১৫০০ টাকা করতে চাইনে সেটা আপনি একটু বলবেন। তারপর আর একটা করেছেন ট্যাক্স অন অ্যাডভ্যার্টাইজমেণ্ট ট্যাক্স, মিউনিসিপ্যালিটিতে যদি কেউ এডভ্যার্টাইজমেণ্ট করে দেওয়াল লেখে বা বোর্ড লেখে প্রভিশানে যেটা ম্যাক্সিমাম ছিল সেটা এবারে মিনিমাম করে দিয়েছেন। সেখান থেকে আরো ট্যাক্স আদায় হয় তার ব্যবস্থা আপনি করছেন। আমি আগেই বলেছিলাম ট্যাক্স আদায়ের ক্ষেত্রগুলো। মিউনিসিপ্যালিটির মধ্যে সেন্টাল গভর্নমেণ্টের প্রপার্টি আছে তারা সারভিস ট্যাক্স দিচ্ছে না। আমি আপনাকে বলেছিলাম যে এইগুলো আপনি টেক আপ করুন। রাজ্য সরকারও দেয় না ট্যাক্স। সেগুলো আপনি টেক আপ করুন। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন মাত্র ২৮ পারসেণ্ট ট্যাক্স আদায় হয়। সেখানে অন্যান্য রাজ্যে যেমন পাঞ্জাব, কর্নাটক ৮০ ভাগ ট্যাক্স আদায় হচ্ছে। এটা খুব গর্বের নয়। বাড়াবার প্রয়োজন আছে। কিন্তু বাড়াতে গিয়ে প্রফেশনাল ট্যাক্স তিনগুণ বাড়িয়ে দিলেন, অ্যাডভার্টাইজমেন্ট ট্যাক্স এইগুলে সব বাড়িয়ে দিলেন, এটা কি খুব ভাল হবে এটা একটু চিন্তাভাবনা করে দেখতে হবে। যেভাবে বাড়িয়েছেন আমি মনে করি ঠিকভাবে হয়নি।

সুতরাং এই ব্যাপারে পুনর্বিবেচনা করার জন্য আমি দাবি জানাচ্ছি এবং সাথে সাথে এগুলি যাতে উনি প্রত্যাহার করে নেন, সেজন্য আবেদন জানিয়ে আমি শেষ করছি।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি গভর্নমেণ্ট অফ ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল (অ্যামেন্ডমেণ্ট) বিল, ২০০৩ যেটি আনা হয়েছে তাকে সমর্থন করছি এবং এর সমর্থনে কয়েকটি কথা বলতে চাই। মূল ৮টি উদ্দেশ্য নিয়ে এই অ্যামেন্ডমেণ্ট বিলে যে প্রস্তাবগুলি এসেছে, সেই ৮ টি উদ্দেশ্যকে আলাদা আলাদাভাবে ব্যাখ্যার প্রয়োজন নেই। দুটি বিষয়ে আমাদের বিরোধী দলের মাননীয় সদস্য অতীশ চন্দ্র সিন্‌হা মহাশয় এখানে বললেন। আমার মনে হয়েছে, তিনি ইণ্টারপ্রিটেশনে একটু ভুল করেছেন। এখানে যেটা বলা আছে, Amendment of Section 95A –In sub-section (1) of Section 95A of the principal Act, the words "and buses" shall be omitted. তার মানে, ঐ ধারায় 'বাস' কথাটা বাদ যাবে, না যুক্ত হচ্ছে তা মন্ত্রী মহোদয় বলবেন। এতে ট্যাক্স বৃদ্ধির যে প্রস্তাব এসেছে এটি একটি মৌলিক উদ্দেশ্য নিয়ে আনা হয়েছে বলেই মনে হয়েছে। ১২৫টি মিউনিসিপ্যালিটিতে পরিষেবা দেবার জন্য যে অর্থের প্রয়োজন, পৌরসভাগুলিকে পরিষেবা দেবার জন্য কেন্দ্রীয় সরকার যেখানে কোন অর্থ সাহায্য করছে না, তারা হাত গুটিয়ে নিয়েছে, এই অবস্থায় নাগরিকদের পরিষেবা দেবার স্বার্থে এটা অপরিহার্য এবং তার জন্যই এই ট্যাক্স বৃদ্ধির প্রস্তাব আনা হয়েছে। দলত্যাগের ব্যাপারে অতীতে যা হয়েছে—কোন পৌরসভার ত্রিশঙ্কু অবস্থায় যখন দেখা যায় একজন এদিকে, অন্যজন ওদিকে, পৌরসভার চরিত্র যার ফলে বদল হয়ে যায়, তার জন্য

কঠোরভাবে এই আইন প্রয়োগের দাবি আমি জানাই। এখানে আর একটি মৌলিক বিষয় যেটি আনা হয়েছে, প্রায় অ্যাপ্রোভাল অফ দি গভর্নমেণ্ট পৌরসভাগুলিকে নিতে হবে যে কোন নিয়োগের ক্ষেত্রে। ১২৫টি মিউনিসিপ্যালিটিকে স্ক্রুটিনি করলে আমরা দেখতে পাই, অধিকাংশ পৌরসভাতেই ম্যাল-প্রাকটিস আছে। কাউন্সিলরিরা নির্বাচনে জিতে অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় তাঁরা লোক নেন এবং পৌরসভাকে অর্থভারে জর্জরিত করে তোলেন। তার ফলে দেখা যায় পৌরসভাগুলি নাগরিক পরিষেবা দিতে ব্যর্থ হয়। এজন্যই প্রায়র অ্যাপ্রোভাল কথাটা যুক্ত হয়েছে। প্রায়র অ্যাপ্রোভাল কথাটা কঠোরভাবে দেখা উচিত। এই আইনের ফলে পৌরসভাগুলিতে স্বচ্ছতা আসবে এবং সেদিকে তারা উদ্যোগী হবে, এই উদ্দেশ্য নিয়েই এই এ্যামেন্ডমেণ্ট আনা হয়েছে। একে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল দাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, 'দি ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল (অ্যামেন্ডমেণ্ট) বিল, ২০০৩ যা আনা হয়েছে এবং এতে যে উদ্দেশ্য ট্যাক্স বৃদ্ধির প্রস্তাব রাখা হয়েছে, তাকে আমি স্বাগত জানাচ্ছি। এখানে যেটা বলা হয়েছে, আয়ারাম গয়ারাম বিশেষ করে, আমাদের রাজ্যে বিধানসভায় এটা নেই।

[2.30—2.40 p.m.]

আমরা লক্ষ্য করছি পৌরসভার ক্ষেত্রে, এমন কি আমাদের যে সমস্ত পঞ্চায়েত আছে সেখানেও অ্যাণ্টি ডিটেকশান অ্যাক্ট এসব করা হয়েছে। এটা শুনতে ভাল লাগে, কেন্দ্রীয় সরকারও ওটা করেছেন, কিন্তু মানা হয় না। কিছু লোক ক্ষমতার পাগল, তাই পৌরসভার চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান হওয়ার জন্য এই ধরনের করে থাকেন। যেমন আমাদের আলিপুরদুয়ারে যিনি নির্বাচিত হয়েছিলেন তিনি কংগ্রেসের নাম নিয়ে নির্বাচিত হয়েছিলেন। তারপরে তিনি তৃণমূলে চলে যান এবং তারপরে বিজেপিতে ঢোকেন। একজন লোক একই টার্মে তিনবার দল বদল করেছেন। এইটা অস্বাস্থ্যকর এবং নিন্দনীয়, এটা বন্ধ হওয়া দরকার। তার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় যেসব কথা বললেন এবং যেসব প্রভিশান রেখেছেন সেটা যদি কার্যক্ষেত্রে প্রয়োগ হয় তাহলে এই অস্বাস্থ্যকর অবস্থার অবসান ঘটবে। এবং এটা সত্যি যে কোন দেশের পৌর এলাকা বা নগর এলাকায় যারা থাকেন তাদের আর্থিক সচ্ছলতা আছে। তাদের আর্থিক সচ্ছলতা প্রত্যন্ত এলাকার থেকে বেশি। কিন্তু সেখানেও দারিদ্র্যসীমার নীচের লোক থাকে এবং তার জন্য সরকারের বন্দোবস্ত থাকবে। যাদের আর্থিক সচ্ছলতা আছে তারা ইনকাম ট্যাক্স দিচ্ছে। গ্রামে যেসব লোক রয়েছে তাদের কিছু পরিষেবার দরকার, সেই পরিষেবা দেবার নিশ্চিত ব্যবস্থা নেবেন। এই ব্যাপারে সরকার উদ্যোগ নেবেন। আমরা পৌরসভা এসবের ক্ষেত্রে রাজনৈতিক হস্তক্ষেপকে কাজে লাগিয়ে রাজনৈতিক কারণে কাজ দিয়ে পপুলারিটি অর্জন করতে চেয়ে থাকেন। এটা অত্যন্ত উদ্বেগের বিষয়। বহু পৌরসভাতে এইভাবে বেনিয়মে, নিয়মবহির্ভূতভাবে লোক নিয়োগ হয়েছে। এইভাবে দু একজন লোক নিয়োগ করা হয়েছে। এইরকমভাবে সাফাই কর্মী, সুইপার, চতুর্থ শ্রেণীর কর্মচারী হিসাবে নিয়োগ করা হয়েছে। যেখানে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে করা উচিত, সেখানে তাদের কাছ থেকে কল না নিয়ে মিউনিসিপ্যালিটির লোকেদের

আত্মীয়স্বজনকে বেনিয়মে ঢোকানো হচ্ছে। তার ফলে নানা অসুবিধার সৃষ্টি হচ্ছে এবং সর্বনাশ করছে। সুতরাং এই বিলটি যে এসেছে একটি স্বাস্থ্যকর বিল। পৌরসভাতে যাতে নিয়মনীতি মেনে চলে এবং প্রতিনিধিরা যাঁরা চালাচ্ছেন তাঁরাও নিয়ম মেনে চলেন এবং বেনিয়মে নিয়োগ যাতে বন্ধ হয় সেই কারণে এই বিল এসেছে, একে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অশোক ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল ৯৩, সেটা সংশোধন বিধেয়ক যে বিল এখানে আনা হয়েছে তা অত্যন্ত সময়োপযোগী এবং বাস্তব প্রয়োজনীতা অনুভব করছি। বিভিন্ন পৌরসভার প্রধানরা বিভিন্ন সময়ে দৃষ্টি আকর্ষণ করেছিলেন। তারই ভিত্তিতে এবং কিছু অভিজ্ঞতার ভিত্তিতে এই সংশোধনী এখানে এনেছি। এই প্রসঙ্গে মাননীয় বিরোধী দলের সদস্য শ্রী অতীশ বাবু কয়েকটি বিষয়ে বলেছেন এবং কিছু ব্যাখ্যা চেয়েছেন। আমি বলছি তিনি একটু বুঝতে ভুল করেছেন। হেভি ট্র্যাক লোডিং, আনলোডিংয়ের ক্ষেত্রে টোল বসবে। কিন্তু বাসের ক্ষেত্রে এই টোল বসানো হবে না। বাস বারে বারে যাবে আসবে এতে ট্রাফিক কনজেশান সৃষ্টি করতে পারে এবং বাসের উপরে যদি টোল চাপানো হয় তাহলে বাসের মালিকরা এই টোল সাধারণ প্যাসেঞ্জারদের উপরে চাপাবে। সেইজন্য বাসের উপরে এই টোল না রেখে হেভি ট্রাকের উপরে রেখেছি। তারপরে ৯৫ (বি)তে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিকে বাদ রেখেছি। আগেও সেটা ছিল।

আর অতিরিক্ত কনজারভেন্সি চার্জ আগে যেটা ছিল ইন্ডাস্টির ক্ষেত্রে নেওয়া যেত, সেটা রাখা আছে এবং তাছাড়াও যে কোন বড় বাড়িতে বা বিয়ে বাড়িতে, সিনেমা হলে, থিয়েটার হলে অথবা বড় রেসিডেনশিয়াল, যেখানে বেশি মানুষেরা বসবাস করে, সেই সমস্ত ক্ষেত্রে পৌরসভা যদি মনে করে অতিরিক্ত জঞ্জাল সৃষ্টি হচ্ছে, সেক্ষেত্রে সকলের ক্ষেত্রেই সেই অতিরিক্ত চার্জ নিতে পারে। এই ব্যবস্থা রাখবার জন্য কর্মাশিয়াল এবং ইন্ডাসট্রিয়ালটাকে ওমিট করে জেনারালাইজ করে দিয়েছি। আর অতীশবাবু যেটা বললেন, কর্মাশিয়াল এবং ইন্ডাসট্রিয়ালের উপরেই অতিরিক্ত কনজারভেন্সি চার্জ হবে না, সকলের উপরেই এটা প্রযোজ্য হবে। সে কর্মাশিয়ালই হোক, ইন্ডাসট্রিয়ালই হোক, ম্যারেজ হলই হোক, থিয়েটার হলই হোক, পৌরসভাগুলো যদি মনে করে কনজারভেন্সি চার্জ বৃদ্ধি করবে সেটা তারা করতে পারবে। এই বিলের মাধ্যমে একটা বিশেষ সুযোগ-সুবিধা আমরা তাদের হাতে তুলে দিলাম। ট্রেড এনলিস্টমেন্ট সার্টিফিকেট—এর বিষয়টা ১৯৯০ সালে সংশোধন করা হয়েছিল, তখন এটা দশ টাকা করা হয়েছিল। পরবর্তীকালে স্টেট ফিনান্স কমিশান রেকমেনডেশান করেছেন, এটাকে আরও বৃদ্ধি করা হোক। তারপরে ১৯৯৭ সালে এটাকে বৃদ্ধি করে ৫০০ টাকা করা হয়। ১৯৯৭ সালের পর আজকে ছয় বছর হয়ে গেছে, আজকে প্রতিটি শহরে অনেক ফিনানসিয়াল ইন্সটিটিউশান, কোম্পানির বড় বড় অফিস হয়েছে, অনেক বড় বড় কলকারখানা হয়েছে। তাই বিভিন্ন পৌরসভা থেকে এই সর্বোচ্চ ৫০০ টাকা বৃদ্ধি করার প্রস্তাব আমরা পাই, কর্পোরেশনগুলো থেকেও আমরা এই প্রস্তাব পাই। কিছুদিনের মধ্যেই কলকাতা কর্পোরেশানের আরেকটা আইন আমরা সংশোধন করব কিভাবে আরও চার্জ বৃদ্ধি করা যায়। এই চার্জ বৃদ্ধি করা মানে কিন্তু সকলের জন্য

নয়, ছোট বা মাঝারি ব্যবসায়ীদের বৃদ্ধি করার কোন প্রস্তাব কিন্তু নেই। আর সর্বোচ্চ কত হবে সেটা পৌরসভা বা কর্পোরেশানগুলো মডেল বাই লজের মাধ্যমে করবেন। সর্বোচ্চ যেটা ছিল ৫০০ টাকা, সেটা ১০০০ টাকা বা ১৫০০ টাকা হতে পারে। তবে এটা কোনমতেই ছোট এবং মাঝারি ব্যবসায়ীদের উপরে প্রযোজ্য হবে না। আমরা বলেছি আপনারা মডেল বাই লজ তৈরি করুন এবং সেটা পাশ করিয়ে নিন। তবে কারোর বিরুদ্ধে যাতে বৈষম্যমূলক আচরণ না হয়, সেটা দেখবেন। আরেকটা হচ্ছে অ্যাডভার্টাইজমেন্ট ট্যাক্স। ১৯৯৩ সালে যখন এই আইন তৈরি হয়েছিল, বিজ্ঞাপনের উপরে যে কর বা চার্জ আমরা ধরেছিলাম, সর্বোচ্চ ছিল যেটা সেটা এখন মিনিমাম করা হচ্ছে। গত কয়েক বছরের মধ্যে প্রতিটি শহর এলাকায় অনেক বেশি পরিমাণে বাণিজ্যিক কেন্দ্র সৃষ্টি হয়েছে এবং বহু ধরনের বিজ্ঞাপন সেখানে ব্যবহার করা হচ্ছে। গ্লো সাইনবোর্ড, ইলেকট্রনিক বোর্ড সেখানেই ব্যবহার করা হচ্ছে। তাই আগেকার সর্বোচ্চ রেটটাকে মিনিমাম এবং ম্যাক্সিমামটা পৌরসভাগুলো তাদের কাউন্সিলার্স মিটিঙে ঠিক করে নেবেন। এই বাড়তি সুযোগ আমরা পৌরসভাগুলোকে দিলাম। ৬৬ (এ), ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট-এ বলা আছে জয়েন্ট ভেঞ্চার যদি কেউ করে থাকে বা বেসরকারি সংস্থায় বিনিয়োগ যদি কেউ করে থাকে, তাহলে তাদের গভর্ণমেন্টের এ্যাপ্রুভাল নিতে হবে পৌরসভাগুলোর কাছ থেকে। যে কোন কারণেই হোক না কেন ২৮৫ ধারায় বলা হয়েছে এটা হতে হবে প্রাইওর টু দি ওপিনিয়ান অফ গভর্ণমেন্ট। এটা সঠিক নয়। ৬৬ (এ) সঙ্গে বামফ্রন্ট সামঞ্জস্য আনার জন্য ২৮৫-র প্রভিশান সংশোধন করে গভর্ণমেন্টের অ্যাপ্রুভালের বিষয়টি আমরা অন্তর্ভুক্ত করছি।

[2.40—2.50 p.m.]

আর একটি বিষয় প্রসঙ্গক্রমে কেউ কেউ বলেছেন, নানাভাবে আমাদের পরিষেবার উপর চাপ সৃষ্টি হচ্ছে। বিশেষ করে কেন্দ্রীয় সরকারের নীতি হচ্ছে, সম্পূর্ণভাবে সমস্ত পরিষেবাটা আস্তে আস্তে সরকার বা পৌরসভার দেওয়ার প্রয়োজন নেই, সেই সবগুলোকে বেসরকারিকরণ করে দেওয়া হোক। আমরা বলেছি—বেসরকারি সংস্থা অংশগ্রহণ করুক, যেটা সরকার বা পৌরসভা করছে, তার পাশাপাশি করুক। যেমন সরকার বা পৌরসভা বাজার তৈরি করবে বা হাউজিং করবে, তার পাশাপাশি যৌথ উদ্যোগে হোক বা বেসরকারি সংস্থাগুলো করুক, একটা প্রতিযোগিতার মধ্যে আসুক। কিন্তু আমরা সবচেয়ে জোর দিচ্ছি—কোন অবস্থাতেই যাতে গরিব মানুষের পরিষেবা পেতে অসুবিধা না হয়। সেইজন্য প্রতিটি পৌরসভার ক্ষেত্রে যথাসম্ভব গরিব মানুষের, নিম্ন আয়ের মানুষের স্বার্থ রক্ষা করার চেষ্টা করেছি এবং এটা হচ্ছে আমাদের নীতি। আমরা যথাসম্ভব এটাকে অব্যাহত রাখতে চাই। পৌরসভাগুলোর উপর মানুষের, শহরবাসীর চাহিদা বৃদ্ধি পাচ্ছে। সারা পৃথিবীতে নানাভাবে উন্নয়নমূলক কাজ হচ্ছে, মানুষও দেখছে। স্বাভাবিকভাবে মানুষের প্রত্যাশ্যাও বৃদ্ধি পাচ্ছে। পৌরসভাগুলির পরিষেবার মান আগে থেকে বৃদ্ধি পেয়েছে এবং উন্নত হয়েছে। এবং উন্নতি হয়েছে বলেই মানুষের চাহিদাও বাড়ছে। এই বাড়তি চাহিদা পূরণের ক্ষমতা সরকারের নেই, পৌরসভাগুলিরও নেই। যদি তাদের এই বাড়তি চাহিদা—এই প্রত্যাশা পূরণ করতে হয়, সেইভাবে পরিষেবার মান উন্নয়ন করতে হয়, তাহলে পৌরসভার নিজস্ব রাজস্ব আদায় বৃদ্ধি করতে হবে। ভবিষ্যৎ পরিকল্পনা বলুন পরিষেবার

মান উন্নয়ন বলুন, সবটাই নির্ভর করে একটা গুড আরবান গভারন্যান্সের উপর। তাছাড়া হতে পারে না। শুধুমাত্র সরকারের আর্থিক অনুদানের উপর নির্ভরশীল থেকে একটা সত্যিকারের সুশাসন তৈরি হতে পারে না। শহর এলাকায় অনেক বেশি রাজস্ব আদায়ের সুযোগ আছে। শহরগুলোকে কেন্দ্র করেই রাজস্ব আদায় বেশি হয়। সেক্ষেত্রে পৌরসভাগুলো শুধু নিঃশুল্কে পরিষেবা দেবে, জনপ্রিয় হবার জন্য সব কিছু বিনা পয়সা দিয়ে দেবে, আজকের দিনে এটা হতে পারে না। সেইজন্য আমরা জোর দিচ্ছি উন্নত পরিষেবার স্বার্থে, নাগরিক জীবনে স্বাচ্ছন্দ্য আনতে এই পৌরসভাগুলির আয় বৃদ্ধি করতে। সেইজন্য পৌরসভাগুলিকে সুযোগ করে দিচ্ছি, রাজস্ব আদায়ের নতুন নতুন সূত্রগুলো দিচ্ছি, যাতে তাদের রাজস্ব আদায় বৃদ্ধি করতে পারে। সেইজন্য আজকের এই সংশোধনী বিধেয়ক এখানে উপস্থাপন করলাম আপনাদের সমর্থনের জন্য। ধন্যবাদ।

শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা : স্যার, একটা ক্ল্যারিফিকেশন চাইছি। যেটা পুরনো সেকসনে ছিল, আমাদের কাছে উল্লেখ করেছেন, সেখানে ৯৫ বি. তে, যেখানে কনজার্ভেন্সির ব্যাপার আছে বলছেন

"Levy of special conservancy charge.—(1) The Board of Councillors may levy a special conservancy charge on the commercial and Industrial establishments for providing municipal services in connecton with removal of solid wastes." ... ...

নতুন অ্যাকটরের সাবসেকসন ১ অফ ৯৫ বি.-তে বলছেন, 'the words' on the commercal and industrial establishments 'shall be omitted.'

তার মানে পুরনো অ্যাক্টে এই ধরনের কমার্শিয়াল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল স্ট্যাবলিশম্যান্টের ক্ষেত্রে যে অধিকার বা ক্ষমতা দিয়েছিলেন মিউনিসিপ্যালিটিগুলোকে স্পেশাল চার্জ আদায় করবার .....

এখানে এই কমার্শিয়াল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল এস্টাবলিশমেন্টকে তুলে দেওয়া হয়। এই স্পেশাল কনজারভেন্সি কেন?

শ্রী অশোক ভট্টাচার্য : আমি বাদ দিচ্ছি না। এখানে উল্লেখ আছে দেখুন

Board of councillors may levy a special conservancy charge on the commercial and industrial establishments for providing municipal services in connection with removal of solid waste.

আমরা যেটা করছি for Providing municipal services in connection with removal of solid waste.

অর্থাৎ যে কোন ক্ষেত্রে এটা শুধুমাত্র কমার্শিয়াল এবং ইন্ডাস্ট্রিয়াল শুধুমাত্র নয়, এটার জন্য স্পেসিফিক করা ছিল না যে ইন্ডাস্ট্রিয়াল বা কমার্শিয়াল ছাড়া আর কারেরা কাছ থেকে

স্পেশাল কনজারভেন্সী নেওয়া যাবে না। কমার্শিয়াল ছাড়া আর কারোর কাছ থেকে স্পেশাল কনজারভেন্সি নেওয়া যাবে না। কমার্শিয়াল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ছাড়াও যে কোন ক্ষেত্রে বিয়েবাড়ি হতে পারে, থিয়েটার হল হতে পারে, সরকারী ভবন হতে পারে, সমস্ত ক্ষেত্রে এটা নেওয়া যেতে পারে। আমরা একেবারে লিগাল ওপিনিয়ান নিয়েই ঐটা করেছি।

শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা : অশোকবাবু আপনি যেটা বললেন সব কিছুর উপর এটা কিভাবে জেনারেল হল?

শ্রী অশোক ভট্টাচার্য : ঐটাই জেনারেল হয়ে গেল, যখন আমরা অন দ্য কমার্শিয়াল অ্যান্ড ইণ্ড্রাস্ট্রিয়াল এস্ট্যাবলিশমেন্ট এটাকে অমিট করে দিলাম। ধরুন রেসিডেনশিয়াল কোন বাড়ি সেখানে বিয়ে হচ্ছে, হিউজ ওয়েস্ট সৃষ্টি হয়েছে, আগে সেই জায়গায় পৌরসভাগুলি কোন স্পেশাল কনজারভেন্সী চার্জ নিতে পারত না। কিন্তু এই কথাগুলি উঠিয়ে দেওয়ার পরে সেটা সরকারী বাড়ি হতে পারে, সিনেমা হল হতে পারে, থিয়েটার হল হতে পারে, সবার কাছ থেকেই এটা নেওয়া যাবে।

The motion that the West Bengal Municipal (Amendment) Bill, 2003 be taken into consideration was then put and agreed to.

Clauses 1–11

The question that clauses 1–11 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand Part of the Bill was then put and agreed to.

Shri Ashok Bhttacharjee : Sir, I beg to move that The West Bengal Municipal (Amendmet) Bill, 2003 as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

POINT OF INFORMATION

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আজকে রাজ্য সরকার কিভাবে শিক্ষায় ফি বৃদ্ধি ঘটাচ্ছে। স্কুল স্তর থেকে সর্বস্তরেই ফি বৃদ্ধি ঘটছে। এক ভয়ঙ্কর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। ভর্তির সমস্যা প্রকট হয়ে উঠেছে। সরকারের জনবিরোধী নীতির যেমন—ফি বৃদ্ধি, ক্যাপিটেশান ফি চাপানো, শিক্ষায় বেসরকারীকরণ ইত্যাদির বিরুদ্ধে সারা বাংলায় ডি এস ওর পক্ষ থেকে বিক্ষোভ দেখানো হয়েছিল। কিন্তু সেই ছাত্রছাত্রীদের উপর যেভাবে পুলিশ লাঠি চালিয়েছে, তাদের রক্তাক্ত করেছে, যেভাবে তাদের গ্রেপ্তার করেছে, তা নিন্দনীয়। আমি রাজ্য সরকারের এই জনবিরোধী শিক্ষানীতি এবং ন্যায়সঙ্গত গণতান্ত্রিক আন্দোলনের উপর পুলিশের হস্তক্ষেপের উপর তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

[2.50—3.00 p.m.]

স্যার, আমরা সরকারের এই স্বৈরাচারী নীতির বিরুদ্ধে। ২৯ শে জুলাই এ.আই.ডি.এস.ও সারা বাংলা ধর্মঘট করছে। তারা এই ফ্রি বৃদ্ধি এবং ছাত্র ভর্তির ব্যাপারে প্রতিবাদ করেছে এবং ধর্মঘট ডেকেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারের এই ছাত্র সংহার নীতি, শিক্ষা সংহার নীতি, পুলিশের এই নির্মম লাঠি চালানোর প্রতিবাদে আমরা আজকে এখানে ওয়াক আউট করছি।

(At this stage the SUC(I) Members walked out of the House).

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

DEMAND No. 31

Mr. Speker : Now we are taking up Demand No. 31. The cut motions to this Demand have not been moved. So there is no cut motion to Demand No. 31.

I call upon Shri Nepal Mahato.

শ্রী নেপাল মাহাত : মাননীয় স্পিকার স্যার, ইনফরমেশান টেকনোলজি মিনিস্টার আমাদের মাননীয় মানব মুখার্জী যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে আমি দু-একটি কথা বলতে চাই। স্যার, আজকে আমরা জানি যে ইনফরমেশান টেকনোলজি এখন সারা পৃথিবীর একটা সব থেকে গুরুত্বপূর্ণ বিষয়। যে বিষয়টি এতো বেশি গুরুত্ব পেয়েছে যে আমাদের মানুষের দৈনন্দিন প্রত্যেকটি কাজে ইনফরমেশান টেকনলজির ব্যবহার আছে। আজকে খুব দুঃখের সঙ্গে এই বিধানসভায় আমাকে বলতে হচ্ছে, যে, সারা ভারতবর্ষে অন্যান্য রাজ্যের যে ইনফরমেশান টেকনলজির উপর নির্ভর করে বিভিন্নভাবে জনসেবা জনগণের সাথে সম্পর্কিত অনেক কারিগরি শিক্ষার সাথে সম্পর্কিত বিভিন্ন ফিল্ডে এই শিক্ষার দ্রুত অগ্রগতি হচ্ছে। সমস্ত জায়গাতে কমপিউটারের ব্যবহারের ব্যাপক প্রয়োজনীয়তা দেখা গেছে, তখন কিন্তু এই পশ্চিমবঙ্গে আপনারা বলছেন যে কম্পিউটার যত কম সম্ভব ব্যবহার করা হোক না এই বলে কিন্তু আপনারা আন্দোলন করেছিলেন। আজকে আমরা সেই কারণে অনেক পিছনে পড়ে গেছি। ইনফরমেশান টেকনলজির যে ডেভেলপমেণ্ট যতটা হওয়া উচিত ছিল, ততটা কিন্তু হয় নি। আমরা কি দেখেছি—যেভাবে অন্ধ্রপ্রদেশের মাননীয় মুখ্যমন্ত্রী যদি ইচ্ছা করেন, অন্ধ্রপ্রদেশে তিনি প্রত্যেকটি ব্লকে কোথায় কি স্কিম চলছে, কিভাবে সেই ব্লক পারফরমেন্স, সেটা কিন্তু তিনি নিজের অফিসে বসে দেখতে পারেন। আজকে পশ্চিমবঙ্গে কিন্তু সেই পরিস্থিতি এখনও তৈরি হয়নি। আজকে কর্নাটকে দেখুন, বিভিন্ন রাজ্যে দেখুন, আমরা কিন্তু সমস্ত দিক থেকে পিছিয়ে আছি। যাই হোক আমি কয়েকটি তথ্যের মাধ্যমে আপনার কাছে তুলে ধরতে চাই। স্যার, উনি বলেছেন যে, আমাদের স্কুল এডুকেশানে কম্পিউটারে এর প্রয়োগ করবেন, কম্পিউটারের শিক্ষা দেবেন। আমরা দেখলাম তার বাজেট ভাষণে তিনি বিভিন্ন সংস্থার মাধ্যমে আপনি সাহায্য নিয়ে আপনার কম্পিউটার লিটারেসি ট্রেনিং ২০০১-২০০২। ১ শত স্কুলকে তিনি কম্পিউটারের আওতাভুক্ত

করতে চান। ডিস্ট্রিক্ট কম্পিউটার সেণ্টার ২০০০-০১ এবং ২০০১-০২ মাধ্যমে তিনি ১৭টি বিদ্যালয়কে বিভিন্নভাবে ১৭.১৫ লক্ষ টাকা দিয়ে প্রত্যেক জেলাতে কম্পিউটারের মাধ্যমে কম্পিউটার শিক্ষার ব্যবস্থা করে দেবেন। আমরা যদি দেখি স্যার সারা পশ্চিমবঙ্গে হায়ার সেকেণ্ডারি এবং হাইস্কুলের সংখ্যা হচ্ছে ৯,৫৮২টা। জুনিয়র হাইস্কুলের সংখ্যা ২,৩৮৪টা। জুনিয়র হাইস্কুল বাদ দিলে হায়ার সেকেণ্ডারি হাইস্কুলের ৯,৫৮২টা গভর্নমেণ্ট এডেড কিন্তু তিনি মাত্র ১০০টা স্কুলকে আওতাভুক্ত করেছেন এবং পরবর্তীকালে তার প্রস্তাব আছে যে ২০০ স্কুলকে এর আওতায় আনবেন। এই জায়গায় মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন, যখন 'কম্পিউটার এডুকেশন ফর অল'—এই স্লোগান চলছে সেই পরিস্থিতিতে সারা পশ্চিমবঙ্গে যেখানে সাড়ে ৯ হাজারের বেশি স্কুল সেকেণ্ডারি এবং হায়ার সেকেণ্ডারি আছে, সেই জায়গাতে যে সংখ্যায় কম্পিউটার এডুকেশন চালু করার চেষ্টা করছেন, সেটা নিশ্চয় সাফিসিয়েণ্ট নয়। আমরা জানি ইনফর্মেশন অ্যান্ড টেকনোলজি যে দ্রুততার সঙ্গে এগচ্ছে তাতে অনেক বেসরকারী সংস্থা তারা বিভিন্নভাবে স্কুল কর্তৃপক্ষকে লোভ দেখিয়ে অনেক পয়সার বিনিময়ে কম্পিউটার এডুকেশন স্কুলে পরিচালনা করার চেষ্টা করছেন। মাননীয় মন্ত্রী নিশ্চয় এটা অবগত আছেন। আজকে এই সংখ্যার ভিত্তিতে যদি সারা পশ্চিমবঙ্গের যে বিদ্যালয়গুলো আছে, সেই বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কম্পিউটার এডুকেশনের ব্যবস্থা করা হয় তাহলে আমার মনে হয় আগামী ১০ বছর আপনাদের সময় লেগে যাবে। ইনফর্মেশন অ্যান্ড টেকনোলজিতে অন্যান্য স্টেট যেভাবে এগিয়ে গেছে তার তুলনায় আমরা অনেক পিছিয়ে আছি। ডি.সি.সি-র মাধ্যমে প্রত্যেকটি জেলাকে ১৭.১৫ লক্ষ টাকা দেওয়া হচ্ছে। ছাত্রছাত্রীদের যে সংখ্যা এবং বিদ্যালয়ের যে সংখ্যা, তাতে এই টাকাতে সব জায়গায় কত সংখ্যক কম্পিউটার কিনতে পারা যাবে? আর, শুধু কিনলে হবে না পরিকাঠামো থাকা চাই, ওয়েলফার্নিসড ঘর থাকা চাই, ইলেকট্রিসিটি থাকা চাই এবং পরিবেশ থাকা চাই, তবে কম্পিউটার পরিচালনা করা সম্ভব হবে। আজকে এই টাকায় কিন্তু সারা পশ্চিমবঙ্গে আপনি যে চেষ্টা করছেন, যতটা হওয়া উচিৎ অন্যান্য রাজ্যের সাথে কমপিটিশনের ক্ষেত্রে যতটা এগনো উচিত, সেই পরিস্থিতি আপনি তৈরি করতে পারছেন না।

মাননীয় স্পীকার স্যার আপনিও আছেন। কম্পিউটার এডুকেশন, কম্পিউটার শিক্ষা অন্যান্য রাজ্যে, বিশেষ করে আমরা যে রাজ্যকে খুব খারাপ বলি, সেই বিহারেও প্রত্যেকটা এম.এল.এ-কে কম্পিউটার এডুকেশন দেওয়া হয়েছে এবং প্রত্যেকটা এম.এল.এ-কে একটা করে কম্পিউটার দেওয়া হয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গে আজ পর্যন্ত এই ব্যবস্থা চালু হয়নি। এই ব্যবস্থা খুব জরুরি। যে যুগ আসছে তাতে কম্পিউটার ছাড়া কিছু চলে না সেখানে জনপ্রতিনিধিরাও অনেক বেশি কম্পিউটার শিক্ষা শিখুক সেই ব্যবস্থা আপনিও করেননি।

আপনি আপনার প্রস্তাবে বলেছেন বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে এমন কি সমস্ত ব্লকে কম্পিউটার দেবেন এবং সব জায়গায় একটা যোগাযোগের ব্যবস্থা করবেন। আজকে অগ্রগতির যে ব্যবস্থা, যে হিসাব তাতে কিন্তু আমরা বুঝতে পারছি না যে কত বছরের মধ্যে এই ব্যবস্থা সম্পূর্ণ করতে পারবেন।

[3.00—3.10 p.m.]

যোগাযোগ ব্যবস্থার ক্ষেত্রে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের কথা যদি ধরি—তাহলে দেখবো যে, আপনি আপনার বাজেট ভাষণে ৩১টি ডিজিটাল এক্সচেঞ্জ-এর কথা বলেছেন, সেই ডিজিটাল এক্সচেঞ্জ পরিষেবায় আগে ৪০০এর থেকে বেশি কিলোমিটারের যে জেলাগুলো ছিল, সেই জেলাতে আমরা ৯৫ দিয়ে টেলিফোন পেতাম, কিন্তু কয়েকদিন হল পশ্চিমবঙ্গের মধ্যে পুরুলিয়ার সঙ্গে কলকাতার যোগাযোগের জন্য এস.টি.ডি. কোড চালু হয়েছে,অনেক পরে এটা চালু হয়েছে। আজকে চিকিৎসার বিষয়ে আপনি টেলি-মেডিসিন প্রোজেক্ট-এর কথা বলেছেন—এটা খুবই গুরুত্বপূর্ণ। আপনার বাজেট ভাষণে আপনি বলেছেন, টেলিমিডিসিন প্রোজেক্ট আপনি হাবড়া ও কুচবিহারে খোলার চেষ্টা করেছেন। এই প্রোজেক্ট-এর মাধ্যমে সব থেকে গুরুত্বপূর্ণ রোগগুলো খুব সহজেই ডিটেক্ট করা যাবে, চিকিৎসা করা যাবে। আপনি নীলরতন সরকার মেডিকেল কলেজ হসপিটাল এবং বর্ধমান মেডিকেল কলেজ হসপিটালে এই প্রোজেক্ট খোলার চেষ্টা করছেন। এই প্রোজেক্ট দীর্ঘদিন আগেই অন্যান্য রাজ্যের বহু হাসপাতাল খুলেছে। আজকে যে চিকিৎসা ব্যবস্থা আছে, বর্তমানে রোগ নির্ণয়ের জন্য ইনফরমেশন টেকনোলজির যে ব্যবহার আছে সেই ব্যবহার যত দ্রুত হওয়া উচিত ছিল সেটা কিন্তু আপনি করতে পারেননি। আজকে আপনি দৃষ্টিহীনদের জন্য যে কথা বলেছেন যে—দৃষ্টিহীনরা কম্পিউটার শিক্ষার মাধ্যমে ডি.আই.টি. ঘোষিত যে কর্মপ্রকল্প সেই কর্মপ্রকল্পের মাধ্যমে যারা অন্ধ তারা বিভিন্নভাবে শিক্ষিত হবেন—এটা খুবই ভাল প্রকল্প এবং পশ্চিমবঙ্গে আপনি ৩০টি জায়গায় এটা খুলবেন বলেছেন। অন্যান্য রাজ্যে অনেক দিন আগেই এগুলো হয়েছে। আপনার এই পরিকল্পনা খুবই সমর্থনযোগ্য। দৃষ্টিহীনদের জন্য ইনফরমেশন টেকনোলজির যে ব্যবহার সেই ব্যবহার করায় যে প্রচেষ্টা আপনি করেছেন সেটা খুবই প্রশংসনীয়। যদি এর বাস্তব পরিস্থিতিটা কি সেটা আমরা বুঝতে পারছি না। আজকে আপনি সারা পশ্চিমবঙ্গের ১৮টি জেলাকে ই-গভরনেন্স-এর মাধ্যমে সংযুক্ত করেছেন। যে যে ইনটেরিয়র জায়গাগুলো আছে, যেখানে বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয় ঘটার সম্ভাবনা আছে, যেখানে অনেক রকম বিপদের সম্ভাবনা আছে, সেই সব ইনটেরিয়র জায়গাগুলোতে আপনি এই যোগাযোগ ব্যবস্থা যদি দ্রুততার সঙ্গে করতে পারেন তাহলে পশ্চিমবঙ্গের মানুষের ক্ষেত্রে এটা খুবই উপকার হবে। কিছুদিন আগে কলকাতার সল্টলেকে একটা প্রকল্প হওয়ার কথা আমরা খবর পেয়েছিলাম—বর্তমানে বেকারত্বের যে যুগ—সেখানে কম্পিউটার এডুকেশনে শিক্ষিত হয়ে ছেলে-মেয়েরা বিভিন্নভাবে চাকরির সুযোগ পেতে পারে—এরকম একটা প্রকল্প হওয়ার কথা ছিল, যেটা পত্র-পত্রিকায় বেরিয়েছিল—একটা মার্কিন বহুজাতিক সংস্থা জি.ই.কেপ্‌স্ তারা বলেছিলেন, কলকাতা সব থেকে ভাল জায়গা। যে যে জিনিসপত্র ব্যবহার করে এই যে আই.টি বা ইনফরমেশান টেকনলজিকে বাড়ানো যায়, সেইসব জিনিসপত্রর উপযুক্ত জায়গা কলকাতা। তাদের ম্যানেজিং ডিরেকটর এই মন্তব্য করেছিলেন। আপনার সাথে তাদের আলোচনা নিশ্চয়ই হয়েছিল। ৩০শে এপ্রিল ২০০৩-এর মধ্যে সল্ট লেকে কলসেন্টার হওয়ার কথা। সারা পশ্চিমবাংলার মধ্যে কলকাতা এবং আরও অন্যান্য জেলাতে খোলার কথা তারা বলেছিলেন এবং এই জায়গাটা এই ইনডাস্ট্রির

বা এই সংস্থাটির খুব উপযুক্ত জায়গা কলকাতা। এই হিসাবে তারা বেছেছিলেন। এই বিষয়ে কি প্রস্তুতি আছে, কতটা এগিয়েছে আপনার মাধ্যমে আমি অবশ্যই আশা করব যে আপনি এই ব্যাপারে আপনি সভাকে জ্ঞাত করবেন। এই সম্বন্ধে তারা বলেছিলেন এই সংস্থাটি দক্ষিণ ভারতে এবং অন্য জায়গাতে ইতিমধ্যে এইরকম কলসেন্টার চালু করে বেকার যুবক-যুবতীদের চাকরির সংস্থান করেছে। আমি তাই এই যে মাননীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি আর বিশেষ কিছু না বলে এর সম্পূর্ণ বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী দেবেশ দাস : মাননীয় স্পিকার স্যার বিরোধী দলের বলার বিশেষ কিছু নেই এবং আমি কংগ্রেসকে একটু আত্মসমীক্ষা করতে বলব। প্রতি বছরই এই বাজেটের বিরোধিতা করা হয় এবং একটাই যুক্তি দেখান হয় যে কম্পিউটারের আপনারা বিরোধিতা করেছিলেন। কিছু কিছু ব্যাঙ্কে তার এই বিরোধিতা হয়েছিল। আমরা বলেছিও যে এই বিরোধিতা ভুল ছিল। আমরা নিজেরা শোধরাতে জানি। আমি কংগ্রেসকে বলব সে সল্টলেকে ইলেক্ট্রনিক্স কারখানা হওয়ার জন্য আমরা দীর্ঘদিন ধরে দাবি করেছিলাম। কংগ্রেসের প্রধানমন্ত্রী বলেছিলেন যে পশ্চিমবঙ্গে এটাকে করা যাবে না। কারণ পশ্চিমবঙ্গ হচ্ছে সীমান্ত রাজ্য। কংগ্রেস কি তার ভুল স্বীকার করবে? যে এই কাজটা করেছিল তারা অন্যায় করেছিল? পশ্চিমবঙ্গে না করে সেই কারখানা করা হয়েছিল পাঞ্জাবে। সেমি কনডাকটরে কমপ্লেক্স লিমিটেড। কংগ্রেসের তখনও ভারতবর্ষের পক্ষে একটা ভূমিকা ছিল, কিন্তু ১৯৮৪ সালের পর থেকে কংগ্রেস ভারতবর্ষের পক্ষে ভূমিকা নেয়নি। কংগ্রেস তখনও দেখছি জনসমর্থন হারিয়ে দেশের ঠাকুরকে ছেড়ে বিদেশের কুকুরকে পা ধরে আনতে শুরু করেছে। সেই বিদেশের কুকুরকে আনতে গিয়ে সেমি কনডাক্টার কমপ্লেক্স লিমিটেড পুড়ে যায়, সন্দেহ করা হয় সি.আই.এ এই পোড়ানোর পিছনে ছিল। তাই নিয়ে কংগ্রেস তদন্ত করেনি এবং ভবিষ্যতে এই ইনডাস্ট্রি—ইলেকট্রনিক্স ইনডাস্ট্রির হার্ডওয়্যার করে তুলতে কংগ্রেস আর কোন দিন চেষ্টা করেনি। ভারতবর্ষে সে কারণে বেসিক ইলেকট্রনিক্স ইণ্ডাস্ট্রি পিছিয়ে গিয়েছে। এগিয়ে গিয়েছে তাইওয়ান, এগিয়ে গিয়েছে সিঙ্গাপুর, এগিয়ে গিয়েছে সাউথ কোরিয়া, তারা যে পরিমাণ ইলেকট্রনিক্স ইন্ডাস্ট্রি তৈরি করেছে কি বি.জে.পি, কি কংগ্রেস সেইটার করার দিকে আর গুরুত্ব দিচ্ছে না। নেপাল মাহাত মহাশয় মধ্যপ্রদেশের প্রশংসা করলেন। আপনি নিজের রাজ্যের কথা বলুন। অন্ধ্রপ্রদেশ প্রচারের বিষয়ে বেশি গুরুত্ব পেয়েছে বলে অন্ধ্রপ্রদেশ আই.টি-তে ভারতবর্ষের মধ্যে প্রথম নয়। বি.জে.পি তো প্রচার করবেই। বি.জে.পি-র কাগজ-পত্রে অন্ধ্রপ্রদেশ নিয়ে হইচই হবে। আপনি কেন করবেন? আপনি তথ্য দিয়ে জেনে নেবেন। অন্ধ্রপ্রদেশ কিন্তু প্রথম নয়। আমি শুধু একটা কথা বলছি যে আপনি বললেন পশ্চিমবঙ্গ পিছিয়ে যাচ্ছে।

[3.10—3.20 p.m.]

২০০০-২০০১ সালে অন্ধ্রপ্রদেশের এক্সপোর্ট গ্রোথ রেট ছিল ৮১% ; পশ্চিমবঙ্গের ৮৯%। ২০০১-২০০২ সালে অন্ধ্রপ্রদেশের ৮১% থেকে তা নেমে হল ৪৮.৯% এবং পশ্চিমবঙ্গের হল ৬৬%। অর্থাৎ, পশ্চিমবংগের গ্রোথ রেট অন্ধ্রপ্রদেশের চেয়ে বেশি। এখন

পশ্চিমবঙ্গের গ্রোথ রেট বাড়ছে এবং আগামী দিনে আরো বাড়বে। অতীতের কংগ্রেসি কেন্দ্রীয় সরকার এবং বর্তমানের বিজেপি'র কেন্দ্রীয় সরকার পাবলিক সেকটর ইউনিটগুলির বড় বড় কারখানাগুলি খুলেছে এবং খুলছে ব্যাঙ্গালোরে তথা সাউথ ইন্ডিয়াতে। স্বভাবতই ওখানে ইনডাস্ট্রিজ বিকাশের একটু সুবিধা তাঁরা করে দিয়েছেন। এ ক্ষেত্রে পশ্চিমবঙ্গ বঞ্চিত হয়েছে। এই বঞ্চনার কথা আপনারা সকলেই জানেন। তথাপি কংগ্রেসের পক্ষ থেকে এখানে সেন্ট্রাল গভর্নমেন্টের হয়ে আই. টি. নিয়ে কথাবার্তা বলা হচ্ছে। আজকে বাস্তবে কি ঘটছে? এ বছর কেন্দ্রীয় বাজেটে ইনফরমেশন টেকনোলজি খাতে বরাদ্দ হয়েছে ১৪১১ কোটি টাকা। গত বছর এটা ছিল ১৪২৩ কোটি টাকা। গত বছর মোট বাজেটের .৩৫% এই খাতে বরাদ্দ করা হয়েছিল; এবারে তা কমে হল .৩২ শতাংশ। অথচ ২০০১-২০০২ সালে এটা ছিল .৪০ শতাংশ। দিন দিন কমছে। তাহলে আই.টি. ফর দি পিপল কি করে হবে? আই. টি. ফর দি রুরাল ডেভেলপমেন্ট কি করে তৈরি হবে? আই.টি.-র একটা অন্যতম কমপোনেন্ট হয়েছে কমিউনিকেশন। সেই কমিউনিকেশনের জায়গায় দাঁড়িয়ে ২০০০-২০০১ সালে সেন্ট্রাল গভর্নমেন্ট খরচ করেছিল .৫৩% অব বাজেট, ১৭২০ কোটি টাকা। ২০০০-২০০৪ সালে সেটা কমে দাঁড়িয়েছে ৪৭১ কোটি টাকা ; .১১ শতাংশ। দিনে দিনে আরো কমবে। আমরা এখানে দাঁড়িয়ে চেষ্টা করছি। আমরা জানি এবং রিপোর্ট বলছে আরো আই. টি. প্রোফেশনাল দরকার। আমরা সেই আই.টি. প্রোফেশনাল তৈরি করার চেষ্টা করছি। কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্ট আজও সেই বিদেশি কোম্পানিগুলির দিকে তাকিয়ে আছে এবং সে অনুযায়ী তাঁরা তাঁদের স্টেপগুলি নিচ্ছেন। শুধু তাই নয়, তাঁরা এমন কিছু আইন গ্রহণ করছেন যার ফলে ভবিষ্যতে ভারতবর্ষের সফটওয়ার ইন্ডাস্ট্রি বিপদে পড়বে, সফটওয়ার ইন্ডাস্ট্রি পক্ষে আমরা যতই ভাল কথা বলিনা কেন। ইন্ডিয়ান কপি রাইট বিল ১৯৯২ সালের ১৬ই জুলাই কংগ্রেস আমলে পার্লামেন্টে পাশ হয়েছিল। সেই বিলে এমন কিছু বিষয় বলা আছে যাতে ভবিষ্যতে ইন্ডিয়ান সফটওয়ার গুলি যখন এক্সপোর্ট করতে যাবে তখন তার বিপদে পড়বে। কি বলা হয়েছে? ক্লিন ডিসপলের কথাই ধরুন—আমি একটা ভারতীয় কোম্পানির পক্ষ থেকে ধরুন উইনডোস-এর একটা ক্লিন দেখলাম দেখে এই ধরনের একটা সফটওয়ার ক্লিন ডিসপলে নিজের মত করে তৈরি করব—উইনডো কি করে তৈরি করেছে সেটা আমি জানি না, আমি নিজের মত চেষ্টা করে তৈরি করলাম, তৈরি করার পরে কিন্তু আমি কপিরাইট 'ল ভঙ্গের দায়ে পড়ব। কংগ্রেস এ আইন পাশ করেছিল এবং আইন পাশ করার পরেও অনেকগুলি বিষয় আছে, সে সব কিছুর মধ্যে আমি যেতে চাই না। অনেক মাল্টি ন্যাশনাল কোম্পানি গত কয়েক বছরের মধ্যে অনেক দেশীয় কোম্পানির বিরুদ্ধে কেস করেছে। অনেক মাল্টি ন্যাশনাল কোম্পানী আমাদের ইউনিভার্সিটিগুলি চিঠি পাঠাচ্ছে। যাদবপুর ইউনিভার্সিটিকে চিঠি পাঠিয়েছে যে, তোমরা কি কি সফটওয়ার ইউজ করছো, আমাদের তার কি কি কপিরাইট আছে ইত্যাদি। এই নিয়ে যখন তখন এমন একটা অবস্থা সৃষ্টি হতে পারে যার ফলে আমরা বিপদে পড়তে পারি। ২০০০ সালে বিজেপি গভার্নমেন্ট আই. টি. অ্যাক্ট চালু করেছে, কিন্তু সেই অ্যাক্টে প্রচুর দুর্বলতা আছে। সেই দুর্বলতাগুলির জন্য ভবিষ্যতে আমাদের বিপদ ঘটবে। সফটওয়ার ইন্ডাস্ট্রিজ যতই ভাল জায়গায় থাকুক না কেন টোটাল ওর্য়াল্ড

মার্কেটে ইন্ডিয়ান সফটওয়ারের শেয়ার খুবই কম। যদি আমরা কোন দিন ঐ বিপজ্জনক জায়াগায় চলে যাই তাহলে মাল্টি-ন্যাশনাল কোম্পানিগুলি আমাদের চেপে ধরবে আই.পি.আর, 'ল নিয়ে। আর সেখানে মাল্টিন্যাশনল কোম্পানিগুলিকে সাহায্য করার জন্য কি কংগ্রেস, কি বিজেপি, তারা এগিয়ে আসবে। আমাদের সফটওয়ার ইন্ডাস্ট্রি ডেভেলপ করতে পারবে না। আমাদের সফটওয়্যার ইনডাসট্রি ডেভেলপড করতে পারবে না। অনেক প্রচারের মধ্য দিয়ে অন্ধ্রপ্রদেশ উঠে এসেছে। অন্ধ্রপ্রদেশ সত্যিই মুখ্যমন্ত্রীর নামে অনেক কাজ শুরু করেছে। বিভিন্ন প্রচারে, অনেক জার্নালে অন্ধ্রপ্রদেশের প্রশংসা। ক্লিন্টন সাহেব এলো, বিল-গেট্স এলো, এতো কিছু ঘটলো, সাত মণ তেল পুড়লো, কিন্তু রাধা নাচলো না। সেই আই.টি. দিয়ে ফর দি ডেভেলপমেন্ট অফ দি স্টেট হয়নি। এখন ইকনমিস্টরা ভাবতে শুরু করেছে, কি ঘটলো, কেন হল না? আমি শুধু এই মার্চ, ২২ তারিখ থেকে ২৯ তারিখ পর্যন্ত ই.পি.ডব্লু.তে একজন ইকনমিস্টের লেখা থেকে বলছি, তিনি বলেছেন, শুধু এইসব করলেই হবে না, এর জন্য বেসিক সেকটরগুলিকে - এডুকেশন, হেলথ এগুলিকে যদি ডেভেলপ না করা যায়, তাহালে আই.টি. কোনদিন ফর দি পিপিল হয়ে উঠবে না। আমি শুধু একটা টেক্নিক্যাল কথা বলে শেষ করছি, যারা আই.টি. নিয়ে কাজ করেন তারা একটা ফিলোজফির কথা বলেন, পৃথিবীতে বহু ডেটা আছে, লক্ষ লক্ষ, কোটি-কোটি ডেটা, কিন্তু সব ডেটা ইনফরমেশন হতে পারে না। তবে কিছু কিছু ডেটা কখনও কখনও একটা মিনিংফুল হয়ে একটা ইনফরমেশন হয়ে যায়। যেমন ধরুন, আমি দুটি ডেটা বলছি, ৪৭.২৯ এবং ৭.৯৮, কোন মানে নেই। এটা তখনই ইনফরমেশন হয়ে যাবে অর্থাৎ ৪৭.২৯ যদি বলি ১৯৬২ সালে কংগ্রেসের ভোট আর ৭.৯৮ এর মানে হচ্ছে ২০০১ সালে কংগ্রেসের ভোট। কংগ্রেসের এই যে আপসকামিতা তার জন্যই সেটা মিনিংফুল, তখন কম্পিউটার কাজে লাগে। আর একটা ডেটা বের করেছে যেটা ইজ ওয়েটিং ফর ইনফরমেশন সেটা হচ্ছে ০.০। সেটা হচ্ছে কংগ্রেসের আগামীদিনে ভোটে আসা। কংগ্রেসের আপসকামিতা এবং সাম্রাজ্যবাদীদের সাথে বন্ধুত্ব, বড়লোকদের তোষণ এবং পোষণ। তখন এই ডেটা আগামীদিনে ইনফরমেশন হয়ে যাবে। পরিশেষে আমি এই বাজেটকে সমর্থন করে এবং মাননীয় মন্ত্রীমহাশয় যে বাজেট এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মেহবুব মন্ডল : স্যার, আজকে ৩১ নম্বর যে ডিমান্ড প্লেস করেছেন তথ্য ও প্রযুক্তি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়, সেই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। আজকে তথ্য ও প্রযুক্তি দপ্তরের বাজেটের উপর বলতে গিয়ে আমাদের স্মরণ করতে হয় জগদীশ চন্দ্র বোস, প্রফুল্ল চন্দ্র রায়, সি.ভি. রমন, সত্যেন্দ্রনাথ বোস, মেঘনাথ সাহার মতো উজ্জ্বল নক্ষত্রদের যারা আমাদের ভারতবর্ষকে বিশ্বের বিজ্ঞান মহলে একটি পরিচয় ঘটিয়েছিল, যদিও আমারা দেখতে পাচ্ছি, এই প্রযুক্তির প্রসার তখন যেমনভাবে হওয়া উচিত ছিল তা হয়নি। ৯০ দশকের পর এই প্রযুক্তির প্রসার ঘটেছে এবং তখনকার যে বিজ্ঞান সেই বিজ্ঞানলব্ধ ফলই আজকের প্রযুক্তি। সেই প্রযুক্তির উপর নির্ভর করে গঠিত হয়েছে শিল্প। এই শিল্পগুলি থেকে যে পণ্য উৎপাদিত হচ্ছে তার বিপণনের প্রশ্ন উঠেছে, বিপণনের প্রশ্ন বাজারে এসে যাচ্ছে।

[3.20–3.30p.m.]

বাজারের চাহিদা, বিভিন্ন ধরনের যে পণ্য তার ডিমান্ড বা চাহিদার উপর নির্ভর করেই আমাদের শিল্পায়ন হচ্ছে, তার বিকাশ ঘটছে। সমাজের পরিবর্তন বা বিবর্তনের মধ্যে দিয়ে আমরা দেখতে পাচ্ছি বর্তমান প্রজন্মের মানুষদের এই তথ্যপ্রযুক্তির প্রতি ঝোঁক বা চহিদা বাড়ছে। তার জন্যই আমরা দেখতে পাচ্ছি সফটওয়্যার টেকনোলজি পার্ক সল্টলেকে তৈরি হয়েছে। রাজ্য সরকার এর চাহিদার দিকে লক্ষ রেখে এখানে আরও সফটওয়্যার টেকনোলজি পার্ক তৈরি করার প্রচেষ্টা নিয়েছেন। এই সঙ্গে সঙ্গে আমরা দেখতে পাচ্ছি সফটওয়্যার শিল্পের রপ্তানির ক্ষেত্রে সারা ভারতবর্ষের মধ্যে বা ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলির থেকে পশ্চিমবঙ্গ অনেক এগিয়ে আছে এবং ২০০২/৩ সালে পশ্চিমবঙ্গ থেকে রপ্তানি সবচেয়ে বেশি বৃদ্ধি পেয়েছে—প্রায় ৯৯ শতাংশ। আন্তর্জাতিক ক্ষেত্রে ইনফরমেশন টেকনলজির রপ্তানির ২৬ শতাংশ। আমরা দেখতে পাচ্ছি ভারতবর্ষের মধ্যে রপ্তানীর ব্যাপারে পশ্চিমবঙ্গ প্রথম স্থান অধিকার করেছে। টাকার অঙ্কে অন্যান্য রাজ্য বেশি হলেও রপ্তানির ক্ষেত্রে আমাদের রাজ্য প্রথম। এটা যাতে আরও বৃদ্ধি পায়, তা দেখার জন্য মন্ত্রীমহাশয়কে আমি অনুরোধ জানাচ্ছি। এর সঙ্গে সঙ্গে বলব, সফটওয়্যার বিশেষজ্ঞরা পশ্চিমবংগের দিকে যাতে বেশি করে নজর দেন সেদিকে লক্ষ্য রাখতে হবে। তারা যাতে বিদেশে পাড়ি না দেয় এবং এই সফটওয়্যার টেকনোলজির ক্ষেত্রে আমাদের রাজ্যে থেকে কাজ করতে পারে, তার জন্য তাদের সুযোগ করে দেওয়া দরকার। আজকে বিশ্বায়নের ফলে ভারতবর্ষের উপর সর্বক্ষেত্রে যে আঘাত এসেছে তার ফলস্বরূপ আমরা দেখছি এখানে বিদেশি বিশেষজ্ঞদের ভারত সরকার নিয়ে আসছেন। তাঁরা বিশেষজ্ঞ হতে পারেন, কিন্তু আমাদের দেশের আবহাওয়া আমাদের দেশের মাটির উপযুক্ত তথ্য দিতে তারা ব্যর্থ হয়েছেন। কেন্দ্রীয় সরকারকে দেখছি এ সম্পর্কে ব্যয়বরাদ্ধ সংকোচন করে দিচ্ছেন। তারা নতুন করে বিজ্ঞানী, প্রযুক্তিবিদদের নিয়োগ বন্ধ করে দিচ্ছেন, এর ফলে যেটা হচ্ছে সেটা হল ইনফরমেশান টেকনোলজির উপর কষ্টার্জিত অভিজ্ঞতা তার যেটা অর্জন করছেন, সেটা তারা পরবর্তী জেনারেশানের কাছে নিয়ে যাওয়ার সুযোগ পাচ্ছেন না। কারণ নতুন করে রিক্রুটমেন্ট কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিচ্ছেন। এই দিকে আমাদের রাজ্য সরকারকে দৃষ্টি দিতে হবে এবং তারা যাতে কাজ করার সুযোগ পায়, সেটা দেখতে হবে। আমরা তথ্যপ্রযুক্তির ব্যাপারটা স্কুল কলেজে নিয়ে গিয়েছি এবং জি টু জি, জি টু সি-তে এই প্রযুক্তিকে কাজে লাগাতে চাইছি। এই তথ্যপ্রযুক্তিকে জেলা, মহকুমা এবং পরবর্তীকালে ব্লক, পঞ্চায়েত লেভেলে যাতে নিয়ে যাওয়া যায় তার জন্য আমরা সচেষ্ট রয়েছি। এই প্রসঙ্গে আমি বেকারদের কথাটাও একটু বলতে চাই। আমরা শিল্পায়ন করছি কিন্তু তাতে বেকারদের কতটা কর্মসংস্থান হচ্ছে সেটাও দেখতে হবে। আমরা পিকনিক ইকনমি যেন না করি। অর্থাৎ আমরা পিকনিক করলাম, সেখানে আনন্দ করলাম করে চলে গেলাম আর পাশাপাশি স্থানীয় যারা রয়েছেন তারা অংশ গ্রহণ করতে পারলেন না, এরকম যেন না হয়। শিল্পায়নের সঙ্গে সঙ্গে বেকারদের কর্মসংস্থানের ব্যাপারটাও দেখতে হবে। এই বলে বাজেটকে সমর্থন করে শেষ করলাম।

শ্রী সুভাষ চন্দ্র নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের তথ্য এবং প্রযুক্তি

দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী মানবেন্দ্র মুখার্জী মহাশয় ৩১ নম্বর দাবি অধীনে যে ব্যয় মঞ্জুরীর দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে আমি সংক্ষেপে কয়েকটি কথা এখানে উত্থাপন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশ জাতি যখন এগিয়ে চলেছে অতি আধুনিক যুগে, সেখানে অর্থনৈতিক বিকাশের অন্যতম প্রধান সোপান হিসাবে তথ্য-প্রযুক্তির ব্যবহার খুব ফলপ্রসূ বলে আমি মনে করি। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আগামী ২০১০ সর্বোচ্চ ৩টি তথ্য-প্রযুক্তি দেশের মধ্যে নিজেদের অন্তর্ভুক্তি করার প্রচেষ্টা, এটা একটা প্রশংসনীয় প্রচেষ্টা। নূতন প্রযুক্তির মাধ্যমে সাধারণ মানুষকে ই-গভরনেন্সের পরিকাঠামোর মধ্যে আনার জন্য যে গুরুত্ব আরোপ করার যে ব্যবস্থা করা হয়েছে আমি তাকে স্বাগত জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তথ্য-প্রযুক্তির সুযোগ-সুবিধা সমাজের উচ্চবিত্ত এবং মধ্যবিত্ত মানুষ গ্রহণ করতে সক্ষম হন। মাননীয় মন্ত্রী মহাশয় সমাজের সাধারণ মানুষ যাতে তথ্য-প্রযুক্তির পরিবেষা পায়, সেই জন্য প্রয়োজনীয় ব্যবস্থা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছেন। আমরা জানি যে কমপিউটার শিক্ষার জন্য ছাত্রছাত্রীদের মধ্যে একটা হিড়িক পড়ে গেছে। স্কুলকলেজ সর্বত্র ব্যাপকভাবে উৎসাহউদ্দীপনা নিয়ে ছাত্র-ছাত্রীদের মধ্যে একটা কমপিটিটিভ মাইন্ড গড়ে উঠছে। বিদ্যালয়ে সপ্তম থেকে দশম শ্রেণি পর্যন্ত কমপিউটার চালু করবার জন্য যে ১০০টি বিদ্যালয় বেছে নিয়েছেন মাননীয় মন্ত্রী মহাশয়, এটা নিঃসন্দেহে প্রসংশনীয়। পরবর্তীকালে হয়ত আরো ১০০টি বিদ্যালয়ে এটা করবেন। কিন্তু জেলায় জেলায় কমপিউটার সেন্টার স্থাপনের জন্য যে ব্যবস্থা করেছেন, সেটা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এটা এতো দ্রুততার সঙ্গে এগোচ্ছে যে এটাকে ব্লক স্তর পর্যন্ত নিয়ে যেতে হবে। কমপিউটার শিক্ষার জন্য ছাত্র-ছাত্রীদের সাধারণ মানুষের যে ইচ্ছা, যে প্রবণতা সেটা আরো বেশি গ্রাহ্য হতে পারে। কমপিউটার শিক্ষার ব্যাপারে যে বিদ্যালয়ে পরিকাঠামো উপযুক্ত নয়, যেখানে বিদ্যুতের ব্যবস্থা নেই সেই সমস্ত জায়গায় কমপিউটার চালু করবার জন্য যদি সৌর বিদ্যুতের সাহায্য নিতে পারেন তাহলে সেই ব্যবস্থার মাধ্যমে বোধ হয় এর প্রচলন আরো কিছু বেড়ে যেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা অনুরোধ করবো। আমরা যারা বিধায়ক আছি বিধায়কদের এলাকা উন্নয়নের জন্য একটা টাকার ব্যবস্থা করা হয়েছে। এই কথা ঠিক যতটা সম্ভব তথ্য জেনে তার উপর নির্ভর করে সবচেয়ে প্রয়োজনীয় বিষয়ে উন্নয়নের জন্য টাকাটা ব্যয় করার চেষ্টা করি। যদি এই তথ্য-প্রযুক্তিকে ব্যবহার করে উপযুক্ত ডাটা পেতে পারি, তাহলে আমাদের বিধায়কদের খুব সুবিধা হবে। পরবর্তীকালে এই ব্যবস্থা করা যায় কিনা, এই প্রস্তাব রেখে আপনার ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3.30–3.40p.m]

শ্রী মানবেন্দ্র মুখার্জী : মাননীয় স্পীকার, স্যার, তথ্যপ্রযুক্তি বাজেট প্রস্তাবের ওপরে যে আলোচনা হয়েছে, বক্তব্যের দিক থেকে বিরোধিতা থাকলেও মর্মবস্তুর বিরোধিতা এই বাজেট প্রস্তাবের ওপেন করা হয়নি। মাননীয় বিরোধী সদস্যের কি করে একটা ধারণা হয়েছে যে, ট্রেনে চড়ে পশ্চিমবঙ্গের বর্ডার ক্রস করলে তথ্যপ্রযুক্তি ওঁকে জাপটে ধরবে, আমাদের কিছু

নেই? আমি ওঁকে সাহায্য করতে পারি। উনি যদি চান, ভারতবর্ষের অন্যান্য জায়গায় তথ্যপ্রযুক্তিতে কি হচ্ছে, সেটা দেখাবার জন্য আমাদের খরচায় ঘুরিয়ে আনতে পারি। তারপর এসে যেন বলেন, আমরা এগিয়ে আছি, না পিছিয়ে আছি। তথ্যপ্রযুক্তির মতো একটা আধুনিক কৃৎকৌশলকে ব্যবহারের ক্ষেত্রে আমরা সিদ্ধান্ত নিলাম আমাদের রাজনৈতিক বিরোধিতা, পার্থক্যের যে জায়গাটা আছে, তাকে সরিয়ে রেখে তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গির পার্থক্য এখানে, আমাদের স্লোগান হচ্ছে, আই.টি. ফর দি পিপল। জনগণের জন্য তথ্যপ্রযুক্তি। তথ্যপ্রযুক্তি শুধু শহরের বড় গলি বা সাইবার ক্যাফেতে নয়, তথ্যপ্রযুক্তি উচ্চবিত্তদের জন্য আলাদা করে আনন্দ পাওয়ার জন্য নয়, সমাজের একটা বিশেষ অংশের মানুষের কাছে দুনিয়ার বিশেষ উন্নয়নের পথ খুলে দেওয়ার জন্য নয়। আমাদের ঘোষিত নীতি ছিল মানুষের জন্য তথ্যপ্রযুক্তি। পৃথিবীতে বড়লোক এবং গরিবদের মধ্যে যে বিরোধ আছে, যে ফারাক আছে, গ্লোবালাইজেশনের ফলে যে ব্যবধান বেড়েছে, তথ্য প্রযুক্তি একটা প্রতিষ্ঠানিক মর্যাদা দিয়েছে। আমাদের সামনে নতুনভাবে একটা শব্দ এসে হাজির করলো, ডিজিটাল ডিভাইড। সমাজের ওপর দিকে বড়লোক, যাদের হাতে আধুনিক উন্নয়নের সবকিছু প্রকরণ খোলা আছে। আর একদল যাদের কাছে তথ্যপ্রযুক্তির কিছু নেই - হ্যাভস অ্যান্ড হ্যাভ নটস্। এই দুটি ভাগে ভাগ করে দিয়েছে, যার টেকনিক্যাল নাম ডিজিটাল ডিভাইড। আমরা রাজ্য সরকারের আমাদের যে মতাদর্শ, সেইদিক থেকে এই ডিজিটাল ডিভাইডকে আক্রমণ করার দিক থেকে আমাদের নীতি ঠিক করেছি। প্রথম প্রশ্ন হলো, তথ্যপ্রযুক্তি আমরা ব্যবহার করবো কিসের জন্য, কাদের জন্য? আপনারা জানেন, তথ্য প্রযুক্তির একেবারে শেষ বিন্দু একটা কম্পিউটার। এখন সবচেয়ে কম মূল্যের কম্পিউটার ২৫ হাজার টাকার কম নয়। সুতরাং এই কৃৎকৌশল ব্যবহার করতে গিয়ে ন্যূনতম মূল্য যদি হয় ২৫ হাজার টাকা, তাহলে রাজ্য কেন, দেশের বড় অংশের মানুষ তথ্যপ্রযুক্তিকে ব্যবহার করতে পারবে? আমাদের দৃষ্টিভঙ্গি ছিল কমিউনিটি ওনারশিপ। একজন ব্যক্তিবিশেষের জন্য নয়, সমষ্টিগত মালিকানার কথা আমরা ভেবেছি, যাতে আধুনিক প্রযুক্তিগত দিক তাদের কাছে পৌঁছুতে পারে। ওয়েভস ওয়ানে আমাদের নেট ওয়ার্ক, প্রথমে কলকাতা থেকে সব জেলায় গেছে। সেখানে থেকে সাব-ডিভিশন এবং সেখান থেকে ব্লক, তারপর সেখান থেকে পঞ্চায়েত পর্যন্ত পৌঁছে দিতে চাইছি যেখানে সাধারণ মানুষ আসে। ফাইভার অপটিক্যাল কেবল্ অথবা ডিসের মহাকাশে শূন্য দিয়ে যাওয়া যে তথ্যের আদান-প্রদান, মাকড়শার জালের মতো আমাদের ৩৬০০টি পঞ্চায়েতে এবং ১৩০টি মিউনিসিপ্যালিটির সাথে যাতে সংযোগ ঘটে, শেষ বিন্দুতে আমাদের বিকেন্দ্রীকৃত যে ব্যবস্থা আছে, তার সাথে সংযুক্ত হয়ে তথ্যপ্রযুক্তি যা মানুষের মানোন্নয়নে সাহায্য করতে পারে, তা আমরা প্রতিটি মানুষের কাছে পৌঁছে দিতে পারি - আমি বিধানসভায় এই কথা ঘোষণা করতে পারি যে, প্রথম পর্যায়ের কাজ আমরা শেষ করেছি। জেলাতে আমরা করেছি। আমাদের যে ১৩০টি মিউনিসিপ্যালিটি আছে, আমাদের পরবর্তী লক্ষ্য সেখানে পৌঁছানো, তারপর যেখানে সাধারণ মানুষ আসে, গ্রাম পঞ্চায়েতগুলিতে পৌঁছানোর কাজ এই বছরে প্রথম আমরা শুরু করবো।

মাননীয় বিরোধীদলের বন্ধুদের বলি, ভারতবর্ষের কোন রাজ্যের কোন সরকার এখনো

পর্যন্ত এটা নিয়ে তাদের কোন চিন্তাভাবনা আনেন নি। আমাদের নেতৃত্বেই আই টি ফর দি পিপল চালু করতে চলেছি। যাতে জনগণের কাছে তথ্য পৌঁছে দিতে পারি, একেবারে আপনার গ্রাম পঞ্চায়েত পর্যন্ত সেই কাজ আমরা শুরু করেছি। এবং তার প্রথম পর্যায়ের কাজ আমরা এই বছর থেকে শুরু করব। দ্বিতীয়ত হচ্ছে নেটওয়ার্ক—এই নেটওয়ার্কের মাধ্যমে আমরা সব কিছু জানতে পারব। সাধারণ মানুষ এই নেটওয়ার্কের মাধ্যমে অনেক রকম তথ্য জানতে পারে। যেমন ধরুন কোন লোকের ইচ্ছা হল আমেরিকান ইউনির্ভাসিটিতে ভর্তি হতে গেলে তার নিয়মকানুন কি, এসব জানার। তখন সে ইন্টারনেটের মাধ্যমে সব খবর জানতে পেরে যাবে। ইন্টারনেটের মাধ্যমে এগুলো জানার প্রয়োজন ঠিকই, কিন্তু তার থেকেও আমি মনে করি বেশি জরুরি যে, কোন একজন গরিব চাষি যদি তার চাষ করতে গিয়ে চাষের দাম পাচ্ছে না এবং সেখানে কোন সমস্যার সৃষ্টি হচ্ছে, সেক্ষেত্রে সে যাতে ইন্টারনেটের মাধ্যমে মেক্সিকোর বিজ্ঞানীর কাছ থেকে সমস্যার সমাধান করতে পারে তার ব্যবস্থা করা এবং সেই কারণেই এই টারগেট আমরা নিয়েছি। একটা গ্রামের চাষির কাছে যাতে সব খবর পৌঁছে দিতে পারি, সেটা আগে দেখা দরকার। এটাই হচ্ছে আমাদের প্রথম টারগেট। ইনফরমেশান টেকনোলজির মাধ্যমে কৃষি সংক্রান্ত যাতে সমস্ত খবরা-খবর পৌঁছে দেওয়া যেতে পারে, জমি সংক্রান্ত সমস্ত তথ্যদি পৌঁছে দিতে পারি, তার জন্য আমরা এই ব্যবস্থা হাতে নিয়েছি। শুধুমাত্র সাইবার ক্যাফে তৈরি করার জন্য নয়, সাধারণ মানুষের উন্নয়নের জন্য, আমাদের রাজ্যের প্রতিটি মানুষের আর্থিক ক্ষমতা বাড়ানোর জন্য, কৃষিতে সাহায্যের জন্য আমরা ইন্টারনেট নেওয়ার্ক আমরা চালু করেছি। তারপরে সরকারী চিকিৎসা ব্যবস্থা আমাদের এখানে যেভাবে পাওয়া যায় ভারতবর্ষের কোন রাজ্যে এই ধরনের সুযোগ পাওয়া যায় না। আমাদের রাজ্যের ৭০ পার্সেন্ট মানুষ সরকারী চিকিৎসার সুযোগ পায়। ভারতবর্ষের কোন রাজ্যের মানুষ এই সুযোগ পায় না। সেই কারণে আমরা টেলি-মেডিসিন্‌সে আমরা বিশেষ প্রায়োরিটি সেকটর তৈরি করেছি এবং এটা আমরাই প্রথম করতে চলেছি। পুরুলিয়ার গ্রামের একটি হেলথ সেন্টারে কোন রোগীর কোন একটা সমস্যা দিলে সেখানকার ডাক্তার যাতে কলকাতার এস এস কে এমের বিশেষজ্ঞদের সঙ্গে কথা বলতে পারেন, তাঁদের পরামর্শ পান, তার জন্য এই ব্যবস্থা এবং এটা দেখা আমাদের বিশেষ দরকার। সেইকারণে মেডিসিনস্‌কে আমরা দ্বিতীয় প্রায়োরিটি দিয়েছি এবং তৃতীয় প্রায়োরিটি পেয়েছে এডুকেশান। স্যার, আজকে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিকের রেজাল্ট দেখে বিরোধীদের চোখ ফেটে জল বেরুচ্ছে। আজকে আপনাদের অস্বীকার করার উপায় নেই যে, গ্রামের ছেলেমেয়েরা কিভাবে ভাল রেজাল্ট করছে। সেই প্রত্যন্ত গ্রামের ছেলে-মেয়েরা ভাল রেজাল্ট করছে। যেসব স্কুলের নাম কেউ কখনো শোনেনি সেইসব স্কুল এখন প্রথম সারিতে চলে আসছে। আরো যাতে উন্নতি হয়, সেই কারণে স্কুল সংক্রান্ত সমস্ত তথ্যদি যাতে তাদের কাছে পৌঁছে দিতে পারি তার ব্যবস্থা আমরা নিচ্ছি। এবং এই আই টির মাধ্যমেই সেটা করা সম্ভব হবে। এবং এই যে কনটেন্টস্ ফরমেশান সেটা নেটওয়ার্কের মাধ্যমে যাবে। সুতরাং কৃষি, শিক্ষা, স্বাস্থ্য সর্বক্ষেত্রে যাতে আমরা অগ্রগতি করতে পারি তার জন্য এই নেটওয়ার্কের সাহায্য আমরা নিচ্ছি। আমরা যাতে সর্বরকম তথ্য সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে পারি এবং পঞ্চায়েত স্তর পর্যন্ত তার ব্যবহার হয় তার সব রকম চেষ্টা আমরা চালিয়ে যাচ্ছি। এতে আমাদের কে সাহায্য করল, কে বিরোধিতা

করলো দেখার দরকার নেই, আমাদের প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। প্রযুক্তি শিক্ষের ক্ষেত্রে আমাদের রাজ্য অন্যান্য দেশের থেকে প্রথম সারিতে আছে। এটাই আমাদের একটা বিরাট কৃতিত্বর দাবি করে। এই কৃতিত্ব প্রধানমন্ত্রীর আশীর্বাদ বা অভিশাপের উপর নির্ভর করে না। তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে আমাদের রাজ্য মেধাভিত্তিক শিল্প হিসাবে স্থান পেয়েছে। মেধাভিত্তিক হিসাবে আমাদের রাজ্য সবার আগে। ট্যালেন্ট পুলের ক্ষেত্রে সবচেয়ে বড় ইনস্টিটিউশান, সবচেয়ে বড় ইঞ্জিনিয়ারিং কলেজ এখানে রয়েছে। আমাদের রাজ্যে দেশের সবচেয়ে বড় ইঞ্জিনিয়ারিং কলেজ আই আই টি, খড়গপুর অবস্থিত। আমাদের রাজ্যে সায়েন্স, আর্টসের ক্ষেত্রে সবচেয়ে বড় যেসব কলেজ যেমন প্রেসিডেন্সি কলেজ, সেন্ট জেভিয়ার্স কলেজ এখানে অবস্থিত। তারপরে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট, ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউট সবই আমাদের এখানে অবস্থিত। তারপরে আমাদের রাজ্যে ক্যালকাটা ইউনির্ভাসিটির মতো একটা বিখ্যাত ইউনির্ভাসিটি, যাদবপুর ইউনির্ভাসিটির মতো উন্নতমানের ইউনির্ভাসিটি এবং বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ এখানে অবস্থিত। সুতরাং মেধা তালিকার ক্ষেত্রে আমাদের রাজ্যের স্থান অন্যান্য রাজ্যের থেকে অনেক উপরে। এবং এই যে অ্যাডভান্টেজগুলো রয়েছে, সেই অ্যাডভান্টেজগুলোকে কাজে লাগাতে হবে এবং সেগুলোকে কনসোলিডেট করতে হবে। কনসোলিডেট করে আমাদের আরো এগিয়ে যেতে হবে। এটা আমি বিশ্বাস করি এবং আমাদের বামফ্রন্টের রাজনৈতিক মতাদর্শের বিশ্বাসের জায়গা থেকে যেটা মনে করি যে, আমাদের যে পিরামিড সেটা উঁচু করতে চাই এবং তার বেস আরো শক্ত করতে হবে। আমরা কম্পিউটারকে আরো এগিয়ে নিয়ে যেতে চাইও। আরো যাতে এর প্রসার হয়, তার চেষ্টা করতে হবে। গত দু'সপ্তাহ আগে প্রথম সারির সেরা কোম্পানি আই বি এম-এর সঙ্গে ট্রিপল আই টি কাজের চুক্তি হয়েছে। মুখ্যমন্ত্রীর সামনেই চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এর মধ্যে উত্তরবঙ্গ অর্থাৎ নর্থ বেঙ্গল ইউনিভার্সিটিকে যুক্ত করা হয়েছে। সেন্টার অফ এক্সেলিন্স আপাতত দুটি বিশ্ববিদ্যালয়, এরপরে আরো ৩টি বিশ্ববিদ্যালয় আসছে, এর সঙ্গে যুক্ত হবে। আমরা এইভাবে শিক্ষাকে আরো প্রসারিত করার চেষ্টা করছি। আরো সংগঠিত করার চেষ্টা করছি। আরো এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছি। তারপরে প্রশ্ন উঠেছে হোয়াট অ্যাবাউট স্কুলস্, সেই প্রসঙ্গে জানাই যে, আমি বেসিকেই আমার বাজেট বক্তৃতায় যে কথা বলেছিলাম যে, ১০০টি স্কুলে দিয়েছি, এখন সেটা ২০০-তে গেছে।

[3.40–3.50 p.m.]

১০০টা দিয়েছিলাম, আরও ২০০ টা গেছে, ৩০০টি স্কুলে আমরা সরকারিভাবে কম্পিউটার শিক্ষাকে নিয়ে গেছি, তিনটে ডেফিনিট আলাদা মডেলে। এইগুলো প্রত্যেকটা একটা পাইলট। আমাদের এই অভিজ্ঞতা নেই, ভারতবর্ষের কোনো রাজ্যেরই অভিজ্ঞতা নেই। তৃতীয় বিশ্বের একটা গরিব দেশ, যে দেশের ছাত্রদের দুপুরবেলার টিফিনের ব্যবস্থা সরকারকে করতে হয়, সেই দেশের ছাত্রদের কম্পিউটার শিক্ষার চেহারাটা কি হবে। আমরা কতগুলো পাইলট মডেল নিয়ে মুভ করছি। ৩০০টি হয়ে গেছে, আরও ২০০টির প্রস্তাব যে কোনো দিন চূড়ান্ত হবে। পাইলট ফেজের কাজ আমরা শেষ করছি। আপনি সংখ্যাটা ভুল বলেছেন—অত কম আমাদের রাজ্যে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্কুল নয়। আর শুধু মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক স্কুল নিলে

হবে না, মাদ্রাসাতেও আমাদের কম্পিউটার এডুকেশান দিতে হবে। মাদ্রাসা, সেকেন্ডারি, হায়ার সেকেন্ডারি মিলে মোট ১১,৯০০টি স্কুল আছে। আমরা পাইলট ফেজ থেকে জেনারেল এক্সপানশানের কাজ এবারে শুরু করছি। যখন প্রতিদিন খবারের কাগজে শিক্ষা আরও মূল্যবান হচ্ছে এই খবর নিয়ে আসছে—দেবপ্রসাদবাবু চলে গেলেন—গত পরশুদিন আপনারা দেখেছেন আমাদের কম্পিউটার লিটারেসি প্রোগ্রাম ছাত্রদের প্রতি মাসে ৫০ টাকা দিতে হত, সেটা কমিয়ে আমরা করে দিয়েছি ৩৫ টাকা এবং এই বিধানসভায় দাঁড়িয়ে আমি আরও বলতে পারি আগামী বছরে এটা আরও কমবে। গত বছর থেকে আমরা ফিজটা কমাব এবং শয়ের গন্ডিটা ভেঙে এবারে হাজারে এক্সপান্ড করতে শুরু করব।

স্যার, সুভাষবাবু ঠিক কথাই বলেছেন, ইনফ্রাস্ট্রাকচার হচ্ছে একটা প্রবলেম। কম্পিউটার রাখতে তো আমাদের একটা ঘর দিতে হবে, ইলেকট্রিসিটি কানেকশান দিতে হবে, দুটোকে আমাদের পাশাপাশি নিয়ে যেতে হবে। আপনাদের অঞ্চলের মাধ্যমিক স্কুলটাতে আপনারা এম.এল.এ এরিয়া ডেভলপমেন্ট ফান্ড থেকে পারলে একটা বাড়তি ঘর করে দিন, নন-কনভেনশানাল এনার্জি সোর্স আমাদের পরিকল্পনার মধ্যে আছে। একটা বাড়তি ঘরের টাকা আপনারা জোগাড় করে দিতে পারেন কিনা দেখুন। যত তাড়াতাড়ি স্কুলটা রেডি হবে, ভারতবর্ষের মধ্যে আমরাই হব প্রথম রাজ্য যারা কম্পিউটার এডুকেশনকে ১০০ শতাংশ স্কুলে নিয়ে যাবার পরিকল্পনা করছি। 'আই.টি ফর দি পিপল', এটা আমরা বক্তৃতা করার জন্য বলিনি, এটা আমরা বাস্তবেও করছি, এটাই তার প্রমাণ হবে। এই হিউম্যান রিসোর্স আমাদের তৈরি হচ্ছে বলেই আজকে ইনভেস্টমেন্টের ক্ষেত্রে আমরা এগিয়ে যেতে পারব। আমরা ঢাকঢোল পিটিয়ে বলতে চাই, আমাদের কোনো লুকানো হিডেন এজেন্ডা নেই, আমরা ২০১০ সালে পৌঁছতে চাই এই লক্ষ্যমাত্রা নিয়ে, ভারতবর্ষের প্রধান তিনটি রাজ্যের মধ্যে আমরাও একটা রাজ্য হব। আমাদের নির্দিষ্টভাবে টার্গেট ২০১০ সালের মধ্যে ইনফর্মেশান টেকনোলজি সেক্টরে আমরা রেভিনিউ জেনারেট করব নয় থেকে দশ বিলিয়ন ডলার এবং আই.টি ইয়েসের ক্ষেত্রে আমারা রেভিনিউ জেনারেট করব ছয় বিলিয়ন ডলার। আমরা এই ঘোষণাটা সহজেই করতে পারি এবং তার জন্য অন্যান্য পরিকল্পনাও দরকার আছে। আমাদের পনেরো হাজার ইঞ্জিনিয়ার দরকার। আপনারা মনে করেন ভারতবর্ষের কোনো সরকারের পক্ষে নিজস্ব উদ্যোগে পনেরো হাজার ইঞ্জিনিয়ারের ব্যবস্থা করা সম্ভব, যদি না আমরা প্রাইভেটকে ইনভলভড্ করতে না পারি। আমাদের দরকার পরিকাঠামোগত উন্নয়ন। কেন্দ্রীয় তথ্যপ্রযুক্তিগত মন্ত্রী এখানে এসেছিলেন, আমি তাকে নিয়ে গিয়েছিলাম রাজারহাট নিউ টাউনে, এই হচ্ছে আমাদের আই.টি ভবিষ্যৎ। সাহস করে বলতে পারিনি আমার মনের কথা, এই হচ্ছে ভারতবর্ষের আই.টি-র ভবিষ্যৎ, এটা শুধু আমাদের রাজ্যের ভবিষ্যৎ নয়। কে, কি বলল না বলল আমি জানিনা, আপনাদের কাছে তথ্য দিচ্ছি, এক্সপোর্টে আমাদের রাজ্য সবচেয়ে দ্রুতগতিতে এগোচ্ছে, ১৭৫টি কোম্পানি আমাদের রাজ্যে কাজ করছে বেসরকারি ক্ষেত্রে। পনেরো হাজার লোককে তারা এমপ্লয়মেন্ট দিয়েছে গত বছরে। ন্যাসকমের লিস্টে কলকাতা থেকে অপারেট করতো লাস্ট ইয়ারে ছয়টা কোম্পানি আই. টি. ইয়েসে। আজকে আমাদের লিস্ট যা আছে তাতে ২৩টি কোম্পানি ইতিমধ্যে কাজ করছে, এক বছরের মধ্যে

১৬টি যুক্ত হয়েছে। এখন তো গ্লোবালাইজেশানের অনেক নতুন টার্ম জন্ম নিয়েছে। সে আপানাদের পছন্দ হোক বা না হোক, আমাদের বলতে কোনো বাধা নেই If industry in a bullish mood. আমাদের গত তিন বছরের সাফল্য বুঝিয়েছে যে লক্ষ্যমাত্রা আমরা বলেছি সেটা অসম্ভব কিছু নয়, এটা আমাদের হাতের কাছে আছে। মাননীয় স্পীকার স্যার, ভারতবর্ষের যে রাজ্যগুলিতে তথ্যপ্রযুক্তিতে বিনিয়োগ আছে, সেখানে আমরা পাঁচ নম্বরে আছি। পাঁচ নম্বরে থাকা যদি ভীষণ খারাপ হয়, আমার আশঙ্কা আমাদের পেছনে আরও যে ২৩টি রাজ্য আছে, তাদেরকে কি বলবেন আমাদের কেন্দ্রের নেতারা? মহারাষ্ট্র, দিল্লি, অন্ধ্রপ্রদেশ, তারপর পশ্চিমবঙ্গ। আমরা তাদের টপকে যাব ২০১০ সালে, পৌঁছে যাব এক নম্বরে। আমাদের রাজ্যের শিল্পের ক্ষেত্রে ম্যাকিন্সে যে রিপোর্ট দিয়েছে, তাতে আমরা খুব খুশি। মাননীয় রাজ্যপাল গতকাল কলকাতায় দাঁড়িয়ে বলেছেন—ম্যাকিন্সের রিপোর্টকে কোট করে—সামগ্রিক সম্ভাবনা নিয়ে পশ্চিমবাংলাই ভারতবর্ষে আই.টি.-র ক্ষেত্রে সবচেয়ে বেশি ইনভেস্ট অ্যাট্রাক্ট করবে। এই সম্ভাবনা আমাদের আছে এবং তার অন্যতম প্রধান কারণ পলিটিক্যাল স্ট্যাবিলিটি। স্ট্যাবিলিটি ইজ এ পার্ট অফ গ্রোথ। কোনো রাস্তায় ধাক্কা-ধাক্কি করে, গুঁতোগুঁতি করে, এখানে ওখানে বক্তৃতা দিয়ে চমক সৃষ্টি করে আমাদের গ্রোথ হয়নি। আমাদের মুখ্যমন্ত্রীর একটা কথা নিয়ে আমাদের বিভিন্ন সংবাদমাধ্যমে উষ্মা প্রকাশ করা হয়েছে। মুখ্যমন্ত্রীর সেই কথা আমি রিপিট করছি—স্লো বাট স্টেডি। গ্রোথের জন্য পকেটে ল্যাপটপ নিয়ে যেতে হয় না বা বিল ক্লিন্টন পিঠ চাপড়ে দিলেই গ্রোথ হয় না। গ্রোথের জন্য কতগুলো সোসিও ইকনমিক, পলিটিক্যাল, কালচারাল ফ্যাক্টর থাকা দরকার। স্যার, আমরা এখানে ৪০ তলা আই.টি.টাওয়ার করতে পারি, কিন্তু সেই টাওয়ারের ছায়া যেখানে পড়বে সন্ধেবেলা, সেখানে যদি কোনো কৃষক তার ঋণ শোধ করতে পারেনি বলে আত্মহত্যা করছে দেখি, তাহলে আই.টি. ডেভলপমেন্ট হয় না। আই.টি.ফর দা পিপুল, সেটাই গ্রোথ। সেটা যদি সাসটেইনঅ্যাবল হয়, যদি সমাজের সবাইকে নিয়ে এগাতে পারি, তবেই গ্রোথ। স্লো বাট স্টেডি উইনস দা রেস। আমরা ২০১০ সালে দেখিয়ে দেয় আমাদের পলিটিক্যাল স্ট্যাবিলিটি, মানুষকে সঙ্গে নেওয়ার নীতির ফলে আমরা এগোতে পেরেছি। আমি আশা করি গোটা হাউস এই বাজেট প্রস্তাবকে সমর্থন করবেন, এই আগাম আশা রেখে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Demand No. 31

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 that a sum of Rs. 16,60,00,000 be granted for expenditure under Demand No. 31. Major Heads : "2251 – secretariat – Social Services and 4070 – Capital Outlay on other Administrative Services" during the year 2003–2004.

(This is inclusive of a total sum of Rs. 5,53,34,000 already boted on account in March, 2003) was then put and agreed to.

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the 42nd report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the programme of Business of the House from the 21st to the 25th July, 2003 as follows :

No. 685

Programme of Business from the 21st to the 25th July, 2003 (as adopted by the House on the Forty-second Report of the Business Advisory Committee presented on the 17th July, 2003)

21.7.2003, Monday	:	(i) The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 2003 (Introduction, Consideration and Passing)	$\frac{1}{2}$ hr.
		(ii) Demand No. 45 Public Health Engineering Department	1hr.
		(iii) Demand No. 28 Housing Department	1 hr.
		(iv) Demand No. 6 Animal Resources Development Department	1 hrs.
		(v) Demand No. 7 Backward Classes Welfare Department	1hr.
22.7.2003, Tuesday	:	(i) The Kolkata Land-revenue Bill, 2003 (Introduction,Consideration and Passing)	1hr.
		(ii) Demand No. 55 Water Investigation and Development Department	1 hrs.
		(iii) Demand No. 56 Women & Child Development and Social Welfare Department	1hr.
		(iv) Demand No. 33 Jails Department	1hr.
23.7.2003, Wednesday	:	(i) The West Bengal State Health service (Amendment) Bill, 2003 (Introduction, Consideration and Passing)	1hr.
		(ii) Demand No. 9 Commerce and Industries Department	

		(iii) Demand No. 29 Industrial Reconstruction Department (iv) Demand No. 44 Public Enterprises Department	4 hrs.
24.7.2003, Tursday	:	(i) The West Bengal Land Reforms (Amendment) Bill, 2003 (Introductiin, Consideration and Passing)	1hr.
		(ii) Demand No. 39 Municipal Affairs Department (iii) Demand No. 54 Urban Development Department	2hrs.
		(iv) Demand No. 23 Forest Department	1hr.
25.7.2003, Friday		Non-Official Business	

N.B. : There will be no Question for Oral Anser and Mention Case on Friday, the 25th July, 2003

নং ৬৮৫

১৭ই জুলাই, ২০০৩ তারিখের সভায় পেশ হওয়া ও গৃহীত কার্য-উপদেষ্টা কমিটির দ্বিচত্বারিংশত্তম প্রতিবেদন অনুযায়ী ২১শে থেকে ২৫শে জুলাই, ২০০৩ তারিখ পর্যন্ত সভার কার্যসূচি

২১.৭.২০০৩, সোমবার	: (১)	ফৌজদারি প্রক্রিয়া সংহিতা (পশ্চিমবঙ্গ সংশোধন) বিধেয়ক, ২০০৩ (উত্থাপন, বিবেচনা ও গ্রহণ)	ঘণ্টা
	(২)	ব্যয় বরাদ্দ নং ৪৫ জনস্বাস্থ্য কারিগরি বিভাগ	১ঘণ্টা
	(৩)	ব্যয় বরাদ্দ নং ২৮ আবাসন বিভাগ	১ঘণ্টা
	(৪)	ব্যয় বরাদ্দ নং ৬ প্রাণী-সম্পদ বিকাশ বিভাগ	১ ঘণ্টা
	(৫)	ব্যয় বরাদ্দ নং ৭ অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগ	১ঘণ্টা
২২.৭.২০০৩, মঙ্গলবার	: (১)	কলকাতা ভূমি-রাজস্ব বিধেয়ক, ২০০৩ (উত্থাপন, বিবেচনা ও গ্রহণ)	১ঘণ্টা
	(২)	ব্যয় বরাদ্দ নং ৫৫ জল অনুসন্ধান ও বিকাশ বিভাগ	১ ঘণ্টা
	(৩)	ব্যয় বরাদ্দ নং ৫৬ নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগ	১ ঘণ্টা
	(৪)	ব্যয় বরাদ্দ নং ৩৩ কারা বিভাগ	১ঘণ্টা

২৩.৭.২০০৩, বুধবার	: (১)	পশ্চিমবঙ্গ রাজ্য স্বাস্থ্য কৃত্যক (সংশোধন) বিধেয়ক, ২০০৩	১ঘণ্টা
	(২)	ব্যয় বরাদ্দ নং ৯ শিল্প ও বাণিজ্য বিভাগ	৪ঘণ্টা
	(৩)	ব্যয় বরাদ্দ নং ২৯ শিল্প পুনর্গঠন বিভাগ	
	(৪)	ব্যয় বরাদ্দ নং ৪৪ রাষ্ট্রায়ত্ত উদ্যোগ বিভাগ	
২৪.৭.২০০৩, বৃহস্পতিবার	: (১)	পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার (সংশোধন) বিধেয়ক, ২০০৩ (উত্থাপন, বিবেচনা ও গ্রহণ)	১ঘণ্টা
	(২)	ব্যয় বরাদ্দ নং ৩৯ পৌর বিষয়ক বিভাগ	২ঘণ্টা
	(৩)	ব্যয় বরাদ্দ নং ৫৪ নগরোন্নয়ন বিভাগ	
	(৪)	ব্যয় বরাদ্দ নং ২৩ বন বিভাগ	১ঘণ্টা
২৫.৭.২০০৩, শুক্রবার	:	বেসরকারি কার্যক্রম	

বি.দ্র.—২৫শে জুলাই, ২০০৩ তারিখ শুক্রবার সভার বৈঠকে প্রশ্নোত্তর ও উল্লেখ পর্ব থাকবে না।

Now I would request the parliamentary Affairs Minister to please move the motion for acceptance.

Shri Probadh Chandra Sinha : Mr. Speaker, Sir, I beg to move that 42nd Report of the Business Advisory Committee as presented in the House be adopted.

The motion was then put and agreed to.

[3.50–4.00 p.m.]

DISCUSSION ON DEMAND No. 32

Mr. Speaker : There are 46 cut motions on Demand No. 32. All the cut motions are in order. Cut motion nos. 2, 3, 25–30,41 are taken as moved. Remaining cut motions are not moved as the movers are not present in the House.

Shri Kamal Mukherjee **Shri Deba Prasad Sarkar**	Sir, I beg to move that the amount of the Demand be re duced to Rs. 100/-

শ্রী নেপাল মাহাত : মাননীয় স্পিকার স্যার, সেচ ও জলপথ বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী

মহাশয়, এখানে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে আমাদের আনা কাটমোশনের সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। আজকে সব থেকে গুরুত্বপূর্ণ যে বিভাগ হওয়া উচিত ছিল, এবং উনি এই সেচ সম্পর্কে যে তথ্য বাজেট ভাষণে পরিবেশন করেছেন এবং আমরা দীর্ঘদিন থেকে লক্ষ করে দেখছি যে, এই সরকার সারা পশ্চিমবঙ্গে সেচের জন্য যে পরিমাণ উৎসাহ দেখানোর দরকার ছিল, বিশেষ করে সারা পশ্চিমবঙ্গের যে জেলাগুলি আছে, সেই জেলাগুলির যে ভৌগোলিক আকৃতি, সেই আকৃতির কথা চিন্তা করে বিভিন্ন জেলাতে যেভাবে সেচপ্রকল্প নেওয়া উচিত ছিল, সেটা নেওয়া হয়নি। কিছু কিছু জায়গায়, পুরুলিয়া, বাঁকুড়া এইসব জায়গায় সেচের যে ব্যবস্থা নেওয়ার দরকার ছিল, সেটা নেওয়া হয়নি। তাঁর বাজেট ভাষণে কয়েকটা বৃহৎ সেচ প্রকল্প, কয়েকটা মাঝারি সেচ প্রকল্প, বন্যা নিয়ন্ত্রণ এবং কিছু কিছু নতুন প্রকল্পের কথা বলেছেন। ময়ূরাক্ষী জলাধার প্রকল্প ৫১ সালে কংগ্রেস আমলে শুরু হয়। দামোদর উপত্যকা প্রকল্প ঐটা ৫১ সালে শুরু হয়। কংসাবতী জলাধার প্রকল্প '৫৬-৫৭ সালে শুরু হয়। তিস্তা প্রকল্প '৭৫-৭৬ সালে শুরু হয়। সুবর্ণরেখা প্রাণ প্রকল্প দীর্ঘ ২৫-২৬ বছর ধরে রাজত্ব করার পরে এই দপ্তর এই প্রকল্প গ্রহণ করেছে। কিন্তু টাকার অভাবে এটা শুরু করতে পারেনি। মাঝারি সেচ প্রকল্পের ব্যাপারে কয়েকটি পরিসংখ্যান দিয়েছেন। তিনি বলেছেন বর্তমানে পুরুলিয়া জেলায় ২৩টি প্রকল্পের কাজ শেষ হয়েছে এবং ওই জেলায় ৯টি প্রকল্পের কাজ চালু আছে। এখানে ২৩টি প্রকল্পের কাজ শেষ হয়েছে বলে তিনি বলেছেন এবং বাজেট ভাষণে যে তালিকা দেওয়া হয়েছে, সেগুলি হচ্ছে রুপাই সেচ প্রকল্প, কুমারী সেচ প্রকল্প, কাঁড়িও সেচ প্রকল্প। কখন শুরু করলেন, কখন শেষ করলেন। এইগুলো দীর্ঘদিন ধরে, বহু আগে থেকেই এই প্রকল্পগুলো চালু ছিল এবং দুঃখের বিষয় এই প্রকল্পগুলোর জলাধার আছে। জমিও প্রকল্পের উদ্দেশ্যে চালু রাখার কথা। সেগুলো চালু থাকছে না। মাটি ভরাট হয়ে যচ্ছে। এই মাটিকে পরিষ্কার করার কোনো পরিকল্পনা আপনারা করেননি। বাজেট ভাষণ রাখলেন ২৩টা নতুন প্রকল্প করছেন। সবগুলোই পুরনো। কোনো এক জায়গায় সেচের জল যে পরিমাণ উন্নতি হওয়া দরকার ছিল, নদীর জল জমে আছে, আটকে আছে এই সব কাজ কিছুই হয়নি। ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়ার, কন্ট্রাকটরদের শুধু একটাই কাজ—কিছু পয়সা নিয়ে ঠিকা পাওয়া, কাজের কাজ কিছুই হয়নি। সমস্ত ভাষণ পুরোপুরি মিথ্যা কথার উপর প্রতিষ্ঠা করেছেন। কয়েকটি উদাহরণ দিয়ে তুলে ধরছি। আজকে যদি আমরা বন্যানিয়ন্ত্রণে আসি সারা পশ্চিমবাংলায় টোটাল ফ্লাডপ্রবণ এলাকা ৩৭ হাজার ৬শো স্কোয়ার কিলোমিটার। ১৯৯৯-২০০০ সালে প্রোটেকশান দিয়েছেন ২ হাজার ২শো ৫ স্কোয়ার কিলোমিটার। ২০০২-০৩-এ ১৩ শো ২৫ স্কোয়ার কিলোমিটার। তাহলে আজকে ভাবুন ৩৭ হাজার ৬শো স্কোয়ার কিলোমিটার জায়গাতে বন্যা হয়েছে বলে চিহ্নিত করা হয়েছে। এই বন্যাকে প্রোটেকশন দিয়ে যে কাজ আছে, বা যে যে কাজ করণীয় সেই কাজ কিন্তু আপনারা সঠিকভাবে করতে পারেননি। দীর্ঘদিন এই দপ্তর প্রকল্পের কোনো পরিকল্পনা নেয়নি। আজকে মাত্র ২ হাজার ২০৫ স্কোয়ার কিলোমিটার বন্যা নিয়ন্ত্রণের জন্য কিছু কাজ করেছেন। আজকে ড্রেনেজ সিস্টেমের যে পরিসংখ্যান দেখলে দেখব যে বন্যা নিয়ন্ত্রণ এবং ড্রেনেজ সিস্টেম '৭৭ সাল পর্যন্ত যে হিসাব দিয়েছেন ১৯ হাজার

১১০ স্কোয়ার কিলোমিটার, ২০০২ পর্যন্ত ২০ হাজার ৩৩৫ স্কোয়ার কিলোমিটার। ২৫ বছরে বেড়েছে মাত্র ৪ হাজার স্কোয়ার কিলোমিটার ড্রেনেজ সিস্টেম করে বন্যা নিয়ন্ত্রণের চেষ্টা করেছেন। এই তো আপনাদের অবস্থা। নদীর ধারে এমব্যাঙ্কমেন্ট তৈরি করা হয়েছে। '৭৭ সাল পর্যন্ত দৈর্ঘ্য ছিল ৬ হাজার ৬০৭ কিমি., ২০০২-তে অর্থাৎ ২৫ বছর পরে দৈর্ঘ্য বেড়ে হয়েছে ৬ হাজার ৯১৪ কিলোমিটার। অর্থাৎ মাত্র তিনশো কিলোমিটার করেছেন। আজকে এই দপ্তর সম্পূর্ণভাবে বন্যা নিয়ন্ত্রণে ব্যর্থ হয়েছে। আজকে যদি পরিসংখ্যান দেখি, তাহলে দেখব সারা পশ্চিমবাংলায় ক্যানালের মাধ্যমে যে সেচ দেওয়া হয়েছে তার পরিসংখ্যান '৮০-৮১ সালে ছিল ১০ লক্ষ ১৭ হাজার ১৭৩ হেক্টর, ২০০২ সালে ১০ লক্ষ ৩০ হাজার ৮৭০ হেক্টর।

[4.00–4.10 p.m.]

আজকে দীর্ঘ ২০ বছর পরেও ক্যানেলের মাধ্যমে সেচ ব্যবস্থা ঠিক করতে পারলেন না। পুরুলিয়া জেলায় আমরা দেখেছি ১৪,৬০৭ হেক্টর জমি, ১৯৮০-৮১ সালে ২৩,৭৫৬ হেক্টর জমিতে ক্যানেলের মাধ্যমে ইরিগেশনের ব্যবস্থা করা হয়েছে। এই ইরিগেশন অ্যান্ড ওয়াটারওয়েজ ডিপার্টমেন্টের অগ্রগতি এত ঢিমেতালে চলছে যে সারা পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গার সঙ্গে তাল মিলিয়ে যে ধরনের ইরিগেশন হওয়া উচিত ছিল, তা আমরা পাচ্ছি না এখনও। আজকে তাই মাননীয় মন্ত্রীকে এই বিষয়ে কয়েকটা কথা বলতে চাই। পুরুলিয়া এবং বাঁকুড়ায় আপনি যে মাঝারি সেচ প্রকল্পের কথা বলছেন সেই মাঝারি সেচ প্রকল্প সম্পূর্ণভাবে পুরলিয়া এবং বাঁকুড়াতে প্রযোজ্য। কিন্তু আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন সরকারি স্কীম আজকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, বর্ধমান, ২৪ পরগনা, ইত্যাদি জায়গাতে যে নীতি নিয়ে সেচের প্রকল্পগুলো করা হচ্ছে পুরুলিয়াতেও সেই একই নীতিতে করা হচ্ছে। পুরুলিয়ার মাটির জল ধারণের যে ক্ষমতা এবং পুরুলিয়ায় জলের অভাব আছে তা আপনারা সবাই জানেন, তাই পুরুলিয়ার উপযুক্ত যে সেচ ব্যবস্থা, পুরুলিয়ার মাটির সঙ্গে তাল মিলিয়ে যে সেচ ব্যবস্থা করা উচিত, তা কিন্তু এখনও এই সরকার করতে পারেনি। ওয়াটার সেড স্কীমের একটা হাস্যকর কথা আছে। কয়েক ধরনের মডেল ওয়াটার সেড আছে। এটা আমরা জানি। তার মধ্যে একটা পুরুলিয়ার মাটিতে আছে। তারা বলছেন, একটা খেত আছে, তার উপর একটা ৪ ফুট বাই ৪ ফুট ডোবা কর তাতে জল থাকবে। যখন খেতের জল শুকিয়ে যাবে তখন সেই জল থেকে সেচ হবে। পুরুলিয়ার চাষি বা যে কোনো মানুষ যদি এই কথা শোনে, তাহলে তা তাদের কাছে হাস্যকর ঠেকবে। এই জেলায় মাটির আগে ডোবার জল শুকোবে। তারপর খেতের জল শুকোবে। এই মডেল অন্যান্য জেলায় প্রযোজ্য হলেও পুরুলিয়াতে প্রযোজ্য নয়। সেই মডেল সঠিকভাবে ব্যবহার করে, বৈজ্ঞানিক ভিত্তিতে ব্যবহার করে, কি পদ্ধতিতে ইরিগেশন করলে, কি পদ্ধতিতে আমাদের প্রকল্পগুলো করলে এই জেলার মানুষ বিশাল জায়গায় সেচ পেতে পারবে সেই ব্যবস্থার চিন্তাভাবনা সঠিকভাবে করা হয়নি। আজকে যে পরিস্থিতি তাতে এখনও ওখানে ভালোভাবে বৃষ্টি হয়নি, সব শুকিয়ে রয়েছে। এবং দুঃখের সঙ্গে বার বার বলা সত্ত্বেও ওইসব এলাকাতে যে ইরিগেশন হওয়া উচিত ছিল সেই ইরিগেশন এখনও হয়নি। বেশ কিছুদিন আগে হঠাৎ

খবর পাওয়া গেছে ডি.এম. সাহেব উদ্বোধন করবেন। কি ব্যাপার, না রূপাই নদীর পলিমাটি হটাবেন এবং তার উদ্বোধন। ডি.এম.-র খুব একটা নেশা ছিল তার উদ্বোধন হল। যে দিন উদ্বোধন ছিল সেদিন দু-কোদাল মাটি উঠল, তার পর কিছু হল না। এই হল ইরিগেশনের ব্যবস্থা। মাননীয় মন্ত্রীকে বলব, আপনার ডিপার্টমেন্ট সমগ্র পশ্চিমবঙ্গের জন্য, শুধুমাত্র কয়েকটা জেলার জন্য নয়। এই ডিপার্টমেন্ট পুরুলিয়া জেলার জন্যও। এই ডিপার্টমেন্ট পুরুলিয়া জেলার জন্যও। আপনি ভাবুন কি ধরনের জলাধার তৈরি করলে, কিভাবে ইরিগেশনের ব্যবস্থা করলে পুরলিয়ার মানুষ উপকৃত হবেন। সারা পশ্চিমবঙ্গের বেশির ভাগ নদী পুরুলিয়া থেকে তৈরি হয়েছে—কংসাবতী তৈরি হয়েছে, আরও বিভিন্ন নদী পুরুলিয়া থেকে তৈরি হয়েছে। কংসাবতী নদীর উপর জাবর ড্যাম যে এলাকায় সেখানে এম.সি.সি.-র উপদ্রব রয়েছে, সেখানে কিছুদিন আগে তারা পুলিশের উপর আক্রমণ করেছিল। সেই এস.টি. এলাকায় জাবর ড্যামের কথা বলে আসছি। কিন্তু বাঁকুড়ার ইঞ্জিনিয়াররা বলেছেন ওখানে ড্যাম করা হলে বাঁকুড়াতে জল কমে যাবে। পুরুলিয়া নিশ্চয়ই পশ্চিমবঙ্গের বাইরে নয়, পুরুলিয়ার মানুষেরও সেচের দরকার আছে, পুরুলিয়ার মানুষও চাষ করে খেতে চায়। এই জায়গায় আপনাকে সঠিক পদক্ষেপ নিতে হবে। সারা জেলাতে অন্য কিছু কাজ নেই, অন্য কিছুর ব্যবস্থা নেই। সেজন্য সেখানে সেচের ব্যবস্থার খুবই প্রয়োজন বলে আমি মনে করি। মাননীয় মন্ত্রী মহাশয় মাঝারি ধরনের সেচের কথা বলেছেন, মাঝারি ধরনের সেচের প্রকল্পের মধ্যে অনেক প্রকল্পের কথা তিনি বলেছেন। এই প্রকল্পগুলো সঠিক রূপায়ণ করা, কি কি ধরনের কাজ করলে প্রকল্পটি কোন জায়গায় সঠিকভাবে রূপায়ণ করলে ভালো হবে তার একটা বৈজ্ঞানিকভিত্তিক রিপোর্ট নিয়ে তিনি কাজে এগোবেন। আমরা বেশির ভাগ জায়গায় দেখছি যে, এমনভাবে জলাধার তৈরি করা হয়েছে যে, সেই জলাধারগুলোতে জল পাওয়া যাবে না। কোথায় তার অসুবিধা, কি কারণে সেটা হচ্ছে সেই জিনিসগুলো দেখতে হবে। আপনি যে সব প্রকল্পের কথা বলেছেন, তার মধ্যে রয়েছে সুর্বণরেখা বাঁধ প্রকল্প—সুবর্ণরেখা বাঁধ প্রকল্প ঝাড়খণ্ড (পূর্বতন বিহার) ও ওড়িশা সরকারের সঙ্গে ত্রিপাক্ষিক চুক্তির ভিত্তিতে সুবর্ণরেখা নদীর জল সম্পদের সদ্ব্যবহার করে পূর্ব ও পশ্চিম মেদিনীপুরে ১১৪১৯৮ হেক্টর জমিতে সেচ সামর্থ্য সৃষ্টির কর্মসূচি গ্রহণ করেছেন। এই প্রকল্পের কথা আমরা দীর্ঘদিন ধরে শুনেছি। ২০০১-২০০২ সাল থেকে ভারত সরকারের জল সম্পদ মন্ত্রক এ.আই.বি.পি.-এর অধীনে এই প্রকল্পের জন্য আর্থিক সাহায্যের হাত প্রসারিত করেছে। এই প্রকল্পকে আরও বেশি করে গুরুত্ব দিয়ে যত তাড়াতাড়ি সম্ভব রূপায়ণ করা যায় তার একটা ব্যবস্থা আপনাকে করতে হবে। মাঝারি সেচ প্রকল্পের মধ্যে ৩টি জেলাকে ধরেছেন। এটা সঠিক সিদ্ধান্ত। পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম—এখানকার মাটির পরিস্থিতি, এখানকার ভৌগোলিক আকারের কথা চিন্তা করে আপনি সঠিক কথা বলেছেন। এই সব জেলায় আর বড়ো বড়ো জলাধার করার কোনো রাস্তা নেই। যদিও সেখানে জলের অভাব। কিন্তু একটা সময় আছে সেই সময় যদি জল প্রচুর পরিমাণে হয় এবং সেই সময় আমরা যদি জলকে ধরে রাখতে পারি, তাহলে পুরলিয়াতে আমরা সবুজ বিপ্লব ঘটাতে পারবো। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি যে, আপনি যে ৯টি প্রকল্পের কথা বলেছেন সেই ৯টি

প্রকল্প বর্তমানে কি পরিস্থিতিতে আছে সেটা যদি বলেন তাহলে ভালো হয়। আমি যতটুকু জানি যে, ঐ ৯টি প্রকল্পের মধ্যে ২টো প্রকল্প ছাড়া বাকি ৭টি প্রকল্পের এখনও কিছু কাজ হয়নি, এমনকি এখনও লেআউট পর্যন্ত দেওয়া হয়নি।

[4.10–4.20 p.m.]

এই ধরনের পরিস্থিতি আছে। আপনি এই প্রকল্পগুলি সঠিক সময়ে একটা টাইমে বাঁধুন, যে টাইমের মধ্যে আপনার ঠিকাদার, আপনার অফিসার এই কাজগুলি সঠিক সময়ে যাতে করতে পারে তার একটা ব্যবস্থা করুন। আমি তাই এই বাজেটের আরও যে জল বিভাজনের কথা আমি বললাম—পুরুলিয়া জেলার ক্ষেত্রে ওয়াটার সেডের যেসব মডেল আছে, পুরুলিয়া জেলার যে মাটি, সেই মাটি অনুযায়ী যে মডেল হওয়া উচিত, সেই মডেল না হওয়ার জন্য কোটি কোটি টাকা ওয়াটার সেডে খরচ হয়েছে। কিন্তু সেচের কোনো ব্যবস্থা হয়নি, আমি অনেকবার বলেছি, মাননীয় মুখ্যমন্ত্রী গিয়েছিলেন তখনও আমি তাকে বলেছি। অতএব এই সমস্ত দিকে ব্যবস্থা করুন। এই বাজেট যে পেশ করেছেন তার বিরোধিতা করা ছাড়া আমি আর কোনো উপায় না দেখে আবারও বাজেট সম্পূর্ণ বিরোধিতা করে এবং কাটমোশানের সমর্থনে আমি আমরা বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী ননীগোপাল রায়চৌধুরী : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি পশ্চিমবঙ্গ সরকারের সেচ বিভাগের মাননীয় মন্ত্রী অমরেন্দ্রলাল রায় মহাশয়ের ৩২ নম্বর দাবিকে সমর্থন করছি এইজন্য শুধু নয়, আমি সরকার পক্ষের লোক সমর্থন করে তাই করছি এটা না। আমি সমর্থন করছি এইজন্য যে কেউ যদি এই দাবিপত্রটি এখানে ভালো করে মন দিয়ে পড়েন এবং বুঝতে চেষ্টা করেন কতগুলি নতুন জিনিস তার নজরে আসবে যে এতো ক্যাটিগরিক্যালি প্রত্যেক বিষয়কে খুব অল্প কথার মধ্যে দিয়ে এতো সুন্দর করে তুলেছে যে সেখানে বিরোধিতা করার কোনো রাস্তা আছে বলে মনে হয় না। আমি কতগুলি জায়গায় নতুন করে দৃষ্টি আকর্ষণ করছি যেটা নিয়ে আগে কখনও আলোচিত হয়েছে বলে আমার জানা নেই। সেইজন্য সমর্থন করছি। নতুন একটা জিনিস না বলে আমি পারছি না, সেটা হচ্ছে এই দপ্তরটির এতো বিশাল, তার এতো বিরাট কর্মকাণ্ড, তার অর্থের প্রয়োজন আছে এতো বিরাট এবং তার সঙ্গে মানুষের সমর্থন প্রয়োজন আছে, বিশেষ করে যে অর্থের প্রয়োজন আছে, সেটা কিন্তু এবারের বাজেটে এতো কমে গেছে তাতে আমি কিন্তু আতঙ্কগ্রস্ত। যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তা যথা নিয়মে শেষ করা যাবে কিনা, লোনের টাকা পেতে নানারকম অসুবিধা হয়, তাই সেগুলি পাওয়া যাবে কিনা সেইজন্য আমি বলতে বাধ্য হচ্ছি যে ই বাজেট বরাদ্দ কিছুটা না বাড়ালে বোধহয় যে চিন্তা মাননীয় মন্ত্রী মহাশয় হাজির করেছেন তাকে হয়ত ঠিক জায়গায় পৌছানো যাবে না। দ্বিতীয় যে কথাটি হাজির করতে চাইছি সেটা হচ্ছে যে মাননীয় বিরোধী দলের বন্ধুগণ তাদের ছাঁটাই প্রস্তাবগুলি নিয়ে এসেছেন সেগুলিকে আমি নির্দয়ভাবে ছাঁটাই করছি এইজন্য যে কারোর বয়সই আমার মনে হয় না যে ২৫-এর আশপাশে তার হয়ত ২ গুণ, ৩ গুণ বয়স হবে।

ঐ চাঁটাই প্রস্তাব পড়ে আমরা মনে হল তারা এই ২৫ বছরটাকে চোখ দিয়ে দেখতে, বুঝতে শিখেছে, তারা অতীতে ৩০ বছর ধরে দিল্লি থেকে আরম্ভ করে পশ্চিমবঙ্গের সরকার তারা পরিচালিত করেছেন, তাদের পরিকল্পনাগুলি কিভাবে তারা রেখেছিলেন, কি কাণ্ডকারখানা তারা করেছেন এগুলি অনেকে বুঝবেন এবং তার দায় বর্তমান সরকারের উপরে চাপছে। এইসব কথাগুলি অনুভূতি নিয়ে দেখতে হবে। এটার ব্যার্থতাই, এই নেই, এটা করতে হবে, এই অবস্থাটাকে বলছেন আপনারা যে, এই ব্যায় বরাদ্দকে সমর্থন করে নিতে পারছি না। সেইজন্য আমি কিন্তু ছাঁটাই প্রস্তাবগুলি নির্দয়ভাবে ছাঁটাই করতে বাধ্য হচ্ছি। মাননীয় চেয়ারম্যান স্যার আমি যে কথাটি বলতে চাইছি সেটা হচ্ছে এই যে মানুষ জন্মায় জলে, মাতৃ জঠরে জলে জন্মগ্রহণ করে এবং সেইজন্য সে ভূমিষ্ঠ হওয়ার পর কিন্তু জল জল করে জল পেলে সে সবচেয়ে ভালো খেলা বলে মনে করে, বাবা-মা বাধা দেয় এবং আমাদের পৃথিবীতে যে সভ্যতা সেই সভ্যতার প্রথম বাহক হল জল, সে কিন্তু পরিবহণ করেছে, সে কিন্তু তার তীরে তীরে নগর-বন্দর করতে সাহায্য করেছে, সে কিন্তু এই সমৃদ্ধির জন্য এগিয়ে এসেছে। সেইজন্য জলকে অবহেলা করলে কোনো দেশ সে বোধহয় সমৃদ্ধির জায়গায় যেতে পারে না। এটাই নিয়ম হিসাবে দু-একটি কথা আপনার সামনে হাজির করতে চাই। সব অদ্ভুত ব্যাপার। আমরা লক্ষ্য করলাম স্বাধীনতার পরে ভারতবর্ষে, জল নিয়ে কি কাণ্ডটাই না হল। বাঁধের কথা আমাদের অজানা ছিল, এমন নয়। প্রাচীন ভারতের ইতিহাস দেখলে দেখা যাবে যে, বহুদিন আগে মহেঞ্জোদারো—হরপ্পাতেও বাঁধ ছিল এবং বাঁধ ভেঙে কি বিপর্যয় ঘটেছিল, তাও আমরা জানি। পরবর্তীকালে মিসিসিপি থেকে আরম্ভ করে আমাজন পর্যন্ত সব জায়গায় বাঁধের কথা আমাদের জানা আছে। কিন্তু আমরা অদ্ভুতভাবে লক্ষ্য করলাম ডি.ভি.সি-তে ভরডুইন সাহেব বলেছিলেন চারটে নয় আটটা ব্যারেজ তৈরি করতে হবে। অথচ সে সময় দিল্লির মসনদে যাঁরা ছিলেন তাঁরা আটটা করলেন না। তাঁরা চারটে করে বললেন, "বাকিগুলো পরে হবে।" পরে আর হল না। ৩০ বছর তাঁরা—কংগ্রেস ওখানে এবং এখানে ক্ষমতায় ছিলেন, কিন্তু কিছুই করলেন না। আজকে এখানে সেচের কথা বলা হচ্ছে। ডি.ভি.সি.-র কাগজপত্র পড়তে গিয়ে দেখছি, ডি.ভি.সি.-র জল গিয়ে বোরো চাষের ব্যবস্থা করার কথা। কিন্তু বাস্তবে কি দেখছি? আগেও জল ছিল না, এখনো জল নেই। আর এখানে এটা নেই, ওটা নেই, এটা করতে হবে, ওটা করতে হবে, এই রকম নানা কথা বলা হচ্ছে। আমরা হাওড়া জেলার মানুষ। আমরা ছেলেবেলায় শুনতাম ডি.ভি.সি. মানে ডোবানো ভাসানো কর্পোরেশন। আটটার জায়গায় চারটে ব্যারেজ। অর্থাৎ, চারটে ঘাটতি। আমাদের বাংলার এমনই অবস্থা যে, উত্তর ভারতের ওপরের সমস্ত জল নেমে আসছে এই বঙ্গে। আর আমাদের হাওড়া জেলার এমনই অবস্থা যে, বধমান, হুগলির সমস্ত জল নেমে আসছে হাওড়ায়। বিজ্ঞানকে অবহেলা করে এমন সাংঘাতিক জিনিস করা হল, ফল গুনতে হচ্ছে আমাদের। এখানে আমার চেয়ে অনেক জ্ঞানী অভিজ্ঞ শিক্ষিত মানুষ আছেন, ওদের দলেও আছেন, তথাপি আমি যতদূর নদীর চরিত্র জানি তাতে জ্যাকেট করে বন্যা নিয়ন্ত্রণ করা যায় না। নদী সাপের মতো, একদিক চেপে ধরলে আর একদিক ফুলে ওঠে এবং এঁকেবেঁকে চলে। একটা সাপের শরীরের কোনো একটা জায়গা লাঠি দিয়ে চেপে ধরুন, দেখবেন তার

শরীরের ওপর অথবা নীচের দিক ফুলে উঠছে, নড়ে উঠছে। নদীতে জ্যাকেট করলে হয় ওপর ভাঙবে, না হয় নীচে ভাঙবে। এ এমনই মজার জিনিস। আমরা দেখলাম লোয়ার দামোদরকে বেঁধে দিয়ে, গেট করে দিয়ে পুরো জলটা মুণ্ডেশ্বরী দিয়ে প্রবাহিত করানোর পরিকল্পনা হল। ২০০০ কিউসেক জল মুণ্ডেশ্বরীতে ঢুকিয়ে দেয়া হল। সব জল-মুণ্ডেশ্বরী দিয়ে নিয়ে যাওয়ার পরে কোলাঘাটের কছে তিনটে ব্রিজ করে সর্বনাশ করা হল। তাহলে জলটা কি করে বেরবে? তার ফলেই আজ হাওড়া, হুগলি, মেদিনীপুর ডুবছে। দক্ষিণ ভারতের কাবেরী, কৃষ্ণায় তিনতলা ব্যারেজ হয়েছে, আসামে দুতলা ব্যারেজ হয়েছে। আর আমাদের পশ্চিম বাংলার দুর্ভাগ্য, সে পরিকল্পনা আমাদের এখানে হল না। দু'তলা ব্যারেজ হলে নদীর ওপরের বন্যা বন্ধ হয়। কিন্তু তা এখানে হল না। যার ফলে আমরা আজও মরছি। মেদিনীপুরে, হাওড়া, হুগলি মরছে। এই রকম সব অদ্ভুত ব্যাপারের কে কৈফিয়ত দেবে? যখন কোনা রাজ্য বন্যায় ডোবে তখন দিল্লি থেকে তাকে আর্থিক সাহায্য করার বিধান আছে। আমাদের এখানে বন্যার পরিপেক্ষিত আমরা যখন টাকা চাইলাম তখন আমাদের বিরোধী পক্ষ থেকে দিল্লিকে বলা হল আমাদের এখানকার বন্যা নাকি ম্যান মেড। এও এক অদ্ভুত ব্যপার! কংগ্রেসি বন্ধুরাও চুপ করে রইলেন। কারণ তাঁরা যদি ম্যান মেড না বলেন তাহলে তো আমাদের 'বি টিম' হয়ে যাবেন। তাই চুপ করে থেকে ম্যান মেড বলাটাকেই পরোক্ষে সমর্থন করলেন। কিন্তু আমাদের রাজ্যের ম্যান নির্বোধ নয়। তাঁরা জানেন ডোবানো ভাসানো কর্পোরেশনকে দিয়ে কি সর্বনাশ হয়েছে। সে জন্যই তাঁরা বিধানসভার নির্বাচনে, পঞ্চায়েত নির্বাচনে ওদের একদম ভাসিয়ে দিয়েছেন। আমাদের রাজ্যের সাধারণ মানুষের অভিজ্ঞতা কিছু কম নয়। এই প্রসঙ্গে আমি একটা জিনিস এখানে উল্লেখ করি---একটা ছেলের রক্ত পরীক্ষা করে ধরা পড়ল যে তার এডস্ হয়েছে।

[4.20–4.30 p.m.]

পাড়ার লোকেরা এমন কি তার বাবা পর্যন্ত যে উচ্ছৃঙ্খল এবং বিশৃঙ্খল জীবন-যাপনের ফলে ওই ছেলেটি আক্রান্ত হয়েছে, গ্রামের লোকেরা লাঠি নিয়ে রে-রে করে তাকে মারতে ছুটছে, ছেলেটি বাড়িতে থাকতে পারছে না, এই জিনিস করেছে। আজকে বিশাল বিশাল নদীবাঁধ সংরক্ষণের ব্যবস্থা হয়নি, নদীগুলির সংস্কারের ব্যবস্থা হয়নি, খাল-নদীগুলির সংস্কারের ব্যবস্থা হয়নি। আজকে নুন-বিলের কথা ভুলে যান। অতীশবাবু বলে চলে গেলেন, উনি থাকলে বলতাম, কান্দি মাস্টার প্ল্যানে কেন নুন-বিলের কথা ভাবেননি? আজকে ময়ূরাক্ষী নদীকে সামাল দেওয়া যাচ্ছে না। গঙ্গা নদী আজকে অতিক্রম করে পদ্মার মধ্যে ঢুকে যাচ্ছে। এর ফলে বিরাট এলাকা ভাসিয়ে নিয়ে যাচ্ছে। কি করেছে আপনাদের সময়কার সরকার? আজকে এই যে ৩২ নম্বর দাবি সেটা পড়তে গিয়ে ভাবছিলাম, এই সংকটের উপরে দাঁড়িয়ে উনি ১৮ হাজার কিলোমিটার বাঁধ সংরক্ষণ এবং এর পরেও হাজার কিলোমিটার জমিদারি বাঁধ যেটা আছে সেগুলিকে রক্ষা করবেন কি করে? নতুন আর কি করলে পর এই দুর্বিষহ অবস্থার হাত থেকে বাঁচানো যায়? সেইজন্য এই দাবিকে সমর্থন করে এবং বিরোধীদের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবু তাহের খান : মাননীয় স্পীকার স্যার, সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী অমলেন্দ্র রায় যে বাজেট-বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণভাবে বিরোধিতা করছি। বিরোধিতার মূল কারণ, সেচের ক্ষেত্রে উনি যে অগ্রগতি ঘটিয়েছেন বলছেন সেটা সত্যিই বিস্ময়কর, বিশেষ করে বাংলার মানুষ হিসাবে আমরা দেখছি, আমাদের জেলার সুসন্তান আবদুস সাত্তারের আমলে গোটা বাংলায় কৃষিক্ষেত্রে যে সবুজ বিপ্লব ঘটেছিল নিশ্চয়ই সরকারপক্ষের সদস্যরা তা স্বীকার করবেন। কারণ, ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের সেই নজির গোটা বাংলায় আছে। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালে সেচের ক্ষেত্রে, কৃষির ক্ষেত্রে অভূতপূর্ব সাফল্য অর্জন করেছিল। বিশেষ করে আমাদের জেলার মন্ত্রী শ্রী অমলেন্দ্র রায় মহাশয় নিশ্চয়ই স্বীকার করবেন মুর্শিদাবাদ জেলার কথা। সেই জেলায় কৃষি ক্ষেত্রে সবুজ বিপ্লব ঘটেছিল। বিভিন্ন খতিয়ানগুলি দেখলে মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই স্বীকার করবেন শুধু ক্লাস্টার শ্যালো যেগুলি তৈরি হয়েছিল, এই সরকার সেগুলি রক্ষণা-বেক্ষণ করতে পারেনি। নদী থেকে জল তোলার জন্য যে আর.এল.আইয়ের ব্যবস্থা করেছিল, সেগুলিও সংরক্ষণের ব্যবস্থা হয়নি। কৃষিক্ষেত্রে সেচের জন্য যেসব ডিপ-টিউবওয়েল তৈরি হয়েছিল সেগুলির সংরক্ষণের ব্যবস্থা করতে এই সরকার ব্যর্থ হয়েছে। এই সরকারের ব্যার্থতার কারণ হচ্ছে, বি.ডি.ও. অফিসের কর্মচারীরা দিনের পর দিন বসে থাকে। প্রত্যেকটা বি.ডি.ও. অফিসের ১০০ থেকে ১৫০ জন কর্মচারী যারা সেচের সঙ্গে যুক্ত, বিভিন্ন আর.এস.আই. কাজের সঙ্গে যুক্ত তারা বসে বসে বেতন পান। সমস্ত ইরিগেশন লাইন বন্ধ। একদিকে বিদ্যুৎ নেই, বিদ্যুতের জন্য ক্ল্যাস্টার শ্যালো বন্ধ, সেচের ব্যবস্থা নেই। যেগুলি নতুন সংযোজন হয়েছে আর.আই.ডি.এফ (৩) এবং (৪) জেলা পরিষদের মাধ্যমে সেগুলি পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের কাছে হ্যান্ডওভার করেছেন। কিন্তু যেগুলি খারাপ হয়ে আছে সেগুলি সারাবার ব্যবস্থা এই সরকার করতে পারেনি। এরপর আমি মুর্শিদাবাদ জেলার ভাঙনের ব্যাপারে আসছি। মুর্শিদাবাদ জেলার অভিশপ্ত ভাঙনের ব্যাপারে বারবার আমরা সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি, বিভিন্নভাবে আন্দোলন করেছি কিন্তু এই সরকার কিছু না করায় মুর্শিদাবাদের মানুষ পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেসকে আশীর্বাদ জানিয়েছে, আপনাদের ছুঁড়ে ফেলে দিয়েছে। মুর্শিদাবাদ জেলার নদীর ভাঙন কি অবস্থায় পৌঁছেছে এখানে জলঙ্গির মাননীয় সদস্য বসে আছেন, তিনি তা ভালই জানেন, তার এলাকারই সেখানে পরিবর্তন ঘটে গিয়েছে। সেখানে বি. ডি. ও অফিস থেকে আরম্ভ করে বড় বড় বাড়ি সমস্ত ভাঙনের রোষে পড়েছে। আমরা মুর্শিদাবাদে দেখছি যখন বর্ষা আসে, বন্যা আসে, তখন সেখানে বোলডার বাঁধার কাজ হয়, এবারেও তা হচ্ছে। স্যার, আপনি জানেন, মুর্শিদাবাদের ভাঙনের ব্যাপার নিয়ে এই বামফ্রন্ট সরকার সঠিক এবং দৃঢ় পদক্ষেপ না নেওয়ায় এবং বর্ষায় সময় বোলডার বাঁধার কাজ শুরু হওয়ার প্রতিবাদে সুদুর ফারাক্কা থেকে জলঙ্গি পর্যন্ত পদযাত্রা করেছিলাম এবং তা করে এর প্রতিবাদ করেছিলাম। আমরা প্রতি বছরই দেখি মুর্শিদাবাদে যখন বন্যা আসে, বর্ষা আসে তখন নদীতে কাজ আরম্ভ হয়, বোলডার বাঁধা হয় আর যখন বর্ষা শেষ হয়ে যায়, বন্যা চলে যায় তখন দেখা যায় সেইসব বোলডার ধুয়েমুছে সাফ হয়ে গিয়েছে। কংগ্রেস এটা নিয়ে প্রতিবাদ করেছে, আন্দোলন করেছে, সেইজন্য সেখানকার মানুষেরা কংগ্রেসকে আশীর্বাদ জানিয়ে জেলা

পরিষদের দায়িত্ব কংগ্রেসের হাতে তুলে দিয়েছে। এই পঞ্চায়েত নির্বাচনে দুটি জেলা পরিষদে আপনারা শিক্ষা পেয়েছেন, এইভাবেই যদি আপনারা চলতে থাকেন, আপনাদের অহঙ্কার পরিত্যাগ করে সঠিকভাবে যদি কাজ না করেন, তাহলে দেখবেন আগামী নির্বাচনে ১০টি জেলা পরিষদে আপনারা এই রকম শিক্ষা পাবেন, আপনাদের পতন হবে তা আমি নিশ্চিত করে বলতে পারি। মুর্শিদাবাদ জেলার ভাঙন নিয়ে কেশকার কমিটি গঠন করা হয়েছিল, এবং সেই কমিটি যা রিপোর্ট দিয়েছেন যে ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় অকপটে স্বীকার করেছেন যে, সেই রিপোর্টে যেসব কাজ করার কথা বলা হয়েছিল সেই কাজ তারা করতে পারেননি। স্যার, ভাঙনের ফলে আজ এমনই অবস্থা মুর্শিদাবাদ জেলার যে গঙ্গা বা ভাগীরথীর সঙ্গে পদ্মার দূরত্ব মাত্র ১.৫ কি: মি: এসে ঠেকেছে। ফারাক্কা ব্যারেজের অবস্থা কি হবে তা আরো বুঝতে পারছি না। এটা নিয়ে কিন্তু যথেষ্ট চিন্তাভাবনা করার সময় এসেছে। এটা নিয়ে যদি এখনই চিন্তাভাবনা করে অবিলম্বে কাজ শুরু না করেন, তাহলে কিন্তু অদূর ভবিষ্যতে মুর্শিদাবাদ জেলার অবস্থা অত্যন্ত ভয়াবহ হয়ে পড়বে। নদীগুলি পলি পড়ে মজে গিয়েছে, সেখানে বন্যা নিয়ন্ত্রণের কোন ব্যবস্থা নেই, ফলে মুর্শিদাবাদের মানুষ প্রতি বছর বন্যা ও ভাঙনের কবলে পড়ছেন, তাদের ঘরবাড়ি, চাষের জমি নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে। এইভাবে মুর্শিদাবাদ জেলার একটার পর একটা গ্রাম শেষ হয়ে যাচ্ছে। আপনি মুর্শিদাবাদ জেলা থেকে নির্বাচিত হয়ে মন্ত্রী হয়েছেন, কিন্তু সেখানে ভাঙন প্রতিরোধের ব্যাপারে আপনি কোন দৃঢ় পদক্ষেপ নিতে পারলেন না এবং সেখানকার উন্নয়নের জন্য কোন কাজ করতে পারলেন না। এরকমভাবে চললে বড়ঞ্জা থেকে আপনি কিন্তু আর নির্বাচিত হতে পারবেন না। আপনি সতৎ মানুষ, কাজের মানুষ, মানুষ আপনাকে অনেক আশা নিয়ে দেবুবাবুর জায়গায় নির্বাচিত করে পাঠিয়েছিল, কিন্তু মুর্শিদাবাদের কথা আপনি চিন্তা করছেন না। জানি আপনি বাংলার মন্ত্রী, সারা বাংলার কথা আপনাকে চিন্তা করতে হয় কিন্তু মুর্শিদাবাদ জেলাতে দিনের পর দিন যেভাবে ভাঙন চলছে, চাষযোগ্য জমি নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে তার জন্য আপনাকে অবিলম্বে বিশেষ ব্যবস্থা নিতে হবে। সেখানে বোলডার ফেলার নামে আমরা দেখছি টাকার অপব্যয় হচ্ছে। এই বর্ষায় সময় মাননীয় সদস্যরা ওখানে গিয়ে দেখুন বোলডার বাঁধার কাজ শুরু হচ্ছে, যেটা অনেক আগেই করা উচিত ছিল। একদিকে বোলডার বাঁধার কাজ হচ্ছে আবার অপর দিকে সেইসব বোলডার নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে এবং কোটি কোটি টাকার অপচয় হচ্ছে, সত্যিকারের কাজের কাজ কিছু হচ্ছে না। স্যার, আমি শুধু বিরোধিতা করার জন্য বিরোধিতা করছি না, বাস্তব অবাস্থার কথাটা মন্ত্রী মহাশয়কে বোঝাবার জন্য বলছি। আমি চাই তিনি গঠনমূলক চিন্তাভাবনা নিয়ে চলুন এবং একটা মাস্টার প্ল্যান তৈরি করুন।

[4.30–4.40 p.m]

অর্থাৎ এই মাস্টার প্লানের মধ্যে মুর্শিদাবাদ জেলায় ২-৩টি জায়গায় যেটা সাঠক কাজ হবে সেই সঠিক কাজ করতে হবে। ডিসেম্বর মাসে যখন বন্যা শেষ হয়ে যাবে সেই খরার মরসুমে যে পরিমাণ অর্থ আপনার আছে সেটা নিয়ে একটি পরিকল্পনা করে সঠিকভাবে সঠিক

কাজ করতে হবে। মাস্টার প্লানের মাধ্যমে আপনার যাঁরা ইঞ্জিনিয়ার আছেন তাঁদের দিয়ে পরিকল্পনামাফিক কাজ শুরু করুন। জেলা পরিষদে আমাদের নেতা ঘোষণা করেছেন নদী ভাঙনে যারা পারদর্শী তাদের দিয়ে কাজ করাবেন। মাননীয় মন্ত্রী মহাশয় যে সেচ ব্যবস্থা করেছেন তার অবস্থা কি দেখুন। গ্রামে ছোট ছোট ডিপ টিউবওয়েল তৈরি হচ্ছে জেলা পরিষদের মাধ্যমে, ২ বছর আগে যে ডিপ টিউবওয়েল তৈরি করেছে ক্লাস্টার স্যালো তৈরি করেছে আর. আই. ডি. এফ ২ এবং আর.আই.ডি.এফ.-তে সেই টিউবওয়েলগুলো যে অবস্থায় ছিল সেই অবস্থাতেই রয়ে গেছে, ইলেকট্রিফিকেসানের কোন ব্যবস্থা হয়নি। ২ বছর আগে হয়েছে, বিদ্যুতের ব্যবস্থা হয়নি। ২ বছর এই স্কীমটা মার খেয়ে যাচ্ছে। অথচ আপনারা বললেন পশ্চিমবাংলার অগ্রগতি হচ্ছে, এটা অত্যন্ত দুঃখের বিষয়। ২ বছর আগে যে কাজ শেষ হয়ে গেছে বিদ্যুতের অভাবে চাষিরা উপকৃত হতে পারছে না, হ্যান্ডওভার হয়নি। আপনারা এই ব্যাপারে একটু চিন্তা -ভাবনা করুন। কৃষিতে যদি সাফল্য আনতে চান, গ্রামের গরিব কৃষকরা প্রান্তিক চাষিরা কৃষিতে কিভাবে সাফল্য আনবে সেচের মাধ্যমে, সেই বিষয়ে আপনাদের চিন্তাভাবনা করতে হবে। কারণ গ্রামবাংলার মানুষ অনেক আশা-আকাঙ্ক্ষা নিয়ে আপনাদের বসিয়েছে। গণতান্ত্রিক রায়ে আপনারা এসেছেন, গণতান্ত্রিক রায়কে আমরা অস্বীকার করি না। বিরোধিতার জন্য বিরোধিতা নয়, আমরা চাই সঠিক ভাবে পরিকল্পনা অনুযায়ী কাজ হোক। তাহলে আগামী দিনে মানুষ আবার ভাবনা-চিন্তা করবে। মুর্শিদাবাদ জেলার জন্য বরাদ্দকৃত অর্থ, গোটা বাংলার জন্য বরাদ্দকৃত অর্থ যে এখান থেকে মঞ্জুর করা হয়েছিল গতবারে আপনার দপ্তর সেটা পায়নি। এই বছরেও আপনার দপ্তরের জন্য বাজেট বরাদ্দে বরাদ্দকৃত অর্থ আপনি পাবেন না। আপনার সমস্ত স্কীম চালু থাকবে। আপনি যে বিভিন্ন স্কীম শুরু করেছেন, শেষ করতে পারবেন না। তিস্তার মতো ২০ বছর ধরে যে স্কীম শুরু করেছেন সেই স্কীম যে তিমিরে আছে সেই তিমিরেই থাকবে, শেষ করতে পারবেন না। আমি বলতে চাই যে স্কীম আপনি শুরু করেছেন সেই স্কীমগুলো আগে শেষ করুন তারপর নতুন স্কীম করবেন। কারণ দিনের পর দিন যদি স্কীমগুলো পড়ে থাকে তাহলে অগ্রগতি ব্যাহত হবে। তা ছাড়া আজকে যে স্কীমের জন্য লাগবে ২০ লক্ষ টাকা আগামী দু'বছর বাদে সেই স্কীম ৬০ লক্ষ টাকা, লাগবে। গ্রামে কৃষক চাষি খেতমজুর সেই স্কীম থেকে যে সুফল পাওয়ার কথা তা থেকে তারা বঞ্চিত হবে। আমি এটাকে জনবিরোধী বাজেট বলে মনে করি। কারণ বাংলার মানুষের স্বার্থে এই বাজেট নয়, বাংলার কৃষকদের স্বার্থে বাংলার খেতমজুরদের স্বার্থে সেচ ব্যবস্থা সঠিকভাবে পৌঁছে দিতে পারিনি। মন্ত্রী মহাশয় এই ব্যাপারে ব্যর্থ। আশা করি এই ব্যর্থতা কাটিয়ে মুর্শিদাবাদ, নদীয়া, বর্ধমান এবং মালদা জেলার ভাঙন প্ররিরোধ করার ব্যবস্থা করবেন। আগামী দিনে যদি ভাঙন প্রতিরোধ করতে চান, ভাঙনকে নিয়ন্ত্রণে আনতে চান তাহলে মাস্টার প্লান তৈরি করুন। প্রয়োজনবোধে আপনাদের সঙ্গে আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে যাবো। বারে বারে আমরা দেখেছি, মুর্শিদাবাদ জেলা অবহেলিত হচ্ছে। আমরা জেলা থেকে সেন্টার গভর্নমেন্টের কাছে যাবো, ভাঙন প্রতিরোধে অর্থের জন্য আমরা ধর্নায় বসবো। এই ব্যাপারে রাজ্য সরকার আমাদের সঙ্গে আসুক। মুর্শিদাবাদ জেলা মালদা জেলায় ভাঙন অভিশাপ

হয়ে দাঁড়িয়েছে। সেই অভিশাপকে প্রতিহত করতে আমাদের এগিয়ে যেতে হবে। মুর্শিদাবাদ মানুষ এই আবেদন করছে।

অন্তত বন্যা ভাঙন প্রতিরোধের জন্য আপনি এগিয়ে আসুন। আমরা সাহায্য করবো। আপনারা এই জনবিরোধী বাজেটকে সম্পূর্ণ বিরোধিতা করে এবং আমাদের যে কাটমোশান এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় চেয়ারম্যান, স্যার, মাননীয় মন্ত্রী ২০টি প্রকল্প তথ্য সহকারে দিয়েছেন। ২০০৩-২০০৪ সালের জন্য পরিকল্পনা মাফিক যে বাজেট তিনি পেশ করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি এবং বিরোধীরা যে কাটমোশান এনেছেন, আমি তাদ্দর বিরোধিতা করছি। মাননীয় সভাপতি মহাশয়, আজকে একদিকে হচ্ছে উত্তরবঙ্গ 'এর তিস্তা, তোরসা, আর একদিকে হচ্ছে দক্ষিণবঙ্গ', এর হাওড়া, হুগলি, বর্ধমান-দামোদর রূপনারায়ণ, আবার আর একদিকে হচ্ছে সুবর্ণরেখা, পুরুলিয়া, বাঁকুড়া। এইভাবে আমাদের পশ্চিমবঙ্গের আর একদিকে হচ্ছে মুর্শিদাবাদ - পদ্মা এবং গঙ্গা। মাননীয় সদস্য বলছিলেন যে, মুর্শিদাবাদে পদ্মা ভাঙতে ভাঙতে সব চলে যাচ্ছে। আমি আমার রাজনৈতিক জীবনে দেখেছি, ডা: বিধানচন্দ্র রায় যখন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ছিলেন তখন দামোদর ভ্যালি প্রোজেক্ট করেছিলেন। ১৯৫৬, ১৯৫৯ এবং ১৯৭১ সালে হাওড়া, হুগলি এবং বর্ধমানে মানুষ বারবার বন্যায় সর্বহারা সর্বস্বান্ত হয়েছে এবং মেদিনীপুরের কাঁসাই নদী, রূপনারায়ণ আমরা দেখেছি, সেই সময়ে ঢোল, কর্তাল নিয়ে গান বেরোত - 'হায় বিধি, ধ্বংস করেছে কাঁসাই নদী।' আজকে সেইসব গান বেরোয় না। বন্যাক্লিষ্ট মানুষ আজকে ঝোলা নিয়ে ব্যাগ নিয়ে বেরোয় না। বন্যাক্লিষ্ট মানুষ আজকে ঝোলা নিয়ে ব্যাগ নিয়ে বেরয় না। এটা বিরোধীরা স্বীকার করবেন নিশ্চয়ই। অতীতের ভুলে আমরা বন্যাক্রান্ত। এখন আমরা আশঙ্কা করছি, দামোদর ভ্যালি প্রোজেকট - আমরা ঘরপোড়া গরু, সিঁদুরে মেঘ দেখলে ভয় পাই। আমরা আশঙ্কা করছি, হাওড়া, হুগলি, বর্ধমান, হয়তো আমাদের দিকে বন্যা হতে পারে। আজকে যে নদী ভাঙন তাকে রোধ করতে গেলে - আমাদের স্ট্যান্ডিং কমিটি অন ইরিগেশন আমাদের রাজ্যের বন্যা, নদী ভাঙন, বিদ্যুৎ এইসব নিয়ে প্রতি সপ্তাহে বসি। স্ট্যান্ডিং কমিটিতে বিরোধী পক্ষ এবং সরকার পক্ষের সদস্যরা থাকেন। সেখানে আমরা পরিকল্পনা গ্রহণ করি। আমাদের সঙ্গে মন্ত্রীরাও থাকেন। কিন্তু গোড়ায় গলদ।

[4.40–4.50 p.m.]

যেসব পরিকল্পনা করে গেছে তারই প্রতিফলন আজকে ঘটেছে। আমরা এর জন্য হতাশাগ্রস্ত। কিন্তু কেন্দ্রীয় সরকার একটা সরকার, যে সরকার ধর্মের ভিত্তিতে চারিদিকে গণ্ডগোল চালিয়ে যাচ্ছে, সাম্প্রতিককালেই আমরা উড়িষ্যাতে গেছিলাম, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে মন্ত্রী এবং আমরা সবাই গিয়ে টাকা এবং কাপড়-চোপড় দিয়ে এসেছি। আমরা গুজরাটেও গিয়ে দিয়ে এসেছি। কেন্দ্রীয় সরকারের অধীনস্থ পোর্ট ট্রাস্টের কাজ হচ্ছে নদীতে মাটি কাটা সেই কাজ তারা করছে না। এর ফলে নদী মজে গেছে। আজকে হুগলির নদী রূপনারায়ণে চড়া পড়ে গেছে। পদ্মা ভাঙতে ভাঙতে আজাকে নবাবের বাড়ি পর্যন্ত ভাঙনের

মুখে এসে গেছে। আজকে বন্যা হচ্ছে, প্রাকৃতিক দুর্যোগ চারিদিকে, সর্বত্র ভাঙন ধরেছে, ঘরবাড়ি পুড়ছে। আষাঢ় মাস চলছে, এখনো শ্রাবণ, ভাদ্র,, আশ্বিন এই ৩ টে মাসে যে অবস্থার সৃষ্টি করে তাতে ঘরবাড়ি সব ভেসে যায়। নদীর নিয়মই হচ্ছে এক কূল খাবেই খাবে। উত্তরবঙ্গে উন্নয়ন পর্ষদ হয়েছে, দক্ষিণবঙ্গেও একটা উন্নয়ন পর্ষদ হবার কথা চলছে। আজকে সেই উন্নয়ন পর্ষদের মধ্যে দিয়ে নদীগুলোর সংস্কার করার দরকার। আজকে এই নদীগুলোর সংস্কার করতে গেলে কেন্দ্রীয় সাহায্যের দরকার। নদীবাঁধ বলুন বা বন্যা রোধ বলুন যা কিছু সংস্কার করতে গেলে কেন্দ্রীয় সাহায্যের দরকার। আজকে যাঁরা এখানে আমাদের বিরুদ্ধে চিৎকার করছেন তাঁদের বয়সে দেশ স্বাধীন হবার পরেও আজকে তাঁদেরকে এই অবস্থা দেখতে হচ্ছে। মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব আপনারা নদীর সাথে খালের সংযোগ স্থাপন করার ব্যবস্থা করুন - যেমন গোটা মেদিনীপুর ক্যানেলের সাহায্যে হাওড়া, মেদিনীপুর এবং হুগলির মধ্যে সংযোগ স্থাপন করা যাবে। দামোদর, রূপনারায়ণ, কাঁসাই, হুগলি নদী এই খালের সাহায্যে সংযোগ স্থাপন করছে। আজকে যে দামোদরে বন্যা হয় তার জল চলে আসে বর্ধমান। মাননীয় সদস্য ননীদা বললেন, মুণ্ডেশ্বরী, দামোদরের জল চলে আসে বর্ধমান, হুগলি এবং হাওড়ার দিকে লাস্ট চলে আসে। সেই জলটাকে সংস্কার যদি করা যায় তাহলে হুগলি নদী দিয়ে দামোদরের উপর দিয়ে জলটাকে নিয়ে আসা যাবে। এই ব্যাপারে কমিটিতে তদন্তও আমরা করেছি। আমাদের অতীতের যিনি মন্ত্রী ছিলেন ননীবাবু, তিনিও এই মরা দামোদর যেটা জাগনী হুগলি নদীর বুকে তার সংস্কারের কথা বারে বারে বলেছিলেন। মাননীয় সদস্য বারীনবাবুও এই ব্যাপারে বারবার বলেছিলেন। আমরাও সাবজেক্ট কমিটিতে বারবার বলেছিলেন যে, মরা দামোদর শ্যামপুরের কাছে যেটা আছে সেখানে ৭৫টি মৌজাতে এখনো চাষ হয়নি। হুগলি নদীর মুখে যে স্লুইজগুলো রয়েছে, সেই ব্যাপারে এখনো পর্যন্ত ব্যবস্থা নেওয়া হয়নি। এখানে ওই দপ্তরের অফিসাররা বসে আছেন, তাঁদের সঙ্গে বসে আমরা সিদ্ধান্ত নিয়েছিলাম। একজিকিউটিভ ইঞ্জিনিয়ারদের সঙ্গে বসে সিদ্ধান্ত করেছিলাম, কিন্তু কার্যকরী কিছুই হয়নি। অমি আশা করবো এই পরিকল্পনাগুলো বাস্তবে রূপায়িত করবার ব্যবস্থা করা হবে। হুগলি নদীর বাঁধ, দামোদরের বাঁধ, রূপনারায়ণের বাঁধগুলিকে সংস্কার করতে হবে এবং সেটা বর্ষার সময় নয়, বর্ষার আগে এই সংস্কারের কাজটা করতে হবে। আপনার দপ্তরের অফিসাররা বলেন, একটা কাঠের ব্রিজ রিপেয়ার করার মতো অবস্থা আমাদের নেই। ঐ দিল্লির বুকে যারা বসে আছেন তারা এর জন্য দায়ী তাই বন্যা রোধ করার পরিকল্পনা, বন্যা নিয়ন্ত্রণ, সেচের উন্নতি, কৃষকের উন্নতি, কৃষি উন্নতি, নদী সংস্কার এবং তার সংলগ্ন যে খালগুলো আছে তার সংস্কারের জন্য পরিকল্পনা গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের কাছে একটা সর্বদলীয় টিম পাঠাতে হবে। কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে এই দাবি আমাদের রাখতে হবে। পশ্চিমবাংলায় বামফ্রন্টের প্রতি যদি বঞ্চনা করা হয়, তাহলে—যারা বিরোধী দলে আছেন তাদের প্রতিও আমি আহ্বান জানাব - আমরা সমস্ত দলের প্রতিনিধিরা গিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে বলব এবং টাকা চাইব। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে এবং যে কাটমোশান বিরোধীরা এনেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় চেয়ারম্যান মহাশয়, সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত

মন্ত্রীমহাশয় ৩২ নম্বর দাবির অধীন যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে অল্প পরিসরে কিছু আলোচনা করতে চাই। তিনি উপসংহারে বলেছেন যে এবারের বাজেটে উল্লেখযোগ্যভাবে অর্থ হ্রাস করা হয়েছে। সেই কারণেই আমাদের ভাবনা, বাজেট বইয়ে যে অসংখ্য পরিকল্পনার কথা তিনি বলেছেন সেই কর্মসূচিগুলিকে আগামী অর্থ বছরে এর সফলতার জায়গায় নিয়ে আসবেন কি করে সেটা জানাবেন। আমি আরও জানতে চাইছি বিগত বছরে আপনি বাজেট প্রস্তাবে যে অর্থ মঞ্জুরীকৃত হয়েছিল সেই অর্থ আপনি পেয়েছিলেন কিনা এবং সেইমতো আপনার দপ্তরের কাজ হয়েছিল কিনা। আমরা দেখছি সব মিলিয়ে একটু তদ্বির-তদারকি না করলে অর্থের প্রয়োজনীয়তা মেটে না। আমরা দেখছি দিল্লিতে তদ্বির-তদারকি করার জন্য একজন আই..এ.এস অফিসারাই যথেষ্ট। তাই আপনার দপ্তরের একজন আই.এ.এস অফিসারকে প্রধান সচিব হিসাবে সেখানে নিয়োগ করা যায় কিনা, সেটা আপনি ভেবে দেখবেন। এটা হচ্ছে আমার প্রথম প্রস্তাব।

[4.50–5.00 p.m.]

দুই, এই বাজেট প্রস্তাবে আপনি বলেছেন যে, পশ্চিমবঙ্গের একটা বড় অংশ ব্রহ্মপুত্র অববাহিকার সঙ্গে যুক্ত। কিন্তু স্বাধীনতা পরবর্তী সময়ে ব্রহ্মপুত্র বন্যা নিয়ন্ত্রণ যে বোর্ড আছে, সেই বোর্ডে আমাদের কোনো সদস্য নেই। আপনি, আমাদের কোন সদস্যকে যাতে সেখানে রাখা যায় তার প্রচেষ্টা করছেন, এটাকে ধন্যবাদ জানাই। আমি মুর্শিদাবাদ জেলার মানুষ, পাগলা, বাঁশলই নদীর ধারের মানুষ। গতবার বাজেটে পাগলা, বাঁশলই নদীকে নিয়ে আসা হয়েছিল, এবারে তাদের কোন উল্লেখ নেই। একটা কথা আছে - 'নদীর ধারে বাস, ভাবনা বারো মাস'। একদিকে গঙ্গা-পদ্মা ভাঙন, আর একদিকে বাঁশলই, পাগলা, ময়ূরাক্ষী নদীর বন্যা - যা অল্প সময়ের মধ্যেই এসে যায়- এই নিয়ে আমরা মুর্শিদাবাদ জেলার মানুষ আতঙ্কিত। আমাদের মুর্শিদাবাদ জেলবারই একজন বিধায়ক অনেক বড় বড় কথা বলে গেলেন ভাঙনের পক্ষে। আমি শুধু বলতে চাই যে, ১৯৭৫ সালের আগে গঙ্গা-পদ্মা ভাঙন, নদী ভাঙনের চরিত্র ছিল এক ধরনের এবং ১৯৭৫ সালের পর ফরক্কা ব্যারেজ প্রোজেক্ট সঠিকভাবে রূপায়িত হওয়ার ফলে ১৬৯ কিলোমিটার গঙ্গা-পদ্মা ভাঙন দেখা দেয় এবং এটা প্রতিনিয়ত বাড়ছে। শুধু তাই নয়, ঐ একই কারণে ভাগীরথী মুর্শিদাবাদ জেলায় ৪০ কিলোমিটার ধরে ভাঙছে। ১৯৭২ সালে আমরা বিপ্লবী সমাজতন্ত্রী দলের সংযুক্ত কৃষক সভা, কিষাণ সংগঠনের পক্ষ থেকে বলেছিলাম, আমাদের মাননীয় সাংসদ শ্রদ্ধেয়, স্বর্গত ত্রিদিব চৌধুরী সেখানে বলেছিলেন যে, এই প্রকল্প সম্পূর্ণ না হলে মুর্শিদাবাদ জেলা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হবে। আমরা দেখলাম সেই কারণে মুর্শিদাবাদ জেলার ৩৫ হাজার একর জমি এখনও ডুবে আছে, সেসব চাষিরা কোন ক্ষতিপূরণ পাচ্ছে না। আজকে কংগ্রেস বন্ধুরা তো বলবেন - এটা কিসের জন্য হয়েছে? আজকে বামফ্রন্টের আমলে, ৬২ শতাংশ জমিতে সেচের ব্যবস্থা হয়েছে। আজকে খাদ্য উৎপাদন হচ্ছে। আপনাদের সময় মানুষ খাদ্য পেত না। আপনারা বিভিন্ন ব্যবস্থার মধ্যে দিয়ে গরিব মানুষের খাদ্যে যাতে অনটন ঘটে তার চেষ্টা করেছিলেন। এখানে বামফ্রন্ট ৬২ শতাংশ জমিতে সেচের ব্যবস্থা করতে পেরেছে। কোথায় আছে এরকম? এই দশম অর্থ যোজনায় ৭৫ শতাংশ জমিতে সেচের ব্যবস্থা

হবে। সেচ ব্যবস্থা যাতে কোন জেলায়, কোন মৌজায়, কোন মহকুমায় বিশেষ করে বেশি না হয়, কোন জেলা, কোন মৌজা, কোন মহকুমা সেচ থেকে ছাড় না পায় সেটা দেখতে হবে। সমস্ত জমিকে সেচ ব্যবস্থার মধ্যে আনতে হবে। এই কারণেই আনতে হবে যে, আজকে যখন চারদিকে বেকারদের হাহাকার, তখন দেখছি তারা জমির দিকে ঝুঁকছে। সেই সেচ ব্যবস্থা করে এক, দুই, তিনটে ফসল করতে পারলে বেকারদের কর্মসংস্থান হবে। এই কথাটা ভেবে আগামী দিনে সেচ ব্যবস্থার সম্প্রসারণ, বাঁশলই, পাগলা যাতে পরের বাজেটে আসে, সেই ব্যবস্থা আপনাকে করতে হবে। সেই সঙ্গে ফিডার ক্যানেলের জলে আমাদের বহু এলাকা বিল বড়েলে ভরতি হয়ে যায়, তবে প্রচুর জল, সেই জল তুলে যদি আমরা সাগর, দীঘিতে নিয়ে গিয়ে রঘুনাথগঞ্জে, সূতি অবশিষ্ট জায়গায় নিয়ে যেতে পারে বিরাট এলাকা ; সেচসেবিত হবে। সেই ব্যবস্থা বাজেটে অন্তর্ভুক্ত করতে হবে। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রমথনাথ রায় : মাননীয় চেয়াম্যান স্যার, আজকে সেচমন্ত্রী শ্রী অমলেন্দ্র লাল রায় ৩২ নম্বর দাবিতে সেচ দপ্তরের ব্যয়বরাদ্দের মঞ্জুরী চেয়েছেন আমি তার বিরোধিতা করছি এবং বিরোধীরা যে কাটমোশান দিয়েছেন তাকে সমর্থন করছি। বাঁধ মেরামতের টাকা নেই, নদী ভাঙন মেরামতের টাকা নেই। যে বিষয়গুলোতে কাজ সম্ভব হবে না, সে বিষয়গুলো মাননীয় মন্ত্রী নিজেই বলেছেন উপসংহারে। সেখানে উনি বলেছেন গত বছর ২০০২-২০০৩-এ উনি বরাদ্দ চেয়েছিলেন ৬৪৯ কোটি ২ লক্ষ ৯৮ হাজার টাকা, এবারে চেয়েছেন ৪০৯ কোটি ৩৭ লক্ষ ৩০ হাজার টাকা। তফাত হচ্ছে ২৩৯ কোটি টাকা ৬৫ লক্ষ ৬৮ হাজার টাকা। সরকারের অর্থনৈতিক সংকট, এই পরিমাণ কচ্ছে। মন্ত্রী আফসোস করেছেন, সংগত কারণেই করেছেন। আজকে পশ্চিমবাংলার সেচ, নদীভাঙন, বাঁধ মেরামত সে সবের বিস্তারিত আলোচনায় যাচ্ছি না। আমি একটা বিষয়ে মাননীয় মন্ত্রীকে বলতে চাই যে, আমি একটু আগে উত্তরবঙ্গের দু-একজন বিধায়কের সঙ্গে কথা বলছিলাম, বিষয়টা হচ্ছে শতাব্দীর অন্যতম — তাকে কেলেঙ্কারী বলব নাকি প্রহসন বলব না উপহাস বলব - তিস্তা সেচ প্রকল্প। কেন্দ্রীয় পরিকল্পনা যে কমিশন অনুমোদন দিয়েছিলেন '৭৫ সালে, '৭৬ সালে কাজ শুরু হয়েছে। তিনটে পর্যায়ে কাজ হবে। ১৫ বছরে সম্পূর্ণ হবে। সেচসেবিত এলাকা কত হবে। বই দুটো আমার কাছে। সেচ দপ্তর থেকে প্রকাশিত। উত্তরবঙ্গের নতুন দিশারী। উত্তরবঙ্গের মানুষের স্বপ্ন তিস্তা সেচ পরিকল্পনা। উত্তরবঙ্গ শিল্পবিহীন এলাকা, ৬টা জেলা। তাই কৃষির উন্নয়নের মধ্যে দিয়ে উত্তরবঙ্গের মানুষের উন্নয়ন ঘটাতে হবে। বলা হচ্ছে কংসাবতী, ময়ূরাক্ষী, ডি.ভি.সি. পশ্চিমবাংলার তিনটে বড় সেচ, যত জমিতে সেবা দেওয়ার জন্য ক্ষমতা ধরে রাখে, তিস্তা প্রকল্প তত জমিতে বা ততোধিক জমিতে সেচের ব্যবস্থা দেওয়ার ক্ষমতা ধরবে। ৯ লক্ষ ২২ হাজার হেক্টর জমিতে দেবে।

[5.00–5.10 p.m]

পরিমাণটা হল ৯ লক্ষ ২২ হাজার হেকটর জমিতে জল দেবে। আমি গোটা হাউসের আকর্ষণ করতে চাই যে, ১৫ বছরে কমপ্লিট হবে। এই কথা বলেছিল। তখনকার বাজারে

দাম কম ছিল। বরাদ্দ ছিল ৬৯ কোটি ৭২ লক্ষ টাকার মতো। পরবর্তীকালে দ্রব্যমূল্য বেড়েছে। টাকার পরিমাণ বড়েছে। যাই হোক শুধু ৯ লক্ষ হেকটর জমিতে জল দেওয়া হবে তাই নয়, তার সঙ্গে ১ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে। ব্রহ্মপুত্র, গঙ্গা সঙ্গে একটা সংযোগকারী খাল খনন করা হবে। ১৫ বছরে কাজটা কমপ্লিট হবে। অর্থাৎ ১৯৯০-৯১-তে শেষ হবে। কিন্তু '৯০ সালে দেখা যাচ্ছে যে, এই দপ্তর থেকে বলা হচ্ছে যে, ৬৫৯ কোটি টাকা অর্থাৎ অনেক বেশি টাকা লাগবে। পরবর্তীকালে '৯৬ সালে দেখছি যে, সবই বইতে ছাপানো হয়েছে। দেখা যাচ্ছে ১ হাজার ১৭৭ কোটি টাকা লাগবে। এই বছর আপনারা বইতে ছাপিয়েছেন। আমার কাছে হিসাব আছে, '৯৯ সালে তিস্তার প্রকল্পে খরচ হল ৭৮৩ কোটি টাকা। '৯৯ সাল থেকে দু'হাজার সাল হতে এক বছর বাকি, প্রায় ২৩ বছর হল, কত জমিতে জল দেওয়া গেল না—৯৭ হাজার ২০ হেকটর জমিতে জল দেওয়া গেল। গতবার এবং এবার বইতে দেখা যাচ্ছে ১ লক্ষ হেকটারের কিছুটা ছাড়িয়ে গেছে। আমার মনে হয় যে, আপনারা যেসব তথ্য দিয়েছেন, সেগুলি অসত্য। কারণ আমার এলাকায় অনেক তথ্য জেনেছিলাম এবং কিছুটা নিজে দেখেছি। আপনি নিজে খোঁজ নিয়ে দেখুন। তিস্তা প্রকল্প বহুদিন আগে হয়েছে। ৯ লক্ষ ২২ হাজার হেক্টর জমিতে জল দেবেন বলেছিলেন। গত ৫ বছর ধরে তিস্তা প্রকল্পের জন্য কোন টাকা খরচ হচ্ছে না। শুধু মেনটেনেন্স হচ্ছে, কর্মচারীদের জন্য মাইনে দেওয়া হচ্ছে। সেই পরিমাণ আনুমানিক বছরে ২০ থেকে ২৫ কোটি টাকা। এটাই বছরে খরচ বেড়ে যাচ্ছে। আমি অনুরোধ করছি জবাবী ভাষণে বলবেন আজ পর্যন্ত তিস্তা প্রকল্পের জন্য কত কোটি টাকা খরচ হয়েছে। ওনারা বলেছেন জমি অধিগ্রহণের জন্য সময় নিচ্ছে বেশি। মালিকরা কৃষক, চাষিরা সহযোগিতা করছে না। কাজের অসুবিধা হচ্ছে। সবসময় পঞ্চায়েতের সহযোগিতা পাওয়া যাচ্ছে না। এটা কি সত্য? এর মতো বিকৃত তথ্য আর কিছু হতে পারেন না। আমি যেটা জানি সেটা হচ্ছে এই তিস্তা প্রকল্প উত্তরবঙ্গের মানুষের কাছে একটা স্বপ্ন। কিন্তু সেই স্বপ্ন আজকে দুঃস্বপ্নে পরিণত হয়েছে। জমি অধিগ্রহণে সামান্য কিছু জটিলতা থাকলেও কৃষক জমি দিয়েছে। এলাকার মানুষ জমি দিয়েছে। কিন্তু পরবর্তীকালে তারা কোন ফল পাইনি। অন্য কৃষকরা খুব সহজে সোজাসজি জমি দিতে রাজি হয়নি। দাউদনগর ক্যানেল ৮০-৮২ কিলোমিটার । আপনার দপ্তর বলছে ৬৭ কি.মি. কমপ্লিট। কিন্তু এইটা কিভাবে হয়েছে? সেখানে বেডগুলো ঠিক আছে? কি কাজ হয়েছে? প্রত্যেকটা বেড দু-তিনবার মেরামত করা হয়েছে। আপনি যদি সাহস করে দেখতে যান, জানি না আপনার দপ্তর সেখানে আপনাকে যেতে দেবে কিনা, অন্য কেউ গিয়ে দেখতে পারেন দাউদনগর ক্যানেলের বর্তমান অবস্থাটা কি? সেখানে অদ্ভুত অদ্ভুত ব্যাপার ঘটছে। কৃষকে জমি দিল ক্যানেল হলে সেচের জল পাবে এবং বাকি জমিতে দু'ফসলা, তিন ফসলা চাষ করতে পারবে বলে। কিন্তু সেই আশা পূরণ হ'ল না। আরেকটা ঘটনা ঘটল। খালের পাড়ে কোন মাটি দিয়ে বাঁধা হবে তা নিয়ে ইঞ্জিনিয়ারদের মধ্যে মতবিরোধ দেখা দিল। একদল ইঞ্জিনিয়ার বলল বাইরে থেকে মাটি এনে পাড় বাঁধাতে হবে, না হলে ভেঙে যাবে। কিন্তু দেখা গেল যারা পরিকল্পনা করল তারা চলে গেল এবং পরবর্তীকালে বিশেষজ্ঞ দল এল এবং তারা বলল এখান থেকে মাটি নিয়েই পাড় বাঁধার কাজ হবে, তা না হলে বেশি

খরচ পড়ে যাবে। সবই তো টেম্পোরারি, পার্মানেন্ট কেউ যাচ্ছে না। ফলে চাষের মাটি তোলা হলে কৃষক আরো ক্ষতিগ্রস্ত হল। আবাদী জমি আর আবাদী থাকল না, মাছ চাষের জমিতে পরিণত হল। কৃষক একবার তিস্তার জন্য জমি দিল, কিন্তু সেচ হল না। এই দুঃস্বপ্নের মধ্যে দিয়ে তিস্তার কাজ চলছে এবং আজকে এটা একটা প্রহসনে পরিণত হয়েছে। লাইনিঙের ঢালাই হবে ৪ ইঞ্চি। কিন্তু দেখা যাচ্ছে-দেড় দু ইঞ্চির বেশি লাইনিঙে ঢালাই হচ্ছে না। এবং যে সমস্ত কন্ট্রাকটরেরা এই সমস্ত কাজ করছে তাদের লক্ষ লক্ষ কোটি কোটি টাকা পেমেন্ট দেওয়া হয়ে গেছে, তাদের কোন শো-কজ করা সম্ভব হয়নি। আপনারা বলছেন দাউদনগরের ৬৭ কি.মি. ক্যানেলের কাজ কমপ্লিট হয়েছে, কিন্তু তা কমপ্লিট হয়নি এবং তার পরের ১৫ কি.মি-র কাজ হল না। না করেই হয়ে গেল। ২৮ কোটি টাকার প্রকল্পে ২৫ কোটি টাকা খরচ করে ওয়েল করা হয়। ১৯৯০ শেষ হওয়ার কথা আজকে ২০০৩ সালেও এই ভাবে পড়ে আছে। ডাউন স্ট্রিমে কোন কাজ নেই। গত ৫ বছর ধরে এইভাবে অপরিকল্পিতভাবে, এলোমেলোভাবে কাজ করা হচ্ছে। কনট্রাকটরদের সাথে আধিকারিকদের সাথে একটু অশুভ আঁতাত চলছে। কয়েক বছরে প্রকল্পটার শেষ করে দেওয়া হল, সর্বনাশ করে দেওয়া হল। কিন্তু জলসেচ হ'ল না। এখন কি হচ্ছে? মাইনে দিতেই ২০-২৫ কোটি টাকা খরচ হচ্ছে, পরিকল্পনার কোন কাজ হচ্ছে না। আমার ধারণা এই অবস্থা চলতে থাকলে কিচ্ছু হবে না। এই পরিপ্রেক্ষিতে কতগুলো প্রশ্ন করছি। তিস্তা প্রকল্পের ক্ষেত্রে নাবার্ড থেকে টাকা পাবেন কিনা জানি না।

[5.10–5.20 p.m.]

সেন্ট্রাল গভর্নমেন্ট কোন টাকা দিচ্ছে কিনা, স্টেট গভর্নমেন্টকে শেয়ার বিয়ার করছে কিনা—এসব আপনার বইতে নেই। তাহলে আমরা জানতে পারতাম যে, তিস্তা প্রকল্প নিয়ে কি হয়েছে? এটা আদৌও হবে কিনা উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর জল পাবে কি পাবে না? তদন্ত কমিটি করে ব্যাপারটা দেখুন। তিস্তা প্রকল্পে যারা কাজ করে সেই সব কর্মচারীদের ব্যয় সংকোচ হবে কিনা? ওখানে একজনও স্থায়ীভাবে কাজ করতে পারছে না, ৬ মাস পরে তারা চলে যায়। তিস্তা প্রকল্পের ক্ষেত্রে একজন ইঞ্জিনিয়ারও দেখাতে পারবেন না যে ওখানে একটানা ৩ বছর কাজ করছেন। এভাবে প্রকল্পটাকে শেষ করে দেওয়া হচ্ছে। আমার অনুরোধ এটা নিয়ে ভাবুন। আমি অনেক সময় দেখেছি, সরকারের কাছে আবেদন করে ফল পাওয়া যায় না, কিন্তু খাস-খবরে বেরোলে সেটা নিয়ে ভাবনা-চিন্তা করা হয়। আমি সাংবাদিক বন্ধুদের বলছি, আপনারা তিস্তা প্রকল্পের বিষয়টা নিয়ে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করুন এবং এর ছবিটা তুলে ধরুন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে এবং কাটমোশানগুলোকে সমর্থন করে আমি বক্তব্য শেষ করছি।

শ্রীমতী অসীমা চৌধুরী : মাননীয় সভাপতি মহাশয়, সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী অমলেন্দুলাল রায় মহাশয় ৩২ নম্বর দাবির অধীন ৪০৯ কোটি ৩৭ লক্ষ ৩০ হাজার টাকার যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাটমোশানগুলোর তীব্র বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। এখানে যে ব্যয়বরাদ্দ

ধরা হয়েছে তা এই প্রকল্পকে সফলভাবে রূপায়িত করার জন্য যথেষ্ট নয়। কারণ এই বিভাগের কাজ হচ্ছে সেচ ও বন্যা নিয়ন্ত্রণ। পশ্চিমবঙ্গ বন্যা বিপর্যস্ত, ভাঙন বিপর্যস্ত রাজ্য। তাই এখানে বারবার বন্যার মোকাবিলা করে, ভাঙন মোকাবিলা করতে গিয়ে যে অর্থের প্রয়োজন, সেই অর্থ অপ্রতুল সেটা আমি মনে করি। এই বিভাগ কংসাবতী প্রকল্পকে কাজে লাগিয়ে বাঁকুড়া, পুরুলিয়া, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর এসব জায়গায় ৩৯৮.১০ হাজার হেকটর জমিকে চাষের আওতায় এনে তাকে কৃষিযোগ্য করেছে এবং প্রচুর ফসল উৎপাদন করছে, বিশেষ করে বাঁকুড়া, পুরুলিয়ার যে সমস্ত শুখা এলাকায় ফসল হত না, এখন সেই সব জায়গায় ফসল উৎপন্ন হচ্ছে। এর জন্য এই দপ্তর প্রশংসনীয়। তিস্তা প্রকল্প বহুমুখী নদী পরিকল্পনা। এই প্রকল্পকে কাজে লাগিয়ে ২০০১-২০০২-তে ১১৯.১১ হাজার হেকটর জমিকে সেচের আওতায় এনে উৎপাদন বাড়ানো হয়েছে। তাছাড়া এই প্রকল্প থেকে জাতীয় সড়কের মান অনুযায়ী রাস্তা নির্মাণ হচ্ছে। তাছাড়াও এর ৩টি ক্যানাল ফল্ থেকে রাজ্য বিদ্যুৎ বিভাগ জলবিদ্যুৎ উৎপাদন করছে। কিন্তু তিস্তা প্রকল্পের যে সমস্ত পরিকল্পনা রয়েছে তার সমস্ত কাজগুলো এখনও রূপায়িত হয়নি অর্থাভাবে। তিস্তা প্রকাল্পর সমস্ত কাজগুলো যাতে দ্রুত রূপায়িত করা যায়, তার জন্য আমি এই দপ্তরের কাছে আবেদন রাখছি। তিস্তা প্রকল্পের কাজগুলো দ্রুত রূপায়িত হলে উত্তরবঙ্গের ৬টি জেলা উপকৃত হবে, উত্তরবঙ্গের পতিত জমিকে সেচের আওতায় এনে প্রচুর ফসল উৎপাদন করা যাবে। আমি মনে করি তিস্তা প্রকল্পের সমস্ত কাজগুলোকে দ্রুত রূপায়িত করে উত্তরবঙ্গের সমস্ত জেলাগুলোতে জলসেচের ব্যবস্থা করে ফসল ফলানোর উদ্যোগ নেওয়া যাবে। শুখা মরশুমে ফারাক্কা ব্যারেজ থেকে কিছু মিষ্টি জল হুগলি নদীতে ঢুকে পড়ে। সেই জল ঢুকলে পরে হুগলি নদীর জলের নোনা ভাবটা কেটে যায়। সেখান থেকে স্লুইস গেট দিয়ে জোয়ারের জল ঢোকে। সেই জলকে ক্ষেত্রবিশেষে কাজে লাগিয়ে হাওড়া, হুগলি, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুরের বিরাট এলাকাকে সেচের আওতায় এনে বিরাট ফসল ফলানোর ব্যবস্থা করা হয়েছে। বিহারের রাজমহল পাহাড় থেকে গঙ্গা নদী পশ্চিমবঙ্গের মধ্য দিয়ে মালদা জেলায় প্রবেশ করে বাংলাদেশের দিকে প্রবাহিত হচ্ছে। ফারাক্কার উর্ধ্ব ও নিম্ন অববাহিকায় বিগত ৩ দশক ধরে জমি, বাড়ি, ঘর সমস্ত কিছু নষ্ট হচ্ছে। গঙ্গা নদীর বাম তীরের গ্রামগুলিকে রক্ষা করার জন্য ৮টি রিটায়ার্ড বাঁধ করা হয়েছিল, কিন্তু তাতেও সমস্যা দূর হয়নি। ৯ম রিটায়ার্ড বাঁধের প্রয়োজন দেখা দিয়েছে। কিন্তু তাতেও সমস্যা দূর হবে না। কারণ আমি ভাঙন এলাকার এম.এল.এ। আমার ১৩টি জি.পি.-র মধ্যে ৭টি জি.পি. হচ্ছে ভাঙন এলাকায়। সেখানে প্রতিনিয়ত বন্যায় বিধ্বস্ত হচ্ছে ভাঙনে জর্জরিত হচ্ছে। আজও সেখানে ভাঙন হচ্ছে। এই ভাঙন থেকে রক্ষা করবার জন্য আমরা বার বার কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছি, কিন্তু সেখানে আমাদের আবেদন পৌঁছায়নি। তাই গত ১৪ ফেব্রুয়ারী থেকে ২-রা মার্চ পশ্চিমবঙ্গের যুবরা পশ্চিমবঙ্গকে ভাঙনের কবল থেকে বন্যার কবল থেকে বাঁচানোর জন্য এবং পুনর্বাসনের দাবিতে পদযাত্রা করেছিল। তারপর আমরা তাই দলমতনির্বিশেষে এম.পি., এম.এল.এ.-রা সংসদের সামনে ধরনা দিয়েছিলাম। সেখানে একটা ডেপুটেশান দেওয়া হয়েছিল। তখন প্রধানমন্ত্রী বলেছিলেন, নিশ্চয়ই এটা আমি দেখব এবং বিশেষজ্ঞদের সঙ্গে

কথাবার্তা বলব। কিন্তু আজও আমরা এখানে কিছু দেখতে পাচ্ছি না। '৯৬ সালে কেশকার কমিটি তার আগে প্রীতম সিং কমিটি তারা চেয়েছিল কিন্তু কেশকার কমিটি তার প্রস্তাবে বলেছিল - ভাঙন প্রতিরোধ, বন্যা নিয়ন্ত্রণ-এ স্বল্পমেয়াদি পরিকল্পনায় ৩১৫ কোটি টাকা এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনায় ৬১২ কোটি টাকা লাগবে। কিন্তু সে টাকা দেওয়া হয়নি। সম্পূর্ণ টাকা আসেনি বলে কোন কাজ হয়নি। আজও পশ্চিমবঙ্গে ভাঙন এবং বন্যাবিধ্বস্ত। ১৯৯৮ সালে যে বন্যা হয়, সেই বন্যা এত ভয়াবহ যে সেই বন্যাকে জাতীয় বিপর্যয় বলেছিলেন আমাদের প্রধানমন্ত্রী এবং তার জন্য ১. কোটি টাকা দেবেন বলেছিলেন, কিন্তু সেই টাকা সম্পূর্ণ দেওয়া হয়নি। তাই সেই বন্যার কবল থেকে ভাঙনের কবলে আজও পশ্চিমবঙ্গ বিপর্যস্ত। এমন একদিন আসবে যেদিন মালদা জেলা মুছে যাবে সেখানে শুধু গঙ্গার জল। আমি আশ্চর্য হয়ে গেলাম। গতকাল প্রধানমন্ত্রী এলেন তিনি এখানকার শিল্প সম্পর্কে কটূক্তি করলেন যে শিল্পের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ পিছিয়ে পড়ছে। কিন্তু একবারও ভাঙন প্রতিরোধ, বন্যা নিয়ন্ত্রণ এবং পুনর্বাসনের দাবি জানানো সত্ত্বেও তার জন্য একটি কথাও বললেন না। তিনি কি জানেন কি করে পশ্চিমবঙ্গের শিল্পায়ন ঘটবে? হলদিয়ায় পেট্রোকেমিকেল করবার জন্য ১২ বছর ধরে পারমিশন পাওয়া যায়নি। লগ্নিকারীরা থাকবে কি? বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্রের জন্যও ২ বছর ধরে পারমিশান পাওয়া যায়নি। তারপর পারমিশান পাওয়া গেল না বলে লগ্নিকারীরা চলে গেল। পশ্চিমবঙ্গের মানুষ বুকের রক্ত দিয়ে বক্রেশ্বর গড়ে তুলল। শিল্প কে না চায়? উন্নতি কে না চায়? পশ্চিমবঙ্গ দেশের মধ্যে শিল্পে একটা স্থান করে নিতে পারে। নিশ্চয়ই আপনাদের সহযোগিতা, সাহায্য আমাদের দরকার এই ব্যাপারে। তা না হলে আমরা শিল্পের ক্ষেত্রে সেই জায়গায় যেতে পারব না। আপনি তো জানেন কিভাবে পশ্চিমবঙ্গের মানুষ সর্বদাই সমস্ত মানুষের কাছে থেকে মানুষের সমস্যা দূর করার জন্য সর্বদাই নিরলস কাজ করে চলেছে। সেইখানে আপনাদের সাহায্য এবং আপনাদের সহযোগিতা আমাদের দরকার। কেননা আপনাদের সাহায্য এবং সহযোগিতা না পেলে আমরা সেই জায়গায় দাড়াতে পারব না। শুধু কটূক্তি নয়, সহানুভূতি, সাহায্য এবং সহযোগিতা চাই। এই আবেদন রেখে পশ্চিমবঙ্গের প্রতিরোধ, বন্যা নিয়ন্ত্রণ এবং পুনর্বাসনের জন্য আপনার কাছে আবারও আবেদন জানিয়ে আপনার টনক নড়িয়ে আবাদের যে ব্যয়বরাদ্দ, তাকে পূর্ণ সমর্থন করে বিরোধীদের ছাঁটাই প্রস্তাবের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5.20–5.30 p.m.]

শ্রী প্রবোধ চন্দ্র পুরকাইত : মাননীয় সভাপাল মহাশয়, আজ এখানে সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করছেন আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। সভাপাল মহাশয়, সর্বপ্রথমে আমি একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এখানে সেচ ও জলপথ বিভাগের ব্যয়বরাদ্দের পরিপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রী মহাশয়ের যে বাজেট বিবৃতিটি পেশ করা হয়েছে তাতে কেবলমাত্র মন্ত্রী অমল-বাবুর নাম লেখা আছে। অপর মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী গণেশ মণ্ডলের নামের এখানে কোন উল্লেখ নেই। এটা কেন হল? তাহলে কি রাষ্ট্রমন্ত্রী মহাশয় তাঁর দায়িত্ব পালন করছেন না? এখানে যে বাজেট বিবৃতি পেশ করা হয়েছে, তাতে বিভিন্ন সমস্যার কথা উল্লেখ করা হয়েছে — নদীর ভাঙনের কথা, নদীবাঁধ রক্ষার সমস্যার কথা, বন্যা

নিয়ন্ত্রণের সমস্যার কথা ইত্যাদি। আরো উল্লেখ করা হয়েছে, সমস্যা মোকাবিলায় যে অর্থের প্রয়োজন, সেই প্রয়োজনীয় অর্থ তুলনামূলকভাবে কম পেয়েছেন। স্বল্প অর্থ দিয়েই তিনি কিভাবে তাঁর পরিকল্পনাগুলি বাস্তবায়িত করবেন, সে কথাও উল্লেখ করেছেন। আমাদের রাজ্যে কয়েকটা বড় বড় এলাকা আছে, সেচ এলাকা আছে যেমন—ময়ূরাক্ষী, তিস্তা, দামোদর ইত্যাদি। সমস্ত এলাকার কথাই তিনি বলেছেন। কিন্তু আমরা লক্ষ্য করছি এই সমস্ত পরিকল্পনাগুলি বা প্রকল্পগুলি শুরু থেকে আজ পর্যন্ত বাস্তবে উদ্দেশ্য পরিপূরণ করছে না। আমাদের পশ্চিমবাংলা যেহেতু নীচের দিকের রাজ্য সেহেতু একদিকে বৃষ্টিপাত বেশি হলেই গংগা, পদ্মা, ভাগীরথী প্রভৃতি নদীর জলে পশ্চিমবাংলার জেলাগুলি প্রতি বছর ভাসছে, বন্যা কবলিত হচ্ছে। অপর দিকে পাহাড়ি নদীগুলির জলে উত্তরবঙ্গের জেলাগুলি বন্যাপ্লাবিত হচ্ছে। এ ছাড়া ধস, নদী ভাঙন ইত্যাদি আছে। ফলে প্রতি বছরই ঘর-বাড়ি জমির প্রচুর ক্ষয়-ক্ষতি হচ্ছে। মালদা এবং মুর্শিদাবাদ জেলায় নদী ভাঙন এমন অবস্থার সৃষ্টি করেছে—একদিকে গঙ্গা-পদ্মা, অপর দিকে ভাগীরথী, মাঝে যে জায়গাটুকু আছে তার পরিমাণ মাত্র ১.৩০ কিলোমিটার। এই ব্যবধানটুকু যদি একদম মিলিয়ে যায়, যেভাবে নদী ভাঙছে তাতে সে আশঙ্কা আছে, তাহলে আমাদের রাজ্যের প্রাকৃতিক ও ভৌগোলিক ভারসম্য নষ্ট হয়ে যাবে, ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে, নতুন নতুন সমস্যার সৃষ্টি হবে। এই রকম একটা গুরুতর সমস্যাকে মোকাবিলা করার জন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের দপ্তর থেকে কি পরিকল্পনা নির্দিষ্ট হয়েছে, কি পদক্ষেপ নেয়া হচ্ছে সে সম্পর্কে মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বিবৃতিতে খুব পরিষ্কার করে কিছুই বলেননি। তিনি শুধু সমস্যার কথাই বলেছেন। তিনি মুর্শিদাবাদ জেলার মানুষ, সুতরাং তিনি নিজে সমস্যার গভীরতা যথেষ্ট ভালভাবেই উপলব্ধি করেন। অতএব আমি আশা করব তিনি তাঁর জবাবী ভাষণ একটু গুরুত্ব দিয়ে এবিষয়ে বলবেন। এই গেল একটা দিক, অপর দিকে ফরাক্কা ব্যারেজ নির্মাণের উদ্দেশ্য ছিল খরার সময়ে সেচের জলের ব্যবস্থা করা, বন্যা নিয়ন্ত্রণ করা এবং গঙ্গা ও ভাগীরথীর নাব্যতা বাড়ানো। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে ফরাক্কা ব্যারেজ আজকে মুমূর্ষ অবস্থায় এসে দাঁড়াচ্ছে। ফরাক্কা ব্যারেজের সমস্যা আজকে যেভাবে দেখা যাচ্ছে, তাতে স্পারগুলি যে কোন মুহূর্তে ভেঙে পড়তে পারে—এইরকম আশঙ্কার কথা সংবাদপত্রে বেরিয়েছিল। এই ফরাক্কা ব্যারেজ তৈরি করার মধ্য দিয়ে দীর্ঘ যে পথ, দক্ষিণবঙ্গের সাথে উত্তরবঙ্গের যে যোগাযোগ ব্যবস্থা, সেই যোগাযোগ ব্যবস্থার ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ফরাক্কা ব্যারেজের যে জল, সেই জল রবি মরসুমে এবং বোরো মরসুমে গঙ্গায় প্রবাহিত করা হবে বলে ঠিক হয়েছিল এবং সেই জল সেইভাবে প্রবাহিত হতো। হুগলি নদী এবং ভাগিরথী নদী দিয়ে সেই জল এসে দক্ষিণ ২৪ পরগনা এবং মেদিনীপুরের একটা বিরাট অংশে জোয়ারে জলে রবি মরসুমে চাষ হতো। প্রথমদিকে সেই জল প্রবাহিত হতো, কিন্তু এখন দেখা যাচ্ছে ক্রমাগত সেই জল যে পরিমাণে ফরাক্কা দিয়ে আসবার কথা সেটা ভাগীরথী দিয়ে আসছে না। ফলের নীচের দিকটা অর্থাৎ দক্ষিণ ২৪ পরগনা এবং মেদিনীপুরে সেই জল দিয়ে আগে যে চাষের সমস্যা মিটতো এখন সেটা প্রকট হয়ে দেখা দিচ্ছে। আজকে জল নিকাশী ব্যবস্থা ক্রমাগত সমস্যা হয়ে দাঁড়িয়েছে। বর্ষা হলেই জমিগুলি ডুবতে থাকে। বিভিন্ন শহর, এমন কি কলকাতা শহরেও নিকাশী খালগুলি সংস্কার হয় না। অবশ্য কিছু কিছু খাল এখন সংস্কার হচ্ছে, কিন্তু অর্ধেক পথেই সংস্কারের কাজ বন্ধ হয়ে যাচ্ছে,

ফলে আবার ময়লা জমছে। এর ফলে দেখা যাচ্ছে, শহর ডুবছে আর গ্রামের জেলাগুলি ডুবছে। সর্বত্র এই সমস্যার সমাধানের ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় কি পদক্ষেপ নিচ্ছেন, সেই সম্পর্কে তিনি আমাদের পরিষ্কার করে জানান। অপরদিকে সুন্দরবনের যে বিস্তীর্ণ নদীবাঁধ সেই নদীবাঁধগুলি অত্যন্ত ভঙ্গুর। জলোচ্ছ্বাস, বন্যা এবং প্রাকৃতিক দুর্যোগে প্রবল ঘূর্ণিঝড়ে নদীতে যে ঢেউ ওঠে সেই ঢেউ নদী বাঁধগুলি সহ্য করতে পারে না। ফলে নদীবাঁধগুলি ভেঙে বিভিন্ন এলাকা প্লাবিত হয়। সুন্দরবন এলাকা যেহেতু সমুদ্রতীরবর্তী, সেহেতু এ সমস্ত নদীবাঁধগুলি ভেঙে গেলে চাষবাস নষ্ট হয়, ঘর-বাড়ী নষ্ট হয়। কিন্তু এই নদীবাঁধগুলি মেরামতি করার জন্য কেন বর্ষার সময়ে কাজ শুরু করা হয়? আমরা এই প্রশ্নে বারে-বারে এই হাউসে রেখেছি, নদীবাঁধ মেরামতির জন্য যে মাটি ফেলার কাজ হয় সেটা কেন বর্ষার সময়ে বেছে নেওয়া হয়? যে সময়ে জলোচ্ছ্বাস হয় না, বর্ষা হয় না, সেই সময়ে সেচ দপ্তর এই কাজ করতে পারে। বিস্তৃত সময়ে মাটি ফেলার কাজ না করে আষাঢ়, শ্রাবণ, ভাদ্র এই সময়কে কেন বেছে নেওয়া হয়? আজকে সেচ দপ্তরের বাস্তুকাররা আছেন, যে সমস্ত কর্মচারীরা আছেন তাদের সাথে ঠিকাদারদের একটা যোগসাজশ গড়ে উঠেছে এবং লক্ষ লক্ষ টাকা আত্মসাতের অভিযোগ বারে-বারে উঠেছে। সুন্দরবনের জি.প্লট বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে মেরামতি না করে অন্য সময় করা হয় কেন? এর ফলে নদীবাঁধ ভেঙে গ্রামে ঢুকছে, গ্রাম ডুবছে। যে সময়ে মাটি ফেলার দরকার, সেই সময়ে না ফেলে অন্য সময়ে কেন করা হচ্ছে? তাই আজকে, নিকাশী, বন্যা-নিয়ন্ত্রণ এবং সুন্দরবনের নদীবাঁধ সংক্রান্ত যে বিষয়গুলি উল্লেখ করলাম সে বিষয়ে মন্ত্রী মহাশয় কি পদক্ষেপ নিচ্ছেন তা তার জবাবী ভাষণে জানাবেন। এই কথা বলে এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5.30–5.40 p.m.]

শ্রী তমশের আলি : মাননীয় চেয়ারম্যান, স্যার মাননীয় সেচমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এই সভায় রেখেছেন তার দপ্তরের জন্য তাকে পরিপূর্ণভাবে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশানগুলির বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্যার, বিরোধীরা যে বক্তব্য রাখলেন তাতেও বোঝা গেল যে তারা বিরোধিতা করার জন্যই শুধু বিরোধিতা করলেন বাস্তবটা তারা অনুধাবন করার চেষ্টা করলেন না। ওদের বক্তব্য শুনে মনে হচ্ছিল ভূতের মুখে রাম-নাম শুনছি। কারণ সেচ কাকে বলে আজ থেকে ২৭ বছর আগে বাংলার মানুষরা তা বুঝতেই পারতো না। গ্রামের মানুষদের আমরা দেখেছি আজ থেকে ২৬/২৭ বছর আগে খেত পেত না কারণ ফসল হত না। বামফ্রন্টের আমলে সেচ ব্যবস্থার সম্প্রসারণ ঘটেছে, ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে যে সেচের সম্প্রসারণের প্রভূত কাজ হয়েছে, ফলে গ্রামের মানুষেরা তাদের জমিতে তিনটি করে ফসল ফলাতে পারছে। গ্রামের মানুষরা গ্রামেই কাজ পাচ্ছে, কাজের জন্য তাদের শহরের দিকে ছুটতে হচ্ছে না। এখন বরং উল্টো স্রোত দেখতে পাচ্ছি—গ্রামে গ্রামে নতুন নতুন বাড়িঘর, স্কুল, কলেজ, অফিস ইত্যাদি হচ্ছে এবং সেখানে কাজ করার জন্য শহর থেকে মানুষরা গ্রামের দিকে ছুটছেন। এটা কিন্তু বিরোধিদলের সদস্যরা দেখেও দেখছেন না। এ' বিরোধীদলের সরকার যখন এখানে ছিল তখন আমাদের জেলা থেকে নির্বাচিত দু'জন মন্ত্রীকে আমরা দেখেছি যে কিভাবে তারা গ্রাম থেকে মানুষজন এনে তাদের হটিয়ে দিতেন। গ্রামের

মানুষরা যখন তাদের কাছে ছুটে এসে বলতেন যে গ্রাম ভেঙে যাচ্ছে, জমি নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে, বন্যায় মানুষ সর্বস্বান্ত হয়ে যাচ্ছে তখন সেই মন্ত্রীরা তাদের মধ্যে যারা হিন্দু তাদের বলতেন শক্তির পূজা করো আর যারা মুসলমান তাদের বলতেন যে তোমরা বড় জন্তুর কোরবানী দাও তাতে ভগবান তুষ্ট হবেন এবং তোমরা রক্ষা পাবে। এই বলে তারা গ্রামের মানুষদের হটিয়ে দিতেন। তারা তো গ্রামে যেতেন না, তারা ছিলেন শহরকেন্দ্রিক, শহরেই তাদের ছেলেমেয়েরা থাকতো, পড়াশুনা করতো, ভোটের সময় শুধু তারা গ্রামে যেতেন আর ভোটটা হয়ে গেলেই আবার শহরে এসে থাকতেন, কাজেই গ্রামের মানুষদের দুঃখ বোঝার মতো ইচ্ছা বা ক্ষমতা তাদের ছিল না। আজকে বামফ্রন্টের আমলে মানুষ গ্রামে সুখস্বাচ্ছন্দ্যে বাস করত, গ্রামে নতুন নতুন স্কুল, কলেজ হয়েছে সেখানে তারা তাদের ছেলেমেয়েদের শিক্ষা দিতে পারছে কাজেই তাদের আর শহরে কাজের সন্ধানে আসতে হচ্ছে না। এখন নদীর ভাঙনে-র যে সমস্যাটা সেটা নিয়ে কিন্তু গভীরভাবে বুঝতে হবে। একটা নদী হয়ত ভারতবর্ষের অনেকগুলি রাজ্যের মধ্যে দিয়ে গিয়েছে আবার অনেক নদী আছে যেগুলিকে বলা যায় আন্তর্জাতিক নদী। যেমন ধরুন ভুটান থেকে উত্তরবাংলায় যেসব নদীগুলি এসেছে, সেগুলির সমস্যার সমাধানের জন্য ভারত-ভুটান কমিশনকে কার্যকরী ভূমিকা নিতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় ব্রহ্মপুত্র পরিকল্পনার আলোচনার মধ্যে ঢুকতে চাইছেন। সেখানে যদি কিছু করা যায় তাহলে আমাদের সমস্যার কিছুটা সমাধান করা যাবে। এবারে আমি পুরনো নদীবাঁধগুলির মেন্টেনেন্সের খাতে বেশি করে অর্থ বরাদ্দ করা দরকার। বামফ্রন্ট সরকারের ২৫/২৬ বছরে অনেক কাজ হয়েছে, কংগ্রেসের আমলের চেয়ে ১০০ গুণ বেশি কাজ হয়েছে, কিন্তু সেগুলিকে রক্ষা করার কাজটা কিন্তু কঠিন কাজ। এই যে সামান্য বন্যা হল তাতেই উত্তরবাংলায় আমার কন্সটিটিউয়েন্সির যেসব বাঁধ রয়েছে, তারে মধ্যে ৭টি বাঁধ ভেঙে গেছে। নদীগুলি কোর্স চেঞ্জ করেছে। এগুলির মেরামতির জন্য ডিপার্টমেন্টে যোগাযোগ করেছি। এর মেন্টেনেন্সের জন্য টাকার ব্যবস্থা করা দরকার। তারপর আমরা দেখছি নদীগুলির নাব্যতা কমে যাচ্ছে। নদীর উপরের অংশে ধস নেমে নুড়ি, বালি ইত্যাদিগুলি এসে নদীগুলিকে ভরাট করে দিচ্ছে, ফলে নদীগুলির জল ধারনের ক্ষমতা কমে যাচ্ছে। সেই জন্য নদীর নাব্যতা যাতে বাড়ানো যায় তার জন্য নদীতে ড্রেজিং করা দরকার। এটা কেন্দ্রীয় সরকারের সাহায্য ছাড়া একা রাজ্যের পক্ষে সম্ভব নয়। আর একটা বিষয় আমি বলছি। উত্তরবাংলার অনেক নদী রয়েছে, বিশেষ করে আমার কন্সটিটিউয়েন্সিতে একটা নদী আছে, সেই নদীর নাম হলো গদাধর নদী। সেই নদীর উপর দুটি ব্রিজ করেছে বি.এস.এফ তাদের ফেনসিং রোড করার জন্য। ১ কিলোমিটার দূরত্বে দুটি ব্রিজ করেছে। কাঁটাতারের বেড়া দেবার জন্য দুটি ব্রিজ করেছে এবং ৪০-৪৫ মিটার নদীর বেডর দুরত্ব রেখে এই ব্রিজ করেছে। এই দুটি ব্রীজ করার ফলে সেখানে জলের ধাক্কা লাগছে এবং নতুন নদীর গতিপথ তৈরি হচ্ছে। এখনও ৫-৬ টি গ্রাম পঞ্চায়েত এলাকা জলবন্দি আছে। এখানে সেচমন্ত্রী আছেন এবং ওই দপ্তরের অফিসার বন্ধুরা আছেন, আমি জানতে চাই এই ব্রিজ করার সময় আমদের যে ফ্লাড কনট্রোল বোর্ড আছে তাঁর চেয়ারম্যানের কাছে যে পারমিশান নেওয়ার দরকার হয় সেটা তারা নিয়েছে কিনা? যদি না নিয়ে থাকে তাহলে সেই ব্যাপারে একটু, তদন্ত করা হোক।

৭-৮ টি গ্রাম পঞ্চায়েত জলবন্দি আছে, সেখানকার মানুষের কোন ব্যবস্থা করা হচ্ছে না। আমি এই বাজেটকে সমর্থন করে আরো যাতে টাকা বাড়ানো যায় সেই ব্যাপারে বিবেচনা করার জন্য এবং বিরোধীদের কাটমোশানগুলোর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় সভাপতিমহাশয়, মাননীয় সেচমন্ত্রী শ্রী অমলেন্দ্র রায় মহাশয় সেচ এবং জলপথ দপ্তরের যে বাজেট পেশ করেছেন সেই বাজেট বরাদ্দের বিরোধিতা করে, অর্থাৎ ৪০৯ কোটি ৩৭ লক্ষ ৩০ হাজার টাকা মঞ্জুর বাবদ যেটা করেছেন তার বিরোধিতা করে আমাদের দল এবং বিরোধী দলের পক্ষ থেকে যে কাটমোশান আনা হয়েছে সেই সম্পর্কে আমি বক্তব্য শুরু করছি। আমর সময় কম, সেই জন্য সংক্ষেপে কিছু কথা বলবো। ইদানীংকালে আমরা এমন একটা জায়গায় পৌঁছে গেছি, সূর্য পূর্ব দিকে ওঠে - ওরা যদি বলে না, সূর্য পূর্ব দিকে ওঠে না তাহলে আমাদের বিশ্বাস করে নিতে হবে যে সূর্য পূর্ব দিকে ওঠে না। ওনারা যদি ভুল করেন তাহলে আমাদের সেই ভুলটা মেনে নিতে হবে। আবার ৫০ বছর বাদে বলবেন যে ভুল করেছি। আমার হাতে বাজেট বই আছে, এই বাজেট বইতে শ্রী অমেলেন্দ্র লাল রায়ের লেখা আছে, ৩২ নাম্বার দাবি প্রসঙ্গে। মাননীয় সভাপতি মহাশয়, আপনার কাছে একটা বিষয় নিবেদন করছি। মাননীয় অমলেন্দ্র লাল রায় মহাশয় সেচ দপ্তরের একাই কি পূর্ণমন্ত্রী, তিনিই কি সেচ দপ্তরের একমাত্র মন্ত্রী? কি সিস্টেমে বাজেট বই গুলোছাপা হয়? হঠাৎ সেচ দপ্তরের ক্ষেত্রে উল্টে গেল কেন? আমি জানি এই সেচ দপ্তরে একজন রাষ্ট্রমন্ত্রী আছেন, তাঁর নাম হচ্ছে গণেশ চন্দ্র মণ্ডল। তাহলে তাঁর নাম নেই কেন? এটা কি আর.এস.পি-র মধ্যে ঝগড়া নাকি ডিপার্টমেন্টের মধ্যে ঝগড়া, কার ঝগড়া আমি জানি না। আমার জিজ্ঞাস্য, শিক্ষা দপ্তরের বাজেট বসতে যদি ৬ জন মন্ত্রীর নাম থাকে, আলাদা করে অভিযানে দেওয়া থাকে, যদি সত্যসাধন চক্রবর্তী উচ্চ শিক্ষামন্ত্রীর নাম থাকতে পারে, যদি কান্তি বিশ্বাস বিদ্যালয় মন্ত্রী তাঁর নাম যদি আলাদা করে থাকতে পারে, যদি মহম্মদ সেলিমের নাম আলাদা করে থাকতে পারে, ইভা দে-র নাম যদি আলাদা করে থাকতে পারে, নন্দরানী দল, যদি তাঁর নাম আলাদা করে থাকে, নিমাইবাবুর নাম যদি আলাদা করে থাকে, তাহলে গণেশবাবুর নাম থাকবে না কেন?

(গোলমাল)

আমি যেটা জিজ্ঞাসা করছি সেটা খুব জাসটিফায়েড প্রশ্ন। আপনাদের দু'হাত তুলে গৌরাঙ্গ হয়ে নাচার সময় এখনও আসেনি। আমি সঠিকভাবেই প্রশ্ন জিজ্ঞাসা করছি যে গণেশবাবুর নাম নেই কেন?

[5.40–5.50 p.m.]

এটা কি আপনাদের সঠিক পন্থায় চলছে? এটা এসেমব্লি প্রসিডিওর। আমি এ্যাসেমব্লি প্রসিডিওর নিয়ে কোশ্চেন করছি। এ্যাসেমব্লিহাউস সকলের। প্রসিডিওরটা কি, একটা বাজেটে সব মন্ত্রীর নাম থাকবে, আর একটা বাজেটে সব মন্ত্রীর নাম থাকবে না? আমি জানি না, এই প্রশ্নের উত্তর কে দেবেন? মাননীয় সভাপতি মহাশয়, আপনি যে চেয়ারে বসে আছেন,

সেখান থেকে দেবেন, না মাননীয় অধ্যক্ষ মহাশয় এসে দেবেন? আপনি যে বাজেট পেশ করেছেন, এতে ২৭৯ কোটি টাকার মতো কমিয়ে দিয়েছেন। আপনাদের কাজ কি? মূলত তিনটি কাজ। সেচ দপ্তর কি করবে, ফ্লাড কন্ট্রোল, বন্যা নিয়ন্ত্রণ করবে। দু'নম্বর হচ্ছে, চাষের জমিতে জল সরবরাহ করবে এবং তিন নম্বর হচ্ছে ইরোশান থেকে, ধস থেকে এলাকাকে বাঁচাবে। এর সাথে আর একটা দপ্তর জড়িয়ে আছে—ওয়াটার ওয়েস, এটা এর মধ্যে নেই। আমি স্ট্যান্ডিংকমিটির রিপোর্ট পড়ছিলাম, তাতেও নেই। ফলে এটা থাকা বা না থাকা সমান হয়ে গেছে। আপনার তিনটি যে কাজ করা দরকার, তার জন্য কি টাকা পাচ্ছেন? না, তার জন্য আপনি টাকা পাননি। আপনি উল্লেখ করেছেন, আপনি উপসংহারে বলেছেন, 'আমি পুনরায় এই কথা উল্লেখ করতে চাই যে, আমার বিভাগের যোজনা বরাদ্দর পরিমাণ এ বছর উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। ফলে সেচ ও বন্যা নিয়ন্ত্রণ উভয় ক্ষেত্রেই সরকারী রূপায়ণের জন্য আর্থিক বরাদ্দ ও চাহিদার মধ্যে ঘাটতি আরও বৃদ্ধি পেয়েছে।' শেষকালে আপনি বলেছেন, 'মাননীয় সদস্যগণের কাছেও সবিনয়ে অনুরোধ, তাঁরা যেন সহযোগিতার হাত বাড়িয়ে দেন।' আমরা হাত বাড়িয়ে দেব। হাত বাড়িয়ে দেব, কিন্তু টাকা নেই। আপনি বুদ্ধবাবুকে বলুন, অর্থমন্ত্রীকে বলুন। তাঁরা আপনাকে টাকা দেবেন। আমার বন্ধু অনেক চড়া গলায় কংগ্রেস সম্বন্ধে বললেন। উনি স্ট্যান্ডিং কমিটির রিপোর্ট নিয়ে বলতে গিয়ে, তিস্তা প্রোজেকট নিয়ে বলতে গিয়ে কি বলেছেন? প্রমথবাবু তিস্তা নিয়ে অনেকক্ষণ বলেছেন। মাননীয় তপনবাবু বলেছেন, "The Budget provision for the Teesta Barrage Project has been decreased abnormally in comparison with the previous years's allotment. This will only further slow down the progress of the already much delayed project. The Department may takeup the issue in the right earnest with the Finance Department for augmentation of Budget provision reasonably." আমি আপনাকে যে কথা বলছিলাম, একথা কি আমাদের, না। আপনি আমাদের যত গালাগালি করুন না কেন, এটা আপনাদেরই কথা। আপনারা বলেছিলেন, ১৯৯৯ সালে বন্যার পর পি.এন.রায় কমিটি গঠন করেছিলেন। তাঁরা অনেকগুলো সুপারিশ করেছিলেন। আপনারা হাডকো থেকে টাকা নিয়ে ঋণ সহায়তা প্রকল্প গ্রহণ করেছিলেন। বাগের খাল, ইছাপুর অববাহিকা, নোয়াই অববাহিকা, খড়দা খাল অববাহিকা, বাগজোলা অববাহিকা, সার্কুলার খাল - বেলঘাটা নিউকাট কেষ্টপুর ভাঙরকাটা খাল প্রণালি, এস.ডবলু.এফ. এবং ডি.ডবলু.এফ. খাল প্রণালি, টালিগঞ্জ পঞ্চান্নগ্রাম অববাহিকা, বেগোর খাল সহ মনিখালি নিকাশি অববাহিকা এবং চড়িয়াল নিকাশি অববাহিকা - সমস্ত প্রকল্পটির ব্যয় ১৪০ কোটি টাকা। বলেছিলেন, ২০০৪ সালের মার্চের মধ্যে এগুলি হবে। মাননীয় সেচমন্ত্রী আপনার কাছে বলতে চাই আপনি ৬০ কোটি টাকার কাজ শেষ করেছেন, এখনো ৮০ কোটি টাকার কাজ করতে হবে।

আপনি পারবেন এই কাজটা সেইভাবে করতে? আপনাকে আরেকটা কথা জিজ্ঞাসা করব সেটা হল যে, এই যে আপনি যেভাবে কাজ করছেন তাতে কি সত্যি কাজটা করতে পারবেন? মাননীয় সেচমন্ত্রী, আপনারা তো ডিভিসি সম্পর্কে বলেন যে, ডেবানো ভাসানোর

ফল। আপনি তো ওকে ডোবানো ভাসানোর কল ভাবেন এবং এই বলে নিজেরা উদ্ধার পেতে চাইছেন। কংগ্রেসিদের গালাগালি করা এবং তিরস্কার করাটাই একমাত্র কথা। আমরা যদি ভুল করে থাকি তাহলে আজ থেকে অনেক বছর আগে ১৯৪৮ সালে যে বইটা ডিভিসি অ্যাক্ট সম্পর্কে বেরিয়েছিল তাতে কি বলেছিল? ১৯৪৮ সালে ডিভিসি অ্যাক্টে কি বলা হয়েছিল?

Functions and powers of the Corporation....Central government may, after consultation with the State Governments by notificaion in the official gazette direct that the Corporation shall carry out such function and exercise such power in such other areas as may be specified therein and the area so specified shall be called Area of Operation of the Corporation.

আমি বলছি না কে দায়ী—কেন্দ্রীয় সরকার, না রাজ্য সরকার দায়ী এবং আমাদের কি করা উচিত ছিল আর কি করা হয়নি আমি তার মধ্যে যাচ্ছি না। মাননীয় সেচমন্ত্রী আমি ধরে নিচ্ছি কংগ্রেস ভুল করেছে এবং সেই হিসাবে জিজ্ঞাসা করছি যদি ভুল করেই থাকে তাহলে আপনারা তো ২৬ বছর ধরে ক্ষমতায় আছেন, সেই ক্ষমতায় থাকার পরেও সেন্ট্রাল গভর্নমেন্ট এরিয়া অফ দি অপারেশন গেজেট বার করেছে কিনা? যদি গেজেট বার না করে থাকে তাহলে এরিয়া অপারেশন কিভাবে করছেন, কিভাবে কাজ করছেন? আপনার দপ্তর কি করেছে? আমি তো বই দেখে বলছি - বইয়ের নাম এ আই আর ম্যানুয়েল। আমি আপনাকে বলছি Functions of the Corporation - functions of the Corporation shall be the promotion and Operation of scheme for irrigation, water supply and drainage.

তাহলে আপনাদের প্রথম কাজ হল ইরিগেশন ব্যবস্থা করবেন। জলের ব্যবস্থা করবেন এবং ড্রেনেজের ব্যবস্থা করবেন। এবার দ্বিতীয় কাজ হচ্ছে promotion and operation of schemes for generation, transmission and distribution of electrical energy both hydro-electrical and thermal.

তাহলে প্রথম কাজ বিদ্যুৎ নয়, প্রথম কাজ হচ্ছে ইরিগেশন, তারপরে ওয়াটার সাপ্লাই এবং তারপরে ড্রেনেজের ব্যবস্থা করবেন। এর পরে বিদ্যুৎ generation, transmission and distribution of electrical energy, both hydro-electrical and thermal.

আপনারা হাইড্রো ইলেকট্রিকের দিকে বেশি ঝোঁকেননি, আপনারা থার্মালের দিকে ঝুঁকেছেন। আপনারা সমস্যার সমাধানের জন্য ড্রেনেজের কোন বন্দোবস্ত করেননি। এবার ৩ নং promotion and operation of schemes for flood control in Damodar river and its tributories and the channels.

আপনারা ফ্লাড কন্ট্রোলের নামে প্রতি বছর কিছু রিপেয়ার ওয়ার্ক করেন। ব্যারেজের দরজা ভেঙে যাচ্ছে হুহু করে জল ঢুকছে, সারানোর মতো টাকা নেই। সেন্ট্রাল গভর্নমেন্ট

কোন বন্দোবস্ত করেননি, আপনারা কি কিছু করতে পেরেছেন? তারপরে 'ডি' তে কি বলেছেন promotion and control of navigation in the Damodar river and its tributories and channels, if any.

যদি নেভিগেশানের কোন বন্দোবস্ত থাকে সেটা করবেন। বইতে কি বলেছেন promotion and control of soil erosion in the Damodar valley and the last.

শেষে যেটা বলেছেন কতবড় ক্ষমতা ছিল promotion of public health and the agricultural, industrial, economic and general well being in the DVC and its area of Operation. .

স্যার, আমি যে কথাগুলো বলছি আমার বানানো কথা নয়, আমি ধারাবাহিক কথার মধ্যে যাচ্ছি না। সেখানে শেষকালে বলেছে এই দামোদর কর্পোরেশান একটা জীবনযাত্রাকে প্রভাবিত করতে সেখানে সোসাল ফরেস্ট্রি হতে পারত সেখানে হেলেথর বন্দোবস্ত, সেখানে এগ্রিকালচার, কৃষির বন্দোবস্ত করতে পারত। নট অনলি দ্যাট ইভেন ইন্ডাস্ট্রিয়াল ডেভেলাপমেন্ট এর মধ্যে ইনক্লুড করা যেত। সেখানে আমাদের বাংলার সরকার যে সরকারের আমলেই হোক বিধান রায়, সিদ্ধার্থ শংকর রায়, প্রফুল্ল সেন, জ্যোতিবাবু বা বুদ্ধদেববাবুর সরকারই হোক তারা কেন কেন্দ্রীয় সরকারের কাছে এই ব্যাপারে প্রতিবাদ, ধর্না, বিক্ষোভ দেখালেন না?

[5.50–6.00 p.m.]

থ্রিমেন কমিটি, মানে তিনটি রাজ্য সরকারের প্রতিনিধি সেখানে থাকবে। তার মধ্যে একটা হচ্ছে পশ্চিমবাংলা, একটা বিহার, বর্তমানে বিহার সেই সেখানে ঝাড়খণ্ড এসেছে ; আর তৃতীয় হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্ট। এই তিনটি রাজ্যের প্রতিনিধি সেখানে থাকবেন। মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনাদের কাছে বলতে চাই, কতবার আপনারা সিটিং করেছেন এবং যে অ্যাকটের কথা বলেছেন সেটা পড়ে আমি শেষ করব। সেখানে বলেছেন Rates for Supply of Water for Irrigations The Corporation may, after consultation with (State) Government concerned determine and levy rates for the bulk supply of water to that Goverment for irrigation and the minimum quantity of water which shall be made available for such.

লাস্ট বলছে, The rates at which such water will be supplied by the (State) Government to the cultivators and other consumers be fixed by that government after consultation with the Corporation....

আমি আপনাদের কাছে জানতে চাইছি, এইগুলি পালন করা হয়েছে। আজকে ওয়াটার ইনভেস্টিগেশান ডিপার্টমেন্ট সেখান থেকে জল তুলে চাষের জন্য দেয়, সেই জলের দাম বাড়ল, এটা কি আপনারা কনসাল্ট করে করেছেন ডিভিসি কর্তৃপক্ষের সঙ্গে। তাহল তাদের সাথে আলোচনা না করেই জলের কর বাড়ল কি করে? এটা নিয়ে কি ক্যাবিনেটে মিটিং হয়েছে?

আটটি জেনারেশান স্কীম ওখানে তৈরি হচ্ছে, আপনিই বলুন নোডাল এজেন্সি কি ইরিগেশান ডিপার্টমেন্ট? আপনি অনেক প্রাজ্ঞ, বয়ঃজেষ্ঠ মানুষ, আপনাদের অপদার্থতার জন্য এখন নোডাল এজেন্সি হিসাবে পাওয়ার ডিপার্টমেন্ট আছে, তারা রাজ্য সরকারের প্রতিনিধিত্ব করছে। যে পাওয়ার ডিপার্টমেন্ট আপনার অধীনে নয়। এর পরেও আপনি বলবেন ডিভিসির দিকে আমাদের নজর আছে? বাজেটের দায় আপনার ঘাড়ে, মানুষ যখন জল পাচ্ছে না, তখন আপনার কাছেই ছুটে যাচ্ছে, তখন কিন্তু মানুষ বিদ্যুৎমন্ত্রীর কাছে ছুটে যাচ্ছে না। আর যেখানে প্রতিনিধিত্ব করছে বিদ্যুৎ দপ্তর। মাননীয় সদস্য ননীবাবু বললেন বোরো চাষের সময় জল পাওয়া যায় না। ছাব্বিশ বছরের একটা ছেলের, যার যৌবন এসেছে, সে যদি বলে না, আমি বাচ্চা ছেলের মতো হামাগুড়ি দিয়ে চলব, তাহলে আমরা বলব তার রিকেট হয়েছে। আমি যেটা পড়লাম সেটাতো ডি.ভি.সি-র অ্যাকটের কথা, সেটা নিয়ে আপনারা কোনদিন আলোচনা করেছেন? আজকে এইসব বিষয়গুলো আপনাকে ঠিক করতে হবে, আজকে অপারেশান এরিয়া এবং মেইনটেনিং এরিয়া, যেটা ১৯৪৮ সালে ঠিক করা হয়েছিল, সেই ব্যাপারে ডি. ভি. সি কর্তৃপক্ষকে ওয়াকিবহাল করতে আপনারা একটি রিভিউ তৈরি করুন। এটা ইরিগেশান অ্যান্ড ওয়াটার ওয়েজ স্ট্যান্ডিং কমিটির কাজ নয়। এই ব্যাপারে আপনি বিশেষজ্ঞদের নিয়ে একটা কমিটি তৈরি করুন। আমরা দেখতে পাচ্ছি প্রতি বছরেই আপনার দপ্তরের বাজেট কমছে, ন্যাবার্ডের ৩১.৮৯ লক্ষ টাকা এবং আর. আই. ডি. এফের মাধ্যমে আপনি কাজগুলো করবেন বলেছেন কিন্তু আমরা দেখতে পাচ্ছি ২৭.৪৮ লক্ষ টাকা আপনি কম পেয়েছেন। এত টাকা কম পেলে আপনারা কি করবেন? জবাব দেবেন তার। তাতে কি বলেছে? জেলা-পরিষদ আর দায়িত্ব নেবে না, আপনারা করবেন। কিভাবে কাজগুলো করবেন? জটিল করে ফেলছেন। ন্যাবার্ডের কাজ সম্পর্কে প্রথমে বলেছেন— ১নং একটি কমিটি থাকবে, তারা স্কিমগুলো পরীক্ষা করবে। দ্বিতীয় বলেছেন— একটা টেকনিক্যাল কমিটি থাকবে, তারা সেইগুলো স্ক্রিনিং করবে। তৃতীয় বলেছেন— স্ক্রিনিং করার পর সংশ্লিষ্ট চিফ্ ইঞ্জিনিয়ারের কাছে যাবে। চতুর্থ বলেছেন— জেলা পরিষদ প্রায়োরিটি ঠিক করে দেবে। অর্থাৎ, যে জেলা-পরিষদকে আপনি সরিয়ে রেখেছিলেন, সেই জেলা-পরিষদ রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে বা তার সুবিধামত প্রায়োরিটি ঠিক করে দেবে। অমলবাবু বলেছিলেন বন্যা নিয়ন্ত্রণের কাজ শুরু হবে। এক বছর কাজ শুরু হয়নি। বাঁধ ভাঙবে। এবারে বললেন মেয়েরা কাজ করতে দিচ্ছে না। আপনি বললেন জেলা-পরিষদকে। তখন সবাই মিলে বলবেন কাজ করব না। কাজ হ'ল না, বাঁধ ভাঙবে, বাগনান, উলুবেড়িয়া ডুববে। অমলবাবু, গণেশবাবু জানেন জেলা-পরিষদ না বললে হবে না। পঞ্চম বলেছেন— ফিনান্স ডিপার্টমেন্টের অনুমোদন নিতে হবে, তারপর কাজ হবে। পাঁচটা জানালা, ফাইভ উইন্ডোজ আর দেয়ার। কাজটা জটিল হ'ল, না সহজ হ'ল। এটাকে কি সহজ করা যেত না? আপনার পেছনে টেকনিক্যাল কমিটির এক্সপার্টরা আছেন, তাদের সঙ্গে কথা বলছেন, না কি রাজনৈতিক চিন্তা, রাজনৈতিক ধ্যান-ধারণা থেকে বলছেন, এটা ঠিক করুন। আপনারা বলছেন, জলা সংরক্ষণ। এটা কে করবে, আপনি? আপনি বলছেন জলা সংরক্ষণ করতে হবে, নন্দবাবু বলছেন, জলা সংরক্ষণ করতে হবে, কিন্তু মাননীয় সুভাষ চক্রবর্তী বলেছেন — জলা সংরক্ষণ করা চলবে না। কিরণ্ময় নন্দ বলছেন, জলাশয় ভরাট

করা চলবে না, সুভাষবাবু বলছেন জলাশয় ভরাট হবে, কেননা তিনি বিশিষ্ট আবহাওয়া বিশারদ, তিনি বলছেন — এটা জলা থেকে জলীয় বাষ্প এসে কলকাতার অবস্থা খারাপ হবে, সুতরাং জলাশয় ভরাট হবে। আমার কাছে সমস্ত পেপারস্, সমস্ত বই আছে, চাইলে দিতে পারি। আপনি বলবেন এককথা, ওয়াটার ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট বলবে এক কথা আর সুভাষবাবু ট্রান্সপোর্ট মিনিস্টার, স্পোর্টস মিনিস্টার বলবে জলাশয় ভরাট হবে, প্রোমোটার আসবে, কোটি কোটি টাকার খেলা হবে, তাতে জলাশয় ইরোশানকে বন্ধ করার ব্যাপার নেই। তাহলে কি এই বাজেটকে সমর্থন করা যায়? আপনি বলবেন।

গঙ্গা-পদ্মার ভাঙনের কি হ'ল? ফলতাতে গঙ্গার পাড় ভাঙছে। এটা ঠিক, কর্পোরেশন বলছে কাজ করা যাচ্ছে না। আমরা নতুন করে যে পাইপলাইন তৈরি করছি কলকাতা, পার্ক সার্কাস, রাজারহাটে, নতুন করে এখন পাড় ভেঙে যাচ্ছে, পাইপ বসানো যাচ্ছে না। পোর্ট ট্রাস্টকে বললে তারা বলছে— ঠিক আছে, ভাঙতে ভাঙতে ৪০ মিটারের মধ্যে যখন আসবে, তখন দেখব। আমি মিথ্যা বলছি, না সত্যি? যদি সত্যি বলি, তাহলে সেই কাজ করছেন না কেন? এই উত্তর আপনাদের দিতে হবে। তাই আপনাকে বলছি এটা করবেন।

আমার শেষ কথা গঙ্গাপদ্মা ভাঙন নিয়ে অনেকে অনেক কথা বলেছেন, পাঁচ-ছ'টা কারণ বেরিয়েছে কেন গঙ্গা ভাঙছে। প্রথম—বিশেষজ্ঞ কমিটিকে অবহেলা করা। দ্বিতীয়—মাস্টার প্ল্যান তৈরি না করা। তৃতীয়—দেরি করে টেন্ডার করা। চতুর্থ—প্রচুর অযোগ্য কন্ট্রাকটারকে নিয়োগ করা। পঞ্চম—ভরা বর্ষায় তাড়াহুড়ো করে কাজ করা। ষষ্ঠ—বোল্ডার্স বিক্রি করে দিয়ে কোটি কোটি টাকার কেলেঙ্কারি করা। তাই মুর্শিদাবাদ, মালদায় এই গঙ্গা-পদ্মার ভাঙন নিয়ে রাজনীতি করা যাচ্ছে না। হাওড়ায় শর্টকার্ট চ্যানেল করেছেন। মাননীয় অমলবাবু কয়েকদিন আগে গিয়েছিলেন। আমি প্রতিবাদ করেছি। জানি না ননীবাবু, প্রত্যুষবাবু সঙ্গে ছিলেন কিনা। আমার বিধানসভার উপর দিয়ে প্রোজেক্ট দেখতে গিয়েছিলেন, আমাকে একবার ডাকা প্রয়োজন মনে করলেন না। শুধু তাই নয়, মাননীয় সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় অধ্যক্ষের কাছে জানতে চাই, এই ধরনের বন্দোবস্ত হয় কিনা?

[6.00–6.10p.m]

শর্ট কার্ট চ্যানেল কবে শেষ হবে। এখনও পর্যন্ত কত বছর লাগবে। জমি অধিগ্রহণ কত বাকি। আপনি কবে তা শেষ করবেন। স্পিল জোন আপনাকে তুলে দিতে হবে। তার জন্য কি আইন করা দরকার সেটা কত হবে। আপনি আমার সঙ্গে একমত হবেন যে, স্পিল জোনে মাটি ফেলা যাবে না। কিছু করা যাবে না। এটা কি করবেন? তিস্তা, ময়ূরাক্ষীর নিয়ন্ত্রণ হবে না। ওয়াটার সাপ্লাই হবে না। ইরোসান রোধ করা যাবে না। তাই বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গণেশ চন্দ্র মণ্ডল : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে এই সভাতে ৩২ নাম্বার খাতে ব্যয় বরাদ্দের যে দাবি উত্থাপিত হয়েছে, সেই দাবিকে সমর্থন করছি। এই আলোচনাতে বিরোধীপক্ষ এবং সরকার পক্ষের যারা অংশগ্রহণ করেছেন, তাদের সকলকে ধন্যবাদ জানাই।

সকলের বক্তব্যের মধ্যে একটা সাংগঠনিক দৃষ্টিভঙ্গি আছে। যেযটা অনেকটাই আমাদের চিন্তাভাবনার ক্ষেত্রে কিছুটা ভাবনার বিষয় হয়ে দাঁড়িয়েছে। আমাদের বাজেট বক্তব্যে বলেছি বন্যা নিয়ন্ত্রণ, সেচ, নিকাশী এই তিনটি বিষয়ের উপর মূলত এই দপ্তরের কাজকর্ম সীমিত আছে। এই তিনটি বিষয় খুবই সমস্যাবহুল এবং রাজ্যের মানুষের জীবন জীবিকা নির্বাহের ক্ষেত্রে নিশ্চয় গুরুত্ব আছে। সেই গুরুত্ব আমরা উপলব্ধি করি। এখানকার মাননীয় সদস্যরা সঠিকভাবে এই সমস্যা অনুধাবন করে তারা তাদের বক্তব্য রেখেছেন। আমরা বলতে চাই যে, এখন বর্ষাকাল শুরু হয়েছে। মালদায় হয়েছে। মুর্শিদাবাদের হয়েছে। সুন্দরবনে ১২ মাস ভাঙন থাকে। বর্ষাকালে সেটা বেশি মাত্রায় দেখা দেয়। উত্তরবঙ্গের চিরকালের সমস্যা নদীভাঙন। উত্তরবঙ্গের ক্ষেত্রে সম্প্রতি যে নদীভাঙ্গন এবং বন্যার প্রবণতা দেখা দিয়েছে, সেটাকে প্রতিরোধ করার জন্য ইতিমধ্যে আমাদের দপ্তর থেকে দেড়শো কোটি টাকার অনুমোদন দেওয়া হয়েছে। সেই টাকা দিয়ে সেখানে নদীভাঙন কবলিত জায়গাতে কাজ শুরু হয়ে গেছে। এখন পর্যন্ত বন্যার সময় শেষ হয়নি। মুর্শিদাবাদ, মালদাতে ভাঙন শুরু হয়েছে।

মুর্শিদাবাদ, মালদার ভাঙন আজ নতুন নয়। দীর্ঘদিন ধরে এই ভাঙন চলছে। আমরা দেখছি '৩১ সাল থেকে সেই ভাঙন দেখা দিয়েছে এবং '৩১ সাল থেকে আরম্ভ করে '৭৭ সাল পর্যন্ত প্রায় ২৮ হাজার হেকটর মতো জমি নদীগর্ভে গেছে। '৭৮ থেকে '৯৬ পর্যন্ত ৪ হাজার হেকটরের মতো জমি নদীগর্ভে গেছে। এখনও পর্যন্ত সম্ভাবনা আছে, অনেক চেষ্টা করেও সেটা থামানো যায়নি। একথা আমরা স্বীকার করেছি। আমাদের বাজেট বক্তব্যের মধ্যে আমরা সব কিছু তুলে ধরেছি। সেখানে আমরা সমস্ত সমস্যার কথা আমরা বলেছি এবং কোন কিছুই গোপন করিনি, গোপন করার চেষ্টা করিনি। যেটা সত্যি সেটা বলেছি, যেটা পারিনি সেটাও বলেছি আবার যেটা পেরেছি সেটাও বলেছি। অনেক প্রশ্ন এখানে এসেছে। নদীর নাব্যতা হারিয়ে যাচ্ছে। এই নদীগুলো সংস্কার করা দরকার। তা না হলে নিকাশী সমস্যা আরও বেশি করে দেখা দেবে। কিন্তু এই নদীগুলো সংস্কারের জন্য যা দেখলাম, যে পরিমাণ অর্থের প্রয়োজন, সেটা রাজ্য সরকারের পক্ষে সম্ভব না। সরকার পক্ষের মাননীয় সদস্য দাবি করেছেন যে দিল্লির সরকারের কাছে বারবার যেতে হবে। এটা সকলেই জানেন যে সর্বদলীয় কমিটি ৬ বার কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করেছেন এবং সেচ, ভাঙন, নিকাশী ব্যবস্থা সবটার জন্য আমরা একসঙ্গে করে বারবার কেন্দ্রীয় সরকারের কাছে গিয়েছি, জলসম্পদমন্ত্রীর কাছে গিয়েছি। ভালো এমন কিছু হয়নি। মাঝে মাঝে ইন্সপেকশন হয়েছে, স্কীম তৈরি করা হয়েছে, পরিকল্পনা তৈরি করা হয়েছে। সামান্য কিছু টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এসেছে, বাকিটা অর্থ রাজ্য সরকারকে জোগান দিতে হয়েছে, তার মোকাবিলা করতে হয়েছে। সুতরাং সেখানে খুব বেশি কিছু হবে বলে আমরা বিশ্বাস নেই। তাদের একটা বক্তব্য হচ্ছে যে সংবিধানে এটা রাজ্য তালিকাভুক্ত বিষয়। সুতরাং কেন্দ্রীয় সরকারের কিছু করার নেই। এই রকম একটা বক্তব্য তারা বলে থাকেন। কার্যকরীভাবে তারা এখনও পর্যন্ত আর্থিক দিক থেকে সাহায্যের হাত বাড়িয়ে দেননি। কিছু কিছু পরিকল্পনা তারা দিয়েছেন আমরা সেইভাবে করার চেষ্টা করছি। মাননীয় সদস্য নেপালবাবু বলেছেন যে পুরুলিয়ার মাঝারি সেচ প্রকল্পগুলো আমরা করেছি, অনেকগুলোকে শেষ বলেছি,

৯ প্রকল্প আমরা পারিনি, কিন্তু তার কাজ অনেকটা এগিয়ে গেছে। কোথাও কোথাও ৯০ শতাংশ, কোথাও ৯৫ শতাংশ কাজ হয়েছে। মাঝারি প্রকল্পের মধ্যে দিয়ে সেই সব এলাকায় সেচের ব্যবস্থা করা হয়েছে। কিছু কিছু জায়গায় সেচ খাল করা যায়নি। সেগুলো করা হচ্ছে না, কারণ পুরুলিয়ার মাটি অত্যন্ত শক্ত, সেখানে সেই খালগুলো করা যায়নি। মাননীয় সদস্যর নিজের কনস্টিটিউয়েন্সি ঝালদা আমরা সেখানে গেছি। সেখানে একটা নতুন পরিকল্পনা করেছি, সাহারা জোর এটা হচ্ছে যে জলটা যে মূল খালে যায়, সেই খাল থেকে ১০/১৫ কিলোমিটার দূরে মাটির নীচে পাম্প দিয়ে সেখানে জল সরবরাহ করা হয় এবং ওই এলাকায় বছরে দু'বার করে চাষ করা যাচ্ছে, সবজি উৎপাদন হচ্ছে, ধান উৎপাদন হচ্ছে, কিন্তু একটা বিষয় উনি ঠিক জানেন না যেটা হল ওয়াটার শেড পরিকল্পনা আমরা দেখি না, ওয়াটার শেড পরিকল্পনা সরাসরি আমাদের দপ্তর দেখেনি।

[6.10–6.20 p.m]

ঠিক তেমনিভাবে উনি একটা খাল সংস্কারের কথা বলেছেন। এটা আমার দপ্তর করে না। আমার যতটা জানা আছে জেলা-পরিষদ এই কাজ করে। তারা করেছে কিনা জানি না। ভদ্রলোক নেই, থাকলে ভালো হ'ত।

মুর্শিদাবাদের মাননীয় সদস্য গুলিয়ে ফেললেন। দপ্তর দুটো। একটা সেচ আরেকটা জল অনুসন্ধান। উনি ডিপটিউবওয়েল আনলেন এখানে। ওটা আমাদের এখানে ঠিক আসে না। এ সম্বন্ধে বাজেট মনে হয় পরে আছে সেখানে বলবেন।

মাননীয় সদস্য অসিতবাবু, পড়াশোনা করেছেন, তথ্যবহুল কথাবার্তা বলেছেন, এই হাউজকে আলোকিত করেছেন, বিরোধিতা করে খারাপ করলেন, না হলে ভালোই বলছিলেন। কেন বিরোধিতা করলেন? বিরোধী পক্ষে আছেন তাই বলে বিরোধিতা করতে হবে? তা না হলে তো মূল সমস্যার জায়গাতেই বলছিলেন। যাই হোক, এই দপ্তরের ব্যয়-বরাদ্দে উপর যারা আলোচনায় অংশগ্রহণ করেছেন তাদের সকলকে আমি আরেকবার ধন্যবাদ জানাচ্ছি এবং সাথে সাথে যে ছাঁটাই প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমার কথা এখানেই শেষ করছি।

শ্রী অমলেন্দ্রলাল রায় : মাননীয় সভাপতি মহোদয়, আমরা তিন ঘন্টা ধরে বিতর্কের শেষে এসে পৌছেছি। আমরা ঘোর বর্ষার মধ্যে আছি। আমাদের বাজেট সেশন শুরু হয়েছিল গ্রীষ্মকালে। কিন্তু এখন চারিদিকে ভাঙন সবে শুরু হয়েছে। এই সময়ে তাৎক্ষণিক যে সব সমস্যা উঠেছে সেগুলোই নিশ্চিতভাবে বড় করে দেখা দরকার এবং তার সমস্যার কিভাবে আমরা সমাধানের পথে যেতে পারব, সেটা হচ্ছে আমার প্রধান বিবেচ্য বিষয়।

আপনারা জানেন যে উত্তরবঙ্গে এই ক'দফায় সেখানে, কিছুই নয়, কয়েকদিনের বর্ষায় এবং তার ফলে আমাদের, অন্য দপ্তরের কথা আমার বলার কথা নয়, আমার দপ্তরের কথা আমি বলব, দেখব। আমাদের হিসাবে ৮ কোটি টাকার উপর উঠে গিয়েছে। কতগুলো জায়গায় বর্ষা বেশি হয়েছে। নদীর বাঁধ ভেঙেছে এবং জানেন আপনারা দার্জিলিঙে ধস নেমেছে এবং

এমন ধস নেমেছে যে কোনকালে ঘটেনি। তবে আমরা সঙ্গে সঙ্গে মোকাবিলা করার চেষ্টা করেছি। কিন্তু আমাদের সাধ্য কতটা। কতটা আমরা পারব সেটা কিন্তু আমাদের বাজেটের বইটা যদি ভালো করে খুঁটিয়ে পড়েন তাহলে জানতে পারবেন এবং শুধু আমাদের বাজেটের বই নয় এই বাজেটের উপর যে স্ক্রুটিনি করেছেন, আপনারা বিধানসভায় করেছেন তাতে আমাদের তো কিছু করার নেই। আপনারা আমাকে যে টাকা দেবেন, একথা ভুলে গেলে চলবে না, আপনরাই মঞ্জুর করবেন। আপনাদের ভোট দিয়ে মঞ্জুর করতে হবে। দায়িত্ব আপনাদেরও। সবাই মিলে মঞ্জুর করছেন। বিরোধিতা করতে পারেন, করলেও একদিক দিয়ে মঞ্জুরই করা হল। এই নিয়ে আবার আপনারাও—স্ক্রুটিনি কমিটি তারা স্ক্রুটিনি করে কি বলেছে, সেই রিপোর্ট মিলেয়ে দেখুন। আমার বাজেট বই, আর ঐ স্ক্রুটিনি দুটো মিলিয়ে কোথায় দাঁড়িয়ে আছেন সেটা বুঝতে হবে। কোথায় দাঁড়িয়ে কি বলতে হয় সেটা আগে বুঝতে হয়। আমি মাননীয় সদস্যদের কাছে প্রথমে সেটাই নিবেদন করবো যে, আমরা কোথায় দাঁড়িয়ে আছি—সেটা যেন আমরা বোঝার চেষ্টা করি। যেখানে দাড়িয়ে আছি সেই বাস্তবের উপর দাঁড়িয়ে কি বলবো, কি বলবো না সেটুকু বিবেচনা, বুদ্ধি যেন প্রয়োগ করি। তাহলে আমাদের সামনে যে সংকট, সেই সংকটকে কিভাবে মোকাবিলা করবো সেটা বোধহয় খানিকটা সহজ হবে। এখানে ১১ জন মাননীয় সদস্য বিতর্কে অংশগ্রহণ করেছেন, তার মধ্যে ৫ জন্য মাননীয় সদস্য হচ্ছেন বিরোধী দলের। সকলের বক্তব্য আমি নোট করেছি। কিন্তু এটা পরিষদীয় নিয়ম যে, হাউস হচ্ছে বিরোধীদের এবং বিরোধীরা যেসব কথা বলেছেন আমার উচিত সেই সব কথার, প্রশ্নের জবাব দেওয়া। কিন্তু মুশকিল হচ্ছে এই যে আমাদের ৫ জন বিরোধী সদস্য যা বলেছেন — আমি একথা বলছি না, বলবো না, মন্ত্রী হিসেবে তা বলা যায় না— আপনাদের কাজ তো সমালোচনা করা, আমি আরও চাইবো আপনারা সমালোচনা করুন, কারণ আমি জানি আপনাদের সমালোচনা যত জোরালো হবে, তীব্র হবে, তত আমরাও কাজটাকে ভালভাবে সামলাবার চেষ্টা করবো। কাজেই এই নৈতিক দায়িত্বের দিক থেকে আজকে আমার যেটুকু জবাব দেওয়া সম্ভব, সেটুকু দেব। সময়ের বাইরে যেতে পারবো না। মাননীয় সভাপতি মহাশয় আজকে তিনি যদি আমাকে সময় দেন তাহলে আমি চেষ্টা করবো প্রত্যেকটি কথার জবাব দিতে। নইলে যতটুকু সময় ততটুকুই জবাব দেওয়ার চেষ্টা করবো। শেষ দিক থেকে শুরু করি। মাননীয় সদস্য শ্রী অসিত মিত্র মহাশয় ভালভাবে বলেছেন, উনি শুরু করলেন ব্যক্তিগত প্রশ্ন দিয়ে এবং শেষও করলেন ব্যক্তিগত প্রশ্ন দিয়ে — দুধে একটা চোনা পড়লে যেরকম হয় এটা ঠিক সেরকমই হল। এটুকু চোনা না পড়লেই ভাল হত। আপনি প্রথমে যে প্রশ্ন তুলেছেন সেটাতে আমিও অবাক হয়েছি এবং আরও একজন্য বিরোধী দলের মাননীয় সদস্য প্রবোধবাবু তিনিও এটা তুলেছেন যে, 'কি ব্যাপার, এখানে গণেশ মণ্ডল মহাশয়ের নাম নেই, তাহলে কি তিনি কাজ করছেন না? তিনি কি বাদ গিয়েছেন?' আমার এই প্রশ্নের জবাব দেওয়ার কথা নয়। এটা অন্তত কিছু একটা হয়েছে দপ্তরের দিক থেকে।

[6.20–6.25p.m]

যেটা আমি অবশ্যই নিশ্চয়ই মনে করব যার যেটা প্র্যাকটিস সেটা ফলো করতে হবে।

এখানে যদি ফলো করা না হয়ে থাকে সেটা অন্যায় হবে। একই জিনিস সব জায়গায় সব রকম হবে এটাই তো স্বাভাবিক কথা। এটা খুব একটা— আমার মতে ছোটখানো ব্যাপার। সেটাকে এতো বড়ো ফুলিয়ে-ফাঁপিয়ে না তুললেও কাজটা হয়ে যেত। যাই হোক এবারে যেগুলি তুলেছেন, গঙ্গা- পদ্মার ভাঙনের কথা বলতে গিয়ে আপনি বললেন যে, মাস্টার প্ল্যান তৈরি করতে আপনারা অগ্রসর হননি। আপনাকে আমি এটাই বলে রাখি রাজ্য সরকারের কোন এক্তিয়ার নেই যেকোন বেসিনে বলুন আমরা গঙ্গা বেসিন নিয়ে আলোচনা করি। গঙ্গা বেসিনে যতগুলি নদী— এই নদীগুলির বন্যা নিয়ন্ত্রণের কাজে, ড্রেনেজের কাজের ব্যাপারে কোন মাস্টার প্ল্যান রাজ্য সরকারের তৈরি করার কোন এক্তিয়ার নেই। এটা তৈরি করবে দিল্লির যে সংস্থা কেন্দ্রীয় সরকারের যে সংস্থা-গঙ্গা ফ্ল্যাড কন্ট্রোল কমিশন, এই মাস্টার প্ল্যানগুলি তৈরি করবে এবং তৈরি করে তারা বিভিন্ন রাজ্যের গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশন, গঙ্গা বেসিনে ওর উত্তরাঞ্চলে আছে নতুন একটি রাজ্য, উত্তরপ্রদেশ, আছে, বিহার আছে এবং আমরা আছি—পশ্চিমবঙ্গ আছে। এখানে যতগুলি নদী আছে সব নদীরই মাস্টার প্ল্যান গঙ্গা ফ্ল্যাড কন্ট্রোল কমিশন তৈরি করবে এবং তৈরি করে রাজ্যগুলির কাছে পাঠিয়ে দেবে। আমাদের এখানে সেইরকম মাস্টার প্ল্যান তৈরি করে দেবেন তারা এবং তার ভিত্তিতে আমাদের এখানে স্কিম তৈরি করতে হবে এবং তারপর প্রশ্ন আসে যে স্কিমের টাকা কে দেবে? কোথা থেকে আসবে? এখন আমাদের এখানে যেটা মূল সমস্যা, সেটা হচ্ছে গঙ্গা এবং পদ্মার ভাঙন এটাকে বলে গঙ্গার মূল স্ট্রেন্থ। মাস্টার প্ল্যান ওদের করার কথা, অনেক সময় এই প্রশ্ন ওঠে, বিধানসভায় উঠেছে যে, মাস্টার প্ল্যান আপনারা কেন তৈরি করছেন না? যেখানে-সেখানে পাথর ফেলছেন। আমাদের কোন উপায় নেই। যে মাস্টার প্ল্যান তৈরি হয়েছে, তার ভিত্তিতে স্কিম করে আমার সেই স্কিমকে টেকনিকাল কমিটির কাছে পাঠানোর পর সেটা জি. এফ. সি. সি.'র থ্রু হয়ে আসছে। গঙ্গা-পদ্মার ক্ষেত্রে সে কাজ হচ্ছে কিন্তু আপনারা তো জানেন গঙ্গা বেসিনে আরও কত নদী আছে? এই বেসিনে অন্ততপক্ষে হিসেব করলে সুন্দরবনে ৩০-৪০টি নদী আছে। তারপর মধ্যবঙ্গে আসামে ৩০-৪০টির বেশি নদী আছে, তার কম নেই। আর যদি মেনেই নিলাম যে মাস্টার প্ল্যান হয়েছে, স্কিম হয়েছে, টাকা কোথা থেকে আসবে আপনি আসবেন বলতে পারেন? কোন ব্যবস্থা আছে রাজ্য সরকারের? ইন্টারস্টেট রিভার—আমি তো আমার সীমানার মধ্যে মন্ত্রী। আমার সামনে তো চৌহদ্দি বেঁধে দেওয়া আছে সংবিধানে। পশ্চিমবঙ্গ কাকে বলে? নদীটা এসেছে কোথা থেকে? আমার চৌহদ্দির মধ্যে যে জল সেটাকে আমি সামাল দিতে পারি, কিন্তু উত্তরদিকে এসেছে আন্তর্জাতিক নদী। ভুটান, তিব্বত, নেপাল - মামলাটা কার? এদিকে এসেছে সমুদ্র, সূর্য, চন্দ্র। আর সমুদ্র তার দানব তৈরি করছে। টোটাল রিভারে এর ফলে হচ্ছে সি এরোশান। এটাকে রক্ষা করার দায়িত্ব কার? কে দায়িত্ব নেবে? এখানে তো অনেক পিরিনিয়াল রিভার আছে। সেখানে ভাঙন হচ্ছে, ক্ষয় হচ্ছে সেখানে ঠিক তেমনি পিরিনিয়াল রিভার ঐ সুন্দরবন অঞ্চলে ভাঙন মাসে ২ বার করে হয়। হতে পারে। এই অবস্থার মধ্যে আর্থিক সংগতি থাকলে সব কিছু মোকাবিলা করা যায়। সেই আর্থিক সংগতি কি আমাদের আছে? সে অর্থ আমরা কোথা থেকে জোগাড় করবো? সেটা আমাদের পক্ষে সম্ভব নয়। সে জন্যই আমি বলছি ভারত

সরকারকে এগিয়ে আসতে হবে। আইনগতভাবে, সংবিধানগতভাবে তাঁদের এগিয়ে আসতে হবে। আমরা কি বলছি? ওপরে দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার— ওখানকার সমস্ত নদী ইন্টারন্যাশনাল রিভার। আমরা বলছি, ওখানকার নদী ভাঙন আমাদের একার পক্ষে সামলানো সম্ভব নয়। বেশির ভাগ নদীগুলিই ভুটান থেকে আসছে। ভুটানের সঙ্গে আমাদের যদি কোন বন্দোবস্ত না হয়, তাহলে সম্ভব নয়। কোন বাংলাদেশের সঙ্গে আমাদের একটা সম্পর্ক আছে, পারস্পরিক সম্পর্ক, যে নদীগুলো আমাদের এখান থেকে ওদের ওখানে যাচ্ছে সেগুলোর ব্যাপারে একটা কমিশন আছে। এই কমিশন যেমন যেমন সমস্যা দেখা দেয় তেমন তেমন বসে আলোচনা করেন, সুপারিশ করেন। সেই সুপারিশ ভারত সরকারের কাছে আসে, বাংলাদেশ সরকারের কাছে যায়। সেই সুপারিশ কার্যকরী করার জন্য অর্থের ব্যবস্থা হয়।

বাংলাদেশের ক্ষেত্রে এই সব সমস্যা সামাল দেওয়া হচ্ছে। এ ক্ষেত্রে আমাদের কোন সমস্যা নেই। উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদায় কিছু নদী আছে, সেই নদীগুলোর সমস্যার ব্যাপারে বাংলাদেশের সঙ্গে আমাদের যে কমিশন আছে সেই কমিশন যা যা সমস্যা দেখা দেয় সব আলোচনা করে সুপারিশ করে। সেই সুপারিশের ভিত্তিতে স্কীম তৈরি করে আমাদের এলাকার ব্যাপারে দিল্লির সরকারের কাছে পাঠানো হয় মঞ্জুরির জন্য, টাকার জন্য। অনুরূপভাবে বাংলাদেশও সেই কাজ করে। ভুটানের পাহাড় থেকে, তিব্বত থেকে যে নদীগুলো এসে উত্তরবঙ্গে ঝাঁপিয়ে পড়ছে, সেগুলোর জন্য দীর্ঘকাল ধরে বলা হচ্ছে, ইন্ড ভুটান কমিশন চাই। আপনারা নিশ্চই আর একটা বেসিনের কথা জানেন, ব্রহ্মপুত্র বেসিন। আমাদের উত্তরবঙ্গের বেশির ভাগ নদীগুলিই হচ্ছে ব্রহ্মপুত্র বেসিনের। ব্রহ্মপুত্র বেসিনের নদীগুলোর বন্যা নিয়ন্ত্রণের একটা ব্যবস্থা আছে। কি ব্যবস্থা? সেখানে ভারত সরকার ব্রহ্মপুত্র বোর্ড তৈরি করে দিয়েছে। এই বোর্ড সেখানকার নদী অঞ্চলের সমস্ত সমস্যা— সেখানে যা যা ঘটে সেগুলো নিয়ন্ত্রণ করে। যেমন এখানে গঙ্গা বেসিনের নদীগুলো আছে সেগুলোর সব সমস্যার মোকাবিলার পারমিট জি. এফ. সি. সি.-র ; গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশনের। ওখানে ২০ বছর আগে ব্রহ্মপুত্র বেসিন তৈরি করলেন ভারত সরকার আসাম এবং নর্থ-ইস্টের স্টেটগুলোকে মিলিয়ে। আমাদের ওখান থেকে বাদ দিয়ে দিলেন। জানি না কেন বাদ দিলেন। আমরা গত ২ বছর ধরে লাগাতার চেষ্টা করে যাচ্ছি, কিন্তু এখনো আমরা শামিল হতে পারিনি। অবশ্যই ভুটানের সঙ্গে আমাদের বসতে হবে। আপনারা নিশ্চই দেখেছেন কাগজে খবর বেরিয়েছে ভুটানে ডলোমাইট সংগ্রহের ফলে বড় বড় বোলডার নেমে আসছে। সত্যি কিনা বলতে পারব না। একটা সরকারের বিরুদ্ধে এখানে দাঁড়িয়ে এসব কথা বলতে পারব না। কিন্তু একটা আকশান প্ল্যান ভারত সরকারের সঙ্গে ভুটান সরকারের থাকতে হবে। তার জন্যই আমরা ইন্ড-ভুটান নদী কমিশনের কথা বলছি। ২ বছর ধরে বলে আসছি। শেষ পর্যন্ত খবর পেয়েছি, ওঁরা ওখানে একটা এক্সপার্ট বডির মতো কিছু করবেন।

[6.30–6.40p.m]

কমিশন ওরা করতে চাননি এবং ব্রহ্মপুত্র বোর্ডের ব্যাপারে ওরা মোটামুটি রাজি হয়েছে

যে আমাদের ব্রহ্মপুত্র বোর্ডে নেবে, তবে তাঁরা খুব সম্ভবত করতে পারবেন না, কারণ ব্রহ্মপুত্র বোর্ডের ব্যাপারে পার্লামেন্টের যে আইন আছে সেই আইন যতক্ষণ তা পাল্টান। উত্তরবাংলার বন্যা-নিয়ন্ত্রণের জন্য ব্রহ্মপুত্র বোর্ডে আমরা নিঃশর্ত যেতে চাইনি, আমাদের কতকগুলি শর্ত আছে। এটা উত্তরবঙ্গের বন্যা-নিয়ন্ত্রণের স্বার্থে আমাদের করতে হয়েছে। সেইজন্য সম্ভবত ব্রহ্মপুত্র বোর্ডের আইন সংশোধন করার জন্য সময় নিচ্ছেন। এখন যে জায়গায়, আছি তাতে এইটুকু উত্তরবঙ্গের জনসাঁধারণকে বলতে পারি যে এই ব্রহ্মপুত্র বোর্ডে সারা উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে একটা বলিষ্ঠ ভূমিকা পালন করবে যার মধ্য দিয়ে ভারত সরকারের টাকা দেওয়া হবে। সেই বিশাল বন্যা-নিয়ন্ত্রণের ব্যবস্থার জন্য যে কাজ সেই কাজ মোটামুটি হতে যাচ্ছে। মধ্যবঙ্গ সম্বন্ধে আগে ফরাক্কার জন্য যে কাজ্ব সেই কাজ মোটামুটি হতে যাচ্ছে মধ্যবঙ্গ সম্বন্ধে আগে ফরাক্কার কথা বলে নিতে হয়। ফরাক্কা ব্যারেজের যে সমস্যা সেই সমস্যা নিয়ে আমার জেলার মাননীয় বিরোধীদলের সদস্য উল্লেখ করবেন।

(মিঃ স্পীকার : দেখছি নির্ধারিত সময়ের মধ্যে শেষ হবে না, তাই সভার অনুমতি নিয়ে আরো ১০ মিনিট সময় বাড়িয়ে দিলাম।)

ফরাক্কা ব্যারেজ নিয়ে যে সমস্যা দেখা দিয়েছে, সেক্ষেত্রে আমরা লাগাতার বলে যাচ্ছি, এটা অস্বীকার করার কোন উপায় নেই — ভাঙন হচ্ছে। আমাদের টাকা-পয়সার টানাটানি আছে, এটা লুকোবার কি আছে? তবুও আমরা মুর্শিদাবাদ এবং মালদায় ভাঙন ঠেকাবার জন্য বহু রকমের চেষ্টা করে গেছি। ভারত সরকার তাকাননি, তারা ১৯৯৬ সালের পর তাকালেন। আপনারা বইটা দেখেন নি কেন? ওই বইতে হিসাব দেওয়া আছে। কত টাকা খরচ করা হয়েছে এবং ভারত সরকারের কাছে কত টাকা আমাদের পাওনা হয়েছে, আমরা যে দাবি করেছি, সব বইতে আছে, সবাইকে বইটা দিয়ে দেওয়া হয়েছে। একজন মাননীয় সদস্য বললেন হিসাব নেই, হিসাবের ভুল আছে। কোন উত্তরটি নেই, হিসাব দিয়ে দেওয়া হয়েছে, খুঁজে দেখুন। ফরাক্কা ব্যারেজের ক্ষেত্রে যেটা আমি বলছি, এটা একটা আমাদের মৌলিক কথা, এটা শুধু মুর্শিদাবাদ এবং মালদার সমস্যা নয়, মমুলি ভাঙন নয়। ফরাক্কা ব্যারেজ মানে কি? ফরাক্কা ব্যারেজের মানে হচ্ছে এর সঙ্গে জড়িত কলকাতা বন্দর। ফরাক্কা ব্যারেজে যেটা আমরা আশঙ্কা করছি,নদী যেভাবে পূর্বদিকে এগিয়ে যাচ্ছে তাতে গঙ্গা নদীতেই আউট-ফ্ল্যাংকিং-এর আশঙ্কা আছে, এটা বক্তৃতা দিয়ে কাউকে বোঝাতে পারবো না। যদি গঙ্গা আউট-ফ্ল্যাংকিং করে বেরিয়ে যায় তাহলে ফরাক্কা ব্যারেজ অকেজো হবে। যদি পদ্মা জঙ্গিপুর ব্যারেজ আউট-ফ্ল্যাংকিং করে বেরিয়ে যায় তাহলে কলকাতা মহাসাগরের তলায় যাবে একথা আমি বলছি না, সেই সম্ভাবনা নিশ্চিত নেই, কিন্তু ঐ ব্যারেজ অকেজো হবে আর অকেজো হওয়া মানে কলকাতা বন্দরে জল আসবে না, মানে কলকাতা বন্দর অচল হয়ে যাবে এবং তার ফলে ভারতের অর্থনীতি কোন্ জায়গায় যাবে সেটা বোঝার সময় হয়েছে, সুখের বিষয়, দিল্লি থেকে মন্ত্রী শ্রী অর্জুন শেঠী মহাশয় এসেছিলেন, মুখ্যমন্ত্রী এবং আমার সঙ্গে তাঁর আলোচনা হয়েছে। তিনি বুঝেছেন যে মামলা আছে। এখন ঐ এলাকায় সমস্যা সমাধানের জন্য মাল্টি ডিসিপ্লিন অথরিটি তৈরি

হচ্ছে, সেটা প্রায় হয়ে এসেছে, তার মধ্যে সবাই থাকবেন। যারা ওখানে জড়িত আছে তাদের মধ্যে দিল্লি যে ওয়াটার মিনিস্ট্রি তারা থাকবেন। ফরাক্কা প্রোজেক্ট হচ্ছে সারফেস ট্রান্সপোর্ট মিনিস্ট্রি শিপিং সেকশানের, শিপিং ব্রাঞ্চের। সুতরাং এখানে তারাও থাকবেন, ক্যালকাটা পোর্ট থাকবে আমরা, পশ্চিমবঙ্গ সরকার থাকবো, রেল থাকবে, সারফেস ট্রান্সপোর্ট মানে রোডস দিল্লির থাকবে—এইভাবে হবে। এটার চেয়ারম্যান হবেন সেক্রেট্রারি, ওয়াটার রিসোর্সে মিনিস্ট্রি, দিল্লি এবং এইভাবে একটা বডি তৈরি করা হয়েছে যারা এখানে উদ্ভূত সমস্যা এবং তার মধ্যে অবশ্যই আমি মনে করি এই যে বডি বা সংস্থা তৈরি হচ্ছে এই সংস্থা এখানে এই ভাঙনের ব্যাপারটা তারা দেখবেন। এই ভাঙন রোধের জন্য যে অর্থের সংস্থান করা দরকার আমি আশা করি সেই অর্থের সংস্থানের দিকটাও তারা খেবেন। এই হচ্ছে ফরাক্কা ব্যারেজের ব্যাপার। তারপর আমি মনে করি মধ্য-বঙ্গের নদীগুলি সম্পর্কে একটা সংবাদ মাননীয় সদস্যদের দেওয়া দরকার। এখনও পর্যন্ত এই যে মনে করুন ভাগীরথীর ভাঙন বা এই যে হুগলি রিভারের গঙংগার সমস্যা — এখানে তো সমস্ত শহর রয়েছে নদীর দু'পারে। সুতি থেকে আরম্ভ করে হিসাব করলে দেখবেন ৫ শো কিলোমিটারের একটা নদী। ২৫ বছর ফরাক্কা ব্যারেজ চালু হওয়ার পর এই নদী এখন পেরিনিয়াল হয়ে গিয়েছে। এটা আগে তিন মাসের নদী ছিল, ভাঙনের ক্ষমতা ছিল না, কিন্তু এই নদী, এটা এখন পেরিনিয়াল তার ফলে দু পারের শহরগুলি ভাঙগংনের কবলে পড়ে গিয়েছে। কিন্তু এর কাজ করা এ কি আমাদের একার পক্ষে সম্ভব? ৫ শো কিলোমিটারের নদী, হিসাব করে দেখা যাচ্ছে, আমাদের স্কীম তৈরি হয়েছে এতে ৫৫ কোটি টাকা লাগবে এই ভাঙনের মোকাবিলা করতে। এখন বললেই তো আকাশ থেকে ঝুপঝুপ করে মাথায় ৫৫ কোটি টাকা পড়বে না। কিন্তু এটা হচ্ছে ইনটারেস্টেট রিভার। আমাদের কথা হচ্ছে, ইনটারেষ্টেট রিভার, হুগলী নদীর ভাঙনের দায়দায়িত্ব ভারত সরকারকে নিতে হবে। আমাদের লাগাতার চেষ্টার ফলে মাননীয় মুখ্যমন্ত্রী চেষ্টা করেছেন, আমি চেষ্টা করেছি, আমাদের লাগাতার চেষ্টার ফলে আজকে তারা এই জায়গাটাতে এসেছেন, ১৩৮ কোটি টাকার প্রোজেক্ট, আজকে মিটিং হচ্ছে দিল্লিতে, আজ এবং কাল সেই মিটিং দিল্লিতে হবে এবং সেখানে তারা ঠিক করবেন গঙ্গা বেসিনের এই স্টেটগুলিতে এইসব ভাঙনের মোকাবিলা করার জন্য ১৩৮ কোটি টাকা-র একটা প্যাকেজ তারা দেবেন বলছেন। এটা ৪ ভাগ হবে, তার এক ভাগ আমরা পাব। আমাদের ভাগে কি সেটা আজকে অথবা কালকে সেখানে নির্ধারিত হবে। এর অর্থ হচ্ছে, ভাগীরথীর ভাঙন এবং তার সঙ্গে সঙ্গে গঙ্গা বেসিনের—ভাগীরথী মানে হচ্ছে একেবারে রূপনারায়ণ পর্যন্ত এই নদীগুলির ভাঙংগনের মোকাবিলা করার জন্য যে টাকাটা আমাদের হাতে নেই, সেই টাকাটা ভারত সরকার দিতে রাজি হচ্ছিলেন না, এখন বলছেন ১০ম পরিকল্পনায় এই টাকাটা দেবেন। তারা বলেছেন আমাদের কাছে স্কীম পাঠাও, আমরা স্কীম পাঠিয়েছি। সমস্ত জেলার স্কীম তাতে আছে। আমি আগেই বলেছি যে সেই স্কীমে শেষ পর্যন্ত দেখা যাচ্ছে ৫৫ কোটি টাকার স্কীম। কি পাব জানি না, কালকে হয়ত জানা যাবে। আমাদের চিফ ইঞ্জিনিয়ার সেখানে গিয়েছেন। সুন্দরবনের কথা উঠেছে। সেটা নিয়ে এখনও দরবার চলছে। আমরা বোঝাবার চেষ্টা করছি যে সমুদ্র আমাদের আওতায় নয়। সমুদ্র ভাঙন হচ্ছে আমরা সেখানে টাকা খরচ

করে বাঁচানোর চেষ্টা করছি কিন্তু এটা হয় না। এতদিন এটা চলে আসছে কিন্তু এটা আমরা চলতে দিতে পারি না। সমুদ্রের ভাঙনের পুরো দায়িত্ব ভারত সরকারকে নিতে হবে। টাইডাল রিভারসের ভাঙনের পুরো দায়িত্ব ভারত সরকারকে নিতে হবে। এটা আমরা গায়ের জোরের কথা বলছি না। সংবিধান যেটুকু বুঝি, আইন-কানুন যেটুকু বুঝি, ইন্টারেস্টেট রিভারের ক্ষেত্রে, ইনটারন্যাশানাল রিভারের ক্ষেত্রে।

[6.40–6.45p.m.]

সমুদ্রের ক্ষেত্রে টাইডাল রিভারের ক্ষেত্রে একই নিয়ম। আজকে ভারত সরকাররকে এগিয়ে আসতে হবে, আমাদের সাহায্য করতে হবে, অর্থের সাহায্য করতে হবে। সুন্দরবনের ক্ষেত্রে এখনও পর্যন্ত প্রতিশ্রুতি পাওয়া যায়নি। তবে কিছু টাকা এই হালে তারা দিতে শুরু করেছে। আশা করা যায় শেষ পর্যন্ত আমাদের কথায় সায় দেবেন। সর্বশেষ একটা কথা বলবো। যদিও এর আগে আমি মাননীয় বিরোধী সদস্যদের অনেকের জবাব দিয়ে দিয়েছি, অনেক বাকি থেকে গেল জবাব দিতে পারলাম না। তিস্তার উপর বলেছেন, তিস্তা দেরি হচ্ছে কেন? টাকা না হলে কি হবে? একটা কথা আছে না, "গান শুনবো অক্র-উহরণ, পয়সা দেব একটি" পয়সা কোথায়? এখন পর্যন্ত এ.আই. বি.পি যে টাকা দিয়েছে সেই টাকা তো কমিয়ে দিল এবার আগে যা দিয়েছিল। কি করে বললেন এটা অভিযোগ উত্তরবাংলার? এর থেকে বড় আশীর্বাদ ভারতবর্ষে আছে? এই তিস্তার ব্যারেজ যে দিন সফল হবে দেখবেন। আর তিস্তার দেরি হচ্ছে কেন বলেছেন। কবে শুরু হয়েছে সুবর্ণরেখা ব্যারেজ? কবে শুরু হয়েছে দেখছেন না? এটা তো আমাদের একক চেষ্টায় হচ্ছে। সেই দেরিটা দেখতে পাচ্ছেন না? ভারত সরকার যদি টাকা না দেয় তাহলে ব্যারেজ আপনা-আপনি গজিয়ে উঠবে? হ্যাঁ, আমাদের দিক থেকে এই ব্যারেজও বহু দিন থেকে হচ্ছে। কেন সেখানে আপনারা বলছেন না- এই সুবর্ণরেখা ব্যারেজ, এটাতে ৪টি গভর্নমেন্ট আছে, ঝাড়খণ্ড গভর্নমেন্ট আছে, উড়িষ্যা গভর্নমেট আছে, পশ্চিমবাংলা আছে এবং ভারত সরকার আছে - সেখানে তো দেরি হচ্ছে। এতো বড় একটা বৃহৎ প্রকল্প, এই প্রকল্পে দেরি হতেই পারে। সুতরাং এটাকে বড় করে দেখার কোন কারণ নেই। যেভাবে কাজ এগিয়ে চলেছে, উত্তরবাংলা একদিন সোনার দেশে পরিণত হবেই হবে। সবশেষে কথা বলি, আমাদের বিরোধী দলের সদস্য অসিত মিত্র বলেছেন, কলকাতা এবং কলকাতার খালের জন্য আমরা টাকা নিয়েছি। হ্যাঁ, আমাদের ধার করে টাকা নিয়ে করতে হচ্ছে। কলকাতা যে সুয়েজ, কোলকাতা ভাসবে কি ভাসবে না এটা দেখার দায়িত্ব আমার নয়। আমাদের দায়িত্ব হচ্ছে, এই কলকাতা হচ্ছে কোর সেক্টর সিটি তার বাইরে আমাদের দায়িত্ব হচ্ছে খালগুলো। আমরা প্রতিটি খাল সংস্কার করে দিয়েছি। ১৪০ কোটি টাকা, আপনারা জিজয়াসা করলেন যে এই টাকা খরচ করতে পারবেন? খরচ হয়েছে। একমাত্র কেষ্টপুর খালের কাজ আরম্ভ হয়নি। আর একটা খালের কাজ চলছে। এই ১৪০ কোটি টাকা দিয়ে ১০টি খাল শুধু নয় - এক-একটা খাল এক-একটা সিস্টেম - সবগুলো কালের সংস্কার এই সরকার করেছে। আগামী ২-৩ বছরের মধ্যে আর যে খালগুলা বাকি আছে, আরো ১৪০ কোটি টাকা ব্যয় করে কাজ

হবে। এই চড়িয়াল থেকে আরম্ভ করে এই খালগুলোর সংস্কারও আমরা কেন দেব? কাজেই আপনাদের এই প্রশ্ন অবান্তর প্রশ্ন, আমরা কাজ করে চলেছি। টাকার অভাব আছে, যেমন করেই হোক তার উর্ধ্বে ওঠার চেষ্টা করছি। আপনারা যারা ছাঁটাই প্রস্তাব দিয়েছিলেন তাঁরা কেউ উপস্থিত নেই, কাট মোশান যাঁরা দিয়েছিলেন তাঁরা কেউ উপস্থিত নেই, আপনাদের কোন নৈতিক অধিকার নেই কাট মোশানের উপর ভোট চাওয়ার। নিলে নিতে পারেন। কিন্তু ভাল হবে যদি আপনাদের কাট মোশানগুলো ভোটে না দেন। আমি আশা করি আপনারা বিনা ভোটে এই দপ্তরের দাবিটা মেনে নেবেন। এই আবেদন জানিয়ে, সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : There are 9 cut motions to Demand No. 32 by Shri Kamal Mukherjee and Shri Deba Prasad Sarkar. All the Cut Motions are in order and have already been moved.

The Motions (Cut Motions 2 – 3) that the amount of the Demand be reduced by Re.1/- and the Motions (Cut Motions 25–30, 41) that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 that a sum of Rs. 409,37,30,000 be granted for expenditure under Demand No. 32, Major Heads: "2245 – Relief on account of natural calamities, 2250 – Other Social Services, 2551 – Hill Areas, 2701 Major and Medium Irrigation, 2711 – Flood Control, 3451 – Secretatari – Economic Services, 4701 – Capital Outlay on Major and Medium Irrigation and 4711 – Capital Outlay on Flood Control Projects" during the year 2003 – 2004.

(This is inclusives of a total sum of Rs. 136,45,77,000 already voted on account in March, 2003.) was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6.45 p.m. till 11.00 a.m. on Friday the 18th July, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 18th July 2003 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Minister, 07 Ministers of State and 108 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

জলাভূমি বোজানো

*৩৪৩। (অনুমোদিত প্রশ্ন *৩৯৬) শ্রী কমল মুখার্জী : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জলাভূমি বোজানোর অভিযোগে ২০০০, ২০০১ ও ২০০২ সালে কয়টি মামলা রুজু করা হয়েছে; এবং

(খ) ওই সময়কালে কতজনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

শ্রী কিরণময় নন্দ :

(ক) জলাভূমি বোজানোর অভিযোগে মামলা রুজু করার দায়িত্ব আইনানুসারে সংশ্লিষ্ট থানার। স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের নিকট এ বিষয়ে প্রয়োজনীয় তথ্য চাওয়া হয়েছে। এরপর 'ক' চিহ্নিত অংশ যুক্ত হবে যা লিখিত উত্তরের সাথে সংযোজিত হল।

(খ) ২০০০, ২০০১ ও ২০০২ সালে এ ব্যাপারে যতজনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা হিসাব নীচে দেওয়া হল :

	সাল		জন
১।	২০০০	—	৭৪
২।	২০০১	—	২৪
৩।	২০০২	—	১৪৪

অতিরিক্ত তথ্যাবলী

	২০০০	২০০১	২০০২
১। বে-আইনিভাবে জলা ভরাটের দরখাস্ত পাওয়া গেছে	৩২৬	১০৪	৩৭৪
২। উপযুক্ত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে	৩২৬	১০৪	৩৫৫
৩। পুকুর/জলা ভরাট আপাততঃ বন্ধ করা গেছে	২৩০	৭৫	২০২
এখন পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয়নি।			

[11.00– 11.10 a.m.]

শ্রী কমল মুখার্জী : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমার প্রশ্ন ছিল এই তিন বছরে, অর্থাৎ ২০০০-২০০১-২০০২, এই তিনটি বছরে পুকুর বোজানোর ঘটনায় কতগুলি মামলা রুজু করা হয়েছিল সেটা কিন্তু উনি বলেননি। শুধু উনি বললেন স্বরাষ্ট্র বিভাগের কাছে তথ্য জানতে চেয়েছেন।

শ্রী কিরণময় নন্দ : মামলা রুজু করেছিল স্বরাষ্ট্র (পুলিশ বিভাগ)। আমরা তখন থানায় এফ. আই. আর করি। আমরা স্বরাষ্ট্র (পুলিশ বিভাগ)-এর কাছে জানতে চেয়েছি কতগুলি মামলা রুজু করা হয়েছে।

শ্রী কমল মুখার্জী : কতগুলো মামলা রুজু করেছেন বলতে পারলেন না, এই তিন বছরে কতগুলো অভিযোগ থানাতে পাঠিয়েছেন?

শ্রী কিরণময় নন্দ : প্রথমেই আমি পরিসংখ্যানটা দিয়েছি। ২০০০ সালে ৩২৬ টি অভিযোগ পেয়েছি, সবগুলোর বিরুদ্ধেই ব্যবস্থা নেওয়া হয়েছে, আর ২৩০ টি জলাভূমি ভরাট বন্ধ করা গেছে। ২০০১ সালে ১০৪ টি অভিযোগ পেয়েছি, সবগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। থানায় এফ. আই. আর. করা হয়েছে, এবং ৭৫ টি জলাশয় ভরাটের হাত থেকে রক্ষা করা গেছে। ২০০২ সালে ৩৭৪ টি অভিযোগ পেয়েছি, তার মধ্যে ৩৫৫ টি থানায় এফ. আই. আর. হয়েছে, ২০২ টি জলাশয় ভরাট বন্ধ করা গেছে।

শ্রী কমল মুখার্জী : পুকুর বোজানো আইন অনুযায়ী অপরাধ। শহরাঞ্চলে বহু পুকুর বা জলাভূমি ভরাট হয়ে সেখানে বড় বড় বাড়ি হয়ে যাচ্ছে এবং তার প্রমাণও হয়েছে যে সেখানে আগে জলাভূমি ছিল। এক্ষেত্রে মৎস্য দপ্তরের কি কোন ভূমিকা আছে? থাকলে জানান।

শ্রী কিরণময় নন্দ : আমরা যখনই জানতে পারি, সঙ্গে সঙ্গে আমাদের অফিসাররা সেই জায়গা পরিদর্শন করেন এবং যদি দেখেন জলাভূমি বন্ধ করা হচ্ছে অথবা উদ্যোগ নেওয়া হচ্ছে, সাথে সাথে সংশ্লিষ্ট থানায় এফ.আই.আর করা হয়। কলকাতা কর্পোরেশনকেও জানানো হয়। যেখানে জলাভূমি বন্ধ করে বড়ো বড়ো বাড়ি হয়েছে এবং সেখানে কলকাতা কর্পোরেশন মিউটেশন করেছে, বাড়ি করার অনুমতি দিয়েছে, বহু জায়গায় আগের যে রেকর্ড, সেই রেকর্ড

পরিবর্তন করা হয়েছে, এই ক্ষেত্রে আমাদের অনেক জায়গায় আইনানুগ ব্যবস্থা নিতে অসুবিধা তৈরি হয় সেখানে কার্যকর করতে বা কার্যকরী ভূমিকা নিতে।

শ্রী কমল মুখার্জী : জলাভূমি বোজানোর দায়ে কতজনের বিরুদ্ধে কি ধরনের শাস্তি আপনার দপ্তর থেকে নিতে পেরেছেন? আর, এই ব্যাপারে বলি, কলকাতা কর্পোরেশনের ২ নং ওয়ার্ডে দুলাল ব্যানার্জী বর্তমানে জেলে আছে এবং তার শাকরেদরা প্রায় ১৪টি পুকুর ভরাট করেছে এবং সার্ভে রিপোর্টেও বলা হয়েছে এরকম হয়েছে, এখানকার লোকেরাও বারবার আপনাকে জানিয়েছেন এরকম ব্যাপার ঘটেছে। সেই ব্যাপারে মৎস্য দপ্তর কি ভূমিকা নিয়েছে? শুধু কলকাতাতেই নয়, হাওড়া, হুগলি, বর্ধমানের শিল্পাঞ্চলেও ব্যাপক ভাবে পুকুর ভরাট করে বড়ো বড়ো বাড়ি হচ্ছে, সেই ব্যাপারে আপনার দপ্তর সেখানে কি কার্যকরী ভূমিকা নিতে পারে?

শ্রী কিরণ্ময় নন্দ : সিঁথির ব্যাপার যেটা বললেন, এই ব্যাপারে একটা কলিং অ্যাটেনশন আছে। আমি কলকাতা কর্পোরেশনের কাছে তথ্য জানতে চেয়েছি। ২৫ তারিখে এই বিধানসভায় কলিং অ্যাটেনশনের উত্তর দিতে হবে, সেদিনই সবিস্তারে জানাব।

দ্বিতীয় প্রশ্ন যেটা করেছেন—জলাভূমি বন্ধের ব্যাপারে কি আইনানুগ ব্যবস্থা নেওয়া যেতে পারে। আপনি জানেন, আইন তৈরি করা হয় এবং সেটা কার্যকর করতে হয় পুলিশকে। এক্ষেত্রে নন বেইলেবেল সেকশনে জেলে পাঠাতে হবে, কোর্টে পাঠাতে হবে, দু লক্ষ টাকা জরিমানা করতে হবে, দু' বছরের সশ্রম কারাদণ্ড দিতে হবে। এবং যদি জলাভূমি ভরাট করে থাকে, তাহলে নিজের খরচে তা সংস্কার করে দিতে হবে। তা যদি না করে, তাহলে সরকার করে দেবে এবং জলাশয়ের মালিককে সেই খরচটা দিতে হবে। এক্ষেত্রে একটা আইনগত অসুবিধা থাকে। অ্যারেস্ট করে কোর্টে পাঠান হয়, সেখান থেকে জামিন নিয়ে বেরিয়ে আসে। বহু মামলা কলকাতা কোর্টে রুজু হয়েছে। কলকাতা হাইকোর্ট ইনজাংশান করেছে, সেখানে আমাদের পক্ষে ব্যবস্থা নেওয়া খুব অসুবিধাজনক। আপনাকে জানাই, জলাশয় ভরাটের যত অভিযোগ আছে, সেখানে দক্ষিণ ২৪ পরগনায় ২২ জন, উত্তর ২৪ পরগনায় ৪ জন, হাওড়ায় ১৫ জন, মালদায় ২ জন, বর্ধমানে দুজন আর কলকাতা মিউনিসিপ্যাল এরিয়াতে একজনকে অ্যারেস্ট করা হয়েছে।

শ্রী পরেশ নাথ দাস : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, জলাভূমি বোজানোর ক্ষেত্রে ব্যবস্থা নেওয়া হবে। আমরা দেখছি বহরমপুর মিউনিসিপ্যালিটিতে ব্যাপক ভাবে জলাভূমি বন্ধ করে দেওয়া হচ্ছে।

[11.10 - 11.20 a.m.]

এই রকম ধরনের অভিযোগ আছে কিনা এবং জলাভূমি বন্ধ করে দেওয়ার কতদিনের মধ্যে অভিযোগ আনলে আপনি কার্যকরী ব্যবস্থা নেবেন।

শ্রী কিরণ্ময় নন্দ : আমাদের কাছে যখন লিখিত, মৌখিক ভাবে বা টেলিফোন করে যখন অভিযোগ জানানো হয়, তখন আমরা সাথে সাথে সংশ্লিষ্ট দপ্তর, শুধু আমাদের দপ্তর, জেলা শাসক, পুলিশ থেকে ব্যবস্থা নিই। এছাড়া জেলাশাসককেও ব্যবস্থা নেওয়ার জন্য বলি

এবং পুলিশ প্রশাসনকেও ব্যবস্থা নেওয়ার জন্য বলি। কোন জলাভূমি যদি কর্পোরেশন এলাকায় বন্ধ হয়, ত আমাদের অভিযোগ জানানোর প্রয়োজন নেই। কর্পোরেশনের যারা কেজিকিউটিভ অথরিটি, যাদের উপর দায়িত্ব দেওয়া আছে, কর্পোরেশনের একজিকিউটিভ অফিসার অথবা কমিশনার তারাও আইনানুগ ব্যবস্থা নিতে পারবেন। ব্লক স্তরে ব্লক ডেভলপমেন্ট অফিসারও ব্যবস্থা নিতে পারেন। আইনে যাদের যাদের উপর দায়িত্ব দেওয়া আছে, তারা যদি এই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করেন, তাহলে এই ব্যাপারটাকে আটকানো যাবে।

শ্রী তাপস রায় : আপনার বিভাগই তো আইন প্রণয়ন করেছিলেন। আপনি পাশ কাটিয়ে গেলেন। একটা নয়, দুটো নয়, প্রায় ৪০ টা ছোটো, বড়ো মাঝারি পুকুর, জলাভূমি ভরাট হল। একবার দুবার নয়, সেখানে সি পি এম নেতা কর্মীরা গুচ্ছ গুচ্ছ অভিযোগ জানিয়েছিলেন। আপনি একজন মন্ত্রী হিসাবে বলুন, এই ব্যাপারে কোনো ব্যবস্থা নেওয়া হয়েছে কি। সেখানে যার উদ্যোগে এইসব জিনিস হয়েছিল, তিনি আজ ভেতরে বসে আছেন এবং তার পিছনে বসে আছে বিধায়ক, সি পি এম নেতারা। এই সি পি এম নেতাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হল না কেন? আপনি কি ভয় পান?

শ্রী কিরণ্ময় নন্দ : আমি আগেও বলেছি। আবারও বলছি যে, এই ব্যাপারে কলিং অ্যাটেনশান এর নোটিশ শ্রী আবদুল মান্নান মহাশয়ের ২৫ তারিখে আছে। ওই ২৫ তারিখে আমি জবাব দেব।

শ্রী অতীশ চন্দ্র সিনহা : স্যার, আজকে গোটা পশ্চিমবঙ্গে জলাভূমি বন্ধ করে মাল্টি স্টোরিড বিল্ডিং হচ্ছে। এটা সর্বজনবিদিত। তাঁর এই আইন প্রণয়নের ফলে, চেষ্টার ফলে এই পর্যন্ত পশ্চিমবাংলায় কতখানি জলাভূমি বাঁচানো গেছে প্রোমোটারদের হাত থেকে এবং সেই পরিমাণটা কত?

শ্রী কিরণ্ময় নন্দ : আমি এর আগে বলেছি। আবার বলছি ২০০০ সালে ২৩০টি জলাভূমি বাঁচানো গেছে। ২০০১ সালে ৭৫টি জলাভূমি বাঁচানো গেছে এবং ২০০২ সালে ২০২ টা জলভূমি বাঁচানো গেছে।

শ্রী পদ্মনিধি ধর : এখানে জলাভূমি বোজানো নিয়ে দুলাল ব্যানার্জির কথা উঠেছে। সে যে দলেরই হোক, আইন যদি তাকে ধরে, সে নিশ্চয় দণ্ড পাবে। কিন্তু আমি বলছি মাননীয় মন্ত্রী-মহাশয় আপনি জানেন আমাকে নির্দেশ দিয়েছেন আপনি থাকবেন আমার ওখানে আপনিও গেছিলেন, ডি এম, এস পি গেছিলেন, আমিও গেছিলাম। ডোমজুরে কংগ্রেসের প্রেসিডেন্ট কমলকৃষ্ণ ঘোষ ৩৭ বিঘা জমি ভরাট করছেন। তিনি এখনও পর্যন্ত অ্যারেস্টের ভয়ে হাসপাতাল ঘুরে ঘুরে বেড়াচ্ছেন। এখনও মন্ত্রী তাকে গ্রেপ্তার করেনি। আবার তৃণমূল কংগ্রেসের প্রধান ছিল ষষ্ঠী গায়েন, জলাভূমি ভরাট করার জন্য দিল্লি রোড, এন এইচ টুর পাশে শত শত একর জমি বুজিয়ে ফেলছে। সেখানে আপনি গেছিলেন, হাওড়ার সভাধিপতি ছিলেন, এস পি ছিলেন, আপনি একজনকে সঙ্গে সঙ্গে গ্রেপ্তারও করেছিলেন। তৃণমূল কংগ্রেস এর যারা জলাশয় বোজাচ্ছে, তাদের অ্যারেস্ট করার ব্যাপারে মন্ত্রী মহাশয় কি পদক্ষেপ নিয়েছেন?

শ্রী কিরণ্ময় নন্দ : গ্রেপ্তার তো আমি করব না। গ্রেপ্তার করবে পুলিশ। এই ব্যাপারে আমাদের সুস্পষ্ট নির্দেশ আছে কে কোনে দলের সেটা কথা নয়, যে বা যারা এই ধরনের অপরাধের সঙ্গে যুক্ত হবে পুলিশ যেন সঙ্গে সঙ্গে তাদের গ্রেপ্তার করে এবং তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করতে চাই যে উত্তর এবং দক্ষিণ ২৪ পরগনায় ভেড়ির নাম করে জমি ভেড়ি করা আবার তা ভরাট করে সেখানে বসত বাড়ি এমন কি অট্টালিকা তৈরি করার চেষ্টা করা হচ্ছে। আপনি অনেক ক্ষেত্রে হস্তক্ষেপ করার চেষ্টা করেছেন কিন্তু শাসকদলের কোনো নেতা হস্তক্ষেপ করায় আপনাকে পিছিয়ে আসতে হয়েছে। এই বিষয়ে আপনি কোনো ব্যবস্থা নিয়েছেন কি, না নিলে, না নেওয়ার কারণ কি, আর নিয়ে থাকলে কি ব্যবস্থা নিয়েছেন?

শ্রী কিরণ্ময় নন্দ : এমন কোনো অভিযোগ বা ঘটনা আমার কাছে নেই। বরং শাসকদলের পক্ষ থেকে অনেক খবর বা অভিযোগ আমাদের কাছে করা হয়েছে বহু জায়গায় যারা জলা ভরাট করছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : আপনার সঙ্গে এই নিয়ে বচসা হয় নি, দ্বন্দ্ব হয় নি? আপনি মুখ্যমন্ত্রীর কাছে গিয়ে বলেন নি যে আপনি পারছেন না। সেটা বলুন, এটা রিপোর্টেড হোক, লিখিত থাকে।

শ্রী কিরণ্ময় নন্দ : আজ পর্যন্ত মুখ্যমন্ত্রীর কাছে এই ধরনের কোনো অভিযোগ যে, আমি পারছি না এরকম কিছু বলিনি, প্রেশার এসেছে, কোথাও কোনো প্রেশার আসে নি। বরং তদন্ত করতে গিয়ে আমি দেখেছি যে বহু জায়গায় যেখানে জলাশয় ছিল রাতারাতি করপোরেশন সেই জলাশয়ের রেকর্ড পরিবর্তন করে সেখানে বাস্তু রেকর্ড করে দিয়েছে।

শ্রী সুধাংশু শীল : আমি মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করছি, কলকাতা পৌরসভায় ১৪১ টা ওয়ার্ড আছে। এর মধ্যে ২ নম্বর ওয়ার্ড থেকে কিছু অভিযোগ এসেছে দুজন মাননীয় সদস্য বললেন। কিন্তু আরও কিছু অভিযোগ আছে যেমন ধরুন মানিকতলায় পরেশ বাবুর এলাকায় মল্লিক লজে খুব বড়ো একটা ভরাটের কাজ চলছে। এটা নিয়ে কাগজে বেরিয়েছে এবং দক্ষিণ কলকাতার অনেকগুলো নির্দিষ্ট অভিযোগ আছে। আমি আপনার কাছে জানতে চাইছি যে, পৌরসভায় যে পরিচালনাধীন বোর্ড রয়েছে তারা এই ব্যাপারে কি উদ্যোগ নিয়েছে? আপনি ২৫ তারিখ কলিং অ্যাটেনশনের উত্তর দেবেন বলেছেন সেখানে ওয়ার্ড ওয়াইজ আপনার কাছে কি অভিযোগ আছে এবং তার বিরুদ্ধে রাজ্যসরকার কি ব্যবস্থা নিয়েছেন, বিশেষ করে দক্ষিণ কলকাতায় আমাদের কাছে অনেকগুলো অভিযোগ আছে, বিস্তারিত যদি বলেন তাহলে ভালো হয়।

শ্রী কিরণ্ময় নন্দ : এটা ঠিকই যে শুধুমাত্র কলকাতা করপোরেশনের ২ নম্বর ওয়ার্ডে নয় বিশেষ করে কলকাতার বিস্তীর্ণ এলাকায় বেহালা, ঠাকুরপুকুর, যাদবপুর, গড়িয়া, টাকুরিয়ার বিভিন্ন জায়গায় বিশেষ করে কলকাতা করপোরেশনের অ্যাডেড এরিয়ায় জলাভূমি ভরাটের

বহু অভিযোগ আমাদের কাছে এসেছে। আমাদের পক্ষে যতদূর সম্ভব আমরা খতিয়ে দেখেছি এবং খতিয়ে দেখে আমরা দেখেছি যে বহু জায়গায় বাড়ি তৈরি হয়েছে আর বাড়ি তৈরি করার সময়ে কখনো যদি নক্শা বা প্ল্যান মঞ্জুর না করা হয় তাহলে বাড়ি তৈরি হতে পারে না। আর যদি আনঅথরাইজড কনস্ট্রাকশন হয় তাহলে কর্পোরেশনের দায়িত্ব থাকে, তাকে ভেঙে দেওয়ার। আমি কখনো কোনো জায়গায় দেখিনি আজ পর্যন্ত আন-অথরাইজড কনস্ট্রাকশন যেখানে হয়েছে অথবা যে সমস্ত জায়গায় জলাশয় ছিল সেখানে জলাশয়ের ক্যারেকটরকে পরিবর্তন করে বাড়ি তৈরি হয়েছে, সেখানে কর্পোরেশন কোনো ব্যবস্থা নিয়েছেন, কলকাতা কর্পোরেশন সেখানে বাড়িগুলো ভেঙে দিয়েছেন তাহলে আমি সেই জলাশয় কাটিয়ে পুনরায় জলাশয় তৈরি করে দেব।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী মহাশয়, কিছুক্ষণ আগে বলছিলেন যে, যারা এই ধরনের অপরাধ করবে তাদের গ্রেপ্তার করা হবে। একজন মাননীয় সদস্য কংগ্রেসের নামে অভিযোগ এনে বলছিলেন ডোমজুড়ে তৃণমূল কংগ্রেস তারা এইসব করছে। যদি কেউ এই ধরনের অপরাধ করে তাহলে তাকে গ্রেপ্তার করলে আমাদের আপত্তি নেই। আমার প্রশ্ন হচ্ছে যে আপনি বলছিলেন আপনি জলা ভরাট করবেন, সেচ দপ্তরের মন্ত্রী বলেছেন জলা ভরাট করবেন কলকাতার আশেপাশে। কিন্তু আপনি কি এই কথা জানেন যে আপনাদের মন্ত্রিসভার একজন মাননীয় মন্ত্রী তিনি প্রকাশ্যে বলেছেন, সংবাদপত্রে বেরিয়েছে, জলা ভরাট করতে দেব না। তার কারণ জলা থেকে জলীয় বাষ্প আসছে যা কলকাতাকে অনেকবেশি কলুষিত করছে এবং কলকাতায় অনেক অসুখ বিসুখ বেড়ে গেছে। তিনি আবহাওয়া বিশারদ হয়ে গেছেন।

[11.20 - 11.30 a.m.]

তিনি তো বিশেষজ্ঞ হয়ে গেছেন। আপনার মন্ত্রিসভার একজন সদস্য বলেছেন—আপনি কি এ ব্যাপারে জলাভূমি ভরাট করার ক্ষেত্রে অনুমতি দিয়েছেন প্রত্যক্ষভাবে অথবা পরোক্ষ ভাবে?

শ্রী কিরণ্ময় নন্দ : প্রথমেই বলি আপনার প্রশ্নটা ভুল, আমি অথবা সেচ মন্ত্রী কেউই কোথাও বলি নি যে আমরা জলা ভরাট করতে দেব।

শ্রী অসিত মিত্র : আপনাদের মন্ত্রিসভার একজন সদস্য তিনি প্রকাশ্যে বলেছেন সংবাদপত্রে বেরিয়েছে যে আমরা জলা ভরাট করবো, এখানে কারোর অধিকার মানবো না, কোনো দপ্তরের কথা শুনবো না। কলকাতায় এই জলাশয়গুলি থেকে জলীয় বাষ্প বেশি হয়ে যাচ্ছে। এ ব্যাপারে আপনার বক্তব্য কি?

শ্রী কিরণ্ময় নন্দ : মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন—সংবাদপত্রে কি বেরিয়েছে, না বেরিয়েছে তার উপর বিধানসভায় আমি কোনো উত্তর দেব না। কোন মন্ত্রী, তাঁর নাম বলেন নি। কোনো মন্ত্রী আমাদের একথা বলেন নি যে জলাশয় ভরাট করার বন্ধ করার যে ব্যবস্থা

নিয়েছি যে আইন করেছি সেই আইন মানবো না, একথা কোনো মন্ত্রী আমায় বলেন নি। আর এটা আইন, আইনটা সবাইকে মানতে হবে।

শ্রী অসিত মিত্র : এই কথা বলেছেন আপনাদের মন্ত্রিসভার সদস্য শ্রী সুভাষ চক্রবর্তী। তিনি বাধা দিচ্ছেন আপনাদের অথচ আপনারা তার বিরুদ্ধে কোনো কথা বলতে পারছেন না।

শ্রী তপন হোড় : জলা ভরাট করার একটা চক্র কলকাতায় এবং মফস্‌সল শহর এবং গ্রামগুলিতে কাজ করছে। এদের বিরুদ্ধে আপনার দপ্তর সক্রিয় এ বিষয়ে কোনো সন্দেহ নেই। কিন্তু তা সত্ত্বেও এই জলা ভরাট করার কাজ চলছে। এখন জায়গার অভাব হয়ে গেয়ে, লোকসংখ্যা বেড়ে গেছে, এই জনসংখ্যার চাপের ফলেই এটা হচ্ছে। এই যে বহু বিল, জলাশয় আছে আপনি আপনার বাজেটে বলেছেন এগুলিকে আরও এক্সকারেভশান করে যাতে মাল্টিপারপাস উদ্দেশ্যে তাকে ব্যবহার করা যায় তাহলে এই ভরাট করার সুযোগটা কমবে। এই জায়গায় আপনার যে প্রচলিত আইন আছে জমি ভরাট বন্ধ করার ক্ষেত্রে সেটাই কি যথেষ্ট আপনার এই উদ্যোগকে বা আপনার সক্রিয়তাকে সার্থক করে তুলতে?

শ্রী কিরণ্ময় নন্দ : যে আইন আছে তা দিয়েই জলাশয়গুলিকে বাঁচানো যায়। আমরা কর্পোরেশনকে লিখেছিলাম এবং মিউনিসিপালিটিগুলিকে জানিয়ে ছিলাম যে আপনার এলাকার বিভিন্ন যে জলাশয়গুলি আছে সেগুলিকে বাঁচানো যাবে যদি সেই জলাশয়গুলিকে ব্যবহার করে কাজে লাগাতে পারি এবং তার সাথে সাথে সেই এলাকার বেকার যুবক-যুবতীদের বা মৎস্যজীবীদের নামের তালিকা দিন আমরা তাদের প্রশিক্ষণ দিয়ে দেবো। আমরা সেই জলাশয়গুলিতে মৎস্য চাষের জন্য অনুদান, ঋণের ব্যবস্থা করে দেব এবং জলাশয়গুলিকে পরিষ্কার করে সংস্কার করে ব্যবহারের উপযোগী করে দেব। কিন্তু আজ পর্যন্ত কোনো মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশন থেকে এ ব্যাপারে কোনো নামের তালিকা দেওয়া হয় নি বা কোনো সাহায্য পাইনি। আমাদের আইনে যেটা আছে যে কোনো জলাশয় যদি অব্যবহৃত অবস্থায় পড়ে থাকে অথবা কোনো জলাশয়কে বন্ধ করার উদ্যোগ নেওয়া হয় তাহলে আমরা তার মালিকানা নিতে পারবো না, কিন্তু জলাশয়ের ব্যবহারের অধিকার নিতে পারবো ২৫ বছরের জন্য। এই ভাবে ইস্ট-কলকাতায় যে বিরাট জলাভূমি আছে আমরা সেখানে ৪৮ ঘন্টার মধ্যে ২ হাজার বিঘা জলাশয় মৎস্যজীবীদের অধিকার দিয়ে দিয়েছি। কারণ আমাদের কাছে খবর ছিল বিরাট প্রোজেক্ট করা হবে বলে। সেটাকে বন্ধ করে দিয়েছি। মিউনিসিপ্যালিটিগুলি যদি সাহায্য করেন এবং কর্পোরেশগুলি যদি সাহায্য করেন নামের তালিকা দিয়ে এবং জলাশয়ের বিবরণ দিয়ে তাহলে আমরা সেখানে সমবায় তৈরি করে সেই জলাশয়গুলিকে উৎপাদনমুখী করে গড়ে তুলতে পারবো।

শ্রী তপন হোড় : আপনি পুরসভা এবং কর্পোরেশনকে মেন্ডেটরি করে দিন।

শ্রী কিরণময় নন্দ : পুরসভার আইন তো আমি তৈরি করতে পারব না। প্রত্যেকটা পৌরসভাকে আমি লিখিত ভাবে জানিয়েছি।

উত্তর-দক্ষিণ করিডর

*৩৪৪। (অনুমোদিত প্রশ্ন *৮৩) শ্রী তপন হোড় : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর-দক্ষিণ করিডর উন্নয়ন প্রকল্পটির কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ; এবং

(খ) উক্ত খাতে এ পর্যন্ত মোট কত টাকা ব্যয় করা হয়েছে?

শ্রী অমর চৌধুরী : (ক) প্রাক্ নির্মাণ (দরপত্র আহ্বান) পর্যায়ে আছে।

(খ) গত আর্থিক বছর (২০০২-০৩) পর্যন্ত প্রাক্ নির্মাণ কাজের জন্য মোট ৫,০৯,১১,৫২৪ টাকা ব্যয় করা হয়েছে।

শ্রী তপন হোড় : প্রাক্ নির্মাণ (দরপত্র আহ্বান) পর্যায়ে আছে। ওয়ার্ক অর্ডারের ক্ষেত্রে আপনি বলছেন টেন্ডার দিয়েছেন। কিন্তু ওয়ার্ক অর্ডার কবে নাগাদ দিতে পারবেন? সে ব্যাপারে আপনার দপ্তর কি ভাবছে?

শ্রী অমর চৌধুরী : এই উত্তর-দক্ষিণ করিডোর প্রোজেক্ট এ.ডি.বি-র প্রোজেক্ট, বহু আলোচিত প্রোজেক্ট। এর ৩৭০ কিমি রাস্তা এন.এইচ.এর। আর স্টেট সেক্টরে আছে ১৫০ কি.মি. রাস্তা—এটা স্টেট হাইওয়ে। এছাড়া, ১০২ কিমি রুরাল কানেকটিভিটি রোড আছে। স্টেট সেক্টরের ১৫০ কিমি এবং রুরাল কানেটিভিটিতে ১০২ কিমি অর্থাৎ মোট ২৫২ কিমি রাস্তা আমাদের স্টেট সেক্টরে করতে হবে। ৩৭০ কিমি এন.এইচ সেন্টাল সেক্টরে হবে। সুতরাং আমাদের প্রথম কাজ হবে স্টেট সেক্টরের স্টেট হাইওয়ে, ১০ নম্বর গাজোল-হিলির ১১০ কিমি রাস্তায়। এজন্য টেন্ডার হয়ে গেছে। এ.ডি.বি-র হেড অফিস ম্যানিলার অ্যাপ্রুভালের অপেক্ষায় আছি। অ্যাপ্রুভাল এসে গেলে যেকোনো সময় টেন্ডার করে ওয়ার্ক অর্ডার দিতে পারব। আর, স্টেট সেক্টরে ১ নম্বর স্টেট হাইওয়ে বনগাঁ এবং চাকদার ৪০ কিমি রাস্তার কাজ চলছে। ১০২ কিমি রুরাল কানেকটিভিটির জন্য আমাদের কনসালটেন্সি ঠিক করতে হবে। ম্যানিলার এ.ডি.বি-র হেড অফিসের কথা অনুযায়ী সেই কাজ তারা করছেন। সেই রিপোর্ট পেলে দরপত্র ঠিক করে ম্যানিলায় হেড অফিসে অ্যাপ্রুভালের জন্য পাঠাতে হবে। বুঝতে হবে সমস্ত কিছু ঠিক করে, কনসালটেন্সি নির্বাচিত করে ঠিক করে দিয়েছে। স্টেট সেক্টর, সেন্ট্রাল সেক্টর এগুলো অ্যাপ্রুভাল পেলে তারা কাজ শুরু করবো। সুতরাং, ১০ নম্বর স্টেট হাইওয়ের জন্য দরপত্র ঠিক করে অ্যাপ্রুভালের জন্য ম্যানিলায় এ.ডি.বি.-র হেড অফিসে অ্যাপ্রুভালের জন্য দেওয়া হয়েছে। সেটা আসার অপেক্ষা করছি।

ম্যানিলাতে এ.ডি.বি.-র যে হেড অফিস আছে, তাদের অ্যাপ্রুভাল পেলে সেন্ট্রাল সেক্টরে তারা কাজটা শুরু করতে পারবে।

[11.30–11.40 a.m]

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার জবাব শুনে বুঝতে পারলাম যে, স্টেট সেক্টরে আপনারা যতটুকু এগিয়েছেন, সেন্ট্রাল সেক্টরে আপনারা খুব একটা এগোতে পারেন

নি। এই সেন্ট্রাল সেক্টরের কাজটাকে এক্সপিডাইট্ করার জন্য আপনার দপ্তর কি উদ্যোগ নিয়েছেন?

শ্রী অমর চৌধুরী : সেন্ট্রাল সেক্টর যা করছে সেটা অন ডেপুটেশনে আমাদের ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়ারদের নিয়ে করছে। গতবছর ডেপুটেশনের জন্য লিস্ট পাঠিয়েছিলাম, কিন্তু সিলেক্শনের ব্যাপারে তাদের অ্যাপ্রুভাল না হওয়াতে এটার কিছু পরিবর্তন হয়েছে। কারণ অনেকের ট্রান্সফার হয়েছে, অনেকের উন্নতি হয়েছে, তাই আবার পরিবর্তন করে দিতে হয়েছে। আমাদের সিলেকশন কমপ্লিট করে সেন্ট্রাল সেক্টরে চলে গেছে, আমাদের অফিসাররা ডেপুটেশনে চলে গেছেন, আমাদের অফিসাররা কাজ করবেন। ম্যানিলাতে এ.ডি.বি.-র যে আফিস আছে সেখানে সেন্ট্রাল সেক্টরের ব্যাপারে আমাদের দিক থেকে যা করণীয় তা আমরা করছি। সেন্ট্রাল সেক্টরের ব্যাপারে আমাদের আর কিছু করণীয় নেই।

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রী মহাশয় আপনি এর মধ্যে মোট ৫ কোটি ৯ লক্ষ ১১ হাজার ৫২৪ কোটি টাকা ব্যয় করেছেন। আপনি যে এই টাকা প্রাথমিক পর্যায়ে খরচা করেছেন তাতে আপনার টার্গেট কত? নর্থ-সাউথ করিডর এটাকে শেষ করতে আপনার টার্গেট কি ধরা আছে? কত বছরের টার্গেট ধরা হয়েছে এবং কত টাকা এরজন্য বরাদ্দ আছে?

শ্রী অমর চৌধুরী : আমাদের যে ৫ কোটি ৯ লক্ষ ১১ হাজার ৫২৪ কোটি টাকা খরচা হয়েছে সেটা প্রাথমিক পর্যায়ের সার্ভে রিপোর্ট, ফিজিবিলিটি রিপোর্ট এই সবের জন্য। আমাদের মোট প্রজেক্টের খরচা হবে প্রায় দেড় হাজার কোটি টাকা। তার মধ্যে সেন্ট্রাল সেক্টরে যাবে ১০০৮ কোটি টাকা এবং আমাদের স্টেট সেক্টরে আছে ৪২৪ কোটি টাকা। ৪২৪ কোটি টাকার মধ্যে আমাদের স্টেট গভর্নমেন্টকে ১৯০ কোটি টাকা দিতে হবে, আর ২৩৪ কোটি টাকা এটা লোন এ্যাসিস্ট্যান্স। সুতরাং ৫ কোটি ৯ লক্ষ ১১ হাজার ৫২৪ কোটি টাকা যেটা খরচা হয়েছে সেটা প্রিলিমিনারি স্টেজে আমাদের সার্ভে রিপোর্ট, ফিজিবিলিটি রিপোর্ট তৈরি করার জন্য খরচা হয়েছে। এটা শুরু হলে আমাদের স্টেট সেক্টরে ৩ বছর সময় লাগবে।

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রী মহাশয়ের উত্তর পরিষ্কার শোনা গেল না। এটা এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের সাহায্যে উনি কলকাতা থেকে শিলিগুড়ি নতুন রাস্তা করছেন। আমি জানতে চাই, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের কাছে কত টাকা ঋণ চাওয়া হয়েছে এবং রাজ্যসরকার কত টাকা খরচা করবেন নিজেদের সোর্স-এ? এই প্রোজেক্টে কত জমি অধিগ্রহণ করতে হবে এবং জমি অ্যাকুইজিশনের জন্য কম্পেন্সেশন কত দিতে হবে? কারণ মূল সমস্যা হচ্ছে জমি অধিগ্রহণ করা এবং এই নতুন রাস্তা করার জন্য কত জমি অধিগ্রহণ করবে বলে সরকার ঠিক করেছে এবং তাতে কত ক্ষতিপূরণ দেওয়া হবে? কেন্দ্রীয় সরকার ন্যাশনাল হাইওয়েগুলোর ফোরলেন করছে, তার কোন অংশ এ.ডি.বি.-র নর্থ-সাউথ করিডরের মধ্যে পড়বে?

শ্রী অমর চৌধুরী : আমি আগে টাকার অঙ্কটা বলেছি, আপনি একটু খেয়াল করলে

বুঝতে পারতেন। এ.ডি.বি.-র প্রোজেক্টের জন্য সেন্ট্রাল সেক্টরে ১০০৮ কোটি টাকা এবং স্টেট সেক্টরে ২৩৪ কোটি টাকা।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, নর্থ-সাউথ করিডরে আপনি বাজেটে বলেছেন যে, এ.ডি.বি.-র আর্থিক সহায়তা পাওয়া যাচ্ছে এবং প্রকল্পটির কার্যকারিতা সহ নানান ধরনের সমীক্ষা শুরু করেছেন এবং সমীক্ষার কাজ প্রায় সম্পূর্ণ হয়েছে। এই সমীক্ষা রিপোর্ট কি আপনার দপ্তরে প্লেস করা হয়েছে? যদি হয়ে থাকে জানাবেন।

শ্রী অমর চৌধুরী : সমীক্ষা রিপোর্টের ভিত্তিতে প্রজেক্ট হয়েছে। এই সমীক্ষা রিপোর্টের পরে এই প্রজেক্টের সমস্ত টেকনিক্যাল বিচার করে এই প্রজেক্ট তৈরি হয়েছে। সেখানে আমাদের সমস্যার কিছু নেই। আমি আপনার প্রশ্নটা ঠিক বুঝতে পারলাম না।

শ্রী আবু আয়েশ মণ্ডল : বিগত বাজেটে বলেছিলেন সমীক্ষা করার জন্য নানান ধরনের প্রকল্পের কার্যকারিতা সহ তাদের সহায়তা দান সম্পর্কে সমীক্ষা রিপোর্ট তৈরি করছি। এই সমীক্ষা রিপোর্ট আশা করি দ্রুত প্লেস করা যাবে।

শ্রী অমর চৌধুরী : আমরা প্রাথমিক সমীক্ষার ভিত্তিতে প্রোজেক্টটা করেছি। প্রোজেক্টটা করতে গিয়ে কত কস্ট লাগবে সেটার রিপোর্ট তৈরি হচ্ছে। টেন্ডার করার জন্য যে রিপোর্ট, সেই রিপোর্ট তৈরি করার জন্য এই রকম প্রজেক্ট সমীক্ষার আমাদের কোনো প্রয়োজন নেই। সেটা হয়ে গেছে। কত কস্ট হয়েছে, ফেজ ওয়াইজ তাদের যে কাজ করতে হবে সেই কাজের জন্য আপনারা জানেন যে ৩৭০ কিলোমিটার রাস্তা ৩টি ফেজে—৩ ভাগে ভাগ করে করা হবে। আমডাঙা থেকে সাতগাছি, সাতগাছি থেকে ফারাক্কা এবং ফারাক্কা থেকে রায়গঞ্জ পর্যন্ত। এই ১২ শত ৪২ কোটি টাকা এ.ডি.বি লোন সেক্টরে আছে। ১৯০ কোটি টাকা আমাদের স্টেট গভর্নমেন্টকে দিতে হবে। এটা আমি স্পষ্ট করে বলেছি। পুর্ণিয়ার কাছে ডালখোলা ক্রস করে এন.এইচ. ৩৪ এর সাথে ইস্ট এ্যান্ড ওয়েস্ট করিডরকে কানেক্ট করতে হবে। কিন্তু সামগ্রিকভাবে এই প্রজেক্ট-এর মধ্যে রাস্তাটি পড়ছে না। ইস্ট ওয়েস্ট করিডরের কোনো রাস্তা পড়ছে না। এটা আমাদের এ.ডি.বি প্রজেক্টের মধ্যে করা হচ্ছে। এটা লক্ষ করেছেন নিশ্চয়ই আমাদের এই প্রজেক্টটর মধ্যে আমডাঙা থেকে শুরু রায়গঞ্জ পর্যন্ত এবং রায়গঞ্জ থেকে ডালখোলা পর্যন্ত প্রায় ৫৩ কিলোমিটার রাস্তা যা বাকি আছে তা এই প্রজেক্টের মধ্যে ধরা হয়নি। এই রাস্তাটা আমাদের ২ ফেজে এ.ডি.বি প্রজেক্টের মধ্যে ধরা আছে। আপনারা জানেন যে, ডালখোলা বাইপাস করে একটা রাস্তা তৈরি হচ্ছে এটার সঙ্গে এন.এইচ ৩৪ ডেভেলপমেন্ট রোড প্রজেক্ট হচ্ছে। এই টোটাল প্রজেক্টের সাথে এটা যুক্ত হবে। কলকাতা থেকে আমডাঙা যে রাস্তাটা বাকি আছে, আমরা এখানে একটা বারাসাতে মধ্যমগ্রাম থেকে বাইবাস করে একটা রাস্তা করার জন্য প্রস্তাব দিয়েছি। এটা বারে বারে বলার চেষ্টা করেছি যে বারাসাত বাইপাস যদি না হয়, তাহলে আমাদের এটাতে সম্পূর্ণ এফেক্ট পাওয়া যাবে না। কারণ আপনারা জানেন এক্সপ্রেসওয়ে যেটা তৈরি হচ্ছে, সেটা শেষ হয়ে যাবে আগামী বছরের মধ্যে। তারপর বিবেকানন্দ সেতু হতে ৩ বছর সময় লাগবে। সেটা শেষ হলে এন.এইচ.-২ এবং এন.এইচ ৬ যুক্ত হবে এবং সেটার

সম্পূর্ণ সদ্ব্যবহার করার জন্য বারাসাত বাইপাস অত্যন্ত প্রয়োজন। সেটার ব্যাপারে আমরা এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকারকে এক্সসেপ্ট করতে পারিনি। এটার চেষ্টা করছি। সুতরাং এই আমাদের এই সম্পূর্ণ প্রোজেক্টটা যদি ভালো ভাবে হয় তাহলে এর সঙ্গে প্রজেক্টটা যুক্ত না করলে সম্পূর্ণ ফলটা পাব না।

শ্রী সৌগত রায় : এই ক্ষেত্রে জমি অধিগ্রহণের ব্যাপারে একটু বলবেন।

শ্রী অমর চৌধুরী : জমি অধিগ্রহণ আমাদের এন.এইচ. ৩৪-এ কোনো প্রয়োজন নেই। এটার রাইট অফ ওয়ে যা আছে আমাদের হয়ে যাবে। আমাদের এস.এইচ.কে.এম-এ জমি অধিগ্রহণের কোনো দরকার নেই। এস.এইচ.-১-এ জমি অধিগ্রহণের কোনো প্রয়োজন নেই। রুরাল কানেক্টিভিটির জন্য যে ১০২ কিলোমিটার রাস্তা প্রায় ৬টি ডিসট্রিক্টে ৬টি রাস্তার মধ্যে ভাগ করা হয়েছে সেখানে কিছু জমির প্রয়োজন আছে। ফিজিবিলিটি রিপোর্ট চলছে, কনসালটেন্সি সার্ভে করে দেখছে তারপর এটা নির্ণয় করা যাবে।

[11.30–11.50 a.m]

মধ্যবর্তী ফেজ্ মুর্শিদাবাদ জেলার সাতগাছি থেকে ফারাক্কা পর্যন্ত সেন্ট্রাল প্রজেক্টের কাজ শুরু করার জন্য টেন্ডার ইত্যাদি দ্রুতগতিতে করা হচ্ছে।

শ্রী নির্বেদ রায় : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় কিছু দিন আগে সংবাদপত্রের কাছে বলেছিলেন যে, ওঁর টার্গেট অনুযায়ী অর্থমন্ত্রী দিচ্ছেন না, সে জন্য উনি অর্থমন্ত্রীকে চিঠি লিখেছেন। এখন আমি ওঁকে জিজ্ঞেস করছি, আগামী দু বছর ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট তথা রাস্তা তৈরি বাবদ পশ্চিমবঙ্গে রাজ্য সরকার কত টাকা বিনিয়োগ করবেন এবং কেন্দ্রীয় সরকার কত টাকা বিনিয়োগ করবেন?

শ্রী অমর চৌধুরী : মূল প্রশ্নের সঙ্গে এই প্রশ্নের কোনো সম্পর্ক নেই। মাননীয় সদস্য গত শুক্রবার এই সভায় ছিলেন না। সেদিন বাজেটের সময় সমস্ত কিছু আলোচিত হয়েছে। সেই আলোচনার সুযোগ থেকে ওঁরা নিজেরাই নিজেদের বঞ্চিত করেছেন। আজকে এই মুহূর্তে ওঁর প্রশ্নটা সম্পূর্ণ অপ্রাসঙ্গিক।

শ্রী জানে আলম মিঞা : অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন উত্তর-দক্ষিণ করিডর প্রকল্পটিতে ১৫০০ কোটি টাকা ব্যয় করে ২৭৪ কিলোমিটার রাস্তা তৈরি হবে। রাস্তাটি চালু হলে তা দিয়ে লক্ষ লক্ষ গাড়ি চলবে। সেই গাড়িগুলোকে নিশ্চয়ই মাঝে মাঝে কোথাও কোথাও দাঁড়াতে হবে। অতএব এই প্রকল্পের মধ্যে কোনো ট্রাক টার্মিনাস করার পরিকল্পনা আছে কি?

শ্রী অমর চৌধুরী : এখানে ট্রাক টার্মিনাস করার কোনো পরিকল্পনা নেই। রোড সাইড সার্ভিসের ব্যবস্থা থাকবে। ৩৭০ কিলো মিটার জাতীয় সড়ক প্রকল্পের মধ্যে রোড সাইড পাবলিক ইউটিলিটি পরিকল্পনা আছে—পেট্রোল পাম্প থেকে শুরু করে ধাবা, গাড়ি রিপেয়ারিং গ্যারেজ ইত্যাদি সব কিছু থাকবে। কিন্তু ট্রাক টার্মিনাস হিসাবে কিছু থাকছে না।

শ্রী নির্মল ঘোষ : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জিজ্ঞেস করতে চাই—ন্যাশনাল হাই ওয়ে ৩৪, সাউথ—নর্থ করিডর দ্বারা উত্তরবঙ্গের সঙ্গে কলকাতাসহ দক্ষিণ বঙ্গের সংযোগ করার ব্যবস্থা হচ্ছে। দিল্লি রোড, বোম্বে রোড এবং ন্যাশনাল হাই ওয়ে ৩৪ প্রভৃতির সংযোগের ব্যবস্থা হচ্ছে। স্টেট এক্সপ্রেস হাইওয়ে, কল্যাণী এক্সপ্রেসওয়ের সঙ্গে ন্যাশনাল হাইওয়ের সংযোগ এবং তার সঙ্গে বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের সংযোগের কোনো পরিকল্পনা আছে কি? আমরা জানি সেই পরিকল্পনা আছে, কিন্তু কল্যাণী এক্সপ্রেসওয়ে এবং বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের সেই সংযোগের কাজ বিগত ২০ বছর ধরে ডিলে হচ্ছে, এর কারণ কি?

শ্রী অমর চৌধুরী : বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের সঙ্গে কল্যাণী এক্সপ্রেসওয়ের সংযোগ সংস্থাপনের কোনো পরিকল্পনা আছে বলে আমার জানা নেই। যেটা আছে সেটা হচ্ছে কল্যাণী এক্সপ্রেসওয়ের সঙ্গে সোদপুরের একটা অংশের সংযুক্তির পরিকল্পনা এবং সেটা কে.এম.ডি.-এ করছে। সে বিষয়ে আমি কিছু বলতে পারব না। আমি যেটা বলবার চেষ্টা করছি সেটা হচ্ছে, এন.এইচ.-৩৪ এর সঙ্গে বি.টি. রোডের সংযুক্তির কোনো পরিকল্পনা নেই। তবে কল্যাণী এক্সপ্রেসওয়ের সঙ্গে বি.টি. রোডকে যুক্ত করার জন্য ব্যারাকপুরের ১৫ নং রেল গেটের অদূরে একটা আর. ও. বি. করার চেষ্টা করছি। বি.টি. রোড থেকে এক্সপ্রেসওয়ে ওটা বি.টি. রোডের সঙ্গে যুক্ত করার সম্ভাবনা নেই, ঘুরে গিয়ে করতে হবে। বেলঘরিয়া এক্সপ্রেসওয়ে দিয়ে ক্রস রোড থাকছে না। এন.এইচ.-৩৪, এন.এইচ.-২ এবং এন.এইচ.-৬ গঙ্গার ওই পাড়ের দিকটা থাকছে, এর সঙ্গে কোনো ক্রস রোড থাকছে না।

শ্রী পদ্মনিধি ধর : আমরা শুনেছি, কেন্দ্রীয় ভূতল পরিবহন দপ্তরের মন্ত্রীর নেতৃত্বে নাকি গোল্ডেন কোয়ার্ডিলাটারাল অর্থাৎ দিল্লি থেকে কলকাতা, কলকাতা থেকে চেন্নাই, চেন্নাই থেকে বোম্বে, বোম্বে থেকে দিল্লি এবং দিল্লি থেকে বোম্বে পর্যন্ত নর্থ-সাউথ করিডর, জম্মু কাশ্মীর থেকে কন্যাকুমারী আর ইস্ট-ওয়েস্ট করিডর কাছাড় থেকে কচ্ছ হবে। আমার জিজ্ঞাস্য, হাওড়া জেলার মধ্য দিয়ে কোয়ার্ডিলাটারালের যে কাজ দিল্লি রোড এবং বোম্বে রোডে হবে, সেখানে বোম্বে রোডের কাজ শুরু হয়ে গেছে যদিও শ্লথ গতিতে হচ্ছে। আমি যেটা বলছি, রাজ্যসরকারের যে নর্থ-সাউথ করিডর তার সঙ্গে কেন্দ্রীয় সরকারের ইস্ট-ওয়েস্ট করিডরের কোনো সম্পর্ক আছে কিনা? পি.ডব্লু.ডির সঙ্গে কোয়ার্ডিলাটারালি বলুন আর নর্থ-সাউথ করিডরই বলুন তার সঙ্গে আমাদের সম্পর্ক কতখানি?

শ্রী অমর চৌধুরী : প্রথম কথা হল, এই সমস্ত ইস্ট-ওয়েস্ট করিডর হচ্ছে তার সাথে এ.ডি.বি.-র কতদূর সম্পর্কে আছে সেটা আমি মাননীয় সদস্য শ্রী সৌগত রায়ের প্রশ্নের উত্তরে বলেছি। ইষ্ট-ওয়েস্ট করিডরের যে অ্যালাইনমেন্ট আছে তাতে ওখানে পূর্ণিয়া থেকে এসে ডালখোলা থেকে ক্রস করছে, এ ছাড়া আর কিছু করছে না। আমাদের কোয়ার্ডিলাটারাল প্রোজেক্টের যে অংশটি সেখানে আমাদের এন.এইচ.-২ এবং এন.এইচ.-৬ দিল্লি রোড এবং বোম্বে রোডে পশ্চিমবাংলার একটা বড়ো অংশ আছে—এদিকে ওড়িষা বর্ডার আর ওদিকে বিহার বর্ডার পর্যন্ত এই কাজ চলছে। কিন্তু ইষ্ট-ওয়েষ্ট করিডরের সঙ্গে আমাদের পশ্চিমবঙ্গে যে অংশ আছে সেটা ওই আসাম থেকে এসে উত্তরবঙ্গ দিয়ে যাবে এন.এইচ.-৩১, এটা অলরেডি

হ্যান্ডওভার করে দিয়েছি। এন.এইচ.এ.আই. করছে। সেন্ট্রাল মিনিস্ট্রি করছে না। এন. এইচ. এ. আইয়ের সমস্ত প্রোজেক্ট। তবে দুটো প্রজেক্ট ইস্ট-ওয়েষ্ট এবং নর্থ-ইষ্ট করিডর এবং কোয়ার্ডিলাটারালের টোটাল প্রোজেক্ট ৫৮ হাজার কোটি টাকা। এর সাথে আমাদের কোনো সম্পর্ক নেই। শুধু সম্পর্ক যেটা আছে সেটা হল, সোশিও পলিটিক্যালি যদি সমস্যা থাকে সেটাতে আমরা সাহায্য করতে পারি, এ ছাড়া আর কিছু নয়।

শ্রী সাধন পাণ্ডে : উত্তর-দক্ষিণ করিডর নিয়ে অনেক আলোচনা হচ্ছে। কিন্তু যেটা আমাদের সবচেয়ে সংশয় এবং বেদনার সেটা হচ্ছে এ.ডি.বি. টাকা দিতে চাচ্ছে, কিন্তু তার আগে ২০০ কোটি টাকা রাজ্যসরকারকে খরচ করতে হবে টু এভিক্ট দি পারসন্স তাদের রি-এস্টাবলিসড-এর ব্যাপারে। এ.ডি.বি. বলেছে টাকা দেবে। এই ২০০ কোটি টাকার মধ্যে কত টাকা এখন অবধি বাজেট প্রভিশনে পেয়েছেন বা খরচ করতে পেরেছেন বা আপনার হাতে আছে? আপনার অপারেশন টাইম ফ্রেমের মধ্যে কমপ্লিট করতে পারবেন যাতে এ.ডি.বি. টাকা দিতে পারে, এটা দয়া করে জানান?

শ্রী অমর চৌধুরী : আপনি জেনে খুশি হবেন, এ.ডি.বি-র সাথে টাকার প্রোজেক্টের কনট্র্যাক্ট, এগ্রিমেন্ট হয়ে গেছে। লোন হিসাবে জানুয়ারি মাস থেকে এগ্রিমেন্ট হয়ে গেছে। সুতরাং টাকা দেওয়ার প্রশ্ন আসে না এবং এই ২০০ কোটি টাকা খরচ করতে কোনো শর্ত নেই। স্টেট সেক্টরের যে কাজ ৪২৪কোটি টাকার যে কাজ হবে তার মধ্যে ১৯০ কোটি টাকা স্টেট সেক্টর থেকেই বেয়ার করতে হবে, এইটুকু বলেছে।

Power Supply in Chittaranjan Seva Sadan and R.G. Kar Hospital.

*345 (Admitted Question No. *484) **Shri Saugata Roy** and **Shri Ambica Banerjee** : Will the Minister-in-Charge of the Power Department be pleased to state—

(a) whether Power Supply went off on a particular day in January, 2003 in Chittaranjan Seva Sadan for 12 hours and for 6 hours on 27th January, 2003 in R.G.Kar Medical College and Hospital; and

(b) If so,

(i) reasons thereof and

(ii) steps taken by the Government to prevent recurrence of the same?

Sri Mrinal Banerjee

(a) Yes,

(b) (i) Power supply went off in Chittaranjan seva sadan on

16.1.2003 at night. It was found that the HT supply to the hospital had gone off due to a fault in the consument' installation. The faulty section of the consumers' instanllation was located in the following morning and was isolated and then supply of power to the rest of the hospital was restored. on 27.1.2003 at 5.25 hours power supply went off in R.G. Kar Medical College & Hospital as one of the two H.T. supplies of the hospital had failed due to a fault in the consumers' installation. The fault had been located and isolated at 10.00 hours and then supply was restored partially. The normal supply was restored at 17-20 hours on 27.1.2003.

(ii) Utilities have been advised to attend break-down prorptly.

[11.50P.M–12.00 p.m.]

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করেছিলাম এই যে ঘটনা হাসপাতালে ১২ ঘণ্টা পাওয়ার থাকছে না, ৬ ঘণ্টা পাওয়ার থাকছে না এই ঘটনার পুনরাবৃত্তি এড়াবার জন্য কি ব্যবস্থা নিয়েছেন? এর উত্তরটা অত্যন্ত অস্পষ্ট। উনি বললেন "utilities have been advised to attend break-down promptly." এটা হচ্ছে জানুয়ারি মাসের ঘটনা। তারপর সিরিজ অব ঘটনা ঘটেছে যেখানে গোটা হাসপাতালের পাওয়ার সাপ্লাই চলে গিয়েছে এবং ৬ ঘণ্টা, ৮ ঘণ্টা বিদ্যুৎ থাকছে না। কয়েকদিন আগে পি.জি. হাসপাতালে গিয়েছিলাম সুভাষ মুখার্জীকে দেখতে, দেখলাম সেখানে পাওয়ার সাপ্লাই চলে গিয়েছে। পাওয়ার ফল্টের ফলে সেখানে ডায়ালিসিস মেশিন বন্ধ, হার্ট, লাং মেশিন বন্ধ, যা দিয়ে হার্টের সার্জিরি করা হয় তা করা যাচ্ছে না। সিরিয়াস ক্রিটিক্যাল পেসেন্টরা যাদের লাইফ থ্রেট তারা লাইং হেল্পলেসলি। সেদিন একটা টি.ভি. চ্যানেলে দেখছিলাম চিত্তরঞ্জন ক্যানসার হাসপাতাল থেকে পাওয়ার সাপ্লাই চলে গিয়েছে তার ফলে কোবাল্ট ৬০ রে মেশিন বন্ধ, রোগীদের রে দেওয়া যাচ্ছে না, অপারেশন বন্ধ, রোগীরা অসহায় হয়ে বসে আছেন। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি হাসপাতাল যেখানে রোগীরা রয়েছেন, যেখানে জীবন-মরণের সমস্যা সেখানে শুনেছিলাম এমারজেন্সি লাইন থাকে, তাহলে তা সত্ত্বেও এইভাবে সেখানে ফল্ট হচ্ছে কেন? ১০ মিনিট, ১৫ মিনিট, আধ ঘণ্টা চলে গেলে বোঝা যায় কিন্তু দেখা যাচ্ছে ১২ ঘণ্টা, ৬ ঘণ্টা বিদ্যুত নেই। এ ব্যাপারে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কি কিছুই করার নেই?

শ্রী মৃণাল ব্যানার্জী : হ্যাঁ, বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। হাসপাতালে এই ধরনের এতক্ষণ ধরে বিদ্যুৎ না থাকাটা খুবই দুশ্চিন্তার। এখন সমস্যা হচ্ছে হাসপাতালে বা ধরুন আপনার বাড়িতে যদি কোনো ইনস্টলেসান খারাপ হয়ে যায় সেটা কিন্তু ইউটিলিটিস অ্যাক্টেন করে না, আপনাকেই সেটার ব্যবস্থা করতে হয়। আমার এখানে হয়ত এটা লেখা হয়নি কিন্তু আমি ডিপার্টমেন্টকে বলেছি যে এই ধরনের জায়গা ধরুন হাসপাতালগুলি, এগুলির ইনস্টলেসানের দেখভাল করা সেটা কিন্তু সি.ই.এস.সি. বা এস.ই.বি. করে না। এই ধরনের হাসপাতাল ইত্যাদিগুলির ইন্সটলেসান দেখভাল, মেনটেনেন্স ভেতরের সেগুলি করে অন্যান্য অনেক সংস্থা। ধরুন কোথাও পি.ডব্লু.ডি.

কোথাও হাউসিং, কোথাও কনস্ট্রাকসান বোর্ড ইত্যাদি। এবারে যদি কোনো ফল্ট হয় তাহলে কিন্তু এস.ই.বি. বা সি.ই.এস.সি. হাসপাতালের ভেতরে গিয়ে সেই ফল্ট ডিটেক্ট করতে পারে না, এটা করতে হয় যাদের উপর দায়িত্ব আছে তদের। এখন লক্ষ করা গিয়েছে, যার জন্য ডিপার্টমেন্টকে বলেছি, এই ডিপার্টমেন্টগুলোর সঙ্গে কোয়ার্ডিনেটেডে অ্যাকশান করে প্রোগ্রাম করে এটাকে কিভাবে ঠিক করা যায়, যদি কোনো ইনটারনাল ফল্ট থাকে, সে আর.জি.কর কলেজেই হোক আর মেডিক্যাল কলেজেই হোক আর চিত্তরঞ্জন মেডিক্যাল কলেজেই হোক বা যেকোনো স্বাস্থ্য কেন্দ্রেই হোক যে দপ্তরের এটা দেখার কথা তাদের সঙ্গে কিভাবে কোয়ার্ডিনেট করে কুইক অ্যাকশান নেওয়া যায় সেই ব্যাপারে আমি বলেছি। তারা ইতিমধ্যে বসেছে। আশা করছি, অবস্থার ইম্প্রুভমেন্ট হবে।

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রী মহাশয় অবশ্য দোষটা পি.ডব্লু.ডি.-কে দিলেন, অমরবাবু এখানে আছেন, বললেন পি.ডব্লু.ডি. হাসপাতালের মধ্যে লাইন দেখেন। মাননীয় মন্ত্রী মহাশয় কি অ্যাসিয়োর করছেন যে, কোনো সরকারী হাসপাতালে কলকাতায় বা জেলায়, তাদের কোনো ক্ষেত্রে লোডশেডিং করা হয় নি? তাদের জন্য সব সময় এমারজেন্সি লাইন থাকে, আন-ইন্টারাপটেড পাওয়ার সাপ্লাই থাকে যাতে জেনারেল লোডশেডিং করা হলেও সেই অবস্থায় হাসপাতালে কোনো এফেক্ট হবে না? পাওয়ার ডিপার্টমেন্ট কি সমস্ত সরকারী হাসপাতালে এই ব্যবস্থা করেছে?

শ্রী মৃণাল ব্যানার্জী : পি.ডব্লু.ডি.-র বিরুদ্ধে কোনো কথা বলা হয়নি। তাদের দোষারোপ করা হয়নি। আমি বলেছি দীর্ঘ দিন ধরে কতকগুলো ব্যবস্থা আছে। অনেকগুলো সংস্থা আছে, শুধু পি.ডব্লু.ডি. নয়, কোথাও কনস্ট্রাকশান বোর্ড আছে, কোথাও পি.ডব্লু.ডি. আছে কোথাও হাউসিং আছে। এই অ্যারেঞ্জমেন্ট কোথাও কোথাও আছে। ভেতরে যে এমার্জেন্সির ব্যাপারটা রাখে সেটা হাসপাতালকে করতে হবে। এটা ইউটিলিটিজ ব্যাপার নয়। আপনি কারেক্টলি তুলেছেন ব্যাপারটা যে যাদেরই ব্যাপার হোক না কেন এটা দেখার দরকার আছে। সেই ক্ষেত্রে দোষারোপ নয়, এই বিষয়টা কিভাবে কোয়ার্ডিনেট ওয়েতে ভালোভাবে করা যায়, প্রম্‌ট অ্যাকশান নেওয়া যায় সেটা দেখা। সেই ব্যাপারে ইতিমধ্যে দপ্তরকে বলেছি এবং তারা বসেছেও। পরপর অনেকগুলো ঘটনা ঘটেছে। জেনারেলি হাসপাতালগুলোতে যে সাপ্লাই দেওয়া হয় সেটা সিঙ্গল ফিডার সাপ্লাই নয় ডবল ফিডার সাপ্লাই দেওয়া হয়। অনেক জায়গায় অবশ্য সিঙ্গল ফিডার সাপ্লাই আছে। ডবল ফিডার সাপ্লাই থাকে এই কারণে যে অন্য ফিডার থেকে প্রম্‌ট সাপ্লাই দেওয়া যায়। তা সত্ত্বেও ইন্টারনালি ফল্ট যেটা হয় সেটাকে যাতে কমানো যায় সেই ব্যাপারে উদ্যোগ নেওয়া হয়েছে।

শ্রী সৌগত রায় : উনি বলেছেন ঠিকই, অনেক সময় ডবল ফিডার সাপ্লাই দেওয়া হয়, একটা ফিডার চলে গেলে অন্য ফিডার থেকে সাপ্লাই দেওয়া হয়। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি কলকাতা শহরে কতগুলো হাসপাতাল আছে এই রকম যেখানে এমারজেন্সি ফিডার লাইন আছে যেখানে কখনও কোনো অবস্থাতেই লোডশেডিং হবে না? ফল্টের ব্যাপারে আপমি ঠিকই বলেছেন, সব সময় ইলেকট্রিকের যারা জেনারেটিং এজেন্সি তারা ট্রান্সফরমার এজেন্সি

নাও হতে পারে, সেখানে ইন্টারনাল মেনটেনেন্স করা তাদের কাজ। আমরা দেখতে পাচ্ছি ১০-১২ ঘন্টা লেগে যায় সারাতে। এই ব্যাপারে তো পাওয়ার মিনিস্টারকেই বলবে, পি.ডব্লু.ডি.-কে বলবে না। আপনার কাছে তথ্য আছে কলকাতা শহরে এই রকম কতগুলো হাসপাতাল আছে যেখানে এমারজেন্সি ফিডার লাইন আছে যেখানে কোনো অবস্থাতেই লোডশেডিং হবে না আন-ইনটারাপটেড পাওয়ার সাপ্লাই থাকবে ক্রিটিক্যাল পেসেন্টদের বাঁচাবার জন্য?

শ্রী মৃণাল ব্যানার্জী : সেই ফিগার আমাদের কাছে নেই। একটা কথা বলি, ডবল ফিডার লাইন থাকলেও ব্রেক ডাউন হতে পারে। হাসপাতালের মধ্যে যে ব্রেক ডাউন হয়েছে সেটা লোডশেডিং জনিত নয়। ডবল ফিডার লাইন থাকলেও হয়। কয়েক দিন আগে সল্টলেক হাসপাতালে দুটি ফিডার লাইন আছে, একটা হচ্ছে অশোকনগর এবং অপরটা হচ্ছে কসবা, এই দুটি ফিডার লাইন এট এ টাইম ব্রেক ডাউন হয়ে গেছে। সুতরাং দুটি ফিডার লাইন থাকলেও হতে পারে। কোথায় কোথায় ডবল ফিডার লাইন আছে সেটা যদি জানতে চান তাহলে আমাকে একটা নোটিশ দিন বলে দেব। আর যদি আলাদা ভাবে জানতে চান তাহলে খবর নিয়ে জানিয়ে দেব।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি এই হাসপাতালের ব্যাপারটা খুবই গুরুত্বপূর্ণ, এটা একটা অন্য জেনারেলের সঙ্গে দেখা চলে না। ফলে এমারজেন্সি লাইন শুধু কলকাতা হাসপাতালের জন্যই নয়, ডিস্ট্রিক্ট এবং সাবডিভিশনে যে হাসপাতালগুলো আছে, যেখানে অপারেশন থিয়েটার আছে বা যেখানে অন্যান্য জরুরি চিকিৎসা হয় সেখানে বিদ্যুৎ অত্যন্ত প্রয়োজনীয়।

[12.00–12.10 noon]

যেখানে বিদ্যুৎ অত্যন্ত এশেনশিয়াল, এমার্জেন্সি লাইন করবার জন্য বিদ্যুৎ দপ্তরের কোনো ব্যবস্থা আছে কিনা? এটা মানুষের জীবন-মরণের সঙ্গে জড়িয়ে আছে। এটা সম্পর্কে আপনার দপ্তর বা সরকারের নির্দিষ্ট কোনো পরিকল্পনা আছে কিনা?

শ্রী মৃণাল ব্যানার্জী : একই প্রশ্ন-উত্তর দিতে অসুবিধা হচ্ছে। আমি কিভাবে উত্তর দেব বুঝতে পারছি না। সিইএসসি, এসইবি, ডিভিসি এবং ডিপিএল এরা বিদ্যুৎ সাপ্লাই করে। কিন্তু হাসপাতালগুলোর মেনটেনেন্স, ইন্টারনাল ইনস্টলেশন, এগুলো অন্যান্য এজেন্সি করে। সেক্ষেত্রে তাদের কো-অর্ডিনেশনের অভাব হোক বা যে ভাবেই হোক, কখনও কখনও সমস্যা হয়। আমি সেক্ষেত্রে বলেছি, অলরেডি অ্যাকশান নিয়েছি যাতে একটা কো-অর্ডিনেটেড অ্যাকশান হয়। আর ভবিষ্যতে এই রকম যাতে না হয় তারজন্য এমার্জেন্সি লাইন রাখা, অনেক জায়গায় ডি.জি.সেট আছে। বড়ো বড়ো হাসপাতালে ডি.জি.সেট আছে। কোনো কারণে যদি সাপ্লাই অফ হয় তখন কিন্তু ইন্টারনাল ডি.জি.সেট দিয়ে চালানো যায়। তবে এমনও হয়েছে, কখনও কখনও ডি.জি.সেট খারাপ হয়ে যায়। কিছুদিন আগে বর্ধমানে এই রকম ঘটনা ঘটেছে। এই রকম ঘটনার যাতে পুনরাবৃত্তি না ঘটে তারজন্য উদ্যোগ নেওয়া হয়েছে। চেষ্টা চলছে।

Starred Questions
(to which Answers were laid in the Table)

অন্ত্যোদয় অন্ন যোজনা

*৩৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২) শ্রী আবু আয়েশ মণ্ডল : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, 'অন্ত্যোদয় অন্ন যোজনা' নামক কেন্দ্রীয় প্রকল্পটি এ রাজ্যে চালু করা হয়েছে ;

(খ) সত্যি হলে, কবে থেকে চালু করা হয়েছে ; এবং

(গ) ২০০২ সালের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত উক্ত যোজনায় মোট কত পরিবারকে চাল ও গম সরবরাহ করা হয়েছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় :

(ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) ২০০১ সালের অক্টোবর মাস থেকে চালু করা হয়েছে।

(গ) ২০০২ সালের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত উক্ত যোজনায় সারা রাজ্যে প্রতি মাসে ৭০০১৬৪ পরিবারকে চাল ও গম সরবরাহ করা হয়েছে।

কলকাতায় নতুন উড়ালপুল

*৩৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৫) শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতায় নতুন কোনো উড়ালপুল নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, (১) কোন্ কোন্ জায়গায় উড়ালপুল নির্মাণের পরিকল্পনা আছে ; ও

(২) কবে নাগাদ ওই কাজ শুরু হবে বলে আশা করা যায়?

পূর্তবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, আছে।

(খ) (১) তারাতলায় একটি উড়ালপুল নির্মাণের প্রকল্প গৃহীত হয়েছে, অন্য কোনো পরিকল্পনা আপাতত নেই।

(২) সংশ্লিষ্ট দপ্তরগুলি থেকে অনুমোদন পাওয়া গেছে। ডাইভার্সান রাস্তার কাজ শুরু হয়েছে। খুব শীঘ্রই উক্ত উড়ালপুলের কাজ শুরু হবে বলে আশা করা যায়।

তপশিলি জাতি ও উপজাতি শ্রেণিভুক্ত ছাত্র-ছাত্রীদের জন্য ছাত্রাবাস

*৩৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩২) শ্রীরামপদ সামন্ত : অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তপসিলি জাতি ও উপজাতি শ্রেণিভুক্ত ছাত্র-ছাত্রীদের জন্য রাজ্যে মোট কতগুলি ছাত্রাবাস রয়েছে; এবং

(খ) কলকাতায় ও পশ্চিম মেদিনীপুরে কোথায় কোথায় ওই ধরনের ছাত্রাবাস রয়েছে?

অনগ্রসর শ্রেণি কল্যাণ-বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) মোট ১৫১৪টি ছাত্রাবাস রয়েছে এগুলো নিম্নরূপ :

	তফঃ জাতি	উপজাতি	উপজাতি তফঃজাতি (উভয়) সম্প্রদায়ের জন্য	মোট
১। বিদ্যালয় সংলগ্ন ছাত্রাবাস			১৯৯৭	
২। আশ্রম ছাত্রাবাস	৮৬	১৭৯	০৭	২৭২
৩। কেন্দ্রীয় ছাত্রাবাস	১৯	২১	০৫	৪৫
মোট				১৫১৪টি

(খ) কলকাতায় মাধ্যমিকোত্তর স্তরে পড়ুয়াদের জন্য ০৪ (চারটি)টি ছাত্রাবাস আছে।

এগুলির বিবরণ নিম্নে দেওয়া হল।

(ক)

	মোট আসন সংখ্যা	তফঃজাতি উপজাতি
উদয়ন ছাত্রাবাস	৯২	বালক
সেন্ট ডেভিড ছাত্রাবাস	৯২	বালক
সিধু কানু ছাত্রাবাস	৬৪	বালক
রাণিরাসমণি ছাত্রীনিবাস	৯৬	বালিকা
মোট	৩৪৪	

(খ) পশ্চিম-মেদিনীপুর-এ ছাত্রাবাসগুলোর বিবরণ নিম্নরূপ :

	মোট সখ্যা	
বিদ্যালয় সংলগ্ন ছাত্রাবাস	৩১০টি	সংযোজনী পত্র দ্রষ্টব্য
আশ্রম ছাত্রাবাস	৫০টি	ওই
কেন্দ্রীয় ছাত্রাবাস	০৮টি	ওই
সর্বমোট	৩৬৮টি	

৫৩০ টাকা (কুইন্টাল প্রতি) দরে ধান ক্রয়

*৩৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৯) **শ্রী আশীষ ব্যানার্জী :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০২-এর ডিসেম্বর থেকে ২০০৩-এর জানুয়ারি পর্যন্ত সরকার ৫৩০ টাকা (কুইন্টাল প্রতি) দরে কত পরিমাণ ধান ক্রয় করেছেন (জেলাওয়ারি)?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : খাদ্য ও সরবরাহ বিভাগ সরাসরি কৃষকদের কাছ থেকে ধান সংগ্রহ করে না। রাজ্য সরকারের সমবায় দপ্তরের অধীনে, 'বেনফেড' সংস্থা কৃষকদের কাছ থেকে কেন্দ্রীয় সরকার নির্ধারিত ন্যূনতম সহায়ক মূল্যে ধান কেনার কাজ করে থাকে। এবার অবশ্য অত্যাবশ্যক পণ্য সরবরাহ নিগম (ই.সি.এস.সি.) কেও এই দায়িত্ব দেওয়া হয়েছে, যদিও উক্তসময় পর্যন্ত তারা কোনও ধান সংগ্রহ করতে পারেনি। 'বেনফেড' থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দেখা যাচ্ছে যে ২০০২-এর ডিসেম্বর থেকে ২০০৩-এর জানুয়ারি পর্যন্ত ওই সংস্থা মোট ১৩৫১.৯৭৫ মেট্রিক টন ধান সংগ্রহ করেছে।

ধান সংগ্রহের জেলাওয়ারি পরিসংখ্যান নিম্নরূপ :

১। বর্ধমান	৯৮৪.৬০০	মেট্রিক টন
২। বীরভূম	৩০.৫৭৫	মেট্রিক টন
৩। হুগলি	৫৬.০০০	মেট্রিক টন
৪। পূ. মেদিনীপুর	৫৫.০০০	মেট্রিক টন
৫। পঃ মেদিনীপুর	১২০.০০০	মেট্রিক টন
৬। নদীয়া	২৪.৩০০	মেট্রিক টন
৭। মুর্শিদাবাদ	৮১.৫০০	মেট্রিক টন
মোট	১৩৫৩.৯৭৫	মেট্রিকটন

সুন্দরবনের গ্রামগুলির বিদ্যুতায়ন

*৩৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৪) **শ্রীনৃপেন গায়েন :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

.(ক) এটা কি সত্যি যে, গ্রামীণ শক্তি উন্নয়ন নিগম প্রকল্পে উত্তর ২৪-পরগণার হিংগলগঞ্জে নির্মীয়মান সাবস্টেশন থেকে সুন্দরবনের গ্রামগুলিতে বিদ্যুৎ সরবরাহ করার পরিকল্পনা আছে; এবং

(খ) সত্যি হলে, এই প্রকল্পের জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) এই প্রকল্পের জন্য আনুমানিক ৭৫ লক্ষ টাকা ব্যয় হবে।

সমবায় কৃষিঋণ

*৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৬) **শ্রী দীপক কুমার ঘোষ :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ২০০০-০১ ও ২০০১-০২ সালে রাজ্যে সমবায় কৃষিঋণ বাবদ কী পরিমাণ অর্থ (বছরওয়াড়ি) দেওয়া হয়েছিল ;

(খ) তন্মধ্যে শতকরা কতভাগ অর্থ আদায় করা হয়েছে (বছরওয়াড়ি); এবং

(গ) ২০০২-০৩ সালে (১) ঋণদানের লক্ষ্যমাত্রা ও (২) প্রদত্ত অর্থের পরিমাণ কত?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০০০-০১ সালে কৃষি ঋণ বাবদ দেওয়া হয়েছিল ৩০৩৯৩.৩০ লক্ষ টাকা। ২০০১-০২ সালে কৃষি ঋণ বাবদ দেওয়া হয়েছিল ৩৮৪৪১.২৯ লক্ষ টাকা।

(খ) ২০০০-০১ সালে কৃষি ঋণ বাবদ আদায় করা হয়েছে ৬০.২৩ শতাংশ। ২০০১-০২ সালে কৃষি ঋণ বাবদ আদায় করা হয়েছে ৬৩.২৭ শতাংশ।

(গ) ২০০২-০৩ সালে কৃষি ঋণ দানের লক্ষ্যমাত্রা ধার্য্য হয়েছিল ৪৬২২৩.০০ লক্ষ টাকা এবং প্রদত্ত অর্থের পরিমাণ ৪৪,৪৩০.৭৩ লক্ষ টাকা।

পশ্চিমবঙ্গ করিডর উন্নয়ন প্রকল্প

*৩৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৯) **শ্রী সামসুল ইসলাম মোল্লা :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের করিডর উন্নয়ন প্রকল্পের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ;

(খ) ওই করিডর কত কিলোমিটার দীর্ঘ হবে ; এবং

(গ) কত দিনে ওই কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গ করিডর উন্নয়ন প্রকল্পের কাজটি নিম্নোক্ত কয়েকটি ভাগে ভাগ করা হয়েছে:

(১) বারাসাত থেকে রায়গঞ্জ পর্যন্ত জাতীয় সড়ক নং ৩৪ এর উন্নয়ন।

(২) রাজ্য সড়ক নং ১০ এর গাজোল থেকে হিলি অংশসহ রাস্তাটির সংযোগকারী বালুরঘাট থেকে পাতিরাম রাস্তার উন্নয়ন।

(৩) রাজ্য সড়ক নং ১ এর চাকদা থেকে বনগাঁ অংশ ও বাড়ৈ জাগুলিয়া থেকে কল্যাণী এক্সপ্রেসওয়ের কাপা পর্যন্ত রাস্তার উন্নয়ন।

(৪) জাতীয় সড়ক নং ৩৪ এর সংযোগকারী গুরুত্বপূর্ণ ১০টি গ্রামীণ যোগাযোগকারী রাস্তার উন্নয়ন।

৩৪ নং জাতীয় সড়কের উন্নয়নের কাজ রূপায়ণের জন্য তিনটি প্যাকেজে কাজ করা হয়েছে এবং ইতিমধ্যেই সাবগাছি থেকে ফরাক্কা পর্যন্ত কাজের দরপত্র আহ্বান করা হয়েছে।

রাজ্য সড়কগুলির ক্ষেত্রে গাজোল-হিলি ও বালুরঘাট-পাতিরাম রাস্তার কাজের জন্য দরপত্র চাওয়া হয়েছে। আশা করা যায় এই রাস্তাটির কাজে আগামী জুন ২০০৩ মাসে নির্মাণকারী সংস্থাকে নিয়োগ করা যাবে।

(খ) জাতীয় সড়কের ক্ষেত্রে প্রায় ৩৭০ কিমি. রাজ্য সড়কগুলির ক্ষেত্রে প্রায় ১৫০ কিমি গ্রামীণ সড়কগুলির ক্ষেত্রে প্রায় ১০২ কিমি।

(গ) প্রকল্পটি ২০০৬ সাল নাগাদ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

দক্ষিণ ২৪-পরগনা জেলায় বিদ্যুৎ বিহীন মৌজা

*৩৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০০১) **শ্রী তমোনাশ ঘোষ** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১.৪.২০০৩ তারিখে দক্ষিণ ২৪ পরগনা জেলায় বিদ্যুৎ বিহীন মৌজার সংখ্যা কত?

(খ) উক্ত বিদ্যুৎ বিহীন মৌজাগুলিতে বিদ্যুদয়ন করার কোনো পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ১৫১টি।

(খ) হ্যাঁ।

(গ) আগামী ২০০৭ সালের মধ্যেই বিদ্যুদায়নের এই কাজ শেষ হবে বলে আশা করা যায়।

ভাগীরথী নদীর উপর সেতু

*৩৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬৩) **শ্রী ইউনুস সরকার** : পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুরে ভাগীরথী নদীর উপর সেতু নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : সম্প্রতি মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুরে (জঙ্গিপুর-রঘুনাথগঞ্জ সংযোগকারী) ভাগীরথী নদীর উপর একটি সেতু নির্মাণ করে যানবাহন চলাচলের জন্য উপযুক্ত করা হয়েছে।

একই শহর ও নদীর উপর দ্বিতীয় সেতু নির্মাণের তাই কোনো পরিকল্পনা নেই।

নয়াচরে চিংড়ি চাষের পরিকল্পনা

*৩৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯১) **শ্রী জ্যোতির্ময় কর** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটি কি সত্যি যে, পূর্ব মেদিনীপুর জেলার নয়াচরে (মীনদ্বীপে) জাতীয় সমবায় উন্নয়ন নিগমের আর্থিক সহায়তায় 'বেনফিসের' উদ্যোগে চিংড়িচাষের খামার তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে;

(খ) সত্যি হলে, বর্তমানে কাজের অগ্রগতি কীরূপ;

(গ) উক্ত প্রকল্পে জাতীয় সমবায় উন্নয়ন নিগমের আর্থিক সহায়তার পরিমাণ কত; এবং

(ঘ) খামার নির্মাণে মোট অনুমিত ব্যয়ের পরিমাণ কত?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) সমস্ত পুকুরগুলি বিভিন্ন মৎস্যজীবী সমবায় সমিতির সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে। মৎস্যজীবীরা চাষ আরম্ভ করেছেন।

(গ) জাতীয় সমবায় উন্নয়ন নিগম ১৭.২৪ কোটি টাকা মঞ্জুর করেছেন।

(ঘ) বর্তমানে ১৬.৬৭ কোটি টাকা খরচ হয়েছে।

রাজ্য বিদ্যুৎ পর্ষদের লোকসান

*৩৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১২৭) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে বিদ্যুৎ পর্ষদের মোট পুঞ্জীভূত লোকসানের পরিমাণ কত?

(খ) কলকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের কাছে রাজ্য বিদ্যুৎ পর্ষদের মোট বকেয়া পাওনার পরিমাণ কত; এবং

(গ) ওই টাকা আদায়ে কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০০১-২০০২ আর্থিক বর্ষ শেষে পর্ষদের মোট পুঞ্জীভূত লোকসানের পরিমাণ ৩৯১৬.৮৭ কোটি টাকা।

(খ) ৩১.৫.২০০৩ পর্যন্ত মোট বকেয়া পাওনার পরিমাণ ৫০৩.২৫২৮ কোটি টাকা।

(গ) এই বকেয়া পরিশোধের জন্য বিদ্যুৎ দপ্তর ২০০১ সালের ফেব্রুয়ারি মাসের এক আদেশনামায় একটি নির্ঘন্ট নির্দিষ্ট করে। এই নির্ঘন্ট অনুযায়ী ৩১.৫.০৩ পর্যন্ত সি.ই.এস.সি পর্ষদকে নির্দিষ্ট ২৪১.৫০ কোটি টাকা পরিশোধ করেছে।

নন্‌ফরমাল বিদ্যালয়গুলির শিক্ষকদের বেতন

*৩৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৬) **শ্রী মন্টুরাম পাখিরা :** জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্য সরকার নন্‌ফরমাল বিদ্যালয়গুলির শিক্ষকদের বেতন বাবদ মোট কী পরিমাণ অর্থ ২০০২-২০০৩ আর্থিক বছরে ব্যয় করেছেন?

জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়। সাম্মানিক ভাতা হিসাবে ৪২,৭৯,৪১০.০০ টাকা।

New Electric Connection in Sourth 24-Parganas

*358. (Admitted Question No. *1201) **Shri Ashok Deb** : Will the Minister-in-Charge of the Power Department be pleased to state—

(a) number of new connection of electricity given by WBSEB in South 24-Parganas during the year 2002-2003 (till 31st January, 2003) ; and

(b) total amount collected from the consumers against those new connections ?

Minister-in-Charge of the power Department : (a) 39,940Nos.

(b) Rs. 451.52305 Lakhs.

গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল

*৩৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৫) **শ্রী অসিত মিত্র** : পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ২০০১-২০০২ ও ২০০২-২০০৩ আর্থিক বছরে গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল থেকে পূর্ত বিভাগ মোট কত পরিমাণ অর্থ পেয়েছেন; এবং

(খ) উক্ত প্রাপ্ত অর্থের মধ্যে কত পরিমাণ অর্থ ৩১.১২.২০০২ পর্যন্ত সড়ক বাবদ খরচ করা হয়েছে?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উক্ত তহবিল থেকে ২০০১-০২ সালে পাওয়া গেছে—১৩৫৬১.২৫ লক্ষ টাকা
২০০২-০৩ সালে পাওয়া গেছে ২৭০৫.০০ লক্ষ টাকা

(খ) প্রাপ্ত অর্থ থেকে ২০০১-০২ সালে খরচ হয়েছে—

১৩৩,৪৩.৮৫ লক্ষ টাকা এবং ২০০২-০৩ সালের এখন পর্যন্ত খরচ ২৭০৫.০০ লক্ষ টাকা।

Unstarred Questions

(to which answers were laid on the Table)

রেজিস্ট্রীকৃত বেকার সংখ্যা

১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৫) **শ্রী আব্দুল মান্নান** : কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের রেজিস্ট্রীকৃত বেকারের মধ্যে তপশিল জাতি, উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণি সংখ্যালঘু (মুসলিম, খ্রীষ্টান, বৌদ্ধ ও শিখ) সংখ্যা কত এবং

(খ) ১৯৯৮-৯৯ থেকে ২০০১-২০০২ বছরগুলিতে কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে কতজনের সরকারী, আধা সরকারী, বেসরকারী, শিক্ষকের চাকরী হয়েছে (উপর্যুক্ত সম্প্রদায়গুলির ক্ষেত্রে আলাদা আলাদা ভাবে সংখ্যা)?

কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩১/১২/২০০২ পর্যন্ত রাজ্যের রেজিস্ট্রীকৃত শ্রেণি/সম্প্রদায় ভিত্তিক পরিসংখ্যান নিম্নরূপ :

তপশিল জাতি	তপঃ উপজাতি	অন্যান্য অনগ্রসর শ্রেণি	সংখ্যালঘু	অন্যান্য
৭,৫১,৩৬৩	১,২১,৩৫৩	১,৪৯,৫৫৪	৮,৪৬,৭৫৫	৪৫,৬৪,১১২

সংখ্যালঘু সম্প্রদায়ের বিভাজন

মুসলিম	খ্রীষ্টান	বৌদ্ধ	শিখ
৭,৯৮,৫৮১	২৬,৭৫৭	১৭,৩৪০	৪,০৭৭

(খ) ১৯৯৮-৯৯ থেকে ২০০১-২০০২ বছরগুলিতে কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে শিক্ষকসহ বিভিন্ন ক্ষেত্রে চাকরি প্রাপকের সংখ্যা নিম্নরূপ (শিক্ষকের ক্ষেত্রে পৃথক কোন পরিসংখ্যান রাখা হয় না)

সন	সরকারী ক্ষেত্রে	আধাসরকারী ক্ষেত্রে	বেসরকারী ক্ষেত্রে
১৯৯৮-১৯৯৯	৩,৬১৪	৩,৭২১	১,৫৫৫
১৯৯৯-২০০০	৫,৬৮৪	৫,৮০৪	২,৪৪৭
২০০০-২০০১	৬,৭৯৯	৮,০৭২	১,৪৯৮
২০০১-২০০২	৪,০৯৮	৪,৩৪০	৮৭৯

১৯৯৮ সাল থেকে ২০০১ পর্যন্ত কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে চাকরি প্রাপকদের শ্রেণি/সম্প্রদায় ভিত্তিক পরিসংখ্যান নিম্নরূপ :

সন	তপশিল জাতি	তপশিল উপজাতি	অন্যান্য অনগ্রসর শ্রেণি	সংখ্যালঘু সম্প্রদায়	অন্যান্য
১৯৯৮	১,৬৬২	৪৪১	২৯৪	২৮২	৫৫৭২
১৯৯৯	৩,০৩১	৮৪১	৮৪৫	৭৭২	৮৯৭৬
২০০০	২,০৮০	৬৫১	৬৫৬	৫০৫	৯৮৬৬
২০০১	২,৩৭২	৮৪৮	৬৫৫	৭৮৮	৬৪৯৪

সম্প্রদায়গত চাকরীপ্রাপকের পরিসংখ্যান নিম্নরূপ :

সন	হিন্দু	মুসলিম	খ্রীষ্টান	বৌদ্ধ	শিখ
১৯৯৮	৭,৯৫৯	২১৫	৩৭	৪০	-
১৯৯৯	১৩,৬৯৩	৭১৭	২৪	২৫	৬
২০০০	১৩,২৫৩	৪৫৫	২২	২৮	-
২০০১	১০,৩৬৯	৬৫০	৪২	৯২	৪

বন্ধ হয়ে যাওয়া বসুমতী পত্রিকা

১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩৭) শ্রীমতী সোনালী গুহ : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্য যে, বসুমতী পত্রিকা বন্ধ করে দেওয়া হয়েছে এবং

(খ) সত্যি হলে, সরকার এ বিষয়ে কী চিন্তা করছেন?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) এ বিষয়ে বিকল্প ব্যবস্থা সম্পর্কে সরকার চিন্তা ভাবনা করছেন।

পথদুর্ঘটনা ও মৃতের সংখ্যা

১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭০) শ্রী কাশীনাথ মিশ্র : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া, মেদিনীপুর, হাওড়া, কলকাতা, হুগলী, ২৪ পরগণা (উত্তর) ২৪ পরগণা (দক্ষিণ) ও দার্জিলিং জেলাতে ২০০২-২০০৩ আর্থিক বছরে পথ দুর্ঘটনার সংখ্যা কত এবং

(খ) উক্ত দুর্ঘটনায় জেলাওয়ারি মৃত্যুর সংখ্যা কত?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ১৩,৩৬৩ টি।

(খ)

কলকাতা	—	৪৬০
বাঁকুড়া	—	১৩৭
মেদিনীপুর (পূর্ব ও পশ্চিম)	—	২৫২
হাওড়া	—	৩৮৭
হুগলী	—	২৭২
দক্ষিণ ২৪ পরগণা	—	৩২৫
উত্তর ২৪ পরগণা	—	৩৫৪
দার্জিলিং	—	১৫৬

কাকদ্বীপ-গঙ্গাধরপুর রাস্তা মেরামত

১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮২) শ্রী মন্টুরাম পাখিরা : পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কাকদ্বীপ-গঙ্গাধরপুর বাস রাস্তাটি (প্রায় ১৫ কিমি) দীর্ঘদিন ধরে ভাঙা অবস্থায় পড়ে আছে;

(খ) সত্যি হলে, কবে নাগাদ এই রাস্তাটি মেরামত করা হবে বলে আশা করা যায় এবং

(গ) এর জন্য মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সত্যি

(খ) সাময়িক মেরামতি (প্রাক বর্ষাকলীন) করে রাস্তাটি যান চলাচল যোগ্য রাখার প্রচেষ্টা চলছে।

(গ) পরিকল্পনা বহির্ভূত খাতে অর্থ বরাদ্দের উপর এই প্রকল্প নির্ভর করছে। তাই এ বিষয়ে এখনই কিছু বলা সম্ভব নয়।

চন্দননগরে শহীদ কানাইলাল ক্রীড়াঙ্গন (স্টেডিয়াম) নির্মাণের কাজ

১৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১২৭২) **শ্রী কমল মুখার্জী :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলী জেলায় চন্দননগর শহরে "শহীদ কানাইলাল ক্রীড়াঙ্গন (স্টেডিয়াম) নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে এবং

(খ) বর্তমানে উক্ত স্টেডিয়ামটির রক্ষণাবেক্ষনের কাজ কীভাবে পরিচালিত হয়?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) শহীদ কানাইলাল ক্রীড়াঙ্গনের নিম্নোক্ত কাজগুলি শেষ হয়েছে ঃ

১। চারিদিকের সীমানা দেওয়াল।

২। পূর্ব ও পশ্চিম দিকের গ্যালারী।

৩। ভি.আই.পি. অংশের গ্যালারী।

৪। উত্তর অংশের নর্দমার কাজ, এছাড়া মাঠটির সংস্কার কাজ চলছে।

(খ) স্টেডিয়ামটির দেখভালের কাজ স্টেডিয়াম কমিটির উপরই ন্যস্ত।

চন্দননগরে মহিলা বি. এড কলেজ

১৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৬) **শ্রী কমল মুখার্জী :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চন্দননগরে মহিলা বি.এড কলেজে ভর্তির ব্যাপারে চরম দুর্নীতি হয়;

(খ) সত্যি হলে, এর বিরুদ্ধে সরকার কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা এবং

(গ) প্রতি বৎসর কতজন ছাত্রী ওই কলেজে বি.এড, পড়ার সুযোগ পায়?

উচ্চশিক্ষা বিভাগের ভাররপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) চন্দননগর মহিলা বি.এড. কলেজে ভর্তির ব্যাপারে চরম দুর্নীতি হয়, একথা সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ১৬০ জন।

আইন ভঙ্গকারী আটক গাড়ীর সংখ্যা

১৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৩) **শ্রী অশোক দেব** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা ট্রাফিক পুলিশ ২০০২ সালে মোট কতগুলি গাড়িকে আইন ভঙ্গ করার জন্য ধরেছেন এবং

(খ) মোট কত টাকা জরিমানা বাবদ আদায় করা হয়েছে?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৯,৯৯,০১৫ টি গাড়ী।

(খ) ৬,২৮,৬৩,২৬৮.২৭ টাকা।

পঞ্চায়েত সমিতি এলাকার থানা স্থাপনের পরিকল্পনা

১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩৭) **শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, প্রতি পঞ্চায়েত সমিতি এলাকা থানা স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনাটি কোন পর্যায়ে আছে?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

চলচ্চিত্র প্রযোজনায় সরকারের ব্যয়

১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৭) **শ্রী ধনঞ্জয় মোদক** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত আর্থিক বছরে চলচ্চিত্র প্রযোজনায় সরকার কত টাকা ব্যয় করেছেন এবং

(খ) সরকার প্রযোজিত চলচ্চিত্রগুলির নাম কি কি?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বিগত আর্থিক বছরে চলচ্চিত্র প্রযোজনায় সরকার কর্তৃক ব্যয়ের পরিমাণ : ২,৫৮,৩৫০ টাকা (দুই লক্ষ আটান্ন হাজার তিনশ পঞ্চাশ টাকা)।

(খ) উক্ত সময়কালে সরকার প্রযোজিত চলচ্চিত্রের নাম 'পঁচিশ বছর পেরিয়ে' (পরিচালক বাপ্পা সেন)

কলকাতায় চলচ্চিত্র উৎসব

১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৯) **শ্রী ধনঞ্জয় মোদক** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সদ্য সমাপ্ত 'কলকাতা চলচ্চিত্রে উৎসবে' বিদেশী ও দেশী কতগুলি চলচ্চিত্র প্রদর্শিত হয়েছে এবং

(খ) উৎসব বাবদ সরকারের কত টাকা ব্যয় হয়েছে?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (খ) সদ্য সমাপ্ত '৮ম কলকাতা চলচ্চিত্র উৎসবে' প্রদর্শিত বিদেশি ছবির সংখ্যা : ৮৭, দেশি ছবির সংখ্যা : ৪০

(খ) উৎসব বাবদ সরকারের ব্যয় বরাদ্দ ছিল ৫০ লক্ষ টাকা।

নদীয়ায় নতুন থানা স্থাপনের পরিকল্পনা

১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৯১) **শ্রী ধনঞ্জয় মোদক** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়ার কালীগঞ্জ ব্লকে নতুন একটি থানা গঠনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

চার্লি চ্যাপলিনের মূর্তি স্থাপন

১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯২) **শ্রী কমল মুখার্জী** : পূর্তবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সরকারের পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী চার্লি চ্যাপলিনের মূর্তি স্থাপনের বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : চার্লি চ্যাপলিনের মূর্তি নির্মাণের কাজ এখনও শেষ হয়নি। মূর্তিটি স্থাপনের উপযুক্ত স্থান নির্বাচনও এখনও হয়নি।

পুরুলিয়া জেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা

১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮৮) **শ্রী নেপাল মাহাত** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলাতে ১.১.২০০৩ তারিখে প্রাথমিক বিদ্যালয় পিছু শিক্ষকের সংখ্যা কত ছিল এবং

(খ) ওই সময়ে উক্ত জেলায় (১) শিক্ষকবিহীন ও (২) একজন শিক্ষক সম্পন্ন প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত ছিল?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বিদ্যালয় পিছু শিক্ষকের ছিল গড়ে ২ জন।

(খ) ১। শিক্ষকবিহীন কোন প্রাথমিক বিদ্যালয় ছিল না।

২। একজন শিক্ষক সম্পন্ন প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১০৭২ টি ছিল।

ট্রেন ডাকাতির সংখ্যা

১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০২) **শ্রী অশোক দেব :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২ সালে মোট কতগুলি ট্রেন ডাকাতির ঘটনা ঘটেছে এবং

(খ) রাজ্য সরকার এর বিরুদ্ধে কি কি ব্যবস্থা নিয়েছেন?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩৯ টি।

(খ) ট্রেন ডাকাতির রোধে রাজ্য সরকার নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করেছেন।

১। অতর্কিত হানা, অনুসন্ধান, গ্রেপ্তার, ডাকাতি হতে পারে এমন অঞ্চলগুলির চিহ্নিত-করণ, প্রভৃতি।

২। রাজ্য পুলিশ, রাজ্যের গোয়েন্দা বিভাগ এবং কলকাতা পুলিশের সহায়তায় রাজ্য পুলিশ ও কলকাতা পুলিশের আওতাভুক্ত অঞ্চলে দুষ্কৃতী ও সমাজবিরোধীদের বিরুদ্ধে নিয়মিত ভাবে অতর্কিত হানা দেওয়া হয়। এর ফলে বেশ কিছু সংখ্যক দুষ্কৃতীকে গ্রেপ্তার করা হয়েছে। ট্রেনে এবং বিভিন্ন রেল স্টেশনে ডাকাতি করার উদ্দেশ্যে সমবেত হওয়া বেশ কিছু সংখ্যক দুষ্কৃতীকে অস্ত্রশস্ত্র সহ গ্রেপ্তার করা হয়েছে।

৩। অপরাধপ্রবণ অঞ্চলগুলি এবং দুষ্কৃতীদের দলগুলিকে চিহ্নিত করা হয়েছে।

৪। পশ্চিমবাংলায় রাত্রিবেলায় চলাচলকারী সমস্ত মেল এবং এক্সপ্রেস ট্রেনে (আপ ও ডাউন) প্রহরী নিযুক্ত করা হয়েছে। রাত্রিবেলায় লোকাল ট্রেনেও পাহারার ব্যবস্থা করা হয়েছে। পশ্চিমবঙ্গে চারটি জি. আর.পি.এস. আওতাভুক্ত অঞ্চলে ডাকাতি হতে পারে এমন অঞ্চলে পুলিশ পিকেটের ব্যবস্থা করা হয়েছে।

৫। নিয়মিত পুলিশ টহলদারী বৃদ্ধি করা হয়েছে। দুষ্কৃতীদের ধরার জন্য হাওড়া, শিয়ালদা, খড়গপুর, শিলিগুড়ি এবং কিছু গুরুত্বপূর্ণ রেলওয়ে স্টেশনে তল্লাশির ব্যবস্থা করা হয়েছে।

৬। রেলওয়ের আধিকারিকরা দুষ্কৃতীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য আর.পি.এফ, এবং রাজ্য রেলওয়ে পুলিশ নিজেদের মধ্যে নিয়মিত সহযোগিতামূলক আলোচনা করছেন।

৭। হাওড়া, শিয়ালদা, বর্ধমান, খগড়পুর, ব্যান্ডেল, আসানসোল, শেওড়াফুলি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ রেলওয়ে স্টেশনগুলিতে ট্রেনের মধ্যে নিয়মিতভাবে চেকিং করা হচ্ছে। দালালদের এবং ট্রেনে বে-আইনি ভ্রমণকারীদের ধরার জন্য নিয়মিতভাবে অতর্কিত অভিযান চালানো হচ্ছে।

৮। ২০০২ সালে রেলওয়ে আইন অনুযায়ী ৩৪৭৫৯ জনকে অভিযুক্ত করা হয়েছে।

৯। আধিকারিকদের অধীনে অন্তত ২০টি ট্রেনের ক্ষেত্রে দূরপাল্লার গুরুত্বপূর্ণ মেল এবং এক্সপ্রেস ট্রেনে পাহারার ব্যবস্থা করা হয়েছে। ট্রেনে ভ্রমণকারী যাত্রীরা অভিযোগ দায়ের করলে পাহারারত পুলিশ তা লিপিবদ্ধ করেন, জেনারেল ডায়েরী এর মধ্যে অন্তর্ভুক্ত।

১০। ৯৩টি দূরপাল্লার ট্রেনে (আপ ও ডাউন) এবং ১৩৭টি সাবারবান ট্রেনে (আপ ও ডাউন) পুলিশি পাহারার ব্যবস্থা করা হয়েছে।

বজবজ সুভাষ উদ্যানে স্টেডিয়ামের পূর্ণাঙ্গরূপদান

১৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০৫) **শ্রী অশোক দেব :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দক্ষিণ ২৪ পরগনা জেলার বজবজ বিধানসভা কেন্দ্রের সুভাষ উদ্যানে নির্মিত স্টেডিয়ামটির পূর্ণাঙ্গরূপ দেবার জন্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বজবজ বিধানসভা এলাকায় স্টেডিয়াম নির্মাণের জন্যে বজবজ পৌরসভা পরিকল্পনা গ্রহণ করেছিল। তাই, এই পরিকল্পনা রূপায়নে সম্পূর্ণ দায়িত্ব বজবজ পৌরসভার।

কোটশীলতে নতুন থানা স্থাপন

১৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬১) **শ্রী নিশিকান্ত মেহেতা :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ঝালদা থানাকে ভাগ করে কোটশীলাতে নতুন থানা স্থাপন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন।

ঝাড়গ্রামে উড়ালপুল নির্মান

১৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৮৬) **শ্রীমতী মীনা সনাতনি :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ঝাড়গ্রাম রেলওয়ে লেভেল ক্রসিং এর উপর একটা ফ্লাইওভার তৈরি করার পরিকল্পনা করা হয়েছিল এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ কাজটি শুরু হবে বলে আশা করা যায়?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সত্যি।

(খ) আর্থিক দায়ভার নেওয়ার বিষয়ে প্রকল্পটির জন্য এখনও সরকারের সবুজ সংকেত পাওয়া যায়নি। তাই, কাজটি শুরু করার সময়সীবা সম্বন্ধে এখনই কিছু বলা সম্ভব নয়।

মহিলা সমবায় সমিতি

১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৫) **শ্রীমতী সাধনা মল্লিক :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে চালু মহিলা সমবায় সমিতির সংখ্যা কত;

(খ) সমবায়ের মাধ্যমে কতজন মহিলাকে অর্থনৈতিক ভাবে সহায়তা দেওয়া সম্ভব হয়েছে (জেলাভিত্তিক) এবং

(গ) এরজন্য কত টাকা ব্যয় হয়েছে?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে বর্তমানে চালু মহিলা সমবায় সমিতির সংখ্যা ৩৭ (সাঁইত্রিশ)।

(খ) সমবায়ের মাধ্যমে ২০০১-২০০২ আর্থিক বছর অনুযায়ী ৫২৫৭ জন মহিলাকে ঋণ দেওয়া সম্ভব হয়েছে।

জেলা ভিত্তিক তথ্য

ক্রমিক নং	জেলার নাম	—	ঋণগ্রহীতার সংখ্যা
১।	কলকাতা	—	৮৯৭
২।	উত্তর ২৪ পরগনা	—	৬৭৫
৩।	দক্ষিণ ২৪ পরগনা	—	৮০৪
৪।	হাওড়া	—	৯৩১
৫।	হুগলী	—	১৪৪
৬।	মুর্শিদাবাদ	—	৬৩
৭।	বর্ধমান	—	৩৭৫

ক্রমিক নং	জেলার নাম	—	ঋণগ্রহীতার সংখ্যা
৮।	মেদিনীপুর	—	৩৬৩
৯।	বাঁকুড়া	—	১৫৪
১০।	উত্তর দিনাজপুর	—	২৮০
১১।	দক্ষিণ দিনাজপুর	—	×
১২।	দার্জিলিং	—	০৩
১৩।	কোচবিহার	—	২৩০
১৪।	জলপাইগুড়ি	—	৩৩৮
১৫।	বীরভূম	—	×
১৬।	মালদা	—	×
১৭।	পুরুলিয়া	—	×
১৮।	নদীয়া	—	×

(গ) এরজন্য ৬৪৫.৫৫ লক্ষ টাকা ঋণ দাদন করা হয়েছে সমিতিগুলির মাধ্যমে।

ও.বি.সি. সম্প্রদায়ভুক্ত মানুষের সংখ্যা

১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১৭) **শ্রী নেপাল মাহাত:** অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে ও.বি.সি. সম্প্রদায়ভুক্ত মানুষের সংখ্যা কত এবং

(খ) রাজ্যের মোট জনসংখ্যার মধ্যে ও.বি.সিদের শতকরা হার কত?

অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) প্রাপ্ত তথ্য অনুযায়ী ১,০৩,৯৯,৫৯

(খ) শতকরা ১৫.২৮ (প্রায়)।

কম দামে বিদ্যুৎ সরবরাহ

১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩৭) **শ্রী কাশীনাথ মিশ্র :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার দারিদ্র সীমার নীচে বসবাসকারীদের কম দামে বিদ্যুৎ সরবরাহ করছেন এবং

(খ) সত্যি হলে, এই ব্যবস্থা চালু রাখার জন্য কোন আইন প্রবর্তন করা হয়েছে কি?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, লোকদ্বীপ প্রকল্পে দারিদ্র সীমার নীচে বসবাসকারীদের বিদ্যুৎপর্ষদ কম দামে বিদ্যুৎ সরবরাহ করে।

(খ) না।

মহিলা সমবায় ব্যাঙ্ক

১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪০) শ্রী কাশীনাথ মিশ্র : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাঁকুড়া জেলার মহিলা সমবায় ব্যাঙ্কটি দেউলিয়া হওয়ার মুখে;

(খ) সত্যি হলে, উক্ত ব্যাঙ্কটিকে স্বনির্ভরশীল করার জন্য রাজ্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা এবং

(গ) ২০০১ সালের জানুয়ারি হতে ২০০৩ সালের ১৫ই ফেব্রুয়ারি পর্যন্ত উক্ত ব্যাঙ্কের আয় ও ব্যয়ের পরিমাণ কত?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এধরনের কোন ঘটনা এখনও ঘটেনি যা দ্বারা বলা যায় ব্যাঙ্কটি দেউলিয়া হওয়ার মুখে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) সমিতির আয়-ব্যয়ের হিসাব আর্থিক বছর অনুসারে সংগঠিত হয়। সেই অনুযায়ী বলা যায় যে সমিতিটি ২০০০-২০০১ সালের নিরীক্ষিত হিসাব মত ৩,৮৫,৮৭১.৮৩ টাকা আয় ও ৩,৮৫,০৬৯.০০ টাকা ব্যয় করেছে। ২০০১-২০০২ এবং ২০০২-২০০৩ সালের হিসাব এখনও নিরীক্ষিত হয়নি।

আদিবাসী আশ্রম হোস্টেলের সংখ্যা

১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৯) শ্রী ভূতনাথ সরেন : অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি আদিবাসী আশ্রম হোস্টেল আছে (জেলাওয়ারী হিসাব) এবং

(খ) এই হোস্টেলগুলিতে (১) ছাত্র-ছাত্রীর সংখ্যা কত ও (২) বর্তমানে প্রতিমাসে মাথাপিছু সরকারী অনুদানের পরিমাণ কত?

অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক)

জেলা	আশ্রম হোস্টেল সংখ্যা	
	আদিবাসী	আদিবাসী ও তপশিলী জাতি মিলিত
বর্ধমান	১২	১
বাঁকুড়া	২৭	১
দক্ষিণ দিনাজপুর	৯	১
উত্তর দিনাজপুর	৫	১

আশ্রম হোস্টেল সংখ্যা		
জেলা	আদিবাসী	আদিবাসী ও তপশিলী জাতি মিলিত
হুগলী	৪	
২৪ পরগণা (উত্তর)	৬	
মুর্শিদাবাদ	৫০	
দক্ষিণ ২৪ পরগণা	৪	২
নদীয়া	১	১
মালদা	১২	
জলপাইগুড়ি	৯	২
শিলিগুড়ি	১	১
পুরুলিয়া	২০	২
মেদিনীপুর	৪৫	
দার্জিলিং (হিল কাউন্সিল)	৪	
মোট	১৭৫	১২

(খ) (১) এট জেলাগুলিতে বর্তমানে মোট আদিবাসী ছাত্র-ছাত্রী সংখ্যা ৫০৭৯ জন।

(২) বর্তমানে দেয় অনুদানের পরিমাণ নিম্নরূপ :

(ক) খাবার খরচ বাবদ — মাসিক ৪০০ টাকা

(খ) কেরোসিন তেল, লণ্ঠন ইত্যাদি বাবদ বছরে মাথাপিছু — ৩০০ টাকা

(গ) পোশাক বাবদ বছরে মাথাপিছু — ৮০ টাকা

(ঘ) বিছানা বাবদ দুই বছর অন্তর মাথাপিছু — ১০০ টাকা

(ঙ) চিকিৎসা খরচ বাবদ বছরে মাথাপিছু — ৫০ টাকা

(চ) খেলাধূলা বাবদ বছরে মাথাপিছু — ৫০ টাকা

চাঁচোলে স্টেডিয়াম নির্মাণ

১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০২০) **শ্রী মহবুবুল হক ও শ্রী মোস্তাক আলম** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলার চাঁচোল মহকুমা শহরে খেলাধূলার উন্নয়নের জন্য স্টেডিয়াম নির্মাণ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এ ধরনের কোনও প্রস্তাব ক্রীড়া দপ্তরে পাওয়া যায়নি। প্রস্তাব পেলে বিষয়টি সম্পর্কে বিবেচনা করা হবে।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রীরামপুর মহকুমা প্রশাসনিক ভবন

১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫৪) **শ্রী আব্দুল মান্নান :** কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শ্রীরামপুর মহকুমা শাসকের নতুন প্রশাসনিক ভবন নির্মাণের কোনও পরিকল্পনা আছে কি এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) আর্থিক সীমাবদ্ধতার জন্য পরিকল্পনাটি রূপায়ণে বিলম্ব হচ্ছে।

২০০২ সালের ডব্লিউ.বি.সি.এস. (জুডিসিয়াল) পরীক্ষা

১৬০। (অনুমোদিত প্রশ্ন নং ২১১৮) **শ্রী নিত্যানন্দ বেরা :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২ সালের ডব্লিউ.বি.সি.এস. (জুডিসিয়াল) নিয়োগ সংক্রান্ত পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা কত?

(খ) উক্ত পরীক্ষার্থীর মধ্যে কতজন কৃতকার্য হয়েছেন এবং

(গ) তন্মধ্যে এ পর্যন্ত :

(১) কতজনকে নিয়োগপত্র দেওয়া হয়েছে ও

(২) কতজন কাজে যোগদান করেছেন?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০০২ সালের ডব্লিউ.বি.সি.এস. (জুডিসিয়াল) নিয়োগ সংক্রান্ত কোনো পরীক্ষা অনুষ্ঠিত হয়নি।

(খ) প্রশ্নই ওঠে না।

(গ) প্রশ্নই ওঠে না।

লোক সংস্কৃতি চর্চা কেন্দ্র

১৬১। (অনুমোদিত প্রশ্ন নং ২১২০) **শ্রী নিত্যানন্দ বেরা :** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) লোক সংস্কৃতি চর্চাকেন্দ্র পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় আছে এবং

(খ) উক্ত চর্চাকেন্দ্রহীন জেলাগুলিতে অনুরূপ কেন্দ্র গড়ে তোলার কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) পশ্চিমবঙ্গের জলপাইগুড়ি, মালদহ, বীরভূম, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়া — এই ৬ (ছয়) টি জেলায় লোকসংস্কৃতি চর্চা কেন্দ্র রয়েছে যেগুলি রাজ্য সরকারের লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের পরিচালনাধীন।

(খ) লোকসংস্কৃতি চর্চাকেন্দ্র বিহীন জেলাগুলিতে অনুরূপ কেন্দ্র গড়ে তোলার বর্তমান-এ কোনো পরিকল্পনা সরকারের নেই।

নিবিড় ক্রীড়া প্রশিক্ষণের জন্য ক্রীড়াঙ্গন

১৬২। (অনুমোদিত প্রশ্ন ২১২২) **শ্রী নিত্যানন্দ বেরা :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ব্লকভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে নিবিড় ক্রীড়া প্রশিক্ষণ কর্মসূচী রূপায়নের জন্য খেলার মাঠ ও ক্রীড়াঙ্গন নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : আপাতত এই ধরনের কোন পরিকল্পনা সরকারের ক্রীড়া বিভাগের নেই। গ্রামাঞ্চলে এই ধরনের প্রকল্পগুলি যুব কল্যান বিভাগ রূপায়িত করে থাকে।

Fire incidents in Writers' Buildings

163. (Admitted Questionss No. 2165) **Shri Manturam Pakhira :** Will the Minister-in-Charge of the Fire Services Department be pleased to state—

(a) No. of the fire incidents in Writers' Buildings during the year of 2002 and

(b) The reasons therefor?

Minister-in-Charge of the Fire Services Department : (a) Eleven. (b) Electric Fault.

খড়গ্রাম ব্লকে নদী জলোত্তোলন প্রকল্প ও গভীর নলকূপের সংখ্যা

১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮১) **শ্রী বিশ্বনাথ মণ্ডল :** ক্ষুদ্র সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলায় খড়গ্রাম ব্লকে মোট কয়টি নদী জলোত্তোলন প্রকল্প ও গভীর নলকূপ আছে?

ক্ষুদ্র ও সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম ব্লকে জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের অধীনে ১২টি জলোত্তোলন প্রকল্প ও ৫টি গভীর নলকূপ আছে।

ফরাক্কায় বনজ দ্রব্য বিক্রি বাবদ আয়

১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ২২২৯) শ্রী জানে আলম মিঞা : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ফরাক্কা রিভার ক্যানালের দুই পাড়ের বন থেকে বনজ দ্রব্য বিক্রি বাবদ এ পর্যন্ত কত টাকা রাজ্য সরকারের কোষাগারে জমা পড়েছে?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ১৯৯৮-১৯৯৯ হইতে ৩১/৩/২০০৩ সাল পর্যন্ত মোট ৩২ লক্ষ ৭২ হাজার টাকা জমা পড়েছে।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received four notices of Adjournment Motions. The first one is from Shri Sauguta Roy and the second one is from Shri Gobindo Chandra Naskar on the subject of reported violence in connection with the last Panchayet Election in the state. The third one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of hike in tution fees in medical colleges in the state. And the fourth one is from Shri Asit Mitra and Shri Nepal Mahato on the subject of statemate conditionn of primary schools in the state owing to non-filling of vacant posts.

A notice on the subject similar to the first and second motions was received on 02.07.2003, consent to which was withheld. As such the notices of these two motions are out of order and I reject these.

The subject matters of the remaining two adjournment motions relate to day to day administration of the Government and are not such that may call for adjournment of the business of the House. Members may invite attention of the concerned Ministers through calling Attention, Mention, Question, etc. I therefore, withhold my consent to both of the Motions.

One member of the party may, however, read the text of the Motion as amended.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হ'ল : রাজ্যসরকার মেডিক্যাল কলেজগুলিতে টিউশন ফি বৃদ্ধি করায় রাজ্যের দরিদ্র ছাত্রদের মধ্যে তীব্র হতাশার সৃষ্টি হয়েছে। যে সরকার একদিন সমগ্র শিক্ষা ব্যবস্থা অবৈতনিক করে

রাজ্যের মানুষের সমর্থন আদায় করেছিল, আজ তাদের স্বরূপ প্রকাশিত হচ্ছে। টিউশন ফি, ভর্তি ফি বৃদ্ধি, পরীক্ষার ফি বৃদ্ধি করে আর্থিক দিক থেকে দেউলিয়া সরকার তার কোষাগার পূর্ণ করার যে পরিকল্পনা নিয়েছে, জনগণ তাকে তীব্র ধীক্কার জানায়। অবিলম্বে শিক্ষাক্ষেত্রে ব্যাপক ফি বৃদ্ধি প্রত্যাহার করার দাবী জানাচ্ছি।

শ্রী নেপাল মাহাত : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল ঃ রাজ্যে দুই স্তরে ৬৩০০০ শিক্ষক পদ শূন্য থাকার জন্য ১৯০০ সরকারী প্রাথমিক বিদ্যালয় বন্ধ হয়ে গেছে। এই ব্যাপারে বিদ্যালয় শিক্ষামন্ত্রী ব্যর্থ।

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received five notices of calling attention on the following subjects, namely :

	Subject		Name
(i)	Hunger strike by the doctors and medical students against fee hike in Medical Colleges	:	Shri Saugata Roy
(ii)	Deforestation at Tarai and Dooars regions	:	Shri Tapan Hore
(iii)	Apprehended closure of 1900 Primary schools in the state	:	Shri Asit Mitra & Shri Nepal Mahato
(iv)	Reported death of two women at GodabarBanstala village under Joynagar P. S. south 24-Parganas on the day of Panchayat election	:	Shri Gobinda Chandra Naskar
(v)	Incident of decoity in the house of one Nemai Biswas under Nakashipara p.s. Nadia on the 15th July, 2003	:	Shri Sobhanbeb Chattopadhyay

I have selected the notice of shri Saugata Roy on the subject of 'Hunger strike by the doctors and medical students against fee hike in Medical Colleges.'

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on 23rd (twentythird) of July, 2003.

GOVERNMENT BUSINESS
LAYING OF REPORT

The Annual Report of the West Bengal State Electricity Board for the year 2001 - 2002

Shri Mrinal Banerjee : Sir, I beg to lay the Annual Report of the West Bengal State Electricity Board for the year 2001-2002.

MENTION CASES

Mr. Speaker : Now Mentions. I will take up mentions upto 12.15. As today is Friday, we will adjourn the House at 12.15. Shri Saugata Roy, please.

শ্রী সৌগত রায় : স্যার, গত পরশু দিন বেঙ্গল চেম্বার অফ কমার্সে, পশ্চিমবাংলার শিল্পে পিছিয়ে পড়ার কারণ সম্পর্কে প্রধানমন্ত্রীর মন্তব্য রাজ্যে সাড়া তুলেছে। আমরা দেখলাম মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য প্রধানমন্ত্রীর সেই বক্তব্যের জবাব দেবার চেষ্টা করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গ সম্পর্কে যে কথা বলেছেন, ষাটের দশকের মাঝামাঝি থেকে বামপন্থী দলগুলির ডগম্যাটিজিমের জন্য এই রাজ্য পিছিয়ে যাচ্ছে এবং যার ফলে আজকে এই রাজ্যের মাথাপিছু আয় সারা ভারতবর্ষের গড় আয়ের চেয়ে কম। এরজন্য তিনি বামপন্থীদেরই। তিনি এটাও বলেছেন পশ্চিমবাংলার সরকার যে সংশোধনীর ব্যবস্থা নিয়েছে সেটা বড্ড দেরীতে নিয়েছে এবং তার গতিও অত্যন্ত শ্লথ। আমরা প্রধানমন্ত্রীর বক্তব্যকে সমর্থন করছি। শিল্পের এই পশ্চাদপদের জন্য বামপন্থীরা এবং বর্তমান বামফ্রন্ট সরকার দায়ী। বুদ্ধদেব বাবু তার জবাব দিতে গিয়ে বেকারত্বে লক্ষ্ণৌর অবস্থা কি সেটা উল্লেখ করেছেন এবং ভারতবর্ষ যে গরীবের দেশ সেটাও তিনি বলেছেন।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

শ্রী তপন হোড় : স্যার, মাননীয় সদস্য সৌগত রায় প্রধানমন্ত্রীর উক্তি সম্বন্ধে বললেন। এবং তার বক্তব্যকে সমর্থন করলেন। কিন্তু ওনারা একবারও কেন্দ্রীয় সরকারকে তো বলেন না আজকে রাজ্যে এত জুটমিল বন্ধ কেন, এম. এ. এম. সি কেন বন্ধ হয়ে যাচ্ছে, জেসপ কেন বন্ধ হয়ে গেল, অপথালমিন গ্লাস কেন বন্ধ হয়ে গেল, মার্টিন বার্ন কেন উঠে যাচ্ছে, ডানলপ কেন খুলছে না। এই ব্যাপারে প্রধানমন্ত্রী কি কোন উপদেশ দিয়ে যাবেন। স্যার আজকে ওরা নিজেদের যোগ্যতায় এখানে আসেননি, প্রধানমন্ত্রী ওদের নেত্রীকে মন্ত্রী করবেন বলে আশ্বাস দেওয়ায় ওরা আজকে এখানে এসেছেন। ওদের কোন মানসম্মান নেই, সমস্ত কিছু ওরা বিসর্জন দিয়েছে। তাই পঞ্চায়েত নির্বাচনে জনগণ ওদের প্রত্যাখ্যান করেছেন এবং এটা স্পষ্ট আগামী দিনেও করবেন। আজকে আইন-শৃঙ্খলার ব্যাপারে ওদের কোন বক্তব্যই থাকতে পারে না।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

মি: স্পীকার : মি: তপন হোড়, ওনারা বলছেন আপনারা যতই ওদের প্রভোক করুন না কেন, ওনারা প্রোভোকড্ হবেন না।

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, আমি আপনার অনুমতি নিয়ে একটা গল্প এখানে বলছি। স্যার, এই তপন হোড়ের অবস্থা দেখে আমার একটা গল্প মনে পড়ে গেল। একটা জায়গায় এক দম্পতি থাকত এবং স্ত্রী সব সময় স্বামীর দ্বারা নেগলেকটেড হত। হঠাৎ একদিন স্ত্রীর অসুখ করল। তখন স্বামী সেই অসুস্থ স্ত্রীর খুব যত্ন করছেন।

[12.10–12.20 p.m]

স্বামী যত্ন করছে দেখে স্ত্রী অবাক হয়ে বলল—তুমি আমাকে এত ভালোবাসো। স্বামী বলল—এত ভালোবাসি। স্ত্রী বলল—তুমি আমাকে এত ভালোবাস যে আমার পাশে বসে আছ? স্বামী বলল— হ্যাঁ। তুমি ছাড়া আমি বাঁচব না। তার পরদিন আরও জ্বর হয়েছে। স্বামী অফিস কামাই করল। স্ত্রী বলল—তুমি আমাকে এত ভালোবাস যে আমার জন্য অফিস কামাই করলে। তাহলে আমি মারা গেলে তুমি তো আর বিয়ে করবে না? স্বামীটি বলল — না, বিয়ে করব না। কিন্তু তুমি মারা গেলে আমি পাগল হয়ে যাব, আর পাগল হয়ে গেলে সবই করতে পারে। —তা তপন হোড়কে দেখে আমার তাই-ই মনে হয়েছে, পাগল হয়ে যাবে আর পাগল হয়ে গেলে সবই করতে পারে।

মি. স্পীকার : মি. মুখার্জী, তপন হোড় বলছেন, আপনি এখনও মরেননি, মরে গেলে পাগল হয়ে যাবে।

শ্রী নেপাল মাহাত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পুরুলিয়াতে এই বিদ্যুৎ বিভাগে আমরা বিধায়ক এলাকা উন্নয়নের টাকা দিয়ে বিভিন্ন গ্রামে ইলেকট্রিফিকেশনের জন্য রেকামেন্ড করছি। সেই জায়গায় দেখা যাচ্ছে যে, ঠিকাদাররা এস্টিমেট করছে এবং হুবহু সেই এস্টিমেটের উপর দপ্তরের ইঞ্জিনিয়াররা সই করছেন। এক একটা এস্টিমেট করতে দেড় থেকে দুই বছর সময় লেগে যাচ্ছে। যেখানে ২০টি পোল দরকার, ঠিকাদাররা সেখানে ৩০টি পোল করছে সেই এস্টিমেটের উপরই ইঞ্জিনিয়ার সই করে দিচ্ছে। আমরা যে টাকা দিচ্ছি আপনার ডিপার্টমেন্টে, তারাই সেই এস্টিমেট করুক। বর্তমানে যা চলছে তাতে খুব অসুবিধা হচ্ছে। এই গুরুত্বপূর্ণ বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রী মহাশয় দৃষ্টি দেবেন এই অনুরোধ করছি।

শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, নদীয়া জেলায় বেতাই ১ নং গ্রাম পঞ্চায়েতে নতুন প্রধান হয়েছে। প্রধান হয়েই চারটি গাছ বিক্রি করেছে খাস জমির। তাকে অ্যারেস্ট করা হয়েছে। শুধু তাই নয়, করিমপুর পঞ্চায়েত সমিতির প্রাক্তন কর্মাধ্যক্ষ বহু গাছ বিক্রি করেছে। এরা সন্ত্রাসের কথা বলছে, আবার প্রধান হচ্ছে, সভাপতি হচ্ছে আর

সব বাগিয়ে নিচ্ছে। আপনার মাধ্যমে মাননীয় সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীকে বলব, এইগুলোর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভায় যাঁরা আছেন তাদের দৃষ্টি আকর্ষণ করছি। প্রকৃতপক্ষে সমস্ত সদস্যদেরই এই বিষয়টা নিয়ে ভাবা উচিত। সম্প্রতি আমরা জানতে পারলাম যে, মেডিক্যাল স্টুডেন্টস যারা ভর্তি হবে, তারা তো যোগ্যতা অনুসারেই ভর্তি হবে, জয়েন্ট এন্ট্রান্স পাশ করেই ভালো ভালো কলেজে ভর্তি হবে, কিন্তু সেই ভালো ছাত্রদের সঙ্গে বিশাল অঙ্কের টাকা জমা দিয়ে খারাপ ছেলেরাও ভর্তি হতে পারবে। টাকা একটা মিডিয়াম এক্ষেত্রে হতে পারে না। যেখানে ভালো ছেলেরা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে মেডিক্যাল কলেজ, এন. আর. এস. ন্যাশনাল মেডিক্যাল কলেজ, বর্ধমান, বাঁকুড়াতে ভর্তি হচ্ছে সেখানে টাকার বিনিময়ে একটা কম্পার্টমেন্টাল পাওয়া ছেলে যদি ভর্তি হয়, তাহলে এডুকেশন সিস্টেমটারই সর্বনাশ হবে। অন্য ক্ষেত্রে এতটা অসুবিধা নেই। যেমন ইঞ্জিনিয়ারিংয়ে গাদা গাদা টাকা দিয়ে প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি হোক, ব্যাঙ্গালোরে চলে যাক। কিন্তু ক্যালকাটা মেডিক্যাল কলেজ, ন্যাশনাল মেডিক্যাল কলেজ, এন. আর. এস-এর মত জায়গায় যারা পড়ছে, তারা যদি দেখে কোন থার্ড ডিভিসন পাওয়া ছেলে, কম্পার্টমেন্টাল পাওয়া ছেলে ১৮ লক্ষ ২০ লক্ষ টাকা দিয়ে পড়ার সুযোগ পাচ্ছে, তাহলে ওই সব ভালো ছেলেরা হীণম্মন্যতায় ভুগবে এবং সাধারণ ভাবে এডুকেশন সিস্টেমটাকেও এ্যাজ সাচ্ খারাপ ভাবে নেবে পাবলিক। এছাড়া স্যেশ্যাল এ্যাসপেকটের দিকেও লক্ষ্য দিয়ে এডুকেশন সিস্টেম তৈরী হওয়া উচিত। অবিলম্বে এইভাবে টাকা দিয়ে মেডিক্যালে ছাত্র ভর্তি হওয়া বন্ধ হোক, এই দাবী জানাচ্ছি।

শ্রী প্রত্যুষ মুখার্জী : মাননীয় সদস্য মেডিক্যাল কলেজে ভর্তির বিষয়ে যে প্রশ্ন উথাপন করেছেন, আমার মনে হয় সবটা তার জেনে বলা দরকার ছিল। ব্যাপারটা হচ্ছে যেদিন এখানে আমাদের বাজেট বক্তৃতা হয়, সেদিন আমরা বলেছি যে, আমাদের নতুন করে কিছু মেডিক্যাল কলেজ হচ্ছে তাতে নতুন কিছু সিট হবে এবং একটা নির্দিষ্ট পার্সেন্টেজএ যারা জয়েন্ট এন্ট্রান্সে বসেন নি বা জয়েন্ট এন্ট্রাসের মধ্য দিয়ে আসেন নি এই রকম ছাত্রদের অ্যাডমিশান করতে পারব। তার মানে কমপার্টমেন্টাল নয়। কমপার্টমেন্টাল কোন ছাত্রের কথা কিন্তু বলা হয়নি। হায়ার সেকেন্ডারীতে মিনিমাম ৫০ পারসেন্ট মার্কস থাকতে হবে। আপনারা এখানে যে কথা বলছেন, তাতে আমার আপত্তি আছে। নির্দিষ্ট ছাত্রছাত্রীদের পরীক্ষা নেওয়া হবে এবং তাদের নির্দিষ্ট টাকা নিয়ে ভর্তির ব্যবস্থা নির্দিষ্ট পদ্ধতি মাফিকই হবে। তবে যে কোন ছেলে ভর্তি হতে পারবে, এ রকম ঘটনা নয়। কাজেই আপনাদের আশংকা করার কোন কারণ নেই যে যা তা ছেলে মেয়েরা ভর্তি হতে পারবে। যে সব ছাত্র লক্ষ লক্ষ টাকা খরচ করে ব্যাঙ্গালোরে পড়তে যাচ্ছে তারা যদি আমাদের এখানে পড়ে, তাহলে সেই টাকা এখানে একসচেকারে আসবে। এতে আমাদের পক্ষে ভালোই হবে। তাছাড়া পশ্চিমবঙ্গের সমস্ত মেডিক্যাল কলেজে যে ১০৫টি আসন আছে, সেটাকে কোনভাবে খর্ব না করে সেখানে জয়েন্ট এন্ট্রান্সের ছাড়াই ভর্তি হতে পারবে। এই বিষয়টা আমাদের সরকারের পক্ষ থেকে হাউসে নির্দিষ্টভাবে বলা হয়েছে।

(At this stage the House was adjourned till 1.30 p.m)

[1.30–1.40 p.m]

(After Recess)

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

DEMAND No. 43

Mr. Speaker : There are 62 cut motions on Demand No. 43. All the cut motions are in order and taken and moved.

Shri Kamal Mukherjee
Shri Kashinath Mishra

} Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

Shri Jyoti Priya Mallick &
Shri Ashok Kumar Deb
Shri Jyoti Priya Mallick
Shri Kamal Mukherjee
Shri Kashinath Mishra
Shri Pankaj Banerjee
Shri Saugata Roy
Shri Subrata Mukherjee
Shri Kallol Khan
Shri Deba Pradad Sarkar
Shri Pundarikakshya Saha
Dr. Asish Banerjee
Shri Dilip Mondal
Shri Ashoke Mukherjee
Shri Tarak Bandyopadhyay
Shri Kalipada Mandal
Shri Manturam Pakhira

Sir, I beg to move that the amount of theDemand be reducedby Rs. 100/-

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় বিদ্যুত মন্ত্রী শ্রী মৃণাল ব্যানার্জী ২০০৩-০৪ এর ৪৩ নম্বর দাবিতে যে ব্যয় বৃদ্ধির অনুমোদন চেয়েছেন আমাদের তরফ থেকে তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশন দেওয়া হয়েছে তাকে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন যে গতবার বিদ্যুতে মন্ত্রী যে বাজেট পেশ করেছিলেন তাতে অনুমোদন চেয়েছিলেন ১ হাজার ৩৪২ কোটি ৪৭ লক্ষ ৭৬ হাজার টাকা, আর এই বছর তিনি ব্যয়বরাদ্দ যে পেশ করেছেন দু হাজার ২৩১ কোটি ২০ লক্ষ ৫০ হাজার টাকা। অর্থাৎ প্রায় ১ হাজার কোটি টাকা এই বছর মাননীয় মন্ত্রী

আমাদের কাছে চেয়েছেন। কিন্তু বিদ্যুতের বিষয়ে যাওয়ার আগে আমি বলতে চাই যে পশ্চিমবাংলায় সি. পি. এম এবং পশ্চিমবঙ্গ সরকার যে ব্যাপক সন্ত্রাস সৃষ্টি করেছে, আমরা তার প্রতিবাদে তৃণমূল কংগ্রেসের তরফে ১৫ মে থেকে গতকাল পর্যন্ত বিধানসভা অধিবেশন বয়কট করেছিলাম। এর আগে আমরা বিধানসভার ভেতরে পশ্চিমবাংলার অবস্থা, পশ্চিমবাংলার সর্বক্ষেত্রে পিছিয়ে যাওয়া, আইনশৃঙ্খলার অবনতি, মানুষের গণতান্ত্রিক অধিকার কেড়ে নেওয়া, মানুষের সাংবিধানিক অধিকার প্রয়োগে বাধা দেওয়া এই সমস্ত বিষয়ে আমরা বলে এসেছি। আমরা লক্ষ করেছি পশ্চিমবঙ্গ সরকার মানুষের দৈন্যদশা দূর করার জন্য কোন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে না। আজকে পশ্চিমবাংলায় সন্ত্রাসের যে বাতাবরণ সৃষ্টি করেছেন তা দূর করার জন্য কোন পদক্ষেপ নেন নি। তাই আমরা বিধানসভার বাইরে থেকে প্রতিবাদ করেছি। কোন কথা না বলে অনেক কথা বলা যায়, তাই আমরা বিধানসভা বয়কট করে, আমরা পশ্চিমবাংলার মানুষের আক্রান্ত হওয়ার কথা, সন্ত্রাসের কথা, পশ্চিমবাংলার গ্রামে গ্রামান্তরে, গোটা ভারতবর্ষের নজরে এনেছি। নজরে আনার পরে যখন প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ী যখন কলকাতায় এলেন তখন, তিনি আমাদের অভিযোগ শুনে বললেন যে অত্যন্ত ন্যায্য এবং সঙ্গত, আজকে পশ্চিমবাংলায় যে ব্যাপক সন্ত্রাস হয়েছে তা তাতে গণতান্ত্রিক ব্যবস্থা পর্যুদস্ত হয়েছে। গোটা ভারতবর্ষের মানুষ জেনেছে। এবার আপনারা যে কটা দিন বিধানসভার অধিবেশন চলছে সেখানে আপনাদের প্রতিবাদ লিপিবদ্ধ করুন সংসদীয় পদ্ধতিতে এই সরকারের বিরোধিতা করুন। তাই, মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় মন্ত্রী যে ব্যয়বরাদ্দ অনুমোদন চেয়েছেন আমি তার বিরোধিতা করছি। যে কথা বলছিলাম, এক বছর আগে আপনি যে অর্থ চেয়েছিলেন তার থেকে এক হাজার কোটি টাকা আপনি বেশি চেয়েছেন। এই টাকা নিয়ে আপনি কি করবেন সেকথা এখানে বলা নেই।

মন্ত্রী যখন বাজেট ভাষণ দেন তখন গত বছর কি বলেছেন সেটা তাঁরা বেমালুম ভুলে যান। এ বছর কোন রকমে একটা বাজেট বিবৃতি দিয়ে দায় সারা করেন। গত বছরে মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার ৩.৪ নম্বর অনুচ্ছেদে বলেছেন two new units (425), each of 210 Mw capacity would be set up at Bakreswar. The Government of India has already been moved to secure finanancial assistance from SBIC in implementing the project.

কিন্তু এ বছরে আমরা তার বাজেট বিবৃতিতে দেখলাম যে, ৪, ৫ ইউনিট সম্পর্কে কোন কথা তিনি বলেন নি। আপনি ৩.৫ অনুচ্ছেদে বলেছেন we are also examining a primafacie feasibility proposal of setting up one new 250 MW unit at santaldih.

তার কি অবস্থা হলো, কতটা এগলো, কতটা কাজ হলো, না যদি হয় তাহলে কেন হলো না, কবে এটা হবে, কবে পাওয়ার গ্রিডে দিতে পারবেন? তার পরে ৩.৬ অনুচ্ছেদে বলেছেন A new thermal power plant with first phase capacity of 2x 250 MW, second phase of 2 × 250MW and third phase of 2 × 500 MW capacity is proposed to be set up at Sagardighi.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০০২-০৩ সালে এ সম্পর্কে কতটা কি ছিল তার কিছু বলেন নি উনি। আরো মজার কথা হলো Two more units of 9MW and 4MW will be added to stage - I and stage II respectively of Haldhaka HEPS. The existing units at both the stages will undergo renovation, modernization and life upgradation works with APDP and PPC funding. সে সম্পর্কে কি করলেন, কতটা হলো সে সম্পর্কে কোন বক্তব্য নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বছর বাজেটে মাননীয় বিদ্যুৎমন্ত্রী বলেছিলেন ৯.৩ অনুচ্ছেদে During the year 2002 - 03 WBSEB, WBREDC and WBREDA will work towords implementation of the following programme.

মাননীয় বিদ্যুৎমন্ত্রী আপনি আমাকে বলুন ইলেকট্রিফিকেশান অফ ভার্জিন মৌজা কতটা করবেন? আপনি বিবৃতিতে বলেছেন ১১৫৫ টি করবেন ২০০২-০৩ সালে, এবারের বাজেটে বলেছেন ৪৩৫টি। ইনটেনসিফিকেশানের টার্গেট দিয়েছিলেন ৩৮০০টি, কতটা করেছেন? করেছেন ১৬৩৭টি। রিভাইটাইলাইজেশান কতটা করবেন বলেছিলেন? ৮০০। করেছেন ৮১। পাম্প সেট এনার্জাইজেশান কতটা করবেন বলেছিলেন। ৫০০০। করেছেন ২৫৭। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কাজের জন্য তিনি আরও টাকা বাড়াতে বলছেন। রাজ্যসরকার নিজে যে টার্গেট করেছেন সেই টার্গেটের ১০ পারসেন্ট কোথাও পৌঁছেছেন, কোথাও ৩০ পারসেন্ট পৌঁছেছেন। ৯০ পারসেন্টে পৌঁছতে পারেন নি, ৭০ পারসেন্টও এগজিকিউশান, ইমপ্লিমেন্টেশান করতে পারেন নি। অর্থাৎ মাননীয় মন্ত্রী ১ হাজার কোটি টাকা বরাদ্দ বাড়িয়ে বললেন, আমরা পশ্চিমবাংলায় আলোয় আলোয় ভরিয়ে দেব, তোমরা আমাকে টাকা দিয়ে ভরিয়ে দাও। একটা ক্ষেত্র যদি দেখি, গোটা ভারতবর্ষের তুলনায় গ্রামীণ বৈদ্যুতিকরণের আমরা কোথায় আছি। উত্তরপ্রদেশ ১০০ পারসেন্ট করেছে, মধ্যপ্রদেশ ৯৭ পারসেন্ট করেছে, অন্ধ্রপ্রদেশ ১০০ পারসেন্ট করেছে, কর্ণাটক ১০০ পারসেন্ট করেছে, গোয়া ১০০ পারসেন্ট করেছে, মহারাষ্ট্র ৯৮ পারসেন্ট করেছে, সিকিম ১০০ পারসেন্ট করেছে, আসাম ৯২ পারসেন্ট করেছে, পশ্চিমবঙ্গ ৬৭ পারসেন্ট করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বলুন এই ভারতবর্ষের মধ্যে প্রত্যেকটি প্রদেশ যেখানে ন্যূনতম প্রত্যেকটি গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিতে পারছে, সেখানে বড় প্রদেশ যেমন মহারাষ্ট্র আছে আবার উত্তরপ্রদেশ আছে তেমনি ছোট প্রদেশ সিকিমের প্রতিটি গ্রাম আলোকিত হয়েছে সেখানে পশ্চিমবঙ্গের কলকাতা থেকে ২০ কিমি যে কোন দিকে যান দেখবেন গ্রামটি বিদ্যুতহীন।

[1.40–1.50 p.m]

তারপর যে বিদ্যুৎ দিচ্ছে তা এই আছে এই নেই। কখন আসে তা জানা যায় না, কখন যায় তাও বোঝা যায় না, কখন ফিরবে তাও বোঝা যায় না, ব্যর্থতা এক্ষেত্রে আকাশচুম্বী।

মহারাষ্ট্র সরকার বলল তারা ৯০ হাজার পাম্পসেটে এনারজাইজ করবে। দিয়েছে কত? এক লক্ষ। দেখুন টার্গেট ছিল ৯০ হাজার কিন্তু দিল ১ লক্ষ। পাঞ্জাবে টার্গেট ছিল ৮০ হাজার দিয়েছে ৯১ হাজার, মহারাষ্ট্রে টার্গেট ছিল ৯০ হাজার দিয়েছে ১ লক্ষ, অন্ধ্রে টার্গেট ছিল

৭৫ হাজার দিয়েছে ৭৫ হাজার। আর আমাদের পশ্চিমবঙ্গে টার্গেট ছিল কত? টার্গেট ছিল ৫ হাজার পাম্পে কানেকশন দেওয়া হবে। যেখানে ভারতের অন্যান্য রাজ্যে ৮০ হাজার, ৯০ হাজার, ১ লাখ পাম্পসেটে কানেকশন দেওয়া হচ্ছে সেখানে আমাদের পশ্চিমবঙ্গ সরকার ৫ হাজার কানেকশন দেওয়ার কথা বলে ভেবেছিল কল্পলোকের স্বপ্ন দেখাচ্ছি, ৫ হাজার পাম্পসেট এনারজাইজ করব। কিন্তু করেছেন ২৫৭। এর পরেও যদি মাননীয় মন্ত্রী আশা করেন আমরা এখানে বসে সুবোধ বালকের মত সবুজ বোতাম টিপে এই সরকারের অবিমৃশ্যকারিতা, ব্যর্থতা, হঠকারিতা, বাজেটে ধোঁকা দেওয়া, হাউজে বলবেন এক করবেন আর এবং যা করবেন তা বলবেন না এবং প্রতি বছর বাজেটের খতিয়ান বাড়িয়ে যাবেন, ব্যর্থতা বেড়ে যাবে আর আমরা বোতাম টিপে আপনাদের সমর্থন করে যাব— এটা হতে পারে না, হতে দেওয়া যায় না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সাম্প্রতিককালে সি.ই.এস.সি. আমি এস.ই.বি.-র কথা বলছি না, একটা সরকারী প্রতিষ্ঠান, যদি লোকসানে না চলে, লাভ করতে পারে আমার বলার কিছু নেই। কিন্তু আজকে ব্যর্থতা এমন জায়গায় পৌঁছেছে যে মানুষ বিদ্যুৎ পাচ্ছে না। আজকে বিদ্যুতের ট্যারিফ লাফিয়ে লাফিয়ে বেড়ে যাচ্ছে। সি.ই.এস.সি. - কে বলে দেওয়া হয়েছে তুমি অ্যাডভান্স হিসাবে হাজার হাজার টাকা নাও। কার থেকে কত নিচ্ছে, কোন প্রোডাক্ট বেসিস নেই। কাউকে ৫ হাজার, কাউকে ৫০ হাজার দিতে বলছে। ৪-টে স্ল্যাবে, ৪-টে কোয়ার্টারে ভাগ করে, কখনও বা ১২ মাসে ১২টা স্ল্যাবে ভাগ করে বিল পাঠাচ্ছেন। গ্রাহকদের সঙ্গে কোন কথা নেই, কোন আপত্তি নেই, কোন শুনানি নেই, কোন বিচার নেই, কোন আলোচনা নেই, সালতামামি নেই আগে টাকা জমা দাও। চিঠি চাপাটি কর, পরে দেখা যাবে কি হবে। কাউকে রেহাই দেওয়া হচ্ছে না। আমাকে ১২০ টাকা ধার্য করেছে জমা দিতে হবে। কিন্তু বেসিসটা কি? হোয়াট ইজ দি বেসিস? হাউ দে কাম টু দি কনক্লুসান দ্যাট আই হ্যাভ টু পে রুপিস ১২০? তার কোন হিসাব নেই, দায়বদ্ধতা নেই, আজকে লুঠ করতে দেওয়া হয়েছে এবং যাকে লুঠ করতে দেওয়া হয়েছে কি অবস্থা একটু দেখুন। সি.ই.এস.সি.-র ১,০২৫ কোটি টাকা এখনও দেনা রাজ্য সরকারের কাছে। সি.ই.এস.সি বিদ্যুৎ উৎপাদন করে না এস.ই.বি. -র কাছ থেকে কিনে সরবরাহ করে। তাতেও তাদের লোকসান হচ্ছে। কিন্তু তাও সি.ই.এস.সি-কে বিদ্যুৎ দিতে হচ্ছে টাকা না দিলেও। তারা দাম দিচ্ছে না কিন্তু কিছুই করা হচ্ছে না কারণ তার মালিক সরকারের নতুন বন্ধু হয়েছে। তিনি রাইটার্স বিল্ডিঙের করিডোরে প্রতি ২ মাস পর পর যাবে মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করবেন আর বাইরে বেরিয়ে এসে টি.ভি.-কে বলবেন পশ্চিমবঙ্গ সরকার দারুণ ভালো কাজ করছে। এই ভাবে এ ওর পিঠ চুলকোচ্ছে। কিন্তু সি.ই.এস.সি সরকারের দেনা শোধ করছে না অথচ দেখা যাচ্ছে সরকার তার মাথার লোককে নিয়ে, মুখ্যমন্ত্রী মহাশয় আজকে বিদেশ সফর করে এলেন। মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন, আমি শিল্প আনতে যাচ্ছি। মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন, আমি 'গুচি' তে যাচ্ছি যাতে লেদার টেকনোলজি আনতে পারি। কিন্তু তিনি লেদার মন্ত্রীকে নিয়ে গেলেন না সি.ই.এস.সি.-র মালিককে নিয়ে গেলেন। তার কারণ, দে আর মেড ফর ইচ আদার, একে অন্যের দিকে তাকিয়ে থাকেন, একে অন্যের সুমধুর গান শুনছেন আর পিঠ চুলকে তারিফ করছেন। আর কোলকাতার কনজিউমাররা তারা কোটি কোটি টাকা গুণাগার দিচ্ছেন। সরকারের সে ব্যাপারে কোন নজর

নেই। সরকারের সে ব্যাপারে কোন তাগিদ নেই। আমি সেদিন গিয়েছিলাম ডব্লু.বি.এস.ই.বি. এর চেয়ারম্যানের কাছে। গ্রামীণ বৈদ্যুতিকিকরণ হচ্ছে না— বছরের পর বছর বিদ্যুতের খুঁটি লাগিয়ে রেখেছে। আমি গিয়েছিলাম জানতে যে, গ্রামীণ বৈদ্যুতিকিকরণের কতটা কাজ করছেন মিঃ মিত্র। এই জায়গায় তো কোন কাজ গত ১০ বছর ধরে হয় নি। উনি বলেছিলেন কি করবো, এম.পি. ল্যাড আর বিধায়ক এলাকা উন্নয়ন ফান্ড ছাড়া এক নয়া পয়সা আমার নেই, যেখানে আমি বৈদ্যুতিকিকরণ করতে পারি, যেখানটাতে আমি ক্যাপিটাল একস্‌পেন্ডিচারে যেতে পারি'। অথচ এম.পি. ল্যাডের কোটি কোটি টাকা পড়ে আছে। বি.এ.ইউ.পি. এর বিধায়ক এলাকা উন্নয়ন প্রজেক্টের কোটি কোটি টাকা পড়ে আছে একেকটায় জেলায়। আপনাদের কোন ইনফ্রাস্ট্রাচার নেই, দলের একজনকে চেয়ারম্যান করে বসিয়ে রেখেছেন। গ্রামীন বৈদ্যুতিকিকরণের নাম করে দলের একজন পরাজিত বিধায়ক তাঁকে চেয়ারম্যান করে বসিয়ে রেখেছেন। তাঁর কোন কাজ নেই। তাঁর কাজ পার্টিবাজি করা, আর তাঁর কাজ প্রশাসনকে দলের দিকে ঘুরিয়ে নিয়ে যাওয়া। আর তার ফলে আজকে চেয়ারম্যান অফ দি ডব্লু.বি.এস.এ.বি. এর তিনি বলেছেন, 'আমার কোন টাকা নেই'। তাহলে কেন দপ্তর খুলে বসে আছেন? আপনি বিদ্যুৎ জেনারেট করবেন, আপনি গ্রাহকদের পকেট কেটে নেবেন, আপনি সি.ই.এস.সি-এর মালিককে উপঢৌকন দেবেন, সি.ই.এস.সি.-এর মালিককে সেবা করবেন, আর গ্রামীণ বৈদ্যুতিকিকরণের কথা বললে আপনি বলবেন ক্যাপিটাল একস্‌পেন্ডিচারের কোন টাকা আমার কাছে নেই। অথচ যে টাকা এম.পি. রা দিয়েছেন এলাকা উন্নয়নের জন্য, গ্রামীণ এলাকা উন্নয়নের জন্য এবং বিধায়করাও এলাকা উন্নয়নের জন্য টাকা দিয়েছেন—আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন, আপনি নিজেও ভুক্তভোগী— এটা ২০০৩-২০০৪ আর্থিক বছর চলছে - ২০০২ এ ২৫ লক্ষ টাকা বিধায়কদের দেয় যে টাকা দেওয়ার কথা, সেই টাকা মাননীয় অর্থমন্ত্রী, মাননীয় উন্নয়ন মন্ত্রী এখনও দিতে পারেন নি। এখন ২০০৩-২০০৪ আর্থিক বছর চলছে—ওই ২৫ লক্ষ টাকার এক নয়া পয়সাও কোন বিধায়ক এখনও পান নি। এই টাকা থেকে তারা প্রধান প্রায়োরিটি সেক্টর নিয়েছিল গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার জন্য। কিন্তু আপনার অপদার্থতা, আপনার দপ্তরের ব্যর্থতা, আপনার উদাসীনতা এবং আপনার অকর্মণ্যতার ফলে আজকে কোটি কোটি টাকা, এম.পি. ফান্ডের টাকা, বিধায়ক এলাকা উন্নয়নের টাকা পড়ে আছে। অথচ আপনি সেখানে গ্রামে বিদ্যুৎ নিয়ে যেতে পারছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয় আরও অনেক কথা বলার ছিল, কিন্তু সময় কম। আমি শুধু আপনাকে আরেকটা কথা বলে শেষ করবো যে, যেটা আপনি বাজেটে বলবেন, মাননীয় অধ্যক্ষ মহাশয় দ্যাট ইজ দি কমিটমেন্ট টু দি পিপল্। এই হাউসের মাধ্যমে আপনি পশ্চিমবাংলার মানুষকে কমিটমেন্ট দিচ্ছেন। আর সেই কমিটমেন্ট দিনের পর দিন প্রয়োগ করছেন। আজকে গতবারের বাজেটে আপনি যে যে পরিকল্পনার কথা বলেছিলেন এই বাজেটে তার একটা কথাও নেই কেন? আপনি যা টার্গেট করেছিলেন তার ১০ পারসেন্টের বেশি আপনি পৌঁছাতে পারেন নি কেন? কেন সি.ই.এস.সি. কে লুট করবার অবাধ ক্ষমতা দিয়েছেন? কেন আপনার বাজেট বরাদ্দ আমরা সমর্থন করবো? এই কথা বলে আমাদের সমস্ত কাটমোশানগুলোকে সমর্থন করে এবং আবার একবার এই জনবিরোধী বাজেটের তীব্র বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিখিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয় ডিমান্ড নম্বর ৪৩ তে যে বাজেট অর্থ বরাদ্দের প্রস্তাব করা হয়েছে তাকে সমর্থন করছি। রাজ্যসরকারগুলির সীমাহীন আর্থিক সংকটের মধ্যেও আমাদের রাজ্যসরকার যে বাজেট বরাদ্দ রেখেছেন তা অভিনন্দনযোগ্য। এই ইতিবাচক মানসিকতারই প্রতিফলন। গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে, শিল্পের বর্ধিত চাহিদা পূরণ করবার লক্ষ্যে এবং উন্নত সমাজ জীবন গড়ে তোলার জন্য বিদ্যুৎ বরাদ্দকে এখানে উপস্থাপনা করা হয়েছে। এখন বিদ্যুৎ একটা কমিউনিটি ডিমান্ড, তাকে পূরণ করবার জন্য পশ্চিমবঙ্গে কর্মযজ্ঞ চলছে। মুশকিল হচ্ছে একজন বিকাশ পুরুষ এসে এখানে মিথ্যা তথ্য দিয়ে পশ্চিমবঙ্গের মানুষকে বিভ্রান্ত করবার চেষ্টা করলেন। আর তার দ্বারা বিভ্রান্ত হয়ে অথবা তাঁর এনার্জি দেওয়া টনিকে চার্জড হয়ে আমাদের বন্ধুরা একটা মনে ভরসা পেলেন, আশ্বাস পেলেন। যদি বিকাশ পুরুষ বেশ স্মার্টলি চলতে পারেন, ওঁরা থপ্ থপ্ করে হাঁটতে পারেন, তাই ভাল করে হাঁটতে না পারলে ওঁরা হাঁটতে পারবে না। এরকম প্যারাসাইটস্ দিয়ে আর যাই হোক সমাজের কল্যাণকর কিছু হতে পারে না। আমাদের এখানে ওঁরা থাকতে পারছেন না "যাকে দেখতে নারি, তার চলন বাঁকা"। মুর্শিদাবাদের সাগরদিঘিতে মেগা বিদ্যুৎ প্রকল্প হচ্ছে — ২০০০ মেগাওয়াটের — এর কাজ শুরু হয়েছে।

[1.50–2.00 p.m]

পুরুলিয়ার বাঘমুণ্ডীতে ৯শত মেগাওয়াট জল বিদ্যুৎ প্রকল্পের কাজ চলছে। ওরা দেখতে পান না এবং ৮শত কোটি টাকার সংবহন প্রকল্পের কাজ এটা রাজ্যসরকার চালিয়ে যাচ্ছেন। আমি ওদের জিজ্ঞাসা করি ভারতবর্ষে আর কোন রাজ্য আছে, যেখানে এতোগুলি উন্নয়ন প্রকল্পের কাজ একসাথে সরকারী উদ্যোগে হচ্ছে, এইরকম কোন রাজ্যের নমুনা কি ওরা দিতে পারবেন একসাথে প্রজেক্ট এবং এতোগুলি সংবহন প্রকল্পের কাজ হচ্ছে? কিন্তু আমি জানি না যে এইরকম কাজ কতদিন করতে পারা যাবে, কারণ যারা ওপারে থেকে এতো চিৎকার করছেন, তাদের আমি জিজ্ঞাসা করছি গত এপ্রিল মাসে লোকসভা এবং মে মাসে রাজ্যসরকার যে বিদ্যুৎ আইন পাস হয়ে গেল, ওরা ঊর্ধ্ববাহু তুলে, হাত তুলে সমর্থন করে এসেছেন, ওরা কি জানেন এর প্রতিক্রিয়া। এর ফলে উৎপাদন, পরিবহণ এবং বন্টনের ব্যবস্থা করা, মূল্য নির্ধারণ করা জনসাধারণের পরিষেবা দেওয়ার ক্ষেত্রে বিদ্যুতের দাম ঠিক করার যাবতীয় দায় ছিল আগে আমাদের রাজ্যসরকারের হাতে। এটা আগে যুগ্ম তালিকায় ছিল, এটা এখন তার মৃত্যু ঘন্টা বাজছে। এখন এই দায়িত্ব আর রাজ্যসরকারের হাতে থাকছে না এবং সমস্ত কিছুই যা বিদ্যুতের মাধ্যমে জনগণকে পরিষেবা দেওয়ার যে সুযোগ ছিল তা আজকে তুলে দেওয়া হয়েছে। সাড়ে ১২ লক্ষ কোটি টাকার সম্পদ, তা আজকে বেসরকারীকরণ করা হচ্ছে, জাতীয় সম্পদ সাড়ে ১২ লক্ষ কোটি টাকা আজকে ওদের হাতে তুলে দেওয়া হচ্ছে। ওইসব কোম্পানীগুলির উপর। প্রয়োজনে সংবহনের দায়িত্ব নিচ্ছে, তারা সরকারের কাছে ক্ষতিপূরণ দাবি করছে। আমেরিকান একটা কোম্পানী উড়িষ্যার ঝঞ্ঝাবিক্ষুব্ধ যে বিপর্যয় হয়েছিল তার পরবর্তীকালে এ.ই.এস বলে একটা কোম্পানী তারা ৩ শত কোটি টাকা ক্ষতিপূরণ দাবি করে। এইরকম ৭-৮টি ক্ষুদ্র কুটির শিল্পের কাজ, সেগুলি বন্ধ হয়ে যাবে, অনেক বিপর্যয় বাড়বে।

বিদ্যুৎ আইনের ফলে এগ্রিকালচারাল সেক্টরে কৃষিক্ষেত্রে বিদ্যুতের যে সহায়তা দেওয়া যেত সেটা আর দেওয়া যাবে না। আদিবাসী, ক্ষেতমজুরদের 'লোকদীপ' প্রকল্প মার খাবে, পরিষেবায় ভর্তুকি কি উঠে যাবে। ক্রস সাবসিডি যার মাধ্যমে রাজ্যসরকার এখনও বিধানসভায় আইনের একটা প্রটেকশান করার ব্যবস্থা করেছেন কিন্তু যে ইলেকট্রিসিটি রেগুলেটার কমিশন- তার মাধ্যমে যে বিদ্যুতের দাম ঠিক হবে, সেটাকে নিয়ন্ত্রণ করবে ওরা। পরিষেবায় ভর্তুকি উঠে গেলে এতোদিন যেটা ছিল গরীব মানুষ একটা বিদ্যুতের দাম পুঁজিপতি বা অপুঁজিপতি তারা একটু বেশি দিতেন বলে এই ব্যবস্থা তুলে দেওয়া হবে। এখন এটা লাগু হয়নি তবে ১ বছর পরে তো লাগু হবে। ওই আইনটা পাশ হওয়ার পরে, রাষ্ট্রপতির সই হয়ে গিয়েছে তখন অবস্থাটা আপনারা বুঝতে পারবেন যে আপনারা কি করেছেন। এটা শুধু পশ্চিমবাংলায় নয়, গোটা ভারতবর্ষের মানুষকে কি সর্বনাশের কিনারায় আপনারা দাঁড় করিয়ে দিয়েছেন। মার খাবে এই বিদ্যুৎ শিল্পকে কেন্দ্র যে বহু সহস্রাধিক এ্যানসিলিয়ারি ইন্ডাস্ট্রি আছে যা বাইরের দিকে চলে যাবে। ভারতবর্ষে আমাদের বিদ্যুতের যন্ত্রাংশ হয় এরা ক্রমে ক্রমে বৈদ্যুতিকরণের দায়িত্ব নেবে না। বলবে নিজের খরচে করতে হবে। যেগুলি অলাভজনক প্রতিষ্ঠান— স্কুল, কলেজ, হাসপাতাল এগুলি মার খাবে। চড়া মূল্যে বিদ্যুৎ এরা কোথা থেকে কিনতে পারবে? এইরকম একটা ভয়াবহ বিপজ্জনক অবস্থা সৃষ্টি হয়েছে। কৃষককে কোন সাপোর্ট দেওয়া যাবে না, সেচের জন্য এইরকম পরিস্থিতি আসবে। পশ্চিমবঙ্গের সরকার যে সংস্কারমূলক কর্মসূচি চালাচ্ছেন তারা বিদ্যুৎ উৎপাদন বন্টন সংবহন এবং গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য এই গ্রামীণ বিদ্যুৎকে বিকশিত করার জন্য এর আগে এত সংস্কার এর ব্যবস্থা করা হয়েছে যা আগে কেউ করেননি। গ্রামীণ বিদ্যুৎ লিকুইডেট করা হয়েছে। এখানে যে গ্রামীণ বিদ্যুতের কর্মসূচি চলছে তারা যে পরিসংখ্যান দেওয়া হয়েছে, আমি একটি উদাহরণ দিয়ে বলছি যে কংগ্রেস যখন সরকারে ছিল আমি যেখানে থেকে যে নির্বাচন কেন্দ্র থেকে জিতেছি তার একটি ব্লক পুরুলিয়া ২ নম্বর - এ ৩টি মৌজায় বৈদ্যুতিকরণ হয়েছিল এখন সমস্ত মৌজায় বৈদ্যুতিকরণ হয়েছে, তার মানে যে পশ্চিমবঙ্গে সর্বত্র হয়েছে, তা নয়, পুরুলিয়া জেলাতে অনেক জায়গাতে এখনও হয়নি, তা করতে হবে। তা প্রক্রিয়ার মধ্য দিয়ে চলছে। মেদিনীপুরে এইরকম অনেকগুলি জায়গাতে এখনও কাজ বাকি আছে, সেই কাজগুলি চলছে বলে বিদ্যুতের কাজও সেইভাবে সিরিয়াসলি দেখা দরকার। কিন্তু ওঁরা মনে করলেন সরকারী নিয়ন্ত্রণ ফিরিয়ে নেওয়া দরকার এবং সে জন্য প্রাইভেটাইজেশনকে ওঁরা সমর্থন করে এসেছেন। ওঁদের আমি বলব যে, আমাদের পশ্চিমবাংলার আয়তন ৮৮ হাজার স্কোয়ার কিলো মিটার। এখানে ৪৩ লক্ষ কন্‌জিউমার। গ্রাহক ঘনত্ব পার স্কোয়ার কিলোমিটার ৪৮। বিদ্যুতের কস্ট করলেন, গড় খরচ ২০০১-২০০২ সালের তথ্য অনুযায়ী ২ টাকা ৭০ পয়সা। আর সি.ই.এস.-এর ডেনসিটি অব কন্‌জিউমার ৩, ১৭০। গড় খরচ ৩ টাকা ৯০ পয়সা। এবার আমি বোম্বাই-এর কথা বলছি। কোস্ট এর গ্রাহক ঘনত্ব ৫, ২১০, গড় খরচ ৩ টাকা ৯৭ পয়সা। আমেদাবাদ ইলেক্ট্রিক কোম্পানির ডেনসিটি ২৯৬০, গড় খরচ ৩ টাকা ৭৭ পয়সা। খরচের পরিপ্রেক্ষিতে তফাতটা সহজেই বোঝা যায়। আমি পরে এফিসিয়েনসির ব্যাপারে আসছি। প্রোজেক্ট ইনস্টলেশন কস্ট সি. ই. এস. সি.-র ৫.২৪ কোটি টাকা পার মেগাওয়াট। আর আমাদের যক্রেশ্বরের ক্ষেত্রে সেটা হচ্ছে ৩.৪৬ কোটি টাকা পার মেগাওয়াট। এনরন যাকে নিয়ে কত

হৈ-চৈ, যে বিকাশ পুরুষ কালকে এসেছিলেন, তিনি ১৩ দিনের মধ্যে এনরনকে ঢুকিয়ে দিয়েছিলেন ১৬% প্রফিট গ্যারানটি দিয়ে। সেই এনরনের প্রজেক্ট ইনস্টলেশন কস্ট মোর দ্যান নাইন ক্রোরস ৯ কোটি টাকার কিছু বেশি পার মেগাওয়াট প্রজেকট কস্ট। আর এখানে সরকারী উদ্যোগে খরচ হয়েছে ৩ কোটি টাকার কিছু বেশি। কাজেই আজকে এগুলো ভাববার বিষয়। বলা হচ্ছে এগুলো লাভজনক হচ্ছে না, সাবসিডি তুলে নাও। ২৬ হাজার কোটি টাকা থেকে ৩৩ হাজার কোটি টাকা সাবসিডি দেওয়া হত। বিদ্যুৎ তো একটা মাদার সেক্টর। বিদ্যুৎ অনেক শিল্প তৈরি করে। সমাজে বহুমুখী অনেক শিল্প সম্পদ তৈরি করে যার মূল্য বহু হাজার কোটি টাকা। সাথে সাথে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে। এটাকে এখন কর্মার্শিয়ালাইজেশন করা হচ্ছে। সামাজিক দায়বদ্ধতা ভুলে যাওয়া হচ্ছে। দিল্লিতে মাত্র ১ কোটি পপুলেশন, সেখানে গত বছর ২৬০০ কোটি টাকা ভরতুকি দেয়া হয়েছে। সেটা কারা পেয়েছে? টাটা এবং রিলায়েন্স গ্রুপ, আম্বানীদের পাইয়ে দেওয়া হয়েছে। প্রকৃতপক্ষে ভরতুকি তুলে দেয়া হয়নি। সাধারণ মানুষ ভরতুকি পাচ্ছে না, পাচ্ছে বড় বড় পুঁজিপতিরা। ওঁরা আজকে জনগণকে ভুলে গিয়ে পুঁজিপতিদের সমর্থন করছেন। জনগণের পকেট কেটে টাটা আম্বানীর মত বড় বড় একচেটিয়া পুঁজিপতিদের পকেট ভর্তি করার ব্যবস্থা করা হয়েছে।

এখন আমি কতগুলি জিনিসের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে একটু নজর দিতে অনুরোধ করছি। আমাদের যে জল বিদ্যুৎ উৎপাদনের সুযোগ আছে তাকে একটু গুরুত্ব দেয়া দরকার। এখন পর্যন্ত উত্তর বাংলায় সার্ভে করে ২৫টি স্পট আইডেনটিফায়েড হয়েছে। কিন্তু সেখানে এখন পর্যন্ত শুধু মাত্র মংপুতে কাজ হচ্ছে। বাকি গুলো খতিয়ে দেখা দরকার। কারণ জল বিদ্যুৎ ইকো ফ্রেন্ডলি, এর দ্বারা কোন দুষণ হয় না। উৎপাদন খরচও কম। সুতরাং এই বিষয়টার ওপর বিশেষ গুরুত্ব দেয়ার প্রয়োজন আছে। পুরুলিয়া-সহ বিভিন্ন পাহাড়ী নদী সমন্বিত এলাকায় আরো সার্ভে করার প্রয়োজন আছে। কারণ ছোট ছোট জল বিদ্যুত কেন্দ্রগুলি আমাদের বিদ্যুত উৎপাদনের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করতে পারবে। রাম্মাম স্টেজ থ্রি'র বাসবী স্টীল বলে একজনকে দায়িত্ব দেয়া হয়েছিল। কয়েক বছর হয়ে গেল সেখানে কিছুই হচ্ছে না। যদি তারা ইন্সটলেশন করতে না পারে তাহলে উইথড্র করে নিন। দরকার হলে গ্রীন পাওয়ার অন্য কাউকে দিয়ে দেয়া যেতে পারে। সরকার নিজেও দায়িত্ব নিতে পারে।

এরপরে আমি তিস্তা ক্যানেল হাইড্যাল প্রজেক্টে আসছি। এর জেনারেশনের ক্যাপাসিটি ৭.৫ মেগা ওয়াট। এ দিয়ে ইরিগেশনে জল দেয়া সম্ভব হবে না। এখান থেকে ১৪০ কিউসেকসের বেশি জল সরবরাহ করতে পারবে না। প্রয়োজন ৩৩০ কিউসেক্স। এই তথ্যটা ডিসেম্বর ২০০১ সালের। আলোচনার মধ্যে দিয়ে সেখানে যেটা অ্যাসিয়োর্ড করা হয়েছে সেটার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আবার একটু হস্তক্ষেপ করতে অনুরোধ করব। এটা করতে পারলে ক্যাপাসিটি অব ইউটিলাইজেনশন বাড়বে। আর জেনারেশন লস্ যেখানে হচ্ছে সেখানে তা অ্যারেস্ট করে রাখার জন্য ৩০ কোটির টাকার প্রয়োজন। এই জেনারেশন লস-এর ব্যাপারটা দেখা দরকার বলে আমি মনে করি।

এরপর অচিরাচরিত ও পুনর্নবীকরণযোগ্য বিদ্যুৎ প্রসঙ্গে আমি বলব যে, এটা খুবই কম খরচের ইকো ফ্রেন্ডলি প্রকল্প। এতে দূষণ নেই। যেসব জায়গায় চিরাচরিত বিদ্যুৎ পৌঁছে দেওয়া সম্ভব হচ্ছে না, সেসব জায়গায় এবিষয়ে গুরুত্ব দেয়া দরকার।

সংবহন এবং বন্টনের তথ্যমন্ত্রী মহাশয়ের বাজেট বিবৃতির মধ্যেই দেয়া আছে এবং সাফল্যের খতিয়ানও দেওয়া আছে। আমি তার মধ্যে যাচ্ছি না। তবে আমাদের পুরুলিয়ার মত কিছু কিছু জেলায় কিছু নতুন শিল্প গড়ে উঠছে। পুরুলিয়ার স্পঞ্জ আয়রণ, আয়রণ স্ট্রিল ইনড্রাস্টিজ হচ্ছে। এই সমস্ত শিল্পে সঠিক বিদ্যুৎ পৌঁছে দেবার লক্ষ্যে সংবহন ব্যবস্থা স্ট্রেনন করা দরকার। যেসব জায়গায় শিল্প আছে সেসব জায়গার জন্য এই বিষয়টাকে গুরুত্ব দিয়ে ভাবার দরকার আছে যাতে ইন্‌টেক ঠিক থাকে। আমাদের সাঁওতালদি ঝাড়খণ্ড এরিয়ার নিকটবর্তী। সেখানে মাঝে মধ্যেই ডিসপুট হয়। এ এলাকাকে ঝাড়খণ্ডের মধ্যে নিয়ে যাবার জন্য এন. ডিএ জোট সম্মেলন করেছে। সেখানে এখন বাংলা ভাষার পর্যন্ত কোন সুযোগ নেই। মাঝে মাঝেই গোলমাল হচ্ছে। সেই নেটওয়ার্ক নিজের এলাকায় করার ব্যাপারে উদ্যোগ শিথিল করলে চলবে না। সিঙ্কির সার কারখানাকে সামনে রেখে যে অ্যাক্টিভেশন ছিল সেটা তো কোন কিছু হল না, সার কারখানা অসাড় হয়ে গেল, তারজন্য সাঁওতালডিহির ২৫০ মেগাওয়াটের ৫ নম্বর ইউনিটটি বাধাপ্রাপ্ত হচ্ছে। সুতরাং এ বিষয়ে গুরুত্ব দিয়ে চিন্তা করতে হবে। বিদ্যুৎ চুরি বন্ধ করার ব্যাপারে ৫০০ কোটি টাকা সাশ্রয় হচ্ছে ঠিকই, কিন্তু সেটা বড় কথা নয়, আরো সঠিক ভাবে করা দরকার, আরো গুরুত্ব দিয়ে করা দরকার তাহলে রেভেনিউ বাড়বে। বেঙ্গল এমটায় শ্রমিকরে কিছু অভিযোগ শোনা যায়, তাদের মিনিমাম ওয়েজ বেঙ্গল এমটা দিচ্ছে কিনা সে বিষয়ে গুরত্ব দিয়ে দেখার জন্য অনুরোধ করছি। গ্রামীণ বৈদ্যুতিকরণের উপর আরো অধিক গুরুত্ব দিতে হবে যাতে দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে আমরা আমাদের অ্যাচিভমেন্ট কমপ্লিট করতে পারি। আমাদের যে টার্গেট রয়েছে গ্রামের মানুষকে বিদ্যুৎ দেওয়া তাতে যতই বাধা আসুক না কেন সেই চ্যালেঞ্জ নিয়ে বিদ্যুদয়ন সম্পন্ন করতে হবে এবং তারজন্য সম্পূরক সিস্টেম ইমপ্রুভমেন্ট এবং সাপ্লাই সিস্টেমের উন্নতি করার যে বিষয়টি আছে সেই দিকে নজর দিতে হবে। ডিলিং- এর ব্যাপারে কিছু কিছু ক্ষেত্রে দুর্বলতা যেগুলি থাকছে সেগুলি দেখা দরকার। আর ম্যানিং এর ক্ষেত্রে বলবো, কম ম্যানিং অনেক সময় কাউন্টার প্রডাক্টিভ হয়ে যাচ্ছে। এ বিষয়ে আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ৪২০ সাপ্লাই স্টেশনে যদি ২ জন করে লোক দিই তাহলে ৫ কোটি টাকা খরচ হবে বছরে, কিন্তু রিটার্ন ৫০ কোটি টাকা বাড়তে পারে। ম্যান-পাওয়ার রিডাকশনেও কাউন্টার প্রডাক্টিভ হচ্ছে যাচ্ছে, দ্যাট্‌স অল। সর্বশেষে যে অর্থ বরাদ্দের প্রস্তাব করা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2.00–2.10 p.m]

শ্রী প্রমথনাথ রায় : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, ৪৩ নম্বর দাবী খাতে পশ্চিমবঙ্গের মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের মঞ্জুরি বিধানসভায় চেয়েছেন আমি তার বিরোধিতা করি এবং বিরোধীপক্ষের তরফ থেকে যে কাট মোশনগুলি এনেছেন তাকে সমর্থন করে খুব সংক্ষেপে

দু-চারটি কথা বলছি। বাজেট ভাষণের প্রথম পৃষ্ঠায় মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন, বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা সন্তোষজনক। অথচ আমার অভিজ্ঞতা থেকে দেখছি, আমাদের এলাকায় ঘন ঘন লোড-শেডিং। কখন লোডশেডিং হবে, কখন লাইন আসবে তার কোন নিশ্চয়তা নেই। কখন ৬ ঘণ্টা, কখনও ৮ ঘণ্টা, কখনও ১০ ঘণ্টার বেশি লোডশেডিং চলছে এবং ঘণ্টার পর ঘণ্টা লোডশেডিং চলছে। অথচ মন্ত্রীমহাশয় তাঁর বাজেট ভাষণে বলেছেন বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা সন্তোষজনক। তা ছাড়া লাইন ট্যাপ করা হচ্ছে, কোন কাজ ঠিকমত করা যাচ্ছে না। সুতরাং মাননীয় মন্ত্রীমহাশয় যা বললেন তার সঙ্গে বাস্তবে সঙ্গতিহীন। এরজন্য বিদ্যুৎখাতে যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করছি। একটু আগে বিরোধীপক্ষের মাননীয় সদস্য শ্রী পঙ্কজ ব্যানার্জী এবং সরকার পক্ষের মাননীয় সদস্য শ্রী নিখিল মুখার্জী যা বললেন গ্রামীণ বৈদ্যুতিকরণের ব্যাপারে এ বিষয়ে আমার অভিজ্ঞতায় অন্য রকমের কথা বলছে। একটা মৌজায় ৪টে পাড়া আছে, একটা পাড়ায় বিদ্যুৎ দিয়ে দেওয়া হল আর ৩টে পাড়ায় বিদ্যুৎ গেল না, অথচ সরকারের পক্ষ থেকে জানিয়ে দেওয়া হল, ওই মৌজায় ওই গ্রামে বিদ্যুদায়ন হয়ে গেছে। এমন গ্রামে বিদ্যুৎ দেওয়া হয়েছে জেলা-পরিষদের মাধ্যমে দলবাজি বলবো, না রাজনীতি বলবো- সেখানে ৩/৪টে বাড়ীতে বিদ্যুৎ দেওয়া হয়েছে। ফলে যে খরচ করে বিদ্যুৎ নিয়ে যাওয়া হল, দেখা যাচ্ছে সেই রেভেনিউ খরচের কোন শতাংশই আসছে না। জেলা-পরিষদের মাধমে এই রকমভাবে রাজনীতি করার ফলে গ্রামীণ বৈদ্যুতিকরণ ব্যবস্থাতে অনেক টাকা এইভাবে ভস্মে ঘি ঢালা হল। গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে আর একটি মজার ব্যাপার দেখছি, অনেক থেপ্ট লাইন আছে, পোলগুলি দাড়িয়ে আছে শুধু ১০/ ১৫ বছর আগেই লাইন চুরি হয়ে গেছে। তার পাশ দিয়ে আর একটা নতুন লাইন বিদ্যুতের জন্য নিয়ে যাওয়া হয়েছে অথচ পুরানো পোলগুলিকে কাজে লাগানো হচ্ছে না।

আমরা বারবার বলা সত্ত্বেও আমাদের কথায় কর্ণপাত করা হচ্ছে না। বিধায়ক হিসাবে এলাকা উন্নয়ন তহবিলের টাকা থেকে আমরা টাকা দিচ্ছি এবং তা দিয়ে গ্রামে বিদ্যুৎ নিয়ে যাবার চেষ্টা করছি কিন্তু এক/ দেড় বছর কেটে গেলেও সে ব্যবস্থা হচ্ছে না, গ্রামে বিদ্যুৎ নিয়ে যেতে পারছি না। অথচ বিদ্যুৎ পর্ষদকেও এটা করার দায়িত্ব সঠিকভাবে দেওয়া হচ্ছে না। আমরা সেখানে গিয়ে অভিযোগ জানাতে গেলে তারা বলছেন, আমরা কি করবো, এটা নিয়ে রাজনীতি হচ্ছে, আমাদের করার কিছু নেই। এবারে আমি রেভিনিউ কালেকশনের ব্যাপারে আসছি। আমরা দেখছি রেভিনিউ কালেকশন অত্যন্ত কম হচ্ছে। সঠিকভাবে যাতে বিদ্যুতের রেভিনিউ কালেকশন হয় তা দেখার জন্য বিশেষভাবে মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ জানাচ্ছি। মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয় তার ভাষণে বিদ্যুত চুরি বন্ধ নিয়ে কয়েকটি কথা বলেছেন। স্যার আপনি জানেন, যে কথায় আছে, 'ধরে নিয়ে আসতে বললে চৌকিদার বেঁধে নিয়ে আসে।' এই বিদ্যুত চোর ধরার ক্ষেত্রেও এই রকম অবস্থা আমরা দেখছি। মাননীয় মন্ত্রীমহাশয় তার বাজেট ভাষণে বলেছেন যে "১৫ জুলাই ২০০২ থেকে 'দি ইনডিয়ান ইলেকট্রিসিটি (ওয়েস্ট বেঙ্গল এ্যামেণ্ডমেন্ট) এ্যাক্ট ২০০১ চালু হয়েছে। এই আইনের কঠোর ব্যবস্থাগুলি বিদ্যুত সংস্থাগুলিকে বিদ্যুত চুরি কার্যকরীভাবে রুখতে শক্তি যুগিয়েছে। কিন্তু বাস্তব অবস্থাটা কি? এমন

এমন নিরীহ মানুষদের বিদ্যুত চুরির দায়ে ধরে আনা হচ্ছে যারা নির্দোষ এবং দেখা হচ্ছে তাদের দোষ প্রমাণ করতে না পারার জন্য দু-দিন বাদেই তাদের খালাস করে দিতে হচ্ছে। সেখানে আসল অপরাধীদের ধরা হচ্ছে না। এইভাবে ছোট ছোট শিল্পোদ্যোগীদের উপর জুলুম ও হয়রানি করা হচ্ছে বিদ্যুত চুরি রোখার নামে। এটাকে একটা ঘৃণ্য চক্রান্ত ছাড়া আর কিছু বলা যাবে না। আমরা চাই বিদ্যুত চুরি কঠোর হস্তে দমন করা হোক এবং বিদ্যুত চোরদের কঠিন শাস্তি দেওয়া হোক কিন্তু এই সরকার তা করছেন না। এ ক্ষেত্রে মাননীয় মন্ত্রীমহাশয় যে হিসাব দিয়েছেন তাতে দেখছি বিদ্যুৎ চুরির জন্য এফ. আই. আর করা হয়েছে ১৯৮১ টি ক্ষেত্রে কিন্তু গ্রেপ্তার করা হয়েছে মাত্র ৩৭০ জনকে। ১৯৮১ টি ক্ষেত্রে যদি এফ. আই. আর করা হয় তাহলে ধরতে হবে হয় এ' সংখ্যক ব্যক্তি বা পরিবারকে যারা বিদ্যুত চুরির দায়ে পড়েছে কিন্তু গ্রেপ্তার করা হল মাত্র ৩৭০জনকে। এটা কেন? এ তো গেল বিদ্যুত পর্যদের ক্ষেত্রে সি. ই. এস. সি. র ক্ষেত্রে আমরা দেখছি ৫১৯২টি ক্ষেত্রে এফ. আই. আর করা হয়েছে আর গ্রেপ্তার করা হয়েছে ৬৯০ জনকে। সংখ্যার এই তারতম্য কেন আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় তার জবাবী ভাষণের সময় সেটা পরিষ্কার করে দেবেন। এটা নিয়ে কোথায় রাজনীতি হচ্ছে, কেন তারতম্য হচ্ছে— এফ. আই. আর হচ্ছে ৫/৬ হাজার আর গ্রেপ্তার হচ্ছে ৫/৬ শো কেন, একই অপরাধে কারুকে গ্রেপতার করা হচ্ছে, কারুকে হচ্ছে না কেন তার জবাব চাই। মাননীয় মন্ত্রীমশায়ের কাছে আমি আরও জানতে চাই যে বিদ্যুত চুরির অপরাধে কতগুলি মামলা চলছে এবং কতগুলি মামলাতে পর্ষদ জয়লাভ করেছে এবং দোষীরা শাস্তি পেয়েছেন সেটা জানাবেন। কারণ আমরা জানি অনেক সময় জুলুম অত্যাচার করা হচ্ছে এর তার ফলে অনেক মামলায় পর্ষদ হেরে যাচ্ছে। এরপর আমি সাবস্টেশনের কথায় আসছি। আমরা জানি ঋণের টাকায় এই সাবস্টেশানগুলি করা হচ্ছে কিন্তু এই সাবস্টেশানগুলি চালাবার দায়িত্ব কাদের দেওয়া হচ্ছে সেটা জানাবেন। যতদূর আমরা জানি এগুলি চালাবার জন্য যারা ডিগ্রিপ্রাপ্ত ইঞ্জিনিয়ার, যাদের রিকুইজিট কোয়ালিফিকেশান আছে তাদের পরীক্ষা নেওয়া হয়েছিল। যারা পরীক্ষায় পাশ করেছে তাদের ইন্টারভিউও নিয়ে নেওয়া হয়েছে এবং তাদের মেডিক্যাল পরীক্ষাও হয়ে গিয়েছে কিন্তু বিদ্যুৎ পষর্দ সরকারী নির্দেশে তাদের অ্যাপয়েন্টমেন্টগুলি বন্ধ করে রেখেছে এবং এই সাবস্টেশনগুলি বিশেষ বিশেষ কনট্রাকটারদের দিয়ে চালানো হচ্ছে। এইসব কনট্র্যাক্টরদের কিন্তু সাবস্টেশানের ক্ষতির ব্যাপারে দায়দায়িত্ব কিছু থাকবে না। সেখানে বেকার যুবক যাদের সমস্ত রকম পরীক্ষা হয়ে গিয়েছে তাদের চাকরি না দিয়ে ঝুলিয়ে রাখা হয়েছে ও কনট্র্যাক্টরদের দিয়ে কাজ চালানো হচ্ছে। এ ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয়ের বক্তব্য আমরা জানতে চাই। পর্ষদের টাকার অভাব তাই পর্ষদকে লোন নিয়ে বিদ্যুতের ব্যবস্থা করতে হচ্ছে এবং অন্যান্য আনুষঙ্গিক কাজ করতে হচ্ছে অথচ আমাদের কাছে খবর আছে পর্ষদের কোটি কোটি টাকার সম্পত্তি পড়ে পড়ে নষ্ট হচ্ছে। অনেকগুলি গাড়ি পড়ে আছে, সেগুলি বিক্রি করে দিলে পর্ষদ কিছু টাকা পেতে পারে। তা ছাড়া যন্ত্রপাতি যেগুলি পড়ে আছে সেগুলি কাজে লাগালে বিদ্যুদায়নের কাজ হতে পারে কিন্তু তা কাজে লাগানো হচ্ছে না।

[2.10–2.20 p.m]

সেই গুলো কিছু করা হচ্ছে না, শুধু শুধু নষ্ট হয়ে যাচ্ছে। অথচ পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের টাকার অভাব রয়েছে। এই ব্যাপারে আপনি যদি একটু নজর দেন তাহাল ভাল হয়। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই আপনার পর্ষদে এই পর্যন্ত মৃত কর্মীর পরিবারে যারা পোষ্য তাদের মধ্যে কত জন চাকুরির জন্য অ্যাপ্লাই করে বসে আছে চাকুরি পাচ্ছে না? আমি জানি কিছু কিছু ক্ষেত্রে এই জিনিস হয়েছে। আপনার দপ্তরের কর্মী মারা গেছে তার পরিবারের পোষ্য চাকুরির অ্যাপ্লাই করে বসে আছে, চাকুরী পাচ্ছে না। এই অভাবী মানুষ যারা চাকুরি পাওয়ার যোগ্য, শুধু তাদের আটকে রাখা হয়েছে। এর পেছনে কি কারণ আছে, শুধু কি টাকার অভাব নাকি অন্য কারণ আছে বলবেন। এই পোষ্যদের সংখ্যা কত সেটা যদি জানান এবং কেন তাদের আটকে রাখা হয়েছে, চাকুরি দেওয়া হচ্ছে না সেই বিষয়ে বললে উপকৃত হবো। সি.ই.এস.সি পর্ষদের কাছে ঋণ নিয়েছে কিনা জানি না। আমি যেটা জানি ঋণ আছে। সেই টাকার পরিমাণ কত, এই টাকা আদায়ের জন্য বিদ্যুৎ পর্ষদ কি কি ব্যবস্থা নিয়েছে, কি চুক্তিতে আবদ্ধ হয়েছে এই বিষয়টা বিধানসভার মাননীয় সদস্যদের যদি জানান তাহলে ভাল হয়। তার কারণ এই বিষয়ে আমরা অন্ধকারে আছি, সেটা আপনি দূর করবার চেষ্টা করবেন। এই কথা বলে আপনার বাজেট বরাদ্দের বিরোধিতা করে বিরোধীদের আনা কাটমোশানগুলিকে সমর্থন করে আমি আমার সংক্ষিপ্ত কথা শেষ করছি।

শ্রী বিজয় বাগদী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বিদ্যুৎ বিভাগের মন্ত্রী ২০০৩-০৪ সালের জন্য ৪৩ নম্বর দাবি সমর্থনে যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে কিছু বক্তব্য রাখতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় এই সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে আমাদের পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের সাধারণ মানুষের কাছে কি ভাবে বিদ্যুৎ পরিষেবা পৌঁছে দেওয়া যায় তার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন। আমরা অতীতে দেখেছি কেন্দ্রীয় সরকারের বৈষম্যমূলক আচরণের ফলে বক্রেশ্বর থারমাল পাওয়ার প্রোজেক্টের কাজ আটকে রেখেছিল। আজকে বক্রেশ্বর থারমাল পাওয়ার প্রোজেক্টের ৩টি ইউনিট পুরোদমে বাণিজ্যিক ভিত্তিতে চলেছে। আরো দুটি ইউনিট-এর কাজ জাপানের সহযোগিতায় ইতিমধ্যে তৈরি হয়ে যাবে। আজকে আমরা দেখতে পাচ্ছি দুর্গম এলাকায় মন্ত্রী মহাশয় বর্জ্য পদার্থের মধ্য দিয়ে কিভাবে বিদ্যুৎ গ্রাহকদের কাছে পৌঁছে দেওয়া যায় তার ব্যবস্থা রেখেছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা বিষয় বলতে চাই। গ্রামাঞ্চলে বিশেষ করে তফশিলি জাতি এবং আদিবাসী মানুষের মধ্যে কিছু কিছু ব্লকে কিছু কিছু মৌজায় কুটিরজ্যোতি এবং লোকদীপ প্রকল্পের মাধ্যমে সরকারী পয়সায় পঞ্চায়েতের মাধ্যমে অল্প পয়সায় বিদ্যুৎ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার বিল নিয়ে এসে বিদ্যুতের উপর ভর্তুকি তুলে দেওয়ার ব্যবস্থা করছে। পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে ভূমিসংস্কারের ফলে তাদের আর্থিক ক্ষমতা বেড়েছে, সেই জন্য তারা একটু বিদ্যুতের আলো চায়, অন্য কিছু চায় না। আজকে তাদের ঘরের ছেলে-মেয়েরা লেখাপড়া করছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা কথা বলতে চাই, এটা করা যায় কিনা। একটা বাড়িতে একটা মিটার বসিয়ে আরো ৩-৪টি বাড়িতে সেই মিটার থেকে কানেকশন দেওয়া যায় কিনা। কিছু

দিন আগে আপনি নিয়ম করেছেন একটা মিটার থেকে অন্য বাড়িতে কানেকশন দেওয়া যাবে না। এই ভাবে যদি গরিব মানুষের বাড়িতে বিদ্যুৎ পৌঁছে দিতে পারেন অল্প পয়সায় তাহলে তারা অনেক উপকৃত হবে, সুযোগ সুবিধা পাবে।

আর একটা বিষয় হচ্ছে বিদ্যুৎ গ্রাহকের সংখ্যা অনেক বেড়েছে। মানুষ এর গুরুত্ব বুঝতে পেরেছে। সে বাড়িতে বিদ্যুৎ নেওয়ার জন্য চেষ্টা করছে। অনেকে বিদ্যুৎ সংযোগ পাওয়ার জন্য টাকা পয়সাও জমা দিয়েছে, কিন্তু এস. এস. অফিসে মিটার না থাকায় সেই সমস্ত বাড়িতে তারা কানেকশন দিতে পারছে না। সম্ভাব্য গ্রাহকদের এর ফলে দীর্ঘদিন ধরে অপেক্ষা করতে হচ্ছে। তাদের মধ্যে ক্ষোভ সৃষ্টি হচ্ছে। মানুষ যাতে তাড়াতাড়ি বিদ্যুৎ পেতে পারে, মিটার যাতে দেওয়া যায় সেটা আপনি দেখবেন। এছাড়া, দীর্ঘদিন ধরে যে লাইনগুলো আছে, সেগুলোর বহুদিন ধরে কোন মেরামতি হয়নি। এরফলে একটু বৃষ্টি বা ঝড় হলে দেখা যায়, পুরনো শালের যে খুঁটিগুলো আছে, সেগুলো পড়ে যায়। সেগুলো নষ্ট হয়ে যাচ্ছে। অনেক সময়ে তার ছিঁড়ে পড়ে যায়, ফলে লোডশেডিং হয়। এই সমস্ত পুরনো লাইনগুলোর যাতে মেরামতি হয় তা দেখলে ভাল হয়। সাব-ষ্টেশনগুলিতে কর্মীসংখ্যা কম রয়েছে। অনেক সময়ে দু তিনটি সাব-ষ্টেশনে তাদের কাজ করতে হয়। এর ওপরে আবার গাড়ির সংখ্যাও অনেক কম রয়েছে। বর্তমানে মানুষের জন্য জিনিস না থাকলেও কিছু আসে যায় না, কিন্তু বিদ্যুৎ না থাকলে খুবই অসুবিধা হয়। সাব-স্টেশনে প্রয়োজনীয় সংখ্যক গাড়ি না থাকায় অনেক সময়ে কর্মী যারা আছেন তাঁরা কাজ করতে যান না। সাব-স্টেশনে গাড়ির সংখ্যা বাড়ানো যায় কিনা, সেদিকে আপনি একটু দেখবেন। কর্মীসংখ্যা কম থাকার জন্য অনেক সময়ে যাঁরা আছেন তাঁরা কোথাও দরকার হলেও কাজ করতে যান না। সেজন্য এই কর্মীসংখ্যা বাড়ানো যায় কিনা, সেদিকে আপনি একটু দেখবেন। পঞ্চায়েত এলাকায় যেখানে তার চুরি গেছে, সেখানে কিছু ক্ষেত্রে মেরামতি হয়েছে, কিন্তু এখনও কিছু জায়গায় তা হয়নি। সেগুলো আপনার ফান্ড থেকে করা যায় কিনা দেখবেন। মাননীয় সাংসদরা এবং বিধায়করা তাঁদের ফান্ড থেকে টাকা দেন। দেখা যাচ্ছে, সেই টাকা দীর্ঘদিন ধরে পড়ে থাকে কাজ না হওয়ার ফলে। ফলে ইউটিলাইজেশান সার্টিফিকেটও দেওয়া যায় না। তারজন্য পরবর্তী পর্যায়ে টাকা পাওয়া যায় না। তাড়াতাড়ি প্রয়োজনীয় মালপত্র কিনে জেলায় তা পাঠিয়ে দেওয়া যায় কিনা এবং কিভাবে টাকাটার সদ্ব্যব্যবহার করা যায়, আমি আশা করবো, আপনি তার ওপরে গুরুত্ব দেবেন। সবচাইতে গুরুত্বপূর্ণ বিষয় হলো বিদ্যুৎ চুরি। আপনি আইন করেছেন এবং কড়া নির্দেশও পাঠিয়েছেন, কিন্তু তা সত্ত্বেও বিদ্যুত চুরি রয়ে গেছে। এই ক্ষেত্রে পঞ্চায়েতেকে গুরুত্ব দিয়ে, সাধারণ মানুষকে এরমধ্যে যুক্ত করা যায় কিনা তা একটু দেখবেন। বিদ্যুতের বিল নিয়ে কিছু গোলমাল আছে। আগে পঞ্চায়েত থেকে নিত, এখন ডিপার্টমেন্ট থেকে নেয়। এখন আমরা দেখছি, রিডিং না নিয়ে অফিসে বসে ইচ্ছামত বিল করে পাঠায়। আমি দেখেছি, ডোমেস্টিক লাইনে আগে যার একশো টাকা আসতো, এখন ছ'সাত হাজার টাকা বিল চলে আসছে। সঙ্গে সঙ্গে সে এস.এস.-এর কাছে ছুটে যায়। এস.এস. বলেন, আগে টাকা জমা দিন, তারপর দেখা হবে। গ্রাহকদের বিল যাতে সঠিকভাবে আসে, তারজন্য আপনি নির্দেশ দিন। ট্রান্সফরমারগুলো দেখা যায় সব পুরনো, রিপেয়ার করে সেগুলোকে পাঠানো

হয়। সেগুলো দেখা যায় বসাবার অল্পদিনের মধ্যেই নষ্ট হয়ে যাচ্ছে। সাপ্লাই না থাকার জন্য এসইবি'র কাছে যেতে হয়। সাধারণ মানুষের মধ্যে ক্ষোভ বাড়ে। ট্রান্সফর্মার পাওয়া যায় না। ট্রান্সফর্মার মেরামতিটা যাতে নিম্নমানের না হয় এবং তার গুণগত মান যাতে বজায় থাকে সেই ব্যাপারে আমাদের পরিকল্পনা গ্রহণ করা দরকার। এই বিষয়টা আশা করি আপনি দেখবেন। আজকে গ্রামের সাধারণ মানুষ বিদ্যুতের চাহিদা এবং গুরুত্ব উপলব্ধি করতে পেরেছে। আরেকটা ব্যাপার আমি আপনার কাছে উল্লেখ করতে চাই, কিছু কিছু এলাকায় ঘন্টার পর ঘন্টা লোডশেডিং থাকে। সাধারণ মানুষকে কোন কিছু না জানিয়ে, কোন নোটিশ না দিয়ে এই লোডশেডিং হয়। ফলে মানুষের ক্ষোভ এমন একটা জায়গায় গিয়ে পৌঁছায় যে ভাঙচুরের অবস্থায় চলে যায়। আজকে গ্রাম বাংলায় বেকার যুবক যুবতীরা ছোট ছোট দোকানঘর, ছোট ছোট মুদিখানার দোকান, সেলুন, গ্রীলের দোকান করছে, কিন্তু তাদের কাছ থেকে কর্মার্শিয়াল রেটে বিদ্যুতের দাম নেওয়া হচ্ছে। এই সমস্ত ছোট ছোট ব্যবসাদারদের ক্ষেত্রে কিছু ছাড় দেওয়ার ব্যবস্থা করা যায় কিনা সেটা আপনি দেখবেন। এই বিষয়টি আপনাকে দয়া করে দেখার জন্য অনুরোধ করছি। পরিশেষে আমি বলব, লোকদীপ প্রকল্প এবং কুটির জ্যোতি প্রকল্প, গ্রামের গরিব মানুষদেরকে দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা সেটা আপনি জানাবেন। এই কথা বলে এই বাজেট প্রস্তাবকে সমর্থন করে এবং কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌগত রায় : স্যার, আমি এই বাজেট বরাদ্দের বিরোধিতা করছি এবং আমাদের আনীত কাট মোশানকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আজ থেকে কুড়ি, তিরিশ বছর আগে আমি মস্কোয় গিয়েছিলাম। আমি যে হোটেলে সেখানে ছিলাম, ঠিক তার উল্টো দিকেই একটা পাওয়ার প্ল্যান্ট ছিল। সেই পাওয়ার প্ল্যান্টের গায়ে লেনিনের একটা শ্লোগান লেখা ছিল, শ্লোগানটা হল' কমিউনিজম ইজ সোভিয়েট পাওয়ার এন্ড ইলেকট্রিফিকেশান অফ দি কাউন্ট্রি সাইড'। লেনিনের সেই বিখ্যাত শ্লোগান এবং কমিউনিজম আজকে পশ্চিমবাংলায় ফেইল করেছে। ভারতবর্ষের মধ্যে রুরাল ইলেকট্রিফিকেশানে সবচেয়ে পিছিয়ে আছে পশ্চিমবঙ্গ। পশ্চিমবাংলার ৮০ শতাংশ গ্রামে এখনো বিদ্যুৎ যায়নি। যখন ভারতবর্ষের সমস্ত মেজর স্টেটে ৯৫ থেকে ১০০ শতাংশ গ্রামে বিদ্যুৎ চলে গেছে, তখন পশ্চিমবাংলা অনেক পিছিয়ে আছে। সম্প্রতি আপনারা রুরাল ইলেকট্রিফিকেশান কর্পোরেশান করেছেন গ্রামে গ্রামে বিদ্যুৎ দেবার জন্য এবং সি. পি. এমের হেরে যাওয়া একজন ক্যান্ডিডেটকে অ্যাপয়েন্টমেন্ট করেছেন চেয়ারম্যান করে। পঞ্চায়েত নির্বাচনের আগে তিনি বিভিন্ন জায়গায় পোল ফেলেছেন, কিন্তু পশ্চিমবাংলার গ্রামে গ্রামে এখনো বিদ্যুৎ পৌঁছায়নি। মাননীয় মন্ত্রীমহাশয় যে বাজেট বই আমাদের দিয়েছেন সেটা হচ্ছে মার্চ, ২০০৩ সালের লেখা। সেইজন্য আজকে এই বাজেট বক্তৃতার কোন রেলিভেন্সি নেই।

মাননীয় মন্ত্রী এই বক্তৃতাটা দেওয়ার পর সারা ভারতবর্ষে একটা মেজর চেঞ্জ হয়ে গেছে। ৫ই মে, ২০০৩ তারিখে এই ইলেকট্রিসিটি বিল পাশ হয়ে গেছে, প্রেসিডেন্টের অ্যাসেন্ট পেয়ে গেছে। পুরো ভারতবর্ষের পাওয়ার সিনারিওটা পাল্টে গেছে। আপনারা বলতে পারেন এই বিল তো আমরা মানি না, আমরা অ্যামেন্ডমেন্ট দিয়েছি। কিন্তু আপনাদের মনে রাখতে হবে,

এই যে ইলেকট্রিক বিল কেন্দ্রে পাশ হয়েছে দিল্লিতে, সেটা দু বছর ধরে একটা পাওয়ারের স্ট্যান্ডিং কমিটিতে ছিল, যে স্ট্যান্ডিং কমিটির মেম্বার ছিল সি. পি. এম.-এর বাসুদেব আচার্য। সেই কমিটির রিপোর্টে জমা পড়েছে এবং তারপর পাশ হয়েছে। আজকে তাতে তার নাম আছে, তিনি তার মধ্যে ছিলেন। কিন্তু আজকে ভারতবর্ষের পাওয়ার সিনারিওটা চেঞ্জ হয়ে গেছে। তার কারণ, এর আগে তিনটে আইনে ভারতবর্ষের ইলেকট্রিসিটি কন্ট্রোল হতো ইন্ডিয়ান ইলেকট্রিসিটি অ্যাক্ট, ১৯১০, ইলেকট্রিসিটি সাপ্লাই অ্যাক্ট, ১৯৪৮, ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন, অ্যাক্ট, ১৯৯৮। এই তিনটে আইনকে বাঞ্চ করে নতুন আইন হয়েছে। সুতরাং আজকে পাওয়ার সিনারিওটা সম্পূর্ণ চেঞ্জ হয়ে গেছে। এখানে আমি যে কথাটা বলতে চাই, সেটা আমাদের প্রধানমন্ত্রী দুদিন আগে বলেছেন। আমি নিজে বিধানসভায় গত ১৬ বছর ধরে পাওয়ারের ক্ষেত্রে সরকারের হল্টি পদক্ষেপের কথা বলছি। কোন এক সময় ওদের নিজেদের ডগম্যাটিজমের জন্য কোন লংটার্ম পাওয়ার পলিসি ওরা নিতে পারেনি এবং পাওয়ারের ক্ষেত্রে এই রাজ্য বারেবারে মার খাচ্ছে। সত্তর এবং আশির দশকে এই রাজ্যে জেনারেশনের সর্টেজ ছিল। তারপর শঙ্কর সেনকে নিয়ে এলেন। ইট ওয়াজ ওয়াইড লুক। তিনি জেনারেশন ইমপ্রুভমেন্টের দিকে নজর দিলেন। নব্বই-এর দশকের প্রথম দিকে জেনারেশন ইমপ্রুভ করল। তিনি একটা রুল অফ দা থাম্ব দিলেন যে, ইলেকট্রিকের ক্ষেত্রে হচ্ছে ইনভেস্টমেন্ট ইন জেনারেশন, ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সুড বি ১ : ১। এক টাকা জেনারেশনে লাগালে এক টাকা ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশনে লাগাতে হবে। শঙ্কর সেন সেই স্টেজে বলল, যখন কোলাঘাট হ'ল এবং তারপর অন্যান্য প্রজেক্টগুলো রিনোভেশন অ্যান্ড মডার্নাইজেশন হ'ল। ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশনে টাকা লাগানো হয়নি। ইন ফ্যাক্ট হয়ে গেল ২ : ১। মানে, জেনারেশনে ২ টাকা, ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশনে ১ টাকা হয়ে গেল। নব্বইয়ের দশকের মাঝামাঝি ইন্ডাস্ট্রিয়ালিস্টরা শঙ্কর সেনকে বলছে, এখানে বিদ্যুৎ পাচ্ছি না, এখানে ভোল্টেজ ফ্ল্যাকচুয়েট করে, ফ্রিকোয়েন্সি ফ্ল্যাকচুয়েট করে। তখন শঙ্কর সেন বলেন, আপনাদের সাব স্টেশনের কাছাকাছি ইন্ডাস্ট্রি করা উচিত। কোয়ালিটি অফ ইলেকট্রিসিটি ইমপ্রুভমেন্ট আপনারা করতে পারেননি। শঙ্কর সেনের রেজিমের শেষ দিকে জাপান থেকে, জি. বি. আই. সি. থেকে সাহায্য নিয়ে একটা ওয়েস্ট বেঙ্গল ট্রান্সমিশন সিস্টেমস চালু করেছিলেন। এই অবস্থায় তাঁর সঙ্গে সি. ই. এস. সি.র লেগে গেল। সি. ই. এস. সি. র ইলেকট্রিসিটির অরিজিনাল আইন ছিল যে, একটা রিটার্ন অফ ইনভেস্টমেন্ট পাবে। শঙ্কর সেন সেটা চ্যালেঞ্জ করলেন। সেই ইতিহাস নিয়ে আমি অনেক বক্তৃতা দিয়েছি অ্যাসেমব্লিতে কি করে দেবকুমার বসু কমিটি হ'ল, তিনি বললেন সি. ই. এস. সি. কে ১০০ কোটি টাকা ফেরত দিতে। বামফ্রন্ট সরকার সি. ই.এস. সি.-র মালিকদের চাপে আবার সেটাকে অ্যামেন্ড করল এবং কি ভাবে সি. ই. এস. সি. কে ১০০ কোটি টাকা ফেরত দিতে হ'ল না কনজিউমারদের এবং বটলিবয় রিপোর্ট দেওয়া হ'ল এবং শেষে রাগে, ঘৃণায়, লজ্জায় শঙ্কর সেন মন্ত্রিত্ব ছেড়ে দিলেন। সেই অবস্থায় এলেন মৃণাল বাবু। তিনি পাবলিক আন্ডারটেকিং দেখতেন, তাঁকে নিয়ে আসা হ'ল। তাঁর দোষ নেই, তিনি সাধ্যমত করছেন। তাঁর বাই-পাস হয়ে গেছে, তার মধ্যে তিনি ইমপ্রুভ করার চেষ্টা করেছেন। প্রথমে জেনারেশনের অভাব ছিল এবং অভাব ছিল ট্রান্সমিশন, ডিস্ট্রিবিউশনের—এখনও যেটা রয়ে গেছে। এগেইন

রুল অফ থাম্ব ৪০ শতাংশ জেনারেশন হাইড্রো এখানে জোর দেওয়া হোক ফর আইডিয়াল পিক লোড ফ্রিকোয়েন্সি। কিন্তু আমাদের এখানে সেটা খুব কম।

[2.30–2.40 p.m]

অন্ধ্রপ্রদেশ ৭ হাজার ৯৪৬ মেগাওয়াট, তামিলনাড়ু ৮ হাজার ৭৪৫ মেগাওয়াট, গুজরাট যার পপুলেশন আমাদের অর্ধেক ৮ হাজার ৮৩৮ মেগাওয়াট, মহারাষ্ট্র ১৫ হাজার ২১ মেগাওয়াট মানে পশ্চিমবাংলার ডাবলেরও বেশি মহারাষ্ট্রের জেনারেশন ক্যাপাসিটি। পার ক্যাপিটা পাওয়ার ভারতবর্ষ পৃথিবীর মধ্যে নীচে আর পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে নীচের দিকে। একটা হিসাব দিচ্ছি। আমাদের পর ক্যাপিটা কনজাম্পশন হচ্ছে ৩৫০ কিলোওয়াট আওয়ার সেখানে ব্রাজিল ১৭৮৩, চায়না ৭১৯। চায়না কম, আমাদের ডবলেরও বেশি কিন্তু ব্রাজিল আমাদের ৫ গুণ সেখানে ইউ.এস. এ ৮ হাজার ৭৪৭ মেগাওয়াট। আমি আবার লেনিনের কথায় ফিরে যাই civilization is spread of electricity and consumption of electricity by the people. যেখানে সাড়ে তিন কিলোওয়াট আওয়ার আমাদের, ৮ হাজার ৭০০ আমেরিকা এবং অস্ট্রেলিয়া অত কম জনসংখ্যা ৬ হাজার ৬০০ কিলোওয়াট আওয়ার। সেখানে আমরা পিছিয়ে আছি এবং আজকে ভারতবর্ষের যে গ্যাপটা— আমরা অনেক এগিয়েছি ঠিকই আমাদের স্বাধীনতার সময়ে ১৩৬২ ছিল। আজকে ভারতবর্ষে এক লক্ষ পৌঁছেছে ঠিকই কিন্তু আমাদের পৌঁছতে হবে ২০১২ সালের মধ্যে পার ক্যাপিটা কনজাম্পশন বাড়াতে গেলে ১ লক্ষ ৪০ হাজার মেগাওয়াট। এক লক্ষ চল্লিশ হাজার মেগাওয়াটে পৌঁছতে গেলে আমাদের ৬ লক্ষ কোটি টাকা আমাদের লাগবে এবং এই টাকা কেন্দ্রীয় সরকার খরচ করতে পারবে না। আর এই অবস্থায় মৃণালবাবু মুখ চেপে বসে আছেন। ইলেকট্রিসিটি বিল পাশ হয়ে যাওয়ার পর ইলেকট্রিসিটি লাইসেন্সিং উঠে গেছে কিন্তু Improvement generation is being decentralized and captive generation is freety permitted. কোন পারমিশন নিতে হবে না। আপনি একটা হাউসিং এস্টেট চালান, একটা ক্যাপটিভ জেনারেশন করে বিদ্যুৎ দেন এখানে কোন পারমিশন নিতে হবে না। শুধু হাইড্রো ইলেকট্রিক কনজাম্পশনের উপর কেন্দ্রীয় সরকারের কনট্রোল থাকছে। দুই যেটা আরও গুরুত্বপূর্ণ—There is provision for private transmission licenes. প্রাইভেট ট্রান্সমিশন লাইসেন্স আপনি দিতে পারবেন এবং distribution would be free to undertake generation and generating companies would be free to take up distribution licences. এখন এটা আমাদের ক্ষেত্রে একটা নতুন সুযোগ বলে দিচ্ছে। সেটা কি? এটা ঠিক যে ধরুন এখানে একটা জেনারেটিং কোম্পানি আছে কলকাতায়, আরেকটা মুর্শিদাবাদে। কলকাতায় ডোমেস্টিক কনজিউমার তো আর মুর্শিদাবাদে লোকের কাছে লাইসেন্স চাইবে না। কিন্তু এই পসিবিলিটি ওপেন করছে যে কলকাতায় সি. ই. এস. সির পাশাপাশি আরেকটা কোম্পানি এখানে জেনারেটেড করতে পারে এবং তাহলে দুর্গাপুরের একটা কোম্পানী সি. ই.এস. সি থেকে না নিয়ে নতুন প্রাইভেট জেনারেটিং কোম্পানী থেকে পাওয়ার নিতে পারে তাতে কি হবে? তাতে সি. ই. এস. সির মনোপলি চলে যাবে, প্রাইসটা কনট্রোলে এসে যাবে এবং তাতে

কমপিটিশনের এবং এই কমপিটিশনের ফলে কনজিউমার বেটার সার্ভিস পাবে। ইলেকট্রিসিটি বিল পাশ হয়ে গেল আর মৃণাল বাবু চুপ করে বসে আছেন। কেন সাহস করে বলছেন না যে আমরা আর. পি গোয়েঙ্কার পাশে একটা নতুন লাইসেন্সি দিতে চাই। যদি কেউ বালক কনজিউমার আর পি গোয়েংকা ছাড়া আর কেউ থাকে ইলেকট্রিসিটি নিতে পারে আন্ডার দি নিউ ইলেকট্রিসিটি অ্যাক্ট। তাহলে আমরা তাকে অ্যালাউ করব। যদি এটা করেন ইমিডিয়েটলি এটা একটা রেভলিউশনারী উদ্দেশ্য এবং নতুন যেটা অপরচুনিটি হচ্ছে যে দূরের গ্রামে বা দূরের জায়গায় সেখানে আপনি বিদ্যুৎ পাঠাতে পারছেন না, এখন একটা নতুন সুযোগ দিয়েছে ফর রুরাল এরিয়াস। নতুন আইনে decentralized management of distribution through which users association, co-operative or franchises would be permitted.

তাহলে তারা নিজেদের মত করুক এবং যেটা আরও বলছে যে স্ট্যান্ড ডান একদম একটা প্রভিশন যে স্ট্যান্ড অ্যালোন একটা পাওয়ার সাপ্লাই হতে পারে। আমি নিজেই ইলেকট্রিসিটি জেনারেট করব। আমাদের কয়েকজন মিলে, আমরা নিজেরা মিলে ডিস্ট্রিবিউট করব। এই যে রাজ্য সরকারের সাথে লিংকেজ, প্রাইভেট কোম্পানির সাথে লিংকেজ এটা দূর করা যাবে। ভবিষ্যতে এই রিফর্মস ছাড়া আর কোন উপায় নেই। ইলেকট্রিসিটি রিকোয়ারমেন্ট কামিং ডেজে, যদি আমরা এই রাস্তায় না যেতে পারি তাহলে আমরা সহজে আমাদের টার্গেটে পৌঁছতে পারব না। যেখানে টার্গেট ছিল মানুষের জীবনযাত্রার মানকে উন্নত করা এবং সেখানে যদি পৌঁছতে হয় তাহলে এই রাস্তায় আমাদের যেতেই হবে। কিন্তু আমরা দেখছি রাজ্যসরকার এই জায়গায় হেজিটেড করছে। এই হেজিটেশান আমরা দেখলাম এই হাউজে ক্রশ-সাবসিডির ব্যাপারে, আপনাদের মনে আছে আমি একটা প্রাইভেট মেম্বারের প্রস্তাব এনেছিলাম যে ক্রশ-সাবসিডি অ্যালাউ করুন বলে, আপনি বললেন না এই সব হবে না। আমরা তখন বলেছিলাম আপনারা তার জন্য ইলেকট্রিসিটি রেগুলেটরী অ্যাক্টকে এ্যামেন্ড করুন যাতে আপনি ক্রশ সাবসিডি ইন্ট্রোডিউস করতে পারেন। আমি বলেছিলাম বড় কনজিউমারদের কাছ থেকে স্পেশাল ডিউটি নিন এবং ছোট কনজিউমারদের দিন। সে দিন আপনি ডিনাই করলেন, ২১.৩ তারিখে আপনি ডিনাই করলেন, আবার ৩১.৩ তারিখে আপনি বিধানসভার শেষ দিনে ইলেকট্রিসিটি রেগুলেটরী অ্যামেন্ডমেন্ট বিল আনলেন। সেই দিনই আমি বলেছিলাম আপনার সরকারের হেজিটেন্সী ইন ডিসাইসিভনেস যার জন্য সাধারণ মানুষ সাফার করছে। যখন সুপ্রীম কোর্টে মামলা হলো আমরা বলেছিলাম আপনারা মামলার পার্টি হোন, আপনারা হলেন না। সুপ্রীম কোর্টের মামলায় আবার রাজ্য কমিশনকে পাঠালো, রাজ্য কমিশন তার আইন যেমন আছে তাতে ক্রশ-সাবসিডি তুলে দিলো। আপনি যদি হাইকোর্টের স্টে অর্ডার না পেতেন তাহলে ক্রশ-সাবসিডি উঠে যেত ১.৭০ লোয়েস্ট কনজিউমারদের যে দায়-দায়িত্ব তার আড়াই গুণ বেড়ে যেত। যে কোন কারণেই হোক হাইকোর্ট স্টে-অর্ডার তুলে দেয় তখন কি হবে সেটা পরিষ্কার নয়। আপনি আবার আইন করেছেন সেখানে বলছেন—for the words "the purpose for which the supply is required", the words "the purpose for which the supply is required or the need for cross-subsidization which shall be

reduced in a phased manner". Shall be substituted. এটা আপনাকে লিখতে হবে তার কারণ আপনি সেন্টারে মৌ করেছেন। ইউ ডোন্ট নো হোয়াট টু ডু? আপনার যদি প্রিন্সিপাল থাকে যে আমি স্টেট ইলেকট্রিসিটি রেন্ট করব, প্রাইভেট হতে দেব না, আমরা সি.ই.এস.সি.-কে মনোপলি রাখবো, ক্রস-সাবসিডি রাখবো না, আপনি যদি মনে করেন রিফর্মস্ আনবো, ইলেকট্রিসিটি বোর্ডকে ভেঙে দেব, গোয়েঙ্কাদের পাশাপাশি এখটা প্রাইভেট কোম্পানিকে নিয়ে আসবো, তাহলে ঠিক করুন—আমার আসল কথা হচ্ছে আপনারা পাওয়ার-এর ক্ষেত্রে ইলেকট্রিসিটির মতো ভাইটাল সেক্টরে পলিসি নিতে পারছেন না, আপনাদের কি পলিসি কেউ জানে না, দেশের মধ্যে কত পরিবর্তন হয়ে গেল কেউ জানেন না। আপনি কি কিছু করেছেন? সি.ই.এস.সি. বজবজের পরে বলাগড় করবে, কিন্তু সি.ই.এস.সি. বলাগড় অ্যাবানডান করে দিলেন। আপনারা ওদের লাইসেন্সি দেন, আপনাদের জিজ্ঞাসা করেছিলাম যে কলকাতায় ইনক্রিজিং ডিমাণ্ড নেই, বলাগড়ের কাজ শুরু করে অ্যাবানডান করে দিলেন কেন? তার কারণ ওঁরা দেখলেন নতুন জেনারেটিং স্টেশন করছে পি.ডি.সি.এল. এস.ই.বি. ; ডি.ভি.সি. বিদ্যুৎ নিয়ে সেটা সাপ্লাই করে, ট্রান্সফারের ব্যবসা বেশি লাভজনক। আপনি ফোর্স করতে পারলেন না জেনারেশানে যেতে, তার ফলে আমাদের যে কোলাঘাট ইউনিট যেটা বাড়ার দরকার ছিল, সেটা বন্ধ হয়ে গেল। আপনারা অনেক দিন হলো বক্রেশ্বর করেছেন ৪ এবং ৫ নম্বর ইউনিট ক্লিয়ার হয়েছে, আপনারা জাপানের উপরে নির্ভর করে করেছেন, পুরুলিয়া পাম্পিং স্টেশন প্রোজেক্ট করেছেন, সাঁওতালডিতে ১ নম্বর ইউনিট করেছেন, কোলাঘাটে রেনোভেশান, মডার্নাইজেশান করেছেন, সাগরদিঘি করছেন সেটা প্রিলিমিনারি স্টেজে আছে। আপনি বলছেন যে পাওয়ার ডেভালপমেন্ট কর্পোরেশন লোন দেবে, কিন্তু এখনও পর্যন্ত আপনার প্রোগ্রেস খুব কম। সাগরদিঘিতে আগামী ৫ বছরে পাওয়ার জেনারেশানের প্রোজেক্শন কি? এই পেস যদি থাকে, সাগরদিঘি ৫০০ মেগাওয়াট, সাঁওতালদি ২৫০ মেগাওয়াট, বক্রেশ্বর ৫০০ মেগাওয়াট, আর আপনারা যেটা বলছেন ইন্ডাস্ট্রিয়ালাইজেশনের কথা, ফরচ্যুনেটলি অর আন-ফরচ্যুনেটলি, আনফরচ্যুনেটলি হচ্ছে না, তাহলে তা সামলাবার মতো অবস্থা আপনার নেই। এটা ঠিক কতকটা গ্লুমি সিনারিও। একটা জায়গায় শুধু একটা সিলভার-লাইনিং আছে। সেটা হচ্ছে এস.পি.গান চৌধুরি প্রিন্স চার্লসের থেকে নন-কনভেনশনাল এনার্জি ডেভেলপ-এর প্রাইস পেয়েছেন। এটা ঠিক যে সুন্দরবনের মতো অলরেডি আইসোলেটেড আইল্যান্ড যেখানে নন-কনভেনশনাল এনার্জির ইউজ হচ্ছে, সেটা বায়োমাস, কাঠ জ্বালিয়ে হতে পারে, উইন্ড পাওয়ার হার্নেস থেকে হতে পারে। এটলিস্ট ওই আইসোলেটেড ল্যান্ডে ট্রান্সমিশনের লাইন নদীর উপর দিয়ে না নিয়ে গিয়ে জেনারেশন করার ব্যবস্থা করেছেন গোসাবায় এবং কিছু গ্রামে ইমপ্রুভ করেছেন। দেয়ার ইজ সাম ব্রেক-থ্রু। নন-কনভেনশনাল এনার্জির ইউজ-এর ক্ষেত্রে ট্রান্সমিশন লাইনে প্রবলেমের পরেও ওখানে করেছেন। কিন্তু এটা সারা বাংলার আইসোলেটেড ভিলেজে, হ্যামলেটে করতে পারেন নি। আইসোলেটেড ভিলেজ, হ্যামলেটে পাওয়ার রিকয়ারমেন্ট কম। সেখানে নন-কনভেনশনাল মিনস অফ এনার্জি ডেভেলপ করতে পারলেন না। এটা আপনাকে ভাবতে হবে।

আপনি ইলেকট্রিসিটি চুরি, হুকিং, ট্যাপিঙের ক্ষেত্রে অনেকগুলো আইন নতুন করে করেছেন। ইন্ডিয়ান ইলেকট্রিসিটি (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ২০০১ করেছেন এবং নতুন যে ইলেকট্রিসিটি আইন হল তাতে হুকিং-ট্যাপিঙের বিরুদ্ধে, পাওয়ার থেফটের বিরুদ্ধে আরো কড়া ব্যবস্থা চালু হয়েছে। প্রথমবার কম পানিশমেন্ট, সেকেন্ড টাইম হলে বিরাট পানিশমেন্ট হবে। কনসোলিডেটেড করে একটা আইন হয়ে গেছে। সেখানে আপনার পারফরমেন্স খারাপ। আমার অভিযোগ পঞ্চায়েত ডাইরেক্টলি পাওয়ার থেফটে পার্টি হচ্ছে। তারা পপুলারিটির জন্য পাম্প চালাতে দিচ্ছে, হুকিং লাইন থেকে বিদ্যুৎ নিতে দিচ্ছে। কিন্তু সেখানে যে পলিটিক্যাল উইল দেখানো দরকার ছিল আপনাদের সরকার তা দেখাতে পারেনি। আগামীদিনে সিরিয়াস চ্যালেঞ্জ আসছে। পারক্যাপিটা কনজাম্পশন অফ ইলেকট্রিসিটি বাড়াতে হবে। গ্রামে আরো বিদ্যুৎ পৌঁছে দিতে হবে। আপনি প্রমিস করেছিলেন টেনথ প্ল্যানে সব গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেবেন। ইণ্ড্রাস্ট্রিয়ালাইজ করতে হলে বিদ্যুতের জেনারেশন এবং কোয়ালিটি ইমপ্রুভ করতে হবে। আপনার স্টেপ এখনও পর্যন্ত, ইট হ্যাজ বিন এ হল্টিং। আপনার সমস্য দুটো। একদিকে পলিসি—আপনি রিফর্ম গ্রহণ করতে পারছেন না, অন্য দিকে রয়েছে ইমপ্লিমেন্ট। ইলেকট্রিসিটি বোর্ড ফাঁকি দেওয়ায় গ্রাম পঞ্চায়েতে পাওয়ার চুরিটা পলিটিক্যাল উইল দিয়ে ম্যানেজ করতে পারছেন না। তাই বিদ্যুৎ বাজেটের সমর্থন করতে পারছি না। এজন্য ২,২০০ কোটি টাকা আপনি চেয়েছেন, এত টাকা বোধ হয় দেওয়া ঠিক হবে না। তাই আমি এই বাজেটের বিরোধিতা করতে এবং কাট-মোশানের সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী ঈদ মহম্মদ : স্যার, বিদ্যুৎ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় এখানে ২০০৩-০৪ সালের জন্য যে বিদ্যুৎ ক্ষেত্রে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, অনুমোদন চেয়েছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধীদের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি।

বিদ্যুৎদপ্তরটা খুব গুরুত্বপূর্ণ দপ্তর। বর্তমান বিজ্ঞানের যুগে বিদ্যুৎ সাধারণ ভাবে দেশের উন্নয়নের স্বার্থে খুব প্রয়োজন। শিল্পের স্বার্থে, বিজ্ঞান প্রযুক্তির স্বার্থে, চাষের স্বার্থে, মানুষের জীবন-জীবিকার ক্ষেত্রে, রুজি রোজগারের স্বার্থে এই দপ্তর খুব গুরুত্বপপূর্ণ দপ্তর। আমাদের পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের চাহিদা মিটিয়ে এই বিদ্যুৎ দপ্তর উদ্বৃত্ত বিদ্যুৎ অন্য রাজ্যে দেওয়ার প্রবণতা বাড়িয়েছে।

[2.50–3.00 p.m.]

দিনের দিন বিদ্যুতের চাহিদা বাড়ছে। মাননীয় মন্ত্রী মহোদয় তাঁর বাজেটে গতবারের থেকে প্রায় ১ হাজার কোটি টাকা বেশি ব্যয়-বরাদ্দের অনুমোদন চেয়েছেন—এটা প্রয়োজন। বর্তমানে বিজ্ঞানের যুগে মানুষের বিদ্যুতের চাহিদা প্রতিদিন বাড়ছে। এই বিদ্যুতের চাহিদা বৃদ্ধির জন্য আরও নতুন নতুন পরিকল্পনা গ্রহণ করতে হচ্ছে। আমাদের দেশে যেসব বিদ্যুতের কারখানা আছে—এন.টি.পি.সি. কোলাঘাট, ব্যান্ডেল, ডি.পি.এল. এবং অন্যত্র সেগুলো খুব পুরোনো, সেখানে বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতা আরও বৃদ্ধি করার জন্য তাকে নতুন ভাবে আধুনিকীকরণ করার দরকার, সেখানে নতুন করে মেরামত করা দরকার, নতুন করে তাপ বিদ্যুৎ শক্তি উৎপাদন

করার জন্য সেগুলোকে আরও আধুনিক করে গড়ে তোলার দরকার আছে। অন্যদিকে বিদ্যুতের চাহিদা বৃদ্ধির জন্য আরও নতুন প্রস্তাব, পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বক্রেশ্বর তাপ বিদ্যুৎ যখন হয় তখন বিরোধীরা খুব বিদ্রুপ করেছিলেন যে, 'রাজ্যসরকারের ক্ষমতা নেই বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র তৈরি করা"। কিন্তু তাদের মুখে ঝামা ঘষে দিয়ে বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র গড়ে উঠেছে—এখানে আরও দুটো ইউনিট চতুর্থ ইউনিট এবং পঞ্চম ইউনিট করার জন্য — পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সাঁওতালডিহিতে নতুন করে আরো একটা ইউনিট খোলার প্রচেষ্টা হচ্ছে। মুর্শিদাবাদের সাগর দিঘিতে তাপবিদ্যুৎ কেন্দ্র খোলার জন্য সমস্ত রকম ব্যবস্থা সেখানে করা হচ্ছে—জমি অধিগ্রহণ করা হয়েছে, কাজ শুরু হয়েছে। এভাবে অন্যত্রও তাপ বিদ্যুৎ কেন্দ্র বাড়ানোর জন্য, বিদ্যুতের চাহিদা মেটাবার জন্য এইসব পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বিদ্যুতের জন্য গ্রামে-গঞ্জে কলকারখানা গড়ে উঠেছে — ক্ষুদ্রশিল্প গড়ে উঠেছে, বেকার যুবক-যুবতীরা তারা ছোট ছোট শিল্প করে নিজের পায়ে দাঁড়াবার চেষ্টা করছে। একদিকে পশ্চিমবঙ্গ চাল উৎপাদনে প্রথম স্থান অধিকার করেছে এবং তার একমাত্র সোর্স হচ্ছে বিদ্যুৎ। রিভার লিফ্‌ট ইরিগেশন, পাম্পসেট এগুলোতে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে গ্রামের চাষিরা তাদের নিজেদের প্রচেষ্টায় সাবু-মারসিবল্ বসিয়ে বিদ্যুতের সাহায্যে চল উত্তোলন করে ফলন বাড়াচ্ছে। মিনিডিপটিউবওয়েল, টিউবওয়েল এগুলো বসিয়ে গ্রামীণ অর্থনীতি অনেকটা চাঙ্গা হয়েছে। গ্রামের মানুষকে এখন আর খাদ্যের সন্ধানে ঘর-বাড়ি ছেড়ে গ্রামের বাইরে যেতে হয় না, দেশ-বিদেশ যেতে হয় না। তারা এখন নিজেদের জমিতে চাষ করে নিজেদের পায়ে দাঁড়িয়েছে, ক্ষেতমজুররা চাষের এলাকায় গিয়ে জীবন জীবিকার স্বার্থে দিনমজুরের কাজ করতে যাচ্ছে। বিদ্যুৎ সংযোগের ফলেই এ সবই সম্ভব হয়েছে। গ্রামীণ বিদ্যুৎ পর্ষদ গঠন করে গ্রামাঞ্চলে বিদ্যুৎ আরও পৌঁছে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। গ্রামের মানুষ যাতে বিদ্যুৎ পরিষেবা পায় তার জন্য রাজ্যসরকার মিনিমাম টার্গেট ঠিক করেছেন কিন্তু আমরা লক্ষ করছি যে, সব গ্রামের সব পাড়ায় বিদ্যুৎ যায় নি। গ্রামের যে সব জায়গায় বিদ্যুৎ যায়নি সেখানকার মানুষ বিদ্যুতের জন্য বলেছে — সেই সব জায়গায় বিদ্যুতের জন্য একস্‌টেন্‌শন্ লাইন দ্রুততার সঙ্গে দিতে হবে। আগে আমরা গ্রামের মানুষের কাছে যখন যেতাম মানুষ খেতে চাইত, পড়তে চাইত, কাপড় চাইত। কিন্তু এখন তারা কেউ খেতে পরতে চায় না। তারা চায় রাস্তাঘাট এবং বিদ্যুৎ। এই যে চাহিদা, যে বিদ্যুতের ফলে মানুষ জীবন-জীবিকা নির্বাহ এবং রোজগার করতে পারে। মানুষের জীবনকে আরও উন্নত করতে পারে। তাই বিদ্যুতের প্রয়োজনীয়তা বেড়েছে। সেই জন্য এই এক্সটেনশান লাইনগুলিকে দ্রুত চালু করতে হবে। বিদ্যুৎ কে না চায়, সকলেই বিদ্যুথ চায়। একটা পোলের জন্য ৩ জন কনজিউমারের প্রায়োজন। তা না হলে তার টাঙানো যাবে না। গ্রামে সাধারণতঃ নিম্নমধ্যবিত্ত মানুষের বাস। তাই ৭ হাজার ৮ হাজার টাকা দিয়ে পোল কেনা সম্ভব নয়। এবং পোল কিনলেও তারপর খুঁটি পুঁতে কনজিউমার না হওয়ার ফলে পড়ে আছে তার টাঙানো হচ্ছে না। এস.সি. এলাকায় একই অবস্থা ফলে ক্ষোভ পাড়ে। পোল পোঁতা, তারপর তার টাঙানো, তারপর যারা গ্রাহক হবে, যার প্রয়োজন আছে সে তো নেবে। বিদ্যুৎ সকলেই নিতে চায়, কিন্তু আর্থিক সঙ্গতি না থাকার ফলে সকলে নিতে পারছে না। সে দিকে লক্ষ্য রাখতে হবে। আর একটা বিষয়ে বলছি যে, গ্রামে যে গ্রুপ অফিস আছে তাদের কাজ যেভাবে বাড়ছে

প্রতিদিন এবং গ্রাহকের সংখ্যা বাড়ছে লোড বাড়ছে। তাই একটা গ্রুপ সাপ্লাই অফিসের পক্ষে বিস্তীর্ণ এলাকায় একটি ব্লকে যেখানে ৫০, ৬০, ৭০, ৮০ টি মৌজা আছে যেখানে দেড় লক্ষ থেকে ২ লক্ষ লোকের বাস সেখানে তাদের পক্ষে সামাল দেওয়া সম্ভব নয়। তাই বিদ্যুৎ পরিষেবাকে আরও মানুষের কাছে পৌঁছে দেওয়ার জন্য এই গ্রুপ সাপ্লাই আরও বাড়াতে হবে। গ্রাম-গঞ্জ এলাকায় বিদ্যুৎ দেওয়ার জন্য আপনি অনেক সাব স্টেশন তৈরি করেছেন। ১৩৩ কে.ভি এবং ২২৫ কে. ভি র সাব স্টেশন তৈরি করেছেন। কিন্তু অনেক ক্ষেত্রে আমরা জানি যে একটা এলাকার যে বিদ্যুতের চাহিদা সেই চাহিদা মোতাবেক সাব স্টেশন নেই। এ যে এম.ভি.এ মেশিন আছে তার ক্যাপাসিটি ঠিক মত নেই। ইলেকট্রিসিটির যে ডিমান্ড ২ হাজার, আড়াই হাজার ইউনিট, সেখানে যে মেশিনগুলি আছে তার ক্যাপাসিটি হচ্ছে ৩ শত এম.ভি.এ। সেটাকে বাড়িয়ে ৬ শত এম.ভি.এ করলে মানুষের চাহিদা পুরণ হবে। এদিকে লক্ষ্য রাখতে হবে। এই সরকারের প্রচেষ্টায় সব চাইতে পিছিয়ে পড়া এলাকা সুন্দরবন এলাকায় সেখানে বিদ্যুৎ মানুষের কাছে পৌঁছে দেওয়ার জন্য কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সৌরশক্তি, বায়োমাস, ইত্যাদিকে কাজে লাগিয়ে পদ্ধতিতে কাজে লাগিয়ে বৈজ্ঞানিক পদ্ধতিকে কাজে লাগিয়ে সেখানকার মানুষের, সেই দূরবর্তী এলাকায়, বিচ্ছিন্ন এলাকায় যেখানে রাস্তাঘাট নেই, যোগাযোগ বিচ্ছিন্ন সেই প্রত্যন্ত এলাকায় যাতে বিদ্যুৎটাকে সহজে দেওয়া যায় সেটা হবে এবং সেইসব জায়গায় বিদ্যুৎ দেওয়ার যে প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে বা হচ্ছে, যাতে মানুষ একটু পরিষেবা পায় সেটা দেখতে হবে। পশ্চিমবঙ্গের মানুষের কাছে বিদ্যুতের যে চাহিদা সেই চাহিদা অনুযায়ী বিদ্যুৎ দেওয়ার ক্ষেত্রে ঘাটতি থেকে গেছে। তবে এই ব্যাপারে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। গ্রাম অঞ্চলে সাবমারসিবল কানেকশান দেওয়া হচ্ছে। যারা নিচ্ছেন তাদের কাছে এটাকে ভর্তুকিতে দেওয়া হচ্ছে। এর জন্য এস.এস কে পয়সা দেওয়া হচ্ছে। কিন্তু চাষিদের কাছ থেকে বিশাল টাকা নিচ্ছেন এই কানেকশান দেওয়ার ক্ষেত্রে বিঘা প্রতি, একর প্রতি হাই রেটে ওদের দিচ্ছে কিন্তু সরকারের কাছ থেকে ভর্তুকি পাচ্ছে, চাষির কাছ থেকে টাকা আদায় করছে বেশি হারে।

[3.00–3.10 p.m.]

এটা আপনার দপ্তরের মধ্যে পড়বে কিনা আমি জানি না কিন্তু এটা সরকারকে দেখতে হবে। সেচের কাজে ব্যবহার করার জন্য চাষীরা যাতে সরকারী হারে বিদ্যুৎ পেতে পারে সেদিকে অবশ্যই লক্ষ্য রাখতে হবে। আর আমি বেশী কিছু বলতে চাই না। বিদ্যুৎ পরিষেবা আরো বেশী করে পৌঁছে দেবার ব্যবস্থা করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটু উদ্যোগী হতে অনুরোধ করছি। সাথে সাথে তাঁকে আরো অনুরোধ করছি, তিনি একটু দেখবেন যাতে চাষীরা চাষের কাজে সহজেই বিদ্যুৎ সংযোগ পেতে পারে। সেটা দেখতে হবে। গ্রামের এক্সটেনশন লাইনগুলির দিকে লক্ষ্য রাখতে হবে। এম.পি, ল্যাড-এর টাকা এবং এম,এল,এ দের উন্নয়ন ফান্ডের টাকা যখন বিদ্যুতের জন্য বরাদ্দ করা হচ্ছে তখন সরকারী পদ্ধতির জটিলতার জন্য সেই টাকার কাজ হতে দু' তিন বছর লেগে যাচ্ছে। সেই জটিলতা দূর করা প্রয়োজন। জটিলতা দূর করে দ্রুত সেই টাকা ব্যয় করে বিভিন্ন স্কিমগুলি যাতে কার্যকরী করা যায় তার জন্য আমি

মাননীয় মন্ত্রী মহাদয়কে উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ করছি। এই ক'টি কথা বলে, এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত কুমার মাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎ মন্ত্রী ২০০৩-২০০৪ সালের বিদ্যুৎ খাতের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে, বিরোধী দলের পক্ষ থেকে এবং কংগ্রেস দলের পক্ষ থেকে আনীত কাট্ মোশানগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, আমরা সকলেই জানি বিদ্যুতের দাম দিনের পর দিন কি ভাবে বেড়ে চলেছে। অথচ বিদ্যুৎ সরবরাহ সম্বন্ধে পশ্চিমবাংলার সর্বত্র মানুষ ক্ষুব্ধ। তাদের সেই ক্ষোভের কথা আমরা প্রতিদিনই শুনতে পাচ্ছি। লোড শেডিং-এর জ্বালায় মানুষ অতিষ্ঠ। বামফ্রন্ট রাজত্বকালে বিদ্যুতের অভাব এক সময় এ রাজ্যে বহু কল-কারখানা অচল হয়ে গিয়েছিল বহু শিল্পপতি লোডশেডিং-এর দাপটে পশ্চিমবাংলা থেকে তাঁদের শিল্প গুটিয়ে নিয়ে চলে গেছেন। অনেক শিল্পপতি শুধু বিদ্যুতের কথা ভেবে পশ্চিবাংলায় শিল্প করতে আসেননি। স্যার আমরা লক্ষ করছি রাজ্য সরকারের আর্থিক সংকটের জন্য বিভিন্ন দপ্তরের ব্যয় বরাদ্দের পরিমাণ যখন হ্রাস পাচ্ছে তখন বিদ্যুৎ খাতে বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে। মাননীয় বিদ্যুত মন্ত্রী মহাশয়, আশা করব আপনি একটা প্রশ্নের জবাব দেবেন — আপনি প্ল্যানে রেখেছেন ২,২৩১ কোটি ২৫ লক্ষ ৫৫ হাজার টাকা। অথচ আপনার লোন ১,২৪১ কোটি ৩৮ লক্ষ টাকা। তাহলে আপনার নিজস্ব ফান্ডের পরিমাণ হচ্ছে ৯৮৯ কোটি ৮২ লক্ষ ৫৫ হাজার টাকা। এই যে বিপুল পরিমাণ টাকা আপনি লোন করেছেন, এটা আপনি কি তবে শোধ করবেন? এই জবাবটা একটু দেবেন। আজকে বিদ্যুৎ এমনই একটা জিনিস যে, এর সংগে প্রান্তিক চাষি থেকে শুরু করে, বেকার যুবক-যুবতী, প্রতিটি স্তরের সাধারণ মানুষ যুক্ত। আজকে প্রতিটি মানুষ কোন না কোন ভাবে বিদ্যুতের ওপর নির্ভরশীল। অথচ পশ্চিম বাংলায় দিনের দিন বিদ্যুৎ ক্ষেত্রে অবনতি ঘটেছে। আপনার কাছে আমি জানতে চাইছি, আপনি আপনার জবাবী ভাষণের মধ্যে দিয়ে বলবেন যে, ক্রস-সাবসিডির কি অবস্থা, এ ক্ষেত্রে আপনি কি ব্যবস্থা নিয়েছেন। খেটে খাওয়া মেহনতি মানুষদের জন্য, যে সব মানুষ কুটির শিল্পে বিদ্যুৎ ব্যবহার করে কোন রকমে জীবিকা নির্বাহ করে তাদের জন্য বিদ্যুতের কি রেট হবে, বিদ্যুৎ দপ্তর সে বিষয়ে কি ভাবছে তা দয়া করে আপনি আমাদের একটু বলবেন। বিদ্যুতের দাম যে ভাবে বেড়ে চলেছে তাতে গরীব মানুষের পক্ষে বিদ্যুৎ ব্যবহার অসম্ভব হয়ে পড়ছে। এ রাজ্যে বিদ্যুতের যে পরিমাণ ট্রানমিশন লস হচ্ছে সে পরিমাণ ট্রান্সমিশন লস ভারতবর্ষের আর কোন রাজ্যে হয় কিনা আমি জানিনা । পরিসংখ্যান দিয়ে এটা আপনি একটু বলবেন। কিন্তু আমরা এটা দেখেছি যে, ভারতবর্ষের বিভিন্ন রাজ্য এই লস প্রায় ১৪% কমিয়ে নিয়ে এসেছে। কিন্তু আপনার ট্রান্সমিশন লস প্রায় ২৬ পারসেন্ট । বিদ্যুৎ যেখানে তৈরী হচ্ছে সেখান থেকে অন্য জায়গায় সাপ্লাই দিতে গিয়ে এস ট্রানমিশন লস হয় এবং এরজন্য ক্ষয়-ক্ষতি ২৬ পারসেন্ট। আজকে বিদ্যুতের দাম যেভাবে বাড়ছে এই ট্রান্সমিশন লসও একটা কারণ হয়ে দেখা দিয়েছে। আজকে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড যেভাবে অনিয়ম এবং দুর্নীতি করে চলেছে তার ফলে রাজ্যস্তর থেকে জেলাস্তর পর্যন্ত একটা প্রতিবাদের

আওয়াজ উঠেছে। আজকে বিধানসভায় দাঁড়িয়ে আপনি বলবেন, এই অনিয়ম এবং দুর্নীতি মুক্ত করতে আপনি কি ব্যবস্থা নিতে পেরেছেন? আপনি কতজন বিদ্যুৎ দপ্তরের কর্মচারী বা অফিসারকে শাস্তি দিতে পেরেছেন এবং এদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন? কারণ একটা মানুষ তার পয়সা খরচ করে, ধান বিক্রি করে কিম্বা অন্যান্য কায়িক পরিশ্রম করে বিদ্যুতের বিল মেটাবে আর আর একজন মানুষ বিদ্যুৎ না নিয়ে হুকিং করে বিদ্যুতের ব্যবস্থা তার বাড়িতে চালু রাখবে - এটা মোটেই ঠিক নয়। বিশেষ করে যে সমস্ত ক্রাসার মেশিন আছে সেই ক্রাসার মেশিনের মালিকদের সঙ্গে বিদ্যুৎ দপ্তরের কর্মচারীদের একটা যোগ আছে, সমস্ত পাওয়ার তারাই সাপ্লাই নেয়, যার ফলে গ্রাম-বাংলার বহু মানুষের বাড়িতে আজকে সঠিকভাবে বিদ্যুৎ পৌছায়নি আর যদিও বা পাওয়ার যায় তাও আলোগুলি মিটিমিটি করে জ্বলে। আমরা এর বিরুদ্ধে বার বার করে ডিস্ট্রিক্ট সুপারইনটেন্ডিং ইঞ্জিনিয়ার এবং ডিভিশনাল ইঞ্জিনিয়ারকে বলেছি, কিন্তু কোন প্রত্যুত্তর পাইনি। ক্রাসার মেশিন বে-আইনীভাবে চালানোর ফলে কেন গ্রামবাংলার মানুষ বিদ্যুৎ থেকে বঞ্চিত হচ্ছে সেকথা আপনাকে বলতে হবে? বে-নিয়মভাবে এই সমস্ত ক্রাসার মেশিন চালানোর জন্য বিদ্যুৎ দপ্তরের কর্মচারীদের বহু টাকা দিতে হয়। অভিযোগ করেও এর প্রতিবিধান হয়নি। চাষিদের ক্ষেত্রে এই বিদ্যুৎ একটা ভয়াবহ ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। নতুন করে কানেকশন নিতে গেলে ১১ হাজার টাকা জমা দিতে বলেছেন। ক্ষুদ্র চাষী থেকে আরম্ভ করে প্রান্তিক চাষীদের মুর্শিদাবাদে এক রকম রেট ছিল। বীরভূমে আর একরকম রেট ছিল, মালদায় আর এক রকমের রেট ছিল। অনেক চিৎকার-চেঁচামেচি করার পর সব জায়গায় সার্কুলার পৌছে গেছে যে এই টাকা জমা দিতে হবে। আপনারা তো প্রান্তিক চাষীদের সরকার বলেন, ক্ষুদ্র চাষীদের সরকার বলেন, মেহনতি মানুষের সরকার বলেন, কৃষকের সরকার বলেন, কিন্তু কৃষকদের স্বার্থ কিভাবে রক্ষিত হবে, তারা কিভাবে বাঁচবে তা ভাবেন নি? এই সম্পর্কে দয়া করে জানাবেন। তেল এবং কয়লা দিয়ে বিদ্যুৎ উৎপাদন হয়। আপনি জানেন, এই কয়লার একটা সীমারেখা আছে, আপনি বেশীদিন কয়লা তুলতে পারবেন না, একদিন শেষ হয়ে যাবে। অপরদিকে কয়লার দাম বাড়ছে, তেলের দামও বাড়ছে। ফলে কয়লা এবং তেল দিয়ে যে বিদ্যুৎ উৎপাদন করছেন তাতে বহু গোলমাল হতে পারে, এক্সপ্লোশন হলে বহু মানুষের ক্ষয়-ক্ষতি হবে। নিউক্লিয়ার পাওয়ার স্টেশন তৈরীর ব্যাপারে সরকারের কোন সিদ্ধান্ত আছে কিনা জানাবেন? কারণ ফ্রান্সে - আপনার কাছে নিশ্চয়ই স্টাটিসটিক্স আছে, বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী হিসাবে আপনি নানা ধরনের স্টাটিসটিক্স পান - সেই ফ্রান্সে ৭০ পারসেন্ট পাওয়ার নিউক্লিয়ার পাওয়ার স্টেশনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। আপনি সেই ব্যবস্থা কোন অবস্থার মধ্য দিয়েই করতে পারেননি। আপনি বলেছেন, ৬৭ পারসেন্ট গ্রামে বিদ্যুৎ পৌছে দিয়েছেন। আপনি লক্ষ করে দেখবেন, সরকারী পক্ষের প্রত্যেকটি মাননীয় সদস্য আপনার দপ্তরের বাজেটকে সমর্থন করলেও পরোক্ষভাবে তাঁরা বিদ্যুতের ত্রুটির কথা বলেন। একজন বিধায়কের মুখে শুনতে পাবেন না যে আপনি অনেক ভাল কাজ করেছেন তারজন্য আপনাকে ধন্যবাদ জানাই। তারা এই বাজেটকে সমর্থন করলেও — তারা সমর্থন করতে বাধ্য, তানাহলে তাদের তাড়িয়ে দেবেন, গণতন্ত্র বলে তো কিছু নেই-কিন্তু লক্ষ করবেন, তারা সমস্যায় সমস্যায় জর্জরিত হয়ে গেছে।

[3.10–3.20 p.m.]

৩৮ হাজার গ্রামে আপনি বিদ্যুৎ পৌঁছে দেওয়ার কথা বলেছেন, আমি আপনাকে বলছি আপনি গ্রামে বিদ্যুৎ পৌঁছে গিয়েছে বলে দাবি করলেও অনেক গ্রামেই কিন্তু সম্পূর্ণভাবে বিদ্যুৎ পৌঁছায়নি। ধরুন যেখানে ১৫০ টি খুঁটি বা পোল লাগবে সেখানে ১০ টা পোল দিয়ে একটা অংশে বিদ্যুৎ নিয়ে গিয়েই আপনি বলছেন যে টোটাল গ্রামে বিদ্যুৎ পৌঁছে গিয়েছে এবং এইভাবে ভারতবর্ষের মানুষের কাছে একটা ইতিহাস তৈরি করে আপনি দেখাতে চাইছেন যে, আমাদের এখানকার বিদ্যুত দপ্তর দেখুন কত সাফল্য অর্জন করেছে, আমরা ৩৮ হাজার গ্রামের মধ্যে ইতিমধ্যেই ৬৭ পরসেন্ট গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিয়েছি এবং ১০ম পরিকল্পনার মধ্যেই সব গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেব। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনাকে আমি বলব, যে সব গ্রামে আপনি বিদ্যুৎ নিয়ে গিয়েছেন আগে সেইসব গ্রামের বিদ্যুতের কাজটা কমপ্লিট করুন কারণ বহু গ্রামেই অর্ধেক বা তার চেয়ে কম কাজ হয়ে পড়ে আছে, আপনি চেষ্টা দেখাচ্ছেন বিদ্যুদয়ন হয়েছে বলে। আপনি আগে সেই কাজটা কমপ্লিট করুন আপনাকে আমরা সমর্থন করবো তারপর অন্য কাজ ধরবেন। এর পর মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টিতে একটি বিষয় আনছি। রিসেন্টলি বিদ্যুৎ দপ্তর থেকে একটি সার্কুলার গিয়েছে বা ইন্সট্রাকশন গিয়েছে যে বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের টাকায় গ্রামে বিদ্যুৎ নিয়ে যাওয়ার জন্য যে সব স্কিম হবে সেখানে মিনিমাম দু লক্ষ টাকার কমের কোন স্কীম নেওয়া যাবে না। এটা কেন হবে? ধরুন একটা গ্রামে বিদ্যুৎ গিয়েছে, সেখানে ১০টা পোল দেওয়া হয়েছে আরও ২০ টা পোল দিলে সমস্ত গ্রামটা বিদ্যুদয়ন হয়ে যায়, সেই জায়গায় কোন বিধায়ক যদি তার তহবিলের টাকা থেকে এ' কাজটা করতে চান যেটা দু লক্ষ টাকার অনেক কম টাকার স্কীম তাহলে কেন তাকে সেই কাজটা করতে দেবেন না? কেন আপনি তাতে বাধা দেবেন? কেন আপনি বলবেন যে দু লক্ষ টাকার কমে কোন স্কীম নেওয়া যাবে না? এ সম্পর্কে আপনার জবাব পেলে আমরা খুশি হব। এই বলে বাজেটের বিরোধিতা করে, কাটমোশানগুলি সমর্থন করে শেষ করছি।

শ্রী সেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয় তার দপ্তরের যে বাজেট পেশ করেছেন তা পরিপূর্ণভাবে সমর্থন করে এবং বিরোধীদের কাটমোশানগুলির বিরোধীতাকে করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। আমরা জানি মানুষের জীবনযাত্রার মান উন্নয়নের ক্ষেত্রে বিদ্যুৎ একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। মানুষের বিদ্যুতের চাহিদার সঙ্গে সংগতি রক্ষা করার জন্য আমরা দেখছি আমাদের বামফ্রন্ট সরকার বিদ্যুত উৎপাদন বাড়ানোর জন্য নিরলস প্রয়াস চালিয়ে যাচ্ছেন যাতে মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছে দেওয়া যায়। গত ২৬ বছর ধরে সরকার এখানে একের পর এক সেই কাজই করে চলেছেন। তার কারণ, আমরা জানি, বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা যদি না বাড়ানো যায় তাহলে পশ্চিমবঙ্গের ব্যাপক অংশের মানুষের মধ্যে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হবে না। তাই সরকার বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থার উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করেছেন। বিদ্যুৎ উন্নয়ন নিগম জে.বি.আই.সি ঋণের সহয়তায় বক্রেশ্বরে চতুর্থ ও পঞ্চম ইউনিটের কাজ দ্রুততার সঙ্গে শুরু

করেছেন, এটা দ্রুত শেষ হবে বলে আশা করা যায়। সাগরদীঘিতে তাপ বিদ্যুৎ প্রকল্পের কাজও শুরু করা হচ্ছে, সাঁওতালদি তাপ বিদুৎ কেন্দ্রে নতুন একটি ২৫০ মেগাওয়াটের ইউনিট স্থাপনের প্রস্তাব জে.বি.আই.সি-র ঋণের সহায়তায় করা হচ্ছে। পুরুলিয়াতে পাম্প স্টোরেজ প্রকল্প করা হচ্ছে। বিরোধী পক্ষের সদস্যরা বলছেন যে, বামফ্রন্ট সরকারের বিদ্যুৎ বিভাগ কাজ করছে না অথচ সারা পশ্চিমবাংলার দিকে তাকালেই দেখা যাবে যে প্রত্যন্ত গ্রামগুলিতে পর্যন্ত বিদ্যুৎ পৌঁছে গিয়েছে। সাফল্যগুলি একটার পর একটা খতিয়ে দেখলেই ওরা সেটা বুঝতে পারবেন।

আজকে বেকার যুবক-যুবতী যারা প্রধানত ক্ষুদ্র কুটির শিল্পের উপর নির্ভরশীল হয়ে থাকে, তাদের কাছে বিদ্যুৎ পৌঁছে গেছে। বিদ্যুৎ পৌঁছে গেছে প্রধান অর্থকরী ফসল উৎপাদনের ক্ষেত্রে ব্যবহারকারী পাম্পসেটগুলোতে। আগে পাম্প সেটগুলো যন্ত্রচালিত ছিল, পেট্রোল ডিজেলের দ্বারা চালিত ছিল, সেখানে আজকে বিদ্যুৎ সংযোগের মাধ্যমে চালিত হচ্ছে। কৃষি কার্য রূপায়নের ক্ষেত্রে বিদ্যুৎ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গ্রামে বিদ্যুতের ক্ষেত্রে আমরা দ্রুত গতিতে চললেও আমাদের লক্ষ্যমাত্রা ঠিক আছে। দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা আমাদের ৩৭ হাজার গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেব প্রতি বছর। আমরা প্রতিটি গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিয়ে বিদ্যুদয়নের কাজ যেমন করে থাকি তেমনি নিবিড়করণের কাজ আমরা করে থাকি। এলাকায় নিবিড়করণের কাজ করতে গিয়ে এক-একটা জায়গায় যেখানে কিছু মৌজা বাকি থেকে গেছে সেখানে গুরুত্ব সহকারে সেখানে কাজ করে যাচ্ছি। মাননীয় বিরোধীপক্ষের সদস্যরা আজকে বিভিন্ন রকম কথা বলছেন, ২৫ বছর যখন ওনারা রাজত্ব করেছিলেন, আমাদের গ্রামবাংলায় বিদ্যুৎ ব্যবস্থাকে সবল করার জন্য তাঁরা কি উদ্যোগ নিয়েছিলেন সেটা পশ্চিমবাংলার মানুষ জানে। প্রধানত শহরকেন্দ্রিক বিদ্যুতের ব্যবস্থা করেছিলেন। গ্রামে খুঁটি পুঁতে বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা তাঁরা করেন নি। সেই দিক থেকে বামফ্রন্ট সরকার গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিয়েছে, প্রত্যন্ত গ্রাম এলাকায় পৌঁছে দিতে পেরেছে, গ্রামের মানুষের কাছে বিদ্যুৎ পরিষেবাকে পৌঁছে দিতে পেরেছে। তার ফলে আজকে বিদ্যুৎ গ্রাহকের সংখ্যা ৪ কোটি ২৫ লক্ষ-তে পৌঁছেছে। আমি কয়েকটি প্রস্তাব মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাইছি। আজকে মানুষের চাহিদা অফুরন্ত। চাহিদার শেষ নেই। বাস্তব হচ্ছে কি আজকে লোডশেডিং হচ্ছে লো ভোলটেজ হচ্ছে। সেই জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করবো, আমাদের বিধায়কদের এলাকা উন্নয়নের জন্য যে অর্থ বরাদ্দ করা হয় সেই বরাদ্দকৃত যেটা বিদ্যুৎ খাতে ব্যয় করার জন্য দেওয়া হয় সেই কাজ যাতে দ্রুততার সাথে সম্পন্ন হয় সেটা যেন তিনি দেখেন। এই কথা বলে বাজেটকে সমর্থন করে, কাট মোশানগুলোর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শোভেনদেব চট্টোপাধ্যায় : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, বিদ্যুৎ মন্ত্রী ২০০৩-০৪ সালের জন্য ৪৩ নম্বর দাবির স্বপক্ষে যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করছেন সেই দাবি বিরুদ্ধে আমি বক্তব্য রাখছি। আমাদের বিরোধীদের আনা কাট মোশানগুলোকে সমর্থন করছি। স্যার, যে ব্যয়-বরাদ্দের দাবি উনি করেছেন ২০০৩-০৪ সালের জন্য ২২৩১ কোটি ২০ লক্ষ ৫০ হাজার টাকা, গত বছর যে বাজেট বরাদ্দ পেশ করেছিলেন তার থেকে প্রায় ১ হাজার কোটি

টাকা বেশি। কিন্তু যদি স্ট্যান্ডিং কমিটির রিপোর্ট দেখেন তাহলে দেখবেন যে গত বছর যে বাজেট বরাদ্দ ছিল সেই বরাদ্দ খরচ করতে পারেন নি। তার উপর রিপোর্টে পরিষ্কার বলা আছে ২০০২-০৩ সালে ১২৯১ কোটি ৯৮ লক্ষ ৭৬ হাজার টাকা যে বরাদ্দ হয়েছিল তার মধ্যে ৬৩৩ কোটি ৩২ লক্ষ ৮১ হাজার ৬০০ টাকা খরচ করতে পেরেছেন। আমরা দেখতে পাচ্ছি ২০০২-০৩ সালের যে ব্যয়-বরাদ্দ ছিল তার অর্ধেকেরও কম টাকা প্রকৃতপক্ষে বরাদ্দ করা সম্ভব হয়েছে। রাজ্য সরকার আর্থিক দিক থেকে যে দেউলিয়া হয়ে গেছে সেটা বোঝা যাচ্ছে। একটা রাজ্যের মূল উন্নয়নের কথা হচ্ছে বিদ্যুদায়ন। আমাদের মাননীয় সদস্য সৌগতবাবু লেনিনের কথা উল্লেখ করেছেন, আগে আমিও বহুবার উল্লেখ করেছি। তিনি বলেছিলেন, বিপ্লবের পরবর্তীকালে যে সভ্যতার বিকাশে বিদ্যুৎই সবচেয়ে বড় ভূমিকা পালন করতে পারে। ২৬ বছর ক্ষমতায় থাকার পরেও সবচেয়ে বেশী যে দপ্তরকে এগিয়ে নিয়ে যাওয়ার কথা সেই দপ্তরের ক্ষেত্রে আপনারা চরম ব্যর্থ। টাকা বরাদ্দ করেছে যেটা তার অর্ধেক টাকা আপনারা খরচ করতে পারেন নি।

[3.20–3.30 p.m.]

আমি স্যার, কেন্দ্রীয় সরকারের বিদ্যুৎ দপ্তর সম্পর্কে যে পার্লামেন্টারী কমিটি আছে, তাঁরা যে রেকমেন্ডেশন করেছিলেন যে, কি করা উচিত, কি করলে সারাদেশে বিদ্যুতের যে অবস্থা, বিদ্যুতের যে চাহিদা তা পূরণ করা সম্ভব হবে, সেইটা আমি মাননীয় মৃণালবাবুকে বলতে চাই। তিনি তাহলে এটা উপলব্ধি করতে পারবেন। স্ট্যান্ডিং কমিটি যা বলেছিল, মূল সমস্যা সম্বন্ধে যেগুলো বলেছিল এবং তার জন্য যে রেককমেন্ডেশান দিয়েছিল, যার মাধ্যমে এই সমস্যা থেকে বেরিয়ে আসতে পারা সম্ভব হবে, সেগুলো হচ্ছে Inadequate power generation capacity, lack of optimum utilisation of the existing generation capacity, lack of grid discipline, inadequate inter-regional transmission links, inadequate and aging sub-transmission and distribution network, large scale theft and skewed tariff structure, slow pace of rural electrification, inefficient use of electricity by the end consumers.

এগুলো মূল সমস্যা। এটা সর্বভারতীয় সমস্যা, যারমধ্যে আমাদের দেশ পড়ে, আমরাও পড়ি। এই সমস্যা থেকে বেরিয়ে আসার জন্য তাঁরা কতগুলো রেকমেন্ডেশন দিয়েছিলেন - Generation is being delicensed and captive generation is being freely permitted. Hydro projects would, however, need approval of the state Government and clearance from the Central Electricity Authoritywhich would go into the issues of dam safety and optimal utilisation of water resources.

এছাড়া অনেকগুলো রেকমেন্ডেশন ছিল। সেই রেকমেন্ডেশনগুলো আপনি কার্যকরী করতে পারবেন কিনা তা আপনি আমাদের বলবেন। মুখ্যত আমাদের যা বলা দরকার, বিদ্যুৎ

সম্পর্কে বিশেষ একটি গোষ্ঠীর মালিককে ফেভার করতে গিয়ে আজকে রাজ্যকে এই অবস্থায় নিয়ে এসেছেন। রাজ্যের মানুষকে একটা অসহায় অবস্থার মধ্যে নিয়ে এসেছেন। আপনার আগে বিদ্যুৎ মন্ত্রী ছিলেন ড. শংকর সেন। তিনি চলে গেলেন। তিনি গোয়েংকাকে একশো কোটি টাকা পাইয়ে দেবার ব্যাপারে আপত্তি তোলার ফলে প্রাক্তন মুখ্যমন্ত্রীর বিরাগভাজন হয়েছিলেন। তিনি চলে যাবার পরে আপদিও প্রাক্তন মুখ্যমন্ত্রীর লাইনেই হাঁটছেন। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন টারিফ বাড়াবার ফলে যে কেস হয় তা সুপ্রিম কোর্টে যায়। আমরা আপনাদের সেই কেসে পার্টিসিপেট করতে বলেছিলাম। কিন্তু আপনারা করলেন না। সুপ্রিম কোর্ট যে রায় দিল, পারস্পরিক যে ভর্তুকি ছিল সেটা উঠে যাওয়ার ফলে পাওয়ার কনজাম্পশনের ক্ষেত্রে বড়লোকদের সুবিধা হলো। যেটা কমে গেল, এতদিন যে টাকা দিয়ে এসেছেন, সেই টাকাটা তাঁরা রিফান্ড পাবেন। আর যাঁরা কম দিয়েছিলেন, পশ্চিমবাংলার অধিকাংশ মানুষকে তাঁদের পুরনো এরিয়ার সমেত ৩,৯০ টাকা রেটে নতুন করে শোধ করতে হবে। ব্যক্তিগত একটা পার্টিকুলার হাউসকে সমর্থন করতে গিয়ে, এখানে কেন্দ্রীয় সরকারের যে রেকমেন্ডেশান আছে, এখানে ইলেকট্রিসিটি উৎপাদন করার জন্য কোন শিল্পপতিকে যদি ব্যবসা করার সুযোগ দিতেন, তাহলে একটা নতুন কম্পিটিশন আসতে পারতো। কিন্তু তা না করে আপনারা ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে মনোপলি ব্যবসা করার সুযোগ দিয়ে রেখেছেন। কিন্তু এখানে যদি নতুন কোন শিল্পপতিকে ব্যবসা করার সুযোগ দিতেন তাহলে গুড কোয়ালিটি অফ ইলেকট্রিসিটি পেতেন। এখানে নতুন করে একটা প্রতিযোগিতার বাজার তৈরি হতে পারতো। তাতে পশ্চিমবাংলার যাঁরা গ্রাহক তাঁরা লাভবান হতে পারতেন। আজকে আমার একটা প্রশ্ন ছিল। এখানে আপনি বলেছেন, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের কাছে যে বকেয়া রাজ্য সরকার পায় বা এসইবি পায় - সেটা এক হাজার কোটি টাকার বেশি। এখানে, আমার যে প্রশ্ন ছিল তার উত্তরে আপনি বলেছেন ৫০৩ কোটি ২৫ লক্ষ ২৮ হাজার টাকা। আমি ঠিক বুঝতে পারছি না, এই টাকা বিদ্যুৎ পর্ষদের কাছে বকেয়া আছে কিনা আপনি পর্ষদকে বকেয়া ২৪১ কোটি ৫০ লক্ষ টাকা পরিশোধ করে দেবার জন্য সময় নির্দিষ্ট করে দিয়েছেন। এখানে কিছু গোলমাল আছে। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের কাছে রাজ্য সরকার এবং বিদ্যুৎ পর্ষদ উভয়ে মিলে যে টাকা পায়, আমার মনে হয়, এখানে তথ্যে কিছু কারচুপি আছে। এটা ক্লিয়ার করা দরকার। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে ফেভার করছেন। তাদের কাছে যে পাওনা আছে, তারা সঠিক তথ্য দিচ্ছে না কেন? আগে আমাদের পাওনা ছিল এক হাজার কোটি টাকারও বেশি, সেখানে আপনি বলছেন ৫০৩ কোটি ২৫ লক্ষ ২৮ হাজার টাকা। তার মধ্যে ২৪১ কোটি টাকা ঋণ শোধ করতে হবে বলে ধার্য করেছেন। আজকে আপনারা বলছেন পশ্চিমবাংলার বিদ্যুৎ আমরা বাইরের রাজ্যের কাছে বিক্রি করছি। কারণ হচ্ছে, বিদ্যুতের যে চাহিদা কনজিউমারদের পুরোপুরি আপনারা বিদ্যুৎ দিতে পারছেন না, সেইজন্যই আপনারা বাইরের রাজ্যে বিদ্যুৎ বিক্রি করছেন। আপনারা মৌজায় মৌজায় বিদ্যুৎ দিতে পারেননি, একটা মৌজায় একটা বা দুটো লাইটের ব্যবস্থা করে আপনারা বলছেন আমরা সেখানে বিদ্যুৎ দিয়ে দিয়েছি। আজকে অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, হিমাচলপ্রদেশ, জম্মু-কাশ্মীর, মহারাষ্ট্র, মেঘালয়, তামিলনাড়ু, গুজরাট এরা সবাই ১০০ শতাংশ বিদ্যুৎ দিতে পেরেছেন গ্রামে, আর

সেখানে পশ্চিমবাংলা হচ্ছে মাত্র ৬৭ শতাংশ। এক্ষেত্রে আপনাদের অবস্থা শোচনীয়। স্যার, বাড়ি বাড়ি বিদ্যুৎ দেওয়ার ক্ষেত্রে আপনাদের অবস্থা আরও শোচনীয়। অধিকাংশ রাজ্যেই বাড়ি বাড়ি বিদ্যুৎ দেওয়ার ক্ষেত্রে এগিয়ে গেছে, আমি ২০০০-২০০১ সালের রিপোর্ট বলছি-গুজরাট ৫৬ শতাংশ বাড়িতে বিদ্যুৎ দিতে পেরেছে, মহারাষ্ট্র ৫৮ শতাংশ বাড়িতে বিদ্যুৎ পেরেছে, পাঞ্জাব ৭৭ শতাংশ বিদ্যুৎ দিতে পেরেছে, তামিলনাড়ু ৪৫ শতাংশ বাড়ীতে বিদ্যুৎ দিতে পেরেছে, সেখানে পশ্চিমবাংলায় মাত্র ১৮ থেকে ২০ শতাংশ বাড়ীতে বিদ্যুৎ দিতে পেরেছেন। এই ক্ষেত্রেও আপনাদের অবস্থা শোচনীয়। গ্রামীণ বিদ্যুতের ক্ষেত্রে একটা জায়গাতেই আপনাদের সাফল্য আছে সেটা হচ্ছে নন-কনভেনশনাল এনার্জি। দক্ষিণ ২৪ পরগনার কয়েকটি অঞ্চলে, যেখানে জলের তলা দিয়ে বিদ্যুতের লাইন নিয়ে যাওয়া সম্ভভ নয়, সেখানে আফনারা বায়োগ্যাস-এর ব্যবস্থা করেছেন। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় এই নন-কনভেনশনাল এনার্জির ক্ষেত্রে আমাদের অবস্থা অনেক ভালো। এটাকে আরও ভালো করবার জন্য আমাদের চেষ্টা করতে হবে। আমি এই পাওয়ার স্ট্যান্ডিং কমিটির সদস্য ছিলাম, এটাকে যাতে আরও ভালো করা যায় সেই ব্যাপারে আপনি দৃষ্টি দেবেন। আমি আপনার কাছ থেকে নিউক্লিয়ার পাওয়ারের বিষয়ে জানতে চাই। আমরা শুনেছি পশ্চিমবাংলায় নিউক্লিয়ার পাওয়ারের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের নাকি আপত্তি ছিল। আধুনিক বিদ্যুতের ক্ষেত্রে এই নিউক্লিয়ার পাওয়ার অন্যতম সেটা সৌগত বাবু বলেছেন। যদি আমাদের টার্গেটে পৌছাতে হয় তাহলে নিউক্লিয়ার পাওয়ার করতে হবে। এই বিষয়ে আপনার বক্তব্য আমরা জানতে চাই। আজকে সকালবেলায় প্রশ্ন এসেছিল হাসপাতালগুলিতে পাওয়ার দেবার ক্ষেত্রে আপনাদের অন্য কোন ব্যবস্থা আছে কিনা। বর্ধমান হাসপাতালে বিদ্যুৎ না থাকার জন্য দু'জন শিশু মারা যায়। পি.জি. হাসপাতালে বিদ্যুৎ ছিল, ক্যানসার হাসপাতালে বিদ্যুৎ না থাকার জন্য ক্যানসার পেশেন্টদের রে দেওয়া যায়নি। হাসপাতালগুলির ক্ষেত্রে আপনার বিশেষ বন্দোবস্ত নেই কেন সেই ব্যাপারে স্পেসিফিক কোশ্চেন আপনার কাছে রেখে এই ব্যয়-বরাদ্দের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পেলব কবী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২২৩১, ২০, ৫৫,০০০ টাকার যে দাবি মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয় ২০০৩-২০০৪ সালের জন্য পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে আমি কয়েকটি কথা এখানে বলতে চাই।

[3.30–3.40 p.m.]

আজকে আমাদের এই বিধানসভায় সৌগতবাবু, শোভনবাবু বিরোধী নেতাদের আলোচনা শোনার সুযোগ আমরা পেয়েছি। গত দুদিন আগে ওঁনাদের গলায় যে ছুঁচো আটকে ছিল, সেটা আমাদের দেশের বিকাশ পুরুষ এসে বার করে দিয়েছেন বলেই তাদের কথা বিধানসভায় আজকে শুনতে পাচ্ছি, বাজেটের উপর তারা আলোচনা করতে পারছেন। মোদ্দা কথা যেটা সৌগতবাবু, শোভনবাবু বলেছেন - বিদ্যুৎ এমন একটা উপাদান, যা একটা দেশ, একটা সমাজকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বড় উপাদান এবং তথ্যপূর্ণ বক্তৃতা দিয়েছেন -কি ভাবে এগিয়ে নেওয়া যেত। ওঁনারা ৩০ বছর এখানে বসেছিলেন, দিল্লীতে বসেছিলেন, সেইসময়

দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার প্রধান উপাদান বিদ্যুৎ নিয়ে কতটা কি করেছেন সেটা বললে ভালো হোত। আজকে বিধানসভায় বলছেন বামফ্রন্ট সরকার গ্রামের মানুষের কাছে বিদ্যুৎ নিয়ে যেতে পারছে না। ১৯৫০ সালে দেশের মোট বিদ্যুৎ উৎপাদন ছিল ১৩৬২ মেগাওয়াট। ১৯৬৬ সালে সোভিয়েত ইউনিয়ন থেকে একটা টিম এসেছিল সার্ভে করতে। তখন সোভিয়েত ইউনিয়ন সদ্য স্বাধীন দেশগুলোকে চাঙ্গা করতে বিপুল ভাবে সাহায্য করেছে। যদিও আপনারা কথায় কথায় ক্যমুনিস্টদের বিরোধিতা করেন, তবুও আমাদের দেশের কোমর সোজা করার ক্ষেত্রে তাদের সহযোগিতাই ছিল বেশী। সেই টিমের রিপোর্ট ছিল, পশ্চিমবাংলায় জলবিদ্যুৎ উৎপাদনের বিরাট সম্ভাবনা আছে। সুইজারল্যাণ্ডের একটা টিম সার্ভে করে বলেছিল এখানে জলবিদ্যুৎ উৎপাদনের বিরাট সম্ভাবনা আছে। তারা একটা রিপোর্টও দিয়েছিল। সেটা মোটামুটি এরকম-তোর্সা-জলঢাকা ৪০০ মেগাওয়াট, জলঢাকা ৪৫০ মেগাওয়াট, তিস্তা ৫৭০ মেগাওয়াট, রায়ডাক ১৫০ মেগাওয়াট, বালাসন ৪০ মেগাওয়াট-এই পরিমাণ বিদ্যুৎ সেখান থেকে উৎপাদন হতে পারে। এই তথ্যগুলো পাবেন 'বেঙ্গল পাওয়ার' ৯ নং ভলিউমে। কিন্তু তদানীন্তন কংগ্রেস সরকার এই দুটো কমিটির রিপোর্টকে ধামা চাপা দিয়ে তাদের নিজস্ব একটা টিম কেন্দ্রীয় সরকারের ইলেকট্রিক সার্ভে কমিটিকে পাঠিয়েছিল এই রাজ্যে। তারা সব কিছু দেখে রিপোর্ট দিয়েছিলেন এখানে মাত্র ১২ মেগাওয়াট জলবিদ্যুৎ উৎপাদন হতে পারে। যদিও তখনই রাজ্যে ৩১ মেগাওয়াট জলবিদ্যুৎ উৎপাদন হচ্ছে। এই হচ্ছে কেন্দ্রীয় সরকারের পশ্চিমবাংলা সম্পর্কে দায়দায়িত্ব। চিরকালই তারা বঞ্চনা করেছে। যারা এপাশে বসে থাকতেন, তারা কি ভাবে এইগুলোকে মেনে নিয়েছিলেন জানি না। আজকে তারাই বিদ্যুতের হিসাব চাইছেন। বিদ্যুতের টাকা নিয়ে তারা নয়-ছয় করেছেন। কোথাও স্টেডিয়াম করেছেন, কোথাও ভালো ভালো বাংলো করেছেন আনন্দ-বিলাস করার জন্য-এই বিদ্যুতের টাকায়। গ্রামে বিদ্যুতের একটা খুঁটি পুঁতে দিয়েই গোটা গ্রামে বিদ্যুদয়ন হয়ে গেছে, এই রিপোর্ট দেওয়া হয়েছে। কোটি কোটি টাকা এই ভাবে নষ্ট করেছেন। আমি একটা চিত্র দিচ্ছি, তাতেই বুঝতে পারবেন আজকে বিদ্যুতের পরিস্থিতি কোথায় গিয়ে পৌঁছেছে। ১৯৭৬-৭৭ সালে রাজ্য বিদ্যুৎ পর্ষদ এবং রাজ্য বিদ্যুৎ উন্নয়ন পর্ষদ ৬৭২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করেছে। আজকে দু হাজার দুই, তিনে এই দুটো সংস্থা ৩ হাজার ১৪৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করেছেন এবং সি.ই.এস.সি ৭৬-৭৭ সালে ৩৭৮ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করতেন। বর্তমানে ২০০৩ সালে ১ হাজার ৬৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করেছেন। ডি-পি.এল ২৮৫ মেগাওয়াট ছিল এখন সেটা হয়েছে ৩৯৫ মেগাওয়াট। মোট ৪ হাজার ৬০৪ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন এখন হচ্ছে। আপনারা জানেন যে রামবামে বিদ্যুৎ উৎপাদন শুরু হয়েছে এবং আরও ছোটো ছোটো বিভিন্ন জায়গায় তোর্সা এবং আরও কতগুলো জায়গাতে শুরু হয়েছে। আমাদের অচিরাচরিত বিদ্যুৎ যেটা হচ্ছে সৌরশক্তি, বায়োগ্যাস উৎপাদিত হচ্ছে এবং যে সমস্ত জায়গায় আজকে সুন্দরবনের মত জায়গায়, দার্জিলিঙের প্রত্যন্ত পাহাড় এলাকায় সেখানে গ্রামগুলোতে বিদ্যুৎ দেওয়া হচ্ছে। আজকে এইরকম একটা অবস্থার মধ্যে দাঁড়িয়ে আপনারা জানেন যে, যে উপাদানটি দেশকে এগিয়ে নিয়ে যাবে তা নিয়ে তাঁদের কোন চিন্তা ছিল না। কিন্তু আমাদের একটা পজিটিভ চিন্তা আছে। আজকে দেখবেন কোলাঘাট তারা শুধু করেছিলেন কিন্তু সেই কোলাঘাটে বিদ্যুৎ উৎপাদন হচ্ছে নতুন করে, ইউনিট বাড়ানোর চেষ্টা হচ্ছে। সাঁওতালদিহিতে বাড়ানোর চেষ্টা হচ্ছে। সাগরদিঘি, বক্রেশ্বরের জন্য আপনাদের

লজ্জা হওয়া উচিত। কি করেছেন আপনারা বক্রেশ্বর নিয়ে। কটূক্তি করেছেন, এমনভাবে আক্রমণ করেছেন সেই ভাষাগুলো আজকে উচ্চারণ করা যায় না। আজকে সেই বক্রেশ্বরের তিনটি ইউনিট চলছে। আরও দুটো চলবে এবং আজকে এইভাবে বিদ্যুৎ উৎপাদনকে এগিয়ে নিয়ে যাবে। হ্যাঁ, এটা স্বীকার্য যে, আমাদের দুর্বলতা আছে। মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বইতে দেখিয়েছেন যে বণ্টন ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য কি বিপুল ব্যবস্থা নেওয়ার চেষ্টা হচ্ছে। নতুন ট্রান্সফরমার বসিয়ে চেষ্টা করা হচ্ছে। বিদ্যুৎ চুরি আটকানোর জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে আপনারা জানেন, কয়েক হাজার কোটি টাকা আমাদের সাশ্রয় হচ্ছে। কয়লার ক্ষেত্রে ই.সি. এলের উপর নির্ভর থাকতে হত। কথায় কথায় তারা হুমকি দিত। আজকে আমরা তাদের উপর নির্ভর করে বসে নেই। এখন একটা জয়েন্ট ভেনচার চলছে। সেই জয়েন্ট ভেনচার থেকে ৭৮ কোটি টাকা আমাদের সাশ্রয় হয়েছে। এবং ৫২ কোটি ৫৩ কোটি টাকা সরকারকে সেস দেওয়া হয়েছে। এই চেষ্টা আমাদের চলছে এবং আজকে বিদ্যুৎ আইন নিয়ে আসা হয়েছে। ভয়ংকর আইন যে এই যে উদারনীতি যে আক্রমণ গরীব মানুষের ওপর এসে পড়বে, সব চেয়ে বেশি ধ্বংসের মুখে দাঁড়াবে গরীব মানুষ। ওরা আজকে সারাদেশে বিদ্যুতের হিসাব দিচ্ছিলেন, বলছিলেন কোন জায়গায় একশো ভাগ বিদ্যুৎ চলে গেছে। গ্রামে কজন মানুষ বিদ্যুৎ ব্যবহার করে সেই হিসাব দিচ্ছিলেন। যারা বিদ্যুৎ ব্যবহার করেছিলেন কেন তাদের বিদ্যুৎ কেটে গেছে, কেন তাদের বিদ্যুৎ সংযোগ অফ করে দেওয়া হয়েছে তা বলছেন না। উড়িষ্যাতে ঘূর্ণিঝড়ে বিদ্যুৎ এর তার ছিঁড়ে গেছে, পোল উপড়ে গেছে। সেখানে যে বিদেশি সংস্থা বিদ্যুৎ সাপ্লাইয়ের দায়িত্ব নিয়েছিলেন, সেগুলো করার জন্য আজকে আর তারা কথা বলছেন না। এখন বলছে যে রাজ্যকে করে দিতে হবে। আজকে এই ধ্বংসাত্মক আইনের কবলে পড়ে এই অবস্থা। আজকে কি হারে বিদ্যুতের দাম বাড়ছে। আজকে গ্রামের ৩০ ভাগ মানুষ বিদ্যুৎ ব্যবহার করে উৎপাদন করেছে। আজকে কোথায় ছিল উৎপাদন। সেখান থেকে ৫ গুণ বৃদ্ধি পেয়েছে কৃষি উৎপাদন। আজকে খাদ্যের জন্য বিদেশের উপর আমাদের নির্ভর করতে হয় না। বিদ্যুতের দাম এমনভাবে বেড়েছে যে অন্য রাজ্যে কৃষককে আত্মহত্যা করতে হচ্ছে। সৌগত বাবু খুব সুন্দর বক্তৃতার মাধ্যমে বলছিলেন বিদ্যুতকে বেসরকারী মালিকদের হাতে দেওয়া হোক। আজকে বেসরকারী মালিকরা ব্যবসা করে লাভ করার জন্য, মুনাফা করার জন্য অন্যান্য রাজ্যগুলোতে কৃষকদের অবস্থা খুবই করুণ এই উদারনীতির ফলে। আজকে আমেরিকা, ব্রিটেন, জাপান এই সমস্ত দেশে কৃষকদের ফসলের উপর ভরতুকি দেওয়া হয়, একশো ভাগ পর্যন্ত ভরতুকি দেওয়া হয়। আজকে ভারতবর্ষের কৃষকরা এক ভয়ংকর অবস্থার মধ্যে পড়েছে। ফসলের দাম পাচ্ছে না। আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে। আজকে বিদ্যুতের উপর যতটুকু ভরতুকি ছিল, সেটা আজকে তুলে দেওয়া হয়েছে। মালিকদের ভরতুকি দেওয়ার ব্যবস্থা হচ্ছে। দিল্লীতে যে রিলায়েন্স টাটা কোম্পানী যারা বিদ্যুৎ সরবরাহ করে সি.ই.এস.সির মত তাদেরকে এবারে ২৬০ কোটি টাকা ভরতুকি দিতে হয়। যে ভরতুকি দিল্লীতে গরীব মানুষ পেত সেটা আজকে ওই মালিকদের হাতে দিতে হচ্ছে। এই জিনিসগুলো আজকে আমাদের বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় আটকানোর চেষ্টা করছেন। আজকে আপনারা জানেন যে, আমাদের যখন পিক আওয়ার নয় সেই সময়ে আমাদের বিদ্যুৎ বেঁচে যায় প্রায় ১৬০ মেগাওয়াট। এই বিদ্যুৎ বিভিন্ন রাজ্যে যায়। একশো ভাগ বিদ্যুৎ গ্রামে

পৌঁছে গেছে, সেই সমস্ত জায়গায় আজকে আমাদের রাজ্যে বিদ্যুৎ বিক্রি করছে। আজকে আমরা যদি এইভাবে চলতে পারি তাহলে ১৬০ নয় আগামীদিনে অন্য রাজ্যগুলোতে আমাদের উপর নির্ভর করে থাকতে হবে। সেই আশা রেখে এই বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় বিদ্যুৎ মন্ত্রী শ্রী মৃণাল ব্যানার্জী২০০৩-৪ এ যে বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের বিরোধীদের আনা কাট মোশনের সমর্থন করছি। স্যার, প্রায় এক মাসের উপর সারা দক্ষিণবঙ্গে এবং সারা উত্তরবাংলার সর্বত্র চূড়ান্ত বিদ্যুৎ ঘাটতি দেখা দিয়েছে। আজকে এখানে তৃণমূল সদস্যরা অনুপস্থিত। আপনাদের দলের এবং ফরোয়ার্ড ব্লকের মাননীয় সদস্যরা মেনশন আওয়ারে তাঁদের বক্তব্য শুনে দেখবেন তাহলে বুঝতে পারবেন বিদ্যুতের কি সমস্যা। আজকে বিদ্যুৎ গ্রাহকদের বাঁচান, কৃষকদের বাঁচান, শ্রমিকদের বাঁচান। গ্রামে একবার বিদ্যুৎ আলোকের মত দেখা দিয়ে চলে যান। আবার বিদ্যুৎ আলো আসার জন্য ৯, ১০ ঘণ্টা অপেক্ষা করতে হয়।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি দিনের কথা বলছি সেটা হল ১০.০৩.২০০৩ তারিখে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ ঘাটতি আমাদের রাজ্যে হয়েছিল। তার কারণ হিসাবে বজবজ এবং বক্রেশ্বরের অনেকগুলি ইউনিট বসে যাওয়ার কথা বলেছিলেন। আবার আপনার বিবৃতিতে বলা হয়েছে কোলাঘাটের দুটি ইউনিটকে বসিয়ে রেখে তাকে নতুন করে সারিয়ে তোলা হচ্ছে এবং তার ফলেই এই বিদ্যুৎ ঘাটতি হচ্ছে। বর্তমানে যে বিদ্যুৎ সমস্যা হয়েছে তার ফলে গ্রাহকদের চরম অসুবিধার মধ্যে পড়তে হয়েছে কলকাতার বিভিন্ন জায়গায়। এর মূল কারণ কি? এই সমস্যা সমাধানের আশু পথ আছে কিনা, বা আপনি কোন পথ অবলম্বন করেছেন কিনা সেটা সর্বপ্রথমে আপনার কাছ থেকে জানতে চাইছি। মাননীয় মন্ত্রীর কাছে আমি সবার আগে যে কথা বলতে চাই যেটা আমাদের একজন মাননীয় সদস্য কমল মুখার্জী তিনি চন্দননগর থেকে নির্বাচিত, তিনি বলেছিলেন—বলাগড় এলাকায় আপনি বলেছিলেন সেখানে বিদ্যুৎ প্রকল্প তৈরি হবে। সেই প্রকল্পের জন্য জমি অধিগ্রহণ করা হয়েছিল। কিন্তু জমি অধিগ্রহণের পরে বলা হলো সেই প্রকল্প হবে না। আপনি বলেছিলেন যাদের দিয়ে এই প্রকল্প তৈরি করাবেন তারা রাজি নয়, তারা এই দায়িত্ব গ্রহন করতে রাজি নয়। আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি আপনি যে উদ্দেশ্য নিয়ে বলাগড় বিদ্যুৎ প্রকল্প তৈরি করতে চেয়েছিলেন সেটা মানুষের প্রয়োজনেই। আমি আপনার কাছে এবং সরকারের কাছে অনুরোধ করবো এই বলাগড় বিদ্যুৎ প্রকল্প বাতিল করবেন না, এটা পুনর্বিবেচনা করার জন্য আমি বলবো। এর পরে অন্য প্রসঙ্গে আসার আগে বলি সাগরদীঘি নিয়ে ৪ বছর ধরে কথা হচ্ছে। এই প্রকল্পের কাজ কবে শেষ হবে তার কথা আপনার বাজেটে আছে। এই প্রকল্পটি যদি আন্তরিকতার সাথে শেষ করার চেষ্টা করেন এবং তার প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাক্চার যদি তৈরি করতে পারেন তাহলে এই প্রকল্পটি তাড়াতাড়ি শেষ হবে। মাননীয় অসিত মাল মহাশয় বলেছেন এম.পি., এম.এল.এ ল্যাডের কথা। আপনি বলেছেন ২ লক্ষ টাকার স্কিম জমা না দিলে কাজ করা সম্ভব নয়। আমি বলতে চাই একজন এম.পি. ২ লক্ষ টাকা দিতে পারেন, কিন্তু একজন এম.এল.এ. যার বরাদ্দ মাত্র ২৫ লক্ষ টাকা সে

কি করে দেবে। কারণ আমি একটা গ্রামে বা অঞ্চলের জন্য যদি ২ লক্ষ টাকা বরাদ্দ করি তার পরে আমার কাছে আর কি সম্পদ থাকবে, যে সম্পদ দিয়ে আমার এলাকায় মানুষদের উন্নতি সাধনের কাজ করবো? আপনার কাছে অনুরোধ আপনি যে সিদ্ধান্ত নিয়েছেন সেই সিদ্ধান্ত প্রত্যাহার করুন। আমাদের কাছে অনেকে আসেন, ৮ টা, ১০ পোলের জন্য আসেন। এমন অনেক মৌজা আছে ভার্জিন মৌজা যেখানে হয়তো খানিকটা কাজ হয়েছে এবং খানিকটা কাজ বাকি আছে এবং সেখানে হয়তো ৫০, ৬০ হাজার টাকা দিলেই কাজটা হয়ে যাবে। সেই জায়গায় যদি ২ লক্ষ টাকার স্কিম জমা দিতে হয় তাহলে বাস্তবে কি সেটা সম্ভব? এটা কি বিজ্ঞানসম্মত? আপনি বাজেটে বলেছেন অনেকগুলি মৌজায় কাজ করবেন যেখানে কাজ এক সময়ে শুরু হয়েছিল কিন্তু কমপ্লিট হয় নি। আমাদের ক্ষেত্রেও সেই রকম প্রযোজ্য হওয়া উচিত, হয়তো কোথাও কয়েকটা পোল দিলে সেই এলাকায় পুরোটা বিদ্যুৎ পাবে, সেই জায়গায় যদি বিদ্যুৎ দপ্তর বলে যে ২ লক্ষ টাকার নীচে কোন স্কিম নেব না তাহলে অসুবিধা হবে। এটা ভুল সিদ্ধান্ত হয়েছে। আপনি বলেছেন ২০০৭ সালের মধ্যে পশ্চিমবঙ্গের সমস্ত গ্রামেই বিদ্যুৎ পৌঁছে দেবেন।

[3.50—4.00 p.m.]

একটু আগে মাননীয় পঙ্কজ বাবু বলেদিলেন আমি শুনছিলাম। উনি বিভিন্ন রাজ্যের উদাহরণ দিয়ে বলছিলেন যে কতগুলো রাজ্য আছে সারা ভারতবর্ষে যে রাজ্যগুলোতে সেন্ট পারসেন্ট বিদ্যুৎ পৌঁছে গেছে। আমি আর সেগুলো উল্লেখ করছি না। অন্ধ্র, গোয়া, গুজরাট, পাঞ্জাব, তামিলনাড়ু, ত্রিপুরা। ত্রিপুরা এত ছোট রাজ্য কিন্তু তারাও ১০০ শতাংশ বিদ্যুতের ব্যবস্থা করে ফেলেছে সমস্ত গ্রামে। সেখানে আপনারা কোথায় আছেন? আমাদের এখানে ৩৮ হাজার গ্রামে, হয়তো একটু বেশি হবে বিদ্যুৎ হয়েছে অর্থাৎ ৭৭ শতাংশ মত হয়েছে। যেখানে অন্যান্য রাজ্যে বিদ্যুতের যোগান ১০০ ভাগ সেখানে আপনারা করতে পেরেছেন ৭৭ শতাংশ। আজকে গ্রামীণ বিদ্যুতের অবস্থা এই জায়গায় রয়েছে। আপনি বিদ্যুতের জন্য নতুন নতুন পরিকল্পনা করছেন কিন্তু একটা জায়গায় পরিবর্তন করছেন না আমরা বার বার বলা সত্ত্বেও। বিদ্যুৎ ছাড়া আমাদের দেশে কিছুই চলতে পারে না। বিদ্যুৎ ছাড়া সভ্যতার অগ্রগতি অসম্ভব। সৌগতবাবু, শোভনদেব বাবু বলছিলেন কমরেড লেনিন-এর কথা। আপনারা তাঁর ছবি টাঙিয়ে রাখেন কিন্তু তাঁর কথা শোনেন না। আমার কথা নয় তাঁর কথা, উনি বলেছেন আগামীদিনে নতুন সভ্যতায় যেতে গেলে বিদ্যুৎ চাই। কমরেড লেনিন এতদুর এগিয়ে গিয়েছিলেন। আমি আগেও বলেছি, আবার বলছি, 'হোয়াট ইজ কমিউনিজম? সোস্যালিজম প্লাস ইলেকট্রিসিটি ইজিকাল-টু কমিউনিজম।' একথা তাঁর কথা, আমার কথা নয়। আপনি দেখবেন, আপনি নিজেও পড়েছেন নিশ্চয়, আপনি বিদ্বান মানুষ। এ কথা কমরেড লেনিনের কথা। আপনি ট্রান্সমিশনের কথা বলছেন। কেন ট্রান্সমিশন লস হচ্ছে? আমাদের এখানে ট্রান্সমিশন লস ৩০ পারসেন্ট-এর উপর যেখানে ১৩-১৪ পারসেন্ট হওয়া উচিত। এটা কেন হচ্ছে? এক সাব-স্টেশন থেকে আরেক সাব-স্টেশনের দূরত্ব ৩০ কি.মি। আপনি বলেছেন 'পৌঁছে দেব'। আসলে বিদ্যুৎ পায় না পায় ভোট দরকার। আমি বাগনানের ব্লক (১)-র উদাহরণ দিয়ে বলছি সেখানে একটা সাব-স্টেশন থেকে আরেকটা সাব-স্টেশনের দূরত্ব

৩০ কিলোমিটার। সেখানে নতুন সাব-স্টেশন করার জন্য অনুরোধ করছি। হয়তো হবেও। কিন্তু সাব-স্টেশনের দূরত্বটা ট্রান্সমিশন লসের কারণ। আপনি নতুন বিদ্যুৎ প্রকল্পের কথা বলছেন। কিন্তু আপনি জানেন বিদ্যুৎ বাহিত তারের বয়স ২০ থেকে ৩০ বছর। এটা দিয়ে ট্রান্সমিশন হয় না। তার উপর মেন্টেন্যান্স নেই। আমি সহজ কথায় বলছি, তত্ত্ব কথায় নয়। বামফ্রন্টের সদস্যদের সাথে বসেও যদি আলোচনা করেন তাহলে তারাও ট্রান্সমিশন লসের কথা বলবেন। মাননীয় অতীশবাবু চুরির কথা বলেছেন। আমি আপনাকে ধন্যবাদ দেব। দেরী করে হলেও আপনি চেষ্টা করছেন হুকিং-ট্যাপিং বন্ধ করার। ২৬ বছর কম সময় নয়। এমন অনেক লোক আছে যারা অনেক কনজিউম করছে কিন্তু কম পয়সা দিচ্ছে। তাদের ধরার চেষ্টা করছেন। এটা করেছেন কিন্তু দেরিতে। খুব সহজভাবে জনসাধারণের ভোট, সমর্থন পেতে গিয়ে গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এই কাজ করেছে। আপনার দপ্তরের লোকেরা কাজ করে না বলব না, তাদের একাংশ করাপশনের সঙ্গে জড়িত আছে। কিন্তু এরা গিয়ে বলেছে, ধরবেন না। সিঙ্গেল ফেজ লাইন দিয়ে ৮০০ থেকে ২ হাজার মিটার লাইন চালিয়ে দেওয়া হচ্ছে এবং এতে আমাদের লোক ওয়ান পারসেন্টও হবে না, তাদের এত সাহস নেই বিদ্যুৎ চুরি করার। আপনি বিদ্যুৎ চুরি বন্ধ করার জন্য আবহাওয়া তৈরি করার চেষ্টা করেছেন। তারা মিটিং করছে, মিছিল করছে। কিন্তু আমি এক্ষেত্রে ভিজিলেন্সের কথা বলেছিলাম। ভিজিলেন্সের লোকজন বাড়ানো দরকার। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় আমার সঙ্গে একমত হবেন। ভিজিলেন্সের লোকেরা সল্টলেক থেকে যান কিন্তু তাদের যে লোক সংখ্যা এবং যতদূর বিস্তৃতি থাকা উচিত তা নেই। পলে আপনার উদ্দেশ্য সফল হচ্ছে না, ট্রান্সমিশন লস দিনের পর দিন বাড়ছে।

আমি আপনাকে আরেকটা কথা বলছি, আপনি বিদ্যুতের সরবরাহ বৃদ্ধি করতে পারছেন না, আবার সেই সঙ্গে সঙ্গে ঘাটতি হচ্ছে, সেই সঙ্গে সঙ্গে বিদ্যুতের দাম বাড়িয়েছেন—সি.ই.এস.সি. প্রতি ইউনিটে ২৫ পয়সা করে দাম বাড়িয়েছে যেখানে ১৮ লক্ষ গ্রাহক রয়েছে, আপনার স্টেট ইলেকট্রিসিটি বোর্ড প্রতি ইউনিটে ৫২ পয়সা করে বাড়িয়েছে যেখানে ৩৫ লক্ষ গ্রাহক রয়েছে। এর ফলে আপনার কিছু টাকা নতুন করে বাড়লো, যে টাকা আপনার কাজে লাগবে—আপনি বলছেন। আপনি বাড়াবার সময় বলেছেন যে, "আমরা এটা অ্যাডহক্ হিসেবে বাড়িয়েছি।" আপনি এখানে বলবেন যে, আপনার এই অ্যাড্হক্ আরও বাড়বে, নাকি যে জায়গায় ছিল সেই জায়গায় থাকবে? আর কতদিন এটা চলবে? আপনি বলেছিলেন এ্যাডহক্ এর ভিত্তিতে বৃদ্ধি হবে। এই অ্যাডহক্-এর ভিত্তিতে বাড়াবার কথাটা আপনার কাছ থেকে জানতে চাই। আপনি বলেছেন স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের থেকে পাবেন ৪৫০ কোটি টাকা এবং সি.ই.এস.সি-র কাছ থেকে পাবেন ১২৫ কোটি টাকা। কিন্তু আমি আপনাকে বলছি এই টাকার জন্য গ্রাহকদের ভীষণভাবে সমস্যার মধ্যে পড়তে হচ্ছে। তাদের অনেক বেশি টাকা দিতে হচ্ছে। আমি এখানে পারস্পরিক ভর্তুকির কথা আলোচনা করতে চাইছি। এই ব্যাপারটা কত তাড়াতাড়ি নিষ্পত্তি হবে, এবিষয়ে আপনার সুনিশ্চিত বক্তব্য জানতে চাইছি। আপনি বলেছিলেন, 'আমি দেখছি'। কিন্তু এখনও পর্যন্ত পারস্পরিক ভর্তুকির ব্যাপারে—যারা বড়লোক নয়—নিম্নবিত্ত, মধ্যবিত্ত গ্রাহক বা যারা তারও তলায় আছেন তারা অসুবিধার মধ্যে

আছেন। এই পারস্পরিক ভর্তুকির ব্যাপারটা ঘোষণা করতে আপনাকে অনুরোধ করছি। এটা কোথায়, কোন জায়গায়, কতদিন ধরে চলছে এটা জানাবেন। আমি আরেকটা কথা বলছি, গোটা পূর্ব ভারতে এ্যাভেলেবিলিট বেসড্ ট্যারিফ্ চালু হয়েছে। কেন্দ্রীয় সংস্থা থেকে বিদ্যুৎ কেনার ক্ষেত্রে এ.বি.টি. বা এ্যাভেলেবিলিটি বেসড ট্যারিফ্ চালু হয়েছে। আপনি আগে বিদ্যুৎ উন্নয়ন নিগমের কাছ থেকে ১০০ কোটি ইউনিট বিদ্যুৎ কিনেছেন এবং আগে এন.টি.পি.সি.-র কাছ থেকে বিদ্যুৎ কিনেছেন ৫ কোটি ইউনিট, দাম লেগেছে ১০ কোটি টাকা। আর এখন আপনি এন.টি.পি.সি.-র কাছ থেকে বিদ্যুৎ কিনছেন ২৫ কোটি ইউনিট এবং এর দাম পড়ছে ৫০ কোটি টাকা। রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগমের কাছ থেকে কেনা বিদ্যুতের দাম কম, তার কাছ থেকে নিচ্ছেন ৭৫ কোটি ইউনিট। এন.টি.পি.সি.-র কাছ থেকে বিদ্যুৎ কিনতে প্রতি ইউনিটে আপনার ২ টাকা করে লস্ হচ্ছে, যেখানে বিদ্যুৎ উন্নয়ন নিগমের কাছ থেকে বিদ্যুৎ কিনতে প্রতি ইউনিটে আপনার লস্ হচ্ছে ১.৭০ পয়সা। এর ফলে প্রতি মাসে আপনাকে ৭ কোটি টাকা এক্সট্রা খরচা করতে হচ্ছে। এ ব্যাপারে কেন্দ্রীয়সরকারের সঙ্গে পরামর্শ করেছেন? এটা কমপালসন? কেননা এতে আপনাদের ক্ষতি হচ্ছে। এটাতে কি আপনাদের উন্নয়নের অন্য কোনো পথ ছিল যেটা আপনি জানেন না? বিদ্যুৎ নিগমের সঙ্গে আপনাদের কোনো অসুবিধার সৃষ্টি হয়েছে? কোনো কারণে বিদ্যুৎ নিগমের কাছ থেকে বিদ্যুৎ কেনার পরিমাণ কমিয়ে দিয়ে এন.টি.পি.সি-র কাছ থেকে আপনাকে বিদ্যুৎ কিনতে হচ্ছে সেটা আপনার কাছে জানতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় আমি আপনাকে আরেকটা কথা বলতে চাই যে, আজকে আমরা দেখতে পাই, রাজ্য বিদ্যুৎ পর্ষদের যে অর্থনৈতিক অবস্থা, এই অর্থনৈতিক অবস্থাকে উন্নত করার জন্য আপনি চেষ্টা করছেন। আমি একটা রিপোর্টের কথা আপনার কাছে উল্লেখ করছি—মাননীয় বিদ্যুৎ মন্ত্রী আপনি এর জবাব দেবেন—রাজ্য বিদ্যুৎ পর্ষদে ২০০১-২০০২ আর্থিক বছরের হিসেবে ৮৬১ কোটি টাকার গরমিল হয়েছে—ক্যাগ-এর রিপোর্টে আছে আয় বাড়িয়ে দেখানো এবং ব্যয় কমিয়ে দেখানোর জন্য এই ঘটনা ঘটেছে।

[4.00–4.10 p.m.]

এর জন্য এই ঘটনা ঘটছে। এবং তাতে এখানে দেখা যচ্ছে যে, পর্ষদের নিট লোকসান ১ হাজার ৪ শত ৭৩কোটি টাকা বেড়ে হয়েছে ২ হাজার ৩৩৫ কোটি টাকা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলছি সেটা আমার কথা নয়, এটা ক্যাগ রিপোর্ট এর কথা। ৮৬১ কোটি টাকা যে গরমিল হয়েছে এটা ওই রিপোর্ট এ বলা আছে। এস.ই.বি ১ হাজার ৪ শত ৭৩ কোটি টাকা, যা পর্ষদের নিট লোকসান থেকে বেড়ে হয়েছে ২ হাজার ৩৩৫ কোটি ১৩ লক্ষ টাকা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে জানতে চাই মাননীয় মন্ত্রী হয়ত কতকগুলি পরিসংখ্যান অনুযায়ী তিনি হিসাব দিয়ে দেবেন এবং এখানেই শেষ করবেন। তার জবাবে কিন্তু আমি আপনাকে বলছি যে এই ঘটনা ঘটছে। এস.ই.বি বলুন আর সি.ই.এস.সি. বলুন—সি.ই.এস.সি কে কি একটা সর্বোচ্চ প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃতি দিতে হবে? সি.এস.সি.-কে আমরা দেখেছি যে তাকে আনুকূল্য প্রদর্শন করতে হয়েছে। কলকাতার একটা সংবাদপত্র বলছে ২০৪.৬৯ কোটি টাকা আপনারা সি.ই.এস.সি.-কে ছেড়ে দিয়েছেন। আপনারা তাকে উপঢৌকন

দিয়েছেন। ২০০২ সাল পর্যন্ত পাওনা ৭৫০.৮৮ কোটি টাকা। এই টাকা বকেয়া। অর্থাৎ ৮১ শতাংশ তারপর বকেয়া ছিল। প্রতি মাসে বিদ্যুতের বিল মেটানোর জন্য ইচ্ছাকৃত ভাবে সি.ই.এস.সি. গন্ডগোল করত। ফলে সেটা বাকি পড়ে থাকত। ১৯৯৫ সালে ৫.৫৬ কোটি টাকা। সেটা ২ হাজার সালে এসে দাঁড়িয়েছে ৭ শত ৮৩.৮২ লক্ষ টাকা। এটা আমার কথা নয়, এটা ক্যাগ রিপোর্টের কথা। মাননীয় মন্ত্রী মহাশয়, কি এর জবাব দেবেন? সি.ই.এস.ই কে কেন আপনারা দিয়েছেন? বিদ্যুৎ নিগম থেকে বলেছিল এটা কথা খেলাপকারী সংস্থা। তাদের লাইসেন্স বাতিল করা হোক পরিবর্তন করা হোক, কিন্তু সেটা আপনারা করবেন না। নতুন করে রাজ্য সরকার ২০০৬ সাল-এর মধ্যে পয়সা মেটানোর জন্য সময় দেওয়া হল এবং তার জন্য তাদেরকে বলা হল যে সুদ দিতে হবে না। আমাদের কাছ থেকে সুদ নেবেন, গ্রাহকদের কাছ থেকে সুদ নেবেন। আমাদের পানিসমেন্ট ফি আছে ফাইন দিতে হবে ওরা টাকা না দিলে ওদের সুদ দিতে হবে না। এই সমস্ত বলে আপনারা মকুব করছেন। বর্তমানে ১৯৭ কোটি টাকার বিদ্যুৎ ছাঁটাই করলেও, তাদের প্রতি আনুকূল্য প্রদর্শন এর জন্য ২০৪.৬৯ কোটি টাকা দেওয়া হয়েছে। আর ই.ডি.সি.-র কথা আসছি। আর.ই.ডি.সি কে বলে রুরাল ইলেকট্রিসিটি ডেভেলপমেন্ট কর্পোরেশন। যার মাথার উপরে আছে সুজন চক্রবর্তী মহাশয়। আমি একটা কথা আপনাকে বলি আর.ই.ডি.সি-র জন্য কোনো আইন নেই। আইন শুধু আমাদের জন্য। আমরা যারা বিধায়ক উন্নয়ন প্রকল্পে কাজ করতে চাই মানীয় উপাধ্যক্ষ মহাশয়, তখন আপনার ৬ মাস থেকে ১ বছর লেগে যাবে। আর.ই.ডি.সি টাকা দেবেন জেলাপরিষদকে, জেলাপরিষদ তিন দিনে পোস্ট কিনে গ্রামে গ্রামে পৌঁছে দেবে। পঞ্চায়েত নির্বাচনের আগে এইভাবে আপনারা ভোট করেছেন। আমি আপনাকে উদাহরণ দিয়ে বলছি আর.ই.ডি.সি যে পোলগুলি কেনে মাননীয় মন্ত্রী মহাশয় আপনি খোঁজ নিয়ে দেখবেন সেই পোলগুলি কি টেস্ট করা হয়? আর.ই.ডি.সি-র পোল টেস্ট করা হবেনা, টেস্ট করা হয় না। আমি দায়িত্ব নিয়ে বলছি যে আর.ই.ডি.সি-র পোল টেস্ট করা হয় না ওটা ভালো কি মন্দ। আর আমরা পোস্ট নিতে গেলে আমাদের পোস্ট টেস্ট করা হয়। তার কারণটা কি? আর.ই.ডি.সি.-র পোলের ব্যাপারে দুর্নীতি আছে, আর.ই.ডি.সি.-কে দিয়ে গ্রামের রাজনীতিকরণের কাজ হচ্ছে, বৈদ্যুতিকরণ হচ্ছে না। আর.ই.ডি.সি মানে রুরাল ইলেকট্রিক ডেভেলপমেন্ট কর্পোরেশন নয়, রুরাল ইলেকশান ডেভেলপমেন্ট কর্পোরেশন। ইলেকশান করার জন্য আর.ই.ডি.সি তৈরি হয়েছে। আর তাদের চেয়ারম্যান চারদিকে ফিতে কেটে কেটে ঘুরে বেড়িয়ে বলছেন আমি সবকিছু করে দিলাম। মাননীয় মন্ত্রী মহোদয় আমি আর.ই.ডি.সি. সম্পর্কে সচেতন করে এটুকু বলতে চাই রুরাল ইলেকট্রিক ডেভেলমমেন্ট কর্পোরেশানের সঙ্গে আমাদের কোনো বিরোধিতা নেই। একটা জায়গায় ওদের জন্য আলাদা নিয়মকানুন তৈরি হতে পারে না। পোলগুলি ভালোভাবে তৈরি করুন, তাই সমস্ত জায়গায় আপনার যে বন্দোবস্ত ক্রমশ ব্যর্থ হয়ে যেতে বসেছে। হাইড্রো ইলেকট্রিক পাওয়ার বাড়ানোর জন্য চেষ্টা করুন। আমি আগেও বলেছি, এখনও বলছি আর বেশি না বলে এই বাজেট বরাদ্দকে বিরোধিতা করে বিরোধী দলের কাটমোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি ধন্যবাদ।

শ্রী কল্যাণ ব্যানার্জী : মি. ডেপুটি স্পীকার স্যার, ২০০৩-২০০৪ সালের ৪৩ নং দাবির যে ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য মাননীয় বিদ্যুৎমন্ত্রী নিয়ে এসেছেন তার বিরোধিতা করে আমাদের কাট্ মোশনের পক্ষে বক্তব্য রাখছি। প্রথমেই আমি বলছি যে, মাননীয় মন্ত্রীর অপদার্থতার জন্য আমাদের আসানসোল সাবডিভিশন এতই পিছিয়ে যাচ্ছে যে, তার আর কহতব্য নয়।

স্যার, আমি মাননীয় মন্ত্রীকে সরাসরি বলছি। মৃণালবাবু, আপনি দুর্গাপুরে থাকেন, দুর্গাপুরকে আলোকিত করছেন, খুব ভালো কথা। কিন্তু আপনি আসানসোলের প্রতি কেন বিমাতৃসুলভ আচরণ করছেন? আসানসোলে প্রতিদিন ১০/১২ ঘন্টা লোডশেডিং হচ্ছে। সেখানে ২০০১ সাল থেকে ২০০৩ সালের মধ্যে বিদ্যুতের ক্ষেত্রে কোনো উন্নতি হয়নি।আপনি আপনার বাজেট বিবৃতিতে গ্রামীণ বৈদ্যুতিকরণের কথা বলেছেন। আপনি বলেছেন দশম পরিকল্পনার শেষে ১০০ ভাগই কমপ্লিট করবেন। তাহলে কি আপনি শহরে—যেখানে এখনো বিদ্যুতের অভাব রয়েছে—বৈদ্যুতিকরণের কাজ করবেন না? শহরের ক্যাটাগরাইজেশনে আসানসোল 'বি' ক্যাটাগরির সিটি। এখনো সেই সিটির একের চার অংশে কোনো বিদ্যুৎ যায়নি। স্যার, এটাই পশ্চিম বাংলায় মাননীয় মন্ত্রী মৃণাল ব্যানার্জীর অবদান। তাই আমি এই বাজেটকে স্বাগত জানাতে পারছি না, আমাকে এর বিরোধিতা করতে হচ্ছে।

ডেপুটি স্পীকার স্যার, একটু আগে অসিতবাবু বললেন, ২০০১-২০০২ সালের এম.এল.এ. এরিয়া ডেভেলপমেন্ট ফান্ডের বা কোটার ১৫ লক্ষ টাকা করে স্যাংশন করে দেয়া সত্ত্বেও ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড ইলেকট্রিক পোল বসিয়ে এখন পর্যন্ত গ্রাম-শহরে বিদ্যুৎ পৌছে দিতে পারেনি। এই হচ্ছে মৃণালবাবুর ইলেকট্রিসিটি ডিপার্টমেন্টের দক্ষতা।

স্যার, একটু আগে পেলব কবী সৌগতবাবু এবং শোভনদেববাবুর বক্তব্যের বিরোধিতা করে একটা শব্দকে উত্তেজিত হয়ে বার বার উচ্চারণ করলেন। শব্দটা হল—'প্রাইভেটাইজেশন'। এখন দেখছি তিনি বিধানসভা থেকে চলে গেছেন। পেলব কবীর কলটিটিউয়েন্সিতে বেঙ্গল এমটা কোল মাইন্স লিমিটেড আসানসোল দুর্গাপুরের বুকে কয়লা খনি পরিচালনার নামে যা ইচ্ছে তাই করে চলেছে। সেখানে যথেচ্ছ কয়লা চুরি হচ্ছে। কয়লা খনির কয়লা চুরিতে যে কে জড়িত নয় তা বলা শক্ত। এ বিষয়ে হারাধন রায়েরও বক্তব্য আছে। মৃণালবাবু এখানে বেঙ্গল এমটাকে যৌথ উদ্যোগ হিসাবে উল্লেখ করেছেন। আমি তাঁকে জিজ্ঞেস করছি বেঙ্গল এমটায় প্রাইভেট শেয়ার কত আর স্টেট শেয়ারই বা কত? যাতে স্টেট গভর্নমেন্টের মাত্র ৩% কি ৪% শেয়ার তাকে মৃণালবাবু বা রাজ্য সরকার যৌথ উদ্যোগ হিসাবে দেখাচ্ছেন। এও এক ধরনের প্রাইভেটাইজেশনের কৌশল। ওটা একটা প্রায় সম্পূর্ণ প্রাইভেট কোম্পানি, আর মৃণালবাবু, আপনারা বিধানসভায় বড়ো গলা করে বলছেন যৌথ উদ্যোগে। মৃণালবাবু তাঁর বিবৃতিতে উল্লেখ করেছেন, "রাজ্য সরকারের মালিকানাধীন বিদ্যুৎকেন্দ্রগুলিতে কয়লা সরবরাহের জন্য বেঙ্গল এমটা কোল মাইনস লিমিটেড নামে যৌথ উদ্যোগে গঠিত নিজস্ব কয়লাখনি প্রকল্প ইত্যাদি। এই ভাবে এই সরকার পশ্চিমবাংলার সাধারণ মানুষের টাকা পয়সা বিদ্যুৎ মাশুলের মধ্যে দিয়ে আদায় করে ব্যক্তি মালিকানাকে এখানে এনে বসিয়ে তাদের হাতে তুলে দিচ্ছেন। এই পথে আজকে পশ্চিম বাংলার মানুষের ক্ষতি করা হচ্ছে। তাই আমি এই বাজেটের বিরোধিতা

করছি।

মি. ডেপুটি স্পীকার স্যার, মৃণালবাবুরা ডাইরেক্টলি প্রাইভেটাইজেশনে না গিয়ে পশ্চিমবাংলায় এই ভাবে কিছু কিছু মানুষের স্বার্থ দেখছেন, তাদের সরকারী অর্থ পাইয়ে দেয়ার ব্যবস্থা করছেন যে, এবিষয়ে আমরা সুনিশ্চিত।

মৃণালবাবু তাঁর বিবৃতিতে একটা কথা লিখেছেন যে, তাঁরা আসানসোলে বিদ্যুতের গুণমান বৃদ্ধির উদ্দেশ্যে স্টেপ নিচ্ছেন। গত ২ বছর ধরে এ কথাটা শোনা যাচ্ছে, কিন্তু কোনো জায়গায় সেটা দেখতে পাচ্ছি না।

স্যার, মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয় এই মুহূর্তে সভায় উপস্থিত নেই। তিনি এই মাত্র বেরিয়ে গেলেন। তিনি তাঁর বাজেট ভাষণের ক্লজ ৮-এ বলছেন যে, বিদ্যুৎচুরি বন্ধ করার জন্য ১৫ই জুলাই, ২০০২, দি ইন্ডিয়ান ইলেকট্রিসিটি অ্যাক্ট-এর অ্যামেন্ডমেন্ট এর ফলে সি.ই.এস.সি. হুকিং ছিন্ন করার উদ্যোগ নেয় এবং ৪৯,৫৬০টি ক্ষেত্রে হুকিং ছিন্ন করে। মিটার অকেজো করে বিদ্যুৎ চুরির জন্য ৯,৫১৩টি ক্ষেত্রে বিদ্যুত সংযোগ ছিন্ন করে এবং ৫,১৯২টি এফ.আই.আর. দায়ের করে। তারপরে বলছেন, এই অপরাধে ৬৯০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। ৪৯,৫৯০টি ক্ষেত্রে যদি হুকিং ছিন্ন হয়ে থাকে তাহলে সব কটি ক্ষেত্রেই ইন্ডিয়ান ইলেকট্রিসিটি অ্যাক্ট অনুযায়ী ক্রিমিনাল কেস স্টার্ট করা উচিত। এত যোগ্য বিদ্যুৎমন্ত্রী থাকা সত্ত্বেও অতগুলো ক্ষেত্রে কেবলমাত্র ৬৯০ জনকে অ্যারেস্ট করা হল? কেন ৯,৫১৩টি ক্ষেত্রে বিদ্যুতসংযোগ ছিন্ন করে ৫,১৯২টি ক্ষেত্রে এফ.আই.আর করা হল?

[4.10–4.20 p.m.]

৯ হাজার ৫১৩টি বিদ্যুৎ সংযোগ ছিন্ন করা হয়েছে। ৫ হাজার ৯১২টি ক্ষেত্রে এফ.আই.আর করা হয়েছে। তাহলে ৪৯ হাজারের মধ্যে আপনি ৬৯০টি ক্ষেত্রে ব্যবস্থা নিলেন- আর বাকি যারা হুকিং করলো তারা আইনের বাইরে চলে গেছে, তাদের বিরুদ্ধে কোনো রকম স্টেপ নেওয়া হয়নি। এই হচ্ছে যোগ্য মন্ত্রী শ্রী মৃণাল ব্যানার্জী, উনি এইরকম আইন নিয়ে এসেছিলেন। আমি একটা উদাহরণ দেব, পশ্চিমবাংলায় সব চেয়ে বেশি যদি কোথাও হুকিং করা হয়ে থাকে তাহলে সি.পি.এমের পার্টি অফিসগুলি হুকিং করছে। আসানসোলের বাসস্ট্যান্ডের পাশে সিটুর যে পার্টির অফিস রয়েছে যেটা সি.পি.এমের অফিস সেখানে প্রতিদিন হুকিং করা হচ্ছে, হুকিং করে ইলেকট্রিসিটি নিচ্ছে। সেই অফিসে মৃণালবাবু চা খেতে যান, পেলব কবীর সিঙ্গাড়া খেতে যান। অথচ এই হুকিং-এর অপরাধে ওখানকার সি.পি.এমের একজনকেও অ্যারেস্ট করা হয়নি। সেখানে হুকিং বন্ধ করতে পারেন নি। লিডারদের একজনকেও অ্যারেস্ট করা হয়নি, কিছু করার নেই এইরকম একটা জায়গায় দাঁড়িয়ে রয়েছে। এবার ট্রান্সনিশন লসের ক্ষেত্রে বলছি, বিদ্যুতের দাম বৃদ্ধির জন্য আজকে ওয়েস্টবেঙ্গল রেগুলেটরি কমিশনের কাছে যেভাবে অ্যাসেসমেন্ট করা হচ্ছে তাতে বড়ো ফ্যাক্টর দেখানো হচ্ছে যে ট্রান্সমিশন লস হচ্ছে সেই লসের জন্য বিদ্যুতের দাম বৃদ্ধি করেছি। রেগুলেটরি কমিশন সেইরকম ভাবে অ্যাসেসমেন্ট করেছেন, অর্ডার পাশ হয়েছে। এরপর হাইকোর্ট, সুপ্রিম কোর্ট হচ্ছে, যা হবার হবে। একটা জিনিস আমি

দেখতে পাচ্ছি, মৃণালবাবুর আন্ডারে যে ওয়েস্টবেঙ্গল ইলেকট্রিসিটি বোর্ড, পশ্চিমবাংলার যে বিদ্যুৎ পর্ষদ গত বছরে কমিশনের রিপোর্ট অনুযায়ী সেই বিদ্যুৎ পর্ষদের ট্রান্সমিশন লস হচ্ছে ৩৪ পারসেন্ট, এর চেয়ে অযোগ্য পশ্চিমবাংলায় কতবড়ো অযোগ্য বিদ্যুৎমন্ত্রী থাকলে তার আন্ডারে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদে ৩৪ পারসেন্ট ট্রান্সমিশন লস হয় তার প্রকৃষ্ট উদাহরণ। গোয়েঙ্কাকে পাশে নিয়ে, এম্‌টাকে পাশে নিয়ে, কিছু মিডিয়াকে সঙ্গে নিয়ে এই বিজ্ঞাপনের যুগে মৃণালবাবু বিদ্যুতের জন্য বড়ো বড়ো বক্তৃতা দিতে পারেন, কিন্তু এই ট্রান্সমিশন লস এবং হুকিং কেসের ক্ষেত্রে তিনি কত বড়ো অপদার্থ মানুষ সেটাই বারবার প্রমাণ হয়ে যায়। তিনি সুন্দরভাবে বক্তৃতা দিতে পারেন, মিষ্টি হাসি হাসতে পারেন, টি.ভি.-র সামনে দাঁড়াতে পারেন, কিন্তু তিনি যে কত বড়ো ইনকম্পিটেন্ট লোক তা আমরা দেখতে পাচ্ছি। গোয়েঙ্কার পায়ে ধরে, এমটার পায়ে ধরে, বুদ্ধদেববাবু ডগমাইজিমের মুখ দেখিয়ে পশ্চিমবাংলায় অন্তত বিদ্যুতের উন্নতি যে করতে পারবেন না এটা অন্তত বাংলার মানুষ বোঝে। লোড-শেডিং এর ক্ষেত্রে মৃণালবাবুর কাছে শুধু একটাই প্রশ্ন, আপনি এমন একটা শহরের নাম বলুন যে শহরের লোড-শেডিং আসানসোলের চেয়ে বেশি হয়? আপনি দয়া করে জানাবেন, আমি শুনে যাব। এই বক্তব্য রেখে আমি আবার বাজেটের বিরোধিতা করে শুধু একটি কথাই বলবো, মৃণালবাবু রাজনীতি করছেন করুন, আপনি দুর্গাপুরের এম.এল.এ. হিসাবে দুর্গাপুরের উন্নতি করুন, আমার আপত্তি নেই, আরো বেশি উন্নতি হোক, কিন্তু বিমাতৃসুলভ আচরণ করবেন না, আসানসোলকে অন্ধকারে রেখে দুর্গাপুরে আলো জ্বালাবেন না? আপনার সাব-স্টেশনের গল্প অনেক শুনেছি, গত ৩ বছর ধরে সব ঝুলছে আর কিছু হচ্ছে না। আপনি দয়া করে আসুন আসানসোলের বুকে, আমি একটা মঞ্চ তৈরি করে দেব, আপনি সেখানে ডিবেট করবেন, আমিও আসবো, মানুষের কাছে সব বলবো আসানসোল সাব-ডিভিশনের মানুষের কাছে। সেই মঞ্চে আপনি বক্তৃতা দেবেন, আমিও বক্তৃতা দেব। কত বড়ো কম্পিটেন্ট বিদ্যুৎমন্ত্রী আমি চ্যালেঞ্জ করছি। যদি পারেন আপনি অ্যাটেন্ড করবেন আর আপনার পাশে পেলব কবীরকে নিয়ে আসুন, জামুরিয়ায় কয়লা চুরির নায়ক থাকবে। মানুষ কি বলে তাদের কথা শুনে নিন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বংশীবদন মৈত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৪৩ নম্বর দাবীর অধীন যে ব্যয়-বরাদ্দ মাননীয় মন্ত্রীমহাশয় পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাটমোশনগুলোর বিরোধিতা করে এবং ওনারা যেসব বক্তব্য এখানে রেখেছেন তারও বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। বিরোধীরা বলছেন লোডশেডিং এর কথা। আমরা সকলেই জানি যে ৭৬/৭৭ সালে প্রথম এই লোডশেডিং কথাটি চালু হয়েছিল। বিরোধীরা কি ভুলে গিয়েছেন যে সেই সময় দোকানে দোকানে লোডশেডিং শাড়ি বিক্রি হত? কাজেই এই লোডশেডিং-এর সৃষ্টিকর্তা হচ্ছেন আপনারাই। সেই সময় লোডশিডিং নিয়ে একটা রেকর্ডও শোনা যেত। তাতে বলা হত, 'আমি যদি মন্ত্রী হই তাহলে ঘন ঘন লোডশেডিং করবো।' জিজ্ঞাসা করল একজন, কেন? এতে মানুষের কি উপকার হবে? উত্তর এলো, 'মানুষের কি উপকার হবে জানি না, কিন্তু ছেলেমেয়েরা অলিতে গলিতে প্রেম নিবেদন করতে পারবে।'

কাজেই লোডশেডিং কথাটা আজকে নয়, আপনাদের সময়ই উঠেছিল। আপনাদের সর্বোচ্চ নেত্রী এক সময় যখন আপনারা এক ছিলেন বলেছিলেন গাঁও গাঁও মে বিজলি বাতি লে যায়গা। আপনাদের সময় আপনারা না কি ১৪ হাজার গ্রামে বিদ্যুৎ নিয়ে গিয়েছিলেন বলে দাবি করেন। কিন্তু কি রকম হয়েছিল সেই সময় গ্রামীণ বৈদ্যুতিকরণ? একটা গ্রামে একটা খুঁটি পুঁতে দিয়েই বলা হত গ্রামে বিদ্যুৎ চলে গিয়েছে। যেমন ধরুন এখানে একটা খুঁটি পুঁতে দিয়ে বলা হল যে গোটা কলকাতায় বিদ্যুদায়ন হয়ে গিয়েছে, সেই রকম আর কি। আর কি হত? যে গ্রামে লাইন যেত সেখানে গ্রামপঞ্চায়েতে তখন ছিলেন অধ্যক্ষ, তার বাড়ির পাশে একটা খুঁটি পুঁতে দিত এবং বলে দিত যে গ্রামে বিদ্যুৎ চলে গিয়েছে। এই ছিল আপনাদের আমলে গ্রামীণ বৈদ্যুতিকরণের অবস্থা। কাজেই এখানে আপনারা যতই চেঁচামেচি করুন লোকে আপনাদের বুঝে গিয়েছে, আপনাদের চিনে নিয়েছে। আপনাদের জিজ্ঞাসা করি, আপনাদের সময় কত লোকের ঘরে বিদ্যুৎ ছিল আর এখন গ্রামের কত লোকের ঘরে বিদ্যুৎ গিয়েছে তার হিসাব কি আপনাদের কাছে আছে? আমরা জানি আপনাদের সময় যত লোকের ঘরে বিদ্যুৎ গিয়েছিল এখন তার থেকে অনেক বেশি লোকের ঘরে বিদ্যুৎ গিয়েছে সেটা আপনারা জানেন। কিন্তু এখানে সেটা স্বীকার করবেন না। আপনারা উত্তরপ্রদেশের কথা বলছেন, মহারাষ্ট্রের কথা বলছেন কিন্তু আপনারা কি জানেন ভারতবর্ষে ৬ লক্ষ গ্রামের মধ্যে এখনও ৮০ হাজার গ্রামে বিদ্যুৎ নেই এবং তারজন্য পরিকল্পনা করা হয়েছে যে ২০০৭ সালের মধ্যে সমস্ত গ্রামে বিদ্যুৎ নিয়ে যাওয়া হবে ও ২০১২ সালের মধ্যে প্রতিটি বাড়িতে বিদ্যুৎ নিয়ে যাওয়া হবে। প্রধানমন্ত্রী মহাশয় সমস্ত মুখ্যমন্ত্রী মহাশয়দের সঙ্গে আলোচনা করেই এই সিদ্ধান্ত নিয়েছেন। আপনারা যা বলছেন তা শুনে মনে হচ্ছে আপনারা মায়ের কাছে মামার বাড়ির গল্প শোনাচ্ছেন। বলছেন এই মামা কেমন, ওই মামা কেমন ইত্যাদি। এসব করে কিছু হবে না সেটা আপনারা জেনে রাখুন। পশ্চিমবঙ্গ ভারতবর্ষের একটি অঙ্গ রাজ্য। এই অঙ্গরাজ্যের মধ্যে আমাদের যেটুকু ক্ষমতা ও সামর্থ আছে তাই নিয়ে আমরা চেষ্টা করে যাচ্ছি এখানে বিদ্যুতের ব্যাপারটা এগিয়ে নিয়ে যেতে। আপনারা জানেন এরজন্য গ্রামীণ শক্তি উন্নয়ন নিগম করা হয়েছে এবং এর কাজ হচ্ছে প্রচলিত এবং অপ্রচলিত শক্তির মাধ্যমে গ্রামবাংলায় বিদ্যুদায়নের কাজ করা, আপনারা গ্রামীণ বিদ্যুদায়নের কাজ যেভাবে করেছিলেন তা সকলেই জানেন, সেটা রিভাইটালাইজেশন করা এবং তৃতীয় হচ্ছে বিদ্যুৎ সরবরাহের উন্নয়ন ঘটানো। আপনারা বিদ্যুৎ বিল নিয়ে অনেক লাফালাফি করছেন কিন্তু তাতে কেন্দ্রীয় সরকার কি বলছেন? সেখানে তারা বলছেন যে মূল্যায়নটা রাজ্যসরকার করতে পারবে না, তারা ব্যক্তিগত মালিকানার হাতে এটা তুলে দিতে চাইছেন। আর উল্টো দিকে গ্রামীণ শক্তি উন্নয়ন নিগমের মাধ্যমে রাজ্যের গরিব মানুষদের যাতে আমরা বিদ্যুৎ দিতে পারি সেইজন্য রাজ্যের হাতে আমরা ক্ষমতাটা রাখতে চাইছি। ওরা বলছেন বহুজাতিক কর্পোরেশনগুলির হাতে সমস্ত ছেড়ে দিতে তার ফল কি হবে সকলেই জানেন। ওরা যা ইচ্ছা তাই করবে। যেটা উড়িষ্যাতে করেছিলেন, মহারাষ্ট্রের এনরোনে করেছিলেন।

[4.20–4.30 p.m.]

এই সব এসে উড়িষ্যা বলেছিল, ৩০০ কোটি টাকা দাও, না হলে আমরা ৪ গুণ বাড়িয়ে

দব। অর্থাৎ যার মূল্য ১০০ টাকা সেটা হয়ে যাবে ৪০০ টাকা। তাদের সব কিছু করে দিতে হবে, ঝড়ে ভেঙে গেলে তাদের সব কিছু করে দিতে হবে। দ্বিতীয় হচ্ছে ক্ষুদ্র এবং কুটির শিল্প যেখানে কয়েক কোটি মানুষ কাজ করে, সেখানে এই রকম সস্তায় বিদ্যুৎ দেওয়া যাবে না ওদের যদি সস্তায় দেওয়া হয় তাহলে আমাদের খুশি মতো দাম বাড়াবো। ৩ নম্বর হচ্ছে কৃষি ক্ষেত্রে। কৃষি ক্ষেত্রে পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে একটা স্থান করে নিতে পেরেছে, কয়েকটি ক্ষেত্রে প্রথম স্থান অধিকার করে নিতে পেরেছে। এই সব ক্ষেত্রে মার খেয়ে যাবে। কৃষি ক্ষেত্রে মার খেয়ে গেলে শিল্প কারখানা মার খেয়ে যাবে, মানুষ বেকার হয়ে যাবে। সেই কৃষি ক্ষেত্রে সস্তায় দেওয়া যাবে না বিদ্যুৎ। ৪ নম্বর হচ্ছে, তফশিলি জাতি এবং আদিবাসী এবং ক্ষেতমজুরদের জন্য লোকদীপ প্রকল্প চালু রাখা যাবে না, তাদের সস্তায় বিদ্যুৎ দেওয়া যাবে না, এটা তুলে দিতে হবে। ৫ নম্বর বয়ানে যেটা বলা আছে তাতে সরকারী এবং বেসরকারী কারখানা যা আছে সেটা আস্তে আস্তে বন্ধ হয়ে যাবে। তাতে তারা বিদ্যুৎ সাজসরঞ্জাম বিক্রি করতে পারবে না, বাইরে থেকে আনতে হবে, বেশি দাম দিয়ে আনতে হবে। এখানে যে ভর্তুকি ছিল সেটা উঠে যাবে। তারপর যেটা আছে, যে সমস্ত গ্রামে বিদ্যুৎ যায় নি তাদের নিজেদের পুরো টাকা দিয়ে বিদ্যুৎ নিয়ে যেতে হবে। আজকে বিদ্যুৎ বিল ২০০৩ যদি এক্সেপ্ট করা হয় তাহলে নিজেরা পারবে লক্ষ লক্ষ টাকা খরচ করে নিজেদের বাড়িতে বিদ্যুৎ নিয়ে যেতে? ২০০-৫০০ টাকা দিয়ে মিটার নিতে পারছে না তারা কি করে লক্ষ লক্ষ টাকা খরচ করে নিজেদের বাড়িতে বিদ্যুৎ নিয়ে যাবে? স্কুল কলেজ হাসপাতাল বেসরকারি যে সমস্ত সংস্থা রয়েছে, পরিষেবার ক্ষেত্রে অনেক মাসুল বেড়ে যাবে। সেই জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের রাখা বাজেটকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাটমোশানগুলির বিরোধিতা করছি এবং তাঁরা যে বক্তব্য উল্টো-পাল্টা রাখলেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে বিদ্যুৎমন্ত্রী মৃণালবাবু ৪৩ নম্বর দাবির অধীনে যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন তার বিরোধিতা করে এবং কাট মোশানগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, কেন্দ্রীয় বিদ্যুৎআইন ২০০৩ চালু হয়েছে। এরপর ভারতীয় বিদ্যুৎ আইন সংশোধন ২০০১ এবং বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন আইন পশ্চিমবঙ্গ ২০০৩, এই দুটো আইনের অবস্থা কোথায় গিয়ে দাঁড়াচ্ছে? মাননীয় ডেপুটি স্পীকার স্যার, কেন্দ্রীয় বিদ্যুৎআইন তাতে বলা আছে "That the tariff progressively reflexes the cast of supply of electricity and also reduces and eliminates cross-subsidy within the period to be specified by the appropriate commission." ফলে এই যে প্রসিডিয়োর, এটাকে নাকচ করার জন্য তাঁরা কি করেছেন? এখানে সরকার পক্ষের মাননীয় সরকার সমস্ত সদস্য বন্ধুরা বলে গেলেন যে কেন্দ্রীয় বিদ্যুৎআইনের বিরোধিতা করছি। ওনাদের রাজ্য সম্পাদক অনিল বিশ্বাস মহাশয় কয়েক দিন আগে বলেছিলেন যে, বিদ্যুৎ বয়কট আন্দোলন যেটা হচ্ছে, অ্যাবেকা এবং এস.ইউ.সি.আই যেটা করছে এটা আন্দোলনের নামে বিশৃঙ্খলা হচ্ছে। উনি বলেছিলেন যে, আমরা নিজেরা কেন্দ্রের বিদ্যুৎ আইনের বিরোধিতা করছি, গোড়া থেকে বিরোধিতা করছি। আমি জানি না অনিলবাবুরা কেন্দ্রীয় বিদ্যুৎ আইনের কি বিরোধিতা করছেন। সৌগতবাবু বলেছেন

২ বছর ধরে কোথায় ছিলেন, স্ট্যানডিং কমিটিতে ওনারা তো সদস্য ছিলেন। শুধু তাই নয় ওনারা কি বিরোধিতা করেছেন?

ওরা জানেন যে, লোকসভায় বিরোধিতা করলে ওদের যে সংখ্যা আছে তাতে ওই বিল পাশ হয়ে যাবে। কিন্তু জনগণকে বলা যাবে যে, আমরা বিরোধিতা করেছি। আপনারা সত্যিই কি বিরোধিতা করেছিলেন সেখানে? বিরোধিতা যদি করতে চান তাহলে এই আইনের যে ধারা আছে, তাতে এমন কতকগুলো পদক্ষেপ নিলেন, যে আইন আপনারা নিয়ে আসলেন, তাতে কার্যত সমর্থনই করলেন। আপনারা যে এ্যামেন্ডমেন্ট এনেছিলেন, এখানে বলা আছে, The purpose for which the supply is required, or the need for cross substidization which shall be reduced in phased manner, shall be subsituted. সেই কথাগুলিই আপনি বলে গেলেন। কেন্দ্রীয় বিদ্যুৎ আইনে বলা হয়েছে ফেজ ম্যানারে সাবসিডিকে তুলে দেওয়া হবে। এটা না বলে উপায় ছিল না, কারণ ওখানে আপনারা এনডোর্স করে এসেছেন। জনগণকে, ভোটারদের বোঝাবার জন্য এখানে বলছেন, আমরা কেন্দ্রীয় আইনকে বিরোধিতা করেছি। সেজন্যই আইন পাশ হয়েছে। এখানে আমরা দেখলাম, আপনারা সেই একইভাবে তদনুরূপ পদক্ষেপ নিয়েছেন। গত ২৭শে জানুয়ারী পশ্চিমবাংলায় বাংলা বন্ধ্ হয়েছিল জনগণের বিভিন্ন দাবি নিয়ে। তারমধ্যে অন্যতম দাবি ছিল এই বিদ্যুতের মাশুল বৃদ্ধি। ২৭শে জানুয়ারির বাংলা বন্ধকে পশ্চিমবাংলার মানুষ অভূতপূর্ব ভাবে সমর্থন করেছিল। জনগণের সেই সমর্থন দেখে আতঙ্কিত হয়ে বিদ্যুৎ মাশুল বৃদ্ধি সিইএসসি যেটা করেছিল, তার বিরুদ্ধে কোর্টে মামলা করলেন। ফেব্রুয়ারি থেকে এপ্রিল পর্যন্ত কয়েক মাস যে বাড়তি টাকা তারা নিল ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ পর্যন্ত অন্যায়ভাবে যেটা তারা বসিয়েছিল, তাকে আটকানো হলো। যেটা নিয়ে আমরা আন্দোলন করছিলাম। বন্ধ্-এর মাধ্যমে জনগণ যে রায় দিল, এই যে পারস্পরিক ভর্তুকি তুলে দেওয়া হচ্ছে, এই অন্যায়ের বিরুদ্ধে তারা কোর্টে গেল। আবার নতুন করে আক্রমণ শুরু হলো। বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন তাঁদের অন্তর্বর্তীকালীন আদেশ দিয়েছেন—সিইএসসি ২৫ পয়সা এবং এসইবি ৫২ পয়সা করে বাড়তি মাশুল নিতে পারবে। এটা ফ্ল্যাট রেটে চালু করলেন। এদিকে আপনারা বললেন, আমরা অভিন্ন মাশুল চালু করার বিরুদ্ধে। পারস্পরিক ভর্তুকি তুলে দেওয়ার বিরুদ্ধে কোর্টে মামলা করলেন বাংলা বন্ধকে ব্যর্থ করার জন্য, পিপল্‌কে বিফুল করার জন্য। ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ এর বাবদ ফেব্রুয়ারি থেকে এপ্রিল পর্যন্ত কয়েকশো কোটি টাকা যেটা গ্রাহকদের কাছ থেকে তুলে নিতে পারতো সেটা বন্ধ হয়েছে। জনগণের এই কৃতিত্বকে আমি ধন্যবাদ জানাই। নতুন করে আবার আক্রমণ শুরু হলো। এসইবি ৫২ পয়সা এবং সিইএসসি ২৫ পয়সা বাড়তি চাপালো। আপনারা সত্যিই যদি পারস্পরিক ভর্তুকি তুলে দেওয়ার বিরুদ্ধে হন, তাহলে এই কোর্টে যাওয়া কেন? ৩৯ নং ধারা এবং ১০৮ নং ধারা প্রয়োগ করে যেটা বন্ধ করা উচিত ছিল, তা করছেন না কেন? শুধু তাই নয়, বিদ্যুৎ মাশুল যে ভাবে বাড়ছে, সে সম্বন্ধে আমি পরে বলবো। বামফ্রন্ট সরকার, সিপিএম সরকার কিভাবে মাশুল বৃদ্ধি করছে,সে সম্বন্ধে আমি পরে বলবো, যে কথা পঙ্কজবাবু এবং সৌগতবাবুরা বলেছেন।

[4.30—4.40 p.m]

আপনি দু'হাজার কোটি টাকা বাড়তি চেয়েছেন। কিন্তু বিদ্যুৎ পরিষেবা মারাত্মকভাবে ভেঙে পড়েছে, এতটুকু উন্নতি হচ্ছে না আজকে সকালবেলায় কোশ্চেন আওয়ারের সময় আলোচনা হয়েছে অনেক হাসপাতালে লোডশেডিঙে অপারেশান বন্ধ হয়ে গেছে। আবার কোন কোন হাসপাতালে ১২ ঘণ্টা কারেন্ট নেই, আপনার দপ্তরের কর্মীরা ফল্ট ধরতে পারছে না। আজকে লোডশেডিং লো-ভোল্টেজ, ফল্ট সর্বত্র হচ্ছে। এই রকমভাবে আজকে আপনার দপ্তর চলছে। আপনি সকাল বেলায় কোন স্যাটিসফ্যাকটারি উত্তর দিতে পারলেন না পশ্চিমবাংলার হাসপাতালগুলিতে যাতে পরিষেবা বন্ধ না হয়ে যায়, অপারেশান বন্ধ না হয়ে যায় তারজন্য আপনি ইর্মাজেন্সি বিদ্যুৎ লাইন করবেন। আজকে মানুষ জেরবার হয়ে যাচ্ছে। মেদিনীপুরের একজন সদস্য বলছিলেন, লোডশেডিং, লো-ভোল্টেজ আজকে সর্বত্র। আর এদিকে আপনি বিদ্যুতের জন্য বাড়তি টাকা চাইছেন। গ্রামীণ বৈদ্যুতিকরণের কথা ওরা বলেছেন। ফলে সমস্ত দিক থেকেই আজকে এই রকম একটা জায়গায় আপনারা পৌঁছেছেন, আর এদিকে ক্রমাগত বিদ্যুৎ মাশুল বাড়িয়ে যাচ্ছেন। সি.ই.এস.সি-তে ২৫ পয়সা বাড়িয়ে আপনারা গোয়েঙ্কাদের ফেভার করেছেন। আজকে গোয়েঙ্কাদের স্বার্থের জন্যই মাননীয় মন্ত্রী শঙ্কর সেনকে চলে যেতে হল। আপনারা বলছিলেন ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা নাকি এগিয়ে আছে। আমি একটা স্ট্যাটিসটিকস্ দেব তার থেকেই ব্যাপারটা পরিষ্কার হবে। কৃষিতে বিদ্যুৎ দেওয়া হয় তার জন্য আসাম, উত্তরপ্রদেশ এবং জম্মু-কাশ্মীর এই তিনটি রাজ্য বেশি দাম নেয়। সম্প্রতি যোজনা কমিশন ১৯ টি রাজ্যে কিলোওয়াট প্রতি বিদ্যুতের খরচের ব্যাপারে একটা সমীক্ষা করেছিল। তাতে দেখা যাচ্ছে পাঞ্জাব এবং উড়িষ্যা এই দুটি রাজ্যে বিদ্যুৎ ব্যবহার করার জন্য চাষিদের একটা পয়সাও দিতে হয় না। এছাড়াও আরও কৃতগুলি রাজ্য আছে যেখানে চাষিদের বিদ্যুৎ ব্যবহার করার জন্য দশ পয়সারও কম খরচ হয়, যেমন—মধ্যপ্রদেশ, তামিলনাড়ু, বিহার, অন্ধ্রপ্রদেশ এই সমস্ত রাজ্যগুলিতে দশ পয়সারও কম খরচ হয়। আর বারোটি রাজ্য আছে যেখানে পার কিলোওয়াট বিদ্যুতের জন্য চাষিদের পঞ্চাশ পয়সা খরচ করতে হয়। আর সেখানে পশ্চিমবাংলায় পার কিলোওয়াট বিদ্যুতের জন্য চাষীদের ৯০ পয়সা করে দিতে হয়। এইভাবে শ্রমিক দরদি, চাষি দরদি বামফ্রন্ট সরকার জনগণের উপরে আক্রমণ নামিয়ে আনছে। আপনারা শুধু গোয়েঙ্কাদের সুবিধা করে দিচ্ছেন। এখানে একজন মাননীয় সদস্য ক্যাগ রিপোর্ট সম্বন্ধে বললেন। ২০০২ সালের জুন মাস পর্য্যন্ত সি.ই.এস.সি-র কাছে বকেয়া ছিল ৭৫৫ কোটি ৮৮ লক্ষ টাকা। ওই বকেয়া টাকা সি.ই.এস.সি.এস.ই. বিকে দিচ্ছে না বলে এস.ই.বি বার বার রাজ্য কাছে আপিল করেছে সি.ই.এস.সি-র এরিয়া অফ সাপ্লাই কমিয়ে দিতে হবে। বিশেষ করে হুগলি নদীর পশ্চিম তীরে যেটা আছে সেটা নিয়ে নেওয়ার জন্য বার বার তারা রাজ্য সরকারকে বলেছে। কিন্তু গোয়েঙ্কারা সি.পি.এম সরকারের এত অনুগত যে তারা এস.ই.বি-র কথা মানে নি। সি.ই.এস.সি-র ১৯৭ কোটি ৭৫ লক্ষ টাকা ওয়েভ করে দেওয়া হয়েছে এবং তাদের টাকা পরিশোধ করবার সময় সীমা বাড়িয়ে ২০০৬ সাল করা হয়েছে। তারজন্য বিদ্যুৎ পর্ষদ ৭৫ কোটি টাকা সুদ বাবদ লস করছে, শুধুমাত্র আপনাদের গোয়েঙ্কাদের তোষণ করবার জন্য।

তার চাপটা এসে পড়ছে বিদ্যুৎ গ্রাহকদের উপর। বিদ্যুতের মাসুল যেভাবে বাড়ছে—ইউনিট প্রতি ৫২ পয়সা এবং ২৫ পয়সা, তার বিরুদ্ধে পশ্চিমবাংলার সমস্ত গ্রাহক সমাজ সক্রিয় প্রতিবাদ, প্রতিরোধ আন্দোলনে শামিল হয়েছে। আগামীকাল, ১৯ তারিখে তারা সন্ধ্যে সাতটা থেকে সাড়ে সাতটা পর্যন্ত, আধ ঘণ্টা বিদ্যুৎ ব্যবহার করবেন না এমারজেন্সি ছাড়া—এ্যাজ এ মার্ক অফ প্রোটেস্ট। পশ্চিমবাংলার ৫৬ লক্ষ গ্রাহক পরিবার সক্রিয়ভাবে সেই আন্দোলনের শামিল হয়েছে। কেন্দ্রীয় সরকারের দিকে আঙুল দেখিয়ে একইভাবে বেসরকারীকরণের যে চক্রান্ত ষড়যন্ত্র রাজ্য সরকার করছে, যেভাবে বিদ্যুৎ গ্রাহকদের সর্বনাশ করতে চাইছে, তাতে এই প্রতিবাদ খুবই স্বাভাবিক। ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ সালের জন্য আবার এস.ই.বি. ৬ শতাংশ এবং সি.ই.এস.সি. ১৩ শতাংশ বাড়তি বিদ্যুতের মাসুল চাপিয়ে দেবে—বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের কাছে সেই দাবি আছে। ইতিমধ্যে ২০০২-২০০৩ এবং ২০০৩-২০০৪ এবং ২০০১-০২-এর জন্য ফারদার ৩০ শতাংশ বিদ্যুতের মাসুল বাড়াবার জন্য ওরা মামলা করেছে। আজকে রাজ্য সরকার যদি এর বিরুদ্ধে কোন পদক্ষেপ না নেয়, তাহলে পশ্চিমবাংলার বিদ্যুৎ গ্রাহকদের উপর যে চাপ পড়বে তাতে একটা ভয়ঙ্কর, মারাত্মক অবস্থার সৃষ্টি হবে। শুধু তাই নয়, তারা অন্যায়ভাবে সিকিউরিটি ডিপোজিট আদায় করছে বিদ্যুৎ গ্রাহকদের কাছ থেকে। এরকম একটা পরিস্থিতি। এর ফলে ক্ষুদ্রশিল্প, ক্ষুদ্র ব্যবসায় লালবাতি জ্বলবে, চাষিরা মার খাবে। ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলো, যাদের আপনারা দক্ষিণপন্থী দল বলেন, দক্ষিণপন্থী সরকার বলেন, জনবিরোধী সরকার বলে চিহ্নিত করেন, তারাও কিন্তু আজকে রাজ্যের জনগণের উপর এতখানি আক্রমণ করতে পারেনি। দেশি-বিদেশি শিল্পপতিদের তোষণ করে, তাদের স্বার্থ রক্ষার জন্য, নিজেদের গদি রাখবার স্বার্থে আপনারা বামপন্থার মুখোশ পরে, মার্কস্‌বাদের তকমা লাগিয়ে এইসমস্ত দক্ষিণপন্থী দল এবং সরকারগুলোর সঙ্গে পাল্লা দিয়ে তাদের পাশে রেখে যেভাবে জনগণের উপর মারাত্মক ভাবে বিদ্যুতের মাসুল চাপিয়েছেন, বিদ্যুতের মূল্যবৃদ্ধি করছেন, সেটা অত্যন্ত অন্যায়, অযৌক্তিক। ফলে আজকে এর বিরুদ্ধে পশ্চিমবাংলার মানুষ সোচ্চার হয়েছে-তারা বিদ্যুতের বাড়তি মাসুল দেবে না। এটা হলে ক্ষুদ্র শিল্প, ছোট ব্যবসা সব উঠে যাবে, গোটা পশ্চিমবাংলা শ্মশান হয়ে যাবে। যেভাবে জনবিরোধী বিদ্যুৎ নীতি, মাসুল বৃদ্ধি, বেসরকারীকরণ এবং বাণিজ্যিকিকরণের দিকে নিয়ে যাচ্ছেন, তাতে পশ্চিমবাংলার সর্বনাশ। বিদ্যুৎ একটা অত্যাবশ্যক পরিষেবা, মানুষের জীবনযাত্রা, সভ্যতার বাহক, তাকে এই ভাবে দেশি-বিদেশি মালিকদের হাতে দিয়ে অবাধ মুনাফা লুণ্ঠনের সুযোগ করে দিয়ে পশ্চিমবাংলার লক্ষ লক্ষ, কোটি কোটি মানুষের চরম বিপদ সৃষ্টি করছেন, বাড়তি মাসুল দিতে বাধ্য করছেন মানুষকে। ফলে ভবিষ্যতে পশ্চিমবাংলার মানুষকে ফিরে যেতে হবে সেই অন্ধকার যুগে, যখন ছিল বিদ্যুৎবিহীন অবস্থা।

[4.40—4.50 p.m.]

যখন বিদ্যুৎ ছিল না, সেই রকম বিদ্যুৎহীন অবস্থায় চলে যাবে। আপনাদের এই সর্বনাশা বিদ্যুৎনীতি, জনবিরোধী বিদ্যুৎনীতিকে পশ্চিমবাংলার মানুষ সমর্থন করবে না। এই বিদ্যুতের মাসুল বৃদ্ধি বন্ধ করার দাবিতে আগামী ২৭ শে আগস্ট বাংলা বন্ধ ডাকা ডাকা হয়েছে এবং গোটা পশ্চিমবাংলার মানুষ এই জনবিরোধী নীতির বিরুদ্ধে তাদের রায় জানাবে এবং আগামী

১৯ তারিখে গোটা পশ্চিমবাংলায় ৭ টা থেকে সাড়ে সাতটা পর্যন্ত বিদ্যুৎ ব্যবহার করবে না। এটা করে এই সরকারের জন বিরোধী নীতির বিরুদ্ধে তারা বিক্ষোভ জানাবে। এই কটি কথা বলে এবং তীব্র প্রতিবাদ করে আমি ওয়াক আউট করছি।

(এই সময়ে এস.ইউ.সি.আই সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার সভাকক্ষ ত্যাগ করেন।)

শ্রী মৃণাল ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দীর্ঘক্ষণ ধরে ১৪ জন বক্তা পক্ষে এবং বিপক্ষে তাঁদের বক্তব্য রেখেছেন। পক্ষে যাঁরা বলেছেন তাঁরা বাজেটকে সমর্থন করে বলেছেন আর বিপক্ষে যাঁরা বলেছেন তাঁদের বক্তব্য শুনে আমার মনে হয়েছে তাঁদের মূল সুরটাও বাজেটের সমর্থনে। আংশিক আনুষ্ঠানিক কিছু বিরোধিতা, কিছু কথাবার্তা আছে, বিরোধীরা যে কাট মোশন এনেছেন তার মধ্যে রিলায়েবল এনার্জি সেক্টর নিয়ে অনেকগুলো কাট-মোশন আছে। অর্থাৎ রিনিউয়েবল এনার্জী সেক্টর দিনের পর দিন গুরুত্ব পাচ্ছে এবং সেক্ষেত্রে এটা যথেষ্ট পপুলার আজকে সকলে প্রশংসা করছেন যে ভারতবর্ষে আজকে রিনিউয়েবল সেক্টরে পশ্চিমবাংলা একটা স্থান করে নিতে পেরেছে। ইদানীংকালে রিনিউয়েবল সেক্টরের ডাইরেক্টর মিঃ গণ চৌধুরী তিনি যে শুধু লন্ডনে গ্রীণ অস্কার পুরস্কার পেয়েছেন তাই নয়, সারা পশ্চিম বাংলায় এখন যা গ্রাহক আছে ভারতবর্ষের আর কোন রাজ্যে তা নেই। বায়োমাস, সোলার, উইণ্ড ডিজেল, বিভিন্ন কাজ আমাদের এখানে হচ্ছে। সুন্দরবন এবং পুরুলিয়ার প্রত্যন্ত অঞ্চলে এই কাজ হচ্ছে এবং আমাদের যে কর্মসূচী আছে, আশা করছি আমরা অচিরে ভারতবর্ষে এখন আমরা প্রথমে আছি, যদি আমরা কাজ করে যাই পৃথিবীর মধ্যে একটা ভালো জায়গায় পৌঁছতে পারব। কারণ হাইব্রিডে যেটা হয়েছে রিনিউয়েবল সেক্টরে এটা হচ্ছে দ্বিতীয় পৃথিবীর মধ্যে, সেকেন্ড ওয়ান। এটা আমাদের সংখ্যাতত্ত্ব নয় লাইব্রেরী আছে আপনারা দেখে নিতে পারেন, দিস ইজ সেকেন্ড ইন দি ওয়ার্ল্ড। যাইহোক আমি আপনাদের ধন্যবাদ জানাই আপনারা এই বিষয়ে প্রশংসা করেছেন, এর উল্লেখ করেছেন, করা উচিত ছিল সেটা আপনারা করেছেন। হ্যাঁ, কিছুটা কাট মোশান আনতে হয় বলে এনেছেন কিন্তু স্বীকার করে নিয়েছেন। ধন্যবাদ। প্রথম বক্তা শ্রী পঙ্কজ ব্যানার্জী যেটা বলেছেন যে আমরা জেনারেশনে পিছিয়ে গেছি। না, আমাদের জেনারেশন পিছিয়ে নেই। কতগুলো অসুবিধা ছিল প্রোগ্রাম ব্লাস্টের ফলে আমাদের যে লোন পাওয়ার কথা ছিল জে.ভি.আই.সি থেকে সেই স্যাংশন চালু থাকার ফলে আমরা প্রায় দু বছর পিছিয়ে গেছি কিন্তু যেদিন স্যাংশন উঠে গেল তারপর থেকে দ্রুত গতিতে কাজ হচ্ছে এবং আমরা কতগুলো প্রস্তুতি আগেই নিয়েছিলাম। আমাদের পি.ডি.সি.এলের যারা অফিসার, ইঞ্জিনিয়ার রয়েছেন সেটা আগেই করে রেখেছেন। কাগজপত্র তৈরি করে রেখেছেন। তারফলে আমরা অনেকটা এগিয়ে গেছি। এখন আপনারা জানেন যে জে.ভি.আই.সি লোনের কাজ করতে গেলে তাদের কতগুলো শর্ত মেনে কাজ করতে হয়। কিভাবে টেন্ডার করা হবে, কিভাবে টেন্ডার পেপার করা হবে। কোন পদ্ধতির মধ্যে দিয়ে যেতে হবে। সেগুলো তাদের নির্দেশিকা অনুযায়ী চলতে হয় এবং সেই কাজগুলো চলছে। পেপারগুলো জে.ভি.আই.সিতে পাঠানো হয়েছে। একটা সমস্যা রয়েছে। একটা এফেকচুয়েশন একটা ইমপ্লিমেন্ট করতে হয় সেটা গভর্নমেন্ট অব ইন্ডিয়ার সঙ্গে করতে হবে। ভারত সরকারের ল ডিপার্টমেন্ট দেখছে সেটা

হয়ে যাবে। এটা কোন ব্যাপার নয়। সেটা একটা ফর্মাল ব্যাপার। সেটা হয়ে গেলে টেন্ডার করা হবে। টেন্ডার পেপার তৈরি হয়ে আছে। বক্রেশ্বর কিন্তু টেক অফ করে দিয়েছে। যে বিদেশি কনসালট্যান্ট নিয়োগ করতে হয় সেটা করা হয়ে গেছে। দেশিয় কনসালট্যান্ট নিয়োগ করা হয়ে গেছে। অন্যান্য কাগজপত্র তৈরি হয়ে আছে। সেই হিসাবে কাজটা এগিয়েছে। অন্যান্য যেগুলো কোল লিংকেজ, ওয়াটার, এনভায়রনমেন্ট, ক্লিয়ারেন্স আগেই হয়েছে। সাঁওতালদিহির ক্ষেত্রে বাকিগুলো হয়ে গেছে। আপনারা শুনলেন নিখিল মুখার্জীর কথার মধ্যে দিয়ে, যদি কেউ লক্ষ করে থাকেন দেখবেন ওখানে একটা ছোট্ট এয়ার স্ট্রিপ রয়েছে। কাজেই ওদের থেকে একটা পারমিশন নিতে হবে চিমনির হাইটটা নিয়ে। কারণ যদি ২১০ মেগা ওয়াট করতে হয় তাতে যে চিমনির হাইট হবে তাতে অ্যাভিয়েশন বা ওদের ওই এয়ারপোর্ট অথরিটি তাদের অনুমতি নিতে হবে। আশা করা যায়, কয়েকদিনের মধ্যে সেটা পাওয়া যাবে। এটা তো আমাদের নিজেদের টাকায় করতে হবে। যেভাবে হোক টাকা জোগাড় করে করব। কাজেই এটা আগেই শুরু হবে সাগরদিঘির ক্ষেত্রে সাইট অফিস আমরা খুলেছি। এনভায়রনমেন্ট এর কাজ হয়ে গেছে। জমি অ্যাকুইজিশন এর কাজ শুরু হয়েছে। কাজ কোথাও থেমে নেই। সৌগত বাবু বলার সময়ে বলছিলেন, হ্যাঁ এখন আর বিল নেই ইলেকট্রিসিটি অ্যাক্ট ২০০৩। এটা অ্যাক্ট আমরা মানি আর না মানি। আমরা পক্ষে হই বা বিপক্ষে হই এটা আমাদের মানতে হবে। এবং ১৯১০ k, ৪৮, ৯৮ সব অ্যাক্ট চলে গেছে, আমরা অ্যাক্ট করেছি সেগুলোও গেছে।

[4.50—5.00 p.m.]

আমরা বিদ্যুৎ ট্রেডিং করি এবং বাধ্য হয়েই করতে হয়, করলে আমাদের লাভ হবে। আমাদের ট্রান্সমিশানে আলাদা কোম্পানি খুলতে হবে, সি.এল.ডি. আলাদা রাখা আছে কাজেই আমাদের রি-স্ট্রাকচারিং করতে হবে। কি পদ্ধতিতে হবে, কি করলে এই সিচুয়েশনে এই বিদ্যুৎ পরিষেবাকে টিকিয়ে রাখতে পারবো তার জন্য একটা বিশেষজ্ঞ কমিটি করে তাদের কাছ থেকে মতামত নেওয়ার চেষ্টা করছি। কমিটি কাজ শুরু করেছে। সৌগতবাবু অভিযোগ করলেন দু মাস হয়ে গেল আমরা বসে আছি। আমরা বসে নেই, আমাদের দপ্তরের আধিকারিক যাঁরা রয়েছেন তাঁরা বিশেষভাবে এই নিয়ে ইনভলভ বেশি রয়েছেন। কারণ আমাদের অনেকগুলি রুলস তৈরি করতে হবে, সেগুলি ওঁনারা করছেন। অনেকগুলি রুলস তৈরি করতে হবে। (ভয়েজ : স্টেট অ্যামেডমেণ্ড আনছেন?) স্টেট এ্যামেডমেণ্ড কতটা আনা যায় সেটা আপনিই ভালো বলতে পারবেন। আমাদের রুলস তৈরি করতে হবে। সবটাই এখন অ্যাক্ট হয়ে আছে। ব্যাপার হচ্ছে এখন পাওয়ার পলিসি, ট্যারিফ পলিসি সবটা প্ল্যানিং এভরিথিং উইল বি ডিটারমিন বাই এস.ই.আর.সি.। এটা কংকারেন্স লিস্টে ছিল। এখানে রাজ্য সরকারের কোন ক্ষমতা নেই। রাজ্যসরকারের অবলিগেশান হচ্ছে তাকে গ্রামে বিদ্যুৎ দেওয়ার ব্যাপারটা আছে। এখানে ক্রশ-সাবসিডি নিয়ে অনেক বক্তৃতা হলো। ক্রশ-সাবসিডি আমাদের ইন ফেজেস তুলে দিতে হবে। কিন্তু এখন আমাদের মনে রাখতে হবে এখন এখানে যে কেউ এসে ব্যবসা করতে পারে। সৌগতবাবু বললেন স্ট্যান্ড অ্যালোন সিস্টেমের মধ্যে দিয়ে আমাদের বিদ্যুৎ গ্রামে দিলে ভালো হবে। আমি কিন্তু এর মধ্যে কিছু চক্‌চকে দেখছি না। সুন্দরবনে স্ট্যান্ড অ্যালোন এখনও

আছে। সুন্দরবনে সোলার, বায়োমাস স্ট্যান্ড অলোন আছে এবং সবচেয়ে বেশি অভিজ্ঞতা আমাদের আছে। কিন্তু ধরুন হুগলীতে কোন গ্রামে কেউ এসে যদি থার্মাল পাওয়ার প্ল্যান্ট তৈরি করেন গরিব মানুষদের সস্তায় বিদ্যুৎ দেব বলে, আমি এতে চকচকে কিছু দেখছি না। এখানে কি রিনুয়েবল এনার্জি আছে, সোলার এনার্জি আছে। যেখানে গ্রিড পাওয়ার আছে সেখানে সোলার পাওয়ার স্ট্যান্ড অলোন সিস্টেম সেই ভাবে চলবে না। গ্রামীণ বিদ্যুৎ চলবে স্ট্যান্ড অলোন সিসটেমে। আমি জানি না, ভবিষ্যতে যদি কেউ প্রযুক্তি নিয়ে আসে, ভালো কথা। সৌগতবাবুর কথাটা আমি ঠিক বুঝতে পারিনি। উনি আমাদের ভালই কতগুলি সাজেশান দিয়েছেন তবে, সমর্থন করেন নি। ক্যাপটিভ যদি হয়, যদি এমনটাই হয় কোন একজন জেনারেটিং কোম্পানি এসে বাল্ক কনজিউমারকে টার্গেট করে বিদ্যুৎ দেবে বলে, তাহলে বাকি কনজিউমারদের নিয়ে কোন ইউটিলিটি আর বেঁচে থাকবে? ধরুন কোন জেনারেটিং কোম্পানি ২০০ মেগাওয়াট-এর পাওয়ার প্ল্যান্ট করলো। আমরা এগজামশন দিচ্ছি বেশি। বাস্তবের সঙ্গে কোনো সম্পর্ক নেই—কেউ একটা পাওয়ার প্ল্যান্ট করলো গঙ্গার এধারে বা ওধারে। (ভয়েজ : সি.ই.এস.সি. নিয়ে বলুন)। আমি সি.ই.এস.সির কথা প্রথমে বলি। সি.ই.এস.সির বাল্ক কনজিউমারদের রাজি করালে তাদের ট্রান্সমিশান এবং ডিস্ট্রিবিউশান লস্‌টা কম হবে। সি.ই.এস.সির ১৫০ ইউনিটে কনজিউমার হচ্ছে ১৩০০। সি.ই..এস.সি. যখন যাবে, তখন এস.ই.বি. তো যাবেই।

কারণ এস.ই.বি.-র ৮০ পারসেন্টের উপর স্মল কনজিউমার। তার বাল্ক কনজিউমার যদি কেউ নিয়ে নেয় তাহলে? ধরুন, ডি.পি.এল.-র পাওয়ার সব থেকে সস্তা। কারণ, সে অল্প এরিয়ার মধ্যে বিদ্যুৎ দেয়, তার ট্রান্সমিশন লস. ডিস্ট্রিবিউশন লস কম। এস.ই.বি. দুর্গাপুর আসানসোল, ইত্যাদি অঞ্চলে রয়েছে। এবারে যদি বি.পি.এল এগুলো নিয়ে নেয় এস.ই.বি.-রুগ্ন হবে। সিমিলারলি অন্য কেউ এসে বিদ্যুৎ বিক্রি করে টার্গেটিং দোজ বাল্ক কনজিউমারস, তাহলে এই ইউটিলিটি নষ্ট হয়ে যাচ্ছে। এখন স্মল কনজিউমার এবং বাল্ক কনজিউমার মিলে-মিশে হয়তো চালাতে পারছে। না হলে কি দাঁড়াত? কারণ, এখন আমরা পুলকিত হয়ে প্রশংসা যদি না করি তাহলে কিন্তু বিপদ আছে।

নিউক্লিয়ারের কথা হয়েছে। আমাদের গভর্নমেণ্ট থেকে অনেকগুলো জমি গভর্নমেণ্ট অফ ইন্ডিয়াকে প্রপোজ করা হয়েছে। দক্ষিণ ২৪ পরগনা, দার্জিলিং, পুরুলিয়া, ইত্যাদি জায়গাতে। আপনারা জানেন এর কতগুলো কনডিসনালিটিস আছে—৫ কি.মি.-র মধ্যে কত লোক থাকবে, ১০ কি.মি-র মধ্যে কত লোক থাকবে, সয়েল কন্ডিশন কি হবে, ওয়াটার এভেইলেবিলিটি কি হবে, ভূমিকম্পপ্রবণ কিনা—এই রকম বিভিন্ন বিষয় আছে। আমরা যে জমিগুলো দিয়েছি তাতে গভর্নমেণ্ট অফ ইন্ডিয়ার যে দপ্তর এটা দেখভাল করে তারা এখনও পর্যন্ত এগ্রি করেনি। তাছাড়া, বিতর্কও আছে। সে কথায় আমি যাচ্ছি না। তা সত্ত্বেও গভর্নমেণ্ট অফ ইন্ডিয়াকে অনেকগুলো সাইট প্রপোজ করেছিলাম। যদিও তারা এখনও সেগুলো মানেনি।

আসানসোলের এম.এল.এ মাননীয় কল্যাণ বাবু বলার সময় কিছুটা বিষোদ্গার করলেন। আসানসোলের এম.এল.এ কিন্তু কলকাতায় থাকেন। তাতে অবশ্য কিছু ক্ষতি নেই। দূর থেকে দেখেন বলে হয়তো জানেন না। আমাদের রাজ্যের কতগুলো কমপ্লিকেসি আছে, এগুলো হয়তো

কেটে যাবে। কমান্ড এরিয়াতে কতগুলো বিষয় আছে। ভ্যালি এরিয়া, কমান্ড এরিয়া। কমান্ড এরিয়া হচ্ছে ডি.ভি.সি.-র। গত ২-৩ বছর ধরে ডি.ভি.সি.-র খারাপ অবস্থা গেছে, সব সময় তারা ভালো জেনারেশন করতে পেরেছে তা নয়। তাছাড়া, ৮০ এম,ভি.এ ট্রান্সফর্মার রিপ্লেস করতে প্রায় দেড় বছরের উপর সময় নিয়েছে। সেহেতু তারা পাওয়ার সাপ্লাই করতে পারেনি। এবং ডি.ভি.সি.-র প্রায়োরিটি রেল, কোল ইন্ডাস্ট্রিজ এবং বাল্ক কনজাম্পশন বেশি। সেই জন্য ছোট কনজিউমার, ডোমেস্টিক কনজিউমার কিছুটা সাফার করেছে নো ডাউট। আমরা তা মাথায় রেখে পি.এফ.সি থেকে প্রায় ২০ কোটি টাকা নিয়ে আসানসোলে ২২০ কে.ভি সাব-স্টেশনের কাজ করছি এবং তার ৮০ শতাংশ কাজ হয়ে গেছে। .....(নয়েজ).....

এটা এমন নয় দোকানে গিয়ে ফ্রিজ কিনে আনলাম। এটা হাইভোল্টেজ সাব-স্টেশন। টি.ভি., ফ্রিজ নয়। জমি নিতে হয়, প্ল্যান করতে হয়, মাল-পত্র কিনতে হয়, ইনস্টল করতে হয়। ইট টেকস টাইম। .....(ভয়েজ : অযোগ্য).....। আপনার মত অযোগ্য থাকলে ১০ বছর লেগে যেত। আপনি আইন নিয়ে ২-৪টে কথা বলতে পারেন।

[5.00—5.10 p.m.]

(গোলমাল)

কিছুদিন ধরে, গত এক মাস ধরে হ্যাঁ, আপনি একথা বলেছেন, ফ্রান্সের প্যারিসে ৭২ পারসেন্ট থেকে ৭৫ পারসেন্ট হচ্ছে নিউক্লিয়ার পাওয়ার, যেটা আমাদের হয় নি। আপনি বলেছিলেন, আমি উল্লেখ করতে ভুলে গিয়েছিলাম। আপনি জানেন যে, এখানে জমি, জায়গার ব্যাপার ছাড়াও অন্যান্য রাজনীতি আছে। আমাদের মাসখানেক ধরে খুব সমস্যা যাচ্ছে। প্রতি বর্ষার সময় এটা কিছুটা হয়। কারণ কয়লা ভিজে থাকলে নীচে যেটা পড়ে থাকে তখন সেখানে রেক্ ফ্লো কমে যায়, তখন ভিজে কয়লায় জেনারেশনের কিছু অসুবিধা হয়। তাছাড়া আরেকটা অসুবিধা হচ্ছে দিনের মধ্যে দুবার পিক্ হয়, সেই পিক্ আওয়ার্সে আমরা বিদ্যুৎ সব সময় পাচ্ছি না। কারণ আপনারা জানেন, আমাদের হাইডাল থার্মাল মিক্স্ খুব খারাপ—৯৭ পারসেন্ট থার্মাল এবং ৩ পারসেন্ট হাইডাল। আমাদের থার্মালের দিক থেকে আমরা খুবই ভাল জায়গায় আছি। যেকোন ধনী দেশের পক্ষে কয়লা, থার্মাল দিয়ে টোটাল পাওয়ার ম্যানেজমেন্ট করা যায় না, করা উচিতও নয়। এটা কস্টলি। আমাদের ওই পি.এল.এফ.—আপনারা অনেক সময় বলেন, আমাদের হাইডাল যদি বেশি থাকতো তাহলে আমাদের পি.এল.এফ. বেড়ে যেত, আমাদের একটু থার্মাল করলেই হত। কিন্তু আমাদের থার্মাল বেশি করে রাখতে হচ্ছে। আমাদের পিক-এ বাড়াতে হয় এবং অফ্ পিক্-এ কমাতে হয়, অনেক সময় ব্যাক্ ডাউন করতে হয়, ৪০ পারসেন্ট থেকে ৫০ পারসেন্ট কোথাও কোথাও নিতে হত। আমরা দেড় বছর ধরে বাইরে বিদ্যুৎ এক্সপোর্ট করছি এবং প্রফিট হচ্ছে, পি.এল.এফ. বাড়ছে, হয়তো বিদ্যুৎ সস্তা হয়েছে সেদিক থেকে। এটার জন্য আমাদের কিছু সমস্যা হয়। কিন্তু তারজন্য বাইরে থেকে বিদ্যুৎ নিতে হয়, কিছুটা সেন্ট্রাল সেক্টর থেকে। সেন্ট্রাল সেক্টর-এ বেশ কিছুদিন ধরে যেখানে ১৬০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হওয়া উচিত, ফরাক্কায় সেখানে ওরা ৬০০ থেকে ৭০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করছে। তার বেশি করতে পারছে না।

(ভয়েস : পয়সা সব মেটানো হয়েছে?)

আপনাদের অবগতির জন্য জানাই, পয়সা সব মিটিয়ে দেওয়া হয়েছে। এন.টি.পি.সি. ডি.পি.সি.এল, ডি.ভি.সি., আই.ডি.পি.বি., ব্যাঙ্ক, এল,আই.সি., আর.আই.সি., সমস্ত স্কোয়ার অফ্ করা হয়েছে। দিস ইজ দি ফার্স্ট টাইম—আর বোধ হয় কিছুদিন বাদে এস.ই.বি-র কাছে, সি.ই.এস. সির বা কোন ফাইনানসিয়াল ইনস্টিটিউশানের পয়সা পাওয়া নিয়ে কোন সমস্যা থাকবে না। সমস্ত টাকা মিটিয়ে দেওয়ার সেটেলমেণ্ট হয়েছে। যদি বলেন এটা আমি ফিগার দিয়ে বলতে পারি। এবারে স্বাভাবিকভাবে সবসময়ই বিদ্যুৎ কিন্তু পাচ্ছি না। পিক্ আওয়ার্স-এ কিছুটা শর্ট হচ্ছে। সেণ্ট্রাল সেক্টর থেকে বিদ্যুৎ আনতে অসুবিধা হচ্ছে। কেউ কেউ এ.বি.টি নিয়ে বললেন। ১লা এপ্রিল থেকে এ.বি.টি চালু হয়েছে। গ্রিড ডিসিপ্লিনে কতকগুলি বিধিনিষেধ আরোপ করা হয়েছে। ৩৯ অনুযায়ী যাতে ফ্রিকোয়েন্সি না নেমে যায় সেই দিকে লক্ষ্য রাখা হয়েছে। তার অনেক পেনাল্টি ইত্যাদি ইত্যাদি সবকিছু আছে। এই সবকিছু মিলিয়ে একটা সমস্যা চলছে। আরও কয়েকদিন একটু সমস্যা থাকবে। পরবর্তী সময়ে সেটা ইমপ্রুভ করবে। আমাদের যে ইউনিট, এ্যানুয়াল সাডডাউনে দেওয়া হয়েছিল, যদি এ্যানুয়াল সাডডাউট থেকে সেগুলি এক-এক করে চলে আসে।

(ভয়েস : এ.বি.টি কি কম্পালসারী?)

হ্যাঁ, এ.বি.টি কম্পালসারি। সারা ভারতবর্ষে ছিল আমাদের এখানে ইস্টার্ন ইন্ডিয়ায় ১লা এপ্রিল থেকে চালু হয়েছে। তাছাড়া ২ লক্ষ টাকার ব্যাপারটি একটু বুঝে নেবেন। এটা গভর্নমেণ্ট সেক্টরের। প্রতিদিন কিন্তু টেন্ডার ফ্লোড করা যায় না। এবারে ১০ লক্ষ টাকার একটা টেন্ডার আছে। আজকে একটা টেন্ডার করলে, কালকে একটা টেন্ডার করলে ওদের কতকগুলি ডিফিকাল্টি হচ্ছে। তাছাড়া ম্যানেজমেণ্টেরও অসুবিধা হচ্ছে। এবারে সেক্ষেত্রে এটা আমি শুনেছি ওদের অসুবিধার কথা। এবারে সেখানে যদি ক্লাস্টার করে করা যায় এবং ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে যদি এ ব্যাপারটাকে তাদেরকে বলা হয়েছে যে আমরা এগুলি যদি একটা ক্লাস্টার তৈরি করতে পারি এবং একটা প্যাকেজ তৈরি করে যদি করি তাহলে এটা সহজ হয়। তা সত্ত্বেও এই বিষয়টি নিয়ে বিদ্যুৎ দপ্তরের যারা চেয়ারম্যান রয়েছেন, সেক্রেটারী বা আধিকারিকরা এই বিষয়টি নিয়ে গভীরভাবে চিন্তা-ভাবনা করছেন, কিভাবে তার সুরাহা করা যায়। তারা এই নিয়ে রেগুলার মিটিং করছেন। এম.এল.এ ল্যাড এবং এম.পি ল্যাডের টাকা মনিটর করে কি কি প্রবলেম হচ্ছে সেটারও জানা দরকার। কারণ টাকার শুধু এ্যালটমেণ্ট করে দেওয়া হয়। হয়ত বিদ্যুৎ দপ্তরের কোন একজন নীচু দিকের কর্মচারী সে হয়ত লিখে দিল এই টাকাটা পাবে বা কিছু। সেটা ডি.এম এর কাছে জমা পড়ে গেল। কিন্তু পরে দেখা গেল টোটাল প্রজেক্টে হয়ত ঘাটতি থেকে গেছে। সেখানে আপনাদের এম,এল.এ-দেরও চেঞ্জ করা উচিত এটা নিয়ে পারসু করা উচিত। আর একটা হচ্ছে যে অনেক সময় হয় কি লাইন টেনে দেওয়া হয় তারপর গ্রাহক হয় না এবং তারজন্য অনেক সময় লাইন টানা বন্ধ থাকে। আপনি লাইন টানলেও সেটাকে চার্জ করা হয় না। কারণ চার্জ করলে হুকিং, ট্যাপিং হবে। কাজেই এই অনেকগুলি ডিফিকালটি-র জন্য অনেকে গ্রাহক হতে চায় না। এম.পি ল্যাডের টাকায় কাজ হয়েছে, কাজেই আমি গ্রাহক

হব না। এই ডিফিকালটিগুলো আছে। তা সত্ত্বেও যাইহোক আমি আগেই বলেছি এই প্রসঙ্গে পরেও আলোচনা করা যাবে। আপনাদের যদি কোন সাজেশান থাকে, আপনারা ইতিমধ্যেই আপনাদের বক্তব্যের মধ্যে অনেক মতামত, পরামর্শ দিয়েছেন, সেগুলি অনেকটাই গ্রহণ করা হবে। আপনারা আনুষ্ঠানিকভাবে বিরোধিতা করেছেন, আসলে আপনারা সমর্থনই করেছেন। কাজেই আপনাদের যে কাটমোশান তার বিরোধীতা করছি এবং বাজেটকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং আপনাদের কাছেও এটা বলছি যে এটাকেও আপনারা সমর্থন করুন। ধন্যবাদ।

Mr. Deputy Speaker : There are 62 cut motions to Demand No. 43. Now I put cut motions (nos. 3, 4–8, 10–27, 30, 38–62) to vote.

The motion (no, 3) that the amount of the demand be reduced by Re. 1 was then put and lost.

The motions (nos. 4–8, 10–27, 30, 38–62) that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

[5.10—5.16 p.m] (including adjournment)

The motion (cut motion no. 1, 2) That the Amount of the Demand be reduced to Re. 1/- and the motions (cut motion nos. 9, 28, 29–31, 32, 33, 34, 35, 36 and 37) That the Amount of the Demand be reduced by Rs. 100/- were then put and a division was taken with the following result.

AYES : 15 NOWA : 48s

The motion of Dr, Asim Kumar Dasgupta that a sum of Rs. 2231, 20,55,000 be granted for expenditure under Demand No, 43, Major Heads : "2045-Other Taxes and Duties on Commodities and Services, 2801-Power, 2810 Non-Conventional Sources of Energy, 3451-Secretariat-Economic Services, 6801-Loans for Power Projects and 6860-Loans for Consumer Industries" during the Year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 743, 73,51,000 already voted on account in March, 2003.), was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5–16 p.m. till 11-00 a.m., on Monday, the 21st July, 2003 at the Assembly House, Eden Gardens, Kolkata–700 001.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 21st July 2003 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 10 Ministers, 05 Ministers of State and 118 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা বিহীন প্রাথমিক বিদ্যালয়

*৩৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭) **শ্রী আব্দুল মান্নান** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে ছাত্র-ছাত্রী এবং শিক্ষক-শিক্ষিকা বিহীন প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত (জেলাওয়ারি); এবং

(খ) উক্ত বিদ্যালয়গুলি চালু রাখার কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না?

Mr. speaker : The question will be held over.

(ভয়েস : হেল্ড ওভার কেন স্যার?)

মাননীয় সদস্য শ্রী আবদুল মান্নান একটা চিঠি দিয়ে গিয়েছেন যে তিনি বাইরে যাচ্ছেন, তাঁর কোয়েশ্চেনগুলো যেন হেল্ড ওভার করা হয়। এটা সরকারের তরফ থেকে হেল্ড ওভার নয়।

স্নাতক স্তরে পাশ ও অনার্সের পাঠ্যসূচীর পরিবর্তন

*৩৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫) **শ্রী তপন হোড়** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্নাতক স্তরে পাশ ও অনার্সের পাঠ্যসূচীর (সিলেবাস) পরিবর্তন করা হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, নতুন পাঠ্যসূচী কোন শিক্ষাবর্ষ থেকে চালু হবে বলে আশা করা যায়?

শ্রী সত্যসাধন চক্রবর্তী :

(ক) হ্যাঁ, আংশিক সত্য। কারণ, কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অদ্যাবধি স্নাতক স্তরে সাধারণ ও অনার্স-এ ৪০ (চল্লিশ) টি বিষয়ের পাঠ্যসূচীর (সিলেবাস) পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

(খ) শিক্ষাবর্ষ ২০০৩-২০০৪ সন থেকে উপরিউক্ত নতুন পাঠ্যসূচী চালু বা কার্যকর হবে বলে আশা করা যায়।

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সাধারণ এবং অনার্সে ৪০ টি বিষয়ে পাঠ্যসূচী পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। কলকাতা বিশ্ববিদ্যালয় সম্পর্কে ইউ. জি. সি. এবং এন. সি. আর. টি-র যে মূল্যায়ন তাতে তারা ভালই মতমত প্রকাশ করেছেন বলে আমরা দেখেছি যদিও সিলেবাস নিয়ে নানান জায়গায় অভিযোগ আরছে যে এগুলি ঠিক আধুনিক মানের উপযোগী কিনা। সেই কারণে অন্যান্য ইউনিভার্সিটিগুলির যে সিলেবাস আছে সেই সিলেবাসগুলির সঙ্গে আমাদের এখানকার যে সিলেবাস তৈরী হচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের এবং অন্যান্য বিশ্বাবিদ্যালয়ের তার একটা সংগতি রেখে উচ্চশিক্ষার যে মান সেই মানকে ঠিক রাখার প্রশ্নে রাজ্যসরকারের অভিমত কী জানাবেন কি?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্যকে আমি জানাতে চাই যে আমাদের রাজ্যেও অনেকদিন ধরেই একটা দাবী ছিল যে যেসব পাঠ্যসূচী পুরানো হয়ে গিয়েছে, আধুনিক জীবনের সঙ্গে সম্পর্কহীন এগুলি পালটাতে হবে বিশ্ববিদ্যালয় স্তরে এবং অন্যান্য স্তরে। অনেকদিন আগে থেকেই বিশ্ববিদ্যালয়গুলি চিন্তা-ভাবনা শুরু করে। তারপর আমাদের রাজ্যে যে হায়ার সেকেন্ডারী কাউন্সিল আছে সেই কাউনসিল এই ব্যাপারটা নিয়ে আলোচনা শুরু হয়। আলোচনার পর কাউনসিল থেকে বিভিন্ন বিশ্ববিদ্যালয়গুলিতে বিভিন্ন বিষয়ে যারা একসপার্ট তাদের নিয়ে কমিটি তৈরী করা হয় এবং বলা হয় এই এক্সপার্টরা সেখানে প্রয়োজনবোধে অন্যান্য এক্সপার্টদের আমাদের রাজ্যের এবং রাজ্যের বাইরের সঙ্গে আলোচনা করে আমাদের সমস্ত বিশ্ববিদ্যালয়গুলির যে সিলেবাস সেগুলির পরিবর্তনের উদ্যোগ তারা নেবেন।

অনেকদিন ওরা কাজ করে এই সমস্ত বিষয়গুলি যেগুলি বলা হল ৪০ টার উপর বিষয় সেটা আপ টু ডেট করা হয়। সেটা করে বিশ্ববিদ্যালয়গুলিকে, শুধু কলকাতা বিশ্ববিদ্যালয় নয় সব বিশ্ববিদ্যালয়ে পাঠিয়ে দেওয়া হয়। তার কারণ শেষ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সিলেবাস তাদের বিভিন্ন যে সংস্থাগুলো আছে তাদের সঙ্গে আলোচনা করে বিশ্ববিদ্যালয় ঠিক করে। এই কাজ যখন সমাপ্তের পথে তখন ইউনিভারসিটি গ্রান্টস কমিশন থেকে বিশ্ববিদ্যালয়গুলির জন্য সিলেবাস সারা ভারতবর্ষের জন্য, শুধু আমাদের রাজ্যের জন্য নয়, সারা ভারতবর্ষের জন্য তারা করে। একেবারে আধুনিক। সেটা যখন পাওয়া যায় তারপর ভাইস-চ্যান্সেলারদের নিয়ে হায়ার এডুকেশান কাউনসিল একটা সভা ডাকে। ডেকে আমরা সিদ্ধান্ত করি যে আমাদের হায়ার এডুকেশান

কাউনসিল যে সিলেবাস করেছে আর ইউ.জি.সি. যেটা পাঠিয়েছে এই দুটোকে সামনে রেখে বিশ্ববিদ্যালয়গুলি তারা তাদের সিলেবাস করবে। অধিকাংশ বিশ্ববিদ্যালয় তারা তাদের সিলেবাস পরিবর্তন করেছে। এই বছর অর্থাৎ ২০০৩-০৪ সাল থেকে অনেকগুলি সিলেবাস কার্যকরী হচ্ছে। আগামী বছর থেকে আরো বেশী করে কার্যকরী হবে। আপনার দ্বিতীয় প্রশ্ন হলো এর মান কি রকম। যেহেতু ইউ.জি.সি. করেছে সেইহেতু সারা ভারতবর্ষের মান দেখে করেছে। আমরা যেটা করেছি প্রতিটি বিষয়ের মান সারা ভারতবর্ষের যে মান তার সঙ্গে সম্পর্কযুক্ত।

শ্রী তপন হোড় : এই প্রসঙ্গে আমরা জানি শিক্ষা ক্রমশ পণ্য হিসাবে দেখা দিয়েছে, বিশ্বায়নের ফলে এটা আরো বেশী প্রকট হয়েছে। আমাদের যে এডুকেশান সিস্টেম এই সিস্টেমটা সাধারণ ভাবে মিডিল ক্লাস ওরিয়েন্টেড একটা সিস্টেমে। এই সিস্টেম মিডল ক্লাস পরিবারের ছাত্র-ছাত্রীরা পড়াশোনা করে আস্তে আস্তে এগোচ্ছে, তারা একটা হোয়াইট কালার জব এই ধরনের কাজে যুক্ত হতে চাইছে। ব্যাপক সাধারণ মানুষ আছে, সাধারণভাবে যে স্তরের জন্য এডুকেশান থাকা দরকার, এডুকেশান ফর অল এই যে শ্লোগান এর বাইরে তারা থেকে যাচ্ছে। সেই জায়গায় দাঁড়িয়ে আজকে আমাদের এই বিশ্বদ্যিালয়গুলো সঠিক পদক্ষেপ বলতে যা বোঝায় সেটা নেয়নি। তবে কিছু কিছু জায়গায়, নেতাজি সুভাষ ওপেন ইউনিভারসিটি ভোকেশনাল বিভিন্ন কোর্স চালু করে। অনেক পরে এইগুলো চালু হলো। ব্যাপক ভাবে বিভিন্ন কাজের সঙ্গে যুক্ত হতে পারে, এগ্রিকালচার সেকটরে, ক্ষুদ্র কুটির শিল্প বিভিন্ন সেক্টরে কাজের সঙ্গে যুক্ত হতে পারে এই সমস্ত ক্ষেত্রগুলি স্বয়ংসম্পূর্ণ করার ক্ষেত্রে যে দৃষ্টিভঙ্গি থাকা দরকার সেটা হচ্ছে না। আমরা একটা বামপন্থী সরকার, আমাদের একটা আলাদা দৃষ্টিভঙ্গি আছে, শিক্ষাকে আমরা পণ্য হিসাবে ব্যবহার করতে পারি না। সেই জন্য ভোকেশনাল ট্রেনিংগুলো ব্যবস্থা করার ক্ষেত্রে, আরো ব্যাপকতর উচ্চশিক্ষা পাইয়ে দেওয়ার ক্ষেত্রে, ব্যাপকতর আরো জায়গায় পৌঁছে দেওয়ার ক্ষেত্রে রাজ্য সরকার কি ব্যবস্থা নিচ্ছে?

[11.10–11.20 p.m.]

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্যের অবগতির জন্য আমি জানাই যে, আমাদের রাজ্যে আমরা অনেকদিন আগে থেকেই ভোকেশন্যাল এডুকেশন, এমনকি উচ্চশিক্ষার ক্ষেত্রেও আমরা উদ্যোগ নিয়েছি। বিশেষ করে ইউনিভারসিটি গ্রান্ট কমিশন তারা ঠিক করে দিয়েছে কি কি বিষয়ে ভোকেশন্যাল এডুকেশন হতে পারে। তারা এবং আমাদের বিশ্ববিদ্যালয় মিলিয়ে বিভিন্ন কলেজ ভোকেশন্যাল কোর্স চালু করেছি বিভিন্ন ধরনের বিষয়ে। সেগুলি আমাদের কলেজগুলিতে চালু আছে। তাছাড়া, আপনি সঠিকভাবে যেটা বলেছেন, আগে আমাদের এখানে যে ছাত্ররা ভর্তি হত, তার ৯৬ ভাগ ভর্তি হত আন্ডার গ্রাজুয়েটে সায়েন্স, আর্টস এবং কমার্সে। এটা আমরা কমিয়ে আনতে পেরেছি-৯১/৯২ ভাগে ভর্তি হয় ইঞ্জিনিয়ারিং, ম্যানেজমেন্টে। আপনি কাগজের দিকে লক্ষকরলে দেখবেন কি পরিমাণে বিজ্ঞপ্তি বেরোচ্ছে। ইন্দিরা গান্ধী ওপেন ইউনিভার্সিটি তারা ভোকেশন্যাল সাবজেক্টস খুলছে। ভোকেশন্যাল সাবজেক্টসে নানা রকম ইনস্টিটিউট যেগুলি আছে, তারা আমাদের রাজ্যে কাজ শুরু করেছে। সেদিক থেকে আমাদের

একটা পরিবর্তন এসেছে। আমাদের লক্ষ হচ্ছে হায়ার সেকেন্ডারীতে যারা পাশ করে, তাদের বড় অংশ কনভেনশন্যাল থেকে ভোকেশন্যাল এডুকেশনের দিকে নিয়ে যাওয়া। সেদিকে নিয়ে যাওয়ার উদ্যোগ আমরা গ্রহণ করেছি। কাজটা দ্রুত গতিতে চলছে।

শ্রী তপন হোড় : এই যে ভোকেশন্যাল কোর্সগুলো, এগুলো নিয়ে সাধারণ ছাত্রদের মধ্যে প্রশ্ন আছে। আমরা দেখেছি, ভোকেশন্যাল কোর্স ট্রিটেড অ্যাজ অনার্স কোর্স যাতে হয়, এটা নিয়ে একটা বিতর্ক দেখা দিয়েছে। এটা কি ঘটনা যে, যারা ভোকেশন্যাল কোর্স কমপ্লিট করবেন তাঁরা কি অনার্সের সমতুল মর্যাদা পাবেন? এই বিষয়ে আপনি কি আমাদের বলতে পারেন?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : এটা ঠিক, ভোকেশন্যাল কোর্সে কিছুটা দৃষ্টিভঙ্গিগত তফাৎ আছে। উচ্চশিক্ষার ক্ষেত্রে ইউ.জি.সি. যখন চালু করে, তাদের লক্ষ ছিল এটা করার পর স্বনির্ভর প্রকল্পে যাবে—সেল্ফ এমপ্লয়মেন্টে—তারা নিজেদের কাজ করবে এবং কর্মজগতে প্রবেশ করবে। হাতের কাজ শিখে তুমি নিজেই কিছু কর, কর্মজগতে প্রবেশ কর। কিন্তু কিছু ছাত্র আছে যাদের দাবী হচ্ছে, তারা এটা শিখে উচ্চতর শিক্ষায় যাবে এবং এটাকে সমমর্যাদা দিয়ে তাদের বিশ্ববিদ্যালয়ে ভর্তির অধিকার দিতে হবে। এটা নিয়ে কিছু সমস্যা আছে। এটা মনে রাখতে হবে, আমরা যদি স্বনিযুক্তির দিকে আমাদের ছেলেমেয়েদের না নিয়ে যেতে পারি তাহলে চাকুরীর যে বাজার- সরকারী কি বেসরকারী ক্ষেত্রে চাকুরী দিয়ে আমরা বেকার সমস্যার সমাধান করতে পারবো না। আপনি পৃথিবীর উন্নত দেশগুলির দিকে দেখুন আমেরিকা, ইংল্যান্ড বা জার্মানির মতো উন্নত দেশগুলিতে তারা তাদের ছাত্রদের একটা বড় অংশকে হাতের কাজ শিখিয়ে কর্ম জগতে পাঠিয়ে দেয়। সুতরাং আমরা যখন ভোকেশন্যাল কোর্সের কথা বলি, এটা চাকুরী দেওয়া প্রশ্ন নয়—তারা নিজেরা কাজ করবে, নিজেরাই কাজ খুঁজে নেবে এবং নিজেদের পায়ে দাঁড়াবে। মূলত এজন্যই ভোকেশন্যাল কোর্সগুলো চালু করা হয়ে থাকে।

শ্রী সৌগত রায় : যদিও প্রশ্নটি এ সম্পর্কিত ছিল না, মাননীয় মন্ত্রী প্রশ্নটিকে পুরোপুরি ভোকেশন্যাল কোর্সে নিয়ে গেছেন। আমাদের মন্ত্রীর বোধোদয় হয়েছে সেটা শুনেও খুশী। উনি আমেরিকা, ইংল্যান্ড, জার্মানির কথা উল্লেখ করলেন এবং বামফ্রন্ট সরকার ওই রাস্তা অনুসরণ করছে। তবে যে কোনো মূল্যে ভোকেশন্যাল কোর্স চালু করা হোক না কেন পশ্চিমবঙ্গে ভোকেশন্যাল কোর্স কি ধরনের চালু হয়েছে তা ভবানীপুর এডুকেশন সোসাইটিতে গেলেই বোঝা যাবে। ওখানে ১০ হাজার, ২০ হাজার টাকা নিয়ে ফ্যাশান ডিজাইনারের ইত্যাদির ভোকেশন্যাল কোর্স চালু হয়েছে। মাননীয় মন্ত্রীর কাছে আমার মূল প্রশ্ন যে, বহুদিন পরে আপনারা এই অনার্সের সিলেবাস পরিবর্তন করেছেন। আগেই পাস সাবজেকটের কোর্স রিভিশান হয়েছে। আগে যখন নতুন করে আবার তিন বছরের কোর্স চালু হল তখনই তার সঙ্গে সঙ্গে ক্যারিকুলাম চেঞ্জ করা হয়েছে। আজকে শিক্ষার ক্ষেত্রে এই পরিবর্তন প্রয়োজন হয়ে পড়েছে, আমি মন্ত্রীর কাছে জানতে চাই যে, রোলিং চেঞ্জ অফ সিলেবাস হবে তাতে কন্টিনিউয়াসলি সিলেবাস আপগ্রেড করা যায় তার জন্য প্রত্যেকটি বিশ্ববিদ্যালয়ের একটা করে কমিটি করার কথা ভাবছেন কিনা, কারণ একবার সিলেবাস করে আবার ১০ বছর পরে সিলেবাস চেঞ্জ করবেন, সেখানে

বিজ্ঞান এবং কারিগরী গতিপ্রকৃতি এতো বাড়ছে যে, সব দিকে তাল রাখতে পারবে না। যাতে কন্টিনিউয়াস চেঞ্জ এবং ইভ্যালুয়েশানের জন্য কোন মেকানিজিমের কথা বিশ্ববিদ্যালয় স্তরে ভাবছেন কিনা?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্য অধ্যাপক সৌগতবাবু সঠিকই বলেছেন। আমরা একটা গতিশীল পৃথিবীতে বাস করি এবং সঠিকভাবেই যে বিভিন্ন বিষয়ে তার সিলেবাস তার খুব দ্রুত পরিবর্তনের প্রয়োজন বেশী হয়ে পড়েছে। কিন্তু আমাদের এখনো পর্যন্ত সারা ভারতবর্ষে যে সিলেবাস সেটা পাল্টাবার চেষ্টা করা হচ্ছে এবং আপনি জানেন বিশ্ববিদ্যালয়ের অ্যাফিলিয়েটেড কলেজগুলোকে, তাদেরকে একই রকম সিলেবাস করতে হয়। অথচ ছাত্রদের গ্রহণযোগ্যতা বা মান এক রকমের নয়। এটা একটা সারা ভারতবর্ষের সমস্যা। ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কিছু গাইড লাইনের কথা ভাবছিলেন, দশম পরিকল্পনায় সেই গাইড লাইন দিয়েছে। দশম পরিকল্পনায় সেই গাইড লাইন দিয়েছে হায়ার এডুকেশন কাউন্সিলকে এবং বিশ্ববিদ্যালয় তারা এটা ভাবছে কি ভাবে এটা করা যেতে পারে। আপনি একজন অধ্যাপক জানেন যে, সিলেবাস চেঞ্জ করতে গেলে বই বার করতে হবে এবং টিচারদের সেই বিষয়ে ওরিয়েন্টেড করতে সময় চলে যায়। এই রিট্রেড সিস্টেমে এই গতি সব সময় আনতে পারি না। কোন কোন কলেজ অটোনামাস কলেজ করে দেওয়া আছে। সেখানে কোর্সের পরিবর্তন আনার চেষ্টা হচ্ছে, তবে এই বিষয়ে একটা বিতর্ক চলছে, একটা বিরোধিতা চলছে। এটা সামগ্রিকভাবে কি ভাবে করা যায় এটা নিয়ে বিভিন্নভাবে আলোচনা হচ্ছে। আমার মনে হয় দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে 'ন্যাক' এসেছে, তারা এটাকে নিয়ে নানা রকম মূল্যায়ন করার চেষ্টা করছে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্ট এর পরিবর্তন আনার চেষ্টা করছে। আমি বলতে পারি প্রক্রিয়া শুরু হয়েছে।

শ্রী আবু আয়েশ মন্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের রাজ্য সরকার বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার মানের উন্নয়নের জন্য বিভিন্ন পদক্ষেপ নিয়েছেন এবং পাঠ্যক্রম পরিবর্তন, পুরনো পাঠ্যক্রমের পরিবর্তন আপনি করছেন যাতে আমাদের রাজ্যের শিক্ষা ব্যবস্থাকে বিশ্বের দরবারে আরো গ্রহণযোগ্য করা যেতে পারে এবং সমান হতে পারে। অন্যান্য দেশের শিক্ষার সহমান বজায় রাখার ক্ষেত্রে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের একটা অগ্রণী ভূমিকা আছে। সেখানে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইতালির বলজানো বিশ্ববিদ্যালয়ের শিক্ষার আদান-প্রদানের ক্ষেত্রে ছাত্র বিনিময় চুক্তি করেছেন আপনি আপনার বাজেট ভাষণে বলেছে, বিষয়টা ক্লিয়ার করে বললে ভাল হয়।

[11.20–11.30 a.m.]

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয় যদি অনুমতি দেন তাহলে এই ব্যাপারে আমি ইনফর্মেশান দিতে পারি। আজকে ভারতবর্ষে বাইরের বিভিন্ন বিশ্ববিদ্যালয় আসছে এবং আমাদের বিশ্ববিদ্যালয়গুলিও ভারতবর্ষের বাইরে যাওয়া খানিকটা শুরু করেছে। আমাদের রাজ্যে যাদবপুর বিশ্ববিদ্যালয় এই ব্যাপারে অগ্রণী হয়েছে, কলকাতা বিশ্ববিদ্যালয় উদ্যোগ গ্রহণ করেছে,

আমাদের রাজ্যের শিবপুর ডিম্‌ড ইউনিভার্সিটি এই উদ্যোগ গ্রহণ করছে। আফ্রিকার বিশ্ববিদ্যালয়, ব্রাজিলের বিশ্ববিদ্যালয়, ইতালির বিশ্ববিদ্যালয় এবং মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন ইনস্টিটিউট এবং বিশ্ববিদ্যালয়গুলির সাথে অ্যাকাডেমিক ব্যাপারে এবং পড়াশোনার ব্যাপারে বিশ্ববিদ্যালয়গুলি যোগাযোগ রাখছে যাতে নাকি পারস্পরিক অভিজ্ঞ তার ভিত্তিতে আমাদের বিশ্ববিদ্যালয়গুলি বিশ্বমানের উপযুক্ত হয়। আমি দৃঢ়তার সঙ্গে কিন্তু একটা কথা বলব, আমাদের রাজ্যের অধিকাংশ বিশ্ববিদ্যালয়গুলির মান কিন্তু অন্যান্য উন্নত দেশে যে সমস্ত বিশ্ববিদ্যালয় আছে, দু-একটি ক্ষেত্র ছাড়া, তাদের চেয়ে খুব খারাপ এটা মনে করার কোন কারণ নেই। আমাদের রাজ্য থেকে পাশ করা ছেলেমেয়েরা উন্মুক্ত বিশ্ববিদ্যালয়গুলিতে সাদর গৃহীত হয়। এটাই হচ্ছে মাপকাঠি। আমাদের এখান থেকে যারা পাশ করে যায় তারা পৃথিবীর উন্নতমানের বিশ্ববিদ্যালয়গুলিতে শুধু সাদরে গৃহীতই হয় না, তাঁরা কৃতিত্বের সঙ্গে সেখানে গবেষণা ইত্যাদিও করেন।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রীমহাশয় কলকাতা বিশ্ববিদ্যলয়ের স্নাতক স্তরে যে সমস্ত সিলেবাস পরিবর্তন—পাশ এবং অনার্সের কথা বলেছেন—এই সিলেবাস পরিবর্তন খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার। ফলে এই রকম একটা সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে অন্তত আমাদের রাজ্যের যে সমস্ত শিক্ষক সংগঠন আছে, ওয়েবকুটা ইত্যাদি, তাদের সঙ্গে আলোচনা করা হয়েছে কিনা জানিনা। অভিজ্ঞ এবং পুরোনো শিক্ষাবিদ যারা আছেন, জানিনা আপনারা তাদের সঙ্গে পরামর্শ করেছেন কিনা। এই ব্যাপারে আপনি যদি আলোকপাত করেন ভালো হয়। বেসিকালি আমি যেটা জানতে চাইছি, কম্প্রিহেনসিভ এডুকেশানকে বাদ দিয়ে স্পেশালাইজেশন এবং কম্পার্টমেন্টালাইজেশানের যে ঝোঁক, আইনস্টাইন এবং রবীন্দ্রনাথ ঠাকুর যে কম্পার্টমেন্টালাইজেশনের বিরুদ্ধে বলেছিলেন, সেই ব্যাপারটা আপনারা গুরুত্ব সহকারে বিবেচনা করেছেন কিনা সেটা জানাবেন। কারণ কম্প্রিহেনসিভ নলেজকে বাদ দিয়ে স্পেশালাইজেশান কখনোই সম্ভব হতে পারে না।

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্য সঠিক ভাবেই বলেছেন যে, কোন ছাত্রের স্পেশালাইজেশনে যাওয়ার আগে তার একটা কম্প্রিহেনসিভ নলেজ এবং আউটলুক থাকা দরকার। কিন্তু সঙ্গে সঙ্গে এটা মনে রাখতে হবে যে, যত উচ্চশিক্ষায় যাওয়া হবে, তত স্পেশালাইজেশনের প্রয়োজন হবে। আপনি যখন ডাক্তারের কাছে যান, তখন হার্টের জন্য হার্ট স্পেশালিস্টের কাছেই যান। আজকে এই স্পেশালাইজেশনের যুগ, এর বিপদও আছে, ভালো দিকও আছে - আমি সেটা উল্লেখ করছি না। বর্তমানে যেটার উপর জোর দেওয়া হয়েছে - আপনি সঠিক ভাবেই বলেছেন শুধু একটা সাবজেকট জানলেই হবে না, তাকে বৃহত্তর ক্ষেত্রে ডিসিপ্লিনারি অ্যাপ্রোচ এবং সেই ভাবে কিছু কিছু সাবজেকট, কম্বিনেশন এইগুলো তৈরী করা হচ্ছে। সায়েন্সের ছেলেকে ইলেকট্রনিক্স সাবজেকট দেওয়া হচ্ছে, আর্টসের যে পড়ছে সে ইচ্ছে করলে, ইলেকট্রনিক্স, কম্পিউটার সায়েন্স নিতে পারে। এটা চালু হচ্ছে। স্পেশালাইজেসন পুরোপুরি বাদ দেওয়া যায় না, ক্ষতি হয়ে যাবে। আমাদের এখানে যেটা করা হচ্ছে-আপনি বললেন 'ওয়েবকুটা'-তাদের মতামত নেওয়া হচ্ছে কিনা? আমাদের রাজ্যে বিশ্ববিদ্যালয়গুলো পরিচালনা করে শিক্ষক প্রতিনিধি, ছাত্র প্রতিনিধি, রেজিস্টার্ড গ্রাজুয়েটসরা।

বিশ্ববিদ্যালয়ে শিক্ষক প্রতিনিধিরা থাকেন, ওয়েবকুটার প্রতিনিধিরাও থাকেন। দ্বিতীয় হচ্ছে, বিশ্ববিদ্যালয় শিক্ষকরা করেন অ্যাকাডেমিক কাউন্সিল করেন, পোস্ট-গ্রাজুয়েট কাউন্সিল করেন সিলেবাস, প্রথমেই সিনেট বা সিন্ডিকেট করেন না। যারা বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞ তারা আলোচনা করেই ঠিক করেন এবং সেই ভাবেই আমাদের বিশ্ববিদ্যালয়গুলোতে এটা হয়ে থাকে। আপনি যাদের কথা বলেছেন, তারা কিন্তু শিক্ষক প্রতিনিধি হিসাবে বিশ্ববিদ্যালয়ে আছেন। আন্ডার-গ্রাজুয়েট কাউন্সিলে, পোস্ট-গ্রাজুয়েটে কাউন্সিলে আছেন। কাজেই সেদিক থেকে সকলের সঙ্গে আলোচনা করে আমাদের রাজ্যে এটা করা হয়।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী সেক্স-হেল্প জবের দিকে আমরা যাচ্ছি বললেন, বললেন ভোকেশনাল ট্রেনিংয়ের কথা। আর বললেন, তথাকথিত আধুনিক উন্নত দেশগুলোও এই পথ গ্রহণ করেছে এবং এগিয়ে যাচ্ছে। আমার প্রশ্ন, আমরা কি এটা দেরীতে বুঝলাম? ভোকেশনাল ট্রেনিং দিয়ে যে মেন্টাল মেক আপ, সেই ট্রেনিং নিয়ে কি তারা চাকরির কথা ভাববে? স্বেচ্ছায় নিজেরা কাজ করে রোজগার করবে, এই মানসিক পরিবর্তনের যে প্রস্তুতি, সেটা হায়ার এডুকেশনের আগে থেকে হওয়া উচিত বা হায়ার এডুকেশনের শুরুটা এদিক থেকে হলে, এই চিন্তাটাকে বাস্তবে রূপায়িত করতে এবং সেই মানসিকতা তৈরী করার ক্ষেত্রে কি ভাবছেন?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্যকে একটা কথা বলতে চাই, দীর্ঘদিন ধরে যে ধারাটা চলে আসে, সেটা পাল্টাতে সময় লাগে। একটা জিনিস যেমন অনেক সময় ধরে গড়ে ওঠে, যেটাকে পরিবর্তন করতেও অনেক সময় লাগে। কিন্তু আমরা এটাকে নিশ্চয়তা দিতে চাই যে, আমাদের রাজ্যে এই পরিবর্তনটা শুরু হয়েছে এবং ভালোভাবেই শুরু হয়েছে। বিভিন্ন জায়গায় এন্ট্রিপ্রিনিওরশিপ ট্রেনিং শুরু হয়েছে। ছেলেমেয়েরা নিজেরাই কি ভাবে ব্যবসা গড়ে তুলবে। আপনার জেনে ভালো লাগবে যে, আরও বেশী পরিমাণে বাঙালি ছেলে-মেয়েরা ব্যবসার দিকে আসছে, এন্ট্রিপ্রিনিওরশিপের দিকে আসছে। এবং আমাদের একটা ধারা ছিল, যেটা ইংরেজ আমলে ওরা তৈরী করেছিল—সাধারণ শিক্ষা নিয়ে, গ্রাজুয়েট হয়ে কেরানি, মাস্টার, ডাক্তার, উকিল হওয়া।

[11.30–11.40 a.m.]

এর বেশী না হলে একজিকিউটিভে যাওয়া। কৃষি শিল্প এই দিকে কমে যাওয়া এই ধারাটা পরিবর্তন শুরু হয়ে গেছে এবং আজকে প্রচুর ছেলে ইঞ্জিনিয়ারিং-এ পড়ছে। এই বছর ১০ হাজার সিটে ভর্তি হবে। কিন্তু নিজের পায়ে দাঁড়ানোর জন্য ছোটখাটো ব্যবসা গড়ে তুলবে। আমরা বিভিন্ন জায়গায় ইনস্টিটিউট ইন্ডাস্ট্রি পার্টনারশিপ সেল চালু করেছি বিশ্ববিদ্যালয় এবং কলেজে। সুতরাং সব চাইতে বড় দরকার চিন্তার পরিবর্তন। কিন্তু সেই চিন্তার পরিবর্তনটা আমাদের রাজ্যে এসেছে এবং খুব দ্রুত গতিতে এটা এগিয়ে যাচ্ছে।

শ্রী পার্থ চ্যাটার্জী : স্যার, আমার মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে ইচ্ছা করছে যে, আমরা অনেকেই বোধহয় গুলিয়ে ফেলছি যে, ভোকেশনাল ট্রেনিং বা পাসকোর্স বা অনার্স কোর্সের পাঠ্যসূচী দুটো বোধহয় আলাদা। আমরা জানতে চাইছি যে, অনার্স, পাসকোর্স একটু

আগে বলেছেন যে, সারা ভারতবর্ষ জুড়ে ইউনিভার্সিটিগুলিতে একই সিলেবাস। কিন্তু আমি ম্যানেজমেন্ট এডুকেশানের সঙ্গে যুক্ত। আমি বলি অনেক ইউনিভার্সিটি এই ভারতবর্ষের মধ্যে আছে যারা গ্রাজুয়েট এবং পোস্ট গ্রাজুয়েট স্তরে যুগোপযোগী শিক্ষার সঙ্গে সংযোজন করেছেন। আমি বাদ দেওয়ার কথা বলছি না। সংযোজন করেছেন যাতে একই ছাত্র দুবার দুটো ইউনিভার্সিটিতে গেলে আর অর্থের অপচয় না করে এই গ্রাজুয়েশানের মধ্যে বা পোস্ট গ্রাজুয়েশানের মধ্যে তার সিলেবাসকে এমন ভাবে করা হয়েছে যে সেই যুগোপযোগী শিক্ষার সঙ্গে চাকরী এবং ব্যবসায় পারদর্শিতা দেখাতে পারে এবং আমি আপনার সঙ্গে একমত হতে পারলাম না যে, স্পেশালিস্ট চাই, এখন মালিকরাও শ্রমিকের কাছে মাল্টিস্কিলিং চায়। সুতরাং ম্যানেজার থেকে শুরু করে ছাত্রদের কাছে আমরা মাল্টি স্কিলিং চাই, এই ব্যাপারে কারিগরী শিক্ষা যে আছে, তার একটা দিক। কিন্তু ম্যানেজমেন্ট শিক্ষায় আপনারা অনেক জায়গায় বি বি এ চালু করেছেন। অনার্স কলেজের কয়েকটি জায়গায় বি বি এ চালু করেছেন। কারণ যুগোপযোগী করার জন্য আপনারা এগিয়ে আসছেন এবং আপনারা তথ্যপ্রযুক্তি, ফ্লোরিকালচার, এগ্রিকালচার, মাশরুম বিভিন্ন কলেজে পড়ানোর ব্যবস্থা করেছেন, এক্ষেত্রে কি আপনার সরকারের নির্দিষ্ট কোন পরিকল্পনা আছে যে কম্বিনেশান করে আপনারা এগোচ্ছেন?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্য তার নিজের অভিজ্ঞতাপ্রসূত যে প্রশ্নটা করেছেন সেটা সঠিক। আমি প্রথমেই বলি যে, টেন্‌থ প্ল্যানে ইউ জি সি এবার এই যুগপৎ একটা ডিগ্রি পড়তে পড়তে আর একটাও পড়া যাবে এটা আমাদের কাছে পাঠিয়েছে এবং এটাও মনে রাখতে হবে যে, উচ্চশিক্ষা কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার দুজন মিলে নিয়ন্ত্রণ করে, যেখানে কেন্দ্রীয় সরকারের ভূমিকা রাজ্য সরকারের থেকে অনেক বেশী গুরুত্বপূর্ণ। সেই কারণে কেন্দ্রীয় সরকারে কোন নির্দেশ ইউ জি সি বা এ আই সি টি ই যদি পাঠায়, সেটা আমরা মানতে বাধ্য এটা মনে রাখতে হবে। সেই কারণে আমাদের অনেক কাজ করতে হয় আমাদের যে ইউ জি সি বা এ আই সি টি ই নির্দেশ দেয় সেই অনুসারে এবং দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আপনি যেটা বললেন এই নতুন দিকটা উন্মোচিত হয়েছে যে একটা পড়ছে, ওটা পাশ করল - চাকরী হল না, একই সঙ্গে সে অন্য পড়াশোনা করতে পারবে। এটা সময় লাগবে। চিন্তা ভাবনা করছি কারণ একটা স্ট্রাকচারের পরিবর্তন হলে সময় একটু লাগবে।

চিন্তাটা প্রথমে হয়, তার ব্যবস্থাপনায় খানিকটা সময় লাগে। সেটা লাগবে। আমরা এই নিয়ে আলোচনা করছি। এটা ঠিকই যে আধুনিক শিক্ষায় যেটা বলছে, এখন যারা শিখবে তাদের শুধু নলেজ হলে হবে না, দে মাস্ট হ্যাভ ক্রিটিকাল জাজমেন্ট। ইঞ্জিনীয়ারকে ম্যানেজমেন্ট পড়তে হবে। ম্যানেজমেন্টের ছাত্রকে ইঞ্জিনীয়ারিং কিছু জানতে হবে। আমি যেটা বলছিলাম ইনট্রা-ডিসিপ্লিনারী অ্যাপ্রোচ। আমাদের ইঞ্জিনীয়ারিং ছাত্ররা ম্যানেজমেন্ট কিছু পড়ে। আমাদের এখানে শুধু ইঞ্জিনীয়ারিং কলেজ তাই নয়, প্রায় ২৫টা ম্যানেজমেন্ট ইনস্টিটিউট হয়েছে। কাগজে দেখবেন তারা বিজ্ঞপ্তি দিয়ে ছাত্রদের আহ্বান করছেন। ইঞ্জিনীয়ারিং কলেজগুলো এম. বি.এ খুলছে। বি.টেক পাশ করে এম.বি.এ আপনি যেটা বলছেন সেটা আমাদের রাজ্যে টেকনিক্যাল ইনস্টিটিউট করা হয়েছে। ইঞ্জিনীয়ারিং, বি.বি.এ, বি.সি.এ ম্যানেজমেন্ট ৮০ ছাড়িয়ে গেছে। তাছাড়া

অন্য রাজ্যের কিছু অ্যাফিলিয়েটেড সংস্থা আমাদের রাজ্যে চলছে। সিকিম, মণিপাল, ই.জি.এফ.ওয়াই এরা সব আসছে। পশ্চিমবাংলা উচ্চ শিক্ষার ক্ষেত্রে সমস্ত দিক থেকে একটা পরিবর্তন ঘটেছে এবং চলছে দ্রুততালে।

অগ্নিনির্বাপণ বিভাগের গাড়ীর সংখ্যা

*৩৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৭) শ্রী অসিত মিত্র : অগ্নিনির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি :—

(ক) ২০০৩ সালের ৩১ শে জানুয়ারী পর্যন্ত অগ্নিনির্বাপণ বিভাগের মোট গাড়ীর সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে কতগুলি গাড়ী চালু অবস্থায় আছে ;

(গ) বর্তমান আর্থিক বছরে ক-টি নতুন গাড়ী কেনা হয়েছে ; এবং

(ঘ) এর জন্য কত টাকা খরচ হয়েছে?

শ্রী প্রতীম চট্টোপাধ্যায় :

(ক) ৬০৭ টি

(খ) ৫০৪ টি

(গ) ৭টি
৪টি
১টি

মোট ১২টি

(ঘ) মোট ৬৩,৯৩,২০২.০০ টাকা খরচ করা হয়েছে

শ্রী অসিত মিত্র : স্যার, মন্ত্রী মহাশয় যে উত্তর দিয়েছেন, আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি যে উত্তর তিনি দিয়েছেন সেটা শুনে মনে রাখতে হচ্ছে। কারণ ছাপাটা বোঝা যাচ্ছে না কি লেখা আছে। আমি স্যার আপনার মাধ্যমে অনুরোধ করছি (খ) এবং (গ) নম্বরের উত্তরটা আরেকবার দয়া করে যদি বলেন।

শ্রী প্রতীম চট্টোপাধ্যায় : আপনি 'খ' নম্বর প্রশ্নে জানতে চেয়েছেন কতগুলো গাড়ী চালু অবস্থায় আছে। ৫০৪টি গাড়ী চালু অবস্থায় আছে 'গ' প্রশ্নে জানতে চেয়েছেন কতগুলো গাড়ী কেনা হয়েছে। এই আর্থিক বছরে। ১২টি গাড়ি কেনা হয়েছে।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রীমহাশয়, আপনার কাছে জানতে চাইছি যে ৬০৭টা গাড়ির মধ্যে ৫০৪টা গাড়ি চালু আছে। তার মানে ১০৩টে গাড়ি অচল অবস্থায় পড়ে আছে। ৬০৭টা গাড়ির মধ্যে ১০৩টা গাড়ি অচল অবস্থায় পড়ে আছে। সংখ্যাটি অনেক বেশী। আমি আপনার কাছে জানতে চাইছি যে, এই যে বিশাল সংখ্যায় গাড়ি চলছে না এগুলো কেন খারাপ হয়েছে এবং গাড়িগুলো চালানোর জন্য আপনি কি প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছেন।

[11.40–11.50 a.m.]

শ্রী প্রতীম চট্টোপাধ্যায় : গাড়ী খারাপ হবে, গাড়ী সব রাস্তায় সমান ভাবে চলতে পারে না। তবে তার ব্যবস্থা যেটা আপনি জানতে চেয়েছেন সেটা নেওয়া হয়েছে। বডি, ইঞ্জিন মেরামতির কাজ চলছে ৪০টির। আপনার অবগতির জন্য জানাচ্ছি ৪০টি গাড়ীর ইঞ্জিন মেরামতির কজত্রা চলছে বিভিন্ন জায়গায়। আমাদের দপ্তর সেন্ট্রালাইজ্ড নয়, ডিসেন্ট্রালাইজ্ড। ৯৬ টি জায়গা আছে। বিভিন্ন জায়গায় ২০টি গাড়ী কর্মশালায় মেরামতি চলছে। তাহলে ২০ প্লাস ৪০ টির হিসাব আপনি পেলেন। ৪০টি গাড়ীর ইঞ্জিনের কাজ চলছে কলকাতায় এবং ২০টি মেরামতির কাজ চলছে বিভিন্ন যে ফায়ার স্টেশানগুলি আছে সেখানে। আর অকেজো কিছু আছে, তাদের সরকারী নিয়ম অনুযায়ী ব্যবস্থা করা হবে।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী যে উত্তর দিলেন তাতে ৪০টি গাড়ীর ইঞ্জিন তৈরী হচ্ছে, আর ২০টি গাড়ী বিভিন্ন জায়গায় মেরামতি হচ্ছে। ৪০ প্লাস ৩ এই ৪৩টি গাড়ী সম্পর্কে তাঁর উত্তর পেলাম না। বাকি গাড়ীগুলি বিক্রি হবে? আমি যেটা জানতে চাইছি আপনার দপ্তরে যেমন মাননীয় পরিবহণ মন্ত্রী বিভিন্ন সময় বলেন এই গাড়ীগুলি অকেজো হয়ে গেছে, এগুলি চলবে না, এগুলি বিক্রি করা হবে না অপশন করে দেওয়া হবে। আপনার দপ্তরে যে গাড়ীগুলি একেবারেই অকেজো যে সংখ্যাগুলি বললাম, এগুলি কি বিক্রি করে দেওয়া হবে, নাকি অন্য কোন বন্দোবস্ত করার কথা ভাবছেন?

শ্রী প্রতীম চট্টোপাধ্যায় : এই বিষয়টা আপনার জানার জন্য বলি সাধারণত কতগুলি গাড়ী কনডেমড্ হয়ে যায়, সেগুলি একটা কমিটি আছে, সেই কমিটিতে আমার একজন আছেন আর সমস্ত অন্য অন্যরা আছেন। তবে এ সংক্রান্ত ব্যাপারে তাঁরা একসপার্ট যদিও তাঁরা সরকারের। এঁরা সবাই ঠিক করেন এইগুলি খারাপ গাড়ী, এগুলি চালালে লাভজনক হবে না! সেই কমিটি ঠিক করে যে এগুলি বাতিলযোগ্য এবং তার লিস্ট করে টেনডার করা হয় এবং বিক্রি করা হয়।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী যে উত্তর দিলেন তার জন্য তিনি প্রস্তুত ছিলেন না বলেই আমার মনে হলো। আমি তাঁকে আরেকটা প্রশ্ন জিজ্ঞাসা করছি, আপনি বলেছেন এবারে নতুন গাড়ী কিনছেন বর্তমান আর্থিক বছরে ১২ টি এবং তার জন্য ৫৬ লক্ষ টাকা খরচ হয়েছে। এ ধরনের কথা শোনা যায়, যে ধরনের উপযুক্ত গাড়ী কেনার কথা সেই ধরনের গাড়ী কেনা হয় না। নিম্ন মানের গাড়ী কেনা হয় এবং তার জন্যই গাড়ীগুলি তাড়াতাড়ি খারাপ হয়ে যায়। আপনি দয়া করে এই প্রশ্নের উত্তর দেবেন কি গাড়ীগুলি কেনার যে পদ্ধতি আছে সেই পদ্ধতির মধ্যে দিয়ে উৎকৃষ্ট মানের গাড়ী কেনার চেয়ে নিকৃষ্ট মানের গাড়ী কেনা হচ্ছে, যার ফলে গাড়ীগুলি তাড়াতাড়ি খারাপ হয়ে যাচ্ছে। এগুলি কি অনেকের কাছে যাচাই করে কেনা হয়?

শ্রী প্রতীম চট্টোপাধ্যায় : এই প্রশ্নের উত্তর দেওয়ার দরকার ছিল না, তবুও আমি বলছি এর একটা নীতি আছে এবং তার বাইরে কেনা হয় না। আমি গিয়ে গাড়ী কিনতে পারি না, একটা বোর্ড আছে তারা ঠিক করে। সাধারণভাবে ভারতবর্ষে বড় বড় কোম্পানী

লেল্যান্ড, টাটা যারা চেসিস তৈরী করে তাদের কাছ থেকে কেনা হয়, সেখানে অন্য কোন স্কোপ নেই। কতগুলি ওয়াটার ট্রেডার্স নামী কোম্পানী আছে। তাই বাইরে ব্যাঙের ছাতার মত অনেকগুলো হওয়ার কোন স্কোপ নেই। কিনবে কারা? এটা স্পেশ্যালাইজ জব। কিনবে শুধু দমকলগুলো। তার জন্য তাদের দেওয়া হয় এবং নির্দিষ্ট দাম ঠিক করা হয় টেন্ডার ডেকে। তার পর ঠিক করা হয়।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় মন্ত্রী বললেন, গাড়ীগুলো খারাপ হয়ে পড়ে আছে সেগুলো আর চলবে না। অর্থনৈতিক অবস্থা যখন খারাপের দিকে যাচ্ছে তখন কর্মচারীদের কি বসিয়ে বসিয়ে মাইনে দিচ্ছেন?

শ্রী প্রতীম চট্টোপাধ্যায় : গাড়ী পিছু লোক থাকে না। এতগুলো লোক রয়েছে, ঐ গাড়ীগুলো চালাবে-সেই রকম কোন কিছু থাকে না। তাই একথা বলার কোন মানে হয় না। লোক বেশী কখনও নেই, লোক এমনিতে কম আছে।

শ্রী অম্বিকা ব্যানার্জী : মাননীয় মন্ত্রী মহাশয় আপনি বললেন আপনি ১২ টা গাড়ী কিনেছেন ৫৬ লক্ষ টাকা না কত টাকা দিয়ে। তার মানে ৫ লক্ষ টাকাও একটা গাড়ীর দাম নয়। আমরা বাজারে দেখেছি একটা ছোট নতুন মারুতির দাম ৫ লক্ষ টাকা। লেল্যান্ড গাড়ী, গাড়ী মানে একটা চেসিস নয়, একটা কমপ্লিট ইউনিট অফ ফায়ার ব্রিগেড। তার মই থেকে আরম্ভ করে আরো অনেক সব গ্যাজেট, অনেক জিনিস থাকে, দামী জিনিস। আমার মনে হয় একটা গাড়ীর দাম ১৫-২০ লক্ষ টাকা। আপনার তো মই নেই, ৫ তলা বাড়ীতে আগুন লাগলে আপনি ব্যবস্থা নিতে পারছেন কিন্তু ২০-৩০ তলা বাড়ীতে আগুন লাগলে কি হচ্ছে তা আমরা জানি। আপনি ৫, সাড়ে ৫ লক্ষ টাকা দিয়ে গাড়ী কিনছেন। ইজ ইট এ কমপ্লিট ফায়ার ব্রিগেড কার নাকি পার্ট? এই হল এক নম্বর। দ্বিতীয়, এই গাড়ীতে যে সব মই-এর কথা, আপনার কাছে প্রশ্ন করেছিলাম আপনি বলেছেন 'এসেছে, এসে বাক্স বন্দী হয়ে পড়ে আছে।' এই গাড়ীগুলো কি ইকুইপ্‌ড ইডে উইথ ল্যাডার? যেগুলো কিনা ২০-২৫ তলা উঠতে পারে। সেই রকম ফিটিং কি গাড়ীগুলোতে আছে? তা না হলে গাড়ীর মইগুলো কত তলা পর্যন্ত উঠতে পারে?

শ্রী প্রতীম চট্টোপাধ্যায় : গাড়ী মানে 'টেন্ডার' বলে, যেটা কিনা কমপ্লিট ইউনিট। আপনি যে উচ্চতার কথা বললেন সেটা অন্য জিনিস।

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ : গাড়ী তো চেসিস ইউনিট।

শ্রী প্রতীম চট্টোপাধ্যায় : আমি বিনীতভাবে বলছি, লেট মি ফিনিশ। গাড়ী মানে চেসিস নয় সেটা আপনি জানেন। তিন রকমের গাড়ীর মধ্যে একটা শুধু চেসিস, আরেকটা হচ্ছে ওয়াটার টেন্ডার। ৩৫ লক্ষ ৯৯ হাজার ৪৫৮ টাকা দাম। গাড়ী আবার ওয়াটার টেন্ডার তার পর লাগালে টার্ন টেবিল ল্যাডার। বিভিন্ন টার্মের কথাবার্তা আছে, টেকনিক্যাল কথা-বার্তা আছে। কমপ্লিট ইউনিট নয়, চেসিস।

[11.50–12.00 noon]

শ্রী অসিত কুমার মাল : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা যে, আগে কোথায় আগুন লাগলে, যার বাড়িতে আগুন লেগেছে তিনি টেলিফোন করলে দমকলের গাড়ী চলে আসতো এবং যাঁর বাড়িতে আগুন লাগতো তিনি যদি পঞ্চায়েত প্রধান বা এম.এ.ল.এ.র কাছ থেকে মাস্থলি ইনকাম সার্টিফিকেট আনতে পারতেন এবং যদি দেখা যেত যে তিনি দারিদ্রসীমার নিচে বাস করেন। তাহলে আগুন নেভানোর জন্য কোন পয়সা লাগতো না, ফ্রি ব্যবস্থা ছিল। এখন কি. এই ব্যবস্থা তুলে দেওয়া হয়েছে? যদি এই ব্যবস্থা তুলে দেওয়া হয়ে থাকে তাহলে কিলোমিটার প্রতি কত করে পয়সা নিচ্ছেন?

শ্রী প্রতীম চ্যাটার্জী : আমি প্রশ্নটা ঠিক বুঝতে পারিনি, আবার বলুন।

শ্রী অসিত কুমার মাল : কোথাও আগুন লাগলে টেলিফোন করলে ফায়ার ব্রিগেড সার্ভিস থেকে গাড়ী চলে আসতো। কোন গরীব মানুষের বাড়িতে আগুন লাগলে তিনি যদি পঞ্চায়েত প্রধান বা এম.এল.এ.র কাছ থেকে মাস্থলি ইনকাম সার্টিফিকেট আনতে পারতেন এবং তাতে যদি দেখা যেত যে, তিনি দারিদ্রসীমার নিচে বাস করেন তাহলে তাঁর কাছ থেকে কোন পয়সা নেওয়া হত না। এখন কি সেই ব্যবস্থা তুলে দিয়েছেন? যদি তুলে দিয়ে থাকেন তাহলে এখন কিলোমিটার প্রতি কত করে পয়সা নিচ্ছেন?

শ্রী প্রতীম চ্যাটার্জী : আগের ব্যাপারটা আছে। কোথাও আগুন লাগলে ফায়ার ব্রিগেড সার্ভিসে ফোন করলে সেখানে গাড়ী চলে যাবে। কোন পয়সা লাগবে না। যেকোন লোক ফোন করলে গাড়ী চলে যাবে। এরজন্য কোন পয়সা লাগে না।

শ্রী অশোক কুমার দেব : মাননীয় মন্ত্রী মহাশয় আপনার দপ্তর একটা ইমপর্ট্যান্ট দপ্তর। যখন কোথাও আগুন লাগে তখন সেখানে আগুন নেভানোর চেষ্টা করেন। আপনি স্বীকার করবেন যে, প্রচুর অকেজো গাড়ী আছে যেগুলো আগুন লাগার সাথে সাথে খবর ফলেও দেখানে পৌছাতে দেরি হয়, অনেক সময় রাস্তায় গাড়ী খারাপ হয়ে যায়। গতবছর আপনি বিধানসভায় বলেছিলেন যে, অকেজো গাড়ীগুলো যাতে না চলে সেই ব্যবস্থা নেবেন আপনি। যে গাড়ীগুলো থাকলে অসুবিধা হচ্ছে সেই গাড়িগুলো কনডেমড্ গাড়ি হিসেবে রাখবেন—এমন কোন সিদ্ধান্ত আপনি নিয়েছেন? যদি এরকম কোন সিদ্ধান্ত নিয়ে থাকেন তাহলে ভাল। কয়েকদিন আগে বিড়লাপুরে আগুন লেগেছিল, কিন্তু ফায়ার ব্রিগেড থেকে গাড়ী যেতে সময় লেগেছিল, গাড়ী রাস্তায় খারাপ হয়ে গিয়েছিল, ফলে আগুন নেভাতে অনেক দেরি হয়েছিল। এই ধরনের গাড়ি না থাকাই ভাল।

শ্রী প্রতীম চ্যাটার্জী : আপনার কথা সবটা ফেলে দিচ্ছি না, অস্বীকার করার মত নয়। গাড়ি যেগুলো রাস্তায় চলছে সেগুলো একেবারে চ্যাম্পিয়ান তা নয়। সেগুলো রিপেয়ার করে চালাতে হয়। তার মধ্যে ৩৮ পারসেন্ট গাড়ি আছে যেগুলো ৪-৫ বছরের মধ্যে কেনা হয়েছে। যে গাড়ীগুলো খারাপ হয়ে গেছে সেই গাড়িগুলো নিয়মমাফিক টেস্ট করে লিস্ট করা হয়েছে,

বিক্রি করে দেওয়া হবে। আপনাকে আশ্বস্ত করতে পারি যে, আমাদের জি.আই.সি. লোন যেটা অ্যাভেলেবেল এখনও আছে ২০০৪ সাল পর্যন্ত, ৫ কোটি টাকার মত পাব, তাই দিয়ে পোর্টেবল পাম্প, ওয়াটার বাউজার, বড় জলাধার গাড়ি, ইউটিলাইজেশন ভ্যান, ফায়ার জীপ ইত্যাদি ২ কোটি ৫১ লক্ষ টাকার মত জিনিসের এখনই অর্ডার দিচ্ছি। এটা এসে যাচ্ছে। একাদশ অর্থ কমিশনের কাছে টাকা দিয়ে প্ল্যান দিয়েছি, আশা করছি ৩১ শে মার্চ ২০০৪-এ গিয়ে সবগুলো পাব, ফিল-আপ করা যাবে। তবে আরও দরকার হবে। সঙ্গে সঙ্গে আমাদের অনেক স্টেশন বেড়ে যাচ্ছে, দরকার হবে। সেখানে বেশী করে আরও গাড়ী কিনতে পারলে ভাল হয়। পয়সার যোগাড় করতে পারলে হবে।

শ্রী মহবুবুল হক : অতিরিক্ত প্রশ্ন, স্যার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, ৬০৭ টা আপনার ফায়ার ব্রিগেড গাড়ি আছে, সেই গাড়ির যারা ড্রাইভার তারা কি ফায়ার বিগ্রেড সম্বন্ধে ট্রেনিংপ্রাপ্ত? কারণ যাঁরা এ্যাম্বুলেন্স চালান, এখন থেকে তাঁদেরকে ডাক্তারি সম্বন্ধে, মেডিকেল সম্বন্ধে কিছুটা ট্রেনিং দেওয়া হবে। সেইরকম ভাবে যারা ফায়ার ব্রিগেডের গাড়িগুলো চালান সেই গাড়ির ড্রাইভার কি ফায়ার ব্রিগেড সম্বন্ধে কোন ট্রেনিং দেওয়া হবে?

এই সুযোগে চাঁচোলে একটা ফায়ার ব্রিগেড করার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী প্রতীম চ্যাটার্জী : তবে আপনারা এটাও জেনে নিন, যারা নাকি ড্রাইভার তারা সবাই ফায়ার অপারেটরও বটে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন কি ২০০২-০৩ আর্থিক বছরে আপনার গাড়ি কেনার জন্য কত টাকা ছিল? এবং আপনি কটা গাড়ি—আপনি যে ১২ টি গাড়ির কথা বলেছেন এটা কি আপনার সেখানে বরাদ্দ ছিল না, আরও বেশি ছিল এটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী প্রতীম চ্যাটার্জী : এটা তো বলেছি। বলা হয়ে গেছে। এটা যেটা চলতি বছরে, এখানে গত বছরে যেটা করেছি, এটা তো আমার প্রথম উত্তরের মধ্যেই রয়েছে। সুতরাং এটাই ছিল। তারপর যেটা আছে তারও বাড়তি উত্তরে বলে দিয়েছি। এরপরে কোন প্রশ্ন থাকতে পারে বলে মনে হয় না।

জেলা ও মহকুমায় নোটারির পদ

*৩৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০) **শ্রী আবু আয়েশ মন্ডল :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি :—

(ক) বর্তমানে এ রাজ্যের বিভিন্ন জেলা ও মহকুমাগুলিতে মোট নোটারি পদের সংখ্যা কত?

(খ) তন্মধ্যে, মোট কতগুলি পদে নোটারি নিযুক্ত করা হয়েছে; এবং

(গ) নিয়োগ পদ্ধতি কীরূপ?

শ্রী নিশীথ অধিকারী : বর্তমানে পশ্চিমবঙ্গে মোট নোটারি পদের সংখ্যা ৪৫০টি (চারশত পঞ্চাশ)।

(খ) ৪৫০টি নোটারি পদের মধ্যে বর্তমানে ৩২৫ টি পদে নোটারি নিযুক্ত করা হয়েছে।

(গ) নোটারির শূন্যপদ পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের কাছ থেকে নির্দিষ্ট আর্জিপত্র (মেমোরিয়াল) অনুযায়ী দরখাস্ত আহ্বান করা হয়। ঐ দরখাস্তগুলি উপযুক্ত কর্তৃপক্ষের দ্বারা পরীক্ষিত হবার পর বৈধ দরখাস্তকারীদের লিখিত পরীক্ষা নেওয়া হয়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অতঃপর সাক্ষাৎকার (ইন্টারভিউ) নেওয়া হয় এবং তা থেকে মেধার ভিত্তিতে একটি তালিকা প্রস্তুত করা হয়। ঐ তালিকা থেকে ক্রম অনুযায়ী নোটারি পদে নিয়োগের জন্য নির্বাচন করা হয়। নিয়োগের পূর্বে প্রত্যেক নোটারীকে ট্রেজারী চালানের মাধ্যমে একটি নির্দিষ্ট ফি জমা দিতে হয়।

শ্রী আবু আয়েশ মন্ডল : মাননীয় মন্ত্রী আমাদের রাজ্যে নোটারীর সংখ্যা, নিযুক্তির সংখ্যা বললেন এবং তাদের নিয়োগ পদ্ধতি বললেন। আমি নির্দিষ্ট করে জানতে চাইছি-নোটারি হওয়ার পর আইনজীবীরা আর কোন প্র্যাকটিস করতে পারে কি না? এবং যদি না পেরে থাকেন তাহলে আমাদের রাজ্যের অনেক আইনজীবী আছেন, যারা নোটারী হয়েছেন এবং সঙ্গে সঙ্গে তারা প্র্যাকটিসও চালাচ্ছেন এই বিষয়ে কার্যকরী ব্যবস্থা আপনি নিয়েছেন কিনা বা নিচ্ছেন কিনা জানাবেন।

শ্রী নিশীথ অধিকারী : এই বিষয়টি একান্তভাবে বার কাউন্সিলের দেখার। আইনগত ভাবে দেখতে গেলে এই ইন্ডিয়ান নোটারিস অ্যাক্ট ১৯৫২ তে কিন্তু এটাকে আলাদা পেশা বলা হয়েছে এবং ১৯৬২ সালে যে অ্যাডভোকেট অ্যাক্ট আছে পরবর্তীকালে সেই আইনে বলেছে যারা অ্যাডভোকেট হবেন তারা অন্য কোন পেশায় থাকতে পারবেন না। বিষয়টার আইনগত দিক আছে এবং এটা দেখার ব্যাপারটা সম্পূর্ণভাবে বার কাউন্সিলের। এখনও পর্যন্ত জানি না এ ব্যাপারে কোন আপত্তি বার কাউন্সিলের কাছে এসেছে কি না।

শ্রী আবু আয়েশ মন্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, সাধারণ মানুষ আমাদের রাজ্যে কোর্টে এফিডেভিট করার ক্ষেত্রে এদের কাছে যায়। এই পদে অনেক নিযুক্তি করেছেন, এখনও বাকি আছে। অনেক সময় তারা অনেক দালাল বা অন্য লোকের খপ্পরে পড়ে। রাজ্যের সমস্ত মহকুমা স্তরে কি এই পদ পূরণ করা হয়েছে? যদি না হয়ে থাকে তাহলে যা বাকি আছে সেটা দিয়ে কি সমস্ত মহকুমায় পদগুলি পূরণ হয়ে যাবে?

শ্রী নিশীথ অধিকারী : হ্যাঁ। আগে এটা মহকুমা স্তরে ছিল না। বর্তমানে প্রত্যেক মহকুমায় ২ জন করে বলা হয়েছে এবং এটা করা হচ্ছে। প্রায় প্রত্যেকটি মহকুমায় দেওয়া হয়েছে এবং বাদ বাকি যা আছে—১২৫টির মতো সেটাও শীঘ্র পূরণ করার বন্দোবস্ত করা হবে।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

প্রতিষ্ঠিত খেলোয়াড়দের সরকারী সংস্থায় চাকুরী

*৩৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৩) শ্রীতমোনাশ ঘোষ : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বিভিন্ন বিভাগের প্রতিষ্ঠিত খেলোয়াড়দের সরকারী সংস্থায় চাকুরী দেওয়ার ব্যাপারে সরকার কোন সিদ্ধান্ত গ্রহণ করেছেন কি না; এবং

(খ) করে থাকলে, কবে থেকে উক্ত সিদ্ধান্ত কার্যকরী হবে বলে আশা করা যায়?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) প্রতিষ্ঠিত খেলোয়াড়দের কোন সরকারী সংস্থায় চাকুরী দেওয়ার সংস্থান ক্রীড়া দপ্তরে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

রাজ্যে ক্যারিয়ার ইনফরমেশন কাম গাইডেন্স সেন্টার

*৩৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩০) শ্রী সামসুল ইসলাম মোল্লা : যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে কতগুলি ক্যারিয়ার ইনফরমেশন কাম গাইডেন্স সেন্টার চালু আছে (জেলাওয়ারী অঞ্চলের নামোল্লেখ-সহ);

(খ) এ ধরনের সেন্টার বাড়ানোর কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) থাকলে, কোথায় কোথায়?

যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) এই ধরনের ৩ (তিন)-টি সেন্টার আছে—

জেলার নাম	অঞ্চল
(১) কলকাতা	আই.এ.এস. স্টাডি সেন্টার কলেজ স্ট্রীট, (I.S.W.B.M)
(২) দক্ষিণ ২৪-পরগনা	বারুইপুর
(৩) উত্তর দিনাজপুর	রায়গঞ্জ

(খ) আপাতত নেই।

(গ) এরূপ প্রশ্ন ওঠে না।

বেআইনি গাঁজা চাষ

*৩৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬৯) শ্রীদীপক কুমার ঘোষ : আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন জেলায় বেআইনি গাঁজা চাষের প্রবণতা খুবই বেড়ে গিয়েছে;

(খ) সত্যি হলে, কোন্ কোন্ এলাকায়; এবং

(গ) এই অবৈধ কার্যকলাপ রোধে কী কী পদক্ষেপ নেওয়া হয়েছে?

আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

(গ) পশ্চিমবঙ্গ সরকারের আবগারি বিভাগের নারকোটিক সেল, জেলার আবগারি বিভাগ এবং আবগারি বিভাগের প্রতিরোধী শাখাসমূহ (যেমন - সি.ডি.ডি. সি.এস.এফ.) এ বিষয়ে সদাসতর্ক থেকে পদক্ষেপ নেন। এছাড়া কেন্দ্রীয় নারকোটিক সেল এবং পুলিশ বিভাগও এ বিষয়ে যথাযথ পদক্ষেপ নিয়ে থাকেন।

গুড্‌স বুকিং এজেন্সির উত্তর লাইসেন্স প্রথা

*৩৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯৯) শ্রীপঙ্কজ ঘোষ : পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্য, রাজ্যে গুড্‌স বুকিং এজেন্সিগুলির উপর লাইসেন্স প্রথা (মোটর আইনের ৯৩ নং ধারা অনুযায়ী) চালু না করার কারণে সরকার প্রতি বছর বহু টাকা রাজস্ব আদায়ে বঞ্চিত হচ্ছেন; এবং

(খ) সত্যি হলে, উক্ত খাতে প্রতি বছর রাজস্ব অনাদায়ে ক্ষতির পরিমাণ কত?

পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্যি নয়, গুড্‌স বুকিং এজেন্সিগুলির জন্য লাইসেন্স প্রথা চালু আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

জানুয়ারী থেকে শিক্ষাবর্ষ

*৩৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩২) শ্রীজানে আলম মিঞা এবং শ্রীআবুল হাসনাৎ : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুনরায় জানুয়ারী মাস থেকে শিক্ষাবর্ষ শুরু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) কোন্ বছর থেকে নতুন শিক্ষাবর্ষ শুরু হবে বলে আশা করা যায়?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Appointment of F.O.

*369. (Admitted Question No. *1305) **Shri Bankim Chandra Harza** : Will the Minister-in-Charge of the Fire Service Department be pleased to state—

(s) number of F.O.s appointed during 01.01.2002 to 31.12.2002; and

(b) number of SC/ST candidates amongst them?

Minister-in-Charge of the Fire Service Deptt :

(a) 204 nos.

(b) SC – 14 Nos.

ST – 4 Nos.

মহিলাদের খেলাধুলার প্রসারে অর্থ

*৩৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২০) শ্রীঅশোক দেব : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০২ সালের আর্থিক বছরে রাজ্যে মহিলাদের মধ্যে খেলাধুলার প্রসারে মোট কত টাকা ব্যয় করা হয়েছে?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(২০০১-২০০২ আর্থিক বছরে এই বিষয় মোট ১১,৮৭,৬৭৯ (এগারো লাখ সাতাশি হাজার ছয়শত উনআশি) টাকা ব্যয় করা হয়েছিল। এবং (২০০২-২০০৩) আর্থিক বছরে এপর্য্যন্ত এই বিষয় মোট ১৮,৯০,০০০ (আঠারো লাখ নব্বই হাজার) টাকা ব্যয় হয়েছে।

মাদ্রাসা পরীক্ষা ব্যবস্থায় সংস্কার

*৩৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২৪) শ্রী পরেশ নাথ দাস : মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদ মাদ্রাসা পরীক্ষা ব্যবস্থায় কিছু কিছু সংস্কারের সিদ্ধান্ত গ্রহণ করেছেন; এবং

(খ) সত্যি হলে, উক্ত সংস্কার পদ্ধতিগুলি কীরূপ?

মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) অন্যান্য বিষয় সহ এ বিষয়ে এ.আর. কিদোয়াইয়ের নেতৃত্বে গঠিত মাদ্রাসা শিক্ষা কমিটির সুপারিশ সমূহ রাজ্য সরকারের বিবেচনাধীন আছে।

(খ) এই পদ্ধতিগুলি সম্পর্কে এখনই কিছু বলা সম্ভব নয়।

Private Engineering College

*372. (Admitted Qustion No. *1457) **Shri Partha Chatterjee** : Will the Minister-in-Charge of the Higher Education Department be pleased to state—

(a) number of Private Engineering Colleges established during 2001-02 and 2002-03; and

(b) number of such Colleges recognised by the A.I.C.T.E.?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) বিগত ২০০১-২০০২ শিক্ষাবর্ষে পশ্চিমবঙ্গে স্থাপিত প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজের সংখ্যা সাত (৭) ও ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে এইরূপ কলেজের সংখ্যা হল ছয় (৬)।

(খ) উপরিউক্ত কলেজগুলির প্রত্যেকটিই A.I.C.T.E. দ্বারা স্বীকৃত।

Held Over Starred Questions
(to which answers were laid on the 'Table')

রাজ্যের 'নবোদয় বিদ্যালয়'

২৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১) **শ্রী আব্দুল মান্নান** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে রাজ্যে 'নবোদয় বিদ্যালয়' চালু করার বিষয়ে রাজ্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে ;

(খ) সত্যি হলে, কোন্ কোন্ জেলায় কতগুলি বিদ্যালয় চালু করা হবে ; এবং

(গ) উক্ত বিদ্যালয় চালু করার ব্যাপারে রাজ্য সরকার কর্তৃক কেন্দ্রীয় সরকারের কাছে কোন প্রস্তাব রাখা হয়েছে কিনা?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) প্রাথমিক ভাবে পাঁচটি জেলায় যথা—মুর্শিদাবাদ, বর্ধমান, উত্তর ২৪-পরগনা, নদীয়া ও শিলিগুড়িতে একটি করে নবোদয় বিদ্যালয় চালু করা হবে।

(গ) কেন্দ্রীয় সরকারের মানব সম্পদ বিকাশ মন্ত্রকের অধীনস্থ নবোদয় বিদ্যালয় সমিতির নিকট উপরোক্ত পাঁচটি বিদ্যালয় স্থাপনের প্রস্তাব রাখা হয়েছে।

ট্রেন পথে অপরাধমূলক কাজের দ্রুত বিচারের জন্য আদালত

*২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৪১) **শ্রী আব্দুল মান্নান** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ট্রেন পথে অপরাধমূলক কাজের জন্য ধৃত ব্যক্তিদের দ্রুত বিচারের জন্য রাজ্যে কোন বিশেষ আদালত স্থাপনের পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আসা করা যায়?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) না। বর্তমানে এরূপ কোন বিশেষ আদালত স্থাপনের পরিকল্পনা সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

[12.00–12.10 p.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received three notices of Adjournment Motions. The first one is from Shri Kashinath Mishra on the subject of reported anomaly in the marksheets of the Higher Secondary Examination, 2003. The second one is from Shri Saugata Roy on the subject of alleged deterioration in labour situation in the state and consequential situation ariseri. And the last one is from Shri Asit Kumar Mal on the subject of introduction of Honours course in geography in some colleges in Birbhum district.

The subject matter of all the motions are not such that may call for adjournment of the business of the House. Members may invite attention of the Ministers concerned through Calling Attention, Mention, Question, etc. I, therefore, withhold my consent to all the motions.

One Members of the Party may, however, read the text of the Motion as amended.

Shri Saugata Roy : Mr. Speaker Sir, This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, labour situation in the State has become had again despite the Chief Minister's invitation to industrialists to invest in the States. Earlier the Chief

Minister had to intervene to resolve problems in Nicholas Piramal. Then the transport contractors created problems and mayhem in Larsen & Toubro Cemet Factory at Durgapur. The police arrested 13 supporters of major ruling parnty on instruction from the Chief Minister. Again Ronix Polymer factory in Dankuni has been closed due to militant movement by workers of major ruling party. This is very bad in investment climate in the State.

শ্রী অসিত কুমার মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

সারা রাজ্যের বহু কলেজে অনার্স না থাকার ফলে অনার্স নিয়ে পড়তে ইচ্ছুক বহু ছাত্র-ছাত্রী শিক্ষালাভ থেকে বঞ্চিত হয়েছে। বীরভূম জেলার রামপুরহাট মহকুমায় মুরারই নজরুল কলেজ, নলহাটী হীরালাল ভক্ত কলেজ ও রামপুরহাট কলেজের একটিতেও ভূগোলে অনার্স এখনো চালু হয়নি। গ্রাম-বাংলার মেধাবী ছাত্র-ছাত্রীরা যাতে নিজ নিজ এলাকায় অনার্স নিয়ে পড়তে পারে তার ব্যবস্থা গ্রহণ করতে রামপুরহাট কলেজে ভূগোলে অনার্স চালু করার জন্য উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker : Today I have received six notices of calling Attention on the following subjects, namely :—

	Subject	Name
(i)	Alleged murder of Shri Swapan Mondal, an AITC leader at Palit Begia under Kaligunj P.S. Nadia on 19.7.03	: Shri Shamsul Islam Mollah
(ii)	**Reported ransacking** by the **miscreants** at L & T Cement factory, Durgapur on 17.7.03	: Shri Kashinath Mishra
(iii)	Alleged murder of Salauddin at Kaligunj, Nadia on 19.7.03	: Shri Sobhandeb Chattopadhyay
(iv)	Labour-unrest at L & T Cement Factory, Durgapur	: Shri Tapan Hore
(v)	Hunger strike by the students at Viswa Bharati University	: Shri Asit Kumar Mal
(vi)	Reported discrepancies and mistakes in the mark-sheets of Higher Secondary candidates	: Shri Saugata Ray & Shri Anadi Kumar Sahu

I have selected the notice of Shri Saugata Roy on the subject of reported discrepancies and mistakes in the mark-sheets of Higher Secondary Candidates.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এ বছর উচ্চমাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশের পরে কিছু দুঃখজনক তথ্য আমাদের কাছে এসেছে। সে জন্য নিষ্পাপ পরীক্ষার্থীদের উদ্বেগ এবং উৎকণ্ঠা বৃদ্ধি পেয়েছে। এটা অতীব দুঃখের বিষয়। ১৯টি ঘটনা ঘটেছে। ১৯ জন পরীক্ষার্থীর ক্ষেত্রে নম্বর বিভ্রাট ঘটেছে—৭ জনের গণিতশাস্ত্রে, ৬ জনের বাংলায়, ৪ জনের পদার্থ বিজ্ঞানে, ১ জনের রসায়নশাস্ত্রে এবং ১ জনের শিক্ষাশাস্ত্রে। সর্বসাকুল্যে ১৯টি ক্ষেত্রে এই নম্বর বিভ্রাট ঘটেছে। পশ্চিমবাংলায় এ বছর ৩ লক্ষ ৮০ হাজার পরীক্ষার্থী উচ্চ-মাধ্যমিক পরীক্ষা দিয়েছে। এই ৩ লক্ষ ৮০ হাজার যারা পরীক্ষার্থী তাদের খাতার পরিমাণ প্রায় ৪০ লক্ষ। এই ৪০ লক্ষ খাতা দেখার দায়িত্ব আছে প্রায় ১৩ হাজার পরীক্ষকদের উপর। আমি বারে-বারে আবেদন করেছি পরীক্ষকদের কাছে যে, যে পরীক্ষার্থী পরীক্ষা দেবে, আন্তরিকতা নিয়ে, নিষ্ঠা নিয়ে যেন তাদের খাতা পরীক্ষা করা হয়, তাদের খাতা যেন মূল্যায়ন করা হয়। এই বিশাল সংখ্যক পরীক্ষার্থীর খাতা দেখার ক্ষেত্রে কখনও কখনও তাদের মধ্যে ত্রুটি দেখা দিতে পারে এবং এই পরীক্ষার খাতা ত্রুটিমুক্ত করার জন্য এ বছর উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ সিদ্ধান্ত নিয়েছিল, যেহেতু প্রত্যেকটি বিষয়ে দুটি অধ্যায়, প্রথম পত্র এবং দ্বিতীয় পত্র, এই দুটি পত্রে যেসব পরীক্ষার্থী উচ্চ-মাধ্যমিকে কোন একটি পত্রে উচ্চ নম্বর পেয়েছে এবং অন্য পত্রে যদি ৪৫ নম্বরের কম পেয়ে থাকে তাহলে পুনর্মূল্যায়ন করার সিদ্ধান্ত উচ্চ-মাধ্যমিক শিক্ষা সংসদ নিয়েছিল। একটি পত্রে অধিক নম্বর পেয়েছে, কিন্তু অন্য একটি পত্রে কম নম্বর পেয়েছে সেগুলির ক্ষেত্রে পুনর্মূল্যায়ন করা হয়। পুনর্মূল্যায়ন করে দেখা গেছে, কিছু কিছু ক্ষেত্রে কম বেশী হয়েছে। সেই কম বেশী হলে সেটা যখন কম্পিউটারে দেওয়া হল, পরিগণক যন্ত্রে ঢোকানো হল, সর্বশেষ জানতে পেরেছি, পরিগণক সংস্থা জানিয়েছেন যে পরিবর্তন ঘটেছে। পরিগণক যন্ত্রে যখন দেওয়া হল— দুর্ভাগ্যের বিষয় - পত্রে ত্রুটি ঘটেছে সেই পত্রের নম্বর ঠিক উঠেছে, আর অন্য পত্রে যেটায় বেশী নম্বর ছিল সেই নম্বর ওঠেনি, ডাবল ০০ হয়ে গেছে এই পরিগণক যন্ত্রের ত্রুটির জন্য। এইরকম ১৯টি ক্ষেত্রে ত্রুটি ধরা পড়েছে। যে ১৯টি ক্ষেত্রে ত্রুটি ধরা পড়েছে তাদের প্রত্যেকের যে প্রাপ্ত নম্বর তালিকা সেই প্রাপ্ত নম্বর তালিকা সংশোধন করা হয়েছে এবং গতকালের মধ্যে ১টি ক্ষেত্র বাদে ১৮টি ক্ষেত্রে সংশোধিত তালিকা পাঠিয়ে দেওয়া হয়েছে স্কুলে। গতকাল যেটা পাঠানো হয়নি সেটা আজকে বিদ্যালয়ে পাঠিয়ে দেওয়া হয়েছে। ভুল সেটা যত কমই হোক না কেন, যেই দায়িত্বে থাকুন না কেন, আমি উচ্চ-মাধ্যমিক শিক্ষা সংসদকে পুনর্বার বলেছি, আমাদের যারা পরীক্ষার্থী-সরল মন, নিষ্পাপ পরীক্ষার্থী, তাদের যেন খাতাগুলি মূল্যায়ন করা হয়, ত্রুটিমুক্তভাবে যেন ফল প্রকাশিত হয়, এটা সুনিশ্চিত করতে হবে। আমি অন্য রাজ্যের সঙ্গে তুলনা করছি না বা আগের বারের সঙ্গে তুলনা করছি না, যদি সামান্য ত্রুটি থাকে সেটাও দুঃখজনক। উচ্চ-মাধ্যমিক শিক্ষা সংসদ এই ভুলের জন্য দুঃখ প্রকাশ করেছেন, আমিও দুঃখ

প্রকাশ করছি। ভবিষ্যতে ত্রুটিমুক্ত ভাবে পরীক্ষার্থীদের পরীক্ষার খাতা যথাযথ মূল্যায়ন হবে এবং ত্রুটিমুক্ত ভাবে প্রকাশিত হবে। ধন্যবাদ।

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রীমহাশয়ের বিবৃতি খুব মন দিয়ে শুনেছি। অবশ্য আজকে এখানে শোনার দরকার ছিল না, কেননা গতকাল প্রাইভেট বাংলা টি.ভি. চ্যানেলে শিক্ষামন্ত্রী বিবৃতি দিয়ে ক্ষমা চেয়েছেন বিধানসভায় বিবৃতি দেবার আগেই। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, ওনার দুটি পরীক্ষা দপ্তর আছে, মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক যাদের ফল বের হবার সময়ে কোন গন্ডগোল হবেই এবং পরে মন্ত্রী বিবৃতি দিয়ে ক্ষমা চাইবেন। গতবার মাধ্যমিকের সমস্ত সার্টিফিকেটে ভুল ডেট দেওয়া হয়েছিল, তারপর উনি ক্ষমা চেয়েছিলেন। আমরা এ ব্যাপারে অনেক সমালোচনা করেছিলাম, মাধ্যমিক শিক্ষা পরিষদের প্রেসিডেন্টের চাকরী চলে গেল। হালিশহরে দ্যুতি ভট্টাচার্য বাংলার দ্বিতীয় পত্রে পেয়েছে শূন্য, মোট নম্বর ১৭। আজকে যে ঘটনা ঘটেছে উনি সেটাকে ছোট করে দেখাবার চেষ্টা করেছেন।

[12.10 – 12.20 p.m.]

উনি বলছেন যে ৪০ লক্ষ খাতা, এরমধ্যে মাত্র ১৯টা ভুল হয়েছে। ১৯টাই ভুল কিনা আজকেই সেটা ফাইন্যালি বলা যায় না। তার কারণ এর পরেও আরও ভুল বেরুবে। জলপাইগুড়ির ফণীন্দ্রদেব ইন্সটিটিউশানও এই ধরনের ঘটনা ঘটেছে এবং আস্তে আস্তে বিভিন্ন স্কুল থেকে এই ধরনের ঘটনার খবর আসছে। মাননীয় মন্ত্রী বিধানসভায় বিবৃতি দেওয়ার আগেই এই প্রাইভেট টি.ভি. চ্যানেলে গতকালই বলেছেন, যে কম্পিউটার ফার্ম এই ভুল করেছে তাদের ব্ল্যাক লিস্ট করা হবে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে স্পেসিফিক্যালি জানতে চাই, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি, তিনি প্রেসকে এড়িয়ে গিয়েছেন, তাঁর সেক্রেটারি একটা বিবৃতি দিয়ে দুঃখ প্রকাশ করেছেন, ক্ষমা চেয়েছেন। মাননীয় মন্ত্রীমহাশয় বলুন, উচ্চ মাধ্যমিকের মার্কশিটে ভুল হবার জন্য উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতিকে তিনি পদত্যাগ করতে বলবেন কিনা কিম্বা সচিবকে দায়িত্ব নিয়ে পদত্যাগ করতে বলবেন কিনা?

শ্রী কান্তি বিশ্বাস : আমি আগেই বলেছি যে অন্য রাজ্যের ফলাফলে প্রতি বছর কি পরিমাণে ত্রুটি থাকে তার তথ্য আমার কাছে আছে। ভারতবর্ষের ৩০টি উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ এবং মধ্যশিক্ষা পর্ষদের তথ্য প্রতি বছর আমার কাছে আসে, এবারেরটাও আছে। তার সঙ্গে পশ্চিমবাংলার তুলনা করতে চাইছি না, তুলনা করা ঠিকও নয়। আমাদের রাজ্য আমাদের রাজ্যই। আমাদের রাজ্যে কেন নির্ভুলভাবে পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে না? সেটাই হচ্ছে আমার কথা। দুঃখজনক হলেও যত ক্ষুদ্রই হোক না কেন ১৯টা ক্ষেত্রে ভুল ধরা পড়েছে। যতখানি আমি দেখবার চেষ্টা করেছি, ওদের পক্ষ থেকে সম্ভাব্য সতর্কতা অবলম্বন করা সত্ত্বেও পরিগণক ব্যবস্থার ত্রুটির জন্য এটা হয়েছে। ওরা বলে এটাতে ভাইরাস ঢুকেছে, প্যারালাল ভাইরাস ঢুকেছে। এই প্যারালাল ভাইরাস কমপিউটারে ঢুকলে পরে এটা সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণ করবে এই প্রতিশ্রুতি কেউ কখনও দিতে পারে না। কাজেই এই প্রতিশ্রুতি দেওয়া যায় না যে পরিগণক ব্যবস্থার মধ্যে কখনও কোন ভাইরাস ঢুকবে না। কিন্তু তা সত্ত্বেও আমরা

চেষ্টা করবো যাতে ভবিষ্যতে ত্রুটিমুক্ত করা যায় এরজন্য উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি বা সচিবকে পদত্যাগ করবার আদেশ দেবার কোন প্রশ্ন ওঠে না।

(Noise)

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORTS AND ACCOUNTS

Annual Accounts & Audit Reports of the West Bengal Scheduled Castes Scheduled Tribes Development & Finance Corporation for the years 1980-81 to 1992-93.

Shri Prabodh Chandra Sinha : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the Annual Accounts & Audit Reports of the West Bengal Scheduled Castes & Scheduled Tribes Development & Finance Corporation for the years 1980-81 to 1992-93.

MENTION CASES

শ্রী মানিকলাল আচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোল মহকুমা হাসপাতালে আগে কামড়ানোর এবং কুকুরে কামড়ানোর ইনজেকশান পাওয়া যাচ্ছেনা। বারবার আমরা চিঠি লিখছি কিন্তু রোগীরা হাসপাতালে গিয়ে ইনজেকশান না পেয়ে ফিরে আসছেন। অথচ আমরা দেখছি দালালদের মাধ্যমে গেলে সেই ওষুধ পাওয়া যাচ্ছে। কুলটি, বরাকর, আসানসোল, বারাবনির প্রভৃতি বিভিন্ন অঞ্চলে মানুষরা হাসপাতালে যাচ্ছেন, তারা ইনজেকশান পাচ্ছেন না। বলা হচ্ছে ১০/১৫ দিন বাদে আসতে। বাধ্য হয়ে গরিব মানুষরা ধারদেনা করে সেই ইনজেকশান কিনতে বাধ্য হচ্ছে। অবিলম্বে যাতে আসানসোল মহকুমার হাসপাতালে সাপে কামড়ানোর এবং কুকুরে কামড়ানোর ইনজেকশান পাওয়া যায় তার ব্যবস্থা করার জন্য আমি মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বাঁকুড়া জেলা এখনও সব দিক থেকে পিছিয়ে আছে। বাঁকুড়া শহরে প্রতি বছর একবার করে ভাঙাভাঙি হয় কিন্তু ডেভালপমেন্টের কোন কাজ সেখানে হয়না। বাঁকুড়া শহরের জন্য কোন পরিকল্পনাও করা হয়নি। '৭৫ সালে একটা করা হয়েছিল, সি.এম.ডি.এ সেটা করেন কিন্তু তারপর ২৬ বছর কেটে গেলেও কিছু হয়নি। সেখানে শহর ভাঙা এবং সেখানকার মানুষদের সব দিক থেকে বঞ্চিত করা হয়।

আরো বেশী করে তাদের দূরে সরিয়ে দেওয়া হচ্ছে, তাদের আর্থিক দুরবস্থার মধ্যে ফেলে দেওয়ার হচ্ছে। সব চেয়ে বড় জিনিস হলো কেস নাম্বার ১১২-৯৯, প্রথমে বাঁকুড়া সিভিল জাজ কোর্টে মামলা দায়ের আছে। সেই মালা ট্রান্সফার করা হলো অ্যাডিশনাল সিভিল

জাজ কোর্ট, সিনিয়র ডিভিশনে পাঠিয়ে দেওয়া হলো যার কেস নাম্বার ৮৬-২০০১। সেই মামলা এখনও নিষ্পত্তি হয়নি। তাহলে সেই জেলায় প্রশাসন কি করে ভাঙার কথা ভাবতে পারে? শহরটা ভাঙার জন্য জনস্বার্থে একটা মামলা হয়েছিল, সেই মামলার বিচার হলো না। সেখানে আবার শহরটাকে ভেঙে মানুষকে ব্যতিব্যস্ত করছে। কার কি জায়গা আছে কি এনক্রোচ আছে না আছে সেটা কিছু দেখা হয় নি। প্রতিটি রাজনৈতিক দলের মতামত নেওয়া হয় নি। বলতে পারেন সর্বদলীয় মিটিং ডাকা হয়েছিল। কেস ছিল বলে আমরা যায়নি এবং অন্যান্য দল যায়নি। সেখানে কি করে আবার সিদ্ধান্ত নিল শহর ভাঙার? পৌরসভার অধীনে শহর, সেই পৌরসভাকে উপেক্ষা করে কি করে এই সব কাজ হচ্ছে?

শ্রী সামসুল ইসলাম মোল্লা : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৮ই জুলাই উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। দেখলাম যে ৮২ দিনের মাথায় এই ফল বার হয়েছে। শুধু এবারে নয় প্রতি বছর নির্দিষ্ট সময়ে পরীক্ষা হচ্ছে এবং নির্দিষ্ট সময়ে ফল প্রকাশিত হচ্ছে। এটা উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের কৃতিত্ব। এর জন্য আমি তাঁদের ধন্যবাদ জানাচ্ছি এবং অভিনন্দন জানাচ্ছি। রাজ্য সরকার দ্রুততার সঙ্গে ত্রুটিপূর্ণ মার্কসিটের ব্যাপারে ব্যবস্থা নিয়েছেন। এই ত্রুটিপূর্ণ মার্কসিটের জন্য কারা দায়ী সেটা উচ্চ পর্যায়ে তদন্ত করে দেখা হোক এবং যথাযথ ব্যবস্থা নেওয়া হোক।

শ্রী সমর হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা জামালপুরে বিদ্যুতের কানেকশান পেয়ে বিদ্যুৎ গ্রাহকদের খুব অসুবিধা হচ্ছে। জামালপুরের অ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ারের অফিস হচ্ছে মেমারীতে। জামালপুর ১২ হাজার ৫৩ জন বিদ্যুৎ গ্রাহক এবং ২৪ হাজার টাকা রেভিনিউ আদায় হয়। যে সমস্ত মানুষ দরখাস্ত করে নূতন করে বিদ্যুৎ নেবার জন্য তাদের কানেকশান পেতে দেরী হচ্ছে। দ্রুততার সাথে তার যাতে বিদ্যুৎ কানেকশান পেতে পারে তার জন্য ডবলু.বি.এস.ই.বি অফিস আমার বিধানসভা কেন্দ্র জামালপুরে করা হোক, অর্থাৎ অ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ারের অফিস জামালপুরে খোলা হোক।

শ্রী ভক্তরাম পান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রেল কতৃপক্ষ এবং রাজ্যের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পূর্বরেল এবং দক্ষিণ-পূর্ব রেলের যাত্রী পরিষেবা ভেঙে পড়েছে। রেলের কোচের সংখ্যা বাড়ানো হচ্ছে না। স্টেশানগুলো আগে যে উচ্চতায় ছিল, এখন রেল লাইনের উচ্চতা বাড়ানোর ফলে স্টেশান এবং গাড়ির কোচের যে গ্যাপ সেটা অনেক বেড়ে গেছে। ফলে গাড়িতে ওঠানামার অসুবিধা হচ্ছে। এই ব্যাপারে রেল প্রশাসন কিছু ব্যবস্থা নিচ্ছে না। বিভিন্ন যে যাত্রীসমিতি রয়েছে তাদের চিঠির কোন উত্তর কোন কর্তৃপক্ষ দেয় না। আমরা বিধায়করা যে সমস্ত চিঠি দিই জেনারেল ম্যানেজার বা ডিভিশনাল রেলওয়ে ম্যানেজারকে তাঁর আর উত্তর দিচ্ছেন না। সেইজন্য রেলের এই দুরাবস্থার জন্য যাত্রীসাধারণের প্রচণ্ড দুর্বিষহ অবস্থার সৃষ্টি হচ্ছে। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে রেল কর্তৃপক্ষ এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষা মন্ত্রী শ্রী সত্যসাধন চক্রবর্তী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন কিনা জানি না, সম্প্রতি কলিকাতা বিশ্ববিদ্যালয় তার অধীনে সদস্য কলেজের অধ্যাপকদের একটা চিঠি দিয়েছে। তাতে এই নির্দেশ আছে যে, কলেজগুলোতে অনার্সে ভর্তির যে সংখ্যা নির্দিষ্ট আছে তার থেকে একটাও বেশী ভর্তি করা যাবে না।

[12.20–12.30 p.m.]

যদিও ৩০-৩৫ বছর ধরে আমরা জানি যে, পশ্চিমবাংলায় নির্দিষ্ট আসন সংখ্যা থাকলেও তার থেকে বেশী সংখ্যায় ভর্তি হয়ে আসছে। এবারে হায়ার সেকেন্ডারী পরীক্ষায় ফার্স্ট ডিভিসনে উত্তীর্ণ ছাত্রছাত্রীর সংখ্যা বেড়েছে। এতদিন ধরে এই যে নির্দিষ্ট আসন সংখ্যার থেকে বেশী সংখ্যায় ছাত্রছাত্রীরা ভর্তি হয়ে আসছে অনার্সে, তার কারণ হচ্ছে চাহিদার তুলনায় অনার্সে আসন সংখ্যা অনেক কম। এখন কলকাতা বিশ্ববিদ্যালয় যে নির্দেশ দিয়েছে, নির্দিষ্ট আসন সংখ্যার চাইতে একটিও বেশী আসনে কেউ ভর্তি হতে পারবে না, এর ফলে পশ্চিমবাংলায় অন্তত ৩০-৪০ হাজার ছাত্রছাত্রী পড়ার সুযোগ থেকে বঞ্চিত হবে। সরকার যেখানে শিক্ষার সম্প্রসারণের কথা বলছেন, সেখানে আসন সংখ্যা না বাড়িয়ে অনার্সে আসন সংখ্যা রেস্ট্রিক্ট করে দিচ্ছেন। এতদিন ধরে যেটা চলে আসছে, উচ্চমাধ্যমিকে ন্যূনতম ৪৫ পার্সেন্ট এবং সংশ্লিষ্ট বিষয়ে ৪০ পার্সেন্ট নম্বর পাওয়া জরুরী ছিল, সেখানে সেটা ৫ পার্সেন্ট বাড়িয়ে দেওয়া হয়েছে। অর্থাৎ উচ্চমাধ্যমিকে ন্যূনতম ৫০ পর্সেন্ট এবং সংশ্লিষ্ট সাবজেক্টে ৪৫ পারসেন্ট পেতে হবে। অর্থাৎ অনার্সে উচ্চশিক্ষার দরজাকে ক্লোজ করে দেওয়া হচ্ছে। এটা সরকারের ঘোষিত নীতি নয়। এখানে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী আছেন। আজকে ছাত্রছাত্রী এবং অভিভাবকরা এর ফলে উদ্বিগ্ন হয়ে পড়েছেন। কলকাতা বিশ্ববিদ্যালয় এই যে নির্দেশ দিয়েছে, এতে তারা আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছেন। অনার্স শিক্ষার দরজা যাতে সংকুচিত না হয়, তার জন্য উচ্চশিক্ষা মন্ত্রী হিসাবে একে কি ভাবে দেখছেন এবং ব্যক্তিগত ভাবে আপনি কি ভাবছেন? ছাত্রছাত্রী এবং অভিভাবকরা আজকে এরফলে খুবই উদ্বিগ্ন ও আতঙ্কিত হয়ে পড়েছেন। আপনি এই বিষয়ে যদি কিছু বলেন তাহলে ভাল হয়।

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্য একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন, সেজন্য তাঁকে ধন্যবাদ জানাই। এ সম্বন্ধে কাগজেও বেরিয়েছে। আমি প্রথমেই বলি, কলকাতা বিশ্ববিদ্যালয়ের এই যে সিদ্ধান্ত এটি ওদের আন্ডার গ্র্যাজুয়েট কাউন্সিল এবং সিন্ডিকেটে সর্বসম্মত সিদ্ধান্ত। অর্থাৎ ওখানে যাঁরা শিক্ষক প্রতিনিধি আছেন তাঁরা একমত হয়ে সিদ্ধান্তটি গ্রহণ করেছেন। এর পিছনে যুক্তিটা কি? আগে হায়ার সেকেন্ডারীতে যত ছেলে স্টার পেত, এখন তার চাইতে অনেক বেশি ছেলেমেয়ে স্টার পায়। আপনি যখন পরীক্ষা দিয়েছেন তখন যত সংখ্যাক ছাত্রছাত্রী পাস করতো, এখন আরও বেশি সংখ্যায় পাশ করে। অনার্স নিয়ে পড়ে একটু যারা ভালো ছেলে তারা পড়ে। অনার্সের সিলেবাস খুব বড়ো এবং কঠিন। অনার্স পড়ার সুযোগ কিন্তু মফস্বলের কলেজগুলোতে অনেক বাড়ানো হয়েছে। এখন দুটি জিনিস লক্ষ

করা যায়—একটি কলেজে অনার্স পড়ার সাবজেক্ট দেওয়া আছে ইউনির্ভাসিটি থেকে যেখানে ৪০ জনের জন্য, এই রকম কলেজে যারা ভর্তি হয়েছে, দেখা গেছে ১৫০ জন ভর্তি হয়েছে। ভর্তি হওয়ার পর তারা ইউনিভার্সিটিতে এসে চাপ দেন, এদের নামের রেজিস্ট্রেশন করতে হবে এবং এদের পরীক্ষায় বসার সুযোগ দিতে হবে। আবার এই রকম কলেজ আছে, যেখানে অনার্সে ভরতি করেছে ৩০০ জনকে। আমি জিজ্ঞাসা করেছিলাম, এদের বসতে দেওয়ার জায়গা আছে? অথচ সেই বিষয়ে হেঁটে যাওয়া দূরত্বে আর একটি কলেজ আছে, সেখানে অনার্স দেওয়া আছে, কিন্তু ভর্তি কম হচ্ছে। অর্থাৎ কিছু কিছু কলেজ তারা নিয়ম না মেনে, তাদের কোটা থেকে তিন-চার গুণ বেশি ভরতি করছে, সেখানে ছাত্রদের বসতে দেওয়ার ক্ষেত্রে অসুবিধা আছে। সবকিছু বিবেচনা করে ওরা এই সিদ্ধান্তটা নিয়েছেন। তাছাড়া, যারা অনার্স পড়ার উপযুক্ত তারা বঞ্চিত হবে না। মফস্বলের কলেজগুলিতে যেখানে অনার্স খোলা হয়েছে, সেখানে তারা ভর্তি হোক। আমরা চাই, মফস্বল থেকে বা কলকাতার আশপাশ থেকে ছাত্ররা এসে যাতে কলকাতার কলেজগুলোতে ঝাঁপিয়ে না পড়ে, সেখানে সেজন্য অনার্স খোলা হয়েছে। ছাত্ররা সেখানে ভর্তি হোক। বিশ্ববিদ্যালয় যদি মনে করে যে কোনো একটি কলেজে সত্যি আর আসন সংখ্যা বাড়ানো দরকার এবং উপযুক্ত ছেলেরা তা না হলে ভর্তি হতে পারবে না, তাহলেই সেই কলেজ থেকে তাদেরকে দরখাস্ত করে অনুমোদন নিতে হবে। তারা নিজেরা সিদ্ধান্ত নিয়ে এটা করতে পারবে না।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনস্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। অযোধ্যাবিতর্কে রাম মন্দির গড়ে তোলার জন্য রাষ্ট্র স্বয়ংসেবক সংঘ এদের পক্ষে প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী ওঁদের পক্ষে থাকায় সাম্প্রদায়িকতার বিপদ বাড়বে। এবং কোনো সমস্যাই সমাধান হবে না। একদিকে উদারীকরণ নীতি, অপরদিকে কলকারখানা বন্ধ, শ্রমিক ছাঁটাই হচ্ছে, কৃষিক্ষেত্রে ফসল বিক্রি হচ্ছে না, কৃষকরা জ্বলছে। একটা সমস্যার মধ্যে রয়েছে। সেখানে কেন্দ্রীয় সরকার ১ কোটি বেকারের চাকুরি দেবার প্রতিশ্রুতি দিয়েছিল। সেই দিকে নজর নেই। কি করে রামমন্দির তৈরি করা যায় তার জন্য উদ্যোগ নেওয়া হচ্ছে। লোকসভার নির্বাচন যত এগিয়ে আসবে ততই সাম্প্রদায়িকতার জিগির বাড়বে। সুতরাং সাম্প্রদায়িকতার বীজ যাতে ছড়াতে না পারে তার জন্য সর্বশক্তি দিয়ে আমাদের প্রচেষ্টা করতে হবে। ওই শুভ শক্তি যাতে এগোতে না পারে তার জন্য সব রকম প্রচেষ্টা চালাতে হবে। এই দাবি আমি করছি এবং ধর্মনিরপেক্ষ মানুষ এগিয়ে আসুন যাতে এই বিপদ কাটিয়ে উঠতে পারি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : স্যার, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, কথা ছিল যে তিন বছর পর হয়ে গেলেই গ্র্যাচুয়েটি এবং কমিউটেডের টাকা শিক্ষকরা পেয়ে যাবেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি গ্র্যাচুয়েটির টাকা সময়মতো পাচ্ছে না। আমাদের এখানে অনেক এমবার্গো আছে যেমন নন টিচিং স্টাফ নিয়োগ করা হবে না এইসব। সুতরাং এইসব ব্যাপারগুলো সম্পর্কে মাননীয় মন্ত্রী যদি একটু আলোকপাত করেন তাহলে খুশি হব।

শ্রী অসিত মিত্র : স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২১ শে জুলাই সারা বাংলার বুকে একদিন যুব কংগ্রেস নেতারা মহাকরণ অবরোধের অভিযান চালিয়েছিল। সেইদিন সেই আন্দোলনের সাথী আমিও ছিলাম। সেদিনের সেই রক্তাক্ত দিন, রক্তাক্ত অধ্যায়ের মতো দিনগুলো আজও চলছে। একই ঘটনা আজকেও মুর্শিদাবাদে, মালদাতে চলছে। এই পশ্চিমবঙ্গে কত হত্যা, নির্যাতন, ধর্ষণ এবং নির্বিচারে অত্যাচার চলেছে। এই অবস্থার মধ্যে আমরা বারেবারে বিধানসভাতে এর প্রতিবাদ করেছি। কখনো কখনো তার উত্তর পেয়েছি। আজকেও আমরা সেইভাবে শহীদদের স্মরণে মিলিত হব। আমরা লালবাজারের কাছে দাঁড়িয়ে তাঁদের আদর্শের স্মৃতি তর্পণ করব এবং নতুন করে শপথ নেব। একই সঙ্গে পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন করব এই ধরনের সন্ত্রাসের অবিলম্বে তদন্ত করা হোক। পঞ্চায়েত নির্বাচনের সময়ে যে ধরণের কারচুপি, রিগিং অত্যাচার চলছে তার বিচার-বিভাগীয় তদন্ত হোক এবং সঙ্গে সঙ্গে আগামীদিনের নিরাপত্তার যাতে ব্যবস্থা থাকে তার ব্যবস্থা করা হোক।

[12.30–12.40 p.m.]

শ্রী তারাপদ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার ওন্দা বিধানসভা এলাকায় বালিয়ার রেলফটক থেকে ভাদুল পর্যন্ত যে রাস্তাটি আছে সেটি পনেরো বছর যাবৎ কোনো সংস্কার হয়নি। ঐ রাস্তাটি একটি কৃষিপ্রধান এলাকার মধ্যে অবস্থিত, এলাকার কৃষকরা তাদের উৎপাদিত ফসল বাঁকুড়া শহরে নিয়ে যেতে অসুবিধার সম্মুখীন হচ্ছে। ঐ রাস্তাটি দ্রুত মেরামতি করার জন্য আমি পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি। তাছাড়া দ্বারকেশ্বর নদীর উপরে একটি ফুটব্রীজ যাতে করা হয় তার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী নন্দদুলাল মাঝি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় ধুশবাগ হইতে শান্তাশ্রম পর্যন্ত একটি রাস্তা আছে, রাস্তাটি জেলা পরিষদের রাস্তা। কিন্তু বর্তমানে রাস্তাটি বেহাল অবস্থায় আছে। সেখান দিয়ে বাস এবং অন্যান্য যানবাহন, এমনকি রাস্তা দিয়ে স্কুলের ছেলেমেয়েরাও যাতায়াত করতে পারছে না। আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, অবিলম্বে ওই রাস্তাটি পি.ডব্লু.ডি. অধিগ্রহণ করে তার মেরামতির ব্যবস্থা করা হোক।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, আজ ২১ শে জুলাই। স্বাধীনোত্তর ভারতবর্ষে গণতান্ত্রিক আন্দোলনের ক্ষেত্রে একটা কালো দিন। আজ থেকে দশ বছর আগে তখন মুখ্যমন্ত্রী ছিলেন শ্রী জ্যোতি বসু—তখন যুব কংগ্রেসের পক্ষ থেকে মহাকরণ অবরোধের ডাক দেওয়া হয়েছিল। কিন্তু জ্যোতিবাবুর নির্দেশে তার পুলিশ সেদিন নির্বিচারে গুলি চালিয়েছিল। ১৯৪৭ সালের পর ভারতবর্ষে আর কোনো গণতান্ত্রিক আন্দোলনে গুলি চালানোয় এক সঙ্গে ১৩ জন মানুষের মৃত্যু হয়নি এবং এমন কোনো নজিরও নেই। প্রাক্তন মুখ্যমন্ত্রী বলেছিলেন আমার চেয়ার দখল করবার জন্য ওরা আসছিল। কিন্তু যেখানে গুলি চালানোয় মানুষের মৃত্যু

হয়েছিল সেটা হচ্ছে মেয়ো রোড। সেখানে বিনা প্ররোচনায় পুলিশ গুলি চালিয়েছিল এবং ১৩ জন মানুষের মৃত্যু হয় এবং ২০০-রও বেশি মানুষ আহত হয়েছিল। কিন্তু সেদিন একজন পুলিশও আক্রান্ত হয়নি, একজন পুলিশও সেদিন আহত হয়নি। এই ইতিহাস থেকে মানুষ শিক্ষা নেবে এবং তাদের গণতান্ত্রিক চেতনা এবং গণতান্ত্রিক লড়াই পশ্চিমবাংলায় থাকবে। আজকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এবং তার পুলিশ মানুষের অধিকারকে কেড়ে নেবার চেষ্টা করছেন। কৃষক, শ্রমিকদের উপর গুলি চালানোর ইতিহাসও এই বামফ্রন্ট সরকারের রাজত্বকালে আছে। আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, মানুষের এই গণতান্ত্রিক আন্দোলন থাকবে এবং তারা গণতন্ত্রের জন্য লড়াই করবে, তাদের এই অধিকার এই সরকার জোর করে কেড়ে নিতে পারবে না। ২১শে জুলাই যারা মারা গিয়েছিল পুলিশের গুলিতে, সেই শহীদদের কথা স্মরণ করে তাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তপন হোড় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সৌগতবাবুর কলিং অ্যাটেনশানের উত্তর মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় দিয়েছেন। যথোচিতভাবেই বিষয়টি যে গুরুত্বপূর্ণ এবং এই বিষয়টি আরও ভালোভাবে দেখবার কথা মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন এবং তিনি দুঃখ প্রকাশ করেছেন। একটা সময় যারা শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য সৃষ্টি করেছিল, তাদের কাছ থেকে আজকে শিক্ষা সম্পর্কে এইসব কথা শোনা আমাদের পক্ষে অস্বস্তিকর। গোটা ভারতবর্ষের শিক্ষা ব্যবস্থাকে এন.ডি.এ. সরকার পণ্য হিসাবে চিহ্নিত করেছেন। আজকে এই বামফ্রন্ট সরকার হচ্ছে জনগণের সরকার। কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেসের কাছে মানুষের যে প্রত্যাশা, আমাদের বামফ্রন্ট সরকারের কাছে মানুষের সেই প্রত্যাশাটা ভিন্ন ধরনের। কাজেই একই ধরনের ভুল বারবার হচ্ছে। এই বিষয়ে আরও সচেতন হওয়া দরকার এবং যাতে এই ধরনের ভুল-ভ্রান্তিগুলো আমরা কাটিয়ে উঠতে পারি তার জন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়ার আবেদন করছি।

শ্রী অসিত কুমার মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ অতি সম্প্রতি একটি নির্দেশিকা পাঠিয়েছে, তাতে বলা হয়েছে সদ্য সমাপ্ত গ্রাম পঞ্চায়েতের নির্বাচনে অংশগ্রহণ করে জয়ী হয়েছে যেসমস্ত শিশুশিক্ষা সহায়িকা, তাদের আর সেই কাজ থাকবে না, এবং সেদিন থেকেই তাদের বেতন বন্ধ হয়ে যাবে। আমি জানতে চাই, প্রাইমারি স্কুলের শিক্ষকরা নির্বাচনে অংশ নিলে তাদের পদ যবে না, আর মাত্র এক হাজার টাকা বেতনে যেসমস্ত শিশুশিক্ষা সহায়িকারা নির্বাচনে অংশ নিয়েছে বলে তাদের কাজ চলে যাবে? এই নির্দেশিকা অবিলম্বে প্রত্যাহারের দাবি জানাচ্ছি।

শ্রী নৃপেন গায়েন : স্যার, এই হাউসে একটু আগে শোভনদেববাবু একটা বিষয়ের উপর ধিক্কার জানিয়ে চলে গেলেন। কিন্তু স্বাধীনতা পাওয়ার পর গ্রামের মানুষ যখন খাদ্যের জন্য কলকাতায় এসেছিল, সেই বুভুক্ষু মানুষদের উপর পুলিশ নির্বিচারে গুলি চালায় এবং ৮০ জন কৃষক মারা যায়। ধিক্কার তো এই ঘটনার প্রতি জানানো উচিত।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার এলাকায় হেমনগর থেকে দুলদুলি পর্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তাটি দীর্ঘদিন ধরে সংস্কারবিহীন অবস্থায় পড়ে আছে। এই পথ দিয়ে প্রতিদিন হাজার হাজার মানুষ, ব্লকে, জেলায়, মহকুমায় আসে। এছাড়া রাস্তাটি একেবারে সুন্দরবনের শেষ প্রান্ত পর্যন্ত চলে গেছে। যেখানে রায়মঙ্গল নদী আছে, সেখানে 'নিরালা' এবং 'বনলতা', দুটো থাকার জায়গা আছে। প্রতিবছর শয়ে শয়ে পর্যটকরা সেখানে যান। অবিলম্বে রাস্তাটি সংস্কার করার অনুরোধ জানাচ্ছি।

শ্রীসুশীল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলার কোতোয়ালি থানার কেষ্টপুর গ্রামে গত ১৭ তারিখে কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেস আশ্রিত সমাজবিরোধীরা মঙ্গল হালদার নামে আমাদের এক কর্মীকে গ্রেনেড দিয়ে আক্রমণ করেছে রিমোটের সাহায্যে। প্রতিরক্ষা দপ্তরের জিনিস চলে আসছে ওইসব সমাজবিরোধীদের হাতে। প্রতিরক্ষার সিল তাতে ছিল কাশ্মীরি টেস্টেড। সেটা পুলিশ নিয়ে গেছে। ইতিপূর্বে সেখান একটা যুবক খুন হয়েছিল, তখন বলা হয়েছিল জনযুদ্ধ। সেখানে একটা অপদার্থ আই.সি. বসে আছে, তার কোনো কাজ নেই, এখনও পর্যন্ত একজনও সেখানে গ্রেফতার হয়নি। মঙ্গল হালদারকে শক্তিনগর হাসপাতাল থেকে মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে আসা হয়েছে। আজকে এটা খুবই উদ্বেগের ব্যাপার যে, প্রতিরক্ষা দপ্তরের জিনিস কংগ্রেস, তৃণমূল কংগ্রেসের আশ্রিত সমাজবিরোধীদের হাতে চলে আসছে। একেবারে গ্রামের ভেতরের রিমোট কন্ট্রোল্ড গ্রেনেড চলে আসছে। মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করব, এই বিষয়টি আপনি গুরুত্ব সহকারে দেখুন এবং আসামীরা যাতে গ্রেফতার হয় এবং তাদের দৃষ্টান্তমূলক শাস্তি হয়, তার ব্যবস্থা করার জন্য আবেদন করছি।

[12.40–12.50 p.m.]

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি তথ্য সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয়, তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া রবীন্দ্র ভবনটি অকর্মণ্য হয়ে ৩০ বছর ধরে পড়ে আছে। উলুবেড়িয়ার মানুষ, সংস্কৃতিসম্পন্ন মানুষ এখানে সাংস্কৃতিক অনুষ্ঠান করতে চায়। কিন্তু এই রবীন্দ্রভবনটির এই অবস্থার জন্য ওখানকার মানুষজন, ছাত্রছাত্রী, যারা কবিতা আবৃত্তি করে তাদের মধ্যেও বিক্ষোভ দেখা দিয়েছে। তাই আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে, সংস্কৃতিসম্পন্ন মানুষের মুখে হাসি ফোটাবার জন্য ওই উলুবেড়িয়া রবীন্দ্র ভবনটি সংস্কারের ব্যবস্থা করেন।

শ্রী বাঁশরী মোহন কাঞ্জী : অনুপস্থিত।

শ্রী সৌগত রায় : স্যার, আজকে ২১ শে জুলাই, ২০০৩ সালে মমতা ব্যানার্জির ডাকে লক্ষ লোক এসপ্ল্যানেডে জমায়েত হয়েছেন শহিদ দিবস পালন করতে। আজ থেকে ১০ বছর আগে বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর নির্দেশে পুলিশের নির্মম গুলিতে তৎকালীন যুব কংগ্রেসের ১৩ জন কর্মী শহিদ হয়েছিল। একটু আগে নৃপেন রায় শহিদদের কথা বলছিলেন। বামফ্রন্টের মুখে শহিদের কথা মানায় না। কারণ ২১ শে জুলাই গুলি করে মারার পর জ্যোতি বাবুকে বলা সত্ত্বেও এই হাউসে একটা বিচারবিভাগীয় তদন্ত করেননি।

কোন দোষীদের শাস্তি দেওয়া হয়নি এবং যারা মারা গেছে তাদের পরিবারকে এক পয়সা সাহায্য সরকারের পক্ষ থেকে দেওয়া হয়নি। অসত্য কথা বলা হয়েছিল বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে যে, যুব কংগ্রেসের ছেলেরা রাইটার্স বিল্ডিং দখল করতে গিয়েছিল। আমরা যদি রাইটার্স বিল্ডিং যেতামই, তাহলে একজন পুলিশও মরত। কিন্তু একজন পুলিশও মারা যায় নি। আপনারা এত বছর পরে নেতাজির অন্তর্ধান নিয়ে জুডিশিয়াল কমিশন বসিয়েছেন। তাহলে কোনো দিন চাকা যদি ঘোরে, তাহলে আমরাও জুডিশিয়াল কমিশন বসাব এবং সেদিন নির্মমভাবে গণতান্ত্রিক আন্দোলনের উপর যে আক্রমণ হয়েছিল এবং সেই আক্রমণে যারা মূল নায়ক ছিল, তাদের শাস্তি দেব এবং আমরা সরকারের দয়ার উপর নির্ভর করিনি। প্রতিটি পরিবারের গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা করা হয়েছে এবং তাদের জন্য আমরা লড়াই করছি এবং বামফ্রন্টের বিরুদ্ধে আমদের লড়াই।

শ্রী অনাদি সাহু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে মাননীয় সদস্যদের এবং উপযুক্ত কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৯২ সালে বাবরী মসজিদ ভাঙার দায়ে যারা অভিযুক্ত ছিল তাদের বিরুদ্ধে যে সি বি আইয়ের বিশেষ আদালত চলছিল, আমরা জানতে পারলাম যে, তাকে প্রভাবিত করে সেই সমস্ত অভিযুক্তদের মুক্ত করার চেষ্টা চলছে এবং ইতিমধ্যে আপনারা জানেন যে, সারা দেশে রাম মন্দির ইস্যু তোলা হয়েছে এবং দাঙ্গা চলছে। এই পরিস্থিতিতে আমরা খুব উদ্বিগ্ন এবং তার জন্য আমরা হাউসের দৃষ্টি আকর্ষণ করছি এবং উপযুক্ত কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

ZERO HOUR

শ্রী সৌগত রায় : স্যার, আপনার মাধ্যমে জানাতে চাই যে পশ্চিমবাংলায় সি.পি.এমের সন্ত্রাস অব্যাহত রয়েছে। পরশুদিন শনিবার নদীয়া জেলায় কালীগঞ্জ থানার পলিতবেড়িয়া গ্রামে আমাদের কর্মী সালাউদ্দিন আহমেদ তাঁকে হত্যা করা হয়েছে। তার গ্রাম থেকে সে সাইকেল করে যাচ্ছিল। পথে দুষ্কৃতীরা তাকে আটকায় এবং গলার নলি কেটে দেয়। উল্লেখযোগ্য যে এই সালাউদ্দিন আহমেদের স্ত্রী ঝর্না আহমেদ সে এবারে পঞ্চায়েত নির্বাচনে আমাদের জেলাপরিষদের প্রার্থী ছিলেন। ওখানকার তৃণমূল নেতা নাসিরুদ্দিন আহমেদ তিনি অভিযোগ করেছেন যে এই ঘটনা ঘটিয়েছে সি.পি.এমের দুষ্কৃতীরা। গতকাল স্যার, কালীগঞ্জ থানায় বন্ধ হয়েছে। আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে বলছি যে সি.পি.এম দলের এই রাজনীতি বন্ধ করুন এবং এই অপরাধের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করুন। এই ধরনের খুন করে তৃণমূল কংগ্রেসকে দাবিয়ে রাখা যাবে না। ২১ শে জুলাই যেমন প্রতিবাদ করছি। স্যার, বাংলায় সি.পি.এমের এই ধ্বংসাত্মক রাজনীতিতে শহীদ সালাউদ্দিন আহমেদের প্রতি শ্রদ্ধা জানাচ্ছি।

শ্রী সামসুল ইসলাম মোল্লা : স্যার, আজকে ওরা বিধানসভায় বলেছেন যে ওরা সমাবেশ করছেন। ২১শে জুলাইয়ের সমাবেশে অনুমতি নেই। এটা স্যার, আইন না মেনে হচ্ছে। ওরা আইন মানে না, আদালত মানে না, আজকে স্যার রামমন্দির নিয়ে বিপদ বাড়ছে, সাম্প্রদায়িকতার বীজকে উসকে দিচ্ছে বিজেপি। দেখুন আদালত একটা বিতর্কিত বিষয়ে দ্রুত নিষ্পত্তির জন্য

চাইছে সেখানে আদালতের উপর কোন আস্থা না রেখে সেখানে আদালতের উপর আস্থা না রেখে আইন না মেনে রামমন্দির তৈরি করার চেষ্টা করা হচ্ছে। এখানে তৃণমূল বন্ধুদের অবস্থান সুস্পষ্ট। পশ্চিমবাংলায় আইন না মেনে তারা শৃঙ্খলার অবনতি ঘটাচ্ছে। গোটা পশ্চিমবাংলায় নানারকম ঘটনা ঘটানোর চেষ্টা করছে। আমি তাই স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই ধরনের বেআইনী অনুমতি না দেওয়া হয়। এই ধরনের সমাবেশকে বেআইনী ঘোষণা করা হোক।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বর্ষাকাল শুরু হয়েছে কিন্তু বাঁকুড়ায় বৃষ্টি নেই। তার পরিপ্রেক্ষিতে বাঁকুড়া জেলায় প্রত্যেকটা অঞ্চলে ব্যাপকভাবে আন্ত্রিক শুরু হয়েছে। ডায়েরিয়া শুরু হয়েছে। কয়েক হাজার মানুষ সেখানে আন্ত্রিক, ডায়েরিয়াতে ভুগছে এবং সেখানে কোন ওষুধ যাচ্ছে না। কোন রকম প্রতিষেধক ব্যবস্থা সেখানে নেওয়া হচ্ছে না। এই রোগ এক ভয়ংকর আকার ধারণ করেছে বিশেষ করে যেখানে বৃষ্টি হচ্ছে না। এখনই যদি কোন ব্যবস্থা না নেওয়া যায় তাহলে এই আন্ত্রিক মহামারীর আকার ধারণ করবে।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জনস্বার্থে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি একটা বিষয় বলতে চাই। আমাদের রাজ্যে সি.এইচ.জি কর্মীরা সংখ্যায় কম নয়। ১৮ মাস ধরে এরা ভাতা পায় না। এটা একটি বিপজ্জনক দিক, এদের ভাতা খুবই অল্প। এরা মাসে একশো টাকা করে পায়। রাজ্যসরকার ৫০ টাকা করে দেন আর কেন্দ্রীয় সরকার দেন ৫০ টাকা। তাও ১৮ মাস ধরে সেটা এরা পাচ্ছেন না। স্বাভাবিক কারণে এরা খুব কষ্টের মধ্যে আছে। অবিলম্বে যাতে এদের ভাতা দেওয়া হয় তার জন্য কেন্দ্রীয় সরকার এবং রাজ্যসরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[12.50–1.30 p.m.] (including adjournment)

শ্রী প্রত্যুষ মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সি.এইচ. জি.-দের ১৮ মাসের সাম্মানিক না পাওয়ার যে বিষয়টা বলেছেন সেটা ঠিকই বলেছেন। গত প্রায় ১৫ মাস যাবত সি.এইচ.জিরা কোন সাম্মানিক পাননি এখনও পর্যন্ত। এই বিষয়টা গত ৯ তারিখে বাজেটের দিন বলেছিলাম। আমরা খুবই উদ্বিগ্নতার সঙ্গে আছি এই কারণে যে কেন্দ্রীয় সরকার সমস্তরকম ভাবে এই স্কীমটা বন্ধ করে দিচ্ছেন। এটা শুরু করেছিলেন কেন্দ্রীয় সরকার। যদিও ২০০১ সাল থেকে ৫০ টাকা করে কেন্দ্রীয় সরকার দিতেন এবং আমরাও ৫০ টাকা করে দেওয়ার কথা ঘোষণা করেছিলাম এবং সেটা দিচ্ছি। আমরা চেষ্টা করছি ২০০৩ সালটা অন্তত যাতে দিয়ে দিতে পারি। এটা আমাদের পক্ষ থেকে কতখানি দায়িত্ব নিয়ে পারবো সেটা এখনই আমরা কোন সিদ্ধান্ত নিতে পারিনি। তবুও আমরা চেষ্টা করছি ওদের বকেয়া যেটা রয়েছে সেটা অন্তত ৩৭,০৬৩ জন সি.এইচ.জি.-কে টাকা দিয়ে সাড়ে ৫ কোটি টাকা লাগবে, সেটা দিতে অসুবিধা হচ্ছে। এটা মাননীয় সদস্য এবং অন্যান্য সদস্যদের অবগতির জন্য বিষয়টা রাখলাম।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মিঃ স্পীকার স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করছি যে কয়েক দিন আগে মাননীয় প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গে এসে কর্মসংস্থান এখানে সব চেয়ে

বেশী বলে বিদ্রূপ করেছেন। প্রধানমন্ত্রী আগে ঘোষণা করেছিলেন সারা দেশে বছরে ১ কোটি লোককে চাকরী দেবেন। কিন্তু ২০০২ এবং ২০০৩ সালে কেন্দ্রীয় সরকারের যে আর্থিক সমীক্ষা বের করেছে তাতে বেকার সমস্যার সমাধানের জন্য ১ কোটি বেকার ছেলেদের চাকরীর কোন খতিয়ান আমরা দেখতে পেলাম না। বা কোন চিত্র আমরা দেখতে পেলাম না। এটা আমাদের কাছে অদ্ভুত লেগেছে।

শ্রী রতন পাখিরা : স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি রাজ্যসরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কৃষকদের সামনে একটা ভয়ংকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। পর্যাপ্ত পরিমাণে বৃষ্টি হচ্ছে না এবং চাষীরা ডিপটিউবওয়েল, মিনি-ডিপটিউবওয়েল এবং আর এল আই-এর সাহায্যে চাষ করার চেষ্টা করছে। আমরা বিধানসভা কেন্দ্র ঘাটালে দফায় দফায় লোডশেডিং হচ্ছে দুই-আড়াই ঘন্টা লোডশেডিংয়ের ফলে সেখানে ডিপটিউবওয়েল, মিনি ডিপটিউবওয়েল, আর.এল.আই. চালানো যাচ্ছে না ফলে একটা কঠিন পরিস্থিতির মুখে চাষীরা পড়েছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করে বলছি এই যে দফায় দফায় লোডশেডিং চলছে তার প্রতিকারের জন্য ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রী অশোক দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দেখতে পাচ্ছি হাউজে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের অনেক সদস্যই আসেননি। আমার মনে হয় হয়তো ২১ শে জুলাই কে স্মরণ করতেই অনেকে আসেননি। স্যার, আজকের হাউজ আপনি বন্ধ রাখতে পারতেন। স্যার, যে কথা আমি বলতে চাই আমার এলাকায় নিউ সেন্ট্রাল জুট মিল আছে। আমার বিধানসভা এলাকার মাননীয় মুখ্যমন্ত্রী থেকে শুরু করে মাননীয় কমার্স অ্যান্ড লেবার বলেছিলেন অবিলম্বে নিউ সেন্ট্রাল জুট মিল খোলা হবে। মুখ্যমন্ত্রী কিছু দিন আগে আমার এলাকায় গিয়েছিলেন এবং বলেছিলেন নিউ সেন্ট্রাল জুট মিল খুলবে তাতে কোন সন্দেহ নেই। আমি চাই সেখানে সাড়ে ৭ হাজার শ্রমিক কাজ করে এবং প্রায় ১ লক্ষ মানুষ এর সাথে জড়িত আছে। এই মিলটি বন্ধ থাকার ফলে সেখানকার মানুষরা অনাহারে রয়েছে এবং তাদের পরিবারের ছেলেমেয়েরা পড়াশোনা করতে পারছে না। তারা মেডিকেলের জন্য কোন পয়সা পাচ্ছে না। যাতে অবিলম্বে ওই নিউ সেন্ট্রাল জুট মিল খোলা হয় তরা জন্য আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি। এই মিলটি খুলে আপনি সেখানকার শ্রমিক এবং তাদের পরিবারগুলিকে বাঁচান।

মিঃ স্পীকার : এখন বিরতি, আমরা আবার ১.৩০ মিনিট সময়ে মিলিত হব।

[1.30–1.40 p.m.] (After adjournment)

(The House Bell rung from 1.25 p.m. to 1.33 p.m., and the reasons could not be known.)

LEGISLATION

The Code Of Criminal Procedure (West Bengal Amendment) Bill 2003

শ্রী নিশীথ অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি 'ফৌজদারি প্রক্রিয়া সংহতি (পশ্চিমবঙ্গ সংশোধন) বিধেয়ক ২০০৩' এই সভায় উত্থাপন করছি।

(Secretary then read the Title of the Bill)

শ্রী নিশীথ অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি 'ফৌজদারি প্রক্রিয়া সংহিতা (পশ্চিমবঙ্গ সংশোধন) বিধেয়ক, ২০০৩' বিবেচনার জন্য প্রস্তাব করছি।

শ্রী কল্যাণ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন যে, দি কোড অফ ক্রিমিনাল প্রসিডিওর (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৩, —আমি এই বিলকে ওয়েলকাম করছি। আমি মনে করি, এই বিলটা,—Long felft necessity has been rectified by this Amendment. এটা অত্যন্ত ভাল। সত্যিকারের ব্যাপার হল যে, অনেক সিওরিটির জন্য মানুষ অনেক অসুবিধার মধ্যে, প্রচুর চাপের মধ্যে পড়েছিল। সেই জায়গায় রেফার হচ্ছে। শুধুই আমি একটা সাজেশন মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। সেই সাজেশানকে যদি কনসিডার করেন তাহলে আমার মনে হয়, আজকে যে উদ্দেশ্যে ৪৪০ অ্যামেন্ডমেন্ট নিয়ে আসছেন যাতে মানুষকে হ্যারাস হতে না হয় সিওরিটিদের হাতে, তারা কিন্তু রিলিফ পাবে। সেকশন-৪৪১ যে মেইন স্ট্যাটুট রয়েছে যেখানে আমার একটা সাজেশন থাকলো যে, এই যে সিওরিটি, ৪৪১ সাবসেকশন (১)-এ যে সিওরিটির কথা রেফার করা আছে, "Before any person is released on bail or released on his own bond, a bond for such sum of money as the police officer or court, as the case may be, thinks sufficient shall be executive by such person, and, when he is released on bail, by one or more sufficient surities conditioned that such person shall attend at the time and place mentioned in the bond." এখানে আমার একটা সাজেশন হচ্ছে, যদি অ্যামেন্ডমেন্ট করে, প্রোভাইসো করে এই সিওরিটির জায়গায় ইফ দি সিওরিটি যদি আসে, সেন্ট্রাল স্ট্যাটুট যা আছে তার সঙ্গে যদি নিয়ারলি রিলেটিভদের প্রায়োরিটির জায়গায় দেওয়া হয় তাহলে আমার মনে হয় ভাল হয়। অনেক সময় হচ্ছে যে, ম্যাজিস্ট্রেট বেল দিয়েছেন, কিন্তু সিওরিটিদের হাতে, সিওরিটিদের নানারকম ডিমান্ডের জন্য বেল নিতে পারেন নি। সেখানে যদি নিয়ারলি রিলেটিভকে রাখা হয়, Relatives who can satisfy the condition as imposed by the Executive Magistrate. আমার মনে হয় সেখানে অনেক রিলিফ পাবে। আপনি যে উদ্দেশ্যে ৪৪০ নিয়ে আসছেন তাতে সিওরিটিদের হাতে কেউ হ্যারাস হবে ন। এটা, আই ওয়েলকাম দিস বিল।

শ্রী সামসুল ইসলাম মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইন ও বিচার বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়, দি কোড অফ ক্রিমিনাল প্রসিডিওর (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৩, যেটা নিয়ে এসেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। আমাদের বিরোধী দলের পক্ষ থেকে মাননীয় শ্রী কল্যাণ ব্যানার্জী মহাশয় বিলটিকে যে সমর্থন করেছেন তার জন্য আমি ওনাকে ধন্যবাদ জানাচ্ছি। এই বিলটা এমন একটা সময়ে আনা হয়েছে সেই সময় দীর্ঘদিন ধরে যারা জামিনদার তারা এই ধারার সুযোগ নিয়ে যারা নিরপরাধ আসামী তাদেরকে নানাভাবে হয়রানি করতেন। এই ধারা ৪৪০(৩) ধারার উপধারা—এই ধারা, আসামী এই আইন না জানার কারণে

তারা সিওরিটিদের হাতে নানাভাবে হয়রানি হত। নতুন সংশোধনীতে জামিনদারের যে বন্ড তিনি ক্যানসেল করার প্রার্থনা করতে পারেন বটে, কিন্তু তার জন্য তাঁকে যথেষ্ট কারণ দর্শাতে হবে। কারণ দর্শানোর পর ম্যাজিস্ট্রেট যদি স্যাটিসফায়েড হন তাহলে তার বন্ড ক্যানসেল হবে এবং আসামী উপস্থিত থাকলে আসামীকে বলা হবে দ্বিতীয় উপস্থিত ব্যক্তিতে তিনি সিওরিটি করতে পারেন। সেক্ষেত্রে বলি যে, যদিও দেরিতে হলেও এটা এনেছেন-এটা অভিনন্দনযোগ্য। এর ফলে অনেক মানুষ হয়রানির হাত থেকে বাঁচবেন। সিওরিটিদের যে অত্যাচার সেই অত্যাচারের হাত থেকে বাঁচার ক্ষেত্রে আইনটা ব্যবহার করতে পারবেন। সেই কারণে বিলটাকে পূর্ণ সমর্থন করছি। (ধন্যবাদ)

[1.40–1.50 p.m.]

শ্রী আবু হেনা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইন মন্ত্রী যে অ্যামেন্ডমেন্ট এনেছেন—কোর্ট অফ ক্রিমিনাল প্রসিডিওর (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল ২০০৩—তাকে আমি পূর্ণ সমর্থন করছি। এটা অত্যন্ত প্রয়োজন ছিল। আমরা অনেক বার শুনেছি এবং অনেকক্ষেত্রে আমরা শুনেছি যারা অ্যাকিউজড—অভিযুক্ত বেলে রিলিজড হয়ে আসেন। জামিনদাররা অনেকসময় তাদেরকে হ্যারাস করে এবং এই সেকশানের সুযোগটা নিয়ে আশাকরি যে এই অ্যামেণ্ডমেন্ট আনার ফলে উনি যে নতুন সাবসেকশান ইনসার্ট করেছেন এখানে এবং এই অ্যামেন্ডমেন্টের আনার ফলে আশা করি সেইসব অভিযুক্ত ব্যক্তিরা যারা বেশিরভাগই গ্রামের মানুষ যারা আইন সম্বন্ধে অতটা ওয়াকিবহল নয়, তারা কিছুটা হলেও এতে প্রোটেক্ট পাবে। সিওরিটিজ যারা হন, তারা বেশিরভাগই আমার মতন গ্রামে থাকেন - যে কিছু কিছু লোক আছে এবং অনেক অ্যাডভোকেটের যারা ক্লার্ক আছেন তারা বেশিরভাগই সিওরিটিজ হন এবং তারা অনেকসময়-যেহেতু আমরা রাজনীতি করি অনেক সময় আমাদের কাছে এই ব্যাপারে অভিযোগ এসেছে। সুতরাং এই অ্যামেন্ডমেন্ট আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং আমি মনে করি যে এই অ্যামেন্ডমেন্টের ফলে তারা কিছুটা লাভবান হবেন। আমি আর কোন কিছু না বলে এই বক্তব্যকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিশীথ অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আমার মাননীয় বিরোধী দলের বন্ধুদের এবং আমাদের দলের সামসুদ্দিন মোল্লাকে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। তার কারণ হচ্ছে যে, এর আগেও এইভাবেই ওরা সহযোগিতা করেছেন, এর আগে যে বিল ছিল একইসঙ্গে তারা এটাকে স্বাগত জানিয়েছিলেন। এখানেও দেখা যাচ্ছে যে মানুষের স্বার্থটাই বড় কথা। জনপ্রতিনিধি হিসাবে আপনারা সেটাই দেখেছেন। এবং সেইভাবে করতে গিয়ে সমর্থন জানিয়েছেন। এই বিলের মূল যে জায়গাটা হল যে যখন-তখন সিওরিটিজ জামিনদার জামিনটাকে তুলে নেওয়ার জন্য থ্রেট করে পয়সা নিত। এই ব্যাপারে বেশকিছু অভিযোগ এসেছিল আমাদের কাছে সেই অভিযোগটা প্রথম সেকশান থেকে আসে তার দ্বিতীয়তে আমরা প্রায় দেখি—যদিও ব্যাঙ্কে গ্যারান্টি এবং মানি সিওরিটি দেওয়ার যে প্রভিশান আছে, এখানেও অনেক ক্ষেত্রে দেখা যেত। যতক্ষণ পর্যন্ত না বলা যেত ততক্ষণ পর্যন্ত করা যেত না। অর্থাৎ সিওরিটি

যদি বলত এটা দিন তাদেরকে বলা যেত না। এখন কোর্টকে পাওয়ার দেওয়া হয়েছে। কোর্ট ডায়রেক্ট করতে পারে। কাউকে করার যদি সিওরিটি থাকে বা না থাকে- আমরা জানি কিছুদিন আগে লোক স্ট্রাইকের সময় আটকে গেল, জেলে গেল, সেইসব ক্ষেত্রে একেবারে সরাসরি ব্যাংক গ্যারান্টি বা মানি সিওরিটি নিয়ে তাদের বেলে ছাড়তে পারবেন। এতে স্বাভাবিকভাবে দুটি দিক হচ্ছে প্রথমে যেমন তাড়াতাড়ি মানুষ আটকে থাকা বেঁচে যাবে। অনেক ক্ষেত্রে যে তার জামিন থাকে মুক্তি হবে তখন সে টাকাটা ফেরৎ পাবে। অটোমেটিক্যালি হয়তো একটা সেকশান জামিনদারদের একটা সেকশান-এ কিছু ক্ষতি হবে কিন্তু প্রচুর মানুষের উপকার হবে বলে আমি মনে করি। আমি আবারও জানাচ্ছি এই বিলকে গ্রহণ করার জন্য। এটা সাধারণ মানুষের উপকারে আসবে বলে আমি মনে করছি।

The motion that The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 2003 be taken into consideration was then put and agreed to.

Claused I – IV

The question that Clauses 1 – 4 to stand part of the Bill was then and agreed to.

Preamble

The question that Preambel do stand part of the Bill was then put and agreed to.

Shri Nishith Adhikari : Sir, I beg to move that the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 2003 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

FINANCIAL

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS
Budget of the Government of West Bengal for 2003-2004
VOTING ON DEMAND FOR GRANT
DEMAND NO. 45 & DEMAND NO. 28

Mr. Speaker : Now discussion on Demand Nos. 45 & 28. There are two Demands – on Public Health Engineering and Housing Departments. If Hon'ble Members agree, we can have the discussions together and the voting separately. No objection, very well. Then Demand Nos. 45 & 28 are taken up for discussions.

There are 42 cut motions to Demand No. 45. All the motions are in order and taken as moved.

Shri Kashinath Mishra (No.1) Shri Kamal Mukherjee (No.2)	Sir, I beg to move that The Demand be reduced to Re.1.

Shri Kashinath Mishra (nos.3-24), Shri Kamal Mukherjee (nos.25–26), Shri Jyoti Priya Mallick (nos.27–28), Shri Bimal Chakrabarti (no.29), Shri Bankim Chandra Hazra (no. 30), Shri Kallol Khan (no.31), Shri Tarak Bandyopadhyay (nos. 32–33), Shri Pundarikakshya Saha (no.34), Shri Deba Prasad Sarkar (no.35), Shri Kalipada Mandal (nos.36–38), Dr. Asish Banerjee (39–40), Shri Pankaj Banerjee (no.41) & Shri Abdul Mannan (no.42)	Sir, I beg to state that the amount of reduced by Rs. 100/-.

Mr. Speaker : There are 27 cut motions to Demand No. 28. All the motions are in order and taken as moved.

Shri Kashinath Mishra (No.1) Shri Kamal Mukherjee (No.2)	Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1/-.
Shri Jyoti Priya Mallick (Nos.3), Shri Abdul Mannan (Nos. 4–5), Shri Saugata Roy (Nos.6–7), Shri Pankaj Banerjee (Nos.8–9), Shri Kamal Mukherjee (Nos.10–15), Shri Kashinath Mishra (Nos.16–18), Shri Biman Chakraborti (Nos.19), Shri Bankim Chandra Hazra (No.20), Shri Kallol Khan (Nos. 21), Shri Tarak Bandyopadhyay (Nos.22), Dr. Asish Banerjee(Nos.23), Shri Pundarikakshya Saha (Nos.24) & Shri Kalipada Mandal (Nos.25–27).	Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs.100–.

শ্রী মহবুবুল হক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী গৌতম দেব মহাশয়, ৪৫ নং দাবীর অধীন ২০০৩-২০০৪ সালের যে বাজেট পেশ করছেন আমার মনে হয় সেই

ব্যয়-বরাদ্দের পরিমাণ আরো বেশী হওয়ার উচিত ছিল। কারণ জল হচ্ছে জীবন। সুতরাং জীবন রক্ষায় বিগত ২৬ বছর ধরে এই সরকার সম্পূর্ণ ব্যর্থ। শুধু শহরেই নয়, গ্রামাঞ্চলে বহু মানুষ আজও বিশুদ্ধ জলের অভাবে মারা যাচ্ছে। এমন কি মালদা, মুর্শিদাবাদ, উত্তর ২৪-পরগনা, দক্ষির ২৪-পরগনা এবং আরো কয়েকটি জেলায় যেভাবে মাটির নীচের জলে আর্সেনিক ধরা পড়েছে তাতে আমরা আতংকিত। টি.ভি.-র মাধ্যমে এ বিষয়ে আমরা সব সময়ই অবগত হচ্ছি। আমরা দেখছি খরার সময় একদিকে মাটির নীচের জল পাওয়া যাচ্ছে না, অপর দিকে যখন অতিবৃষ্টি এবং বন্যা হচ্ছে তখন মানুষ দুষিত জল পান করে মারা যাচ্ছে। বিশুদ্ধ জলের অভাবে গ্রামকে গ্রাম উজাড় হয়ে যাচ্ছে। বিভিন্ন রকম পেটের রোগ হচ্ছে-আন্ত্রিক হচ্ছে, কলেরা হচ্ছে। গোটা পশ্চিমবাংলায় প্রায় সারা বছর জলবাহী রোগের প্রকোপে বহু মানুষ মারা যাচ্ছে। তথ্য প্রমাণ দিয়ে এটা দেখানো এমন কিছু শক্ত নয় যে, এ ক্ষেত্রে এই সরকার সম্পূর্ণ ব্যর্থ। বিগত ২৬ বছর ধরে রাজ্যের মানুষকে একটু বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করার ক্ষেত্রে এই সরকার সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। তথাপি এই বাজেট বিবৃতিতে অনেক আশ্বাসের কথা বলা হয়েছে এবং অনেক প্রস্তাবের কথা আমাদের শোনানো হয়েছে। আমরা এখানে যেমন অনেক প্রকল্পের কথা শুনছি তেমন অনেক অর্ধসমাপ্ত প্রকল্পের কথাও শুনছি। কিন্তু এখানে আমরা শুনতে পাচ্ছি না যে, অর্ধসমাপ্ত প্রকল্পগুলি কবে শেষ হবে। আমাদের আশংকা হচ্ছে শেষ হতে হতে শুরুর কাজ আবার অকেজো হয়ে যাবে, মানুষ এতে প্রতারিত হবে। একই রকম কষ্টের মধ্যে তাঁরা জীবন যাপন করবেন এবং মরবেন। আমরা খুব খুশি হয়েছিলাম যখন মালদায় অনেক ঢাকঢোল পিটিয়ে কালিয়াচক (১), কালিয়াচক (২) এবং কালিয়াচক (৩) ব্লকে ইংলিশ বাজারে এবং মানিকচকে কেন্দ্রীয় সহযোগিতায় জল প্রকল্পের নির্মাণকার্যের উদবোধন হয়েছিল, সেই উদ্বোধনী অনুষ্ঠানে প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু উপস্থিত ছিলেন, আরো অনেক মন্ত্রীরা উপস্থিত ছিলেন, জেলা পরিষদের সভাপতি উপস্থিত ছিলেন, আমাদের শ্রদ্ধেয় নেতা সাংসদ মাননীয় এ.বি.এ গনি খান চৌধুরী উপস্থিত ছিলেন। সেখানে আর্সেনিক মুক্ত জল সরবরাহ করার প্রতিশ্রুতি দেয়া হয়েছিল। সে প্রতিশ্রুতি আজ পর্যন্ত পালিত হয়নি। আমরা বিরোধীরা বিধানসভায় কিছু বললেই আপনারা বলেন যে, আমরা সব সময় কেবল সমালোচনা করি।

[1.50–2.00 p.m.]

গত পরশুদিন পেপারে দেখলাম, মানিকচকে আর্সেনিক মুক্ত প্ল্যান্ট তৈরী করা হয়েছে। কিন্তু ওখানকার বিধায়ক শ্রীমতী অসীমা চৌধুরী নিজেই বলছেন, আর্সেনিকমুক্ত জল পাচ্ছি না। গত পরশু দিন ভোট হয়ে গেল - আপনি শুনলে অবাক হয়ে যাবেন - লক্ষ্মীপুর এবং মালদায় ভোট হয়েছিল ১১ মে, সেখানে একজনও ভোট দেয়নি। কংগ্রেস হোক, তৃণমূল হোক আর বি. জে. পি. হোক একজনও ভোট দেয়নি, অর্থাৎ নিজেই ভোট দেয়নি। রাস্তা এবং পানীয় জলের দাবীতে গতকাল যে ভোট হয়ে গেল সেখানে একটি ভোটও পড়েনি সামান্য দাবীতে। যারা গ্রামে বাস করে তারা আর্সেনিকমুক্ত যাতে জল পায়, পানীয় জল যাতে পায় এবং রাস্তার দাবীতে দুবার ভোট করা হল, একজনও ভোট দিল না অর্থাৎ একটি ভোটও

পড়লো না। আপনার কাছে আমি আবেদন করবো, আপনি অধ্যক্ষ হিসাবে ডিপার্টমেন্টকে বলুন, কি আদেশ গণতন্ত্র সেখানে প্রতিফলিত হচ্ছে না? যার মাধ্যমে গণতন্ত্র প্রতিফলিত হয় — আমি এই বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা বলবো যদিও মাননীয় মন্ত্রীমহাশয়ের দপ্তর এর সঙ্গে জড়িত নয়, তবুও এর সঙ্গে জড়িত আছে ল্যান্ড এবং বিদ্যুৎ। ল্যান্ডের ব্যাপারে কালিয়াচকে যে প্রকল্প নেওয়া হয়েছিল যে প্রকল্পের ক্ষেত্রে উল্লেখ করা হয়েছে যে এত কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল, সেই প্রকল্পটিকে প্রথমেই রুগ্‌ণ করে দেওয়া হল। স্বার্থপর কিছু মানুষ যাদের জমি অধিগ্রহণ করা হল সেইসব জমির মালিকদের টাকা দিল না, সেখানে বেশী টাকা দেখিয়ে দিয়ে সরকার এই প্রকল্পটি প্রথমেই রুগ্‌ণ অবস্থায় নিয়ে এলো। এই নিয়ে বিভিন্ন পত্র-পত্রিকায় এবং মিডিয়ায় প্রচার করেছিল, আপনি কোন স্টেপস নেননি। তাই আপনাকে সাবধান করতে চাই, যখনই কোন প্রকল্প করবেন, রাজনীতি, দুর্নীতি এবং পক্ষপাতিত্ব না করে সেই প্রকল্পে ঠিক মত খরচ করলে আরো বেশী লোককে আপনি আর্সেনিকমুক্ত জল বা পানীয় জল সরবরাহ করতে পারেন। এতো গেল জমির কথা, আর একটি বিষয়ে আপনাকে চিন্তা ভাবনা করতে বলবো - যদিও আপনি বলবেন এই ডিপার্টমেন্ট আমার নয় - তবুও বলছি, কারণ আপনার ডিপার্টমেন্টর সঙ্গে জড়িত, সেটা হচ্ছে বিদ্যুৎ। আজকে যেভাবে লোডশেডিং হচ্ছে তাতে বিদ্যুতের একেবারে বেহাল অবস্থা। কলকাতার এম.এল.এ. হোস্টেলে খেতে বসেছি, লোডশেডিং। ঘরে ঢুকলাম, লোড। লিফ্‌ট লোডশেডিং-এর জন্য চলছে না। সেক্ষেত্রে আর্সেনিক মুক্ত জল বা যেখানে নলবাহিত প্রকল্প চালু করেছেন সেখানে জল আপনি সরবরাহ করবেন কি রূপে? এতো লোডশেডিং যদি হয় এবং আপনার নিজস্ব জেনারেটর যদি না থাকে তাহলে মানুষ কিভাবে জল পাবে সেকথাটা একবার চিন্তা করুন? লোডশেডিং হলে আপনার দপ্তর কখনই জল সরবরাহ করতে পারবে না। আমি আগেই বলেছি, জলই হচ্ছে জীবন, সেই জীবন রক্ষার দায়িত্ব আপনি নিয়েছেন। দীর্ঘ ২৬ বছর ধরে আপনারা ধুঁকে-ধুঁকে চলবার চেষ্টা করছেন। কিন্তু এই বিষয়ে দেখার জন্য অনুরোধ করছি। আপনারাই তো বলেন ছাত্ররাই দেশের ভবিষ্যৎ এবং যারা কৃতী ছাত্র তাদের প্রতি বছর সম্বর্ধনা দেওয়া হয় এবং তখন আপনাদের পক্ষ থেকে বড় বড় কথা বলা হয়। কিন্তু প্রতিটি প্রাথমিক এবং মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্ররা আজকে পানীয় জল ঠিক মত পায় না। এই ২৬ বছরে বামফ্রন্টের রাজত্বে পাহাড় প্রমাণ সমস্যা দেখা দিয়েছে। সেই সমস্যার সমাধানের উদ্দেশ্যে প্রতিটি প্রাথমিক এবং মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা যাতে বিশুদ্ধ পানীয় জল পায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। অন্যদিকে টিউবওয়েলের মাধ্যমে যে জল সরবরাহ করেন সেখানকার প্ল্যাটফরমগুলি বা পা-দানিগুলি বাঁধাবার ব্যবস্থা করতে হবে। আজকে টিউবওয়েলের নাম করে গ্রাম পঞ্চায়েত আরম্ভ করে জেলা-পরিষদ ভোটের রাজনীতি করছেন। ১ টি টিউবওয়েল পুঁতে দেওয়া হল, সেখানে টিউবওয়েলের জলটা দূষিত হচ্ছে কিনা, জলটা মানুষের খাওয়ার যোগ্য কিনা সে দিকে লক্ষ করা হয় না। সেখানে প্লাটফর্মগুলি যদি বাঁধিয়ে দেওয়া হয় তাহলে মানুষ দূষণমুক্ত পানীয় জল পেতে পারে। এ দিকে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন, শুধু ভূগর্ভস্থ জলের উপর নির্ভর করে থাকলেই আমাদের চলবে না। কারণ ভূগর্ভস্থ জলের স্তর অনেক নীচে নেমে যাচ্ছে ফলে

অনেক জায়গায় টিউবওয়েলে জল উঠছে না, মিনি ডিপ করতে হচ্ছে। কাজেই আমাদের এর বিকল্প হিসাবে মাটির উপর বৃষ্টির জলটা ধরে রাখার জন্য জল ধরে রাখার যে সমস্ত আধারগুলি আছে সেগুলি যাতে সঠিকভাবে থাকে এবং তাতে বৃষ্টির জল ধরে রেখে শোধন করে সেই জল যাতে মানুষকে দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। এ ছাড়া শুধু টিউবওয়েল করলেই হবে না, তার সংগে কিছু কূপ, ইঁদারাও করতে হবে। এর আগে আমি একবার লেবার কমিটির সঙ্গে ট্যুরে দার্জিলিং, জলপাইগুড়ি, কুচবিহার গিয়েছিলাম। যখন গিয়েছিলাম তখন একটা ডাইরিতে অনেকগুলি কথা লিখে রেখেছিলাম। আজকে সেই পুরানো ডাইরির পাতাটা ওলটাতে ওলটাতে দেখলাম, লেখা আছে, পাহাড়ে যাচ্ছি সেখানে তো পানীয় জলের অবস্থা শোচনীয় কাজেই পাতলা পাইখানা হলে হাইমোডিয়ামট্যাবলেট খেতে হবে, বমি হলে ডমপেরিডল ট্যাবলেট খেতে হবে। আজকে সেটা আবার চোখে পড়ল কারণ পাহাড়ি ডাইরিয়ার কথা আমরা সকলেই জানি, কাজেই সাবধানতার জন্য সেগুলি লিখে রেখেছিলাম। মিরিকে নাকি কয়েকটা ব্যবস্থা করেছেন কিন্তু মাননীয় মন্ত্রীমহাশয়কে বলব, পাহাড়ে গেলে মানুষকে যাতে আর ট্যাবলেট সঙ্গে করে নিয়ে যেতে না হয়, দূষণমুক্ত পানীয় জল যাতে পেতে পারে আশা করি পাহাড়ের সর্বত্র আপনি সে ব্যবস্থা করবেন। তারপর দেখছিলাম উত্তরবঙ্গ সংবাদ পত্রিকাতে ১১ই চৈত্র ১৪০৯ সালের পত্রিকাতে লেখা হয়েছে কেন্দ্রীয় সরকার আপনাকে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করার জন্য যে টাকা দিয়েছেন তা আপনি খরচ করতে পারেননি—তারা ৫২ কোটি টাকা দিয়েছিলেন তার মধ্যে ২২ কোটি টাকা আপনি খরচ করতে পারেননি। ২২ কোটি টাকা খরচ হল না কেন তার জবাব আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় দেবেন। আমি আগেই বলেছি যে এই বাজেটকে সমর্থন করতে পারছি না, বিরোধিতা করছি এবং কাটমোশানগুলি সমর্থন করছি তার কারণ আপনার ডিপার্টমেন্টের জন্য যত টাকার দরকার তত টাকা দেওয়া হয়নি। আমরা দেখছি আপনার করুণ অবস্থা দেখে অনেকেই এগিয়ে এসেছেন সাহায্য করার জন্য—জেনারেল চৌধুরী আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহের জন্য তার এম.পি. ল্যাড থেকে টাকা দিয়েছেন, অনেক এম.এল.এ. তাদের বিধায়ক এলাকা উন্নয়ন তহবিল থেকে টাকা দিয়েছেন। আমার এলাকায় ৫০ টি টিউবওয়েলের ব্যবস্থা আমি করেছি। এ ছাড়া সজল ধারা প্রকল্প আছে সেখান থেকে আপনি পানীয় জলের জন্য টাকা পাচ্ছেন, প্রধানমন্ত্রী গ্রামীণ যোজনার খাতে এরজন্য আপনি টাকা পাচ্ছেন, ইউনিসেফ থেকে পাচ্ছেন, রঞ্জিত পাঁজা মহাশয় দিয়েছেন। সকলেই যেখানে আপনার ডিপার্টমেন্টের দিকে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন সেখানে আপনার ডিপার্টমেন্টকে আরও সচল হতে হবে। তা না হলে এর উদ্দেশ্য সফল হবে না। জেলাপরিষদের যা পরিকাঠামো আছে, তাতে সেখানে সব ডিপার্টমেন্টের কাজই তাদের হাতে দেওয়া হয়েছে।

[2.00–2.10 p.m.]

আপনার ডিপার্টমেন্ট তাদের উপর নির্ভরশীল হয়ে তাদের কাজ করতে হয়। সেখানে অনেক জায়গায় দেখতে পাচ্ছি আপনার ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়ার আছে। যারা প্রশাসনে আছে তারা ইচ্ছা করলেই সেখানে কাজ করতে পারছে না। মালদা জেলার চাঁচল এবং আমার বিধানসভা এলাকা খড়বাতে কয়েকটি অঞ্চলে জলের স্তর এতো নিচে নেমে গেছে যে জল পাওয়া

যাচ্ছে না। আমরা পরিকল্পনা দিয়েছি, সেখানে আপনি জলের ব্যবস্থা করুন। আপনি ভালই পদক্ষেপ নিয়েছেন কিন্তু তাতে অনেক অর্থের দরকার। এতো কম অর্থ নিয়ে সম্পূর্ণ করতে পারবেন না। তাই বাজেটের বিরোধিতা করে কাটমোশানগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ক্ষিতিরঞ্জন মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী গৌতম দেব মহাশয় ২৮ এবং ৪৫ নম্বর দাবির অধীনে আবাসন এবং জনস্বার্থ কারিগরি দপ্তরের যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সম্পূর্ণ ভাবে সমর্থন করছি। খুব দুর্ভাগ্যের বিষয় হল বিরোধী দলের যিনি প্রথম বক্তা তিনি আজকে নেই। আজকে যিনি প্রথম বক্তা তিনি কি বললেন বুঝতে পারলাম না, তাই আমি কি বলবো বুঝতে পারছি না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি একটা বিষয়ে, ৪৫ নম্বর অভিযাচনে একটা বিষয় উনি উল্লেখ করেছেন, সুন্দরবন এলাকায় যে অতিরিক্ত লবণাক্ত এলাকা রয়েছে, সমুদ্র উপকূলবর্তী এলাকার জন্য সুন্দরবন উন্নয়ন দপ্তর থেকে টাকা দেওয়া হয়েছিল এবং উনি তার সঙ্গে যোগ করে বেশ কিছু প্রকল্প রূপায়িত করেছেন। এই জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। বাকিগুলো অন্যান্যরা বলবেন। এবারে আবাসন সম্পর্কে বলতে গেলে বলতে হয়, আবাসন একটা পুরানো সমস্যা। মানুষের জীবনে প্রথমে দরকার খাদ্য বস্ত্র বাসস্থান এবং স্বাস্থ্য। এই ৪টির প্রয়োজন বেশী লাগে। তার মধ্যে আবাসনের কথা এসে যাচ্ছে। আবাসন দপ্তর হলো পুরানো দপ্তর। জনসংখ্যা ক্রমশ বেড়ে যাচ্ছে। বেড়ে যাচ্ছে গ্রাম থেকে নগর এবং শহরে লোক আসার সংখ্যা। সেই জন্য নগর এবং শহরে ঘরের চাহিদা বাসস্থানের চাহিদা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। এটা যেমন একদিকে সমস্যা, আর একদিকে সমস্যা তৈরি হয়েছে এই চাহিদাকে কেন্দ্র করে শহরের উপকণ্ঠে, ছোট শহরে, কলকাতার উপকণ্ঠে বিভিন্ন জায়গায় প্রোমোটার গড়ে উঠেছে। এই প্রোমোটাররা ব্যাঙের ছাতার মতো গজিয়ে উঠে বিভিন্ন জায়গায় ঘরবাড়ি তৈরী করে ঠকাবার চেষ্টা করছে। এই চিত্র শুধু এখানে নয়, এই চিত্র সারা ভারতবর্ষে। সারা পৃথিবীর উন্নয়শীল দেশগুলোতে এই চিত্র রয়ে গেছে। মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি তা নয় তিনি যে বিবৃতি দিয়েছেন সেটা আমি মেনে নিচ্ছি। তিনি যে বিবৃতি দিয়েছেন তাতে এই দপ্তর সম্পর্কে এর চেয়ে বেশী কিছু বলার নেই। আবাসনে যে সমস্ত মূল সমস্যাগুলো আছে তার মধ্যে প্রথম হচ্ছে ব্যাঙের ছাতার মতো গজিয়ে ওঠা প্রমোটার, তাদের নিয়ন্ত্রণ করা। পরের সমস্যা সীমিত অবস্থার মধ্যে থেকেও যারা সরকারী কর্মচারী যারা ন্যায্য দামে ঘর-বাড়ী পেতে চায় তাদের জোগান দেওয়া। এই জোগান দেওয়ার ক্ষেত্রে একেবারে আর্থিক দিক থেকে দুর্বল লোক, কম আয়ের লোক, মধ্য আয়ের লোক, উচ্চ আয়ের লোক তাদের প্রত্যেককে প্রয়োজন অনুযায়ী যে ঘর দরকার বাড়ি দরকার এই দপ্তর এটার জন্য সুন্দরভাবে সমস্যার সমাধান করছে। বিশেষ করে দুর্বল ও কম আয়ের লোকেদের জন্য, মধ্য আয়ের লোকেদের জন্য ব্যবস্থা করছে। আমরা যদি একের পর এক এগুলোকে দেখি তাহলে দেখবো যে, আমরা বিভিন্ন সমস্যাগুলোকে মেটাবার জন্য নগরোন্নয়ন দপ্তর, কোলকাতা ইম্প্রুভমেণ্ট ট্রাস্ট, বিভিন্ন মিউনিসিপ্যালিটি এবং বিভিন্ন গ্রাম পঞ্চায়েত তারা বিভিন্নভাবে সমস্যার সমাধান করতে চলছে। কিন্তু এগুলোই সব নয়, আরও কিছু দরকার। সেই

চেষ্টাটা করছে আবাসন দপ্তর। সরকারের নিজের উদ্যোগে এই বিশাল চাহিদা এবং তার জন্য যে বিশাল উদ্যোগ প্রয়োজন তা মেটানো সম্ভব নয়। সেজন্য যৌথ উদ্যোগে বিভিন্ন প্রকল্প হাতে নেওয়া হচ্ছে। যৌথ উদ্যোগে যেগুলি হচ্ছে তা যাতে সার্থকভাবে হয় তা দেখার জন্য দুটি কমিটি গঠন করা হয়েছে। প্রোমোটারদের অনিয়ন্ত্রণকে নিয়ন্ত্রণ করার জন্য, মানুষ যাতে না ঠকে, সেজন্য ওয়েস্টবেঙ্গল বিল্ডিং অ্যাকট, ১৯৯৩কে বলবৎ করা হয়েছে। শুধু তাই নয়, ঐ আইনকে সংশোধন করার চেষ্টাও হয়েছে। অর্থাৎ প্রোমোটাররাজকে নিয়ন্ত্রণ করার চেষ্টা হয়েছে। আবাসনকে দুটি ভাগে ভাগ করা হয়েছে। আগে কেবলমাত্র সরকারী কর্মীদের জন্য আবাসন ছিল। এখন মালিকানাভিত্তিক করা হচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, কেবলমাত্র সরকারী কর্মচারীদের জন্য নয়, বহিরাগত যারা কোলকাতায় আসে, এখানে থাকতে চায়, যারা হোস্টেল পাচ্ছে না। তাদের জন্য মালিকানাভিত্তিক বা ভাড়াভিত্তিক ব্যবস্থা যদি করেন, তাহলে ভাল হয়। আমরা দেখছি যে, প্রত্যেকটি শহরে নতুন করে যেখানে শহর গড়ে উঠছে সেখানে শম্পা মির্জানগরে, বজবজ গুমোর মঠ এই রকম আরও অনেক জায়গায় আবাসন তৈরী হচ্ছে। তবে পুরনো আবাসন যেগুলো রয়েছে, সেখানে সমস্যা রয়ে গেছে। অত্যন্ত কম ভাড়ায় পুরনো আবাসিকরা সেখানে আছেন। এমনকি চাকুরীর মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও দেখা যাচ্ছে তাঁরা আবাসন ছাড়ছেন না। টাকার অভাবে সেগুলিকে মেরামত করা যাচ্ছে না। বিভিন্ন জায়গায় এটি একটি বড় সমস্যা। আবাসন দপ্তর মেরামতের ব্যবস্থা করছে, কিন্তু টাকার অভাবে সেইভাবে তা করা যাচ্ছে না। আবাসনগুলিতে যারা আবাসিক আছেন, তাঁরা নিজেরা যদি যৌথ উদ্যোগে এই কাজটি করেন, তাহলে এই সমস্যার নিরসন হতে পারে। আমি কয়েকটি জায়গায় কথা বলে দেখেছি, তাঁরা যদি আবাসনগুলির মালিকানা পান তাহলে তাঁরা এটি করতে পারেন। সরকার এই ব্যাপারে আগেই এগিয়ে এসেছেন। এরপর সরকারের সবচেয়ে বড় অ্যাচিভমেন্ট বলে আমি মনে করি, কলকাত শহরকে বড় করে তৈরী করার যে উদ্যোগ নিয়েছেন এর একদিকে আছে কেষ্টপুর খাল, অপরদিকে আছে রাজারহাট উপনগরী। আমার ছেলেবেলা থেকে দেখেছি দিগন্ত বিস্তৃত মাঠ পড়ে আছে, বাগজোলা খালের জন্য কেবল একটু বোরো চাষ হয়েছে। শহরের পাশে পড়ে থাকা জমিতে সেখানে বাসঘর সামান্য ছিল। সেখানে যে একটা বিস্তীর্ণ নগর গড়ে উঠতে পারে, এটা আমি কখনও আগে কল্পনা করতে পারিনি।

[2.10–2.20 p.m]

আমরা দেখলাম সুযোগ-সুবিধাগুলো নিয়ে জায়গা ভরাট করে সব রকমের ব্যবস্থা করে মাটি উঁচু করে একটা সুন্দর পরিবেশ তৈরী করার এক নিরলস চেষ্টা আমরা দেখতে পাচ্ছি। একদিকে বাগজোলা খাল আরেক দিকে কেষ্টপুর খাল এই দুইয়ের রাস্তাঘাটের উপযুক্ত ব্যবস্থা করা হচ্ছে। এবং সবচেয়ে বড় কথা হচ্ছে এই যে নগরায়ণ তৈরী হচ্ছে এটা অন্যের সঙ্গে আলাদা, সরকারী সাহায্য নামমাত্র। সরকারের নামমাত্র ইনভলভমেন্ট, কেবলমাত্র জমি অধিগ্রহণ ছাড়া বাকী সব কিছু সাধারণ মানুষের জীবন-জীবিকার মধ্যে দিয়ে একটা স্বয়ং শাসিত সংস্থা তৈরী করা হচ্ছে। আরেকটি মজার কথা হচ্ছে যে, জমি অধিগ্রহণ নয়, জমি সম্পূর্ণ ন্যায্য মূল্যে ওখানকার মানুষদের কাছ থেকে কিনে নিয়ে আবার উন্নয়ন করে বিক্রি করা হচ্ছে। এটা

সম্পূর্ণ সমবায়ের ভিত্তিতে আবাসনের ব্যবস্থা করা হয়েছে। বিভিন্নভাবে উন্নয়নের চেষ্টা করা হচ্ছে এবং এই যে প্রচেষ্টা এটা সারা ভারতবর্ষের মধ্যে একটা নতুন দিশারী। আমাদের যে আবাসন সমস্যাগুলো রয়েছে সেই সমস্যাগুলো আগামীদিনে অনেকটা সমাধান হতে পারবে। এই যে নতুন নগরায়ণ তৈরী হল এটা একটা নতুন দিশা স্থাপন করবে। এটা একটা আমাদের গর্বের বিষয়। নগরায়ণ যে তৈরী হয়েছে তার পরিষেবা যেটুকু প্রয়োজন সেটা যাতে ঠিকমত পায় সেটা দেখতে হবে। তার জন্য বাজেটে যতটুকু ব্যয়বরাদ্দের দরকার সেটা করতে হবে। মাননীয় মন্ত্রী সেই ব্যাপারে যথেষ্ট ওয়াকিবহাল। আবাসন তৈরী করতে গেলে যে দায়দায়িত্ব নেওয়া দরকার তা সঠিকভাবেই পালন করেছেন। এবং সেখানে যে ব্যয়বরাদ্দ গতবারে রেখেছিলেন তার সঠিক সদ্ব্যবহার করেছেন। এই কথা বলে এই বাজেটের ব্যয়বরাদ্দকে সমর্থন করে বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করছি কারণ ওই কাটমোশানগুলো একেবারে অসাড় সেই কারণে তার সমর্থন না করে, মন্ত্রীর আনা ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী শ্রী গৌতম দেব মহাশয় পশ্চিমবঙ্গ আবাসন বিভাগ এবং পি এইচ ই অর্থাৎ জনস্বার্থ কারিগরী দপ্তরের বাজেট বরাদ্দ পেশ করেছেন ২০০৩-০৪ সালের সেই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য পেশ করছি। স্যার, প্রথমেই আমি যে কথা বলতে চাই সেটা হল যে, মাননীয় মন্ত্রী উদ্যোগ নিয়েছেন যাতে মানুষের বসতির সুযোগ হয়। এবং এই ক্ষেত্রে তিনি যে কথাটি সংযোজন করেছেন সেই কথা দিয়েই আমি শুরু করছি - তিনি বলেছেন গ্রামবাংলার পঞ্চায়েত, পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত বা জেলা পরিষদ এবং বিশেষ করে পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েতের কথা বলেছেন যে, এর মাধ্যমে তিনি আগামীদিনে আবাসনের নতুন পরিকল্পনা গ্রহণ করতে চলেছেন। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে, আমাদের যতদূর জানা আছে যে, এই আবাসন বিভাগ কলকাতা শহর বা তার আশেপাশের শহরের মধ্যেই সীমাবদ্ধ। কলকাতা শহরে থাকার সংকট অনেক বেশী এবং তার প্রয়োজনের কথা নিশ্চয় তিনি ভাববেন এবং সেইভাবেই আবাসন তৈরী হয়ে থাকে। এই দপ্তর রাজ্যস্তরের দপ্তর হিসাবে আপনাকে ভাবতে হবে গ্রামবাংলার আবাসনের কথা। সেখানে গ্রামবাংলার প্রশাসন বা উন্নয়নের যে স্তর, সেই সেখানকার গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদের দ্বারা পরিচালিত হয়, আমি সেই দিক থেকে তাঁকে বলব যে, তিনি সেইদিক থেকে এই বিভাগের দিকে নজর রাখেননি। তিনি এই বিষয়ে একটু নজর রাখার চেষ্টা করবেন। আমি আরেকটা কথা এই প্রসঙ্গে বলার চেষ্টা করছি, সরকারী কর্মচারীরা যাতে আবাসন পেতে পারে এবং অন্যান্য সাধারণ মানুষদের বাসস্থানের জন্য আপনরা চেষ্টা করছেন এবং এই ব্যাপারে কয়েকটি পরিকল্পনার কথা আপনি বলেছেন। সল্টলেকে ফ্ল্যাট তৈরী করার দায়িত্ব আপনারা অম্বুজাকে দিয়েছেন। আজকে আপনাদের দৃষ্টিভঙ্গীর পরিবর্তনের ফলে প্রাইভেট সেকটরকে দায়িত্ব দিচ্ছেন এবং রাজ্য সরকার পরিচালিত যেসব শিল্প আছে সেখানে আপনারা জয়েন্ট ভেঞ্চারে শিল্প করার চেষ্টা করেছেন। এর ফলে ভালো হবে, না খারাপ হবে, তা আগামী দিনের ভবিষ্যতই বলবে। অম্বুজাকে যে ফ্ল্যাট তৈরী

করার দায়িত্ব দেওয়া হয়েছে, উচ্চ সম্প্রদায়ের চেয়েও যারা বড়, বড় বড় ব্যবসায়ী, যাদের কাছে লক্ষ লক্ষ টাকা কিছুই নয় তারাই ঐ ফ্ল্যাট কিনতে পারবেন। কারণ হাজার স্কোয়ার ফিট বা এগারোশো স্কোয়ার ফিটের ফ্ল্যাটের দাম করা হয়েছে পঁয়ত্রিশ লক্ষ টাকা বা তার চেয়েও বেশী। এই ফ্ল্যাট যারা কিনবেন তাদের মধ্যে কতজন বাঙালী, আর কতজন অবাঙালী সেই ব্যাপারে আমি যাচ্ছি না, কিন্তু সব থেকে বড়লোক যারা তারাই অম্বুজাদের তৈরী করা ফ্ল্যাট কিনতে যাবেন। আজকে দুজন বিখ্যাত মানুষের নামে আপনারা ফ্ল্যাট তৈরী করার সিদ্ধান্ত নিয়েছেন। এটা জয়েন্ট ভেঞ্চারে হবে, না নিজেদের উদ্যোগে হবে সেটা আমি জানিনা। গত বিশ্বকাপে যিনি ভারতের অধিনায়কত্ব করেছেন, সেই সৌরভ গাঙ্গুলির নামে আপনারা আবাসন করবেন বলেছেন। এটা ভালো এই বিষয়ে সন্দেহ নেই, আমরা তার উজ্জ্বল ভবিষ্যত কামনা করি। আর নোবেলবিজয়ী অর্মত্য সেনের নামে আবাসন করবেন বলেছেন এবং সেই আবাসনের দাম পঁচিশ লক্ষ টাকার নীচে হবে না। সুতরাং এই ধরনের বন্দোবস্তের বাইরে সাধারণ মানুষের জন্য একটা প্রয়োজন আছে। না হলে, মধ্যবিত্ত, উচ্চ মধ্যবিত্তরা এই সুযোগ থেকে বঞ্চিত হবে। মাননীয় মন্ত্রীমহাশয়, আপনার বাজেট বইয়ে আপনি অনেক পরিকল্পনার কথা বলেছেন এবং অনেক ধরনের পরিকল্পনা তৈরী করেছেন। কিন্তু এর জন্য যে বাজেট দরকার, আগামী দিনের সেই পরিকল্পনা আপনার সার্থক হবে কিনা সেই বিষয়ে সন্দেহ আছে। আমরা দেখতে পাচ্ছি, ২০০১-২০০২, ২০০২-২০০৩ সালের চেয়েও এই বছরে আপনার বাজেট কমেছে। সেই জায়গায় আপনি কি কাজ করতে পারবেন সেই বিষয়ে আমাদের সন্দেহ আছে। আরেকটি বিষয়ে আপনাকে জমি বলতে চাই, নতুন নতুন আবাসন হচ্ছে ঠিক আছে কিন্তু তার মেইনটেনেন্সের ব্যাপারে, আপনাকে নজর দিতে হবে। আবাসনের মেইনটেনেন্স কিন্তু ঠিকমত হচ্ছে না। হয়তো কর্মচারীদের অভাব আছে, কিন্তু যারা আছে তারা ঠিকমতো কাজ করছে না। পশ্চিম বড়িশা বা পূর্ব বড়িশা আবাসনে বড় বড় ঘাস এবং জঙ্গলে ভর্তি হয়ে আছে। সেখানে বৃষ্টির জল এবং আবাসনের জল মিলেমিশে একাকার হয়ে যাচ্ছে।

[2.20–2.30 p.m.]

পাশেই পুকুর আছে — কচুরিপানাতে ভর্তি, ফলে সাপ, মশার উপদ্রব। তার থেকেও বড় কথা, অন্য জলের ব্যবস্থা থাকলেও নেই পানীয় জল। যে সমস্ত কন্ট্রাক্টরদের ঐসমস্ত কাজ দেবার কথা, তারা ঠিক মত কাজ করে না। সেখানেই শুধু নয়, যেখানে যেখানে সরকারি কর্মচারীদের জন্য বা সাধারণ মানুষের জন্য আবাসন আছে, সেখানেই একই ধরনের অবস্থা বন্দোবস্ত। তিলজলা সি. এন. রায় রোডে মোটা টাকায় সরকারি ফ্ল্যাট হস্তান্তরের অভিযোগ এসেছে। আপনারা প্রথমে ঠিক করেছিলেন এই ফ্ল্যাট অবৈধভাবে কাউকে দেওয়া যাবে না। একজন শিক্ষক নেতা নিজের নামের ফ্ল্যাট বেচে দিয়েছেন। সবচেয়ে বড় কথা, ৬০ হাজার থেকে এক লক্ষ টাকার বিনিময়ে ফ্ল্যাটগুলো হস্তান্তর করে দিচ্ছে। রাজ্যের আবাসন উন্নয়ন পরিষদের অধীন ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের প্রেমিসেস রেগুলেশন অ্যান্ড অকোপেন্সি অ্যাকট, ১৯৮৪, একটা অ্যাকট তৈরী করেছিলেন। রাজ্য সরকারী ফ্ল্যাট বণ্টনে নিয়ন্ত্রণে রাখতে এই আইনটা তৈরী হয়েছিল। কিন্তু সেই আইনটার সম্পূর্ণ অপপ্রয়োগ করা হয়েছে। আপনি জানেন

আপনার দপ্তরের একটা কোটা আছে, এই কোটাকে কাজে লাগিয়ে ফ্ল্যাট বিতরণের অনেক অভিযোগ এসেছে। এই ধরনের অভিযোগগুলো কেন হয়েছে, মাননীয় মন্ত্রী জবাবী ভাষণে নিশ্চয় বলবেন। এই সুযোগ বলি, সল্টলেকের প্রতিটি সরকারি আবাসনে অনেক ফ্ল্যাট রাখা হয়েছে। আর একটা কথা বলতে চাই, রাজ্য সরকারি কর্মচারীদের জন্য যে ফ্ল্যাট তৈরী করা হয়েছিল, সেখানে অনেক বাইরের লোক ঢুকে পড়ছে। কোন সরকারি কর্মচারী অবসর নিলে তাকে একদিনের নোটিশে ফ্ল্যাট ছেড়ে দিতে বলা হচ্ছে। এখানে মন্ত্রীর কোটাকে কাজে লাগিয়ে কেউ আসছে কি? বা অবৈধভাবে আসছে কি? এটা দেখার জন্য আপনাকে অনুরোধ করছি। সরকার একটা গুরুত্বপূর্ণ আইন করতে চলেছে যে, প্রমোটারের কোন তৈরী বাড়ি, যেখানে মানুষ বাস করেন, তা ভেঙে সেই প্রমোটারকে ব্ল্যাক লিস্টেড করবেন বা তার বিরুদ্ধে ব্যবস্থা নেবেন বলেছেন। এই আইন তৈরীর আগে অনেক ফ্ল্যাট ভেঙে গেছে শুধু প্রদীপ কুন্দলিয়াই নয় এবং মানুষ অনেক ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। তাদের বিরুদ্ধে আপনার সরকার কিছু ব্যবস্থা নিয়েছে কি? ইন্ডিয়ান পেনাল কোড অনুযায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন, কিন্তু যারা ক্ষতিগ্রস্ত হয়েছে সেই ফ্ল্যাটবাড়িতে যারা থাকতেন যারা গেছেন, পথচারী মারা গেছে, এদের জন্য সরকারী কি ধরনের বন্দোবস্ত করেছে বলবেন। পরবর্তীকালে সেই ফ্ল্যাট ভেঙে গেলে কি ব্যবস্থা নেবেন আপনার দপ্তর বা সরকার, সেইগুলো জানানোর জন্য অনুরোধ করছি। যে কথাগুলো আমি উল্লেখ করলাম, সেইগুলো আপনার বক্তব্যের মধ্যে নেই। মাননীয় মন্ত্রী আমি এই ব্যাপারে আলোচনায় অংশগ্রহণ করে আমি একটা কথা বলতে চাই। পরবর্তী পর্যায়ে আমি পি. এইচ. ইর উপর দু-একটা কথা পরে বলব। আগে আমি বিধানসভার সদস্যদের জন্য একটা কথা বলতে চাই। আমরা যারা বিধানসভার সদস্য আছি, বহু সদস্য আছেন যাঁরা এম.এল.এ. হোস্টেলে এখনও পর্যন্ত ঘর পাওয়া তো দূরের কথা, একটা ঘরে দুজনকে থাকতে হয়, তিনজনকে থাকতে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দলের মুখ্য সচেতক হিসাবে একথা অনেকবার বলেছি, মাননীয় অতীশদা বলেছেন, বিরোধী দলের পক্ষে বিরোধী দলের নেতা বলেছেন এম. এল. এদের বাসস্থানের কথা। আমি ভারতবর্ষের অন্য অনেক রাজ্যের কথা শুনেছি সেখানে, যেমন মহারাষ্ট্রে, দুটো জায়গাতে দুবার সেশন হয়। বম্বেতে হয় এবং নাগপুরে হয়। দুটো জায়গাতে হোস্টেল আছে। সেখানে এক একজন এম. এল. এ একটা ঘরে থাকতে পারেন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি সরকারী কর্মচারীদের ক্ষেত্রে করেছেন। আমি আপনার কাছে অনুরোধ করছি যে সমস্ত বিধায়ক এখানে আছেন স্বল্পমূল্যে তাদের অন্তত দু-কামরা বিশিষ্ট ঘর — ফ্ল্যাট কথাটা বললে মনে হয় বিশাল ব্যাপার, দু-কামরা বিশিষ্ট ঘর তাদের জন্য বন্দোবস্ত করার দাবি রাখছি। এখনও পর্যন্ত সরকার এই বিষয়ে কোথাও কোন বন্দোবস্ত নেননি আমরা বিধায়করা তো অন্য কোন গ্রহ থেকে আসি না, আমরাও সাধারণ মানুষ। তাদেরও প্রয়োজন আছে। তাই আমি আপনাকে বলব যে বিধায়কদের জন্য অ্যালটমেন্টের ব্যবস্থা করার অনুরোধ করছি। মাননীয় মন্ত্রী মহাশয়, আমি পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। আমি বলতে চাই যে সারফেস পাইপড ওয়াটার সাপ্লাইয়ের বিষয়টা আরও গুরুত্ব দিয়ে ভাবুন। মাটির তলা থেকে জল তোলার কথা ভেবেছেন সেখানে আর্সেনিকের সমস্যা আসছে এবং সেই সমস্যা সমাধান করার জন্য টিউবওয়েলের জল হোক, পাইপড্ ওয়াটার সিস্টেম হোক, যাই হোক

না কেন এই সমাধান করতে আমরা কারিগরি বিভাগের দপ্তরের অনেক অভিজ্ঞ মানুষ আছে, আমি আপনাকে অনুরোধ করছি নদীর থেকে জল এনে পাইপড্ ওয়াটার সাপ্লাই করা যায়। আমি হাওড়া জেলার ক্ষেত্রে, হুগলী জেলার ক্ষেত্রে এমন অনেক জায়গা আছে, আমি দেখেছি দামোদর, হুগলী নদী, রূপনারায়ণ এইসব জায়গাতে সারফেস ওয়াটার যদি ব্যবহার করেন তাহলে আমার ধারণা পরবর্তী পর্যায়ে এই সমস্যার সমাধান করা সহজ হবে। কিন্তু এই ধরনের বন্দোবস্ত হচ্ছে না। তাই স্যার, মাননীয় গৌতম দেব মহাশয় যে দুটো বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে আমাদের দলের আনা কাট মোশনকে সমর্থন করে অমার বক্তব্য শেষ করছি।

শ্রী তারাপদ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারের জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মাননীয় মন্ত্রী গৌতম দেব মহাশয়, ৪৫ নম্বর দাবি এবং ২৮ নম্বর দাবির ভিত্তিতে যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধী দলের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। মাননীয় বিরোধীদলের সদস্য শ্রী মহবুবুল হক এবং শ্রী অসিত মিত্র তাঁর বক্তব্য রেখেছেন। মাননীয় মহবুবুল হক সাহেব উনি মালদা জেলার কালিয়াচক এক নম্বর, দু নম্বর, তিন নম্বর লক যে আর্সেনিক-দুষ্ট জেলা তার পরিশোধনের ব্যাপারে কিছু সাজেশন দিয়েছেন অর্থাৎ বিরোধী সদস্য হিসেবে এই দপ্তরের কাজকর্মে অন্য কোন কথা তোলেননি। মোটামুটিভাবে সমর্থন করেছেন। মাননীয় অসিত মিত্রও কিছু কিছু সাজেশন দিয়েছেন। সল্টলেকের আবাসনের ব্যাপারে, তিনি নিম্নবিত্তদের জন্য কিছু করার কথা বলেছেন ; এর থেকে পরিষ্কার যে আমাদের দুটো দপ্তরের কাজকর্মে আমাদের সরকারের ভারপ্রাপ্ত মন্ত্রী দৃঢ়তার সঙ্গে কাজকর্ম করে যাচ্ছেন। মহবুবুল হক বলেছেন যে জলের অপর নাম জীবন।

[2.30–2.40 p.m.]

সুতরাং এটা থেকে পরিষ্কার যে আমাদের এই দুটো দপ্তররের ভারপ্রাপ্ত মন্ত্রী যিনি আছেন তিনি ভালো কাজকর্ম করে যাচ্ছেন। এর থেকে এটা পরিস্ফুট। মহবুবুল হক বলেছেন যে জলের অপর নাম জীবন, সেই অবস্থার মধ্যে বিশুদ্ধ পানীয় জল আমাদের রাজ্যবাসীকে সরবরাহ করার দায়িত্ব রাজ্যসরকারের, সেটা যেন করা হয়। আমি মাননীয় বিরোধী দলের সদস্যদের বলতে চাই স্বাধীনতার পর থেকে আপনারাও রাজ্যে ৩০ বছর শাসন করেছেন এবং তাদের শাসনকালে রাজ্যবাসীকে মাত্র ১৪ পার্সেন্ট জল সরবরাহ করেছেন। আমাদের বামফ্রন্ট সরকারের ২৬ বছর রাজত্বকাল হওয়ার পর প্রায় ৯৬ শতাংশ মানুষের মধ্যে জল সরবরাহ করার ব্যবস্থা করেছেন। অতএব এই সাফল্যের কথা উনি তুলে ধরলেন না। কারিগরি কাজ কর্ম উনি মোটামুটি সমর্থন করেছেন বলে এই ব্যাপারে বিশেষ কিছুই বললেন না। আমি এই ব্যাপারে কিছু প্রস্তাব দিতে চাই। আমাদের এই দপ্তর সিদ্ধান্ত নিয়েছে যে আমাদের রাজ্যে ৭৯,০৩৬টি গ্রামীণ বসতিতে মাথাপিছু দৈনিক কমপক্ষে ৪০ লিটার জল সরবরাহ অথবা প্রতি ২৫০ জনের জন্য একটি করে উৎস সুনিশ্চিত করা। এটা ২০০৩-০৪ সালের মধ্যে করা হবে। কেন্দ্রীয় সরকার সেইভাবে একটা টার্গেট দিয়েছে কিন্তু কেন্দ্রীয় সরকারের যে সকল প্রকল্পগুলো আছে সেই প্রকল্পগুলোর যে প্রকল্পগুলোর টাকা এমনভাবে বেঁধে দিচ্ছেন, এর ফলে রাজ্যগুলো কেন্দ্র থেকে যে সহায়তা

পায় তার থেকে বঞ্চিত হবে। এর ফলে এই টার্গেট আমাদের এই সরকার পূর্ণ করতে পারবেন কিনা সময় মত আমার সে বিষয় সন্দেহ আছে। যেমন প্রধান প্রধানমন্ত্রী গ্রামোদ্যোগ যোজনা। এই যোজনায় যে টাকা কেন্দ্রীয় সরকার দিচ্ছে, আমাদের দক্ষিণ ২৪-পরগনায় আর্সেনিক এলাকায় জল সরবরাহ প্রকল্প সেটা শেষ হয়েছে, প্রায় সাড়ে ৯ লক্ষ মানুষ উপকৃত হয়েছে। মালদা জেলায় যেখানে বিরোধীদলের সদস্যরা বললেন যে এই প্রকল্পে যে টাকা দেওয়া হয়েছে তাতে প্রায় সাড়ে ৪ লক্ষ লোকের আর্সেনিকমুক্ত জলের ব্যবস্থা করা হয়েছে। অতএব এই যে কেন্দ্রীয় সরকার আর রাজ্যসরকার ৭৫ ভাগ এবং ২৫ ভাগ টাকা প্রোপারশনেট ছিল সেটা ৫০,৫০ করতে চলেছে। এর ফলে রাজ্যগুলোর উপর ভীষণ চাপ বৃদ্ধি পাবে। বর্তমানে রাজ্য সরকারের যে আর্থিক সংকট চলেছে তাতে গ্রামীণ এলাকায় বা শহরাঞ্চলে পানীয় জলের সরবরাহ ব্যবস্থা সরকার ঠিক রাখতে পারবেন কিনা, এই কারণে আমাদের মাননীয় মন্ত্রীকে কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করার জন্য অনুরোধ করব। এই সরকার আরেকটা দৃঢ় পদক্ষেপ নিয়েছেন বাড়ীতে বাড়ীতে জলসরবরাহের ব্যবস্থা করে। ৭৭৯টা প্রকল্প রাজ্যে চলছে। যারা উচ্চবিত্ত লোক তাদের বাড়ীতে জলের লাইন দেওয়া হবে কিন্তু তাদের কাছ থেকে তার জন্য একটা মান্থলি ট্যাক্স আদায় করা হবে। কিন্তু তাদের কাছ থেকে মেন্টেন্যান্স এবং অপারেশন বাবদ ট্যাক্স আদায় করা হবে, এটা ভালো প্রস্তাব এবং গরীব মানুষরা রাস্তার ধারে স্ট্যান্ড পোস্ট থেকে জল পাবে। এর ফলে অপারেশান এবং মেন্টেন্যান্সের যে খরচ সেটা কিছুটা আদায় করা যাবে এবং দপ্তরের কাছে কিছু সহায়তা হবে। এখানে কেন্দ্রীয় সরকারের সজলধারা প্রকল্প নিয়ে প্রশ্ন করেছিলেন। এটা কেন্দ্রীয় সরকারের, এটাতে টাকা না দেওয়ার মতোই একটা ব্যবস্থা। টোটাল প্রোজক্ট কস্টের ১০ পারসেন্ট টাকা সেই এলাকার বেনিফিসিয়ারীকেই দিতে হবে এবং ৫ পারসেন্ট আদিবাসী অধ্যুষিত এলাকার মানুষদের দিতে হবে। আমি পি. এইচ.ই. দপ্তরের এগজিকিউটিভ ইঞ্জিনীয়ারের সাথে যোগাযোগ করে জানতে পেরেছি ন্যূনতম প্রকল্প খরচ ৪ লক্ষ টাকার নীচে নয়। তাহলে ৪ লক্ষ টাকার ৫ পারসেন্ট অর্থাৎ ২০ হাজার টাকা আদিবাসী এলাকার মানুষদের কাছ থেকে কি ভাবে সংগ্রহ করা হবে জানি না। পঞ্চায়েত সমিতিকে একটা ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে বলা হয়েছে এই অপারেশান এবং মেন্টেন্যান্সের জন্য এবং বৈদ্যুতিক খরচ এবং সাজ-সরঞ্জামের খরচ তাদের বহন করতে হবে। এতএব এই যে প্রকল্প যেটা আমাদের রাজ্যের গরীব এলাকায় কতটা কার্যকরী করা সম্ভব সে ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে নজর দিতে অনুরোধ করবো। অসুবিধার কথা হলো আমাদের রাজ্যের মানুষ হ্যান্ড বোর টিউবওয়েল, রীগ বোর টিউবওয়েল এই সবের জল খেতে অভ্যস্ত। তারা পয়সা দিয়ে জল খায় না। আরও অসুবিধা হলো গ্রামে বিদ্যুৎ বিভ্রাট হয় কারণ গাছপালার মধ্যে দিয়ে বনের মধ্যে বিদ্যুতের লাইন যায় এবং সামান্য বড় হলেই বিদ্যুৎ বিভ্রাট ঘটে। সেখানে বিদ্যুৎ লাইন না থাকলে জলও উঠবে না। তার পরে ট্রান্সফরমার বিকল হয়ে যায় তাহলে সেগুলি মেরামত করার জন্য ১০-১৫ দিন পড়ে থাকে এবং সেই অসুবিধার জন্য সেই ১০-১৫ দিন এলাকায় জল সরবরাহ বন্ধ থাকে। কাজেই এই প্রকল্প আমাদের মতো রাজ্যে কতটা কার্যকরী হবে সে ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা ভেবে দেখতে অনুরোধ করবো। আমাদের রাজ্যের ৮টি জেলাকে ইতিমধ্যেই আর্সেনিকদুষ্ট এলাকা বলে চিহ্নিত করা হয়েছে এবং রাজ্যের রাজ্যসরকারের জন্য বিভিন্ন প্রকল্প

গ্রহণ করেছেন। বিশেষ করে পশ্চিমাঞ্চলে, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম এই সব জেলাতে ফ্লোরাইডের প্রাদুর্ভাব দেখা গিয়েছে। বাঁকুড়া, জেলার বিষ্ণুপুর সাবডিভিশান এলাকায় এর প্রভাব সবচেয়ে বেশী এই দপ্তর গত বছর থেকে এই ব্যাপারে উদ্যোগ নিয়েছে এই অবস্থা প্রশমনের জন্য। প্ল্যান্ট বসেছে এবং আগামী দিনে যাতে আরও বেশী প্ল্যান্ট বসে তার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। এবারে আমি আবাসন দপ্তর সম্বন্ধে বলতে চাই, আবাসন দপ্তর যে ফ্ল্যাট তৈরী করেছে সেটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। এগুলি সাধারণ কলকাতা এবং তার আশেপাশের অঞ্চলে তৈরী হচ্ছে। এগুলি যাতে গ্রামাঞ্চলের দিকে বা শহরতলি অঞ্চলে হয় তার জন্য বলবো। অন্য শহরে শহরতলি অঞ্চলে ফ্ল্যাট তৈরী হচ্ছে আমাদের এখানে সে রকম হয়নি। আমার সাজেশান হচ্ছে এই সব অঞ্চলে, নিম্নবিত্ত, মধ্যবিত্ত মানুষরা এইরকম ফ্ল্যাট যাতে পেতে পারে তার ব্যবস্থা গ্রহণ করবেন। আরেকটা সাজেশান হলো কলকাতা এবং হাওড়া অঞ্চলে ক্যালকাটা পোর্ট ট্রাস্টের প্রচুর জমি পড়ে আছে।

[2.40–2.50 p.m]

এই জমিগুলোকে অধিগ্রহণ করা হোক বা সেগুলো উপযুক্ত মূল্য দিয়ে তাদের সঙ্গে চুক্তির মাধ্যমে আমাদের কিছু ফ্ল্যাট তৈরী করা যায় এবং এতে মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্তদের সুবিধা হবে। অপর দিকে একটা ভালো কথা বলেছেন বিরোধী দলের মাননীয় বিধায়ক শ্রী অসিত মিত্র মহাশয়। বিধায়কদের অল্প দামে ফ্ল্যাট দেওয়া যায় কিনা ভেবে দেখা দরকার। কারণ আমরা বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়ায় থাকি। বিধায়কদের জন্য যে ঘর দেওয়া হয়েছে তাতে এক একটা ঘরে [* * *] বিধায়ককে থাকতে হয়। এতে লোকজন আসলে আমাদের অসুবিধায় পড়তে হয়। সুতরাং, কম দামে যাতে বিধায়করা ফ্ল্যাট পেতে পারে তা দেখার জন্য অনুরোধ জানাচ্ছি। যাই হোক, আমি এই বাজেট বরাদ্দের সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : [* * *] এর কথার অংশ বাদ যাবে। অ্যাসেম্বলি প্রশাসনের ব্যাপারে এখানে আলোচনা করা যায় না। কাকে শেখাব, কত শেখাব। এটা পি. ডব্লু. ডি.র ব্যাপার, এর মধ্যে ওনার কি আছে? এম. এল. এ দায়িত্বশীল হবে, দায়িত্বহীন হবে না। ব্যক্তিগত ব্যাপার কখনও পাবলিকলি আলোচনা করবেন না, জনগণের ব্যাপারে আলোচনা করবেন। কত শেখাব। নতুন পুরনোর ব্যাপার নয়। জনগণ পাঠিয়েছে জনগণের কথা আলোচনা করবেন, নিজেদের কথা আলোচনা করার জন্য নয়। অন্যান্য বিষয় আলোচনা করার জন্য পাঠিয়েছে।

শ্রী নির্বেদ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ ডিমান্ড নম্বর ৪৫ এবং ডিমান্ড নম্বর ২৮, এই দুটো দপ্তরের উপর যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন মাননীয় মন্ত্রী তার বিরুদ্ধে কিছু সংক্ষিপ্ত বক্তব্য রাখছি এবং বিরোধীদের আনা কাটমোশানকে সমর্থন করছি। প্রথমেই আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টিগোচর করতে চাই যে, যদিও ওনার একার দোষ বলে মনে হয় না, সম্ভবত

***Expunged as orderd by the chair.

দপ্তরের কোন একটা ব্যাপার ঘটেছে। বিষয়টা হচ্ছে ৪৫ নম্বর দাবির অন্তর্ভুক্ত সর্বমোট ৩০৭ কোটি ৩৫ লক্ষ ৪৮ হাজার কোটি টাকার বাজেট বরাদ্দ পেশ করেছেন। আবার, স্ট্যান্ডিং কমিটিতে সেটা এসে হয়ে যাচ্ছে ৩০৮ কোটি ৯৩ লক্ষ ১০ হাজার টাকা। এটার ক্ষেত্রে সম্ভবত কিছু ব্যাখ্যা আছে। এক্ষেত্রে বাজেট বরাদ্দ এবং স্ট্যান্ডিং কমিটিতে যা বলা হয়েছে তাতে এই ফারাকটা সম্ভবত গন্ডোগোল বা কোন ব্যাখ্যা আছে। সেটা ওনার কাছ থেকে চাইছি।

আর্সেনিক নিয়ে উনি ওনার চিন্তার কথা বলেছেন। উনি বলেছেন ৬৮টা ব্লকে আর্সেনিক কন্টামিনেশন ছিল ৭৫টা ব্লকে ছড়িয়ে গেছে এবং অমূল্য ১ কোটি ৭৫ লক্ষ মানুষ সরাসরি এফেক্ট হয়েছে। মাননীয় মন্ত্রী এ ব্যাপারে কতগুলো তথ্য দিয়েছেন। তাতে উনি বলেছেন, ব্যবস্থা নেওয়া হয়েছে এবং কতটা ব্যবস্থা নেওয়া হয়েছে। তার জন্য এবং আমরা যাতে চিন্তামুক্ত হতে পারি সেজন্য বলেছেন শতকরা ৫১ ভাগ মানুষের যাতে সুযোগ সুবিধা হয়, যাতে আর্সেনিকযুক্ত জল পান করতে না হয় সেই ব্যবস্থা করেছেন উনি। কিন্তু ভিত্তি হিসাবে একটা ছোট স্যালো টিউবওয়েল আর্সেনিকমুক্ত করলে তাতে কতজন গড়ে মানুষ উপকৃত হবেন তার কোন তথ্য না থাকায় একটা গভীর নলকূপ আর্সেনিকমুক্ত করতে কত মানুষ উপকৃত হবে তা না বলা থাকায় এবং সর্বোপরি যে প্ল্যান্টের কথা বলা হয়েছে তাতে জেনারালাইজেশনের কথা বলা হয়েছে এবং সর্বোপরি যে প্ল্যান গুলো বলা হয়েছে তাতে কিছু জেনারালাইজশনের কথা বলা হয়েছে যে, এতগুলো প্ল্যান্ট করা হয়েছে এবং তাতে এক লক্ষ লোক উপকৃত হবেন। আমি ধরে নিচ্ছি যে কোনরকম সংখ্যাতত্ত্বের বিচারে না গিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় যেগুলো বলেছেন সেগুলো সবই সঠিক তথ্য দিয়েছেন। এই সঠিক তথ্য দেওয়ার ফলে যা দাঁড়াচ্ছে বাজেট বক্তৃতায়, তাতে মালদার প্রকল্পে ৩ লক্ষ লোক সরাসরি উপকৃত হচ্ছেন। উপকৃত হচ্ছেন দক্ষিণ-২৪ পরগনার ৫.৭৮ লক্ষ লোক, এছাড়া ইউনিসেফের সহায়তায় ১০২টি আর্সেনিক মুক্ত নলকূপ বসানো হয়েছে, জেনারেল শংকর চৌধুরী ৫টি জেলায় ১৩৪টি নলকূপের ব্যবস্থা করেছেন। ডাঃ রঞ্জিত পাঁজা উত্তর-২৪ পরগনায় এম. পি. ল্যাড থেকে ৭৬টি নলকূপ বসানোর জন্য সাংসদ তহবিল থেকে টাকা দিয়েছেন এবং এই মোট ২১০টি নলকূপের মধ্যে ১৫৪টি নলকূপ বসানো এখনও অবধি সম্ভব হয়েছে। এই সমস্ত কটা যেটা উনি বলেছেন যে, কটা উনি করেছেন সরাসরি ওনার বাজেট বক্তৃতায় এবং তাতে দেখা যাচ্ছে যে, সব মিলিয়ে খুব বেশী হলে ১০ লক্ষর মতো মানুষ আর্সেনিক-মুক্ত জল পাচ্ছেন তার হিসাব এর মধ্যে তিনি যে প্রকল্পগুলোর কথা বলেছেন— তিনি বলেছেন, অনেকগুলো প্রকল্প আমরা গ্রহণ করেছি, এবং সেগুলোর কোনটার সেকেন্ড ফেজ আমরা চিন্তা করছি, গ্রহণ করেছেন। এর ফলে আরও মানুষ উপকৃত হবেন। কোন জায়গায় বলেছেন থার্ড ফেজে আরও বেশী মানুষ উপকৃত হবেন ইত্যাদি ইত্যাদি। কিন্তু এই মুহূর্তে যেটা উনি স্টেটমেন্ট করেছেন তাতে বলেছেন এই কটি প্রকল্প কিন্তু সরাসরি মানুষকে দেওয়া হয়েছে এবং তাতে ১০ লক্ষ মানুষ উপকৃত হয়েছেন। তাতে দেখা যাচ্ছে যে, আর্সেনিক এফেকটেড মানুষের সংখ্যা তার ৫১ পারসেন্ট নয়, তার ৫ পারসেন্টের সামান্য কিছু বেশী এই ৬ পারসেন্টের কিছু কম এই ৯৫ ভাগ মানুষ এরা কিন্তু এখনও আর্সেনিক থেকে মুক্ত হননি। এটা আমার কথা নয়, এটা মাননীয় মন্ত্রী যে তথ্য পেশ করেছেন তার

ভিত্তিতে এটা বোঝা যাচ্ছে এবং হয়তো মাননীয় মন্ত্রী মহাশয় বোঝাতে ভুল করেছেন, আমরা বুঝতে পারি নি। এটা ওনার কাছে হাতের আস্তিনে লুকানো কিছু তথ্য আছে, সেগুলো জবাবী ভাষণে আমরা নিশ্চয় পাব এবং যাতে বুঝতে পারবো সত্যি ৫১ ভাগ মানুষ মুক্ত হয়েছেন এবং অচিরে শতকরা ৬৮ ভাগ মানুষও মুক্ত হবেন। যদিও এটা আমরা দেখতে পাচ্ছি যে, যে সময়ের মধ্যে উনি ৬৮ ভাগ মানুষ মুক্ত হওয়ার কথা বলেছেন সেই সময় চন্ডীগড় থেকে শুরু করে বাংলাদেশ পর্যন্ত তাহলে আর্সেনিকের অ্যাকুইফার, আর্সেনিকের যে প্রভাব তাতে এখনও পর্যন্ত ৩৫ কোটি মানুষ সরাসরি এফেকটেড হয়ে গেছেন এবং সারা পৃথিবী জুড়ে এই আর্সেনিকের এই বেল্টটাকে ধরা হচ্ছে, সারা পৃথিবীর মধ্যে সবচেয়ে চিন্তার প্রয়োজন এবং তথ্যের প্রয়োজন ইত্যাদি ইত্যাদি। একটা জিনিস আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, ওনার বাজেট ভাষণে দেখি নি, আমি আশা করি ওনার বক্তব্যে শুনতে চাইবো যে, পশ্চিমবঙ্গে ওয়াটার বাজেটের কোন তথ্য আমাদের কাছে আছে কিনা। কেন বলছি, তার কারণ হচ্ছে যে, এই যে কর্পোরেশনের ক্ষেত্রে বা রাজ্য সরকারের ক্ষেত্রে বা রাজ্য সরকারের ক্ষেত্রে এই ওয়াটার বাজেটিং। কারণ আপনি আপনার একটা উল্লেখযোগ্য কথা বলেছেন, খুব ভাল কথা যে, আপনি উত্তরবঙ্গে রেইন ওয়াটার হারভেস্টিং-এর ব্যবস্থা করেছেন। একটি ভাল কাজ। উত্তরবঙ্গে রেইন ওয়াটার হারভেস্টিংটা খুবই উল্লেখযোগ্য একটা পদক্ষেপ এবং তার সুফল আশা করি আমরা পাব। কিন্তু সারা পশ্চিমবঙ্গে আজকে যদি আর্সেনিকের বিরুদ্ধে সমস্ত কিছু ছেড়ে দিয়ে সামাজিক ভাবে, বৈজ্ঞানিকভাবে, দলমতনির্বিশেষে লড়াই করতে হয় তাহলে তার জন্য যে ব্যবস্থা গ্রহণ করতে হবে তার জন্য উপযুক্ত অ্যাওয়ারনেস, অ্যাকুইফার, সম্পর্কে একটা সম্যক ধারণা এবং তার পাশাপাশি সর্বোচ্চ প্রযুক্তিকে ব্যবহার করে ওয়াটার বাজেটিং করতে হবে। যে ওয়াটার বাজেটিং-এর উপর ভিত্তি করে আমরা জানতে পারবো যে, আমাদের জলতল আর কতদিন আমাদের ব্যবহার করার জন্য ডিপটিউবওয়েল রাখতে পারবো। আর কতশো ফুট পর্যন্ত এটা রাখতে পারবো। কেননা, ডিপটিউবওয়েলের ক্রমশ দেখা যাচ্ছে যে, যেটা ২৫০ ফুট আর্সেনিক পাওয়া যেত সেটা এখন ৩০০ ফুট, সাড়ে ৩০০ ফুট, ৪০০ ফুট নামছে, কোন কোন জায়গায় ৫০৮ ফুট পর্যন্ত আর্সেনিক পাওয়া যাচ্ছে। সুতরাং এ ব্যাপারে স্ট্যান্ডিং কমিটির রিপোর্টে খুব উল্লেখযোগ্য কিছু পাওয়া যায়নি। আমি আসা করবো এটা বোধহয় সম্ভবত মাননীয় মন্ত্রী মহাশয় তিনি বুঝতে পেরেছেন। রাজারহাট প্রকল্পের কথা তিনি বলেছেন, রাজারহাট প্রকল্প আমি দেখেছি, আমার ভাল লেগেছে। এই প্রকল্পের মাধ্যমে আপনি মূলত পানীয় জলের ব্যবস্থা করতে চেয়েছেন নলবাহিত জলের দ্বারা, যাতে আর্সেনিকের চান্স খুব কম কন্টামিনেট করার। কেননা আপনি ফিলট্রেশন করে করবেন যেটা আধুনিকভাবে করা হয়।

[2.50–3.00 p.m]

কিন্তু মনে রাখা উচিত যে, পানীয় জল কলকাতা শহরে বা রাজারহাটের ক্ষেত্রে তাই হবে, সল্টলেকেও তাই হবে। পানীয় জল মানুষের ব্যবহার করা জলের মাত্র ১০-১৫ ভাগ দেওয়া হয়, সেক্ষেত্রে বাকি জলটা পুরোটাই আর্সেনিক কন্টামিনেটেড ওয়াটার থেকে উঠে আসে। তার কারণ রাজারহাটের পুরোটাই কিন্তু আর্সেনিক কন্টামিনেটেড এরিয়া। এটা স্কুল অফ

এনভায়রমেন্ট স্টাডিজের পরিষ্কার কথ্য আপনাদের কাছে আছে, আমাদের কাছেও আছে সবার কাছে আছে। দ্বিতীয় প্রশ্ন যেটা আপনি একটা গুরুত্বপূর্ণ প্রশ্নের কথা বলেছেন, এর আগে আমরা আপনরা দৃষ্টি আকর্ষণ করেছি। আপনি নিশ্চয়ই এটা নিয়ে চিন্তিত, সেটা হল ফ্লোরাইড কন্টামিনেশান। ফ্লোরাইড কন্টামিনেশানের ক্ষেত্রে মজা হচ্ছে, ওয়েস্টার্ন কানট্রি গুলোতে অর্থাৎ পাশ্চাত্যে ফ্লোরাইডের ক্ষেত্রে ছেলেমেয়েদের দাঁত ভাল হয়, তার জন্য টুথপেস্টে ফ্লোরাইড দিয়ে বিক্রি করছে। সেটা বলা হচ্ছে যে, আন্তর্জাতিক হিসাব অনুযায়ী ওয়ান মিলিয়ান পার্ট অফ দি টোটাল কমজানশান— এই ওয়ান মিলিয়ান পার্ট অফ্ টোটাল কমজানশান শরীরের পক্ষে ভালো, দাঁতের পক্ষে ভালো, খুব ভালো ; কিন্তু যেই এটা দুইভাগে গিয়ে পৌছায় তখনই কিন্তু চিন্তার ব্যাপার হয়ে যায়। বীরভুমে যেটা আছে ১৬ ভাগ। যেটা হচ্ছে যে বোন অর্থাৎ সমস্ত হাড়গুলো ভেঙে যাবে। সেখানে ফ্লোরাইড ডিপোজিটেড হচ্ছে। একটা জিনিস আপনি বলেছেন, তার ইমিডিয়েট মেজার নিয়ে— যেটা বলেছেন আপনি যে, নলকূপের ক্ষেত্রে আপনি কিছু ব্যবস্থা নিয়েছেন কিন্তু মাননীয় মন্ত্রী তো জানেন আর্সেনিক যেমন সাবসয়েল থেকে কন্টামিনেটেড হয়, ফ্লোরাইড কিন্তু সারফেস ওয়াটার থেকে কন্টামিনেটেড হয়। সুতরাং নলকূপ ব্যবস্থা নিয়ে ফ্লোরাইড কন্টামিনেশান কত দূর করা যাবে এই সম্পর্কে নিশ্চয়ই আপনার কাছে আশ্বস্ত হতে চাই। তৃতীয়ত যে কথাটা বকবক করে বলব পি. এইচ ই-র ক্ষেত্রে যে তথ্যগুলি দিয়ে আমরা চিন্তামুক্ত হচ্ছি সেগুলি কিন্তু খুব বেশি চিন্তামুক্ত হওয়ার নয়। এটা শুধুমাত্র যে পরিসংখ্যানগুলি আমাদের বিভ্রান্তি তৈরি করে, এইরকম কোন পরিসংখ্যানের সামনে দাঁড়িয়ে একথা বলার সময় এটা নয়। অন্যান্য ক্ষেত্রে এটা নয়। এটা এমন একটা ব্যাপার, যেটা জাতীয় চিন্তা, জাতীয় ক্ষেত্রে জাতীয় স্বাস্থ্যের ক্ষেত্রে অত্যন্ত চিন্তার ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। স্কুল অফ ট্রপিকাল মেডিসিন বা স্কুল অফ এনভায়রনমেন্টাল স্টাডিজ বার বার যে কথা আমাদের বলে দিচ্ছেন, সিন্ধুতে বিন্দুর মতো কেবলমাত্র আমাদের বাস্তব না চলছে। ইউনিসেফ, কেন্দ্রীয় প্রকল্প, এম. পি. ল্যাড, এম. এল. এ ল্যাড, রাজ্য সরকার, সবাই মিলে যে চেষ্টা হচ্ছে, সেই চেষ্টায় যতটুকু আর্সেনিকমুক্ত করার চেষ্টা, সেটা কিন্তু আমাদের পক্ষে আশ্বস্ত হওয়ার নয়। বাজেট বরাদ্দে আপনি যেটা পেশ করেছেন সেটা হল, আবাসন নিয়ে। আবাসন নিয়ে বিস্তারিতভাবে আমি আপনাকে বলব না, শুধু একটা কথা বলব যে আবাসনের ক্ষেত্রে যে নামগুলি এসেছে জয়েন্ট ভেঞ্চারে, সেই নামগুলির কথা আর একবার নতুন করে ভাবলে ভাল হত। জয়েন্ট ভেঞ্চারে বারবার তাদের সঙ্গে যদি করেন, যাদের এই রাজ্যসরকার বারবার বলেছেন, ভারতবর্ষের সর্বোচ্চ হিসাব পরীক্ষক যাদের বারবার করে বলেছেন যে এরা নিয়ম ভেঙেছেন, এরা কার্যত রাজ্য সরকারের জমির উপরে রাজ্যসরকারেরর টাকায়, তাদের নিজেদের সাহায্য করেছেন, তাদের কোম্পানীগুলিকে বাড়িয়েছে, বাস্তব পক্ষে তারা কিছুই প্রায় ইনভেস্ট করেননি। যেমন বেঙ্গল অম্বুজার ক্ষেত্রে পরিষ্কার নিদর্শন। বেঙ্গল অম্বুজা সত্যজিৎ রায়ের ফিল্ম ইন্সটিটিউটের ঠিক উল্টো দিকে যে বিশাল ব্যবস্থা করেছেন, সেই আবাসন প্রকল্পের ক্ষেত্রে আপনি জানেন, সেখানে রাজ্যসরকারের বিরুদ্ধে অভিযোগ আছে, রাজ্যসরকারের বিরুদ্ধে যে তারা জমি দিয়েছেন ডিভ্যালুয়েশান করে। অর্থাৎ রাজ্যসরকারের কাঠা প্রতি যদি ৫৫ হাজার বলেছেন, সেখানে

সেই রাজ্যসরকারই তাদের বিক্রি করেছেন অনেক কম পয়সায়, তার জন্য আপনাদের কাছে উত্তর চাওয়া হয়েছে, তার পরবর্তীকালে এই সরকারের আমলে যে অর্থমন্ত্রী বলেছেন যে মাছের তেলে মাছভাজা যাবে না। যদি ব্যক্তিগতভাবে কোন সংস্থা, যদি কোন ব্যক্তিগত মালিকানায় কোন সংস্থা মনে করে সরকারী টাকায় সরকারি জমির উপর এবং যারা জমি কিনবে বা যারা ফ্ল্যাট কিনবে, তাদের কাছ থেকে আগাম টাকা নিয়ে সেই টাকায় আবাসন প্রকল্প তৈরি হবে, তাহলে সেটা আইনগত হবে, সিদ্ধ হবে না। সেই কাজ বেঙ্গল অম্বুজা করেছে। সেই কাজের আরও কিছু কাজের পিয়ারলেসের বিরুদ্ধে অভিযোগ উঠেছে। এবং সরাসরি এটা কোন রাজনৈতিক দলের অভিযোগ নয়। ভারতবর্ষের সর্বোচ্চ হিসাব পরীক্ষক সংস্থা বারবার প্রশ্ন করে উত্তর পাননি। প্যারাগ্রাফ ড্রাফট হয়নি। জয়েন্ট পার্লামেন্টারী কমিটিতে এগুলি গেছে। পাবলিক অ্যাকাউন্টস কমিটি সেগুলি পরীক্ষা করেছে এবং আপনাদের কাছে তা নিয়েছে। তারপরেও কেন এই সংস্থাগুলিকেই বার বার নেয়া হচ্ছে। কেনা শুধুমাত্র এদের হাতে এত প্রকল্প তুলে দেওয়া হচ্ছে। স্বাভাবিকভাবে সাধারণ মানুষের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে তাদের মনে ক্রমশ জাগছে উত্তর দেয়ার দায়িত্ব নিশ্চয়ই মাননীয় মন্ত্রীর। যে কথাগুলি বললাম সে কথাগুলির জবাব আশা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সরেশ আঁকুড়ে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় গৌতম দেব মহাশয় ২০০৩-২০০৪ সালে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আপনার মাধ্যমে দু-চারটে কথা উল্লেখ করতে চাই। স্যার প্রথমেই আমি বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করছি। আমাদের বিরোধী বন্ধুরা দীর্ঘক্ষণ পানীয় জল নিয়ে অনেক কথাই বলে গেলেন। কিন্তু ওঁরা ভুলে গেলেন যে, জলের আর এক নাম জীবন। সেই জীবনেরই তাঁরা বিরোধিতা করলেন। স্যার, আজকে গোটা পশ্চিমবাংলায় গভীর নলকূপ যে কত গভীর গিয়েছে তা আপনি জানেন। আমরা সকলেই জানি যে ৭০-এর দশকে গ্রামবাংলায় পানীয় জলের কি করুণ অবস্থা ছিল। আমরা দেখেছি গ্রামের মা-বোনেরা মাইলের পর মাইল হেঁটে গিয়ে নদী থেকে, কুয়ো থেকে পুকুর থেকে জল নিয়ে আসতেন। গ্রামের মানুষ সেই দূষিত জল পান করতো। গরীব কৃষক, খেতমজুররা মাঠের জল, চাষের জমির জল পান করে আন্ত্রিক, ডাইরিয়া, কলেরায় আক্রান্ত হতেন। গ্রামের বেশীরভাগ মানুষ এ-সব দূষিত জল পান করে রোগাক্রান্ত হতেন এবং বহু মানুষ মারা যেতেন। এসব আমরা দেখেছি। গরীব মানুষেরা মাঠের জল খেয়ে অসুস্থ হয়ে ডাক্তারখানায় গিয়ে সঠিক চিকিৎসা পেতেন না। কারণ তখন উপযুক্ত চিকিৎসা ব্যবস্থ পশ্চিমবঙ্গে ছিল না। বর্তমানে অবস্থার কতটা পরিবর্তন হয়েছে তা এখানে কয়েকটা তথ্য দিলেই প্রমাণ হয়ে যাবে। বর্তমানে গ্রামীণ জল সরবরাহ প্রকল্পের উদ্দেশ্য হল রাজ্যের মোট ৭৯,০৩৬ টি গ্রামীণ বসতিতে মাথাপিছু দৈনিক কমপক্ষে ৪০ লিটার জল সরবরাহ অথবা প্রতি ২৫০ জনের জন্য একটি করে উৎস সুনিশ্চিত করা। আর এই উদ্দেশ্য সাধনের জাতীয় লক্ষ্যমাত্রা হচ্ছে ৩১.৩.২০০৪। আমাদের রাজ্যে ৩১.০৩.১৯৭৭ সালে পানীয় জল বণ্টন ব্যবস্থায় উপকৃত জনসংখ্যার হার ছিল মোট জনসংখ্যার ১৪ শতাংশ। ৩১.০৩.২০০২ সালে সেই হার হয়েছে

৯০.২৮ শতাংশ। ৩১.০৩.২০০৩ সালে সেই হার বেড়ে হয়েছে ৯৫.৭৫ শতাংশ। আমাদের রাজ্যে এ ক্ষেত্রে ২ বছর আগেই জাতীয় লক্ষ্যমাত্রা পূরণ করতে সমর্থ হয়েছে। ২০০২ সালের মধ্যে ২০০১-২০০২ সালে ভারত সরকারের সংগৃহীত লক্ষ্যমাত্রায় ২০০০টি স্কুলের ক্ষেত্রে জলের উৎস সংস্থাপনের জন্য বলা হয়েছিল। আমাদের রাজ্যে সেই লক্ষ্যমাত্রা অতিক্রম করে ২০০১-২০০২ সালের মধ্যে ২৭৭৭টি স্কুলে নতুন পানীয় জলের উৎস সংস্থাপন করা হয়েছে। অর্থাৎ লক্ষ্যমাত্রা থেকে ৭৭৭টি বেশী। পশ্চিমবঙ্গে যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসে তখন পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে জনস্বাস্থ্য কারিগরী দফতরের পক্ষ থেকে নলবাহী জল সরবরাহের পরিমাণ ছিল মাত্র ০.৭ শতাংশ।

[3.00–3.10 p.m]

তার মানে হচ্ছে শতকরা ১জন নয় এবং ২০০০ সালে তা বেড়ে দাঁড়িয়েছে ২৮.৬৬ শতাংশ। এটা আমি এই উদ্দেশ্যে বলছি কারণ আমি লক্ষ্য করে দেখেছি, জনস্বাস্থ্য কারিগরী দপ্তর যে সমস্ত গ্রামীণ বিদ্যালয়গুলিতে পানীয় জলের ব্যবস্থা ছিল না— ২০০২-২০০৩ সালে যেখানে লক্ষ্যমাত্রা ছিল ২ হাজারটি স্কুলে নলকূপ স্থাপন করা সেখানে ইতিমধ্যেই ৩১.৩.২০০৩ সাল পর্যন্ত ১৮০০ স্কুলে নলকূপ স্থাপন করা হয়েছে এবং পঞ্চায়েতের মাধ্যমে গ্রামে গ্রামে, পাড়ায় পাড়ায় রিগ্-টিউবওয়েল বসানো হয়েছে এবং নলবাহিত জলের ব্যবস্থা করা হয়েছে। ৩১.৩.২০০০ সাল পর্যন্ত গ্রামীণ জনসংখ্যার যে হার ছিল তাতে দেখা যাচ্ছে উপকৃত জনসংখ্যার হার ৯৫.৭৫ শতাংশ। আমি যে কথাটা বলতে চাইছি সেটা হচ্ছে, গ্রামের পরিবেশকে সুস্থ রাখার জন্য এবং যাতে কোন রোগ গ্রামে প্রবেশ করতে না পারে তার জন্য পশ্চিমবঙ্গ সরকার প্রতিটি জেলাতে আজকে শৌচাগার তৈরী করেছে। আমাদের বর্ধমান জেলার রায়না ১ নম্বর এবং ২ নম্বর ব্লকে প্রায় ৯৫ ভাগ শৌচাগারের কাজ শেষ হয়ে গেছে এবং অন্যান্য ব্লকগুলিতেও এই কাজ চলছে এবং চেতনার মান বৃদ্ধি পেয়েছে। আগে শিক্ষার হার এতো ছিল না এবং শিক্ষায় চেতনার মান এতো ছিল না, ১৯৭৭ সালের পর বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় এলো, তখনই গ্রাম বাংলায় শিক্ষার ক্ষেত্রে চেতনার মানের বিকাশ ঘটেছে। তার ফলে বিশুদ্ধ পানীয় জলের চাহিদা বেড়েছে। কারণ আমি দেখছি, ১৯৭৭ সালের আগে স্কুলে যেসব ছাত্র-ছাত্রীরা পড়তো তাদের পারসেন্টেজ খুবই কম ছিল। তপসিলি জাতি এবং আদিবাসী মানুষের পারসেন্টেজ খুবই কম ছিল। ১৯৭৭ সালের পর ২০০৩ সাল পর্যন্ত দেখা যাচ্ছে গরীব ছাত্র-ছাত্রীদের যে সংখ্যা তাতে তপসিলি এবং আদিবাসীদের মধ্যে অনেকখানি চেতনার মানের বিকাশ ঘটেছে। সেই কারণে, এই যে পরিবেশ এই পরিবেশ সম্বন্ধে গরীব মানুষ অনেকটাই সচেতন হয়েছে এবং তারা বিশুদ্ধ পানীয় জল পান করছেন। তাদের শিক্ষার জন্যই এই চেতনার মান অনেকখানি বেড়েছে। সেইজন্য আজকে এই ব্যয় বরাদ্দের দাবীকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পি.এইচ. ই. দপ্তরের এবং হাউসিং দপ্তরের মন্ত্রী ডিমান্ড নম্বর ৪৫ এবং ডিমান্ড নম্বর ২৮ তে যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন সেই সম্বন্ধে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, আমি প্রথমেই মাননীয় মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ

জানাচ্ছি, কারণ, এই হাউসে বহুবার দার্জিলিং গোর্খা পরিষদের পি.এইচ.ই ডিপার্টমেন্ট কত কোটি টাকা বরাদ্দ করেছেন সেই বিষয়ে বক্তব্য রাখতাম। এবারে এ বাজেটে তিনি ডি.জি. এইচ. সি. সম্বন্ধে বিস্তৃতভাবে এবং স্বচ্ছভাবে উল্লেখ করেছেন। এরজন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে এবং বিভাগীয় আধিকারিকদের ধন্যবাদ জানাচ্ছি।

স্যার, আপনি জানেন, রিসেন্টলি, ৭ই জুলাই, কার্সিয়াং, মিরিক প্রভৃতি অঞ্চলে বিরাট ল্যান্ডস্লাইড হয়েছে, ধস নেমেছে এবং তাতে অনেক বাড়ীঘর ভেঙেছে, অনেক মানুষ মারা গিয়েছেন, অনেক রাস্তাঘাট নষ্ট হয়ে গিয়েছে, পঞ্চায়েত এলাকায় বহু জায়গায় পাইপ ওয়াটার সাপ্লাই ব্যবস্থা ধ্বংস হয়ে গিয়েছে। কার্সিয়াং এবং মিরিক নিয়ে প্রায় ১.৫০ কোটি টাকার ওয়াটার সাপ্লাই-এর পাইপ লাইন বিচ্ছিন্ন হয়ে গিয়েছে। মন্ত্রী মহাশয়ের কাছে আমার নিবেদন, রুর‍্যাল ন্যাচারাল ক্যালামিটি ফান্ড থেকে আপনার ডিপার্টমেন্টের জন্য যা বরাদ্দ হয় সেই টাকা থেকে অন্তত টেম্পোরারী রেস্টোরেশানের জন্য আপনি সেখানে টাকা বরাদ্দ করার কথা চিন্তাভাবনা করুন। বাজেট বই-তে দেখলাম মাননীয় মন্ত্রীমহাশয় পি. এইচ. ই. ডিপার্টমেন্ট থেকে রিসেন্টলি দুবরাজপুর, ডায়মন্ডহারবার, বালুরঘাট, টাকি ইত্যাদি বিভিন্ন পৌরসভায় পাইপ ওয়াটার সাপলাই স্কীমের জন্য টাকা বরাদ্দ করেছেন। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমি বহুবার অনুরোধ করেছি ওর অফিসে গিয়েও বলেছি যে হিলের ৪টি মিউনিসিপ্যালিটিতে ওয়াটার সাপ্লাই এর অবস্থা খুব খারাপ, এগুলি সেই ব্রিটিশ আমালেও তৈরি অতএব আপনি দার্জিলিং, কালিম্পং কার্সিয়াংয়ের কথা বিশেষভাবে চিন্তা করুন। আপনি জানেন যে দার্জিলিং-এ ওয়াটার সাপ্লাই-এর অবস্থা খুব খারাপ, সেখানে পানীয় জলের বিরাট সমস্যা রয়েছে, কার্সিয়াং- এর কথা বিশেষভাবে চিন্তা করুন। আপনি জানেন যে দার্জিলিং-এ ওয়াটার সাপ্লাইয়ের অবস্থা খুব খারাপ, যেখানে পানীয় জলের বিরাট সমস্যা রয়েছে, কার্সিয়াং-এও কিছুদিন বাদে সেই একই অবস্থা হবে অতএব মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ আমাদের পাহাড়ি এলাকায় ৪টি মিউনিসিপালিটিতে পাইপ ওয়াটার সাপলাই স্কীমের আপনি চিন্তাভাবনা করুন এবং এর জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করে কাজটা দ্রুত শেষ করুন। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, মিরিক-রায়ধাপ জন্য দু বছর আগে ডি. জি. এইচ. সি. প্রজেক্ট সাবমিট করেছিলেন এবং এর জন্য ১৫ লক্ষ টাকা পি. এইচ. ই. ডিপার্টমেন্ট থেকে এসেছিল কিন্তু কি কারণে জানি না ষষ্ঠ গভর্নমেন্ট থেকে এই ১৫ লক্ষ টাকা উইথড্র করে নেওয়া হয়েছে। কি কারণে এই প্রজেক্টের ১৫ লক্ষ টাকা রিটার্ন চলে গেল আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় তার জবাবী ভাষণের সেটা বলবেন। আপনি জানেন যে দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের মধ্যে পি. এইচ. ই. ডিপার্টমেন্ট পুরোপুরি ট্রান্সফোর্ড ডিপার্টমেন্ট। এর দুটি ডিভিশান ছিল— ডিভিশান ওয়ান এবং টু। কাজের সুবিধার জন্য ডিভিশান ওয়ানকে বাইফারকেট করা হয়েছে। এখন কার্সিয়াং, দার্জিলিং, কালিম্পং ডিভিশান আছে। এই যে ডিভিশান করা হয়েছে এর গভর্নমেন্ট অ্যাপ্রুভাল এখনও আসে নি। মাননীয় মন্ত্রীমহাশয়কে এই ডিভিশনগুলির সরকারী অ্যাপ্রুভাল যাতে পাওয়া যায় তা দেখার জন্য অনুরোধ করবো। বাজেট বইতে পড়লাম ওয়াটার কোয়ালিটি সার্ভের জন্য ২০০২-০৩ সালে আপনি ৪ লক্ষ টাকা দার্জিলিং-এর জন্য বরাদ্দ করেছিলেন। আমি খবর নিয়ে জানলাম

সপ্তাহখানেক আগে সেটা পাওয়া গিয়েছে। কিন্তু ওয়াটার কোয়ালিটি সার্ভের জন্য দার্জিলিং জেলার মতো একটা বড় জেলা, কালিম্পং, কার্সিয়াং, মিরিক এইসব নিয়ে বিরাট এলাকা এবং এর যা টপোগ্রাফিকাল অবস্থা, যে স্ক্যাটার্ড পপুলেশান তাতে এই টাকাটা সাফিসিয়েন্ট নয়, আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এটা চিন্তাভাবনা করে বরাদ্দ টাকাটা বাড়াবেন। দার্জিলিং-এ রেন ওয়াটার হারভেস্টিং-এর জন্য দিয়েছেন ১৩ লক্ষ ৪৯ হাজার টাকা।

[3.10–3.20 p.m.]

এখানে কাজ হয়েছে। কিন্তু আমার মনে হয় দার্জিলিং কালিম্পং কার্শিয়াং মিরিক এখানে যে পরিমাণ বর্ষা হয় তাতে এই ছোট ছোট প্রকল্পগুলো যদি দার্জিলিং কালিম্পং কার্শিয়াং এবং মিরিকে করা যায় তাহলে খুব ভাল হয়। এটা হিল এরিয়ায় খুব এফেকটিভ হবে। আপনি নর্থ বেঙ্গলের জন্য করছেন এটা শুনে আমি খুব খুসী হচ্ছি। আমাদের হিলের জন্য রেন ওয়াটার হারভেস্টিং-এর কাজ আরো বেশী করে করা হয় তাহলে ভাল হবে। আমি আজকে এই হাউসে আপনার মাধ্যমে বলতে চাই, আর. আই. ডি. এফ স্কীমটা যেমন বিভিন্ন ডিপার্টমেন্টে হচ্ছে, পি. ডবলু. ডি (রোডস)- এ হচ্ছে। আর . আই. ডি. এফ প্রোজেক্টে আমাদের দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের জন্য ৯ কোটি টাকার মতো স্টেট গভর্নমেন্টকে পাঠানো হয়েছে। এখন পর্যন্ত আর. আই. ডি. এফ-এর টাকা হিল কাউন্সিল কিছু পায় নি। তাই আমি আশা করবো মাননীয় মন্ত্রী মহাশয় এই ব্যাপারটা দেখবেন। এবারে আমি হাউসিং সংক্রান্ত বিষয়ে বলতে চাই। হাউসিং ডিপার্টমেন্ট দার্জিলিং হিল কাউন্সিলে না থাকলেও মাননীয় মন্ত্রী মহাশয় হাউসিং ডিপার্টমেন্টের মাধ্যমে পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতে হাউসিং প্রোজেক্ট গুলোতে অনেক কিছু হয়েছে। যেমন শিলিগুড়িতে সেবক ২ মাইলে হাউসিং-এর ঘরগুলো বানিয়েছেন এম. আই. জি., এল. আই. জি., এইচ. আই. জি স্কীম করেছেন। আমাদের দার্জিলিং, কালিম্পং, কার্শিয়াং এবং মিরিকে গভর্নমেন্টের হাউসিং শুধু আছে। কার্শিয়াং-এর কথা বলছি, সেখানে গভর্নমেন্টের ফ্ল্যাটে সরকারী কর্মচারীরা থাকেন। ওখানে মেনটেনেস হয় কিন্তু জলের একটু সমস্যা আছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি কার্শিয়াং-এ যে গভর্নমেন্টের হাউসিং আছে সেখানে জলের ব্যবস্থা হলে ভাল হয়। এবারে আমি বলতে চাই কালিমপং কার্শিয়াং মিরিকে গভর্নমেন্টের আনইউজড্ ল্যান্ড প্রচুর আছে। যেমন অন্যান্য জায়গাতে হাউসিং বাজেটের মাধ্যমে নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত পরিবারের জন্য ফ্ল্যাট তৈরী করে দেওয়া হয়, তারা এই যে সুযোগ পেয়ে থাকে সেই রকম দার্জিলিং কালিম্পং কার্শিয়াং এবং মিরিকের মানুষের জন্য আনইউজড হাউজিং এর ব্যবস্থা করা হলে হিলের মানুষ কিছু সুযোগ-সুবিধা পেত। তাই আমি আশা করছি মাননীয় মন্ত্রী মহাশয় এই ব্যাপারটা দেখবেন। আজকে আমি হাউসিং-এর বাজেটে দেখলাম কোলকাতাতে লেডিজ হোস্টেল বানানোর জন্য পরিকল্পনা নিয়েছেন। খুব ভাল হবে। এর জন্য আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি বলতে চাই আমাদের হিল থেকে নর্থ বেঙ্গল থেকে বহু স্টুডেন্ট কলকাতাতে পড়তে আসে। তারা কোলকাতায় এসে কষ্ট পায় থাকার অসুবিধার জন্য। লেডিজ হোসটেল কোলকাতায় হলে হিলের জন্য নর্থ বেঙ্গলের ছাত্র-ছাত্রীদের জন্য আপনি একটা

আলাদাভাবে প্রভিশান রাখেন তাহলে ভাল হয়। আমি আশা করছি এটা আপনি করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেটকে সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করছি। আমরা সকলে জানি পানীয় জলের সমস্যা একটা গুরুতর সমস্যা। কারণ আমাদের রাজ্যে একদিকে আর্সেনিক ক্লোরাইড, অপর দিকে কতকগুলি এলাকা লবণাক্ত রয়েছে, কিছু এলাকা ল্যাটারাল জোন রয়েছে যেখানে জল পাওয়া যাচ্ছে না। এই অবস্থার মোকাবেলা রাজ্য সরকার তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে করে চলেছে। আমি এই দপ্তরকে ধন্যবাদ জানাচ্ছি এই কারণের জন্য যে আমাদের ১৯৭৭ সালের আগে আমাদের রাজ্যে পানীয় জলের যে ব্যবস্থা ছিল সেটা ০.৭০ ভাগ। সেখান থেকে আমরা ২৮.৬৬ শতাংশে পৌঁছে গেছি। সুতরাং আমরা সহজেই বুঝতে পারছি, আমাদের যে সকল মৌজা রয়েছে দু-একটি জায়গা ছাড়া টিউবওয়েল অথবা নলবাহিত জল সব জায়গায় আমরা পৌঁছে দিতে পারিনি। মেদিনীপুরে আমার ওখানে সেই রকম ল্যাটারাইট জোন রয়েছে। এই ডিপার্টমেন্ট থেকে দু-বছর আগে একটি পরিকল্পনা নেওয়া হয়েছিল যে, কয়েকটি জায়গায় নলবাহিত জল পৌঁছে দেওয়া হবে। এই রকম পরিকল্পনা ছিল খয়রার চকে, যেটি একটি ল্যাটেরাইট জোন, যেখানে পানীয় জল পাওয়া দুষ্কর। সেখানে আমাদের কাজও হয়ে গেছে। কিন্তু বিদ্যুৎ কানেকশন না থাকার জন্য সেটি চালু করতে পারছি না। পাঁচকড়ি, জামতলা এবং অযোধ্যা পাহাড় এলাকায় সেই একই সমস্যা, ল্যাটারাইট জোন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, এই রকম ছ-সাতটি প্রকল্প করলে চলবে না। আপনার যে পরিকল্পনা, ল্যাটারাইট জোন ধরে সেই পরিকল্পনা আপনি করতে যদি পারেন, তাহলে জলের যে সমস্যা ঐসব অঞ্চলে রয়েছে, তার সমাধান হতে পারে। তাতে সুবিধা হয়। আমরা জানি যে, আমরা ভূগর্ভস্থ জলের ওপরে অনেকাংশে নির্ভরশীল। কিন্তু বৃষ্টির জলকে ধরে রাখার পরিকল্পনা করলেও এখনও পর্যন্ত তার সার্থক রূপ আমরা দিতে পারিনি। বিশেষ করে, পুরুলিয়ায় মাঝে মাঝে যেখানে গ্রামাঞ্চলে যে টিউবওয়েলগুলি রয়েছে, সেখানে জলের লেয়ার গ্রীষ্মকালে অনেক নীচে নেমে যায়। ফলে ঐ সমস্ত টিউবওয়েলগুলি থেকে জল পাওয়া যায় না। ঐ সমস্ত এলাকায় আপনি যে টিউবওয়েলগুলি পানীয় জলের জন্য দিচ্ছেন, দেখা যায় কিছু দিন পরে পাইপগুলি ফেটে যাচ্ছে অথবা অন্য কোন কারণে অকেজো হয়ে যাচ্ছে। এক্ষেত্রে কনট্রাকটরদের এটা বলা উচিত, দু-বছরের মধ্যে যদি টিউবওয়েলগুলো খারাপ হয়ে যায় তাহলে তারা বাধ্যতামূলকভাবে সারিয়ে দেবে। পি.ডবলু. ডি. ডিপার্টমেন্টে এই রকম নিয়ম করেছে যে, রাস্তা সারানোর তিন-চার মাসের মধ্যে কোন রাস্তা যদি খারাপ হয়ে যায় তাহলে সেটা কনট্রাকটারকে করে দিতে হয়। গ্রামাঞ্চলের লোকজনরা প্রায়ই আমাদের কাছে এসে বলেন যে ঐ টিউবওয়েলটা খারাপ হয়েছে, মিস্ত্রি পাঠাবার ব্যবস্থা করুন। আমরা দেখেছি, ব্লকে স্বল্প সংখ্যক মিস্ত্রি থাকে। ফলে তাদেরকে ব্যবহার করা যায় না। আমি এবারে হাউজিং প্রসঙ্গে কয়েকটি কথা বলবো। কেন্দ্রীয় সরকার আমাদের আর্সেনিক সমস্যা সম্পর্কে যে টাকা বরাদ্দ করেছেন, বোধহয় ৫০০ কোটি টাকা, ২০০১ সালের অক্টোবর মাসের ২৬ তারিখে তাঁরা বললেন

যে এই টাকা সম্পূর্ণ তাঁরা দিতে পারবেন না। আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে এর বিরুদ্ধে প্রতিবাদ করেছি। আমরা দিল্লীতে সর্বদলীয় প্রতিনিধি গিয়ে মন্ত্রী মহাশয়কে জানিয়েছি, কিন্তু কোন কাজ হয়নি। আমার দ্বিতীয় কথা হচ্ছে, এক সময়ে পশ্চিমবাংলায় হাউজিং নিয়ে প্রমোটাররাজ যেটা রমরমিয়ে চলছিল, হাউজিংয়ের মাধ্যমে আমরা তার কিছুটা রোধ করতে পেরেছি। তবে এখন কিছু লোক আছে তারা সময়মত ফ্ল্যাট পাচ্ছে না।

[3.20–3.30 p.m.]

আবার ফ্ল্যাটে যে নিয়ম-কানুন রয়েছে তাতে ৬০ বছর পর্যন্ত চাকুরীজীবী হলে তিনি ফ্ল্যাট পাবেন। ৬০ বছরের ওপরে হলে এককালীন সব টাকা দিয়ে দিতে হবে। এই ব্যাপারটা কিছুটা শিথিল করা যায় কিনা সেটা দেখার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানিয়ে, ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অরুণাভ ঘোষ : মাননীয় স্পীকার স্যার, আমি প্রথমেই কয়েকটি প্রস্তাব পেশ করব। আমি মাননীয় মন্ত্রী গৌতম দেবকে কলেজ লাইফ থেকেই চিনি একজন মিলিট্যান্ট ছাত্র হিসাবে, একজন্য সৎ মিলিট্যান্ট ছাত্র নেতা হিসাবে চিনি। তাঁর সেই মিলিট্যান্সি যতই গরীব লোকেদের পক্ষে থাকুক না কেন, আমরা যা দেখছি তাতে তাঁর অজান্তেই যে কোন কারণে হোক তাঁর সমস্ত অ্যাকটিভিটিজ হায়ার ইনকাম গ্রুপের পক্ষেই হয়ে যাচ্ছে। আপনার প্যারাগ্রাফ ১২, পেজ ৬ দেখুন It has so far constructed 1151 dwelling units for economically weaker section, 4558 for LIG, 11885 for MIG and 14118 for HIG categories.

তাহলে দেখা যাচ্ছে সবচেয়ে কম ট্রেস দিয়েছেন এই গরীব লোকেদের জন্য। তারপরে আরেকটু পয়সার লোকদের দিকে নজর দিয়েছেন যেমন এম আই জি গ্রুপ। সবচেয়ে বেশী নজর দিয়েছেন বড়লোকেদের দিকে। আমি জানতে চাইছি গত ৫ বছরে ইকোনমিক্যালি উইকার সেকশানের জন্য কটা বাড়ি আপনি করেছেন? আমার কাছে যে হিসাব আছে তাতে ৫ বছরে কিছুই করেননি। আপনার প্যারাগ্রাফ ১৪, পেজ এইট এবং নাইন - ৮ এবং ৯-এ জয়েন্ট সেকটার ভেনচার বেঙ্গল অম্বুজা, বেঙ্গল সাঁচি, বেঙ্গল আই এফ বি, হাউসিং ডেভালাপমেন্ট কোম্পানী লিমিটেড বেঙ্গল থেকে ৫ হাজার কোটি টাকা তুলেছিল এবং পুরোটাই মেরে চলেছে। আই এফ বি ইন্ডাস্ট্রি যিনি করেছেন আর বিজন নাগ, ওঁর নাম এরসঙ্গে জড়িত আছে। গ্রাজুয়ালি এই ডিসোসিয়েট করে। আর বেঙ্গল ডি সি এল যাদের সল্ট লেকে গাদাগাদা জমি রাখা আছে। অথচ নিজেরাই উঠে যাবে কাজেই লালবাতি জ্বালিয়ে দিয়েছে। এদের থেকেও ডিসোসিয়েট করুন। এইবার কয়েকটি বেসিক জিনিস আমি আপনার কাছে তুলে ধরতে চাই - আপনারা জয়েন্ট সেকটরের চেয়ে প্রাইভেট সেকটরের দিকে বেশী জোর দিচ্ছেন। আপনারা মেনলিওয়ে জয়েন্ট ভেনচার প্রজেক্ট খুব জোর দিয়েছেন। এখন যাচ্ছে রুচিরা রেডিডেন্সি যেটা ই এম বাইপাশে, কসবা কানেকটরের মধ্যে, তারই পাশাপাশি অভিবিক্তা এবং বেঙ্গল পিয়ারলেস এর ফেজ ওয়ান এবং টু-এর সব ফ্ল্যাট বিক্রি হয়ে গেছে। অথচ রুচিরা রেসিডেন্সির ৫০ শতাংশ

ফ্ল্যাটও করতে পারে নি। এগুলো সবই হাই ইনকাম গ্রুপের-১০ লক্ষ, ১২ লক্ষ টাকার বি টাইপ কোয়ার্টার। তার ৩৫ শতাংশ বুকিং হয়েছে এবং এর একটি ফ্ল্যাটের দাম ১১ লক্ষ টাকার উপরে। এই রুচিরা রেসিডেন্সি সম্পর্কে অনেক অভিযোগ উঠেছে। এই ফ্ল্যাটগুলো বুক করতে গেল ১০ লক্ষ টাকা মত জমা দিতে হচ্ছে। অথচ ফেরৎ নিতে গেলে তার ১০ পার্শেন্ট ডিডকট্ করে রেখে দিচ্ছেন। অর্থাৎ ১ লক্ষ টাকার লোকসান হচ্ছে। এর ফলে আপনার নিজস্ব তৈরী হাউসিং রুচিরা রেসিডেন্সিতে কেউ যেতে চাইছে না। অথচ জয়েন্ট ভেনচারে ভীষণভাবে লোকে যাচ্ছে। আমি শুধু আপনার কাছে জানতে চাই যে, কতগুলো অ্যাপলিকেশান এই রুচিরা রেসিডেন্সিতে উইথড্রল হয়েছে? এই রুচিরা রেসিডেন্সিতে কতজন অ্যাপ্লিকেশান উইথড্র করবার জন্য দরখাস্ত দিয়েছেন এবং ডিপোজিট হিসাবে তাদের কত টাকা রেখে দেওয়া হবে সেটা জানাবেন। এবার বেঙ্গল অম্বুজা সম্বন্ধে আমি বলছি, বেঙ্গল অম্বুজার ইক্যুইটি শেয়ার কিনেছেন হাউসিং বোর্ড। এখানে বোর্ডের শেয়ার কত এবং অম্বুজাদের, অর্থাৎ হর্ষ নেওটিয়াদের শেয়ার কত সেটা আপনি বলবেন এবং আজকে অবধি ডিভিডেন্ড হিসাবে সরকার কত টাকা তুলতে পেরেছেন সেটা বলবেন? হয়তো বলবেন কন্সট্রাকশান চলছে, কি করে করবো। কন্সট্রাকশান বিনা পয়সায় চলছে না, অম্বুজারা ভালোবেসে কিছু করছে না। আমি জানতে চাই, এই জয়েন্ট ভেঞ্চার আন্ডারটেকিং-এ আপনারা কত টাকা লাভ করেছেন? এতবড় হাউজিং প্রোজেকটে টোটাল টার্নওভার কত সেটা আমি জানতে চাই? নেচার অফ সুপারভিশান, জয়েন্ট ভেঞ্চার আন্ডারটেকিং-এ সরকারের পারসেন্টেজ বেশী থাকবে, ফিফটি ওয়ান পারসেন্ট থাকার কথা। আমি জানতে চাই, বোর্ডের সুপারভিশান কারা করছে? এরপরে আরেকটা জিনিস আমি বলতে চাই, গড়িয়ায় খুব ভালো ভালো ফ্ল্যাট হয়েছে, এক একটা ১৪০০ স্কোয়ার ফিটের, বারশো স্কোয়ার ফিটের। গভর্নমেন্টর যারা অফিসার, সেই আই. এ. এস. অফিসারদের সেখানে রেখেছেন, অনেক বিচারপতিদের সেখানে রেখেছেন। কিন্তু অনেক বিচারপতি আছেন, তারা রিটায়ার করার পরেও সেখানে বাস করছেন বছরের পর বছর ধরে। এখানে একাধিক ভদ্রলোকের কলকাতায় বাড়ি আছে, সেটা তারা ভাড়া দিচ্ছে, আর সরকারী আবাসন দখল করে রেখেছে। সল্টলেকে পুলিশের কয়েকজন অফিসার ফ্ল্যাট তৈরী করেছে এবং সেই ফ্ল্যাট একটা বে-সরকারী নার্সিং হোমকে ভাড়া দেওয়া হয়েছে, তাদের নার্সরা সেখানে থাকবে বলে তারা ওটা ভাড়া নিয়েছে। কিন্তু তারা সরকারী আবাসনে থাকছে। আমি জানতে চাই, এই অফিসাররা কি কোন ডিক্লারেশান দিয়েছেন যে কলকাতায় বা সল্টলেকে তিনি কোন বাড়ী কেনেননি, আর স্ত্রী বা ছেলেমেয়ের নামে কলকাতায় কোন ফ্ল্যাট কেনা হয়নি। যদি সেইসব অফিসারদের কলকাতায় বাড়ী থাকে, তাহলে গোলপার্কের আবাসনে তাদের থাকাটা বেআইনি। এল.আই.জি এবং এম.আই.জি. একাধিক ফ্ল্যাট আছে, এখানে যারা থাকার জন্য নিয়েছিলেন তারা থাকছে না, ইল্লিগালি সেখানে অন্য লোক থাকছে। আপনি এই ব্যাপারে অনেকটা এগিয়েও ছিলেন, কিন্তু আপনাকে পিছন থেকে টেনে ধরার ফলে আপনাকে কাজ করতে দিচ্ছে না। ওখানে যারা এলিজেবল ক্যান্ডিডেট তারা এদিকে ফ্ল্যাট পাচ্ছে না। বজবজের ইন্ডাসট্রিয়াল হাউজিঙের মেইনটেনেন্সে এর জন্য আপনি কি করেছেন? আমরা টেলিভিশানের মাধ্যমে রোজই দেখতে পাচ্ছি সেটার অবস্থা খুবই খারাপ,

ভেঙেচুরে যাচ্ছে। এদিকে আপনার দপ্তরের অফিসাররা বলছে ঠিক হ্যায়। এবারে আমি হাউজিং বোর্ড সম্বন্ধে বলব। আপনার হাউজিং বোর্ডের কতগুলি ডুয়েলিং ইউনিট্স গত পাঁচ বছরে কন্সট্রাকটেড হয়েছে এবং আর মধ্যে কতগুলি আপনি বিক্রি করতে পেরেছেন? আমি এই বিষয়ে হাইকোর্টে একটা মামলা করছি, তাই সে সম্বন্ধে বিস্তারিত যাব না।

[3.30–3.40 p.m.]

আপনি চেয়ারম্যানস কোটা হিসাবে প্রায় ৪২ খানা ফ্ল্যাট বিলিয়ে দিয়েছেন। সংখ্যাটা কত জানিনা, অনেকে বলছে ৩০০ মত ফ্ল্যাট আপনি আটকে রেখে দিয়েছেন, বিক্রি করেননি। আর যদি বলেন বিক্রি হচ্ছে না তাহলে নতুন প্রজেক্টগুলো করা ঠিক হবে না, যতক্ষণ না এগুলো বিক্রি হচ্ছে, তাহলে আপনার কোটা রাখা ঠিক হবে না। কারণ, যাদের দিচ্ছেন, তারা প্রথম দিন আপনাকে খুব তেল মেরে নেবে, কিন্তু পরে যখন আপনি বিপদে পড়বেন, তখন আপনার ডিফেন্সে কেউ আসবে না, তারা পাবলিক সেজে যাবে। হাউজিং বোর্ডে গত পাঁচ বছরে ইকনমিক্যালি উইকার সেকশনদের জন্য কতগুলো ফ্ল্যাট আপনি করেছেন এবং চেয়ারম্যানস কোটায় কতগুলো ফ্ল্যাট রেখেছেন? চেয়ারম্যান কোটা রাখতে গিয়ে আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর বিরুদ্ধে কলকাতা হাইকোর্ট অবজার্ভ করেছে ২৯৪ টি ফ্ল্যাট দিয়েছেন, যেগুলো সম্পূর্ণ ভাবে বেআইনি। যাদের দিয়েছিলেন, তারা সব পাবলিক হয়ে গেছে, সুপ্রিম কোর্টে গিয়ে কেউ তার পক্ষে ডিফেন্স করছে না। তারা বলেনি যে, আমরা অ্যাপলিকেশন করেছিলাম, আউট অফ টার্ন আমাদের দিয়েছে। যেসব নামী নামী আই.এ.এস., আই.পি.এস. অফিসারদের দিয়েছিলেন, তারা কেউ তাঁর জন্য ডিফেন্স করেনি। আপনার নিশ্চয় মনে আছে শীলা কলের কথা। যিনি সরকারি আবাসনের ফ্ল্যাট আউট অফ টার্ন দিয়েছিলেন। সুপ্রিম কোর্টে মামলা করল শিবশঙ্কর তিওয়ারি—পাবলিক ইন্টারেস্ট লিটিগেশন মামলা। তখন শীলা কল বললেন, আমরা নিজের লোক কাউকে তো দিইনি। সুপ্রিম কোর্ট বলল, যেসব লোক শীলা কলকে জানে, যারা ডাইরেকট অ্যাপ্রোচ করেছে, তাদের দেওয়া হয়েছে। শীলা কল চুরি করেছে সেটা বলছে না, কিন্তু এই যে ডাইরেকট অ্যাপ্রোচে ফ্ল্যাট দেওয়া ব্যক্তিগত কোটায়, সেটা সম্পূর্ণ বেআইনি। এবং ভবিষ্যতে মন্ত্রীরা যাতে মনে না করেন যে, সরকারি সম্পত্তি নিজের সম্পত্তি, এই ধারণা চুরমার করার জন্য ৬০ লক্ষ টাকা তাকে জরিমানা করল। পরবর্তীকালে হয়ত জরিমানাটা বাদ গেছে, কিন্তু কনডেমনেশনটা রয়ে গেছে। সেইজন্য অনুরোধ করব-এই ফাঁদে আপনি পা দেবেন না এবং ইমিডিয়েটলি চেয়ারম্যান কোটায় যেগুলো আছে, যেগুলো আটকে রেখেছেন, সেইগুলো বিক্রি করে দিন। হয়ত দু-বছর আটকে রেখেছেন, দু বছর আগে যে প্রাইস ছিল তার থেকে নিশ্চয় প্রাইস এসক্যালেশন হয়ে গেছে। ৬ মাস অন্তর নিশ্চয় প্রাইস এসক্যালেশন হয়। দাম বাড়ে। কি ভাবে করছেন বলবেন। শেষে বলি- অভিষিক্তা-T হাউজিং, রুচিরা রেসিডেন্সি করেছেন, সেখানে কলকাতা কর্পোরেশন একাধিক অভিযোগ করেছে। পাশাপাশি কলকাতা কর্পোরেশন বলছে, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের আইনমত প্রোমোটাররা কনস্ট্রাকশন করছে না। কিন্তু হাউসিং স্টেট রুচিরার বিরুদ্ধে তার চেয়ে অনেক বেশি অভিযোগ—যে স্ট্যাটুটরি

স্পেস রাখার কথা তা রাখেনি, যেটুকু গ্রীন রাখা দরকার, সেটা রাখেনি। মানুষের থেকে অবশ্য টাকা নিচ্ছে (নিয়েছে) সরকার। প্ল্যান সাবমিট করেছে ডিসেম্বরে, সেইগুলো স্যাংশন হয়নি। এখানে এইগুলো খবরের কাগজে দেখছি। কে.এম.ডি.এ.-র ক্লিয়ারেন্স নেয়নি, মিউনিসিপ্যাল বিল্ডিং কমিটি যাদের প্ল্যান রিজেকট করেছে, স্টপ ওয়ার্ক অর্ডার বার করেছে কে.এম.ডি.এ, তা সত্ত্বেও পাইলিং করেছে, টাকা-পয়সা নিয়েছে লোকের থেকে। এই জিনিসগুলো আপনি যদি না দেখেন তা হলে ভবিষ্যতে প্রাইভেট প্রমোটাররা আপনাদের উদাহরণ দেখিয়ে বলবে, ১০ ফুট ছাড়ার কথা ছিল, গভর্নমেন্ট ১০ ফুট না ছেড়ে পার পেয়ে যায় যদি আমরা কেন পাব না? আপনি বললে আমাদের দলের তরফ থেকে সাজেশনগুলো আপনাকে দিতে পারি। এইগুলো কিন্তু রুচিরায় একদম ক্যারি আউট করা হয়নি।

মিঃ স্পীকার : সভার অনুমতি নিয়ে আলোচনার সময় ১৫ মিনিট বাড়ানো হল।

শ্রী গৌতম দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে দুটো দপ্তরে আমার যে প্রস্তাব সেটাকে সকলে সমর্থন করবেন এই আবেদন করে, এখানে যে-কটা কাটমোশান দেওয়া হয়েছে তার বিরোধিতা করে, প্রধানত কাটমোশানগুলো দেখেছি অনেকগুলো দিয়েছেন সেটার উপর কিছু কথা আর এখানে যে কথা বলা হয়েছে সেটার উপর কিছু বলার চেষ্টা করছি। প্রথমে পি.এইচ.ইর উপরে বলছি। প্রথমে বলি এক নম্বরের কভারেজ যেটাকে বলে, সারাদেশে যে ভাবে যে সিস্টেম আছে, আগে গ্রাম ধরা হত। এখন গ্রাম ধরে হিসেব হয় না, সারাদেশে গ্রামকে ছোট করে দিয়েছে সেটাকে বলা হচ্ছে হ্যাবিটেশন, পাড়া এবং এই সিস্টেমে একটা মানুষ অন্ততপক্ষে পার হেড ৪০ লিটার যদি জল পায় অর্থাৎ আড়াইশো জন মানুষের মাঝখানে যদি একটা টিউবওয়েল থাকে অথবা একটা ট্যাপওয়াটারের স্ট্যান্ডপয়েন্ট থাকে তাহলে ধরা হবে সেখানে যেটা ডিজায়ারেবল লেভেল সেটা অ্যাচিভ করেছে। এটা তো মিনিমাম লেভেল সারাদেশে। সেই হিসাবে আমাদের ৭৯ হাজার ৩৬টা পাড়া আছে — হ্যাবিটেশন। তার মধ্যে ৭২ হাজার ২৮৪টা হ্যাবিটেশনে আমরা ফুলি কভারড অর্থাৎ ৪০ লিটার জল পার ডে, আমরা সেটা ক্রস করছি আর তার বাকীটার মধ্যে ২ হাজার ২৮৮ টাতে একটু খারাপ অবস্থায় আছি। ২০ থেমে ৩০ লিটারের মধ্যে আর ৪০ হাজার ৪৬৫তে ৩০ থেকে ৪০ লিটারের মধ্যে, যেটা আমাদের আগামী বছরের মধ্যে ফুলি কভারেজের মধ্যে নিয়ে আসতে হবে। এটা হচ্ছে একটা বিষয়। দেশের চিত্র এর চেয়ে খারাপ। সহজভাবে বলার জন্য বলছি। গ্রামের হিসেবে ৩৬ হাজার রেভিনিউ ভিলেজ আছে পশ্চিমবাংলায় ৩৬ হাজার ভিলেজ। পাহাড়, টাহাড় বাদ দিয়ে মাটির তলায় জল পাওয়া যাবে না। সব গ্রাম কোন মন্ত্রী নিতে না পারেন কিন্তু এম.এল.এরা এত আছে কেউ একটা গ্রামের নাম বলুন যেটা আগেও অ্যাসেম্বলীতে বলেছি একটা গ্রামের মানুষ বলুন পশ্চিমবলংলায় রেভিনিউ ভিলেজ ৩৬ হাজারের মধ্যে হিমালয়কে বাদ দিয়ে এই গ্রামে একটা টিউবওয়েল নেই, এই গ্রামের লোক জল খেতে পায় না। যত অসুবিধা হোক পশ্চিমবঙ্গ সরকার ৪৮ ঘণ্টার মধ্যে সেই গ্রামে টিউবওয়েল বসিয়ে দেবে। এটাই বলার উদ্দেশ্য যে একটা হচ্ছে এইরকম গ্রাম নেই, এইরকম গ্রাম কেউ পাবেন না আর দু নম্বর হচ্ছে এইরকম

গ্রাম যদি সত্যিই থাকে তাহলে সেটাকে অ্যাটেন করতে পারব। কারণ শুধু টিউবওয়েল আছে রাজ্যসরকারের তিন লক্ষ ১০ হাজার। ৩৬ হাজার গ্রামের কোন গ্রামে ৭টা, কোন গ্রামে ৮টা, কোন গ্রামে ১০টা। পাথুরে জায়গায় কাশীবাবু অজস্র কাটমোশান দিয়েছেন বাঁকুড়ার অনেকগুলো জায়গায় কথা বলেছেন। উনি নিজেও জানেন না যেখানে একটা পাথর কেটে একটা টিউবওয়েল হয়-রিগ বোর্ড টিউবওয়েল বলে। এমনি টিউবওয়েল করতে যেখানে খরচ পড়ে ১০ হাজার টাকা, এই টিউবওয়েল করতে সেখানে খরচ পড়ে ৭০ হাজার ৮০ হাজার টাকা। এইরকম রিগবোর্ড টিউবওয়েল বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম সমস্ত ল্যাটেরাইট জোনে সেখানে এখন ৩৮ হাজার ৬১৫টা হচ্ছে। পাথর কেটে টিউবওয়েল হচ্ছে।

[3.40–3.50 p.m.]

যখন মাটির তলায় যদি জল না থাকে এবং উপর থেকে বৃষ্টির জল যদি না আসে খরাপ্রবণ এলাকায় খুব সমস্যা হবে কিন্তু তা সত্ত্বেও আমরা চেষ্টা করে যাচ্ছি। আপনার অনেকগুলো কাটমোশন আছে বিশেষ করে বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম, পশ্চিম মেদিনীপুর এলাকায় ল্যাটেরাইট এলাকায় বিশেষ অগ্রাধিকার দিয়ে, বুঝবেন ৩৪ হাজার ১০৫টা রিগ বোর্ড টিউবওয়েল ভালো আছে। আগে যে ফিগারটা দিয়েছিলাম এই ৩৪ হাজার ১০৫টা টিউব ওয়েল ভালো আছে তার মধ্যে ৩০ হাজার ২১৮টি টিউবওয়েল হচ্ছে। শুধু এইটুকু জায়গার মধ্যে রিগ বোর্ড টিউবওয়েল আমাদের খরাপ্রবণ এলাকাতে আমরা অ্যাটেম্পট করতে পারি, যেহেতু ওই ব্যাপারে আপনাদের কিছু বক্তব্য আছে কিন্তু ইভন দেন মাটির তলায় জল না থাকলে সমস্যা হয়। পাথরের ফিশার থেকে কেটে জল তুলতে হয়। খানিকটা অসুবিধার কথা ন্যাচারালি। রাজস্থানের মরুভূমিতে হিমাচলের পাড়ার থেকে জল নিয়ে চলে আসছে। ইন্দিরা গান্ধী ক্যানেল, রাজীব গান্ধি ক্যানেল। এখন চিন যেটা ভাবছে দক্ষিণ থেকে জল নিয়ে উত্তরে নিয়ে যাবে মঙ্গোলিয়ার বর্ডারে, গরজাস প্রোগ্রাম বা রাজীব গান্ধি যেটা ভেবেছিলেন গঙ্গার জল, ব্রহ্মপুত্রের জল টেনে নিয়ে যাবে একেবারে দক্ষিণে। এক লক্ষ ৩০ হাজার কোটি টাকা খরচ। এখন যেটা বাজপেয়ী সাহেব ভাবছেন। সে সব তো এখানে কিছু নেই। এখানকার জল সমুদ্রে চলে যাচ্ছে, না গিয়ে আমরা বাঁকুড়ায় নিয়ে ফেলব এখানে সেসব কথা যায় না। এই অবস্থার মধ্যে দিয়ে আমরা সেখানে জল দিচ্ছি। নেকসট হচ্ছে পাইপ্‌ড ওয়াটার সাপ্লাই যেটা আমরা বলছি, যেটাতে অনেক বেশি টাকা খরচ হবে সাসটেনেবল যেটা এবং বেটার জল বলতে যা বোঝা যায়। পাইপ্‌ড ওয়াটার এখান থেকে তুলছি ২০ কিমি এলাকা জুড়ে মানুষকে জল খাওয়াচ্ছি যেটা কভারেজ ছিল ০.৭ পার্সেন্ট। পশ্চিমবাংলায় যত মানুষ গ্রামে থাকেন তার ০.৭ পার্সেন্ট মানুষ এই নলের জল খাচ্ছেন যেটা কলকাতার মানুষ খায়। এখন পশ্চিমবাংলার গ্রামের ২৯ শতাংশ মানুষ তারা টিউবওয়েলের জল খান না। টাইম কলের জল খান এবং যে প্রোজেক্টগুলো চলছে কোনোটা ৩ মাসে শেষ হবে, কোনোটা ৮ মাসে হবে, কোনোটা ৬ মাসে শেষ হবে তার কভারেজ ধরলে প্রায় ৩৫ শতাংশ মানুষ তারা এই টাইম কলের জল খাবেন, ট্যাপ ওয়াটারের জল খাবেন। যেখানে এক একটা প্রোজেক্ট করতে ২ কোটি, ৩ কোটি, ৫ কোটি, ৭ কোটি টাকা

পর্যন্ত খরচ এবং এইরকম প্রোজেক্ট আমাদের এখানে জল সরবরাহ করছে। পশ্চিমবাংলায় ৭২৯টা পাইপ্‌ড ওয়াটার সাপ্লাই এবং আমরা স্যাংশন করেছি ৯২৩টা, বাকিগুলো আস্তে আস্তে চলে আসবে। এটার থেকে আমাদের জিনিসটা আপনারা বুঝবেন। এবারে আমরা যে জোরটা দিয়েছি। এর আগে আমাদের সামনে আসে নি। যা আমরা করি নি। যেটা এই গভর্নমেন্ট আসার পর আমরা করেছি। শহরের মানুষ যে ফেসিলিটি পাচ্ছেন গ্রামের মানুষ সেটা ভাবতে পারতেন না। ইতিমধ্যে গ্রামের চেহারা, চরিত্র পাল্টে গেছে এবং সুবিধা যেহেতু পৌঁছে গেছে। বহু গ্রামের মানুষ বলছেন, মধ্যবিত্ত মানুষের সংখ্যাটা বাড়ছে, তাঁরা বলছেন আমাদের বাড়িতে জল পৌঁছে দিন, রাস্তা থেকে সেটা টিউবওয়েল হোক আমরা রাস্তা থেকে জল নেব না। সেইটা আমাদের নতুন করে আলোচনা করে যাতে একটা টাকা তারা ডিপোজিট দেবেন, মাসে একটা করে টাকা দেবেন। হাউস টু হাউস কানেকশন সাধারণ মানুষের কাছে মধ্যবিত্ত মানুষের কাছে এটা একটা বেটার সার্ভিস আর আমাদের কাছে অ্যালং উইথ দি বেটার সার্ভিস এটা হচ্ছে গভর্নমেন্টের হিউজ অপারেশন অ্যান্ড মেনটেন্যান্স এর খরচ হয়, তার একটা বড়ো টাকা আমরা এখানে থেকে পেয়ে যাব। আমরা হিসাব করে দেখেছি যে এখানে আমাদের ৮০ কোটি টাকা বছরে আমাদের খরচ হয় এই পাইপ্‌ড ওয়াটার সাপ্লাইকে আমাদের চালাতে। আমরা যে ৮৪টা মিউনিসিপ্যালিটিকে জল দিই কে.এম.ডি.এ. এলাকা বাদ দিয়ে আমরা সেই মিউনিসিপ্যালিটির হিসাব ধরছি না। শুধু গ্রামের পাইপ্‌ড ওয়াটার সাপ্লাই যদি আমরা চালাই এই চালাতে আমাদের ৮০ কোটি টাকা অপারেশন অ্যান্ড মেনটেন্যান্সের জন্য খরচ হয়। একটা হিসাব করে দেখতে পাচ্ছি যেহেতু আমরা কয়েক জায়গায় হাউস টু হাউস কানেকশন দিয়েছি, পান্ডুয়াতে দিয়েছি, জগদীশপুরে দিয়েছি, আরও কয়েক জায়গাতে দিয়েছি মালদাতে দেওয়া শুরু করেছি, দক্ষিণ ২৪-পরগনাতে দেওয়া শুরু করেছি। কোথাও ৬০ পার্সেন্ট, কোথাও ৭০ পার্সেন্ট আমাদের যে অপারেশন অ্যান্ড মেনটেন্যান্স কস্ট সেটা, সেই এলাকায় যত মধ্যবিত্ত মানুষ যারা আছেন প্রধানত পাকা বাড়ির লোকগুলো, আমরা সেন্সাস থেকে রিপোর্ট পেয়েছি কোথায় কত পাকা বাড়ি আছে, পাকা বাড়ির মানুষদের একটা বড়ো অংশ তাদের যদি আমরা হাউস কানেকশন দিতে পারি, আমরা দেখতে পাচ্ছি টোটাল সিস্টেমে অপারেশন অ্যান্ড মেনটেন্যান্সের কস্ট ৬০ থেকে ৭০ পার্সেন্ট তুলতে পারব এবং আমাদের যেটা বক্তব্য গরীব মানুষ বি.পি.এলের তলায় যে মানুষ তাদের আমরা বিনা পয়সায় জল দেব। আমাদের সরকারের খরচ খানিকটা কমে যাবে। আমরা এইসব জায়গায় মাননীয় বিধায়কদের কাছ আবেদন করছি যে, যেহেতু এটা একটা নতুন জিনিস, এর একটা আলাদা ব্যাংক অ্যাকাউন্ট করতে হবে, সিস্টেমটা আলাদা ফলে বিভিন্ন এলাকায় পাইপ্‌ড ওয়াটার সাপ্লাইগুলো চালাতে গেলে সেখানে হাউস কানেকশনের ক্ষেত্রে আশাকরি আপানারা সেই প্রচারটা করবেন এবং নতুন যে পাইপ্‌ড ওয়াটার স্যাংশন করব সেখানে হাউস কানেকশনের বিষয়টা ইন-বিল্ট করার চেষ্টা করছি, আপারেশন অ্যান্ড মেনটেন্যান্সের একটা খরচ আমাদের অবশ্যই তুলে আনতে হবে। এই প্রসঙ্গে আমি সজলধারার কথা বলছি, কয়েকজন উল্লেখ করেছেন, এটা আগের দিনই আমি বলেছি, এটা ভারত সরকারের সঙ্গে আমাদের নীতিগত

বিরোধিতা আছে। শুধু অন্য দলের সরকার বলেই নয়, ভালো কাজ করলে খারাপ বলার কোনো কারণ নেই। কিন্তু সজলধারা সম্পর্কে তাঁদের বক্তব্য হচ্ছে জল থেকে গভর্নমেন্ট আস্তে আস্তে উঠে আসবে। প্রথমে ৯০ পার্সেন্ট ১০ পার্সেন্ট বলেছেন, ওই ১০ পারসেন্টের কোনো মানে নেই। কারণ সেখানে বলছেন ৪০ পারসেন্ট ৪০ পারসেন্ট — ৪০ লিটার পার ডে যেটা আগে আমি বললাম সেটা যারা অ্যাচিভ করে গেছেন সেখানে যদি সজলধারা হয় তাহলে নো ১০ পারসেন্ট বিজনেস। সেখানে ২০ পারসেন্ট। যদি তার চাইতে বেশি হয়ে যায় সেই ভাবে পারসেন্টেজ বেড়ে যাবে। সুতরাং এফেকটিভলি পশ্চিমবাংলায় অর্ধেক জায়গায় কয়েকটি জায়গা ছাড়া যে ৬ হাজার জায়গায় আমি দেখলাম পার্সিয়ালি আমরা জল দিতে পেরেছি ৭৯ হাজারে মতো, তার বাইরে সজলধারার ১০ পারসেন্টের কোনো প্রভিশান নেই পশ্চিমবাংলায়। সুতরাং ৪০ পারসেন্ট, তার পরে বেড়ে যাবে, তার সাথে টোটাল অপারেশন এবং মেন্টেন্যান্স এটা সাধারণ মানুষকে করতে হবে। ভারত সরকারের সেক্রেটারি এসেছিলেন, এদের মন্ত্রী এসেছিলেন। মূলত আর্সেনিকের বিষয়ে বড়ো বড়ো প্রকল্প কি করে মানুষ করবে, যেখানে ইভেন একটা টিউবওয়েলের সঙ্গে যে সিলিন্ডার দেওয়া হয়েছে সেই সিলিন্ডারে হাত দেওয়াটাও খুব রিস্কি ব্যাপার, ট্রেনিং দেওয়া লোককে আমরা বলি এটাকে খুলে নিয়ে এর মধ্যে আর্সেনিক থেকে গেছে এটা কোথায় ফেলবে, কি করবে। বাচ্চারা যাতে হাত না দেয় এই রকম যখন ব্যাপার সেখানে সাধারণ মানুষ সমস্ত জিনিসগুলি অপারেট করবে এবং মেন্টেন করবে, পি.এইচ. ই.কে উঠে আসতে বলছেন। গ্রামে গ্রামে কমিটি করে তাদের হাতে টাকা দিয়ে দেবেন। রাজ্য সরকারের হাতেও টাকা দেবেন না। গ্রামে একটা কমিটি থাকবে, জিলাতে একটা কমিটি থাকবে, তাদের হাতে টাকা দিয়ে দেবেন, তারাই সব করবে। তারা করবে শুধুই নয়,সেই করার যে খরচ সেটা তাদের দিতে হবে। গভর্নমেন্ট দিতে পারবে না সেই টাকা। পঞ্চায়েত দিতে পারবে না সেই টাকা। তাদের সেখানে টাকা তুলে করতে হবে, এটা একটা অসম্ভব জিনিস। কোথায় কি করেছেন আমি জানি না। উনি একবারই বললেন হিমাচলে আপনি আসুন, হিমাচলে দেখবেন। এত বিরাট ভারতবর্ষ, আপনি ভারত সরকারের সেক্রেটারি, আপনি শুধু হিমাচল দেখছেন। পাহাড়ের উপর কি হয়েছে না হয়েছে। আপনি আর কোথায় এটা হয়েছে যা মানুষ নিজেরা সব চালাচ্ছে। সেখানে জলের ব্যবস্থা, ড্রেনেজের ব্যবস্থা নিজেরা কমিটি করে চালাচ্ছে আমাকে দেখাবেন। ঘটনাচক্রে আমি ঘরবাড়ির মন্ত্রী,—আমি ওনাকে বলেছিলাম আপনি সেক্রেটারি লোক, সাপোজ টু বি রিপ্রেজেন্টেটিভ অফ দা সিভিক সোসাইটি, আর গ্রামের লোক গরিব লোক। বিরাট বিরাট বাড়িতে ১০ লক্ষ, ২০ লক্ষ টাকা দিয়ে বাড়ি কেনে ১০০, ২০০টা লোক। তার পরে তাদের ঝগড়া মেটাতে আমার অ্যাপার্টমেন্টের ওনারশিপে চলে আসতে হয়। সেখানে বিচারপতি আছেন, আই.এ.এস. অফিসার আছেন, তাদের সেখানে ড্রেন কোথায় হবে, তাদের কোথা দিয়ে আলো যাবে, কোথা দিয়ে রাস্তা যাবে, তাদের জন্য দে হ্যাভ টু কাম টু দা অ্যাপার্টমেন্ট ওনারশিপ অ্যাক্ট, আমার অফিসারের কাছে আসে সেটা মেটাতে হয়। তা না হলে কোর্টে চলে যায়, আর গ্রামে এই সমস্ত জিনিস মানুষরা নিজেরা নিজেরা মিটিয়ে নেবে, তারা পয়সা তুলবে। যদি করতে পারে ভালো, আমাকে দেখাবেন। আমার মনে হচ্ছে সেটা অসুবিধাজনক। এ ক্ষেত্রে

যদি আর্সেনিকের বিষয় যেটা আপনারা জানেন সেই বিধানসভায় আমরা সর্বসম্মত সর্বদলীয় প্রস্তাব গ্রহণ করেছিলাম এবং এখান থেকে সর্বদলীয় ডেপুটেশান দিল্লিতে গিয়েছিলাম। তখন মন্ত্রী ছিলেন ভেঙ্কাইয়া নাইডু, উনি এখন বি.জে.পি.-র সভাপতি হয়েছেন, ওনাকে ২ বার এখানে আনা হয়েছিল, তার পরেও আমি দিল্লিতেও গিয়েছিলাম আলাদা ভাবে কথা বলতে। একটা বড়ো টীম নিয়ে আমরা গিয়েছিলাম এবং যে আর্সেনিকের টাকাটা বন্ধ করবেন না। যেটা ওনারা করেছেন। আর্সেনিকের টাকা ওনারা বন্ধ করে দিয়েছেন। এই যে ফ্লোরাইড নিয়ে আপনি বললেন বা অন্যরাও বললেন। কিন্তু কোনো নতুন বিষয়ে কোনো নতুন টাকা পাওয়া যাবে না। যে নর্মাল টাকা তার থেকে যদি আর্সেনিকমুক্ত জল দিন, যা ইচ্ছা তাই করুন। আলাদা কিছু টাকা পাওয়া যাবে না। এই যাবৎ যে ব্যবস্থা ছিল—যার জন্য এই ফিন্যান্স কমিশন আসছে আমাদের রাজ্যে কয়েক দিন বাদেই। সরকার ঠিক করেছেন সেখানে আমরা তাদের বোঝাবার চেষ্টা করবো কি অসুবিধার মধ্যে আমরা পড়েছি। এই আর্সেনিকের টাকা দিল্লি যদি বন্ধ করে দিয়েছ এবং আমি দিল্লির মন্ত্রীকে, বলেছি বেঙ্কাইয়া নাইডুকে বলেছি, এর আগে যিনি মন্ত্রী ছিলেন তাঁদেরও বলেছি এটা পশ্চিমবঙ্গের আর্সেনিকের জন্য নয়, আপনার অন্ধ্রপ্রদেশে মাটির তলায় কোথাও কোথাও গিনিওয়ার্ম আছে, সেখানে সেই রাজ্যগুলি মানুষকে জল খাওয়াবে কি করে। কয়েকদিন আগে ছত্তিশগড়ের মন্ত্রী এসেছিলেন সেখানে কংগ্রেস গভর্নমেন্ট আছে, ছত্রিশগড়ে অজিত যোগী মুখ্যমন্ত্রী, আমি বলেছিলাম আপনার সারা ছত্তিশগড়ে দন্ডকারণ্য, সার্গুয়া এই সমস্ত চত্বর জুড়ে মাটির তলায় ফ্লোরাইড ভর্তি। বাচ্চারা জল খাচ্ছে আর বেঁকে গিয়ে পড়ে যাচ্ছে। যেটা এখানে বলেছিলাম যে ফ্লোরাইডের জন্য কি হয়, সেখানে দাঁড়িয়ে আপনি কি করে মেটাবেন যদি অতিরিক্ত টাকা দিল্লি না দেয় যেটা বন্ধ করে দিয়েছেন। যাই হোক আমরা আলোচনা করে দেখছি আর্সেনিকের বিষয়ে উনি একটা হিসাব জানতে চেয়েছেন, সেটা আমি বলছি, হিসাবটা এই রকম যে এটা আমরা বুঝেসুঝে হিসাবটা লিখেছি, এঠা বিধানসভাতে দেওয়ার জন্য নয়, এটা আমরা দিল্লিতেও দিই।

[3.50–4.00 p.m.]

৫ শতাংশ দিলে ৯৫ শতাংশ বাকি থাকলে পর পয়সা চাইতে বেশি সুবিধা হত। কিন্তু হিসাব আমরা দিল্লিকেও দিয়েছি। এজ অন টুডে আমাদের হিসাব ৫১ পারসেন্ট অফ দি টোট্যাল পপুলেশন যেটা আর্সেনিক রিসক জোন, মানুষ বাস করে তাদের কাছে আমরা আর্সেনিক-ফ্রি জল দিতে পারছি এবং সেটা প্রধানত ৪টে মেথডোলজিতে। একটা মেথডোলজি হচ্ছে আর্সেনিক ট্রিটমেন্ট ইউনিট, যেটা আমরা করছি। সেটা জার্মানি আসছে, আমেরিকা আসছে, আমাদের শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজ আসছে, বিভিন্ন সংস্থারা আসছে। আর অ্যান্ড ডি পদ্ধতিতে যেটা করছি হ্যান্ডবোর টিউবওয়েলের সঙ্গে যে টিউব অ্যাটাচ করছি তাতে যে নাম্বার আছে তাতে আমরা ৪ লক্ষ ৮৭ হাজার মানুষের কাছে ঐ মেথডোলজিতে জল পৌছে দিচ্ছি যেটা আর্সেনিক-ফ্রি। নেক্সট হচ্ছে, আর্সেনিক আছে এমন জয়গাতে গভীর অ্যাকুইফিয়ারে চলে যাচ্ছি। সেকেন্ড অ্যাকুইফিয়ার বাদ দিয়ে, সিল করে দিয়ে থার্ড অ্যাকুইফিয়ার থেকে জল তুলছি। নর্মাল

টিউবওয়েলে কিন্তু অনেক খরচ করে করছি। এই রকম টিউবওয়েলে যা করেছি তাতে আমরা ১০ লক্ষ ২৬ হাজার লোককে আর্সেনিক-ফ্রি জল দিতে পারছি। যদিও সেই জল সবসময় মনিটর করতে হয়, তিন মাস অন্তর, হয়তো দেখা যাচ্ছে হঠাৎ করে এসে গেছে। থার্ড হচ্ছে, দিল্লি গভর্নমেন্টের সঙ্গে জয়েন্টলি লিটিগেশন প্রোগ্রাম নিয়েছি, নানান ধরনের প্রোগ্রাম নিয়েছি। ভারত সরকারের যেখানের ৭৫ শতাংশ কনট্রিবিউশন আছে। আমাদের যেটা আছে, যার মধ্যে মালদা চালু করলাম, দক্ষিণ ২৪-পরগনা চালু করলাম, আরো কতগুলো তাতে ২৭ লক্ষ ৮৬ হাজার মানুষকে জল দিতে পারছি। আর আমরা ২০৭টা পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম নিয়েছি শুধু আর্সেনিক এলাকার মধ্যে, যেখানেতে গভীর থেকে জল তুলে থ্রু পাইপ ওয়াটার, ১০টা গ্রামে আর্সেনিক আছে, একটা গ্রামে আর্সেনিক নেই, সেখান থেকে, গভীর থেকে জল তুলে ১০টা গ্রামকে আনটাচ করে সেখানে জল পাইপে পাইপে সাপ্লাই করছি। ২০৭টা পাইপ ওয়াটার স্কীম এবং তাতে ৪০ লক্ষ ২২ হাজার মানুষকে জল দিচ্ছি। টুগেদার ৮৩ লক্ষ ২১ হাজার মানুষের কাছে এজ অন ২০০৩। আমরা জল পৌঁছে দিচ্ছি ওয়ান ক্রোড় সিক্সটিন লাখ ৯৭ থাউজেন্ড-এর যেটা হয় ৫১.৬৯ পারসেন্ট। এই ৪টে মেথডোলজিতে এখন দিচ্ছি। এটা ঠিক এর মধ্যে এক-দুটো মেথডোলজি নট সাসটেইনেবেল। এই যে টিউবঅয়েল আমরা করলাম সেই টিউবওয়েলে হঠাৎ করে আর্সেনিক এসে যেতে পারে। সুতরাং, আল্টিমেটলি সাসটেইনেবেল হচ্ছে সারফেস ওয়াটার ট্রিট করে জল দেওয়া। কিন্তু সমস্ত অলমোস্ট বন্ধ হওয়ার উপক্রম ওই দিল্লি যে নীতি গ্রহণ করেছে তাতে। আমাদের যা পয়সা, তাতে যা পারা যাবে আস্তে আস্তে সময় লাগবে।

আর, এবারে হাউসিং-এর ব্যাপারে আসছি। ওনারটা যদিও প্রশ্নোত্তরের ব্যাপার। যখন কোশ্চেন অ্যানসার হবে তখন বলা যাবে, ২-১টা আমি হয়তো বলতে পারব। এক নম্বর হচ্ছে, রুরাল হাউলিং-এর ক্ষেত্রে এটা ঠিক, সেটা আপনি বলেছেন, সেটা এখন আমাদের রুরাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, পঞ্চায়েত ডিপার্টমেন্ট, তাদের মাধ্যমে হয়। ঠিক সেই রকম ইনফ্রাস্ট্রাকচার আমাদের নেই। ধরুন এই লাস্ট ইয়ারে এই রকম ৫৬ হাজার ৮৪৯ টা বাড়ি তৈরি হয়েছে গরিব মানুষের জন্য। ইন্দিরা আবাস যোজনা থেকে শুরু করে বিভিন্ন প্রোগ্রামে নতুন বাড়ি এবং বাড়ি আছে একটু ভেঙে চুরে গেছে সেই বাড়িটাকে ঠিক করা হয়েছে, আপগ্রেডেশন যেটাকে বলা হয়। সেটা হচ্ছে ২৯ হাজার ৫২৮টি অর্থাৎ ৫৬ হাজার বাড়ি নতুন তৈরি করা হয়েছে। ২৯ হাজার বাড়ি, আমি ছোটো ফিগার, শেষের ফিগারটাকে বাদ দিচ্ছি, ২৯ হাজার বাড়ি হচ্ছে, আপগ্রেডেশন করা হয়েছে লাস্ট ইয়ারে। এবং সেইভাবে '৯৭ থেকে আজ পর্যন্ত ৩ লক্ষ ৯১ হাজার ৫০০ বাড়ি গ্রামাঞ্চলে করা হয়েছে। কিন্তু এটা ঠিক যেটা আপনি বলেছেন যে হাউসিং ডিপার্টমেন্টের যে ইনফ্রাস্ট্রাকচার কলকাতা বা বড়ো বড়ো শহরে আছে সেটাকে আরেকটু ছড়িয়ে গ্রামের দিকে কিভাবে কি দেওয়া যায়। এমনিতেই দেখতে পাচ্ছেন সরকারের নিজস্ব ইনফ্রাস্ট্রাকচার বাড়ানোতে সমস্যা হচ্ছে। তা সত্ত্বেও এটা আমি বলতে পারি, এটা আমাদের আলোচনার মধ্যে আছে যে একটা বড়ো গঞ্জ আর গ্রাম—এই যে গ্রামের

লোক গঞ্জের পাশে আন-প্ল্যান্ড ওয়েতে চলে যাচ্ছে, এই জায়গাতে হাউসিং বোর্ড বা অন্যদের ইন্টারভেন করে প্ল্যান করে গ্রামের লোকেরা যেখানে আসছে, বড়ো গঞ্জের আশপাশে সেই জায়গাটা একটা প্ল্যান্ড জায়গা হবে। তার সোয়ারেজ থাকবে, ড্রেনেজ থাকবে, ল্যান্ড ডেভেলপমেন্ট থাকবে। এই রকম একটা প্রোজেক্ট আমরা গ্রহণ করে এগোতে পারি কিনা সেটা আমাদের আলোচনার মধ্যে আছে, একনই ফাইনাল কিছু বলা যাচ্ছে না। এবং এটা দেখেছেন যে হাউসিং বাজেট, বিভিন্ন দপ্তরের বাজেট কমেছে। হাউসিং বাজেটও নানান কারণে খুবই কমেছে এবং অনেক কাজই ঠিক দপ্তর হিসাবে হাউজিং ডিপার্টমেন্ট নিজে করতে পারবে না সেটা সব সময়। বাজেট-টা গত বছরের থাকলেও যে বেশি কিছু করতে পারত তা নয়। সেই জন্য আমাদের বক্তব্য ঠিক আছে যে হাউসিং ডিপার্টমেন্ট টু অ্যাক্ট অ্যাজ ফেসিলিটেটর। যদিও দিল্লির সঙ্গে আমাদের একটা ঝগড়া আছে—কংগ্রেস আমলে ছিল, এখনও আছে। ওদের বক্তব্য ফেসিলিটেটরে ফুল স্টপ। আর আমরা ওদের বলেছি, ফেসিলিটেটর টুগেদার উইথ প্রোভাইডর, ১০ পারসেন্ট অফ দি টোটাল কস্ট। যদি আমি পশ্চিমবঙ্গে গভর্নমেন্ট অ্যান্ড কোয়াসি গভর্নমেন্টকে দিয়ে করতে পারি তাহলে আমি মার্কেটে প্রাইসের উপর কন্ট্রোল করতে পারবো। আমি কোয়ালিটির উপর কনট্রোল করতে পারবো। তা না হলে আমি পারবো না। সুতরাং জেনে-শুনে বেশি আমি প্রোভাইড করতে পারবো না। ফেসিলিটেট করবো—সেখানে হাউসিং-এর বাজেট যাই হোক আমরা এবছরে খরচা করবো হিডকোর পক্ষ থেকে এই ফিনানশিয়াল ইয়ারে খরচা করবো ৩৭৩ কোটি টাকা, আমাদের হাউসিং বোর্ড এবছর খরচা করবে ১১২ কোটি টাকা এবং আমি বলছি টোটাল প্রোজেক্টে যেটা খরচা করবো, জয়েন্ট ভেঞ্চার কোম্পানিগুলো—আমাদের যে ৫-৬টা আছে, বিভিন্ন প্রোজেক্ট তাদের চলছে, তাতে ১৩০ কোটি টাকা অর্থাৎ এই ৩টে, গভর্নমেন্ট অ্যান্ড কোয়াসি-গভর্নমেন্ট অর্গানাইজেশনকে যদি এক জায়গায় ধরেন যে এটা একটা গভর্নমেন্টের কমন লাইনের মধ্যেই আছে হাউসিং ডিপার্টমেন্টের, হাউসিং ডিপার্টমেন্টের বাজেটের সাথেই ৬১৬ কোটি টাকার কাজ আমরা করতে পারবো-এটা অ্যাজ প্রোভাইডার অ্যান্ড ইউ উইল ফেসিলিটেট। আরও বেশি বাড়ি-ঘর করবার ক্ষেত্রে এঠা ফেসিলিটেট করবে—এর মধ্যে অসীমবাবুর কোনো টাকা নেই। এই ৬১৬ কোটি টাকার মধ্যে এক টাকাও পশ্চিমবঙ্গ সরকারের নেই। আমরা বলছি আমাদের নিউ টাউনে আমাদের পরিকল্পনা, সেই পরিকল্পনা হচ্ছে এই ডিসেম্বর-জানুয়ারি মাসে ২ লক্ষ ৩০ হাজার মানুষ অলরেডি জমি পেয়েছেন। তাঁদের হাতে জমি পৌঁছে দেওয়ায় তারা নিজেদের বাড়ি-ঘর তৈরি করতে শুরু করেন। সেখানে আমরা হিসাব করে দেখলাম, ওই জায়গায় আমাদের খরচা হচ্ছে ৭০০-৭৫০ কোটি টাকা, তার মধ্যে প্রায় ৬০০ কোটি টাকার মতো আমরা খরচা করেছি এবং আরেকটা ব্যাপারে হিসাব হচ্ছে যে, যেহেতু আমরা কোনো বাড়ি করছি না, ময়দানটা তৈরি করে দিচ্ছি—তার উপর ১০ পারসেন্ট রিয়েল ইনভেস্টমেন্ট হবে। যারা বাড়ি কিনবেন বা অফিস-কাছারি করবেন—আমরা ৭ হাজার কোটি টাকা খরচা করছি, মানে ওখানে আরও ৭০০ কোটি টাকা খরচা করছি। মানে ৭ হাজার কোটি টাকা কয়েক বছরের মধ্যে খরচা করেছি। যেহেতু রেডি জমি আমরা দিচ্ছি, যারা বাড়ি তৈরির

কাজ শুরু করবেন, সেখানে ৭ হাজার কোটি টাকার ইনভেস্টমেন্ট, কয়েক বছরের মধ্যে সেখানে সাধারণ মানুষ করবেন। এই হবে আমাদের বিষয়টা। কোলকাতায়, বম্বে, ম্যাডরাস, দিল্লি—এসব জায়গার থেকে বাড়ির দাম খানিকটা কম। তার একটা বড়ো কারণ হচ্ছে, আপনি যে বাড়িটা করে বিক্রি করবেন—যদি বাইপাসের উপর আমি এক হাজার বাড়ি নিয়ে বসে থাকি, সল্টলেকে যদি আমি এক হাজার বাড়ি নিয়ে বসে থাকি, ভি.আই.পি. রোডের উপর আমি এক হাজার বাড়ি নিয়ে বসে থাকি—যার দাম হচ্ছে ৫ লক্ষ টাকা, ৭ লক্ষ টাকা উইথ দ্যাট কমন এরিয়া—যেটা প্রাইভেট প্রোমোটার রাখতে পারেনা—উপর থেকে সিগারেট ফেললে লোকের ঘাড়ে পড়ে—এখানে ৪০ পারসেন্ট ওপেন এরিয়া—হাউসিং বোর্ড এবং জয়েন্ট সেক্টরকে আমরা প্রেসার দিচ্ছি সরকারের। ফলে আগে লোকে এখানে কিনবে। ৭ লক্ষ টাকার বাড়ি না বিক্রি হলে তো ঝট করে ৮ লক্ষ টাকায় যাবে না। ফলে এর একটা প্রাইস মেকানিজমের উপর ইমপ্যাক্ট আছে, কোয়ালিটির উপর ইমপ্যাক্ট আছে। সেজন্য এই প্রোভাইডারের রোলটাকে আমরা রেখে দিয়েছি—নোয়িং ফুললি ওয়েল যে, যা বাড়ির দরকার তার ১০-১৫ পারসেন্ট এর বেশি আমরা করতে পারবো না। এর সাথে রয়েছে প্রোমোটার আইন, যেটা এখান থেকে পাশ হয়েছে সংশোধনীটা। যেখানে আমাদের অভিজ্ঞতার ভিত্তিতে প্রোমোটারদের সাথেও আলোচনা করেছি। বড়ো বড়ো প্রোমোটারদের সাথেও আলোচনা করেছি। তারেও ২-১টা অসুবিধা ছিল—আমরা ঢুকিয়েছি এবং জেলে যাওয়াটা এক বছরের জায়গায় ৫ বছর, কি ফাইনটা কত বেশি এবং বাড়িটা আমরা ভেঙে দিতে পারবো যেটা আমাদের আগে অধিকার ছিল না। আজকে আমি বিধানসভায় অফিসারদের বলছিলাম যে, ওটা কি দাঁড়ালো? ওনারা বললেন, রাষ্ট্রপতির কাছে একটা ডেট দিয়ে বললেন রাষ্ট্রপতির সেক্রেটারিয়েটে এই দিনে পৌঁছেছে। আমরা আশা করছি যে, নিশ্চয়ই মাননীয় রাষ্ট্রপতির অনুমোদনের মধ্যে দিয়ে এই প্রোমোটার আইনটিকে আরও শক্তিশালী করে নিয়ে এসেছি যাতে দায়িত্ব নিয়ে যারা প্রোমোটিং করবেন তাঁরা করুন। কিন্তু মানুষকে ঠকানোর যে বিষয়টা সেটা যাতে না হতে পারে। হাউজিং বোর্ডের পারফরমেন্স নিয়ে এখানে বলা হয়েছে। সেটা জেনে খুশি হবেন যে, সরকারি সংস্থা এবং কংগ্রেস আমলেই এটা তৈরি হয়েছিল, আমরা কোনোদিন না থাকলে আপনাদের চালাতে হবে। সরকারি সংস্থা উঠে তো আর যাবে না। ২০ কোটি, ২২ কোটি টাকা তাদের প্রোডাকশন থেকে তারা চলে এসেছে ৫৭ কোটি টাকার প্রোডাকশনে—এ বছরেতে এবং তাদের টার্গেট হচ্ছে এ বছরে প্রায় ৮০-৮৫ কোটি টাকাতে এই ফিনান্সিয়াল ইয়ারে পৌঁছাবে। সেল্‌সের দিক দিয়েও সেটা আছে এবং রিগার্ডিং রুচিরা, আমি কাগজে দেখেছি, আমি গোটা জিনিসটা জানি না। আপনি বললে আমি শুনবো। তবে এটা কর্পোরেশনের সাথে হাউজিং বোর্ডের কখনও অসুবিধা হয় না। বহু যুগ ধরে কর্পোরেশনের সাথে হাউজিং বোর্ড সবটা করে, আর এটাও জানবেন, আমাদের যে প্রোমোটার আইন, সেই প্রোমোটার আইনে কর্পোরেশন যে বাড়িটা করেছে—কর্পোরেশন যদি বাড়িটাকে বাজার করে—প্রোমোটার আইনে তা রেজিস্টার্ড হওয়ার কথা।

[4.00–4.10 p.m.]

এখানে যে সিলভাস্টিং বাড়ি তৈরি করছে ওটার এনভায়রমেন্ট ক্লিয়ার হওয়ার পরে আমাদের এখানে রেজিস্টার্ড করার কথা। কর্পোরেশান করেনি বলে আমরা ভাঙতে চাইনি। সেটা আমি আস্তে করে চিঠি দিয়ে এই নিয়মটা ওদের মনে করিয়ে দেব। সুতরাং কর্পোরেশানের সাথে আমরা সম্পর্কটা ঠিক করে নিতে পারব, অসুবিধা হবে না।

মিঃ স্পিকার : সময় আরো ১৫ মিনিট বাড়ানো হল।

শ্রী গৌতম দেব : এখানে বেআইনির কোনো প্রশ্নই নেই। আপনি পরে জেনে নেবেন। আপনাকে এত কথা জানিয়ে দিয়েছে। আমিও জেনে নেব। আপনারা নিজেরা গিয়ে দেখে আসবেন, কোনো অসুবিধা তো নেই। এখানে শুধু গালাগালি করবেন, বিরোধিতা করবেন। আপনারা একটা হাউজিং বোর্ডের প্রোজেক্ট-এ গিয়ে তার মাঝখানে ফাঁক কটা আর একটা প্রাইভেট প্রমোটারের বাড়িতে গিয়ে কত ফাঁক দেখবেন। একটা জানলাতে বা একটা দরজাতে কোন ভুল করেছে সেটা সে কারেকশান করে নেবে। যদি সে ভুল করে থাকে। কিন্তু ইনটেনশানটা কি থাকবে? এটা তো পারসোনাল লাভের ব্যাপার নয়। ইনটেনশানটা কি থাকবে? এল.আই.জি., এম.আই.জি.-র আমরা প্রথম ৬০ হাজার টাকায় ফ্ল্যাট বিক্রি করেছি গোলপার্কের ওখানে। আমার মনে আছে ১ লক্ষ ১০ হাজার টাকার ফ্ল্যাট বিক্রি হচ্ছে এক লাখে। হাউজিং তৈরি হয়েছে। হাউজিং বোর্ড তারা দেবে। বেঙ্গল অম্বুজা হোক, বেঙ্গল পিয়ারলেস হোক, বেঙ্গল সাচী হোক, আমি বার বার এই বার বার এই অ্যাসেম্বলীতে বলেছি, আপনি আসতে আসতে তো আনেক বছর হয়ে গেল, এর আগেও আমি বলেছি ওদের কাগজে যা লিখেছেন, লিখেছেন, জয়েন্ট সেক্টর আমার করতে অসুবিধা নেই, জয়েন্ট সেক্টর আমার তুলে দিতে অসুবিধা নেই। আমি যেটা বুঝি মন্ত্রী হিসাবে। তিনটি জিনিস বুঝি কাগজে যা পারছেন লিখুন—নম্বর (১) ১০০০ টা ফ্ল্যাট করব, তার ৫০ ভাগের বেশি তার মধ্যে ৫শত ফ্ল্যাট করতে হবে গরীব মধ্যবিত্তদের জন্য। দিস ইজ নাম্বার ওয়ান। নাম্বার (২) গরীবদের বাড়ি ক্রস সাবসিডি দিয়ে করতে হবে। যদি ২ লক্ষ টাকা খরচ হয়, দেড় লক্ষ টাকায় বিক্রি করতে হবে। দাম ঠিক করে দেব আমরা—গভর্নমেন্ট। মধ্যবিত্তদের বাড়ি নো লস নো প্রফিট-এ। এইচ.আই.জি বাড়ি থেকে আপনি লাভ করুন। নাম্বার ৩-এ ওপেন লটারি করে আপনাকে দিতে হবে। এর সাথে আপনারা অন্য যে আইন দেখতে হয়, আপনার মত উকিলের সাথে পরামর্শ করে এম.ও.ইউ. করুন, সবকিছু করুন। কিন্তু এই যদি থাকে একটা প্রোজেক্ট দেখতে পারেন না আপনি। ঘটনাচক্রে যে প্রোজেক্টগুলো যে হচ্ছে সব আরবান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের। আমি ঠিক জিনিসটা জানিনা। সৌরভ আবাসন বলছেন, অমর্ত্য আবাসন বললেন, ৯৩ লক্ষটাকা একটা ফ্ল্যাটের দাম। এর কোনোটিই হচ্ছে জয়েন্ট সেক্টরে। জয়েন্ট সেক্টরে হাউজিং ডিপার্টমেন্টের সাথে যদি একটা প্রোজেক্ট করে তার ৫০ পারসেন্টের বেশি বাড়ি দেখাতে হবে এল.আই.জি., এম.আই.জি.। এল.আই.জি.-র দাম ঠিক করার আগে কস্ট যা আছে, আমার কাছে দেখিয়ে যেতে হবে

এল.আই.জি-র বাড়ির দাম কত? সেটা আমরা ঠিক করব। সেটা ক্রম সাবসিডি হবে। এম.আই.জি.-র দাম আমরা ঠিক করব এবং তা লটারি করে দিতে হবে। যেটা আমাদের একটা ঘোষিত পলিসি। কলকাতা শহরে নিম্নবিত্ত লোক থাকতে পারবে কি পারবে না? দিস ইজ দি বিগ চ্যালেঞ্জ অফ্ দি গভর্নমেন্ট। ১৯৮৯—১৯৯৮ এই ১০ বছর যা গোনা হয়েছে—সেনসাস রিপোর্টে সারা ভারতবর্ষের মধ্যে একটা ডিস্ট্রিকটে লোক বাড়েনি, লোক কমেছে, সেটা কলকাতা। এবং কেন? ব্যাখ্যা করতে গিয়ে সেনসাস অথরিটি লিখেছে, ডিউরিং দিস টাইম সিন্স ১৯৮৯—৯১-এ বহু জয়েন্ট ফ্যামিলির লোক পুরনো বাড়ি বেচে দিয়ে বারাসতে গেছে, সোনারপুরে গেছে, এই সমস্ত করেছে। দিস ইজ দ্য বিগ চ্যালেঞ্জ ফর দি গভর্নমেন্ট যে, কলকাতায় মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষ থাকতে পারবে কি পারবে না? এই জিনিস প্রোমোটারদের হাতে দিতে পারিনি বলে এই ইনটারভেনশান আমরা করেছি। (সেগুলি আপনি আমার কাছে আলাদা প্রশ্ন করবেন—৩২কোটি টাকা শুধু স্ট্যাম্প ডিউটি-তে ওই একটা প্রোজেক্ট থেকে রেজিস্ট্রেশান আদায় হয়েছে। গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গলের ফিনান্স ডিপার্টমেন্টের ৩২ কোটি টাকা রেজিস্ট্রেশান। আর সেটা আপনি বলেছেন ডিভিডেন্ড ওরা কত দিয়েছে? অ্যাস অন টু ডে। উত্তর দিয়ে দেব। আর যেটা বলেছেন এভিকশান এর ব্যাপারে। এভিকশান কিছু কিছু করা হচ্ছে। আমি প্রশ্নের উত্তরে বলেছি যে এভিকশানগুলো হাইকোর্টে কিছু আটকে যায়, তাসত্ত্বেও গড়িয়াহাটের কতকগুলির কথা আপনি বললেন, সেটা আমরা দেখছি। আর রিগার্ডিং অ্যালটমেন্ট-এর ব্যাপারে আমরা সুপ্রিম কোর্টের রায় সমস্ত পড়ে আপনি যেমন বিধানসভার সদস্য, প্রফেশানে কোর্টে যান, এইরকম কোর্টে যাওয়া মানুষদের সাথে পরামর্শ করে সুপ্রিম কোর্টের রায় পড়ে শক্তি মুখার্জী থেকে শুরু করে সকলের সাথে পড়ে কি আমরা করতে পারি। তার মধ্যে দাঁড়িয়ে, আবার বিজ্ঞাপন দিয়ে সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী গোটা জিনিসটা করছি। আপনি কোর্টে মামলা করেছেন, আপনি ভালই জানেন যে আমাদের কি বক্তব্য আছে। আগে কোন গরীব মানুষ এসে বললে আমি দিয়ে দিতাম। এখন সেটা দিতে পারছি না। এখন আপনি অ্যাপলাই করলেও ইউ হ্যাভ টু ওয়েট ফর টু মান্থস। আবেদন পাবার পরে সবগুলো নিয়ে একটা কমিটি হবে, তারা স্ক্রুটিনি করবে; দেন দে উইল সাবমিট দি লিস্ট টু মি। সেজন্য সাম পয়েন্ট অব টাইম চেয়ারম্যান কোটা ফাঁকা থেকে যাচ্ছে। এ কাজ তো আমি রোজ রোজ করতে পারি না—বছরে দু দিন, একদিন বসি।

শ্রী কাশীনাথ মিশ্র : এম.এল.এ-দের কি দেবেন?

শ্রী গৌতম দেব : এ ব্যাপারে আমি নিজে মনে করি সরকারী অফিসারদের জন্য যদি ১৬০০ ফ্ল্যাট থাকতে পারে তাহলে এম.এল.এ-রাও যখন দেশের কাজ করছেন তখন তাঁদের জন্যও পাঁচটা থাকতে পারে। স্পীকার সাহেব যদি বলেন পাঁচজনকে দেবার জন্য আমি সে ব্যবস্থা করে দেব। পরিশেষে আমি বিরোধীদের সমস্ত কাট্‌মোশানের বিরোধিতা করে, পি.এইচ.ই. এবং হাউসিং দপ্তরের বাজেটকে সমর্থন করার জন্য সভার সকলকে অনুরোধ জানিয়ে আমি বক্তব্য শেষ করছি।

Demand No. 45

The motions that the amount of the Demand be reduced to Rs. 1 were then put and lost.

The motions that the amount of the Demand be reduced by Rs.100 were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.03.2003 that a sum of Rs.307,35,48,000 be granted for expenditure under Demand No. 45, Major Heades: "2215–Water Supply and Sanitation, 2245–Relief on account of Natural Calamities, 2250–Other Social Services, 2251–Secretariat—Social Services, 2551–Hill Areas and 4215–Capital Outlay on Water Supply and Sanitation" during the year 2003–2004. (This is inclusive of a total sum of Rs.102,45,16,000 already voted on account) was then put and agreed to.

Demand No. 28

The motions that the amount of the Demand be reduced to Rs. 1 were then put and lost.

The motions that the amount of the Demand be recuded by Rs.100 were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.03.2003 that a sum of Rs. 74,71,54,000 a granted for expenditure under Demand No. 28, Major Heads: "2216–Housing, 2251–Secretariat-Social Services, 2851 – Industries, 4216–Capital Outlay on Housing and 6216–Loans for Housing" during the year 2003-2004 (This is inclusive of total sum of Rs. 24,90,51,000 already voted on account) was then put and agreed to.

Mr. Speaker : All the cut motions are in order and taken as moved.

Demand No. 6

Shri Kashinath Mishra : Sir, I beg to move that the amount of the demand be reduced to Re. 1.

Shri Pankaj Banerjee
Shri Saugata Roy
Shri Kamal Mukherjee } Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100.

Shri Subrata Mukherjee
Shri Kallol Khan
Shri Tarak Bandyopadhyay
Shri Pundarikakshya Saha
Shri Kalipada Mandal
Shri Asish Banerjee
Shri Dilip Mondal
Shri Abdul Mannan &
Shri Manturam Pakhira.

} Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100.

শ্রী অসিত কুমার মাল : স্যার, ২০০৩-২০০৪ সালের '৬ নং দাবি' উত্থাপন প্রসঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী আনিসুর রহমান সাহেব যে বাজেট বা ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে, কংগ্রেস এবং বিরোধী দলের আনা কাটমোশানকে সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি।

স্যার, প্রথমেই আমি বলব যে, অ্যানিমেল রিসোর্স ডেভেলপমেন্ট-এর উদ্দেশ্যে তথা গবাদি প্রাণীদের কৃত্রিম প্রজনন খাতে রাজ্য সরকার কোটি কোটি টাকা খরচ করছেন।

[4.10–4.20 p.m.]

এবং এই কোটি কোটি টাকা খরচ করে লিকুইড নাইট্রোজেন প্ল্যান্ট শিলিগুড়ি, বেলগাছিয়া এবং হরিণঘাটায় বানানো হয়েছে। কিন্তু রাজ্যে এখনো পর্যন্ত কৃত্রিম প্রজননকে সঠিকভাবে জনপ্রিয় করে তোলা যায়নি। এ ব্যাপারে রাজ্যসরকারের কি ভূমিকা? দীর্ঘ ২৬ বছর ধরে বামফ্রন্টসরকারের রাজত্বে কোটি-কোটি টাকা খরচ করে কেন এটা হয়নি—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন? আপনি জানেন, স্টেট লাইফ স্টক ফার্মে কল্যাণীতে ৫ হাজার ১২০টি গাভী, মহিষ এবং তাদের বাছুরদের রাখার ব্যবস্থা আছে। ১৯৬৫ সালে ৫ হাজার ১২০টি গাভী দিয়ে এই ফার্ম শুরু হয়েছিল। বর্তমানে প্রায় ১৩০০ গাভী এবং মহিষ আছে। অধিকাংশ খাটাল উচ্ছেদের ফলে এইসব গরু এবং মহিষ ধরে এনে রাখা হয়েছে। এস.এল.এফ-তে গাভী, মহিষ এতো থাকার পরেও দুগ্ধ উৎপাদন গড়ে কে.জি. থেকে কম, এখানেই উদ্যোগের অভাব দেখা দিয়েছে। ডাঃ বিধানচন্দ্র রায়ের স্বপ্নের এই যে বিশাল প্রকল্পের পরিসংখ্যান থেকে পরিষ্কার বোঝা যাচ্ছে যে, এই সরকার এটাকে যথেষ্ট গুরুত্ব দিয়ে দেখছে না। যার ফলে ডাঃ বিধান চন্দ্র রায়ের পরিকল্পনায় নির্মিত কল্যাণীতে স্টেট লাইফ স্টক ফার্ম আজকে ধ্বংসের মুখে পৌছে গেছে। রাজ্য সরকার এই ব্যাপারে সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। আপনি একটা প্রশ্নের জবাব দেবেন — ২০০২ সালে প্রাণী সম্পদ দপ্তর থেকে ২ জন ডাক্তারকে অস্ট্রেলিয়ায় পাঠানো হয়েছিল উন্নত প্রজাতির ষাঁড় কেনার জন্য। কয়েকটি ষাঁড় এনে সেগুলিকে মাদ্রাজে রাখা হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কয়েকজন ডাক্তারকে তাদের দেখভাল করার জন্য

পাঠিয়েছিলেন। কিন্তু আজও পর্যন্ত ষাঁড়গুলি মাদ্রাজেই পড়ে আছে। আমার কাছে খবর আছে, তাদের মধ্যে কিছু ষাঁড় মারা গেছে। অস্ট্রেলিয়ায় যাতায়াত করতে রাজ্যসরকারের বহু টাকা খরচ হয়েছে এবং আপনি এখান থেকে সেইসব ষাঁড়গুলিকে দেখভাল করার জন্য মাদ্রাজে পাঠিয়েছিলেন। কিন্তু আজ পর্যন্ত সেইসব ষাঁড়গুলি যেগুলি অস্ট্রেলিয়া থেকে আনা হয়েছিল সেগুলি মাদ্রাজে থেকে যাবার কারণ কি এটা আপনি দয়া করে বলবেন? কারণ এক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের বহু টাকা ড্রেনেজ হয়েছে। র‍্যাবিশ কনট্রোল স্কীমে —জলাতঙ্ক প্রতিরোধ প্রকল্প অনুযায়ী কলকাতার রাস্তার কত শতাংশ কুকুরকে জলাতঙ্ক রোগের ভ্যাকসিন দেবার ব্যবস্থা গ্রহণ করেছেন? কারণ, প্রতিনিয়তই শোনা যাচ্ছে — গ্রাম থেকে আরম্ভ করে শহর পর্যন্ত - মানুষকে কুকুর কামড়াচ্ছে, অথচ ভ্যাকসিন পাওয়া যাচ্ছে না। সুতরাং এই স্কীম থাকা সত্ত্বেও কত পারসেনটেজ কুকুরকে জলাতঙ্ক রোগের ভ্যাকসিন দিয়ে মুক্তি দিতে পেরেছেন সে বিষয়ে বলবেন। কলকাতা কেন র‍্যাবিশ কনট্রোল করা যাচ্ছে না? অথচ তার গাড়ী আছে, কর্মী আছে, কিন্তু কাজ ঠিকমত হচ্ছে না বলে আজকে এই দপ্তরের ব্যর্থতা লক্ষ করা গেছে। প্রাণী সম্পদ দপ্তরের সেন্ট্রাল মেডিক্যাল স্টোর থেকে লোয়েস্ট কোটেশানে সর্বনিম্ন প্রদত্ত দর অনুযায়ী ওষুধ কেনা হচ্ছে, কিন্তু সেই কৃত ওষুধের স্যান্ডার্ড দেখা হচ্ছে না। সেগুলি বড়ই নিম্নমানের। বাজারে অনেক নামী-দামী কোম্পানীর ওষুধ পর্যাপ্ত পরিমাণে পাওয়া যায়। কেন নিম্নমানের ওষুধ আপনাকে নিতে হয় আশা করি সে ব্যাপারে আপনি বলবেন। এই সমস্ত ওষুধ ড্রাগ টেস্ট না করে গ্রামেগঞ্জে 'ওষুধগুলি পাঠানো হয় যার ফলে ওষুধগুলি যথাযথভাবে কাজ করে না এটাই হচ্ছে আমার অভিযোগ। তারপর যে সমস্ত ভ্যাকসিন তৈরী হয় তার স্ট্যান্ডার্ড ঠিকমত পরীক্ষা করা হয় না। গ্রামেগঞ্জে সেই সমস্ত ভ্যাকসিন নিয়ে হাঁস, মুরগিকে দেওয়া দেয় কিন্তু তাতে মড়ক বা এপিডেমিক অনেক অংশেই ঠেকানো যাচ্ছে না। আপনি জানেন বহু হাঁস-মুরগি মারা যাচ্ছে। এগুলি তো আমাদের সম্পদ। এটা দিয়ে শুধু যুবক-যুবতীদের জীবিকা নির্বাহ হচ্ছে তাই নয়, এটা আমাদের সম্পদ কিন্তু আমরা দেখছি বিনা কারণে দিনের পর দিন এগুলি নষ্ট হয়ে যাচ্ছে। এ ব্যাপারে মন্ত্রীমহাশয় কী চিন্তাভাবনা করছেন বলবেন। তারপর আমরা দেখছি লোকে মুরগী পালন করছে মাংসের জন্য কিন্তু ডিমের উৎপাদন ব্যাহত হচ্ছে এবং মাংসের চাহিদাও পুরো মিটছে না, এ দিকের প্রতিও মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ডিম এবং মাংসের উৎপাদন যাতে বাড়ে সেটা তিনি দেখবেন। পোলট্রি ফার্মগুলির জন্য আপনি ট্রেনিং-এর ব্যবস্থা করেছেন, এর আরম্ভটা ভালোই হয়েছিল কিন্তু এখন এ ক্ষেত্রে একটা শিথিলতার মনোভাব আমরা লক্ষ্য করছি। একটা ব্যাপারে ধন্যবাদ জানাই, বছরের একটা নির্দিষ্ট সময়ে তিনদিন ব্যাপী পরিকল্পনামাফিক ব্লকে ব্লকে মিটিং করে মানুষকে সচেতন করার কাজ করা হয়। এ ক্ষেত্রেও আমরা কিন্তু পক্ষপাতিত্ব লক্ষ্য করে থাকি। আপনার ডিপার্টমেন্ট থেকে হয়ত হয় না কিন্তু নীচের স্তরে যারা আছেন তারা এই দায়িত্বটা সঠিকভাবে পালন করেন না এবং অনেক সময় পঞ্চায়েতকেও তারা এড়িয়ে কাজ করার চেষ্টা করেন। তারপর ডাক্তারদের ট্রান্সফারের ব্যাপারে যে পলিসিটা করেছেন সেটাও সঠিকভাবে করেননি। কিছু লোক যারা আপনাদের দলের সঙ্গে যুক্ত তারা নানান সুযোগ সুবিধা পাচ্ছে আর যারা আপনাদের দলের সঙ্গে যুক্ত নয় তাদের নানানভাবে হয়রানির মধ্যে পড়তে হচ্ছে। এই ট্রান্সফার পলিসিটা ঠিকমতন যাতে হয় সেটা

দেখবেন। তারপর বেলগাছিয়াতে যে ইনস্টিটিউট অব অ্যানিম্যাল হেল্‌থ আছে দেখা গিয়েছে একটা বছরে সেখানে ইলেকট্রিকের বিল হয়েছে ৩০ লক্ষ টাকার। কাজের কাজ হলে ৩০ লক্ষ কেন ৩০ কোটি টাকার বিল আসুক ক্ষতি নেই কিন্তু যেখানে সঠিকভাবে কাজ হয় না সেখানে এতো টাকার বিল কেন তা খতিয়ে দেখা দরকার। র‍্যাবিস ভ্যাকসিন রিসার্চ ডেভালপমেন্টর কাজ ঠিকমত হচ্ছে না। ভ্যাকসিনগুলি ঠিকমত কাজ করছে না। এর ফলে মড়ক লাগলে সেটা ঠিকমত ঠেকানো যাচ্ছে না। এতো ডাক্তারের মাহিনা সরকারকে দিতে হচ্ছে, ৩০ লক্ষ টাকার ইলেকট্রিক বিল দিতে হচ্ছে তা সত্ত্বেও মড়ক লাগলে তা ঠেকানো যাচ্ছে না কেন আশা করি মন্ত্রীমহাশয় বলবেন। তারপর বীজ পৌছানোর জন্য যে গাড়ী দেওয়া হয় সেখানে দেখা যাচ্ছে অর্থের অপচয় হচ্ছে। গত বছর দক্ষিণ ২৪ পরগনাতে ব্লক লাইফস্টক ডেভালপমেন্ট অফিসার যে সমস্ত খামারে বীজ সরবরাহ করেছিলেন দেখা গিয়েছে সেই বীজগুলির বীজ বোনার যে তারিখ তা এক্সপায়ার করে গিয়েছিল। এই সমস্ত নষ্ট বীজ প্রাণী-পালক চাষীদের মধ্যে সরবরাহ করা হয়েছিল। তার বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন আপনার অবগতির মধ্যে থাকলে সেটা জানাবেন।

[4.20–4.30 p.m.]

কৃত্রিম প্রজননের ফলে যে সমস্ত বাছুর তৈরী হয় তাদের সঠিক ভাবে পালন করা, তাদের সঠিক ভাবে দেখভাল করার ব্যবস্থা সরকার করতে পারেনি। ফলে কৃত্রিম প্রজননে পরিষ্কার ভাবে ব্যর্থ হয়েছেন। তাই এই বাজেটের আমি বিরোধিতা করছি। বিরোধী দলের পক্ষ থেকে কিছু কাট মোশান এসেছে নিশ্চয়ই সেটা আপনি দেখেছেন। সেখানে বলছে "রাজ্যের গবাদি পশুর অকালমৃত্যু রোধে ব্যর্থ হচ্ছে।" রাজ্যের প্রত্যন্ত গ্রামাঞ্চলে পশু, চিকিৎসা ঠিকমত পৌছে দিতে পারেনি। এই ক্ষেত্রে আপনার সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন জানাবেন। আপনার বাজেটের টাকা অল্প কিন্তু তার মধ্যেও করতে হবে। আপনারা ২৬ বছর ক্ষমতায় আছেন, এই সব দিক থেকে আপনার ব্যর্থতা ধরা পড়েছে। উন্নত মানের সংকর জাতের পশু পালন এবং চাহিদা বাড়ানোর ক্ষেত্রে আপনি কি ব্যবস্থা করেছেন? কারণ রাজ্যের গবাদি পশুর মৃত্যু ঠিকমত ঠেকাতে পারছেন না। প্রাণী সম্পদ উন্নয়ন করার যে পরিকল্পনা এবং নীতি গ্রহণ করা উচিত সেটা আপনি গ্রহন করেননি। ফলে সার্বিক ভাবে আপনার দপ্তর ব্যর্থ এবং ব্যর্থতা চরম পর্যায়ে পৌছে গেছে। আমি আপনাকে বলতে চাই, আপনি যে ব্যবস্থা নিয়েছে সেই ব্যবস্থা যদি আরো পরিষ্কার করে প্রচার বিভাগটাকে বাড়াতেন মানুষকে আরো বেশী সচেতন করার পরিকল্পনা গ্রহণ করতেই তাহলে আপনার পরিকল্পনা অনেক অংশে সফল হতো। আপনি এখনও পর্যন্ত দুধের যোগান ঠিকমত দিতে পারেননি। আপনাকে বাইরে থেকে দুধ আমদানি করতে হয়। এই ক্ষেত্রে আপনার ভূমিকা কি, কেন এই দপ্তর দুগ্ধ প্রকল্পে ব্যর্থ হচ্ছে সেটা আপনাকে পরিষ্কার করে বলতে হবে। কলকাতার নিউ মার্কেটে দোকান ছিল সেটা উঠে গিয়েছে। আপনি এই ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন। বিশেষ করে শুয়োরের মাংস বিক্রির স্টল করার ক্ষেত্রে প্রতিটি জায়গায় আপনার ব্যর্থতা লক্ষ্য করছি। মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি, আপনি যে বাজেট ভাষণ দিয়েছেন তাতে যে কথাগুলো লিখেছেন সেই ব্যাপারে বলবেন। এখানে

বলেছেন, যৌথ উদ্যোগে ডেয়ারী স্থাপনের প্রচেষ্টা চালানো হচ্ছে। এই প্রচেষ্টার অঙ্গ হিসাবে মিল্ক ফেডারেশান চুক্তিবদ্ধ হয়েছে ডবলু.বি.আই.ডি.সি ও পি.জালান অ্যান্ড অ্যাসোসিয়েটদের সাথে শতকরা ১৫ ভাগ ইক্যুয়িটি শেয়ার নিয়ে বর্ধমান জেলার আউসগ্রামে ২৫,০০০ লিটার ক্ষমতাসম্পন্ন বেঙ্গল নেষ্টার ডেয়ারী স্থাপন ও পরিচালনার, শতকরা ৫৯ ভাগ ইক্যুইটি শেয়ার নিয়ে চুক্তিবদ্ধ হয়েছে মেসার্স গৌতম সরকারের সাথে হুগলী জেলার পুরসুরাতে ৩৫,০০০ লিটার ক্ষমতা সম্পন্ন বিদ্যাসাগর ডেয়ারী স্থাপনে এবং চুক্তিবদ্ধ হয়েছে মেসার্স পি. জালান অ্যাসোসিয়েট এবং মেদিনীপুর ইউনিয়ানের সাথে ডেবরায় বেঙ্গল ডেয়ারী স্থাপনের জন্য। এই ডেয়ারীর শতকরা ৩৪ শতাংশ অংশ মিল্ক ফেডারেশনের এবং অপর দুই অংশীদারের অংশ শতকরা ৩৩ শতাংশে করে থাকবে। এতো দিনে এই প্রকল্প গ্রহণ করা হয়েছে। তারপর আপনি বলছেন, এই ডেয়ারীর শতকরা ৩৪ শতাংশ মিল্ক ফেডারেশনের এবং অপর দুই অংশীদারের অংশ শতকরা ৩৩ শতাংশ থাকবে। এই দুগ্ধ প্রকল্পর কি উন্নয়ন করতে পারবেন এটা আপনি পরিষ্কার করে বলবেন। একটা জায়গায় আপনি বলেছেন "একটা সাম্প্রতিক সমীক্ষায় দেখা গিয়েছে প্রাণীজাত পণ্যের ব্যবসায় মোট আয়ের ৬৭ ভাগই আসে দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যের ব্যবসা থেকে। তাই প্রাণীজাত পণ্যের উৎপাদন সংক্রান্ত কাজের মধ্যে ডেয়ারীর কাজই সবচেয়ে লাভজনক। দোহ উন্নয়নের ক্ষেত্রে এই বিভাগের মূল উদ্দেশ্য হল — (১) দুধে উৎপাদন বৃদ্ধি, (২) উৎপাদকের কাছে থেকে দুধ সংগ্রহ, যাতে তারা তাদের বিক্রয়যোগ্য দুধ বিক্রয় করতে সক্ষম হয়, (৩) সরকারী এবং যৌথ উদ্যোগের ডেয়ারীগুলিতে দুধের প্রক্রিয়াকরণ এবং সাধারণ মানুষের কাছে পৌছান এবং (৪) দুধ ও দুগ্ধজাত দ্রব্যের বিপণন সৃষ্টি করা। সরকারী সংগঠনগুলিকে সংহত করার পাশাপাশি সমস্ত দুগ্ধ উৎপাদকদেরই সমবায়ে পরিকাঠামোর আওতায় আনার জন্য প্রচেষ্টা চালানো হচ্ছে। এই নীতি রূপায়ণ করা হচ্ছে একটি ত্রিস্তর সমবায় পরিকাঠামোর মধ্য দিয়ে যার প্রাথমিক স্তর হল - গ্রামস্তরে প্রাথমিক দুগ্ধ সমবায়, জেলাস্তরে জেলা মিল্ক ইউনিয়ন এবং রাজ্যস্তরে মিল্ক ফেডারেশন। তিনটি স্তরই স্বয়ংসম্পূর্ণ, কিন্তু কাজের ক্ষেত্রে পরস্পর নির্ভরশীল। এই তিনটেতে আপনি কি ব্যবস্থা করেছেন তা আমি বুঝতে পারছি না। আমাদের জেলাতে এটা নেই, অন্যান্য জায়গাতেও এই ব্যবস্থা নেই। আপনি বলেছেন, ফেডারেশনের ইকুইটি শেয়ার ৮৭ ভাগ রাজ্য সরকারের। সমস্ত সরকারী ডেয়ারী যৌথ উদ্যোগের ডেয়ারী এবং একটি বেসরকারী ডেয়ারীর জন্য কাঁচা দুধ এই সমবায় পরিকাঠামোর মাধ্যমে সংগৃহীত হচ্ছে। এই ব্যবস্থার মাধ্যমে দুগ্ধ উৎপাদকরা যে কেবলমাত্র দুধের উপযুক্ত মূল্য পাচ্ছেন তাই নয়, সাথে সাথে তারা পশু চিকিৎসা, কৃত্রিম প্রজনন, সুষম গোখাদ্য প্রভৃতি পরিষেবার সুযোগ উপযুক্ত দামে পাচ্ছেন। এই সমবায় পরিকাঠামোর মাধ্যমে, সমবায়ের সচিব, দুগ্ধ পরীক্ষক, সমবায়ের নির্বাহী সদস্য এবং দুগ্ধ উৎপাদকদের বিনামুল্যে প্রশিক্ষণেও ব্যবস্থা আছে।" আমি এটাতে বিশেষভাবে নজর দিতে বলব। আপনি যে কথা বলেছেন, এটা কিন্তু সব জায়গায় বাস্তবায়িত হয়নি। সাধারণ মানুষকে এই প্রশিক্ষণের কথা জানাতে পারেন নি। সাধারণ মানুষ এই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। আর একটি কথা, গ্রামগঞ্জে গাভী বা পশু যেগুলো আছে, সেইসব পশু যখন রোগে পড়ছে বা অসুখে পড়ছে তখন চিকিৎসার জন্য ডাক্তারের কোন ব্যবস্থা নেই। আপনি সাব-ডিভিসনে একজন করে ডাক্তার রেখেছেন বলেছেন, ভেটেরেনারি

যে ডাক্তার রেখেছেন, তাঁদের ডাকলে তাঁরা আসেন না। ২০ কিমি দূরে রোগাক্রান্ত পশুকে নিয়ে যাওয়াও সম্ভব নয়। এইক্ষেত্রে আপনি বলেছেন, টেলিফোনে ডাকলেই পশু চিকিৎসক চলে আসবেন এবং মড়ক থেকে রক্ষা করবেন। হাসপাতালে চিকিৎসকের অভাব আছে। আপনি বলেছেন, সাব-ডিভিসন লেভেলে একজন করে ডাক্তার রেখেছেন। অনেক জায়গায় এই হাসপাতালে নেই। আবার যেখানে আছেন, তাঁকে কল দিলে তিনি গ্রামে যেতে চান না। রোগাক্রান্ত গাভী বা পশুকে আবার ১০-২০ কিমি দূর থেকে নিয়ে যাওয়াও সম্ভব হয় না। আপনাকে এই ব্যাপারে চিন্তা করতে হবে। কারণ এখন গাড়ী বা অন্যান্য পশুকে গরীব মানুষের কাছে চরম দামী। পশুকে তারা সম্পদ বলে ধরে নিয়েছে এবং সম্পদ হিসাবে তারা আয় করছে। আজ এক গ্রামের মানুষের কাছে পশু শুধুমাত্র রুটিরুজি নয়, পশুকে তারা জীবিকা বলে চিহ্নিত করেছে। এই পশু যখন অসুখে পড়ে তখন ঐ গরীব মানুষেরা সবচেয়ে বড় অসুবিধার মধ্যে পড়ে। কারণ তখন কোন ডাক্তারকে খুঁজে পাওয়া যায় না। ব্লকে ব্লকে আপনি ফিল্ড ওয়ার্কারদের রেখেছেন এবং ব্লকে মানুষকে প্রশিক্ষণের কথা, সচেতনতার কথা বলেন। আপনি মাঝে মাঝে ডিম তাদেরকে সরবরাহ করেন। কিছু কিছু ক্ষেত্রে সঠিক নিয়মের না হলেও আপনার সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে এটা করেন। কিন্তু পশু অসুখে পড়লে তাদের চিকিৎসার কোন ব্যবস্থা নেই সারা পশ্চিমবাংলায়। এবং এর জন্য নতুন করে গ্রামবাংলার ক্ষেত্রে ব্লক লেভেলে কোন হাসপাতাল করেননি। কোন ডাক্তারের ব্যবস্থা করতে পারেননি। আপনারা যারা ফিল্ড ওয়ার্কার তাদের মাঝে মাঝে এলাকায় গিয়ে অঞ্চল ওয়াইজ দেখবার কথা। তারা কোথায় সেই কাজ করছেন? তাদেদ্দর যে ব্যবস্থা নেওয়া প্রয়োজন সেই কাজ তারা করছেন না। এই ব্যাপারে ডিপার্টমেন্ট থেকে ফিল্ড ওয়ার্কারদের একটু তাদের কাজের ব্যাপারে সজাগ করা উচিত। এই ব্যাপারটা একটু গুরুত্ব নিয়ে দেখবেন। আরেকটা কথা জানিয়ে রাখছি সেটা হচ্ছে যে, তফশিলী জাতি ও উপজাতিদের জন্য নির্দিষ্ট স্পেশাল কমপোনেন্ট প্ল্যানের অধীনে কর্মসূচী গ্রহণ করেছে, এইসব কর্মসূচীর ফলে এখানে অগ্রগতি অত্যন্ত উৎসাহব্যঞ্জক। এই অগ্রগতি কোথায় কিভাবে হয়েছে এটা একটু পরিষ্কার করে বলতে হবে। ভারত সরকারের তরফে ৮০ পার্শেন্ট এবং রাজ্য সরকারের তরফে ২০ পার্শেন্ট আর্থিক সহায়তায় পুষ্ট "এস্টাব্লিশমেন্ট অফ্ পোলট্রি, ডাক ফার্ম ইন দি স্টেট উইথ লো ইনগুট ভ্যারাইটি বার্ডস" নামক একটি নতুন কেন্দ্রীয় কর্মসূচী চালু করা হয়েছে। এর পোলট্রি শাখাটি রাণাঘাট রাজ্য মুরগি খামারের ক্যাম্পাসে চালু করা হবে। এই যে কেন্দ্রীয় কর্মসূচীটি কোন অবস্থাতে রয়েছে বোঝা যাচ্ছে না। তারপরে বলেছেন ২০০২-০৩ আর্থিক বছরের জন্য ভারত সরকার কলকাতার টালিগঞ্জে এই ধরনের একটি মুরগি খামার খোলার অনুমোদন দিয়েছেন। আমার প্রশ্ন যে, এই ব্যাপারে সারা পশ্চিমবঙ্গে কত জায়গায় এই ধরনের ব্যবস্থা করতে পারবেন এবং তারজন্য কি চিন্তাভাবনা করছেন। এবং এতে পশ্চিমবঙ্গে বিশেষ করে এই ডিপার্টমেন্টের সঙ্গে যুক্ত যেসব মানুষ আছে, যাদের জীবিকা করার কারণ এটা দাঁড়িয়েছে, সেখানে তাদেরকে কি বেনিফিট দিতে পারবেন এর ক্লাসিফিকেশান আপনার কাছে চাইছি। তারপরে আপনি আপনার বাজেট ভাষণে বলেছেন যে একটা বড় আকারের হ্যাচারী ইউনিট এবং মাংস প্রক্রিয়াকরণ প্ল্যান্ট সমেত একটি রাজ্য হাঁস প্রজনন খামার খোলার প্রস্তাব ইতিমধ্যেই আর আই ডি এফ প্রকল্পের অধীনে রূপায়ণের জন্য নাবার্ডের কাছে পাঠানো

হয়েছে। আমার প্রশ্ন যে, এটা কি প্রথম পাঠানো হল নাকি আগেও পাঠানো হয়েছিল? এই ব্যাপারে আপনি আগে চিন্তা ভাবনা করেছিলেন কি এবং যদি করে থাকেন তাহলে কতদুর এর অগ্রগতি হয়েছে এটা পরিষ্কার করে বলুন। এইক্ষেত্রে বড় আকারের খামারের উদ্যোগ নেওয়ার জন্য দুটো সংস্থা বড় মাপের মুরগী খামার খোলার কাজে হাত দিয়েছেন। কোথায় কি ভাবে দেবেন সেটা ভাল পরিষ্কার নেই। এই জায়গায় দাঁড়িয়ে মাননীয় মন্ত্রীকে বলতে চাইছি যে, গ্রামবাংলায় বিশেষ করে মেহনতী মানুষ, খেটে খাওয়া মানুষ, বেকার মানুষ এবং বেকার যুবক যুবতী, অশিক্ষিত মানুষ, অশিক্ষিত মহিলারা যারা রান্নাবান্না ছাড়া অন্য কিছু করতে পারে না, তাদের ক্ষেত্রে এই ব্যাবস্থাটাতে বড় উপার্জনের কাজ হয়েছে। হাঁস, মুরগী, ছাগল পালন করে তারা তাদের আর্থিক সচ্ছলতা বাড়াতে পারবে। আর্থিক সংকট কাটবে, আরো উন্নতি হতে পারবে। এইসব অশিক্ষিত লোক, অজানা লোক তারা বিনা ট্রেনিংয়ে এই কাজ করতে পারবে। সেখানে ব্লকে আপনার অফিসাররা যদি নির্দিষ্ট দিন করে সপ্তাহে তিনদিন করে গিয়ে ব্লক মিটিং করে ওদের এই কাজের ব্যাপারে বুঝিয়ে আসে খুব ভাল হয়। এই কাজটাতে নিশ্চয় ধন্যবাদ দেওয়া উচিত। কিন্তু আপনারা ডিপার্টমেন্ট থেকে ব্যাপকভাবে এই ব্যাপারে সচেনতা বাড়াতে হবে। যাতে ওদের উপকারে লাগে। এই ব্যাপারে যাতে প্রয়োজন হলে সরকারী সহযোগিতা পায় এবং অসুবিধায় পড়লে যাতে ব্লকে এসে বুঝে যায় তার ব্যবস্থা করতে হবে। এই ব্যাপারে যদি ব্যবস্থা গ্রহণ করেন তাহলে মানুষের উপকার হবে এবং মানুষের আর্থিক সংকট কাটবে এই কথা বলে এই ব্যয়বরাদ্দকে বিরোধিতা করে আমাদের আনীত কাটমোশানকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

ডাঃ অসীম বালা : স্যার, মাননীয় মন্ত্রী ছয় নম্বর দাবির অধীন যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আমাদের দেশের মধ্যে পশ্চিমবাংলার জনসংখ্যা বেশী, অর্থাৎ ঘনত্ব পার স্কোয়ার কিলোমিটারে ৭৬৭ জন মানুষ বাস করে আমাদের এখানে। সেই তুলনায় আমাদের এখানে জমির পরিমাণ কম। সেইজন্য আমাদের এখানে প্রাণীসম্পদ বাড়াবার চেষ্টা করতে হবে। বিখ্যাত কৃষিবিজ্ঞানী ডঃ রণধর মাতে বলেছেন, আমাদের শতকরা উৎপাদনের বেশীটাই হয় গো-সম্পদ থেকে। আমাদের পশ্চিমবাংলার মোট জমির পরিমাণ হচ্ছে ২.৭৪ শতাংশ। অর্থাৎ সারা দেশের মধ্যে লোকসংখ্যার অনুপাতে সেটা হচ্ছে আট শতাংশের মতো। আমাদের কৃষি উৎপাদন যা হচ্ছে, সেই তুলনায় আমাদের গো-সম্পদ যদি আমরা বেশী করে উৎপাদন না করতে পারি তাহলে মানুষকে কর্মে নিয়োগ করা যাবে না। আমাদের পশ্চিমবাংলায় গ্রাম আছে ৪০,৯১১ এবং এই গ্রাম ছড়িয়ে আছে ৮১.৪ শতাংশ জায়গা জুড়ে, আমাদের বন হচ্ছে ১৫ শতাংশ এরং বাদ বাকি হচ্ছে আরবান। আমরা দেখি বেশীর ভাগ মানুষই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পশু বা প্রাণী সম্পদ ট্রাডিশনাল নিয়মে রাখে। ১৯৮১ সালের জি.ডি.পি. অনুযায়ী কৃষিজ উৎপাদন হয় ৪৬.৪৫ শতাংশ, ১৯৯৪-১৯৯৫ সালে সেটা নেমে এসে দাঁড়ায় ৩৬.৮২ শতাংশ। এর কারণ জমির উৎপাদন ক্ষমতা এবং জনসংখ্যা বৃদ্ধি। এইসব কারণে পারস্পরিকভাবে জমির উৎপাদন কমে গেছে এবং সেটা স্বীকার করেছে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী হুকুমদেও নারায়ণ সিং। প্রায়

১৩ শতাংশ কৃষি উৎপাদন কমে গেছে, সেই তুলনায় পশ্চিমবঙ্গে বেড়েছে ৫.১ শতাংশ, ভারতবর্ষের অন্যান্য জায়গার তুলনায় এটা কিন্তু ভালো। সেখানে আমাদের প্রাণী পালন বেড়েছে জি.ডি.পি অনুযায়ী ৯.৩৩ শতাংশ। আমাদের রাজ্যে কৃষি কাজ ছাড়া এই গো সম্পদ-দুধ, পরিবহণ ও অন্যান্য কাজে ব্যবহার করা হয় এবং এই কাজের সঙ্গে নিযুক্ত লোকের সংখ্যাও অনেক। দেখা যাচ্ছে ২০০৩ সালে আমাদের রাজ্যে দুধ উৎপাদন হয়েছে ৩৪.৭০ লক্ষ টন, যেখানে ১৯৭৬-১৯৭৭ সালে আমাদের রাজ্যে দুধ উৎপাদন হত ১০.৬৪ লক্ষ টন।

[4.40–4.50 p.m.]

বর্তমানে পশ্চিমবাংলায় ডিম উৎপাদন রোজ ২.৬৮ কোটি এবং ভারতবর্ষের ৩১.৭৭ কোটি। এবং মিল্ক ৪.৩৪ মিলিয়ন টন। বর্তমানে আমরা ডিম পাচ্ছি পার ডে হেড ১১৯ গ্রাম, অথচ হওয়ার কথা ২৮০ গ্রাম। এখানে অনেক ঘাটতি আছে। বছরে একটা লোক ৩৫ টি ডিম পায় এখানে, অথচ আই.সি.এম.আর এর নিউট্রেশন অনুয়ায়ী বছরে ১৮০ টি ডিম খাওয়া উচিত। মিট এখানে আমরা পার ডে হেড পাচ্ছি ১৫ গ্রাম, অথচ এটা ৬০ গ্রাম হওয়া উচিত। উৎপাদনে যে ঘাটতি আছে, সেটা পূরণ করতে হবে। আগের থেকে যদিও উৎপাদন বেড়েছে, কিন্তু এটা আরও বাড়াতে হবে।

পরিকাঠামো তৈরীর ক্ষেত্রেও আমাদের ঘাটতি আছে। ২০০২-০৩ সালে আমাদের ডিপার্টমেন্টের টোটাল বাজেট ছিল ৩১.১১৩০ কোটি টাকা, এবং সেখানে ভেটার্নারি ডাইরেকটরেটে ছিল ২৪.০১৯০ কোটি টাকা। এই আর্থিক বছরে, অর্থাৎ ২০০৩-০৪ সালের বাজেটে টোটাল এসেছে ১১.০২৪ কোটি টাকা। ভেটার্নারি ডাইরেকটরেট, যারা এই মূল এ.আর.ডি. পরিচালনা করেন, সেখানে ৮.৭৬ কোটি টাকা। অর্থাৎ গত বছরের তুলনায় বাজেট এক তৃতীয়াংশতে নেমে এসেছে। এত কম বাজেট নিয়ে কোন ডিপার্টমেন্টই ডেভলপমেন্ট করতে পারে না।

পশ্চিমবাংলায় প্রায় ৪০,৯১১ টি গ্রাম আছে। এর মধ্যে আমদের ভেটার্নারি ডাক্তাব, বিশেষজ্ঞ আছে ৭১১, যারা সরাসরি ট্রিটমেন্টের সঙ্গে যুক্ত। যদি ভাগ করে দেখা যায়, তাহলে দেখতে পাব একটা ডাক্তারের ভাগে পড়ে ৫৬ টি গ্রাম। অথচ গত তিন বছর ধরে রিক্রুটমেন্ট নেই। প্রতি বছর ১০০ জন করে একস্পার্ট বার হয় ইউনিভার্সিটি থেকে, তাদের থেকেও কেন কোন রিক্রুটমেন্ট হয় না মন্ত্রী মহাশয় বলবেন। একটা ইউনিভার্সিটি আছে, এসব প্রশিক্ষণ এবং গবেষণার জন্য। অথচ সেখানে শিক্ষক নেই। ইন্ডিয়ান ভেটার্নারি কাউন্সিলের নর্মসের ধারে-কাছেও যায় না। সেখানে যত শিক্ষকের দরকার তার অর্ধেকও সেখানে নেই। অনেক বেশী সংখ্যায় টিচার দরকার। এই জন্য অনিশ্চিতভাবে এইগুলো দেখা দরকার। এইগুলো যদি না হয়, আমরা যেটা একসপেক্টেড, আমাদের যে যে উৎপাদন সেই উৎপাদনগুলো সঠিক হবে না। এর সঙ্গে যারা দুধ উৎপাদন করেন, আজকে পোলট্রির উৎপাদন, আমাদের কোয়েল বলে একরকম পাখি আছে, তাদের দেড়শো গ্রাম ওজন। সবচেয়ে বড় কথা কোলেস্ট্রেরল প্রায় ফ্রী, বলা যায় ফ্যাট ফ্রী অথচ অতি সুস্বাদু সেগুলোকে প্রোভোকেট করা যায় এটা দেখতে

পারেন। সেই জায়গায় আমাদের ঘাটতি আছে। শূকর পালনের ক্ষেত্রে ১০ ফিমেল শূকরের সঙ্গে যদি একটা মেল শূকর রাখা যায়, এরা বছরে দু তিনটি করে বাচ্চা দেয়। কমপক্ষে ১০ টা করে বাচ্চা হয়। বছরে অনেক বেশী বাচ্চা পাওয়া যেতে পারে। এই পরিকাঠামোর অভাব রয়েছে। আরেকটা কথা হচ্ছে যে বর্তমানে পশ্চিমবাংলা সরকারের চলছে প্রাণীবন্ধু, আমরা প্রায় ৪০ হাজার প্রাণীবন্ধু কাজ করবে, এই পর্যন্ত আমাদের ২৮শো ১৩ জনের ট্রেনিং হয়েছে কিন্তু রিক্রুটেড হয়েছে যারা তার সংখ্যা মাত্র ৭৩৮ জন। কি করে হবে? সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব তিনি এইগুলো বিশেষ নজর দিন যাতে ইনফ্রাস্ট্রাকচার বৃদ্ধি করে রাজ্যের সম্পদ বৃদ্ধি করতে পারেন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে, কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহম্মদ ইয়াকুব : মাননীয় চেয়াম্যান স্যার, ৬ নম্বর যে দাবি এখানে পেশ করা হয়েছে, আমাদের প্রাণী সম্পদ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় যে দাবি পেশ করেছেন তাকে আমি সমর্থন করে দু-একটা কথা এখানে আলোচনা করছি। বিরোধী বন্ধুরা প্রায় ৩০ মিনিট ধরে অনেক অভিযোগ করে গেলেন কিন্তু বিগত দিনে এই প্রাণী সম্পদ বিভাগের যে অবস্থা ছিল বর্তমানে সরকার প্রাণী সম্পদ বিকাশের জন্য নানা দিক থেকে নানাভাবে নানা পরিকল্পনার মধ্য দিয়ে একটা বিরাট পরিবর্তন আনার চেষ্টা করেছেন। আজকে আমরা সকলেই অবগত আছি যে চাষ করতে জমি লাগে সেই জমি কিন্তু রাবারের মত বাড়ে না। যে জমি খাদ্যশস্য উৎপাদন যা চলছে কিন্তু তার পাশাপাশি বেকার যুবকরা গ্রামাঞ্চলে রয়েছেন তাদের কর্মসংস্থানের কথা ভেবে এই পরিকাঠামোর মধ্যে থেকে, সুনির্দিষ্ট পরিকল্পনার মাধ্যমে প্রাণী সম্পদ বিভাগের পক্ষ থেকে কয়েক বছর ধরে চেষ্টা করে যাচ্ছেন।

[4.50–5.00 p.m.]

সেজন্য আমি মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই। প্রত্যেক বছর ১৩ থেকে ১৯ শে নভেম্বর সপ্তাহব্যাপী এই প্রাণী সম্পদ বিকাশ সপ্তাহ পালন করা হয় এই কারণে যাতে গ্রামের মানুষ সচেতন হয়। সজাগ হয় এবং এই হাঁস, মুরগী, ছাগল, ভেড়া পালনের মধ্যে দিয়ে তারা যাতে নিজেদের রুজি রোজগারের ব্যবস্থা করতে পারেন। সেজন্য প্রাণী সম্পদ বিকাশ বিভাগের পক্ষ থেকে সপ্তাহব্যাপী এইরকম নানা জেলায়, ব্লকে, পঞ্চায়েতে অনুষ্ঠানের মধ্যে দিয়ে গ্রামের মানুষকে সচেতন করা হয়। পাশাপাশি মহিলাদের সমবায়ের ভিত্তিতে দুগ্ধ প্রকল্প যেটা আছে সেই দুধ গ্রামে সংগ্রহ করে যাতে সমবায়ের ভিত্তিতে তার কিছু রোজগার করতে পারে সেই চেষ্টা করা হচ্ছে। দক্ষিণ ২৪-পরগনা, উত্তর ২৪-পরগনা নদীয়া, বিভিন্ন জায়গায় এই প্রকল্পগুলো করা হচ্ছে। নানা অভিযোগ রয়েছে বিরোধীদের পক্ষ থেকে। তারা জানেন না রাজ্যে প্রাণী স্বাস্থ্যকেন্দ্র হচ্ছে ১৪০ টা এবং প্রাথমিক চিকিৎসা কেন্দ্র হচ্ছে ৩ হাজার ২৪৭টা। ৩৪টা রোগ নির্ণয় কেন্দ্র আছে আমাদের রাজ্যে। আজকে বিজ্ঞান এবং প্রযুক্তির মাধ্যমে প্রজননের যে ব্যবস্থাগুলো করা হচ্ছে তাকে আরও জোরদার করার জন্য নিশ্চিত এই বিভাগ ব্যবস্থা করবে। এই কথা বলে ৬ নম্বর দাবিসনদ পেশ করা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী খাঁড়া সোরেন : মাননীয় চেয়ারম্যান পশ্চিমবঙ্গের পশুপালন দপ্তরের মন্ত্রিমহাশয় ৬ নম্বর দাবিতে যে উত্থাপন করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করছি। আজকে অনেকেই সঠিকভাবে বলার চেষ্টা করেছেন যে গোটা পশ্চিমবাংলায় প্রাণী সম্পদ বিকাশের ক্ষেত্রে যে টাকা ধরা হয়েছে তার পরিমাণ আরও বাড়ানো দরকার। দরকার এই কারণে যে আমাদের পশ্চিমবালায় কৃষির পাশাপাশি আজকে প্রাণী সম্পদ বিকাশের ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ বিষয়। কারণ আমরা জানি যে একজন কৃষক কৃষির পাশাপাশি ঘরে হাঁস, মুরগী, শূকর পালন করতে পারে। আজকে খামারের সংখ্যা দিনের পর দিন কমছে। আজকে কৃষিকাজের সাথে সাথে প্রাণী সম্পদ বিকাশের ক্ষেত্রকে আরও বাড়াতে হবে। ২৭৬৭ জন প্রাণীবন্ধুকে নির্বাচন করা হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো প্রাণীবন্ধুদের নির্বাচন করা হয়েছে, যাতে প্রত্যেকটি জায়গায় তাদেরকে নিযুক্ত করা যায় এবং তারা কাজ শুরু করতে পারে এবং বৈজ্ঞানিক ভিত্তিতে প্রাণীবিকাশ সম্পর্কে হাঁস, মুরগী যারা পালন করবে তাদের প্রশিক্ষণ দেওয়া দরকার। বিভিন্ন সময় মড়ক লাগে, সে সম্পর্কে তাদেরকে সুপরামর্শ দিয়ে যাতে মড়ক রোধ করা যায় তার ব্যবস্থা করবেন। যদিও এখন একটা উদ্যোগ গ্রহণ করা হয়েছে, দুটি ভ্রাম্যমাণ ডিসপেনসারী করা হয়েছে। তবে আমার মনে হয় প্রতিটি জেলাকে এটা বাড়ানো দরকার। যেমন একটা কৃষকের ঘরে দুটি গরু আছে এবং সে গরু যদি মারা যায় তাহলে সেই কৃষকের সংসারটাই নষ্ট হয়ে যায়। তাই আমি বলবো ওই কৃষকদের মুরগী, শুয়োর পালন সম্পর্কে বিজ্ঞানসম্মত প্রশিক্ষণের ব্যবস্থা আরাও বেশী করে করবেন। আমরা দেখেছি ব্লকে ৬ টি মুরগী এবং একটা মোরগ দেওয়া হয়। এটা বাড়ানো যায় কিনা দেখার জন্য বলবো। কারণ এই মুরগী বা মোরগ যদি মারা যায় তাহলে তারা সাফল্য অর্জন করতে পারে না, তারাও সর্বনাশের মুখে ননে। বিজ্ঞানভিত্তিক পদ্ধতিতে তাদের যদি প্রশিক্ষণ দেওয়া যায় এবং কি ভাবে তাদের রাখা হবে এবং তার জন্য তাদের যদি আর্থিক সাহায্য দেওয়া যায় তাহলে ভালো হয়। তারা শুয়োর কিনবে তার জন্য সাহায্য করা এবং তার সাথে সাথে সেই শুয়োরের জন্য থাকার ঘরের ব্যবস্থাও যদি করা হয় তাহলে ভালো হয়। এমনিতে পঞ্চায়েতের মাধ্যমে তাদের সাহায্য করা হচ্ছে কিন্তু তার সঠিক ব্যবহার এবং এ ব্যাপারে কৃষকদের সচেতনতা না থাকার ফলে কৃষকরা সেইগুলি নষ্ট করে ফেলে। সেই জন্য বলছি প্রাণীবন্ধু নির্বাচন করার পরে তাদের ঘর এবং তাদের ওষুধপত্রে ব্যবস্থাও সাথেসাথে করা দরকার। আমরা দেখেছি একটা গ্রামপঞ্চায়েত একটা প্রাথমিক কেন্দ্র আছে, সেটা বাড়ানোর দরকার। একটা পঞ্চায়েত সমিতির মধ্যে ৩০-৪০ টা মৌজা থাকে সবাইকে যদি ওই সেন্টারে আসতে হয় তার ফলে অনেক সময় সেগুলি মারা যায়। সেখানে যদি আরও সাবসেন্টার করা যায় তাহলে তারাও সেই চিকিৎসার সুযোগ নিতে পারবে। সাথে সাথে প্রাণীসম্পদকে রক্ষাও করতে পারবে। প্রাণীবন্ধুদের যে কাজ সেটা যাতে আরও দ্রুততার সাথে তাদের নিযুক্ত করা যায় সেই দিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ করবো। সাথে সাথে আরেকটা কথা বলতে চাই রোগ নির্ণয় অনেক সময় সঠিক সময়ে হয় না। ইন্টিরিয়রে থাকার জন্য এই অসুবিধা হয়। তাই বলবো প্রতি বছর প্রতি গ্রামসংসদে দুবার করে পঞ্চায়েতকে যুক্ত করে যদি আলোচনা চক্রের ব্যবস্থা করা

যায় তাহলে কৃষকদের আরও বেশী বেশী করে রোগ সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া যায়। এটা পঞ্চায়েতের মাধ্যমে করতে পারলে কৃষকরা উপকৃত হবে। আগামী দিনে এই কাজটা তাদের কাছে আরও সহজ হবে। কৃষকদের রক্ষা করবার জন্য এই কাজটা যাদের দায়িত্বে পরিচালনা করছেন সেটা যাতে ত্বরান্বিত করা যায় তার জন্য আবেদন জানাই। এই কথা বলে বাজেটকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কিরীটি বাগদী : মিঃ চেয়ারম্যান স্যার, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধীদের কাটমোশানের বিরোধিতা করছি।

[5.00–5.10 p.m.]

স্যার, আজকে পশ্চিমবঙ্গের প্রায় প্রতিটি গ্রামে এই পশু চিকিৎসা এবং উন্নতমানের পশুপালনকে পশ্চিমবঙ্গ সরকার পৌঁছে দিয়েছে। কেননা আজকে বিশেষ করে প্রতিটি পঞ্চায়েতে একটা করে পশু চিকিৎসার ডাক্তার বসছে এবং গ্রামের মানুষকে বিভিন্ন রকমের পশু পালনে বিশেষ করে গরু, ছাগল ইত্যাদি পশু পালনে সাহায্য করার চেষ্টা করে যাচ্ছে। কিন্তু স্যার আমি দেখছি আমাদের গ্রাম পঞ্চায়েতে ছোট ঘরে ডাক্তারদের বসতে হচ্ছে এবং এতে তাদের কাজ করতে অসুবিধা হচ্ছে। তাই তাদের জন্য যাতে নিজস্ব ঘরের ব্যবস্থা করা যায় তার জন্য চিন্তা-ভাবনা করতে অনুরোধ করছি। স্যার, আজকে এই পোল্ট্রিফার্মের মাধ্যমে রাজ্যের বেকার যুবক-যুবতীদের স্বনির্ভর করার যে প্রচেষ্টা নেওয়া হয়েছে তা সত্যিই অভিনন্দনযোগ্য। কিন্তু একটা জিনিস ভেবে দেখবেন সেটা হচ্ছে ফার্মের মুরগী বড় করে বিক্রি করার জন্য তারা কিন্তু বাজার পাচ্ছে না। এর ফলে অনেক সময় অল্প দামে বিক্রি করতে তারা বাধ্য হচ্ছে। কিন্তু এইভাবে জলের দরে বিক্রি করলে ব্যাঙ্ক ঋণ পরিশোধের ক্ষেত্রে অসুবিধা হয়ে যাচ্ছে। তাই মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব ঐ মুরগীর বাচ্চাগুলো বিক্রি করার ক্ষেত্রে সমবায় প্রথার সৃষ্টি করা যায় কিনা সেটা একটু ভেবে দেখবেন। এবং যদি করা যায় তাহলে ব্যাঙ্ক লোন শোধ করার মধ্যে দিয়ে এরা আরো ভালোভাবে ব্যবসা করতে পারবে, সামগ্রিক ভাবে উন্নতি পরিলক্ষিত হবে। স্যার, তফশিলি জাতি এবং উপজাতিদের শূকর, ছাগল, মুরগী, হাঁস, প্রভৃতি পালনের জন্য দেওয়া হয় যাতে তারা দারিদ্র-সীমার উপরে উঠতে পারে এবং স্বনির্ভর হতে পারে। কিন্তু তাদের সংকর জাতীয় পাঠার অভাব রয়েছে। গ্রামাঞ্চলে যেমন থাকে সেই রকম প্রজাতির শূকর, ছাগল তৈরী হয় এবং এক দুই বছর পরে সেখানে ফিরে যায়। তাদের কাছে যাতে সংকর জাতের পাঁঠা এবং উন্নতমানের বীজ পৌঁছানো যায় এবং এর ফলে আরো উন্নতমানের গরু, শূকর, ছাগল তৈরী করে মানুষগুলো নিজের পায়ে দাঁড়াতে পারে তার জন্য অনুরোধ করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে এই হাউজে অ্যানিম্যাল রিসোর্স ডেভেলপমেণ্ট ডিপার্টমেন্টের ব্যাপারে যে ৬ নম্বর ডিমান্ড ২০০৩-০৪ সালের জন্য মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন তার সম্পর্কে আমার বক্তব্য রাখছি। স্যার, আপনি জানেন অ্যানিম্যাল

রিসোর্স ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট দার্জিলিং গোর্খা অটোনোমাস হিল কাউন্সিলকে ট্রান্সফার করা আছে কিন্তু আমি এই বাজেট পড়ে দেখলাম যেহেতু এই প্রাণী সম্পর্কে ডিপার্টমেন্ট ডি.জি.এইচ.সি-কে হস্তান্তর করার ব্যাপারে,—দুঃখের সঙ্গে বলতে হচ্ছে,—হিল কাউন্সিল-এর জন্য কত টাকা এক্ষেত্রে বরাদ্দ করা হয়েছে সেটা এই বাজেট বইতে লেখা নেই। তাই মাননীয় মন্ত্রীর কাছে অনুগ্রহ করে জানতে চাইছি, দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের মধ্যে প্রাণী সম্পদ বিভাগের জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে?

স্যার, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এই হাউসে বলতে চাই যে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ প্রাণী সম্পদ বিকাশ বিভাগের জন্য প্রত্যেক বছর নন-প্ল্যান, সি.সি.এস-ইত্যাদি বিভিন্ন খাতের জন্য যে টাকার প্রয়োজন তার রাজ্যসরকারকে পাঠানো হয়। ২০০৩-২০০৪ সালের জন্য ৮১৩ লক্ষ টাকা ডিফারেন্ট অ্যানুয়াল এ্যকশন প্ল্যান এর মধ্যে জমা করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় ডি.জি.এইচ.সি. কে কিছুদিন আগে জুন মাসে বরাদ্দ করেছেন। ২০০২ সালে মিরিকে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের এগ্‌জিকিউটিভ কাউনসিলার, সেক্রেটারির সঙ্গে এই রাজ্যের প্রাণীসম্পদ বিকাশ বিভাগের মন্ত্রী মহাশয়ের এবং অফিসারদের অফিসিয়াল মিটিং হয়। ডি.জি.এইচ.সি.র প্রাণীসম্পদ বিকাশ বিভাগের বহু সমস্যা আছে, এই সমস্যা নিয়ে মিরিকে, শিলিগুড়িতে অফিসিয়াল মিটিং হয়েছিল। রিসেন্টলি ২০০৩ সালের ৫ ই জুন দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের কাউন্সিলার, সেক্রেটারির সঙ্গে এই বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় এবং ওনার বিভাগের আধিকারিকগণের সঙ্গে সল্টলেকে মিটিং হয়েছিল। ডি.জি.এইচ.সি.র অ্যানিমাল হাজব্যান্ড্রি অ্যান্ড অ্যানিমাল রিসোর্সেস ডিপার্টমেন্টের বহু প্রবলেম আছে, বিভিন্ন দাবি আছে। আমি আশা করবো যে, মাননীয় মন্ত্রী মহাশয় দার্জিলিং পার্বত্য পরিষদের বিভিন্ন দাবিগুলোর উপর নজর দেবেন এবং কার্যকরী করবেন। আপনি আপনার বাজেট ভাষণে বিভিন্ন ডেয়ারি, মাদার ডেয়ারির কথা বলছেন। মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানেন যে, পাহাড়ে একমাত্র হিমুল রয়েছে। হিমুলের অবস্থা হিলের চেয়ে প্লেন এরিয়ায় ভাল আছে। হিমুল থেকে বিভিন্ন প্রোডাক্ট যেমন দই, পনীর, লস্যি এগুলো প্রিপারেশন হচ্ছে। পাহাড়ে যদি এগুলোর পার্লার খোলা যায় তাহলে ভাল হয়। আমি বিভিন্ন জায়গায় এই জিনিসের পার্লার দেখেছি। যেমন—শিলিগুড়িতে এই পার্লারগুলো আছে। হিলে কার্শিয়াং, দার্জিলিং, কালিম্পং, মিরিকে যদি এই সমস্ত ব্যাপারে ব্যবস্থা করা হয়, হিমুলের বিভিন্ন প্রোডাক্টগুলোর জন্য মার্কেটিং-এর ব্যবস্থা করা যায় তাহলে হিমুলের প্রফিট হবে এবং রাজ্যসরকারেরও প্রফিট হবে। যে দুধ পাহাড় থেকে সংগ্রহ করে মাটিগাড়ায় নিয়ে এসে বিভিন্ন প্রোডাক্ট তৈরী হয়, সেই দুধ থেকে প্রোডাক্টগুলো তৈরীর ব্যবস্থা যদি পাহাড়ে থাকতো তাহলে বহু বেকার ছেলে-মেয়েদের উপকার হত। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি—পাহাড়ে বহু বেকার ছেলে-মেয়ে আছে, এই সমস্ত আনএমপ্লয়েড ইউথকে দিয়ে কো-অপারেটিভের মাধ্যমে বিভিন্ন পার্লার থেকে দুধের প্রোডাকটগুলোকে মার্কেটিং করার জন্য ব্যবস্থা করে তাদেরকে সেল্ফ এমপ্লয়েড হওয়ার সুযোগ করে দেবেন বলে আমি আশা করছি। আপনি পোলট্রি ডেভেলপমেন্টের ব্যাপারে এই বইতে বলেছেন। পঞ্চায়েতের মাধ্যমে পোলট্রি ডেভেলপমেন্টের ব্যাপারে সেল্ফ এমপ্লয়েড করার জন্য

ফ্যামিলিবেস প্রোগ্রাম উইথ সাবসিডি বলে যে পোগ্রাম আপনি নিয়েছেন আমাদের হিলে এই সুযোগসুবিধা নেই। আমি আশা করছি, আপনি এ ব্যাপারে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের সঙ্গে কো-অর্ডিনেশন রেখে সহযোগিতা করবেন। আপনার সহযোগিতা কামনা করছি।

[5.10—5.20 p.m.]

স্যার, আমি আবার মন্ত্রী মহাশয়কে বলছি যে, আজ পর্যন্ত অ্যানিম্যাল রিসোর্সেস ডেভেলপমেন্ট দার্জিলিং, গোর্খা, অটোনমাস হিল কাউন্সিল বহুবার সেন্ট্রালী অ্যাসিসটেন্স স্কিম পাঠানো হয়েছে কিন্তু আজ পর্যন্ত কোন নো সেণ্ট্রালি অ্যাসিসটেন্স স্কিম ইজ নট ইয়েট ইমপ্লিমেনটেড ইন হিল এরিয়াস। আমরা এখনও পর্যন্ত কোন টাকাই পাচ্ছি না। আবার চলে আসছি আমি র‍্যাবিট ডেভেলপমেণ্ট-এ। পাহাড়ে একটা মাত্র জায়গা এখানে রিসেণ্টলি কিছু বছর আগে অঙ্গুরা স্কিম র‍্যাবিট ঐ কালিম্পংএ গত বছরে ইমপ্লিমেনটেড করা হয়েছে কিন্তু এই র‍্যাবিট যে স্কিম আছে যে অঙ্গুরা, সেই স্কিমগুলো হিলের অন্যান্য জায়গাতে যদি হতো তাহলে ভাল হত এবং অনেক আনএমপ্লয়েড সলভ করা যাবে। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি যে বিধানচন্দ্র কৃষি বিদ্যালয়ে অ্যানিমেল অ্যান্ড ভেটেরেনারি সায়েন্স অ্যান্ড ফিশারিজ আছে—সেখানে আমাদের হিলের কোটা মাত্র একটা করা আছে। আমি তাই আমাদের হিলের স্বার্থে হিল স্টুডেণ্টদের স্বার্থে এই কোটাকে একটু বাড়ানোর জন্য অনুরোধ করছি এবং শেষে আবারও এই কথা বলছি যে, দার্জিলিং হিল কাউন্সিল অ্যানিমেল রিসোর্স ডেভেলপমেণ্ট-এ অনেক ডিফিকাল্টি আছে, অনেক প্রবলেম আছে এবং এগুলি নিশ্চয়ই আপনার নজরে আছে এবং আপনি দেখবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার সবাই জানেন বিশেষ করে আমাদের যারা মাননীয় সদস্য আছেন আমাদের দেশে এবং আমাদের রাজ্যেও যারা প্রাণী পালনের সঙ্গে যুক্ত তারা গরীব মানুষ, সমাজের পিছিয়ে পড়া মানুষ। প্রাণীজাত যে পণ্য সেটা ভোগ করে সমাজের উপর অংশের মানুষ। দুধ হোক, মাংস হোক, ঘি হোক এটা সমাজের ধনী লোকেরা ব্যবহার করে। আর যেহেতু নিচের তলার মানুষ যুক্ত আছেন প্রাণী পালনের সঙ্গে যার ফলে এই সমস্যা, এই বিষয়গুলি সমাজের অন্য পাঁচ জন মানুষ তাদের চর্চার মধ্যে আনতে পারেন না। আমাদের দেশের প্রচার মাধ্যমও এই বিষয়গুলি বেশি প্রচারের মধ্যে আনতে পারেন না। এইজন্য এই দপ্তরের মন্ত্রী হিসেবে বছরের একটা দিন তাকিয়ে থাকি অনেক কিছু ভাল উপদেশ শুনব বলে। বিচার নিশ্চয় হবে, বিরোধীরা বিরোধিতা করবেন এটা সত্যি কথা কিন্তু বিরোধিতার পাশাপাশি কিছু ভাল উপদেশ শুনব—কোথায় আমাদের কত ঘাটতি হয়েছে, আমাদের কি করা উচিত, কি করলে ভাল হতে পারে এইসব পরামর্শ, উপদেশ শোনার জন্য তাকিয়ে থাকি। কিন্তু দুর্ভাগ্যের বিষয় সেটা পায়নি। আজকে যতখানি আশা রেখেছিলাম পেলাম তার থেকে অনেক কম। বিরোধী পক্ষের বক্তারা বলেছেন। কম সময়ের মধ্যে বলতে হয়েছে। তবে আপনাদের বক্তব্য শুনে যতটুকু বুঝেছি আমাদের কি করতে হবে। কাট মোশানে যে বিষয়গুলি আনা হয়েছে সেগুলির উত্তর তৈরি করেছি এখন তা বলতে গেলে ১ ঘণ্টা লেগে যাবে।

কিছু প্রশ্ন এসেছে আমি সেই ব্যাপারে বলব এবং বিশেষ করে অসিত বাবু যে প্রশ্ন করেছেন ষাঁড় কেনা নিয়ে। একটু জেনে রাখা ভাল যে এই ব্যাপারে আমাদের সরকারের কোন ঘাটতি, ত্রুটি নেই কিন্তু সমস্যাটা হয়েছে যে গর্ভনমেন্ট অফ ইণ্ডিয়া একটা স্কিম করেছিল তার নাম হয়েছে ন্যাশনাল প্রোগ্রাম ফর ক্যাটেল অ্যাণ্ড বাফেলো ব্রিডিং তারজন্য ওরা কিছু টাকা আমাদের দিয়েছিল। তার মধ্যে একটা আমাদের প্রভিশান ছিল যে বাইরে থেকে কিছু ভাল বুল আমাদের কিনতে হবে। প্রায় ৩৫ টি বুলের জন্য টাকাও ওরা দিয়েছিল ওই টাকা নিয়ে আমরা যখন কেনার কথা ভাবছিলাম তখন অন্ধ্রপ্রদেশ সরকার ঠিক করেছিল, ওরাও এই ব্যাপারে টাকা পেয়েছিল, ওরাও প্রায় ১ শত টি বুল কেনার জন্য ঠিক করেছিল। ঠিক সেইসময় আমাদের সঙ্গে কথা হয়েছিল যে, যে প্লেনে করে বুলটা আসবে, এখানে যদি একসঙ্গে আনা যায় তাহলে খরচটা অনেক কমে যাবে। এইজন্য আমরাও রাজি হয়েছিলাম। গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়া এবং অস্ট্রেলিয়ার যত নিয়ম-কানুন যা আছে সব মেনে ঐ ১ শতর উপরে বুল আনার সিদ্ধান্ত হয়। আমাদের তামিলনাড়ু যেটা এখন চেন্নাই বলা হয় সেখানে যে কোয়ানসাইন স্টেশান আছে সেখানে পরীক্ষা-নিরীক্ষা করা হয় তারপর ছেড়ে দেওয়া হয়। এটা আনতে যে কজন লোক লাগে পাঠানো হয়েছিল, এর জন্য বলছেন যে টাকা খরচ হয়েছে তাহলে কি করা যাবে। কেউ তো আর বেড়াতে যায়নি। সেক্রেটারী যাননি, ডাক্তার গিয়েছেন। এটাই নিয়ম। এবারে আনার পরে যে পরীক্ষা হয়, আমাদের ভূপালে যে হাইটেক ল্যাবরেটরি আছে, সেখানে যে পরীক্ষা হয়, সেখানে সামান্য একটা রোগের লক্ষণ ২-৩ টি গরুর মধ্যে দেখা গিয়েছিল কিন্তু যদিও সেটা মারাত্মক কিছু নয়। তারপরেও ইংল্যান্ডে পাঠানো হয়, সেখানে ইন্টারন্যাশনাল স্ট্যাণ্ডার্ড ল্যাব্রোরেটরি আছে, তারা বলে কোন রোগ নেই। এই নিয়ে গভর্নমেন্ট অব ইণ্ডিয়ার অফিসারদের সঙ্গে বিবাদ হয়। এমন কি মামলা পর্যন্ত হয়। এই সমস্যা হয়েছে। আমরা অন্ধ্র গভর্নমেন্টকে বলেছি এবং ঠিক করেছি ওদের মুখ্যমন্ত্রীকে বলব। দিল্লীর কেন্দ্রীয় সরকারের এই দপ্তরের মন্ত্রীর সঙ্গে কথা বলেছি। কয়েক দিন আগেই আই.সি.আর-এর মিটিং-এ বলেছি—কেন আটকে রেখেছেন, একটা কিছু বলুন-চলবে, না চলবে না? অবশ্যই আমাদের এই সমস্যার সমাধান করতে হবে। এই হল এক নম্বর।

দুনম্বর, দার্জিলিং-এর পাহাড়ি এলাকার কথা মাননীয় সদস্যা বলেছেন। তিনি প্ল্যান এবং নন্‌প্ল্যানের টাকা পয়সার বিষয়টা উল্লেখ করেছেন। এ বিষয়ে কিছু দিন আগেই আমরা মিরিকে একটা সভা করেছি। সেখানে বিস্তারিত আলোচনা হয়েছে এবং আমরা কিছু ব্যবস্থাও নিয়েছি। কয়েক দিন আগে আরো একটা মিটিং হয়েছে ডি.জি.এইচ.সি-র একজিকিউটিভ কাউন্সিলের সঙ্গে। সেখানে অফিসাররাও ছিলেন। সেখানে আলোচনা করে যা যা করণীয়তা নির্দিষ্ট করেছি—ইউনিভার্সিটিতে ভর্তির ব্যাপার, ট্রেনিং-এর ব্যাপার, এল.ডি.এ. সংক্রান্ত ব্যাপার, টাকা পয়সা ইত্যাদি সব কিছু নিয়ে আলোচনা হয়েছে। টাকা পয়সার ব্যবস্থা নেয়া হয়েছে, কয়েক দিনের মধ্যে সে সংক্রান্ত চিঠি চলে যাবে।

তিন নং, হিমুল। দার্জিলিং জেলায় তিনটি সাব-ডিভিশনই হচ্ছে হিল এরিয়ার। অথচ আমাদের হিমুল প্রজেক্টটি পালনে অবস্থিত। কিন্তু হিমুল প্রজেক্টের ১০০-জনের মধ্যে

১০০ জন চাষী সদস্যই হচ্ছে পাহাড়ী। আমাদের পাহাড়ে যাঁরা বাস করেন তাঁদের জীবিকার একটা বড় হাতিয়ারই হচ্ছে গরুর দুধ। তাঁদের ভরসাতেই হিমুল গড়ে উঠেছিল। মাঝে কিছু সময় আন্দোলন সংগ্রাম ইত্যাদির ফলের হিমুলের আবার জাগাবার জন্য সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে ৮ কোটি টাকার একটা প্ল্যান প্রোপোজাল পাঠানো হয়েছিল। ওঁরা ৬ কোটি টাকা পর্যন্ত রাজি হয়েছিলেন। তারপর বললেন, 'অর্ধেক আমরা দেব, অর্ধেক তোমাদের দিতে হবে।' আমরা তাই মেনে নিই। তা মেনে নেয়ার পরে প্রথম পর্যায়ে তিন কোটি টাকার পরিকল্পনা স্যাংশন করেন—দেড় কোটি টাকা আমাদের, দেড় কোটি টাকা কেন্দ্রীয় সরকারের। সেই টাকার কাজ শুরু হয়েছে। প্রথম পর্যায়ের কাজ শেষ হলে দ্বিতীয় পর্যায়ে আবার ওদের দেড় কোটি এবং আমাদের দেড় কোটির কাজ হবে। মাঝে হিমুলের উৎপাদন কমে গিয়েছিল। এখন ২০ হাজার লিটার প্রোডাকশন হচ্ছে, বিক্রি হচ্ছে ২২ হাজার লিটার। ওখানে শুধু দুধই নয়, লস্যি, দই, চিজ, মাখন ইত্যাদিও প্রস্তুত হচ্ছে। গত বছর হিমুল লাভ করেছে। এটা একটা ভাল দিক। আরো কিছু কিছু জিনিস আছে, সেগুলো নিশ্চয়ই আমাদের দেখতে হবে।

এরপরে যে প্রশ্নটি এখানে রাখা হয়েছে সেটা পরিকাঠামো নিয়ে— হাসপাতালের অবস্থা খারাপ, যন্ত্রপাতি নেই, অমুক নেই ইত্যাদি। এবিষয়ে আমি এইটুকুই শুধু বলতে পারি যে, আমাদের পশ্চিমবাংলায় গত তিন বছর নন্‌প্ল্যানের বাইরে ৪৩ কোটি টাকা শুধু গ্রান্ট-ইন্-এড্ জেলাগুলিতে দিয়েছি। গোটা পশ্চিম বাংলায় যতগুলি হাসপাতাল আছে সবগুলিকেই যতটা সম্ভব উন্নত করার চেষ্টা করেছি। আমাদের পশ্চিমবাংলায় ১১০ টি রাজ্য হাসপাতাল আছে; ৩৪২ টি ব্লক সেন্টার আছে ; ২৭১টি অ্যাডিশনাল ব্লক সেন্টার আছে। এ ছাড়াও অনেকগুলো ছোট ছোট কেন্দ্র আছে। এর সাথে আমরা গ্রামে এল. ডি. এ. নিয়োগ করেছি, তাঁরা অনেক কাজ করছেন। প্রাণীবন্ধুদের কাজে লাগিয়েছি। নীচের স্তর পর্যন্ত যতটা সম্ভব হয়েছে আমরা ব্যবস্থা নিয়েছি। প্রতিটি হাসপাতালে আমরা মিনিমাম ব্যবস্থাটুকু রাখার ব্যবস্থা করেছি—মাইক্রোস্কোপ, ফ্রিজ ইত্যাদি হসপিটালের মিনিমাম রিকোয়ারমেন্ট এর ১০০ ভাগ ব্যবস্থাই করেছি। অবশ্যই আরো আধুনিক ব্যবস্থা করা দরকার। কিন্তু সবটাই আমরা এখনই করতে পারব না। তবে জাপানের মত এয়ারকণ্ডিশন অ্যাম্বুলেন্সে করে আমাদের পশ্চিমবাংলার গরু হসপিটালে যাবে, এটা যদি কেউ ভেবে থাকেন তাহলে তাঁকে এটা আগামী ১০০ বছর পরেও ভাবতে হবে। সেটা এখানে সম্ভব নয়। যেটা সম্ভব সেটাই আমরা করবার চেষ্টা করছি। আমরা প্রত্যেকটা জেলায় একটা করে উন্নতমানের পলিক্লিনিক করব। মুর্শিদাবাদে ইতিমধ্যেই তা করা হয়েছে। সেখানে আধুনিক যা যা ব্যবস্থা করা দরকার, রক্ত পরীক্ষার ব্যবস্থা থেকে আরম্ভ করে এক্সরে ইত্যাদি ছোট বড় অপারেশনের জন্য যা যা দরকার সব করেছি। মালদহেও তা করার জন্য ভিত্তি স্থাপন হয়েছে। টাকার কিছু অসুবিধা হচ্ছে। গ্র্যান্ট-ইন্-এড-এর টাকা আরো ২/১ বছর চালু থাকলে এগুলো করতে একটু সুবিধা হবে। সেটা আমরা দেখছি কি করা যায়।

এ কথা ঠিক যে, আমাদের রাজ্যে প্রাণী সম্পদের ঘাটতি আছে। ফলে আমাদের দুধ, ডিম, মাংসের ঘাটতি আছে। এই ঘাটতির বাস্তবতাও আছে। এখন কেউ যদি আশা করেন যে দক্ষিণ ভারত গম উৎপাদনে প্রথম হবে, তাহলে তাঁকে নিরাশ হতে হবে। কেননা তা

কখনো সম্ভব নয়। দক্ষিণ ভারতের আবহাওয়া,. তাপমাত্রা তাতে দক্ষিণ ভারতের পক্ষে গম উৎপাদনে প্রথম হওয়া সম্ভব নয়। কখনোই প্রথম হতে পারবে না।

[5.20—5.30 p.m.]

ঠিক তেমনি সুন্দরবনে চায়ের চাষ করলে, চা-য়ে কি প্রথম হয়ে যাবে? জঙ্গলে জঙ্গলে চা ভরে যাবে? কখনও হবে না। কখনও হবে না। এর জন্য মাটি দরকার, বাতাস দরকার, আবহাওয়া দরকার। ঠিক তেমনি প্রাণীর ক্ষেত্রেও জাত দরকার। সৌভাগ্য বলুন আর দুর্ভাগ্য বলুন, ইস্রায়েলের মত একটা দেশে—রাষ্ট্রপতির লেখা একটা বই বেরিয়েছে, তাতে আছে, ইস্রায়েলের মত একটা গোটা দেশে গড়ে একটি গরু দুধ দেয় ৩৩ লিটার আর ভারতবর্ষে গরুর দুধের গড় আড়াই লিটার। সেখানে পশ্চিমবঙ্গের মত একটা রাজ্যে দুধের গড় দেড় লিটার। দেশীয় অর্থাৎ ইনডিজেনাস গরু দুধ কম দেয়। সৌভাগ্যবশত, গুজরাটে গরুর ভাল জাত আছে, পাঞ্জাবে ভাল জাত আছে, রাজস্থানেও একটা ভাল জাত আছে, তাদের বেশী দুধ হয় আর আমাদের এখানে অর্থাৎ পশ্চিমবঙ্গে দুধ কম হয়। আমাদের দায়িত্ব হচ্ছে এই ঘাটতি মেটাতে হবে। এই ঘাটতি মেটাবার জন্য আমরা কি করতে পারি? একটি ক্ষেত্রে ঘাটতি থাকলেও আমাদের সাফল্য কম নয়। আমি ৬/৭ বছর আগে এই দপ্তরের যখন মন্ত্রী হয়ে এলাম তখন অবাক হয়ে দেখলাম, কলকাতার মানুষকে আধ লিটার দুধের জন্য মন্ত্রীর কাছে দরখাস্ত করতে হতো। মন্ত্রী সেই দরখাস্ত সই করলে তবে একটি কার্ড পেত এবং সেই কার্ড পাবার পর আগাম এক মাসের টাকা দিয়ে দুধের লাইনে দাঁড়াতে হতো। আমি আজকে গর্ব করে এইটুকু বলতে পারি, কলকাতা শুধু নয়, হাওড়া শুধু নয়, পশ্চিমবাংলার যে কোন প্রান্তে যত দুধের দরকার আমরা তা দিতে পারি। এখন আর মন্ত্রীর কাছে দরখাস্ত করতে হবে না, যে কোন সময়ে রাত-দিন, ২৪ ঘণ্টা যত বেশী দুধ চান দিতে পারি। অবশ্য আমাদের কিছুটা দুধ বাইরে থেকে আনতে হয়, কিন্তু সেটা খুবই কম। একটা উদাহরণ দিলেই বুঝতে পারবেন, ৬ বছর আগে চাষীদের সমবায়ের মাধ্যমে আমরা দুধ পেতাম গড়ে প্রতিদিন ১ লক্ষ লিটার। এখন সেটা প্রায় সাড়ে ৩ লক্ষের কাছাকাছি প্রতিদিন দুধ সংগ্রহ করতে পারছি—এইরকম একটা ভাল জায়গায় আমরা গেছি। কিন্তু তাতেও আমাদের ঘাটতি আছে, কিভাবে পূরণ করা যাবে তা নিয়ে আমরা চিন্তা-ভাবনা করছি। আমাদের এখানে দেশীয় গরুর সংখ্যা অনেক, কিন্তু দুধ যেহেতু কম দেয় তারজন্য গরুর জাতকে পাল্টাতে হবে, উন্নত করতে হবে। সেইজন্য আমাদের অনেক প্রকল্প আছে। সর্বশেষ একটা প্রকল্প নিয়েছি ইনটেনসিভ এ.আই.প্রোগ্রাম। এখন বিজ্ঞান প্রযুক্তির পরিবর্তন হয়েছে। প্রথমদিকে ন্যাচারাল পদ্ধতিতে ক্রস-বিড হতো, তারপরে এল তরল সিমেন্স, এখন এসেছে ফ্রোজেন সিমেন্স। এই ব্যবস্থা আগে সরকারী কেন্দ্রে গিয়ে করতে হতো, এখন প্রাণীবন্ধুরা বাড়ী বাড়ী গিয়ে করে দিতে পারবে। অসিতবাবু বললেন, খুব একটা ভাল হয়নি। ৫ বছর আগে যা ছিল গত বছর ডাবল হয়ে গেছে অর্থাৎ ১০ লক্ষ এ.আই. করেছি, একটা রেকর্ড সৃষ্টি করতে পেরেছি। এখনো সুযোগ আছে, আমাদের করতে হবে। শুধু পরিকল্পনা করলেই হবে না, আজকে সারা দেশে একটা বিপদ দেখা দিয়েছে। গ্রামাঞ্চলে

যেসব চাষীরা দুধ উৎপন্ন করছে সেই দুধ উৎপন্নের চেয়ে খরচ বেড়ে যাচ্ছে অর্থাৎ চাষীরা দুধের দাম পাচ্ছে না। সারা ভারতবর্ষের ক্ষেত্রে এই বিপদ দেখা দিয়েছে, চাষীরা দুধের দাম পাচ্ছে না। কিন্তু পশ্চিমবাংলার ক্ষেত্রে আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, ১০০ ভাগ চাষীদের বাড়তি দুধ বিক্রি করা সুনিশ্চিত করেছি এবং তাদের সর্বাধিক ৪.৫ দুধে ১২ টাকা লিটারের ব্যবস্থা করেছি যা অন্যান্য রাজ্যের চাষীরা এই দাম পায় না। কেন্দ্রীয় সরকার এমনিতেই বলেছে রাজ্যের দুধ রাজ্যের ডেয়ারী প্ল্যান্ট কিনতে বাধ্য নয়, তারা যে কোন জায়গা থেকে দুধ কিনতে পারে। আমরা প্রত্যেকটি জেলায় ১৪টি ডেয়ারী ফার্ম করে ফেলেছি, আরো কয়েকটি জায়গায় কাজ চলছে। এমন কোন জেলা থাকবে না যেখানে ১ টিও ডেয়ারী প্ল্যান্ট থাকবে না। আমরা শুধু দুধ করছি না, প্যাকেট করার ব্যবস্থাও করছি। বিশ্বায়নের ফলে এবং ডব্লু.টি.ও.র চুক্তির ফলে আপনারা জানেন যে ১৪২৯ টি পণ্য ওজি. এল এ আনা হয়েছে তার মধ্যে ৮০০ টি আছে এগ্রিকালচারাল প্রডাক্টস এবং তার মধ্যে ৪ রকমের দুধ আছে, সব রকমের দুধ বাইরে থেকে আসতে পারে এবং তার ফলে হয়েছে চাষীরা দুধের দাম পাবে না। সেইজন্য আমরা দায়িত্ব নিয়ে ডেয়ারী প্ল্যান্ট করছি এবং দুধের বিক্রি বাড়াবার চেষ্টা করছি। তেমনি দুগ্ধজাত দ্রব্য কত রকমের করা যায় তারজন্য চেষ্টা করছি। আমুল যা করে আমরা তা সবই করে ফেলেছি, আমাদের আরো বেশী করতে হবে, কারণ চাহিদা আছে। আমাদের দপ্তর মেগাডেয়ারী করবে যেখানে সবরকমের প্রোডাক্টস তৈরী হবে। আমাদের দুধ আছে, দই আছে, মিষ্টি আছে, চকোলেট আছে, আইসক্রিম আছে, ছানা আছে। আমরা ছানা প্ল্যান্ট করতে চাইছি। পৃথিবীর কোথাও দুধ থেকে ছানা হয় এইরকম যন্ত্র করতে পারেনি। আমরা যদি সেটা করতে পারি তাহলে ছানা তৈরী করবো, মিষ্টি করবো। আমাদের রাজ্যের জন্য করবো, অন্য রাজ্যের জন্য করবো, পৃথিবীর অন্যান্য দেশের জন্য করবো। এরকমের অনেকগুলি পরিকল্পনা আমাদের আছে যাতে আমরা এটা বাড়াতে পারি। আর ছোট ছোট আকারে মা-বোনেদের দিয়ে পনির তৈরি করা, তার থেকে খাবার তৈরি করা সেগুলিও আমরা করার চেষ্টা করছি। আরও একটা বড় জায়গায় আমাদের ঘাটতি হয়ে আছে সেটা হচ্ছে ডিমে। এটা দেখতে খুব খারাপ লাগে যখন দেখি প্রচুর ডিম বাইরে থেকে আমাদের রাজ্যে আসে। এটা তো লুকিয়ে রাখার ব্যাপার নয়, এটা সকলেই জানেন। আগে দেখতেন প্যাকেটের গায়ে লেখা থাকতো 'গ্লাস উইথ কেয়ার' আর এখন দেখবেন প্যাকেটের গায়ে আর একটা কথা লেখা থাকে—এগ উইথ কেয়ার। তার মানে এগ যাচ্ছে এর মধ্যে। এই ডিম আমাদের বাইরে থেকে আনতে হচ্ছে, এখানে আমাদের ঘাটতি আছে। এখন এই যে ডিমের ক্ষেত্রে ঘাটতি এর একটা বাস্তব কারণ আছে। আগেই একদিন আমি এই সভায় বলেছি যে আমাদের রাজ্যে ডিমের ক্ষেত্রে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে ডিমের যে কস্ট সেটা। মুরগির খাবারের খরচটা খুব বেশী আর এমন হয়ে গিয়েছে এখানে কিছু করতে হলে করতে হবে হয় একে না হয় লক্ষে। গরিব মানুষদের একটা/দুটো মুরগী পালন করতে হবে আর না হলে লক্ষ লক্ষ মুরগী নিয়ে বড় ফার্ম করতে হবে এ ছাড়া পথ নেই। এরজন্য আমরা এখন তিনটি পথ নিয়েছি। একটা হচ্ছে বড় সংগঠিত ফার্ম। একজন জিজ্ঞাসা করছিলেন যে কোথায় আমরা কি করছি। দুর্গাপুরে টার্বো ইনফোটেক-এর মাধ্যমে একটা

বড় ফার্মের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে এবং তার কাজ শুরু হয়েছে। প্রায় দু লক্ষ বার্ড তারা রাখবে। ওদের সঙ্গে কথা হয়েছে যে প্রত্যেক জেলাতে ওরা করবে। আর আমাদের যে ভেংকটেশ্বরাইয়া হ্যাচারি আছে, ভেনকিস যাকে বলে কথা শুরু হয়েছে, ওরাও কাজ শুরু করবে। এই মেদিনীপুরে কিছু কাজ করবে এবং তারপর রাজ্যের অন্য জেলাগুলিতে করবে। আর মাঝারি স্তরে যারা বেকার ছেলেমেয়ে আছে বিভিন্নভাবে তাদের সরকারী ঋণ দিয়ে এবং তার সঙ্গে আমরাও কিছু দিয়ে চেষ্টা করছি এটা নিয়ে মাঝারি আকারে কিছু অর্গানাইজড্ ফার্ম যাতে করতে পারি। ইতিমধ্যে এটা করে কিছু ছেলে ভাল দাঁড়িয়েছে। একটা ভাল উদাহরণ দিই। মেদনীপুরের মদন মাইতি সে সামান্য দু/একটি কার্ড নিয়ে আরম্ভ করে এখন প্রায় এক লক্ষ মুরগী নিজে পালন করে এবং এখন ভাল লাভের জায়গায় এসেছে। এরকম আরও পরিকল্পনা আমরা নিয়েছি। গরিব মানুষ যারা গ্রামেগঞ্জে বাস করেন — আমাদের ৮ কোটি মানুষের মধ্যে ৫ কোটিই গ্রামে বাস করেন। ৫ টা লোক নিয়ে যদি একটা পরিবার হয় তাহলে এক কোটি পরিবার গ্রামে আছে। এই এক কোটি পরিবারের হাতে আমরা যদি দুটি করে ভাল মুরগী দিতে পারি তাহলে দু কোটি মুরগী হবে এবং তার মানে দু কোটি করে ডিম প্রতি দিন পাওয়া যাবে। আমাদের রাজ্যের যে চাহিদা আছে তার ৮০ ভাগ এটা দিয়ে পূরণ হতে পারে। এখানে সেল্ফ হেল্প গ্রুপ যেগুলি তৈরি হয়েছে তাতে বিশেষ করে মহিলাদের যাতে ভাল জাতের মুরগীর বাচ্চা বেশী করে আমরা দিতে পারি তার জন্য আমরা পরিকল্পনা নিয়েছি। এর সঙ্গে আমরা ঠিক করেছি এ বছর পরীক্ষামূলকভাবে ব্যাঙ্কের ঋণ, মাইনরিটি কর্পোরেশন, এস.সি, এস.টি. কর্পোরেশন এদের সাহায্যে ১০০ জন সেল্ফ হেল্প গ্রুপের ছেলেমেয়েদের গড়ে ২০ হাজার টাকা ঋণ আমাদের দপ্তর থেকে আমরা দেব এবং তার জন্য ৩৪ লক্ষ টাকা রেখেছি। সেখানে কেউ পরীক্ষামূলকভাবে গোটারি করবে, কেউ পোলট্রি করবে। প্রতিটি জেলাতে ১০ জন করে আমরা বেছে নিয়েছি, পরীক্ষামূলকভাবে এটা আমরা করবো। এটা যদি করতে পারি তাহলে আগামী দিনে এটাকে আরও ছড়িয়ে দেওয়ার ব্যবস্থা আমরা করবো। এরপর প্রশ্ন আসছে মাংসের ক্ষেত্রে। আপনারা শুনলে খুশি হবেন যে অনেক ক্ষেত্রে পিছনের মধ্যেও আমরা এ ক্ষেত্রে এগিয়ে আছি, মাংস উৎপাদনে আমরা কিন্তু ভারতবর্ষের মধ্যে প্রথম স্থানে আছি। যদিও আমাদের ঘাটতি আছে। কোন মাছের ক্ষেত্রে ঘাটতি থাকলেও আমরা প্রথম স্থানে আছি তেমনি এ ক্ষেত্রেও ঘাটতি থাকলেও প্রথম স্থানে আছি। এই ঘাটতির কারণ হচ্ছে আমরা মাংস বেশী খাই। এই মাংসের ক্ষেত্রেও আমরা অনেকখানি এগিয়েছি, আমাদের আরও কিছু ঘাটতি আছে বিশেষ করে গোটারির ক্ষেত্রে, ছাগলের মাংসের ক্ষেত্রে। এখন অবশ্য ব্রয়লারে মানে মুরগির মাংসে আমরা মাঝে মাঝে সারপ্লাস হয়ে যাচ্ছি। এ ব্যাপারেও আমরা কতকগুলি পরিকল্পনা নিয়েছি। আপনারা অনেকেই বলেছেন যে, যে পরিমাণে টাকা প্ল্যানে থাকা দরকার সেটা থাকছে না। এটা ঠিক। আগে যেভাবে আমরা টাকা পেয়েছি এখন সেভাবে পাচ্ছি না, সংকটটা বেড়েছে এবং এই সংকটের কারণটা কি সেটা আপনারা ভালোভাবেই জানেন তা আর আমার বলার অপেক্ষা রাখে না। কিন্তু কতকগুলি ব্যবস্থা আমরা এমনভাবে করেছি বা করার চেষ্টা করছি যাতে এই অর্থের বাইরেও এগুলি করতে পারি। যেমন ধরুন ডেয়ারি সেক্টারের কথা। এতো

ডেয়ারি হয়েছে এবং আরও হবে। এখন পশ্চিমবঙ্গে ২$\frac{১}{২}$ হাজার দুগ্ধ সমবায়/সমিতি হয়েছে, এর মধ্যে ৫০০ শুধু মহিলাদের দুগ্ধ সমবায় সমিতি। প্রতিদিন /৪ লক্ষ লিটার দুধ সংগ্রহ করা হচ্ছে আর প্রতিদিন ৮-৯ লক্ষ লিটার দুধ বিক্রি করা হচ্ছে। এই যে পরিকাঠামো গড়ে উঠছে এটা সরকারী ঘেরাটোপের বাইরে। এখানকার টাকার ব্যবস্থাটা একটু আলাদা। এটা যদি আমরা করতে পারি এবং কেন্দ্রের সাহায্য আমরা পাই তাহলে এটাকে বাড়িয়ে নিয়ে যেতে পারবো। একজন মাননীয় সদস্য বললেন যে, এ. আই. বন্ধ হয়ে যাবে। বন্ধ হবে না। আমরা একটা নতুন সংস্থা করেছি এস. আই. এ. বলে। এটা হচ্ছে স্টেট ইমপ্লিমেন্টিং এজেন্সী। এখানে যে টাকাটা আমরা খরচ করি তাতে আয় যেটুকু হয়, ২০ টাকা করে পার ইউনিট আমাদের আয় হয় সেই টাকাটা এখানে জমা হয়। কাজেই কোন কারণে সরকারী ফান্ড যদি ফেলও করে তাহলেও আমাদের এ. আই. কখনও বন্ধ হবে না। এ ছাড়া আমাদের কয়েকটি কর্পোরেশন আছে যার মাধমে আমরা কিছু কাজ করি। একজন মাননীয় সদস্য বলছিলেন টালিগঞ্জ, গোবরডাঙা, রানাঘাটের কথা। এই তিনটি ফার্মকে মর্ডানাইজ করার জন্য, আরও উন্নত করার জন্য আমরা দিল্লীর কাছে থেকে কিছু টাকা পেয়েছি, আমরাও কিছু দিচ্ছি, এটা দিয়ে এগুলি চালাবার চেষ্টা করছি। এগুলি এমনভাবে চালাব যাতে করে এই টাকাটা আবার আমাদের এই সংস্থার কাছে আসে। এইজন আমরা কর্পোরেশনের মাধ্যমে এগুলি চালাবার পরিকল্পনা করেছি।

[5.30 – 5.40 p.m.]

যাতে এটা আমরা আবার কাজে লাগাতে পারি। এই সবটা আমাদের যাতে সম্ভব হতে পারে। আর এই সবটা কাজে লাগাবার জন্য আরো যে প্রক্রিয়াগুলো আছে তার মধ্যে যেটা আপনারা বলেছেন খুবই গুরুত্বপূর্ণ কথা যে রোগ ঠেকাতে হবে। রোগ ঠেকাতে হবে আর ভাল চিকিৎসা করতে হবে। সব থেকে গুরুত্ব দিয়েছি রোগ ঠেকাতে হবে। এই রোগ ঠেকাবার জন্য আমাদের যে ব্যবস্থা আছে তাকে একেবারে নিচে নিয়ে যাওয়া এবং আধুনিক যত রকম যা কিছু করার আছে, সঙ্গে সঙ্গে চিকিৎসার ব্যবস্থা হতে পারে সেটা আমরা করার চেষ্টা করছি। ফিড ফডার যাকে বলে, খাবার না হলে হয় না, সেটা একটু ভাল ব্যবস্থা করার চেষ্টা করা হচ্ছে। এই সমস্ত কাজ, তার সঙ্গে আমাদের বিশ্ববিদ্যালয় আছে যেটা অসীমবাবু বলেছেন। কিছু সমস্যা আছে ইউনিভারসিটিতে ঠিকই, কিন্তু ভারতবর্ষের মধ্যে এটা দ্বিতীয় ইউনিভারসিটি। আমাদের এই কোলকাতাতে যেমন ব্রিটিশ আমলে দ্বিতীয় কলেজ তৈরী হয়েছিল, ভেটেরেনারি কলেজ, দ্বিতীয় হাসপাতাল তৈরী হয়েছিল তেমনই করবো। পশ্চিমবাংলা হচ্ছে ভারতবর্ষের মধ্যে দ্বিতীয় জায়গা যেখানে এই ধরণের ইউনিভারসিটি তৈরী হয়েছে, ইউনিভারসিটি অফ অ্যানিমাল অ্যান্ড ফিশারী সাইন্স। এটা সাফল্যের সঙ্গে কাজ করছে। কিছু ঘাটতি আছে, সেইগুলো পূরণ করবার চেষ্টা করছি এবং সেটা করতে হবে। সব থেকে যেটা আমরা গুরুত্ব দিয়েছি সেটা হলো, আমাদের ইউনিভারসিটি শুধু ছেলে তৈরী করবে তা নয়, ইউনিভারসিটি কিছু গবেষণা করবে এবং সেই গবেষণার ফল কি করে চাষীদের কাছে নিয়ে যাওয়ায় তার

একটা চেষ্টা হচ্ছে। আমরা মনে করি এটাতে আমরা সফল হবো। কিন্তু সবাই একটা কথা বুঝেছেন, মাননীয় বিধায়করা উল্লেখ করেছেন, সেটা হচ্ছে যে পশ্চিমবাংলায় প্রচন্ড বেকার। সারা দেশে বেকার, পশ্চিমবাংলাতেও আছে। বড় রাস্তাগুলো সব বন্ধ হয়ে যাচ্ছে, বড় বড় কারখানা হবে, সেখানে লক্ষ লক্ষ ছেলের কাজ হবে— সেই দিন ফুরিয়ে গেছে। কৃষিতে আজকে সীমাবদ্ধতা এসেছে। সাফল্য যেমন এসেছে, সীমাবদ্ধতাও এসেছে। আমি আমার ভাষায় বলি, যখন মেন রোডগুলো বন্ধ হয়ে যায় তখন পাশের ছোট ছোট গলির রাস্তাগুলো খুঁজতে হবে। আমাদের মেন রোড প্রায় বন্ধ, এই জন্য গলির রাস্তাগুলো খুঁজতে হবে। হ্যাঁ, নামে খারাপ, গরু পোষা, মুরগি পোষা, ছাগল পোষা। একটা ভদ্রলোকের ছেলে এতো ছোট কাজ করবে? আমাদের সমাজে এইগুলো উপেক্ষিত, অবহেলিত কাজ। কিন্তু এ ছাড়া কোন পথ নেই। সুযোগটা আছে। কিন্তু সুযোগ থাকলেও আপনা আপনি ফল হয় না। এই ফল আমাদের ছিনিয়ে আনতে হয়। এর জন্য আমাদের প্রয়োজন হচ্ছে তথ্য ও সংবাদ, এই ব্যবস্থা মানুষের কাছে নিয়ে যাওয়া। এই জন্য প্রতি বছর ১৩ থেকে ১৯শে নভেম্বর সপ্তাহ পালন করি এই খবর নিয়ে যাওয়ার জন্য। আমরা ৮ তারিখে দুগ্ধ দিবস পালন করি এই খবর নিয়ে যাওয়ার জন্য। আমরা ১০ই জানুয়ারী প্রাণী স্বাস্থ্য দিবস পালন করি এই খবর নিয়ে যাওয়ার জন্য। এইটুকু বলতে পারি আমাদের এই প্রোগ্রাম ৫-৬ বছর ধরে চলবার ফলে অন্তত প্রাণী সম্পদ কথাটা অনেকের কানে ঢুকেছে, কিছুটা কাজ হতে পারে এই ভাবনা ঢুকেছে এবং অনেকে আগ্রহ নিয়ে আসছে। অনেকখানি সাফল্য পেয়েছি, যা চাই তার সবটা পাওয়া যায় না, অনেক দেরী আছে। কিন্তু চেষ্টা যেটুকু হয়েছে যদি সবাই উদ্যোগ নেয়, যদি সবাই চেষ্টা করে তাহলে আরো অনেক সফলতা আসবে। এই উদ্যোগ শুধু দপ্তর দিয়ে হবে না, আমাদের দপ্তর, আমাদের পঞ্চায়েত এবং আমাদের মাননীয় বিধায়ক যাঁরা আছেন, সবাই মিলে হাত মিলিয়ে করতে পারি তাহলে আমি মনে করি প্রয়োজন যা আছে তার সঙ্গে সঙ্গতি রেখে আমরা এগোতে পারবো। আমি আশা করি এই কাজে আপনাদের সকলের সহযোগিতা পাবো। আমি আর একবার আমাদের যে বাজেট তাকে সমর্থন শুধু নয়, যা কাট মোশান এনেছেন তা বেশীর ভাগ দেখলাম এলাকার ছোট ছোট বিষয়, কাজেই সেই কাটমোশানের বিরোধিতা করে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

The motions (cut motion nos.1 & 2) that the amount of the Demand be reduced to Re. 1-, were then put and lost.

The motions (cut motion nos.3–38) that the amount of the Demand be reduced by Rs. 100-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 that a sum of Rs. 288,55,32,000 be granted for expenditure under Demand No.6, Major Heads : "2245-Relief on account of Natural Calamities, 2403-Animal Husbandry, 2404-Dairy Development, 2415-Agricultural Research and Education, 2515-Other Rural Development Programmes, 2551-Hill Areas, 3451-Secretariat-Economic

Services, 4403-Capital Outlay on Animal Husbandry and 4404-Capital Outlay on Dairy Development" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 96,18,43,000 already voted on account.)

was then put and agreed to.

Demand No. 7

Mr. Chairman : There are 19 cut motions on Demand No. 7. All the cut motions are in order and taken as moved.

Shri Kamal Mukherjee : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

Shri Pankaj Banerjee
Shri Jyoti Priya Mallick
Shri Ashoke Kumar Deb
Shri Kashinath Mishra
Shri Kamal Mukherjee
Shri Bankim Ch. Hazra
Shri Kalipada Mandal
Shri Abdul Mannan
Shri Ashis Banerjee

Sir, I beg to move that the amount of the Demand be reduced to Rs. 100.

শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে ২০০৩-২০০৪ সালের জন্য ৭নং দাবীর পরিপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রী মহাশয় অনগ্রসর কল্যাণ বিভাগের যে বাজেট পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং বিরোধী দলের যে কাটমোশান সেগুলিকে আমি পূর্ণমাত্রায় সমর্থন করছি। আজকে আমরা প্রত্যেকে দেখতে পাচ্ছি, মাননীয় মন্ত্রী মহাশয় বাজেট যেটি রেখেছেন তাতে ১৯৯১ সালের আদমসুমারী অনুসারে তপশীলী জাতির সংখ্যা ১৬ কোটি ৮ লক্ষ বলে উল্লেখ করেছেন। এটা ১৬ কোটি হবে না। এটা ১ কোটি ৮ লক্ষ হবে। এই ভুলটা সংশোধন করে নেওয়া ভাল। আর আদিবাসীদের ক্ষেত্রে ৩৮ লক্ষ ১ হাজার ৬০ বলে যেটা উল্লেখ করেছেন, এটা মোটামুটি ঠিক আছে। আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন, আমরা দেখতে পাচ্ছি, পশ্চিমবঙ্গে তপশীলী জাতি, উপজাতি এবং ওবিসি শ্রেণীর মানুষেরা বামফ্রন্ট সরকারের আমলে, তাদের ২৬ বছরের অপশাসনে সবচাইতে বেশী অত্যাচারিত, নিপীড়িত, শোষিত এবং লাঞ্ছিত। এই সম্প্রদায়ের মানুষের যে সার্বিক উন্নয়ন

তা সর্বদিক থেকে ব্যর্থ হয়ে গেছে। মেদিনীপুরের কেশপুর, গড়বেতা, হুগলীর আরামবাগ, গোঘাট, বাঁকুড়ার সোনামুখী এবং বীরভূমের নানুর ইত্যাদি নানা জায়গায় এবং দক্ষিণ ২৪-পরগনার সুন্দরবন এলাকা এবং উত্তর ২৪-পরগনার সুন্দরবন এলাকা এবং রাজ্যের অন্যান্য অংশে আদিবাসী, উপজাতি শ্রেণীর মানুষ সবচেয়ে বেশী অত্যাচারিত হয়েছে। তারা খুন, ধর্ষণ এবং রাহাজানির শিকার হয়েছে সবচেয়ে বেশী। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, কেবলমাত্র দপ্তর চালালেই হবে না, ভারতীয় সংবিধানের ৪৬ নম্বর ধারায় আমাদের শিক্ষাকে অর্থনীতিকে, সামাজিক মর্যাদা-সহ সকল দিক থেকে সোশিও ইকনমিক স্ট্যাটাস যাতে বজায় থাকে সেদিকে লক্ষ্য রাখার কথা বলা আছে। সেদিকে দায়িত্ব পালন করতে হবে বলে বলা হয়েছে। সেখানে বলা হয়েছে, আর্টিকেল ৪৬এ বলা হয়েছে, The State shall promote with special care the educational and economic interests of the weaker sections of the people, and, in particular, of the Scheduled Castes and the Seheduled Tribes, and shall protect them from social injustice and all forms of exploitation.

ডঃ বি.আর.অম্বেদকর, এই নিপীড়িত, শোষিত, বঞ্চিত, দলিত সমাজের মানুষ, তিনি সংবিধানে এই সুযোগ-সুবিধা দিয়ে গেছেন। বামফ্রন্ট সরকারের আমলে আমরা দেখছি, সর্বদিক থেকে এই শ্রেণীর মানুষ লাঞ্ছিত, বঞ্চিত। এই শ্রেণীর মানুষকে অর্থনৈতিক সুযোগ দেবার জন্য কেন্দ্রীয় সরকারের যে বিভিন্ন প্রকল্প, দারিদ্র্য দূরীকরণের জন্য তাঁরা কোটি কোটি টাকা দিচ্ছেন। লোকদীপ প্রকল্পে, বেকারদের কর্মসংস্থানের জন্য যে প্রকল্প, স্বনিযুক্তি প্রকল্প-সেল্ফ এমপ্লয়মেণ্ট যে স্কীম আছে, সেই সমস্ত প্রকল্প রাজ্য সরকার কার্যকরী করতে পারেনি। সমস্তটাই ব্যর্থ হয়ে গেছে। কেন্দ্রীয় সরকারের সেই কোটি কোটি টাকা ফেরৎ চলে যাচ্ছে। দক্ষিণ ২৪- পরগনা জেলায় এস.সি., এস.টি.-দের এবং ওবিসি-দের জন্য কেন্দ্রীয় সরকারের দেওয়া ৬৫ কোটি টাকা ম্যাচিং গ্রাণ্টের অভাবে ফেরৎ চলে গেছে। বাস্তবে সেই প্রকল্প রূপায়িত হয়নি। আজকে মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি আপনার মাধ্যমে পরিষ্কার বলতে চাই, এস.সি., এস.টি. এবং ওবিসিদের জন্য কেন্দ্রীয় প্রকল্পের যে টাকা তা যাতে ব্যয়িত হয়, প্রকল্প যাতে রূপায়িত হয়, সেদিকে লক্ষ্য রেখে ১৯৭৩ সালে তপশীলী জাতি, উপজাতি বিত্ত নিগম গঠিত হয়েছিল। তারপর আদিবাসীদের জন্য লার্জ স্কেল কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি হয়েছিল এবং ১৯৯৫ সালে ওবিসিদের জন্য যে বিত্ত নিগম গঠিত হয়েছিল, তাতে কেন্দ্রীয় সরকার থেকে কোটি কোটি টাকা এসেছে। মাত্র ৬ পার্সেণ্ট সুদে লোন দিয়ে বেকার ছেলেদের সেল্ফ হেল্প গ্রুপ তৈরী করা ছিল তার উদ্দেশ্য। কিন্তু এই দপ্তর সেই টাকা খরচ না করে ৮.৫০ পার্সেণ্ট থেকে ৯ পার্সেণ্ট সুদে তা গচ্ছিত করে। ফলে এইসব প্রকল্পের যে উদ্দেশ্য তা সম্পূর্ণভাবে ব্যাহত হচ্ছে।

[5.40—5.50 p.m.]

অর্থনৈতিক যেসব সংস্থাগুলো আছে তার আর্থিক রূপায়ণ যাতে ঠিকমত হয় এবং বেকার যুবকযুবতীরা সেখানে যাতে সার্টিফিকেট পায় এবং ব্যাঙ্কের কাছ থেকে সাহায্য পায় সেই

কাজগুলো যাতে ঠিকমত হয় তার দিকে আপনাকে লক্ষ্য রাখতে হবে। আমি আপনার কাছে জানতে চাই যে, আজকে চাকুরীর ক্ষেত্রে যে রিজার্ভেশান, সংরক্ষণ নিয়োগের ক্ষেত্রে, সেটা বাস্তবে রূপায়িত হচ্ছে না। স্কুল সার্ভিস কমিশনে শিক্ষক নিয়োগের ব্যাপারে আমরা দেখতে পেলাম যে, এস সি এবং এস টি ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে নিয়োগ ঠিকমত হচ্ছে না। সেখানে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট রিজার্ভেশান সিটিকে ডি-রিজার্ভেশান এইসব করে হায়ার কাস্টের ছেলে-মেয়েদের নেওয়ার ব্যবস্থা করছেন। সুতরাং এস সি এবং এস টি ছেলে-মেয়েদের চাকুরীর ক্ষেত্রে রিজার্ভেশানের যে ব্যবস্থা তার সুযোগ-সুবিধা যাতে পূর্ণ মাত্রায় পায় এবং তাকে বাস্তবে রূপায়িত করার জন্য ব্যবস্থা নিতে হবে। আজকে কলেজ সার্ভিস কমিশনের ব্যাপারে আমি আগেরবারও মাননীয় মন্ত্রীকে বলেছিলাম যে, অজিত বণিক, তিনি কলেজ সার্ভিস কমিশনে নিয়োগের ব্যাপারে বলেছিলেন যে, উচ্চশিক্ষার ক্ষেত্রে এস সি এবং এস টিদের যদি নেওয়া হয় তাহলে শিক্ষা ব্যবস্থাটাই পঙ্গু হয়ে যাবে। শিক্ষা ব্যবস্থাটাকে তাহলে পঙ্গু করে দেবে। এই ধরনের বক্তব্যের জন্য উচ্চশিক্ষার ক্ষেত্রে তাঁকে চেয়ারম্যান পদ থেকে সরিয়ে নেবার জন্য উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে দাবী রেখেছিলাম। কিন্তু এখনো পর্যন্ত সেদিকে কোন ব্যবস্থা গৃহীত হয় না। তারপরে মণ্ডল কমিশনের যে সুপারিশ ছিল, রাজ্য সরকার সেই সুপারিশ অগ্রাহ্য করেছে। ১৭৭ টি ওবিসির মধ্যে মাত্র ৬৪টি জাতিকে ওবিসি সম্প্রদায়ে আনা হয়েছে। এই নিয়ে একটা বেসরকারী প্রস্তাব আনা হয়েছিল যে, ওবিসির ছেলে-মেয়েদের মেডিকেল, ইঞ্জিনীয়ারিং ইত্যাদি উচ্চশিক্ষার ক্ষেত্রে ৭ পার্শেন্ট সংরক্ষণ রাখতে হবে। এই ব্যাপারে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তও গৃহীত হয়েছিল। উচ্চ শিক্ষার ক্ষেত্রে মেডিকেল, ইঞ্জিনীয়ারিং এইসব ক্ষেত্রে ওবিসির ৭ পার্শেন্ট সংরক্ষণ এটা মেনে নিতে বাধ্য থাকব এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল এবং মাননীয় মন্ত্রীও সেটা মেনে নিয়েছিলেন। কিন্তু বাস্তবে এটা রূপায়িত হয়নি। সেখানে উত্তর প্রদেশে ২৭ পার্সেন্ট ওবিসিদের জন্য মেডিকেল, ইঞ্জিনীয়ারিংয়ে সংরক্ষিত আছে। অন্ধ্রপ্রদেশে ২৬ পার্সেন্ট এবং মধ্যপ্রদেশে ১৫ পার্শেন্ট, আর তামিলনাড়ুতে ৫০ পার্সেন্ট। সেখানে আমাদের সরকার এই ওবিসিদের ক্ষেত্রে সংরক্ষণের কোন ব্যবস্থাই নেননি। মাননীয় মন্ত্রী তাঁর জবাবী ভাষণে এর নিশ্চয় উত্তর দেবেন যে ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করছেন। আজকে সার্টিফিকেট পেতে গেলে ওবিসি এবং এস সি এবং এস টিদের ৬ মাস, ১ বছর, দু বছর সময় লেগে যাচ্ছে। এর যাতে দ্রুত ব্যবস্থা হয় সেইদিকে নজর দিতে হবে। ব্লক ইনস্পেকটর নেই, এই ইনস্পেকটর না থাকার জন্য কোন কাজই হচ্ছে না। মাননীয় মন্ত্রীর কাছে আমি অনুরোধ করব আজকে তফশিলী জাতি এবং উপজাতিদের ক্ষেত্রে সার্টিফিকেট পেয়ে তারা চাকুরীর সংরক্ষণকে কাজে লাগাতে পারে সেইদিকে দেখতে হবে। এটাকে বাস্তবে রূপায়িত করতে হবে। তারপরে আপনার কাছে অনুরোধ করব ডিস্ট্রিক্ট এবং ব্লক লেভেলে কোন ইনস্পেকটর নেই, তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। তারপরে ডিস্ট্রিকট্ ওয়েলফেয়ার কমিটির কোয়ার্টালি মিটিংও হচ্ছে না এবং ব্লক লেভেলে ব্লক ওয়েলফেয়ার কমিটির কোয়ার্টার্লি মিটিং হয় না। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীকে দৃষ্টি দিতে হবে এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। তারপরে উপজাতিদের ক্ষেত্রে যে ল্যাম্ব আছে সেগুলো সব অকেজো হয়ে পড়ে আছে। ওখানে কোন ম্যানেজার নেই, অফিসার নেই, স্টাফ নেই, ফলে কোন কাজই হচ্ছে না। সুতরাং সবদিক থেকেই তফশিলী জাতি এবং

উপজাতিরা বঞ্চিত হচ্ছে। শিক্ষার ক্ষেত্রে যাতে এই তফশিলী জাতি এবং উপজাতিদের সার্বিক উন্নতি হয় এবং আর্থিক উন্নয়ন হয় সেইদিকে নজর দিতে হবে। জাতিগত শংসাপত্র যাতে নির্দিষ্ট সময়ের মধ্যে পেতে পারে তার জন্য ব্যবস্থা করতে হবে। তারপরে আদিবাসী কালচারাল প্রোগ্রাম, রিসার্চ অ্যাণ্ড ট্রেনিং যেটা বন্ধ হয়ে আছে সেটা চালু করতে হবে।

The Calcutta Research Institute and Scientific and Technical Wing of the Scheduled Caste and Tribes Welfare Department was established on the 13th May. 1955. with the objective of conducting study on all aspects of the tribal life and culture including their attitude and behaviour etc. for understanding their socio-economic and cultural life, basic needs and problems. Later on, the institute started undertaking studies on specific problems of the Scheduled Castes of the state also.

কিন্তু আজকে ছাব্বিশ বছরে আমরা কি দেখছি, আদিবাসী ভাইদের সংস্কৃতিকে রক্ষা করবার জন্য তাদের সামাজিক-অর্থনৈতিক অবস্থা বোঝাবার জন্য, তাদের মতিগতি জানবার জন্য আপনার দপ্তরে যে ব্যবস্থা ছিল সেটা আজকে পঙ্গু হয়ে গেছে। আজকে সেই দপ্তরের কাজ ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি দৃষ্টি দিতে বলব। আজকে বিভিন্ন জায়গায় ছাত্র-ছাত্রীরা সময়মত স্টাইপেন্ড পাচ্ছে না। একাদশ শ্রেণীর ছাত্র আজকে বি.এ পড়ছে কিন্তু সে এখনো একাদশ শ্রেণীর স্টাইপেন্ড পাচ্ছে না। ঘুঁটিয়ারী শরিফ, হরিহরপুর মহাবিদ্যালয়ের একাদশ শ্রেণীর ২৩৯ জন ২০০২-২০০৩ সালে স্টাইপেন্ডের জন্য দরখাস্ত করেছিল, মাত্র ৩৩ জন ছাত্রের স্টাইপেন্ড অনুমোদন হয়েছে, বাকিদের স্টাইপেন্ড দেওয়া হচ্ছে না। এই ব্যাপারটা নিয়ে আমরা ডিস্ট্রিক্ট প্রোজেক্ট অফিসারের কাছে গিয়েছিলাম, তিনি বলছেন টাকা পাঠানো হচ্ছে না। এই ব্যাপারে আমরা বার বার রিমাইণ্ডার পাঠানো সত্ত্বেও টাকা পাঠানো হয়নি। আজকে ছাত্র-ছাত্রীরা স্টাইপেন্ড থেকে বঞ্চিত হচ্ছে। আজকে আশ্রম হোস্টেলগুলির অবস্থা ভয়াবহ। কানুসিধু হোস্টেল, ডেভিড হোস্টেল, রানী রাসমণি হোস্টেল, উদয়ন হোস্টেলে চরম দুরবস্থা চলছে। আর মফস্বলের আশ্রম হোস্টেলগুলিতে কোন বাউণ্ডারি নেই। আজকে কোটি কোটি টাকা এখানে অপচয় হচ্ছে। দক্ষিণ ২৪-পরগনায় সেন্ট্রাল হোস্টেল হওয়ার যে কথা ছিল সেটা পাঁচ বছর হয়ে গেল এখনো তার কাজ হল না। বেহালা, সোনারপুর এবং কাকদ্বীপে যে সেন্ট্রাল হোস্টেল হওয়ার কথা ছিল সেগুলো এখনো হল না। এই ব্যাপারে আপনাকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। যে ২৭২ টি আশ্রম স্কুল আছে সেখানে ছেলে-মেয়ে রাখতে পারছে না, পড়তে পারছে না, তারা চরম দুরবস্থার মধ্যে দিন কাটাচ্ছে। আজকে পশ্চিমবাংলায় সর্বত্র অনগ্রসর সম্প্রদায়ের মানুষরা চরম দুরবস্থার মধ্যে দিন কাটাচ্ছে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয় দৃষ্টি দেবেন। আপনার দপ্তর শুধু দক্ষতার সঙ্গে চালালেই হবে না, এই প্রশাসনিক ব্যবস্থায় যে বাস্তুঘুঘুর বাসা আছে সেটাকে আপনার ভাঙতে হবে। তপশিলী জাতি, উপজাতি এবং ওবিসি মানুষদের জন্য, তাদের কল্যাণে যে টাকা ব্যয় হওয়া উচিত সেটা ঠিকমত ব্যয়িত হচ্ছে না। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের যে নিয়মাবলী বা নির্দেশিকা

আছে সেগুলো বাস্তবে রূপায়িত করবার জন্য এই সরকার সব দিক থেকে পিছিয়ে আছে। আজকে ল্যান্ড ডিস্ট্রিবিউশানের ক্ষেত্রে তপশিলী জাতি-উপ জাতিদের অবস্থাটা কি? ১৯৭২ সালে শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন তখন তিনি আইন পাশ করেছিলেন। যুক্তফ্রন্টের আমলে প্রতি বছরই উদ্বৃত্ত জমি নিয়ে মারপিট হত। সাড়ে দশ টাকা একর প্রতি দিয়ে চাষ করতো। তারপরে সেই জমি উদ্বৃত্ত ডিক্লেয়ার হল, ভেস্টেড ল্যান্ড হল এবং লর্ড কর্নওয়ালিশের চিরস্থায়ী বন্দোবস্তের মত চিরস্থায়ী ব্যবস্থা গৃহীত হল। গরীব মানুষ, ভূমিহীন কৃষকদের জমির রায়তি পাট্টা দেওয়ার ব্যবস্থা হল। কিন্তু আজকে ল্যান্ড ডিস্ট্রিবিউশানের ক্ষেত্রে আমরা দেখছি এস. সি, এস. টি মানুষদের দলিল দেওয়া হচ্ছে না, সি.পি.এম পার্টি করলেই দলিল দেওয়া হবে। ল্যান্ড ডিস্ট্রিবিউশানের ক্ষেত্রে এস. সি. এস. টি মানুষদেরকে এইভাবে নেগলেক্টেড করা হচ্ছে। মাননীয় চেয়ারম্যান স্যার, এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। আজকে এইভাবে সর্বত্র এক চরম দুরবস্থা চলছে এই বিভাগের কাজে। স্ট্যান্ডিং কমিটির প্রতিবেদনে যে কথা বলা হয়েছে তার বাস্তবে রূপায়ণের জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। এক নম্বরে বলা হয়েছে, ডাক্তারি পড়বার জন্য তপশিলী জাতি-উপজাতিদের জন্য সংরক্ষিত আসনগুলি সবগুলোই পূরণ করতে হবে। এই ব্যাপারে অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগকে বিশেষভাবে উদ্যোগ নিতে হবে।

[5.50—6.00 p.m.]

(২) অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের নির্দেশিকাগুলো সার্বিকভাবে কার্যকরী হচ্ছে কিনা সেই সম্পর্কে এই দপ্তরকে তদারকি করতে হবে। এবং তার উপর বার্ষিক রিপোর্ট তৈরী করতে হবে। (৩) মাধ্যমিকের পর থেকে মাস্টার ডিগ্রি পর্যন্ত ভর্তির ক্ষেত্রে কত শতাংশ নম্বর ছাড় দেওয়া হয় তার একটা নির্দেশিকা কলেজ, বিশ্ব-বিদ্যালয়ে রাখার ব্যবস্থা থাকা দরকার বলে কমিটি মনে করে। (৪) আবাসিক স্কুলগুলোতে বুক গ্রান্ট ও বৃত্তির অর্থ সময়মত দেওয়ার জন্য কমিটি অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তরকে তৎপর হতে বলেছে। (৫) আদিবাসীদের শিক্ষা-সংস্কৃতিকে আরও বেশী অগ্রগতির জন্য এবং এর পরিকল্পনা রূপায়ণ করার জন্য কমিটি সুপারিশ করেছে। (৬) প্রতিটি 'নিয়োগ কমিটি' তে তফশিলী জাতি, উপজাতিদের মধ্যে থেকে একজন প্রতিনিধি রাখতে হবে।

আজকে তফশিলী জাতি, উপজাতি দপ্তরের অব্যবস্থার জন্য তারা সমস্ত রকম দিক থেকে বঞ্চিত হচ্ছে। শেষে কবির ভাষায় বলি—

এই সব মূঢ় ম্লান মূক মুখে দিতে হবে ভাষা।
এই সব শ্রান্ত শুষ্ক ভগ্ন বুকে ধ্বনিয়া তুলিতে হবে আশা।।'

আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন অনগ্রসর কল্যাণ বিভাগের, তার বিরোধিতা করে এবং আমাদের কাটমোশান সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মকর টুডু : মাননীয় চেয়ারম্যান সাহেব, পশ্চিমবঙ্গ সরকারের অনগ্রসর কল্যাণ

বিভাগের মন্ত্রী যে ৭ নং দাবীর ব্যয়বরাদ্দ পেশ করেছেন, সেটাকে সম্পূর্ণভাবে সমর্থন করে এবং বিরোধীদের কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি।

একজন মাননীয় বিরোধী সদস্য বিরোধিতা করে গেলেন আজকের এই ব্যয়-বরাদ্দের উপর আলোচনা করতে উঠে। তা, আপনারা তো ২৮-৩০ বছর এপাশে বসেছিলেন, সেইসময় তো এইসমস্ত মানুষদের জন্য কোনরকম কাজের ব্যবস্থা করতে পারেননি। ঐ সময় পশ্চিমবাংলার তফশিলী জাতি, উপজাতি এবং অনগ্রসর শ্রেণীর মানুষজন, বিশেষ করে বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, বীরভূমের এই সব মানুষদের হুগলী এবং বর্ধমান জেলার পুকুরপাড়ে, ক্যানেলের পাড়ে বেশীরভাগ সময় কেটে যেত। এটাই হচ্ছে অভিজ্ঞতা। তাদের জন্য যেমন আপনারা সেই ২৮-৩০ বছরে কোন কাজের ব্যবস্থা করতে পারেননি, তেমনি জমি, বাড়ির ব্যবস্থাও করতে পারেননি—শিক্ষা তো অনেক দূরের ব্যাপার। সংস্কৃতি তো অনেক দূরের ব্যাপার। আজকে ২৬ বছর ধরে এখানে জনপ্রিয় বামফ্রন্ট সরকার তফশিলী জাতি, উপজাতি এবং অনগ্রসর শ্রেণীর মানুষদের জন্য বিভিন্ন কল্যাণমূলক কাজ করছে তাদের এই কল্যাণ বিভাগের মাধ্যমে। তার মধ্যে প্রথম হচ্ছে, পঞ্চায়েত নির্বাচনের মাধ্যমে ক্ষমতার বিকেন্দ্রীকরণ এবং গ্রামের মানুষের হাতে রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষমতা প্রদান। রাজ্য বাজেটের বিরাট অংশ এদের কল্যাণের জন্য ব্যয় করা হচ্ছে। এর সঙ্গে আমরা নিয়ে এসেছি ভূমি সংস্কার। ওনারা বলছেন-ভূমি সংস্কার নাকি ওরা করেছেন। ওরা ভূমিহীনদের কোথায় জমি দিয়েছিলেন? মাঠে, ময়দানে, জলায়, শ্মশানে, নদীগর্ভে। এই হচ্ছে তাদের ভূমিহীনদের জমি দেওয়ার কাজ। আমাদের বামফ্রন্টের আমলে আমরা প্রায় ২৬ লক্ষ ৭৫ হাজার পরিবারের মধ্যে প্রায় ১০ লক্ষ ৭৫ হাজার একর জমি তাদের হাতে তুলে দিতে পেরেছি। বামফ্রন্ট সরকারের আমলে আমরা দেখতে পাচ্ছি এখানে প্রায় ২৬ লক্ষ ৭৪ হাজার পরিবারের মধ্যে প্রায় ১১ লক্ষ ৭৫ হাজার একর জমি তাদের মধ্যে ৫৬ শতাংশ তফশিলী জাতি, উপজাতি অনগ্রসর শ্রেণীর মানুষ এবং এটা থেকে যেটা দেখতে পাচ্ছি সম্পদ যদি হিসাব হয় তাহলে বিঘা প্রতি যদি দু-হাজার টাকা হয় তাহলে প্রায় কত টাকার সম্পদ গরীব মানুষের ঘরে যাচ্ছে। সেই সম্পদ ২৮-৩০ বছর ধরে জমিদারদের ঘরে তারা ঢোকাবার চেষ্টা করেছিলেন। তার ফলে সেই সম্পদ থেকে এই সমস্ত তফশিলী অংশের মানুষের মহাজনকে দাদন দিতে হত, তার সুদটা নিয়ে তাদের নিঃস্ব করে দিত। এই ঘটনা ঘটত কংগ্রেসী জমানায়। আজকে ওরা শিক্ষার কথা বলছেন। আমরা তো জানি যে আমাদের এখানে যে আশ্রম হোস্টেলগুলো আছে সেখানে আমাদের ছেলেমেয়েরা লেখাপড়া করছে। বাজেটের মধ্যে বলা আছে প্রায় ৬০ হাজার ছাত্রছাত্রীরা মাসে ৪শো টাকা করে পাচ্ছে এবং সেখানে লেখাপড়া শিখছে এবং এটাও আমরা জানি যে তাদের শিক্ষাকে অবৈতনিক করা হয়েছে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে। কোনদিন যেটা এখানে ছিল না। আজকে মানুষের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন হয়েছে। আজকে অর্থনীতির কথা বলা হচ্ছে। আমরা দেখেছি লঙ্গরখানার ইতিহাস, আমরা দেখেছি জন্মদিনের জামাকাপড় পরে লঙ্গরখানায় লাইন দিচ্ছে। এরা স্যার, মানুষের মঙ্গল চায় না। এরা ওই সময়ে মঙ্গল বিভাগ বলে একটা দপ্তর খুলেছিলেন, সেই মঙ্গল বিভাগের নাম করে এরা মানুষের অমঙ্গল করেছিলেন। মঙ্গল এরা কোনদিন করেনি।

শিক্ষায় কি হয়েছে না হয়েছে সেটা বাজেটের মধ্যেই দেখা যাচ্ছে। আমরা দেখতে পাচ্ছি কত ছাত্র আজকে স্কুলে যাচ্ছে। চাকরীর ক্ষেত্রে ২২ পার্সেন্ট, ৫ পার্সেন্ট করে বলা হচ্ছে। আমরা দেখেছি হাইস্কুলে গিয়ে সেখানে সরকারের রোষ্টার অনুযায়ী ভ্যাকান্সী ফিল আপ হচ্ছে। এটা স্যার, তখন ছিল না। তাছাড়া তখন অনগ্রসর শ্রেণী মানুষের জন্য লেখাপড়ার কোন ব্যবস্থা ছিল না। আদিবাসীদের সংস্কৃতির কথা বলা হচ্ছে। আদিবাসীদের সংস্কৃতির কথা বাজেটের মধ্যে বলা আছে। আদিবাসী অনগ্রসর কল্যাণ দপ্তরের পক্ষ থেকে আদিবাসীদের সংস্কৃতি উন্নত করার জন্য বাঁহা, সহরায়, ঝুমুর সেগুলোকে যাতে উন্নত করা যায় সেজন্য কর্মশালা চলছে। আমাদের যে আদিবাসী লোকশিল্প কেন্দ্র এইগুলোকে খোলা হয়েছে এবং আমরা দেখতে পাচ্ছি নাটক প্রতিযোগিতা চলছে। আমাদের মনীষীদের নাম করে, তাঁদের সম্মানিত করার জন্য তাদের নামে পুরস্কার ২৫ হাজার টাকা এবং তার সাথে একটা ফলক রবীন্দ্রসদন মঞ্চে আমাদের জনপ্রিয় মুখ্যমন্ত্রী তিনি বিতরণ করেন। আদিবাসীদের সংস্কৃতি, ভাষার উন্নতি সাধনের জন্য আদিবাসী কল্যাণ দপ্তরের এর পক্ষ থেকে কাজ করছেন। এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6.00—6.10 p.m.]

শ্রী বাচ্চামোহন রায় : মাননীয় চেয়ারম্যান স্যার, অনগ্রসর কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রী যে ব্যয়মজুরীর দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। আমাদের অনগ্রসর কল্যাণ বিভাগ বামফ্রন্ট সরকারের আমল থেকে তপশিলী জাতি, উপজাতিদের বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে উন্নয়নের চেষ্টা করে এসেছেন। সেই প্রকল্পগুলো চলছে। পাশাপাশি অনগ্রসর শ্রেণীর মানুষের জন্য যে শিক্ষার প্রয়োজন সেই ক্ষেত্রে বছরে শিক্ষাবৃত্তি দেওয়ার ব্যবস্থা আছে। আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি ভরণ পোষণ ভাতা যেটা দেওয়া হয় সেই ভাতাটা বৃদ্ধি করা প্রয়োজন। যদিও বর্তমানে এক আর্থিক সংকট চলছে। সেই সাথে এর সংখ্যাটাও বাড়ানো দরকার। পাশাপাশি পুস্তক ক্রয় করার জন্য অনুদান দেওয়া হয় সেই টাকাটাও বাড়ানো দরকার। পুস্তকের মুল্য যেভাবে বেড়েছে তাতে মাধ্যমিক স্তরের ছেলেমেয়েদের পক্ষে পুস্তক ক্রয় করা সম্ভব হয় না। তাই পুস্তক ক্রয়ের যে বৃত্তি সেটা বৃদ্ধি না পেলে তাদের পক্ষে পুস্তক ক্রয় করা সম্ভব হবে না। আমি মাননীয় মন্ত্রীকে বলব যে যে বিভিন্ন স্তরে যে ব্লক কমিটি আছে যেগুলোর মাধ্যমে বিভিন্ন ধরনের প্রকল্পগুলো রূপায়ণ করা, দেখভাল করার দায়িত্ব যে কোন ব্লক স্তরের কমিটির থাকে সেই ব্লক স্তরের কমিটিগুলো যতদুর আমি জানি যে ব্লক স্তরের কমিটিগুলো প্রায় মিটিং করেন না। কে কিভাবে সহায়তা দেয় সেটা কোনরকম আলোচনা করা হয় না। পাশাপাশি আমি কয়েকটি বিষয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে আমাদের যে বিভিন্ন জনগোষ্ঠী আছে উত্তরবঙ্গের বিভিন্ন জায়গায় তাদের যে সংস্কৃতি, সেটাকে বজায় রাখার জন্য আমাদের পশ্চিমবঙ্গ সরকার আপ্রাণ চেষ্টা করছেন এবং পাশাপাশি উত্তরবঙ্গের যে সংস্কৃতি লোকচর্চা এইগুলোকে জিইয়ে রাখার জন্য চেষ্টা করছেন। ভাওয়াইয়া সঙ্গীত, উত্তরবঙ্গের প্রাণবোড়শী, ভাওয়াইয়া সঙ্গীত—এর একটা সম্মেলন প্রতি বছর হয়ে থাকে। রাজ্য ভাওয়াইয়া সঙ্গীত সম্মেলন হয়ে গেল। আমি মনে করি যে ভাওয়াইয়া শিল্পী এবং ভাওয়াইয়া

সঙ্গীতকারের উৎসাহদানের জন্য শুধু বছরে একটা সম্মেলন করলেই কাজের কাজ কিছু হবে না। এই জন্য আরও কিছু পরিকল্পনা গ্রহণ করা দরকার। আমি প্রস্তাব রাখছি উত্তরবঙ্গের এই ভাওয়াইয়া শিল্পী এবং ভাওয়াইয়া সঙ্গীতের জনক আব্বাসউদ্দিনের নামে কলকাতায় একটা মেলা হয়। সেই মেলায় বিভিন্ন ধরনের গান বাজনা হয়। আমি প্রস্তাব রাখছি, আবাসউদ্দিনের নামে একটা পুরস্কার চিহ্নিত করা হোক। উত্তরবঙ্গে বিভিন্ন লোকসংস্কৃতি নিয়ে যারা গবেষণাধর্মী কাজ করছেন তাদের উৎসাহ দেওয়ার জন্য আবাসউদ্দিনের নামে একটা পুরস্কার দেওয়া হলে উত্তরবঙ্গের সংস্কৃতি সচেতন মানুষ আরও এগিয়ে আসবে।

আমার মনে হয় এইভাবে উত্তরবঙ্গের মানুষ তাদের সাংস্কৃতিক বিষয় সচেতন হবে। পাশাপাশি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় তারা উত্তরবঙ্গে কাজ করছে এবং ওখানে একটা লোক সংস্কৃতি অ্যাকাডেমী খোলা হয়েছে বলে শুনেছি। উত্তরবঙ্গে যে বিভিন্ন জনগোষ্ঠী আছে তাদের বিভিন্ন ভাষা আছে এই সমস্ত বিষয় নিয়ে ওখানে ব্যাপকভাবে আলোচনা ও গবেষণা হওয়ার প্রয়োজন আছে, আমি এই বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আরেকটা বিষয় আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হলো ওখানকার ছেলেমেয়েদের জাতিগত সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে সেই ছেলেমেয়েদের রক্তসম্পর্কিত কোন আত্মীয়ের সার্টিফিকেট থাকে না। এক্ষেত্রে তাদের অসুবিধা হয়। ব্লকস্তরে যে অফিসার থাকেন তিনি অনেক রকম প্রমাণপত্র চান। তাই রাজবংশী কমিউনিটির ছেলেমেয়েদের ওই সার্টিফিকেট পেতে অনেক অসুবিধা হয়। এ ব্যাপারে আমি বলতে চাই সুপরিকল্পিত ব্যবস্থা অবলম্বন করা প্রয়োজন। যে সমস্ত ছেলেমেয়েদের রক্ত সম্পর্কিত আত্মীয়ের কোন সার্টিফিকেট নেই তাদের এটা প্রমাণের ক্ষেত্রে যাতে কোনরকম কঠিন ব্যবস্থা না থাকে সেই দিকে মাননীয় মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ করবো। বাজেট বইতে বিভিন্ন ধরনের কমিউনিটির আর্থসামাজিক সমীক্ষা দেখলাম। এ ক্ষেত্রে রাজবংশীদেরও আর্থসমীক্ষা হওয়া প্রয়োজন। উত্তরবঙ্গে কিছুদিন ধরেই কামতাপুরী আন্দোলন চলছে। এর মূল রুট কোথায় সেটা বের করে তাদের আর্থসামাজিক অবস্থান পর্যালোচনা করা দরকার এবং এ ক্ষেত্রে কি কি পরিকল্পনা গ্রহণ করা হলে আমরা এর প্রতিরোধ ব্যবস্থা গড়ে তুলতে পারবো সেটা দেখা উচিত। এইভাবে আর্থসামাজিক দিকের উন্নয়ন ঘটাতে হবে। আমি সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : মিঃ চেয়ারম্যান স্যার, ব্যাকওয়ার্ড ক্লাস ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের ডিমাণ্ড নং ৭, ২০০৩-০৪ সালের জন্য মাননীয় মন্ত্রী শ্রদ্ধেয় শ্রী উপেন কিস্কু এবং ডিপার্টমেন্টের রাষ্ট্রমন্ত্রী শ্রীমতী বিলাসীবালা সহিস যে বাজেট স্পীচ এই হাউজে উত্থাপন করেছেন তার পরিপ্রেক্ষিতে কিছু বক্তব্য এই হাউজে রাখছি। স্যার, এই ব্যাকওয়ার্ড ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট এই কিছুদিন হলো ডি.জি.এইচ.সির হাতে পেয়েছে। আমরা হাউজে বহুবার এই ডিপার্টমেন্টটিকে ডি.জি.এইচ.সির হাতে দেওয়ার জন্য ডিমাণ্ড করে আসছিলাম। এখন এটা ডি.জি.এইচ.সির হাতে এসেছে, কিন্তু এর ইনফ্রাস্ট্রাকটার এবং এর কিছু অফিসিয়াল সেটআপ এখনও ডি.জি.এইচ.সির হাতে হস্তান্তর করা হয়নি। আমি এর জন্য দাবী জানাচ্ছি। আমি এই বাজেট স্পীচে দেখলাম

পশ্চিমবঙ্গের বিভিন্ন ব্যাকওয়ার্ড ক্লাস আদিবাসী, জনজাতি এবং উপজাতিদের কথা উল্লেখ করেছেন।

[6.10—6.20 p.m.]

আমাদের পাহাড়ে লেপচা, শেরপা, ভুটিয়া ট্রাইবাল আছে আর কিছুদিন আগে সেন্ট্রাল গর্ভনমেন্ট থেকে তামাং এবং লিম্বুদেরও জনজাতি সূচিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু পাহাড়ে আমাদের যে সব প্রকল্প আছে তা ঠিকভাবে হচ্ছে না। আমি বাজেট স্পীচে দেখলাম no allocation of fund for the DGHC has been mentioned in this budget speech.

তাই মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করছি Separate fund should be given to DGHC for the Backward Welfave Department in DGHC

স্যার, আমি এই বাজেট স্পীচে পড়লাম যে ওয়েস্ট বেঙ্গল এস.সি. এস.টি ডেভেলপমেন্ট কর্পোরেশনে ট্রাইবল পিপলদের ইকোনোমিক ডেভেলপমেন্ট করার জন্য, যেমন AMSY for Tribal Women and Micro Credit Scheme for poor scheduled caste beneficiaries.

বাজেট স্পীচে দেখলাম রাজ্যে ৫ হাজার পুওর এস.টি ওমেন বেনিফিটেড হয়েছে কারেন্ট ফিন্যান্সিয়াল ইয়ারে। আর, ৫ হাজার মাইক্রো ক্রেডিট স্কীমে বেনিফিসিয়ারি হয়েছে। মাননীয় মন্ত্রী এই বাজেট স্কীমে দিয়েছেন। কিন্তু আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, আমাদের হিলে এই প্রকল্পে কত এস.টি ওমেন এবং এস.সি ওমেন এই প্রকল্পে উপকৃত হয়েছে সেটা আমাকে একটু জানিয়ে দেবেন।

দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের স্টাইপেন্ড, স্কলারশিপ দেওয়ার ক্ষমতা রয়েছে। কিন্তু যে এস.সি.-এস. টি সার্টিফিকেট ইস্যু হয় ডি.এম অফিস থেকে তাতে নানা সমস্যা আছে তামাং এবং লিম্বুদের নতুন ট্রাইবাল সূচীতে আসার জন্য এবং তাতে এই সার্টিফিকেট পেতে হ্যারাস হতে হচ্ছে। ব্লক লেভেলে এবং দার্জিলিঙের চারটে মিউনিসিপ্যালিটির কোনটাতেই এস.সি-এস.টি ইনস্পেকটর নেই। বিজনবাড়ী, দার্জিলিং, কার্শিয়াং, কালিমপং কোথাও নেই। ব্লক লেভেল, পঞ্চায়েত লেভেল, আর্বান এরিয়া শুধু তাই নয় বিভিন্ন প্রকল্পের কাজের জন্য ওনাদের রাখা হয় কিন্তু না থাকার জন্য এস.সি-এস.টি মানুষ এই বেনিফিট পাচ্ছে না।

১৯৯৫ সালে কার্শিয়াং-এ গার্লস ট্রাইবাল হোস্টেল করার জন্য ১৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল কিন্তু সেই কাজটা আজ পর্যন্ত হয়নি। দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল থেকে আবার একটা এষ্টিমেটস করে সেন্ট্রালের কাছে পাঠানো হয়েছে। তাই মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করছি সেন্ট্রাল গভনমেন্ট থেকে যাতে ঐ টাকা নিয়ে আসা যায় তার জন্য চেষ্টা করুন।

সবশেষে, ইন্টিগ্রেটেড ট্রাইবল ডেভেলপমেন্ট প্রোজেক্ট এই রাজ্যে হচ্ছে কিন্তু আমাদের হিলে নিয়ম আছে ৫০ পারসেন্ট পপুলেশন হতে হবে। কিন্তু স্ক্যাটার্ড পপুলেশন হওয়ার জন্য এক জায়গায় ৫০ পারসেন্ট এস.সি, এস.টি পপুলেশন পাওয়া খুব কঠিন। তাই মাননীয় মন্ত্রীর কাছে এক্ষেত্রে হিলের জন্য একটা স্পেশ্যাল প্রভিশন করার আবেদন করে বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অসিত কুমার মাল : স্যার, ২০০৩-২০০৪ সালের ৭ নম্বর দাবির অধীন তফশিলী জাতি ও তফশিলী উপজাতি এবং অনগ্রসর শ্রেণীর মানুষের উন্নয়নের জন্য এই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী উপেন কিস্কু মহাশয় এবং মাননীয়া রাষ্ট্রমন্ত্রী শ্রীমতী বিলাসীবালা সহিস যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং বিরোধীদের এবং কংগ্রেসের আনীত সমস্ত কাট-মোশানেরগুলোকে সমর্থন করে আমার বক্তব্য রাখার আগে স্যার, আমি আপনাকে বলতে চাই যে, এই রাজ্যসরকার তফশিলী জাতি ও তফশিলী উপজাতি এবং অনগ্রসর শ্রেণীর মানুষকে কোন পর্যায়ে, কোন চোখে দেখছেন সেটা আজকে আপনারা লক্ষ করবেন। আজকে প্রথমে জনস্বাস্থ্য কারিগরী এবং আবাসন দপ্তরের বাজেট প্লেস হল, তারপর প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের বাজেট প্লেস হল, তারপর তফশিলী জাতি ও তফশিলী উপজাতি এবং অনগ্রসরশ্রেণীর বাজেট প্লেস করা হল। তার মানে দেখা যাচ্ছে যে, তফশিলী জাতি ও তফশিলী উপজাতি এবং অনগ্রসরশ্রেণীর মানুষের গুরুত্ব প্রাণীসম্পদ বিকাশেরও নীচে। এই দপ্তরের উন্নয়ন, প্রাণী সম্পদ বিকাশের চেয়েও কম। এবং তফশিলী জাতি ও তফশিলী উপজাতি এবং অনগ্রসর শ্রেণীর মানুষের জন্য বাজেট বরাদ্দ করা হয়েছে সেটাও যেমন কম, তেমনি এই দপ্তরের ব্যয়বরাদ্দ আলোচনার জন্য সময়ও অল্প দেওয়া হয়েছে। আমি আপনাকে কয়েকটা প্রশ্ন করতে চাই, যদি বলতে পারেন তবে বলবেন। আমার প্রশ্ন—সংবিধানের যে স্বীকৃতি আছে তফশিলী জাতি ও তফশিলী উপজাতির মানুষের জন্য শিক্ষা, স্বাস্থ্য এবং উন্নয়নের ব্যাপারে আপনারা ব্যর্থ না সফল? আজও পশ্চিমবঙ্গে তফশিলী জাতি ও তফশিলী উপজাতির মানুষরা শিক্ষা পায় না। আপনি জানেন যে, মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়ায় ১ কিলোমিটার দূরে বা তারও বেশী দূরে একটা প্রাইমারি স্কুল থেকে আরেকটা প্রাইমারি স্কুল আছে। সেখানে কেন্দ্রীয় সরকারের টাকা আছে শিক্ষার জন্য—আপনি রাজ্যসরকারের মাধ্যমে, এন.জি.ও.-এর মাধ্যমে সেই টাকা দিয়ে স্কুল করলে তারা সাহায্য করবে। কিন্তু আপনি নিজেও স্কুল করতে দেবেন না, আর রাজ্যসরকারের পক্ষ থেকেও স্কুল করবেন না। এর ফলে তফশিলী জাতি ও তফশিলী উপজাতির মানুষের শিক্ষার ক্ষেত্রে বাধার সৃষ্টি হচ্ছে। এ ব্যাপারে আপনার চিন্তা-ভাবনার কথা বলবেন। স্বাস্থ্যের ক্ষেত্রে আপনি কি ব্যবস্থা নিয়েছেন সেটা বলবেন। আজকে রাস্তাঘাট, বিদ্যুতের উন্নয়নের ক্ষেত্রে, বিশেষ করে তফশিলী জাতি ও তফশিলী উপজাতি অধ্যুষিত এলাকার জন্য আপনি এক্ষেত্রে কি করেছেন সেটা বলবেন। তফশিলী জাতি ও তফশিলী উপজাতির মানুষদের জন্য রিজার্ভেশন থাকবে না—আমিও চাই উঠে যাক, কিন্তু সেটা তাদের কল্যাণ হওয়ার পর উঠে যাক। আর কত বছর সময় লাগবে তফশিলী জাতি ও তফশিলী উপজাতির মানুষদের উন্নয়ন হতে? তফশিলী

জাতি ও তফশিলী উপজাতির মানুষদের মধ্যে যাদের অর্থনৈতিক অবস্থা ভাল তাদের বিরুদ্ধে আপনার সরকারের কি ব্যবস্থা আছে? আমরা লক্ষ্য করছি সরকারের যত সুযোগ সুবিধা সব কিছু শিক্ষিত মানুষরা ভোগ করছে। কিন্তু সত্যিকারের খেটে খাওয়া তফশিলী জাতি ও তফশিলী উপজাতি এবং পিছিয়ে পড়া মানুষরা তারা সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। আপনাকে এ ব্যাপারে কথা বলতে হবে। একটা দাবি দীর্ঘকাল ধরে হাউসে বলে আসছি যে, আপনি দেখবেন সার্টিফিকেটের ক্ষেত্রে একটা অনিয়ম আছে, এখনও পর্যন্ত ৪২ দিনের আগে আপনার দপ্তর সার্টিফিকেট দিতে পারছেন না। তাদের হয়রানি করছেন। তফশিলী জাতি ও তফশিলী উপজাতির মানুষ নন এরকম অনেক মানুষ সিডিউল কাস্ট সার্টিফিকেট বের করে তারা চাকরি করছেন, তারা সমস্ত রকম সুযোগ-সুবিধা নিচ্ছেন। আপনি তাদের সার্টিফিকেট ক্যানসেল করে তাদের বিরুদ্ধে আইনানুগ শাস্তির ব্যবস্থা করুন। আপনি এরকম কতজনের সার্টিফিকেট ক্যানসেল করতে পেরেছেন এবং তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিতে পেরেছেন?

[6.20—6.30 p.m.]

আপনার ডিপার্টমেণ্টের যেসব অফিসার এই দুর্নীতিতে যুক্ত হয়েছেন, তাদের কতজনকে আপনি শাস্তি দিতে পেরেছেন এটা আপনি বলবেন। স্যার, আপনার মনে পড়ে যখন এই বাজেটের ভোট অন অ্যাকাউণ্ট পেশ হয় তখন আমি এবং কংগ্রেসের একজন সদস্য নেপাল মাহাতো একটা মোশান এনেছিলেন, সেই মোশানে বলেছিলেন—"এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ করছে যে কেরালা-সহ অন্যান্য রাজ্যের পাঁচ বছরেরও বেশী সময় আগে সমস্তরকম শিক্ষা প্রতিষ্ঠানে, ডাক্তারী, ইঞ্জিনীয়ারিং, কলেজ স্তর; স্নাতকোত্তর ও বিভিন্ন ট্রেনিং কলেজে ভর্তির ক্ষেত্রে ও.বি.সি. প্রার্থীদের সংরক্ষণের ব্যবস্থা চালু হলেও এই রাজ্যে সংরক্ষণের ব্যবস্থা চালু হয়নি এবং কেবলমাত্র দ্বাদশ শ্রেণী পর্যন্ত সংরক্ষণের ব্যবস্থা করেছেন।

এই সভা আরো উদ্বেগের সাথে লক্ষ করছে যে তফসিলী জাতি ও তফসিলী উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সংরক্ষণের ব্যবস্থা থাকলেও মেধার ভিত্তিতে সাধারণ প্রার্থীদের তালিকায় থাকার উপযুক্ত প্রার্থীদের অবৈধভাবে সংরক্ষণের তালিকায় অন্তর্ভুক্ত করে সংরক্ষণের সাংবিধানিক রীতি খর্ব করা হচ্ছে এবং তফসিলী জাতি ও তফসিলী উপজাতিদের উন্নয়নের টাকা অন্য খাতে খরচ করে তাদের বঞ্চিত করা হচ্ছে।

তাই, এই সভা রাজ্য সরকারের কাছে মহামান্য সুপ্রিম কোর্টের নির্দেশের পরিপ্রেক্ষিতে তফসিলী জাতি ও তফসিলী উপজাতিদের সাংবিধানিক অধিকার সুনিশ্চিত করা-সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ও.বি.সি প্রার্থীদের সংরক্ষণের ব্যবস্থা করার জন্য নির্দিষ্ট নীতি গ্রহণের দাবী জানাচ্ছে"। এই মোশান এখানে এটা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছিল, পাশও হয়েছিল, তা সত্ত্বেও আজকে এই সরকারের এই দপ্তরের যিনি মন্ত্রী, এই ব্যবস্থা নিতে ব্যর্থ হয়েছেন। এরপর তিনি বলবেন, তার বাজেটকে সমর্থন করতে হবে। এটাই নিয়ম। তাই মাননীয় মন্ত্রীর কাছে জানাতে চাই কেরালা-সহ ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে ৫ বছর আগে এই ব্যবস্থা যদি চালু করতে পারে,

আপনি কেন পশ্চিমবঙ্গে এই ব্যবস্থা চালু করতে পারছেন না? এই কথা বলে বাজেটের বিরোধিতা করে কংগ্রেস এবং বিরোধীদের আনা কাটমোশানের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী বিলাসীবালা সহিস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৭ নম্বর দাবির অধীনে যে ব্যয়বরাদ্দ প্রস্তাব এখানে উপস্থাপিত হয়েছে, আমি তাকে সমর্থন করছি। এবং বিরোধীদের যে কাটমোশান আছে, তার বিরুদ্ধে বিরোধিতা করে আমি কয়েকটি কথা এখানে নিবেদন করছি। বিশেষ করে আজকের এই বাজেট বিতর্কে অংশগ্রহণ করে বিরোধীপক্ষের মাননীয় সদস্যগণ যে বিষয়গুলি এখানে উত্থাপন করেছেন সেই বিষয়গুলির কিছু অংশ মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী, তিনি উত্তর দেবেন। আমি কয়েকটা বিষয় মাননীয় সদস্যদের দৃষ্টিআকর্ষণ করছি। বিশেষ করে বিরোধী সদস্যদের মধ্যে মাননীয় গোবিন্দবাবু যে বক্তব্য রাখলেন, সেই বক্তব্যের পরিপ্রেক্ষিতে আমি একটা তথ্য এই বিধানসভায় দিতে চাই। ২০০০ সাল ২৬শে এপ্রিল সংসদে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী এল.কে.আদবানী বিভিন্ন রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে যে বিবৃতি দিয়েছিলেন, তাতে দেখা যাচ্ছে ১৯৯৯ সালে বিভিন্ন রাজ্যের তপশিলী জাতিভুক্ত লোকজনের উপরে নির্দিষ্ট ক্ষেত্রে উত্তরপ্রদেশ সবার উপরে। এই রাজ্যে ২ শত ৭৯ জন দলিত খুন হন। অন্ধ্রে দলিত খুনের ঘটনা ২৬ টি, তপশিলীদের উপরে নির্যাতনের মামলা ১৯৯৯ সালে উত্তরপ্রদেশে ৬ হাজার ১২২ টি। এবং তামিলনাড়ুতে ১,৭৪৯ টি। আদবানীর বিবৃতিতে এটা আছে যে, এই সময় পশ্চিমবাংলায় তপসিলীদের ওপর নির্যাতনের কোন ঘটনা ঘটেনি। ১৯৯৯ সালে বিহারে সন্ত্রাসবাদী কার্যকলাপে নিহতের সংখ্যা ৩৭৮, অন্ধ্রপ্রদেশে ১১৫ আর পশ্চিমবাংলায় একজনও নয়। অতএব বিরোধী দলের মাননীয় সদস্যরা আজকের বাজেট বিতর্কে অংশ গ্রহণ করে আদিবাসী উন্নয়নের কর্মসূচী নিয়ে জনমানসকে বিভ্রান্ত করার একটা প্রয়াস চালালেন। মাননীয় সদস্য গোবিন্দবাবু বললেন স্টাইপেন্ড দেয়া হচ্ছে না। আমি এখানে একটা পরিসংখ্যান তুলে ধরছি এবং মাননীয় সদস্যকে সেটা শুনতে অনুরোধ করছি। বিশেষ করে আমি দেখাতে চাই যে, আদিবাসী কল্যাণ দপ্তরের আদিবাসী/ছাত্র-ছাত্রীদের শিক্ষাকে কতটা গুরুত্ব দিয়ে বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিচালনা করছে। আমরা মনে করি শিক্ষা সম্প্রসারণের মধ্যে দিয়েই আদিবাসী মানুষদের সার্বিক উন্নয়ন সংঘটিত হতে পারে। সে লক্ষেই আমরা শিক্ষাক্ষেত্রে বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেছি। আজকে বিরোধী দলের মাননীয় বন্ধুরা আদিবাসীদের উন্নয়নের কথা বলছেন, স্টাইপেন্ডের কথা বলছেন। তাঁরা যখন এ রাজ্যের ক্ষমতায় ছিলেন, ১৯৭৭ সাল পর্যন্ত কি পরিকল্পনা গ্রহণ করেছিলেন? তাঁরা আদিবাসী মানুষদের উন্নয়নের জন্য বিশেষ কোন পরিকল্পনাই গ্রহণ করেননি। পরবর্তীকালে আমরাই পোষ্টম্যাট্রিক স্কলারশিপ চালু করেছি, বুক ব্যাঙ্ক চালু করেছি, আশ্রম হোস্টেল চালু করেছি, অনেকগুলি সেন্ট্রাল হোস্টেল চালু করেছি, আপনারা জেনে খুশি হবেন যে, আমাদের কাছে রিপোর্ট আছে তাতে বলা হচ্ছে ১৯৭৭ সালের আগে গোটা রাজ্যে একটা মাত্র সেন্ট্রাল হোস্টেল ছিল ; বর্তমানে আমরা ৪৫ টি সেন্ট্রাল হোস্টেল পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় চালু করেছি। আরো ১৩ টি সেন্ট্রাল হোস্টেলের কাজ চলছে, কন্সট্রাকশনের কাজ চলছে। এ ছাড়াও আরো কয়েকটা হোস্টেল আমরা করব, সে পরিকল্পনা আমাদের আছে।

তারপর তিনি যেটা বলেছেন সেটার বিষয়ে আমি তাঁকে যে, আদিবাসী উন্নয়ন অর্থ নিগম লিমিটেডের মধ্যে দিয়ে আমরা আদিবাসীদের উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করছি। মাননীয়া সদস্যা শান্তা ছেত্রী বলেছেন আদিবাসী মহিলা স্বশক্তিকরণ যোজনা পাহাড়ি এলাকায় চালু করা হয়নি। তিনি এর কারণ জানতে চেয়েছেন। আমি মাননীয় সদস্যার অবগতির জন্য জানাচ্ছি, আমরা এই কাজটা সবে শুরু করেছি। সাউথ বেঙ্গলে যে জেলাগুলি আছে সেই জেলাগুলিতে পরীক্ষামূলকভাবে আমরা এই কাজ শুরু করেছি। মাননীয় সদস্যার কোন আশংকার কারণ নেই, আমরা আগামী দিনে আদিবাসী মহিলাদের অর্থনৈতিক উন্নয়নের জন্য এই প্রকল্পের সম্প্রসারণ ঘটাবো। নীচে সুন্দরবন থেকে উপরে দার্জিলিং-এর পাহাড় পর্যন্ত সমস্ত আদিবাসী মহিলাদের যাতে এই প্রকল্পের আওতায় নিয়ে আসা যায় তার জন্য ব্যবস্থা করব। আগামী দিনের জন্য আমাদের আরো পরিকল্পনা আছে। আমরা বিভিন্ন পরিকল্পনার মধ্যে দিয়ে বিগত ২৬ বছর ধরে আদিবাসীদের যে উন্নয়ন ঘটাচ্ছি তাকে আরো এগিয়ে নিয়ে যাবার জন্য আমাদের দপ্তরের পক্ষ থেকে আমরা আমাদের সাধ্যমত চেষ্টা করে যাব। এই বিতর্কে অংশগ্রহণ করে বিরোধী পক্ষের এবং সরকার পক্ষের মাননীয় সদস্যরা তাঁদের যেসব সুচিন্তিত মতামত দিয়েছেন আগামী দিনে সেগুলি পুঙ্খানুপুঙ্খভাবে বিচারবিশ্লেষণ করে আমাদের দপ্তরের কাজে লাগাবার চেষ্টা করব। এই কটি কথা বলে বিরোধীরা শুধু মাত্র বিরোধিতার জন্য যে কাট মোশানগুলি দিয়েছেন সেগুলির তীব্র বিরোধিতা করে, আমাদের দপ্তরের পক্ষ থেকে যে বাজেট প্রস্তাব এখানে পেশ করা হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

(এই মুহূর্তে আলোচ্য বিষয়ের ওপর আলোচনার সময় ৩০ মিনিট বৃদ্ধি করা হয়।

[6.30—6.40 p.m.]

শ্রী উপেন কিসকু : মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত ৭ নম্বর দাবীর অধীন যে বাজেট বরাদ্দের প্রস্তাব উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা সমস্ত কাট মোশনের বিরোধিতা করছি। মাননীয় স্পীকার স্যার, আমি প্রথমে যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে, তপশিলী জাতি, আদিবাসী এবং অনগ্রসর সম্প্রদায়ের মানুষ আজকে পশ্চিমবাংলার জনসংখ্যার একটা ভাল অংশ। এই অংশের মানুষ মূলত কৃষির উপর নির্ভরশীল, দ্বিতীয় নির্ভরশীল মৎস্য চাষের উপর, তৃতীয় নির্ভরশীল জঙ্গলের উপর, চতুর্থ নির্ভরশীল কিছু কুটির শিল্পের উপর। সামগ্রিকভাবে এই সমস্ত দপ্তরের বাজেট বরাদ্দ কিছু আলোচিত হয়েছে আর দু-একটি যদি বাকি থাকে সেগুলির আলোচনা হবে। এই সরকারের দৃষ্টিভঙ্গী হচ্ছে এই সমস্ত পিছিয়ে পড়া মানুষের সামগ্রিক জীবনের মানোন্নয়ন, বিগত ২৬ বছর ধরে এই সরকার সেই কাজই করে চলেছে যা অতীতে কংগ্রেস সরকারের আমলে হতো না। আমি সেই সম্বন্ধে বিস্তৃত ব্যাখ্যায় যাচ্ছি না। আমি যে বিষয়টি বলতে চাচ্ছি সেটা হচ্ছে, যে জমি বিতরণ করা হয়েছে ভারতবর্ষের জনসংখ্যার তুলনায় পশ্চিমবাংলায় তপসিলি জনসংখ্যার ১১.৬ ভাগ আর আদিবাসী জনসংখ্যার ৫.৬ ভাগ অর্থাৎ মোট ২৭.২ ভাগ জমি বিতরণ করা

হয়েছে তপশিলী এবং আদিবাসীদের মধ্যে। বর্গাদার হিসাবে রেকর্ডভুক্ত হয়েছে ১ লক্ষ ৬৩ হাজার ৯৭৭ জন আর জমি পেয়েছে ১ লক্ষ ৫৬ হাজার ৪১.৯৩ একর জমি। তপশিলী মানুষ বর্গাদার হিসাবে নথিভুক্ত হয়েছে ৪ লক্ষ ৬৫ হাজার ৭১৮ জন আর জমি রেকর্ডভুক্ত হয়েছে ৩ লক্ষ ৬৫ হাজার ৯৭৬.১৩ একর। আর অন্যান্যরা জমি পেয়েছে ৫ লক্ষ ৮৬ হাজার ৯৬২.২৪ একর। মোট ১১ লক্ষ ৯ হাজার ৮০.৩০ একর জমি পাট্টা এবং বর্গাদার হিসাবে রেকর্ডভুক্ত হয়েছে। সারা ভারতবর্ষে মোট জমির যে রেকর্ডভুক্ত তালিকা তার ৪১ ভাগ এই তপসিলি এবং আদিবাসী অংশের মানুষ এবং পাট্টা-হোল্ডার হিসাবে আদিবাসী পাট্টাদারের সংখ্যা ৫ লক্ষ ২১ হাজার ৬৪২ জন আর জমির পাট্টা হয়েছে ২ লক্ষ ২৩ হাজার ৪২৪.৯৯ একর। তেমনি তপশিলী সম্প্রদায়ের মানুষ। পাট্টাদার হিসাবে নথিভুক্ত হয়েছে ১০ লক্ষ ১৯ হাজার ৭৮০ জন আর জমি পেয়েছে ৩ লক্ষ ৭২ হাজার ১১৩.২৩ একর। এইভাবে মোট জমি হচ্ছে ৯ লক্ষ ৯৫ হাজার ৯১৭.৭৩ একর, এই পরিমাণ জমি তারা পেয়েছে। খুব স্বাভাবিকভাবে মকর টুডু একটা হিসাব দিয়েছেন, আমি সেই হিসাবটা পড়তে চাই না। আগে এই সমস্ত পিছিয়ে পড়া মানুষের জমির ফসল জমিদারদের ঘরে উঠতো, তপশিলী মানুষের ঘরে তাদের জমির ফসল উঠতো না। আমরা এর পরিবর্তন করে তাদের জীবনের মানের উন্নতি সাধন ঘটিয়েছি। আপনারা চারিদিকে তাকালেই দেখতে পাবেন, এই নিয়ে ব্যাখ্যা করার দরকার আছে বলে আমি মনে করি না। আজকে সাক্ষরতার ক্ষেত্রে প্রতিফলন ঘটেছে। ১৯৫১ সালে সাক্ষরতার হার যেখানে ২৪.৫৪ শতাংশ ছিল সেটা বাড়তে বাড়তে ১৯৯১ সালে সেই সাক্ষরতার হার ৫৭.৭০ শতাংশ এসে দাঁড়িয়েছে। আদিবাসীদের সাক্ষরতার হার আগে ছিল ৩.০২ শতাংশ, ১৯৯১ সালে সেটা গিয়ে দাঁড়িয়েছে ২৭.৭৮ শতাংশ। তপশিলীদের ক্ষেত্রে আগে ছিল ১৩.৫৯ শতাংশ অর্থাৎ ১৯৫১ সালে আর ১৯৯১ সালে সেটা হয়েছে ৪২.২১ শতাংশ। অর্থাৎ আমি এটাই বলতে চাইছি, সাধারণের যে গ্রোথ রেট তার থেকে তপশিলীদের গ্রোথ রেট বেশী আর আদিবাসীদের গ্রোথ রেট আরো বেশী। এতেও আমরা সন্তুষ্ট নই, আমাদের আরো এগিয়ে যেতে হবে, আরো আমাদের করণীয় আছে এবং তারই প্রতিফলন সাক্ষরতার হারে বেড়েছে। এ বছর মাধ্যমিক পরীক্ষার ফলাফল যদি লক্ষ্য করি তাহলে দেখতে পাবো, যে রেজাল্ট হয়েছে সেখানে প্রথম বিভাগে পাশ করেছে সাধারণ ঘরের ছেলে-মেয়েরা ৫৬ হাজার ৫৪২ জন অর্থাৎ ২২.২০ পারসেন্ট। এস.সি ফার্স্ট ডিভিসানে পাশ করেছে ৭ হাজার ৩৪৬ অর্থাৎ ১০.৬৮ শতাংশ। তেমনি তপশিলী আদিবাসী পাশ করেছে ৫১৪ জন, ৪.০৭ শতাংশ। এটা হচ্ছে মেল, ফার্স্ট ডিভিশানে পাশ করেছে। মেয়েদের মধ্যে পাশ করেছে ৩৪ হাজার ২৩০, এটা হচ্ছে ১৭.৯২ শতাংশ। তপশিলী— ২ হাজার ৮৮৪, এটা হচ্ছে ৬.৭৪ শতাংশ। তপশিলী আদিবাসী পাশ করেছে—১৯৯, এটা হচ্ছে ৩.২২ শতাংশ। অর্থাৎ আমি বলতে চাই ৭১৩ জন আদিবাসী ছেলে ফার্স্ট ডিভিশানে পাস করেছে—৩.৭৯ শতাংশ। তপশীল পাশ করেছে ৯.১৭ শতাংশ অর্থাৎ ১০ হাজার ২৩০ জন। রেগুলার অ্যাপিয়ার হয়েছিল ৯০ হাজার ৭৭২ জন। আমি যেটা বলতে চাই শুধু সংখ্যাটা বৃদ্ধি পেয়েছে তাই নয়, প্রথম বিভাগে পাশের হারেও অগ্রগতি ঘটেছে। এই যে বাস্তব চিত্র—এটা অস্বীকার করবেন কি করে? এটা অস্বীকার করার উপায় নেই। আমাদের

যে অগ্রগতি ঘটেছে তাতে আমরা পুরোপুরি সন্তুষ্ট না হলেও এই অগ্রগতিটা কিন্তু হেলাফেলার নয় বরং এটা যথেষ্ট আশাব্যঞ্জক এবং আমি মনে করি আগামীদিনে এইভাবে যদি আমরা এগুতে পারি তাহলে একটা নির্দিষ্ট জায়গায় পৌছাতে পারবো। তেমনি চাকরির ক্ষেত্রেও যদি আমরা দেখি তাহলেও আমরা দেখবো অগ্রগতি ঘটেছে। বিরোধীদল থেকে একজন বললেন রিজারভেশান আইন মানা হচ্ছে না। স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে বিগত তিনটি টার্মে তিন বছর ধরে যে নিয়োগ হয়েছে তাতে দেখা যাচ্ছে নিয়োগ হয়েছে ১৯ হাজার ৪২২ জন। এই শিক্ষকরা নিয়োগপত্র পেয়েছেন স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে। তার মধ্যে তপশিলী জাতি হচ্ছে ৫ হাজার ৭২৭ জন অর্থাৎ ২৮.৮৯ শতাংশ। আদিবাসী পেয়েছেন ২ হাজার ২২৯ জন অর্থাৎ ১১.২৫ শতাংশ আর ও. বি. সি. পেয়েছেন ২ হাজার জন অর্থাৎ ১০.০৯ শতাংশ। তেমনি প্রাথমিক শিক্ষক ৯৬ সাল থেকে ৪০ হাজার ৬২২ জন নিয়োগপত্র পেয়েছেন বিভিন্ন জেলাতে প্রাথমিক বিদ্যালয়গুলিতে। সেখানে তপশিলী জাতি পেয়েছেন ১০ হাজার ৫৬১ জন—২৬ শতাংশ। আদিবাসী পেয়েছেন ৩ হাজার ৬৫৫ জন—৯ শতাংশ। ও. বি. সি. ৫ হাজার ৬৮৭ জন—১৪ শতাংশ। এবারে আমি কলেজ সার্ভিস কমিশনের কথায় আসছি। কলেজ সার্ভিস কমিশনের ব্যাপারে আমরা পুরোপুরি সন্তুষ্ট নই। কলেজ সার্ভিস কমিশনে ২০০১ সালে নিয়োগের যে সুপারিশ করা হয়েছিল তাতে দেখা যাচ্ছে সাধারণ ৫৮৯ জনকে। তপশিলী জাতি—৪৩ জন, আদিবাসী একজন, ও. বি. সি. ১০ জন। নিঃসন্দেহে এতে আমরা সন্তুষ্ট নই। তা সত্ত্বেও ২০০২ সালের যে শূন্য পদ তাতে দেখা যাচ্ছে সাধারণ ১০০ সুপারিশ করা হয়েছিল, আর এস. সি., এস.টি., ও.বি.সি-র নাম সুপারিশ করা হয়েছিল ৬৫০ জন। আমাদের যেসব কর্পোরেশন আছে যেমন ট্রাইব্যাল ডেভালপমেন্ট কো-অপারেটিভ কর্পোরেশন, এস.সি-এস.টি ডেভালপমেন্ট ফিনান্স কর্পোরেশন, ওয়েষ্ট বেঙ্গল ব্যাকওয়ার্ড ক্লাসেস ডেভালপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশন —এইসব কর্পোরেশনের মাধ্যমে বিগত তিন বছরের মধ্যে ৭৫৬ জন যুবককে ও. বি. সি. দের মধ্যে আমরা স্বাবলম্বী করেছি। তাদের ঋণ দেওয়া হয়েছে ৫ কোটি ২৭ লক্ষ ৯৯ হাজার ৪২৬ টাকা। এন.বি.সি. এফ.ডি.সি. স্কীমে শেয়ার ছিল ৪ কোটি ৭২ লক্ষ ২ হাজার ৬৮৭ টাকার। তারপর এস.সি.এ. স্কীমে দেওয়া হয়েছে ৫৫ লক্ষ ৯৬ হাজার ৭০৯ টাকা। এইভাবে উত্তরবঙ্গে এন.এস.এফ.ডি.সি.-তে ৪১ হাজার ৩৬৮ জনকে ঋণ ও অনুদান দেওয়া হয়েছে ৩৭ কোটি ২৩ লক্ষ ৫২ হাজার ৭৫০ টাকা। এতে ৪১ হাজার ৩৬৮ জন মানুষ উপকৃত হয়েছেন। তিন বছরে এন.এস.টি.এফ.ডি.সি.-তে ২৩৩ জনকে ১১ কোটি ৯৩ লক্ষ ৫২ হাজার ২০৩ টাকা ঋণ ও অনুদান মঞ্জুর করা হয়েছে। উত্তরবঙ্গের সেচ প্রকল্পে ৭ হাজার কৃষককে সমবায়ের মাধ্যমে ৪ হাজার স্যালো টিউবওয়েল তৈরি করে দেওয়া হয়েছে। বাঁকুড়াতে এস.সি-এস.টি. মানুষদের উপকার করার জন্য সাবমারসিবল পাম্প করার পরিকল্পনা নেওয়া হয়েছে। ইতিমধ্যে তার কাজকর্ম শুরু হয়েছে। কাস্ট সার্টিফিকেট নিয়ে বিভিন্ন ধরনের অভিযোগ করা হয়েছে। আমরা একথা বলি না যে এ ক্ষেত্রে কোন সমস্যাই নেই। সমস্যা আছে সেইজন্য এটা আরও সরলীকরণ করার আমরা চেষ্টা করছি যাতে লোককে হয়রান হতে না হয়।

[6.40—6.50 p.m.]

তাদের ক্ষেত্রে অসুবিধা হয়, অন্য রাজ্য থেকে এলে সমস্যা আছে, বর্ডার এলাকায় সমস্যা আছে। কাস্ট সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে ২০০১ সালে দ্রুততার সাথে উদ্যোগ নিয়েছি। গত বছরের হিসাব যদি আপনারা দেখেন তাহলে দেখতে পাবেন ২০০২ সালের ১লা জানুয়ারী পর্যন্ত ৩৫,৭২৫ টি কাস্ট সার্টিফিকেট দেওয়া বাকি ছিল এস.সি-র। সেই সময়কালে সারা বছর ধরে অ্যাপ্লিকেশান পেয়েছি ৯৩৩০ টি। এই সময়ের মধ্যে সার্টিফিকেট ইস্যু হয়েছে ৯১,৫৫৮ টি। তেমনি ভাবে এস.টি-দের ক্ষেত্রে পুরানো দিনের বাকি ছিল ৩১০৩টি। সারাবছর ধরে দরখাস্ত পেয়েছি ১৩,৫৬৮ টি। এই সময়ের মধ্যে সার্টিফিকেট ইস্যু হয়েছে ১২,৮৯৮ টি। ও. বি. সি-দের ক্ষেত্রে পুরানো দিনের বাকি ছিল ১৮,৭৫৮ টি। এই সময়ের মধ্যে নূতন দরখাস্ত পেয়েছি ২৪,৭০০ টি। এই সময়ের মধ্যে সার্টিফিকেট ইস্যু হয়েছে ২৩,৭৪৬ টি। এইভাবে যদি দেখেন তাহলে দেখবেন সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে আমরা অনেকটা দ্রুততার সাথে দিতে পারছি। আমরা একটা স্পেশাল ড্রাইভ দিয়েছি সার্টিফিকেট ইস্যু করার ক্ষেত্রে। ৫.১.০৩ থেকে ৩১.১.০৩ পর্যন্ত এই ২৬ দিনের মধ্যে ১৪,০১৭ জন এস.সি-কে তাদের সার্টিফিকেট তাদের হাতে তুলে দিতে পেরেছি। তেমনি ভাবে ১৬৬২ জন এস.টি-কে সার্টিফিকেট তাদের হাতে তুলে দিতে পেরেছি এবং ৪০৪৮ জন ও.বি.সি-কে সার্টিফিকেট তুলে দিতে পেরেছি। অর্থাৎ এই সময়ে ২৬ দিনের মধ্যে ১৯ হাজার ৭৮৭ টি সার্টিফিকেট ইস্যু করা হয়েছিল। এর মধ্যে রিজেক্ট হয়েছে ২৬৫৭ টি। এই সময়কালের নতুন কাস্ট সার্টিফিকেট পেন্ডিং রয়ে গেছে ১৯,৭২৮টি। প্রয়োজন হলে আগামী দিনে নতুনভাবে বিশেষ ড্রাইভ দেব যাতে ক্যাম্প করে সার্টিফিকেটগুলো দ্রুত দেওয়া যায়। তার পরিকল্পনা নেবে এই ব্যাপারে আমি আপনাদের আশ্বস্ত করতে পারি। শান্তাদি যেটা বলছেন যে ডি.জি.এইচ.সি-তে ফান্ড যাচ্ছে না। এটা ঠিক নয়। আমি একটা হিসাব দিচ্ছি ২০০২-০৩ সালে পোস্ট ম্যাট্রিক স্টাইপেন্ড ৩৪.৭৫ লক্ষ টাকা গিয়েছে এস.টিদের জন্য। পোস্ট ম্যাট্রিক স্টাইপেন্ড এস.সি-দের জন্য গিয়েছে ১৭.২১ লক্ষ টাকা। মেনটেনেন্স এস.সি-দের জন্য গিয়েছে ৭৫.২৮ লক্ষ টাকা এবং মেনটেনেন্স এস.টি-দের জন্য গিয়েছে ১৩.০৮ লক্ষ টাকা। আশ্রম হোস্টেল এস.টি-দের জন্য গিয়েছে ৪.৩২ লক্ষ টাকা। আর্টিকেল ২৭৫-এ গিয়েছে ৬০ লক্ষ টাকা এবং এস.সি টু টি.এস.পি ৬১.০২ লক্ষ টাকা আই.পি.ডি.পি এরিয়ায়। অর্থাৎ আদিবাসী উন্নয়নের জন্য টাকা বরাদ্দ হয় নি এই কথা ঠিক নয়। আমি আপনাকে অনুরোধ করবো এই টাকাটা যাতে ঠিকমত আদিবাসী এবং তফশিলী জাতি উপজাতি ছেলে-মেয়েদের ব্যবহার হয় সেটা আপনি দেখবেন। তাহলে আমাদের সুযোগ সুবিধাগুলি সময়মত পেলে তাদের সুবিধা হবে। আর একটা ব্যাপারে আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনারা বলেছেন আমাদের এখানে আদিবাসী মানুষদের কোন মর্যাদা নেই, ওরা সেই অতীত দিনের মতো অবস্থায় আছে। একটা তথ্য আপনাদের সামনে তুলে ধরছি। সারা ভারতবর্ষে অ্যাট্রসিটিজ অ্যাক্ট সংগঠিত হয়েছে ২০০২ সালে ১৪,৫৯৫ টি। সেখানে পশ্চিমবাংলাতে শূন্য। এটা ভারত সরকারে হোম ডিপার্টমেন্টের পাবলিকেশান থেকে নেওয়া, পৃষ্ঠা নাম্বার ১১৪। কগনিজেবেল অফেন্স তফশিলী জাতিদের ক্ষেত্রে সারা ভারতবর্ষে হয়েছে ২৫,০৯৩ টি, সেখানে পশ্চিমবাংলায় এটা শূন্য।

আদিবাসীদের ক্ষেত্রে সারা ভারতবর্ষে এটা ৪৪৫০ টি, সেখানে পশ্চিমবাংলায় শূন্য। সারা ভারতবর্ষের ক্ষেত্রে তফশিলী জাতি এবং আদিবাসীদের উপর অত্যাচার আমাদের এখানে নেই যেহেতু কোন অত্যাচারের ঘটনা এখানে ঘটেনি। নানুর, কেশপুর, গড়বেতা এই ঘটনা ঘটেছে কিন্তু আদিবাসীদের উপর অত্যাচার এখানে হয় না এটা আপনাদের বলতে পারি। ও.বি.সি-দের কথা বলছেন। ও.বি.সি-তে আমরা ৬৪ টি জনগোষ্ঠীকে আমরা তালিকাভুক্ত করেছি।

আর কেন্দ্রীয় সরকার যে ১৭০ টির কথা বলছেন, সেইসব জনগোষ্ঠী আমাদের এখানে নেই। আমরা যে জনগোষ্ঠীকে তালিকাভুক্ত করেছি, তার মধ্যে ৮ টিকে কেন্দ্রীয় সরকার তালিকাভুক্ত করেন নি। ফলে তারা সুযোগ পাচ্ছে না। আমি এটাতে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা ভোকেশন্যাল ট্রেনিং সেণ্টারের মাধ্যমে সরকারী উদ্যোগে চালাচ্ছি। আমরা যদি ভাল সংস্থা পাই রাইস বায়ার অফটেক স্কীমে, কোন এনজিও বা এই ধরনের কোন সংস্থা তারা যদি সরকারী নিয়ম অনুসারে আমলাদের কাছে আবেদন করে, তাহলে তপশিলী ছেলেমেয়েরা সুযোগ গ্রহণ করতে পারবে। মাননীয় অসিতবাবু, এনজিও-র ব্যাপারে বলছিলেন, তারা দরখাস্ত করেছেন। এটা সাব-জুডিস ম্যাটার। সেজন্য এ সম্বন্ধে আমি বলতে চাই না। তবে আমরা নিশ্চয়ই দেখবো। আর শিক্ষার ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রী কান্তি বিশ্বাস মহাশয় ঘোষণা করেছেন। আমরা তার বাইরে যেতে পারি না। রেপুটেড কোন অর্গানাইজেশন, এনজিও ভোকেশন্যাল ট্রেনিং সেণ্টারের ব্যাপারে যদি এগিয়ে আসেন, আমরা নিশ্চয়ই সহযোগিতা করবো। তবে সেগুলো ডিএমদের মাধ্যমে আসতে হবে। এতে কোন জটিলতা নেই। প্রিমিটিভ ট্রাইবস্ গ্রুপ (পিটিজি)—লোধা, বিহড়, টোডো এইসব কমিউনিটির জন্য হোস্টেল, টোডোরদের জন্য পানীয় জলের' ব্যবস্থা থেকে শিক্ষাদান, এইসব কর্মসূচী আমরা গ্রহণ করেছি। পুরুলিয়ায় বিহড় কমিউনিটির জনসংখ্যা কম ছিল, তাদের জন্য আমরা ঘর করে দিচ্ছি। তাদের জন্য ইতিমধ্যেই আশ্রম হোস্টেল চালু হয়েছে। পশুপালন থেকে শুরু করে বিভিন্ন কাজ আমরা শুরু করেছি। তাদের সমাজের মূলস্রোতে নিয়ে আসার জন্য আমরা কাজ করছি। ভারতবর্ষে কিছু প্রিমিটিভ গোষ্ঠী কমে যাচ্ছিল। আমাদের এখানেও কমে যাচ্ছিল। এখন তাদের বংশবৃদ্ধি ঘটছে। এটা জেনেটিক কারণেই বাড়ছে, এটা আমরা বলতে পারি। ওরা বলছিলেন, সংস্কৃতির ক্ষেত্রে নাকি কিছু কাজ হচ্ছে না। আমাদের পশ্চিমবাংলায় বিভিন্ন তপশীল জাতি, আদিবাসী গোষ্ঠী যারা তাদের বিভিন্ন নিজস্ব বৈশিষ্ট্য আছে। সেই বৈশিষ্ট্য যাতে তারা রক্ষা করে তার জন্য বামফ্রন্ট সরকার চেষ্টা করছে। আমরা চেষ্টা করছি, কি করে সেগুলোকে রক্ষা করা যায়। ভাওয়াইয়া থেকে আরম্ভ করে একাংক নাটক প্রতিযোগিতা, গুণীজন সংবর্ধনা, এইসব কাজ চলছে। আমরা সাঁওতালি ভাষায় পঠন-পাঠনের জন্য উদ্যোগ নিয়েছি। তারজন্য বই তৈরী হচ্ছে। সাঁওতালি ভাষাকে ৭ম তপশীলে অন্তর্ভুক্ত করার জন্য বিধানসভায় সর্বদলীয় প্রস্তাব নিয়ে একটা ডেলিগেশন দিল্লী গিয়েছিল। দিল্লীর সরকার আজ পর্যন্ত অন্তর্ভুক্ত করেননি।

অন্য যে বিষয়টা আমি আপনাদের সামনে বলতে চাইছি তা হচ্ছে, ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন হয়ে গেল। আপনারা বলছেন, আদিবাসী ও তপশীল জাতির লোকেরা গ্রাম পঞ্চায়েত

প্রধান, পঞ্চায়েত সমিতির সভাপতি এবং জেলা পরিষদে সভাধিপতির মর্যাদা পায় না। আমি বলতে চাই, এই শ্রেণীর মানুষের জন্য সংরক্ষিত যত পদ আছে, সেখানে তাঁরা নির্বাচিত হয়েছেন। গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদে সংরক্ষণের বাইরেও তাঁরা অনেক জায়গায় যোগ্যতার ভিত্তিতে নির্বাচিত হয়েছেন। এটা হচ্ছে পশ্চিমবাংলা। আমি অন্ধ্রপ্রদেশের একটা ঘটনার কথা বলতে পারি। ওখানে একজন তপশীল প্রধান যিনি মহিলা—তিনি সভাপতি হয়েছিলেন। তাঁর অধীনে জেনারেল কাস্টের' একজন তিনি সহকারী সভাপতি হিসাবে কাজ করতে চাইছেন না। তিনি কোর্টে মামলা করেছিলেন। কারণ তিনি তপশীল মহিলার অধীনে কাজ করবেন না। এখানে এইসব হয় না। এটা হচ্ছে পশ্চিমবাংলা, এখানে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছে। গোবিন্দবাবুদের সরকার দিল্লীতে আছে। আদিবাসী মানুষের জঙ্গলের সাথে নিবিড় সম্পর্ক রয়েছে, জঙ্গলের সাথে তাদের জীবনজীবিকা জড়িত। জঙ্গলকে রক্ষার জন্য চার হাজার বন-সংরক্ষণ কমিটি এখানে তৈরী করা হয়েছে।

[6.50—6.54 p.m.]

এবং সেখানে ৪ লক্ষ মানুষ এর সঙ্গে যুক্ত, তার মধ্যে মহিলারাও রয়েছেন। তারা উৎপাদিত ফসলের এক-চতুর্থাংশ পেয়ে থাকে। আজকে তাদের জীবনের মানোন্নয়ন ঘটেছে। দিল্লীর সরকার কি করেছেন—গতবারে ওরা মে তারিখে পরিবেশ সংরক্ষণের নামে একটি নির্দেশ জারি করেছেন যে, ৯ কোটি মানুষকে জঙ্গল ছেড়ে চলে যেতে হবে। ভারতবর্ষের বিভিন্ন এলাকায় এই উচ্ছেদের জন্য আন্দোলন শুরু হয়েছে, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে এই উচ্ছেদের কাজ শুরু হয়েছে। এরজন্য অবরোধ, আন্দোলন চলছে। কেরালাতেই তো আপনাদের বন্ধু সরকার, সেখানে গুলি চালিয়ে আদিবাসীকে খুন করা হল। দুজন আদিবাসীকে খুন করা হল। জায়গা জায়গা থেকে জঙ্গল এলাকা থেকে উচ্ছেদ করার কাজ শুরু হয়েছে এবং গুলিও করে শেষ করে দিচ্ছে। আর এখানে এসে আপনারা আদিবাসী মানুষদের প্রতি দরদের নাম করে কুম্ভীরাশ্রু বিসর্জন দিচ্ছেন। সত্যি কথা বলতে গেলে এই আদিবাসী মানুষদের প্রতি কোন দরদ আপনাদের নেই। বিগত নির্বাচনে আমরা কি দেখলাম। এই ঝাড়খণ্ডীদের উস্কানি দিলেন, উত্তরবঙ্গে কামতাপুরীদের উস্কানি দিলেন এবং সন্ত্রাসবাদীদের সঙ্গে আঁতাত করছেন আর এখানে বলছেন পশ্চিমবঙ্গে আদিবাসীদের উন্নতি হচ্ছে না। পশ্চিমবঙ্গে আপনাদের এই অপচেষ্টা ব্যর্থ হবে। আর আপনাদের বি জে পি সরকার দিল্লীতে যে অর্থনীতি অনুসরণ করছে তাতে গোটা দেশটার সর্বনাশ ডেকে আনছে। সুতরাং আমাদের পশ্চিমবঙ্গের মানুষকে এর বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে এগিয়ে যেতে হবে। আপনাদের সকলের সহযোগিতা নিয়ে যাতে আগামীদিনে আরো বেশী এই অনুন্নত শ্রেণীর উন্নতি করতে পারি তার চেষ্টা করছি। এই পিছিয়ে পড়া মানুষকে এগিয়ে নিয়ে যেতে পারি এবং সমাজের মূল স্রোতে নিয়ে আসতে পারি তার চেষ্টা করছি। এই কথা বলে বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

The motion that the amount of the demand be reduced by Re. 1- and the motions that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 that a sum of Rs. 199,04,02,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads : "2225-Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2251-Secretariat-Social Services and 4225-Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 75,21,49,000 already voted on account in March, 2003.) was then put and agreed to.

Adjournment

The House was adjourned at 6.54 p.m. till 11.00 a.m. on Tuesday, the 22nd July, 2003 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 22nd July 2003 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 12 Ministers, 04 Ministers of State and 148 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

*373 : Held over.

*374 : Held over.

*375 : Held over.

Mr. Speaker : All these questions are held over because hon'ble members are not present. They have informed that they will not able to be present.

কৃষিবীজ খামারে সমবায় পদ্ধতিতে চাষাবাদ

*৩৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৭) **শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের কৃষিবীজ খামারগুলিকে সমবায়ভিত্তিতে চাষাবাদ করার জন্য স্থানীয় ভূমিহীন চাষীদের হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত সিদ্ধান্ত কবে থেকে এবং কীভাবে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

শ্রী কমল গুহ :

(ক) রাজ্যের কৃষি বীজ খামারগুলিকে সমবায় ভিত্তিতে চাষাবাদ করার জন্য স্থানীয় ভূমিহীন চাষীদের হাতে তুলে দেওয়ার কোন সিদ্ধান্ত কৃষি দপ্তরে গ্রহণ করা হয়নি।

(খ) প্রযোজ্য নয়।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি আপনার প্রশ্নের উত্তরে জানিয়েছেন এই বীজ খামারগুলিকে স্থানীয় ভূমিহীন চাষীদের হাতে তুলে দেওয়ার কোন সিদ্ধান্ত গ্রহণ করেননি। এটা ঠিকই যে আপনার দপ্তর বাজেটে সেইমতো অর্থ পায়নি। একটা বিশাল পরিমাণ জমি এই বীজ খামারগুলিতে আছে এবং সেটা অকেজো অবস্থায় পড়ে আছে। এইগুলিকে কেজো করার জন্য আপনি কি পরিকল্পনা নিয়েছেন?

শ্রী কমল গুহ : মাননীয় সদস্য যে অভিযোগ করেছেন সেটা খুবই সত্য কথা। অর্থের অভাবে আমরা এতদিন বীজ খামারগুলিকে সক্রিয় বা উপযুক্ত করে তুলতে পারিনি। এবার নতুন কৃষিনীতি অনুসারে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে পশ্চিমবঙ্গ বীজ নিগম এবং কৃষি দপ্তর যৌথভাবে এই ২০০টি বীজ খামারকে সক্রিয় করে তুলতে পারব এবং কৃষকদের কাজে যাতে লাগে তার ব্যবস্থা করব। অর্থের যে ঘাটতি এতদিন আমাদের ছিল সেটা আমরা পশ্চিমবঙ্গ বীজ নিগমের কাছ্ থেকে পাব।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এই বীজ খামারগুলিতে অনেক স্থায়ী শ্রমিক আছে। অর্থের অভাবে কৃষি খামারগুলি যেমন চালাতে পারছেন না, তেমনি সেই শ্রমিকগুলিও কর্মহীন অবস্থায় থাকছে। তাদের বিকল্প কোন কাজের ব্যবস্থা আপনার দপ্তর করছেন কিনা জানাবেন?

শ্রী কমল গুহ : অর্থের অভাবে আমরা খামারগুলোকে সচল করে রাখতে পারিনি, চালু রাখতে পারিনি, কিন্তু নতুন নীতি অনুসারে আমরা পশ্চিমবঙ্গ বীজ নিগমকে এর সাথে যুক্ত করায় আমাদের অর্থের অভাব হবে না। যে শ্রমিকরা বসে আছেন, তারা পুরো কাজ পাবেন এবং এই সম্বন্ধে একটা কমিটি করা হয়েছে, সেই কমিটি আগস্ট মাসের মধ্যে রিপোর্ট দেবে, সেই রিপোর্ট অনুসারে আমরা বীজ খামারগুলোকে উপযুক্ত করে তোলার জন্য সচেষ্ট হব।

শ্রী জানে আলম মিঞা : রাজ্যের কৃষকদের বীজের চাহিদা পূরণের জন্য আগামী পাঁচ বছরে কি পরিকল্পনা নিয়েছেন অনুগ্রহ করে জানাবেন কি?

শ্রী কমল গুহ : বীজ খামারগুলোকে সক্রিয় করে তোলা এবং উপযুক্ত বীজে তৈরির জন্য কিভাবে কাজ হবে, সেই সম্বন্ধে একটা কমিটি তৈরি হয়েছে, তারা আগস্ট মাসের মধ্যে রিপোর্ট দিলেই আমরা কাজে নেমে পড়ব।

শ্রী জানে আলম মিঞা : কৃষি খামারগুলিতে কত সংখ্যক স্থায়ী শ্রমিক আছে?

শ্রী কমল গুহ : কত সংখ্যক আছে, এই মুহূর্তে বলতে পারছি না। কিছুদিন আগে আমরা অর্থ দপ্তরের কাছে একটা নোট পাঠিয়েছি যে, আমাদের চার হাজার কৃষি শ্রমিকের প্রয়োজন। আমাদের অনুমতি দেওয়া হোক যাতে আমরা চার হাজার কৃষি শ্রমিককে নিয়োগ করতে পারি।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রিমহাশয় বাজেট বক্তৃতায় জবাবী ভাষণে বলেছিলেন— আগামী এক বছরের মধ্যে আপনারা দেখতে পাবেন যে, বীজ নিগমের মাধ্যমে বীজ পাব এবং

আর কোন মাল্টিন্যাশানালের কাছ থেকে বা অন্য রাজ্য থেকে কিনছি না, আমরা যা তৈরি করব, তাই দিয়ে কৃষকদের হয়ে যাবে। আমরা দেখছি বীজরে জন্য যে খামারগুলো রয়েছে, সেখানে প্রচুর জায়গা আছে।

আপনার নতুন যে পরিকল্পনা বা অর্থ দপ্তরের সঙ্গে আলোচনা করে যে নীতি স্থিরাকৃত হয়েছে, তার ভিত্তিতে কি বীজ খামারগুলোর অধীনে যে জায়গা আছে, সমস্তটাই রাখবেন না, এর থেকে কমিয়ে রাখবেন? এর সঙ্গে সংশ্লিষ্ট একটি প্রশ্ন — কিছু বীজ, যেগুলো ধারাবাহিকভাবে চলছে, এর বাইরে গিয়ে নতুন গাছের বীজ তৈরি করার কথা ভাবছেন কি?

শ্রী কমল গুহ : আমি আগেও বলেছি, আজকেও বলছি যে, বীজ খামারগুলো পশ্চিমবঙ্গের কৃষকদের চাহিদা যতখানি পারবে মেটাবার জন্য প্রস্তুত হবে এবং সেই অনুসারে আমাদের একটি কমিটি করা হয়েছে। কমিটি পরীক্ষামূলকভাবে প্রথমে কিছু খামারকে বেছে নিয়ে কাজ করবে, তার থেকে আমাদের যে অভিজ্ঞতা হবে, সেই অভিজ্ঞতা নিয়ে সারা পশ্চিমবাংলায় যে ২০০ বীজ খামার আছে, সবগুলোকেই আমাদের পরিকল্পনার আওতায় নিয়ে আসব।

[11.10–11.20 a.m.]

শ্রী সামসুল ইসলাম মোল্লা : মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন হচ্ছে সিড ফার্মগুলির অবস্থা খুবই খারাপ। আমাদের নদীয়া জেলার সিড ফার্মের অবস্থা খুবই খারাপ। কিন্তু এই সিড ফার্মগুলিতে বহু সম্পদ আছে। পুকুর আছে, দামী দামী গাছ আছে। কিন্তু ফেন্সিং-এর অভাবে এগুলি রক্ষণাবেক্ষণ করা যাচ্ছে না। এখানে স্বেচ্ছাসেবী সংস্থাকে দিয়ে এগুলি রক্ষণাবেক্ষণ বা এর কাজকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সরকারের কোন পরিকল্পনা আছে কি?

শ্রী কমল গুহ : বীজ খামারগুলিকে কার্যকরী করতে হলে প্রথমে যেটা দরকার সেটা হচ্ছে যে, একে ঠিকমতো যাতে রক্ষা করা যায় সেটা দেখা এবং যাতে বাইরের লোক বা অবাঞ্ছিত কিছু মানুষ এখানে ঢুকে যাতে গাছ না কাটতে পারে সেটা দেখা। সেইজন্য আমরা ফেন্সিং-এর কথা চিন্তা করছি। এই কমিটিও এই জিনিসগুলিকে গুরুত্ব সহকারে দেখছেন।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে প্রশ্ন হচ্ছে যে, পশ্চিমবঙ্গে কটা গবেষণামূলক বীজ উৎপাদনের বীজ খামার আছে?

শ্রী কমল গুহ : ৮ টা কেন্দ্রীয় বীজ খামার আছে। সেখানে বিভিন্ন ফসলের গবেষণা হচ্ছে।

শ্রী আবু আয়েশ মন্ডল : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে নয়া নীতি চালু হল। এই নয়া নীতি চালু হওয়ার ফলে উন্নত কৃষি বীজ তৈরি হবে। চাষীদের কাছে এই বীজ দেওয়া হবে। আমার প্রশ্ন হচ্ছে যে, এই যে ২০০ বীজ খামারের যে কথা বললেন এই বীজ খামার থেকে বিগত আর্থিক বছরে কত পরিমাণ বীজ উৎপাদিত হয়েছে এবং কৃষকদের কাছে বণ্টিত হচ্ছে এবং প্রয়োজনীয় চাহিদার তুলনায় বীজের পরিমাণ কত?

শ্রী কমল গুহ : এটা নোটিশ না দিলে বলতে পারব না। তবে এই কথা বলছি যে, চাহিদার তুলনায় আমরা ১০ থেকে ১২ পারসেন্ট এর বেশি আমরা মেটাতে পারছি না।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : জ্যোতির্ময় কর যে প্রশ্নটা করলেন সেটা হচ্ছে গবেষণামূলক কাজ খামারগুলিতে হচ্ছে কিনা এবং আমি এর সঙ্গে একটা ব্যাপার অ্যাডিশান করে দিচ্ছি— এর ফলে সত্যিকারের কোন উপকার হচ্ছে কিনা এবং গতানুগতিক কাজ না করে নতুন ভাল কিছু করার চেষ্টা হচ্ছে কিনা।

শ্রী কমল গুহ : আমি আপনাকে এটুকু বলতে পারি যে, বহরমপুরে যে গবেষণাকেন্দ্র আছে, সেখান থেকে তৈলবীজের অনেকগুলি ভ্যারাইটি আবিষ্কার হয়েছে। কাজ সন্তোষজনক হচ্ছে। চুঁচুড়ায় ধানের দিক থেকে কাজ সুবিধা হচ্ছে। মেদিনীপুরে আলুর ব্যাপারে নতুন করে গবেষণা হচ্ছে। এইভাবে গবেষণামূলক কেন্দ্রগুলি তাদের সীমিত ক্ষমতার মধ্যে সন্তোষজনক কাজ করছে। কিন্তু যা অর্থের প্রয়োজন হয় এটাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সেটা এতদিন ছিল না। তবে আশা করছি যে, নতুন কৃষি নীতির কারণে যে ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং তাতে আর অর্থের অভাব হবে না এবং কাজের অগ্রগতি সন্তোষজনক হবে।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় মন্ত্রীর কাছে আমি একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই যে আমাদের এই যে বীজ খামারগুলো আছে ব্লকে ব্লকে, এখানে দেখা যাচ্ছে যে, যে জমি আছে সেখানে স্থায়ীভাবে নিযুক্ত কিছু শ্রমিক আছে এরা বীজ উৎপাদনের জন্য যখন চাষ করার কথা সেই চাষ কখনো তারা সময়মতো করছে না। বৃষ্টির জল, আবহাওয়ার দিকে তাকিয়ে থাকে। সব জায়গায় এই চাষগুলো সময়মতো করার জন্য উদ্যোগ গ্রহণ করার ক্ষেত্রে কি ভাবছেন, আর যে কমিটি আপনি গঠন করেছেন কাদের নিয়ে আপনি সেই কমিটি গঠন করেছেন।

শ্রী কমল গুহ : আমাদের দপ্তরের অভিজ্ঞ এবং সিনিয়র অফিসারদের নিয়ে এই কমিটি করা হয়েছে। তারা আগস্ট মাসের মধ্যে রিপোর্ট দেবেন এবং এখন যেটা হচ্ছে আমি বারবার বলেছি যে অর্থের অভাবে আমরা কিছুতেই এগোতে পারছি না। আরেকটা অসুবিধা হচ্ছে যে আমাদের যতটুকু আয় হত সেটা কিন্তু আমরা খামারে ব্যবহার করতে পারতাম না। আইন অনুসারে সেটা সমস্তটাই সরকারী ট্রেজারীতে চলে যেত। এখন অসুবিধাগুলো দুর করার ব্যবস্থা হয়েছে কাজেই আমরা আশার আলো দেখতে পাচ্ছি। আপনাদের সকলের সঙ্গে আমি একমত যে বীজ খামারগুলো ঠিকমতো কাজে লাগাতে পারলে পশ্চিমবাংলার কৃষকদের অনেক সুবিধা হবে চাষের দিক থেকে এবং উন্নতমানের বীজ, সার তারা খামার থেকে পেয়ে যাবেন।

গভীর নলকূপের সংখ্যা

*৩৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৬) **শ্রী অতীশ চন্দ্র সিংহ :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে গভীর নলকূপের সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে, অকেজো হয়ে আছে এরকম নলকূপের সংখ্যা কত ; এবং

(গ) অকেজো নলকূপগুলিকে মেরামতের জন্য কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য :

(ক) রাজ্যে জনসম্পদ উন্নয়ন অধিকার কর্তৃক স্থাপিত ৩৩১৫টি উচ্চ ক্ষমতাসম্পন্ন, ৫১৭টি মধ্যম ক্ষমতাসম্পন্ন এবং ৩১৭৮টি নিম্ন ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ প্রকল্প আছে। এছাড়াও রাজ্য ক্ষুদ্র সেচ নিগম কর্তৃক স্থাপিত ৪৮০টি উচ্চ ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ আছে।

(খ) জলসম্পদ উন্নয়ন অধিকারের থেকে সংগৃহীত তথ্য অনুযায়ী ১৬০টি উচ্চ ক্ষমতাসম্পন্ন, ৩৮টি মধ্যম ক্ষমতাসম্পন্ন এবং ৮৫টি নিম্ন ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ বর্তমানে অস্থায়ীভাবে অকেজো অবস্থায় আছে।

এছাড়া, রাজ্য ক্ষুদ্র সেচ নিগমের ৩২টি উচ্চ ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ অস্থায়ীভাবে অকেজো হয়ে আছে।

(গ) যে সকল নলকূপগুলি অস্থায়ীভাবে অকেজো হয়ে পড়েছে, তাদের পুনর্বার চালু করবার জন্য নিম্নলিখিত উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যথা —

(১) যে সকল নলকূপের ট্রান্সফরমার, বিদ্যুতের তার ও সরঞ্জাম চুরি বা ট্রান্সফরমার পুড়ে যাওয়ার ফলে বা কম ভোল্টেজের জন্য অকেজো অবস্থায় আছে, তার ব্যাপারে রাজ্য বিদ্যুৎ পর্ষদের সাথে যোগাযোগ করা হয়েছে এবং সেগুলোকে রক্ষণাবেক্ষণের ব্যাপারে পঞ্চায়েতকে যুক্ত করে পুনরায় চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে।

(২) যে সকল জায়গায় স্থানীয় সমস্যার কারণে বা জলকর না দেওয়ার ফলে নলকূপগুলি বন্ধ হয়ে পড়ে আছে, তা স্থানীয়ভাবে পঞ্চায়েতের মাধ্যমে চালু করার জন্য চেষ্টা করা হচ্ছে।

(৩) যে সকল প্রকল্পগুলিতে জল কমে আসছে, তা "সার্জিং" করে চালু করার চেষ্টা করা হচ্ছে।

(৪) যে সব নলকূপের যন্ত্রাংশ চুরি যাওয়ার ফলে প্রকল্পগুলি বন্ধ আছে, তার মেরামতির কাজ জলসম্পদ উন্নয়ন অধিকার ও ক্ষুদ্র সেচ নিগমের অধীনে গ্রহণ করা হয়ে থাকে। সেক্ষেত্রে স্থানীয় পঞ্চায়েতকে, গ্রামবাসীদের সহযোগিতা নিয়ে, নলকূপগুলির রক্ষণাবেক্ষণের জন্য যুক্ত করার উদ্যোগ নেওয়া হচ্ছে।

[11.20–11.30 a.m.]

শ্রী অতীশ চন্দ্র সিংহ : মাননীয় মন্ত্রিমহাশয়কে প্রথমেই ধন্যবাদ জানাই উনি বিস্তৃতভাবে এই প্রশ্নের উত্তর দিয়েছেন। উনি বলেছেন অস্থায়ীভাবে অকেজো হয়ে পড়ে আছে, তার সংখ্যাটাও কম নয় এবং তার কারণও তিনি নির্দিষ্ট করে বলেছেন। আমি জানতে চাইছি এই যে বিভিন্ন কারণে যে ৪টি কারণ উনি বলেছেন, যার জন্য গভীর নলকূপগুলি অস্থায়ীভাবে অকেজো হয়ে পড়ে আছে সেগুলি কবে নাগাদ চালু হবে বলে আমরা আশা করতে পারি?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : এখন আমাদের হাতে কোন টাকা-পয়সা নেই, বাজেট পাশ হওয়ার পরে আমরা সেগুলির যন্ত্রাংশ কিনে চালু করার ব্যবস্থা করবো। যে সমস্ত ক্ষেত্রে চুরি হচ্ছে — বিদ্যুতের লাইন, তার, পোল চুরি হচ্ছে, ট্রান্সফরমার পুড়ে যাচ্ছে, এই সমস্ত ব্যাপারে আমরা ইতিমধ্যেই বলেছি বিদ্যুৎ দপ্তরের সঙ্গে যোগাযোগ করছি। আর চুরি বন্ধ করার জন্য স্থানীয় পঞ্চায়েত এবং স্থানীয় জনসাধারণের সঙ্গে যোগাযোগ করছি এবং তাদেরকে বলছি আমরা চালু করে দেব এবং স্থানীয় চাষীভাই যারা উপকৃত চাষীভাই, তাদের হাতে হ্যান্ড-ওভার করে দেব। তারা যদি চালান তাহলে এই চুরি বন্ধ হয়। এটা আমরা দেখার চেষ্টা করছি। তবে চালু আমরা করবই সে বিষয়ে কোন সন্দেহ নেই।

শ্রী অতীশ চন্দ্র সিংহ : সরকার থেকে বিভিন্ন ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ বসানো হচ্ছে। আমি প্রথমে জানতে চাইছি সেই স্থান বা স্পটগুলি নির্ধারণ করবার নীতি কি? দ্বিতীয়ত এখন সরকারের নীতি কি বিভিন্ন ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ বসানোর পর স্থানীয় বেনিফিসিয়ারীর কাছে বা পঞ্চায়েতের কছে হ্যান্ড-ওভার হচ্ছে? এর পরিচালন ব্যবস্থা তাদের হাতে দেওয়া হচ্ছে? নাকি আগে যে রকম ছিল যে অপারেটার, অ্যাসিসটেন্ট অপারেটার, নাইট গার্ড ইত্যাদি থাকবে। মানে আগের পদ্ধতিই কি এখন চালু হবে?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : আপনার প্রথম প্রশ্ন হচ্ছে সাইড সিলেকশান নীতি কি? সাইড সিলেকশান নীতি হচ্ছে প্রত্যেক জেলাতে সাইড সিলেকশান কমিটি আছে। জেলার সভাধিপতি সেই কমিটির চেয়ারম্যান। বিভিন্ন কৃষক সংগঠনগুলি স্কীম দেয়। আমাদের ডিপার্টমেন্টে স্কীমগুলি জমা পড়ে, স্কীম ব্যাঙ্ক আছে। আবার জিলা পরিষদের কাছে স্কীম আসে, বিভিন্ন জনপ্রতিনিধি স্কীম দেন। সেগুলি আলোচনা করে সেই সাইডগুলি ঠিক করা হয়। আরেকটা ব্যাপার আপনি নিশ্চয়ই জানেন গ্রে, ডার্ক এলাকা। বিশেষভাবে ডার্ক এলাকায় যে কোন ধরনের গভীর নলকূপ খননের ক্ষেত্রে সাবধানতার সাথে অগ্রসর হওয়া দরকার। তার কারণ মাটির তলায় জলস্তরের পরিমাণ এমনভাবে কমে নীচে নেমে গেছে যে, তা ভবিষ্যতের পক্ষে একটা দারুণ সংকটজনক অবস্থার সৃষ্টি করবে। এই সমস্ত দিক বিবেচনা করেই সাইড সিলেকশান করা হয়। আর বিশেষভাবে প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী, তপসিলিজাতি, উপজাতি সম্প্রদায়ের মানুষ এবং চাষীভাইয়েরা যাতে বেশি করে উপকৃত হন সেইদিকে আমাদের বেশি নজর থাকে। আরেকটা প্রশ্নের উত্তর হল—সরকার প্রকল্পগুলি করার পরে আমরা সেগুলি হস্তান্তর করছি কিনা, বা আগের মতো সরকার পরিচালনাধীনে থাকছে কিনা। এখন সরকারের নীতি হল, সরকারী অর্থে আমরা নতুন নতুন প্রকল্প তৈরি করছি। প্রত্যেকটা প্রকল্প আমরা উপকৃত চাষীভাইদের হাতে রক্ষণাবেক্ষণ এবং পরিচালনা, ইত্যাদি করার জন্য সংপৃক্ত করে তাদের হাতে হস্তান্তর করে দিই এবং তারা রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করছে। ইতিমধ্যে ১২ হাজারের উপর প্রকল্প আমরা সরকার থেকে তৈরি করে চাষীভাইদের হাতে পঞ্চায়েতের মাধ্যমে হস্তান্তর করে দিয়েছি। এটাই হচ্ছে বর্তমানে সরকারের নীতি।

শ্রী অতীশ চন্দ্র সিংহ : মাননীয় মন্ত্রী বললেন ১২ হাজার। উনি তো ১২ হাজারের হিসাব দেননি। উনি বললেন, বিভিন্ন ক্ষমতাসম্পন্ন ৩,৩১৫, ৩,১৭৮ এবং ৫১৭টা করেছেন।

১২ হাজারের হিসাব কোথা থেকে পেলেন বুঝতে পারলাম না। আমার সাপলিমেন্টারি হচ্ছে, বর্তমান আর্থিক বছরে বিভিন্ন ক্ষমতাসম্পন্ন বিভিন্ন ধরনের কতগুলো নলকূপ বসানোর পরিকল্পনা আছে এবং যেগুলো বসছে সেগুলোর দ্বারা কত পরিমাণ কত হেক্টর জমিতে সেচ করা হচ্ছে? যদি পরিস্যংখ্যানটা দেন।

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : মাননীয় সদস্যর প্রশ্ন ছিল 'রাজ্যে সরকারী পরিচালনায় বিভিন্ন ধরনের নলকূপের সংখ্যা কত?' যেগুলো হ্যান্ডওভার করা হয়েছে সেগুলোর পরিসংখ্যান আমি এর মধ্যে যুক্ত করিনি। সেগুলো হ্যান্ডওভার স্কীম। কাজেই সেগুলো যুক্ত করে উত্তর দিইনি। হ্যান্ডওভার স্কীম সরকারী পরিচালনাধীন স্কীম নয়। সেটা উপকৃত চাষীভাইদের কমিটির দ্বারা পরিচালিত স্কীম।

শ্রী অতীশ চন্দ্র সিংহ : যেগুলো আপনারা তৈরি করেননি সেগুলোও হ্যান্ডওভার করছেন?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : আমি আপনাকে যে ফিগারগুলো দিয়েছি সেগুলো হচ্ছে সরকার যেগুলো তৈরি করেছে সেগুলো, প্রাইভেটের ফিগার নয়। সরকার যেগুলো তৈরি করেছে সেই ফিগার আপনাকে দিয়েছি। প্রাইভেটের ফিগার দিইনি, হ্যান্ডওভার ফিগার দিইনি। সুতরাং, এর মধ্যে সেটা পাবেন কি করে? আর, আজকে বাজেট আছে, এই প্রশ্নের সঙ্গে সংশ্লিষ্ট নয় এমন প্রশ্নের উত্তর অন্যদিন আমি দিয়ে দেব, আমার জানা আছে। কিন্তু আজকে সেই উত্তর দেব না, পরে নোটিশ দেবেন জবাব দেব।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রী আপনি গভীর নলকূপের সংখ্যা এখানে দিয়েছেন এবং অকেজোর কথা বলেছেন। আমার প্রশ্ন, বিদ্যুৎ সংযোগের অভাবে কতগুলো গভীর নলকূপ এখন চালু করা যায়নি? আগে আপনি একটা বিরাট ফিগার এই প্রশ্নের পরিপ্রেক্ষিতে দিয়েছিলেন, এখন সেটা কত এবং এই সমস্যা নিরসনের জন্য কি ব্যবস্থা হচ্ছে?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : আগেই বলেছি, আজকে আমার দপ্তরের বাজেট আছে, অন্যদিন প্রশ্নের সঙ্গে সংশ্লিষ্ট নয় এই রকম যে কোনো বিষয়ের উত্তর আমি দিই। আমার মনে হয়, এর আগের দিন ৪৫ মিনিট বলেছিলাম।

[11.30–11.40 a.m.]

আজকের প্রশ্নের সঙ্গে সম্পর্কিত নয় এরকম কোন প্রশ্নের উত্তর দিয়ে সময় ব্যয় করতে চাই না। আপনি বলেছেন বিদ্যুৎ সংযোগ হয়নি এরকম ফিগার এর আগে আমি দিয়েছি। এখন আমার কাছে তৈরি ফিগার নেই। তবে আমি এটা বলতে পারি যে, সেই ফিগারও কম নয়। এটা নিরসনের জন্য বিদ্যুৎ দপ্তর এবং আমাদের দপ্তর নিয়মিত যোগাযোগ রেখে মনিটরিং করে। আমরা এই সমস্যার সমাধানের জন্য অগ্রসর হচ্ছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রশ্ন—আমাদের রাজ্যে ৬২ পারসেন্ট থেকে ৬৫ পারসেন্ট সেচের ব্যবস্থা আছে কৃষিজমিতে এবং এটা আমরা ভাল

করে জানি যে, ক্যানাল সেচের দ্বারা কৃষিজমিতে সেচের ব্যবস্থা করা খুব একটা বেশি করা যাবে না। বাকি যে কৃষিজমিগুলো আছে তার সেচের ব্যবস্থা করতে গেলে আপনার দপ্তরকে করতে হবে এবং আপনার দপ্তরকে করতে হলে যেখানে সেচের ব্যবস্থা নেই তেমন কত মৌজা পশ্চিমবঙ্গে আছে যেগুলোতে আপনারা পরিকল্পনা নিয়েছেন যে আগামী কয়েক বছরের মধ্যে সেচের ব্যবস্থা করতে পারবেন?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : প্রধানত কত মৌজার সেচ নেই — এরকম মৌজা উল্লেখ করার মতো নেই। কিন্তু প্রধানত সেচের ব্যাপারে যথেষ্ট পরিমাণে সেচের ব্যবস্থা করা যায় নি বা আমি আরও একটু বাড়িয়ে বলবো, সেচের ব্যবস্থা করা গেছে — এটা খুব উল্লেখ করার মতো নেই, এই এলাকা হচ্ছে — লবণাক্ত বা কোস্টাল এরিয়া এবং ল্যাটারাইট জোন বা পাথুরে মাটি অঞ্চল — এই এলাকাগুলো প্রধানত মাটির উপরের জল — বৃষ্টিপাত, আমাদের রাজ্যে কম-বেশি মিলিয়ে যথেষ্ট পরিমাণে হয়, আমরা সারফেস ওয়াটারকে ধরে রাখতে পারি না, নদ, নদী, নালা, পুষ্করিণী এই সমস্ত ভরাট হয়ে গিয়েছে, সিল্‌টেড্ হয়ে গিয়েছে, পুরোনো যে সমস্ত জলাধারগুলো আছে, সেগুলোকে সংস্কার করে নতুন নতুন জলাধার তৈরি করে আমরা সারফেস ওয়াটারের সংরক্ষণ করে তাকে ধরে রাখা এবং তার উপর বেশি সংরক্ষণ করে এই এলাকাগুলোতে নতুন প্রযুক্তির সাহায্যে সেখানে উল্লেখ করার মতো চাষের ব্যবস্থা করা যায়নি। অন্যান্য জায়গায় একটা জমিতে দো-ফসলি, তিন-ফসলি করা গেছে, কিন্তু ঐ এলাকাগুলো তা করা যায়নি। আমরা এবারে টার্গেট নিয়েছি যে, সারফেস ওয়াটারকে অনেক বেশি কাজে লাগিয়ে আমরা ঐ এলাকাগুলোর উপর বিশেষভাবে জোর দেব, যাতে ঐ এলাকায় সেচের ব্যবস্থা গড়ে তোলা যায় শক্তিশালী ভিত্তির উপর আরও অন্যান্য এলাকাগুলোর মতো।

শ্রী প্রবোধ পুরকায়স্থ : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই যে, এক্ষেত্রে নলকূপগুলো আপনারা তৈরি করার পর বা মেরামতির পর আপনি স্থানীয়ভাবে পঞ্চায়েত বা অন্যান্য কোন সংস্থার হাতে দায়িত্ব দেবেন। এটা চালু করা অবস্থায় তার মেইনটেন্যান্স করার যদি দরকার হয় তখন কি ওরাই মেইনটেন্যান্স করবে, না কি সরকারের পক্ষ থেকে মেরামত করে তাদের কাছে দায়িত্ব দেবেন? না কি তারা মেইনটেন্যান্স করার জন্য নিজেরা টাকা তুলবে, তারপর কাজ করবে?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : এই যে হ্যান্ডওভার করে দেওয়া হচ্ছে যে সমস্ত স্কীম উপকৃত চাষীভাইদের কাছে, সেগুলি রক্ষণাবেক্ষণ করা, জল কর ধার্য করা, সেগুলি মেরামত করে সেগুলি যোগ্যতার সঙ্গে পরিচালনা করার দায়িত্ব হচ্ছে এই উপকৃত চাষীভাইদের কমিটির উপরে। সুতরাং আমরা তাঁদের উপরেই এই দায়িত্ব দিয়েছি। তারা এটা যোগ্যতার সঙ্গে করবেন। এটা ধরে নিয়ে আমরা হ্যান্ডওভার করেছি। আর ১২ হাজারের উপরে যে স্কীম উপকৃত চাষীভাইদের কমিটি তৈরি করে তাদের হাতে দেওয়া হয়েছে, এখনও পর্যন্ত কোন রিপোর্ট আমাদের কাছে আসেনি যে, তারা এটা যোগ্যতার সঙ্গে চালাতে পারছেন না। অভিজ্ঞতায় যদি আসে, আপনারাও গ্রাম এলাকার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। এইরকম অভিজ্ঞতা যদি আসে তখন সবাই মিলে

এটা ঠিক করা হয়েছে তাই সবাই মিলে আবার নতুন করে ভাবনা-চিন্তা করা যাবে। এখন নীতি হচ্ছে যে হ্যান্ডওভার করে চাষীভাইদের সম্পৃক্ত করা। এটা হচ্ছে এখনকার নীতি।

শ্রী শিবপ্রসাদ মালিক : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, কতগুলি ব্লকে ওই সুইড সার্টিফিকেট দেওয়া বন্ধ আছে? এটা দয়া করে জানাবেন।

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : আমি এই বিধানসভায় বহুবার বলেছি যে কতগুলি ডার্ক ব্লক আছে আর কতগুলি গ্রে ব্লক আছে। এই গ্রে ব্লক আর ডার্ক ব্লকের মধ্যে গ্রে এলাকায় ৬৫ শতাংশ থেকে ৮৫ শতাংশ পর্যন্ত জল উত্তোলন করা হয়েছে। এটা হচ্ছে গ্রে এলাকায়। এই এলাকায় সাবধানতার সঙ্গে নলকূপ খনন করা উচিত। ৮৫ শতাংশের উপরে খনন করে জল তোলা হয়ে গিয়েছে, এই এলাকা হচ্ছে ডার্ক এলাকা। সেই এলাকায় জল মাটির তলা থেকে তোলা উচিত নয়। তাই এই ২টি জায়গায়—এই ২টি জায়গা বাদ দিয়ে বাকি এলাকায় আমরা নলকূপ খননের ব্যাপারে আমরা কোন অসুবিধা বা এইরকম না দেওয়ায় এটা আমরা করি না। এখন ব্যাপার হচ্ছে যে এ ব্যাপারে—নলকূপ খননের ব্যাপারে বাকি উত্তরবঙ্গের অবস্থা খুব ভাল। মালদার একটা অংশ বাদ দিয়ে দক্ষিণবঙ্গের অবস্থা, কলকাতাসহ মেন সি লেভেল থেকে ৮ মিটার থেকে ১১-১২ মিটার পর্যন্ত জল তল নীচে নেমে গেছে। এই অবস্থাটা ভয়াবহ। মন্ত্রী নির্দেশ দিলেও অ্যাকুইভারে জল না থাকলেও সেখানে কিন্তু জল পাওয়া যায় না। এই জায়গাগুলিতে নিষেধ করা হয়েছে। এর পরিসংখ্যান বহুবার আমি দিয়েছি। আজকে এই পরিসংখ্যান দিয়ে ভারাক্রান্ত করতে চাই না।

শ্রী ক্ষিতিরঞ্জন মণ্ডল : মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি? আপনি যে পরিসংখ্যান দিলেন এটা হচ্ছে সরকারী গভীর নলকূপ, কিন্তু সরকারের সঙ্গে বেসরকারী নলকূপ অনেক আছে। সেই বেসরকারী গভীর নলকূপের সংখ্যা এবং অগভীর নলকূপের সংখ্যা কত? পশ্চিমবঙ্গে এই যে জলসেচে বেসরকারী গভীর, অগভীর নলকূপ তাদের কতটা অংশ তার দ্বারা সাধিত হয়?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : ভারত সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার যুক্তভাবে সারা ভারতব্যাপী ক্ষুদ্রসেচে আদমসুমারির কাজ চালাচ্ছিলেন। আমরা পশ্চিমবঙ্গে সেটা কমপ্লিট করে দিয়েছি।

[11.40–11.50 a.m.]

আদমসুমারি রিপোর্ট প্রকাশ করার মালিক ভারত সরকার। সেটা প্রকাশিত হওয়ার আগে আমার পক্ষে পরিসংখ্যান দেয়াটা উচিত কাজ হবে না। সেই কারণে আমি পরিসংখ্যান দিতে পারব না, যতক্ষণ না ভারত সরকার ওটা প্রকাশ করছে।

শ্রী নেপাল মাহাত : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি কিছুক্ষণ আগে বললেন ল্যাটারাইট অঞ্চলে, বিশেষ করে পুরুলিয়া জেলায় গভীর নলকূপ করায় অসুবিধা আছে। তথাপি আমি আপনার কাছে জানতে চাইছি, গোটা রাজ্যে যে গভীর নলকূপ স্থাপনের স্কীম চলছে সেই স্কীম

পুরুলিয়া জেলায় কতটা সাকসেসফুল হয়েছে? যদি আদৌ সাকসেসফুল হয়ে থাকে তাহলে তা সম্প্রসারণের কি পরিকল্পনা আছে? আর যদি পুরুলিয়া জেলায় গভীর নলকুপ স্থাপন সম্ভব না হয় তাহলে পুরুলিয়া জেলায় সেচ ব্যবস্থার সম্প্রসারণের জন্য আপনার কি বিকল্প চিন্তা-ভাবনা আছে তা দয়া করে জানাবেন কি?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : আমি এর আগেই বলেছি পাথুরে-মাটি অঞ্চলে — কেবল পুরুলিয়াই নয় ; পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুরের একটা অংশ, বীরভূমের একটা অংশ, বর্ধমানের একটা অংশ হচ্ছে পাথুরে মাটি অঞ্চল — গভীর নলকূপ করা সম্ভব নয়। এ'সব জায়গায় আমাদের বিকল্প স্কীম আছে। পুরুলিয়ার জন্যও আমাদের স্কীম আছে — সার্ফেস ওয়াটার স্কীম। মাটির ওপরের জলকে ধরে রেখে বোরো বাঁধ ইত্যাদি করে সেচের জন্য জল সরবরাহ করা। এই স্কীম আমাদের আছে। আমরা নানান জলাধার তৈরি করে, যে জলাধারগুলি সিলটেড হয়ে গেছে সেগুলির সংস্কার করে সার্ফেস ওয়াটার স্কীমের মধ্যে দিয়ে এ'সব এলাকায় সেচ ব্যবস্থার সম্প্রসারণ করতে চাইছি। তবে আমি জানিনা পাথুরে-মাটি অঞ্চলে জলাধার করলেও আল্টিমেটলি রিচার্জিং হবে কিনা। তবে চাষীভাইদের অন্তত উপকার হবে, এ বিষয়ে কোন সন্দেহ নেই। সে জন্যই আমরা এ পথে অগ্রসর হচ্ছি।

অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকাদের সংখ্যা

*৩৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৫০) **শ্রী ব্রহ্মময় নন্দ :** সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের সুসংহত শিশুবিকাশ প্রকল্পে বর্তমানে কর্মরত অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকাদের সংখ্যা কত?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : রাজ্যের সুসংহত শিশু বিকাশ প্রকল্পে বর্তমানে কর্মরত অঙ্গনওয়াড়ী কর্মীর সংখ্যা-৫১৪০২ এবং অঙ্গনওয়াড়ী সহায়িকার সংখ্যা-৫০৩৪১।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় মন্ত্রি মহাশয়, পশ্চিমবঙ্গে বর্তমানে কতগুলি অঙ্গনওয়াড়ী কেন্দ্র চালু আছে এবং প্রতিটি এক-জন করে সি.ডি.পি.ও আছে কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : না নেই। কারণ পি.এস.সি. থেকে সি.ডি.পি.ও. পোস্টে লোক নেওয়া হয়। ইতিমধ্যে পি.এস.সি.-তে সি.ডি.পি.ও, পদের ইন্টারভিউ হয়েছে। আমরা আশা করছি খুব তাড়াতাড়ি রেজাল্ট ঘোষিত হবে। তাহলেই সমস্ত জায়গায় সি.ডি.পি.ও. দিতে পারব।

শ্রী ব্রহ্মময় নন্দ : আমি দুটো জিনিস জানতে চেয়েছিলাম। মাননীয় মন্ত্রিমহাশয় একটার উত্তর দিলেন। আমি প্রথমেই জানতে চেয়েছিলাম পশ্চিমবাংলায় মোট অঙ্গনওয়াড়ী কেন্দ্রের সংখ্যা কত?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আমাদের যতগুলি প্রোজেক্ট আছে সব জায়গায়ই অঙ্গনওয়াড়ী

কেন্দ্র চালু আছে। যেখানে এখনো প্রোজেক্ট চালু হয়নি, সেখানে অঙ্গনওয়াড়ী কেন্দ্রও চালু হয়নি।

শ্রী ব্রহ্মময় নন্দ : অঙ্গনওয়াড়ী কেন্দ্রের সংখ্যাটা কত সেটা দয়া করে জানাবেন কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : সেই সংখ্যাটা আমার কাছে এখন নেই, নোটিশ দিতে হবে।

শ্রী রতন দাস : আই. সি. ডি. এস. প্রকল্পে কর্মী নিয়োগ করার ক্ষেত্রে যে সংরক্ষিত পদগুলি আছে বিশেষ করে এস. টি.-দের জন্য, সেক্ষেত্রে এস. টি. ক্যানডিডেট যারা পরীক্ষায় প্রতিদ্বন্দ্বিতা করছেন, কিন্তু কোয়ালিফাইং মার্কস পাচ্ছেন না বলে এই ভ্যাকেন্সিগুলি ফিল-আপ্ করা যাচ্ছে না। এইরকম ক্ষেত্রে এস. টি.-দের ব্যাপারে কোন ছাড় দেবার ব্যবস্থা করছেন কি না?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : এই সম্পর্কে আমি প্রথমেই মাননীয় সদস্যদের জানিয়েছি যে সংরক্ষিত যে সমস্ত পদগুলি আছে সেটা ইচ্ছা করলেই আমি পূরণ করতে পারবো না। এর জন্য ৩ বার পত্রিকায় অ্যাডভার্টাইজমেন্ট করতে হবে, করার পর যদি দেখা যায় পাওয়া যাচ্ছে না, তাহলে সেটা আমাদের দপ্তরে পাঠাতে হবে। আমরা এস. সি. এবং এস. টি. দপ্তরে পাঠাবো, পাঠানোর পর তারা যদি অনুমোদন দেন, সেক্ষেত্রে আমরা করতে পারবো।

শ্রী তমোনাশ ঘোষ : এই যে অঙ্গনওয়াড়ী এবং সহায়িকাদের বেতন দেন তার মধ্যে কেন্দ্রীয় সরকার কত টাকা দেন আর রাজ্য সরকার কত টাকা দেন?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : কেন্দ্রীয় সরকারের অঙ্গনওয়াড়ীদের জন্য ১ হাজার টাকা বরাদ্দ আর রাজ্য সরকারের বরাদ্দকৃত অর্থের পরিমাণ ২০০ টাকা, মোট ১২০০ টাকা। সহায়িকাদের জন্য ৫০০ টাকা আর রাজ্য সরকারের বরাদ্দকৃত অর্থ ২০০ টাকা। আমরা সেই টাকা রাজ্য সরকারের পক্ষ থেকে দিয়ে থাকি।

শ্রী বঙ্কিম ঘোষ : আই. সি. ডি. এস. সেন্টারগুলিতে যেসব পড়ুয়ারা আছে তাদের জন্য যে চাল-ডাল দেওয়া হয় সেই চাল-ডাল রাখার ব্যবস্থাপনার ক্ষেত্রে আমরা দেখেছি যারা সহায়ক আছে তারা তাদের বাড়িতে রাখেন। তাদের সারা মাসের চাল-ডাল দিয়ে দেওয়া হয়। গ্রামবাসীদের পক্ষ থেকে প্রশ্ন উঠেছে এই চাল-ডাল রাখার ক্ষেত্রে অস্বচ্ছতা দেখা দিয়েছে। সরকারের পক্ষ থেকে এই চাল-ডাল রাখার ক্ষেত্রে কোন গো-ডাউন করার চিন্তা-ভাবনা আছে কিনা?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : এই ধরনের গো-ডাউন করতে যে অর্থের দরকার সেই অর্থ আমাদের কাছে নেই এবং আমি সদস্যদের এইটুকু অবহিত করতে পারি, এই চাল-ডাল না দিয়ে অন্য কিছু দেওয়া যায় কিনা, সেটা নিয়ে চিন্তা-ভাবনা করছি।

শ্রী আবদুল মান্নান : আপনি টোটাল অঙ্গনওয়াড়ী ৫১ হাজার সামথিং বললেন। আই. সি. ডি. এস. কেন্দ্রে কর্মী নিয়োগের ক্ষেত্রে যে সূত্র আছে তাতে দেখছি, পার ১ হাজার পপুলেশনে

একজন করে কর্মী নিয়োগের কথা। আজকে রুরাল বেল্টে জনসংখ্যা ৬ কোটির উপর হয়ে গেছে। এতে সংখ্যাটা আরো বেড়ে যাওয়া উচিত। এই অতিরিক্ত যে পদগুলি হবে সেগুলি পূরণ করার পরিকল্পনা আছে কিনা?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আপনি জানেন, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এই পোস্টগুলি দেওয়া হয়। আদমসুমারির পর আমরা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছি। আমরা বার বার চিঠিপত্র দিয়েছি, কিন্তু কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এখনো সেই সম্পর্কে বাড়তি অনুমোদন দেওয়া হয়নি। আদম সুমারির শেষে আমাদের যে প্রাপ্য সেটা ওদের দেবার কথা ছিল। আগে আমরা সংখ্যা বলে দিতাম, সেই সংখ্যার উপর করা হতো, এখন আদমসুমারি অনুযায়ী ওদের মতামত অনুযায়ী করে। আমি বলবার চেষ্টা করেছি। আমি ব্যক্তিগতভাবে মনে করি এটা হওয়া দরকার। শুধু তাই নয়, তিনশো/সাড়ে তিনশো জনসংখ্যার উপর একটা সেন্টার হওয়া উচিত যেহেতু মা এবং শিশুদের জন্য এই প্রোজেক্ট। কেন্দ্রীয় সরকরের কাছে সেই প্রস্তাবও রেখেছি।

[11.50–12.00 noon]

শ্রী গুরুপদ দত্ত : আমরা জানি যে কিছু পৌরসভাতে আই. সি. ডি. এস. প্রকল্প চালু হয়েছে। আমার এলাকায় চন্দ্রকোণা, ক্ষীরপাই, রামজীবনপুর—এই তিনটি ছোট পৌরসভা আছে কিন্তু সেখানে আই.সি.ডি.এস. প্রোজেক্ট নেই। এই ধরনের ছোট ছোট পৌরসভাগুলিতে আই.সি.ডি.এস. প্রোজেক্ট করার পরিকল্পনা আছে কিনা, মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আমরা চাই যে সমস্ত জায়গাতেই হোক কিন্তু ব্যাপার হচ্ছে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বাড়তি প্রোজেক্ট এখন দেওয়া হচ্ছে না। গ্রামাঞ্চলে দুটি প্রোজেক্ট এখনও বাকি আছে, সেটা নিয়ে লেখালেখি করছি, কিন্তু সেটাও পাচ্ছি না।

শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা : নবদ্বীপ বিধানসভা কেন্দ্রে সি. ডি. পি. ও. রয়েছেন, অধিকর্তা রয়েছেন এবং অনেকদিন আগেই সেন্টারগুলি তৈরি হয়ে গিয়েছে কিন্তু সেগুলি চালু হচ্ছে না। মাননীয় মন্ত্রিমহাশয় সেই সেন্টারগুলি খোলার জন্য অধিকর্তাকে নির্দেশ দেবেন কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : মাননীয় সদস্যকে আমি অনুরোধ করবো, এটা নিয়ে আপনি আমাকে একটা চিঠি দেবেন, এ সম্পর্কে যদি করণীয় কিছু থাকে আমি করার চেষ্টা করবো।

শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম : আই. সি. ডি. এস. প্রোজেক্টের সংখ্যা জানানোর জন্য মাননীয় মন্ত্রিমহাশয় নোটিশ দেওয়ার কথা বললেন। আমরা জানি যে ২০০১ সালের আদমসুমারি অনুযায়ী দেখা যাচ্ছে লোকসংখ্যা বেড়েছে। এই পরিপ্রেক্ষিতে আমার প্রশ্ন, লোকসংখ্যা যেহেতু বেড়েছে, সেইহেতু আই. সি. ডি. এস. প্রোজেক্টের সংখ্যা বাড়াবার কোন পরিকল্পনা আপনার আছে কিনা, থাকলে কতগুলি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আমি প্রথমেই জানিয়েছি যে বাড়াবার ইচ্ছা আমার আছে, দিল্লিতে

এর জন্য আমি চিঠিও দিয়েছি। যতক্ষণ দিল্লি থেকে এ সম্পর্কে কোন অনুমোদন পাওয়া যাচ্ছে ততক্ষণ পর্যন্ত আমার দিক থেকে করার কিছু নেই।

শ্রী আবু তাহের খান : হরিহরপাড়া ব্লকে আই. সি. ডি. এসের অফিসটি যে বাড়িতে আছে তার ভাড়া তিন বছর ধরে বাকি থাকায় বাড়ির মালিক সেই অফিসটিতে তালা মেরে দিয়েছে। আপনার দপ্তরে বারবার জানিয়েও সেই ভাড়া দেওয়া হয়নি। এ ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয় কিছু করার কথা ভাবছেন কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : এখানে বসে চট করে এই ধরনের প্রশ্নের উত্তর দেওয়া মুশকিল। যাই হোক, মাননীয় সদস্য যখন এটা তুলেছেন তখন নিশ্চয় আমি এটা দেখবো।

শ্রী জাহাঙ্গির করিম : অঙ্গনওয়াড়ী কর্মী এবং সহায়িকা বিভিন্ন আই. সি. ডি. এস প্রোজেক্টে যা আছে এর মধ্যে একটা সুরক্ষিত হচ্ছে হোম কোটা, কিন্তু দীর্ঘদিন ধরে হোমকোটায় কর্মী নিয়োগ হচ্ছে না বা যদিও হচ্ছে এ' ব্লকের একটা পরিবার থেকে ২/৩টে হয়ে গেল। যেখানে কেন্দ্রে ভেকেন্সি আছে সেখানে বাড়ি থেকে ৩০/৪০ কি.মি. দূরে যেতে চাইছে না। এই হোম কোটাটা পরিবর্তনের চেষ্টা মাননীয় মন্ত্রিমহাশয় করবেন কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আপাতত ইচ্ছা নেই কারণ এখানে শুধু হোম নয়, হোম এবং আদার্স বলে একটা কথা আছে।

শ্রী কাশীনাথ মিশ্র : হোম এবং আদার্স বলে কথাটা আছে বলে মাননীয় মন্ত্রিমহাশয় বললেন। সারা পশ্চিমবাংলায় ব্লকওয়ারি যে অবস্থাটা এখনও হয়ে আছে, এটা একটা বৈষম্যমূলক ব্যাপার হয়ে যাচ্ছে না? রাজ্যের মধ্যে গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলের মধ্যে পার্থক্য হয়ে যাচ্ছে। কয়েকজন পাচ্ছে, কয়েকজন পাচ্ছে না। এই বৈষম্যমূলক ব্যাপার নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে লিখছেন? কেন্দ্রীয় সরকারের কাছে এই ব্যাপারে কতবার আপনি চিঠিপত্র দিয়েছেন?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : কতবার চিঠিপত্র দিয়েছি সেই হিসাব আমি এখানে আনিনি। ব্যাপার হচ্ছে কেন্দ্রীয় সরকারকে এই ব্যাপার নিয়ে বলেছি। এই দপ্তরের যিনি মন্ত্রী তাঁর সঙ্গে যোগাযোগ করেছি, তাঁর সাথে দেখা করেছি এবং চিঠিপত্র দিয়েছি। আবার আমি চিঠি দেব এবং প্রয়োজন হলে আবার যাবো।

নিয়ন্ত্রিত বাজার থেকে রাজস্ব আদায়

*৩৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৮) **শ্রী দীপক কুমার ঘোষ :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি নিয়ন্ত্রিত বাজার চালু আছে ;

(খ) বিগত ২০০২-২০০৩ সালে এই বাজারগুলিতে কত টাকা রাজস্ব আদায় হয়েছে ; এবং

(গ) বিগত ২০০১-২০০২ সালে কর্মচারীদের বেতন দিতে কত টাকা ব্যয় হয়েছে?

শ্রীমতী ছায়া ঘোষ : (ক) রাজ্যে বর্তমানে ৪৬টি নিয়ন্ত্রিত বাজার সমিতি প্রজ্ঞাপিত আছে। এদের মধ্যে তিনটি বাজার সমিতি বিভিন্ন কারণে এখনও ঠিকমতো কাজ শুরু করতে পারেনি।

(খ) বিগত ২০০২-২০০৩ সালে পশ্চিমবঙ্গে বিভিন্ন নিয়ন্ত্রিত বাজার সমিতিসমূহে কৃষিজ বিপণন প্রনিয়ন্ত্রণ আইন অনুযায়ী মর্কেট ফী, লাইসেন্স ফী এবং অন্যান্য বাবদ যে অর্থ আদায় হয়েছে তার পরিমাণ আনুমানিক ২৮,০২,৩২,০০০.০০ (আঠাশ কোটি দুই লক্ষ বত্রিশ হাজার টাকা)।

(গ) বিগত ২০০১-২০০২ সালে কর্মচারীদের বেতন দিতে আনুমানিক ৯,৯২,৩০,০০০ টাকা ব্যয় হয়েছে। (রোপা '৯৮-এর বকেয়া বেতনসহ)

শ্রী দীপক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রিমহাশয়ার কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। সংবাদমাধ্যমে দেখেছি নিয়ন্ত্রিত বাজার থেকে আপনার দপ্তর যে আইনের মাধ্যমে রাজস্ব আদায় করে, মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন যে সেই আইনটা ঠিক নয় এবং যে রাজস্ব আদায় করা হচ্ছে সেটা বেআইনি। আমরা সংবাদপত্রে দেখেছি এই ব্যাপারটার একটা ফয়সালা হয়েছে। আপনি যেটা বলেছেন সেটাই সরকার গ্রহণ করেছেন। ছোট শরিক হয়ে বড় শরিকের সঙ্গে লড়াই করে মন্ত্রিসভার ভেতরে আপনি জিতেছেন। আপনার ২৮ কোটি টাকার মতো আদায় হয়েছে। এই টাকাটা তো কনসোলিডেটেড ফান্ডে যায়নি। এটা কোন ফান্ডে রাখা আছে? এই ফান্ডটা কিভাবে দেখাশোনা করা হয়?

শ্রীমতী ছায়া ঘোষ : আমরা শরিকে শরিকে কোন ব্যাপার নিয়ে লড়াই করি না, আলোচনা করি। আলোচনার মাধ্যমে আমরা ঠিক করে নিয়েছি আমাদের সিদ্ধান্ত। স্বাভাবিকভাবেই এটা কোন ছোট বড় শরিকের ব্যাপার নয়। আপনারা জানেন যেখানে যেখানে আর. এম. সি-র দপ্তর আছে সেখানে সেখানে গ্রামাঞ্চলের মানুষের স্বার্থে রাস্তাঘাট ব্রিজ করে ছড়িয়ে দিই। এটা কোথাও কিন্তু জমা থাকে না। জমা পড়ে, যেমন ধরুন একটা দৃষ্টান্তস্বরূপ বলি, শিলিগুড়ি আর. এম. সি- তে কয়েক কোটি টাকা জমা হলো। সেখানে কিছু টাকা মাইনে দিতে হয়।

[12.00–12.10 p.m.]

আমাদের বাজার-হাট যেগুলো আছে, সেখানে যাতায়াতের জন্য কৃষকদের কাছ থেকে যে স্কীমগুলো আসে, রাস্তাঘাট, ব্রিজ ইত্যাদি, বাকি টাকাটা আমরা ঐসব স্কীমে খরচ করি। এটাই পদ্ধতি।

শ্রী দীপক কুমার ঘোষ : আপনি বলছেন প্রায় ১০ কোটি টাকা খরচ হয়েছে কর্মচারীদের মাইনে দিতে। তার মানে ১৮ কোটি টাকা যেটা আদায় হয়, আপনি বললেন তা রাস্তা, ব্রিজ ইত্যাদি করতে খরচ হয়। এগুলো কারা করে—সরকার করে, না কি যে বাজার সমিতিগুলো আছে তারা করে? এ জন্য বাজার সমিতিগুলোর ইঞ্জিনিয়ারিং কি ইনফ্রাস্ট্রাকচার আছে?

শ্রীমতী ছায়া ঘোষ : আমাদের দু'ভাবে টাকাটা আসে—আর. এম. সি.র নিজস্ব ইনকাম থেকে আসে ; এবং আর একটা আসে সরকারের কাছ থেকে। সরকারের কাছ থেকে ২০০২ সাল অবধি টাকা এসেছে। সেই টাকা দিয়ে আমরা জেলা পরিষদের মাধ্যমে কাজ করেছি। আর যেগুলো আর. এম. সি.র মাধ্যমে আসে, তারা ওখানে টেন্ডার ডাকে। আমি শিলিগুড়ির যে দৃষ্টান্ত দিয়েছি, ওরা টেন্ডার ডেকে টাকাটা দিয়ে দেয়। আর কিছু জমা দিয়ে দেয় বোর্ডকে, যেটুকু বাঁচে, মিনিমাম একটা অংশ জমা দেয় বোর্ডকে।

শ্রী দীপক কুমার ঘোষ : আমার অতিরিক্ত প্রশ্ন—এই টাকাগুলো যা খরচ হয়, বা আদায় হয়, এর অডিট সি.এ.জি.-র তরফ থেকে করা হয়, না ইন্টারনাল অডিট হয়? সেই অডিট রিপোর্ট কি কখনও বিধানসভায় দেখানো হয়?

শ্রীমতী ছায়া ঘোষ : প্রতি বছরই এর অডিট হয়। সেখানে গভর্নমেন্ট নিয়োজিত দক্ষ অডিটর দিয়ে অডিট করা হয়। প্রত্যেকটি আর. এম. সি. দপ্তরে সরকারী কর্মচারীরা থাকেন। তাঁরা দেখাশোনা করেন। এখানে কোন অসঙ্গতি হবার উপায় নেই।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

কৃষিজীবী পরিবারের শিক্ষিত বেকারদের প্রশিক্ষণ

*৩৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯৪) **শ্রী শ্যামাপ্রসাদ পাল :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গ্রামের কৃষিজীবী পরিবারের শিক্ষিত বেকারদের মাটি পরীক্ষা, ফসলের রোগ দমন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত প্রশিক্ষণ কোথায় কোথায় দেওয়া হচ্ছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

গ্রামের কৃষিজীবীদের কৃষি বিষয়ক নানা ধরনের প্রশিক্ষণ যথা মাটি পরীক্ষা, ফসলের রোগ দমন, সুসংহত উপায়ে উদ্ভিদ খাদ্য প্রয়োগ, সুসংহত উপায়ে ফসলের শত্রু নিয়ন্ত্রণ, বীজ উৎপাদন ইত্যাদি দেওয়া হয়। এছাড়া কৃষকপুত্রদেরও প্রশিক্ষণের ব্যবস্থা আছে।

প্রশিক্ষণার্থীদের মধ্যে বেকার যুবকরাও থাকেন।

(খ) পশ্চিমবঙ্গে ৮টি কৃষি প্রশিক্ষণ কেন্দ্র ছাড়াও প্রতিটি জেলায় বিভিন্ন গ্রামে বিভিন্ন সময়ে নানা ধরণের প্রশিক্ষণ দেওয়া হয়।

জেলা পরিষদগুলিকে কৃষিজ বিপণন দপ্তর কর্তৃক বরাদ্দ অর্থ

*৩৮১। (অনুমোদিত প্রশ্ন নং *১১১৬) শ্রী জ্যোতির্ময় কর : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নিয়ন্ত্রিত বাজার ও বাজার সংযোগকারী রাস্তা উন্নয়নের জন্য জেলা পরিষদগুলিকে কৃষিজ বিপণন দপ্তর থেকে টাকা দেওয়া হয় ;

(খ) সত্যি হলে, বিগত ২০০১-২০০২ এবং ২০০২-২০০৩ আর্থিক বছরে কত টাকা দেওয়া হয়েছে ; এবং

(গ) সেই টাকার খরচের হিসাব দপ্তর পেয়েছে কি?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিগত ১৯৯৯-২০০০, ২০০০-২০০১, ২০০১-২০০২ আর্থিক বছরগুলিতে জেলা পরিষদের মাধ্যমে বিভিন্ন নিয়ন্ত্রিত বাজার সমিতি এলাকাভুক্ত স্থানে পরিকাঠামো উন্নয়ন বাবদ সরকারী অনুদান হিসাবে জেলা পরিষদের অনুকূলে থোক টাকা মঞ্জুর করা হয়। কিন্তু ২০০২-২০০৩ আর্থিক বছরে ঐ খাতে কোনো বরাদ্দ না থাকায় অর্থ মঞ্জুর করা হয়নি।

(খ) বিগত ২০০১-২০০২ আর্থিক বছরে জেলা পরিষদের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ নিম্নরূপ:

আর্থিক বছর	মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ (টাকা)
২০০১-২০০২	৬,৩৪,১০,৬৭০ টাকা
২০০২-২০০৩	আর্থিক বছরে কোনো অর্থ মঞ্জুর করা হয়নি।

(গ) ২০০১-২০০২ আর্থিক বছরে মঞ্জুরীকৃত অর্থের খরচের হিসাব এখনও পর্যন্ত জেলা পরিবদগুলোর কাছ থেকে পাওয়া যায়নি।

সংশোধনাগারে নিরাপত্তা ব্যবস্থা

*৩৮২। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪০) শ্রী নির্মল দাস : কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সংশোধনাগার থেকে বন্দীরা যাতে পালাতে না পারে তার জন্য কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে :

(ক) সংশোধনাগারগুলির কারাপ্রাচীর নির্মাণ ও মেরামত করার ব্যাপারে এবং কোনও কোনও ক্ষেত্রে তা আরও সুউচ্চ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে এবং হচ্ছে।

(খ) আলিপুর, প্রেসিডেন্সি এবং দমদম কেন্দ্রীয় সংশোধনাগারে ক্লোজ সার্কিট্ টেলিভিশন বসানো হয়েছে।

(গ) সংশোধনাগারগুলি হইতে যাহাতে বন্দীরা না পালাতে পারে সেজন্য নিরাপত্তার ব্যাপারে প্রাধান্য দেওয়া এবং এ ব্যাপারে সমস্ত অফিসার ও কর্মীদের অবহিত করানো হয়েছে।

(ঘ) পুলিশ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়।

(ঙ) লক-আপের পূর্বে ও পরে মাথায় গুনতি করা হয়।

(চ) কর্মী ও অফিসারদের কর্তব্যে গাফিলতি হলে নিয়মানুগ ব্যবস্থা নেওয়া হয়।

(ছ) নিয়মিতভাবে সংশোধনাগারে সেলগুলি ও ওয়ার্ডের সার্চ করা হয়।

(জ) নিরাপত্তা ব্যবস্থা দেখার জন্য উপ-মহাকারা পরিদর্শক থেকে সুপারিনটেন্ডেন্ট পর্যন্ত সকলকে হঠাৎ হঠাৎ পরিদর্শন করার নির্দেশ দেওয়া হয়েছে।

(ঝ) বহিরাগতদের সংশোধনাগারে প্রবেশের সময় ভালভাবে পরীক্ষা করা হয়।

শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত চাষীদের ক্ষতিপূরণ

*৩৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১৬) **শ্রীমহবুবুল হক ও শ্রীমতী সাবিত্রী মিত্র :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলার আড়াইডাঙ্গা এলাকার চাষীদের সাম্প্রতিক ব্যাপক শিলাবৃষ্টিতে ক্ষয়ক্ষতির পরিমাণ কিরূপ ; এবং

(খ) উক্ত ক্ষয়ক্ষতি পূরণে সরকার এ পর্যন্ত কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

আড়াইডাঙ্গা এলাকার গত ১১.০২.২০০৩ তারিখে বিভিন্ন শস্যের ক্ষয়ক্ষতির পরিমাণ নিম্নে দেওয়া হল :

ফসলের নাম	আয়তন (হেঃ)	ক্ষতির পরিমাণ (টাকায়)
সরিষা	২৮৬	১৩৭৬২১৬.০০
গম	১৫৪১	৯৩২৬১০০.০০
সব্জি	১৬৫	২৭৭১০০০.০০
মুসুর ডাল	১৮৪	২০৬৪০০০.০০
ছোলা	৩৬৫	২৭৭৮৭০০.০০

ফসলের নাম	আয়তন (হেঃ)	ক্ষতির পরিমাণ (টাকায়)
অড়হর	৪	১৬০০০.০০
খেসারী	১০	৪০০০০.০০
তিসি	২৪	৭৬০০০.০০
ভুট্টা	১৫০	১৪৯০০০০.০০
তামাক	৩০	১৯০০০০.০০

মোট—২৭৫৯ হেঃ জমিতে শস্যের ক্ষতি হয়েছে, যার আনুমানিক মূল্য ২ কোটি ১ লক্ষ ২৮ হাজার ৮ শত ১৬ টাকা।

(খ) ঐ শিলাবৃষ্টির কারণে উপরোক্ত ফসলের পুনরায় চাষ করা সম্ভব নয়, কারণ ঐ ফসলগুলির চাষের মরশুম অতিক্রান্ত হয়েছে। তাই আগামী মরশুমের উপরে নির্ভর করে যে সকল ফসলের চাষ হবে তার জন্য বীজ, সার প্রভৃতি বিভিন্ন উপকরণ দেওয়ার বিষয়টি বিবেচনাধীন।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received five notices of Adjournment Motions. The first one is from Shri Kashinath Mishra and Shri Manturam Pakhira on the subject of non-implementation of various development projects in Bankura, Purulia, Birbhum and some other towns in the state. The second one is from Shri Jyotirmoy Kar on the subject of alleged malpractice in preparing merit-list for admission in primary basic training institutions organised by some NGOs in the state. The third one is from Shri Deba Prasad Sarkar on the subject of reported press release by the Superintendent of Police of North 24 Parganas on 'Sultan issue' on 20.07.2003. The fourth one is from Shri Asit Kumar Mal on the subject of urging the State Government to take initiative for reopening of Bharat Brakes & Valves Ltd. And the fifth one is from Shri Gobindo Chandra Naskar on the subject of alleged atrocities and physical assault on some supporters of Trinamool Congress in Canning and Baruipur.

The subject matter of all the motions are not such that may call for adjournment of the business of the House. Members may invite attention of the Ministers concerned through Calling Attention, Mention, Question etc. I, therefore, withhold my consent to all the Motions.

One Member of the Party may, however, read the text of the motion as amended.

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হ'ল—

কলকাতার ওপর থেকে চাপ কমাতে রাজ্যের চার শহরকে শিল্প বাণিজ্য, স্বাস্থ্য ও শিক্ষার গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসাবে গড়ে তোলার জন্য আসানসোল,দুর্গাপুর, হলদিয়া ও শিলিগুড়িতে উপযুক্ত পরিকাঠামো গড়ে তোলার জন্য ব্যবস্থা করা হচ্ছে, কিন্তু অনুন্নত ছোট ও পুরাতন শহরগুলির মধ্যে বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূমও অন্যতম। খাস কলকাতায় বাস করেন ৬০ লক্ষ লোক। বৃহত্তর কলকাতার বাসিন্দা ১ কোটির মতো। পশ্চিমবঙ্গের বাকি অংশে সাত কোটি মানুষের বাস। অনগ্রসর জেলাগুলিতে বিশেষত শহর উন্নয়নের জন্য ২৬ বছরে কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। জেলা প্রশাসনের মাধ্যমে এক-একজন জেলাশাসক জেলা ও শহরগুলিতে পরিকল্পনাবিহীন অবস্থাতে ভাঙচুর করেন। বছরের, পর বছর যেভাবে ভাঙা হয়েছে জেলাগুলি ও তার শহর ও মহকুমাগুলিকে : কিন্তু সেই অনুযায়ী রাস্তা, ড্রেন, জলনিকাশী ব্যবস্থাসহ পানীয় জল সরবরাহ, বস্তি উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য ও শিল্পের প্রসার ঘটেনি। সেইজন্য সভার কাজ মুলতবী করে আলোচনা করা হোক।

শ্রী অসিত মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকারি সংস্থা ভারত ব্রেকস অ্যান্ড ভাল্‌ভস এ রাজ্যের ৪০টি ছোট কারখানায় কাছ হইতে মালপত্র কেনা বন্ধ হয়ে গেছে। এক কোটি টাকারও বেশি বকেয়া মেটায়নি। মাননীয় মুখ্যমন্ত্রী এই ব্যাপারে চিঠি লিখতে চাইলেও প্রায় দু'মাস হয়ে গেল মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে এখনও কেন্দ্রের কাছে চিঠি পাঠানো হয়নি। এ রাজ্যের ৪০টি মুমূর্ষু কারখানা বন্ধ হলে বহু কর্মী বেকার হবে এবং রাজ্যে বিক্ষোভ দানা বাঁধবে অতি সত্বর। মাননীয় মুখ্যমন্ত্রীকে মুমূর্ষু কারখানা বাঁচানোর জন্য ভারত সরকারের সঙ্গে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় স্পীকার স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

২০০২ সালের ১৩ই সেপ্টেম্বর ইচ্ছামতী দুগ্ধ সমবায়ে সাড়ে সাত লক্ষ টাকা ডাকাতির ঘটনায় অভিযুক্ত বুল্টনের নামে ৩৯৫, ৩৯৭ ও ২৭।২৭ ধারায় মামলা দায়ের করে পুলিশ। গত ১৫ই জুলাই উড়িষ্যা থেকে ফেরার পরে নিক্কো পার্ক থেকে পুলিশ বুল্টনকে গ্রেফতার করে। উত্তর ২৪ পরগনার বর্তমান পুলিশ সুপার জেলা পুলিশের হাত থেকে এ ব্যাপারে তদন্তভার রাজ্য গোয়েন্দা পুলিশের হাতে নেওয়ার অন্য ডি.জি.কে অনুরোধ জানান। তদনুযায়ী সি আই ডি এই ঘটনার তদন্ত করছে। রাজ্য গোয়েন্দা পুলিশের অতিরিক্ত ডি জি রণজিৎ কুমার মহান্তি বলেছেন যে, এই তদন্তের কাজ এখনও শেষ হয়নি। অথচ এই তদন্তের কাজ

শেষ হওয়ার পূর্বেই গত ২০শে জুলাই উত্তর ২৪ পরগনার পুলিশ সুপার বাসুদেব বাগ সাংবাদিক বৈঠক ডেকে ঘোষণা করে দিলেন, "ইচ্ছামতী দুগ্ধ সমবায়ে ডাকাতির ঘটনায় বুল্টন জড়িত নয়।" এমন কি তিনি একথাও ঘোষণা করেছেন যে গরিষ্ঠ শাসক দলের নেতা অসীম ঘোষের গাড়ীও ঐ ডাকাতিতে ব্যবহার করা হয়নি। তিনি আরও জানিয়েছেন যে, বুল্টন পুলিশকে উক্ত ডাকাতির ঘটনায় আসামীদের ধরার ক্ষেত্রে তদন্তে সাহায্য করছে। রাজ্য গোয়েন্দা পুলিশের অতিরিক্ত ডিজি রণজিৎ কুমার মহান্তি বিস্ময় প্রকাশ করে মন্তব্য করেছেন, বুল্টনকে আড়াল করার জন্য পুলিশ সুপারের ভূমিকা প্রশাসনিক নিরপেক্ষতা নিয়ে জনগণের মধ্যে প্রশ্ন তুলেছে। বুল্টন সহ অন্যান্য দোষীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার ব্যবস্থা করার জন্য স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর প্রত্যক্ষ হস্তক্ষেপ দাবি করছি।

..... (গোলমাল) .....

..... (এই সময় এস.ইউ.সি.আই সদস্যগণ ওয়াক-আউট করে চলে যান) .....

[12.10–12.20 p.m.]

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker : Today I have received four notices of calling Attention on the following subjects, namely :—

	Subject	Name
(i)	Non-payment of arrear dues to several Industrial units by Bharat Brakes & Valbes	: Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira
(ii)	Collection of Land Revenue, SES etc. for non-irrigated lands in Purulia district	: Shri Nepal Mahato
(iii)	Failure of the Government to punish the doctors in connection with the death of children in the State	: Shri Asit Mitra
(iv)	Reported physical assult of a doctor at Brdwan	: Shri Asit Kumar Mal & Shri Saugata Roy

I have selected the notice of Shri Kashinath Mishra and Shri Manturam Pakhira on the subjet of non-payment of arrear dues to several industrial units by Bharat Brakes & Valves.

The Minister in Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on 30th July, 2003.

Mr. Speaker : Now, the Minister-in-Charge of Jails Department to make a statement on the subject of release of Shri Kashinath Mondal, a prisoner from the Barast Correctional Home on the 30th June, 2003 on submission of forged document.

(Attention called by Shri Badal Zamadar on the 15th July, 2003).

শ্রী বিশ্বনাথ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়,

১। বিধায়ক বাদল জমাদার কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে জানানো হচ্ছে যে, হাসনাবাদ থানা এলাকার বাসিন্দা হরেন্দ্রনাথ মণ্ডলের পুত্র বিচারাধীন বন্দী কাশীনাথ মণ্ডলকে ৩০.৬.২০০৩ তারিখে বসিরহাট (বারাসাত নহে) উপ-সংশোধনাগার থেকে ছেড়ে দেওয়া হয় বারাসাত, উঃ ২৪ পরগনার মহামান্য মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটের আদেশনামার ভিত্তিতে। ওই আদেশনামায় আদালতের সিলমোহর ও যথাযথ স্বাক্ষরও ছিল, কিন্তু পরবর্তীকালে ধরা পড়ে যে, আদেশনামাটি জাল। কারা বিভাগের আধিকারিক বিষয়টি পুলিশকে জানানোর পর অভিযুক্ত কাশীনাথ মণ্ডলকে পুলিশ গ্রেপ্তার করে। ২০.৭.২০০৩ তারিখে তাকে আদালতে হাজির করানো হলে আদালত তাকে ১৪ দিনের জন্য পুলিশ হেফাজতে রাখার নির্দেশ দেন।

২। আরও জানানো হচ্ছে যে, ওই জাল মুক্তির আদেশনামা (স্বাক্ষর নং ১২৮৫ তাং ২৮.০৬.২০০৩) আদলতের পিওন-বুক মারফত আনা হয়েছিল। কিন্তু সেই পিওন-বুকটিও জাল বলে জানা যায়।

৩। এই প্রতারণা ধরা পড়ে ৪.৭.০৩ তারিখে যখন মহামান্য জেলা ও দায়রা বিচারক, বারাসাত, ভারতীয় দণ্ডবিধির ৪১৮-এ/৩০৪বি ধারায় হাসনাবাদ থানায় ২৫.১.২০০৩ তারিখে রুজু করা ৮নং মামলা সূত্রে কাশীনাথ মণ্ডলকে ১৭.০৭.০৩ তারিখে আদালতে হাজির করানোর নোটিশ দেন তখনই। বসিরহাট উপ-সংশোধনাগারের অধ্যক্ষ মহাশয় বাসাসাত জেলা ও দায়রা বিচারককে জানিয়ে দেন যে, বিচারাধীনী বন্দী শ্রী কাশীনাথ মণ্ডলকে জামিনে মুক্তি দেওয়া হয়েছে এবং সেই কারণে আদেশানুসারে তাকে ১৭.৭.২০০৩ তারিখে আদালতে হাজির করানো সম্ভব হবে না।

৪। সরকার ও স্থানীয় কারা-কর্তৃপক্ষ যখনই বিষয়টি জানতে পারেন, তখনই স্থানীয়ভাবে তদন্তের নির্দেশ দেওয়া হয়। তদন্তের রিপোর্ট থেকে জানা যাচ্ছে যে, বিচারাধীন বন্দী কাশীনাথ মণ্ডলকে সাজানো একটি জাল মুক্তির আদেশনামার ভিত্তিতে জেল থেকে ছেড়ে দেওয়া হয়েছে।

৫। এ বিষয়ে জানাচ্ছি যে, বসিরহাট উপ-সংশোধনাগারের অধ্যক্ষ কর্তৃক বসিরহাট থানায় ভারতীয় দণ্ডবিধির ৪৬৮, ৪৭১, ৪৭৩, ২২৫বি এবং ১২০বি ধারায় উক্ত বন্দীর বিরুদ্ধে এফ.আই.আর. করা হয়েছে। মামলার নং ১৮৬, তাং ১২.৭.২০০০।

৬। আরও জানানো যাচ্ছে যে, উত্তর ২৪-পরগনার আরক্ষাধীক্ষক বা পুলিশ সুপার

(এস.পি)-কে এ-বিষয়ে সত্বর প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে রিপোর্ট দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে। পুলিশের তদন্ত রিপোর্ট সম্পূর্ণ ঘটনাটির উপর সঠিকভাবে আলোকপাত করতে পারবে।

৭। আদালতের একজন মুহুরীকে গ্রেপ্তার করা হয়েছে। এই প্রতারণার ঘটনায় ঐ মুহুরীর একটি গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। বসিরহাট উপ-সংশোধনাগারের হেড-ওয়ার্ডার শ্রী কৃষ্ণচন্দ্র ধাড়া যিনি ওই জাল আদেশনামাটি গ্রহণ করেছিলেন তাঁকেও গ্রেপ্তার করা হয়েছে দুষ্কর্মের সহযোগিতার অভিযোগে। কারা কর্তৃপক্ষ তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করেছে। বিষয়টি এখনও পুলিশের তদন্তাধীন। উপ-কারাপালকেও কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে।

সংযোজন

বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেটের নামে লিখিত একটি জাল আদেশনামা পেশ করে বসিরহাট উপ-সংশোধনাগার থেকে (বারাসাত নয়) কাশীনাথ মণ্ডল নামে এক বন্দী পালানোর ঘটনা সম্পর্কে বিধায়ক বাদল জমাদার কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে মাননীয় কারামন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরী মহাশয়ের বিবৃতি।

৭নং অনুচ্ছেদের পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত তথ্য আরও সংযোজিত হল,

"উপরে উল্লিখিত ঘটনায় মোট ৭ (সাত) জনকে এখন পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে।"

"যখন এটা পাঠানো হয়েছে, পাঁচটার পর আমরা খবর পেয়েছি আরও পাঁচজন এর সাথে গ্রেপ্তার হয়েছে।"

MENTION CASES

শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পঞ্চায়েত নির্বাচনের আগে নবদ্বীপের মানুষের চাহিদা অনুযায়ী নবদ্বীপে বিদ্যুতের একটা সাব-স্টেশন হয়, সেটা উদ্বোধন হয়। সেখানে মাননীয় মন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, এই ছোট শহর নবদ্বীপে আর বিদ্যুতের অভাব হবে না। কিন্তু সেখানে একের পর এক লোডশেডিংয়ে মানুষ নাজেহাল হচ্ছে। বিদ্যুতের মূল্যবৃদ্ধি ঘটেছে। এই লোডশেডিংয়ের জন্য ডিপ টিউবওয়েল থেকে পানীয় জলও উত্তোলন করা যাচ্ছে না। এই ভয়াবহ অবস্থার হাত থেকে নবদ্বীপের মানুষদের উদ্ধারের জন্য দৃঢ়ভাবে ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

শ্রী সামসুল ইসলাম মোল্লা : স্যার, আমি গতকাল এই হাউসে বলেছিলাম, ওরা এমন একটা দল যারা আইন, আদালত মানে না, যে দলের কোন নীতি, আদর্শ, কোন সংবিধান, গঠনতন্ত্র নেই। এইরকম একটা দলের সমাবেশে এসে কেন্দ্রের একজন দায়িত্বশীল মন্ত্রী, যিনি প্রতিরক্ষার দায়িত্বে আছেন, তিনি বললেন সংবিধানে-বহির্ভূত পথে পশ্চিমবঙ্গে সরকারকে উৎখাত করার কথা। সংবিধানের প্রতি যিনি আস্থাশীল, দায়বদ্ধ, তিনি এই ধরনের সংবিধান-বহির্ভূত কথা বলে গেলেন। আমি এর তীব্র প্রতিবাদ করছি এবং সমস্ত গণতন্ত্রপ্রিয় মানুষকে এর বিরুদ্ধে সোচ্চার হওয়ার জন্য আবেদন জানাচ্ছি।

মি. স্পীকার : মি. মোল্লা, মেনশনটা হচ্ছে সরকারের দৃষ্টি আকর্ষণের জন্য। কিন্তু এই বিষয়টা নিয়ে সরকার কি করবে আমাকে বোঝাবেন। কেন্দ্রের মন্ত্রী কি করলেন না করলেন, আমাদের সরকার এখানে কি করবে? এসব কেন দেন? এসব করবেন না। যাদের হাতে রাজনীতি আছে, তাদের হাতে ছেড়ে দিন না, আপনি মাথাব্যথা করছেন কেন?

মি. প্রবোধ সিনহা, আপনার ৬ জন মন্ত্রী হাউসে নেই, আপনি ব্যবস্থা নিন। অ্যাটলিস্ট সিক্স মিনিস্টাসর রিমেইন প্রেজেন্ট ডিউরিং মেনশন। বারবার এটা বলা হচ্ছে, কিন্তু এটা অবজার্ভ করা হচ্ছে না। এরকম হলে আমি হাউস অ্যাডজর্ন করে দেব।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমান অর্থনীতিতে চিংড়ি মাছ চাষ একটি লাভজনক প্রকল্প। উত্তর কাঁথি সহ সমুদ্র উপকূলবর্তী এলাকা, নদী এলাকায়, ব্যক্তিগত উদ্যোগে ব্যাপক মাছ ছাষ হয়। যে মাছ চাষের ফলে একদিকে যেমন বেকারত্ব দূর হয়, অপরদিকে ব্যাপক পরিমাণে এই রাজ্য বৈদেশিক মুদ্রা অর্জনে সমর্থ হয়।

[12.20–12.30 p.m.]

এই মাছ চাষের ফলে বেকারত্ব দূর হয় এবং ব্যাপক পরিমাণে এই রাজ্য বৈদেশিক মুদ্রা অর্জন করতে সমর্থ হয়। ট্রাডিশনাল শিল্পকে আমরা লাভজনক বলি, কিন্তু আজকের দিনে অলটারনেটিভ এগ্রিকালচারের ক্ষেত্রে এবং পি.সি. কালচারের ক্ষেত্রে একটি বিপ্লব এনেছে। অর্থনীতিতেও চিংড়ি মাছ চাষ আশাব্যঞ্জক। সমুদ্রতীরবর্তী এলাকা উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর এই এলাকায় ব্যাপকভাবে চাষ হচ্ছে। সুতরাং একা একটা দপ্তরের পক্ষে উপযুক্ত পরিকাঠামো গঠন করা সম্ভব নয়। তাই বিদ্যুৎ, আইনশৃঙ্খলা সমস্ত দপ্তর একত্রিত হয়ে পরিকাঠামো উন্নয়ন যাতে করে সেই দাবি আমি রাখছি।

শ্রী বঙ্কিম ঘোষ : স্যার, আপনার মাধ্যমে আমি নগরোন্নয়নমন্ত্রী মাননীয় অশোক ভট্টাচার্য মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে পশ্চিমবঙ্গের মধ্যে কল্যাণী একটা গুরুত্বপূর্ণ শহর। এই শহরে সরকারী এবং ব্যক্তিগত মালিকানায় বহু জমি এবং বহু প্লট এখনও অবহেলিত, অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। সরকারী যে নিয়মকানুন, যে জটিলতা যে পদ্ধতি যে জটিলতা রয়েছে তার ফলে ট্রান্সফার, মিউটেশন করতে ভীষণ অসুবিধা হচ্ছে। সরকারী যে নিয়মকানুন, জটিলতা, প্রতিবন্ধকতা রয়েছে, তাকে সরলিকরণ করা হোক। সরলিকরণ যদি করা হয়, তাহলে সরকারের বহু রেভিনিউ আদায় হবে।

শ্রী অখিল গিরি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দক্ষিণবঙ্গের একটা গুরুত্বপূর্ণ পর্যটন কেন্দ্র হচ্ছে দীঘা। দীঘা যাওয়ার পথে রামনগর বিধানসভায় রামনগর বাজারে একটা ছোট সেতু আছে। ওই সেতুর উপর দিয়ে লক্ষ লক্ষ মানুষ যাতায়াত করে। অবিলম্বে এই সেতুটি সম্প্রসারণ করার প্রয়োজন আছে। এই সেতুটি যাতে সম্প্রসারণ করা হয় তার জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী গোকুল রায় : স্যার, আপনার মাধ্যমে আমি বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর দিনাজপুর জেলায় বি.ইউ.পি, এম.পি ল্যাডের টাকায় বিদ্যুতায়নের কাজ ঠিকমতো এগোচ্ছে না। কারণ রাজ্য বিদ্যুৎ পর্ষদ সেন্ট্রাল মেটেরিয়াল ঠিকমতো সরবরাহ করতে পারছে না। সেন্ট্রাল মেটিরিয়াল বাবদ কোটেশনের এগেনস্টে প্রায় এক বছর আগেই টাকা দেওয়া হয়েছে। তবুও সেন্ট্রাল মেটিরিয়াল দিতে পারছে না। তাই আমি বিদ্যুৎমন্ত্রীর কাছে আবেদন রাখছি হয় সেন্ট্রাল মেটিরিয়াল সরবরাহ করা হোক, না হলে লোকাল পারচেজের অনুমতি দেওয়া হোক।

শ্রী কাশীনাথ মিশ্র : স্যার, আপনার মাধ্যমে আমি উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে পশ্চিমবাংলার কলেজগুলো একটা ভীষণ চাপের মুখে পড়েছে, সেখানে বিশেষ স্পেশাল কনস্টিটিউশন অনুযায়ী আজকে প্রফেসরদের এমবার্গো উঠে গেছে এবং এমবার্গো উঠে যাওয়ার ফলে সেখানে ঠিকমত-বেতন পাচ্ছে, কিন্তু স্যার যারা অশিক্ষক কর্মচারী তার তাদের এমবার্গো ওঠেনি, তাই তার যারা অশিক্ষক কর্মচারী আছেন লাইব্রেরি থেকে, ল্যাবরেটরি থেকে আরম্ভ করে কলেজ যে স্টাফের দরকার তা নেই। এর পরিপ্রেক্ষিতে একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হয়েছে। বাঁকুড়া ক্রিশ্চিয়ান কলেজ আজ বন্ধের মুখে। তাই আজ উচ্চশিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি অশিক্ষক কর্মচারীদের এমবার্গো তুলে দেওয়ার জন্য।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল তৃণমূল দল অনুমতি না মিটিং করেছে। ওরা মূল্যবোধের কথা বলেন। গতকাল কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষামন্ত্রী বললেন যে সংবিধানবহির্ভূত পথে সি পি এমের মোকাবিলা করতে হবে। কেন্দ্রীয় মন্ত্রী সংবিধানবহির্ভূত পথেই তহলকা কাণ্ডের সঙ্গে জড়িত। কফিন কেলেঙ্কারির সঙ্গে জড়িত। সেনাবাহিনীর জুতো কেনার কেলেঙ্কারির মধ্যে জড়িত। ওরা কোনদিনই ক্ষমতায় আসতে পারবেন না। আপনারা যতই চান ক্ষমতায় আসতে পারবেন না। মানুষ আপনাদের পরাজিত করবেনই। আপনারা যতই পাঁশকুড়া লাইন দেখাতে যান, মানুষ আপনাদের দেখিয়ে দিয়েছে যে, এর সমুচিত জবাব মানুষ দেবে।

মিঃ স্পীকার : কেন্দ্রীয় মন্ত্রী এসে কি বলবেন, সেটাও এখানে উল্লেখ করতে হবে। তার বিরুদ্ধে রাজ্য সরকার কি অ্যাকশান নেবে? এতে রাজ্য সরকার কি করবে? ভবিষ্যতে আমি অনুমোদন দেব না।

শ্রী দেবপ্রসাদ সরকার : অনুপস্থিত।

শ্রী নেপাল মাহাত : স্যার, আপনার মাধ্যমে আমি পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘ কয়েকদিন ধরে পুরুলিয়ায় বৃষ্টি বন্ধ হয়ে গেছে। চাষীদের একমাত্র ফসল হচ্ছে ধান। কিন্তু বৃষ্টির অভাবে সমস্ত জায়গায় বীজ নষ্ট হয়ে গেছে। অবিলম্বে যুদ্ধকালীন ভিত্তিতে জলের ব্যবস্থা করতে হবে। তা না হলে পুরুলিয়ার চাষীদের অর্থনৈতিক ভবিষ্যৎ একমাত্র ফসল ধানের ভয়ানক ক্ষতি হবে। তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী সহ সংশ্লিষ্ট মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কমলাক্ষী বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক-দেড় মাস ধরে বাগদা বনগাঁ গাইঘাটা এলাকায় বৃষ্টি হচ্ছে না। পাটচাষীরা অসুবিধায় পড়েছে। পাট পচানোর জন্য প্রচুর জল দরকার। তাই আমি সেচ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, ছোট ছোট জলাধার আছে, সেগুলি ডিপ টিউবওয়েল থেকে পাম্প সেটের মাধ্যমে ভরে দেওয়ার ব্যবস্থা করা হোক।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন ধরে পরপর কয়েকটা খবর আসছে যে, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির শ্রমিক সংগঠন সিটুর চক্রান্তে অথবা অত্যাচারে একটার পর একটা কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। আজও একটা খবর বেরিয়েছে যে, দীর্ঘদিনের প্রতিষ্ঠিত হোমিওপ্যাথি ওষুধ কারখানা মহেশ ভট্টাচার্য অ্যান্ড কোম্পানি ১৮৯০ সালে প্রতিষ্ঠিত হয়েছিল এবং এটার অফিসর মহাকরণের ঢিল ছোঁড়া দূরত্বে। অত্যন্ত দুঃখের কথা বলছি যে, সিটু সংগঠনের কর্মীরা বর্তমান এই অফিস দখল করে নিয়েছে।

[12.30–12.40 p.m.]

তারা কেমিস্টদের ঢুকতে দিচ্ছে না, তারা বোটানিস্টদের ঢুকতে দিচ্ছে না, তারা কোম্পানীর এম.ডি.-কে ঢুকতে দিচ্ছে না। তারই ওষুধ তৈরি করছে এবং সেই জাল ওষুধ তারা বাজারে বিক্রি করছে। অমিতাভ ভট্টাচার্য যিনি এই কোম্পানির ম্যানেজিং ডিরেক্টর এবং মালিক, তিনি বারেবারে বুদ্ধদেববাবুর শরণাপন্ন হয়ে বলেছেন। তা সত্ত্বেও কোন ব্যবস্থা নেওয়া হয়নি। সিটুর এই অত্যাচার থেকে তাঁকে বাঁচাতে এবং এই জাল ওষুধ তৈরির বন্দোবস্তের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়নি। আমি তাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এ কথা বলতে চাই যে সিটুর এই আগ্রাসী মনোভাব শ্রমিকদের স্বার্থে আন্দোলন করা নয়। জাল ওষুধ তৈরি করে সেখানে মুনাফা করার চেষ্টা হচ্ছে। এর থেকে তাদের বিরত করার জন্য অবিলম্বে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ব্যবস্থা নিন।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখন বৃষ্টি নেই, মুর্শিদাবাদে চাষবাস হচ্ছে না। প্রায় ৯০ শতাংশ জমি অনাবাদী। বড়োয়া, শালার, ভারতপুর, কান্দি, খড়গ্রাম, সাগরদীঘি, সুতি, রঘুনাথগঞ্জ এই সব এলাকায় সেচের জল পাওয়া যাচ্ছে না। মুর্শিদাবাদের উজানে যে ক্যানেল আছে সেখানে চাষীরা জল নামিয়ে নিচ্ছে। মুর্শিদাবাদে জল আসছে না। সুতীতে যে ক্যানেল আছে সেই সেচের ক্যানেলে জল আসে না। যদি জল আসে, তাহলে আমন ধান রোপণ করা যেতে পারে। আমি তাই আপনার মাধ্যমে সেচ ও জলপথ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় রাজ্য সরকারের এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে এর আগে যে দিন পুলিশ বাজেট নিয়ে আলোচনা হচ্ছিল তখন মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন বুল্টনকে আমরা গ্রেফতার করবো। তার সাথে সাথে তিনি আরেকটা কথাও বলেছেন, বুল্টন ডাকাতির সঙ্গে যুক্ত নয়। আমরা তার পরে দেখতে পাচ্ছি উত্তর ২৪ পরগনার কুখ্যাত সমাজবিরোধীকে জনমতের

চাপে এবং সংবাদপত্রগুলির এ ব্যাপারে বলিষ্ঠ পদক্ষেপ নেওয়ার ফলেই বুল্টনকে গ্রেফতার করতে সরকার বাধ্য হয়েছেন। কিন্তু তার সাথে সাথে সেই বুল্টনকে যাতে বেকসুর খালাস করা যায় তার জন্য সরকার পক্ষ চেষ্টা করে যাচ্ছেন। গত কয়েক দিন আগে উত্তর ২৪ পরগনার এস.পি. সাংবাদিক বৈঠক করে বলেছেন সে দোষী নয়। সেই কুখ্যাত আসামীর সম্বন্ধে প্রথমেই বলে দেওয়া হচ্ছে সে দোষী নয়। তার বিচার চলছে, পুলিশের দায়িত্ব হচ্ছে প্রমাণ করা। সেখানে পুলিশ যদি প্রথমেই নির্দোষ বলে দেয়, তাহলে আদালতের পক্ষে তাকে দোষী সাব্যস্ত করা সম্ভব নয়। বুল্টনকে একটা কমপিউটার রুমে রাখা হয়েছে; এয়ার-কন্ডিশন রুমে রাখা হয়েছে। তারপরে ডাকাতির সময় জনগণ যে গাড়ি হাতেনাতে ধরে ফেলেছিল—সেই গাড়িটা হচ্ছে সি.পি.এমের গ্রামপঞ্চায়েত প্রধান অসীম ঘোষের স্ত্রীর গাড়ী এবং সেই গাড়ি আটক করা হয়েছিল। আজকে পুলিশ প্রশাসন বলছে সেই গাড়ি করে ডাকাতি হয়নি। এরপরে মানুষ দেখছে সরকার কিভাবে নির্লজ্জের মতো সমাজবিরোধীদের প্রশ্রয় দিয়ে যাচ্ছেন। যে সমাজবিরোধীকে মানুষ প্রত্যক্ষ দেখল ডাকাতি করতে, তার গাড়ি ধরা পড়লো। সেখানে পুলিশ সাফাই গাইছেন, আর মুখ্যমন্ত্রী দ্বিচারিতায় ভুগছেন। মুখ্যমন্ত্রী হাউজে এক রকম কথা বলছেন, আবার বাইরে গিয়ে আরেক রকম কথা বলছেন। এর ফলে মুখ্যমন্ত্রীর ভাবমূর্তিই কালিমালিপ্ত হচ্ছে। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে বলতে চাই মুখ্যমন্ত্রী তিনি তাঁর বক্তব্য সঠিকভাবে রাখুন।

শ্রী মাফুজা খাতুন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার এবং এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যর, গতকাল কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী [***] তৃণমূলের জনসভায় দাঁড়িয়ে বলেছেন সংবিধানবহির্ভূতভাবে এখানকার বামফ্রন্ট সরকারকে উৎখাত করার জন্য। যিনি আকণ্ঠ দুর্নীতিতে নিমজ্জিত তাঁর এই মন্তব্য করার কোন অধিকার নেই তৃণমূলের সভায় দাঁড়িয়ে। এদের কোন নীতি নেই, আদর্শ নেই, নৈতিকতা নেই। এই মন্তব্য করাকে আমি মনে করি পশ্চিবঙ্গের গনতন্ত্রপ্রিয় মানুষ, শান্তিপ্রিয় মানুষকে অসম্মাণ করা। আমি এর তীব্র প্রতিবাদ জানাই, এর তীব্র ধিক্কার জানাই এবং এর বিরুদ্ধে নিন্দা প্রস্তাব নেওয়ার জন্য এই হাউজের কাছে অনুরোধ জানাচ্ছি।

মিঃ ডেপুটি স্পীকার : মাননীয় অধ্যক্ষ মহাশয় আগের দু'জন বক্তার বক্তৃতা সম্পর্কে একই কথা বলেছেন। এ সম্পর্কে বিধানসভা বা রাজ্য সরকারের কিছু করার নেই তা সত্ত্বেও আপনি একই কথা বললেন।

কেন্দ্রীয় মন্ত্রীর নাম বাদ যাবে। এবারে শ্রীসৌগত রায়ের নাম আছে। কিন্তু আপনার যে বিষয় তাতেও রাজ্য সরকারের কিছু করার নেই।

শ্রী সৌগত রায় : আছে স্যার, সেটা বলছি। স্যার আমি বালিগঞ্জ এবং টালিগঞ্জ স্টেশনের

*** Expunjed as ordered by the chair.

মধ্যে রেলের মধ্যে রেলের জমিতে যে বসবাসকারীরা আছে তাদের যে আন্দোলন শুরু হয়েছে সে সম্পর্কে বলতে চাইছি। আপনি হয়তো জানেন গত রবিবার 'গণস্নান' দিয়ে আন্দোলন শুরু করেছি। আগামীকাল থেকে লাগাতার অনশন হবে, তারপর রেল রোকো হবে এবং তারপর অনির্দিষ্টকালের ধরনা হবে। আপনি বলবেন এখানে রাজ্য সরকারের কি করার আছে? স্যার, এরা রাজ্য সরকারের অধিবাসী। রেল কলোনিতে যারা আছে, তাদের রেশন কার্ড আছে, ভোটার আইডেনটিটি কার্ড আছে, ইলেকট্রিক বিল আছে এবং আমি বার বার রাজ্য সরকারের কাছে দাবি করেছি কেন্দ্রীয় সরকার 'বাল্মীকি আম্বেদকর আবাস যোজনা'র টাকা দিয়েছেন রাজ্য সরকারকে। ২৭ কোটি টাকা রাজ্য সরকারের কাছে আছে। সেই 'বাল্মীকি আম্বেদকর আবাস যোজনা'য় পূর্বে টালিনালার উচ্ছেদ হওয়া অধিবাসীদের গার্ডেনরিচের জমিতে পুনর্বাসন দেওয়া হয়েছিল। এরাও রাজ্যের নাগরিক, এদের পুনর্বাসন হবে না কেন? রাজ্য সরকারের কাছে আবেদন, রেল যদি তাদের উচ্ছেদ করতে পারে করুক। কিন্তু রাজ্য সরকার গত ৪ঠা মে ২০০২ তারিখে এদের উচ্ছেদ করার জন্য পুলিশ দিয়েছিল। আমরা সেদিন মমতা ব্যানার্জিকে সামনে রেখে এর প্রতিবাদ করেছিলাম। আবার যদি হয় রাজ্য সরকার পুলিশ দেবেন না। দিলে গতবার যেমন আমরা প্রতিবাদ করেছিলাম সেই ভাবে আবার প্রবিাদ করব। গরিব মানুষদের পুলিশ দিয়ে উচ্ছেদ করা চলবে না। আমরা তা মানব না আমরা এর প্রতিবাদ করব।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র নন্দীগ্রাম প্রধানত অসেচ এলাকা। কৃষকদের একমাত্র ফসল আমনের চাষের উপর নির্ভর করে থাকতে হয়ে। মাটির নীচে অফুরন্ত জল থাকা সত্ত্বেও প্রধানত লবণাক্ত হওয়ার জন্য কৃষিকার্যে সেই জল ব্যবহার করা যাচ্ছে না। ভূপৃষ্ঠে ধারণ করে যে জল রাখা হয় পুষ্করিণী এবং খালে তা বিকল্প চাষের জন্য চাষীদের কাছে পৌঁছে দেওয়া হয় এবং এই লক্ষ্যে চেঙ্গীয়া খাল করা হয়েছে। আমি জল সম্পদ উন্নয়ন বিকাশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে আবেদন করছি ঐ খালের জল ছোটো পাম্প সেট দ্বারা কৃষকদের কাছে পৌঁছে দিয়ে ব্যাপকভাবে চাষের চেষ্টাকে মসৃণ করা হোক।

[12.40–12.50 p.m.]

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের কাকদ্বীপ-গঙ্গাধরপুর বাস রাস্তাটি দীর্ঘদিন ধরে মেরামতের অভাবে বেহাল অবস্থায় রয়েছে। এর ফলে কাকদ্বীপ বিধানসভা কেন্দ্রের একটা বেশির ভাগ অংশের মানুষের এবং পাথরপ্রতিমা বিধানসভা কেন্দ্রের মানুষের যাতায়াতের খুব অসুবিধা হচ্ছে। পাথরপ্রতিমা বিধানসভা কেন্দ্রের মানুষের তাদের মহকুমা শহর কাকদ্বীপের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে, তারা আসতে পারেন না। এব্যাপারে আমি বারে বারে বিধানসভায় মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিন্তু কোন কাজই হয়নি। এই বাস রাস্তাটি মেরামতের অভাবে বাস চলাচল বন্ধ আছে। অবিলম্বে কাকদ্বীপ-গঙ্গাধরপুর বাস রাস্তাটি যাতে মেরামত করা হয়, তার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র কালিগঞ্জে ৪টি গঞ্জ আছে। সেগুলো হল — পলাশী, দেবগ্রাম, কালীগঞ্জ এবং মাটিয়ারি। এই গঞ্জ এলাকায় প্রতিদিন কখনও ১ ঘন্টা, কখনও দেড় ঘন্টা করে লোডশেডিং হচ্ছে। বিশেষ করে সন্ধ্যার পরে এই লোডশেডিং-এর জন্য ছাত্র-ছাত্রীদের পড়াশোনা করতে অসুবিধা হচ্ছে, ব্যবসা-বাণিজ্যের ক্ষতি হচ্ছে। আবার কখনও কখনও লো-ভোল্টেজ হচ্ছে। এতে শিল্পবাণিজ্যের ক্ষতি হচ্ছে। এ ব্যাপারে অবিলম্বে হস্তক্ষেপ করার জন্য মাননীয় বিদ্যুৎ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গ্রামীণ বৈদ্যুতিকীকরণে আমাদের রাজ্য পিছিয়ে পড়েছে। ২০০৭ সালের মধ্যে গ্রামীণ বৈদ্যুতিকীকরণের কাজ রাজ্যের সমস্ত গ্রামে হবে না বলে একটা আতঙ্ক দেখা দিয়েছে। আমার এলাকায়, জয়পুর ব্লকে এবং ঝালদা ২ নম্বর ব্লক— এই দুটো ব্লকে গ্রামীণ বৈদ্যুতিকীকরণের কাজ, ৫০ ভাগ গ্রামীণ বিদ্যুৎ সংযোগ দেওয়া যায় নি। যে সমস্ত গ্রামে বিদ্যুৎ সংযোগ দেওয়া যায়নি সেই সমস্ত গ্রামে যুদ্ধকালীন পরিস্থিতিতে বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ভূতনাথ সোরেন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য ও খাদ্যসরবরাহ দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের নয়াগ্রাম ব্লক এবং গোপী এক নম্বর ব্লকের প্রায় ৯০ পারসেন্ট মৌজা বিদ্যুৎবিহীন। সেখানকার অধিবাসীরা জ্বালানি হিসেবে রেশন থেকে কেরোসিন পায়। কিন্তু ২০০৩ সালের জানুয়ারি মাস থেকে এই কেরোসিন সরবরাহ অনিয়মিত হয়ে গেছে। এর ফলে ঐ এলাকার মানুষের খুব অসুবিধা হচ্ছে। গত মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষার সময়ও কেরোসিন সরবরাহ অনিয়মিত ছিল। এই কেরোসিন সরবরাহ নিয়মিত করার জন্য আমি খাদ্য ও খাদ্য সরবরাহ দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্যানিং, বারুইপুর, ভাঙর, বাসন্তী, গোসাবা — সুন্দরবনের ১ হাজার চাষী পঞ্চায়েত নির্বাচনের সময় তৃণমূল কংগ্রেসকে সমর্থন করায় তাদের জমি থেকে উচ্ছেদ করা হয়েছে। এ ব্যাপারে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলি যে, অবিলম্বে এস. ডি. ও. (ক্যানিং)-কে দায়িত্ব দেওয়া হোক যাতে সেখানে এই সমস্ত চাষীদের স্বার্থ রক্ষা করা হয় এবং যারা অবৈধভাবে এইসব চাষীদের জমি থেকে উচ্ছেদ করেছে সেই সমস্ত দোষী ব্যক্তিদের গ্রেপ্তার করা হোক। সি. পি. এমের লোকেরা পঞ্চায়েতের ভোটের সময় রিগিং করে, পাইপগান, বন্দুক নিয়ে বুথ্ দখল করে সেখানে অশান্তির সৃষ্টি করেছিল। অবিলম্বে এই সমস্ত ব্যাপারে হস্তক্ষেপ করার জন্য আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী রতন দাস : কালনা মহকুমা হাসপাতালটি প্রোজেক্ট হাসপাতাল হিসাবে উন্নীত হওয়ায় সুপারিনটেন্ডেন্ট ড. পি. এন. দত্তর নেতৃত্বে ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় আউটডোর,

ইনডোর এবং অপারেশনের সংখ্যা ও পরিষেবা প্রভূত উন্নতি হয়েছে। জেলা এবং রাজ্যের মধ্যে একটা উল্লেখযোগ্য স্থানে আছে মহকুমা হাসপাতাল হিসাবে। সাফল্যের পাশাপাশি কিছু সমস্যা দেখা দিয়েছে। যেমন একজন মেডিসিন ও ব্লাড ব্যাঙ্কের ডাক্তার দরকার, ব্লাড ব্যাঙ্কের জন্য টেকনিশিয়ান এবং একজন অর্থোপেডিক ডাক্তার অবশ্যই। উল্লিখিত সমস্যা ছাড়া যে সমস্ত অর্গানাইজেশান সারা বৎসর হাসপাতালে রক্তের চাহিদা পূরণ করে, তন্মধ্যে উল্লেখযোগ্য ডি. ওয়াই. এফ. আই, এস. এফ. আই, কৃষক সংগঠন, সিঙ্গার কোন ব্লাড ডোনার ভলানটিয়ার অর্গানাইজেশান। টিফিন বাবদ যে সামান্য ১০ টাকা বরাদ্দ আছে তা পেতেও বিলম্ব হচ্ছে বা পাওয়া যাচ্ছে না। এই টাকারও বাড়ানো প্রয়োজন। সমস্ত বিষয়টি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর নজরে আনছি।

শ্রী অতীশ চন্দ্র সিংহ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, অনেক আশা করে যে দার্জিলিঙে সিংকোনা প্ল্যানটেশান করা হয়েছিল, বহু লোকের সেখানে চাকরি হয়েছিল। সেখানে কুইনাইন তৈরি করবার একটা ফ্যাক্টরি তৈরি হয়েছিল। আপনি নিশ্চয়ই জানেন যে, সিংকোনা প্ল্যানটেশান এখন বন্ধ হয়ে গেছে। সেখানে কুইনাইনের যে ফ্যাক্টরি চলত, সেই কুইনাইন ফ্যাক্টরি বন্ধ হয়ে গেছে। প্রায় ২৬ হাজার একর জমি আছে সেখানে। প্রায় সাড়ে ৫ হাজার কর্মী আছে সেখানে, যারা কোন কাজ পাচ্ছে না। তাদেরকে বসিয়ে বসিয়ে রাজ্য সরকার এই অর্থনৈতিক সংকটের মধ্যে, তারা মাইনে পাচ্ছেন। এই অবস্থা নিশ্চয়ই চলতে দেওয়া বাঞ্ছনীয় নয়। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই সিংকোনা প্ল্যানটেশান চালু করার ব্যবস্থা করা হোক। যদি সেখানে দেখা যায় সিংকোনা তৈরি করা সম্ভব নয়, সিংকোনা বিক্রি হচ্ছে না, তাহলে আপনি জানেন আজকাল নানারকম মেডিসিনাল প্ল্যান্টস এবং রাবার প্ল্যানটেশান সেখানে করার ব্যবস্থা আছে, করা সম্ভব বলে ম্যাকিনসে রিপোর্টে বলেছে। সুতরাং এই সম্বন্ধে যাতে অবিলম্বে রাজ্য সরকার এইভাবে বসিয়ে বসিয়ে মাইনে দিয়ে অর্থ অপচয় না করে, তার জন্য সমস্তরকম ব্যবস্থা গ্রহণ করবার জন্য আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি এবং একটি আবেদনপত্র আপনার কাছে অর্পণ করছি, যাতে সেটা শিল্পমন্ত্রীর কাছে পৌঁছে দেন।

শ্রী ভবানী শঙ্কর হাতিয়াল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তরে ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গোপীবল্লভপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত সাঁকরাইল ব্লকে হেড কোয়ার্টার রোহিণীতে একটি গ্রামীণ হাসপাতাল স্থাপন করার জন্য এবং গোপীবল্লভপুর ২ নং ব্লকের তপসিয়াতে যে ব্লক প্রাইমারি হেল্‌থ সেন্টার আছে সেটাকে গ্রামীণ হাসপাতালে উন্নীত করার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী গোলাম কিব্রিয়া মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে কৃষি বিপণনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা বেলডাঙা হচ্ছে সবজি এলাকা। সেখানে একটি মার্কেটিং লিঙ্ক রাস্তা ছিল। সেই রাস্তাটি এখন ভগ্নস্তূপে পরিণত হয়েছে। সেই রাস্তাটি করার জন্য উদ্যোগ গ্রহণ করবেন এবং সেই ৪ কিলোমিটার রাস্তার মধ্যে ১ কিলোমিটার

রাস্তা অদ্যাবধি হয়েছে আরও ৩ কিলোমিটার রাস্তা হওয়া খুবই প্রয়োজন রয়েছে। সেখানে কৃষকরা সবজি নিয়ে ভ্যানে করে আনে অনেক কষ্ট হয়, প্রচুর টাকা নষ্ট হয়। তাই রাস্তাটি করার জন্য আমি মাননীয় কৃষি বিপণনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২০০০ সালে ১ কিলোমিটার রাস্তা হয়েছে। আমি আশা করি অন গোয়িং স্কীম হিসাবে এটাকে দেখে সেই রাস্তাটি করা হোক এই অনুরোধ করছি।

[12.50–1.00 p.m.]

শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধর্মতলা থেকে করিমপুর পর্যন্ত সি. এস. টি. সি.-র একটা সরকারী বাস দীর্ঘ ২০/২৫ বছর ধরে চলছিল। কিন্তু গত ১০/১৫ দিন ধরে সেই বাসটি আর চলছে না, বন্ধ আছে। ফলে নদীয়া জেলার করিমপুরসহ বিস্তীর্ণ অঞ্চলের মানুষের খুবই অসুবিধা হচ্ছে। আমি আপনার মাধ্যমে পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি অবিলম্বে এই বাস সার্ভিসটি চালু করা হোক। ধন্যবাদ।

শ্রী আবু তাহের খান : স্যার, আমি আপনার মাধ্যমে আমার নির্বাচনী এলাকার একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে উত্থাপন করছি এবং বিষয়টির প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নির্বাচন এলেই পূর্তমন্ত্রী আমার নির্বাচনী এলাকায় যান। সুতরাং তিনি নিশ্চয়ই অবগত আছেন যে, আমার নির্বাচনী এলাকার মধ্যে রাধানগর ঘাটের ওপর একটা ব্রিজের অত্যন্ত প্রয়োজন। ওখানে এই ব্রিজের অভাবে প্রতিদিন হাজার হাজার মানুষকে খুবই কষ্টভোগ করতে হচ্ছে। ওখানে একটা ব্রিজ স্থাপিত হলে মুর্শিদাবাদ জেলার সঙ্গে নদীয়া জেলার সহজ সংযোগ স্থাপিত হবে এবং ৩৪ নং জাতীয় সড়কের বিকল্প একটা রাস্তাও তৈরি হবে। তাই ব্রিজটি যাতে অতি সত্বর তৈরি হয় সে জন্য আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পূর্ব মেদিনীপুর জেলার নরঘাট বিধানসভা কেন্দ্রে কোন কলেজ নেই। আশপাশের বিধানসভা কেন্দ্রগুলিতে কলেজ আছে। তাই আমি '৯১ সাল থেকে ওখানে একটা কলেজ স্থাপন করার দাবি জানিয়ে আসছি, কিন্তু এখন পর্যন্ত কোন গ্রিন সিগন্যাল পাইনি। অবিলম্বে ওখানে সিড টেকনোলজি, বি. টেকনোলজি, সয়েল টেস্টিং, ট্যুরিজম, ইনকাম ট্যাক্স, হোটেল ম্যানেজমেন্ট এবং কিছু ট্র্যাডিশনাল সাবজেক্টস যুক্ত করে কলেজ স্থাপনের জন্য মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শেখ জাহাঙ্গীর করিম : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মেদিনীপুর জেলার আমার বিধানসভা কেন্দ্র ডেবরায় একটা গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন আমার বিধানসভা কেন্দ্রে প্রায় ৩ লক্ষ মানুষের বাস। সংখ্যালঘু, তপসিলী এবং অন্যান্য পিছিয়ে পড়া মানুষ অধ্যুষিত এলাকা। এই এলাকায় কোন ডিগ্রি কলেজ নেই বা মহাবিদ্যালয় নেই। ফলে আমাদের এই এলাকার ছাত্র-ছাত্রীদের

৩০/৪০ কিলোমিটার দূরে গিয়ে উচ্চশিক্ষা গ্রহণ করতে হয়। আর্থিক দিক দিয়ে পিছিয়ে পড়া এলাকার বেশির ভাগ মানুষই সংখ্যালঘু এবং তপসিলী সম্প্রদায়ের। ডিগ্রি কলেজ বা মহাবিদ্যালয় ওখানে না থাকার ফলে এলাকার পিছিয়ে পড়া পরিবারের ছাত্র-ছাত্রীরা উচ্চশিক্ষালাভ থেকে বঞ্চিত হচ্ছে। সে জন্য আমি দীর্ঘদিন ধরে ওখানে একটা কলেজ বা মহাবিদ্যালয় স্থাপনের অনুরোধ জানিয়ে আসছি। অবিলম্বে যাতে আমার বিধানসভা কেন্দ্রে একটা ডিগ্রি কলেজ বা মহাবিদ্যালয় স্থাপনের ব্যবস্থা করা হয়, তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রী অসিত কুমার মাল : স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আনন্দবাজার পত্রিকায় একটা চাঞ্চল্যকর খবর বেরিয়েছে। হোমিওপ্যাথিক ওষুধ প্রস্তুতকারক একটা নামী সংস্থা, 'মহেশ ভট্টাচার্য অ্যান্ড কোম্পানি'টি গত ১০ মাস ধরে সিটু ইউনিয়ন দখল করে কেমিস্ট অ্যান্ড বোটানিস্ট ছাড়াই ওষুধ উৎপাদন করে লেবেল লাগিয়ে বাজারে বিক্রি করছে এবং রুগীরা সেই ওষুধ খাচ্ছে। ওষুধের গুণমান বজায় রাখার জন্য এই কোম্পানির যে সমস্ত কেমিস্ট অ্যান্ড বোটানিস্টরা আছেন তাঁদের সিটু ইউনিয়ন কারখানায় ঢুকতে দিচ্ছে না। গুণমান যাচাই না করেই লেবেল সেঁটে ওষুধ বাজারে বিক্রি করছে। এ বিষয়ে অবিলম্বে স্বাস্থ্য দপ্তরের উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। স্বাস্থ্য দপ্তর অবিলম্বে কেমিস্ট, বটানিস্টদের দিয়ে ওষুধের গুণমান যাচাই করার ব্যবস্থা করুক। এই প্রতিষ্ঠানটি লালবাজারের পাশে এবং রাইটার্স বিল্ডিংস-এর কাছেই অবস্থিত। ইতিপূর্বে স্বাস্থ্য দপ্তরকে জানানো সত্ত্বেও কোন ব্যবস্থা নেয়া হয়নি। এই সংস্থার মালিকরা সরকারকে বলেছেন, 'আমাদের নাম খারাপ হবে, আমাদের নিন্দা হবে, অবিলম্বে আমাদের লাইসেন্স ক্যানসেল করা হোক।' সেই লাইসেন্স ক্যানসেল না করে সিটু ইউনিয়নের কর্মচারীরা নিজেরাই ওষুধ তৈরি করে বাজারে বিক্রি করছে এবং সেই ওষুধ খেয়ে মানুষের মৃত্যু পর্যন্ত হচ্ছে। তাই আমি এ বিষয়ে যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কার্তিক চন্দ্র বাগ : স্যার, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আউসগ্রাম বিধানসভা কেন্দ্রের জঙ্গলমহল এলাকায় ১৯৯১ সালে ১১৩০ গ্রাভিটেশন ক্যানেল তৈরি করার অনুমোদন পায়। এর মধ্যে ৯০৫টি চেন শুরু থেকে এবং শেষ থেকে কাটার কাজ শেষ হয়েছে। মধ্যবর্তী ২২৫টি চেন কাটতে বাকি আছে। এই কাজ শেষ হলে ২১টি মৌজার ৮ হাজার হেক্টর জমি সেচের আওতায় আসবে। তাই আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, অনতিবিলম্বে ঐ ২২৫টি চেনের কাজ শুরু করা হোক যাতে চাষীরা উপকৃত হয়।

শ্রী বিশ্বনাথ মন্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, আমাদের রাজ্যে বৃদ্ধ কৃষকদের একটা ভাতা দেবার ব্যবস্থা করা হয়েছে সরকারের পক্ষ থেকে। এই ভাতা সাধারণত পঞ্চায়েত থেকে বা পঞ্চায়েত সমিতি থেকে দেওয়া হয়। আমি খুব উদ্বেগের সঙ্গে লক্ষ্য করে দেখেছি, বর্তমানে মুর্শিদাবাদ জেলায়

১৬৮ জন কৃষক যারা পেনশন পাচ্ছেন এই লোকগুলি নির্দিষ্ট কোন রাজনৈতিক দলের লোক কিনা আমার মনে হচ্ছে। বহরমপুর, কান্দি, লালবাগ এবং জঙ্গীপুর সাব-ডিভিশনে এই তালিকা তৈরি কোথা থেকে হচ্ছে সেটাই আমি জানতে চাইছি, এই দপ্তরের অফিসাররা করছে কিনা? সেইজন্য আমি নির্দিষ্টভাবে মন্ত্রিমহাশয়কে দেখতে বলছি ওল্ড-এজ ফারমাররা যে পেনশন পাচ্ছেন তারা সঠিক প্রাপক কিনা? নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে পঞ্চায়েত সমিতি যদি না করে তাহলে কৃষি দপ্তরের কৃষি অধিকর্তাকে দিয়ে এই কাজ করানো হোক।

শ্রী আবু আয়েশ মণ্ডল : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ ও জলপথ মন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার অন্যতম নদী খড়ি মন্তেশ্বরের বুধপুর গ্রামের কাছে এক বিপদজনকভাবে নদীর গতিপথের পরিবর্তন ঘটেছে। ফলে মূল গতিপথে যে একাধিক আর. এল. আই. স্কীম ছিল সেগুলি অচল হয়ে পড়েছে। এর ফলে শত শত বিঘা জমি বর্ষায় বিশেষ করে বোরো মরসুমে চাষীরা চাষ থেকে বঞ্চিত হচ্ছে, তারা সংকটের মধ্যে পড়েছে। আমি বিধানসভার উল্লেখপর্বে এই বিষয়টি নিয়ে একাধিকবার আলোচনা করেছি এবং স্থানীয় যে সমস্ত আধিকারিকরা আছেন তাদেরও দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু কাজের কাজ কিছু হয়নি, কাকস্য পরিবেদনা। তাই অবিলম্বে কার্যকরী ব্যবস্থা নিতে আমি মাননীয় মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি। এই যে বিপদজনকভাবে নদীর গতিপথের পরিবর্তন হয়েছে এক্ষেত্রে কার্যকরী ব্যবস্থা নিলে ঐ প্রকল্পগুলি রক্ষিত হয়, সাথে সাথে শত শত বিঘা জমিতে বোরো মরসুমে চাষীরা চাষ থেকে বঞ্চিত হবে না। তাই যথাযথ ব্যবস্থা নিতে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সরেশ আকুঁরা : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কাকসা বিধানসভা এলাকায় সোদপুর গ্রামের দিকে ডি. ভি. সি. ক্যানেলের উপর একটি সেতু আছে। কিন্তু বর্তমানে এই সেতুটি অকেজো অবস্থায় আছে, যে কোন সময়ে বিপদ ঘটতে পারে। গরুর গাড়ি, যানবাহন চলাচল করতে পারছে না। অবিলম্বে এই সেতুটি যাতে মেরামত করা হয়, তার জন্য আমি দাবি জানাচ্ছি।

শ্রীমতী অসীমা চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণ এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা মানিকচকের বাঙ্গীটোলায় প্রচণ্ড ভাঙন শুরু হয়েছে। এর ফলে ২০০টি পরিবার উদবাস্তু হয়েছে এবং ৫০০ জন মানুষ আক্রান্ত হয়েছে। এলাকাগুলি হল, জোত কস্তুরীপুর, তালতলা সাকুথ্যাপু, বালুটোলা, গঙ্গাভবনের এরিয়ায় বেলতলা, রায়পাড়া, মোহনা এবং ৭ নম্বর বাঁধের পাশে যে লোকগুলি ছিল এই ভাঙনের ফলে তাদের ঘরবাড়ি ভেঙে গেছে। তারা না খেয়ে, না দেয়ে কোথায় যাবে তার কোন ঠিক-ঠিকানা নেই। একটা দুর্বিষহ অবস্থার মধ্যে তারা বাস করছে। আমি নিজে সার্ভে করার জন্য ৪ কিলোমিটার হেঁটে দেখে এসেছি। আমি মাননীয় ত্রাণমন্ত্রীর কাছে আবেদন করছি, এদের ত্রাণ দেবার ব্যবস্থা করার জন্য। তারা কয়েকটি ত্রিপল পেয়েছে, তাও পর্যাপ্ত নয়। এবং এদের পুনর্বাসনের জন্য মাননীয় সেচমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সাহায্য নিয়ে এসে এদের পুনর্বাসনের ব্যবস্থা করা হোক, এই আবেদন স্যার, আপনার মাধ্যমে রাখছি।

ZERO HOUR

[1.00–1.10 p.m]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে রাজ্যসরকারের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গ সরকারের কাছে আমার অনুরোধ বাঁকুড়া জেলার ক্রিশ্চান কলেজ যার বয়স ১০০ বছর হয়ে গেল, সে সম্পর্কে আমাদের দীর্ঘ দিনের দাবি যে এই ক্রিশ্চান কলেজকে হেরিটেজ হিসাবে ঘোষণা করা হোক, কিন্তু তা এখনও হচ্ছে না। স্যার, বাঁকুড়ার ক্রিশ্চান কলেজ শুধু দক্ষিণবঙ্গেই নয়, সারা পশ্চিমবাংলার মধ্যে নামকরা একটি কলেজ, এই কলেজটিকে অবিলম্বে হেরিটেজ হিসাবে ঘোষণা করার দাবি জানাচ্ছি। তারপর বিশ্ববিখ্যাত সাংবাদিক রামানন্দ চ্যাটার্জীর বাসভবনটি দীর্ঘদিন ধরে বলা হচ্ছে হেরিটেজ বিল্ডিং হিসাবে ঘোষণা করা হোক, সেটা এখনও হয়নি, তা করার জন্য আমি দাবি জানাচ্ছি। তারপর আমাদের বাঁকুড়া জেলায় দীর্ঘদিন আগে তৈরি, বৃটিশ আমলে তৈরি এডওয়ার্ড মেমোরিয়াল হলকে হেরিটেজ বিল্ডিং হিসাবে ঘোষণা করার আমরা দাবি জানিয়ে আসছি, সেটা হয়নি, তা যাতে হয় তা দেখার জন্য বলছি। এই হলটি টাউনহল হিসাবে ব্যবহৃত হতে পারে।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জম্মু আবার অশান্ত হয়ে উঠেছে। আমরা দেখি ভারত ও পাকিস্তানের রাষ্ট্রদূতরা যখনই প্রয়াস গ্রহণ করেন উভয় দেশে শান্তিশৃঙ্খলা ফিরিয়ে আনার, তখনই দেখা যায় সন্ত্রাসবাদী সংগঠনগুলি সেই প্রচেষ্টা বানচাল করার জন্য সন্ত্রাসবাদী কাজকর্ম চালায়। স্যার, গতকাল জম্মুতে এই রকমের একটা ঘটনা ঘটেছে। গতকাল জম্মুতে পুণ্যর্থীরা যখন বৈষ্ণোদেবীর মন্দির দর্শন করছিলেন, তখন সন্ত্রাসবাদী সংগঠন তারা সেখানে গ্রেনেড আক্রমণ চালায় এবং তাতে ৭ জন মানুষ মারা যান এবং ৩০ জন সাংঘাতিকভাবে জখম হয়ে জম্মুর বিভিন্ন হাসপাতালে ভর্তি হন। যারা মারা গিয়েছেন তাদের পরিবারবর্গের প্রতি আমি সমবেদনা জানাচ্ছি এবং যারা আহত হয়েছেন তাদের দ্রুত আরোগ্য কামনা করছি।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সভার মাননীয় সদস্যদের এবং রাজ্য সরকারের দৃশ্যটি আকর্ষণ করছি। সম্প্রতি বাংলাদেশের কুষ্টিয়া থেকে আমাদের রাজ্যে সরকারী হাসপাতালের চিকিৎসার জন্য একজন এসেছিলেন, কিন্তু দুঃখের কথা, হাসপাতাল সংলগ্ন এলাকায় সে দালালদের হাতে পড়ে সর্বস্বান্ত হয়েছে। সে হাসপাতালে চিকিৎসার জন্য এসেছিল কিন্তু সেই চিকিৎসা না হয়ে দালালদের হাতে পড়ে এবং দালালদের দ্বারা প্রতারিত হয়ে সর্বস্বান্ত হয়ে সে এখন রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। এতে আমাদের রাজ্যের ভাবমূর্তি কোথায় যাচ্ছে, তা সকলের ভাবা দরকার। যখন সে ফিরে গিয়ে তাদের দেশে আমাদের রাজ্য সম্পর্কে এইসব কথা বলবে। তখন তাতে আমাদের রাজ্যের ভাবমূর্তি ক্ষুণ্ণ হবে, কাজেই বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ হওয়ায় আমি এ ব্যাপারে সকলের দৃষ্টি আকর্ষণ করছি এবং সংশ্লিষ্ট দপ্তর যাতে এ ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নেয়, তার দাবি জানাচ্ছি। এইসব হাইলি সেনসেটিভ জায়গা— হাসপাতাল, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মতন জায়গা যেখানে আর্ত মানুষেরা আসছেন চিকিৎসার জন্য, বেকাররা আসছেন কর্মসংস্থানের জন্য, সেইসব জায়গায়

যে দালাদি চক্র গড়ে উঠেছে তা নির্মূল করে দালালদের হাত থেকে মানুষকে নিষ্কৃতি দেওয়ার জন্য সরকারের কাছে আমি দাবি জানাচ্ছি।

শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : (অনুপসস্থিত)

শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে কৃষিবিপণনমন্ত্রী মহোদয় দৃশ্যটি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবাংলায় অনেকগুলি রেগুলেটেড মার্কেট আছে কিন্তু তার অনেকগুলিতে রেগুলেটেড মার্কেট কমিটি নেই। আমার করিমপুর এলাকায় যে রেগুলেটেড মার্কেটটি আছে তারও কোন কামিটি নেই। অবিলম্বে সেখানে এবং পশ্চিমবাংলায় যেসব রেগুলেটেড মার্কেটে কমিটি নেই, সেখানে কমিটি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী নেপাল মাহাত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়ার একমাত্র সদর হসপিটল হলো দেবেন মাহাতো সদর হসপিটল। এখানে যিনি সুপারিনটেডেন্ট গিয়েছেন তিনি সেখানে সপ্তাহে দু-দিন থাকেন। এই হসপিটলের অবস্থা অত্যন্ত ভয়াবহ। এখানে এমন কয়েকজন ডাক্তার আছেন যাঁরা এখানে ২৫ বছর ধরে আছেন। তাঁরা হসপিটলের কাজ না করে প্রাইভেট প্র্যাকটিশ করছেন এবং রোগীদের সেখানে নিয়ে আসছেন। এখানে যিনি হাড়ের ডাক্তার তিনি থাকছেন না, রোগীদের প্রাইভেটে চিকিৎসার জন্য বলছেন। এখানে সি. সি. ইউ এবং আই.সি. ইউ দীর্ঘ ২ বছর ধরে পড়ে আছে, চালু করার কোন পদক্ষেপ নেওয়া হয়নি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি,কারণ পুরুলিয়ার মানুষের পুরুলিয়া সদর হসপিটল ছাড়া আর কোন চিকিৎসার জায়গা নেই। অবিলম্বে মাননীয় মন্ত্রী মহাশয় এই বিষয়ে সঠিক পদক্ষেপ নেন, তার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : স্যার, প্রখ্যাত ঐতিহাসিক রমিলা থাপার নাম অনুমোদিত হয়েছে ওয়াশিংটনের বিখ্যাত জন ডবলু. ফ্রিউ সেন্টার অফ দি লাইব্রেরিতে প্রাচীন ভারতের ইতিহাস চেতনা গবেষণা করার জন্য। আমাদের দেশে হিন্দুবাদী সরকার কেন্দ্রে রয়েছে। রমিলা থাপা, সুমিত সরকার এবং ইরফান হাবিব এদের নাম ইতিহাস কংগ্রেস থেকে বাদ দিয়েছে। এই রকম একজন্য প্রখ্যাত ইতিহাসবিদ যাকে বিদেশে গবেষণা করার জন্য ডাকছে তাঁকে আমাদের কেন্দ্রের সরকার ইতিহাস কংগ্রেস বাদ দিয়েছে। আর. এস.এস ইনটারনেটের মাধ্যমে তাঁর বিরুদ্ধে কুৎসা করছে। স্যার, আপনি জানেন ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের শিক্ষামন্ত্রী মুরুলি মেনোহর যোশী তাঁর বিরুদ্ধে কুৎসা করেছেন। বলেছেন যে রমিলা থাপা কিছু জানেন না, শুধুমাত্র বই পড়ে, তিনি বইএর পোকা। রমিলা থাপা বই-এর পোকা, তিনি গোবরে পোকা হতে পারেন নি। যাই হোক কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রমিলা থাপার ঐতিহাসিক হিসাবে সার্টিফিকেট নেবেনা, সারা পৃথিবীর মানুষ তাঁকে ঐতিহাসিক হিসাবে জানেন। আমার দাবি অবিলম্বে কেন্দ্রীয় সরকার এই ইতিহাসবিদের নাম ইতিহাস কংগ্রেসে অন্তর্ভুক্ত করুন।

শ্রী সৌগত রায় : স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসে দৃষ্টি আকর্ষণ করছি পশ্চিমবাংলার সবচেয়ে ভাল কলেজ, প্রেসিডেন্সি কলেজ, সেখানে এস. এফ. আই-এর নাম

করে যেটা চলছে সেই ব্যাপারে। আপনি জানেন হয়ত স্যার প্রেসিডেন্সি কলেজে ভাল ছেলেরা ভর্তি হয়। শুধু নাম্বারের ভিত্তিতে নয়, তাদের একটা এনট্রান্স একজামিনেশান হয়। অ্যাডমিশান টেস্ট প্রতি বছর নেওয়া হয়। গত বছর থেকে এস. এফ. আই একটা ক্যাম্প করছে আলাদা করে এবং তারা বলছে যে অ্যাডমিশান টেস্টের জন্য তারা এই ক্যাম্পের মাধ্যমে ট্রেনিং দিচ্ছে। তারা পুরানো অ্যাডমিশান টেস্টের কোশ্চেন পেপার বিক্রি করে হাজার হাজার টাকা তুলছে। গতবারে এই ব্যাপারটা হাউসে তোলার পর সেখানকার প্রিনসিপ্যাল এস. এফ. আই-এর ক্যাম্প নিষিদ্ধ করে দিয়েছিল, বলেছিল স্টুডেন্ট ইউনিয়ান ক্যাম্প করতে পারবে না। এবারে দেখছি হেয়ার স্কুলে এস. এফ. আই সেই ধরনের ক্যাম্প করছে। এস. এফ. আই দাবি করছে প্রেসিডেন্সি কলেজে রাজ্যের মুখ্যমন্ত্রীর মেয়ে, সি. পি.এম-এর উঁচু তোলার লোকের মেয়েরা রয়েছে, সেখানে ট্রেনিং নিলে ভর্তি হতে সুবিধা হবে। প্রেসিডেন্সি কলেজ ভাল থাকার কারণ হলো এখানে অ্যাডমিশান টেস্ট নিয়ে মার্কের ভিত্তিতে ট্যালেন্ট ছেলেমেয়েদের নেওয়া হতো। পুরানো প্রসেস নষ্ট করে দিয়ে এস. এফ. আই আলাদা করে ক্যাম্প না করতে পারে আমি সেই জন্য মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী অসীমা চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রী এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র মানিকচকের ভুতনিতে যে বলয়বাঁধ আছে সেটা ভুতনির ১ লক্ষ মানুষকে বন্যার হাত থেকে রক্ষা করে। সেই বলয়বাঁধের অনেক জায়গায় রেন-কাট হয়েছে। এই মুহূর্তে যদি এই বলয়বাঁধ মেরামত করা না হয় তাহলে অতি বৃষ্টিতে বন্যায় বাঁধ নষ্ট হয়ে যাবে।

[1.10–1.18 p.m] (including adjournment)

তাই আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ভুতনি হেল্‌থ সেন্টারে দীর্ঘদিন ধরে কোন ডাক্তার নেই। আমি বারে বারে ওখানে ডাক্তার পোস্টিংয়ের জন্য আবেদন করে আসছি। এখন পর্যন্ত ওখানে কোন ডাক্তার নেই। গত বছর ১৮ই মে একটা ছেলে সাপে কেটে মারা যায়। ওখানে যোগাযোগ ব্যবস্থা বলতে একমাত্র নৌকা। নৌকায় করে তাকে স্বাস্থ্যকেন্দ্রে আনতে আনতে সে মারা যায়। অতি বৃষ্টি এবং বন্যার জন্য আসতে দেরি হয়। তাই আমি আপনার মাধ্যমে ভুতনি হেল্‌থ সেন্টারে অবিলম্বে একজন ডাক্তার নিয়োগের জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী রতন দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কৃষকরা উৎপাদিত ফসলের দাম না পাওয়ার জন্য তাদের ক্রয়ক্ষমতা কমছে, দেনা তথা দুর্দশা বাড়ছে। রাজ্য সরকার কুইন্টল পিছু ৭ টাকা আলুতে সাবসিডি দিলেও আগের তুলনায় ফ্রি বন্ড এর দাম কমে ৬০-৭০ টাকায় দাঁড়িয়েছে। এর ওপরে লোডিং-আনলোডিং, বস্তা ও স্টোর ভাড়া বাবদ ২০ টাকা বাদ দিলে ভিজে আলু ৫০ কেজির দাম ৫০ টাকা দাঁড়ায়। অথচ বাজারে আলুর দাম ৪-৫ টাকা কেজি। উৎপাদকরা তো মার খাচ্ছেন, অন্যদিকে ক্রেতারাও দাম কমার সুযোগ পাচ্ছে না। স্টোর মালিক এবং মিডল্‌ম্যান তথা বড় ব্যবসায়ীদের এটা

কারসাজি। রাজ্য সরকার বাজার থেকে কিছু ধান কেনার জন্য ধান চাষীরা কিছুটা সুফল পেলেও রাজ্যে পাটচাষীরা প্রমাদ গুনছে। নর্থ বেঙ্গলে পাঠ উঠছে। দক্ষিণবঙ্গে পাট উঠবে। প্রতি বছরের ন্যায় এ বছরও জি. সি. আই. ও ব্যবসাদারদের খেলা শুরু হবে। চাষীদের রক্ষা করার স্বার্থে রাজ্য ও কেন্দ্রের হস্তক্ষেপ চাই।

শ্রী জানে আলম মিঞা : [***]

শ্রী বঙ্কিম ঘোষ : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মন্ত্রীর কাছে বিষয়টি সম্পর্কে এর আগেও জানিয়েছি। আমার হরিণঘাটা বিধানসভা কেন্দ্রের একটি গুরুত্বপূর্ণ বিষয় আমি উত্থাপন করছি। হরিণঘাটা কেন্দ্রে বড় জাগুলিয়ায় চৌমাথা একটি গুরুত্বপূর্ণ এলাকা। ওখানে নর্থ বেঙ্গল, সি এস টি সি'র সমস্ত বাস দাঁড়ায়। অন্যান্য রুটের বাসও ওখানে দাঁড়ায়। কিন্তু বাস দাঁড়াবার জন্য নির্দিষ্ট জায়গা না থাকার জন্য প্রতিদিন ওখানে দুর্ঘটনা ঘটছে। আমি মাননীয় পরিবহণমন্ত্রীর কাছে আবেদন করছি, ওখানে অবিলম্বে একটি বাস টার্মিনাসের ব্যবস্থা করুন। প্রসঙ্গত জানাই, বাস টার্মিনাস করার জন্য ৩৪ নং জাতীয় সড়কের পাশে জায়গা আছে।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে আবার মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি স্বাস্থ্য দপ্তরের অব্যবস্থা সম্পর্কে তাঁকে অবহিত করার জন্য এবং ব্যবস্থা নেওয়ার জন্য। স্যার, উত্তরপাড়া স্টেট জেনারেল হাসপাতালে বেশ কিছুদিন ধরেই অ্যানাসথেসিস্ট নেই। তার ফলে অপারেশন ওখানে বন্ধ হয়ে গেছে। ওখানে দু'জন অ্যানাসথেসিস্ট ছিলেন। তাঁদের একজন ট্রান্সফার হয়ে গেছেন এবং অন্যত্র চলে গেছেন। তিনি আসছেন না। তারজন্য বেশ কিছুদিন ধরে ওখানে অপারেশন বন্ধ হয়ে গেছে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি, বিভাগীয় ডাক্তারবাবুকে আনার জন্য। উত্তরপাড়া হাসপাতালে যাতে সঠিকভাবে কাজকর্ম চলতে পারে, তার জন্য আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী শান্তিরাম মাহাতো : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বিষয়টি চাঞ্চল্যকর শুধু নয়, এটি বিপজ্জনক প্রবণতা। মাননীয় অসিত মিত্র এবং মাননীয় অসিত মাল মহাশয় এ সম্বন্ধে হাউসকে অবহিত করেছেন। স্যার, ওষুধের কারাখান সিটু ইউনিয়ন দখল করে ওষুধ বানিয়ে সেই ওষুধ বাজারে বিক্রি হচ্ছে। এটা খুবই বিপজ্জনক এবং এই জিনিস গত দশমাস ধরে চলছে। এই বিষয়টায় মাননীয় মুখ্যমন্ত্রী হস্তক্ষেপ করুন এবং তদন্ত করুন। যদি এই ঘটনা ঘটে থাকে তাহলে যেসব কর্মী এই ব্যাপারে জড়িত তারা সিটু ইউনিয়ন বা যাই হোক না কেন তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হোক। এটা ভারতবর্ষের পক্ষে এবং আমাদের পক্ষেও লজ্জার ব্যাপার যে, যেখানে কেমিস্ট, বোটানিস্ট রয়েছেন, তাদেরকে বাদ দিয়ে এই ইউনিয়ন বাজারে ওষুধ তৈরি করে বিক্রি করছে। এটা খুবই সর্বনাশ এবং সাধারণ মানুষ এতে আতঙ্কিত হচ্ছে, এর তদন্ত হওয়া দরকার।

***Expunged as ordered by the chair.

শ্রী অসিত কুমার মাল : স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি নিশ্চয় জানেন জলপাইগুড়ি, নদীয়া, মুর্শিদাবাদ এবং বীরভূম এই চারটি জেলায় খাবার পরীক্ষার ল্যাবরেটোরি বন্ধ হয়ে গেছে। খাবার পরীক্ষার জন্য সাব-ডিভিশনাল ফুড ইনস্পেকটরের অনেক পদ খালি। নেই পাবলিক অ্যানালিস্ট। ফলে ওই চার জেলায় মিষ্টি, সর্ষের তেল, দুধ সহ অন্যান্য জিনিস পরীক্ষার কাজ ব্যাহত হচ্ছে। স্বাস্থ্য দপ্তর থেকে জানা গেছে, সবজি থেকে মিষ্টিতে, তেলেভাজাতে রং ব্যবহারের মাত্রা বাড়ছে। রং ব্যবহারের নির্দিষ্ট নিয়মবিধিও মানা হচ্ছে না। তাদের চমক দেওয়ার জন্য ক্ষতিকারক রং ব্যবহৃত হচ্ছে। খাবারে ভেজাল রং মেশানোর ক্ষেত্রে বিভিন্ন জিনিস অনুসারে জেল, জরিমানা, যাবজ্জীবন কারাদণ্ডের কথা বলা আছে। আজ পর্যন্ত এই ব্যাপারে কোন ব্যবস্থা নেওয়া হয়নি। সত্বর ব্যবস্থা নেওয়ার জন্য স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

মি. ডেপুটি স্পীকার : জানে আলম মিঞা, আপনি যে বক্তব্য রেখেছেন তাতে স্পীকারের কাছে অনুরোধ করেছেন এটা করা যাবে না। এটা বাতিল হয়ে যাবে।

এখন সভার বিরতি, আবার আমরা মিলিত হব ২.১৫ মি.।

[2.15–2.25 p.m]

(after adjournment)

GOVERNMENT BUSINESS
LEGISLATION

The Kolkata Land-revenue Bill, 2003.
Introduction, consideration and passing

Shri Abdur Razzak Molla : Sir, I beg to introduce the kolkata Land-revenue Bill, 2003.

(Secretary then read the Title of the bill)

শ্রী কাশীনাথ মিশ্র : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st December, 2003 মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের মূল ব্যাপারটা হচ্ছে এটা শুধু আগে মফস্বল শহরে ছিল, গ্রাম বাংলার মধ্যে সীমাবদ্ধ ছিল, সেটা এখন বৃহত্তর কলকাতার মধ্যে নিয়ে এসে সবাইকে যুক্ত করা হচ্ছে এবং রাজস্ব আদায় এখান থেকে বাড়াবার ব্যবস্থা হচ্ছে। এই বিধেয়কে কলকাতা ও হাওড়া পৌর নিগম এবং সময়ে সময়ে যেরূপ প্রসারিত হইবে, কলকাতা মহানগর উন্নয়ন প্রাধিকারিকের অধীন সেরূপ অন্যান্য পৌর এলাকায় ক্ষেত্রাধিকারের মধ্যে কোন রায়ত কর্তৃক ভূমিখণ্ড বা ভূমিখণ্ড সীমার উপর প্রথম আরোপনীয় ভূমিরাজস্ব স্থির নির্ধারণ ও আদায় করবার জন্য এবং তৎসম্পর্কিত আনুষঙ্গিক বিষয়সমূহ সম্পর্কে ব্যবস্থা করিতে চাওয়া হইয়াছে। এটা সরলেই জানেন, কলকাতায় এক কোটির উপর মানুষেরা এর সাথে যুক্ত হবে। তাই এটার প্রচার দরকার, এই ব্যাপারে জনসাধারণের একটা ইনফর্মেশান নেওয়া দরকার। তাই ৩১শে

ডিসেম্বর, ২০০৩ অবধি সময় দেওয়ার জন্য বলেছি, এই ব্যাপারে মানুষের ওপিনিয়ান নেওয়া দরকার আছে। ভূমিরাজস্ব যে আইন আছে, সেটা এতদিন পর পরিবর্তন হচ্ছে, এই সম্বন্ধে জনগণের মতামত নেওয়া প্রয়োজন এবং এজন্য এটা জনসাধারণের জ্ঞাতার্থে আনা প্রয়োজন। আপনি বলেছেন এতে আর্থিক ইনভলমেন্ট নেই, কিন্তু জনসাধারণের বোঝবার প্রয়োজন আছে। এটা সারকুলেশন হওয়া উচিত।

মি. স্পীকার : আপনি কি এটা অ্যাকসেপ্ট করছেন?

শ্রী আবদুর রেজ্জাক মোল্লা : মাননীয় সদস্য শ্রী কাশীনাথ মিশ্র মহাশয়, যে অ্যামেন্ডমেন্ট এনেছেন, সেটা অ্যাকসেপ্ট করছি না।১৮৮৫ সালের ৮ই জুন ইস্ট ইন্ডিয়া কোম্পানি, ইস্ট সেন্ট্রাল গভর্নমেন্ট অ্যাক্ট চালু করে। তখন কাঠাতে তিন আনা খাজনা ছিল। পরবর্তীকালে দেশ স্বাধীন হবার পরে কনস্টিটিউশনের সপ্তম সিডিউলে এটা স্টেট সাবজেক্ট হয়ে যায়। সেখানে নতুন করে আইন করে রিপিল করছি। সেইজন্য এটা সার্কুলেশনের প্রয়োজন নেই।

The motion of Shri Kashinath Mishra that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st December, 2003 was then put and lost.

Shri Abdur Razzak Molla : Sir, I beg to move that the Kolkata Land-revenue Bill, 2003 be taken into consideration.

শ্রী সৌগত রায় : স্যার, মাননীয় মন্ত্রী আবদুর রেজ্জাক মোল্লা 'কলকাতা ল্যান্ড রেভিনিউ বিল, ২০০৩' যেটা এনেছেন, আমরা—আমি এবং আমাদের দলের পক্ষ থেকে সর্বোতভাবে তার বিরোধিতা করছি। এটা একটা পোস্ট ডেটেড চেক্, যেটা ক্র্যাশিং ব্যাক হচ্ছে। একটা দেউলিয়া সরকার নিজেদের ইনকাম বাড়াবার জন্য কলকাতার মানুষের উপর একটা বোঝা চাপিয়ে দিচ্ছে এবং মন্ত্রীকে তার ইন্সট্রুমেন্ট করেছে। এটা আমরা বুঝি। কলকাতার মানুষের উপর বামফ্রন্টের রাগ যে, এখানে তারা পৌরসভায় হেরে গেছে, এখানকার মানুষ ওদের সমর্থন করে না, এখানে রিগিং করতে পারে না, তাই ওরা টাকা তোলার জন্য কলকাতার মানুষের উপর এই বিলটা চাপিয়ে দিচ্ছে। আপনি ভেবে দেখুন, স্বাধীনতার পর এত দিন কেউ কলকাতার জমি, বাড়ির উপর খাজনা চাপাবার কথা ভাবেনি এবং এবারে শুধু কলকাতা নয়, হাওড়া, বিধাননগর, তার সঙ্গে সি. এম. ডি. এ এরিয়ায় যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে—পানিহাটি, খড়দা, কামারহাটি, প্রত্যেক জায়গায় জমির উপর খাজনা চাপানো হচ্ছে এবং মানুষের উপর ডবল ট্যাকসেশন হচ্ছে। আপনি জানেন স্যার আপনারও বাড়ি আছে কলকাতায়—কলকাতা শহরের লোকেরা প্রপার্টি ট্যাক্স দেয় কর্পোরেশনের কাছে।

[2.25–2.35 p.m]

করপোরেশনের কাছে সেই প্রপারটি ট্যাকস তাদের যে অ্যাসেসমেন্ট হয়, তার বেসিসে তাদের প্রপারটি ট্যাকস দিতে হচ্ছে কলকাতার লোকদের উপর। আবার নতুন করে এবং সি এম

ডি এ এলাকার লোকদের আবার নতুন করে ওয়াটার ট্যাকস বসিয়েছে এবং যাতে মিউনিসিপ্যালিটিগুলি ওয়াটার ট্যাকস বসায় তার জন্য রাজ্য সরকার চাপ সৃষ্টি করছে। এখন আবার দেউলিয়া সরকার খরচ মেটাবার জন্য আমাদের বাড়ি এবং জমির উপর ডাবল ট্যাকসেশান, প্রপারটি ট্যাকসেশান দিতে হচ্ছে। খাজনা দিতে হচ্ছে। আমি আপনাকে দেখাব যে, এই ট্যাকস কিভাবে মানুষের উপর লোড হয়ে দাঁড়াবে। কি রেটে ট্যাকস নিচ্ছে। আপনি বুঝবেন স্যার যে কোন কারখানা করতে গেলে ২০ হাজার টাকা পার একর, এক একর মানে ৬০ কাঠা। সুতরাং আপনার পার কাঠা সেখানে প্রায় ৩০০ টাকার উপর ট্যাকস দিতে হবে। ছোট খাট যাদের বাড়ী আছে, মধ্যবিত্ত যাদের বাড়ী আছে, রেসিডেনশিয়াল বাড়ি এর জন্য ট্যাকস দিতে হবে সাড়ে ৪ হাজার টাকা। ওরা বলছেন মিল ফ্যাকটারী ওয়ার্কশপ অর আদার কমার্শিয়াল পারপাস ২০ হাজার টাকা পার একর বা ২০০ টাকা, .০১ একর এই হিসাব করেছেন। হাই রাইজ বিল্ডিং হলে আবার ২০ হাজার টাকা পার একর। কমার্শিয়াল ইন্ডাস্ট্রির কোন ইনস্টিটিউশান সেট আপ করলে ২০ হাজার টাকা পার একর। এমন কি যদি বাড়ি না থাকে, কারোর ভ্যাকান্ট ল্যান্ড এবং হয়ত ভাড়া দেওয়া, বিয়েবাড়ি পারপাসে প্যান্ডেল করতে ভাড়া দেওয়া তার জন্য ২০ হাজার টাকা পার একর। স্বাধীনতার পরেও সরকার চলেছে। কেউ নিয়ম করেননি। মিউনিসিপ্যাল এলাকার, কর্পোরেশন এলাকার যেকোন লোক মিউনিসিপ্যাল ট্যাকস দেয়, কর্পোরেশান ট্যাকস দেয়, কিছু জিনিস কিনলে সেলস ট্যাকস দেয়, মোটর ভেহিক্যালস থাকলে তার উপর ট্যাকস দেয়। এরপরও আর একটা বাড়তি ট্যাকসেশান রাজ্য সরকার মানুষের উপর চাপাচ্ছে। আজকাল দেখছি মন্ত্রীদের স্টাইল হয়ে গেছে বিধানসভায় কেউ কিছু বলবেন না। কিন্তু টি ভি চ্যানেলের সামনে বলছেন। কয়েকদিন আগে টিভি চ্যানেলে দেখেছি যে, রেজ্জাক মোল্লা সাহেব বক্তৃতা দিয়েছেন। উনি এখানে যে বিল এনেছেন, সেই বিলের উদ্দেশ্য, বিলের কার্যকারিতা সম্পর্কে আগেই বাইরে বক্তৃতা দিয়ে দিলেন। এখন বিধানসভার নাইসিটি ফলো করা হচ্ছে না। বিধানসভায় একটা বিল আনার আগে বাইরে টি ভি চ্যানেলে কখনো বক্তৃতা দেওয়া উচিত নয়। সেটা অলরেডি উনি বাইরে বলে দিয়েছেন। আমি এই ট্যাকস মানুষের উপর জুলুম হয়ে আসবে বলে মনে করছি। যারা প্রতিষ্ঠান চালাচ্ছে তাদের উপরেও জুলুম হয়ে আসবে। কলকাতা শহরে বাড়ি আছে, প্রপারটি আছে, এই সঙ্গে এডুকেশনাল ইনস্টিটিউশান আছে, স্কুল এবং কলেজ আছে, বিশ্ববিদ্যালয় আছে। এই ট্যাকসের থেকে কোন স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়কে ছাড় দেওয়া হয়নি। এখানে হাসপাতালকেও ছাড় দেওয়া হয়নি। তার মানে সরকার ডেসপ্যারেটলি আবার নতুন করে স্কুল কলেজ বিশ্ববিদ্যালয় থেকে নতুন করে ট্যাকস নেবে। করপোরেশন ট্যাকসের একটা লজিক আছে। আপনারা যে সার্টেন ফেসিলিটিস সিটিজেনকে দিচ্ছেন। তাদের রাস্তার ব্যবস্থা করে দিচ্ছেন। পানীয় জলের ব্যবস্থা করে দিচ্ছেন। সুয়ারেজের ব্যবস্থা করে দিচ্ছেন। জঙ্গল সাফাইয়ের ব্যবস্থা করে দিচ্ছেন? আমি জানতে চাই যে, স্টেট গভর্নমেন্ট কলকাতা এবং মিউনিসিপ্যাল এলাকার লোককে কি সার্ভিস দিচ্ছেন? যার বিনিময়ে জমিদারি খাজনা আদায় করছেন? উনি বলছেন যে, ল্যান্ড ট্রান্সফার সাবজেক্ট। সংবিধান অনুযায়ী স্টেট গভর্নমেন্ট ল্যান্ডের উপর সমস্ত রেভিনিউ আদায় করতে পারে। আমি জিজ্ঞাসা করতে

চাই স্টেট গর্ভনমেন্ট কোন সার্ভিস কলকাতার মানুষকে দিচ্ছেন যার বিনিময়ে ট্যাকস আদায় করতে পারেন। মোটর ভেহিকেলস ট্যাকস নিয়ে সরকারের রাস্তাঘাট মেনটেন করতে হয়, তাই গাড়ির উপর একটা ট্যাকস নেওয়া হয়। আপনি কোন জিনিস কিনলে বা বিক্রি করলে তার উপর একটা ট্যাকসের প্রভিশন আছে। এখন এই ল্যান্ড রেভিনিউ এটা কেন নতুন করে লোকের উপর লাগানো হল এটা বুঝা যাচ্ছে না এবং মজার ব্যাপর হচ্ছে, উনি এটা পেরেনিয়াল নেচারের করলেন। বলতে পারতেন আমাদের সরকার দেউলিয়া হয়ে গেছে তাই এটা করলেন। মোটর গাড়ির উপর ওয়ান টাইম ট্যাকস নিচ্ছেন ৫ বছরের জন্য। উনি বলে দিয়েছেন এই ট্যাকস প্রথম ৫ বছরে ১০ পার্সেন্ট বাড়বে। বাড়ি তো লোকে করে ৫০ বছরের জন্য, ৫০ বছর থাকলে ট্যাকস ডাবল হয়ে যাবে যদি উনি না বাড়ান, এর মধ্যে কোন রিডিমিনিং ফিচার নেই। একটা ট্যাকস করলে বলে যে তার পর একটা রিডিমিনিং ফিচার থাকে যে এটা হলে এই রিলিফ পাবেন, এটা সুবিধা পাবেন কিন্তু এখানে তো নেই। মজার ব্যাপার হচ্ছে যে আইনটা এমনভাবে করলেন আগে দরিদ্র রায়তদের কথা, তারপর বড় বড় জমির মালিকের কথা, কিন্তু এবারে রেজ্জাক মোল্লা ক্যানিং ইস্ট থেকে এসে কলকাতার লোকেদের রায়ত বানিয়ে দিতে চাইলেন, মিউনিসপ্যালিটির লোকেদের রায়ত বানিয়ে দিতে চাইছেন। আমাদের ভয় হচ্ছে ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট কলকাতায়, আরবান এলাকাতেও হস্তক্ষেপ করতে চলেছেন, এখানেই কনফিউশন হচ্ছে। ভাড়াটিয়া বিল নিয়ে প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট এখনও পর্যন্ত ওরা করতে পারেননি, এই হাউসে এসেছে আমরা ডিবেট করেছি, দুবার সিলেক্ট কমিটিতে পাঠিয়েছি। নতুন করে এনবেলিং ক্লজ হয়েছে, স্মল কজেস কোর্ট পিছিয়ে দিয়েছে। এখন পর্যন্ত ফুলি অপারেটিং নয়, উনি আবার একটা খাজনা চাপিয়ে দিলেন। সেখানে আবার দেখুন জুরিসডিকশনেরর কথা বলছেন, No suit or other legal proceedings shall be instituted in any civil court in respect of the determination and collection of any revenue or the omission to determine and collect any revenue under this chapter.

লোকে সিভিল কোর্টে যেতে পারবে না যদি উনি জোর করে বেশি খাজনা চাপিয়ে দিয়ে ওদের অ্যাপিল করার অসুবিধা করে দিয়েছেন। রেভিনিউ অফিসার যেটা করবে তার এগেনস্টে যদি অ্যাপিল করতে হয় তাহলে কালেকটর র‍্যাঙ্কে একজন থাকবে তিনি এই ব্যাপারে বিচার করবেন। আর কালেকটরের রায় যদি পছন্দ না হয় তাহলে ল্যান্ড রেভিনিউ টেনান্সি ট্রাইবুনাল যেটা তৈরি হয়েছে সেখানে আপনি অ্যাপিল করতে পারবেন। সিভিল কোর্টকে বাদ দেওয়া হয়েছে। ফাইনাল কোর্ট অব অ্যাপিল এটা ঠিক যে ২২৬এ যে কোন ব্যাপারে হাইকোর্টে যেতে পারি। এই আইনটা চালু হলে কলকাতার সিভিক মাইন্ডেড লোকেরা কোর্টে যাবেন নতুন করে। দেউলিয়া সরকার ৮৮ হাজার কোটি টাকা ঋণ নিয়ে, আবার লোক এর উপর ডবল ট্যাকস চাপাবার চেষ্টা করছেন মানুষ যে এই বিষয়ে প্রতিবাদ করবে তা নিয়ে কোন সন্দেহ নেই। আমি আপনাকে বলছি কলকাতা শহরে এই নিয়ে আরেকটা করাপশনের অ্যাভিনিউ খোলা হল। তার কারণ সরকার নতুন ট্যাকস বসানো মানেই তাদের কিছু অফিসার বসানো। মানে সেই ট্যাকস লোকে

ফাঁকি দেওয়ার চেষ্টা করবে, বাইপাস করার চেষ্টা করবে, আর তা দিয়ে একটা নতুন করাপশনের অ্যাভিনিউ খুলবে। সরকারের সেলস ট্যাকস থেকে শুরু করে একসাইজ প্রতিটি ক্ষেত্র যদি আমরা দেখি তাহলে দেখব যে সেখানে সর্বত্রই কোরাপশন রয়েছে। এই যে সরকারের লোকদের বিরাট পাওয়ার দেওয়া হল ট্যাকস অ্যাসেসমেন্ট করারর জন্য তারা কি করতে পারবে? তারা যে কোন জায়গায় ঢুকতে পারবে। Any officer in dealing with proceedings under this act shall exercise the powers of a civil court under the Code of Civil procedure, 1908, for the purpose of (a) summoning and enforcing attendance of any person and examining him on oath as a witness, (b) requiring the discovery and production of any document or record (c) receiving evidence on affidavits, (d) requisitioning any public record or copy thereof from any court or office, (d) issuring commission for the examination or witness or document, (f) enforcing or executing orders including an order for restoration of possession as if such orders were decrees of a civil court, (g) remending any case or proceedings to the officer from whose decree the appeal is preferred, and such officer shall record the substance of the evidence, if any, taken by him.

[2.35–2.45 p.m]

অনেক ক্ষমতা দিয়ে দিয়েছেন যে করেই হোক ওরা ট্যাকস্ আদায় করবেন। মাননীয় মন্ত্রী এখানে কোন ফাইন্যান্সিয়াল মেমোরান্ডাম দেননি এটা একটা বিচিত্র ব্যাপার। আমরা জানতে চাই এই যে ট্যাক্স কালেকশান প্রসিডিওর এতে কি নতুন কোন টাকা লাগবে, না নতুন কোন অফিসার নিয়োগ হবে। এতে কি কোন খরচ হবে? স্যার, ফাইন্যান্সিয়াল মেমোরান্ডামে যেটা রয়েছে সেখানে বলছে There is no additional implication. না থাকলে কারা কলকাতা শহরে বা আর্বান এলাকায় কোন অফিসাররা এই খাজনা ডিটারমিনেশান করবেন এ ব্যাপারটা একেবারেই ক্লিয়ার নয়। মাননীয় মন্ত্রী এটা জানাননি অবজেক্টস অ্যান্ড রিজিনসে যে উনি কত টাকার রেভিনিউ এর থেকে আর্ন করবেন বলে অ্যাসেস করেছেন। তার কারণ আমরা দেখছি গত ১ বছর ধরে রাজ্য সরকার যবে থেকে এই ফাইন্যান্সিয়াল ক্রাইসিস হচ্ছে সরকার একটার পর একটা ট্যাকস্ বসাচ্ছেন যেটা অরিজিনাল বাজেটে ছিল না। আপনি জানেন মোটর ভেহিকেল ট্যাক্স বাড়িয়েছেন, পেট্রল ডিজেলের উপরে সেস্ বসিয়েছেন, আবার সেলস ট্যাক্স বাড়িয়েছেন, কোর্ট ফি বাড়িয়েছেন, স্ট্যাম্প ডিউটি বাড়িয়েছেন, আর্বান এলাকার লোকেদের প্রপার্টি ট্রানজাকশানের উপরে স্ট্যাম্প ডিউটি ২ পারসেন্ট বাড়িয়েছেন। এবারে জমির খাজনা বাড়িয়ে দিন। হোয়াট ইজ দ্য অ্যাসেসমেন্ট। আমাদের অসীমবাবু বলেছেন যে ৫০০ কোটি টাকা তুলতে চান। ফাইন্যান্সিয়াল ক্রাইসিসের সময় উনি একটি বই দিয়েছিলেন সেখানে উনি বলেছেন যে ৫০০ কোটি টাকা তুলতে চান। সেই ৫০০ কোটি টাকা ওঠাবার ব্যবস্থা অলরেডি ট্যাকসেশান

হয়ে গেছে। আজকে আবার এটা নতুন করে কি প্রয়োজন ছিল সেটা আমাদের কাছে ক্লিয়ার নয়। আমার মনে হয় এর ফলে এই ট্যাক্সেশানটা কলকাতা, সি. এম. ডি. এ. হাওড়া এবং সল্টলেক এলাকার লোকদের উপরে একটা বার্ডেন হয়ে দাঁড়াবে। এতে আমাদের সামাজিক জীবনে আরও করাপশান ইন্ট্রোডিউস করবে এবং এটা আদায় করার কোন নৈতিক অধিকার রাজ্য সরকারের নেই। আমি সাংবিধানিক অধিকারের কথা বলছি না, নৈতিক অধিকার রাজ্য সরকারের নেই। তার কারণ কলকাতায় যারা হাউসওনার, তাদের ন্যূনতম ফেসিলিটি, কোন রকম সুবিধা এই ট্যাক্স আদায়ের বিনিময়ে এরা দেবে না। এখানে ওরা কিভাবে অ্যাসেসমেন্ট করবে? এই অ্যাসেসমেন্ট নিয়ে কত গণ্ডগোল হয় আমরা পৌরসভায় দেখি। ওরা এখন পর্যন্ত বলছে—On the basis of holding registers of the corporation till the records of right are prepared. এখনও তৈরি হয় নি। হোল্ডিং রেজিস্টারও করবেন। বিধাননগরে কি করবেন? অন দি হোল্ডিং রেজিস্টার বা রেকর্ড অফ আর্বান ডেভালপমেন্ট ডিপার্টমেন্ট, আর অন্য মিউনিসিপ্যালিটিতে ওরা বলছেন যে রেকর্ড অফ রাইটস্ আছে রায়তদের, সুতরাং সেখানে সেটা দেখে করবেন। আমি মনে করি এই ল'টা একে তো পিউনিটিভ, এত অ্যাডিশনাল ট্যাক্সেশান এবং এর সাথে সাথে এই ল'টা ইমপারফেক্ট। আমি আপনাকে আবার বলছি রেকর্ড অফ রাইটস্ তৈরি হয়নি যখন তখনই এই রেকর্ড অফ রাইটস্ করা নিয়ে আরও নতুন কনফিউশান তৈরি হবে। এটা কাশীনাথ মিশ্র বলেছেন, এই বিলটা তাড়াহুড়ো করে পাশ করার কোন দরকার ছিল না। এই বিলটাতে আমরা অ্যামেন্ডমেন্ট দিইনি, তার কারণ তাহলে প্রত্যেক ছত্রে অ্যামেন্ডমেন্ট দিতে হয়। আমি বলবো মাননীয় মন্ত্রী এখানে বিলটা পুনর্বিবেচনার জন্য ফেরত দিন। মানুষের সঙ্গে আলোচনা করে, কলকাতা শহর এবং আর্বান এলাকায় নতুন ট্যাক্স বসাবার যৌক্তিকতা আছে কিনা, সেটা ঠিক করে তার পরে মন্ত্রী বিল নিয়ে আসুন। আমি সর্বতোভাবে এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সামসুল ইসলাম মোল্লা : মি: ডেপুটি স্পীকার স্যার, এই হাউসে তুমি এবং ভূমিসংস্কার দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী দি কলকাতা ল্যান্ড রেভিনিউ বিল ২০০৩' যেটা উত্থাপন করেছেন আমি তাঁকে পূর্ণ সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে আমরা সবাই জানি বিশ্বায়নের ফলে নগর জীবনে চাপ বাড়ছে এবং পৌর পরিষেবার ক্ষেত্রে নানা ধরনের সমস্যা আমরা দেখছি এবং নগরজীবনের যে চাপ সেটা মুক্ত করার জন্য এই ধরনের একটা পদক্ষেপ— যেটা ১৮৫০ সালে যে খাজনা নির্ধারিত হয়েছিল আজ থেকে ১৫০ বছর আগে। এবং মাননীয় সদস্য সৌগতবাবু বলেছেন যে, রায়ত মানে হচ্ছে গাঁয়ের চাষীরা। আমি বলব রায়তদের ডেফিনেশন পাল্টে গেছে। এ ম্যান হু হোল্ডস ল্যান্ড -তাকে রায়ত বলা হয়। তাহলে শহরের জমির যারা মালিক তারা রায়ত নয়, এটা তো ভাবা যায় না। আজকে শুধু রায়তের ডেফিনেশনই পাল্টে যায়নি জমির ডেফিনেশনও পাল্টে গেছে। মাননীয় কাশীবাবু বলতে পারবেন। সেটা হচ্ছে ল্যান্ড ইজ হোয়াট ইজ অন ল্যান্ড। জমির উপর যা থাকবে সব ল্যান্ড। জমি এবং রায়তের ডেফিনেশন পাল্টে গেছে। আর শহরে যারা বাস করবেন তারা খাজনা দেবেন না, গাঁয়ের

চাষীরা খাজনা দেবেন তা হতে পারে না। ১০০ বছর, ১৫০ বছর ধরে দেখছি নাগরিক সভ্যতা কিভাবে এগিয়ে গিয়েছে। কলকাতা এবং লাগোয়া সি. এম. ডি. এ এলাকায় প্রচণ্ড মানুষের চাপ বাড়ছে এবং এর ফলে প্রোমোটারদের হাতে শহর চলে যাচ্ছে। জমি থাকলেও নিম্নবিত্ত, মধ্যবিত্ত মানুষ জমি কিনতে পারছে না। সে সমস্ত জমির জন্য সরকারকে এক পয়সাও খাজনা দিতে হয় না। যারা সরকারকে খাজনা দেয় না তাদের রায়ত টাইটেল থাকে কি করে? যেখানে জমি আছে তার খাজনা দিতে হয়। মালিকদের প্রমাণ করতে হয় রায়ত টাইটেল ইন্টারেস্ট আছে। কাজেই দলিল থাকলেই হবে না প্রুফ দিতে হবে এবং পজেশনের জন্য বলবেন হয়তো মিউনিসিপ্যালিটির ট্যাক্স আছে। কিন্তু মিউনিসিপ্যালিটির ট্যাক্সে পজেশন হয় না। এর স্বত্ব পেতে গেলে সরকারকে খাজনা দিতে হয়। ১৫০ বছর যে শহরের মানুষ খাজনা দেননি, সেইজন্য নতুন খাজনা নির্ধারণ করা হয়েছে এবং এটা সময় উপযোগী হয়েছে। বাস্তব পরিস্থিতি মাথায় রেখেই এটা করা হয়েছে। ১৮৫০ সালে এক কাঠা জমিতে খাজনা দেওয়া হ'ত তিন আনা। এখন কলকাতা-হাওড়া-বিধাননগরের বসতি এলাকায় ৪৫ টাকা এবং কমার্সিয়াল পারপাসে ব্যবহার হলে ২০০ টাকা ধার্য করা হয়েছে। আর যেখানে সি. এম. ডি. এ এলাকা, মিউনিসিপ্যালিটি আছে সেখানে আর একটু কম করা হয়েছে। বসত বাটীর ক্ষেত্রে ৩৫ টাকা এবং কমার্সিয়ালের জন্য ১৭৫ টাকা। খাজনার অ্যাসেস কে করবেন? সেখানে বলা হয়েছে অ্যাসেস করবেন রেভিনিউ অফিসার। এজন্য রায়তের জমির খাজনা যা নির্ধারিত হ'ল তাতে সন্তুষ্ট না হলে, রেভিনিউ অফিসারর যার ভিত্তিতে এসে করলেন তাতে যদি কোন রায়ত এগ্রিভড হন তাহলে তিনি কালেকটারের কাছে অ্যাপ্লাই করতে পারেন। তার পরেও এগ্রিভড হলে ল্যান্ড ট্রাইবুনালে অ্যাপিল করতে পারবেন বলে বলা আছে। সেই সুযোগ রায়তদের ক্ষেত্রে দেওয়া হয়েছে।

মাননীয় সৌগতবাবু বললেন, হাসপাতালেও খাজনা দিতে হবে। এখানে বিলে সেকশন সিক্সে বলা হয়েছে কোন্ কোন্ ক্ষেত্রে ছাড় আছে। সেকশন সিক্সে বলা হয়েছে 'Notwithstanding anything contained elsewhere in this Act, the following lands shall be exempted from the payment of revenue under this Act—

(a) land owned by Central Government, State Government and local bodies, and

(b) land used as public roads, burial ground, places of worship and burning ghats etc.'

এই সমস্ত ক্ষেত্রে ছাড় দেওয়া হয়েছে এবং যেখানে সরকারী হাসপাতাল আছে সেখানে খাজনা লাগবে না, সরকারী জমিতে ছাড় দেওয়া হয়েছে। আপনাদের বন্ধুরা যদি হাসপাতাল করে খাজনা দিতে হবে। প্রাইভেট ওনারদের হাসপাতাল বাড়ী থাকলে, কমার্সিয়াল পারপাসে ব্যবহার হলে সেখানে আপনাদের খাজনা দিতে হবে।

[2.45–2.55 p.m]

স্বাভাবিকভাবে সেক্ষেত্রে আপনাদের কিছু আপত্তি থাকতে পারে। কিন্তু যাই হোক, আমার মনে হয় যে, ঠিক যথাযথ সময়ে, অত্যন্ত বিবেচনা করে, খুব সঠিক সময়ে এই ধরনের বিল নিয়ে আসা হয়েছে। এই বিলের ফলে যেন মালিক তার রাইট, টাইটেল ইন্টরেস্ট দেখানোর ক্ষেত্রে এই খাজনার রসিদ দেখিয়ে, তার দলিল দেখিয়ে, তার পড়চা দেখিয়ে, মিউনিসিপ্যালিটির খাজনার রসিদ দেখিয়ে তিনি প্রমাণ করতে পারবেন যে, 'আমার এই জমিতে টাইটেল ইন্টারেস্ট এবং রাইট আছে। সেক্ষেত্রে আমার মনে হয় একটা যুগান্তকারী ঘটনা ঘটবে এবং মিউনিসিপ্যালিটি এবং কে. এম.ডি. এ-এর ক্ষেত্রে এবং ক্যালকাটার ক্ষেত্রে যে সমস্ত ফাটকাবাজিগুলো হয় সেই সমস্ত ফাটকাবাজি জমি কেনাবেচার ক্ষেত্রে সেগুলো বন্ধ হবে বলে আমি আশা রাখি এবং পুনরায় এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অতীশ চন্দ্র সিংহ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে কলকাতা ল্যান্ড রেভেনিউ বিল ২০০৩ আমাদের সামনে এনেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি। মাননীয় সদস্য শ্রী কাশীনাথ মিশ্র মহাশয় যে বিষয়টা উত্থাপন করেছেন এই বিলের বিষয়ে that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st December, 2003. আমি তাকে পূর্ণ সমর্থন করছি। স্যার, এখানে এই বিলে আপনি দেখবেন যে, ১৮৫০ সালে একটা ল্যান্ড রেভেনিউ অ্যাকট ছিল — ব্রিটিশ সরকারের সময়—যেখানে কাঠাপ্রতি ৩ আনা আদায় করবার একটা প্রভিশন ছিল। কিন্তু স্যার, আপনিও ভুলে গেছেন, আমরাও ভুলে গেছি। কলকাতা বা মিউনিসিপ্যাল এরিয়াতে কে.এম.ডি. এ এলাকাতে যাঁরা আছেন তাঁরাও ভুলে গেছেন যে, এরকম একটা আইন আছে। তার কারণ কেউ ল্যান্ড রেভিনিউ চাইতেও যান না, কেউ দেনও না। সুতরাং এখন নতুন করে এই ধরনের একটা বিল এনে সরকারের যে আর্থিক সংকট দেখা দিয়েছে, সেই আর্থিক সংকট থেকে মুক্তি পাওয়ার একটা মরিয়া চেষ্টা হয়েছে বলে আমার মনে হয়েছে। মাননীয় সৌগতবাবু তাঁর বক্তব্যে বলেছেন যে, গত কয়েক মাস থেকে একটার পর একটা বিল আমাদের এই বিধানসভায় এসেছে। আমরা দেখছি যে, এই সরকার বিভিন্নভাবে যাতে সাধারণ মানুষের উপর ট্যাক্স বসিয়ে যাতে আরও টাকা আদায় করা যায়, রেভিনিউ আদায় করা যায় এবং রেভেনিউ আদায় এবং রেভেনিউ একস্‌পেন্ডিচারের মধ্যে যে বিরাট পার্থক্য আছে সেই বিরাট পার্থক্যকে খানিকটা কমিয়ে আনা যায় তার জন্য একটা মরিয়া চেষ্টা তাঁরা চালাচ্ছেন। আমরা দেখছি যে, একটার পর একটা আইন এনে কিভাবে সাধারণ মানুষকে জর্জরিত করে দেওয়া হচ্ছে। পেট্রোলের উপর সেস্ বসানো হয়েছে, গাড়ির উপর ট্যাক্স বাড়ানো হয়েছে—এককালীন ট্যাক্স বসানো হয়েছে বিদ্যুতের দাম বৃদ্ধি করে দেওয়া হয়েছে, কোর্ট ফিজকে অস্বাভাবিকভাবে বাড়িয়ে দেওয়া হয়েছে। বিদ্যালয়ের ক্ষেত্রে আপনারা এতদিন বলতেন যে, 'ক্লাস ইলেভেন পর্যন্ত আমরা টিউশন ফি ফ্রি করে দিয়েছি।' সেখানে আমরা এখন শুনছি যে, তাদের উপর নতুন করে টিউশন ফি আদায় করা হবে। এসব করে আপনারা যে প্রতিশ্রুতি দিয়ে সাধারণ মানুষের মন জয় করবার চেষ্টা

করেছিলেন সেগুলো থেকে আপনারা পিছিয়ে যাচ্ছেন এবং সাধারণ মানুষকে আপনারা জর্জরিত করছেন। কলকাতা এবং কে. এম. ডি. এ. এলাকাতে হাওড়ায় এতদিন পর্যন্ত কোন ল্যান্ড রেভেনিউর কোন ব্যবস্থা ছিল না, তাঁরা দিতেনও না, কোনদিন আপনারা আদায়ও করতেন না। যদিও ১৮৫০ সালের যে আইন ছিল সেটা নতুন করে তাদের ঘাড়ে চাপিয়ে দেওয়া হচ্ছে এবং কি অস্বাভাবিকহারে আপনারা সেই ল্যান্ড রেভেনিউ আদায় করছেন—সেই কথাটাই আপনাদের একটু বলতে চাই। যেটা আপনারা বলেছেন এখানে, এই ভাষাটা আরেকটু পরিষ্কার হলে ভাল হত। যাই হোক আমি ধরে নিচ্ছি, যাঁরা এই ধরনের মিল করেছেন, ফ্যাকটরি করেছেন— তাঁদের উপরও আপনারা ধার্য করছেন। কিন্তু যেটা ভাষা থেকে ইন্টারপ্রিটেশন-এ বোঝা যাচ্ছে- যারা হয়তো করবে তাদের উপরে এটা ধার্য হবে। কিন্তু মনে হচ্ছে, এটা তা নয়। যারা করে রেখেছে এই ধরনের মিল, বাড়ি, ফ্যাকটরি—তাদের উপরেও এটা ধার্য হবে। আমি সেটা ধরে নিচ্ছি যাদের আছে তাদের উপরেও এই ল্যান্ড রেভেনিউ ধার্য হবে। কিরকমভাবে ধার্য হবে? না, যাদের মিল, ফ্যাকটরি ওয়ার্কশপ আছে তাদের উপরে আপনি ২০০ পার ওয়ান ডেসিমেল, তারর মানে হচ্ছে ২০ হাজার টাকা পার একর বছরে তাকে রেভেনিউ দিতে হবে। বাড়ি করলেও তার পরিত্রাণ নেই। তার যদি নিজের বাড়ি থাকে, রেসিডেনশিয়াল পারপাসেও যদি থাকে তাকে বছরে সাড়ে চার হাজার টাকা প্রতি একরে রেভেনিউ দিতে হবে। এইবারে আপনি বলছেন for the purpose of setting up of an institution of non-commercial nature তাকেও দিতে হবে সাড়ে চার হাজার টাকা পার একর।

মাননীয় মন্ত্রী মহাশয়, কতগুলো প্রতিষ্ঠানকে আপনি ল্যান্ড রেভিনিউর আওতা থেকে বাদ দিয়ে রেখেছেন যেমন, "Land owned by Central Goverenment, State Government and local bodies, and land used as public roads, burial ground, piaces of worship and burning ghat."

কিন্তু এখানে আপনি স্কুল, কলেজ, হাসপাতালের কথা উল্লেখ করেননি। মাননীয় মন্ত্রী মহাশয়, এই কারণে আমি এই বিলের চূড়ান্ত বিরোধিতা করছি। এই জায়গায় একটা প্রভিশন অন্তত থাকা উচিত ছিল শুধু সরকারী স্কুল, কলেজই নয়, সমস্ত স্কুল কলেজ হাসপাতাল ল্যান্ড রেভিনিউর আওতার বাইরে থাকবে। কেননা আপনি নিশ্চয়ই জানেন প্রাইভেট স্কুল কলেজ হাসপাতাল লাভজনক প্রতিষ্ঠান নয়। যাঁরা কলকাতা বা কে. এম. ডি. এ এলাকায় বাস করেন তাঁদের মিউনিসিপ্যাল ট্যাক্স দিতে হয় এবং সেই ট্যাক্স দেয়ার পরিপ্রেক্ষিতে তারা মিউনিসিপ্যালিটির কাছ থেকে কিছু কিছু সার্ভিস পান। ল্যান্ড রেভিনিউর পরিপ্রেক্ষিতে তাঁরা সরকারের কাছ থেকে কোন হেল্প বা সার্ভিস পাবেন না। তাঁদের শুধুই টাকা দিতে হবে, তাঁদের কাছ থেকে কোন কিছুর বিনিময় ব্যতিরেকেই ট্যাক্স আদায় করা হবে, সেই ফন্দি করেছেন। সুতরাং এটা আমি অন্যায় বলে মনে করি। তাঁদের ওপর বিরাট বোঝা চাপানো হবে, সে বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় মন্ত্রী মহাশয়, তারপর আবার আপনি বলেছেন এটা কোন সিভিল কোর্টে চ্যালেঞ্জ করা যাবে না। তবুও আমার মনে হয় এই বিল হাই কোর্টে আন্ডার ২২৬

চ্যালেঞ্জ হবে এবং শেষ পর্যন্ত এই বিলটা আইন হিসাবে কার্যকরী হবে, কি হবে না, সে বিষয়েও যথেষ্ট সন্দেহের অবকাশ আছে। আপনি এই যে বিল এনেছেন, এটা ভ্যালিডিটি পাবে, কি পাবে না, সেই সন্দেহে থেকে যাচ্ছে। আপনি ভেকেড ল্যান্ডের ওপর ট্যাক্স ধার্য করেছেন। অথচ আপনি জানেন ভেকেন্ট ল্যান্ড ঠিকা টেনেন্সির আন্ডারে চলে যায়। এমনিতেই ঠিকা টেনেন্সি বিতর্ক চলছে। সুপ্রিম কোর্টে বিষয়টা বিচারাধীন, সুপ্রিম কোর্ট এখন পর্যন্ত তাঁদের আদেশ দেননি। আশা করা যাচ্ছে, খুব শীঘ্র তাঁরা তাঁদের নির্দেশ দেবেন। এখানে আপনি ভেকেন্ট ল্যান্ডের ওপর থেকেও রেভিনিউ আদায়ের ব্যবস্থা করেছেন। আমার মনে হয় এটা অত্যন্ত অন্যায় হচ্ছে। যে ভেকেন্ট ল্যান্ড ঠিকা টেনেন্সির আন্ডারে সেখান থেকে আপনি রেভিনিউ আদায় করবেন কিভাবে তা আমি বুঝতে পারছি না। সুতরাং আমি মনে করি এটা সঙ্গত হচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আরো কয়েকটা কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ক্লজ সেভেনে বলেছেন যে, 'রেভিনিউ উইথ এরিয়ার্স' দিতে হবে। এটা কবে থেকে আদায় হবে? এরিয়ার্স-এর ক্ষেত্রে কত পারসেন্ট সুদ দিতে হবে? এগুলো আপনি স্পেসিফাই করেননি। শুধু বলেছেন অ্যান সাচ ম্যানার, অ্যাজ মে বি প্রেসক্রাইবড। আমার মনে হয় যখন থেকে এটা আদায়যোগ্য হবে তখন থেকে যদি কেউ না দেয় পরবর্তীকালে তাকে এরিয়ার্স দিতে হবে— পরবর্তীকালে সেটা এরিয়ার্স হিসাবে গণ্য হবে। তা যদি হয় তাহলে তার জন্য কত শতাংশ সুদ দিতে হবে? এটা আপনি অ্যাক্টে বলেননি, রুলস-এ করবেন বলে ঠিক করেছেন। আপনি বলেছেন এই আইন অনুযায়ী রেভিনিউ অফিসারের রায়ের বিরুদ্ধে সিভিল কোর্টে যাওয়া যাবে না। রায়ের বিরুদ্ধে কারো কিছু বক্তব্য থাকলে কালেকটরের কাছে যেতে হবে। কালেকটরের আদেশে সন্তুষ্ট না হলে ট্রাইবুনালে যেতে পারবে। কিন্তু আমি বলব এই যে প্রভিশনটা আপনি করেছেন, এটা কতটা আইন সঙ্গত সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। তার কারণ আমি একটু বলেছি এই আইন সম্বন্ধে বা এর প্রয়োগ সম্বন্ধে যদি কেউ সন্তুষ্টি না হয়, তাহলে সে হাইকোর্টে ২২৬ করতে যেতে পারে। সুতরাং আপনি আইনের প্রভিশন রেখেছেন বটে, কিন্তু তা কার্যকরী হবে কিনা সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। আমি এখানে আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। এখানে আপনি আরো একটা প্রভিশন রেখেছেন—প্রত্যেক পাঁচ বছর পরপর ১০% হারে ল্যান্ড রেভিনিউ বেড়ে যাবে।

[2.55—3.05 p.m]

যদি ৫০ বছরের বাড়ি হয়, ৫০ বছর ধরে যদি বাড়িতে থাকে তাহলে যে ল্যান্ড রেভেনিউ আছে, ইতিমধ্যে ল্যান্ড রেভেনিউ রেট যদি না বাড়ান, বর্তমান যে রেট ধার্য করেছেন সেটা ডাবল হয়ে যাবে—এটা আইনসঙ্গত কিনা ভেবে দেখার জন্য অনুরোধ করছি। আর জুতো মেরে গরু দান করার চেষ্টা করেছেন — যদি সময়মতো ল্যান্ড রেভেনিউ দিয়ে দেওয়া হয় তাহলে রায়তকে বলছেন ৫ পারসেন্ট রিবেট দেওয়া হবে। খুব ভালো কাজ করেছেন সে যদি সময়মতো দিয়ে দেয়। আমার কাছে মনে হচ্ছে বিরাট জিনিস আদায় করে নিয়ে সময় মতো দিলে কিছুটা রিবেট দেবার ব্যবস্থা করেছেন। কিন্তু এই যে টাকা তার কাছ থেকে ল্যান্ড

রেভেনিউ হিসাবে আদায় করছেন— একে সে মিউনিসিপ্যালিটির ট্যাক্স দেয়, তার উপর যদি ল্যান্ড রেভেনিউ আদায় হয়— এটা আমার মনে হয় আইনসিদ্ধ হবে না, কিছু অসঙ্গতি আছে, সেই খাজনা আদায় করার ব্যবস্থার মধ্যে এটা অস্বাভাবিক বলে মনে করি। সেইজন্য আমি সর্বতোভাবে এই বিলের বিরোধিতা করছি। আমার মনে হয় মাননীয় মন্ত্রী ভাল করবেন যদি এই বিলটি প্রত্যাহার করে নেন। যদি রাজি না হোন তাহলে পাবলিক ওপিনিয়ন এলিসিট করার জন্য এই বিলটি সার্কুলেট করুন, তাহলে নিশ্চয়ই সাধারণ মানুষের ওপিনিয়ন পাওয়া যাবে এই ধরনের বিল চালু করা উচিত, কি উচিত নয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবদুর রেজ্জাক মোল্লা : স্যার, আমি অতীশবাবুর অনুরোধ রাখতে পারিছ না বলে দুঃখিত আর আমাদের সামসুল ইসলাম সাহেব আমার অনেক কথা বলে দিয়েছেন, সেইজন্য অল্প করে বলবো। এই কলকাতা শহরে ভূমিরাজস্ব নির্ধারণ হয় ১৮৫০ সালে, প্রায় দেড়শো বছর আগে। উক্ত আইনে বলা ছিল কাঠাপ্রতি ৩ আনা খাজনা দিতে হবে। ১৯০৩ সালে এই আইনের অনেক কিছু সংশোধন হয়, কিন্তু খাজনার রেটের পরিবর্তন হয়নি, কাঠাপ্রতি ৩ আনাই ছিল। ১৬৯৮ সালে ইংরেজের জব চার্নক কলকাতায় এসে কুঠি স্থাপন করেন। ১৭৬৫ সালে বাংলা বিহার উড়িষ্যায় দেওয়ানী লাভ করেন। লর্ড কর্নওয়ালিশ ১৭৯৩ সালে চিরস্থায়ী বন্দোবস্ত করে। নির্দিষ্ট খাজনার বিনিময়ে জমিদারদের জমির মালিক করে দেন। কিন্তু কলকাতা শহরকে আলাদা রাখার জন্য ইংরেজ কলকাতা এলাকায় কোন জমিদারি পত্তন করেনি। ১৮৫০ সালে আইনের কোন বিধান না থাকায় আর.ও.বি. বা রেকর্ড অফ রাইটস তৈরি করা যায়নি। এমন কি ১৯৫৩ সালে জমিদারি অধিগ্রহণ আইন এবং ১৯৫৫ সালে ভূমিরাজস্ব আইনে কলকাতা শহরকে বাদ রাখা হয়েছিল। ২০০৩ সালে ভূমি রাজস্ব বিধেয়ক আইনে পৌরসভা বা করপোরেশন হোল্ডিং রেজিস্টার অনুসারে আমরা খাজনা আদায় শুরু করবো এবং ধাপে ধাপে, ধীরে ধীরে নিজস্ব রেকর্ড অফ রাইটস তৈরি করে নেব। ১৮৫০ সালে কাঠাপ্রতি ৩ আনা যখন খাজনা ছিল সেই সময়ে হুগলি জেলায় ১ টাকায় ১ মণ ধান বা ২৫ কেজি চাল পাওয়া যেত। এখন যে কোন চালের দাম কেজি প্রতি ১৫ টাকা, প্রায় ৪০০ গুণ বেশি। ৪০০ × ৩ = ১২০০ আনা অর্থাৎ কাঠায় ৭৫ টাকা হয়। আর আমরা শতকে ৪৫ টাকা বাস্তুজমির ক্ষেত্রে খাজনা ধার্য করেছি। ১৮৫০ সালে মূল্যসূচক ভিত্তি ধরলে এক মিটার বাপ্তা কাপড়ের দর অনুসারে বাণিজ্যিক জমির খাজনা হবে শতকে ৫৮২ টাকা। সেখানে ধার্য করেছি শতক প্রতি ২০০ টাকা। ১৮৩৯ সালে প্রিন্স দ্বারকানাথ ঠাকুর চৌরঙ্গিতে থিয়েটারের জন্য ২ একর জমি কিনেছিলেন ৩০ হাজার টাকায়। সেই হিসাবে ১ কাঠা জমির দাম হয় ২৫০ টাকা। বর্তমানে চৌরঙ্গি এলাকায় জমির দাম প্রায় ২৫ লক্ষ টাকা কাঠা। এক্ষেত্রে বৃদ্ধির হার প্রায় ১০ হাজার গুণ। কলকাতায় ৫ কাঠা জমি মানে ৮.৩০ শতক। সেই জমির উপর যদি ৫ তলা বাড়ি থাকে এবং দুটো করে ১০টি ফ্ল্যাট থাকে, সেক্ষেত্রে খাজনা দিতে হচ্ছে ৪৫ × ৮.৩০ = ৩৭৪ টাকা। অর্থাৎ প্রতি ফ্ল্যাটের মালিককে খাজনা দিতে হবে ৩৭ টাকা ৪০ পয়সা। আর ৫ তলার উপরে যদি হয় ৫ কাঠা জমিতে ৮ তলা যদি কোন বাড়ি থাকে তার

মানে ১৬টি ফ্ল্যাট থাকে সেখানে খাজনা হচ্ছে ২০০ ইনটু ৮.৩০ টাকা ইক্যুয়ালটু ১৬৬০ টাকা। বাণিজ্যিক হারে যদি দেয় তাহলে প্রতি ফ্ল্যাটকে খাজনা দিতে হচ্ছে ১৩০ টাকা ৭৫ পয়সা। ৩৩ শতক জমিতে যদি ৫০ টা দোকান থাকে, একটা খালি জমিতে যদি ৫০ টা দোকান থাকে এবং বাণিজ্যিক হারে যদি দেয় তাহলে প্রতি ফ্ল্যাটকে খাজনা দিতে হচ্ছে ১৩০টাকা ৭৫ পয়সা। ৩৩ শতক জমিতে যদি ৫০টা দোকান থাকে, একটা খালি জমিতে যদি ৫০টি দোকান থাকে এবং বাণিজ্যিক হারে যদি দোকানগুলির ক্ষেত্রে ২০০ টাকা করে শতকে ধরা যায় তাহলে ৩৩ শতক ইনটু ২ মানে ৬ হাজার ৬৪০ টাকা। তাহলে প্রত্যেক দোকানদারকে ৬ হাজার ৬৪০ ডিভাইডবাই ৫০ তার মানে ১৩২.৮০ টাকা খাজনা দিতে হবে। তামিলনাড়ুর চেন্নাই শহরে এবং অন্যান্য পৌর এলাকায় খাজনা ধার্য সম্পর্কে একটা আইন আছে। সেই আইনটির নাম হচ্ছে তামিলনাড়ু আরবান ল্যান্ড ট্যাক্স অ্যাক্ট। এই আইনে জমির বাজার দরের উপর বাণিজ্যিক এবং অবাণিজ্যিক ব্যবহারের জন্য শতকরা হারে খাজনা ধার্য করা আছে। এই আইনের প্রথম তপশীলের পার্ট থ্রি এবং পার্ট ফোরে বাণিজ্যিক এবং অবাণিজ্যিক হারে ব্যবহারের জন্য শতকরা হারে বাজার দরের উপর কর ধার্য আছে। চেন্নাই শহরে দু গ্রাউন্ড মানে ১১ শতক অবাণিজ্যিক ব্যবহারের জন্য এবং তিন গ্রাউন্ড বা ১৬.৫ শতক জমি বাণিজ্যিক ব্যবহারের জন্য জমির উপর খাজনা নেই। কিন্তু তার উপর অবাণিজ্যিক হারে বাজার দরের শতকরা এক এবং বাণিজ্যিক ক্ষেত্রে বাজার দরের .৭ শতকরা হারে আছে এই হিসাবে যদি কোন লোকের ৫ গ্রাউন্ড বা ২৮ শতক জমি থাকে তাহলে তাকে কর দিতে হচ্ছে ১ লক্ষ টাকা অবাণিজ্যিক ক্ষেত্রে এবং বাণিজ্যিক ক্ষেত্রে ৩.৫০ লক্ষ টাকা। সেক্ষেত্রে আমাদের এ' ২৮ শতক ধরলে দিতে হচ্ছে ১২৬০ টাকা, ৪৫ টাকা শতকে তার বাণিজ্যিক হারে হলে ৫ হাজার ৬০০ টাকা দিতে হচ্ছে, মানে হচ্ছে শতকে ২০০ টাকা। মোটি এই খাজনা আমরা ধরেছি। এটা খুবই গ্রহণযোগ্য। এই বিল গ্রহণ করার জন্য সভায় আমি আবেদন রাখছি।

শ্রী অতীশ চন্দ্র সিনহা : স্কুল, কলেজকে বাদ দেবেন না?

শ্রী আবদুর রেজ্জাক মোল্লা : গভর্নমেন্ট স্কুল, কলেজ তো আছেই। যদি কোন প্রাইভেট কলেজ কমারসিয়াল পারপাসে হয় তাহলে সেখানে খাজনা দিতে হবে।

The motion of Shri Abdur Razzak Molla that the Kolkata Land-revenue Bill, 2003 be taken into consideration was then put and agreed.

Clauses 1 to 22

The question that Clauses 1 to 22 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Abdur Razzak Molla : Sir, I beg to move that the Kolkata Land-revenue Bill, 2003, as settled in the Assembly, be passed.

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রিমহাশয়কে অনেক বলা সত্ত্বেও হাসপাতাল, স্কুল, কলেজকে বাদ দিলেন না। উনি তামিলনাড়ু ইত্যাদি বলে জাস্টিফাই করতে চাইলেন। আমরা তার উপর ডিভিশান নেব, এটা পারমিটেড, আপনি এটা অ্যালাও করবেন।

[3.05—3.15 p.m.]

শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা : মাননীয় মন্ত্রী মহাশয়কে আবার বলছি উনি ভাবছেন সমস্ত স্কুল কলেজই কমার্সিয়াল। কলকাতায় এবং কে. এম.ডি.এ এলাকায় সব স্কুলই সাউথ পয়েন্ট নয়। বহু স্কুল কলেজ আছে যারা কোন রকমে দিন গুজার করছে। আপনাদের সাহায্য না পেলে স্কুলকলেজ চলে না। আপনি সেইভাবে ডিফারেনসিয়েট করে যে স্কুলকলেজগুলো কমার্সিয়াল নয়, ছেলে-মেয়েদের কাছ থেকে টিউশান ফি নিয়ে লাভ করে না এই রকম স্কুল কলেজ বা এই ধরনের যে সমস্ত প্রতিষ্ঠান আছে ল্যান্ড রেভিনিউ থেকে তাদের বাদ দেবার জন্য আপনি কোন প্রভিশান করছেন কিনা সেটা আপনি আর একবার বলুন। এটা যাতে বাদ দেওয়া যায় তার ব্যবস্থা করুন।

শ্রী আবদুল রেজ্জাক মোল্লা : অতীশবাবু যা বললেন এবং সৌগতবাবু যা বললেন নন-কমার্সিয়াল এই রকম ইন্সটিটিউটকে বাদ দেবার জন্য। আমি এই রকম প্রভিশান আনার চেষ্টা করবো, দরকার হলে আমি একটা অ্যামেনডমেন্ট আনবো।

The motion of Shri Abdur Razzak Molla that the Kolkata Land revenue Bill, as settled in the Assembly, be passed was then put and a Division was taken with the following results:

The Ayes being 64 and Noes 30. The motion was carried.

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

Demand No. 55

Mr. Deputy Speaker : There are 20 cut motions on Demand No. 55. All the cut motions are in order and taken as moved.

Shri Kamal Mukherjee : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

Shri Kashinath Mishra :

Shri Jyoti Priya Mallick :

Shri Ashok Kumar Deb :

Shri Tarak Bandyopadhyay :

Shri Kallol Khan :

Dr. Asish Banerjee :

Shri Kamal Mukherjee :

Shri Kalipada Mandal :

Shri Saugata Roy :

Sir, I beg to move that the amonut of the Demand be reduced by Rs. 100/-

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় তাঁর ২০০৩-২০০৪ সালের জন্য ৫৫ নম্বর অভিযাচনে ২২৪৫—প্রাকৃতিক দুর্যোগের ত্রাণ, ২৫৫১—পার্বত্য এলাকা, ২৭০২—ক্ষুদ্রসেচ, ২৭০৫—সেচ সূচিত এলাকা উন্নয়ন এবং মূলধনী ব্যয় বাবদ তিনি দিয়েছেন ২৭৮ কোটি। ২০ লক্ষ ৯ হাজার টাকা এবং ভোট অন অ্যাকাউন্টসে মঞ্জুরীকৃত ৯২ কোটি ৭৩ লক্ষ ৩৭ হাজার টাকা এর মধ্যে ধরা আছে। এখানে দেখা যাচ্ছে, কৃষিক্ষেত্রে আমরা দেখছি ক্ষুদ্রসেচের ভূমিকা যথেষ্ট আছে। এখানে আমরা আপনার যে পরিকল্পনাটা পাচ্ছি ক্ষুদ্রসেচের, বিভিন্ন দপ্তরের মাধ্যমে কতকগুলি প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয় যা রেখেছেন, তার থেকে করা যেতে পারে, রাজ্যে যে জল অনুসন্ধান দরকার, তিনি বলেছেন, পরিকল্পনা খাতে ৫০ লক্ষ টাকা ব্যয় করার প্রস্তাব রাখা হচ্ছে।

[3.15—3.25 p.m.]

আমার প্রথম প্রশ্ন হচ্ছে যে, আপনি অর্থ কতটা পেয়েছেন, আপনার ২০০২-০৩ সালের বরাদ্দকৃত অর্থের কতটা আপনি পেয়েছেন, কারণ যা দেখা যাচ্ছে যে আপনি সিংহভাগই পাননি। এর ফলে আজকে ক্ষুদ্রসেচে সমস্যা দেখা দেবে। এবং কাজগুলো অর্ধসমাপ্ত অবস্থায় থাকবে। এবং কাজগুলো যে আরম্ভ করতে পারছেন না তার মূল কারণ হচ্ছে আর্থিক দুরবস্থা। আর্থিক অসংগতি এবং এর ফলে যে কাজগুলো ধরছেন নির্দিষ্ট সময়ের মধ্যে সেগুলো শেষ করতে পারছেন না। যেমন আপনি বলেছেন নির্দিষ্ট সময়ের ব্যবধানে জলতলের আশপাশের পর্যবেক্ষণ করবেন। কিন্তু সেটা করতে গেলে তো পয়সা লাগবে। আপনার ভূগর্ভস্থ জল কতটা আছে, তার পরিমাণ যে কমে যাচ্ছে, এই ব্যাপারে অনুসন্ধান করতে গেলে তো টাকার দরকার, সেই টাকা তো আপনার দপ্তরের নেই। আজকে এর ফলে শুধু ক্ষুদ্র সেচ দপ্তর নয়, বৃহৎ সেচ দপ্তরেও এর প্রতিফলন ঘটবে। এবং সেটা বিরাট আকারে দেখা দেবে। আজকে জিওলজিস্ট থেকে আরম্ভ করে হাইড্রো-গ্রাফি থেকে আরম্ভ করে কেমিস্ট থেকে আরম্ভ করে জিও-ফিজিকস্ থেকে আরম্ভ করে সকলেই যে ভূগর্ভস্থ জলের স্তর এবং তার আশপাশের অবস্থা পর্যবেক্ষণ

করবে সেখানে তো আর্থিক প্রয়োজনীয়তার দরকার। আর্থিক সঙ্গতি না থাকলে ভূগর্ভস্থ জলস্তর নির্ধারণ করা তো সম্ভব নয়। এই ব্যাপারে যে প্রোটেকশান কমিটি আছে, তারা যে রিপোর্ট দিয়েছিল, তারই পরিপ্রেক্ষিতে কতগুলো জেলাতে পর্যবেক্ষণ করার কথা। সেখানে পর্ববেক্ষণের ক্ষেত্রে কোথায় কি হবে, সেখানে কোথায় ভূগর্ভস্থ জল, পাথর বা পাহাড় বা ছোট পাহাড়ে বাধাপ্রাপ্ত হচ্ছে সেসব অনুসন্ধান করার ব্যাপার আছে। সেখানে অর্থের সঙ্গতি না থাকলে কি করে এসব করা সম্ভব? তারপরে ক্ষুদ্র সেচ যে সমস্যার সমাধান করার পরিকল্পনা নিয়েছে সেখানে আর্থিক অসঙ্গতির জন্য সেই কাজেও তো বাধা পড়বে। এবং সেখানে গ্রাউন্ড ওয়াটার অ্যাণ্টিমেশান করার ক্ষেত্রে, তাকে চিহ্নিত করার ক্ষেত্রে বাঁধাপ্রাপ্ত হবে, অসুবিধার মধ্যে পড়তে হবে। তারপরে ১৯৯৭ সালে গ্রাউন্ড ওয়াটার অ্যাণ্টিমেশন কমিটি ভূজলের পরিমাণ নির্ণয়ের নিয়মের পরিবর্তন করেছেন। ১৯৮৪ সালে যেটা করা হয়েছিল সেটাই পরিবর্তন করে ১৯৯৭ সালে চিহ্নিত করলেন। এই পরিবর্তিত নিয়মে সৃষ্ট সেচ ক্ষমতা ও চরম সেচ ক্ষমতার অনুপাতের সঙ্গে ভূগর্ভস্থ জলতলের ওঠানামার প্রবণতাকেও সংযুক্ত করা হয়েছে এবং সেইমতো ব্লকগুলিকে ওভার এক্সপ্লয়টেড, ক্রিটিক্যাল, সেমিক্রিটিক্যাল ও সেফ হিসাবে চিহ্নিত করার কথা। কিন্তু সেটা বাস্তবায়িত করতে যে পরিমাণে অর্থের প্রয়োজন তা কি আপনার আছে? আমার তো মনে হয় আপনাকে টাকাই দেওয়া ঠিকমতো হচ্ছে না। আজকে যে আর্থিক অসঙ্গতি এতে তো অনেক দপ্তরকেই একটা ভয়ঙ্কর অবস্থার মধ্যে পড়তে হবে। কিন্তু আপনার যে গুরুত্বপূর্ণ কাজ, সেখানে মেনটেনেন্সের অভাবে ঠিকমতো রক্ষণ হচ্ছে না। জলের গুণগত মান সমীক্ষা করার যে ব্যবস্থা নিয়েছেন তাতে আর্সেনিকের দুষণ থেকে আরম্ভ করে কোথায় স্বচ্ছ পরিশুদ্ধ জল পাওয়া যাবে সেটা চিহ্নিত করার ব্যাপারে পি এইচ ইর কিছু কাজ এর মধ্যে রয়েছে। ভূগর্ভস্থ আর্সেনিক সংক্রমণজনিত সমস্যা পানয় জলের ক্ষেত্রে চিহ্নিত করা হয়েছে। কিন্তু চাষবাসের ক্ষেত্রেও এটা চিহ্নিত করা দরকার। না হলে খাদ্যের মধ্যে দিয়ে সেটা আমাদের শরীরে ঢুকে সর্বনাশ করবে এবং আবাল বৃদ্ধবনিতার অসুস্থতার কারণ হয়ে দাঁড়াবে। বিভিন্নভাবে এইগুলিকে চিহ্নিত করবার কাজ হচ্ছে, আপনি বলেছেন ৭৮টি ব্লকে ভূগর্ভস্থ জলে আর্সেনিক দূষণ পরিলক্ষিত হয়েছে। এই পরীক্ষার কাজকে আরও এগিয়ে নিয়ে যেতে গেলে আরও অর্থের দরকার, আর্থিক অসঙ্গতির জন্য এটা যাতে বন্ধ না হয়ে যায় সেটা আপনি দেখবেন। কারণ জলদূষণের মাত্রা এবং জলবাহী স্তরের বিস্তৃতির পরিপ্রেক্ষিতে সর্বত্র এক নয়। এই কারণে দূষিত জলবাহী স্তরের বিস্তৃতির নির্ণয় এবং চিহ্নিতকরণ একান্ত আবশ্যিক। কিন্তু অর্থের অভাবে এইসব কাজগুলো চালাতে আপনার অসুবিধা হবে। রাজ্যের বিভিন্ন জেলায় বৃষ্টিপাত পরিমাপক কেন্দ্র স্থাপন করবার কথা আপনি বলেছেন। আজকাল নতুন নতুন প্রযুক্তির মাধ্যমে বৃষ্টির জল ধরে রাখার ব্যবস্থা হচ্ছে এবং আকাশ থেকে পড়া সেই জলকে পানীয় জল হিসাবে ব্যবহার করা হচ্ছে। আমরা জলের অভাব উপলব্ধি করছি বলেই আজকে আমাদের এই ব্যবস্থা গ্রহণ করতে হচ্ছে। দৈনিক বৃষ্টিপাত, তাপমাত্রা, সূর্যরশ্মির বিকিরণ ইত্যাদি তথ্য নিয়মিত নথিভুক্ত করার জন্য আপনার ম্যান পাওয়ার দরকার। সেই ম্যানপাওয়ার আপনার কোথায়? এই রকম আপনি বহু প্রোগ্রামের কথা এই বাজেট বক্তৃতায় বলেছেন, কিন্তু সেগুলোক কার্যকরী করতে

গেলে প্রচুর অর্থ লাগবে, কিন্তু সেই অর্থের অভাব আমরা লক্ষ্য করছি আপনার বাজেটের মধ্যে। জেলা ও ব্লকভিত্তিক হাইড্রো-জিওলজিক্যাল মানচিত্র তৈরি করার যে ব্যবস্থা আপনি করছেন বলেছেন তার জন্যও অর্থের দরকার। আমরা জানি না, এই অর্থ আপনারা কোথা থেকে পাবেন। বাইরে থেকে কোন টাকা আপনি পাবেন কিনা জানি না। এর আগে যে বিদেশি অর্থ এসেছিল সেটা কতটা খরচ করা গেছে বলবেন? আমরা দেখছি বহু জায়গায় কাজ অসমাপ্ত অবস্থায় পড়ে আছে। গত বিধানসভায় আমরা বলেছিলাম যে কাজগুলো অসমাপ্ত অবস্থায় রয়ে গেছে বা যেগুলোর ক্ষেত্রে ত্রুটি-বিচ্যুতি ঘটেছে সেগুলো আপনারা অবিলম্বে শেষ করুন, তাহলে অনেক মানুষ উপকৃত হবে। জলসম্পদ উন্নয়ন অধিকার—২০০৩-০৪ আর্থিক বছরে জলসম্পদ উন্নয়ন অধিকারের বিভিন্ন কাজের জন্যে পরিকল্পনা খাতে ২৪৬.১৫ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করেছেন। কিন্তু এই টাকা যদি আপনি না পান তাহলে ভূপৃষ্ঠে প্রবহমান জল প্রকল্পের কাজ কি আপনি করতে পারবেন? আমরা দেখছি নদী-জলোত্তোলন সেচপ্রকল্পের কাজ যেগুলো চলছে সেগুলো ঠিকভাবে মেইনটেনেন্স করা হচ্ছে না।

[3.25—3.35 p.m.]

১৯৭২ সাল থেকে যে কাজগুলো চলছে এবং কৃষির উন্নতির জন্য তদানীন্তন সময়ে যেগুলো হয়েছিল, তার মেইনটেনেন্স থেকে আরম্ভ করে, তার প্রসার, পাইপলাইন সম্প্রসারণের কাজ, ইত্যাদি অনেক জায়গায় সম্পূর্ণ হয়নি। বাঁকুড়াতে বরুট, কাপিস্তা, মলমলা, ইত্যাদি অনেকগুলো জায়গায় কাজের কথা আপনাকে বলা হয়েছিল, সেই কাজগুলো সম্পূর্ণ করতে পারলে অনেক দিন থেকে সুবিধা হোত। ১৯৮২-৮৭, এই সময় যিনি মন্ত্রী ছিলেন, তিনি দেখেছিলেন এবং তথ্য সংগ্রহ করেছিলেন। তিনি বলেছিলেন—আর্থিক দুরবস্থার জন্য করতে পারছি না। আপনি ক্ষুদ্র সেচকে ত্বরান্বিত করে চাষবাসের প্রসার ঘটানোর চেষ্টা করছেন। কিন্তু কাজগুলো সম্পূর্ণ হচ্ছে না কেন? কেন রক্ষণাবেক্ষণ ঠিকমত হচ্ছে না? কেন সেখানে লোকের অভাব হচ্ছে? এইগুলো দেখার প্রয়োজন আছে। আপনাকে নদী সেচ প্রকল্পগুলোর প্রতি নজর দেওয়ার প্রয়োজন আছে। বড় বড় জলাশয়, বাঁধগুলোতে জল সংরক্ষণ করতে পারলে অনেক সুবিধা হয়। আজকে পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম, মেদিনীপুরের বেশিরভাগ এলাকাতে খরা প্রবণতা পরিলক্ষিত হচ্ছে, জল নেই। নদীতে যতটুকু জল আছে, সেটা পাইপ লাইনের সাহায্যে, রিভার লিফটের মাধ্যমে যদি পুকুরগুলোতে, বড় বড় পুষ্করিণীগুলোতে রাখা যেত তাহলে এই আগস্ট মাসে বৃষ্টি হলেও ক্ষতি হত না। কিন্তু সেটা করা যাচ্ছে না। বলেছেন বৃহৎ, ক্ষুদ্র সেচ প্রকল্পে ৬০ হেক্টর, ৪০ হেক্টর, ২০ হেক্টর জমিকে সেচ এলাকা বলে চিহ্নিত করবেন। কিন্তু সেটাও করতে পারছেন না। ভূগর্ভস্থ জল উত্তোলনের প্রকল্পও ঠিকমতো হচ্ছে না।

বর্জ্য জল পরিশোধনের কাজও আপনার ঠিকমতো হচ্ছে না। ব্যান্ডেল তাপ-বিদ্যুৎ কেন্দ্রের বর্জ্য জল পরিশোধন করে চাষের কাজে ব্যবহার করা সম্ভব হয়েছে বলছেন। অন্য যে সমস্ত জায়গায় তাপবিদ্যুৎ কেন্দ্র আছে, সেখানকার বর্জ্য জলগুলো পরিশোধিত করে ব্যবহার করতে পারতেন, সেচের কাজে লাগাতে পারতেন বা অন্যান্য কাজে লাগাতে পারতেন। কিন্তু

এর জন্য প্রয়োজন অর্থ। অর্থ সংস্থানের জন্য মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গে আপনাকে ব্যবস্থা করতে হবে।

আপনি যে এতগুলি পরিকল্পনা নিয়েছেন, এর জন্য আপনার অর্থের দরকার। আপনি বিশ্ব ব্যাঙ্ক থেকে অর্থ পেতে পারেন। হাডকো আপনাকে দেবেন কিনা জানি না। অন্যান্য সংস্থা থেকে আপনি অর্থ পাবেন কিনা সেটা আপনাকে দেখতে হবে। বৃষ্টির জল আপনাকে সংরক্ষণ করতে হবে। বৃষ্টির জলকে সংগ্রহ করে, তাকে পরিশোধিত করে বড় জলাধারে রেখে মানুষ যাতে সেই জল পানীয় জল হিসাবে ব্যবহার করতে পারে তার ব্যবস্থা আপনাকে করতে হবে। এছাড়াও চাষের কাজে যাতে সেই জল ব্যবহৃত হয় সেদিকেও আপনাকে ব্যবস্থা করতে হবে। জলোত্তোলন প্রকল্প বা যে সমস্ত নলকূপ আছে, সেগুলির পরিকাঠামো একেবারে নষ্ট হয়ে গেছে। সেগুলি আপনাকে দেখতে হবে। সেগুলি একেবারেই অকেজো হয়ে পড়ে রয়েছে। ব্যবহৃত হচ্ছে না। এর ফলে জল দেওয়া যাচ্ছে এবং আপনারা টার্গেট ফুলফিল করতে পারছেন না। আপনি যে আর আই ডি এক টু, আর আই ডি এক ফাইভের কথা বলেছেন, আর আই ডি এফ সিকস, এগুলির যে কথা বলেছেন, সেগুলি বাস্তবায়িত করতে পারবেন না। এরই পরিপ্রেক্ষিতে আমরা এই কাটমোশানগুলি দিয়েছি। আপনারা আর্থিক সঙ্গতি না থাকার জন্য এগুলি আপনি করতে পারবেন না। তাই আমরা যে কাটমোশানগুলি দিয়েছি তার সমর্থন করে, বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রতন পাখিরা : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ সরকারের জলসম্পদ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় দু হাজার তিন-চার সালের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তাকে পরিপূর্ণভাবে সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে দুএকটা কথা বলছি। বামফ্রন্ট সরকারের গ্রামোন্নয়নের মূল নীতি হল ভূমিসংস্কার। তার সাথে সাথে কৃষিতে সেচ, কৃষকদের বীজ সার দেওয়া এবং পশ্চিমবঙ্গ সরকার ক্ষুদ্রসেচে সারা পশ্চিমবঙ্গতে কৃষিক্ষেত্রে একটা জাগরণ সৃষ্টি করতে পেরেছে।

[3.35—3.45p.m]

যার ফলে আজকে আমরা দেখতে পাচ্ছি যে আলু চাষের এলাকা বাড়ছে, ধান চাষের এলাকা বাড়ছে, সবজি চাষের এলাকা বাড়ছে। এর ফলে আজকে পশ্চিমবাংলায় খাদ্যোৎপাদন প্রথম স্থান অধিকার করেছে। শুধু খাদ্যোৎপাদন নয়, আজকে সবজি উৎপাদনে পশ্চিমবাংলা প্রথম স্থান অধিকার করেছে। এর মধ্যে দিয়ে এটাই বুঝা যায় যে এখানে ক্ষুদ্রসেচের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রসঙ্গত বলা দরকার যে এই ভূমিসংস্কারের ফলে সারা পশ্চিমবাংলায় ৭০ ভাগ জমি ক্ষুদ্র আর প্রান্তিক চাষীর হাতে এসেছে এবং ক্ষুদ্র প্রান্তিক চাষী, বর্গাদার, পাট্টাদারদের জমিতে সেচের সুযোগ পৌঁছে গেছে। এর ফলে আজকে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে আমরা সেচকে প্রসারিত করে চলার চেষ্টা চালিয়ে যাচ্ছি। কারণ হচ্ছে ক্ষুদ্র সেচ প্রকল্পের মাধ্যমে এটা কম সময়ে, কম অর্থে যেখানে দরিদ্র চাষী, বর্গাদার, তফশিলী জাতিউপজাতিদের জমির এলাকায় সেচ সম্প্রসারিত করা যায়। স্বাভাবিকভাবে রাজ্য সরকার ক্ষুদ্র সেচের লক্ষ্যমাত্রা

৪৪ লক্ষ ৩৪ হাজার হেক্টর জমিতে সেচ বৃদ্ধির লক্ষ্যকে সামনে রেখে ২০০১-০২ সালে ৩৫ লক্ষ ৮৪ হাজার হেক্টর জমিতে সেচের ব্যবস্থা করা হয়েছে। এর ফলে একফসলি জমিকে দো-ফসলি করা হয়েছে। আজকে বর্গাদার, পাট্টাদার, ভূমিহীন কৃষক তারা কর্মসংস্থানের বেশি সুযোগ পাচ্ছে। '৭৮ সাল থেকে ৯৫' সাল পর্যন্ত এই ১৮ বছরে ০.৯৫৫ লক্ষ হেক্টর জমিকে সেচের আওতায় আনা গেছে। পরবর্তী ৬ বছরে ০.৯৯২ লক্ষ হেক্টর জমিকে আরও সেচের ক্ষমতা বাড়ানো হয়েছে। আমরা লক্ষ্য করছি কতগুলো গুরুত্বপূর্ণ কর্মসূচি সফল রূপায়ণ। আমরা এটাও জানি যে আমাদের সমস্যা আছে। পশ্চিমবাংলার ভূপৃষ্ঠের বৈশিষ্ট্যের পার্থক্যের ফলে সারা পশ্চিমবাংলায় সম্পূর্ণভাবে সেচ সম্প্রসারণের ঘাটতি ঘটছে। আজকে আমরা যেভাবে কাজগুলোকে এগিয়ে নিয়ে যাচ্ছি মানুষের সহযোগিতা নিয়ে এইগুলো উৎসাহ হয়ে উঠেছে। সরকারী কাজ মানুষ নিজের হাতে পরিচালনা করছেন। এখানে একটা দৃষ্টান্ত স্থাপিত হয়েছে। আর.আই.ডি.এফ (টু) এবং (ফাইভের) মাধ্যমে ৩ হাজার ৫৫টা ক্ষুদ্র সেচ প্রকল্পের মাধ্যমে প্রায় ৮৭ হাজার ৫৬২ হেক্টর জমিতে সেচের সম্ভাবনা সৃষ্টি হয়েছে। তা ছাড়া আর.আই.ডি.এফ. ৬, ৭ এর মাধ্যমে প্রায় ১৯ হাজার হেক্টর জমিতে সেচের সম্ভাবনা আছে। আর.আই.ডি.এফ ৮এর মাধ্যমে ৩০০৮টি প্রকল্প তৈরি হচ্ছে, যার মাধ্যমে ৫৭ হাজার হেক্টর জমিতে সেচের সম্ভাবনা তৈরি করতে পারবো। এছাড়া রাজ্য সরকার ক্ষুদ্র সেচ দপ্তরের মাধ্যমে ডিপটিউবওয়েল স্যালো টিউবওয়েল, আর.এল.আই. প্রভৃতির মাধ্যমে ৯৭০০ হেক্টর জমিতে সেচের সম্ভাবনা হবে। এই কাজগুলির ফলে আমাদের রাজ্যে ধান, গম, চাল, আলু, সবজি, ফল ও ফুল উৎপাদন দিন দিন বাড়ছে এবং আগামী দিনে আরও বেশি বেশি করে বেড়ে চলবে। শুধু এই প্রকল্পের মাধ্যমেই লক্ষ সি.এ.ডি.এ. প্রকল্পের মাধ্যমেও সেচের ব্যবস্থা করা হয়, তাতে ব্যাপকভাবে চাষীরা উপকৃত হন। বোরো বাঁধের সাহায্যে চাষীরা চাষবাস করছে এবং বর্জ্য জলকে চাষের কাজে ব্যবহার করা হচ্ছে। স্বাভাবিকভাবেই রাজ্য সরকার এই ক্ষুদ্র সেচ দপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং অল্প সময়ে এবং অল্প ব্যয়ে ব্যাপক কৃষকের জমিতে জল আনা সম্ভব হচ্ছে এবং এটা একটা নজিরবিহীন ঘটনা। এর ফলে পশ্চিমবঙ্গের কৃষকরা তাদের ফসলকে বাড়িয়ে চলেছে এবং আগামী দিনে আরও নতুন নতুন প্রকল্পের মাধ্যমে যেভাবে সেচকে আমরা এগিয়ে নিয়ে যেতে চাই, গরীব মানুষের সাহায্যে সেখানে আমাদের সতর্কতার সাথে দেখতে হবে। কারণ মাটির তলার জল ব্যবহার করার দিকে সরকার সতর্ক রয়েছে এবং মাটির উপরের জল যেমন পুষ্করিণী খনন, খাল-বিল খনন, সেচ নিকাশি ইত্যাদির মাধ্যমে আরও বেশি বেশি করে সেচ এলাকাকে বাড়ানো হচ্ছে। কারণ পশ্চিমবঙ্গ বামফ্রন্ট সরকারের মূল নীতিই হল কৃষি এবং কৃষকদের স্বার্থে বাজেটের সিংহভাগ বরাদ্দ করা। এই বাজেট বরাদ্দের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ খাদ্য উৎপাদনে প্রথম স্থান লাভ করেছে, সবজি উৎপাদনে প্রথম স্থান লাভ করেছে। আজকে বিরোধী বন্ধুরা বিরোধিতা করলেন, কাটমোশান আনছেন। নিশ্চয়ই তাঁরা আনবেন। যত বেশি কাটমোশান তাঁরা আনবেন, যত বেশি সেচে বরাদ্দ হবে তত বেশি করে গ্রামের কৃষকরা তাদের ভোট আমাদের দিয়ে জয়ী করবেন। ওঁদের আমলে সেচের চিত্রটা যদি দেখি তাহলে দেখবো ১৯৭৭ সালের আগে ২৬ পারসেন্ট জমি সেচের আওতায় ছিল। ক্ষুদ্র ও বৃহৎ সেচ মিলিয়ে ২৬ পারসেন্ট ছিল। আজকে পশ্চিমবঙ্গে ক্ষুদ্র, মাঝারি এবং বৃহৎ সেচের মাধ্যমে ৬৫ শতাংশ

জমি সেচের আওতায় আনা সম্ভব হয়েছে। আগামী ২০০৭ সাল পর্যন্ত ৭৫ শতাংশ জমিকে সেচের আওতায় আনবে বলে সরকার ঘোষণা করেছেন। সেই নীতিকে সামনে রেখে ক্ষুদ্র সেচ প্রকল্প বা আমাদের জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তর তারা তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে এবং মাননীয় মন্ত্রীও তাঁর ভূমিকা পালন করে চলেছেন। ওদের আমলে শুধু ছিল ডিপটিউবওয়েল, স্যালো টিউবওয়েল, আর.এল.আই.। ১৯৭৭ সালে এর সংখ্যা ছিল ৮১৭৪টি। আজকে ২০০২ সালে উচ্চ ক্ষমতাসম্পন্ন, মধ্য ক্ষমতাসম্পন্ন এবং নিম্ন ক্ষমতাসম্পন্ন ডিপটিউবওয়েল, মিনি ডিপটিউবওয়েল, স্যালো টিউবওয়েল, আর.এল.আই .....

[3.45—3.55 p.m.]

স্যালো টিউবওয়েল এবং ওপেন ডাগওয়েলের মাধ্যমে প্রায় ২৯ হাজার প্রকল্প রূপায়িত হয়েছে এবং আগামী দিনে আরো প্রকল্প রূপায়িত হবে। এই কর্মসূচি রূপায়িত করার সাথে সাথে বিনীতভাবে অনুরোধ করব পশ্চিম-মেদিনীপুর জেলা খরাপ্রবণ এলাকা এবং চাষীকে আকাশের দিকে তাকিয়ে থাকতে হয়। সেখানে আরো সতর্কতার সঙ্গে মাটির তলা এবং উপরের জল কিভাবে ব্যবহার করা যায় এবং এক ফসলি চাষে জল পৌঁছে দেওয়া যায় সেটা দেখা দরকার। উচ্চ ক্ষমতাসম্পন্ন ডিজেল চালিত যে ডিপ টিউবওয়েল আছে তাতে কৃষকদের লাভ হচ্ছে না। এটা দেখা দরকার। আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মেহবুব মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় জলসম্পদ উন্নয়ন ও অনুসন্ধান বিভাগের মন্ত্রী মহাশয়ের আনীত ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন করে দু-একটা কথা বলছি। আজকে আমাদের বিরোধী দলের বন্ধুরা প্রকৃতপক্ষে যা বলেছেন, সমর্থনই করেছেন, করে কিছু সাজেশন দিয়েছেন। আমাদের পশ্চিমবঙ্গে যে সেচ হয় প্রান্তিক চাষী এবং বড় চাষী মিলিয়ে মোট ৮০ শতাংশ সেচই ক্ষুদ্র সেচের মাধ্যমে হয়। এবং এর মাধ্যমে তারা উপকৃত হয়ে থাকে। আমরা দেখছি উচ্চ, মধ্য এবং নিম্নক্ষমতা সম্পন্ন অগভীর যে নলকূপ আছে এবং নীচের জল উত্তোলনের প্রকল্প আছে তার সাহায্যে এই চাষ হয়ে থাকে। এই রাজ্যে ক্ষুদ্র সেচের জন্য জলসেচ যোগ্য জমির পরিমাণ ৪৪ লক্ষ ৩৪ হাজার হেক্টর। আমরা এর মধ্যে দেখতে পাচ্ছি ৩১ লক্ষ ৩৪ হাজার হেক্টর ভূগর্ভস্থ জল যার দ্বারা সেচ হয় এবং ১৩ লক্ষ হেক্টর ভূপৃষ্ঠের জল যার দ্বারা হয়ে থাকে। ভূগর্ভস্থ যে জল আছে সেটা জানি। এছাড়াও, আমরা দেখতে পাচ্ছি, ১৯৮২ সালে অগভীর নলকূপ ছিল ১ লক্ষ ৫৫ হাজার ৬২১। ১৯৯৪ সালে তা বেড়ে দাঁড়াল ৫ লক্ষ ৪ হাজার ৬৩৮। আমরা দেখছি ১২,২৬০টা ক্ষুদ্র সেচ প্রকল্প যেটা আছে, সেগুলো গ্রাম-গঞ্জের সমিতির মাধ্যমে পরিচালিত হচ্ছে এবং কিছু বেকারের কর্মসংস্থান হয়েছে। এবং সাথে সাথে সমিতির মাধ্যমে পরিচালিত হওয়ার মধ্যে দিয়ে জলকর আদায় করা হচ্ছে এবং সামগ্রিকভাবে চাষের ক্ষেত্রে উৎসাহ বেড়ে গেছে। এই ধরনের প্রচেষ্টা মন্ত্রী মহাশয় করেছেন। তবে একটা অসুবিধা আছে। ভূগর্ভস্থ জলের বেশির ভাগই আমরা ব্যবহার করছি। বর্ষার জলের এক ভাগ বাষ্প আকারে চলে যায় এবং এক ভাগ মাটির তলায় গিয়ে উপরের অংশে জমা হয় এবং বাকিটা তার নীচে চলে যায়। সেটাই হচ্ছে ভূগর্ভস্থ জল। এই

গ্রাউন্ডওয়াটারের ক্ষেত্রে একটা সমস্যা আছে। আমরা গ্রাউন্ড ওয়াটার যত খুশি ব্যবহার করব কিনা সেটা ভেবে দেখতে হবে।

এই ব্যবহার করার ক্ষেত্রে, চাষের ক্ষেত্রে সেচের জন্য যে প্রয়োজন সেই প্রয়োজনে আমরা জল উত্তোলন করবো। সঙ্গে সঙ্গে আর্সেনিক এবং ফ্লোরাইডের যে সমস্যা আছে—বিভিন্ন ক্ষেত্রে—সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকার আর্সেনিক প্রকল্পে সাহায্যের ক্ষেত্রে বাধা দিচ্ছে, তারা নতুন নতুন প্রকল্প করছে না—এই দ্বিমুখী সমস্যা চাষের ক্ষেত্রে হচ্ছে। ফলে আর্সেনিকের প্রাদুর্ভাব হবে। এক্ষেত্রে বিভিন্ন এলাকাকে যদিও আমাদের রাজ্যে জলসম্পদ অনুসন্ধান দপ্তর এবং কেন্দ্রীয় ভূতল জল পরিষদ যৌথভাবে ভারত সরকারের গ্রাউন্ড ওয়াটার এস্টিমেশন কমিটি ১৯৮৪ সালে ডার্ক, গ্রে এবং হোয়াইট হিসেবে চিহ্নিত করে সেখানে ব্যবস্থা গ্রহণ করেছেন। কিন্তু ১৯৯৭ সালে সেই নিয়ম পরিবর্তন করেছে গ্রাউন্ড ওয়াটার এস্টিমেশন কমিটি। তাতে বলেছে যে, ওয়াটার ওভার এক্সপ্লয়েটেড—ক্রিটিকাল, সেমি ক্রিটিকাল এবং সেফ্—এভাবে বিভিন্ন এলাকায় চিহ্নিতকরণের কথা বলেছেন। কিন্তু আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বলি যে, এই ধরনের এলাকা চিহ্নিতকরণ এখনও পর্যন্ত পশ্চিমবঙ্গে হয়েছে কিনা সেটা আমাদের জানানোর জন্য অনুরোধ করছি এবং তার সঙ্গে সঙ্গে বলতে চাই, আমাদের ভূগর্ভস্থ জল যত খুশি উঠিয়ে নিতে পারি না। কারণ ভূগর্ভস্থ ওয়াটার লেভেল ক্রমশ সেখানে কমে যাচ্ছে—এটা আমরা দেখতে পাচ্ছি। সেক্ষেত্রে আপনি রিচার্জিং—ভূগর্ভস্থ জল তোলার ক্ষেত্রে, চাষ করার ক্ষেত্রে বিভিন্ন যে পর্যায় থাকলেও, আমরা দেখি ভূপৃষ্ঠের উপরে যে জল আছে এবং ভূগর্ভস্থ যে জল সেই জল অধিক না তোলার জন্য একটা বিল আপনি ২০০০ সালে পেশ করেছিলেন বিধানসভায়—ওয়েস্ট বেঙ্গল ওয়াটার রিসোর্স, কনজারভেশন, প্রোটেকশন অ্যান্ড ডেভেলপমেন্ট রেগুলেশন বিল—এই বিলে আপনি সচেষ্ট হয়েছিলেন মাননীয় মন্ত্রী মহাশয় আপনি সচেষ্ট হয়েছিলেন যে, জল যত খুশি যেন উঠাতে না পারি। সেক্ষেত্রে বিল পেশ করেছিলেন, কিন্তু সেই বিল কার্যকরী করার ক্ষেত্রে কত দূর এগিয়ে আছি বা আটকাচ্ছে কোথায়, সেটা পরিষ্কারভাবে আপনার কাছ থেকে জানতে চাই। যেখানে রিচার্জিং-এর ব্যবস্থা অনেক কম, ভূগর্ভের উপরে যে জল জমবে, রিচার্জিং-এর ব্যবস্থা কিভাবে করবেন—সে ব্যাপারে আপনার দপ্তরকে আরও ইনিসিয়েটিভ নিতে হবে। আমাদের পশ্চিমবঙ্গে ১১ লক্ষর মতো পুকুর, খাল, বিল আছে। সেগুলোকে যদি ৩ ফুট করে খনন করেন এবং তার জন্য প্রয়োজন পঞ্চায়েত লেভেল যোগাযোগ করে যদি ৩ ফুট খনন করা যায় তাহলে পুকুর, খাল, বিলগুলোতে ক্যাপাসিটি বাড়ানো যাবে এবং সেখানে মৎস্য চাষ সম্ভব হবে। জল রিচার্জিং-এর করার ক্ষেত্রে ডিপার্টমেন্টের আরও উদ্যোগ নেওয়ার প্রয়োজন আছে। আমরা দেখতে পাচ্ছি, ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট ডিপার্টমেন্ট নামে একটা সরকারী দপ্তর ছিল, কিন্তু সেই ডিপার্টমেন্টের কার্যকারিতার ক্ষেত্রে উদ্যোগ নেওয়া উচিত। এটা একটা সমস্যা। জলসম্পদ ব্যবহারের ক্ষেত্রে এক একর ইনটু এক ইঞ্চি জলের দাম আগে ছিল ৫ টাকা, কিন্তু এখন তার দাম ১৭ টাকা করেছেন। ফলে এক একর বোরো চাষের জন্য আগে ২৪০ টাকা খরচ হত, কিন্তু এখন সেখানে খরচা হয় ৮১৬ টাকা। এখন চাষীরা ধানের দাম পাচ্ছেন না, আলুর দাম পাচ্ছেন না। চাষীরা আমাদের বলেছেন যে, তাঁরা এসবের দাম

পাচ্ছেন না। সেক্ষেত্রে ৫ টাকা থেকে বৃদ্ধি করে ১৭ টাকা করেছেন। কৃষক সভা থেকে আমরা দাবি রাখছি—আমাদের যে কৃষক সংগঠন এবং অন্যান্য কৃষক সংগঠনের সঙ্গে আলোচনা করুন যে, এই দাম বাড়ানোটা কতখানি ন্যায়সঙ্গত হবে সে বিষয়ে আলোচনা করুন এবং এই যে ৫ টাকা বৃদ্ধি করে ১৭ টাকা করেছেন—এটাকে যাতে ১৭ টাকা থেকে কমানো যায়, তার জন্য আমি আবেদন রাখছি এবং এক্ষেত্রে আপনি উদ্যোগ গ্রহণ করবেন বলে আশা রাখছি। জলসম্পদের ক্ষেত্রে বিভিন্ন জায়গায় বিভিন্ন নদী বিক্রি করার চেষ্টা হচ্ছে। যেমন—মধ্যপ্রদেশে মহানদীর উপনদী শিবনদী বিক্রি করার চেষ্টা হচ্ছে, দক্ষিণ ভারতে ভবানী নদীকে বিক্রি করে দেওয়া হয়েছে।

[3.55—4.05 p.m.]

নদীর জলকে রিভার লিফটিং ব্যবস্থার মধ্যে দিয়ে যাতে সেচের কাজে আরো বেশি ব্যবহার করা যায় তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে উদ্যোগী হতে অনুরোধ করছি। নদীর গতিপথ পরিবর্তনের মধ্যে দিয়ে অনেক ইরিগেটেড এরিয়া নন্—ইরিগেটেড এরিয়ায় পর্যবসিত হয়ে যাচ্ছে। দামোদরের ক্ষেত্রে এই জিনিস আমরা দেখতে পাচ্ছি। সে জন্য আপনার কাছে আমার অনুরোধ আপনি নন্-ইরিগেটেড এরিয়াকে ইরিগেটেড করার চেষ্টা করুন। এই কয়েকটি অনুরোধ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রেখে, বাজেটকে আর একবার সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী মহবুল হক (বাদল) : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী নন্দগোপাল ভট্টাচার্য মহাশয় ২০০৩-২০০৪ সালের ৫৫ নং অভিযাচনের অধীন জল-সম্পদ এবং অনুসন্ধান বিভাগের যে ব্যয়-বরাদ্দের দাবি এনেছেন তাকে আমি সমর্থন করতে পারছি না। তবে মন্ত্রী মহাশয়ের করুণ অবস্থা দেখে আমার দুঃখ হচ্ছে। যদিও তিনি তাঁর বাজেট ভাষণের মধ্যে অনেক বড় বড় কথা বলেছেন—ক্ষুদ্র চাষী প্রান্তিক চাষী, ক্ষুদ্র সেচ ব্যবস্থা, মাঝারি সেচ ব্যবস্থা ইত্যাদি। অথচ আমরা প্রতি বছরই লক্ষ্য করছি এখান থেকে ব্যয়-বরাদ্দ পাশ করিয়ে নিয়ে যাবার পরেও অর্থমন্ত্রীর কাছ থেকে ছাড় না পেলে তিনি কিছুই করতে পারেন না। তাঁর কান্না-কাটি এবং অসহায় অবস্থা দেখে তাঁর প্রতি আমরা সহানুভূতিবোধ করি। আমরা দীর্ঘদিন ধরে একটা কথাই শুনে আসছি, 'সীমিত ক্ষমতা।' এখন আবার বলা হচ্ছে, 'সীমিত ক্ষমতা নিয়েও বামফ্রন্ট এগিয়ে চলেছে—উন্নত বামফ্রন্ট।' স্লোগানটা ভালই, আপনারা উন্নত বামফ্রন্ট করতে চান। অথচ আমরা জানি আমাদের বিরোধী দলের কাট মোশানগুলির একটাও আপনারা মানবেন না, সব নাকচ করে দেবেন। এটাই রেওয়াজ। কিন্তু আমরা মনে করি ডেমোক্রেসিতে অপোজিশনের সাজেশনের একটা মূল্য আছে, গুরুত্ব আছে। অপোজিশন শুধুমাত্র সরকারকে বিপাকে ফেলার জন্য সমালোচনা করে না, অনেক ভাল সাজেশনও দেয়। কিন্তু আপনার অপোজিশনের কোন সাজেশনকেই গুরুত্ব দেন না। আপনাদের মানসিকতা হচ্ছে, যেহেতু অপেজিশন বলেছে সেহেতু তা নাকচ করতে হবে। এরপর আর আপনাদের কাছে আমরা কি আশা করব? তথাপি আপনার যখন উন্নত বামফ্রন্টের স্লোগান দিয়েছেন তখন অপোজিশন কিছু কিছু ভাল সাজেশন জনস্বার্থে, কৃষকদের স্বার্থে, পশ্চিমবাংলার গরিব মানুষদের স্বার্থে যদি দেয় তাহলে তা গ্রহণ করা উচিত

বলে আমি মনে করি। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট ভাষণের ২.২ এবং ২.৫ নং প্যারায় বলেছেন, "ক্ষুদ্র ও প্রান্তিক চাষী যারা মোট চাষীদের মধ্যে সংখ্যাধিক এবং পশ্চিমবঙ্গের চাষযোগ্য জমির বেশির ভাগ তাঁরাই চাষবাস করেন, তাঁদের কিন্তু ব্যক্তিগত বিনিয়োগের দ্বারা নিজস্ব সেচ প্রকল্প রূপায়ণ করার সাধ্য নেই।" তারপর বলেছেন, "সেচ প্রকল্প পরিচালনায় জনগণের অংশীদারীরূপে অংশগ্রহণের নীতি পশ্চিমবঙ্গের রাজ্যে সরকারী ক্ষুদ্র সেচপ্রকল্পগুলির ক্ষেত্রে অত্যন্ত সফলতা প্রয়োগ করা সম্ভব হয়েছে। সকল প্রকার ক্ষুদ্র সেচ প্রকল্প রূপায়ণের সঙ্গে সঙ্গে সেগুলিকে তাদের পরিকাঠামোসহ উপভোক্তা সদস্যদের সমিতির হাতে চালনা ও রক্ষণাবেক্ষণের জন্যে হস্তান্তরিত হয়ে থাকে অবশ্যই পঞ্চায়েতের মাধ্যমে।" ইত্যাদি অনেক বড় বড় কথা বলেছেন। এ বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বিনীতভাবে একটা আবেদন রাখছি, নিশ্চয়ই তিনি জবাবী ভাষণের সময় উত্তর দেবেন। আপনি যে সব উপভোক্তা কমিটি গঠন করছেন এগুলি সবই আমরা দেখছি রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে গঠন করা হচ্ছে। একটাও রাজনৈতিক দৃষ্টিভঙ্গিমুক্ত নয়। আমার এলাকায়, মালদা জেলায়, মালদা জেলার চাঁচল ১নং পঞ্চায়েত সমিতির অধীন গোপালপুরের একজন স্থায়ী কৃষকের জমিতে ডিপ টিউবওয়েল বসানো হল। তারপর সেখানে উপভোক্তা কমিটি গঠিত হল, যে লোকটা ১০ বিঘে জমি দান করলো তাকে সেই কমিটিতে নেয়া হল না। সে বার বার বলা সত্ত্বেও তাকে নেয়া হল না। সে বললো, 'আমি জমি দান করেছি, আমার জমিতে ডিপ টিউবওয়েল বসলো, আমাকে কমিটিতে রাখা হোক।' কেউ তার কথা শুনলো না, তাকে কমিটিতে রাখা হল না। সম্পূর্ণ সংকীর্ণ রাজনৈতিক দৃষ্টিভঙ্গির পরিপ্রেক্ষিতে কমিটি গঠিত হ'ল। মাননীয় মন্ত্রী মহাশয়, এই পবিত্র বিধানসভায় দাঁড়িয়ে আমি মিথ্যা বলতে পারি না, আপনার যদি আমার কথা মিথ্যা মনে হয় তাহলে আপনি নিজে খোঁজ করে দেখুন। আপনি যাঁদের মাধ্যমে রিপোর্ট পাচ্ছেন, তাঁরা সঠিক চিত্র আপনাকে দিচ্ছে না। আপনি ক্ষুদ্র সেচকে এগিয়ে নিয়ে যাবার জন্য যে সমস্ত সাইট সিলেকশন করেন—আপনি এর আগে প্রশ্নোত্তর পর্বে বললেন, জেলা পরিষদ সাইট সিলেকশন করে—আমি প্রশ্ন রাখতে চাই, জেলা পরিষদের টেক্‌নিক্যাল হ্যান্ড আছে কিনা? ভূগর্ভস্থ জলের স্তর কোথায় কি আছে এবং নলকূপ একটা খনন করলে জল ঠিকমত পাওয়া যাবে কিনা তারজন্য জেলা পরিষদের টেক্‌নিক্যাল হ্যান্ড এই ব্যাপারে কাজ করছে কিনা, সে ব্যাপারে আপনি চিন্তা-ভাবনা করবেন। এ ছাড়া সেচের সঙ্গে আরো অন্যান্য দপ্তর জড়িত আছে। এর সঙ্গে কৃষি দপ্তর জড়িত। আপনি সেচ কোথায় করবেন? নিশ্চয়ই কৃষিজমিতে করবেন। সেই কৃষি দপ্তরের কোথায় কোথায় জলের দরকার সে ব্যাপারে কৃষি বিভাগের সঙ্গে আপনার সমন্বয় থাকা উচিত, মত বিনিময় হওয়া উচিত। এ ছাড়া বিদ্যুৎ দপ্তরের সঙ্গেও সমন্বয় থাকা দরকার। আপনি এই যে ডিপ-টিউবওয়েল, হাই পাওয়ার ডিপ-টিউবওয়েল কিংবা মিনি ডিপ-টিউবওয়েল করলেন, এর সঙ্গে বিদ্যুৎ দপ্তরের সঙ্গে যোগ থাকা দরকার। বিদ্যুৎ যদি না দেয় তাহলে আপনি কখনও সাক্‌সেসফুল হতে পারবেন না। তার সাথে সাথে রেজ্জাক সাহেবের জমিও দরকার। শুধু ফসল উৎপাদন করলেই হবে না, এরজন্য দরকার মার্কেটিং-এর ব্যবস্থা। তার সাথে পরিবহণ ব্যবস্থাও থাকা দরকার। আজকে কৃষিক্ষেত্রে যে ধান উৎপাদন করা হয়—এখানে সরকার পক্ষের সদস্যরা বললেন প্রচুর ধান

উৎপাদন হয়েছে—হ্যাঁ, নিশ্চয়ই উৎপাদন বেড়েছে, কিন্তু উৎপাদন বাড়ার সঙ্গে সঙ্গেই এলাকার চাষীদের কি হাল হয়েছে তা আমরা সহজেই অনুমান করতে পারছি। আজকে এখানে কৃষি নিয়ে অনেকেই চিৎকার করছেন, ধানের উৎপাদন বাড়লেও বিক্রয়মূল্য এতো কমে গেল যে চাষীরা মাথায় হাত দিয়ে বসেছে। আমরা এখানে গলা ফাটালাম, আপনারাও চিৎকার করলেন, শেষ পর্যন্ত সরকার রাজি হল ধান কিনতে। যে রেট বেঁধে দেওয়া হল সেই রেটে চাষীরা ধান বেচবেন। কিন্তু কারা কিনলো? মিল মালিকরা যে এরিয়ায় ধান কেনার কথা সেই এরিয়ায় না কিনে অন্য এরিয়া থেকে কম দামে ধান কিনে সরকারের কাছে বিক্রি করে কোটি-কোটি টাকা লাভ করলো। আপনার উদ্দেশ্য মহৎ, কিন্তু আপনারা চক্রের মধ্যে পড়ে যাচ্ছেন। যদি নজরদারি না রাখা হয় তাহলে সমস্ত চেষ্টা ব্যর্থ হবে বলে আমি মনে করি। আমি খুশি হয়েছিলাম, কিছুদিন আগে আপনি মালদায় রাজ্যের আম উৎসবে গিয়েছিলেন। আমি আপনাকে অনুরোধ করেছিলাম, আমচাষীদের স্বার্থে আধুনিক প্রযুক্তি কাজে লাগিয়ে সেচ ব্যবস্থার জন্য বাজেটে প্রভিশন রাখুন। কিন্তু বাজেটে কোথাও সেটা দেখলাম না। এই আম আবার চায়নায় যাবে শুনছি। আমাদের ওখানে রেশম হয়। আন্তর্জাতিক বাজারে মালদার রেশমের অনেক নাম আছে। সেখানে যদি সেচের ব্যবস্থা থাকে, তার জন্য বাজেট প্রভিশন রাখা উচিত বলে আমি মনে করি। সেইজন্য দয়া করে আমার সাজেশনগুলি গ্রহণ করলে আমি বাধিত হবো। আপনি যা বলেন এবং চিন্তা করেন তা বাস্তবায়িত হবে বলে আমি আশা করি এবং ভরসা রাখি। আপনি ভয় দেখিয়েছেন, আমরা আতঙ্কিত যে ভূগর্ভস্থ জলের স্তর নেমে যাচ্ছে। একদিন শেষ হয়ে যাবে। কিন্তু বৃষ্টির জল ধরে রাখার জন্য যে পরিকাঠামো দরকার আমি সবিনয়ে জানতে চাই—পশ্চিমবাংলার কোন্ কোন্ জেলায় কতগুলি রিজারভার আপনি করেছেন এবং কত জল ধরে রাখার ব্যবস্থা আপনি করতে পেরেছেন—জবাবী ভাষণে নিশ্চয়ই আপনি বলবেন? আমি বাঁকুড়া জেলায় গিয়েছিলাম। সেখানে দেখলাম, শুশুনিয়া পাহাড় বেয়ে জল বয়ে যাচ্ছে, কোথায় যাচ্ছে জানি না। এক্ষেত্রে আপনার একটা ইনকাম সোর্স হতে পারতো যদি আপনি এই পিউরিফায়েড জল বোতলে ভর্তি করে ব্যবসা করতে পারতেন। এই মিনারেল ওয়াটার পশ্চিমবঙ্গে এবং পশ্চিমবঙ্গের বাইরে যদি বিক্রি করতে পারেন তাহলে বিরাট অঙ্কের টাকা আপনার লাভ হবে। আপনার এই সীমিত বাজেটে আরো বেশি আর্ন করতে পারতেন। কাগজে দেখলাম, কিছুদিন আগে কেন্দ্রীয় সরকার কিছু টাকা অনুদান দিয়েছে। অথচ আপনারা বলছেন টাকা নেই। আসলে আপনারা দেউলিয়া করে দিয়েছেন।

[4.05—4.15 p.m.]

আজকে বলছেন টাকা নেই অসহায় অবস্থা, ভিখারির মতন হাত পাততে হচ্ছে অথচ আমরা শুনছি হরিয়ালি প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের দেয়া ২ কোটি টাকা আপনি খরচ করতে পারেননি। সবুজ বর্ণ ফসল ফলানোর জন্য আপনাকে যে দু' কোটি টাকা দেওয়া হয়েছিল সেটা আপনি খরচ করতে পারলেন না। আমাদের মালদহ জেলাতে ছোটছোট কয়েকটি শিল্প

আছে সেই সমস্ত শিল্পের বর্জ্য পদার্থ নারায়ণপুরে বেহুলা নদীতে পড়ছে, ফলে সেখানে ৬শো মৎস্যজীবী পরিবার ক্ষতিগ্রস্ত হচ্ছে। নিশ্চয় আপনি এটা দেখেছেন, এটা কি করা যায় আশা করি সেটা আপনি বলবেন। ওয়াটার ইনভেস্টিগেশান ডিপার্টমেন্টকে নিয়ে আমাদের এখানে যে কমিটি আছে তার রিপোর্টে দেখছি লেখা হয়েছে, "The Committee is satisfied with the performance of the WRDD during the last year. To complete the on-going projects and to start the new schemes, the Directorate (WRDD) requires more allotment whereas the budget provision for plan outlay for this curent financial yer is only Rs. 246.15 lakh which is Rs. 1723.85 lakh less than that of previous year.

এই যদি অবস্থা হয় তাহলে কেমন করে আপনি এগিয়ে যাবেন? আপনি যে অসহায়তার কথা বলেছেন সেই কথাই এই রির্পোটে আমরা দেখছি। অতএব এগিয়ে যাওয়ার যে প্রতিশ্রুতি আপনি দিয়েছেন, সেটা আপনি পারবেন না। তারপর আমরা দেখছি তিস্তা প্রোজেক্ট নিয়ে আপনি অনেক কথা বলেছেন কিন্তু তিস্তা প্রোজেক্টের অবস্থা যা তা নিয়ে আর কিছু না বলাই ভাল। আপনি আর.আই.ডি.এফ. ২/৩/৫/৭/৯এর কথা বলেছেন। আপনি দুই থেকে শুরু করেছেন কারণ সেটা আপনি সম্পূর্ণ কার্যে পরিণত করতে পারেননি। কাজেই কাজের অগ্রগতি যদি ঠিক সময়মতো না হয়, টাকা যদি ঠিক সময়মতো খরচ না হয় তাহলে সত্যিকারের সুফল আশা করা যায় না। পরিশেষে আমি কয়েকটা সাজেশান রাখবো। প্রত্যেক ব্লকে ব্লকওয়াইজ সেচের ব্যবস্থা করতে হবে। সেখানে সমন্বয় কমিটি করতে হবে ও টেকনিক্যাল হ্যান্ড নিয়োগ করতে হবে। আপনাদের রাজনৈতিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন করতে হবে। সঠিকভাবে ভূগর্ভস্থ জলের অনুসন্ধান করতে হবে। জলকর কমাতে হবে। রিজারভার তৈরি করতে হবে। প্রোজেক্টগুলি নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। মনিটারিং-এর ব্যবস্থা ঠিকমতন রাখতে হবে। স্লুলগেটগুলি ঠিকমতন মেরামত করতে হবে। এখানে রির্পোটে আছে, "The department should take appropriate steps so that sufficient number of schemes may get sanctioned for each and every districts of the State. The department should also take initiative so that rest of the already submitted schemes may be included in RIDF IX". এ দিকে আপনাকে দৃষ্টি দিতে হবে। আপনার অসহায় অবস্থা দেখে এই বাজেটকে আমি সমর্থন করতে পারলাম না, বাজেটের বিরোধিতা করে, কাট মোশানগুলি সমর্থন করে শেষ করছি।

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের জলসম্পদ উন্নয়ন দপ্তরের মন্ত্রী মাননীয় নন্দগোপাল ভট্টাচার্য মহাশয় ৫৫ নম্বর দাবি অধীন যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে সমর্থন করে অল্প কথায় কিছু বলছি। বামফ্রন্ট সরকারের যে কৃষি নীতি সেটা প্রথম ধাপ হলো ভূমিসংস্কার। এই ভূমিসংস্কারের পরেই

হল জমি চাষ সঠিক পদ্ধতিতে করা। এই জমি চাষের মূল উপকরণ হল জল বীজ এবং সার। আজকে ভূমিসংস্কারের ফলে চাষীদের হাতে জমি এসেছে। শুধু জমি দিলেই হবে না, জমি চাষ করার জন্য প্রথমেই দরকার হলো জল। সেই দিকে লক্ষ্য রেখেই সমস্ত রকম কার্যক্রম করা হয়েছে। পশ্চিমবাংলার ২৬ বছরের সুফল হল সেচ ব্যবস্থার মাধ্যমে চাষীরা বেশি ফসল ফলিয়েছে এবং তারা সেটা বিক্রি করে টাকা পেয়েছে। ফলে গ্রামাঞ্চলে শিক্ষা স্বাস্থ্য সমস্ত জায়গায় মানুষ উন্নয়নের দিকে এগিয়েছে। গ্রামে এটা ভীষণভাবে পরিলক্ষিত হচ্ছে। পশ্চিমবাংলায় যে সেচ ব্যবস্থা সেই সেচ ব্যবস্থাকে মূলত ৪ ভাগে ভাগ করতে পারি। প্রথম হচ্ছে ডিপ টিউবওয়েল, আর, এল. আই, তার সঙ্গে যুক্ত আছে হ্যাণ্ড পাম্প, স্যানো টিউবওয়েল। তারপর আছে বৃহৎ সেচ এবং সেই সঙ্গে যে প্রাকৃতি সম্পদ আছে, নদী নালা খাল বিল পুষ্করিনী। মূল বিষয় হচ্ছে বিজ্ঞানভিত্তিক কিভাবে সেচ ব্যবস্থাকে মানুষের কাজে লাগানো যায়। সেই দিকে লক্ষ্য রেখে আজকে বিভিন্ন ধরনের প্রোগ্রাম সেচ দপ্তর নিয়েছে। সেই প্রোগ্রামের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা রেখেছে ক্ষুদ্র সেচ দপ্তর, সেটা হল ৪৪ লক্ষ হাজার হেক্টর। তার মধ্যে ৩১ লক্ষ ৩৪ হাজার হেক্টর ভূগর্ভস্থ জলের মাধ্যমে এবং ১৩ লক্ষ হেক্টর ভূপৃষ্ঠস্থ জলের ব্যবহার করে। এই বিষয়ে একটা রিপোর্ট ভারত সরকার তার আদমসুমারি করেছে। সেই রিপোর্ট দেখলে বোঝা যাবে কতটা কভার আপ করতে পেরেছি। ইতিমধ্যে আমরা জানি রিপোর্টে আছে প্রায় ৩৫-৩৬ লক্ষ হেক্টর সেচসেবিত করা গেছে। ডিপটিউবওয়েল বা স্যালো. টিউবওয়েল এবং হ্যান্ড টিউবওয়েল, এদের মাধ্যমে ভূগর্ভস্থ জল উত্তোলন হচ্ছে। এর ফলে একটা সংকট দেখা দিয়েছে। আর্সেনিক হচ্ছে ফ্লোরাইড হচ্ছে। ফলে একটা নূতন চিন্তা-ভাবনা করা হচ্ছে কিভাবে ভূগর্ভস্থ জলের ব্যবহার কমিয়ে সেচ ব্যবস্থার উন্নতি করা যায়। এটা যদি না করা যায়, তাহলে আর্সেনিকের বিপদ আসবে। জলকে রিচার্জিং করে, সংরক্ষণের ব্যবস্থা করে রিচার্জিং করার দিকে দপ্তর চিন্তাভাবনা করছে। কিন্তু এই সমস্ত প্রশ্নে দরকার একটা বিজ্ঞানভিত্তিক সমন্বয়, একটা প্লান দরকার, না হলে এটা করা যাবে না, যতই চিন্তাভাবনা করা হোক না কেন। এই ব্যাপারে যে রকম টাকার দরকার তার সঙ্গে দরকার একটা জলনীতি। এটা সারা ভারতবর্ষের ব্যাপার, শুধু পশ্চিমবাংলার ব্যাপার নয়। কেন্দ্রীয় সরকারের এই যাবৎ কোন জলনীতি ঠিক হয়নি। একটা নদীভিত্তিক নীতি ঠিক হয়নি। নদী থেকে জল কিভাবে ব্যবহার হবে সেটা ঠিক হয়নি। গঙ্গার জল বিভিন্ন জায়গায় বিভিন্নভাবে ব্যবহার করা হচ্ছে। যারা যত কাছে আছে যারা যত উৎস মুখে আছে, সে উত্তর প্রদেশ থেকে আরম্ভ করে বিভিন্ন জায়গায় গঙ্গার বাঁধ দিয়ে দিয়ে গঙ্গাকে শেষ করে দিয়েছে। বিভিন্ন রকম অবৈজ্ঞানিক পরিকল্পনা নেওয়া হয়েছে। সরকারের একটা জলনীতি থাকা দরকার। ভূগর্ভস্থ জলের ব্যবহার কমিয়ে কিভাবে চাষ করা যায় সেটা ভাবার দরকার আছে। আর্সেনিকজনিত বিপদ থেকে রক্ষা পেতে গেলে এটা ভাবতে হবে। আমাদের যে প্রাকৃতিক সম্পদ আছে নদী খাল বিল নালা পুষ্করিণী, এদের জল ব্যবহার করে চাষ করার দরকার আছে।

[4.15–4.25 p.m.]

আর যে জায়গায় খাল-বিল নেই সেখানে রিজার্ভার তৈরি করতে হবে। আমাদের এই

দপ্তরের যেটা বিপদ, ছোটবড় মিলিয়ে অনেক ডিপ টিউবওয়েল খারাপ হয়ে আছে। ৩,২১৫টি উচ্চক্ষমতাসম্পন্ন ডিপ-টিউবওয়েল, তার সঙ্গে আরও ৪৮০টি ডিপ-টিউবএয়েল, ৫১৭টি মাঝারি ক্ষমতাসম্পন্ন এবং ৩,১৭৮টি নিম্নক্ষমতাসম্পন্ন মোট ডিপ-টিউবওয়েল যা আছে, দেখা গেছে সব মিলিয়ে প্রায় ২৫০ ডিপটিউবওয়েল খরাপ হয়ে আছে দেখা যাচ্ছে, কোথাও জল উঠছে না, কোথাও বা ঘোলা জল উঠছে। আমার এলাকায় আর.এল.আই., ডিপটিউবওয়েল খারাপ হয়ে আছে প্রায় ২০টি। দপ্তরকে চিঠি দিলে তার কোন উত্তর পাওয়া যায় না। আপনাকে আমরা চিঠি দিলাম, আপনি তা আপনার সেক্রেটারিকে দিলেন, সেখান থেকে কোন উত্তর পাওয়া যায় না। আমরত্রা ওখানে পানিঘাটা ১২ নং যে ডিপটিউবওয়েল আছে, সেটি দীর্ঘদিন ধরে খারাপ হয়ে গেছে। এর জন্য ডিপার্টমেন্ট কি করল তা আমরা জানেত পারছি না। আপনি জল বণ্টনের জন্য যে কমিটি করেছেন, সেখানে কোন এম.এল.এ.-কে রাখেননি। জন বণ্টন কমিটিতে এম.এল.এ-দের রাখার জন্য আমি আপনাকে অনুরোধ জানাই। আপনি বারো হাজার সামথিং উপভোক্তা কমিটি করেছেন, যেখানে চাষীরা ইলেকট্রিক বিল দেবে, চাষীদের কাছ থেকে তারা টাকা কালেক্ট করবে। এই উপভোক্তা কমিটিতে আপনি এম.এল.এ.-দের রাখেননি। আমার ওখানে তো এম.এল.এ.-কে রাখেন নি। এই বিষয়ে নির্দিষ্ট একটা নীতি থাকা উচিত। জেলা পরিষদে ৮০ কোটি টাকা অব্যবহৃত অবস্থায় পড়ে আছে আমার ওখানে। এইক্ষেত্রে আপনাকে বিশেষভাবে দেখার জন্য অনুরোধ করছি। এই কয়েকটি কথা বলে বাজেট প্রস্তাবকে সমর্থন করে এবং ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের বাজেটকে সমর্থন জানাই এবং বিরোধিদের আনা কাট মোশানের বিরোধিতা করছি। আমরা সবাই জানি যে, সেচের ব্যাপারে ক্ষুদ্রসেচ দপ্তর একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। প্রায় ৪১ লক্ষ ৩৪ হাজার হেক্টর জমিকে সেচের আওতায় আনা হয়েছে। আরও কাজ যা এই দপ্তর করতে পারতো তা অর্থের অভাবে করতে পারছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি গোচরে আনতে চাই, মেদিনীপুরে শালবনী থেকে কলাইচণ্ডী পর্যন্ত যে খাল গেছে, এই খালটি শালবনী থেকে পরবর্তী অংশ পর্যন্ত সংস্কার না হওয়ার জন্য বহু জায়গায় প্লাবিত হচ্ছে এবং বহু মানুষের ঘরবাড়ি নষ্ট হচ্ছে। নিষ্কাষণ সম্পর্কে আপনার একটা যে ধারা আছে, চাষের জমিতে জল স্ট্যাগন্যান্ট হয়ে গেলে খালের জলে, সেই খালকে সংস্কার করতে হবে এটা বলা আছে। আমি খালটিকে সংস্কারের জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি। আমার ওখানে ৭টি ব্লকে লবণাক্ত জল রয়েছে। সেই জলকে মিঠা জলে পরিণত করে কি ব্যবহার উপযোগী করা যায়, তার জন্য আপনাকে ভেবে দেখতে অনুরোধ জানাচ্ছি। মেদিনীপুরের নন্দীগ্রামে টেঙ্গুয়া খাল যেটি আছে, পাম্পসেটের মাধ্যমে ঐ খালের জল যদি চাষীদের দেওয়া যায় তাহলে তারা উপকৃত হবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এই খালটির দিকে নজর দিতে অনুরোধ জানাই। আপনি আপনার বিভাগ থেকে পলাশী-সেজুয়া, মেদিনীপুরের সদর ব্লকে দুটি নলকূপ করেছিলেন। পরীক্ষা করে দেখা গেছে সেখান থেকে তুলনামূলকভাবে কম জল উঠছে। আজকে দু-তিন বছর ধরে তা পড়ে আছে। সেটিকে মেরামত করে সেখান থেকে আপনি

চাষীদের যদি জল দিতে পারেন তাহলে চাষীরা তাদের জমিতে রবিশস্য চাষ করতে পারে। এইজন্য এই বিষয়ে আপনাকে ভেবে দেখতে বলবো। কারণ এই নলকূপ দুটি করতে কিছু টাকা খরচ হয়েছে। আপনার ধারাতেই রয়েছে যে, সেটা হস্তান্তর করতে পারে, সেটাকে পানীয় জল হিসাবে ব্যবহার করার জন্য করতে পারে। যদি পানীয় জল না করে রবি শস্যের জন্য সেই জল ব্যবহার করে তাহলে চাষীরা উপকৃত হবে। আমরা জানি ক্ষুদ্র সেচ দপ্তরের নানা ধরনের কাজের মধ্যে একটা কাজ হচ্ছে ট্যাঙ্ক ইমপ্রুভমেন্টের একটা দপ্তর রয়েছে। সেই দপ্তর থেকে এলাকার যে সমস্ত খাস পুকুর রয়েছে সেগুলো সংস্কার করে, সেখানে বর্ষার জল ধরে রাখতে পারে পারে। কারণ, আমাদের দেশের সর্বত্র সমহারে সব জায়গায় বৃষ্টি হয় না। কোথাও বেশি আবার কোথাও প্রয়োজনের তুলনায় বৃষ্টি হয় না। সেখানে ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট দপ্তরকে কাজে লাগিয়ে কিছুটা জল যদি ধরে রাখা যায় তাহলে চাষীদের উপকার হবে। বিশেষ করে রবি মরশুমে এই উপকার চাষীরা পাবে। আপনার কাছে যে কটি প্রস্তাব রেখেছি, সেগুলি যাতে কার্যকরী হয় এই আবেদন জানিয়ে বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কল্লোল খাঁ : স্যার, ২০০৩-০৪ সালের যে ৫৫ নং অভিযাচনে পশ্চিমবঙ্গের জলসম্পদ এবং উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট ভাষণ রেখেছেন এবং ব্যয় বরাদ্দর দাবি এনেছেন তার বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী তাঁর সমাজতান্ত্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে বাজেট ভাষণে ক্ষুদ্র সেচ দপ্তরের যে ব্যয়বরাদ্দ রেখেছেন তা অত্যন্ত সুন্দর এবং নাটকীয় বাজেট বলে আমি মনে করি। আপনি বলেছেন যে, কৃষিক্ষেত্রে উৎপাদন ও উৎপাদকতা বাড়বার ক্ষেত্রে ক্ষুদ্রসেচ ব্যবস্থা মুখ্য ভূমিকা গ্রহণ করে থাকে সারা বছরব্যাপী অধিক থেকে অধিকতর কৃষিজমিতে সুনিশ্চিত জলসেচ ব্যবস্থার মাধ্যমে। এর ফলে সেচসেবিত এলাকায় কেবলমাত্র যে শস্য উৎপাদন দ্বিগুণ বা তিনগুণ পর্যন্ত বর্ধিত হয়েছে তাই নয়, এর ফলে কৃষি ক্ষেত্রে বর্গাদার ভূমিহীন কৃষিশ্রমিক তথা ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সংবৎসরব্যাপী কর্মসংস্থানের ব্যবস্থা সুনিশ্চিত হয়েছে এবং এসব সম্ভব হয়েছে বৃহৎ সেচ প্রকল্পের তুলনায় হেক্টরপিছু তুলনামূলকভাবে স্বল্পতর বিনিয়োগের দ্বারা। মাননীয় মন্ত্রী তাঁর বাজেট ভাষণে বলেছেন যে, সারা বছর ধরে তিনি প্রান্তিক চাষী, ভূমিহীন কৃষক এবং বর্গাদারদের ক্ষেত্রে সারা বছর ধরে সেচের ব্যবস্থা নিয়েছেন। আমি বিরোধীদলের তরফ থেকে বলছি এই ভাষণের মধ্যে বৈষম্য দেখতে পাচ্ছি। স্যার, যে এলাকা সেচবিহীন কৃষি এলাকা, সেখানে সারা বছর ধরে ভূমিহীন কৃষক এবং শ্রমিকরা কাজ পায় না। আপনি নিজেও বলেছেন পশ্চিমবঙ্গের সর্বত্র জলসেচ ব্যবস্থার বিকাশ সমহারে হয়নি। কাজেই এখানেই একটা বৈষম্যমূলক আচরণ আমরা লক্ষ্য করছি এবং এর আমরা তীব্র বিরোধিতা করছি। তারপরে মাননীয় মন্ত্রী তাঁর বাজেট ভাষণে বলেছেন যে, ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের স্বার্থে বিভিন্ন সেচ এলাকায় গ্রামীণ অর্থনীতিকে উন্নত করার জন্য বিভিন্ন সমিতি যে করা হয়েছে সেচ এলাকায় সেই দৃষ্টিভঙ্গি অত্যন্ত ভাল। আপনারা ত্রিস্তর পঞ্চায়েতে যে ক্ষমতা দিয়েছেন জেলাপরিষদে রাজনৈতিক তারা প্রকৃত ক্ষমতার অধিকারী। গ্রামীণ সেচ এলাকায় ঠিক সেচের সুযোগ পায় না। তারপরে আপনি ২০৬ অনুচ্ছেদে বলেছেন প্রতি বছর এস সি পি ও টি এস পি খাতে তফশিলী ও আদিবাসীদের জনসংখ্যার সমানুপাতিক হারে আর্থিক বাজেট বরাদ্দের টাকা মঞ্জুর ও খরচ করা হয়ে থাকে।

[4.25–4.35 p.m.]

আমরা বিভিন্ন সময় দেখতে পাই আপনার চিন্তাভাবনা আছে অনুন্নত সম্প্রদায়ের মানুষেরা এবং তপশিলী জাতি-উপজাতি অংশের মানুষদের এলাকার উন্নয়নে, কৃষি ক্ষেত্রগুলো যাতে সেচের আওতায় আসে এবং তারা উৎপাদন বাড়াতে পারে তার জন্য আপনার এই উদ্যোগ প্রশংসনীয়। কিন্তু সেই অর্থ জেলাপরিষদগুলো সঠিকভাবে খরচ করছে না এবং ঐ অংশের মানুষদেরকে বঞ্চিত করা হচ্ছে। এই ব্যাপারে আপনি সঠিক দৃষ্টিভঙ্গি নেবেন এবং অনুন্নত শ্রেণির এলাকায় কৃষি উন্নয়ন যাতে হয় সেটা দেখবেন। যদিও ২০০৩-২০০৪ সালের বাজেট বরাদ্দ গত বছরের বরাদ্দের তুলনায় সরাসরি নিম্নগামিতা সূচিত হয়েছে, কিন্তু বাস্তবে ক্ষুদ্র সেচ প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে মোট আর্থিক সংস্থান গত বছরের তুলনায় অনেক বেশি। এই ক্ষেত্রে আমরা মনে করি যে সমন্বয়ের অভাব আছে। আপনার বাজেট ভাষণের ৩ নং অনুচ্ছেদে আপনি যে মিথ্যা ভাষণ দিয়েছেন আমরা তার বিরোধিতা করছি। বৃষ্টির জলে চয়ন ও সংরক্ষণের চিন্তাধারা সমৃদ্ধে আপনি যেটা বলেছেন সেটা নিশ্চয় অভিনন্দনযোগ্য, তার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। বৃষ্টির জলের চয়ন ও সংরক্ষণের ব্যাপারে আপনি যে বাজেট বরাদ্দ গতবার পেশ করেছিলেন সেখানে বলেছিলেন, কিন্তু সেটা বাস্তবে রূপায়ণ হয়নি। নদীয়া জেলা সহ সারা পশ্চিমবাংলায় এটা করতে পারলে কৃষিজীবীরা বাঁচবে। আর্থিক সঙ্কটের ভেতর দিয়েও অত্যন্ত সুন্দরভাবে বৈজ্ঞানিক পন্থায় কিভাবে এটার উন্নতি করা যায় সেটা আপনার বাজেট বক্তৃতায় আপনি রেখেছেন, তার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। কিন্তু বামফ্রন্ট সরকারের জমানায় এবং আপনার জীবদ্দশায় এই কাজ আপনি করতে পারবেন কিনা জানি না এবং আগামী দিনে আপনার দপ্তরে যিনি মন্ত্রী আসবেন, তিনিও এই কাজ করতে পারবেন কিনা সে বিষয়ে আমাদের সংশয় আছে। আর. আই. ডি. এফ-৫, এই কার্যক্রমের অধীনে ৪২.৫৬ কোটি টাকার অর্থমূল্যে গৃহীত ৮৭০টি ক্ষুদ্রসেচ প্রকল্পের কাজটা সাতটি জেলা পরিষদের মাধ্যমে ২০০০-২০০১ আর্থিক বছর থেকে গ্রহণ করা হয়েছে। এই কাজ রূপায়ণের জন্য সমস্ত অর্থ সংশ্লিষ্ট জেলা পরিষদগুলিকে দেওয়া হয়েছিল। এই প্রকল্পের সমস্ত কাজ আগামী ২০০৩-২০০৪ আর্থিক বছরে সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা যায়। আপনি নিচে স্বীকার করেছেন ২০০১-২০০২ সালের অর্থ ক্ষমতাসীন বামফ্রন্ট সরকারের জেলা পরিষদ সঠিকভাবে কাজ করতে পারেনি। আজকে গত ২৬ বছরে জেলা পরিষদগুলিতে পরিকাঠামো নেই। আপনার দপ্তরের মাধ্যমে যে সেচ ব্যবস্থা কৃষিজীবী মানুষরা পেয়ে থাকে সেটা সবচাইতে পিছিয়ে আছে। আমরা জানি আপনার দপ্তর হ্যানিক্যাপড হয়ে আছে মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির কাছে। সেইজন্য আপনার বাজেট বক্তৃতাও নাটকীয়, বাস্তব দৃষ্টিভঙ্গিতে হয়নি। তাই, যে অর্থ বরাদ্দ হয়েছে, মাননীয় অর্থমন্ত্রী যদি আপনাকে দেন, তার কতটা সদ্ব্যাহার করতে পারবেন বিধানসভায় বললে ভালো হয়। তাই সার্বিকভাবে এই বাজেটের বিরোধিতা করে এবং কাটমোশানগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ২০টি কাটমোশান এসেছে এর আমি সম্পূর্ণ বিরোধিতা করছি। আমার মনে হয়েছে এইগুলো যুক্তি এবং তথ্যগ্রাহ্য নয়।

তার কারণ, কাশীবাবু এবং অন্যান্য বিরোধী দলের সদস্যরা যে বক্তৃতা করেছেন, প্রকৃতপক্ষে তারা এই বাজেটের সপক্ষেই বলেছেন। তারা বলেছেন—লিখেছেন তা ভালো, পরিকল্পনা তো ভালো—টাকা পাবেন তো? একটা সন্দেহ প্রকাশ করেছেন। তার মানে পরিকল্পনা ভালো, লেখাটা ভালো, অর্থাৎ সপক্ষেই বলেছেন। সবগুলো কাটমোশানের উত্তর আলোচনা করার মতো সময় আমি পাব না।

পুরনো এম. এল.এ. কাশীবাবু বলেছেন যে বীরভূম জেলায় লাভপুর থানার অন্তর্গত ঠিবা অঞ্চলে চাঁদপুর মৌজায় ক্ষুদ্র ও সেচ দপ্তর বিভাগের মাধ্যমে ১০টি শ্যালো টিউবওয়েল ২০০১ সাল থেকে চালু হয়েছে, তার জলকর আদায় হচ্ছে না। আপনার জ্ঞাতার্থে জানাতে চাই যে, ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভলপমেন্ট কর্পোরেশন থেকে টাকা দিয়ে এই শ্যালোগুলো বসানোর কাজটা হয়েছিল, আমরা করে দিয়েছিলাম। তারপর উকৃত চাষীভাইদের হাতে পঞ্চায়েতের মাধ্যমে সেগুলো হ্যান্ডওভার করে দেওয়া হয়েছে। তাই, আমার দপ্তরের জলকর আদায়ের প্রশ্নই আসে না। এটা ইনফরমেশন গ্যাপ।

আরও আছে। বলেছেন কাশীবাবু—বাঁকুড়া ২ নং ব্লকের মানকানালী অঞ্চলের গৈরা গ্রামের নদী জল উত্তোলন প্রকল্পটি ঠিকভাবে চলছে না।

[4.35–4.45 p.m.]

বারে বারে চুরি হচ্ছে। ট্রান্সফরমারের ৮টি পোল সহ বৈদ্যুতিক তার, ওয়াটার পাম্প বারে বারে চুরি হয়েছে। আমরা প্রস্তাব দিয়েছি যে, উপকৃত চাষীভাইরা আপনারা নিয়ে নিন, আমরা আপনাদের ঠিক করে দিয়ে দিয়েছি। বারে বারে চুরি হলে কিছু করার নেই। আমি তারিখ দিয়ে বলতে পারি। কেন্দ্রকুরা অঞ্চলে সেখানে আর এল আই-এর ব্যাপারে যে, কত একর চাষ হয়েছে। এটা বোধহয় ওনার ইনফরমেশান গাপ। আমি বলছি যে, '৯৯-২০০০ সালে ৬৩ একর। দু-হাজার-দু-হাজার এক সালে ৫৯.১ একর, দু-হাজার এক-দু-হাজার দুই সালে ৫৯.১৩ একর। দু-হাজার দুই-তিন সালে ৫০.৯৭ একর জমিতে সেচ দেওয়া হয়েছে। পাইপগুলির মেরামতির কাজ কমপ্লিট করলে আরও অনেক বেশি সেচের এলাকা বাড়বে। তাই এই যে অকেজো হয়ে আছে যেটা বলেছেন সেটা ঠিক নয়। আমি যেহেতু সময় পাব না, তাই সবগুলি বলছি না। আবার আপনি বলেছেন নাকাশিপাড়া এবং রামপুরহাট বিধানসভা কেন্দ্রে মিনি ডিপটিউবওয়েল, টিউবওয়েল বসানোর প্রয়োজনী পদক্ষেপে ব্যর্থতা। নাকাশিপাড়া ব্লকে ৩৪টি গভীর নলকূপ আছে। ৭ হাজার ১৬৬টি অগভীর নলকূপ আছে। এছাড়া আর আই ডি এফ এইট এ আরও পরিকল্পনা নেওয়া হয়েছে। এই এলাকায় মাটির তলা থেকে এত জল তোলা হয়েছে, যে এটা গ্রে এলাকা হিসাবে চিহ্নিত। সাবধানে জল তোলা দরকার। ঝেড়াগ্রামের জন্য কোন প্রকল্প পরিকল্পনা আমার দপ্তরে নাকি আসেনি, এখানে আপনি বলেছিলেন। কিন্তু ওখান থেকে আমার দপ্তরে কোন প্রস্তাব না এলে আমি কি করব। নারায়ণপুর গ্রাম পঞ্চায়েতের অধীনে নারায়ণপুর পঞ্চায়েত একটা মিনিনদী জলোত্তলন স্থাপনের প্রস্তাব আর আই ডি এফ এইটে আছে। আবার এখানে বলা হয়েছে যে, বাঁকুড়া জেলায় রবি চাষের জন্য

ক্ষুদ্রসেচ নাকি ব্যর্থ। আমি বলছি ৭৮ পারসেন্ট রবি চাষের জলই এই ক্ষুদ্রসেচ থেকে দেওয়া হয়। আমি আপনাদের বলছি আমার দপ্তরে আসুন, আমি পরিসংখ্যান দিয়ে দেব। আপনারা বলেছেন যে, ক্ষুদ্রসেচ সম্প্রসারণের ব্যাপারে বামফ্রন্ট সরকার ব্যর্থ হয়েছে। এইকথা সৌগতবাবু সহ আরও কয়েকজন বলেছেন। আমি বলি পরিসংখ্যান অনেক সময় কথা বলে। ভুল পরিসংখ্যান ভুল কথা বলে। কিন্তু আমি সরকারী দপ্তরের পরিসংখ্যান থেকেই বলছি। '৪৭ থেকে '৭৭ পর্যন্ত এই ৩০ বছরে আপনাদের আমলের পরিসংখ্যান ১২.৭০ লক্ষ হেক্টর জমি সেচের আওতায় এসেছিল। '৭৮-২০০৩ সাল পর্যন্ত এই ২৬ বছরে বামফ্রন্ট সরকারের জমানায় ৩৬.২৯ লক্ষ হেক্টর জমি সেচের আওতায় আমরা আনতে পেরেছি। প্রায় ডাবল বেড়েছে আমরা ঘোষণা করেছিলাম ৭৫ পার্সেন্ট জমিকে সেচের আওতায় নিয়ে আসব। আমরা ৬২ পার্সেন্ট জমিকে সেচের আওতায় আনতে পেরেছি। এখনও পর্যন্ত ৬৫ শতাংশ জমিকে আমরা সেচের আওতায় আনতে পেরেছি। আমাদের লক্ষ্য হল টোটাল চাষযোগ্য জমিকে সেচের আওতাভুক্ত করা। কৃষক যাতে সেচ পায়, ক্ষুদ্র, প্রান্তিক চাষী, তফসীলি জাতি, উপজাতির মানুষ তাদের দিকে লক্ষ্য রেখে, গ্রামের অর্থনৈতিক অবস্থাকে আরও উন্নত করার দিকে লক্ষ্য রেখে, কৃষি উৎপাদন বাড়ানোর দিকে লক্ষ্য রেখে এই কাজ করা হচ্ছে। এটাই আমাদের লক্ষ্য।

মিঃ ডেপুটি স্পীকার : সভার অনুমতি নিয়ে ২০ মিনিট সময় বাড়িয়ে দেওয়া হল।

শ্রী নন্দদুলাল ভট্টাচার্য : আমি আপনার কাছে যে কথা বলতে চাই, আমরা নতুনভাবে যে পরিকল্পনার কথা বলছি। আমরা এবার উত্তরবঙ্গের দিকে নজর দিতে চাই। উত্তরবঙ্গের জন্য আমরা ইতিমধ্যে আর.আই.ডি.এফ (এইট) এ প্রকল্পগুলো গ্রহণ করেছি। এর ৭৯ পার্সেন্ট উত্তরবঙ্গের জন্য বরাদ্দ করা হয়েছে। আরেকটা দিক আমরা উল্লেখযোগ্যভাবে নজর দিতে চাই কোস্টাল এরিয়া। এবং পাথুরে মাটি অঞ্চলে সেচ খুবই কম হয়েছে। সেই এলাকায় বৃষ্টির জলকে ধরে রেখে আমরা সারফেস ওয়াটার এবং গ্রাউন্ড ওয়াটার যুগপৎ ব্যবহার করে ওই এলাকায় সেচের উপর জোর দিতে চাই। এতদিন বাদে প্রধানমন্ত্রী বলেছেন, জলের অপচয় কমান এবং জল সংরক্ষণ করুন। জলের খরচ ১০ পার্সেন্ট কমান, দেশব্যাপী জলের সংকট। আমরা অনেকদিন ধরে বলছি। পশ্চিমবঙ্গে জলের সংকট, পাথুরে মাটির সংকট, ফ্লোরাইড সংকট। Salt area water ক্রাইসিস আছে, এছাড়াও জলের লেভেল অনেক নীচে নেমে যাচ্ছে।

[4.45–4.55 p.m.]

তাই যে সমস্ত জলাধারগুলি বন্ধ হয়ে গেছে, ভেঙে গেছে, সেগুলোকে সংস্কার করা এবং নতুন নতুন জলাধার সৃষ্টি করে জল সংরক্ষণ বাড়ানো, সার্ফেস ওয়াটার সংরক্ষণ বাড়ানো, গ্রাউন্ড ওয়াটার এবং সার্ফেস ওয়াটারের যুগপৎ ব্যবহারের মধ্যে দিয়ে আমরা অগ্রসর হতে চাই। আমি বলতে চাই। আমি চাই আমাদের যে লক্ষ্যমাত্রা আছে, সেই লক্ষ্যমাত্রায় আমরা নিশ্চয়ই পৌঁছতে পারবো এবং তার জন্য আপনারা যে আশঙ্কা প্রকাশ করেছেন বাংক থেকে ঋণ নিয়ে প্রয়োজন হলে পরে অ্যাসিসেট্যান্স নিয়ে যে কোনভাবে টাকা জোগাড় করে করবো।

আমরা ইতিমধ্যেই টাকা পেয়েছি বলেই জোর দিয়ে পারছি। ফরেন অ্যাসিস্ট্যান্স নিয়ে এবং বিভিন্ন ভাবে টাকা জোগাড় করে আমরা এই লক্ষ্যমাত্রা পূরণ করতে পারবো। জেলা পরিষদগুলির কাছে বিভিন্ন খাতে যে টাকা আছে আর যে টাকা বরাদ্দ হয়েছে তা যদি যথা সময়ে আমরা ঠিকমতো খরচ করতে পারি এবং প্রকল্পগুলি রূপায়িত করতে পারি তাহলে বর্তমানে আমাদের যে লক্ষ্যমাত্রা আছে তাকে ছাড়িয়ে যেতে পারবো। আমি এই কথা বলে, ৫৫ নম্বর অভিযাচনে ২৭৮ কোটি ২০ লক্ষ ১ হাজার টাকার যে ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে, তা অনুমোদনের জন্য আপনাদের পেশ করছি।

The motion that the amount of the Demand be reduced to Rs.1/- was then put and lost.

The motions that the amount of the Demand be reduced by Rs.100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Das Gupta moved on 26.3.2003 that a sum of Rs. 278,20,09,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads : "2245–Relief on Account of Natural Calamities, 2551–Hill areas, 2702–Minor Irrigation, 2705–Command Area Development, 3451–Secretariat–Economic Services, 4702–Capital Outlay on Minor Irrigation and 4705–Capital Outlay on command Area Development" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 92,73,37,000 already voted on account)

– was then put and agreed to.

Demand No. 56 and 33

মিঃ ডেপুটি স্পীকার : ডিমান্ড নাম্বার ৫৬ এবং ৩৩ আমি একসাথে টেকআপ করছি, আশা করি এতে আপনাদের মত আছে।

Now the business is Demand No, 56 and 33. The Demands will be taken up together. Demand No. 56 relates to Women and Child Development, and Social Welfare Department and Demand No. 33 relates to Jails Department.

There are 64 cut Motions to Demand No. 56 which are in order and taken as moved.

Shri kamalk Mukherjee : : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

Shri Subrata Mukherjee

Shri Jyoti Priya Mallick
Shri Biman Chakraborty
Shri Sobhandeb Chattopadhyay
Shri Kashi Nath Mishra
Shri Pankaj Banjerjee
Shri Saugata Roy
Shri Bankim CHandra Hazra
Shri Kalipada Mondal
Shri Pundarikakahya Saha
Shri Tarak Bandyopadhyay
Shri Kallol Khan
Shri Abdul Mannan
Dt. Ashis Banerjee
Shri Ashok Mukherjee
Shri Kamal Mukherjee
Shri Jyoti Priya Mallick and
Shri Ashok Kumar Deb

Sir, we beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

Mr. Deputy Speaker : There are 30 cut motions to Demand No. 33 which are in order and taken as moved.

Shri Kashinath Mishra
Shri Kamal Mukherjee
Shri Pankaj Banerjee
Shri Saugata Roy
Shri Jyoti Priya Mallick
Shri Biman Chakraborty
Shri Bankim Chandra Hazra
Shri Kallol Khan
Shri Tarak Bandyopadhyay
Shri Deba Prasad Sarkar
Shri Kalipada Mondal

Dr. Ashis Banjerjee

Shri Abdul Mannan

Sir, We beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরী মহাশয় ২০০৩-০৪ সালে সমাজ কল্যাণ নারী এবং শিশু কল্যাণ এবং কারা বিভাগের জন্য যে ব্যয় বরাদ্দের মঞ্জুরী পেশ করেছেন সেই মঞ্জুরীর বিরোধিতা করে এবং এই দুটো বিভাগের কাট-মোশানকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। স্যার, সমাজ কল্যাণ, নারী ও শিশু কল্যাণ এবং কারা বিভাগ-এই দুটো আলাদা ছিল, আপনার নির্দেশে এই দুটোকে একসাথে মুভ করতে হচ্ছে। যার সম্বন্ধে একটা কথা বলেই শেষ করে দেওয়া হল। আমি আগেও হাউজে বলেছি যে এই বিভাগের গুরুত্ব অপরিসীম। অধিকাংশ ক্ষেত্রেই মাননীয় মন্ত্রী উত্তর দিয়েছেন যে, কেন্দ্রীয় সরকারের উপর এই দপ্তর সম্পূর্ণভাবে নির্ভরশীল এবং যার ফলে এই দপ্তরের যে বিস্তৃতি এবং ব্যাপ্তি থাকা উচিত ছিল ১৯৯১ সালে সেনসার অথবা ২০০১ সালের সেনসাস অনুযায়ী আই.সি.ডি.এস. সেন্টারগুলো যেভাবে, যে সংখ্যায় হওয়া উচিত ছিল তা হয়নি। এবং উনি বার বার ওনার বক্তব্য বলেছেন করা যাচ্ছে না, কারণ কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাচ্ছি না। কিন্তু একটা ব্যাপারে মাননীয় মন্ত্রীর কাছে দাবি রাখব সেটা হচ্ছে, বিভিন্ন পর্যায়ে আই.সি.ডি.এস. যার আরো অন্যান্য বিভাগ আছে, সে সম্বন্ধে আর আমি বলছি না, আমাদের মায়ারানী পাল বলবেন, আমি শুধু বলছি অঙ্গনওয়াড়ি কর্মী এবং তার সহযোগীদের যেভাবে কাজে লাগানো হচ্ছে, এর সেন্টার যদি বাড়ানো যায়, আপনারা কিছু টাকা-পয়সা বাড়িয়েছেন, কেন্দ্রীয় সরকার দিয়েছেন এবং রাজ্য সহায়তা করছেন, এর ফলে ভালোভাবে বিশেষ করে নারী এবং শিশুদের স্বাস্থ্য সম্পর্কিত ব্যাপারে এদের ভূমিকা অনেক সময় অগ্রগণ্য। মাননীয় মন্ত্রীর কাছে দাবি রাখছি, এক্ষেত্রে যথোচিত দৃষ্টিভঙ্গি নেওয়ার জন্য। নিশ্চয় আপনি আপনার চিন্তা-ভাবনাকে আরো একটু প্রসারিত করবেন।

স্যার, আমি সবার আগে কারা বিভাগ সম্পর্কে বলতে চাই, উনি যেকথা বলে বাজেট বরাদ্দ শেষ করেছেন সেটা দিয়েই আমি শুরু করছি। উনি একটা জায়গায় এসে বলেছেন, আমরা বর্তমানে যে পদ্ধতিতে চলছি সেটা হচ্ছে 'পাপকে ঘৃণা করা পাপীকে নয়। আমরা জানি এটা খৃষ্টধর্মের অনেকগুলো অনুশাসনের মধ্যে একটা। অনেক বড় বড় অনুশাসন সব ধর্মের মধ্যেই আছে। তবে খৃষ্টানরা এটা ভীষণভাবে মান্য করেন। উনি সেটা বাংলায় অনুবাদ করে দিয়েছেন। 'হেট দি সিন নট দি সিনার'—এই হল কথাটা, এর সঙ্গে আমরা সম্পূর্ণ একমত। কিন্তু এটা করতে গিয়ে যে কথা বলেছেন 'মহান এই সভার অনুমতি নিয়ে জানাচ্ছি যে, ২০০০ সনের ১৪-ই এপ্রিল ওয়েস্ট বেঙ্গল কারেকশনাল সর্ভিসেস অ্যাক্ট ১৯৯২ কার্যকরী হওয়ার থেকেই কারখানাগুলিকে প্রকৃত সংশোধনাগারে পরিণত করার অনলস চেষ্টা যেহেতু শাস্তিবিধানের উদ্দেশ্যেই সংস্কারমূলক। সংস্কারমূলক ব্যবস্থাগুলির মাধ্যমে বন্দিদের চরিত্র সংশোধন এবং তাদের সমাজের মূলস্রোতে ফিরিয়ে আনা'।

[4.55–5.05 p.m.]

আমরা একটা পর্যালোচনা করে দেখি, এবিষয়ে আমরা কতখানি কি করতে পেরেছি এবং এই বিষয়ে রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি কি? এই সঙ্গে যেটা বলতে চাই সেটা হল, মাননীয় মন্ত্রী মহাশয়, ঠিক কথা বলেছেন, সংশোধনগার করতে হবে। কিন্তু সংশোধনাগারের অর্থ কি এটাই যে, ওল্ড ওয়াইন ইন নিউ বটল, পুরোনো মদ নতুন বোতলে দিলে সেটা নিশ্চয়ই তার গুণগত মানের কোথাও কোন পার্থক্য থাকে না। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি চেষ্টা করেছেন, কিছু কিছু জায়গায় সাইন বোর্ড চেঞ্জ হয়েছে। জেলের জায়গায় সংশোধনাগার লেখা হয়েছে। কিন্তু সেটাই এর একমাত্র কাজ নয়। এটা ঠিক, আপনার যে স্লোগান ছিল—হেট্ দি সিন, নট সিনার, অর্থাৎ পাপকে ঘৃণা কর, কিন্তু পাপীকে নয়—এটা আমাদের সকলের জানা আছে। যারা দুষ্কৃতী সেই সব মানুষদের পরিবর্তন হোক—এটা আমরা চাই। দুষ্কৃতী দস্যু রত্নাকরও কবিশ্রেষ্ঠ বাল্মীকি হয়েছিলেন। তাছাড়া যারা দুষ্কৃতী আছে তাদরা জেলের মধ্যে আছে, তারা যাতে সঠিক পথে ফিরে আসতে পারে তার জন্য চেষ্টা করছেন। পশ্চিমবঙ্গে মোট জেলের সংখ্যা ৫০—এখানে যতজন কয়েদি থাকতে পারেন তাদের সংখ্যা হল ১৯৬৬৬ জন। এটাকে যদি ভাগ করা যায় তাহলে দেখা যায় ৩৭০-এর কাছাকাছি একেকটা জেলে কয়েদি থাকতে পারেন। এর মধ্যে বড় জেল, দমদম সেন্ট্রাল জেল, আলিপুর জেল, প্রেসিডেন্সি জেল, বহরমপুর জেল আছে। এছাড়া আরও অনেক ডিসট্রিক্ট জেল আছে, অনেক সাব-ডিভিশনাল জেল আছে। এছাড়া আপনাকে বলছি, আপনি পরিবর্তন করেছেন, কোথাও পাখা, টি.ভি. বসিয়েছেন-এগুলোর ক্ষেত্রে কিছু কিছু জায়গায় পরিবর্তন হয়েছে। কিন্তু আমি উল্লেখ করতে চাই—থানার লক্-আপ থেকে কয়েদিদের যখন কোর্ট-লকআপে নিয়ে যাওয়া হয় তখন কোর্ট লকআপে একসঙ্গে ৫০-৬০-৭০ জনকে রাখা হয়, আবার যখন মাসঃ অ্যারেস্ট হয় তখন ১০০ জনের মতন আসামীকে একসঙ্গে কোর্ট লক আপে রাখা হয়—সেখানেই তারা প্রস্রাব করছে, সেখানেই থুথু ফেলছে, তার মধ্যেই ৫৭ ঘণ্টা তাদের থাকতে হয়। যখন জামিন পায় যখন তারা সেখান থেকে ছাড়ার পায়। তা না হলে সেখান থেকে জে.সি.তে নিয়ে যেতে হয়। এই কোর্ট লক আপের ব্যাপারে সুচারু বন্দোবস্ত করা দরকার। এই কোর্ট লক আপের জন্য ভালভাবে থাকার ব্যবস্থা করা দরকার। ডিসট্রিক্ট জেল, সাব-ডিভিশনাল জেল, এমনকি সেন্ট্রাল জেলগুলোতে প্রশাসন চালায় কে? আমি আপনাকে বলছি, আপনি দেখবেন, এই সমস্ত জেলে আমরা গেছি, হিউম্যান রাইট্স্ কমিশনের রিপোর্ট আছে, আমি এই রিপোর্ট নিয়ে এখানে আলোচনা করতে এসেছি। হিউম্যান রাইট্স্ কমিশন, তাঁরাও বলেছেন যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত অথবা বেশ কিছু দিন ধরে যারা জেলে আছে, সেইসব আসামী এবং একশ্রেণির জেল কর্মচারী তারা অশুভ আঁতাত করে জেল পরিচালন ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করে এবং তারা সাধারণ কয়েদিদের সঙ্গে এমন আচরণ করে যে, তারাই সব, জেলার কেউ নন—এটাই হচ্ছে। আমি আপনার কাছে বলছি, আপনি এই অ্যনুয়াল রিপোর্ট যেটা ১৯৯৯-২০০০ সালে বেরিয়েছে, হিউম্যান রাইট্স্ কমিশন তাতে বলছে, In district jails and also in central jails still the administration is allegedly partially run by the life convicts and in more places than one, gross indiscipline strongarm tactics/indulging in unlawful

activities do still prevail due to a nexus between subordinate jail employees and some of the leaders amongst the lifers, who run the show in jail administration... একথা নিশ্চয়ই আমার কথা নয়, একথা হিউম্যান রাইট্স্ কমিশনের কথা তাঁরাও বলেছেন যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত আসামী এবং তাদের সঙ্গে কিছু পুরোনো আসামী এবং সেই সঙ্গে জেলের কিছু অংশের লোক তারা এই বন্দোবস্ত পরিচালিত করে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি একটা বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছেন। সুতরাং আপনাকে নিশ্চয়ই কখনো, না কখনো জেলে কোন, না কোন বন্দীর সঙ্গে দেখা করতে যেতে হয়েছে অথবা আপনার প্রতিনিধিকে পাঠিয়েছেন। অতএব আপনার নিশ্চয়ই অভিজ্ঞতা আছে যে, কি পরিস্থিতির মধ্যে কিভাবে বন্দীদের সঙ্গে দেখা করার সুযোগ পাওয়া যায়। আপনি যখন কারাগারকে সংশোধনাগারে রূপান্তরিত করছেন তখনও এই ব্যাপারটার কোন হেরফের হয়নি। ১০ টাকা, ২০ টাকা দূরের কথা, একজন কয়েদির সঙ্গে তার আত্মীয়ার দেখা করতে হলে ৫০ টাকা, ১০০ টাকা দিতে হয়। সে টাকা জেলের কোন কর্মচারী হাতে করে গ্রহণ করে না, সে টাকাও গ্রহণ করে জেলেরই আর একজন কয়েদি। একজন কয়েদি দাঁড়িয়ে থেকে টাকা আদায় করে। জোর করে এই টাকা আদায় করা হয়। আমরা জানি অনেক ভাল মানুষকেও মিথ্যা মামলায় অনেক সময়েই জেলে যেতে হয়—অনেক শিক্ষককে, সাধারণ ভদ্রলোককে মিথ্যা মামলায় জেলে যেতে হয়—তাদের ওপর জেলের ভেতরে অত্যাচার হয়। অন্যান্য কয়েদিরা তাদের ওপর অত্যাচার করে, বলে,তোমার আত্মীয়কে বলবে আমাদের ২০০০ টাকা দিতে, বা ৪০০০ টাকা দিতে তা নাহলে তোমাকে মার খেতে হবে।' এইভাবে টাকার জন্য মারধর পর্যন্ত করে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কারাগারকে সংশোধনাগার করছেন, তার জন্য আমি আপনাকে সাধুবাদ জানাচ্ছি, কিন্তু আপনি এই সব জিনিসগুলো একটু বন্ধ করার চেষ্টা করুন, তা না হলে আপনি যত রকম বন্দোবস্তই করুন না কেন সব ব্যর্থ হবে। আপনি জেলে টি.ভি. দিয়েছেন। তার ফলে কি হচ্ছে জানেন—নিরীহ কয়েদিদের বলা হচ্ছে-ভি.ডি.ও. দেখানো হবে, তোমার আত্মীয় যখন আসবে তখন টাকা দিতে বলবে। এই জিনিস চলছে, এটা আপনি একটু বন্ধ করার চেষ্টা করুন। আপনি আধিকারিক ও নিরাপত্তা কর্মীদের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করছেন। এটা ঠিকই অনেক সময় জেল থেকে কয়েদি পালিয়ে যায়। নিরাপত্তা রক্ষীর যদি আধুনিক অস্ত্র চালনার জ্ঞান না থাকে তাহলে কি করে নিরাপত্তা রক্ষিত হবে। আমি এবিষয়ে আপনাকে বলব যে, নাম সংশোধনাগার হলেও ব্যবস্থা সবই সেই পুরোনো রয়ে গেছে। সুতরাং নতুন পদ্ধতি গ্রহণের মধ্যে দিয়ে নিরাপত্তা ব্যবস্থাকে জোরদার করতে হবে। আপনি প্রশিক্ষণ দেবার কথা বলছেন, কিন্তু আপনার বাজেট বরাদ্দের তো বিশেষ কোন পরিবর্তন আমরা লক্ষ্য করছি না। গত বছর আপনার বরাদ্দ যা ছিল, এ বছরও প্রায় তাই আছে। সংশোধনাগারগুলিতে বিভিন্ন আধুনিক ব্যবস্থা কার্যকরী করার জন্য আপনার যে সংখ্যক কর্মচারীর প্রয়োজন তা কি আপনার আছে? উপযুক্ত সংখ্যক কর্মচারী থাকলে তবেই কার্যক্ষেত্রে কিছু কিছু পরিবর্তন আনা সম্ভব। অতএব আপনি কর্মচারীদের শিক্ষিত করে তোলার সঙ্গে উপযুক্ত সংখ্যক কর্মচারী নিয়োগের বন্দোবস্ত করুন। তা না হলে প্রতিটি জেলে যা চলছে তাই চলবে। আমি নাম করতে

চাই না, কিন্তু আমরা জানি জেলে বুল্টনের মতো অনেক কয়েদি আছে। তারা জেলে সাধারণ কয়েদির মতো থাকে না। তারা কেউ ৩০২ ধারার আসামী, কেউ রেপ কেসের আসামী, কেউ ডাকাতির আসামী, তারা বুল্টনের মতো জেলের ভেতরে এয়ারকন্ডিশন ঘরে থাকছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এগুলো একটু অনুসন্ধান করে আমাদের জানাবেন, এবিষয়ে কি ব্যবস্থা নিচ্ছেন। সজল বারুই নামে একজন কয়েদি মেদিনীপুরে ছিল। সে নাম ভাঁড়িয়েছিল। পারভেজ বলে একজন কয়েদি তাকে চিনতে পেরে গিয়েছিল। সে তখন তাকে ভয় দেখিয়ে বলেছিল, 'আমাকে যদি ৩০ হাজার টাকা না দাও, তাহলে আমি তোমার আসল পরিচয় জানিয়ে দেব। টাকা না দেয়ায় সে সত্যিই জানিয়েছিল। এই ধরনের প্র্যাকটিস চলছে। এসব বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা যায়, তা আপনি একটু ভাবনা-চিন্তা করে দেখবেন। এবার আমি আসছি জেলবন্দীদের চিকিৎসার ব্যাপারে। আপনি বলছেন ৩৫টা অ্যাম্বুলেন্স আছে, আরো কিছু কিনবেন ইলেভেন্থ ফিনান্স কমিশনের টাকায়। নিশ্চয়ই চিকিৎসার জন্য আরো উন্নত ব্যবস্থা করবেন। কিন্তু আপনি কি জানেন বর্তমানে সাধারণ কয়েদিরা কোন চিকিৎসাই পায় না। যখন একজন সাধারণ কয়েদি বলে, আমি অসুস্থ আমাকে হাসপাতালে নিয়ে চলো, তখন জেলার বলে, না না ও অসুস্থ নয়, হাসপাতালে থাকতে চাইছে, এখানে থাকতে চাইছে না। তাকে জোর করে জেলেই আটকে রাখা হয়। সে কোন চিকিৎসার সুযোগ পায় না। সাব-জেলগুলিতে সাব-ডিভিশনাল হসপিটাল থেকে এককজন করে ডাক্তারকে নিয়ে আসা হয়। সে কখনো আসে, কখনো আসে না। ধারাবাহিক চিকিৎসার কোন ব্যবস্থা নেই। বিভিন্ন ছোঁয়াচে রোগ, চর্ম রোগ একজন থেকে অনেকের মধ্যেই ছড়িয়ে পড়ে। আপনার দপ্তর তাদের চিকিৎসার কোন ব্যবস্থা করে না। তাদেরকে সঠিক চিকিৎসার ব্যবস্থা করা দরকার। তনাহলে আপনি যত বন্দবস্তোই করুন না কেন, সব কিছু বানচাল হয়ে যাবে। অবস্থা আরো খারাপ হবে। আলিপুর সেন্ট্রাল জেলে যারা কয়েদিদের সঙ্গে কথা বলতে যায় তাদের বাইরে দাঁড়িয়ে থাকতে হয়। তাদের জন্য নির্দিষ্ট ঘর ইউনিয়ন দখল করে রেখেছে।

[5.05–5.15 p.m.]

আপনি সেগুলির হাত থেকে মুক্তি দিতে পারেননি। শেষ কথা বলছি, আপনি সংশোধনাগার সম্পর্কে বলেছেন একটা সিস্টেম আছে যে কারো সঙ্গে জেলে দেখা করতে হলে একটা সিস্টেম আছে। আমি বলছি, এই সিস্টেম চালু করতে হবে না। আমি জেল বাজেট নিয়ে প্রথম বক্তা হিসাবে বক্তব্য রাখতে গিয়ে বলেছিলাম, অন্য কোন মডার্ন সিস্টেম চালু করার আগে একটা বন্দোবস্ত করুন, যদি কোন আত্মীয় বা বন্ধু দেখা করতে আসেন তাদের কাছ থেকে যারা টাকা নেবে তাদের বিরুদ্ধে জেল দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। জেলের অভ্যন্তরে ইনডিসিপ্লিন অ্যাক্টিভিটিজ আপনি সমর্থন করবেন না। হিউম্যান রাইটস কমিশন যে কথাগুলি বলেছেন, ধারার যে সুপারিশগুলি মেনে নিয়েছেন সেগুলি মেনে নিয়ে আগামীদিনের কার্যকলাপ পরিচালনা করুন। তাহলে জেল সংশোধাগার সত্যি-সত্যিই সংশোধনাগারে রূপায়িত হবে। এই কথা বলে জেল বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনা অর্থাৎ বিরোধীদের আনা সমস্ত কাটমোশনগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী সাধনা মল্লিক : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ সরকারের নারী শিশু বিকাশ সমাজ কল্যাণ বিভাগের ও কারা বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী ২০০৩-২০০৪ সালের জন্য যে আর্থিক ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন করছি এবং বিরোধী সদস্যদের আনা যে কাট-মোশন তাকে আমি সম্পূর্ণ বিরোধিতা করছি। স্যার, ওদের আমলে সমাজ কল্যাণ দপ্তর বলে একটা দপ্তর ছিল এটা ক'জন মানুষ জানতো? কেউ জানতো না। ওরা নিজেদের কল্যাণেই ব্যস্ত থাকতো। ওদের আমলে নারী উন্নয়ন এবং শিশু উন্নয়নের জন্য ওরা কোন কর্মসূচি গ্রহণ করেননি। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পরবর্তীকালে নারী উন্নয়ন ও শিশু উন্নয়নের কথা মাথায় রেখে বামফ্রন্ট সরকার নারী ও শিশু বিকাশের জন্য একটা পৃথক দপ্তর তৈরি করে নারী উন্নয়ন এবং শিশু উন্নয়নের জন্য নানাবিধ পরিকল্পনা গ্রহণ করেছেন। স্যার, বিরোধী সদস্য বলার সময়ে আই.সি.ডি.এস. প্রকল্প ১৯৯১ সালের পরে আর হয়নি এবং উনি মূলত কারা দপ্তরের বাজেটের উপর সমস্ত কথা বলার চেষ্টা করেছেন। আমি কয়েকটি তথ্য এখানে তুলে ধরলেই বোঝা যাবে ১৯৭৭ সালের আগে অর্থাৎ ওদের আমলে অবস্থা কি ছিল? ২টি প্রকল্পের মধ্য দিয়ে ২৫০টি কেন্দ্রের অধীন ২০ হাজার ১০৭ জন মা ও শিশু সুযোগ পেত, বর্তমানে গ্রাম ও শহরাঞ্চল এলাকায় ৩৪০টি প্রকল্পের অধীনে ৪৯ হাজার ২৪৪টি অঙ্গওয়াড়ি কেন্দ্রে ৪৪ লক্ষ মা ও শিশু বিভিন্ন সুযোগ পেয়ে থাকেন। কৃষক ও বিধবা অক্ষম ভাতা ওদের আমলে ছিল মাত্র ২০ টাকা। আর আমাদের সময়ে ৫০০ টাকা হিসাবে ৬ হাজার ৮৮৭ জন প্রতিবন্ধীকে ভাতা দেওয়া সম্ভব হচ্ছে। এবং ১১ হাজার ৫৪৬ জনকে বিধবা ভাতা দেওয়া হচ্ছে ও ৩৩ হাজার ৮১৬ জনকে বার্ধক্য ভাতা দেওয়া হচ্ছে। ওদের আমলে পথে শিশুদের জন্য চিন্তা করা ছিল আকাশ-কুসুম। বর্তমানে ১৩ হাজার পথ শিশু সুসংহত শিশু বিকাশ কর্মসূচির মধ্যে আনা সম্ভব হয়েছে। ১৯৭৭ সালের আগে কর্মরত মহিলাদের জন্য কোন আবাস বা হস্টেল এবং বৃদ্ধাবাসের কোন সুযোগ ছিল না। বর্তমানে এই সংখ্যা দাঁড়িয়েছে ২২ এবং ৩৪। এই সরকার বেশ কয়েকটি আইন প্রণয়ন করে এবং আর্থিক ঋণ দান প্রকল্প গ্রহণ করে প্রতিবন্ধীদের জীবনযাত্রার মান উন্নয়ন করতে সক্ষম হয়েছে। যে সমস্ত শিশু ভিক্ষাবৃত্তি গ্রহণ করেছে তাদের তা থেকে নিবৃত্ত করার লক্ষে তাদের জন্য মধ্যাহ্ন ভোজনের ব্যবস্থা করা হয়েছে এবং তাদের প্রথা বহির্ভূত শিক্ষা দেওয়া হচ্ছে। বই বাঁধাই, পুতুল তৈরি, পোশাক তৈরি ইত্যাদি নানান ধরনের জিনিস তৈরি করার জন্য তাদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে এবং তাদের অন্যান্য নানান বৃত্তিমূলক শিক্ষা দেওয়া হচ্ছে ৬টি কেন্দ্রের মাধ্যমে। বিরোধীদের আমি জিজ্ঞাসা করি, এইরকম উদাহরণ অন্য রাজ্যে আপনারা দেখাতে পারবেন কি? তারপর যৌনকর্মী অধ্যুষিত এলাকায় ৭৭টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র খোলা সম্ভব হয়েছে এবং সেখানকার শিশুদের সমাজের মূলস্রোতে ফিরিয়ে আনার জন্য নানান ধরনের শিক্ষা দেওয়া হচ্ছে, ট্রেনিং-এর ব্যবস্থা তাদের জন্য করা হয়েছে। ২০০২/৩ সালে ২০ হাজার প্রতিবন্ধীকে নতুন পরিচয়পত্র প্রদান করা সম্ভব হয়েছে। এই প্রসঙ্গে আমি কয়েকটি নির্দিষ্ট পরিকল্পনার কথা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে তুলে ধরতে চাই। হোমে যে সমস্ত আবাসিক মহিলারা রয়েছেন তারা যে সমস্ত জিনিসপত্র তৈরি করেন, হাতের কাজ যা করেন সেই সমস্ত জিনিসপত্র

যাতে বাজারে বিক্রি করতে পারে সেটা আরও ভালোভাবে দেখা দরকার। আবাসিক হিসাবে হোমে যে সমস্ত মহিলারা রয়েছেন আগামীদিনে তাদের নিয়ে এক-একটা সেলফ হেল্পগ্রুপ তৈরি করে তাদের আর্থিক ব্যাপারে যাতে উন্নয়ন ঘটানো যায়, তাদের আর্থিক উন্নয়নের ব্যবস্থা যাতে করা যায় তার ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ করছি। আমাদের রাজ্যে ভবঘুরেদের জন্য হোম আছে, সেখানে বিভিন্ন রাজ্যের মানুষরাও যারা ভবঘুরে তারা থাকেন। আমাদের রাজ্যে ভবঘুরেদের জন্য হোমে বাইরের যেসব রাজ্যের মানুষরা এসে থাকেন সংশ্লিষ্ট রাজ্যগুলির সাথে কথা বলে তাদের অবিলম্বে ফেরত পাঠানো দরকার। আমরা হোম পরিদর্শন করে দেখেছি ভবঘুরেদের হোমে বাইরের রাজ্যের অনেক মানুষ থাকেন, তাদের নিজ নিজ রাজ্যে ফেরত পাঠানোর জন্য সংশ্লিষ্ট রাজ্যগুলির সঙ্গে কথা বলা দরকার। তারপর প্রতিটি হোমে আবাসিকদের জন্য যে অর্থ বরাদ্দ করা হয়, তা দিয়ে আজকের দিনে চালানো খুব মুশকিল। সরকারের আর্থিক অবস্থার কথাটা মাথায় রেখেও মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অনুরোধ, তাদের জন্য অর্থ বরাদ্দটা বাড়ান। তা ছাড়া হোম সংলগ্ন এলাকায় অনেক খালি জমি পড়ে আছে, সেই সমস্ত খালি জমিতে যাতে ফল, ফুল, সবজির চাষ করা যায় তার ব্যবস্থা করুন। পরিশেষে বিরোধীদলের বন্ধুদের বলব, সমাজে যারা রয়েছেন ঐ পথশিশু, অক্ষম ব্যক্তি, যৌনকর্মী এদের অবহেলা ও ঘৃণার চোখে না দেখে, এদের বঞ্চনার শিকার হতে না দিয়ে সুস্থ জীবনে ফিরিয়ে এনে সমাজের মূলস্রোতে ফেরানোর লক্ষ্যে আজকে যে বাজেট এসেছে, এই বাজেটকে আমাদের সঙ্গে আপনারাও সমর্থন করুন। এই বলে বাজেটকে সমর্থন করে এবং কাটমোশানগুলির বিরোধিতা করে শেষ করছি।

[5.15–5.25 p.m.]

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় সভাপতি মহাশয়, নারী শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরি কর্তৃক উত্থাপিত ৫৬ নম্বর অভিযাচনের বিরোধিতা করে এবং বিরোধীদের আনা কাটমোশানগুলির সপক্ষে আমি আমার বক্তব্য উত্থাপন করছি। মাননীয় সভাপতি মহাশয়, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এক জায়গায় বলেছিলেন, "আমার কবিতা গেলেও বিচিত্র পথে, হয় নাই সর্বত্র সে গামী"। কিন্তু মাননীয় মন্ত্রী বিশ্বনাথবাবুর বক্তব্য বিচিত্র গামীও বটে সর্বত্রগামীও বটে। সঙ্গে সঙ্গে মাইকেলের একটা কবিতার কথা মনে পড়ে যাচ্ছে।" ক্ষণপ্রভা দানে বাড়ায় মাত্র আঁধার পথিকে ধাঁধিতে"। উনি ওনার বাজেট অভিযাচনে এখন সমস্ত কল্পনার বিলাপ করেছেন যে সধবা বিধবা কুমারী বৃদ্ধ-বৃদ্ধা ভবঘুরে নাবালোক জেল কয়েদি কোন জায়গায় বাদ যায়নি। মাননীয় সভাপতি মহাশয়, এতো বড় ফাঁক এতো বড় ফাঁকি দিয়ে সংসারটা উনি চালাচ্ছেন কি করে? মাননীয় সভাপতি মহাশয়, আপনি নিশ্চয়ই বিশ্বাস করেন আগে ওনারা বলতেন, বিধবা ভাতা দেবে কে, বামফ্রন্ট সরকার আবার কে। প্রতিবন্ধী ভাতা দেবে কে, বামফ্রন্ট সরকার আবার কে। মহিলা ভাতা দেবে কে বামফ্রন্ট আবার কে। শুধু বলতো না অশ্বথামা হত ইতি গজ-র মতো হাজারের মধ্যে এক। মাননীয় সভাপতি মহাশয়, সবই আছে কিন্তু মন্ত্রী মহাশয় বললেন না শতকরা কত পারসেন্টকে এগিয়ে দিতে পেরেছেন। বিধবা ভাতার পারসেন্ট কত, বার্ধক্য ভাতার পারসেন্ট কত ভবঘুরের পারসেন্ট

কত। ২৬ বছরে উন্নতর পর্যায়ে আজকে যদি এই জায়গায় যাই তাহলে নির্ধারিত এবং ঈপ্সিত লক্ষ্যে পৌঁছাতে আমাদের কত বছর সময় লাগবে। আরো দুর্ভাগ্যের ব্যাপার এই বাজেট ভাষণ পড়ে মনে হয়েছে কেন্দ্রীয় সরকারের একটা অঙ্গ রাজ্যের বাজেট। আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিই যে তিনি অসত্য এবং কারচুপি করেননি একটা ব্যাপারে। ১৫ নম্বর অনুচ্ছেদে তিনি তাঁর বক্তব্যে উত্থাপন করেছেন এবং বলেছেন কেন্দ্রের, বলেছেন কেন্দ্রের পরিকল্পনা এবং বলেছেন বিশ্বব্যাঙ্কের পরিকল্পনা। সবই কেন্দ্রবাচক। আর সরকারী বিধায়করা বলেছেন ১৯৭৭ সালে ছিল না আমরা এসে সব করে দিয়েছি। রাজ্যবাচক কোথায়, সবই তো কেন্দ্রবাচক। মাননীয় সভাপতি মহাশয়, নিজস্ব, আপন পরিকল্পনা কোথায়? হুইচ ইজ এবসলিউটলি ওন সেটা বলুন। শেয়ার মানি দিচ্ছেন সব ঠিক আছে। সবই তো জড়িত। মাননীয় সভাপতি মহাশয়, সমাজ কল্যাণের কাজ হচ্ছে সরকারী এবং স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে। আমি বিনীতভাবে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি, গোটাসিস্টেমটার মধ্যে—সকালবেলায় প্রশ্নোত্তর পর্বে মাননীয় মন্ত্রী মহাশয় একটা কথা জানিয়ে ছিলেন—৫০-৫১ হাজার ওয়াকার করে, ১ লক্ষ সমাজসেবিকা কাজ করছে অঙ্গনওয়াড়ি সেন্টারে আই.ডি.পি. স্কীমের মাধ্যমে। আমি মন্ত্রী মহাশয়কে ভাবতে বলি সেন্টার কোথায় হবে তার মধ্যে কি রাজনীতিকরণ থাকবে? আপনি বলবেন আমি চাই না। কিন্তু প্রহিবিটারি সেকশানের ১০০ অনুর্ধ শিশু যাবে। সেখানে জল থাকবে তো? একটা মিনিমাম স্বাস্থ্য পরিষেবা থাকবে তো? দলীয় সংকীর্ণ রাজনীতি সেন্টার থেকে শুরু করে টেন্ডার থেকে শুরু করে সব কিছু পরিচালিত হয়। মাননীয় সভাপতি মহাশয় তাতে ভোটের রাজত্ব ঠিক থাকে, কিন্তু অগ্রগতির রাজত্ব থাকবে না। মাননীয় সভাপতি মহাশয়, সরকারী এবং বেসরকারী এবং স্বেচ্ছাসেবী সংস্থার মধ্যে যদি তুলনামূলক সমালোচনা করেন তাহলে বিস্মিত হয়ে যাবেন। যে সাম্মানিক ওয়ারকারদের দেওয়া হয়, স্বেচ্ছাসেবী সংস্থাগুলোকে তা দেওয়া হয় না। যে সাম্মানিক ভাতা দেওয়া হয়, সরকারের ৩ নম্বর ব্লকে সবাই পাচ্ছে না। এই ডিসপ্যারেটি, এই বৈষম্য কেন হবে? মাননীয় মন্ত্রী মহাশয় সকালবেলার প্রশ্নোত্তর পর্বে বলেছিলেন, তিনবার পেপার অ্যাডভার্টাইজমেন্ট করুন, চতুর্থবারে লিখুন। আইনের সিস্টেমের মধ্যে সেটা থেকে গিয়েছে। ১০০ পয়েন্ট রোস্টার মানতে হবে, নিশ্চয়ই মানতে হবে। কিন্তু যেখানে বিধায়ক জানেন যে এখানে এস.টি. বেল্ট একটিও নেই সেখানে সেই সংখ্যা কি তিনি পাবেন? বারে বারে বিজ্ঞাপন দিয়ে এস.সি এবং এস.টি পালিয়া যাবে? সেন্টার ওয়াইজ সিলেকশান করতে হয়। পঞ্চায়েত সমিতির সভাপতি দেখছেন, বিধায়ক দেখছেন, আই.আর.ডি.পি.-র অফিসার দেখছেন সেন্টার ওয়াইজ করতে গেলে এস.সি.অ্যান্ড টি দেওয়া যাবে না। তিনবার অ্যাডভার্টাইজমেন্টে কেন যাবে? সেন্টারওয়াইজ সেলেকশন করলে এসসি, এসটি পাওয়া যাবে না। আমরা তিনবার অ্যাডভার্টাইজমেন্টে কেন যাব? সিস্টেম মানুষের জন্য, না মানুষের জন্য সিষ্টেম? আমরা কেন সিস্টেমে যাব? আমরা যদি দেখি এসসি. এসটি আছে একই ব্লক থেকে, সেইভাবে মৌলিক চিন্তাধারা নিয়ে যদি সার্কুলার দেওয়া যায়, তাহলে আমার মনে হয় না মাসের পর মাস আমাদের এসসি, এসটিদের জন্য ভাবতে হবে। আর এই এ্যাডভার্টাইজমেন্টের জন্য পয়সা কোথা থেকে আসবে? স্থানীয় প্রতিনিধিরা দেখছে যে এসসি, এসটি পাওয়া যাচ্ছে না। সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয় এসসি. এসটিরা যাতে বঞ্চিত না হয়, আবার কাজটাও হয় তা আপনি দেখুন। আপনি বলেছিলেন

১ লক্ষ ১ টাকা। কত পূরণ হয়নি তা আপনার জানা আছে। এই সিস্টেম যদি চলতে থাকে তাহলে কস্মিনকালেও পাওয়া যাবে না—রাধাও নাচবে না, আর সাতমণ তেলও পুড়বে না। সুতরাং আপনি গোটা সিস্টেমটাকে পরিবর্তন করার চেষ্টা করুন। তাহলে ঈপ্সিত লক্ষ্যে পৌছানো যাবে। আপনার টেন্ডার কমিটি আছে। আপনি ব্লকওয়াইজ টেন্ডার কমিটি করেছেন, বিকেন্দ্রীকরণের জন্য করেছেন বলে বলেছেন। টেন্ডার কমিটিটা মিনিমাম সাব-ডিভিসন লেভেলে হলে ভাল হত। ব্লকে আপনি যেটা করেছেন, দেখা গেল যেটা পাওয়া গেল তা বিলো দি কোয়ালিটি—এটা ক্ষণপ্রভা। সুতরাং এটা যদি না পাওয়া যায়, এটাকে যদি মহকুমাভিত্তিক করা যায়, সেইভাবে যদি একজন সাপ্লায়ার দেওয়া যায়, তাহলে টোটালিটিতে পাওয়া যেতে পারে এবং তার দামটাও কম হবে। আমি আপনাকে জেলাভিত্তিক করতে বলছি না। পিসমিলভাবে টেন্ডারে চাল দেবে, টেন্ডারে ডাল দেবে, এখানে বিকেন্দ্রীকরণ কেন? এখানে তো গণতন্ত্রীকরণের প্রশ্ন নেই। এসডিওকে রেখে যদি করা যায়, তাহলে ভলিউমটা বাড়ে এবং তাহলে আমার মনে হয় কোয়ালিটি এবং কোয়ান্টিটি কন্ট্রোলের ওপরে একটা নিয়ন্ত্রণ থাকবে। আপনি গতবার বলেছিলেন চেষ্টা করেছেন, কোয়ালিটির ওপরে কন্ট্রোল রাখতে চেষ্টা করেছেন। শিশু এবং নারী—এখানে নারী অর্থে সাড়ম্বরে সশব্দ অর্থ প্রতিফলিত হয় এমন না—এখানে নারী অর্থে অসহায় যে নারী তারা। আমি বলছি, সেই সমস্ত দুস্থ মহিলারা যাদের জন্য আপনি এই দপ্তরে দায়িত্বে আছেন, আপনি দয়া করে একটু পর্যালোচনা করুন। আপনি ইন্সপেকশন এবং কোয়ালিটি কন্ট্রোলের ব্যবস্থা করুন। কমলবাবু কৃষিতে শুরু করেছিলেন। তিনি বলেছেন, অর্থের অভাবে করা যাচ্ছে না। আজকে দেখছি লেফট ফ্রন্টের শরিক দলের বাজেট। আমরা বিরোধী দলের এম এল এ-রা পদাধিকারবলে সভাপতি আছি। আমাদের বিরুদ্ধে আই. সি.ডি.এস.-এর ব্যাপারে কোন রিপোর্ট আছে যে আমরা আপনাকে হয়রান করার চেষ্টা করেছি? আমি আপনাকে সবিনয়ের সঙ্গে বলছি, আপনি এই যে ঐতিহাসিক সিদ্ধান্ত নিয়েছিলেন, যেটা বলেছিলেন যে কোয়ালিটি কন্ট্রোল করবেন এবং ইন্সপেকশন করবেন, ফ্রিকোয়েন্টলি ইন্সপেকশন করলে কি হতে পারে তা আপনি ভালই জানেন। আমি সেইসব দুর্গন্ধময় কথা এখানে আনতে চাইছি না। আমি কাটমোশানের সমর্থনে এবং নতুন যে কথা বললাম তার সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কমলাক্ষী বিশ্বাস : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ সরকারের সমাজ কল্যাণ বিভাগের এবং কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী বিশ্বনাথ চৌধুরী ৫৬ নম্বর এবং ৩৩ নম্বর দাবি যা উত্থাপন করেছেন তাকে সমর্থন করে আমি বলছি। ৫৬ নম্বর যে বাজেট পেশ করেছেন তার সমর্থনে আমার যুক্তি আমি আপনাদের সামনে উপস্থাপন করছি।

[5.25–5.35 p.m.]

আপনাদের আমলে কারাগারের যে অবস্থা ছিল আজকে আর সেই অবস্থা নেই। আগে কারাগার বলতে গেলে মানুষ আঁতকে উঠত, ভয়ে শিউড়ে উঠত। ২০০০ সালের ১৪ই এপ্রিল থেকে এই কারাগারের নাম সংশোধন করে সংশোধনাগার করা হয়েছে। আগে কারাগারের কথা ভাবলেই যে শঙ্কা হত যে একজন আরেকজনকে মারছে, মারামারি এইসব করছে, কুশিক্ষা

দিচ্ছে, এখন এসব আর নেই। বন্দীদের মানসিকতার অনেক এখন পরিবর্তন হয়েছে। এই ব্যাপারে বামফ্রন্ট সরকারের মাননীয় মন্ত্রীর যথেষ্ট উদ্যোগ নিয়েছেন। আজকে সংশোধনাগারে সমাজসেবী, শিক্ষিত মানুষ এবং এনজিওরা গিয়ে শিক্ষা দিচ্ছে। যারা বিভিন্ন সৃষ্ট চক্রের সঙ্গে জড়িত, তাদের যাতে মানসিকতার পরিবর্তন করে সমাজের মূলস্রোতে ফিরিয়ে আনা যায় তার জন্য তাদের নানা ধরনের শিক্ষা দেওয়া হচ্ছে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীর যে প্রয়াস, তার জন্য তাকে এরা ধন্যবাদ জানাচ্ছি। আগে বন্দীরা যেখানে খেত, সেখানে মলত্যাগ করত, আজকে আর সেই অবস্থা নেই। আমি বহুবার জেল পরিদর্শনে গেছি এবং আগে যে বন্দীদের মধ্যে একটা মারামারি, হানাহানি করার প্রবণতা ছিল, মেরে ফেলছে এসব ছিল, আজকে আর সেটা নেই। তবে একটা জিনিস লক্ষ্য করতে হবে যে, কারাগারে নির্দিষ্ট সময়ে বন্দী থাকা অবস্থাতে কি করে ওখান থেকে বেরিয়ে যায় এবং এর জন্য ব্যবস্থা নিতে হবে। এই ব্যাপারে অন্য দপ্তরের সঙ্গে ঠিক ঠিকমতো যোগাযোগ রাখতে হবে। আর হচেছ কারাগারে যাতে কোন অবস্থাতেই বন্দীরা মরে না যায়, সেইদিকে নজর দিতে হবে। আপনি অ্যাম্বুলেন্স দিয়েছেন, হাসপাতাল করেছেন, কিন্তু কারাগারে যারা বন্দী আছে, তাদের মানসিকতার পরিবর্তন করতে হবে। কারগারে যাতে সুন্দরভাবে জীবন-যাপন করতে পারে, তার জন্য অবশ্যি আপনি বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা করেছেন। সেখানে টি.ভি., খেলাধুলা, সমস্ত কিছু ব্যবস্থা করেছেন। ওইসব লোকেরা যাতে ফিরে এসে স্বাভাবিক সমাজজীবনে ফিরে আসতে পারে, তার জন্য আপনি অনেক পরিকল্পনা নিয়েছেন। ওইসব পরিকল্পনার মধ্যে দিয়ে তারা যাতে ফিরে এসে নিজে কাজ করে খেতে পারে তার ব্যবস্থাও নিয়েছেন যেমন টাইপ রাইটিং শিক্ষা, কম্পিউটার শিক্ষা, মেয়েদের এমব্রোডায়েরি, সুচের কাজ এবং দরজির কাজ শিক্ষা এবং মোমবাতি তৈরি করার শিক্ষা দিচ্ছেন। কিন্তু এইসব বন্দীরা যাতে বেরিয়ে এসে মোমবাতি তৈরি করতে পারে, তার জন্য মোমবাতির লাইসেন্স যাতে পায়, তারও ব্যবস্থা করবেন। আরেকটি কথা বলে শেষ করব সেটা হচেছ যে, বন্দীদের মুক্তির পর মানসিকভাবে ভেঙে পরা বন্দীদের পুনর্বাসনের দেবার কাজ করার জন্য একজন করে অফিসার সর্বক্ষণের জন্য নিযুক্ত করেছেন। কিন্তু একজন যথেষ্ট নয়, আরও বেশি সর্বক্ষণের অফিসার নিয়োগ করতে অনুরোধ করছি। এই সাথে ৫৬নং ধারাতে যে সামাজিক কল্যাণ বিভাগ রয়েছে, ভারত যাতে শিশু, গর্ভবতী মহিলা, বৃদ্ধ-বৃদ্ধা এবং পথে-ঘাটে যেসব ঘোরাফেরা করে তাদের সঠিকভাবে দেখভাল করার জন্য আপনি প্রয়াস নিয়েছেন। সেখানে গর্ভবতী মায়েদের আই সি ডি এস প্রকল্পর মাধ্যমে যাতে উপযুক্ত চিকিৎসা হয় এবং শিশু পুষ্টি ব্যবস্থা হয় সেইদিকে দৃষ্টি দেবেন। গর্ভবতী মায়েদের সন্তান প্রসবের আগে এবং পরে যাতে সমান যত্ন পায় এবং পুষ্টি পায়, সেইদিকে নজর দিতে হবে। সাথে শিশুদের পুষ্টিরও ব্যবস্থা করতে হবে, যাতে শিশুমৃত্যুর হার করতে পারে।

বালিকা সমৃদ্ধি যোজনা সম্বন্ধে সুভাষ চন্দ্র বসু যখন কংগ্রেসের সভাপতি ছিলেন তখন তিনি বলেছিলেন, স্বাধীনতার পর কিভাবে দেশ চলবে তার একটা পরিকল্পনা করতে বলেছিলেন। তাতে লিঙ্গভিত্তিক বৈষম্য দুর করা প্রথম কাজ হওয়া উচিত বলেছিলেন। আমাদের বামফ্রন্ট সরকার 'বালিকা সমৃদ্ধি যোজনা' চালু করেছেন। তাছাড়া বি.পি.এল কার্ডধারী কোন মহিলা দুটি মেয়ে জীবিত সন্তান জন্ম দিলে তাকে পাঁচশ টাকা করে দেওয়া হবে অনুদান হিসাবে

এবং স্কুলে পড়ার সময় বিভিন্ন ক্লাশে উঠে গেলে তাকে একশো, দুশো টাকা করে অনুদান দেওয়া হবে। আমি আরেকটা কথা বলেই আমার বক্তব্য শেষ করব, জগদ্দল বিধানসভায় ভাটপাড়া পৌরসভায় নয়টি ওয়ার্ডে যে গ্রাম পঞ্চায়েতের অংশ যুক্ত হয়েছে প্রায় দশ বছর হয়ে গেল সেই এলাকায় আই.সি.ডি.এস প্রকল্প চালু হল না, সেখানে অঙ্গনওয়াড়ি কর্মীদের দেওয়ার ব্যবস্থা আপনি করবেন, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী চৌধুরী মোহন জাটুয়া : মাননীয় সভাপতি মহাশয়, সমাজকল্যাণ দপ্তর এবং কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় কর্তৃক আনীত ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের দলের আনীত কাট মোশানকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। কিছু কিছু ভালো জিনিস করবার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় চেষ্টা করছেন, সেইজন্য প্রথমে আমি ভালো সাইডটাই তুলে ধরবার চেষ্টা করছি। মাদকাসক্তি নিবারণ করবার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় কেন্দ্রীয় সরকারের সহায়তায় এবং স্বেচ্ছসেবী সংস্থার মাধ্যমে আসক্তি বিমোচন এবং তাদের সারিয়ে তোলার চেষ্টা করছেন। কিন্তু এই সরকারের দুজন মন্ত্রিমহাশয় দুটি ভিন্ন রাস্তায় চলছে। মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবাংলায় ইন্ডাস্ট্রিয়ালাইজেশান হচ্ছে না বলে দুশোটি মদের দোকানের লাইসেন্স দেওয়ার ব্যবস্থা করেছেন এবং এর থেকে রাজস্ব আয় বাড়াবার চেষ্টা করছেন। পশ্চিমবাংলায় একজন মন্ত্রী যখন মদ খাওয়া ছাড়ানোর চেষ্টা করছেন, তখন অন্য মন্ত্রী মদ যাতে মানুষ বেশি খায়, তার জন্য ঢালাওভাবে মদের দোকানের লাইসেন্স দিচ্ছেন। জানি না সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রীর এই প্রচেষ্টা কতখানি সাফল্য লাভ করবে। যাই হোক মদ খাইয়ে বা মদ ছাড়ানোর চেষ্টা করে যদি পশ্চিমবাংলায় শান্তি ফিরে আসে তাহলে আসুক। আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে, মাননীয় মন্ত্রিমহাশয় পশ্চিমবাংলায় বেশ কিছু বৃদ্ধাশ্রম চালু করবেন বলেছেন। আমাদের অর্থনৈতিক সমাজব্যবস্থায় যৌথ ফ্যামিলির চিন্তা আর নেই, তাই আমাদের মতো বৃদ্ধদের থাকবার জন্য এই ৩৪টি বৃদ্ধাবাস করলেই হবে না। প্রতিটি ব্লকে একটি করে বৃদ্ধাবাস করতে হবে। যে সমস্ত বৃদ্ধ-বৃদ্ধারা ছেলে-মেয়েদের কাছে থাকতে পারছে না তাদের জন্য আপনি যদি আরও বৃদ্ধাবাস করার পরিকল্পনা গ্রহণ করেন তাহলে অন্যান্য লোকেদের সঙ্গে আমরাও উপকৃত হব।

[5.35–5.45 p.m]

মাননীয় মন্ত্রী মহাশয় অনেক ভালো কাজ করার চেষ্টা করছেন, আমি আপনাকে তার একটা সাজেশন দেব। যেসমস্ত মহিলা পণপ্রথা, ইন লজ দ্বারা অত্যাচারিত হচ্ছে, স্বামীর কাছে বা বাড়িতে থাকতে পারছে না, এই সব ব্যাপারে যে-সমস্ত কেস হচ্ছে, সেই কেসে ফাইট করার জন্য যদি কোনভাবে সাহায্য করতে পারার মতো সিস্টেম বার করতে পারেন—সে এন.জি.ও. র মাধ্যমে হোক বা সরকারি দপ্তরের মাধ্যমে হোক—তাহলে তারা খুব উপকৃত হবে। যেসমস্ত মহিলারা সেক্সচ্যুয়াল ভায়োলেন্সের শিকার হন, তাদেরও যদি এইভাবে সাহায্য করার কোন পন্থা বার করতে পারেন তাহলে প্রকৃত দোষীদের শাস্তি নিশ্চিত করা যাবে এবং সমাজে শান্তি ফিরতে পারে।

মাননীয় মন্ত্রীর বাজেটের প্রথম পয়েন্ট হ'ল—সুসংহত শিশু বিকাশ প্রকল্প। এটা একটা

ভালো স্কিম, যেটা মাননীয় মন্ত্রী কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় করছেন। এখানে ৪১ হাজার অঙ্গনওয়াড়ি শিবির আছে, যার মাধ্যমে ৬ বছরের অনূর্দ্ধ ৪০ হাজার ছেলেমেয়ে উপকৃত হচ্ছে। কিন্তু অ্যাডমিনিস্ট্রেশনের গাফিলতি এবং অন্যান্য কারণে এই সুন্দর স্কিমটি নষ্ট হচ্ছে। এই স্কিমটি যাতে ভালেভাবে চলে তার চেষ্টা করার জন্য বলব। যে সমস্ত ইউনিটগুলো এতে আছে, অধিকাংশ জায়গায় নিজস্ব বাড়ি নেই, কারো বাড়ির বারান্দায়, কোন ডে স্কুলে সকালে, এসব জায়গায় হচ্ছে।

তৃতীয়, যেটা আমার বন্ধু জ্যোতি বলল, আপনাদের টেন্ডার সিস্টেমে গলদ আছে বেশি। ছেলেমেয়েরা ঠিকমতো খাওয়ার পায় না জিনিসপত্র না আসার ফলে। একটা কেন্দ্রে ৫০ জন ছেলেমেয়ে এনরোল্ড আছে, কিন্তু আসে ৫ জন। তা সত্ত্বেও সারা মাসে তাদের যে পরিমাণ খাদ্য খাওয়ার কথা সেটা তারা পায় না। কারণ সেখানে যে খাদ্যসামগ্রি আসার কথা, সেইগুলো কালোবাজারিদের হাতে চলে যায় বিভিন্নভাবে। মাননীয় মন্ত্রীর হয়ত কিছু ধারণা এ বিষয়ে থাকতে পারে, আমরা পাড়াগাঁয়ের এম.এল.এ.রা দেখেছি এরকম হচ্ছে। এক্ষেত্রে ইলপেকশন সিস্টেমটা ইমপ্রুভ করা যায় কিনা, দেখতে হবে। নির্বাচিত জনপ্রতিনিধি বা এম.এল.এ.-দের যদি এই বিষয়ে ইনভলভ্ করা যায়, তাহলে হয়ত উন্নতি হতে পারে এবং যে টাকা তাদের জন্য বরাদ্দ হচ্ছে সেটা সঠিকভাবে খরচ হতে পারে। এই বিষয়টি দেখতে অনুরোধ করছি। সর্বোপরি বলব, রাজনীতি যেমন সর্বত্র ঢুকেছে, তেমনি এখানেও ঢুকেছে। কিছু মনে করবেন না মন্ত্রী মহাশয়, আপনি যে অ্যাপয়েন্টএমন্ট সিস্টেম করেছেন, সেখানে হোম কোটা রেখেছেন। সেখানে কি প্রিন্সিপাল আছে? আপনার ডিপার্টমেন্ট থেকে ডাইরেকটলি অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে।

কোন ইন্টারভিউ হচ্ছে না। কোন পরীক্ষা দিতে হচ্ছে না। অ্যাপয়েন্টমেন্ট পেয়ে বসে আছে। অধিকাংশ সময় তারা ইউনিটে যায় না। কাজ করে না। হোম কোটা যখন উঠেই গেছে, আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব যে, এখানেও হোমকোটা বিলোপ করুন। এইকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়, দুহাজার তিন চারের যে, ৫৬ এবং ৩৩ দাবি পেশ করেছেন আমি তাকে সমর্থন করে দু-একটা কথা বলছি। প্রথমেই বলছি যে, সমাজের দায়িত্ব এবং কর্তব্য পালন করাটা খুবই কঠিন। কঠিন হলেও মাননীয় মন্ত্রী এবং এই বামফ্রন্ট সরকার সমাজের পিছিয়ে পড়া একশ্রেণির শিশুদের এবং মানুষের দায়িত্ব নিয়েছে এবং এই দায়িত্ব নেওয়ার জন্য লক্ষাধিক অঙ্গনওয়াড়ি কর্মী এবং সহায়িকা কর্মী যারা নিরন্তর সমাজের সেবা করে যাচ্ছে এবং এটা বড় সাফল্য যে দীর্ঘ সময় ধরে এই বিশাল কর্মীবাহিনী তারা সপ্তাহের সাতদিনই এই কাজগুলো করে যাচ্ছে। এই দপ্তরের সাফল্য অনেক। বৃদ্ধ, বৃদ্ধা, প্রতিবন্ধী, বিধবাদের যারা সমাজের অবহেলিত হিসাবে গণ্য, তাদের সরকার অবহেলিত ভাবছে না।

সরকার এইসব দুঃস্থ পুরুষ এবং মহিলাদের অনুদান দেওয়ার ব্যবস্থা করছেন। একটা

জমানায় ২০ থেকে ২৫ টাকা দেওয়া হত। সেটা বাড়িয়ে একটা সম্মানের জায়গায় নিয়ে আসা হয়েছে। এখন ৫০০ টাকা করে দেওয়া হচ্ছে। মাননীয় ীকে অনুরোধ করব যে, এই অর্থটা একটু বাড়িয়ে দিলে ভালো হয়। আপনার দপ্তর অনেক ভালো কাজ করেছে। কন্যাসন্তানকে যখন ছোট করে দেখা হত, তখন আপনার দপ্তর থেকে এই কন্যাসন্তানকে যারা দারিদ্রসীমার নীচে বসবাস করেন, তাদেরকে ৫০০ টাকা দিয়ে পোস্ট অফিসে অ্যাকাউন্ট করে দিয়েছেন, যাতে করে ১৮ বছর বয়সের তাদের কন্যাসন্তানরা একটা বিশেষ পরিমাণ টাকা পেতে পারেন। আপনি এই টাকাটার পরিমাণ একটু বাড়ালো ভালো হয়। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি মহিলাদের তাৎক্ষণিক বিপদে আপনার দপ্তর রক্ষাকর্তা হিসাবে এগিয়ে এসেছে।

[5.45–5.55 p.m.]

আপনি একটা হেল্প লাইন রেখেছেন যার মাধ্যমে আপনাকে জানালে আপনি তক্ষুণি তাঁকে, সেই মহিলাকে বিপদ থেকে রক্ষা করার জন্য চেষ্টা করবেন। এই সাফল্য তো বামফ্রন্টের আমলে হয়েছে, কারণ যারা সমাজের দায়িত্ব নেয়, সমাজের কর্তব্য পালন করার জন্য ভাবতে পারে, তারাই এইসব কাজ করতে পারে। এই কারণেই আজকে আপনার দপ্তরের সাফল্য। আজকে হোমে হাজার হাজার ছেলেমেয়ে আছে তারা সেখানে এসে শুধু খেতে পাচ্ছে না লেখাপড়ার সুযোগও পাচ্ছে। আজকে স্কুলের পরীক্ষাগুলোতে তারা ভালো রেজাল্ট করছে। মাধ্যমিক পরীক্ষাগুলোতে ভালো ফল করছে। এটা আমাদের সমাজের পক্ষে মঙ্গলজনক বলে মনে করি। আজকে সন্তানহীন বাবামা যারা একটা সন্তানের জন্য ছটফট করছে, তাদের বুকে যদি শিশুকে তুলে দিতে পারতেন, এই দায় অত্যন্ত কঠিন, আমি কিন্তু এই দপ্তর সেটা পারে, বামফ্রন্ত সরকার এটা পারে। আজকে '৭৭ সালের আগে জেলের যা অবস্থা ছিল, এখন গিয়ে দেখুন সেই অবস্থার পরিবর্তন ঘটে গিয়েছে। আগে সেখানে বসে কয়েদিরা ঠিক করতো কোথায় ডাকাতি করা হবে, কোথায় খুন করা হবে। এখন সেখানে শিক্ষা দিয়ে ইত্যাদি বিষয়ের মধ্যে দিয়ে বন্দীকে সংশোধন করে সামাজিক মানুষ করা হচ্ছে। আমি একটা কথা বলতে পারি, এদের সংশোধন করা হচ্ছে দেখে আসুন গিয়ে কিভাবে করা হচ্ছে। আজকে একজন খুনিকে মানুষ হিসেবে চিহ্নিত করার চেষ্টা করা হচ্ছে, পরবর্তীকালে যাতে সে একজন সামাজিক মানুষ হয়ে উঠতে পারে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমরা বক্তব্য শেষ করছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরী মহাশয় নারী ও শিশু কল্যাণ দপ্তরের যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করছি। বিরোধীরা যে কাট মোশন এনেছেন তার বিরোধিতা করছি। আমাদের এই ভারতবর্ষে অর্ধেকের বেশি মহিলা বাস করে। সেই মহিলাদের যদি আর্থিক, সামাজিক, রাজনৈতিক দিক থেকে মানোন্নয়ন ঘটানো না যায়, তাহলে প্রকৃতপক্ষে আমাদের দেশের অগ্রগতি সম্ভব না, কোন রাজ্যের অগ্রগতি সম্ভব হতে পারে না।

আমাদের রাজ্যে কাছাকাছি অর্ধেক মহিলা হলেও তাদের অর্থনৈতিক, সামাজিক মানোন্নয়নের ক্ষেত্রে আমাদের রাজ্য সরকার একটা দৃষ্টিভঙ্গি নিয়ে চলেছেন। এটা ঠিক আমাদের

সমাজ কল্যাণ বিভাগ, শিশু ও নারী কল্যাণ বিভাগ খুব যত্নসহকারে কাজ করে চলেছে। নারী ও শিশুদের মান উন্নয়নের জন্য একটা নির্দিষ্ট পরিকল্পনা যদি না থাকে তাহলে আমাদের এই সমাজটা ভয়ানক হয়ে উঠতে পারে। আমরা দেখেছি এই দপ্তরের অধীনে ৩৪০টি প্রকল্পে প্রায় ৪৯২৪৪টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র পরিচালিত হচ্ছে যেখানে ৪ লক্ষ শিশু এবং তার পরিবার এর দ্বারা উপকৃত হচ্ছে। আমাদের সরকার এবং এই দপ্তর সতর্কতার সাথে এই দরিদ্র পরিবারগুলিকে সহায়তা করে চলেছে বিভিন্ন ধরনের খাদ্য ও জিনিসপত্র সরবরাহের মাধ্যমে। আমাদের রাজ্যে আরও অনেক চাহিদা আছে। ১৯৯১ সালের সেনসাসকে ভিত্তি বর্ষ ধরে প্রতি হাজার পপুলেশান পিছু এক-একটা কেন্দ্র পরিচালিত হতো। কিন্তু বর্তমানে দিন পরিবর্তন হয়েছে এবং জনসংখ্যা বেড়েছে ১৯৯১ সালে যে জনসংখ্যা ছিল আর ২০০১ সালে তার চেয়ে অনেক গুণ বৃদ্ধি পেয়েছে, তাই ২০০১ সালের সেনসাস মোতাবেক এই কেন্দ্রের সংখ্যা বাড়ানো যায় কিনা, সেই দিকে মাননীয় মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে বলবো। যে কেন্দ্রগুলি পরিচালন করার কথা অঙ্গনওয়াড়ি কর্মীদের—তার জন্য হোম কোটা বলে একটা কথা আছে—হোম কোটা অ্যান্ড আদার্স, বাস্তবে দেখা যাচ্ছে ওই আদার্সের দোহাই দিয়ে আদার্সরা চলে আসছে, প্রকৃত আদার্সরা সুযোগ পাচ্ছেন না। এই আদার্সের মধ্যে দেখা যাচ্ছে যারা এ.পি.এলে আছে তার একটা অংশ এর দ্বারা উপকৃত হচ্ছেন। এই বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এটা যত্ন সহকারে দেখা উচিত। আরেকটা বিষয় আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি, সেটা হল প্রত্যেক ব্লকে একটা করে আই.সি.ডি. এস. কেন্দ্র আছে, সেখানে আই.সি.ডি.এস. অফিস আছে এবং একজন করে সি.ডি.পি.ও. আছেন। এই সি.ডি.পি.ও. হচ্ছে এর মাথা, আর মাথা যদি ঠিক না থাকে তাহলে লেজ কোন দিনই চলে না। একজন সি.ডি.পি.ও. তিনি ৩-৪টে অফিসের দায়িত্বে থাকেন, ফলে এই কাজে মন্থরতা আসে এবং এটাই হল দুর্বলতা। এটা নীচের দিকে প্রসারিত করতে গেলে প্রত্যেক ব্লকে একজন করে সি.ডি.পি. ও. অফিসার নিয়োগ করতে হবে। এবং এর জন্য দরকার প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাকচারের। অর্থাৎ একজন স্টোর-কিপার, অ্যাকাউন্টেট, ক্লার্ক থাকা দরকার এবং এর জন্য একটা গাড়ি থাকা প্রয়োজন। একটা অফিসের আণ্ডারে ১৫০ থেকে ২২০টির মতো সেন্টার থাকে, একজন সি.ডি.পি.ও.কে তৎপরতার সাথে কাজ করতে হলে বর্তমান যুগে তার একটা গাড়ির দরকার। প্রতি কেন্দ্রে যে সমস্যা হচ্ছে তাকে দূর করতে গেলে এই কাজ অত্যন্ত জরুরি, তাই মাননীয় মন্ত্রীর এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধিদের কটিামোশানের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী মায়ারানী পাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের নারী ও শিশু বিকাশ এবং কারিগরি, সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরী যে বাজেট পেশ করেছেন তাকে বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। পুরুলিয়া জেলায় যে এইচ.এস.জি. তৈরি করা হয়েছে সেখানে আদিবাসী মহিলা যারা আর্থিকভাবে অনেক পিছিয়ে আছে এবং আদিবাসী গর্ভবতী মায়েরা অপুষ্টিতে ভুগছে, তারা সুচিকিৎসা ঠিকমতো পায় না। সেখানে শিশুকে খাওয়াবার ব্যবস্থা থাকে না। সেখানে গর্ভবতী মায়েরা স্বাস্থ্যকেন্দ্রে যায় না

এবং সেই জন্য অসময়ে শিশু মারা যায়। ২০০১ সালে জানা গেছে যে সমস্ত কেন্দ্রগুলি এখনও পর্যন্ত খোলা হয় নি—

[5.55–6.05 p.m]

যেসব কেন্দ্রগুলোতে মা ও শিশুদের খাদ্য সংরক্ষণ করার জন্য বলেছিলেন পঞ্চায়েতের মাধ্যম সেগুলো করা হয়নি। খাবারগুলো একটা জায়গায় রাখা না থাকলে সেই খাবারগুলো মাশিশুরা ঠিকমতো খায় না। এই ব্যবস্থাগুলো নেওয়া দরকার।

সুসংহত শিশু বিকাশ প্রকল্পে কত জনকে নেওয়া হয়েছে এবং তার পারিশ্রমিক কত এবং কতজনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এবং প্রধানমন্ত্রীর গ্রামোদয় যোজনায় মোট কত টাকা, কেন্দ্রীয় সরকার কত টাকা রাজ্য সরকারকে দিয়েছে, এটা মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন এবং সাথে সাথে কত টাকা খরচ হয়েছে, সেটাও জানাবেন।

বালিকা সমৃদ্বি যোজনায় রাখা টাকা কতজন ফেরত পেয়েছে? আপনার কাছে জানতে চাই, কারাগারে বাংলাদেশ থেকে আসা, পাকিস্থান থেকে আসা, এই রকম বিচারাধীনদের অনেকে বিচারে খালাস পেয়েছে অথচ এখনও জেলে আছে। তাদের জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে? মোট কতজন কর্মী আছে? এবং তারা নিয়মিত বেতন পায় কিনা?

মথুরা, বৃন্দাবনে আমাদের রাজ্যের বহু বিধবা অনেক কষ্টের মধ্যে দিনযাপন করছে এবং অল্প বয়সের বিধবা মেয়েরা নানা কুকার্যে লিপ্ত হতে বাধ্য হচ্ছে। এব্যাপারে রাজ্য সরকার কি ব্যবস্থা করেছেন?

অযোধ্যায় যেখানে ২০টি বিদ্যালয় আছে, শিশু শিক্ষা কেন্দ্র শ্রমজীবী শিশু বিদ্যালয় আছে সেখানে আরো স্কুল দরকার। কারণ ওখানে পাহাড়ি এলাকা রয়েছে। রাজ্য সরকারের ওখানে কোন পরিকল্পনা আছে কিনা স্কুল করার তা জানালে ভালো হয়।

যাই হোক, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরী মহাশয় পশ্চিমবঙ্গের কারা ও নারী শিশু বিকাশ ও সমাজ কল্যাণ বিভাগের জন্য যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করে দু-একটা কথা বলছি। আমার আগে এতক্ষণ অনেকে বক্তব্য রাখলেন এবং বার বারই বিরোধীরা একটা কথা বলার চেষ্টা করলেন যে স্কীমগুলো সরকারের পক্ষ থেকে গ্রহণ করা হয়েছে নারী ও শিশু এবং সমাজ কল্যাণের জন্য, সবটাই কেন্দ্রীয় সরকারের দ্বারা মঞ্জুরিকৃত এবং তাদের অর্থে নাকি এটা চলে। আমরা পশ্চিমবঙ্গের বাইরে কিনা এটা আগে বোঝা উচিৎ। একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে থেকে কার টাকা সেটা প্রশ্ন নয়। এর আগেও তো কেন্দ্রে অন্য সরকার ছিল রাজ্যেও সরকারে ছিল, কিন্তু তখন তো এই রকম ব্যবস্থাপনার কথা তোলা হয়নি। সেই দিকে দৃষ্টি দেওয়া হয়নি। রাজ্য থেকে ট্যাক্স বাবদ যে টাকা কেন্দ্রীয় সরকার নেয় এবং তার অংশ যেভাবে দেওয়া উচিত তা কেন্দ্রীয় সরকার আমাদের রাজ্যে ফেরত দিচ্ছে না। যা

দিচ্ছে তা তো অনুগ্রহ করে দিচ্ছে না, সম্পূর্ণও দিচ্ছে না। যদি আমাদের ন্যায্য পাওনা ওরা দিতেন তাহলে আমরা এই দপ্তরের কাজ আরো ভালোভাবে করতে পারতাম বলে মনে করি।

এটা আমরা মনে করি। তা সত্ত্বেও আজকে সীমিত ক্ষমতা, সীমিত অর্থ নিয়েও আমাদের এই সরকার আজকে যে পরিকল্পনা যে গ্রহণ করেছেন, সেই পরিকল্পনা থেকে বুঝতে পারছি, আজকে গোটা পশ্চিমবঙ্গে নারী ও শিশুদের রক্ষার্থে চারিদিকে যে অবস্থা চলছে, সামাজিকভাবে দূষণ হচ্ছে, সেই দূষণের জায়গা থেকে তাদেরকে ভাল জায়গায় নিয়ে আসা গোটা দেশ জুড়ে চলছে। তার মধ্যে আমাদের রাজ্যে এরকম একটা পরিকল্পনা গ্রহণ করে উন্নয়নের জায়গায় নিয়ে আসা—আজকে এই জায়গায় দাঁড়িয়ে সমাজকল্যাণ বিভাগ নানাবিধ পরিকল্পনা গ্রহণ করেছেন যার মধ্যে দিয়ে উন্নতি হচ্ছে। আমাদের রাজ্যে মাননীয় মন্ত্রী মহাশয় বিভিন্ন স্কীমের কথা—১৫টি অনুচ্ছেদের মধ্যে দিয়ে তিনি তা বলার চেষ্টা করেছেন। আমাদের সরকার পক্ষের একজন মাননীয় সদস্য শ্রীমতী সাধনা মল্লিক বিস্তৃতভাবে বলেছেন, আমি সেজন্য বিস্তৃত বলছি না। আমাদের বিরোধী সদস্যরা বলেছেন, পাপকে ঘৃণা কর, পাপীকে নয়। এটা বাস্তব কথা, আমরা ভাল করে জানি। আজকে গোটা দেশ যেভাবে পাপে পরিপূর্ণ হয়েছে তার জন্য যারা দায়ী, আমার মনে হয়—যারা বলছেন তাঁরাই এই সমস্ত গণপাপী। এরা প্রত্যেকটা সময়, স্বাধীনতার পর থেকে লক্ষ্য করে দেখছি যে, গোটা দেশের মধ্যে বিশেষ করে যুব সমাজকে বিপথগামী উচ্ছৃঙ্খলতার দিকে নিয়ে যাচ্ছে। এরজন্য আজকে কারাগারকে সংশোধনাগার বলছি, এটা দরকার হত না। কিন্তু এরকম একটা বিষাক্ত জায়গায় এখানে অপরাধ-প্রবণতা প্রতিদিন বাড়ছে, আপনারা আজকে তাদেরকে উৎসাহিত করছেন, সেজন্য আজকে সংশোধনাগারের প্রয়োজন। পাপকে ঘৃণা কর, কিন্তু জ্ঞানপাপীদের কি করবো? আজকে সংশোধনাগার কথাটা ব্যবহার করা হয়েছে। আমরা জানি, এরকম একটা সময় ছিল যখন ইচ্ছাকৃতভাবে, উদ্দেশ্যপ্রণোদিতভাবে রাজনৈতিক বন্দীদের বন্দী করে রাখতেন। কিন্তু আজকে বিচার ব্যবস্থার মধ্যে দিয়ে দোষীদের সাজাপ্রাপ্ত হচ্ছে। তাদেরকে সংশোধনাগারে রাখা হয়েছে। আগে জেল বা কয়েদখানা বা কারাগার বলা হত, এখন তাকে সংশোধনাগার করা হয়েছে। আগে কারাগারগুলোর ভগ্নদশা ছিল। এখন মাননীয় মন্ত্রী মহাশয় সংশোধনাগার তৈরি করে বাড়ি-ঘরগুলো ভাল করার চেষ্টা করেছেন। আমি নিজে ২-৩টি জেলে গিয়ে দেখেছি—আমাদের রাজ্যে সাব-ডিভিশনাল জেল দেখেছি, ডিসট্রিক্ট জেল দেখেছি—আগে এসব জেলে একটা অব্যবস্থা ছিল, আগে এসব জেলে নিকাশি ব্যবস্থা ছিল না, একই জায়গায় প্রস্রাবাগার, ইউরিনাল, ল্যাট্রিন ছিল, সবই এক জায়গায় ছিল, এখানেই রান্না হত। কিন্তু বর্তমানে জেলে পাখার ব্যবস্থা করা হয়েছে, সমস্ত দিকেই সুব্যবস্থা করা হয়েছে। জেলে যারা রয়েছে তাদের অসুখ হলে তার জন্য চিকিৎসার ব্যবস্থা করেছেন, তাদের জন্য অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করেছেন। ৫০টি সংশোধনাগার থেকে প্রতিনিয়ত অ্যাম্বুলেন্স করে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। আলিপুর সেন্ট্রাল জেলে শীততাপ নিয়ন্ত্রিত রোগ নির্ণয় কেন্দ্র তৈরি করা হয়েছে, বিভিন্ন জায়গা থেকে বন্দীরা এখানে এসে চিকিৎসার সুযোগ পাচ্ছেন—১৯৮৭ সালের পর থেকে দেখছি এখানে একটা ট্রিটমেন্ট সেন্টার তৈরি করা হয়েছে—এটা ভাল জায়গায় আছে—এখানে বন্দীরা চিকিৎসা পাচ্ছেন।

[6.05–6.15 p.m]

আমরা দেখছি কেন্দ্রীয় সংশোধনাগারগুলির বন্দীদের জীবনের একঘেয়েমি কাটাবার জন্য বিভিন্ন রকম ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অনেক সময় অনেক লেখাপড়া জানা শিক্ষিত মানুষও দুর্বিপাকে পড়ে জেলে যেতে বাধ্য হন। সেই সব মানুষের মানসিকতাকে সুস্থ রাখার জন্য এবং উন্নত করার জন্য গ্রন্থাগারের ব্যবস্থা করা হয়েছে। তাঁরা কারাগারে বা সংশোধনাগারে বই-পত্র পড়ার সুযোগ পাচ্ছেন। বিল্ডিংস কারাগারে প্রাথমিক শিক্ষাদানের ব্যবস্থা করা হয়েছে এবং সাক্ষরতা কর্মসূচি পরিচালনার ব্যবস্থা হয়েছে। ইতিমধ্যেই জেল থেকেই অনেকে সাক্ষরতাপ্রাপ্ত হয়েছে। যেসব মহিলা কয়েদিদের সঙ্গে জেলে তাদের শিশু সন্তানেরা থাকে তাদের জন্যও মন্ত্রী মহাশয় কারাগারেই লেখা-পড়ার ব্যবস্থা করেছেন। এটা নিশ্চয়ই প্রশংসার দাবি রাখে। আমরা দেখছি বর্তমানে সংশোধনাগারগুলিতে কয়েদিদের বিনোদনের জন্য টি.ভি.-রেডিও এবং নানা রকম খেলাধুলার ব্যবস্থা করা হয়েছে। ক্রিকেট সহ বিভিন্ন খেলাধুলার সুযোগ সৃষ্টি করা হয়েছে। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। প্রথম, দ্বিতীয় দিয়ে উৎসাহিত করা হয়েছে। সাংস্কৃতিক অনুষ্ঠানেরও ব্যবস্থা করা হয়েছে। রবীন্দ্রনাথ প্রমুখ মনীষীদের জন্মদিন পালন করা হয়েছে। সে সমস্ত অনুষ্ঠানে নামী শিল্পীদের নিয়ে গিয়ে গান শোনাবার ব্যবস্থা করা হয়েছে। এমন কি বিভিন্ন রকম বৃত্তি শিক্ষা কর্মসূচি চালু হয়েছে। সেন্ট্রাল জেলের একজন বন্দী ঘাস দিয়ে তাজমহল বানিয়ে সবাইকে অবাক করে দিয়েছিল। কয়েদিরা যাতে জেল থেকে মুক্তি পাবার পরে স্বাভাবিক জীবনে ফিরে এসে স্বনির্ভর হতে পারে তার জন্য বিভিন্নং রকম প্রশিক্ষণের ব্যবস্থা হয়েছে। এই সমস্ত কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য জেল বিভাগের আধিকারিকদের প্রশিক্ষণ দেখার ব্যবস্থা করা হয়েছে। পরিশেষে আমি ভিজিটিং কমিটি সম্বন্ধে দু-একটা কথা মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব। আমি এক সময় ভিজিটিং কমিটির সদস্য ছিলাম। সাব-ডিভিশনাল জেলের ভিজিটিং কমিটি সাধারণত কাদের নিয়ে গঠন করা হয়? সেখানে কি বিধায়কদের যুক্ত করার কোন সুযোগ নেই? তা যদি থাকে তাহলে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটু ভেবে দেখতে অনুরোধ করছি। এই কটি কথা বলে উভয় দফতরের ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন করে, কাট মোশানের তীব্র বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সৌগত রায় : স্যার, আজকে মাননীয় মন্ত্রীর দুটো দপ্তরের বাজেটের একসাথে বিতর্ক হচ্ছে। একটা হচ্ছে মহিলা ও শিশু উনংনয়ন এবং সমাজ কল্যাণ তার একটা হচ্ছে কারা বিভাগ। দুটো বিভাগেরই মন্ত্রী শ্রীবিশ্বনাথ চৌধুরী মহাশয়। স্যার, আপনি দেখবেন মৌলিকভাবে দুটো বিভাগই আমাদের সামাজিক অবস্থা এবং সমাজ সংস্কারের সঙ্গে যুক্ত। দুর্ভাগ্য এই যে, আমাদের সমাজ সংস্কারের কোন দপ্তর নেই, সমাজ সংস্কারের কোন মন্ত্রী নেই। তা ছাড়া আজ থেকে একশো, দেড়শো বছর আগে রামমোহন বা বিদ্যাসাগর যে ধরনের সমাজ সংস্কাররের কথা বলেছিলেন সে ধরনের সমাজ সংস্কার করার লোক এখন তাঁর পাওয়া যায় না। একবিংশ শতাব্দীতে দাড়িয়ে আমরা নিয়মিত শুনছি মহিলাদের পণের জন্য পুড়িয়ে মারা হচ্ছে। এটা কে নিয়ন্ত্রণ করবে? আবার নতুন শতাব্দীতে নতুন ধরনের সমস্যা আমাদের

যুবমানসকে প্রশ্ন করছে। এ ক্ষেত্রে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে ড্রাগের সমস্যা-সর্বনাশা ড্রাগের নেশা। এই সমস্যার সমাধানের জন্য সরকার কি করতে পারে, এই প্রশ্ন স্বভাবতই উঠছে। আজকে ক্রমশ এই ধারনাই জোরদার হচ্ছে যে, সরকারের দ্বারা সমাজ কল্যাণ ও সমাজ সংস্কার করা সম্ভব নয়। সৌভাগ্যবশত আমাদের দেশে এবিষয়ে অনেক সমাজসেবী সংগঠন কাজ করছে এবং আমি বলব তাদের নমুনা খুবই গুরুত্বপূর্ণ। সব কাজ হচ্ছে, বিশেষ করে ত্যাগ অ্যাবিউজ বন্ধ করতে। সেক্ষেত্রে সব কাজটাই স্বেচ্ছাসেবী সংগঠন করছে। সমাজ কল্যাণ দফতরের যেসব কাজ আছে তার মধ্যেও স্টিট চিলড্রেন, পথ-শিশু কল্যাণ অন্যতম। সে কাজেও আমরা সে স্বেচ্ছাসেবী সংগঠনগুলির খুব বড় ভূমিকা লক্ষ্য করছি। সোস্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের যেটা করা দরকার সেটা ফেসিলিটেটর হিসাবে কাজ করা যাতে স্বেচ্ছাসেবী সংগঠনগুলি ভালভাবে কাজ করতে পারে এবং তাদের যাতে কিছুটা আর্থিক সহায়তা দেওয়া যায় সেই কাজ সমাজ কল্যাণ দপ্তরের করা দরকার। কিন্তু সেটা অনেক সময়ে ব্যুরোক্রাটিক বাধার জন্য করে উঠতে পারছেন না। স্যার, আমি ছোটখাটো দু-একটি উদাহরণ দিতে চাই, আপনি জানেন, রাজ্য সরকার থেকে বার্ধক্য ভাতা, বিধবা ভাতা এবং অক্ষম ভাতা দেবার প্রভিশন আছে। সেই ভাতাকে বাড়িয়ে ৪০০ টাকা থেকে ৫০০ টাকা করা হয়েছে। সারা রাজ্যে ৬ হাজার ৮৮৭ জন অক্ষম ভাতা পান। এ ছাড়া পৌরসভা, পঞ্চায়েত কেন্দ্রীয় সরকারের যে ন্যাশনাল সোসাল অ্যাসিসটান্স প্রোগ্রাম আছে তাতে বৃদ্ধদের জন্য ১০০ টাকা করে পান। রাজ্য সরকারের পেনশন অনেক বেশি। কিন্তু দেখা গেছে, সব সময়ে একরকম থাকে, কোটা কয়েক বছর ধরে ফিক্সড হয়ে আছে, কিছুতেই বাড়ছে না। আমাদের কাছে অনেকেই আবেদন করে। তারা বলে ৬ বছর ধরে অপেক্ষা করছি। আমি তাদেরকে বলি, কেউ মারা গেলে তখন খালি হবে, তারপর সুযোগ পাবেন, তা না হলে অক্ষম ভাতা পাবার সম্ভাবনা নেই। আমি এই বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো, জেনুইন সোসাল কাজে এই কোটা যদি বাড়ানো যায় তাহলে খুব ভাল হয়। অক্ষমদের ক্ষেত্রে এখন কেন্দ্রীয় সরকার ভাল আইন করেছেন। আপনি জানেন, ন্যাশনাল পারসন্স উইথ ডিসঅ্যাবিলিটিজ অ্যাক্ট একটা করা হয়েছে। আমি সমস্তটা পড়তে পড়তে দেখলাম, নন্দন প্রেক্ষাগৃহে রাম্পের ব্যবস্থা করেছেন যাতে অক্ষম লোকেরা যেতে পারেন। আমি দেখছি, সব চেয়ে কঠিন ব্যাপারে সরকারের কাছ থেকে সার্টিফিকেট পাওয়ার সমস্যা। এমনিতেই সিডিউল কাস্ট্স সার্টিফিকেট পেতে একটা বিরাট সমস্যা, তারপরে ডিস-এবেল এবং হ্যান্ডিক্র্যাফটের সার্টিফিকেট পেতে একটা বিরাট সমস্যা, তারপরে ডিস-এবেল এবং হ্যান্ডিক্রাফটের সার্টিফিকেট পেতেও একটা বিরাট অসুবিধা। আমার এলাকায় নীলরতন সরকার হাসপাতালে ডিজেবিলিটিজ সার্টিফিকেট দেয় এবং ওখানে অক্ষম যারা গিয়ে বসবে তাদের বসার কোন রকম ভাল অ্যারেঞ্জমেন্ট নেই। ওখানে একজন গেলেন, সোসাল অফিসার থাকেন, ৩।৪ মাস পরে ডেট দিলেন। অ্যাটলিস্ট অক্ষমদের সার্টিফিকেট পাওয়ার ক্ষেত্রে এবং তার সঙ্গে হ্যান্ডিক্রাফট কার্ড যেটা ৪৫ নম্বর, গণেশ অ্যাভেনিউ থেকে দেওয়া হয় সেটা যদি সহজে করা যায় তাহলে বহু লোকের সুবিধা হয়। আমি ব্যক্তিগতভাবে মন্ত্রিমহাশয়কে বলেছি, অনেক অক্ষম ব্যক্তি যারা এমনিতেই জরদ্গব হয়ে আছে তাদের নিয়ে যাওয়া যায় না, তাদের নড়ানো মুশকিল। তাদের নিয়ে গিয়ে ঐ হাসপাতালে

স্পেসিফিক ডাক্তারের কাছে সার্টিফিকেট পাওয়া মুশকিল। সুতরাং আপনি ভেবে দেখুন, একটা এলাকা জুড়ে কিছু ডাক্তারকে এই রাইট বা পাওয়ার দেওয়া যায় কিনা? তারা ডিজঅ্যাবেলিটি সার্টিফিকেট দিতে পারবেন। সেটা রাজ্য সরকার পুরো এনডোর্স করবে। এটা যদি করা যায় তাহলে এই অক্ষম ব্যক্তিরা অনেকটাই সুবিধা পাবেন বলে আমার মনে হয়। সোসাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের মূল কাজ—আজ সকালে যে প্রশ্ন ছিল তাতে গ্রামের সমস্ত বিধায়করা আই.সি.ডি.এস. প্রকল্প নিয়ে বললেন। এটা ইন্দিরা গান্ধী শুরু করেছিলেন, বাচ্চাদের স্বাস্থ্যকর খাবার দেবার পরিকল্পনা। এটা ভারতবর্ষের মধ্যে অন্যতম জনপ্রিয় পরিকল্পনা। কিন্তু বিশ্বনাথবাবুর অসুবিধা, কেন্দ্র এটা ঠিক করে দেয়, কতগুলি সেন্টার করা হবে সেটা ফিক্স করে দেয় আর টাকা দেয়। সেন্ট্রাল গভর্নমেন্টের ওমেন অ্যান্ড চাইল্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট তারা টাকা দেয়। অথচ গোটা ভারতবর্ষে এর ডিমান্ড আছে আরো বেশি অঙ্গনওয়াড়ি সেন্টার করা। এই অঙ্গনওয়াড়ি সেন্টারে বহু কর্মচারীদের কাজ দেবার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো, আরো অঙ্গনওয়াড়ি সেন্টার বাড়ানো যায় কিনা, আরো আই.সি.ডি.এসের নাম্বার বাড়ানো যায় কিনা সে ব্যাপারে একটু সিরিয়াসলি চেষ্টা করবেন। এ ছাড়া আর একটি কথা বলতে চাই, এই যে বারবার আমরা রিপোর্টে পড়ি যে, লিলুয়া হোমে মেয়েদের খারাপ উদ্দেশ্যে ব্যবহার করে। কেন এই হোমগুলিতে এই কায়েমি স্বার্থের লোক এত গেঁড়ে বসেছে?

[6.15–6.25 p.m.]

সেখানে খাবার চুরি হয় এবং সেখানে যারা কাজ করেন তারা অন্য রকম কাজে মেয়েদের ব্যবহার করতে চান, ফলে সেখান থেকে মেয়েরা পালিয়ে যান। অ্যাগর‍্যান্ট হোম থেকেও লোক পালিয়ে যায়। কেন সরকারী হোমগুলিতে আপনি মানবিক ট্রিটমেন্ট দিতে পারছেন না এটা ভাবা দরকার। আমার নিজের মনে হয় এই ধরনের হোমের কাজ সরকারী কর্মচারীদের দিয়ে করানো সম্ভব নয়। আপনি কিছু হোম অলরেডি এন.জি.ও.-দের হাতে তুলে দিয়েছেন, বাকি হোমগুলিও আসতে আসতে এন.জি.ও.-দের হাতে তুলে দিন। মানুষ নিজের থেকে ইনসপিরেসান পেয়ে এই কাজ না করলে সঠিকভাবে এই কাজ হবে না। ঐ মাস মাহিনার সরকারী কর্মচারীদের দিয়ে এই কাজ সুষ্ঠুভাবে করা যাবে না। এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি জেলের কথায় আসছি। খুব সংক্ষিপ্তভাবে হলেও স্টেট হিউম্যান রাইটস কমিশন জেলের অ্যাডমিনিস্ট্রেশান সম্পর্কে যে রিপোর্ট দিয়েছেন তাতে ৯৯/২০০০ সালের রিপোর্টে তারা অত্যন্ত স্পষ্টভাবে বলছেন যে প্রতিটি জেল— এগুলিকে বলা হচ্ছে সংশোধনাগার হয়ে গিয়েছে—তার যা অবস্থা যে জেলে যায় সে পাকা অপরাধী হয়ে ফিরে আসে। জেলের মধ্যে এক শ্রেণির জেলের কর্মচারী এবং যারা লাইফার বা পুরানো কনভিক্ট তাদের সংস্পর্শে এসে তারা পাকা অপরাধী হয়ে ফিরে আসে। জেলের মধ্যে এইসব লোকরা একটা আলাদা জগৎ করে ফেলেছে। আমি প্রায় ১৫ বছর ধরে যখন আলিপুরের এম. এল. এ. ছিলাম তখন আমি আলিপুর সেন্ট্রাল জেল এবং প্রেসিডেন্সি জেলের ভিজিটার ছিলাম। মাসে একবার বা দুমাসে একবার সেখানে আমি যাবার চেষ্টা করতাম। আমি দেখেছি এবং আপনারা এখনও খবরের কাগজে দেখেন যে ঐ আফতাব আনসারির মতন লোকরা জেলের ভেতরে নানান রকমের সুবিধা পাচ্ছে। এটা

এন্টায়ারলি ঘটছে কোরাপ্ট জেল স্টাফদের জন্য। মন্ত্রিমহাশয় ভাল লোক কিন্তু এর অ্যাডমিনিসস্ট্রেশানটা একেবারে দুর্নীতিতে ভর্তি। মন্ত্রিমহাশয় নিজে একদিন গিয়ে ধরেছেন যে জেলের ভেতর থেকে দুধ বের করে নিয়ে গিয়ে কালীঘাট ব্রিজের তলায় বিক্রি করছে আলিপুর সেন্ট্রাল জেলের কয়েদিদের জন্য কেনা সব্জি বাইরে বিক্রি হয়ে যাচ্ছে। কয়েদিদের জন্য যেসব খাবার কেনা হচ্ছে তা তাদের কাছে পৌছাচ্ছে না। মন্ত্রিমহাশয় জেলের উন্নতির জন্য টাকা পেয়েছেন। এর আগেও ফিনান্স কমিশন আপনাকে টাকা দিয়েছিল জেলের উন্নতির জন্য এবং সাম্প্রতিককালে আপনি আরও একটা টাকা এক্সপেক্ট করছেন বোধ হয় ৭১ কোটি টাকা আপনি পাবেন নিজের রিফরমের জন্য। কিন্তু আমরা দেখলাম পশ্চিমবঙ্গে এই প্রগতিশীল বামফ্রন্ট সরকারের আমলে জেলের রিফরমস কিছুই হল না হ্যাঁ, এটা ঠিক, মন্ত্রিমহাশয় আপনিও গিয়েছেন, আমিও গিয়েছি, মাঝে মাঝে গিয়ে দেখি জেলের কয়েদিরা ভাল ভাল ফাংসান করেন। আলিপুর সেন্ট্রাল জেলের কিছু কয়েদি খুব ভাল ছবির কাজ করেছে, তারা মূর্তি বানিয়েছে। তারা একজিবিসানও করে।

কিন্তু আপনি তুলনা করুন দিল্লির তিহার জেলের সঙ্গে আপনি জানেন, তিহার জেলের রিফর্মের জন্য কিরণ বেদীকে ম্যাকসেসাই অ্যাওয়ার্ড দেওয়া হয়েছে। একটা তেলের মধ্যেকার টোট্যাল অ্যাটমোসফেয়ারকে কি করে চেঞ্জ করে দেওয়া যায় কিরণ বেশি তিহার জেলে সেটা করে দেখিয়ে দিয়েছেন। দিল্লি সোশ্যালি কত ব্যাকওয়ার্ড, কিন্তু আমরা পশ্চিমবঙ্গে থেকেও সে রকম কিছু করে দেখাতে পারলাম না। সেইভাবে একজাম্পলারি একটা মডেল জেল এখানে করতে পারলাম না, সেইভাবে সার্বিক উন্নতি আমরা করতে পারলাম না। ওরা ওখানে বিপাশনা করতো, আপনি নাকি এখানে যোগা শুরু করেছেন, কিন্তু মর‍্যাল ইমপ্রুভমেন্ট, কয়েদিদের সত্যিকারের সংশোধন করে একটা মডেল জেল করে দেখাতে পারলাম না। সব জেল জানি একসঙ্গে করা যাবে না, কিন্তু একটা মডেল জেল করে দেখাতে পারলে আমার মনে হয় ভাল হত। মেডিক্যাল সার্ভিসেসের ক্ষেত্রে আলিপুর সেন্ট্রাল জেলে একটা নোডাল হাসপাতাল করেছেন, কিন্তু স্টিল বলছি জেলের কেউ সিরিয়াসলি অসুস্থ হলে তাদের একমাত্র ডিম্যান্ড থাকে যে পি.জি.হাসপাতালে নিয়ে যেতে হবে। হয়তো এর একটা কারণ হতে পারে যে ওরা এই সুযোগে কিছুটা মুক্তি চায় কিন্তু আরও একটা কারণ হচ্ছে সেখানে এক্স-রে মেশিন ইত্যাদি অনেক কিছু বসানোর পরও সেখানকার the medical facilities are not upto the mark আলিপুর সেন্ট্রাল জেলের অবস্থা হচ্ছে সবচেয়ে ভাল এবং তারই এই অবস্থা তাহলে অন্যান্য জেলগুলির অবস্থাটা কি বুঝে নিন। তারপর আরও একটা কথা বলি— মন্ত্রি এখানে প্রস্তাবও দিয়েছেন, ভারতের মুখ্য বিচারপতি ভি.এন. খারে খুব একটা ভাল জিনিস চালু করার কথা বলেছেন। আপনারা জানেন, মামলার জন্য কয়েদিদের জেল থেকে আদালতে নিয়ে যেতে এবং ফিরিয়ে আনতে একটা বড় খরচ হয়। পুলিশ এসকর্ট না থাকলে কয়েদিদের নিয়ে যাওয়া যায় না। বিচারপতি খারে তার একটা রায়ে বলেছেন যে তিহার জেলের মধ্যে কোর্ট বসাবেন। আপনারা হয়ত জানেন যে তিহার জেলের মধ্যে আজকাল কোর্ট বসছে। এতে সুবিধাটা কি দেখুন—পুলিস ধরুন আরও কিছুদিন পুলিশ কাস্টডি চাইলো—যেখানে একবার পুলিশ এসকর্ট

বন্দীদের কোর্টে নিয়ে গেল আবার ফিরিয়ে নিয়ে গেল, সেখানে মাত্রা গুনতি করে জেলে ঢোকালো। এটা ভীষণ কামবারসাম। কাজেই আলিপুর সেন্ট্রাল জেল প্রেসিডেন্সি জেলের ভেতরে কি করে কোর্ট বসানো যায়, সেটা দেখুন।

ওখানে যাতে তাড়াতাড়ি কোর্ট বসানো যায় তার ব্যবস্থা করুন। কয়েদিদের পেছনে পুলিশ এসকর্টে যে খরচ হয় সেটা আর হবে না। বিভিন্ন ডিপার্টমেণ্ট বসে এই কাজটা করতে হবে। জেলের মধ্যে কিছু কিছু জায়গায় ফ্যান ছিল না, ফ্যান দিয়েছেন, টি.ভি. ছিল না, টি.ভি দিয়েছেন কয়েদিদের জন্য। যেন প্রবলেম যেটা জেলের ভেতর সেটার আপনি কিছু করতে পারেননি দুটি ইউনিয়ানের জন্য, কো-অর্ডিনেশান কমিটি এবং আর.এস.পি ইউনিয়ন। ভেতরে ইউনিয়ান করে বাইরে অন্য কাজ করে। ভেতরে ইউনিয়ান করে ট্রান্সফার ঠেকাবার জন্য। দুটি ইউনিয়ান ভেসটেড ইনটারেস্টে কাজ করছে, জেলের অ্যাডমিনিসট্রেশান ভেঙে দিচ্ছে। শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া যাচ্ছে না। অনেক লোকের বিরুদ্ধে অনেক কড়া ব্যবস্থা নেওয়ার সুযোগ থাকা ঐ সত্ত্বেও মন্ত্রী নিতে পারছেন না। কাট মোশান আমরা দিয়েছি, বিরোধী দল হিসাবে আমরা চাই—মন্ত্রী মহাশয় বহু দিন দপ্তরে আছেন, কিছু কিছু ব্যবস্থা করেছেন, সেই চেষ্টা হাফ হাটেড রয়ে গেছে, মন্ত্রী মহাশয়ের আরো ৩ বছর বাকি আছে, সোশ্যাল ওয়েলফেয়ারের ব্যবস্থা করবেন, কোর্টে প্রিজন রিফর্মস আরো দ্রুত তিনি করবেন, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাভাবিকভাবে সরকার পক্ষে যাঁরা আছেন, বিরোধী পক্ষে যাঁরা আছেন তাঁরা বিভিন্ন কাজের সমালোচনা করেছেন। যে কাজ আমরা করেছি সেইগুলো ধরবার চেষ্টা করেছেন স্বাভাবিকভাবে আমাদের দপ্তরের পক্ষ থেকে আমরা যখনই এই দাবি করি না যে আমরা সমস্ত কিছু কেউ সংশোধন করে দিতে পেরেছি। কারণ বৃটিশ আমলের একটা ব্যবস্থা দিনের পর দিন চলে আসছিল। যে ব্যবস্থার পরিবর্তন সাধন এক সময় যখন কংগ্রেস দল ক্ষমতায় ছিল, তাঁরা যখন মন্ত্রিসভাতে ছিলেন তখন সেই ব্যবস্থাকে পরিবর্তন করবার জন্য যে ধরনের ব্যবস্থা গ্রহণ করা দরকার ছিল, সেই ব্যবস্থা তাঁরা গ্রহণ করেননি। স্বাভাবিকভাবেই জেল এমন একটা অবস্থার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পর তাকে হাতে নিতে হয়েছে এবং সেটা কি অবস্থার মধ্যে ছিল সেটা আপনারা সকলেই জানেন। যারা জেলে কাটিয়েছেন রাজনৈতিক বন্দী যাঁরা আছেন, সাংবাদিক যাঁরা আছেন বা অন্যান্য যাঁরা আছেন, যাঁরা জেলে জীবন-যাপন করেছেন, সেখানকার অবস্থা সম্পর্কে সকলেই জানেন। আজকে এই কথা অস্বীকার করবার নয় যে জেলের আমরা বেশ কিছু পরিবর্তন সাধন করতে পেরেছি। আজকে জেলের সাংস্কৃতিক উৎসবে কয়েদিরা অংশগ্রহণ করে। জেলের মধ্যে স্যানেটারী ব্যবস্থার অনেকখানি এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব হয়েছে, পাখা দেওয়া সম্ভব হয়েছে, টি.ভি দেওয়া সম্ভব হয়েছে যেগুলো জেলের মধ্যে আদৌ ছিল না। আমি শুধু বিনীতভাবে একটা প্রশ্ন করবো সেটা হচ্ছে আজকে সৌগতবাবু বলেছেন চিকিৎসা ব্যবস্থার কথা। দীর্ঘ ৩০-৪০ বছর কংগ্রেস ক্ষমতায় ছিল, সেই সময় তো এই ব্যবস্থা ছিল না, সাব-জেল যেগুলো ছিল, সেই সাব-জেলগুলোতে ডাক্তার দেওয়া দরকার, সাব-জেলগুলোতে ফ্যান দেওয়া দরকার। কিন্তু আমরা চিন্তাভাবনা করে সেইগুলো করবার চেষ্টা করেছি।

[6.25–6.35 p.m]

আজকে জেলা, জেলাগুলিতে আরও ডাক্তার দেবার ব্যবস্থা করেছি। আজকে আমরা একটা কাজ করতে পেরেছি সেটা হচ্ছে, আলিপুর সেন্ট্রাল জেলের কথা যেটা বলেছেন, খুব ন্যায়সঙ্গতভাবেই বলেছেন, আলিপুর জেলের কথা যেটা বলেছেন, খুব ন্যায়সঙ্গতভাবেই বলেছেন, লিপুর জেলে এক বছরে প্রায় ১১০টি কেস জেলের মধ্যে অপারেশন করিয়েছি। আমরা আলিপুর জেলের মধ্যে বিভিন্ন অপারেশন করাচ্ছি। কিন্তু এই কথা বলা যাবে না, পি.জি. হাসপাতালের সঙ্গে একটা জেলের হাসপাতালকে তুলনা করা যাবে না। কারণ সেই ইনফ্রাস্ট্রাকচার আমাদের নেই। আজকে জেলে কয়েদিরা পরীক্ষা দিচ্ছেন। একটা জায়গাতে উন্নতি কিসের গুণে নির্ভর করবে? ধরুন, আজকে বাংলাদেশের বা বিভিন্ন জায়গা থেকে এসে যারা জেলে থাকছে, একসঙ্গে যখন জেলে পাঠিয়েছে, তখন আমরা এমন অবস্থায় পড়েছিলাম যে, সেখান থেকে অন্য জায়গায় পাঠানোর একটা দুরূহ অবস্থা ছিল। কোর্ট থেকে যখন খালাস পেত তখন তাদেরকে আমাদের জেলের ভেতরে 'জান খালাস' নাম দিয়ে রাখতে হত। এই সংখ্যা ছিল প্রায় ৭০০। আজকে আমাদের দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন প্রচেষ্টা গ্রহণ করে, কেন্দ্রীয় সরকারের সাথে যোগাযোগ করে ৩১/৩/২০০৩ পর্যন্ত ৭০০ এবং ৫৮২ জনকে বাইরে পাঠাতে পেরেছি। আজকে আমাদের এখানে ১৩৪ জন আছে। আজকে যারা মানসিক রোগগ্রস্ত তাদের অবস্থা বিচারবিবেচনা করুন। মাননীয় সদস্যরা সবাই জানেন যে, আমাদের জেলে একটা সময়ে প্রচুর পরিমাণে মানসিক রোগগ্রস্ত বন্দী ছিল। তাদের নিয়ে বিভিন্ন পত্রপত্রিকা তুলে ধরার চেষ্টা করেছে, বিধায়করা তা তুলে ধরার চেষ্টা করেছেন। আজকে তাদের কমাতে কমাতে, কাউকে বাড়িতে পাঠাতে পেরেছি। যে সমস্ত সমাজসেবামূলক প্রতিষ্ঠান আছে সেখানে পাঠাতে পেরেছি। ১৯৯৮ সালে আলিপুর জেলে এন.সি.এল.-এর সংখ্যা ছিল ২১৪ জন। এখন তাকে আমরা ৭৬ জনে দাঁড় করাতে পেরেছি। স্বাভাবিকভাবে, তাদের প্রতি আমাদের যে দৃষ্টিভঙ্গি আছে, তাদের প্রতি যে ভালবাসা আছে, মমত্ব আছে সরকারের, একথা অস্বীকার করা যাবে না। জেলের মধ্যে পড়াশোনা করার ব্যবস্থা করা আছে বলে আলিপুর সংশোধনাগার থেকে তিনজন সাজাপ্রাপ্ত আসামী তারা মাধ্যমিক পরীক্ষা দিয়েছিল। তাদের মধ্যে একজন প্রথম বিভাগে এবং দু'জন দ্বিতীয় বিভাগে পাশ করেছে। দু'জন বিচারাধীন বন্দী উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছিলেন, তাঁরা উত্তীর্ণ হয়েছেন। আমি মাননীয় সদস্যদের কাছে বিনীতভাবে বলতে চাই একটিমাত্র জেল ছাড়া অন্য জেলগুলিতে আমাদের এমন অবস্থা ছিল, আলিপুর সেণ্ট্রাল জেল, প্রেসিডেন্সি জেল, দমদম সেণ্ট্রাল জেলে যারা বন্দী ছিল তাদের পাঠাবার ব্যবস্থা ছিল না। রাত্রি হয়ে গেলে তাদেরকে পাঠানো একটা দুরূহ ব্যাপার ছিল। এখন একটা জায়গায় ছাড়া সেটা আমরা করতে পারবো।

প্রায় সমস্ত জায়গাতেই তাদের আমরা অ্যাম্বুলেন্সের ব্যবস্থাটা করতে পেরেছি। আমার যে কথাটা স্মরণ আছে যে, চন্দননগর জেলে এখনো দিতে পারিনি, সেটাও খুব তাড়াতাড়িই দিয়ে দেব। সুতরাং সমস্ত জায়গাতেই দিতে পেরেছি। বর্তমানে জেলে আমাদের ৬৯ জন ডাক্তার আছেন। ২৩ জনকে স্বাস্থ্যবিভাগ থেকে পেয়েছি, আগে এসব ছিল না। আজকে ৬৯ জন তার মধ্যে ২৩ জনকে স্বাস্থ্য দপ্তর দিয়েছে এবং ৪৬ জন চুক্তির ভিত্তিতে নিয়েছি। ৫৬ জন

ফার্মাসিস্ট ৩৪ জন নিয়মিত এবং ২২ জন চুক্তির ভিত্তিতে নিয়েছি। জেলের মধ্যে দুর্নীতির কথা আজকে অনেকে বলেছেন, কিন্তু নিশ্চয় কোন জায়গায় ত্রুটি থাকবে না, বিচ্যুতি থাকবে না একথা মন্ত্রী হিসাবে আমি বলতে পারি না। ত্রুটি থাকতে পারে, বিচ্যুতি থাকতে পারে, মন্ত্রী হিসাবে আমি অস্বীকার করতে পারি না। কিন্তু ত্রুটি-বিচ্যুতি যেখানে আছে, সেটা যদি আমাদের নজরে আসে তাহলে আমরা সেখানে নীরব দর্শক হয়ে বসে থাকি না। আমরা তার শাস্তি বিধান করি, আমরা তাকে শাস্তি দিই। সেখানে সে যে কোন ইউনিয়নের সদস্যই হোক না কেন। ইউনিয়ন করা তো রাইট, তা তো আমরা কেটে দিতে পারি না। অপরাধ যদি করেও তার গণতান্ত্রিক অধিকারে আমরা হস্তক্ষেপ করতে পারি না। কিন্তু তিনি যদি কোন কাজের ক্ষেত্রে অপরাধ করেন, তাহলে নিশ্চয় সেই অপরাধের জন্য তার বিরুদ্ধে ব্যবস্থা নেবার চেষ্টা করব। এবং আমরা তার চেষ্টাও করছি। আজকে জেলে ভিজিটিং কমিটি আছে এবং সেখানে ভিজিটিং কমিটিতে মাননীয় সদস্যদের অনেকেই আছেন, বাইরের সদস্যরাও আছেন, বিভিন্ন জনপ্রতিনিধিরা আছেন, কাজেই আমি অনুরোধ করব যদি বিশেষ কোন ক্ষেত্রে সেখানে কি ধরনের কাজ আরো হওয়া দরকার এর সুপরামর্শ দেন তা নিয়ে আমরা যতটুকু আর্থিক সঙ্গতি থাকবে তা নিয়ে এগোবার চেষ্টা করব। এরই পাশাপাশিভাবে আজকে জেলকে কিভাবে উন্নতি করা যায়, জেলের ব্যবস্থা আরো কিভাবে সুন্দর করা যায়, তার জন্য আমরা সচেষ্ট এবং সেখানে মূল্যবান সাজেশান পেলে নিশ্চয় আমরা চেষ্টা করব। উত্তরবঙ্গে দীর্ঘদিন ধরে সেণ্ট্রাল জেল করার একটা দাবি ছিল, সেই সেণ্ট্রাল জেল আমরা সরকারের পক্ষ থেকে করেছি। এবং সেই সেণ্ট্রাল জেলের সম্প্রসারণ করবার জন্য আমরা সেখানে আরো অর্থ বরাদ্দ এবং বেশ কিছু টাকা বিভিন্ন স্কীমে দিয়েছি। অবিলম্বে সেই কাজও শুরু হবে। আমরা হলদিয়া এবং কল্যাণীতে উপসংশোধনাগার নির্মাণের জন্য জায়গাও নিয়েছি। সেখানে অর্থ পেলেই সেই কাজ আমরা শুরু করব। আমরা জেলের আজকে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করবার জন্য আমরা আমাদের সাধ্যমত প্রচেষ্টা চালিয়ে যাব। সাথে সাথে মাননীয় সদস্যদের বিনীতভাবে অনুরোধ করব সেটা হচ্ছে যে, বোঝবার জন্য যে, আজকে জেলে, সাবজেলে কজন কর্মী সেখানে কাজ করেন? একটা সাবজেলে ৮ থেকে ১০ জন মাত্র কর্মী সেখানে কাজ করেন। এটাই হচ্ছে স্ট্রেনথ্। আজকে স্বাভাবিকভাবে এই অপর্যাপ্ত স্টাফ নিয়ে আমাদের চালাতে হচ্ছে। সেখানে আমাদের আরো অনেক, প্রচুর স্টাফের দরকার। আজ থেকে বহুদিন আগেও এই অবস্থা ছিল না। আজকে যারা জেলে বন্দী হয়ে আছেন, তাদের মধ্যে যে ক্রাইম নেচার আছে সেটা আজ থেকে ১৫ বছর আগেও ছিল না। এখন অনেক পরিবর্তন হয়েছে। সারা পৃথিবীব্যাপী পরিবর্তন হয়েছে, সারা দেশব্যাপী পরিবর্তন হয়েছে। কাজেই এই যে ক্রাইম নেচারের পরিবর্তন হয়েছে, তার মোকাবিলা করতে গেলে যে অর্থের দরকার সেই অর্থ আমাদের নেই।

[6.35—6.49 p.m.]

তবে আমরা আমাদের সাধ্যমত চেষ্টা চালিয়ে যাচ্ছি এবং জেল ব্যবস্থার যাতে আরও উন্নতি করা যায় সেটা দেখছি। মাননীয় সদস্যগণের মহামূল্য পরামর্শ অনুযায়ী আমরা এগিয়ে যাবার চেষ্টা করব।

এবারে আমি সমাজ-কল্যাণ বিভাগের ব্যাপারে আসছি, আমি আমার দপ্তরের বিভিন্ন পরিকল্পনার কথা আমার বাজেট বক্তৃতার মধ্যে দিয়ে তুলে ধরার চেষ্টা করেছি। আমরা পথ শিশুদের মধ্যে কাজ করছি, আগে এই পথ শিশুদের মধ্যে কোন কাজ করা হত না। আপনারা জানেন, পতিতা মহিলা যারা আছেন, তাদের মধ্যেও আমরা কাজ করবার জন্য চেষ্টা করছি। সমাজের যে কোন অবস্থার মধ্যে দাঁড়িয়ে তারা এই অবস্থার মধ্যে পড়েছে। আমরা তাদের স্ব-নির্ভর করার চেষ্টা করছি, যাতে তারা জীবন-যাপন করতে পারে। তাদের শিশুদের জন্য আমরা যাদবপুর ইউনিভার্সিটির সঙ্গে কথা বলে তাদের কম্পিউটার শেখানোর চেষ্টা করছি। তাদের শিশুরা যাতে পড়াশোনা করতে পারে তার চেষ্টা করছি। আমরা আরও আই.সি.ডি.এস সেন্টার খোলার চেষ্টা করছি। আমাদের দপ্তর পরিচালিত হোমগুলিতে কোন ত্রুটি-বিচ্যুতি নেই এই কথা আমি কখনোই বলব না। কিন্তু সেই ত্রুটি-বিচ্যুতি মুক্ত করবার জন্য আমরা চেষ্টা করছি এবং জনপ্রতিনিধি যারা আছেন তাদের আমরা সাহায্য চাইছি। তা সত্ত্বেও আপনারা জানেন, আমাদের সেখানে বহু অসুবিধার মধ্যে কাজ করতে হচ্ছে, এই কথা অস্বীকার করা যাবে না। আজকে শুধু সরকারী নয়, বেসরকারী যে সব প্রতিষ্ঠান আছে তারাও ভালো কাজ করে—মাননীয় সদস্য সৌগতবাবু বলেছেন। বেসরকারী ভালো ভালো প্রতিষ্ঠান, তারা ভালো কাজ করছে, তাদেরকে আমরা সরকারের পক্ষ থেকে অর্থ সাহায্য দিই। পথ শিশুদের জন্য যারা কাজ করছে তাদেরকে আমরা সরকারের পক্ষ থেকে অর্থ সাহায্য দিই। তাছাড়া বেসরকারী হোমগুলিকেও আমরা অর্থ সাহায্য দিই। এই ব্যাপারে আমি একটা উদাহরণ দেব—বাড়ীতে ছেলে-মেয়ে মানুষ করতে গেলে আমরা কতজন শিক্ষক রাখি এবং কত টাকার সেখানে দরকার হয়। আমাদের হোমে সেই পরিমাণ অর্থ জোগান দেবার ক্ষমতা নেই। তা সত্ত্বেও সরকারী এবং বেসরকারী হোম মিলে মাধ্যমিক পরীক্ষা দিয়েছিল ১১২ জন এবং সেখানে পাশ করেছে ৮৬ জন। সরকারী হোম থেকে প্রথম বিভাগে পাশ করেছে ৬ জন, দ্বিতীয় বিভাগ থেকে পাশ করেছে ১৮ জন এবং তৃতীয় বিভাগ থেকে পাশ করেছে ১৩ জন, মোট ৩৭ জন। আর বেসরকারী হোম থেকে প্রথম বিভাগে পাশ করেছে ১৮ জন, দ্বিতীয় বিভাগে ২৪ জন এবং তৃতীয় বিভাগে ৭ জন, মোট ৪৯ জন। আজকে হোমগুলোতে পড়াশোনা অগ্রগতির জন্য, তাদের হাতের কাজ শেখাবার জন্য আমরা প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। আই,সি.ডি,এস প্রকল্প সম্বন্ধে মাননীয় সদস্য শ্রী সৌগত রায় সঠিক কথায় বলেছেন, প্রয়াত প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী এই প্রোজেক্ট প্রথম শুরু করেছিলেন। মাননীয় সদস্যরা সকলেই জানেন, এই প্রোজেক্টের উদ্দেশ্য ছিল শিশুমৃত্যুর হারকে কমানো। সেই উদ্দেশ্যকে সামনে রেখে মা এবং শিশুদের স্বার্থে আমরা কাজ করে যাচ্ছি। ১৯৭৭ সালে সারা পশ্চিমবাংলায় ২টি প্রোজেক্ট ছিল সেখানে ২২,৪৮০ জন মা এবং শিশু উপকৃত হত। আর এখন সারা পশ্চিমবাংলায় ৩৪৬টি প্রোজেক্ট চলছে এবং সেখানে উপকৃত মা এবং শিশুর সংখ্যা হচ্ছে ৫ লক্ষ ২০ হাজার এবং ছয় বছর বয়স পর্যন্ত শিশুর সংখ্যা হচ্ছে ৩৬ লক্ষ। ৪১ হাজার। অর্থাৎ সব মিলিয়ে উপকৃতের সংখ্যা হচ্ছে ৪১ লক্ষ ৬৯ হাজার।

ফলে স্বাভাবিকভাবে আজকে মা এবং শিশু সেখানে অনেক বেশী পরিমাণে উপকৃত হয়েছে। মাননীয় সদস্যরা কেউ কেউ সি ডি পি ও সমস্যার কথা বলেছেন ঠিকই।

সি ডি পি ও র সমস্যা একটা বিরাট সমস্যা। কারণ জানেন যে, সি ডি পি ও আমাদের পি এস সির কাছ থেকে নিতে হয় এবং আমাদের দপ্তরের পক্ষ থেকে আমরা পাঠিয়েছি এবং তার ইন্টারভিউ হয়েছে। আমরা আশা করছি খুব তাড়াতাড়ি পেয়ে যাবে এবং পেয়ে গেলে বিভিন্ন জায়গাতে সি ডি পি ও দিয়ে দিতে পারব। আমরা আমাদের প্রোজেক্টে অঙ্গনওয়াড়ি কর্মী, এ সি ডিপিও এবং সুপারভাইজার তাদের প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা নিয়েছি। ইতিমধ্যে ২১৬ জন সি ডি পি ও' কে ট্রেনিং দিয়েছি। ৮৭ জন এ সি ডি পি ও কে ট্রেনিং দিয়েছি। সুপারভাইজার ১৯০৮ জনকে ট্রেনিং দিয়েছি এবং অঙ্গনওয়াড়ি কর্মী ৪৭ হাজার ৯১৩ জনকে ট্রেনিং দিতে পেরেছি। কাজেই আমরা আমাদের কাজগুলি করবার চেষ্টা করছি। আপনি জানেন যে, প্রতিবন্ধীদের কল্যাণের জন্য আমাদের দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন রকম কাজ করে যাচ্ছি। আমরা ইতিমধ্যে বেশ কিছু জায়গায় ক্যাম্প করেছি এবং আমাদের পূর্বে যে সার্টিফিকেট দেওয়া ছিল, তার বাইরেও আমরা প্রায় ২০ থেকে ২২ হাজারের মতো দিতে পেরেছি। আমরা কয়েকটা ক্যাম্প ইতিমধ্যে করেছি। আরও কয়েকটা ক্যাম্প করব। এটা ঠিকই যে, আমরা শালবনি, তমলুক, বালুরঘাটে ক্যাম্প খুলেছি। বালুরঘাটে ৬৫২ জন, শালবনি এবং তমলুকে ৮০৭ জন প্রতিবন্ধীদের পরিচয় পত্র দিয়েছি। জলপাইগুড়িতে ২৪৯ জন শ্রবণ বৈকল্যজনিত প্রতিবন্ধী, ৩৬৫ জন চলনজনিত প্রতিবন্ধী, ১৮২ জন মানসিক প্রতিবন্ধী, ৮৮ জন দৃষ্টি বৈকল্যজনিত প্রতিবন্ধী এবং ৬২ জন প্রতিবন্ধীদের সহায়ক যন্ত্র দেওয়া হয়েছে। আরও যাতে ছোট ছোট ক্যাম্প করা যায়, তার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। এই ব্যাপারে স্বাস্থ্য দপ্তরের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করছি, যাতে আরও ছোট ছোট ক্যাম্প করে সেই কাজকে ত্বরান্বিত করা যায়। কিন্তু এই ব্যাপারে ডাক্তার বৃদ্ধি না করলে সম্ভব হবে না। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব দিয়েছিলাম যে, আজকে এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে থেকে এক বছরের জন্য আমাদের কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ডাক্তারদের অর্থ দেওয়া হোক। এক বছরের মধ্যে পাইলট প্রোজেক্ট করে সারা পশ্চিমবঙ্গে সমস্ত জায়গায় আমরা প্রতিবন্ধীদের কার্ডগুলি দিতে চাই। তবুও আমরা চেষ্টা করব মাননীয় সদস্যরা যে সাজেশান দিয়েছেন এবং তার ভিত্তিতে আরও কিছু করা যায় কিনা। আপনারা জানেন চক্রধর নিয়ামকে যে ভবঘুরেরা আছে, তাদের দিয়ে আমরা বেশ কিছু কাজ করানোর চেষ্টা করছি। তাদের হাতের কাজ শেখানোর চেষ্টা করছি। আমরা সেখানে প্রেস, তাঁত, টেলারিং, পাপোস ইত্যাদি নানা ধরনের জিনিস তৈরির ব্যবস্থা করেছি। প্রশিক্ষণ কেন্দ্রগুলির মাধ্যমে আবাসিকদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। বিগত ৫ বছরে প্রশিক্ষণ কেন্দ্র থেকে উৎপাদিত মূল্য হচ্ছে ১৯ লক্ষ ১১ হাজার ৮১৪ টাকা। এটা আমরা বিক্রি করে পেয়েছি। আপনারা জানেন যে, আমরা দত্তক দেবার ব্যবস্থা করেছি। দু হাজার এক সালে ৩৭৫ জন বালক এবং ৩৮৩ জন বালিকাকে দত্তক দিয়েছি। দু হাজার এক-দু হাজার দুই সালে ২৩৩ জন বালক এবং ৩৪২ জন বালিকাকে দত্তক দিয়েছি। দু হাজার দুই—দু হাজার তিন সালে ১২৮ জন বালক এবং ২৭১ জন বালিকাকে দত্তক দিয়েছি।

এছাড়াও আমাদের আরও দুটো পাইলট প্রোজেক্ট চলছে পুরুলিয়া এবং জলপাইগুড়িতে, যেখানে মা এবং শিশুদের খাবার দেওয়ার ব্যবস্থা করা হয়েছে—পুরুলিয়াতে প্রায় ১ লক্ষ

২০ হাজার এবং জলপাইগুড়িতে প্রায় এক লক্ষ উপকৃত। সেই পাইলট প্রোজেক্ট ৩০.৯.২০০৪ পর্যন্ত চলবে। স্বাভাবিকভাবে আমাদের বিভিন্ন কাজের মধ্যে দিয়ে বঞ্চিত, অসহায় মানুষদের সমাজ কল্যাণের দিক থেকে আমাদের সাধ্যমত উপকার করার চেষ্টা করব। আমাদের যেখানে ত্রুটি-বিচ্যুতি আছে, তা সংশোধন করে সাধ্যমত কাজ করার চেষ্টা করব এবং এক্ষেত্রে জন-প্রতিনিধিদেরও সাহায্য চাইব। সরকারি অফিসাররাও চেষ্টা করবেন। এই কথা বলে, এই সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে, এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

(Demand No. 56) : The motion that the amount of the Demand be reduced to Re. 1/- and the motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Das Gupta moved on 26.3.03 sum of Rs. 294,45,93,000 be granted for expenditure under Demand N. 56, Major Heads : "2235-Social Security and Welfare, 2236-Nutrition, 2250-other Social Services, 2251-Secretariat-Social Services and 4235-Capital-Outlay on Social Security and Welfare" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 98,15,31,000 already voted on account.)—was then put and agreed to.

(Demand No. 33) : The motions that the amount of the Demand be reduced by Rs. 100/-. were then put and lost.

The motion of Dr. Asim Kumar Das Gupta moved on 26.3.03 that a sum of Rs. 74,18,98,000 be granted for expenditure under Demand No. 33, Major Heads : "2052-Secretariat-General Services and 2056-Jails" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 24,72,99,000 already voted on account)—was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-49 p.m. till 11-00 Hours on Wednesday, the 23rd July, 2003, at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 23rd July 2003 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 16 Ministers, 09 Ministers of State and 170 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

হাসপাতালে শিশুমৃত্যুর সংখ্যা

*৩৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯) শ্রী আবদুল মান্নান : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২ সালে কলকাতার কোন্ কোন্ হাসপাতালে কতগুলি শিশুর মৃত্যু হয়েছে ;

(খ) কতগুলি মৃত্যুর ক্ষেত্রে তদন্তের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ; এবং

(গ) তদন্ত রিপোর্টের উপর ভিত্তি করে কতগুলি ক্ষেত্রে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হয়েছে?

শ্রী সূর্য্যকান্ত মিশ্র :

(ক)	এস.এস.কে.এম. হাসপাতাল	১৩২ জন
	মেডিক্যাল কলেজ হাসপাতাল	৬১৪ জন
	ন্যাশনাল মেডিকেল হাসপাতাল	৫০০ জন
	চিত্তরঞ্জন সেবাসদন	২৬৭ জন
	আই.ডি.বি.জি. হাসপাতাল	৩৩৪ জন
	বি.সি.রায় মেমোরিয়াল শিশু হাসপাতাল	১৩০৯ জন
	বি.সি.রায় মেমোরিয়াল প্রতিবন্ধী শিশু হাসপাতাল	৩ জন
	এন.আর.এস. হাসপাতাল	৯৭৮ জন
	আর.জি.কর. মেডিকেল প্রতিবন্ধী শিশু হাসপাতাল	৪৩০ জন

(খ) কেবলমাত্র বি.সি রায় মেমোরিয়াল শিশু হাসপাতালের ক্ষেত্রেই তদন্তের ব্যবস্থা করা হয়েছে।

(গ) ওই রিপোর্টের উপর ভিত্তি করে হাসপাতালের চিকিৎসা ও প্রশাসনিক ব্যবস্থার উন্নতিবিধানের জন্য বেশ কিছু ব্যবস্থা নেওয়া হয়েছে।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি যে হিসাবটা দিলেন তাতে আপনি শুধু কলকাতার হিসেবটা দিলেন, আমিও অবশ্য শুধু কলকাতারই চেয়েছি, স্বাভাবিক কারণে আপনি তাই দিয়েছেন। মোট ৪ হাজার ৫৬৭ জন শিশু মারা গেছে। সংখ্যাটা অনেক বেশী। এর ভিত্তিতে আপনি শুধু বি.সি রায় মেমোরিয়াল হাসপাতালের ক্ষেত্রে তদন্ত করলেন অন্য হাসপাতালগুলোর ক্ষত্রে করলেন না। এন.আর.এসে ৯৭৮ জন, মেডিকেল কলেজ হাসপাতালে ৬২৪ জন। সংখ্যাটা অস্বাভাবিক। বাকী হাসপাতালগুলোর ক্ষেত্রে তদন্ত করলেন না কেন?

শ্রী সূর্য্যকান্ত মিশ্র : না, অস্বাভাবিক নয়। সারা বছরে মোটামুটি ডেথ হয়। আমরা অ্যাডমিশনের এগেনস্টে ওভার দি ইয়ার কমপ্যারিশন করি।

শ্রী আবদুল মান্নান : শুধু বি. সি. রায়তে তদন্ত করলেন, বাকীগুলোতে করলেন না কেন?

শ্রী সূর্য্যকান্ত মিশ্র : বি.সি. রায় মেমোরিয়ালের ক্ষেত্রে কতগুলো অভিযোগ সুনির্দিষ্টভাবে এসেছিল। হিউম্যান রাইটস কমিশন আমাদের কাছ থেকে একটা রিপোর্ট চেয়েছিলেন। সেজন্য তদন্ত করা হয়েছিল।

শ্রী আবদুল মান্নান : তার মানে হিউম্যান রাইটস কমিশন যদি রিপোর্ট না চাইতেন তাহলে তদন্তের ব্যবস্থা করতেন না। ওই রিপোর্ট বি.সি রায় মেমোরিয়ালে তারা যেটা করেছিলেন শিশু হাসপাতালে তদন্তের ব্যবস্থা করেছিলেন, তাতে রেকমেন্ডেশন কি ছিল বলবেন কি?

শ্রী সূর্য্যকান্ত মিশ্র : হিউম্যান রাইটস কমিশন আমাদের কাছে একটা রিপোর্ট চেয়েছিলেন। আমরা ওদের দিয়েছি। আমাদের এখান থেকে প্রকাশ করা উচিত না। তা সত্ত্বেও আমি প্রেস মিট করে বলেছিলাম আমরা কি ব্যবস্থা ওখানে নিয়েছি। আমরা ৫ জনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছি। শো-কজ হয়েছে, চার্জশীট হয়েছে, ডিপার্টমেন্টাল প্রসিডিংস হয়েছে। আমরা তার আগেই কতগুলো ব্যবস্থা নিতে শুরু করি। যে রকম আমরা ওখানে ঠিক করেছিলাম যে টিচিং ইনস্টিটিউট করে একজন প্রিন্সিপ্যাল নিয়োগ করব। কিন্তু প্রিন্সিপ্যাল নিয়োগ হয়নি কারণ পি.এস.সি থেকে পাওয়া যায়নি। আমরা অ্যাডহক-এর ভিত্তিতে প্রিন্সিপ্যাল অ্যাপয়েন্ট করি। আমরা ঠিক করেছিলাম সুপারিনটেনডেনটের পরিবর্তে মেডিকেল সুপারিটেনডেনট করব। যেটা ভাইস প্রেসিডেন্ট কাম মেডিকেল সুপারিনটেনডেনট। সেটা আমরা নিয়োগ করেছি। আরও কতগুলো ব্যবস্থা সেখানে নেওয়া হচ্ছে।

ওই সুপারিশ হওয়ার আগে এবং পরে সব মিলিয়ে একগুচ্ছ ব্যবস্থা যেমন ওখানে

অক্সিজেন টিউব দেওয়ার ব্যবস্থা করা হয়, আল্ট্রা-সোনোগ্রাম মেশিন বসানো হয়, ২৪ ঘণ্টা এক্স্-রে ব্যবস্থা হয়, ওখানে পেসেন্ট পার্টি থাকার জন্য একটা বাড়ী—এটা অবশ্য প্রাইভেট এন.জি.ও. বা স্বেচ্ছাসেবী সংস্থা তারা করেছিলেন। ওখানে পাঁচিল ভেঙে গিয়েছিল, ওখানে একটা গোলমাল ছিল সেটা মেটানো হয়। কিন্তু ওখানে কিছু সমস্যা আছে ওই পাঁচিল নিয়ে। ওখানে পুলিশ পোস্টিং করতে হয় এবং সে ব্যবস্থাও করা হয়। আর ডাক্তারের যখন কিছু সমস্যা হয় তখন দেওয়া হয় এক্সট্রা কিছু। তাদের পোস্ট যা পাওনা দেওয়া হয়েছে, হাউস সার্জেন, আর.এম.ও. ইত্যাদি দেওয়া হয়েছে।

শ্রী আব্দুল মান্নান : আমি জানতে চেয়েছিলাম রিপোর্টের বিষয়বস্তু কি?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : হিউম্যান রাইটস্ কমিশনকে রিপোর্ট দিয়েছে, সেটা আমরা বলতে পারি না, ওটা ওঁরাই প্রকাশ করতে পারেন। এই ভিত্তিতে আমরা যা করেছি সেটা আমি প্রেসকে তখনই বলেছি এবং এখনও বললাম।

শ্রী আব্দুল মান্নান : স্যার, আমি আপনার প্রোটেক্শান চাইছি, উনি কমিশন বসিয়ে যে রিপোর্ট নিয়েছিলেন তদন্তের ব্যবস্থা করেছিলেন, সেই তদন্তের রিপোর্টের ভিত্তিতে তিনি অ্যাকশন নিয়েছিলেন বলছেন এবং তার আগেও কিছু কিছু নিয়েছেন। তা ছাড়া উনি হিউম্যান কমিশনকে রিপোর্টটা জমা দিয়েছেন, প্রেস কনফারেন্স করে বলেছেন। তাহলে হাউজের মেম্বার হিসাবে আমরা সেই তদন্তের রিপোর্ট পেতে পারি না? আমি সেটাই জানতে চাইছি, আপনি সেই রিপোর্টটা দেবেন না কেন? এ ক্ষেত্রে ডাক্তারদের নেগলিজেন্স কতটুকু ছিল? কারণ আপনি সে সময়ে যে মন্তব্য করেছেন, সেটা খুবই আমানবিক মন্তব্য। সেটা শুধু একজন ডাক্তার বা পলিটিশিয়ান হিসাবেই নয়, একজন মানুষের কাছ থেকে সে রকম মন্তব্য আশা করা যায় না। খুব লজ্জাজনক মন্তব্য আপনি করেছিলেন। যখন হাসপাতালে শিশু মারা যাচ্ছে, যখন চারিদিকে একটা অসহায় অবস্থার মধ্যে আছে, তখন আপনার কাছ থেকে অন্তত সহানুভূতি মানুষ হিসাবে আপনার কাছ থেকে আশা করেছিলাম। কিন্তু সেটা পাওয়া যায়নি। তখন আপনি অনেক অমানবিক মন্তব্য করেছেন। শেষে মুখ্যমন্ত্রীকে হস্তক্ষেপ করে ব্যাপারটা ধামাচাপা দিতে হয়। আজকে বলুন এতে ডাক্তারদের গাফিলতি কতটা ছিল এবং কতজন ডাক্তারের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনি মন্তব্য করতে পারেন না। আর আপনি মন্তব্য করলে আমারও মন্তব্য করার অধিকার আছে। আমি মন্তব্য করেছিলাম ঠিক করেছিলাম। আর ব্যবস্থা কি নিয়েছি সেটা বলেছি ৫ জন ডাক্তারের বিরুদ্ধে, তার মধ্যে ৩জন ডাক্তার ১ জন সুপারিনটেনডেন্ট, ১ জন আর.এম.ও., ডেপুটি নার্সিং সুপারিনটেনডেন্ট, ১ জন স্টোরকিপার এবং ওয়ার্ড মাস্টার। এই ৫ জনের বিরুদ্ধে ডিপার্টমেন্টাল প্রসিডিংস হয়েছে।

শ্রী আব্দুল মান্নান : প্রসিডিংসটা কি? শাস্তিমূলক ব্যবস্থা কি নিয়েছেন? তাদের নেচার অফ পানিশমেন্টটা বলুন?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ডিপার্টমেন্টাল প্রসিডিংস শেষ হলে বলবো, তার আগে আমি বলতে পারবো না।

শ্রী আব্দুল মান্নান : এখন তাঁরা সাস্‌পেনডেড কিনা সেটা বলুন?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ডিপার্টমেন্টাল প্রসিডিংস চলছে। শো-কজ, চার্জশিট—ডিপার্টমেন্টাল প্রসিডিংস যখন ওরা রেকমেন্ড করবেন, তখন ব্যবস্থা হবে।

মি. স্পীকার : আব্দুল মান্নান, অত এজিটেটেড হয়ে বললে হয় না। এখানে ঝগড়া হচ্ছে নাকি? ঠাণ্ডা মাথায় জিজ্ঞাসা করুন না।

শ্রী আব্দুল মান্নান : স্যার, একটা প্রশ্নকে বার বার করতে হচ্ছে। একটা প্রশ্নকেই বারবার করতে হচ্ছে। উনি বললেন এখানে ধান ভানতে শিবের গীত হচ্ছে। এটা ঠিক আপনি যদি ওই সময়কার সংবাদপত্রগুলি দেখেন তাহলে দেখবেন একটা ঘটনা ঘটেছে, আমি বলছি না যে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীই শিশুদের মেরে দিচ্ছেন। কিন্তু একটা ঘটনা যখন ঘটে তখন স্বাভাবিকভাবেই স্বাস্থ্যমন্ত্রীর একটা দায়িত্ব এসে যায়, মানুষ তাঁর কাছে সেই সময় কিছু সহানুভূতি আশা করেন। যেমন মুর্শিদাবাদে একটা ঘটনা ঘটলো, উনি ত্রিপুরা চলে গেলেন। স্বাভাবিক কারণে একজন মানুষ হিসাবে এটা আমাদের ক্ষোভ থাকতে পারে। একজন মানুষ হিসাবে ওনার কাছ থেকে সহানুভূতি আশা করতে পারবো না? সেটা পাইনি বলেই বলছি। এটাকে যদি আপনি এজিটেশান বলেন আমি সরি স্যার, আমরা সেই রকম এজিটেশান দেখাতে রাজি নই। আমি হাউজে এসেছি ওঁনার কাছে কিছু তথ্য জানতে। একটা রিপোর্ট হিউম্যান কমিশনে দিয়েছেন। আপনি জানেন হিউম্যান রাইটস কমিশন একটা রিপোর্ট দেওয়ার পর সেটা কিন্তু গোপনীয়তার ব্যাপার নয় এবং সংবাদপত্রে সেই রিপোর্ট বেরিয়েছিল। আমি সেই জন্য ওনার কাছে জানতে চাইছি সেটা সিক্রেসির ব্যাপার নয়। এমন নয় যে গোপনীয়তা বিঘ্ন হবে। আমরা হাউজের সদস্য—৪৫৬৭ শুধু কলকাতার বুকে, মফস্বল শহরগুলি যদি ধরতাম তাহলে অনেক বেশী হতো।

৪,৫৬৭ জন সদ্যোজাত শিশু মারা গেছে একটা বছরে, একটা ক্যালেন্ডার ইয়ারে। সেই জন্য আমি চেয়েছিলাম ওনার রিপোর্টটা যদি আমরা দেখতে পাই তাহলে আমরা বুঝতে পারব, সরকার তাতে দায়ী নাও হতে পারে, তাতে সরকারের দায়িত্ব নাও থাকতে পারে, এটা ন্যাচারাল কেসে হয়েছে এটাও হতে পারে। সেইজন্য আমরা এর রিপোর্ট দেওয়ার ব্যাপারে বলছি, উনি কেন দেবেন না? উনি বললেন এই সব রিপোর্ট দেওয়া যায় না। এতে গোপনীয়তা, নিরাপত্তার কি ব্যাপারে আছে? এতে কি রাজ্যের নিরাপত্তার ব্যাপার আছে? শিশুরা মারা যাচ্ছে তার কারণ জানতে পারব না? আমি সেটাই জানতে গিয়ে একটু এজিটেটেড হয়ে গিয়েছিলাম। আপনিই স্যার বলুন এই রিপোর্টটা হাউজের মেম্বারদের দেওয়াতে কি রাজ্যের নিরাপত্তা বিঘ্নিত করবে?

মি. স্পীকার : যদি ম্যাটারটা পেন্ডিং এনকোয়ারি হয় অ্যাট দি স্টেজ উনি কি রিপোর্ট দেবেন? ম্যাটারটা পেন্ডিং এনকোয়ারি।

শ্রী আবদুল মান্নান : যে ম্যাটারটা পেন্ডিং এনকোয়ারি সেটা চাইছি না। রিপোর্ট, রিপোর্ট .....(নয়েজ)...

মি. স্পীকার : রিপোর্ট হয় না।

শ্রী আব্দুল মান্নান : যেটা পেন্ডিং ম্যাটার সেটা চাচ্ছি না। আমি চাচ্ছি শিশুগুলো মারা যাওয়ার পরে উনি বি.সি রায় মেমোরিয়াল হাসপাতালের ব্যাপারে একটা তদন্তের ব্যবস্থা করেছিলেন এবং সেই তদন্তের রিপোর্ট সরকারের হাতে জমা পড়েছে এবং সেই রিপোর্ট উনি হিউম্যান রাইট কমিশনের কাছে পাঠিয়ে দিয়েছেন এবং সেই রিপোর্ট সংবাদপত্রে বেরিয়েছে। সেটা তো পেন্ডিং নয়, সেটা তো কমপ্লিট হয়ে গেছে। আমরা সেই রিপোর্ট জানতে চাইছি। যদি ওয়াকফ রিপোর্ট এই হাউজে দিতে পারেন স্যার, এতবড় রিপোর্ট হাউজে প্লেস করে দিতে পারেন স্যার তাহলে এটা কি এমন রিপোর্ট আছে যে হাউজে দেওয়া যাবে না? আমি সেটাই জানতে চাইছি।

মি. স্পীকার : আপনি তো নিজেই বললেন রিপোর্টটা হিউম্যান রাইট কমিশনে গেছে। হিউম্যান রাইট বলার আগে উনি কি বলবেন হাউজকে?

শ্রী আবদুল মান্নান : আমি তো অ্যাকশন টেকেন চাইছি না, আমি তো অ্যাকশন টেকেন চাইছি না। তদন্ত রিপোর্ট যেটা বেরিয়েছে সেটা চাইছি। এই যে অস্বাভাবিকভাবে শিশুমৃত্যু হয়েছে তার কারণটা কি? এর রিপোর্টটা কেন হাউজকে দেবেন না? সেটা দেওয়ার ক্ষেত্রে কোন বাধা নেই স্যার, সেটা দেওয়ার ক্ষেত্রে কোন বাধা নেই।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি বলেছি কেন্দ্রীয় হিউম্যান রাইট কমিশন, ইউনিয়ন হিউম্যান রাইট কমিশন আমাদের কাছে একটা রিপোর্ট চেয়েছিলেন এবং আমরা তাদের রিপোর্ট দিয়েছি। এখন ইন ফিটনেস অফ থিংস কার্টসি ডিমান্ডস যে সেই রিপোর্ট তাদেরই প্রকাশ করা উচিত, যদি তারা তা প্রকাশ করতে চান। আপনি যদি বলেন আমার এই রিপোর্ট দিতে কোন অসুবিধা নেই। আমি তো রিপোর্ট দেব না বলিনি।

মি. স্পীকার : The question before the House is, there has been a communicaiton between the Government and the Human Rights Commission. You want to know that communication. At this stage, মন্ত্রী ডিসক্লোজ করবেন কেন? The Human Rights Commission has asked for that report. আপনি অন্য কোশ্চেন করুন।

শ্রী আবদুল মান্নান : আমি দু'নম্বর কোশ্চেনের রিপ্লাইটা আপনাকে পড়ে শোনাচ্ছি। ২০০২ সালে কলকাতার কোন্ কোন্ হাসপাতালে কতগুলো মৃত্যুর ক্ষেত্রে তদন্তের ব্যবস্থা করা হয়েছে? আমি জানতে চেয়েছিলাম কলকাতার কোন্ হাসপাতালে মৃত্যুর ক্ষেত্রে তদন্তের ব্যবস্থা করা হয়েছে? উনি বলেছিলেন, কেবলমাত্র বি.সি. রায় মেমোরিয়াল শিশু হাসপাতালের ক্ষেত্রে তদন্তের ব্যবস্থা করা হয়েছে। এর সঙ্গে তো হিউম্যান রাইট কমিশনের কোন ব্যাপার নেই।

কমিউনিকেশনের কোন ব্যাপার নেই। ধান ভানতে শিবের গীত কিন্তু উনিই গাইছেন। আমি বলছি, এই যে তদন্তের ব্যবস্থাটা হয়েছিল এই তদন্তটা কি প্রশাসনিক ছিল না কি অন্য কোন বিশেষ তদন্ত ছিল? কার নেতৃত্বে হয়েছিল? সেই রিপোর্টটা কি? সেটা আমি জানতে চাইছি। এর সঙ্গে হিউম্যান রাইট কমিশনের কি আছে? আপনি তো বলেছেন, এই ক্ষেত্রে আমি তদন্তের ব্যবস্থা করেছি। কিসের ভিত্তিতে করেছেন? এবং এটা প্রশাসনিক ব্যবস্থা ছিল নাকি কোন্ ডাক্তারকে দিয়ে করিয়েছেন সেই রিপোর্টের বিষয়ে জানতে চেয়েছি অন্য তো কিছু চাইনি। এর সঙ্গে হিউম্যান রাইট কমিশন-এর কি আছে? আপনি ধান ভানতে শিবের গীত কেন গাইছেন? সেটা তো আমি বুঝতে পারছি না। কেন হিউম্যান রাইট কমিশন এল?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি আবারও বলছি, হিউম্যান রাইট কমিশন যে রিপোর্ট আমাদের কাছে চেয়েছিলেন সেটা ওদের দিয়েছি এবং সেটা ওরা রিলিজ করতে পারেন। আমরা যে এডমিনিস্ট্রেটিভ এনকোয়ারি করেছি তা তো আপনাকে বললাম আবার কি। সেটা ডিপার্টমেন্টালি প্রসিডিংস চলছে। তারপর ফাইনাল যে রেকমেন্ডেশন, যা হবে তাই হবে।

শ্রী আবদুল মান্নান : আমি সরি স্যার মাননীয় মন্ত্রীকে বোঝাতে পারছি না।

শ্রী অম্বিকা ব্যানার্জী : মাননীয় মন্ত্রী মহাশয় শুধু মন্ত্রী নন, আপনি নিজে ডাক্তারও। সেই সময় আমরা খুব আশ্চর্য হয়ে গিয়েছিলাম যখন আপনি বললেন একটা শিশু হাসপাতালে ইনকিউবেটর—আমরা ছোটবেলা থেকে দেখছি, একটা বেসিক জিনিস যেটা, একটা হাসপাতালের, বিশেষ করে শিশুদের জন্য, আমরা ছবিতে দেখি একটা হাসপাতালে ৫০-৬০টা ইনকিউবেটর রয়েছে। আপনি সেখানে যে ৭টা ইনকিউবেটর আছে, তার বেশীর ভাগই খারাপও ছিল, মাত্র কয়েকটা ছিল, আপনি ডাক্তার হয়ে রিপোর্টে বললেন এতেগুলো ইনকিউবেটরের দরকার নেই যেখানে কিনা হাসপাতাল কর্তৃপক্ষ এবং বাইরের স্পেস্যালিস্ট ডাক্তাররা বলছেন হাসপাতালে যতগুলো ইনকিউবেটর থাকা দরকার, তা নেই, যেটা কিনা শিশু হাসপাতালের একটা বেসিক জিনিস। সেই হাসপাতালে আপনি তাদের এগেইনস্টে, প্রশাসনের এগেইনস্টে, হাসপাতালের প্রশাসনের এগেইনেস্টে কি ব্যবস্থা নিলেন? কিন্তু আপনি তো নিজেই বলছেন যে এতগুলো দরকার নেই, যা আছে যথেষ্ট আছে। কিন্তু যথেষ্ট ছিল না। সেখানে আমাদের সরকারের তরফ থেকে আপনার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে, না ডাক্তারদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে? যথেষ্ট ছিল না সেখানে। সরকারের তরফ থেকে আপনাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে? না ডাক্তারদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমার বিরুদ্ধে আপনি ব্যবস্থা নিতে পারবেন না। আমি যা বললাম ডাক্তার হিসাবে বললাম এবং শুধু ডাক্তার হিসাবে নয়, ন্যাশানাল নিওন্যাটাল ফোরাম—যেটা জাতীয় স্তরে নিওন্যাটলজির সর্বোচ্চ সংস্থা তাদের কথা, তাদেরই সুপারিশমতো আমি বললাম। ইনকিউবেটার আজকাল হয় না। এটা ১৯৯৯ সাল পর্যন্ত ছিল। এটা ২০০৩ সালে আমি খুব সম্ভবত বিশেষজ্ঞদের যে মতামত পেয়েছি, তারাও একই কথা বলেছিলেন। আপনি নিশ্চয়ই তাদের থেকে বেশি জানেন না। ইনকিউবেটার ইজ নট রেকমেনডেট। জাতীয়

স্তরে সর্বোচ্চ সংস্থা ন্যাশানাল নিওন্যাটাল ফোরাম, বিশেষজ্ঞদের সংস্থা তাদের লিখিত রিপোর্ট আমাদের কাছে আছে। এখন ইনকিউবেটার-এর ফলে ইনফেকশান রিস্ক বেশি হয়। তার জন্য অন্যরকম প্রভিশান হয়েছে।

শ্রী অম্বিকা ব্যানার্জী : আমি তাজ্জব হয়ে যাচ্ছি। এটা ৭ মাস। ২০০২ থেকে ২০০৩-এর ভিতরে এত বড় বিগ ডিফারেন্স হয়ে গেছে। আমি ব্যক্তিগতভাবে আমার যথেষ্ট অভিজ্ঞতা আছে। আমি বহু হাসপাতাল ঘুরেছি, দেখেছি যে ইনকিউবেটার ছাড়া শিশু হাসপাতাল এবং এটা অফসোলেট হয়ে গেছে। এই প্রথম আমি আপনার কাছ থেকে শুনলাম। এটা আমার মনে হয়, এটা যদি আপনার মত হয় এবং যদি পশ্চিমবঙ্গের অন্যান্য ডাক্তারদের মত হয় তাহলে ইন্টারন্যাশানাল পাবলিসড করা উচিত এবং আমরা সেটা দেখতে চাই যে, এটা পাবলিসড হয়েছে এবং আপনার নাম সেখানে বড় বড় করে স্বর্ণাক্ষরে লেখা হয়েছে। আপনি—You have done something which has never been done by anybody else. এমন কি পরিবর্তন হয়ে গেল যে ইনকিউবেটারের আর দরকার নেই—এটা আমার জানা নেই। আপনার দপ্তর অন্তত হাসপাতালে—সারা ভারতবর্ষ, সারা পৃথিবীর লোক যেটা ব্যবহার করছে সেটা দেখুক।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ১৯৯৯ সালে এই রেকমেনডেশান হয়েছিল। আপনি নিজেকে একটু আপ টু ডেট করুন। আর যেসব ডাক্তারদের কাছ থেকে শুনেছেন তাদেরকেও একটু আপ টু ডেট হতে বলুন। লিটারেচার পড়তে বলুন।

শ্রী আবু তাহের খান : আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, গত মাসে মুর্শিদাবাদ জেলায় প্রায় ১ শত-এর কাছাকাছি শিশু মারা গেছে। যারা মারা গেছে তাদের পরিবারের ক্ষতিপূরণ সম্পর্কে আপনি কি ভেবেছেন? যে সমস্ত ডাক্তাররা, অন্যান্য স্টাফদের গাফিলতিতে এই সমস্ত শিশুরা মারা গেছে, তাদের সম্পর্কে আপনি কি ব্যবস্থা নিয়েছেন?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মুর্শিদাবাদের যে ঘটনার কথা বললেন সেখানে ১ শত-এর বেশি শিশু মারা যায়নি। ২৩ জন মারা গেছে। কলিং অ্যাটেনশানের জবাবে আমি ডিটেলসে বলেছি। অ্যাকশান আমরা কি নিয়েছি সবই বলেছি। সুতরাং নতুন করে বলার কিছু নেই।

শ্রী তপন হোড় : স্যার এই প্রসঙ্গে প্রশ্ন হচ্ছে যে—শিশুমৃত্যু বা যেকোন মৃত্যু খুবই দুঃখজনক। এখন এই মৃত্যুর কারণ হিসাবে ডাক্তারদের কোন্ কোন সময় চিহ্নিত করা হচ্ছে, আবার এমনভাবে বিষয়টি প্রচার হচ্ছে ডাক্তাররা সব ক্ষেত্রে দায়ী বা হাসপাতালের যারা সংশ্লিষ্ট, তারাও দায়ী, আবার এর ফলে এমনভাবে প্রচার হচ্ছে যে—যেমন বর্ধমানে দেখা গেল যে একজন ডাক্তারকে খুব মারপিঠ করা হল, ৫ জনকে অ্যারেস্ট করা হয়েছে। তাহলে এটা একটা সামাজিক সমস্যা হিসাবে দেখা যাচ্ছে। এইভাবে যদি ডাক্তারদের ডিসক্রেডিট বা হাসপাতালে সংশ্লিষ্ট যারা তাদেরকে ডিসক্রেডেট করে দেওয়া হয়, ফলে যারা পেসেন্ট আছে যারা পেসেন্ট পার্টি আছে, তারাও এই আশঙ্কায় ভোগেন, এইরকম একটা অনাস্থায় ভোগেন ডাক্তারদের প্রতি বা হসপিটালের বিভিন্ন সংস্থার প্রতি। এটা একটা সামাজিক সমস্যা। তাই এক্ষেত্রে কনফিডেন্স আনার জন্য রাজ্য সরকার কিছু ভাবছেন কিনা জানাবেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, কনফিডেন্স না থাকার কোন কারম নেই। এতো লোক ভাল হচ্ছে, ভাল চিকিৎসা হচ্ছে—সেটা তো সবসময়ই বলেছি। মৃত্যুর ঘটনা নিয়ে অনেক সময় দেখা যায় আপনারা হইচই করেন, এইসব নিয়ে রাজনীতি করা হয়।

[11.20—11.30 a.m.]

শ্রী চৌধুরী মোহন জাটুয়া : স্যার, আমরা প্রেসের মাধ্যমে আনতে পেরেছি, মাননীয় মন্ত্রী শিশু চিকিৎসার ব্যাপারে মন্তব্য করেছেন : অ্যালোপ্যাথিক চিকিৎসার বদলে হোমিওপ্যাথি চিকিৎসা করলে ভাল হয়। এটা যদি সত্যি হয় তাহলে কি মাননীয় মন্ত্রী মহাশয় বিধানচন্দ্র শিশু হাসপাতাল-সহ মুর্শিদাবাদ এবং অন্যান্য জায়গায় শিশু চিকিৎসার জন্য হোমিওপ্যাথিক চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : উনি কোথায় কি পড়েছেন আমি জানি না! স্টেট হোমিওপ্যাথিক কাউন্সিলের সভাপতি ডাঃ ওমর আলি কাউন্সিলের পক্ষ থেকে আমাকে একটা চিঠি দিয়ে বলেছিলেন, 'ইনফ্লুয়েঞ্জা' রোগের চিকিৎসার জন্য তাঁরা মুর্শিদাবাদে হোমিওপ্যাথিক চিকিৎসক পাঠাতে চান। তাঁদের আমি বলেছিলাম— হ্যাঁ, আপনারা যেতে পারেন, লোকে আপনাদের চিকিৎসা চাইলে আপনারা চিকিৎসা করতে পারেন। ইনফ্লুয়েঞ্জা ভাইরাসের অ্যালোপ্যাথিক সিস্টেমে কোন নির্দিষ্ট চিকিৎসা নেই, সিমটোমেটিক ট্রিটমেন্ট হয়। কাজেই কেউ হোমিওপ্যাথিক চিকিৎসা করবার জন্য যেতে চাইলে, যেতে পারেন। এটাই আমি বলেছিলাম। এতে কোথায় কে কি বুঝলো, কি লিখলো, আমি তা বলতে পারছি না।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : মাননীয় মন্ত্রী মহাশয়, কলকাতা-সহ ভারতবর্ষের 'এ-ওয়ান সিটি'গুলির ২০০২ সালের শিশুমৃত্যুর তুলনামূলক চিত্রটা জানাবেন কি?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : সেটা এখানে অনেকবার দিয়েছি। আমরা বলেছি ভারতবর্ষে শিশুমৃত্যুর হার কেরালায় সবচেয়ে কম, তারপর তামিলনাড়ুতে। পশ্চিমবাংলার স্থান কমের দিক দিয়ে তিন নম্বরে। আর কলকাতা তথা কে,এম,ডি,এ, এলাকা যদি ধরা হয় তাহলে দেখা যাবে আর্বান এরিয়ার ক্ষেত্রে ইনফেন্ট মর্টালিটি রেট্ ভারতবর্ষের মধ্যে কলকাতা তথা কে.এম.ডি.এ. এলাকায় সবচেয়ে কম। আর্বানে কেরালার চেয়েও আমাদের হার কম। নিশ্চয়ই শিশুমৃত্যুর ঘটনা দুর্ভাগ্যজনক। তথাপি সারা ভারতবর্ষে কেরালা এবং তামিলনাড়ুর পরেই আমাদের স্থান। ভারতবর্ষের বাকি সব রাজ্যের চেয়ে আমাদের এই হার কম—প্রতি হাজারে ৫১ ইনফেন্ট মর্টালিটি রেট্।

শ্রী তাপস রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন আছে। এই প্রসঙ্গে আমি আপনার রুলিং এবং ইন্টারভেনশন চাইছি। সারা পৃথিবীব্যাপী রাইট টু ইনফরমেশন স্বীকৃত। মাননীয় মন্ত্রী মহাশয়, যদিও ডিপার্টমেন্ট অব ইয়োর ওন তথাপি ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন অ্যান্ড স্টেট হিউম্যান রাইটস কমিশন হ্যাড টু ইনটারভেন্স—আমাদের মেম্বারদের রাইট প্রোটেকটেড হবে কিনা, আমরা ইনফরমেশন পাব

কিনা, এটাই আমাদের প্রশ্ন। আপনি হিউম্যান রাইটস কমিশনকে কি ইন্‌ফরমেশন দিয়েছেন, না দিয়েছেন, সেটা আমাদের ব্যাপার নয়। অম্বিকাবাবুকে আপনি যেটা বললেন, তাতে আপনাকে বলি যে, আপনাকে দেখার দায়িত্ব আমাদের নয়, আপনার পার্টির। বিধানচন্দ্র শিশু হাসপাতালের এবং মুর্শিদাবাদের শিশুমৃত্যুর ঘটনায় আপনি মোটেই বিচলিত হলেন না, একবারও সেখানে গেলেন না, মুখ্যমন্ত্রীকে ছুটে যেতে হল। আপনি আগে ঠিক করুন পঞ্চায়েত দেখবেন, না স্বাস্থ্য দেখবেন। যদিও পঞ্চায়েত যেমন গুরুত্বপূর্ণ, স্বাস্থ্যও তেমনই গুরুত্বপূর্ণ, তথাপি পঞ্চায়েতই শুধু দেখতে গিয়ে আপনি স্বাস্থ্যকে ডুবিয়েছেন এবং আপনার দলই সে কথা বলছে। আপনার উত্তরের মধ্যে দিয়ে আপনার ঔদ্ধত্যের প্রকাশ ঘটছে। আপনি ঔদ্ধত্য ত্যাগ করে একটু বিনয়ী হয়ে স্বাস্থ্য কি একটু ভাল করে দেখবেন?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনার মতো উদ্ধত লোকের জন্য চিরকালই আমার ঔদ্ধত্য থাকবে।

শ্রী কমল মুখার্জী : সারা রাজ্যে বহু হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রের বাড়ীগুলি বিপজ্জনক অবস্থায় রয়েছে। এইসব হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রের বাড়ীগুলি দেখাশুনা করে পি.ডব্লু.ডি.। পি.ডব্লু.ডি. বহুদিন আগেই বলে দিয়েছে এইসব বাড়ীগুলি বিপজ্জনক অবস্থায় আছে, যে কোন সময়ে যে কোন ঘটনা ঘটতে পারে। পি.ডব্লু.ডি.কে যখন সারানোর কথা বলা হয় তখন পি.ডব্লু.ডি. বলে স্বাস্থ্য দপ্তর টাকা না দিলে আমরা করতে পারবো না। আমার বক্তব্য, স্বাস্থ্য দপ্তরের বিরাট ইনফ্রাস্ট্রাকচার আছে। স্বাস্থ্য দপ্তর নিজে যদি পি.ডব্লু.ডি.র পরিবর্তে হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রের সিভিল এবং ইলেকট্রিক্যাল কাজগুলি দেখাশুনা করে তাহলে যে সমস্ত ডিলে হচ্ছে সেটা আর হয় না। এ ব্যাপারে সরকারের কি চিন্তা-ভাবনা আছে?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : পি.ডব্লু.ডি.র পক্ষ থেকেই করা হয়, আমি তার জবাব দিতে পারি না। হাসপাতালের রক্ষণা-বেক্ষণের দায়িত্ব পি.ডব্লু.ডি.র কাজ। তাদের টাকা স্বাস্থ্য বাজেট থেকে যায় না, পি.ডব্লু.ডি.র বাজেট থেকেই হয়। সেটা আমার পক্ষে এখানে জবাব দেওয়া ঠিক হবে না।

শ্রী কমল মুখার্জী : ইমিডিয়েট রিপেয়ার না করলে যে কোন ঘটনা ঘটতে পারে এইরকম হাসপাতালগুলির ক্ষেত্রে বলছি?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : পি.ডব্লু.ডি.র বাজেট থেকে হয়, স্বাস্থ্য দপ্তরের বাজেট থেকে হয় না। সুতরাং আমি কি করে জবাব দেব?

শ্রী পরশ দত্ত : যেদিন নসীপুরে প্রথম শিশুমৃত্যুর ঘটনা ঘটলো—এটা কি সত্য—তার ৩ দিনের ভিতর গ্রামীণ স্বাস্থ্যকর্মীরা তাদের বিস্তারিত রিপোর্ট এবং অসহায়ের কথা বি.এম.ও.এইচ. অফিসে জানানো সত্ত্বেও ৩ দিনের ভিতরে এর উপর কোন অ্যাকশন নেওয়া হয়নি, উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে এই খবর দেওয়া হয়নি? যদি সত্য হয় তাহলে এই কর্মচারীদের সম্পর্কে যারা রিপোর্ট পেয়ে ৩-৪ দিন চুপ-চাপ বসেছিল-যতক্ষণ না প্রেস বা মিডিয়াতে হাই-লাইট করা হয়েছে—সেই ব্যাপারে স্বাস্থ্য দপ্তর কি ব্যবস্থা নিয়েছেন?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এ.সি.এম.ও.এইচ এবং বি.এম.ও.এইচ. সাসপেনডেড হয়েছে। ডিপার্টমেন্টাল এনকোয়ারি করে যা পাওয়া যাবে তারপর হবে।

শিল্প লাইসেন্স

*৩৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫৪) শ্রী ইউনুস সরকার : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত জানুয়ারী ২০০১ থেকে ডিসেম্বর, ২০০২ পর্যন্ত মোট কতগুলি শিল্প লাইসেন্স সরকার মঞ্জুর করেছেন?

শ্রী নিরুপম সেন : বিগত জানুয়ারী ২০০১ থেকে ডিসেম্বর ২০০২ পর্যন্ত ভারত সরকার কোনও শিল্প লাইসেন্স দেয়নি। কতগুলি বিশেষ ক্ষেত্র ছাড়া শিল্প লাইসেন্স দেওয়ার পদ্ধতি চালু নেই। বর্তমানে শিল্পোদ্যোগীদের আই.ই.এম দেওয়া হয়।

শ্রী ইউনুস সরকার : এ পর্যন্ত আই.ই.এম. কত দেওয়া হয়েছে এবং সেই সংখ্যার মধ্যে আমাদের পশ্চিমবাংলায় কত?

শ্রী নিরুপম সেন : ২০০১ সালে আমাদের রাজ্যে আই.ই.এম. দেওয়া হয়েছে ২০১টি আর ২০০২ সালে আই.ই.এম. দেওয়া হয়েছে ২৯১টি। এই দুটি মিলিয়ে আমাদের রাজ্যে গত ২ বছরের অর্থাৎ ২০০১-২০০২ সালে ৪৯২টি আই.ই.এম. দেওয়া হয়েছে।

শ্রী ইউনুস সরকার : আপনি ২০০১-২০০২ সাল পর্যন্ত সংখ্যাটা বললেন। ১৯৯১ সালে লাইসেন্স প্রথা বাতিল হওয়ার পর থেকে মোট কত আই.ই.এম. দেওয়া হয়েছে এবং তার মধ্যে এ পর্যন্ত বাস্তবায়িত ক'টা হয়েছে?

[11.30—11.40 a.m.]

শ্রী নিরুপম সেন : ১৯৯১ সাল থেকে ২০০৩ সালের জুন পর্যন্ত আমি আপনাকে বলছি তাতে টোটাল আই.এম.আমাদের এখানে দেওয়া হয়েছে—আই.ই.এমের সঙ্গে আরও কয়েকটা জিনিসকে যুক্ত করা যায় ফোন লেটার অব ইনটেন্ট, ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোনের কয়েকটি ইউনিট আছে, ফরেন কোলাবোরেশানে কিছু আছে, এগুলি যদি আলাদা আলাদা করে হিসাব করা হয়, তেমনি সফট্ওয়ার টেকনোলজি পার্ক আছে, এক্সপোর্ট জোনের বাইরে যারা ১০০ পারসেন্ট এক্সপোর্ট ওরিয়েনটেড ইউনিট করে তাদের সংখ্যাটা আছে, এন.আর.আই আছে এবং কোন বিশেষ ক্ষেত্রে যদি লাগে—সেইসব মিলিয়ে আমাদের রাজ্যে তিন হাজার তিনশোটি এই সময়কালের মধ্যে আমরা পেয়েছি—১৯৯১ সাল থেকে ২ হাজার ৩ সালের জুন পর্যন্ত। এর মধ্যে আমাদের রাজ্যে প্রোজেক্ট অলরেডি ইমপ্লিমেনটেড হয়েছে, চালু হয়েছে তার সংখ্যাটা হচ্ছে ৬৯৭টি।

শ্রী ইউনুস সরকার : আই.ই.এমের জন্য যারা অ্যাপলাই করেছেন—চলতি বছরে এরকম আবেদনপত্র কতগুলি পাওয়া গিয়েছে তার হিসাব আপনার দপ্তরে আছে কিনা এবং সেগুলি হবার সম্ভাবনা কতটা আছে?

শ্রী নিরুপম সেন : চলতি বছরে ২ হাজার তিন সালের জুন মাসের ৩০ তারিখ পর্যন্ত আমাদের কাছে আই.ই.এম এসেছে ২২৩টি।

শ্রী ইউনুস সরকার : এর মধ্যে কোন কোন জেলাতে কতগুলি এবং কলকাতা শহরের জন্য কতগুলি এসেছে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রী নিরুপম সেন : জেলাভিত্তিক জানাতে গেলে নোটিশ চাই।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় মন্ত্রিমহাশয় একটি তথ্য দিয়ে আমাদের বড় বিপদে ফেলে দিয়েছেন। আবার প্রশ্নকর্তা প্রশ্ন করায় আসল তথ্যটি বেরিয়ে এসেছে। আমি যদি ঠিক শুনে থাকি তাহলে শুনলাম মাননীয় মন্ত্রিমহাশয় বললেন তিন হাজারের মতন বা তার থেকে কিছু বেশী প্রকল্পকে ছাড়পত্র দেওয়ার পর প্রকৃত ইমপ্লিমেনটেডের সংখ্যা এখনও পর্যন্ত মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন ৬২৭ অর্থাৎ ২৫ পারসেন্ট বা তার আশেপাশে। আপনারা এতো বিজ্ঞাপন দিচ্ছেন কলকাতায় এবং সর্বত্র যে বাস্তবে এটা পরিণত হল, সত্যে পরিণত হল তারপরও মাত্র ২৫ পারসেন্ট ইমপ্লিমেনটেড হল কেন, মাননীয় মন্ত্রিমহাশয় যদি বুঝিয়ে দেন আমরা উপকৃত হবো।

শ্রী নিরুপম সেন : মাননীয় সদস্যের নিশ্চয় এটা জানা আছে যে ইনডাস্ট্রি করার ইনটেনশান প্রকাশ করাটাই হচ্ছে আই.ই.এম। আর ইনটেনসান প্রকাশ করলেই সেই ইনডাস্ট্রি সব বাস্তবে নেমে আসবে এটা কোথাও হয় না। সুতরাং ইনটেনসান যারা প্রকাশ করেছেন এ রাজ্যে ইনভেস্টমেন্ট করার তার তালিকাটাই আপনাদের দিয়েছি।

(গোলমাল)

এখন কে কি কারণে ইনভেস্টমেন্ট করেনি সেটা তো সব আমার পক্ষে জানা সম্ভব নয়, বলাও সম্ভব নয়।

শ্রী পার্থ চ্যাটার্জী : আপনি তো একটা হোয়াইট পেপার বার করে বলতে পারেন যে কেন এলো না। এটা তো আমাদেরও জানার দরকার আছে। তিন হাজারের মধ্যে মাত্র ৬২৭টি এলো, বাকিগুলি এলো না কেন এবং সরকার এ সম্পর্কে কি ভাবছেন সেটা তো বলবেন। এতো পয়সা খরচ করে সরকার বিজাপন দিচ্ছেন, মার্কেটিংটা ভাল, কিন্তু আপনি তো এটা ভাববেন যে ইনটেনশান প্রকাশ করলো তিন হাজারের উপর আর ইমপ্লিমেনটেড হল মাত্র ৬২৭, মাত্র ২৫ পারসেন্ট, বাদবাকিগুলি হল না কেন, কি কারণ, সেটা আমাদের জানাবেন না? আপনারা আপনাদের স্বপ্ন সফল হয়েছে বলে অনেক গান গাইছেন কিন্তু কি কারণে এরা চলে গেল সেটা বলছেন না কেন?

শ্রী নিরুপম সেন : যিনি বেসরকারী বিনিয়োগকারী তিনি নিজে কি করবেন তার কারণ আমি কি করে বলব? আমাদের কাছে এসেছেন, সহযোগিতা চেয়েছেন, যতটা পেরেছি আমরা সহযোগিতা করেছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : ৭৫ পারসেন্ট বিনিয়োগকারী চলে যাচ্ছে আর আপনারা আমেরিকা, জাপান যাচ্ছেন বিনিয়োগকারী আনতে। আপনি নিজে তো বম্বেতে গিয়েছিলেন। কিন্তু এখান থেকে তারা চলে যাচ্ছে কেন সেটা বলবেন না?

(নো রিপ্লাই)

শ্রী মানস মুখার্জী : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, গত দু বছরে আমাদের রাজ্য থেকে কটি শিল্প স্থানান্তরিত হয়েছে বা চলে গিয়েছে?

আর এই সময়ের মধ্যে কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন কতগুলো কারখানা আমাদের রাজ্যে বন্ধ হয়েছে যদি মন্ত্রী মহাশয়ের জানা থাকে বলবেন কি?

শ্রী নিরুপম সেন : আমি আগেও বলেছি গত বছরের কথা আপনি বলেছেন সেটা আবার বলছি। ২০০১ সালে আমাদের রাজ্যে ৮৬টি ইউনিট রূপায়িত হয়েছে, তাতে পুঁজি বিনিয়োগ হয়েছে ২১৯৪ কোটি ৫৪ লক্ষ টাকা। আর ২০০২ সালে ১১৩টি ইউনিট রুপায়িত হয়েছে, সেখানে বিনিয়োগের পরিমান ২৩২৫ কোটি ৯৫ লক্ষ টাকা। ২০০৩ সালের জুন মাস পর্যন্ত, আমার কাছে যা হিসাব আছে, তাতে ৩৯টি ইউনিট রূপায়িত হয়েছে সেখানে পুঁজি বিনিয়োগের পরিমাণ হলো ১১০৩ কোটি ৮৭ লক্ষ টাকা। এই সময়কালের মধ্যে এই পুঁজি বিনিয়োগ হয়েছে। কেন্দ্রীয় সরকার যে সমস্ত কারখানা বন্ধ করেছে তার তালিকা আপনি যদি জানতে চান তার প্রতিটি সংখ্যা আমি জানিয়ে দিতে পারবো যদি আলাদা করে নোটিশ দেন।

শ্রী মানস মুখার্জী : গত বছর আমাদের রাজ্য থেকে কোন শিল্প অন্যত্র চলে গেছে কিনা এবং আমাদের রাজ্যে কত শিল্প ঢুকছে, সেই তালিকা থাকলে জানাবেন কি?

শ্রী নিরুপম সেন : আমাদের রাজ্য থেকে শিল্প প্রতিষ্ঠান অন্য রাজ্যে চলে গেছে এই রকম কোন খবর আমার কাছে নেই।

শ্রী অতীশ চন্দ্র সিংহ : মাননীয় মন্ত্রী মহাশয় যে হিসাব দিয়েছেন তাতে জানতে পারলাম যে ২০০১-০২ ইত্যাদি সালে কতগুলো ইউনিট রূপায়িত হয়েছে এবং কত টাকা বিনিয়োগ হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, এই টাকা বিনিয়োগের ফলে সেখানে কত কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে।

শ্রী নিরুপম সেন : সাধারণভাবে কর্মসংস্থানের ক্ষেত্রে যেটা জানা যায়, প্রকল্প যখন জন্ম দেয় সেই প্রকল্পে কত এমপ্লয়মেণ্ট জেনারেট সেই সম্পর্কে তথ্য থাকে। সেই তথ্য আপনাকে দিতে পারি। প্রকৃতপক্ষে সেখানে ততখানি এমপ্লয়মেড হয়েছে, কি হয় নি সেটা সঠিক বলা যায় না। আমাদের কাছে যখন প্রকল্প জমা দিয়েছে, সেই সময় যে তথ্য দিয়েছে সেটা বলছি। ২০০১ সালে ৮৬ টি প্রকল্প ইমপ্লিমেনটেড হয়েছে, তাতে প্রত্যক্ষ এমপ্লয়মেণ্টের সুযোগ হচ্ছে ৮০০০ জন, আর ২০০২ সালে ১১৩টি ইউনিট রূপায়িত হয়েছে, প্রত্যক্ষ কর্মসংস্থান হওয়ার কথা ১৯৪৯১ জনের। সাধারণভাবে প্রত্যক্ষ কর্মসংস্থান যা হয় তার সঙ্গে ৫ দিয়ে গুণ করলে পরোক্ষ কর্মসংস্থান বার হয়। তাহলে ৫ দিয়ে গুণ করলে এমপ্লয়মেণ্ট জেনারেট কত হবে, সেটা এর মধ্যে দিয়ে বার হয়ে আসবে।

শ্রী অরুণাভ ঘোষ : মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, পাবলিক সেকটর আনডারটেকিংসে কতগুলো লসে রান করছে আর কতগুলো পাবলিক সেকটর আনডারটেকিংস লাভে চলছে?

শ্রী নিরুপম সেন : এটা আলাদা করে প্রশ্ন করতে হবে আপনাকে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সরাসরি বিদেশি বিনিয়োগে যে সমস্ত প্রকল্প অনুমোদিত হয়েছে সর্বভারতীয় নিরিখে সরাসরি বিদেশি বিনিয়োগ প্রকল্পে আমাদের রাজ্যের অবস্থান কোথায় সেটার তথ্য যদি আপনার কাছে থাকে?

শ্রী নিরুপম সেন : আলাদাভাবে প্রশ্ন করুন, তথ্য দিয়ে দেব।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ফলতা এক্সপোর্ট জোন-এর মধ্যে ইনক্লুডেড আছে। ফলতা এক্সপোর্ট জোনে ১৯৯৮ সাল থেকে ২০০৩ সাল পর্যন্ত কটা ইন্সটিটিউশান অ্যাপ্লাই করেছিল, অর্থাৎ তাদের ইনটেনশান ছিল আর কটা ইমপ্লিমেনটেড হয়েছে? আর যা ইমপ্লিমেনটেড হয়েছে তার টাকার পরিমাণ কত বলবেন কি?

[11.40—11.50 a.m.]

শ্রী নিরুপম সেন : এটা সম্পর্কে বিস্তৃত জানতে গেলে আপনাকে আলাদা প্রশ্ন করতে হবে।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : আপনি তো বললেন, এর মধ্যে ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোন ইনক্লুডেড আছে। স্যার, উনি যে উত্তর দিয়েছেন, আমি তার একটা পার্ট ওঁর কাছে জানতে চাইছি। আপনার ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোনে কত ইন্ডাস্ট্রিয়ালিস্ট ইনটেনশান এক্সপ্রেস করেছিল—তার কোয়াণ্টাম অফ মানি কত ছিল ; আর কতগুলো ইমপ্লিমেণ্টেড হয়েছে, তার কোয়াণ্টাম অফ মানি কত?

শ্রী নিরুপম সেন : আমি আপনাকে এটুকু শুধু বলতে পারি, ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোনে কতজন ইনটেনশান প্রকাশ করেছিল। আর অন্য যে প্রশ্ন করছেন, তার জন্য আপনাকে সেপারেট প্রশ্ন করতে হবে।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : আপনি ইনটেনশান কতজন বলতে পারবেন, আর কত ইমপ্লিমেণ্টেড হয়েছে বলতে পারবেন না?

শ্রী নিরুপম সেন : মূল প্রশ্নটা ছিল, লাইসেন্স কত মঞ্জুর করা হয়েছে।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : লাইসেন্স কত দেওয়া হয়েছে, তার ফলোআপ কত হয়েছে তা জানা যাবে না?

(নো রিপ্লাই)

শ্রী নির্মল দাস : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় ২০০১-২০০২ সালে শিল্প বিষয়ে যে জবাব দিলেন, সেই পরিপ্রেক্ষিতে আমার প্রশ্ন হচ্ছে, এই সময়ে মাল্টি ন্যাশানাল কোম্পানি বা বিদেশি যে সমস্ত কোম্পানি আমাদের রাজ্যে অর্থ বরাদ্দ করেছে শিল্প স্থাপনের জন্য, তার মধ্যে যে শিল্প স্থাপনের জন্য রাজ্য সরকার গ্রিন সিগন্যাল দিয়েছে, তারমধ্যে শিল্প গড়ে তোলার

জন্য ক'টি লাইসেন্স দিয়েছেন—বিদেশিদের যেগুলো দিয়েছেন—তার ফলে কতজন কর্মসংস্থানের সুযোগ পাচ্ছে?

শ্রী নিরুপম সেন : এর জন্য আপনাকে আলাদা প্রশ্ন করতে হবে। তবে আমি আপনাকে বলতে পারি যে, ফরেন কোলাবোরেশনে ২০০১-২০০২ সালে কতজন ইনটেনশান প্রকাশ করেছেন। আপনি এফ.ডি.আই. যেটা জানতে চাইছেন, সেটাতে আপনাকে আলাদা প্রশ্ন করে জানতে হবে।

শ্রী অপূর্ব মুখার্জী : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার যে প্রশ্ন—পুরুলিয়া, বাঁকুড়া এবং দুর্গাপুরে কিছু কিছু ছোট ছোট ইউনিট হয়েছে যারা লাইসেন্সপ্রাপ্ত। এই ইউনিটগুলিকে লাইসেন্স দেওয়ার সময়ে মুখ্যত যেটা বলা ছিল, পলিউশনের ব্যাপার দেখে তাদেরকে শিল্প রূপায়িত করতে হবে। কিন্তু দুর্গাপুরে যে শিল্প হয়েছে, সেখানে পলিউশনের হার যেভাবে বেড়ে গেছে, তার জন্য তাদের বিরুদ্ধে কোন পদক্ষেপ গৃহীত হচ্ছে না। এই ব্যাপারে আপনার বক্তব্য কি?

শ্রী নিরুপম সেন : এটি এই প্রশ্নের সঙ্গে সম্পর্কিত নয়। পলিউশনের ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করার জন্য পরিবেশ দপ্তর আছে। তবে আমি এটা বলতে পারি,আমাদের পরিবেশ মন্ত্রী এবং এ.ডি.ডি.-এর চেয়ারম্যান তাঁরা ওখানকার মালিকদের সঙ্গে কথা বলেছেন এবং কি কি ব্যবস্থা গ্রহণ করতে হবে তা বলেছেন। কয়েকটি ইউনিটকে ওখানে বন্ধ করে দেওয়া হয়েছে।

শ্রী অপূর্ব মুখার্জী : কিন্তু আমার কাছে খবর আছে, ওখানে যে পলিউশন জোন তৈরি হয়েছে, যারা এটা তৈরি করছে তাদেরকে আইডেন্টিফাই করা হয়েছে। ক্ষেত্রবিশেষে দেখা গেছে তারা সঠিকভাবে কাজ করছে না। পলিউশন রোধের জন্য ঠিকভাবে চালাতে গেলে ঘণ্টায় এক হাজার টাকা ব্যয় হয়। সেজন্য তারা সন্ধ্যাবেলা থেকে সকাল পর্যন্ত সেই মেশিনগুলো বন্ধ রাখছে। এর ফলে সাধারণভাবে পলিউশনের হার যে ভাবে বেড়ে যাচ্ছে—আপনার যে লাইসেন্সগুলো দিয়েছেন, তারা সঠিকভাবে চলছে কিনা, তার জন্য সন্ধ্যা থেকে রাত্রি পর্যন্ত কোন মনিটরিংয়ের ব্যবস্থা আছে কিনা? দুর্গাপুরে একটা ডিভাইজার বসানো হয়েছে। সেটা হাওয়ার ওপরে নির্ভর করে। এ সম্পর্কে আপনার কি কিছু বলার আছে?

শ্রী নিরুপম সেন : এটা আমার কাজ নয়। এটা পরিবেশ দপ্তরের বিষয়। আপনি যেটা বললেন, এ বিষয়ে পরিবেশমন্ত্রীকে জানানো হবে। যদি সত্যি হয় তাহলে তিনি এ বিষয়ে ব্যবস্থা নেবেন।

শ্রী সৌগত রায় : আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে, কত শিল্পে লাইসেন্স আপনার সরকার মঞ্জুর করেছেন এবং শিল্প লাইসেন্স মঞ্জুর করবার সুযোগ সরকারের আছে কিনা! মাননীয় সদস্য প্রশ্ন করলেন এবং মন্ত্রী তাঁকে বুঝিয়ে জবাব দিয়ে গেলেন, কিন্তু শিল্পের লাইসেন্স মঞ্জুর করতে স্টেট গভর্নমেন্ট পারে কিনা এবং কোথায় আছে সেই সুযোগ এবং মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে, ১৯৯১ থেকে ২০০২ সাল পর্যন্ত উনি ৬০ হাজার

কোটি টাকার প্রস্তাব পেয়েছেন, আর ৩ হাজার ৪৪টি প্রোজেক্ট ইমপ্লিমেন্টের জন্য জমা দিয়েছে এবং ইমপ্লিমেনটেড হয়েছে মাত্র ৬৫৮টি প্রোজেক্ট। তার মানে 20% of the Industrial IEM. সেখানে মানুষ ইচ্ছা প্রকাশ করেছেন কিন্তু তার ২০ পার্সেন্ট ইমপ্লিমেনটেড হয়েছে। এতো লো পারসেনটেজ অফ ইমপ্লিমেনটেশান এই ব্যাপারে লাইসেন্স দেবার রাজ্য সরকারের আছে কিনা?

শ্রী নিরুপম সেন : আপনি জানেন যখন মাননীয় সদস্য প্রশ্ন করেছিলেন তখনই উত্তরে আমি বলেছিলাম যে ১৯৯১ সালের ডিসেম্বরের পর থেকে আর শিল্প লাইসেন্স দেবার পদ্ধতি চালু নেই। লাইসেন্স আর কোনক্ষেত্রেই দেওয়া হয় না। তবে কতগুলো রেসট্রিকশানের ক্ষেত্রে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া দিয়ে থাকে যেমন যেগুলো ডিফেন্স রিলেটেড ইন্ডাস্ট্রি, পেট্রোলিয়াম রিফাইনারি আর এ ছাড়া সিগারেটের ক্ষেত্রে এবং মদের ক্ষেত্রে আগে ছিল, সেটা সম্প্রতি তুলে দেওয়া হয়েছে। লাইসেন্স নিতে হত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এবং সেখানে লাইসেন্স নেবার ক্ষেত্রে কোন ইনটেনশান কেউ প্রকাশ করেন, সেক্ষেত্রে সরকার উদ্যোগ নেন।

শ্রী সৌগত রায় : এটা কি সরকারের মঞ্জুরি করার ব্যাপার এবং পারসেনটেজ অফ ইমপ্লিমেনটেশান এতো কম কেন, কেবলমাত্র ২০ পার্সেন্ট ইমপ্লিমেনটেশান—এটা কেন হচ্ছে?

শ্রী নিরুপম সেন : এর আগে এই প্রশ্ন উঠেছে। আমাদের যারা ইনটেনশান প্রকাশ করেছেন তারা সকলেই আমাদের রাজ্যে বিনিয়োগ করবে বলে আশা প্রকাশ করেছেন এবং এইরকম সাধারণভাবে যে কোন রাজ্যেই হতে পারে।

শ্রী সৌগত রায় : অন্যান্য রাজ্যে যেখানে ৩০ থেকে ৪০ পার্সেন্ট, সেখানে আমাদের রাজ্যে ৩ হাজার ৪৪টি ইমপ্লিমেনটেশান জমা পড়েছে এবং ইমপ্লিমেনটেড হয়েছে মাত্র ৬৫৫টি। এতো কম পার্সেন্টেজ কেন এবং লোকে ইমপ্লিমেন্ট করে পিছিয়ে যাচ্ছে কেন?

শ্রী নিরুপম সেন : তথ্যে যেটা আছে সেটা হচ্ছে ৩ হাজার ৪৪ আর ইমপ্লিমেনটেশান জমা পড়েছে ৬৯৭টি অর্থাৎ ২১ পারসেনটেজে ইমপ্লিমেনটেড হয়েছে এবং এটা অ্যাপ্রোকিসিমেট হতে পারে।

শ্রী সৌগত রায় : অন্য রাজ্যে যেখানে ৩০ পার্সেন্ট থেকে ৪০ পার্সেন্টেজ ইমপ্লিমেনটেশান হচ্ছে, সেখানে আমাদের রাজ্যে এতো কম কেন আই এম হওয়া সত্ত্বেও এতো কম ইমপ্লিমেনটেশান হচ্ছে কেন?

শ্রী নিরুপম সেন : অন্যান্য রাজ্যের অ্যাভারেজটা আমার কাছে নেই, সেখানে আই ই এমে কত হারে ইমপ্লিমেন্ট হতে পারে, সেই তথ্যটা আমার কাছে নেই।

পঞ্চায়েতে প্রদেয় অর্থ

*৩৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫০) শ্রী অতীশ চন্দ্র সিংহ : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে সরকার মোট কী পরিমাণ অর্থ বিভিন্ন পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদকে দিয়েছেন ; এবং

(খ) তন্মধ্যে কেন্দ্রীয় সরকার কত দিয়েছেন এবং রাজ্য সরকার কত দিয়েছেন?

ডঃ সূর্য্যকান্ত মিশ্র :

(ক) রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মাধ্যমে বর্তমান আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদকে প্রদত্ত অর্থের পরিমাণ নিম্নে পর্যায়ক্রমে লিপিবদ্ধ হল :

গ্রাম পঞ্চায়েত— ৩৮৫৮৬.৪৮৪ লক্ষ টাকা।

পঞ্চায়েত সমিতি— ১০৭২৫.৭৬২ লক্ষ টাকা।

জেলা পরিষদ— ১৮৪৪১.৭৬২ লক্ষ টাকা।

মোট—৬৭৭৫৪.০০৮ লক্ষ টাকা।

(খ) তন্মধ্যে কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত টাকার পরিমাণ ৩৬৬৪৫.৯০১ লক্ষ টাকা ও রাজ্য সরকার কর্তৃক প্রদত্ত টাকার পরিমাণে ৩১১০৮.১০৭ লক্ষ টাকা।

শ্রী অতীশ চন্দ্র সিংহ : স্যার, আমি একটা ক্ল্যারিফিকেশন চাইছি মাননীয় মন্ত্রীর কাছ থেকে। প্রশ্নটা ছিল বর্তমান আর্থিক বছরের। যে উত্তরটা দিলেন মন্ত্রী মহাশয়, সেটা কি ২০০২-০৩ আর্থিক বছরের? আমার মনে হয় ২০০২-০৩ আর্থিক বছরের হিসেবটা দিয়েছেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় সদস্য ঠিকই বলেছেন, প্রশ্নটা ছিল ২০০২-০৩-এর মার্চ মাসে, সেই সময় প্রশ্নটা এসেছে এবং আমি মার্চ মাসের ১২ তারিখে জবাবটা দিয়েছি। ২০০২-০৩ সাল শেষ হয়েছে ৩১শে মার্চ। সুতরাং যে হিসেবটা দিয়েছি, সেটাতে ২০০২-০৩ সালের প্রকৃত হিসাবটা প্রতিফলিত হচ্ছে না। আমি ৩১শে মার্চ ২০০৩ পর্যন্ত হিসেবটা দিচ্ছি। ঐ সময়ে পঞ্চায়েতগুলোকে মোট আমরা দিয়েছি ৯৯০ কোটি ৬০ লক্ষ টাকা। এর মধ্যে সেন্ট্রালের ছিল ৫৫১ কোটি ৮০ লক্ষ টাকা আর স্টেটের ছিল ৪৩৮ কোটি ৮০ লক্ষ টাকা।

শ্রীঅতীশ চন্দ্র সিংহ : মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন ৬৭৭ কোটি ৫৪ লক্ষ টাকা গ্রাম-পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা-পরিষদ, অর্থাৎ ত্রিস্তর পঞ্চায়েতকে দিয়েছেন। কিন্তু আমার কাছে যত দূর খবর আছে, গত বছর অক্টোবর মাস পর্যন্ত গ্রাম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতি কোন টাকা পায়নি। টাকাটা কোন্ সময়ে দিয়েছেন যদি জানান, তাহলে সুবিধে হয়।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এটা বলা একেবারেই মুশকিল, কেননা বিভিন্ন প্রকল্পে বিভিন্ন কিস্তি বিভিন্ন জেলায় বিভিন্ন সময়ে পায়। যে জেলা যেরকম খরচের ইউটিলাইজেশন সার্টিফিকেট দেয়, সেইরকম পায়। তবে এটা বলতে পারি কয়েকটা জায়গায় হতে পারে, গ্রাম পঞ্চায়েত

বা পঞ্চায়েত সমিতিতে, জেলা বলা ঠিক হবে না, দুটো জেলা বাদে—অক্টোবরে হয়ত টাকা ছিল না। এটা হতে পারে, কারণ বাজেট বক্তৃতার সময় আমি বলেছিলাম, তখন আপনি ছিলেন না—একটা সিংহভাগ টাকা, বিশেষ করে দ্বিতীয় কিস্তির টাকা জানুয়ারী, ফেব্রুয়ারি, মার্চ এই সময়ে আসে, সেইজন্য সেটা লাস্ট কোয়ার্টারে পেয়ে থাকে।

শ্রী অতীশ চন্দ্র সিংহ : আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন—এই যে টাকাটা দিচ্ছেন ত্রিস্তরে, এর কোন ইউটিলাইজেশন সার্টিফিকেট এই পর্যন্ত আপনি পেয়েছেন কিনা এবং না পেয়ে থাকলে সেইগুলো আদায় করবার জন্য কি ব্যবস্থা নিয়েছেন? ইউটিলাইজেশন সার্টিফিকেট না পেয়ে থাকলে পরের বছরে টাকা দেওয়াতে কোন ব্যাঘাত ঘটবে কি ঘটবে, না?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : প্রথম ইন্সটলমেন্টের ইউটিলাইজেশন সার্টিফিকেট না পেলে দ্বিতীয় ইনস্টলমেন্ট রিলিজ হবে না, বিশেষ করে সেন্ট্রাল স্কিমগুলোতে ফার্স্ট ইন্সটলমেন্টের ৬০ শতাংশের ইউটিলাইজেশন সার্টিফিকেট দিলেই সেকেন্ড ইনস্টলমেন্ট রিলিজ করা হয় এবং সেকেন্ড ইন্সটলমেন্টের ইউ.সি. পেলে ২০০৩-০৪-এর প্রথম ইন্স্টলমেন্ট রিলিজ করা হয় এটা আপনাকে বলতে পারি, ২০০৩-০৪, অর্থাৎ বর্তমান আর্থিক বছরের প্রথম ইন্সটলমেন্ট ৫৪টি ইউনিটের মধ্যে দুটো ইউনিট—মালদা এবং দক্ষিণ ২৪ পরগনার কিছু কিছু স্কিম বাদে বাকি সব জেলায় সব স্কিমে পেয়েছে।

শ্রী অতীশ চন্দ্র সিংহ : উনি ভাগ করে দেখিয়েছেন, যে টাকা দিয়েছেন তার মধ্যে কেন্দ্রীয় সরকার ৩৬৬ কোটি ৪৫ লক্ষ টাকা দিয়েছেন এবং রাজ্য সরকার ৩১১ কোটি ৮ লক্ষ টাকা দিয়েছেন। আমরা জানি পঞ্চায়েতের অধিকাংশ স্কিমে কেন্দ্রীয় সরকার ৮০ ভাগ টাকা এবং রাজ্য সরকার ২০ ভাগ টাকা দেন। কিন্তু আমরা দেখতে পারি মাননীয় মন্ত্রীর উত্তর থেকে যে, প্রায় সমান সমান হয়ে গেছে। কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার প্রায় সমান সমান টাকা দিয়েছে। এটা কেন হল? এটা যদি একটু ব্যাখ্যা করে বলেন ভালো হয়।

কেন্দ্রীয় সরকারও যে টাকা দিচ্ছেন, রাজ্য সরকারও প্রায় সমপরিমাণ টাকা দিচ্ছেন। এটা কেন হল?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি মোট যে টাকা সেটাই বলেছি। এর মধ্যে কেন্দ্রীয় প্রকল্প আছে। রাজ্যের নিজস্ব স্কিম আছে এবং সেখানে কেন্দ্র কিছু দেয় না। রাজ্যের ১০০ ভাগই শেয়ার এর মধ্যে আছে। সেইজন্য সবটা মিশিয়ে আপনি দেখতে পাচ্ছেন। আপনাকে সুবিধার জন্য বলতে পারি যে, ৫০১ × ১৪৭ কোটি স্যালারি অ্যান্ড অ্যালাউন্স এটাতে সেন্ট্রাল কিছু দেবে না। স্কিমেটিক ফান্ডে ৫৫১ কোটি ঐটাই সেন্ট্রাল স্পনসর্ড স্কিম। এখানে আমাদের ২৫৭ কোটি শেয়ার আছে। গ্র্যান্ট ইন এইড আমাদের পুরোটাই। এতে সেন্ট্রালের কিছু নেই। এটা স্টেট বাজেটের টাকা। সেই জন্য সবগুলি মেশাতে এই অনুপাতটা দাঁড়িয়েছে।

শ্রী অতীশ চন্দ্র সিংহ : স্যার, রাজ্য সরকার কর্তৃক প্রদত্ত টাকার পরিমাণ ৩১১ কোটি টাকা বলেছেন। এর মধ্যে বেতনের পোর্শান ধরেছেন। আমি জানতে চাইছি যে, সাধারণত

গ্রামপঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদে যে টাকা দেওয়া হয়, এটা সাধারণতঃ এস জি এস আর ওয়াই এস আর জি, ইন্দিরা আবাসন যোজনা ইত্যাদি প্রকল্পের জন্য পাই। কিন্তু রাজ্য সরকার ৩১১ কোটি যে টাকা দিয়েছেন এর মধ্যে বেতনের টাকা ইনক্লুডেড আছে। আমি জানতে চাইছি উন্নয়নমূলক কাজে বিভিন্ন প্রকল্পের জন্য রাজ সরকার কত এবং কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছেন?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি বলেছি ৪৩৮ কোটি টাকা স্টেট দিয়েছে ৫৫১ কোটি সেন্টারের। ৪৩৮ কোটি ৮০ তারমধ্যে ১৪৭ কোটি ৮০ স্যালারি অ্যান্ড অ্যালাওন্সেস। স্কিমেটিক ফান্ড যেখানে আমাদের সেন্টারের সঙ্গে স্টেটে শেয়ারও থাকে, সেখানে সেন্টার দিয়েছে ৫৫১ কোটি × ৮০, স্টেট দিয়েছে ২৫৭ কোটি × ৩০।

শ্রী রবীন্দ্র ঘোষ : পশ্চিমবঙ্গের কোন কোন জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং গ্রামপঞ্চায়েতকে উন্নয়মূলক কাজের জন্য যে টাকা দেওয়া হয়েছে, তার ইউটিলাইজেশান সার্টিফিকেট দেয়নি। এই হিসাব কি আপনার কাছে আছে?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি বললাম এই বছর ফার্স্ট ইনস্টলমেণ্ট দু হাজার তিন-চার আর্থিক বছরে, গত বছর দুটো ইনস্টলমেণ্ট পর্যন্ত যারা ইউটিলাইজেসান রিপোর্ট ৬০ পারসেণ্ট দিয়েছে তারাই পাবে। কেবলমাত্র দুটো প্রকল্প দুটো জেলায় মালদা এবং ২৪ পরগনা বাদ দিয়ে ফার্স্ট ইনস্টলমেণ্ট পেয়ে গেছে। ইউটিলাইজেশান না দিতে তো পাবে না।

শ্রী নেপাল মাহাত : রাজ্যসরকার এবং কেন্দ্রীয় সরকার পঞ্চায়েতের জন্য টাকা বরাদ্দ করছেন। কিন্তু আমরা দীর্ঘদিন ধরে দেখতে পাচ্ছি যে, এই বরাদ্দ অর্থ যে পাঠানো হচ্ছে, তার বেশীর ভাগ টাকা খরচ হচ্ছে না। এই যে টাকা খরচ হচ্ছে না এর কারণ কি, এটা নিয়ে সরকার কি কিছু ভাবছেন?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : খরচ হচ্ছে না ঠিক নয়। কিন্তু বাজেট বক্তৃতায় জবাব দেবার সময় হিসাব দিয়ে বলেছিলাম যে, জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ—এই তিন মাসে যদি একটা বড় অংশের টাকা পান, প্রায় একতৃতীয়াংশের বেশী কোন কোন প্রকল্পে প্রায় অর্ধেক টাকা, বরাদ্দের অর্ধেক টাকা জানুয়ারী ফেব্রুয়ারী মার্চে এবং বিশেষ করে মার্চে যদি পান, তাহলে টাকা খরচ করবেন কি করে? আমি আগেই উদাহরণ দিয়ে বলছি যে নির্দিষ্টভাবে এপ্রিল মাটে টাকা পেয়েছি। মার্চ মাসে টাকা পাওয়ার কথা, এপ্রিলের ফার্স্ট উইকে খরচের হিসাব দিতে হবে। কি করে হবে? আমাদের তো কেন্দ্রীয় স্তরে সম্মেলন হয়েছিল। প্রধানমন্ত্রী ছিলেন, গ্রামোন্নয়নমন্ত্রী ছিলেন, সেখানে আলোচনা হয়েছিল। অন্য রাজ্যের যাঁরা ছিলেন তাঁরা বলেছিলেন এটা বৃষ্টির সময়, এই সময় মাটির কাজ হয় না। ওয়ার্কিং সিজন যেটা নভেম্বর থেকে জুন মাসের মাঝামাঝি। টাকার জোগান যথাসময়ে থাকা দরকার। বৃষ্টির সময়ে টাকা আসলে টাকার ইউটিলাইজেশন হয় না। মার্চের মধ্যে টাকার হিসাব দেওয়া যায় না।

Starred Question
(to which answers were laid on the Table)

তিস্তা প্রকল্প

* ৩৮৭। (অনুমোদিত প্রশ্ন নং * ১৫৫৩) **শ্রী শিবপ্রসাদ মালিক :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

তিস্তা প্রকল্পটির কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বর্তমানে তিস্তা প্রকল্পটির প্রথম পর্যায়ের প্রথম ধাপের প্রথম উপধাপের কাজ চলছে। এই উপধাপের মোট সি. সি. এ ৩.৪২ লক্ষ হেক্টর (করোতোয়া-তালমা সেচ প্রকল্পের ৫৬০০ হেক্টর সহ) এবং আলটিমেট ইরিগেশন পোটেনসিয়াল ৫.২৬ লক্ষ হেক্টর, যা উত্তর বঙ্গের কোচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর ও মালদা এই ছয়টি জেলাকে সেচসেবিত করবে। এর মধ্যে এখন পর্যন্ত (জুন, ২০০৩) ১ লক্ষ ২৩ হাজার ৯৬০ হেক্টর ইরিগেশন পোটেন্সিয়াল সৃষ্টি করা গেছে, যার মধ্যে ইরিগেশন পোটেন্সিয়াল ব্যবহৃত হয়েছে ৬৮ হাজার ৯০০ হেক্টর।

তিস্তা ব্যারেজ প্রকল্পের কাজের প্রধান প্রধান অংশগুলি হল— তিনটি ব্যারেজ এবং পাঁচটি প্রধান খাল (শাখা খাল, মাইনর ও সাব-মাইনর সহ)। ব্যারেজ তিনটি হল— (১) তিস্তা ব্যারেজ (২) মহানন্দা ব্যারেজ এবং (৩) ডাউক ব্যারেজ। প্রধান খালগুলি হল—ডানদিকে (১) তিস্তা মহানন্দা সংযোগকারী খাল, (২) মহানন্দা প্রধান খাল (৩) ডাউক নাগর প্রধান খাল (৪) নাগর টাঙ্গন প্রধান খাল এবং বামদিকে তিস্তা-জলঢাকা প্রধান খাল।

উপরিউক্ত প্রধান প্রধান অংশগুলির কাজের অগ্রগতির বর্তমান অবস্থা নিম্নরূপ :

প্রকল্পের অংশের নাম	শতাংশ হিসাবে অগ্রগতির বর্তমান অবস্থা
(১) তিস্তা ব্যারেজ	১০০%
(২) মহানন্দা ব্যারেজ	১০০%
(৩) ডাউক্ ব্যারেজ	১০০%

প্রকল্পের অংশের নাম	শতাংশ হিসাবে অগ্রগতির বর্তমান অবস্থা	
	প্রধান খাল	শাখা খাল সমূহ
(১) তিস্তা মহানন্দা সংযোগকারী খাল	১০০%	৮২%
(২) মহানন্দা প্রধান খাল	১০০%	৬০%
(৩) ডাউক্ নগর প্রধান খাল	৮৩.৫%	৬২%
(৪) তিস্তাজলঢাকা প্রধান খাল	৮০.৫%	৭%
(৫) নাগর টাঙ্গন প্রধান খাল	হয়নি	হয়নি

বি.আই.এফ.আর.-এ যাওয়া কারখানার সংখ্যা

* ৩৮৮। (অনুমোদিত প্রশ্ন নং * ৬৯৩) (শ্রীমতী সোনালী গুহ) : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গত পাঁচ বছরে রাজ্যে কতগুলো বন্ধ কারখানা বি.আই.এফ.আর.-এ গেছে?

শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

গত পাঁচ বছর (অর্থাৎ ১লা জানুয়ারী, ১৯৯৮ থেকে ৩১শে ডিসেম্বর, ২০০২ পর্যন্ত) এ রাজ্যের মোট ৭১টি বন্ধ / দুর্বল কারখানা বি. আই. এফ. আর-এ গেছে।

পর্যটন শিল্প বিকাশে পরিকল্পনা

* ৩৮৯। (অনুমোদিত প্রশ্ন নং * ২৪৬১) শ্রী নির্মল দাস : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পর্যটন শিল্প বিকাশের জন্য পর্যটন দপ্তর রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর পরিচালিত সার্কিট হাউস, ডাক বাংলো, গেস্ট হাউস, যুব আবাস, বন বাংলো প্রভৃতি পর্যটকদের ব্যবহারের জন্য তাদের নিয়ন্ত্রণে আনার পরিকল্পনা করেছেন,

(খ) সত্যি হলে, কোন্ কোন্ দপ্তর তাদের নিয়ন্ত্রণে থাকা গেস্ট হাউস, বাংলো ইত্যাদি পর্যটন দপ্তরের নিয়ন্ত্রণে ছেড়ে দিয়েছেন এবং

(গ) এই নতুন ব্যবস্থায় পর্যটকরা কী কী সুবিধা পাবেন?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

বাঁকুড়া জেলায় শিল্প স্থাপন

* ৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং * ৯৪২) শ্রী কাশীনাথ মিশ্র : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২-২০০৩ আর্থিক বছরে বাঁকুড়া জেলায় শিল্প স্থাপনের জন্য কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং

(খ) উক্ত জেলায় (সদর মহকুমা সহ বিষ্ণুপুর ও খাতড়া মহকুমাতে) কতগুলি শিল্প স্থাপনের প্রস্তাব নেওয়া হয়েছে?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বাঁকুড়া জেলায় শিল্প স্থাপনের জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(১) মাঝারি ও বৃহৎ শিল্প স্থাপনের সুযোগ ও সম্ভাবনা নিয়ে জেলাভিত্তিক সমীক্ষা

(২) উক্ত বিষয়ে আলোচনা সভার আয়োজন করা।

(৩) কলকাতাভিত্তিক শিল্পোদ্যোগীদের এই জেলায় শিল্প স্থাপনে উৎসাহিত করা।

(৪) বিভিন্ন কোম্পানিকে শিল্প স্থাপনের উদ্দেশ্যে বড়োজোড়ায় জমি গ্রহণের জন্য আমন্ত্রিত করা।

(খ) উক্ত জেলায় ৯ (নয়)টি শিল্প স্থাপনের প্রস্তাব পাওয়া গেছে এবং এই প্রকল্পগুলি রূপায়ণের বিভিন্ন স্তরে আছে।

উপস্বাস্থ্য কেন্দ্র স্থাপন

*৩৯১। (অনুমোদিত প্রশ্ন * ৭৯২) শ্রী সামসুল ইসলাম মোল্লা : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, এ রাজ্যে ৫০০০ জন সংখ্যা পিছু একটি করে উপস্বাস্থ্য কেন্দ্র চালু করা হবে?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কেন্দ্রীয় সরকার ৫০০০ জনসংখ্যা পিছু একটি উপস্বাস্থ্য কেন্দ্র বরাদ্দ করলে এই হিসাব অনুসারে উপস্বাস্থ্য কেন্দ্রের সংখ্যা বাড়ান সম্ভব হবে।

সড়ক যোজনায় প্রাপ্ত অর্থ

* ৩৯২। (অনুমোদিত প্রশ্ন নং * ১৯১২) শ্রীনিয়ামত সেখ : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী সড়ক যোজনায় ২০০২-২০০৩ সালে রাজ্য সরকারের জন্য মোট কত টাকা বরাদ্দ হয়েছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : প্রধানমন্ত্রী সড়ক যোজনায় ২০০২-২০০৩ সালে রাজ্য সরকারের জন্য মোট ১৩৫.০০ কোটি টাকা বরাদ্দ হয়েছে।

লোহা ও ইস্পাত শিল্পে বিনিয়োগ

* ৩৯৩। (অনুমোদিত প্রশ্ন নং * ১৩৫৩) শ্রী তাপস চট্টোপাধ্যায় : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গত এক বছরে ৭৭টি লোহা এবং ইস্পাত শিল্প সংস্থা পশ্চিমবঙ্গে বিনিয়োগ করেছে এবং

(খ) সত্যি হলে, উক্ত সময়ে এই শিল্পে মোট লগ্নির পরিমাণ কত?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না। ২০০২ সালে ১৬টি ইস্পাত শিল্প সংস্থাপশ্চিমবঙ্গে বিনিয়োগ করেছে।

(খ) ১৬টি শিল্পে মোট বিনিয়োগের পরিমাণ ২৪০.৯০ কোটি টাকা।

মশার উপদ্রব রোধে ব্যবস্থা

* ৩৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭৫) শ্রী কমল মুখার্জী : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সর্বত্র মশার উৎপাত বৃদ্ধির পরিপ্রেক্ষিতে সরকারর কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

জাতীয় ম্যালেরিয়া প্রতিরোধ কর্মসূচিতে মশক উৎপাত রোধকল্পে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্যবিভাগ নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করে আসছে :

(১) রোগ অধ্যুষিত এলাকায় ঘরবাড়ি থেকে মশা নির্মূল করবার জন্য কীটনাশক স্প্রে করা হয়।

(২) কলকাতা ও কিছু শহরাঞ্চলে মশার বংশবৃদ্ধি প্রতিরোধের জন্য তৈলজাতীয় কীটনাশক মশার জন্মস্থলে (জমাজলে) স্প্রে করা হয়।

(৩) কলকাতা নগরে মশার শুককীট ধ্বংসকারী ব্যাক্টেরিয়া ও মশার শুককীটভোজী মাছ প্রয়োগ করা হচ্ছে।

(৪) মশা জন্মানোর স্থানগুলি (নালা, নর্দমা, গর্ত ইত্যাদি) পরিষ্কার রাখা ও বন্ধ করা, ঘুমানোর সময় মশারি ব্যবহার করার উপকারিতা ইত্যাদি সম্বন্ধে জনগণকে সচেতন করা হচ্ছে।

প্রধানমন্ত্রী সড়ক যোজনা

* ৩৯৫। (অনুমোদিত প্রশ্ন * ১৪৪২) শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০৭ সালের মধ্যে প্রধানমন্ত্রী সড়ক যোজনায় কত কিলোমিটার রাস্তা পাকা করার জন্য চিহ্নিত হয়েছে এবং

(খ) চিহ্নিত রাস্তা পাকা করতে কী পরিমাণ অর্থ ব্যয় হবে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ঐ সময়ের মধ্যে আনুমানিক ২৬,৬৬২.২৭ কিলোমিটার রাস্তা পাকা করার জন্য চিহ্নিত হয়েছে।

(খ) চিহ্নিত রাস্তা পাকা করতে আনুমানিক ৭,৬৪০ কোটি টাকা ব্যয় হতে পারে।

সাগর গ্রামীণ হাসপাতালে শিশু চিকিৎসা

* ৩৯৬। (অনুমোদিত প্রশ্ন নং * ১৩২৯) শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দঃ ২৪ পরগ্া জেলায় সাগর গ্রামীণ হাসপাতালে শিশুদের বহির্বিভাগ-এ মোট কতজন শিশুকে গত ২০০২ সালে চিকিৎসা করা হয়েছে এবং

(খ) এর মধ্যে কতজন শিশু চিকিৎসার অবহেলায় মারা গিয়েছে?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) গত ২০০২ সালে সাগর গ্রামীণ হাসপাতালে (আঠার হাজার চারশত তেইশ) জন শিশুকে চিকিৎসা করা হয়েছে।

(খ) চিকিৎসার অবহেলায় এখানে কোন শিশুর মৃত্যু হয়নি।

ঘাটাল মাস্টার প্ল্যান

* ৩৯৭। (অনুমোদিত প্রশ্ন নং * ১৬৬৫) **শ্রী রতন পাখিরা :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, পশ্চিম মেদিনীপুর জেলার ঘাটাল মাস্টার প্ল্যান বাতিল করা হয়েছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : না, প্রকল্পটি বাতিল করা হয়নি। তবে, বিভিন্ন কারণবশত এই প্রকল্পের রূপায়ণে খুব সামান্য অগ্রগতি করা সম্ভব হয়েছে।

হাসপাতাল ভবনের বিপজ্জনক অবস্থা

* ৩৯৮। (অনুমোদিত প্রশ্ন নং * ২৩১) **শ্রী আবদুল মান্নান :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতাস্থিত এস.এস. কে. এম. হাসপাতালের ভবনগুলি বিপজ্জনক অবস্থায় থাকার দরুন রোগীদের চিকিৎসা ব্যাহত হচ্ছে এবং

(খ) সত্যি হলে, এ ব্যাপারে রাজ্য সরকার কী কী ব্যবস্থা নিয়েছেন?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) আংশিক সত্য

(খ) বিপজ্জনক বাড়িগুলি চিহ্নিত করা হয়েছে এবং অনেকগুলি বাড়িতে মেরামতির কাজ চলেছে।

ফারাক্কা হলদিয়া খাল নির্মাণ

* ৩৯৯। (অনুমোদিত প্রশ্ন নং * ১৪৬০) **শ্রী জানে আলম মিঞা এবং আবুল হাসনাৎ :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বন্যার অতিরিক্ত জল বের করে দেওয়ার জন্য ফারাক্কা থেকে হলদিয়া পর্যন্ত বৃহৎ খাল নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে এবং

(খ) সত্যি হলে, উক্ত প্রকল্পটি কোন্ অবস্থায় রয়েছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না, বন্যার অতিরিক্ত জল বের করে দেওয়ার জন্য ফারাক্কা থেকে হলদিয়া পর্যন্ত

কোন বৃহৎ খাল খনন / নির্মাণের পরিকল্পনা সেচ ও জলপথ বিভাগের নেই। এইরূপ পরিকল্পনা সম্পর্কে সেচ ও জলপথ বিভাগ অবহিত নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

বিড়লাপুর হাসপাতাল

* ৪০০। (অনুমোদিত প্রশ্ন নং * ৭০২) শ্রীমতী সোনালী গুহ : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিড়লাপুর হাসপাতালটি বর্তমানে বন্ধ আছে, এবং

(খ) সত্যি হলে, উক্ত হাসপাতালটি খোলার জন্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ আছে। তবে হাসপাতালের বহির্বিভাগটি খোলা আছে।

(খ) এটি কোন সরকারী হাসপাতাল নয়।

হাসপাতালটি খোলা সরকারের উপর নির্ভর করে না।

ড্রাগ রিজার্ভ স্টোর

* ৪০১। (অনুমোদিত প্রশ্ন নং * ১৩৫১) শ্রী তাপস চট্টোপাধ্যায় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, স্বাস্থ্য পরিষেবার সামগ্রিক উন্নতির জন্য প্রতিটি জেলায় ওষুধ মজুত এবং সংরক্ষণের জন্য ড্রাগ রিজার্ভ স্টোর গড়ে তোলা হবে, এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত প্রকল্প রূপায়িত হবে বলে আশা করা যায়?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় :

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) ২০০৩-০৪ আর্থিক বছরের মধ্যে।

Held over starred Question
(to which answer was laid on the Table)

জীর্ণ হাসপাতাল ভবন সংস্কার

(অনুমোদিত প্রশ্ন নং * ৩৫৭) শ্রী শঙ্কর সিংহ এবং শ্রী আব্দুল মান্নান : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের মেডিক্যাল কলেজ হাসপাতাল সহ বিভিন্ন হাসপাতালের জীর্ণ ও বিপজ্জনক ভবনগুলির সংস্কারের জন্য কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে এবং

(খ) ১লা এপ্রিল, ২০০২ থেকে ৩১ জানুয়ারী, ২০০৩ পর্যন্ত উক্ত ভবনগুলির অংশবিশেষ ভেঙে পড়ার ফলে কোন্ কোন্ হাসপাতালে কতজন আহত ও নিহত হয়েছেন?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ইতিমধ্যেই কিছু সংখ্যক মেডিক্যাল কলেজ হাসপাতালের বাড়ি মেরামতের কাজ শেষ হয়েছে। কিছু সংখ্যক বাড়িকে পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে যা পরিত্যক্ত ঘোষণার জন্য আদেশনামা প্রকাশের অপেক্ষায় আছে। নর্থ বেঙ্গল মেডিকেল কলেজে ৫৭, ৪৪০৬০ টাকার আর. জি. কর মেডিকেল কলেজের বাড়ি মেরামতির জন্য ১১১, ০০,০০০ টাকার অনুমোদন দেওয়া হয়েছে। আই. পি. জি. এম. ই. অ্যান্ড আর.-এর স্যার রোনাল্ড রস বিল্ডিং মেরামতির জন্য ৪৩.৬৯ লক্ষ এবং এস. এস. কে. এম.-এর মেন বিল্ডিং মেরামতির জন্য ৫, ৩৭,৩৯০০ টাকার অনুমোদন দেওয়া হয়েছে। আবার কোন কোন হাসপাতালে বাড়ি সংস্কারের কোন প্রয়োজন নাই। এ ব্যাপারে হাসপাতাল কর্তৃপক্ষ হাসপাতালের পূর্ত বিভাগে সঙ্গে যোগাযোগ রেখে চলেছে। এবং কিছু কিছু পূর্ত দপ্তরের মেরামতির জন্য বরাদ্দ টাকায় মেরামত করা হয়েছে।

(খ) এস. এস. কে. এম. হাসপাতালে একজন ও আই. ডি. বি. জি. হাসপাতালে একজন মারা যায়।

আই. ডি. বি. টি হাসপাতালে চারজন আহত হন।

[12.00–12.10 p.m]

GRANT OF LEAVE TO NO CONFIDENCE MOTION

Mr. Speaker : Hon'ble Members, I have received a notice of No Confidence Motion Under Rule 199 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly from Shri Pankaj Banerjee and Shri Saugata Roy that "This Assembly expresses its want of confidence in the Council of Ministers."

This Motion is in order and admitted by me.

Now I put the matter before the House for grant of leave.

I would request the members who are in favour of granting leave to rise in their seats.

... (at this stage Trinamul Congress and Congress (I) members rose in their seats.)

More than thirty members have risen in support of granting leave. The leave of the House is granted.

The Motion will be taken up for discussion on Thursday, the 31 July, 2003.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received one notice of Adjournment Motion from Shri Asit Mitra and Shri Nepal Mahato on the subject of reported allegation of sabotage against S. P. of North 24 Parganas.

The subject matter of the motion is not such that may call for adjournment of the business of the House. The Member may invite attention of the Minister concerned through calling Attention, Mention, Question, etc. I therefore, withhold my consent to the Motion.

The Member may, however, read the text of the Motion as amended.

শ্রী অসিত মিত্র : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—

এস. পির নামে অন্তর্ঘাতের নালিশ স্বয়ং পুলিশ কর্তারই। উত্তর ২৪ পরগনার এস. পি বাসুদেব বাগের বিরুদ্ধে রাজ্যের স্বরাষ্ট্র সচিবের কাছে লিখিতভাবে অভিযোগ করেছেন অতি ডি. জি. (গোয়েন্দা বিভাগ) রণজিৎ কিশোর মাইতি। ৭ই জুলাই, ২০০৩ তারিখে তেঘরিয়ার একটি আবাসনে গুঞ্জন তানওয়ানি নামে গৃহবধূর নৃশংস হত্যাকাণ্ডে ভোলাদাস নামে এক ব্যক্তি অভিযুক্ত। অবিলম্বে ঐ এস. পি'কে বরখাস্ত করতে হবে।

(At this stage the Congress (1) Members walked out of the Chamber)

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker : Today I have received six notices of calling Attention on the following subjects, namely :

	Subject	Name
(i)	Hydro Electric Project at Ayodhya Hill in Purulia District	Shri Jyoti Priya Mallick, Shri Kashinath Mishra & Shri Kallol Khan.
(ii)	Alleged non-payment of unemployment assistance for last three years.	Shri Asit Mitra & Shri Nepal Mehato
(iii)	Reported admission problem in degree Colleges in the state	Shri Saugata Roy

	Subject	Name
(iv)	Deplorable condition of Baidyabati Municipal area due to prolonged strike by the workers of the Municipality	Shri Abdul Mannan
(v)	Labour dispute at Mahesh Bhattacharjee Company a House factory	Shri Tapan Hore
(vi)	Prolonged closure of Mohini Mills and consequential situation arisen therefrom.	Shri Manas Mukherjee

I have selected the notice of Shir Manas Mukherjee on the subject of prolonged closure of Mohini Mills and consequential situation arisen therefrom.

The Minister in Charge may please make a statement today. If possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on 30th July, 2003.

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of Health & Family Welfare Department to make a statement on the subject of outbreak of an unknown disease in different areas under Alipurduar Subdivision, Jalpaiguri and Panagarh, Burdwan (Attention called by Shri Nirmal Das on the 16th July, 2003)

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্ধমান জেলার পানাগড়ে তথাকথিত 'অজানা রোগে' ৭টি শিশুর মৃত্যু এবং অসংখ্যা শিশুর ওই রোগে আক্রান্ত হওয়ার ঘটনা সত্য নয়। জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমার হাসিমারার সাঁতালি, খোন্দাবাড়ি, কুমারগ্রামের চেংগমারী ধনতলী, খোঁয়ারগদ্দা, আলিপুরদুয়ারের শালকুমার, পাটকাপাড়ার তথাকথিত অজানা রোগে দশ হাজারের (১০০০০) বেশি মানুষ আক্রান্ত হওয়ার কোনও ঘটনা ঘটেনি।

২। যাই হোক, পানাগড়ে নাহলেও বর্ধমান জেলার গলসী ব্লকের কসবাগ্রামে ২০০৩-এর জুলাই মাসে দুটি রোগে আক্রান্ত হওয়ার খবর আছে। যেগুলি হল—এনসেফেলোপ্যাথি এবং আন্ত্রিক জ্বর। ৭ জন আক্রান্ত হন এবং দু'জন মারা যান। কসবা সাব-সেন্টারে মেডিকেল টিম পাঠানো হয়েছে। বর্ধমান মেডিক্যাল কলেজের শিশুরোগ বিভাগের অধ্যাপক ও মুখ্য স্বাস্থ্য আধিকারিক ওই গ্রামে ঘুরে এসেছেন। নিয়মিত তদারকি ও পর্যালোচনা অব্যাহত আছে। পাঁচজন সন্দেহজনক রোগীকে বর্ধমান মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে। পরীক্ষার পর তাদের যথাযথ চিকিৎসা করা হয়েছে।

৩। এছাড়া বর্ধমান জেলার সীমান্তে বাঁকুড়া জেলার সোনামুখী ব্লকে ৩৮ জন জ্বরে এবং ২৬ জন উদরাময়ে আক্রান্ত হন, তাদের মধ্যে দু'জন মারা যান। আক্রান্ত গ্রামগুলি হল : (১) উত্তর অমৃতপাড়া, (২) উত্তর বেসিয়া, উত্তর রূপসাইয়ের এবং (৪) উত্তর বেলুয়া। মেডিক্যাল টিম এলাকা পরিদর্শন করেছেন। রক্তের নমুনা সংগৃহীত হয়েছে এবং জ্বর ও উদরাময় চিকিৎসা চলছে। ১৬.০৭.২০০৩ থেকে আর কোনও নতুন আক্রান্তের সংবাদ নেই।

৪। জলপাইগুড়ি জেলায় সাঁতালি চা-বাগানে উদরাময় প্রার্দুভূত হয় এবং ০২.০৭.২০০৩ থেকে ১৭.০৭.২০০৩ অবধি আক্রান্তের সংখ্যা ছিল ৪৯৭ জন। পাঁচজন মারা যান। 'এপিডেমিওলজিক্যাল স্কোয়াড' পাঠানো হয়। ওই দল ১৪.০৭.২০০৩ থেকে ১৭.০৭.২০০৩ অবধি ৫৩৩ জন রোগীর চিকিৎসা করে। অবস্থা এখন আয়ত্তের মধ্যেই।

৫। কুমারগ্রাম এবং কালচিনি ১নং ব্লকের আটটি সাব-সেন্টারে প্রায় ৭০,০০০ জনসংখ্যা ২,১২২ জন জ্বরে আক্রান্ত হন। রক্ত পরীক্ষার পর ওঁদের মধ্যে ১০৯ জনকে ম্যালেরিয়ায় আক্রান্ত বলে চিহ্নিত করা হয়েছে। বিশ্বস্বাস্থ্য সংস্থার নির্দেশাবলী মোতাবেক এঁদের চিকিৎসা করা হচ্ছে। বাকিদের জ্বরের চিকিৎসা সাধারণভাবে করা হয়েছে এবং উপযুক্ত ঔষধপত্র দেওয়া হয়েছে। ওই অঞ্চলে ম্যালেরিয়ায় কোনও রোগী মারা যাননি।

শ্রী নির্মল দাস : স্যার, আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি — অজানা রোগের বিষয়ে আপনি বিবৃতি দিলেন, বিশেষ করে পানাগড়ের ব্যাপারে, সেটা ঠিক আছে। কিন্তু আমি যে প্রশ্ন রেখেছিলাম আমার মনে হয় বুঝতে পারেন নি বা অন্য কিছু হয়েছে নির্দিষ্ট ভাবে বলেছি আন্ত্রিক এবং ম্যালেরিয়ায় মৃত্যু হয়েছে। আপনি যে বিবৃতি দিলেন, সেটা নিশ্চয়ই ওখানকার অফিসিয়ালরা পাঠিয়েছেন। আমি আজকেই আসছি, সেখানে ম্যালেরিয়া এবং আন্ত্রিকে মৃত্যু হয়েছে। আমি এই অবস্থায় চাইছি, সেখানে কি কি প্রতিরোধমূলকব্যবস্থা এবং কি কি প্রতিষেদধমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন। বিশেষ করে যে সমস্ত চাবাগিচার মালিকরা ভেগে চলে গেছে। সেখানে টোটাল হেলথ হ্যাজার্ড চলছে। ১১টি চাবাগানে সেখানে সবচেয়ে বেশি এই ধরনের রোগাক্রান্তের খবর। সেই বিষয়ে আপনার দপ্তর কি কি ব্যবস্থা করেছেন সেটা যদি অনুগ্রহ করে বলেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : অজানা রোগে নয়, ম্যালেরিয়া এবং ডায়েরিয়া এই দুটি হয়েছে। চাবাগানের অসুবিধা হচ্ছে ওই এলাকায় স্বাস্থ্য, পানীয় জল সব কিছুই চাবাগানের দায়িত্বে অ্যাক্ট অনুযায়ী। তা সত্ত্বেও আমি বলেছি এই রকম যদি হয়, কোথাও ম্যালেরিয়ায়, ডায়েরিয়ায় কেউ মারা যায়, ওদের দায়িত্ব আছে বলে আমি চুপ করে বসে থাকতে পারি না। যখন ঘটনা ঘটে আমরা টিম পাঠিয়েছিলাম। ঐ সব জায়গায় করি। ম্যালেরিয়ার ক্ষেত্রে নাশনাল গাইড লাইন আছে—আর্লি ট্রিটমেন্ট, আর্লি ডিটেকশান, স্প্রে ইত্যাদি। এগুলো আমরা করি। কিন্তু ডাইরিয়ার ক্ষেত্রে পানীয় জলের ব্যবস্থা চাবাগানের করার কথা।

[12.10–12.20 p.m.]

শ্রী নির্মল দাস : মালিকরা সব পালিয়ে গেছে স্যার, সেখানে কি করবেন?

ডা: সূর্য্যকান্ত মিশ্র : পালিয়ে গেলে এক ব্যাপার। কিন্তু থাকলে পরেও চা-বাগানে হচ্ছে। কেবল পালিয়ে গেলে হচ্ছে এমন নয়। আমি বলেছি, ওরা না করলে আমাদের করতে হবে, যতটা সম্ভব করব। নিরাপদ পানীয় জলটা গুরুত্বপূর্ণ ব্যাপার।

শ্রী নির্মল দাস : স্যর, মালিকরা পালিয়ে গেছে। ৫০ হাজার লোক ভীষণভাবে আক্রান্ত।

ড: সূর্য্যকান্ত মিশ্র : নিরাপদ পানীয় জল তো স্বাস্থ্য দপ্তর দেয় না। কিন্তু ওখানে আমরা পঞ্চায়েত করেছি। আমরা বলেছি, ইমার্জেন্সিগুলো আপনারা দেখবেন। ওরা থাকুক আর পালিয়ে যাক, যাই হোক এমার্জেন্সিটা আমাদের অ্যাটেন্ড করতে হবে, ওদের উপর খালি নির্ভর করলে হবে না।

Mr. Speaker : Now the Minister-in-Charge of Public Works Department will make a statement on the subject of alarming condition of Kurseong owning to apprehended landsides.

(Attention called by Shri Tapan Hore on the 17th July, 2003)

শ্রী অমর চৌধুরী : বিগত ৭-৯ জুলাই, ২০০৩ দার্জিলিং জেলায় অস্বাভাবিক বৃষ্টিপাতের দরুন (এই স্বল্প সময়কালের মধ্যে গড় বৃষ্টির প্রায় দ্বিগুণ) রাস্তা ও সেতু দারুণভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার জন্য বেশ কিছু গুরুত্বপূর্ণ জায়গার যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। তন্মধ্যে মিরিকের রাস্তায় (SH-12A) গয়াবাড়ি অঞ্চল, পাংখাবাড়ি কার্সিয়াং রাস্তার পাহাড়াঞ্চল এবং হিল-কার্ট রোড (NH-55)এর তিনধারিয়া, পাগলা ঝোরা অঞ্চল অভূতপূর্ব ও ব্যাপক ক্ষতিগ্রস্ত হয় এবং এই অঞ্চলে কতিপয় মানুষের মৃত্যু খুবই দুঃখজনক ঘটনা।

পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগ ও DGHC-এর ইঞ্জিনিয়ারদের সহযোগিতায় স্থানীয় ঠিকাদার ও মানুষের যুদ্ধকালীন তৎপরতায় অস্থায়ীভাবে যোগাযোগ ব্যবস্থা অতি দ্রুত চালু করা সম্ভব হয়। কেন্দ্রীয় সড়ক ও পরিবহণ মন্ত্রালয়ের R.O আমাদের অফিসারদের সাথে একত্রে এই কাজ পরিদর্শন করেন।

আমি, পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগের উচ্চপদস্ত অফিসারদের নিয়ে ১২-১৪ জুলাই ঐ সকল অঞ্চলে পরিদর্শন করি ও কাজের তদারকি করি। ১৯-২০ জুলাই, মাননীয় মুখ্যমন্ত্রী ও ঐ সকল বিধ্বস্ত অঞ্চল পরিদর্শন করেন ও ক্ষতিগ্রস্ত মানুষদের পাশে দাঁড়ান। পুর ও নগর উন্নয়নমন্ত্রীও ত্রাণমন্ত্রী প্রথম হতেই ত্রাণ ও উদ্ধারকার্য পরিচালনা করেন। কিন্তু ক্রমাগত বৃষ্টির ফলে ইতিমধ্যেই পাগলা ঝোরা অঞ্চলে পুনরায় ৭০ মি, রাস্তা প্রায় ৮ মি. বসে (Subside) যায় এবং হিলকার্ট রোড আবার বন্ধ হয়ে যায়।

হিমালয় পর্বতের এই অংশ, বিশেষ করে দার্জিলিং যাওয়ার রাস্তা, যেটি বর্তমানে হিলকার্ট রোড বলে পরিচিত (NH-55) মূলত রঙটঙ থেকে কার্শিয়াং পর্যন্ত অংশটি বেশি পুরানো

নয় এবং সেই জন্যই খুব জমাট বাধেনি। প্রায় ২৫০০০ হাজার বৎসর পূর্বে প্রচুর বৃষ্টির সাথে নেমে আসা হিমবাহ সহ পাথর ও মাটির সংমিশ্রণে এই পাহাড়ি এলাকাটি তৈরি হয়েছিল। এই ভূতাত্ত্বিক কারণেই বর্তমানে দার্জিলিং পার্বত্য এলাকায় যথেষ্ট ভারসাম্যের অভাব পরিলক্ষিত হচ্ছে। স্মরণীয় উক্ত অঞ্চলটি খুবই ভূমিকম্পপ্রবণ।

একই সাথে প্রাকৃতিক এবং অপ্রতিরোধ্য কারণ সহ মনুষ্যসৃষ্ট বিভিন্ন কর্মকাণ্ডের জন্য এই অংশে বিভিন্ন ধরনের ধসের প্রবণতা বহুগুণ বৃদ্ধি পেয়েছে। এই বিষয়ে বিশেষজ্ঞদের কিছু গুরুত্বপূর্ণ বক্তব্য নীচে উল্লেখ করা হল ঃ

(১) পার্বত্য এলাকায় ভূমি ক্ষয় রোধ ও ভূমি রক্ষণ অত্যন্ত জরুরী। মানুষ বিভিন্নভাবে যেমন বনকে ধ্বংস করা, জমিকে সঠিকভাবে ব্যবহার না করা ও অপরিকল্পিতভাবে খাড়াই পাহাড়ের ধারে গৃহ নির্মাণ দ্বারা এই পাহাড়ি এলাকা ক্ষতিগ্রস্ত করছে। ১৯৫১ সালে যেখানে এই পার্বত্য এলাকায় ৪০% বনভূমি ও ৩৯% ঘরবাড়ি ছিল, বর্তমানে ২০০১-২০০২ সালে বনভূমির অংশ ৩১% ঘরবাড়ির অংশ দাঁড়িয়েছে। ৬৫%। চা-বাগান এলাকায় বন ধ্বংসের বিশেষ প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। কার্শিয়াং মহকুমায় বিশেষভাবে এই প্রবণতা বর্তমান এবং আম্বুটিয়া চাবাগান এর অন্যতম উদাহরণ।

(২) পাহাড়ী শহর ও শহরতলি এলাকায় অস্বাভাবিক জলবসতি গড়ে ওঠায় গাড়ি চলাচলের বৃদ্ধির সঙ্গে গাড়ির বহনযোগ্যতার পরিমাণ বেড়েছে বহুগুণ এবং এরই ফলে একটানা যানবাহন জনিত কম্পনের জন্য পাহাড়ী এলাকায় স্থায়িত্ব নিদারুণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

(৩) ভূ-তাত্ত্বিক সমীক্ষা ছাড়া নতুন রাস্তা নির্মাণের প্রবণতাও এই ক্ষতির অরেকটি দিক।

(৪) রাস্তার ধারে অধিকাংশ নিষ্কাশনী ব্যবস্থাগুলি সঠিকভাবে তৈরী না হওয়া সহ নিয়মিত ভাবে এগুলি পরিষ্কার না করা এবং পাহাড়ী ঝোরাগুলিকে অপরিকল্পিতভাবে ব্যবহার করার জন্য জল পাহাড়ের নীচে বা ফাটলে ঢুকে ধ্বসের প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। প্লাস্টিক/পলিথিনের ব্যবহৃত জিনিসপত্রগুলি জল নিষ্কাশনী পথগুলিকে বন্ধ করে দেওয়ার জন্যেও ধ্বসের প্রবণাত বাড়ছে।

(৫) অস্বাভাবিক বৃষ্টির ফলে ক্রমাগত পুরানো গাছ ভেঙে পড়ার কারণে দারুণভাবে ভূমিক্ষয় বা ধ্বস ঘটছে। এরই ফলে সমগ্র পাহাড়ী এলাকায় মানুষের জীবন ও সম্পদ হানীর আশংকা পেয়েছে।

উল্লিখিত পরিবেশগত কারণে দার্জিলিং পার্বত্য এলাকার আর্থ-সামাজিক পরিকাঠামোর উপর প্রভাব পড়ছে। এই অঞ্চলের অর্থনীতি পরিবেশের অর্থাৎ প্রাকৃতিক সৌন্দর্য্যের উপর অনেকাংশেই নির্ভরশীল। এই প্রাকৃতিক সৌন্দর্যপূর্ণ পাহাড়ী শহরকে রক্ষা সহ আগামী দিনের উন্নয়নের জন্য বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করা উচিত। এই প্রসঙ্গে নীচে কিছু গুরুত্বপূর্ণ বিষয়বলী উল্লেখ করা হল যা গ্রহণ করা গেলে পাহাড়ের সামগ্রিক জীবন ও সম্পদকে ক্ষতির হাত থেকে অনেকটাই রক্ষা করা যাবে ঃ

(ক) এই পাহাড়ী অঞ্চলের একটি সামগ্রিক ভূ-তাত্ত্বিক সমীক্ষা করে ক্ষতিগ্রস্থ অঞ্চলগুলিকে নির্ধারণ ও তার রক্ষণাবেক্ষণের জন্য সুপারিশ গ্রহণ করা প্রয়োজন। এর সাথে মাটির চরিত্র অনুযায়ী বিজ্ঞানসম্মতভাবে চাষবাসের সুপারিশ গ্রহণ করা প্রয়োজন।

(খ) এই এলাকার উন্নয়নের জন্য নির্দিষ্ট বিভাগ ও সংস্থাগুলি যথাক্রমে পশ্চিমবঙ্গ সরকার, দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল, কেন্দ্রীয় সরকারের ভারতীয় রেল, সড়ক পরিবহন ও দূরভাষ প্রভৃতি সংস্থা সহ অন্যান্যদের একটি যৌথ উদ্যোগ গড়ে তোলা প্রয়োজন, ভবিষ্যতের উন্নয়নের স্বার্থে।

(গ) অপরিকল্পিতভাবে বন ধ্বংস রোধ করা অত্যন্ত জরুরী। বনসৃজন প্রকল্প বেশী বেশী যৌথ উদ্যোগে চালু করা দরকার। প্রয়োজনে দ্রুত বৃদ্ধি সম্পন্ন গাছপালা যেমন বন্য ঘাস ও বাঁশের চাষ ক্ষতিগ্রস্থ অঞ্চলগুলিতে করা প্রয়োজন।

(ঘ) পাহাড়ী এলাকায় বাড়ী তৈরী করার জন্য একটি সুষ্ঠ নিয়মাবলী রচনা করা এবং বিশেষত পাহাড়ী এলাকা ভূ-কম্পন প্রবন হওয়ার জন্য বহুতল বাড়ী নির্মাণ বন্ধন হওয়া প্রয়োজন।

(ঙ) পরিকল্পিতভাবে জল প্রকল্প নীতি গ্রহম করা দরকার এবং এই লক্ষ্যে ঝোরাগুলিকে যথাযথভাবে রক্ষণাবেক্ষণ প্রয়োজন।

(চ) যানবাহন চলাচলের ক্ষেত্রে বিশেষভাবে ভারী যানবাহন চলাচল সীমিত করার জন্য প্রয়োজনীয় "ওয়ে ব্রীজ" চালু করা দরকার।

(ছ) রাস্তার জল নিষ্কাশনী ব্যবস্থাগুলিকে আরো কার্যকর করা দরকার।

(জ) পলিথিন/প্লাস্টিক দ্বারা নির্মিত সামগ্রী ব্যবহার পাহাড়ে সম্পূর্ণ বন্ধ করা প্রয়োজন।

(ঝ) জ্বালানী তৈরী করার ক্ষেত্রে সৌর শক্তিকে ব্যবহার করার উদ্যোগ গ্রহণ।

(ঞ) এই সমস্ত বিষয়ে এবং ভূমিক্ষয় রোধের জন্য গৃহীত ব্যবস্থাগুলি সম্পর্কে মানুষকে যথাযথ সচেতন করার লক্ষ্যে পরিকল্পিত কর্মসূচী গ্রহণ করা প্রয়োজন।

শ্রী তপন হোড় : স্যার, এই বিবৃতিটা খুবই গুরুত্বপূর্ণ। তার কারণ স্যার, এই দার্জিলিং জেলার যে ধস বিশেষ করে কার্সিয়াং, কালিম্পং এইসব জায়গায় এই ধসটা বিগত বেশ কয়েক বছর ধরে চলছে। কিন্তু এই বিষয়ে আমাদের প্রশাসন বলুন বা রাজ্য সরকার বলুন বা দার্জিলিং হিল কাউন্সিলই বলুন বেশি দৃষ্টি আকর্ষণ করেছিল বলে মনে হয় না। সম্প্রতি এই বিষয়টা এতো গুরুত্বপূর্ণ আকার ধারণ করেছে সম্প্রতি যে ধস আমরা দেখেছি, তার যে ভয়াবহতা, তার ফলে আমাদের বিধানসভায় অনেক কথা হয়েছে এবং মন্ত্রী হিসাবেও একটা বিবৃতিও দিয়েছিলেন। কাজেই এই জায়গায় মাননীয় মুখ্যমন্ত্রী সম্প্রতি এই দেখে আসার ফলে মিডিয়া পর্যন্ত এটা ভালভাবে প্রচার করেছে যে বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। যেকোন সময়ে একটা ভয়াবহ দুর্ঘটনা ঘটে যেতে পারে। মাটির সঙ্গে মিলিয়ে যেতে পারে এই কার্সিয়াং এবং কালিম্পং। এইরকম গুরুত্বপূর্ণ জায়গায় দাঁড়িয়ে আপনি বিশেষজ্ঞদের যে গুরুত্বপূর্ণ বক্তব্য ১-৫ পর্যন্ত

দিয়েছেন। তারপর আপনি যে বিষয়গুলি রেখেছেন— এই এলাকায় উন্নয়নের জন্য নির্দিষ্ট বিভাগ ও সংস্থাগুলি যথাক্রমে পশ্চিমবঙ্গ সরকার, দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল, কেন্দ্রীয় সরকারের ভারতীয় রেল, সড়ক পরিবহণ ও দূরভাষ প্রভৃতি সংস্থা সহ অন্যান্যদের একটি যৌথ উদ্যোগ গড়ে তোলা প্রয়োজন, ভবিষ্যতের উন্নয়নের স্বার্থে। এই যে একটা এক্সপার্ট কমিটির রিপোর্ট আপনি দিয়েছেন, আপনি বলেছেন সবাইকে একজোট করে সমস্যার মোকাবিলা করতে হবে। সবাইকে একজোট করে সমস্যা মোকাবিলায় আপনার দপ্তর এখন পর্যন্ত কি উদ্যোগ নিয়েছে?

[12.20–12.30 p.m.]

শ্রী অমর চৌধুরী : আমি আমার স্টেটমেন্টের মধ্যে সবই উল্লেখ করেছি। আপাতত আমরা রেল কর্তৃপক্ষকে নিয়ে বসব। বাকি সবটাই কেন্দ্রীয় সরকারের ওপর নির্ভর করছে। মিনিস্ট্রি অব রোড ট্রান্সপোর্ট অ্যান্ড হাইওয়েজকে আমরা একটা রিপোর্ট দিয়েছি। আমরা আশা করছি ওঁরা আমাদের প্রস্তাব মেনে নেবেন। একটা সমীক্ষায় আমরা দেখছি বলা হচ্ছে, ১৯৮৩ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত পাগলা ঝোরা অঞ্চলের বিস্তীর্ণ জমি ১.১০ মিটার ধসে গিয়েছিল। তারপর ১৯৯৩ সাল থেকে ২০০৩ সালের মধ্যে ১৪.৫৪ মিটার বসে গেছে। আরো লক্ষ্য করা যাচ্ছে যে, বিগত কিছু দিনের মধ্যেই ওখানে ৭০ মিটার জায়গা ৮ মিটার বসে গেছে। সুতরাং এটা দেখা যাচ্ছে যে, এ এলাকা ক্রমাগত বসে যাচ্ছে। এই অবস্থায় এখান থেকে আপনারা একটা অল পার্টি ডেলিগেশন প্রধানমন্ত্রীর কাছে পাঠাবেন কিনা ভেবে দেখতে পারেন। মাননীয় স্পীকার মহাশয় যদি বিষয়টাকে জরুরি মনে করেন, তাহলে তিনি সেই ব্যবস্থা করে দিতে পারেন। তা যদি হয় তাহলে আমাদের যৌথভাবে কাজ করার পরিকল্পনা বোধ হয় সহজ হবে।

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of Health & Family Welfare Department to make a statement on the subject of hunger strike by the doctor and medical students against fee hike in Medical Colleges.

(Attention called by Shri Saugata Roy on the 18th July, 2003.)

Dr. Surjya Kanta Mishra : Mr. Speaker, Sir, I beg to make a statement, in reply of the Notice of Calling Attention moved by Hon'ble member Shri Saugata Roy on 18th July 2003 under rule 198 of the Rules of Procedure and conduct of Business of the West Bengal Legislative Assembly, regarding, "The hunger strike by Doctors and Medical Students against the fee hike in medical colleges".

There was a hunger strike organized by some students on 15th July 2003 in Medical College, Kolkata. About 100 students participated in the hunger strike. Apart from this, students are NRS

Medical College, Kolkata, R.G.kar Medical College, Kolkata & C.N.M.C. also held demonstrations on 18th July 2003. About 50 students participated in the said demonstrations.

The salicnt grievances and demands put forward by the agitating students were related to reduction of tution fees in the MBBS Course, stopping the system of Capitation fees, that "intelligence" cannot be put to a sale, and that by admitting students of less intellect in the MBBS course the quality future doctors may be compromised.

In this respect, it may be stated that recently the State Government has decided to enhance the tution fees of the Medical & Dental students undergoing MBBS & BDS courses in the State run Medical & Dental Colleges of this state.

The structure of the revised tution fees, admission fees library & Laboratory caution money (security deposit) was declared in the floor of the West Bengal Legislative Assembly on the day of Budget speech. The provisions kept in such revised fees structure to protect and preserve the interests of the students hailing from the economically backward families in the form of merit-cum-means scholarship scheme, were also detailed in the floor of the West Bengal Legislative Assembly on the day of Budget Speech. It was further declared at that time that without disbturbing the existing number of 905 MBBS seats for admission through Joint Entrance Examination, this State Government would introduce a system of keeping some MBBS seats reserved for Foreign Students/NRI students/NRI sponsored students/Management Quota students. Separate entrance examination would be held for screening the students to be admitted against such Foreign Student Quota/NRI student Quota/NRI sponsored student Quota/Management Quota seats. The number of seats against such quota would depend on the number of MBBS seats that can be enhanced over and above the existing 905 MBBS seats.

It may be further stated in this regard that this State Government has no intention to scale down the merit standards of the students to be admitted under Foreign Student Quota/NRI student Quota/NRI sponsored student Quota/Management Quota

seats. Those students must have secured at least 50% marks in Physics, Chemistry & Biological Science taken together both the qualifying examination and the entrance examination, and have passed in vernacular or fifth subject in the qualifying examination for becoming eligible for admission. Moreover, admission against Foreign student Quota/NRI student Quota/NRI sponsored student Quota/Management Quota seats would be done on the basis of the performance in the entrance examination as per merit position through open counseling. By this method, it can be ensured that only such students who stood appropriately on merit in the entrance examination would only be offered admission against such quota.

It may be further stated that this State Government has neither any provision nor any intention of introduction any system of levying capitation fees from the MBBS students would be admitted against the Foreign student Quot/NRI student Quota/NRI sponsored student Quota/Management quota seats. Rather, an enhanced amount of tution fees would be levied to such students. Even then, such enhanced of tution fees is less than the rates prevalent in other states for admission against similar quota.

However, Government Orders to this effect would be issued in appropriate time.

The situation in the concerned Medical Colleges is peaceful at present. This Department has maintained a strict vigil on the situation. Further necessary action, as would be deemed fit and proper would duly be taken in this regard.

শ্রী সৌগত রায় : স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর সিদ্ধান্ত অনুসারে মেডিক্যালে মাহিনা বড়িয়ে ১২ টাকা থেকে সাড়ে ৮০০ টাকা করা এবং সাড়ে ১০ লক্ষ টাকা ক্যাপিটেশন ফি নিয়ে মেডিক্যালে ছাত্র ভর্তি করায় আলোড়ন তুলেছে। তার কারণ, গত ১০০ বছর ১২ টাকা টিউশন ফি ছিল এবং এইভাবে যত ডাক্তার এখান থেকে পাশ করেছে। রাজ্য সরকারের দেউলিয়া অবস্থায় যদি কিছু বাড়াতেন একটা বোঝা যেত, কিন্তু এটা প্রায় ৮০ গুণ মাহিনা বাড়িয়ে দেওয়া হয়েছে। আপনি নিশ্চয়ই জানেন, সেদিন একদল ছাত্র এর বিরুদ্ধে হাঙ্গার স্ট্রাইক করেছিল এবং সেদিন আর.জি.কর মেডিক্যাল কলেজের ছাত্রদের উপর লাঠি চার্জ করা হয়েছে। প্রত্যেকদিন মেডিক্যালের ছাত্ররা এর বিরুদ্ধে আন্দোলন করছেন। গতকাল আমি দেখলাম, এত চাপের জন্য এস.এফ.আই.য়ের ছাত্ররাও মেডিক্যাল কলেজে এই ফি বাড়ানোর বিরুদ্ধে তারা মিছিল

করেছেন, মেডিক্যাল কলেজ থেকে এসপ্ল্যানেড পর্যন্ত হেঁটে গেছেন। স্বাস্থ্য বাজেট নিয়ে আলোচনার সময়ে মন্ত্রী কি বলেছেন বা কে কি প্রতিবাদ করেছেন তা আমি জানি না, আমি প্রধান বিরোধীদলের পক্ষ থেকে এর তীব্র প্রতিবাদ করছি। জয়েন্ট এনট্রান্সের যে মেরিট লিস্ট ছিল তার পরের দিকে কিছু ছাত্রকে ক্যাপিটেশন ফি নিয়ে যদি নিতেন তাহলে বোঝা যেত, কিন্তু যারা এন.আর.আই. বা ফরেন ডোনার যাদের টাকা আছে তাদের কোটার জন্য একটা সেপারেট এনট্রান্স এগজামিনেশন নিয়ে নেবেন —আমি জিজ্ঞাসা করতে চাই - এই অসম্ভব ফি বাড়ানোর যুক্তি বা কি আর মেডিক্যালে ফি বাড়ানের যুক্তিই বা কি? আমার বক্তব্য, এই টিউশন ফি এবং ক্যাপিটেশন ফি বাড়ানোর সিদ্ধান্ত পাল্টাচ্ছেন কিনা এবং পরিবর্তন করছেন কিনা?

ডঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি আবার বলছি স্টেটমেন্টে লেখা আছে, কেন বলছেন আমি জানি না। ক্যাপিটেশন ফি ইনট্রোডিউস করা হচ্ছে না। ক্যাপিটেশন ফির কোন ব্যবস্থা আমরা কখনও ঘোষণা করিনি। আমরা এনহ্যান্স ফি ফর এন.আর.আই. অ্যান্ড ফরেন স্টুডেনস্ট এবং ম্যানেজমেন্ট কোটা এখানে ঘোষণা করেছি, এটা আমি হাউসে বলেছি।

[12.30–12.40 p.m.]

আমরা কিন্তু গভর্নমেন্ট অর্ডার এখনও বের করিনি। তার কারণ আমরা বলছি যে, যে ৯০৫ টাকা একজিসটিং সিট আছে আমরা যখন এই এন.আর.আই. ইত্যাদির জন্য যে কোটা করছি এটার জন্য ৯০৫এ আমরা এনক্রোচ করতে চাই না। কত সিট বাড়বে তার উপরই নির্ভর করছে কত সিট এন.আর.আই কোটা ইত্যাদিতে হবে। সুতরাং এই এন.আর.আই. কোটা ইত্যাদি কত হবে এটা জানার পরই আমাদের অর্ডার ইত্যাদি বের করা সম্ভব হবে এবং সেটা কাউসিলং-এর আগে হবে। এফ.সি.আই ইনপেকসান করেছে নতুন কলেজ এস.এস.কে.এম-এ..

(ভয়েস :—এ বছর থেকেই হবে?)

হ্যাঁ, এ বছর হবে। এটা নির্ভর করছে এ বছর কত সিট আমরা পাব বা বাড়বে তার উপর। সেজন্য আমরা অর্ডার বার করিনি। কিন্তু ফিসটা বাড়বে এতে কোন সন্দেহ নেই। আমরা নীতিগত যে ঘোষণাটা করেছি সেটা ঠিক আছে, বহাল আছে। আর খুঁটি-নাটি অর্ডার সেটা এই এম.সি.আই.-এর সিদ্ধান্ত এবং গভর্নমেন্ট অব ইনডিয়ার সিদ্ধান্ত জানার পর আমরা করবো। এই হচ্ছে মোটামুটি কাজ।

শ্রী সৌগত রায় : আমি প্রশ্নটা করেছিলাম যে এতো বাড়াবার কারণটা কি? ১২ টাকা থেকে একেবারে সাড়ে ৮ শো টাকা করার যুক্তিটা কি? হোয়াট ইজ দি লজিক? আমরা তো আপনার হেলথ বাজেটের দিন ছিলাম না কাজেই আমরা শুনিনি। আমরা জানতে চাই, হঠাৎ করে এন.আর.আই. কোটা ইনট্রোডিউস করতে হল কেন?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : কারণ মেডিক্যাল কলেজ নতুন করে করা এবং সিট বাড়ানো, মেডিক্যালে সিট বাড়ানো, নতুন মেডিক্যাল কলেজ করা, তার জন্য সাবসিডাইজ করার মতো

আমাদের অবস্থা নেই। এই খরচের খানিকটা স্টুডেন্টদের দিতে হবে। যারা ইকনমিক্যালি ব্যাকওয়ার্ড স্টুডেন্ট তাদের জন্য তো আমরা ফ্রিশিপের ব্যবস্থা করেছি। এটা তো কখনও ছিল না, কোন রাজ্যে নেই। ১০ পারসেন্ট ফ্রি, ১০ পারসেন্ট হাফ ফ্রি। এটা তো আমরা করেছি। যাদের ক্ষমতা আছে দেবে, আর এন.আর.আই. তাদের বেশি দিতে হবে।

LAYING OF REPORT

Shri Prabodh Chandra Sinha : Sir, with your permission, I beg to lay the Annual Report of the Public Service Commission, West bengal for the year 1998-1999 along with the Memorandum.

MENTION CASES

শ্রী গুরুপদ দত্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে লক্ষ লক্ষ টাকা ব্যয় করে আমরা চিকিৎসক তৈরি করছি, কিন্তু দেখা যাচ্ছে সরকারী চিকিৎসা ব্যবস্থায় চিকিৎসক দেওয়া যায় না, সেখানে চিকিৎসকের অভাব। ব্লক হাসপাতাল এবং গ্রামীণ হাসপাতালগুলিতে এই সমস্যা অত্যন্ত প্রকট হয়ে দেখা দিয়েছে। সেই কারণে আমি দাবি করছি, জেলা এবং মহকুমা হাসপাতালগুলিতে বিশেষজ্ঞ ডাক্তারবাবুরা সপ্তাহে অন্তত: একদিন করে আউটডোরে বসুন। এর জন্য যদি প্রয়োজন হয়, তাহলে সরকারী একটি আদেশনামা এই মর্মে বার করা হোক। এটা হলে গ্রামীণ জনগণ উপকৃত হবেন।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মাহশয় পশ্চিমবঙ্গে স্বাস্থ্য ব্যবস্থা যত ভেঙে পড়ছে, এ সরকারী অপদার্থতা যত বেশি প্রকট হচ্ছে, আমরা দেখছি তত বেশি জনবিরোধী সিদ্ধান্ত প্রতিদিন সরকার গ্রহণ করে চলেছেন। স্যার, বিগত কংগ্রেস আমলে '৭৫ সালে টালিগঞ্জে আমরা একটি ফ্রি পলিক্লিনিক —মুর এ্যাভিনিউ পলিক্লিনিক চালু করেছিলাম। গত ৩০ বছর ধরে সেখান থেকে লক্ষ লক্ষ গরিব মানুষ অপেক্ষাকৃত কম পয়সায় বিভিন্ন রকমের প্যাথলজিক্যাল টেস্ট, ক্লিনিক্যাল টেষ্ট করাতে পারতেন। হঠাৎ করে দেখছি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী একটা সিদ্ধান্ত নিয়ে সেই পলিক্লিনিকটি বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। তারা বলছেন যে যথেষ্ট পরিমাণে রোজগার হচ্ছে না, তাই এ' পলিক্লিনিকটি বন্ধ করে দিচ্ছে। স্যার, স্বাস্থ্য একটা পরিষেবা, এই স্বাস্থ্য পরিষেবা সব সময় লাভজনক হবে, এটা যদি সরকার আশা করেন তাহলে সেটা জনস্বার্থবিরোধী চিন্তাধারা হবে। সাধারণ গরিব মানুষ, বস্তিবাসী দরিদ্র মানুষ, উদ্বাস্তু ঘরের গরিব মানুষেরা অনেক সময়ই ছোটখাট প্যাথলজিক্যাল টেস্ট করাতে বাধ্য হয়। তারা দীর্ঘদিন এখান থেকে প্যাথোলজিক্যাল টেস্টগুলো বাজারের চেয়ে অর্ধেক দামে করাতে পারতেন। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ, এই মুর অ্যাভিনিউ পলিক্লিনিক বন্ধ না করে দিয়ে এর সমস্যা সমাধানে পদক্ষেপ নিন। সেই পদক্ষেপে আমাদেরও শামিল করতে পারেন। যদি অ্যাওারনেসের দরকার হয়, এলাকায় মানুষকে জানাবার দরকার হয়, যদি রোগী বাড়ানোর দরকার হয়, আমরা তাই করতে রাজি আছি। বন্ধ না করে প্রতিষ্ঠানটা যাতে চলে তার জন্য আমি আপনার মাধ্যমে

মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আছেন, উনি যদি এই ব্যাপারে কিছু বলেন এর উপর, তাহলে ওনাকে বলতে বলুন।

মিঃ স্পীকার : মি; তাপস চ্যাটার্জী, আপনার মেনশান এখানে হবে না, তামিলনাড়ুর টিচার স্ট্রাইক নিয়ে এখানে কি হবে?

শ্রী মুজিবুর রহমান : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার ভাঙন একটা সমস্যা। আমার ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের বিস্তীর্ণ এলাকা ভাঙনের কবলে। এই অভিশপ্ত ভাঙনে কুটিরামপুর অঞ্চলের বিস্তীর্ণ এলাকা ভেঙে যাচ্ছে, বি.এস.এফ ক্যাম্পও ভাঙনের কবলে। সুন্দর পুর অঞ্চলের কিছু এলাকা ভাঙনের কবলে, সুন্দরপুর, বসন্তপুর, সদাশিব এই সব এলাকা জলের তলায় নেবে যাচ্ছে। বন্যার ফলে ভাঙনের প্রভাব আরো বেড়ে যাচ্ছে। তাই আগামী দিনে এই ভাঙন রোধের জন্য সেচমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। পদ্মার ভাঙনের ফলে হনুমন্তনগরের বিস্তীর্ণ এলাকা ভাঙনের কবলে। চরলব গোলা, বিনাপাড়া, টিকলীর চর, চরবাবুপুর ভেঙে যাচ্ছে। মসজিদ ভেঙে গিয়েছে। ৩০০ মিটার বাঁধ দেওয়ার কথা সেখানে ১০০ মিটার বাঁধ দেওয়া হয়েছে। এই ২০০ মিটার বাঁধ দেওয়া হলে ভাঙত না। আগামী দিনে যাতে এই বাঁধটি দেওয়া হয় তার জন্য আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর ২৪-পরগনার কুখ্যাত সমাজবিরোধী প্রভাস ঢালি গত সপ্তাহে উচ্চ আদালতের বেলে ছাড় পেয়ে গেছে। এন.ডি.পি.এস. অ্যাক্ট আনডার সেকশান ২১ ধারায় তাকে গ্রেপ্তার করা হয়েছিল। গত ১ সপ্তাহে আগে আই.ও বারাসাত পুলিশ স্টেশান, পি.পি. বারাসাত ডিসট্রিক্ট জাজ কোর্ট এবং জেলা পুলিশ সুপারের সি.ডি.ও চার্জসিট ইসু করেনি। এদের প্রত্যক্ষ মদতে এই কুখ্যাত সমাজবিরোধী ছাড় পেয়ে গেছে। মুখ্যমন্ত্রীর অনুরোধে একে গ্রেপ্তার করা হয়েছিল। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো পুনরায় তিনি যেন এই ব্যবস্থা গ্রহণ করেন। বুল্টনকে যেভাবে এস.পি-র মদতে ছেড়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে, সেই রকমভাবে এই প্রভাস ঢালিকে ছেড়ে দিয়ে জেলায় অশান্তি সৃষ্টি করার চেষ্টা করা হচ্ছে। পুলিশ সুপারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়েছে।

শ্রী আবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হলো, আমার নির্বাচন কেন্দ্র চাঁপদানিতে ডালহৌসী জুট মিলে ৫০০০ লোক কাজ করে। গত ২ সপ্তাহ ধরে এটা বন্ধ হয়ে রয়েছে। মালিক পক্ষ শ্রমিকদের অন্যায়ভাবে ছাঁটাই করার প্রতিবাদে দলমত নির্বিশেষে সমস্ত শ্রমিক সংগঠন ধর্মঘটের পথে যেতে বাধ্য হয়েছিল। এই সমস্যা নিয়ে যাওয়ার পর মালিক পক্ষ একতরফাভাবে ডালহৌসী জুট মিল বন্ধ করে দেয়। ফলে এখানকার ৫ হাজার শ্রমিক বেকার হয়ে পড়েছে। জেলা প্রশাসন মালিক পক্ষকে ডাকলে মালিক পক্ষের ডোন্ট কেয়ার ভাব, তারা আলোচনায় বসতে রাজি হচ্ছে না। শ্রমমন্ত্রীর কাছে অনুরোধ, শ্রমিক পক্ষকে এবং মালিক পক্ষকে বসিয়ে অচল অবস্থা

কাটানোর ব্যবস্থা করুন। ৫ হাজার শ্রমিকের রুজি-রোজগার বন্ধ হয়ে গিয়েছে। তাদের রুজি-রোজগারের পথ যাতে চালু হয়, তার জন্য আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.40–12.50 p.m.]

শ্রী জানে আলম মিঞা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সুতি বিধানসভা কেন্দ্রের মধ্যে রঘুনাথগঞ্জ যে সাব-স্টেশন আছে, তার আশপাশ এলাকা জুড়ে বিগত চার মাস ধরে প্রতিদিন সন্ধ্যা ছ'টা থেকে রাত্রি দশটা পর্যন্ত মানুষ বিদ্যুৎ পায় না। এই ব্যাপারে জানানো হলে ওরা বলেন, সেন্ট্রাল লোডশেডিং। এই বিষয়টা মানুষের কাছে বিশ্বাসযোগ্য হচ্ছে না। তাই আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে আবেদন জানাই যে, অন্ততপক্ষে একটা দিন করে যাতে সেই এলাকার মানুষ সঠিক ভাবে বিদ্যুৎ পায় তার ব্যবস্থা করুন।

শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্বাস্থ্যমন্ত্রী একটু আগে এখানে ছিলেন। তিনি উপস্থিত থাকলে ভাল হত। কারণ এর আগে, আপনার হয়তো উপলব্ধি আছে এবং এই সভার অনেকের উপলব্ধি আছে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী সত্যবাদী যুধিষ্ঠিরের মতো এই সভায় ভাষণ দিয়েছিলেন, অ্যান্টির‍্যাবিস ভ্যাকসিন, কুকুরে কামড়ানোর ইনজেকশনগুলি তিনি পর্যাপ্ত পরিমাণে সাপ্লাই দিয়েছেন। শুধু তাই নয়, যদি প্রয়োজন হয় তাহলে সি.এম.ও.এইচ. সেগুলোকে পার্চেজ করে নিতে পারবেন। আমি নবদ্বীপ স্টেট জেনারেল হাসপাতালের একটা দৃষ্টান্ত দিচ্ছি। ২৭.৬.২০০৩ তারিখে ৫,৫৭১ সিসি রিকোয়ারমেন্ট দেওয়া হয়েছিল, সাপ্লাই দিয়েছেন মাত্র ৭০ সিসি। ১১.৭.২০০৩ তারিখে ৫,১০৯ সিসি চাহিদা ছিল, সেখানে সাপ্লাই দিয়েছেন ৩০ সিসি। একজন পুরুষ বা মহিলা অ্যাডাল্টদের লাগে ৫ সিসি, আর নাবালকদের লাগে ২ সিসি। এটি এমনই একটা ইনজেকশন যা বিজ্ঞানসম্মতভাবে দিতে হয়। দুর্ভাগ্যের বিষয়, অবৈজ্ঞানিকভাবে সপ্তাহে একদিন করে সাপ্লাই পায়, একদিন করে দেওয়া হয়। দেখা যাচ্ছে, একদিন ইনজেকশন দিচ্ছে, আবার সাতদিন পরে ইনজেকান দেওয়া হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে বলছি, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে অসত্য বিবৃতি দিয়েছেন তা তিনি প্রত্যাহার করে নিন এবং ক্ষমা চেয়ে নিন। সেই সাথে সাথে আমি প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের দাবি জানাচ্ছি।

ডা: সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আশা করি যেগুলো এখানে বলার কথা নয়, সেগুলিকে আপনি ডিলিট করবেন। আমি আবারও বলছি, আমি সত্য বিবৃতি দিয়েছি। আমি স্ট্যান্ড করছি। সমস্ত ডিস্ট্রিকেই টাকা দেওয়া আছে। অ্যান্টির‍্যাবিস ভ্যাকসিন যেটা আমাদের কুকুরে কামড়ালে দিতে হয়, আর স্নেক বাইটের জন্য এভিএস এটা দিতে হয়। এটা তাঁরা পার্চেজ করবেন। কোথা থেকে পার্চেজ করবেন, কোম্পানির নাম, লিস্ট, অ্যাড্রেস দেওয়া আছে। তাঁদের ক্ষমতা দেওয়া আছে। মাননীয় বিরোধী দলের সদস্যরা কমিটিতে মেম্বার আছেন। এটা যদি তাঁরা না দেখেন, তাহলে তাঁদের পদার্থতা, অপদার্থতা নিয়ে আমাদের ভাবতে হয়।

শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা : নবদ্বীপ হাসপাতালের ইনডোরে যখন পেশেন্ট ছিল, যাকে হনুমানে

কামড়েছিল, তখন আমি সুপারকে রিকোয়েস্ট করেছিলাম। তিনি বলেছিলেন, এগুলো তিনি দিতে পারবেন না। তারপর আমি সি.এম.ও.এইচকে ফোন করেছিলাম। তিনি বলেন, চেষ্টা করছি। আপনি জেনে নেবেন কৃষ্ণনগরের সি. এম ও এইচের কাছ থেকে। আমি যে কথা বলছি সেটা মিথ্যা বা অসত্য হয়, তাহলে এই বিধানসভাতে আর কোনদিন আসব না।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমিও যা বলেছি সত্য, আবার বলছি সত্য। আপনার যদি সুনির্দিষ্ট কোন কমপ্লেন থাকত তাহলে ডিস্ট্রিক্ট হেলথ কমিটির কাছে কমপ্লেন করলেন না কেন? ডিস্ট্রিক্ট হেলথ কমিটির মেম্বাররা তো আছেন, ডিস্ট্রিক্ট হেলথ কমিটিতে রেজলিউশান করুন এবং আপনারা এটা অ্যাসারট্ করুন কারণ ডিস্ট্রিক্ট হেলথ কমিটির তো পাওয়ার আছে।

শ্রী রামচরণ বাউরি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় সালতোড়ার পাকা রাস্তর থেকে মেজা পর্যন্ত রাস্তাটি সংস্কার না হওয়ার জন্য গ্রাম থেকে আগত গরিব মানুষদের জীবন-জীবিকা এবং রুজি-রোজগারের প্রশ্নে বাসে যাতায়াত করার অসুবিধা হচ্ছে। রাস্তাটি সংস্কার না করার জন্য তারা যাতায়াত করতে পারছে না। এইজন্য আমি আপনার মাধ্যমে ওই রাস্তাটির যাতে দ্রুত সংস্কার হয় সেই দাবি রাখছি।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানতে চাই যে, নাকাশিপাড়া বিধানসভা কেন্দ্রের বেথুয়াডহরি থেকে বীরপুর ঘাট পর্যন্ত বিগত বন্যার থেকে রাস্তাটির অবস্থা অত্যন্ত শোচনীয়। মানুষের চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। সেই কারণে আমি দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, অবিলম্বে ওই রাস্তাটি সংস্কার করে মানুষের চলাচলের উপযুক্ত করা হোক।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে নন্দীগ্রাম ১নং পঞ্চায়েত বাস গ্যারেজ দ্রুত গতিতে সম্পন্ন হচ্ছে এবং প্রতিদিন হাজার হাজার মানুষ নন্দীগ্রাম থেকে কলকাতা, মেদিনীপুর এবং বিভিন্ন জায়গায় যাতায়াত করে। ওখানে বেসরকারী বাস চলে এবং মানুষের যাতায়াতের খুব অসুবিধা হয়। সেই কারণে পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, নন্দীগ্রাম থেকে কলকাতা পর্যন্ত সরকারী বাস সি এস টি সি যাতে চালানো হয় তার ব্যবস্থা করুন।

শ্রী নেপাল মাহাত : মাননীয় উপাধ্যক্ষ কহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকার ব্যাপারে আমি বারেবারে বলেছি যে, তুলিনা এবং যেগুলো ঝাড়খণ্ডের এ্যাডজাসেন্ট জায়গা, সেখানে দীর্ঘদিন ধরে হাসপাতাল করার দাবি উঠেছিল এবং পাবলিক রিপ্রেজেনটেশানও দেওয়া হয়েছিল। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব ৫০ হাজার থেকে ৬০ হাজার লোককে চিকিৎসার জন্য ঝালদা বা রাঁচিতে যেতে হয়। এর ফলে একটা আন্দোলন হচ্ছে এবং এম সি সিরা এই ব্যাপারে উস্কানিও দিচ্ছে। এবং জনগণের মধ্যে একটা বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। সুতরাং স্পেশাল কোটাতে তুলিনা যাতে একটি সরকারী পক্ষ থেকে হাসপাতাল তৈরি করা হয় তারজন্য ব্যবস্থা অবলম্বন করার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী আনন্দ গোপাল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে উত্তরবঙ্গে কয়েকটি জায়গায় বৃষ্টি হলেও অন্য জায়গায় বৃষ্টি হয়নি। এতে কৃষির খুব ক্ষতি হচ্ছে এবং কৃষকরা একটা দুর্বিষহ অবস্থার মধ্যে দিন কাটাচ্ছে। এমন সময়ে জানলাম সেচ দপ্তরের পক্ষ থেকে পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েতের কাছে একটা চিঠি চলে গেছে যে, যে সমস্ত ক্যানেল বুজে গেছে, সিলটেড হয় গেছে সেগুলো সংস্কার করার জন্য পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েতের যে ওন ফান্ড আছে তার থেকে খরচ করতে হবে। আমি জানি না পঞ্চায়েত সমিতি বা গ্রাম পঞ্চায়েতের কোন ওন ফান্ড আছে কিনা। সেই কারণে মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ জানাবো যে, অবিলম্বে ইরিগেশান দপ্তর থেকে যেন ওই ক্যানেলগুলো সংস্কারের ব্যবস্থা করা হয়। কৃষকরা যাতে জমিতে জল পায় অবিলম্বে তার ব্যবস্থা করুন।

[12.50–1.00 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গ্রাম বাংলায় ত্রিস্তর পঞ্চায়েতকে ভেঙে ক্ষমতা পুনর্বিন্যস্ত করে নতুন আইন করছেন সরকার বৃটিশ সংস্থা ডি.এফ.আই.ডি. থেকে এই হাজার কোটি টাকা সাহায্য পাওয়ার জন্য, তাদের শর্ত মেনে নিয়ে। ফরোয়ার্ড ব্লক থেকে আরম্ভ করে অনেক দলই এতে আতঙ্কিত এবং তারা আপত্তিও তুলেছে। কিন্তু এই সরকারের বড় শরিক সি.পি.এম .এর কোন প্রতিক্রিয়া নেই। আপনাদের প্রিন্সিপাল সেক্রেটারী মানবেন্দ্র রায় বলেছেন, রাজ্য সরকারের শর্ত মেনেই' ডি.এফ.আই.ডি. টাকা দিচ্ছে। সেখানে পরিকল্পনা পর্ষদের অন্যতম সদস্য অজিত নারায়ণ বসু বলেন, কেন নির্বাচিত সংস্থার পাশাপাশি মনোনীত কমিটির হাতে উন্নয়নের ভার দেওয়া হবে, তা পরিষ্কার নয়। বৃটিশ সংস্থার শর্ত মেনে তাদের কাছ থেকে টাকা নিলে ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থাই বানচাল হয়ে যাবে এবং গ্রাম বাংলার অগ্রগতির জন্য কেন্দ্র ও রাজ্য যে সাহায্য দিচ্ছে, সেটাও প্রভাবিত হবে। আমি এর প্রতিবাদ করছি।

শ্রী ভূতনাথ সরেন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত সড়ক দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় গোপীবল্লভপুর থেকে হাতিবাড়ি রাস্তা, ৬ নং জাতীয় সড়ক জামতলা গেটের সঙ্গে যুক্ত এবং উড়িষ্যা, ঝাড়খণ্ড রাজ্যের সঙ্গে সংযোগকারী রাস্তা। রাস্তা তৈরি হবার পর আর সারাই হয়নি। ঐ রাস্তা দিয়ে প্রতিদিন ২৫/৩০ হাজার মানুষ যাতায়াত করে। যানবাহন চলাচলের সময় যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। অবিলম্বে রাস্তাটি সারাই করার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে, গত কয়েকদিন ধরে হায়ার সেকেন্ডারি পরীক্ষার ফল বের হবার পর ছাত্রদের কলেজে ভর্তি সমস্যা হচ্ছে। প্রত্যেক কলেজেই ছাত্রদের প্রতি নির্যাতন শুরু হয়েছে —বিশেষ করে যেখানে এস.এফ.আই.ইউনিট আছে, তারা সমস্ত ফর্ম নিজেদের দখলে রেখে ছাত্রদের নিজেদের কন্ট্রোলে রাখার চেষ্টা করছে, হাজার হাজার

টাকার ব্যবসা চলছে। গতকাল উলুবেড়িয়া কলেজে ছাত্ররা এবং এস.আই.আইএর মধ্যে সংঘর্ষে হয়েছে। পাঁশকুড়াতেও হয়েছে। সাউথ সিঁথিতে ফর্ম বিলি নিয়ে এমন ঘটনা হয় যে, ঐ কলেজের একজন ছাত্র বাইক দুর্ঘটনায় মারা গেছে। সারা পশ্চিমবঙ্গে ডিগ্রি কোর্সে ভর্তি হওয়া নিয়ে যে অবস্থা হয়েছে, এখনই হস্তক্ষেপ না করলে সাধারণ ছাত্ররা ভর্তি হতে পারবে না। ছাত্র-ছাত্রীরা যাতে সঠিকভাবে মেধা অনুযায়ী ভর্তি হতে পারে, টাকা দিয়ে ভর্তি না হতে হয় তার জন্য কলেজ কর্তৃপক্ষ এস.এফ.আই.এর এক ধরনের নেতার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নিন।

শ্রী দীপক বেরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী ক্ষেত্র ময়না। সেখানে প্রায় তিন বছর আগে একটা সেতু নির্মিত হয়েছে পাঁচ কোটি টাকা ব্যয় করে কিন্তু এখনও পর্যন্ত অকেজো হয়ে আছে, যেহেতু একধারের রাস্তা হয়নি বলে, দুর্ভাগ্যবশত আধুনিক প্রযুক্তি দিয়ে তৈরি হলো ব্রিজ অথচ তার থেকে মাত্র তিনশো মিটার দূরে বাঁশের ব্রিজ দিয়ে গাড়ি চলাচল করছে। অবিলম্বে এই ব্রিজটা তৈরি ব্যবস্থা করার জন্য আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কমল মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে কারামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার চন্দননগর মহকুমা জেলে তিন বছর যাবৎ কোন আসামী রাখা হয়নি। জেলটি সংস্কার হচ্ছে। কোর্ট থেকে ছাড়া পেয়ে যারা জমিন পায় না তাদের হুগলি জেলে রাখা হচ্ছে। এইসব আসামীদের বাড়ীর লোকরা যখন আসামীদের সঙ্গে দেখা করতে যায় তখন ওই হুগলি জেলের জেলরক্ষী প্রত্যক্ষভাবে দেখা করার জন্য ৫০ টাকা ওকালতনামার জন্য ৫০ টাকা আর ভালোভাবে থাকাখাওয়ার জন্য আসামীদের বাড়ির লোকের দু হাজার টাকা করে নিচ্ছে। একদম জবরদস্তি করে এই টাকা নিচ্ছে। এই ব্যাপারটা অবিলম্বে নজর দেওয়া প্রয়োজন বলে আমি মনে করছি। গরিব আসামীদের বাড়ির লোকজনরা যাতে সুবিচার পায় তার জন্য কারামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই যে জেলরক্ষীরা বেআইনিভাবে লক্ষ লক্ষ টাকা আদায় করছে তাদের যাতে শাস্তি হয় তার জন্য আমি আবার দাবি জানাচ্ছি।

শ্রীমতী সুস্মিতা বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি গুরুত্বপূর্ণ। স্যার, আমার বড়জোড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত খুদবেড়িয়া বিদ্যালয়টিকে উচ্চতর বিদ্যালয়ে উন্নীত করার জন্য মাননীয় মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি। ওই বিদ্যালয়টিতে ৫শোর অধিক ছাত্রছাত্রী আছে, তাছাড়া ওই বিদ্যালয়টিকে উচ্চতর বিদ্যালয়ে উন্নীত করার জন্য যে পরিকাঠামো দরকার, ওই বিদ্যালয়ে সবই আছে এবং বিদ্যালয়ের ছাত্ররা পাশ করে উচ্চ মাধ্যমিক পড়ার জন্য বহু দূরে যেতে হয়। তাই ওই বিদ্যালয়টিকে উচ্চতর বিদ্যালয়ে উপনীত করার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী অজিত ভুইঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি একটি বিষয় আপনাদের সামনে তুলে ধরতে চাই। নয়াগ্রামে পাতিনা গ্রাম পঞ্চায়েতে তালডাঙ্গরা গ্রামে একটা ঘটনা অতি সম্প্রতি ঘটেছে। পশ্চিমবাংলার বিভিন্ন জায়গাতেই ঘটছে। নিরীহ মানুষকে ডাইনী অপবাদ দিয়ে তাদের ঘরছাড়া করা হচ্ছে, অত্যাচার করা হচ্ছে এবং

নিপীড়ন করা হচ্ছে। এইরকম নয়াগ্রামে কিশোরী বেরা। পিতা পৃথ্বীনাথ বেরা, সাং তালডাংরো, পোস্ট-ফুলবাড়ী, থানা— নয়াগ্রাম তাকে ডাইনি অপবাদ দেওয়া হচ্ছে। এই বিষয়টা অবিলম্বে দেখা হোক। পঞ্চায়েত নির্বাচনের পর থেকে সারা পশ্চিমবাংলা জুড়ে, সি.পি.এমের স্থানীয় নেতারা ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করার জন্য সাধারণ মানুষকে ডাইনি অপবাদ দিয়ে তাদের উপর অত্যাচার চালাচ্ছে, এই নিপীড়ন বন্ধ করার জন্য আমি প্রশাসনিক হস্তক্ষেপ দাবি করছি।

শ্রী ভবানীশঙ্কর হাতিয়াল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি জরুরি এবং গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে গোপীবল্লভপুর বিধানসভা কেন্দ্র অধিকাংশ এলাকা অসেচ এলাকা। জুলাই মাস শেষ হতে চলেছে। স্বাভাবিক বৃষ্টির চেয়ে অনেক কম বৃষ্টি হয়েছে। চাষীরা সংকটে পড়েছে। কৃষকরা চাষ করতে পারছে না। কৃষি শ্রমিকরা কাজ পাচ্ছে না। এই অবস্থায় ওই এলাকা তফশিলী জাতির অন্তর্ভুক্ত মানুষের পাশে দাঁড়ানোর জন্য আবেদন করছি।

[1.00–1.10 p.m.]

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগনা জেলার সুন্দরবনের ৪টি ব্লক হচ্ছে কাকদ্বীপ, সাগর, নামখানা এবং পাথরপ্রতিমা এবং তিনটি বিধানসভা কেন্দ্র কাকদ্বীপ, সাগর এবং পাথরপ্রতিমা নিয়ে কাকদ্বীপ মহকুমা গঠিত হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত কাকদ্বীপ মহকুমা হাসপাতাল গঠিত হল না। সেখানে মহকুমা হাসপাতালের সব রকম পরিকাঠামো আছে। কিন্তু কেবলমাত্র সেখানে ডাক্তার এবং প্রয়োজনীয় নার্স এবং স্বাস্থ্যকর্মী না থাকার কারণে ওখানকার মানুষজন স্বাস্থ্য পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে। এই বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে ওখানে কাকদ্বীপ মহকুমা হাসপাতাল গঠিত হয়।

শ্রী নন্দদুলাল মাঝি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র ইন্দাসে একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। এখানে দূরের গ্রাম থেকে প্রতিদিন প্রায় তিনশো থেকে সাড়ে ৩০০ রোগী আসে। এখানে মাত্র দুজন ডাক্তার। এদের পক্ষে সমস্ত রোগীর চিকিৎসা করা সম্ভব হচ্ছে না। তাই আবেদন করছি এই হাসপাতালে ডাক্তার দেওয়া হোক এবং এটাকে গ্রামীণ হাসপাতালে উন্নীত করা হোক।

শ্রী অজয় দে : স্যার, আপনার মাধ্যমে ক্ষুদ্র কুটিরশিল্প দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি কাগজে দেখছিলাম যে, সম্প্রতি মুখ্যমন্ত্রী ইতালি থেকে ঘুরে এসে জানিয়েছেন যে, ওখানকার মানুষ, প্রতিনিধিদল এখানে আসছেন এবং প্রতিনিধিদল তাঁদের শাড়ি দেখছেন এই খবরটা খুবই আনন্দের। কিন্তু তার আগে বলব যে, এই রাজ্যে বিভিন্ন জেলায় ব্যাপক সংখ্যক তন্তুজীবীদের বাস এবং তন্তুজীবীদের প্রতি সরকারের অসহযোগিতা চলছে। এর ফলে তাঁতশিল্প সংকটের মুখে পড়েছে। স্যার, এখানে মন্ত্রী মাহশয় আছেন, উনি জানেন যে, বৃদ্ধ তন্তুজীবীদের জন্য পেনশন চালু করেছেন। প্রতি বাজেটেই ১০০ টাকা করে ঐটা বাড়াচ্ছেন। কিন্তু ২৭ মাস হয়ে গেল কোন বৃদ্ধ তন্তুজীবীরা পেনশন পাচ্ছে না। পেনশনের

অভাবে তারা মরতে বসেছে। আর একটা ব্যাপারে বলছি যে সমস্ত কোঅপারেটিভগুলি তাঁতের শাড়ি তন্তুজকে দেন, তার বকেয়া পরিমাণ হচ্ছে ১৭ কোটি টাকা। ফলে তাঁতশিল্পকে কিভাবে বাঁচানো যাবে। তাই তন্তুজের কাছ থেকে পাওনা টাকা অবিলম্বে ফিরিয়ে দেওয়ার ব্যবস্থা করা হোক।

শ্রী সুভাষ মন্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা এলাকা ভাতারে বলগোড়া চন্দ্রকুর যে রাস্তাটি আছে, সেটা খুবই গুরুত্বপূর্ণ রাস্তা। বহু মানুষের রুটিরুজির ব্যাপার এবং বহু ছাত্রছাত্রী যারা লেখাপড়া করে তারা এই রাস্তার সাথে সম্পর্কযুক্ত এবং এই রাস্তার হাল অত্যন্ত খারাপ। তিন দিন ধরে সেখানে যান চলাচল বন্ধ, বাস চলাচল বন্ধ আছে। এতে সাধারণ মানুষ এবং ছাত্রছাত্রীদের দুর্ভোগ বাড়ছে। সেই দিক থেকে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই রাস্তাটি মেরামত করে যান চলাচলের উপযুক্ত করা হয়।

শ্রী সৌগত রায় : স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউজে এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আবার উত্তর ২৪ পরগনার এস.পি.-র বেআইনি কাজ সম্পর্কে আকর্ষণ করছি। এর আগে গতকাল এবং গত পরশু দিন উত্তর ২৪ পরগনার এস.পি. যেভাবে কুখ্যাত অপরাধী বুল্টনকে সার্টিফিকেট দিয়েছে সংবাদপত্র এবং টি.ভির সামনে এই কথা বলে যে বুল্টন সেই মিল্ক ভ্যানের ডাকাতিতে জড়িত ছিলন না। এই নিয়ে এই হাউজে উষ্মা প্রকাশ হয়েছে। ইনস্‌পেকটর জেনারেল অফ্ পুলিশ তিনি উত্তর ২৪ পরগনার চার্জে আছেন, রঞ্জিত কুমার মহান্তি, তিনি এ ব্যাপারে এর মধ্যেই আশ্চর্য প্রকাশ করেছেন সেটা আরও গুরুতর। পোদ্দার নিবাসে ভি.আস.পি. একজন রোডে একজন গৃহবধু তিনি তাঁর ফ্ল্যাটের মধ্যে খুন হলেন। সেই খুন ভগবান দাস নামে একজন লোক ধরা পড়েছিল। সে আরেক জন ভোলার নাম করেছিল। সেখানে এস.পি. বিবৃতি দিয়ে দিলেন যে এই ক্রাইমের মধ্যে সে ছিলো। পুলিশের টিম যখন গেল ভোলার গ্রামে, সেখানে দেখা গেল ভোলা পালিয়ে গিয়েছে। এস.পি. বিবৃতি দিয়ে প্র্যাকটিক্যালি ভোলার পালিয়ে যাবার সুযোগ করে দিলেন। আমাদের এই এস. পি. সম্পর্কে — একজন এস. পি. লেভেলের তাকে নিয়ে আলোচনা করা এই বিধানসভার মর্যাদা অনুযায়ী ব্যাপার নয়। কিন্তু এত বড় একটা জেলার দায়িত্ব আমরা তৃণমূল কর্মীরা ভুক্তভোগী। বাঁকুড়ায় তিনি যখন এস. পি. ছিলেন তৃণমূল কংগ্রেস কর্মীদের উপর আক্রমণ, শিহরে জয়রামবাটীতে আমাদের ক্যাম্প ভেঙে দেওয়া হয়েছে। এই ধরনের কাজ উনি প্রকাশ্যে করেছিলেন শাসকদলের হয়ে। এখন আমরা জানি অনেক এস. পি. এই রকম কাজ করে থাকেন। কিন্তু যেটা দুঃখের, আজকে ২৪ পরগনায় তিনি প্রকাশ্যভাবে এমন একটা কাজ করেছেন, যাতে অপরাধীরা সুযোগ পাচ্ছে। এই জন্য অবিলম্বে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের দাবি আমি এই হাউজে আপনার মাধ্যমে জানাচ্ছি।

শ্রী সরেশ আঁকুড়ে : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমার বিধানসভা এলাকা কাঁকসা — পানাগড় বাজার এবং কাঁকসা মনিকর-বুদবুদ এলাকায় প্রায় প্রতি দিনই ৩ ঘন্টা করে লোডশেডিং হচ্ছে এবং তার ফলে ছাত্রছাত্রীদের পড়াশোনার ক্ষতি হচ্ছে এবং চাষীদের ক্ষতি হচ্ছে। সাবমার্সিবল,

ডিপটিউবওয়েল, স্যালো-টিউবওয়েল ইত্যাদি সঠিকভাবে বিদ্যুৎ না থাকার জন্য চলছে না এবং চাষবাস হচ্ছে না। যাতে লোডশেডিং না হয় তার জন্য আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর নিকট আবেদন জানাচ্ছি।

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র পুরুলিয়ার জয়পুর, সেখানে কোনো কলেজ নেই, ফলে সেখানকার স্থানীয় ছেলেমেয়েরা উচ্চশিক্ষা লাভের থেকে বঞ্চিত হচ্ছে। কেউ কেউ এর পাশের রাজ্য ঝাড়খাণ্ডের উচ্চশিক্ষা লাভের জন্য যেতে বাধ্য হচ্ছে। তাই আমি মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি জয়পুর অথবা সিন্ত্রিচাস রোডের কোন একটা জায়গায় কলেজ যাতে খোলা হয় এবং এটা যাতে অবিলম্বে খোলার ব্যবস্থা হয় তার জন্য আবেদন করছি।

শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র নদীয়া জেলার করিমপুর, সেখানে শিকারপুর রাস্তার অবস্থা খুবই খারাপ। শিকারপুরে করিমপুর ১ নং পঞ্চায়েত সমিতির অফিস আছে। এটা একটা বর্ডার এলাকা। অবিলম্বে যাতে এই রাস্তাটি মেরামত করা হয়, তার জন্য আপনাকে অনুরোধ করছি।

[1.10–1.20 p.m.]

শ্রী অশোক কুমার দেব : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকার হয়তো জেনে খুশি হবেন গতকাল টি.এম, ব্লক অর্থাৎ ঠাকুরপুকুর-মহেশতলা ব্লকে স্থায়ী সমিতি গঠন করা হয়েছে এবং সেখানে ৪৫-টা আসনের মধ্যে ৪৫-টা আসনই আমরা দখল করেছি বামফ্রন্ট একটাও পায়নি দীর্ঘ ২০ বছর পরে। আমি, সুব্রত বক্সি, পরশ দত্ত, এম পি শ্রীমতি কৃষ্ণা বসু ওখানকার ভোটার ছিলাম। আপনাদের দলের এম.পি. সেখানে ছিলেন। কিন্তু আপনাদের প্রার্থীরা হেরে গেছেন।

এবারে স্যর মুল কথায় আসি। উচ্চমাধ্যমিক এবং মাধ্যমিক পরীক্ষার রেজাল্ট আউট হয়েছে। বিগত ৭-৮ বছর ধরে বিধানসভায় দেখছি দু'জন মন্ত্রী একই স্টেটমেন্ট দিচ্ছেন যে অ্যাডমিশন কোন সমস্যা হবে না। কিন্তু দেখা যাচ্ছে পাশের সংখ্যা বাড়লেও সেইভাবে আসন সংখ্যা বাড়ছে না। এটা শুধু আমাদের কথা নয়, যারা আমাদের ঠিক উল্টোদিকে বসে আছেন, আমাদের সামনে বসে আছেন তাদেরও সমস্যা। অনেক সময় তারাও এক্ষেত্রে অসুবিধায় পড়েছেন কিন্তু চাকরি যাওয়ার ভয়ে মুখে কিছু বলতে পারছেন না। বিভিন্ন কলেজে এলাকার ছেলে-মেয়েরা ভর্তি হতে পারছে না, পড়াশোনা করতে পারছে না, আসন নেই। বজবজের ছাত্রকে ভর্তি হতে হচ্ছে কাকদ্বীপে। কারণ বজবজে তার আসন হচ্ছে না। অনেক সময় মার্কেসের কম-বেশি এবং গ্রেডেশনের ১-২-৩, বিভন্ন রকম করা হয়েছে। সরকার এক্ষেত্রে কি আইন করেছে জানি না। মাননীয় মন্ত্রী মহাশয় দায়িত্ব নিয়ে যে যে কলেজে প্রয়োজন আসন সংখ্যা বাড়িয়ে গ্রামের

অভিভাবকদের এবং ছাত্র-ছাত্রীদের একটু সাহায্য করতে পারেন, ছাত্ররা অ্যাডমিশন নিতে পারেন। আশা করছি মাননীয় মন্ত্রী মহাশয় এ ব্যাপারে আমাদের সহযোগিতা করবেন।

শ্রী সাম্যপেয়ারী মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিগত পঞ্চায়েত নির্বাচনে মহাজোট তথা টি.এম.সি. বি.জে.পি দল মানুষের সমর্থন পাইনি, মানুষ তাদের আঁস্তাকুঁড়েয় নিক্ষেপ করেছে। কিন্তু তাদের আশ্রিত গুণ্ডা, খুনী আমার বিধানসভা এলাকায় মানুষ খুন করে চলেছে।

স্যর, গত ২১ শে জুন লেলড়া কলেজের ছাত্র প্রভাকর মাহাতো প্রকাশ্য দিবালোকে, বেলা ১০-টার সময় খুন হয়। ২৫-শে জুন শংকর ধীবর খুন হয় এবং গত ১৮-ই জুলাই গোল্টু মাঝি কৃষি খামার থেকে বাড়ি ফেরার পথে খুন হয়।

ঐসব বি.জে.পি.—টি.এম.সি. আশ্রিত গুন্ডারা প্রকাশ্য দিবালোকে ঘুরে বেড়াচ্ছে। অবিলম্বে ঐ খুনীদের গ্রেপ্তার এবং তাদের উপযুক্ত শাস্তির দাবি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে করছি।

শ্রীমতী মায়ারানী পাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এলাকা বহরমপুর শহরে গঙ্গার উপরে ভাগীরথী ব্রিজটা খুব খারাপ অবস্থায় রয়েছে। এই ব্রিজের উপর দিয়ে প্রতিদিন অসংখ্য লোডেড ট্রাক, বাস এবং মানুষজন যাতায়াত করে। ব্রিজটা এত খারাপ অবস্থায় যে যে কোন দিন, যে কোন সময় একটা বিপদ হতে পারে। তাই মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অতিসত্বর ব্রিজটা সংস্কার করা হয়। না হলে আগামী যে কোন দিনে দুর্ঘটনা ঘটতে পারে।

শ্রী মানস মুখার্জী ; মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা কামারহাটিতে দক্ষিনেশ্বরে কালীমন্দিরের ব্যাপারে কামারহাটি পৌরসভার একটি সিদ্ধান্তকে ঘিরে বিশ্ব হিন্দু পরিষদ, বি.জে.পি. এবং তাদের দোসর তৃণমুল, কংগ্রেস সেখানে তীব্র ধর্মীয় উন্মাদনা সৃষ্টি করছে, একটা সাম্প্রদায়িকতার বাতাবরণ তৈরি করার চেষ্টা করছে। তার ফলে এ অঞ্চলের সাধারণ শান্তিকামী মানুষ, ধর্মনিরপেক্ষ মানুষ তারা সন্ত্রস্ত। বিষয়টি আর কিছুই নয়, ঐ দক্ষিণেশ্বর কালীমন্দিরের তীর্থযাত্রীদের উপর কোন কর বা ট্যাক্স পৌরসভা দায়ের করেনি। তারা সিদ্ধান্ত গ্রহণ করেছেন পরিষেবাকে আরও উন্নত করার জন্য ঐ মন্দিরে যাওয়ার পথে যেসমস্ত ভেহিকেল্স যারা মন্দিরে ঢুকবে যে টু হুইলার, ৪ হুইলার বা বড় গাড়ি তাদের থেকে সামান্য পয়সা তারা সংগ্রহ করবেন পরিষেবাকে আরও উন্নত করার জন্য, তীর্থযাত্রীদের কাছ থেকে কোন পয়সা সংগ্রহ করার প্রয়োজন নেই। এটাকে নিয়ে কামারহাটি পৌরসভা এলাকায় বি.জে.পি, বিশ্ব হিন্দু পরিষদ, আর.এস.এস এবং তৃণমুল কংগ্রেস তার সঙ্গে যুক্ত হয়েছে এবং ধর্মীয় উগ্র হিন্দুত্বের প্রচার করছেন যারফলে ঐ অঞ্চলে সংখ্যাগুরু এবং সংখ্যালঘু মানুষ সকলে একসঙ্গে থাকি, এই ঘটনায় আমরা আতঙ্কিত। এই অবস্থায় ঐ অঞ্চলের সাম্প্রদায়িক সম্প্রীতীর যে বাতাবরণ, সেই বাতাবরণ বিঘ্নিত হতে পারে, তাই আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করব এই বিষয়ে নজর দিন এবং বিশেষ করে তৃণমুলের বন্ধুদের বলব এই যে আগুন নিয়ে খেলা, এই খেলা থেকে আপনার লোককে বিরত করুন।

শ্রী প্রমথ নাথ রায় : স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর এবং মালদায় পেপারেও নিউজ হয়েছিল, উনি সেটা খেয়াল করেছেন কিনা জানি না, সেইখানে অধিকাংশ বড় রাস্তার আশপাশে যেসমস্ত পতিত জমি আছে সেই জমিতে পার্থেনিয়াম নামে পয়জনার্স প্ল্যান্টে ভর্তি হয়ে গেছে। আমরা যেটা জানতে পেরেছি - এই গাছের বিষয়ক্রিয়ায় বাচ্চাদের শ্বাসকষ্ট জনিত রোগ এবং চর্মরোগ একটা ভয়াবহ রূপ নিতে পারে। আমাদের এলাকার লোক এতে আতঙ্কিত। প্রশাসনকে বহুবার বলেছি, স্বাস্থ্য দপ্তরকে বলেছি। কিন্তু এই গাছ কাটবার প্রয়োজনবোধ করছেন না। আমি স্বাস্থ্য দপ্তরে বলবার পরে, উনি আমাকে বলেছেন কৃষি দপ্তরকে বলুন। এখানে কৃষি দপ্তরে কেউ নেই আমি তাই স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যেহেতু স্বাস্থ্যমন্ত্রী এখানে আছেন। তাই এব্যাপারে যাতে এই বিষাক্ত গাছগুলি বা এই পয়জনাস প্ল্যান্টগুলি কেটে ফেলে নষ্ট করে দেওয়া হয় এবং এর জন্য প্রয়োজনীয় প্রক্রিয়া শুরু করেন এই দাবি আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে করছি।

শ্রী বংশীবদন মৈত্র : স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যদপ্তরের মাননীয় ২জন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি তাঁদের কাছে অনুরোধ করছি যে আমাদের হুগলী জেলার খানাকুলে দুটি ব্লক আছে, ২টি ব্লকে ৬টি স্বাস্থ্যকেন্দ্র আছে, ২টি ব্লকে মেডিকেল হেলথ সেন্টার আছে। সেই জায়গায় একটি আর.এইচ.সি হয়েছে এবং সেটা রুরাল হসপিটালে পরিণত হয়েছে। সেই জায়গায় ৬ জন ডাক্তারের জায়গায় ৩ জন ডাক্তার থাকেন। তারপর তারা ১দিন-২দিন আসে আর ৬দিনের সই করে চলে যায়। এটা খুব অসুবিধাজনক। ৩ জন ডাক্তারের মধ্যে—১ জন দাঁতের একজন শিশুদের জন্য আর একজন প্রশাসনিক হেল্পের জন্য। সেখানে এক্সরে মেশিন আছে এবং তা চালানোর জন্য একজন লোকও আছে, কিন্তু সে মেশিন চালায় না, বাড়িতে চলে যায়। কি তার অনেক খুঁটিনাটি ব্যাপার আছে জানি না। আমরা বার বার বলে হয়নি। গতকাল অনেক লোকজন গিয়ে ডেপুটেশান দিয়েছে তারা অভিযোগ জানিয়েছে। রোগীরা সেখানে এলে এস.ডি. হসপিটালে তাদের ট্রান্সফার করে দিচ্ছে, সেইজন্য সেখানে যাতে প্রয়োজনীয় চিকিৎসা করা যায় এবং ডাক্তারদের সেখানে পাঠানো যায় তার জন্য আমি মাননীয় ২ জন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নিশ্চয়ই এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন। এই অনুরোধ করছি।

[1.20–1.30 p.m.]

শ্রী আবু তাহের খান : স্যর, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শিদাবাদ জেলায় গত বছরের বন্যায় যে বাঁধগুলি ভেঙে গিয়েছিল সেগুলির একটাও আজ পর্যন্ত মেরামত করা হয়নি। এ বছর আবার বন্যা আসার মুখে। আমার মনে হয় এবারে বন্যা এলে মুর্শিদাবাদ জেলার অবস্থা আরো ভয়াবহ আকার ধারণ করবে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীকে অনুরোধ করছি, যে বাঁধগুলো এখনো মেরামত করা হয়নি, সেই সমস্ত বাঁধগুলোর অতিসত্বর জরুরিকালীন ভিত্তিতে মেরামতের ব্যবস্থা করা হোক।

শ্রী দিবাকান্ত রাউত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র সেচমন্ত্রীর

দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী ক্ষেত্র বলাগড়ের ওপর দিয়ে বেহুলা নদী বয়ে গিয়েছে। এ নদীর ওপর ওখানে ৪০টি আর এল আই আছে এবং ২০০০ হেক্টর জমিতে বোরো চাষ হয়ে থাকে। কিন্তু গত দু বছর ধরে এ আর এল আইগুলো বন্ধ আছে। নদী সংস্কারের জন্য এবং সংলগ্ন গেট নির্মাণের জন্য সেগুলো বন্ধ রাখা হয়েছিল। অতি সম্প্রতি বেহুলা নদী সংস্কারের কাজ শেষ হয়েছে এবং সংলগ্ন স্লুইস গেট নির্মাণের কাজও শেষের দিকে। এ বছর এই সময়ে বৃষ্টি না হওয়ার জন্য এ এলাকায় সমস্ত চাষের কাজ বন্ধ হয়ে পড়েছে। সে জন্য আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র সেচমন্ত্রীর বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করে তাঁকে অনুরোধ করছি বিলম্বে এ এলাকার সমস্ত আর এল আইনগুলিতে বিদ্যুৎ সংযোগ করে যত তাড়াতাড়ি সম্ভব চাষের কাজে জল সরবরাহ ব্যবস্থা করা হোক। যাতে তাড়াতাড়ি চাষের কাজ শুরু করা যায় তার জন্য তিনি এ ব্যবস্থা করুন। আশা করব তিনি তাড়াতাড়ি গ্রহণ করবেন। ধন্যবাদ।

শ্রী পবন কুমার লাকড়া : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমার বিধানসভা ক্ষেত্র কালচিনি। এই কালচিনি জলপাইগুড়ি জেলার বনাঞ্চলভুক্ত। কালচিনির উত্তরে বক্সা বনাঞ্চল এবং ভুটান পাহাড়। ওখানে নিয়মিত বে-আইনিভাবে গাছ কাটার ফলে এবং যে-আইনিভাবে ডলমাইট উত্তোলনের ফলে ভুটান পাহাড়ের ধস নেমে এসে এলাকার সমস্ত নদীগুলোকে ভরাট করে দিচ্ছে। ফলে পাহাড়ি নদীগুলি যখনতখন গতিপথ পরিবর্তন করে এ এলাকার আবাদি জমি, বাড়িঘর; বিশেষ করে এ এলাকার প্রধান আয়ের উৎস চা বাগান, সেই চা-বাগানগুলো নষ্ট করে দিচ্ছে। ফলে এ এলাকার মানুষরা ভীষণ বিপদের মধ্যে, কষ্টের মধ্যে পড়ছে। আমি এবিষয়ে বিভাগীয় মন্ত্রী বলেছিলাম যখন উনি আমাদের জলপাইগুড়ি জেলায় গিয়েছিলেন। উনি আমাদের বলেছিলেন এ এলাকায় নদীগুলিকে ঠিক রাখার জন্য ইন্দো-ভুটান নদী কমিশন হচ্ছে। আমি আজ আবার বিষয়টা উল্লেখ করতে বাধ্য হচ্ছি যে, আজ পর্যন্ত ওখানে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। আমাদের আশঙ্কা হচ্ছে, ঐ রিভার কমিশন যখন কাজ করতে নামবে তখন আর আমাদের এলাকায় কোন অস্তিত্বই থাকবে কিনা। আমার আশঙ্কা হচ্ছে ততক্ষণে সমস্ত এলাকা নদীগর্ভে বিলীন হয়ে যাবে। সে জন্য আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারকে অনুরোধ করছি অতিসত্বর ওখানে ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় একটা রাস্তা আছে। সেই রাস্তাটা হচ্ছে মৈনী ইছাপুর রোড। শ্যামপুর এক নং ব্লকের এ রাস্তাটা শ্যামপুর থেকে গড়চুম্বক সেতু পর্যন্ত গিয়েছে, যে সেতুটি পূর্তমন্ত্রী উদ্বোধন করেছিলেন। বর্তমানে এ রাস্তাটির অবস্থা খুবই খারাপ। এ রাস্তা দিয়ে অনেক বাস যাতায়াত করে। সরকারী বাস, বেসরকারী বাস অনেক লোক নিয়ে প্রতিদিন এ রাস্তা দিয়ে যাতায়াত করে। স্কুলের ছাত্র-ছাত্রীরা, সরকারী কর্মচারীরা, সর্বস্তরের হাজার হাজার মানুষকে এতদিন এ রাস্তাটা ব্যবহার করতে হয়। কিন্তু রাস্তাটায় এমন সব বিরাট গর্ত তৈরি হয়েছে যে, যে কোন মুহূর্তে বড় রকমের দুর্ঘটনা ঘটতে পারে, মানুষের জীবনহানি হতে পারে। এ বিষয়ে আমি ইতিপূর্বে পূর্তমন্ত্রীর কাছে লিখিত আবেদন জমা দিয়েছি। আমি আশা করব অবিলম্বে এ রাস্তাটা তদন্ত করে দেখে মেরামতির ব্যবস্থা করা হবে। আমি তাই আবার বিষয়টির

প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে বর্ষার মধ্যেই রাস্তাটার সংস্কারের কাজ হয় তার জন্য অনুরোধ করছি। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জনস্বার্থে আমি এই কথা বলছি। মৈনী ইছাপুর রোডের কাছ থেকে শ্যামপুর থানার গড়চুম্বক সেতু পর্যন্ত রাস্তার অবস্থা খুবই খারাপ। আমি আশা করবো, আপনি দায়িত্ব নিয়ে পূর্তমন্ত্রীর কাছে আমার বক্তব্য পেশ করবেন যাতে রাস্তাটি সংস্কার হয়।

শ্রী গোলাম কিব্রিয়া মিঞা : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা বেলডাঙা ও তার পাশের এলাকা বহরমপুর এই দুটি এলাকার উপর দিয়ে ৩৪ নম্বর জাতীয় সড়ক এবং রেললাইন গেছে। এই ৩৪ নম্বর জাতীয় সড়ক এবং রেললাইনের ৩টে জায়গায় লেভেল ক্রসিং আছে। এই ৩টে জায়গায় যানজট এমনভাবে হয় যে ১/২ ঘণ্টা আটকে যেতে হয়। সেখানে একটা বাই-পাশ রাস্তা করলে জনগণের সুবিধা হবে। সুতরাং ভাবতা থেকে বলরামপুর পর্যন্ত রাস্তাটির বাই-পাশ রাস্তা করলে লেভেল ক্রসিং-এর হাত থেকে রেহাই পাওয়া যাবে। আমি এই বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মহঃ আবদুল করিম চৌধুরী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার মন্ত্রীদের প্রতিবাদে আমরা তৃণমূল থেকে ২ মাস বিধানসভা বয়কট করেছিলাম। এই ২ মাস বিধানসভা বয়কট করা আমাদের ঠিকই ছিল। গত ২৫ বছর ধরে এই বিধানসভায় সন্ত্রাসের বিরুদ্ধে আমরা অনেক কথা বলেছি, কিন্তু আজ পর্যন্ত তার কোন প্রতিকার পাইনি। আজকে বিধানসভায় যে উল্লেখ করছি, সেটা যেহেতু বয়কট করার পর হাউসে এসেছি এবং এটা করার দরকার বলে তাই করছি। উত্তর দিনাজপুরে আমার ইসলামপুর কেন্দ্র। সেখানে সন্ত্রাসে এত লোক ভিকটিম হয়েছে অথচ পুলিশ আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা নিল না। পঞ্চায়েত নির্বাচনের রেজাল্ট বেরুনোর পর ১৪ এবং ১৫ ই মে তারিখ থেকে প্রত্যেকটি বাড়িতে লুটপাট চলছে। সি.পি.এম. বলছে খতম করবো না, লুট করবো। ১১, ১২, ১৯, ২৫টি গরু লুঠ করে নিয়ে চলে গেছে। মেয়েদের তুলে নিয়ে হওয়ার হুমকি দিচ্ছে। থানায় অভিযোগ জানাতে গেলে ডায়েরি নিচ্ছে না। কোন কেস নিচ্ছে না। আমি এস.ডি.ও., এস.ডি.পি.ও.কে বলেছি, কিন্তু তারা কোন প্রতিকারের ব্যবস্থা নেয়নি। বহু গরু এখনও পর্যন্ত উদ্ধার করা যায়নি। না গরু মোষ উদ্ধার করা গেছে, না মেয়েদের প্রোটেকশন দেওয়া হয়েছে। থানায় কোন কেস রুজু হয়নি, আসামীরা ঘুরে বেড়াচ্ছে। আমরা কোন্ রাজত্বে বাস করছি? জঙ্গলের রাজত্বে? পুলিশ প্রশাসন বলে কিছু নেই, অ্যাডমিনিস্ট্রেশন নেই। সেইজন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাইছি আসামী ধরা হোক, গরুগুলি উদ্ধার করা হোক এবং মেয়েদের প্রোটেকশন দেবার ব্যবস্থা করা হোক।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জনস্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় হরিশংকরপুর

রোডের ইছাবাছা থেকে শংকরপুর পর্যন্ত রাস্তাটির অবস্থা খুবই খারাপ হয়েছে। যানবাহন চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। ঐ রাস্তাটি এখনই যদি সারনো না হয় তাহলে যে কোন সময়ে দুর্ঘটনা ঘটে যেতে পারে। তাই অবিলম্বে রাস্তাটি যাতে সারানো হয় তার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1.30–1.40 p.m.]

ZERO HOUR

শ্রী অশোক দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি, সি. ই. এস. সি. একটা নতুন ব্যবসা আরম্ভ করেছে। ইলেকট্রিক বিল পেমেন্ট করা সত্ত্বেও এবং ইলেকট্রক বিল থাকা সত্ত্বেও সি. ই. এস. সি. পুলিশের সাহায্যে নিরীহ মানুষদের কেস দিয়ে হয়রান করছে, বলছে তোমরা ইলেকট্রক বিল দাওনি অথবা তোমরা বেআইনিভাবে কানেকসান নিয়েছ। গতকাল এইভাবে আমার এলাকায় ৫০ জনকে ধরা হয়েছে এবং হ্যারাস করা হচ্ছে। ছোট একটা গম ভাঙানোর কল আছে এমন লোককে বলা হচ্ছে যে তোমাকে দু লক্ষ টাকা পেমেন্ট করতে হবে। স্যার, সারা বছরে তার দু লক্ষ টাকার বিল ওঠে না আর তাকে বলা হচ্ছে এখনই তোমাকে দু লক্ষ টাকা পেমেন্ট করতে হবে। এর ফলে স্যার, সাধারণ মানুষরা আতঙ্কিত হয়ে পড়ছেন। পূজার সময়ও সি. ই. এস. সি. এইভাবে মানুষকে হয়রান করে এবং বেশি টাকার বিল পাঠায়। এখানে মাননীয় সদস্যরা সি. ই. এস. সি.-র এই অত্যাচারের কথা জানেন। আমার কথা হচ্ছে, যারা বিদ্যুৎ চুরি করছে, অন্যায় করছে, অবশ্যই তাদের সি. ই. এস. সি. পুলিশের সাহায্যে ধরুক, তাদের শাস্তি দিক, কিন্তু নিরীহ মানুষদের ধরে এক/দু দিন পুলিশের লক আপে রেখে যেভাবে তাদের হয়রান করা হচ্ছে তা অবিলম্বে বন্ধ হওয়া দরকার। এই বিষয়টির প্রতি মাননীয় বিদ্যুৎমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বেকারভাতা দেওয়া প্রায় তিন বছর হতে চললো বন্ধ হয়ে গিয়েছে। এই বেকারভাতা দেওয়ার জন্যই বৃত্তিকর নেওয়ার ব্যবস্থা করা হয়েছিল। ৩০ লক্ষ কর্মক্ষম ব্যক্তি এই বৃত্তিকর দিয়ে থাকেন। এর মধ্যে ১০ লক্ষ সরকারী কর্মী আছেন এবং অন্যদের ক্ষেত্রে রাজ্য সরকার তাদের নিয়োগকর্তার মাধ্যমে এই বৃত্তিকরটা নিয়ে থাকেন। বৃত্তিকর থেকে রাজ্য সরকারের বছরে ২৮৮ কোটি টাকা আয় হয়, কিন্তু তা সত্ত্বেও বেকারদের বেকারভাতা দেওয়া হচ্ছে না। ২০০১ সালে ৫০ হাজার বেকার যুবককে ২৫০০ টাকা করে এককালীন ভাতা দেওয়া হয়েছিল এবং তাতে রাজ্য সরকারের খরচ হয়েছিল ১৪ কোটি টাকা, কিন্তু ২০০২-০৩, ২০০৩-০৪-এ বেকারভাতা দেওয়া হয়নি। বৃত্তিকর কিন্তু যথারীতি আদায় করা হচ্ছে। অবিলম্বে বেকারভাতা যাতে দেওয়া হয় তার জন্য আমি দাবি জানাচ্ছি।

শ্রী সৌগত রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খুবই সংক্ষেপে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের

প্রতি মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, প্রত্যেকবারের মতন এবারেও হায়ার সেকেন্ডারির ফল বার হওয়ার পর কলেজগুলিতে আন্ডার গ্রাজুয়েটে ভর্তির ব্যাপারে খুবই বিশৃঙ্খলা চলেছে। যে কোন ভাল কলেজের সামনে দিয়ে যদি আপনি যান দেখবেন এক মাইল লম্বা লাইন পড়ে গিয়েছে ভর্তির ফর্মের জন্য। আজকে সকালেই একজন বলছিলেন, যোগমায়া দেবী কলেজে তিন ঘন্টা দাঁড়িয়েও ফর্ম পাইনি। এই ফর্ম দেওয়াকে কেন্দ্র করে বিভিন্ন কলেজে এস. এফ. আই. হস্তক্ষেপ করছে, তার ফলে মারামারিও হচ্ছে। গতকাল লেক থানার অধীনে সিটি কলেজে খুব গুরুতর মারামারি হয়েছে, ছাত্র পরিষদের ছেলেদের বনাম এস. এফ. আই.-এর ছেলেদের। একটা ছেলে সেখানে থেকে পালাতে গিয়ে বাসের ধাক্কা খেয়ে মারা গিয়েছে। এটা স্যার, খুব ট্রাজিক ঘটনা। গতকাল নর্থ সিটি কলেজের ছাত্র ইউনিয়ান ঘেরাও করেছে অধ্যক্ষকে এবং সেখানে গন্ডগোল হয়েছে। আমি গতকালই উল্লেখ করেছি যে প্রেসিডেন্সি কলেজে ফর্ম দেওয়া নিয়ে গোলমাল হচ্ছে। সেখানে এন্ট্রান্স পরীক্ষার ব্যাপারে এস. এফ. আই.-এর যে হস্তক্ষেপ তা নিয়ে সকলে ক্ষোভ প্রকাশ করেছেন। মৌলানা আজাদ কলেজ, একটি সরকারী কলেজ, সেখানেও দেখা যাচ্ছে — টাইমস্ অব ইন্ডিয়াতে প্রকাশিত হয়েছে খবর — ফর্ম দেওয়া নিয়ে কেস হচ্ছে। নির্দিষ্ট কি বেসিসে ভর্তি হবে কলেজগুলি যদি সেটা টাঙিয়ে দেয় তাহলে এই অবস্থা হয় না। কলেজে ভর্তির নামে এবং ফর্ম দেওয়া নিয়ে অনেক টাকাও আদায় করা হচ্ছে এবং ছাত্রছাত্রীরাও হ্যারাস হচ্ছে। এটা অবিলম্বে বন্ধ হওয়া দরকার। ছেলেরা হ্যারাসড হচ্ছে, অবিলম্বে এটা বন্ধ হওয়া দরকার। মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, কলেজে কি রকম সিট খালি আছে, বিশেষ বিজ্ঞপ্তির মধ্যে দিয়ে এই বিশৃঙ্খলা দূর করা দরকার। ছাত্র-ছাত্রী এবং অভিভাবকদের কষ্ট লাঘব করা দরকার।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভিন্ন সমস্যায় জর্জরিত বাংলার স্বাস্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকে জানতে পারলাম সংবাদপত্রের মাধ্যমে যে মাননীয় স্বাস্থমন্ত্রীর আর একজন সহযোগী শ্রী প্রতীম চ্যাটার্জী মহাশয় প্যাথোলজিক্যাল ল্যাবোরেটরী থেকে ব্লাড টেস্ট করার জন্য ডেকেছিলেন। তারা তাঁর বাড়িতে এসে রক্ত নিয়ে গিয়েছিল। তিনি খালি পেটে রক্ত দিয়েছিলেন। এই ব্লাড টেস্টের রিপোর্টে বললো ১৫০ হয়েছে। তাতে তাঁর মনঃপুত না হওয়া পুনরায় করাতে বললো ২৫০ আছে। আবার একবার করাতে বললো ৩০০ আছে তারপর বলছে ৪০০ আছে। এমন অবস্থা দাঁড়িয়েছে, দমকল দপ্তরের মন্ত্রী প্রতীম চট্টোপাধ্যায়, তিনি যেটা বলছেন সেটা খুবই মারাত্মক, তিনি বলছেন যে স্বাস্থ্য ব্যবস্থার প্রতি আমার আস্থা নেই, আমি ক্রেতা সুরক্ষা আইনের সাহায্য নেব। তিনি ক্রেতা সুরক্ষা আইনে যাচ্ছেন। বর্তমানে এমন একটা অবস্থা হয়েছে, এই প্যাথোলজিক্যাল সেন্টার — মাননীয় স্বাস্থমন্ত্রী জানেন কিনা জানি না, স্বাস্থ্যমন্ত্রী আছেন উত্তর দেবেন —এই প্যাথোলজিক্যাল সেন্টারগুলোর লাইসেন্স নেই, অনুমোদনের কোন ব্যবস্থা নেই। তা সত্ত্বেও তারা এই বন্দোবস্ত করছে। ব্যাঙের ছাতার মতো এইগুলো গজিয়ে উঠছে। অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা নেবার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী প্রফুল্ল ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমিও স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যদিও সেই ব্যাপারে উনি একটু আগে উত্তর দিয়েছেন। আমাদের নদীয়া জেলার বিভিন্ন হাসপাতালে এ. আর. ডি.-র খুব অভাব। এই বিষয়ে আমি মন্ত্রী মহাশয়কে ব্যক্তিগতভাবে বলেছিলাম। আমি অনুরোধ করবো নদীয়া জেলায় বিশেষ করে আমার বিধানসভা কেন্দ্র করিমপুরে এ. আর. ডি.-র খুব অভাব। একজন মারা গিয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি যেন নিজে উদ্যোগ নিয়ে নদীয়া জেলার বিভিন্ন হাসপাতালে বিশেষ করে করিমপুরের হাসপাতালে এ. আর. ডি.-র ব্যবস্থা করেন।

শ্রী গুরুপদ দত্ত : (নট প্রেজেন্ট)

শ্রী নেপাল মাহাত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবাংলার সমস্ত জেলাতে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি কলেজ আছে। এখনও পর্যন্ত পুরুলিয়া জেলায় ইঞ্জিনিয়ারিং ডিগ্রি কলেজ করা হয়নি। পুরুলিয়া জেলার দীর্ঘ দিনের দাবি যে এই জেলাতে একটা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি কলেজ হোক। আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে পুরুলিয়া জেলায় ইঞ্জিনিয়ারিং ডিগ্রি কলেজ খোলার যেন ব্যবস্থা করা হয়।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : স্যার, দীর্ঘ লড়াই সংগ্রামের মধ্যে দিয়ে শ্রমিককর্মচারীরা ধর্মঘটের অধিকার অর্জন করেছিল। এটা সংবিধানসম্মত নয় বলে উদ্যোগ নেওয়ার চেষ্টা চলছে। তামিলনাড়ুতে সরকারী কর্মচারীদের ধর্মঘট চলছিল। তাদের মুচলেকা দিয়ে কাজে যুক্ত করতে বাধ্য করা হয়েছে। স্বাধীন ভারতে এই ধরনের ঘটনা আর ঘটেনি, এই জিনিস কল্পনাও করা যায় না। এই বিশ্বায়নের ফলে শ্রমিককর্মচারীদের অধিকার ভীষণভাবে খর্বিত হচ্ছে। মালিকদের অধিকার দিয়ে দেওয়া হয়েছে আমাদের দেশে আইন করে যে, যে কোন সময় কারখানা বন্ধ করে দিতে পারে, রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকারের অনুমতি নিতে হবে না।

[1.40–2.15 p.m.] (including recess)

এই রকম একটা পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য একটি সুদৃঢ় আইন করা দরকার যার দ্বারা শ্রমিকরা তাদের অধিকার রক্ষা করতে পারে। স্বাভাবিকভাবে আমি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে এই ধরনের আইন করে শ্রমিককর্মচারীদের স্বার্থে তা রূপায়ণ করা যায়।

শ্রী লক্ষ্মীকান্ত রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলা জলপাইগুড়িতে সেখানে এবার থেকে ফার্মাসী ইন্‌স্টিটিউটে বি. ফার্ম কোর্স চালু হবার কথা। সেখানে ৬০ জন স্টুডেন্টসের মধ্যে ৪০ জন জয়েন্ট এন্ট্রান্স দিয়ে আসবেন এবং ২০ জন সরাসরি ভর্তি হবার কথা। আমরা শুনলাম এবারে জয়েন্ট দিয়ে ৪০ জন আসবেন, আর ২০ জনের বিষয়টি এবারে থাকছে না। আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই বছর থেকে এটা চালু করা যায়।

শ্রী প্রত্যুষ মুখার্জী : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিধানসভার মাননীয় সদস্য লক্ষীকান্ত রায় যে প্রশ্ন তুলেছেন, জলপাইগুড়ি ফার্মাসিস্ট ইন্‌স্টিটিউটে এই বছর থেকে বি. ফার্ম কোর্স চালু হচ্ছে। ওরা বলছে ৪০ জন জয়েন্ট এন্ট্রান্স থেকে আসবে। বাকি ২০ জন ডিপ্লোমা-ইন-ফার্মাসিস্ট যারা ইন-সার্ভিস স্টুডেন্টস্, তাদের দেওয়ার ব্যাপারে বিবেচনা করা যায় কিনা—যেহেতু এবারে এটি চালু হচ্ছে এবং অ্যাডমিশন পলিসি, কোন আইনগত যুক্তিগ্রাহ্য কিছু নেই, সেইহেতু আমাদের সরকার'এর পক্ষ থেকে এই ধরনের কোন সিদ্ধান্ত নেওয়া সম্ভব হয়নি। ডিপ্লোমা ইন ফার্মাসিস্ট এবং ইন-সার্ভিস স্টুডেন্টস্'এর ক্ষেত্রে যদি সম্ভব হয় সেটা আমরা খতিয়ে দেখবো। জয়েন্ট এন্ট্রান্স থেকে ৬০ জন কৃতী ছাত্র ভর্তি হবেন, এটা পরের বার থেকে করা যায় কিনা তা আমরা দেখবো।

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। স্যার, পুরুলিয়া জেলায় গত বছর খরা হয়েছিল। সরকার খরা ঘোষণা করেছিলেন। এবছর বৃষ্টি না হবার ফলে গত বছরের চাইতে এ বছরের অবস্থা আরও খারাপ। এবারে এত কম বৃষ্টি হয়েছে যে, পুরুলিয়ার অনেক জায়গায় খালবিল, ডোবাতে ব্যবহারের মতো জল নেই। অনেক জায়গায় বীজতলা নষ্ট হয়ে গেছে। অবিলম্বে বীজতলার ব্যবস্থা যাতে করা যায় সেজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। ওখানে শ্রমিকদের কোন কাজ নেই। তারা অর্ধাহারে, অনাহারে দিন কাটাচ্ছে। আমি সেজন্য মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী নির্মল দাস : (অনুপস্থিত ছিলেন)।

শ্রী সুব্রত বক্সী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর কাছে একটা আবেদন রাখছি। দক্ষিণ ২৪ পরগনা জেলার ব্যস্ত বাজার অমতলায় গত ১৬ই জুলাই বিকাল ৫টার সময়ে ঐ এলাকার মার্কসবাদী কমিউনিস্ট পার্টির মদতপুষ্ট একদল সমাজবিরোধী বাজারের তেলকল মালিক স্বপন পালের কাছে ২৫ হাজার টাকা চায়। তেলকল মালিক স্বপন পাল টাকা না দেওয়ায় দুষ্কৃতকারীদের সাথে বচসা হয়। দুষ্কৃতকারীদের একজনকে আটকে রাখা হয়। তারপর দেখা যায়, তাকে উদ্ধার করতে দুষ্কৃতকারীদের দলবল ওখানে এসে স্বপন পালকে গুলি করে। দুষ্কৃতকারীদের নাম হচ্ছে ইনসান মীর এবং চন্দন ব্যানার্জী। আজ পর্যন্ত প্রকৃত অপরাধীরা কেউ ধরা পড়েনি। ঘটনার পর ঐদিন ব্যবসায়ীরা এবং স্থানীয় লোকেরা থানা অবরোধ করেন। তাঁরা থানায় ডেপুটেশন দেন। স্থানীয় রাজনৈতিক দলের লোকেরা এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন। এলাকার মানুষ আতঙ্কিত হয়ে পড়েছেন এবং বাজারটিও বন্ধ হতে বসেছে। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, অবিলম্বে দোষীদের গ্রেপ্তার করে এলাকায় যাতে শান্তি বজায় থাকে তার ব্যবস্থা করুন।

(সভার কাজ দুপুর ১.৪৫ মি. হইতে ২.১৫ মি. পর্যন্ত মুলতবী ছিল)

[2.15 – 2.25 p.m.] (After recess)

LEGISLATION

The West Bengal State Health Service(Amendment) Bill, 2003

Shri Surya Kanta Mishra : Sir, I beg to introduce the West Bengal State Health Service (Amendment) Bill, 2003.

(Secretary then read the title of the Bill)

Shri Surya Kanta Mishra : Sir, I beg to move that the West Bengal State Health Service (Amendment) Bill, 2003 be taken into consideration.

শ্রী অরুণাভ ঘোষ : মাননীয় স্পীকার স্যার, প্রথমত এই বিলটির কয়েকটি অসংগতির ব্যাপার দেখা যাচ্ছে। এরপরে মাননীয় মন্ত্রীর কাছে আস্তে আস্তে অন্যদিকে যাব। প্রথমত বলেছেন প্রভিশন ২তে "Provided also that it shall be the duty of a person, holding teaching post in any of the non-practising institutions as laid down in sub-section (1), to render in addition to his own duties, patient care services in the polyclinics or pay clinics ..... such non-practising institutions." নন্ প্রাকটিশিং, প্রফেসার, লেকচারার বা অধ্যাপক তাদের কথা বলা হয়েছে। আপনার মনে আছে যখন টিচারদের প্রাইভেট টিউশানের ব্যাপারে যুক্তি দিয়ে বলেছিলেন মাননীয় মুখ্যমন্ত্রী যে, টিচাররা প্রাইভেট টিউশান করতে পারবে না, কারণ সারাদিন কাজের পরে বাড়ি গিয়ে বিকেলে প্রাইভেটে কাউকে পড়ালে পরে পরের দিন পড়াশুনো করে এসে পড়াতে পারবে না, সেই এনার্জি তার থাকবে না। তেমনি পেশেন্টদের কেয়ারের ক্ষেত্রেও সারাক্ষণ কাজ করে পলি ক্লিনিক বা পে ক্লিনিকে কাজ করলে পরে কখন বাড়ি গিয়ে পড়বে, রিসার্চ ওয়ার্ক কখন করবেন। সেখানে পে ক্লিনিক, পলি ক্লিনিকে সারা দিন থেকে পরের দিন পড়াশুনো না করে কি করে পড়াবেন? সুতরাং টিচারদের যেমন প্রাইভেট টিউশান বন্ধ করার ক্ষেত্রে যুক্তি দেখিয়েছেন, সেই যুক্তির বাইরে গিয়ে এখানে বলছেন যে পলি ক্লিনিক, পে ক্লিনিক টিচাররা নন প্রাকটিশিং ইনস্টিটিউশানগুলো দেখভাল করবেন। এর টিচার যারা আছেন তারা যদি রিসার্চ না করেন, পড়াশুনো না করেন তাহলে পরের দিন পড়াবেন কি করে, পরের দিন তো ক্লাশ নিতে পারবেন না, ভাল পড়াতে পারবেন না। সুতরাং এই ব্যাপারটা দেখার আছে। তারপরে বিলে আরেকটা মারাত্মক ব্যাপার হচ্ছে যে, টিচার নিয়োগের ব্যাপারে বলেছেন যে, দুটো মেডিকেল কলেজ করা হবে এবং দুটো মেডিকেল কলেজ করে প্রচুর টিচার দরকার হবে। সেখানে টিচার কিভাবে আনা হবে? আপনার সেকশন ১৪ বলা আছে যে, পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে ভাল ছাত্র-ছাত্রীদের শিক্ষকতার জন্য ঢোকানো হবে। পাবলিক সার্ভিস কমিশনকে অ্যাভয়েড করে, তাদের বাইপাস করে, তার মাধ্যমে পরীক্ষা দিয়ে যাতে ঢুকতে না হয়, সেই জন্য যারা হেল্‌থ সার্ভিসে ছিল, যাদের মেয়াদ ১১ বছর ছিল, সেটা বাড়িয়ে

১৫ বছর করে ওদের ঢোকানোর চেষ্টা করা হচ্ছে। অর্থাৎ পি. এস. সি.-র মাধ্যমে না গিয়ে লেস কোয়ালিফায়েড লোকেদের ঢোকাতে চেষ্টা করা হচ্ছে। এটা ভুলে যাবেন না, যদি মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়াকে জানিয়ে দিই যে, এরা অযোগ্য টিচার এবং সোজা পথে যারা অ্যাডমিশন পেত না, শিক্ষকতা করার সুযোগ পেত না, তাদের মেডিক্যাল কলেজে শিক্ষক করেছেন? ইতিমধ্যেই যেটা বলছেন, কলকাতায় পোস্ট গ্রাজুয়েটে, পোস্ট গ্রাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ ইন্‌স্টিটিউটে ডি. এম. ইন নেফ্রল, সেখানে কোন ফুল টাইম প্রফেসার নেই, অ্যাড-হক প্রফেসার দিয়ে চালাচ্ছেন। কারণ, এদের যে ডিগ্রি থাকা দরকার সেটা নেই। যেমন, ডিপার্টমেন্ট অফ গ্যাস্ট্রো-এন্টেরোলজি, পি. জি. হাসপাতালে যেখানে প্রফেসার অ্যান্ড হেড অফ দা ডিপার্টমেন্ট যিনি আছেন, ডাক্তার বলা হচ্ছে, রিক্যুইজিট কোয়ালিফিকেশন নেই, কারণ তার ডি. এম. ডিগ্রিটাই নেই, যেটা প্রয়োজন লেকচারার হিসাবে ঢোকার জন্য। জোড়া-তাপ্পি দিয়ে করেছেন। যখন মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়ার লোকেরা আসছে, তারা দেখছে বেশীর ভাগ আন-কোয়ালিফায়েড টিচার। সুতরাং সেটাকে আরও পারপিচ্যুয়েট করার জন্য আপনি এই পি. এস. সি.কে বাদ দিয়ে যাচ্ছেন। যুক্তি দিচ্ছেন — পি. এস. সি.তে অনেক সময় লাগে। কিন্তু পি. এস. সি. তো আপনার স্টেটেরই কমিশন। যদি পি. এস. সি.তে তাড়াতাড়ি লোক নিয়োগের ব্যবস্থা করেন, তাহলে থ্রু পাবলিক সার্ভিস কমিশন বেস্ট সেট অফ টিচার আপনি পাবেন। তাহলে কেন নিজেদের এই ধরা লোকদের দিয়ে করাবেন, গোড়াতেই যাদের ঠিক ছিল পড়াতে যাবে না বা যাদের কোয়ালিফিকেশন ছিল না বলেই শিক্ষকের চাকরি পায়নি? সুতরাং পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমেই করুন এবং যেটা করতে চাইছেন সেটা করবেন না। মেডিক্যাল কলেজে ছাত্র ভর্তি করলেই তো হল না। অবজেক্টস অ্যান্ড রিজনস্ বলছেন, The State Government had earlier enhanced the undergraduate student admission capacity in three peripheral Medical colleges of this State thereby increasing the total annual student intake from 755 to 905 in the year 2001. It has also been decided to start two new Medical Colleges at Midnapore and the Institute of Postgraduate Medical Education and Research, Kolkata, with an annual student intake capacity of at least 100 each from the forthcoming academic year. The Medical Council of India is scheduled to make an inspection visit at the said Medical colleges for adjudicating on the standards of facilities available there, with special reference to the teaching personnel position. Therefore, unless the requirement of the prescribed quantum of Medical teachers at those new Medical Colleges are not met by way of expeditious recruitment, the State Government would not be able to obtain requisite clearance from the Medical council of India.' তার মানে আপনি স্বীকার করে নিচ্ছেন যে, প্রপারলি এডুকেটেড মেডিক্যাল পার্সোনেল নেই আপনার হাতে এবং লেস কোয়ালিফায়েড পার্সন, তাদের মেডিক্যাল টিচার হিসাবে দাঁড় করিয়ে দিতে চান। তাহলে

বেয়ারাদের অ্যাপ্রোন পরিয়ে দাঁড় করিয়ে দিন না, এবং এম. সি. আই. এর লোকেরা এলে বলবেন — এরাই আমাদের টিচার। এতে স্টেটের ভয়ানক ক্ষতি হচ্ছে। প্রথমত, যেসব টিচার নিয়োগ করছেন, তারা লেস কোয়ালিফায়েড লোক, পড়াশোনায় প্রথম শ্রেণী পায়নি সেইজন্য টিচিং স্টাফ হয়নি বা আপনি দেননি, এখন তাদেরই নিজেদের দায়িত্বে দিচ্ছেন। বলছেন আপনার স্টেটমেন্টেই, you don't have the reuqisite staff having proper qualifications, you are bent upon taking people who don't have the requisite requirments by lowering their qalifications which is ultra virus even in law. যে কোন জায়গাতেই লেস কোয়ালিফায়েড লোককে দিয়ে দাও; এখন আপনারা সেটা করছেন। এবং মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়াকে প্রকারান্তরে ভাঁওতা দিচ্ছেন। সুতরাং এটা করা যাবে না। এটা করলে আপনার ক্ষতি হবে। অন্তত আমরা বাধা দেব, মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়াকে বলব—যাদের টিচার হিসাবে দেখানো হচ্ছে, তারা আদৌ কোন টিচার নয়।

[2.25 – 2.35 p.m.]

কোন কোয়ালিফিকেশান নেই এবং আপনারা অবজেক্টস অ্যান্ড রিজিন্‌সে বলেছেন অ্যাডমিট করেছেন যে, এক্ষেত্রে কোয়ালিফিকেশান নেই। কোয়ালিফিকেশান নামিয়ে এদের ঢোকানোর চেষ্টা করানো হচ্ছে। এই যে বছরগুলি বাড়িয়ে দিয়েছেন। ফিগারগুলি নেপাল মাহাত পরে বলবেন। আর একটি পলিক্লিনিকের ব্যাপারে বলছি — ডিউটি আওয়ারসের পরে আপনি প্রথমে বলেছেন এরা চাকরীর বাইরে কোন রোজগার করতে পারবেন না। এটা বলে এদের টিচিং লাইনে নিয়ে আসলেন। বললেন এখন দু রকমের সার্ভিস হবে। ওয়েস্টবেঙ্গল মেডিক্যাল এডুকেশান সার্ভিস, (২) ওয়েস্ট বেঙ্গল হেল্‌থ সার্ভিস। ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল এডুকেশন সার্ভিসের লোকদের শুধু পড়াতে হবে। এরা অন্য জায়গায় নন প্র্যাকটিসিং অ্যালাউন্স পাবে, যেহেতু এরা অন্য জায়গায় চাকরীবাকরী প্র্যাকটিস করতে পারবে না। এখানে জোর করে করে দিচ্ছেন। যে লোকটা পড়াশোনা করতে চায়, তাকেও বলছেন—Provided also that it shall be the duty of a person, holding teaching post in any of the non-practising institutions as laid down in sub-section (1), to render, in addition to his own duties, patient care services in the Poly Clinics run in such non-practising institutions.''তার মানে আপনি একটা লোককে জোর করছেন যে, "তোমাকে ৮ ঘন্টার পরেও কাজ করতে হবে এবং কোয়ালিটি যাই থাক, আপনাকে কোয়ানটিটি দেখাতে হবে। সারাদিনের কাজের পরে addition to his own duties, patient care services in the polyclinics. করতে হবে। আর একটা অভিযোগ আছে যে, আপনি আউটডোরটা ভাল করছেন না কেন? আপনি বলুন তো এখনও পর্যন্ত যে কটা পলি ক্লিনিক করেছেন সেখানে কতজন রোগী দেখাতে আসে? আমার কাছে খবর আছে প্রথম যখন চেস্ট খুললেন, মেডিক্যাল কলেজ, সেখানে একজনমাত্র রোগী দেখিয়েছিল। লোকই হচ্ছে না। একশো-দেড়শো টাকা দিয়ে করছেন, এক্ষেত্রে একটেন্ড করছেন

না কেন? আউট ডোরে বলে দিন না যে, ৫টার পরে আউটডোর খোলা হবে। হোয়াই গোয়িং ফর পলিক্লিনিকস। আপনি টিচারদের একজস্ট করে দিচ্ছেন, যাতে পরের দিন ওরা পড়াশোনা করতে না পারে। তাই আপনাকে অনুরোধ করছি যে, এটা উইথড্র করুন। সিলেকট কমিটিতে পাঠান পুনর্বিবেচনার জন্য। একেই মেডিক্যাল কলেজের সর্বনাশ হয়ে গেছে। এটা করলে আরও হবে। যেহেতু ডাক্তার টপে থাকে, ক্লাস ফোর্থ স্টাফ গন্ডগোল করলে ডাক্তারদের সাসপেন্ড করে দিচ্ছেন। পি জি হাসপাতালে গিয়ে দেখুন, ক্লাস ফোর্থ স্টাফদের কিছু জিজ্ঞাসা করলে তারা কোন উত্তর দেয় না। প্রথমেই আপনি ডাক্তারদের সাসপেন্ড করে দিচ্ছেন। তাদের ডিফেন্সের সুযোগ দিচ্ছেন না। কেউ মারা গেলে প্রথম ক্যাজুয়ালটি যে সে হল ডাক্তার। তার জন্যই বলছি যে, আগে এই ব্যাপারে তদন্ত করে দেখতে হবে। টপে বসে আছে ডাক্তার, সুতরাং তাকে ধর। ক্লাস ফোর্থ স্টাফরা কি করছে, সেটা দেখছেন না। এই বিল্ডিং থেকে অন্য বিল্ডিংএ নিয়ে যেতে হলে কি হচ্ছে সেটা দেখছেন না। আমার নিজের বাড়ীর ক্ষেত্রে হয়েছিল যে, এই বিল্ডিং থেকে অন্য বিল্ডিংএ রোগীকে নিয়ে যাওয়া যাচ্ছে লোক নেই বলে। শেষে আমাকে লোক পাঠিয়ে বলতে হল যে, রোগী এম এল এ বাড়ীর। তারপর তাকে নিয়ে যাওয়ার ব্যবস্থা হল। তাছাড়া আপনি হাসপাতালের টোটাল রেনোভেশান করুন। রিস্ট্রাকচারিং করুন। এইভাবে ভাঁওতাবাজি করে হয় না। টোটাল মেডিক্যাল কলেজের টিচিং স্ট্যান্ডার্ড আপনি কমিয়ে দিয়েছেন। আপনি দুশো জন লোক আর্দালি, বেয়ারার এদের মেডিক্যাল কাউন্সিলের সামনে ডাক্তার সাজিয়ে বললেন এরা ডাক্তার, সুতরাং আমাদের রেকমেন্ডশান দেওয়া হোক। এর ফলে দুএকবার কাউন্সিল অফ ইন্ডিয়া রেকমেন্ডেশান দিতে পারে, কিন্তু আগামীকাল প্রকাশ হয়ে গেলে দুএকবারের পরে সেটা বাতিল হয়ে যাবে। কাজেই যে স্ট্যান্ডর্ড মেডিক্যাল কলেজগুলির থাকার কথা সেটা নেই। উত্তরবঙ্গে নেই, আর জি করে নেই। সেটার জন্য এম. আই. সি থেকে বলে গিয়েছিল যতগুলো টীচার দরকার আপনার স্টুডেন্টকে শেখাবার জন্য সেই টীচার স্টুডেন্ট রেশিও আপনার ঠিক ছিল না। তাই আপনাকে অনুরোধ করছি এই বিলটাকে প্রত্যাহার করুন এবং এই বিলকে সিলেক্ট কমিটিতে পাঠান।

ডাঃ প্রভীন কুমার সাউ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী আজকে মেডিকেল এডুকেশন সার্ভিস সংক্রান্ত যে বিল এনেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য রাখছি। স্যার, যে মেডিকেল এডুকেশন বিল আনা হয়েছিল ৯০ সালে তখন বলা হয়েছিল যে যারা এই টীচিং হাসপাতালে থাকবেন, টীচিং পোস্টে থাকবেন তাদের পোষ্টগুলো হবে নন-প্র্যাকট্রিশিং। এতে একটা সমস্যা দেখা দিয়েছে। আজকে হাসপাতালে পে ক্লিনিক করা হয়েছে। পে ক্লিনিকে যে ডাক্তাররা এসেছেন, রোগীদের দেখছে, আগে একটা হাসপাতাল— এস. এস. কে এম হাসপাতালেই পে ক্লিনিক ছিল, এখন টীচিং হাসপাতালগুলোতে পে ক্লিনিক করা হয়েছে যাতে, যে বীজ ওখান থেকে পাবেন তার একটা শেয়ার এখান থেকে পেতে পারেন। তার জন্য এই বিলটা আনা হয়েছে। কয়েকটা প্রশ্ন মাননীয় সদস্য অরুণাভ বলেছেন যে যারা টীচার তারা একজসটেড হয়ে যাচ্ছেন, তারা আউটডোরের পে ক্লিনিক করতে পারবেন না। সেটা সঠিক নয়। কোন একজন ডাক্তার যিনি টীচিং পোষ্টে আছেন, সপ্তাহে একটা পে ক্লিনিক উনি করবেন,

তার একসারজনের কোন ব্যাপার নেই। প্র্যাকটিশিংএর ব্যাপারটা, উনি হয়তো জানেন না প্রত্যেকটা হাসপাতালে মর্নিংয়ে আউটডোর হয় আবার ইভনিংয়ে আউটডোর হয়, যারা পে করতে পারে, ভালোভাবে দেখাতে চান তাদের একটা মানসিক সন্তুষ্টির জন্য তারা পে ক্লিনিক করতেই পারেন তাতে আপত্তি থাকার কথা নয়। বলেছেন যে পি. এস. সিকে ইগনোর করা হচ্ছে, ইগনোর করা হচ্ছে না। পি. এস. সি কে যথেষ্ট সম্মান করা হচ্ছে। ২০০১ সাল থেকে ০৩ সাল পর্যন্ত পি. এস. সি সব কিছু করেছে। '৯০ সালে বিল করা হল। তখন একটা সমস্যা দেখা দিল যে তাড়াতাড়ি ডাক্তার রিক্রুট করতে হবে, রিক্রুট করতে গেলে পি. এস. সির মাধ্যমে রিক্রুট করতে হবে। পি. এস. সি থেকে রিক্রুট করতে গেলে দু তিন বছর সময় লাগে। এই পদ্ধতিতে করতে গেলে দ্রুত করা যাবে না। সেই সময় একটা অ্যামেন্ডমেন্ট আনতে হয়েছিল সরকারের তরফ থেকে রিক্রুট করতে পারবেন। তাতে যে স্ট্যান্ডর্ড, যে মেথড পি. এস. সি রিক্রুট করে সেই মেথডেই রিক্রুট করা হবে। একটা প্র্যাকটিক্যাল প্রবলেম আছে। একজন ডাক্তার যখন অ্যাডমিশন নেয়, তারপর সে ৫, ৬ বছর পড়ার পর ইন্টার্নশিপ করে, হাউস স্টাফ থাকার পর পোষ্ট গ্র্যাজুয়েট পড়তে দুতিন বছর কাটিয়ে পোষ্ট গ্র্যাজুয়েট পায়, তখন আরও দু তিন বছর তাকে অপেক্ষা করতে হয়। পি. এস. সির মারফত চাকরি পেতে গেলে সেটা সম্ভব নয়। তাই দ্রুত রিক্রুট যাতে করা যায়। এই পাওয়ারটা আনার জন্যই এই বিল আনা হয়েছে। '৯০ সালে পাঁচ বছরের জন্য করা হয়েছিল, ৯৫ সালে সেটাকে ১০ বছর করা হয়।

[2.35–2.45 p.m]

২০০০ সালে ১০টি সেটা বাড়িয়ে ১১টি করা হয়েছে। ২০০১ সাল থেকে ২০০৩ সালের মধ্যে এটা কার্যকরী হয়নি। আবার যখন নতুন করে একটা টিচিং হাসপাতাল মেদিনীপুর, এস. এস. কে. এম. হসপিটাল সেখানে ১০০টি ছাত্র ভর্তির ব্যবস্থা চলছে, সেই সময় এই বিলটা খুব প্রয়োজন হয়ে পড়েছিল। এখন ডাক্তাররা পাশ করবেন— আমি মাননীয় মন্ত্রীকে বলবো এই বিলের মাধ্যমে নতুন যে ডাক্তাররা পোষ্ট গ্রাজুয়েট হবেন তাদের মধ্যে যারা উইলিং ক্যান্ডিডেট, তারা যাতে চাকরীতে ঢুকতে পারে, সেই ব্যবস্থা আপনি করুন, তাহলে ভালো ভালো ইয়ং ডাক্তার ফ্রম দি বিগিনিং অফ দেয়ার ক্যারিয়ার আমরা পাবো। তারা যদি টিচিং প্রফেশানে আসে তাহলে ভালো টিচ করতে পারবে। তারা ফ্রেস ক্যান্ডিডেট, তারা মনোযোগ দিয়ে টীচ করতে পারবে এবং এতে টিচিংয়ে আরও উন্নতি হবে। এটা গুরুত্বপূর্ণ ব্যাপার প্রায় ৩০০ টিচিং ক্যান্ডিডেট পড়ে আছে। এই টিচিং ক্যান্ডিডেটদের তাড়াতাড়ি রিক্রুট করার জন্য এমন পদ্ধতি বের করতে হবে যাতে এই টিচিং ক্যান্ডিডেটদের অ্যাডমিট করানো যায়। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় উনি খুবই উৎসাহী মানুষ, ওনাকে বলবো মেডিকেল এডুকেশনের যে স্ট্যান্ডার্ড এবং অন্যান্য রাজ্যের ভালো ভালো ইনস্টিটিউশানের সাথে যাতে কমপিট করতে পারে সেটা দেখতে হবে। এটাকে ভালোভাবে ডেভালপ করার জন্য উনি চেষ্টা করে যাচ্ছেন। উনি সিট বাড়িয়েছেন, নতুন মেডিকেল কলেজ খোলার চেষ্টা হচ্ছে, মেডিকেল কলেজে শিক্ষক নিয়োগ

হচ্ছে এবং হসপিটালের পরিবেশ যাতে আরও পরিষ্কার হয়, যারা সফিসটিকেট মানুষ যারা পে করতে পারবেন তাদের জন্য পে ক্লিনিকের ব্যবস্থা হয়েছে। এর জন্য অবশ্য নর্মাল আউটডোর এবং ইনডোরের কোন ক্ষতি হবে না, এটা আমার দৃঢ় বিশ্বাস। এই বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নেপাল মাহাত : মি: স্যার, আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ওয়েস্ট বেঙ্গল স্টেট হেলথ সার্ভিস অ্যামেন্ডমেন্ড বিল যেটা সভায় আলোচনার জন্য পেশ করেছেন এবং এই বিলের অবজেক্টস অ্যান্ড রিজনসে তিনি দু-একটি কথা বলেছেন। পশ্চিমবঙ্গে যে মেডিকেল কলেজগুলি নতুনভাবে উনি খুলতে চাইছেন এবং আরও অন্যান্য যেগুলি ইতিমধ্যেই ইন্ট্রোডিউস করেছেন বিভিন্ন জায়গায় সেগুলির স্ট্যান্ডার্ড ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিলের সমতুল্য করতে হবে। এটা নতুন, এখনও পর্যন্ত তিনি ক্লিয়ারেন্স পাচ্ছে না ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিলের কাছ থেকে ইন্ডিয়া গভর্নমেন্ট এই আই. এম. সি.কে এমপাওয়ার দিয়েছে এই সব স্ট্যান্ডর্ডগুলির অবজার্ভেশান করার জন্য। এই জায়গায় তিনি একটা অ্যামেন্ডমেন্ড নিয়ে এসেছেন। এখানে যে অ্যামেন্ডমেন্ড আনা হয়েছে সেখানে ৬ (১) তে বলা আছে The State Government may by notification declare any undergraduate or post graduate medical college or other teaching institutions together with the hospital, if any attached to such medical college or institution to be a non practising institution with effect from such date as may be specified in the notification. " Upon the declaration no person holding any post in such medical colleges or other institutions or the hospitals attached thereto on trms and conditions for practice shall be allowed to hold such posts on terms and conditions for practice."

এটা বলা আছে। উনি এমেন্ড করছেন। যেটা একস্ট্রা করছেন "That it shall be the duty of a person, holding teaching post in any of the non-practising insititutions as laid down in sub-section (1), to render, in addition to his own duties, patient care services in the By Clinics or Pay Clinics run in such non practising institution. অর্থাৎ নন-প্রাকটিসিং ইনস্টিটিউশন ডিফাইন করেছেন। ৬ (১)-এ তার অধীনে, তার ম্যানেজমেন্টে যত ইনস্টিটিউশন, যাই হোক না কেন সেখানে যারা আসবেন ৬(১), ৬(২)-র আওয়ায় পড়ে যাচ্ছেন অটোমেটিক্যালি। এই যে একস্ট্রা নিয়ে এলেন এটা এক্স্ট্রা বার্ডেন। এর মিসইউজ হতে পারে। আপনি বলছেন, পলিক্লিনিক এবং পে-ক্লিনিক তাদের ডিউটি করতে হবে। কিন্তু পলিক্লিনিক এবং পে-ক্লিনিক যেটা সেটা ম্যানেজড বাই নন-প্র্যাকটিসিং অর্গানাইজেশন ডিফাইন করা আছে। সেই নন-প্র্যাকটিসিং অর্গানাইজেশন এবং অ্যাটাচ যে সংস্থাগুলো আছে, পলিক্লিনিক এবং পে-ক্লিনিক, এগুলো অ্যাটাচ হচ্ছে। এখানে যারা কাজ করবেন তারা সব জায়গায় কাজ করতে পারবেন এবং একটা ডিক্লারেশন দিয়ে কাজ করতে পারবেন। এই অ্যামেন্ডমেন্ট প্রয়োজন ছিল বলে মনে হচ্ছে না। আজকে এই যে প্রশ্ন উঠেছে, যারা নন-প্র্যাকটিসিং ডাক্তার কাজ করছেন

তারা অনেক রকম আইন-কানুন থাকা সত্ত্বেও প্রাইভেট চিকিৎসা করছেন। এ ব্যাপারে আপনাকে গ্রাউন্ড রিয়ালিটি সম্বন্ধে চিন্তা করতে হবে। আপনি শিক্ষকদের টিউশন বন্ধ করেছেন ঠিক আছে। কিন্তু বিশ্লেষণের দরকার আছে যে, নন-প্র্যাকটিসিং অ্যালাউন্স যেটা দিচ্ছেন তার পরিমাণ কত? সাফিসিয়েন্ট কিনা? এবং সব সময় ডাক্তারদের উপর ফোর্সলি, আইন করে ব্যবস্থা নেওয়া যায় না। সব কিছুরই পজিটিভ ও নেগেটিভ দিকও আছে। আমার মনে হয় বাস্তব ঘটনা চিন্তা করে নন-প্র্যাকটিসিং ইনস্টিটিউটে যারা কাজ করেন, নন-প্র্যাকটিসিং ইনস্টিটিউটের সঙ্গে যুক্ত সংস্থাও হয়েছে বা হচ্ছে। অর্থাৎ পলিক্লিনিক বা আরো আপনি খুলছেন, সেখানে কাজ করতে বাধ্য হবেন। আপনি মেইন অ্যাকটে অ্যামেন্ড করছেন সেই সঙ্গে সঙ্গে। কিন্তু নন-প্র্যাকটিসিং অ্যালাওন্সের ব্যাপারে ক্লিয়ার করতেন যদি তাহলে তারা ইন্টারেস্ট পেত। কারণ এক্স্ট্রা কাজ আসছে। আমার পূর্বতন বক্তা এব্যাপারে বলছেন। এই সব পোষ্টে যারা থাকেন তারা শিক্ষিত, তাদের পড়াশোনার দরকার আছে, টাইমের দরকার আছে। সে সব দিকে চিন্তাভাবনা করে দেখলে ভালো হত। আরো দুএকটা অ্যামেন্ডমেন্ট আপনি করেছেন। যেমন, অ্যামেন্ডমেন্ট অফ সেক্শন ১৪। এই ১৪ নম্বর অ্যামেন্টমেন্টটা বার বার করছেন। ২০০০ সালে ১১ বছর ছিল, ২০০৩ সালে ১৫ বছর অভিজ্ঞতার ক্ষেত্রে টেনে নিয়ে যাচ্ছেন। ১৫ বছরের এক্সপেরিয়েন্স, কোয়ালিফাইড যারা তাদের চাকরী বা প্রোমোশন দেবেন ১৪ নম্বর অ্যাক্টে। আমি এখানে প্রশ্ন করছি যে ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিল স্পেশিফিক্যালি এই সব হাসপাতালে যারা আসছেন বা যাদেরকে আপনি অ্যাপয়েনমেন্ট দেবেন কি রিকিউজিট কোয়ালিফিকেশান চেয়েছেন সেটা কিন্তু পরিষ্কার করে বলা নেই এবং প্রথম থেকে এই কাজটা করার দরকার ছিল। কারণ দীর্ঘদিন থেকে '৯৪-৯৫ সাল থেকে ২০০১-২০০১ পর্যন্ত সব বারেই এই ডেট আপনি বাড়িয়ে-বাড়িয়ে এসেছেন, পরবর্তীকালে অ্যাপয়েনমেন্টের ব্যাপারে আপনি ২০০৫ সাল পর্যন্ত এখন সময় নিয়েছেন। যে সময়ে পি. এস. সির অধীনে যে চাকরিগুলি হওয়ার কথা এটা একটা বিশেষ পরিস্থিতিতে যেহেতু আপনার বক্তব্য অনুযায়ী ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিলের এর ক্লিয়ারেন্সের দরকার আছে। সেইজন্য আপনি অবিলম্বে অ্যাপয়নমেন্ট দেওয়ার জন্য নিজের হাতে অর্থাৎ সরকারের হাতে ক্ষমতা নিয়ে অ্যাপয়েনমেন্ট দেবেন। এই জায়গাতে একটা দুশ্চিন্তার কারণ থাকছে। কারণ এই পি. এস. সি.-র মাধ্যমে যে চাকুরিগুলি হচ্ছে তাদের রিকিউজিট কোয়ালিফিকেশান, তাদের মেরিটের দাম যা থাকে তা যথেষ্ট এবং অনেক পরীক্ষা দেওয়ার পর সেই জায়গায় চান্স পায়। তাই সরাসরি গভর্নমেন্ট যে অ্যাপয়েনমেন্ট দেবেন এটা কিভাবে নেবে এবং কি তার প্রসিডিওর হবে, সেটা কিন্তু ক্লিয়ার করা নেই। এটাতে সরাসরি অ্যাপয়েনমেন্ট হবে না, আরও কিছু ইন্টারভিউয়ের মাধ্যমে হবে এই জিনিসটা একটু ক্লিয়ার করে আপনার বক্তব্যের মধ্যে বললে ভাল হত। কারণ এই সব পোস্টে যে ডাক্তার আছেন তাদেরকে সরাসরি পশ্চিমবঙ্গ সরকারকে ক্ষমতা দেওয়া হচ্ছে অ্যাপয়েনমেন্ট দেওয়া ক্ষেত্রে। এই জায়গাতে আপনার পরিষ্কার করে বলা নেই। কিন্তু যে অ্যাপয়েনমেন্ট করবে এতে পি. এস. সি- কে সাবসাইড করা হচ্ছে। তাই এই অ্যামেনমেন্ড অবশ্যই প্রয়োজন ছিল। কারণ এই জায়গাতে নতুন যে কলেজগুলি তৈরি করছেন সেই কলেজে অ্যাপয়েনমেন্টের ব্যাপারে যে সুপারিশের ব্যাপার আছে, ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিলের যে ক্লিয়ারেন্সের ব্যাপার আছে এগুলিও ত্বরান্বিত করার জন্য

প্রয়োজন অবশ্যই ছিল। তবে কিছু অ্যামেন্ডমেন্ট করার জন্য যেগুলি হয়ত এখন প্রয়োজন ছিল না। যাই হোক এই যে অ্যামেন্ডমেন্ড এনেছেন এর কিছু অংশের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডা: সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় স্পিকার স্যার, যে অ্যামেন্ডেমেন্ট বিল আনা হয়েছে, আমি তার সমর্থনে সংক্ষেপে দু-একটি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে এই যে এটা খুব সংক্ষিপ্ত অ্যামেন্ডমেন্ট। এটা নতুন নয়, এটা ১৯৯০ সালে যখন থেকে মেডিকেল এডুকেশান চালু আছে তখন থেকে এবং এর আগেও দুটো এ্যামেন্ডমেন্ট হয়েছে। গর্ভণমেন্ট এই পর্যন্ত তারা রিক্রুটমেন্ট করেছিলেন। কেবলমাত্র ২০০১-২০০৩ এই সময় পর্যন্ত -আজ পর্যন্ত - পি. এস. সি তারা রিক্রুটমেন্ট করেছে। তার আগে গভর্নমেন্ট সবসময় রিক্রুটমেন্ট করে এসেছে। এই ২ বছর আমরা দেখছি, চেষ্টা করে পি. এস.সি থেকে যদি লোক পাওয়া যায়, পি. এস. সি ও চেষ্টা করছে। কিন্তু মুশকিল হচ্ছে যে ২টি মেডিকেল কলেজে এবং মেডিকেল কাউন্সিলের যে টোটাল টিচিং পোস্ট খালি আছে, সেগুলি যদি দ্রুত পূরণ না করা যায়, তাহলে এম. সি. আই-এর ইন্‌স্পেকশানে আসে এবং তারা যদি দেখেন পোস্ট খালি আছে, স্বাভাবিক কারণে তারা আপত্তি করবেন, তারা অবজেকশান দেবেন। এত পোস্ট যদি আমার খালি থাকে তাহলে যে কলেজগুলি চালাতে মুশকিল হবে। আমরা তাই দ্রুততার সাথে এই পোস্ট পূরণ করা দরকার যাতে না ক্ষতি হয়। এম. সি. আইয়ের ইনস্‌ফেকশানের ব্যাপার আছে। সেইজন্য আমরা এটা হাতে নিতে চাইছি যেটা আগেও আমি বলেছিলাম যে গত ২ বছর কেবলমাত্র ছিল না, প্রায় তার আগে সবসময়ই গভর্নমেন্ট করে এসেছে। এখন যেহেতু সমস্যাটা খুব অ্যাকিউট হয়েছে, সেইজন্য এই অ্যামেন্ডমেন্টটা আনতে হয়েছে। আর যেটা বলেছেন যে লেস কোয়ালিটির লোকেরা নাকি আমরা নিচ্ছি। তা নেব কেন? এটা ভুল। আপনারা বলেছেন যে নেপ্রোলজি, গ্যাসট্রোএনট্রোলজিতে নাকি ডি. এম পাশ করেননি এইরকম আছেন টিচিং পোস্টে। এটা একেবারের ভুল কথা। অসত্য কথা। এমন কোন টিচিং পোস্ট আমাদের নেই নেপ্রোলজি, গ্যাসট্রোএনট্রোলজি, কার্ডিওথেরাসিস সার্জারীতে ডি. এম পাশ করেননি। ডি. এম পাশ করেছেন তারাই আছে। এছাড়া অনেক টিচিং পোস্ট খালি আছে বাঁকুড়া, বর্ধমান এবং নর্থবেঙ্গলে মেডিকেল কলেজে এই কার্ডিওলজি নিউরোলজি এবং নেপ্রোলজিতে। এটা খারাপ নাকি। কার্ডিওলজিতে লোক পাচ্ছি না, নেফ্রোলজিতে লোক পাচ্ছি না, ইউরোলজিতে লোক পাচ্ছি না। আন্ডার কোয়ালিফায়েড লোক দিয়ে যদি ভর্তি করতাম তাহলে তো সব পদ পূরণ করে দিতে পারতাম। পদগুলি খালি আছে, লোক পাচ্ছি না বলেই। যখন পাবলিক সার্ভিস কমিশন রিক্রুটমেন্ট করেছে তখন তারা এম. সি. আই-র প্রভিশন অনুযায়ীই করেছে। মেডিকেল কাউন্সিল বলেছে আর. এম. ও পোস্টে গ্রাজুয়েট হলেই হবে। এম. বি. বি. এস পাশ করা ছেলেমেয়েকে নেয়া যাবে। সে অনুযায়ী আমরা আর. এম. ও পোষ্টে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছি। কিন্তু যারা আর. এম. ও পোষ্টে এম. বি. বি. এস. পাশ করে জয়েন করলো তারা যদি পোষ্ট গ্রাজুয়েটে চান্স না পায় তাহলে তারা পরবর্তীকালে আর অ্যাসিসটেন্ট প্রোফেসর হতে পারবে না। তাদের আমরা অ্যাসিসটেন্ট প্রোফেসরে উন্নীত করতে পারব না। সে জন্যই আমরা এম. ডি.; এম. এস. ছেলে-মেয়েদের কথা বলছি। এম. ডি. এম. এস হলে কি সেটা আন্ডার কোয়ালিফায়েড হচ্ছে?

না, ওভার কোয়ালিফায়েড হচ্ছে আর. এম.ও পোষ্টে। যাতে অ্যাসিসটেন্ট প্রোফেসর পেতে আর অসুবিধা না হয় তার জন্যই এটা করছি। পি. এস.সি মেডিকেল কাউন্সিল অব ইন্ডিয়ার নিয়ম অনুযায়ীই এম. বি. বি. এস. দিয়েছে। তাতে পরবর্তীতে আমাদের অসুবিধা হচ্ছে। তারপর পে নিয়ে এখানে কিছু কথা বলা হল। পে ক্লিনিক তো আগেও ছিল। পি. জি.তে পেক্লিনিক অনেক দিন ধরে আছে। পঙ্কজবাবু মুর এভিনিউর পেক্লিনিকের কথা বললেন। ওখানে মেডিকেল এডুকেশন সার্ভিসের ডাক্তাররা গিয়ে চিকিৎসা করতেন। আমরা মেডিকেল এডুকেশনের টিচারদের পে ক্লিনিকগুলিতে বসাবার ব্যবস্থা করছি। বিকেলবেলা দু' ঘন্টার জন্য তাঁরা সেখানে বসে মানুষের চিকিৎসা করবেন। অল্প খরচে সাধারণ মানুষের তাঁদের সাহায্য পেতে সুবিধা হবে। এ সমস্ত স্পেশালিস্টদের বাইরে প্রাইভেটে দেখাতে অনেক টাকা ফি দিতে হয়। অল্প পয়সায় পেক্লিনিকে সাধারণ মানুষ তাদের দেখাতে পারবেন। এই সুবিধাটাই মানুষকে দেয়া হচ্ছে। আর এ' নিজেদের লোক-টোক বলে কোন লাভ নেই। লোকই পাচ্ছি না, আপনাদের লোক থাকলে দেবেন, আমরা নিয়োগ করব। কোয়ালিফিকেশনের কথায় আমি আবার বলছি, আমরা কোন কোয়ালিফায়েড লোকই পাঠাচ্ছি— এমনকি এম. সি. আই যা বলছে তার বেশী আমরা চাইছি। যেখানে আন্ডার গ্রাজুয়েট হলেই হয় সেখানে আমরা পোষ্ট গ্রাজুয়েট চাইছি। সুতরাং আন্ডার কোয়ালিফায়েডের কোন প্রশ্নই উঠছে না। তারপর কি বলছেন? এম. সি.আই-কে বলে দেবেন, বাধা দেবেন ইত্যাদি। তা আপনারা তা সব সময়ই বলছেন। কাগজে অনেক কিছু লেখা হল। কত জায়গায় কত আপত্তি করলেন, রিপ্রেজেন্টেশান দিলেন। কিছু কিছু ক্ষেত্রে এম. সি. আই আপনাদের কথা শুনে সাময়িক আপত্তি জানিয়েছিল। পি. জি.তে যাতে আন্ডার গ্রাজুয়েট কোর্স খুলতে না পারি তার জন্য কত লিখেছেন, বলেছেন, রিপ্রেজেন্টেশান দিয়েছেন। বলতে আর কিছু বাকি রেখেছেন? আরো বলুন। বাধা দেয়ার অনেক চেষ্টা করেছেন। বাধা দিয়ে লাভ নেই। আপনারা কিছুই করতে পারেননি, কিছুই করতে পারবেন না। এই কথা বলে আমি এই বিলের সমর্থনে আমরা বক্তব্য শেষ করছি।

CLAUSES 1 TO 6

The question that the clauses 1 to 6 do stand part of the bill was then put and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the bill was then put and agreed to.

Dr. Surjya Kanta Mishra : Mr. Speker, Sir, I beg to move that the West Bengal State Health Service (Amendment) Bill, 2003 as settled in the Assembly, be passed.

The motion that the West Bengal State Health Service (Amendment) Bill, 2003 as settled in the Assembly, be passed, was then put and agreed to.

[2.55–3.05 p.m]

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS.

Mr. Dy. Speaker : Now discussion on Demand Nos. 9,29, & 44. All the Demands will be discussed together. But voting will be done separately.

Demand No. 9

Mr. Dy. Speaker : There are forty five cut motions to Demand No. 9 by Shri Kashinath Mishra (cut motion nos.1 & 4 - 19), Shri Kamal Mukherjee (cut motion nos. 2 & 25 - 32), Shri Manturam Pakhira (cut motion nos. 3 43 - 45), Shri Pankaj Banerjee (cut motion no. 20), Shri Saugata Roy (cut motion nos. 21 - 24), Shri Sovandeb Chattopadhyay (cut motion nos. 33 - 35), Shri Deboprasad Sarkar (cut motion no. 36), Shri Pundarikakshya Saha (cut motion no. 37), Dr. Asish Banerjee (cut motion nos. 38-39), Shri Kalipada Mandal (cut motion no. 40), shri Jyotipriya Mallick (cut motion no. 41), Shri Bankim Chandra Hazra (cut motion no. 42). All the cut motions are in order. Now I call upon the Members to move their motion.

Shri Kashinath Mishra Shri Kamal Mukherjee Shri Manturam Pakhira	Sir, I beg to more that the amount of the Demand be reduced to Re. 1
Shri Kashinath Mishra Shri Pankaj Banerjee Shri Saugata Roy Shri Kamal Mukherjee Shri Sobhandeb Chattopadhyay Shri Deba Prasad Sarker Shri Pundarikakshya Saha Dr. Asish Banerjee Shri Kalipada Mondal Shri Jyotipriya Mallick Shri Bankim Chandra Hazra Shri Manturam Pakhira	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

Mr. Dy. Speaker : There are twenty{ seven (27) cut motions to Demand No. 29 by Shri Kashinath Mishra (cut motion nos. 1 - 8), Shri Kamal Mukherjee (cut motion nos. 9-10), Shri Pankaj Banerjee (cut motion no. 11), Shri Saugata Roy (cut motion nos. 12-13), Shri Subrata Mukherjee (cut motion no. 14-15), Shri Jyotipriya Mallick (cut motion nos. 16), Shri Deba Prasad Sarkar (cut motion nos. 17-19), Shri Abdul Manan (cut motion nos. 20-21), Shri Dilip Mondal (cut motion nos. 24-25), and Shri Manturam Pakhira (cut motion nos 26-27). All the cut motions are in order. Now I call upon the Members to move their motions.

Shri Kashinath Mishra
Shri Kamal Mukherjee
Shri Pankaj Banerjee
Shri Saugata Roy
Shri Subrata Mukherjee
Shri Jyotipriya Mallick
Shri Deba Prasad Sarkar
Shir Abdul Mannan
Shri Dilip Mondal
Shri Kalipada Mandal
Shri Menturam Pakhira

Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

Demand No. 44

Mr. Dy. Speaker : There is one cut motion to Demand No. 44 by Shri Kamal Mukherjee. The cut motion is in order. Now I call upon Shri Mukherjee to move his motion.

Shri Kamal Mukherjee : Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-. The discussion was held together.

[2.55–3.05 p.m]

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিল্প বরাদ্দের যে প্রস্তাব আছে তার আমি বিরোধিতা করছি। আমি শিল্পের পরিকাঠামো, শিল্পের বর্তমান অবস্থা এবং সরকারের যে মনোভাব আমি যা উপলব্ধি করতে পেরেছি তাই আপনাদের সামনে হাজির করবার চেষ্টা করছি। প্রথমত

২ বছর বিধায়ক হয়ে আসার পর আপনাদের উন্নততর বামফ্রন্ট সরকার আর উন্নততর বাংলা এবং উন্নততর শিল্প দেখতে দেখতে হতাশ তো হয়েছিই তার থেকেও ভাবছি নতুন প্রজন্মের কথা যারা আপনাদের কথায় গণতান্ত্রিক উপায়ে আপনাদের পতাকা ধরে রাজ্য শাসনের ভার দিয়েছেন সেই যুবকদের অবস্থাটা কি? মূল প্রশ্নে আসার আগে গত ২ বছর ধরে যা বলেছি আবার বলবো। আবার মাননীয় মন্ত্রীমহাশয় উঠে দাঁড়িয়ে বলবেন, হ্যাঁ, এটা হয়নি, ওটা হয়নি, এটা করেছি, ওটা করেছি, কিন্তু কখনই উনি হোয়াইট পেপার বের করবেন না। গত বছর প্রশ্ন তুলেছিলাম, আপনাদের রাজ্যসভার একজন্য সদস্য - সব কিছু উঠে গেছে, তার স্ত্রীকে রেখে দিয়ে, গেষ্ট হাউস রেখে দিয়ে তার খরচ চালাচ্ছেন? আপনি কথা দিয়েছিলেন এ বিষয়ে সিদ্ধান্ত নেবেন। আজ পর্যন্ত কি সিদ্ধান্ত নিয়েছেন জানা যায়নি। আর একটা জিনিস ২ বছর ধরে খুব চলছে— এখানে আপনাদের কমরেড বন্ধুরা চালাচ্ছেন— আগের আগের বছরে আর কিছু হয়নি, ২ বছরে সব কিছু হয়ে গেছে। প্রত্যেকটা জিনিসের একটা টাইম লাগে। আপনারা ২৪ বছর এড়িয়ে গিয়ে নতুন করে চালাবার চেষ্টা করছেন, এমন আবহাওয়া সৃষ্টি করছেন যেন আগের আগের বছরের দায়-দায়িত্ব আপনাদের নয়, আপনারা নতুন করে ২ বছর ধরে এসেছেন, আগের বছরগুলি ওয়েব করে নিয়ে যেতে চাচ্ছে না। আপনাকে জিজ্ঞাসা করতে আমার নিজের একটা লজ্জাবোধ হচ্ছে, আপনি আদৌ শিল্পমন্ত্রী কিনা? কারণ যে কোন শিল্পের ব্যাপারে বোম্বে থেকে পিরামল ছুটে এসে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করছেন। ছোটো-খাটো, কচি-কাঁচা, মাঝারি সমস্ত শিল্পপতিরা যারা আসছেন তারা সরাসরি মুখ্যমন্ত্রীর কাছে যাচ্ছেন। কারণ বুদ্ধদেব ভট্টাচার্যকে পারসোনাল ম্যানেজার করে দিয়েছেন। এখানে একটা শিল্পমন্ত্রীর রোল তো থাকবে? আপনি সেই রোল পালন করুন, তা নাহলে আপনি সরে যান। শিল্পমন্ত্রী হিসাবে থাকবো, শিল্প দপ্তর নিয়ে ভাববো আর পশ্চিমবঙ্গে শিল্পের ভাবনা অন্যের মধ্য দিয়ে প্রকাশিত হবে এটা বোধহয় ঠিক হচ্ছে না। তাই বলছি, শিল্পমন্ত্রী হিসাবে এটা আপনার চরম ব্যর্থতা। আপনি ২ বছর হলো এসেছেন নতুন কি করেছেন? বুদ্ধদেববাবু একবার জাপানের দিকে তাকাচ্ছেন, একবার বোম্বের দিকে তাকাচ্ছেন, একবার ইতালির দিকে তাকাচ্ছেন। ইতালিতে যা হল সংবাদপত্রে তো সব বেরিয়ে গেল। আপনারা একটা রিজয়েন্ডার পর্যন্ত দিলেন না। এমনিতে আমরা বলেছিলাম ফ্যাক্স দেখান, আপনারা ফ্যাক্সও দেখালেন না। গুচি কোম্পানীর সঙ্গে কথা বলে ফিরে এসে বললেন, সব দৌড়ে দৌড়ে চলে আসছে। তাদের ভাইস প্রেসিডেন্ট, মানব সম্পদ হিউম্যান রিসোর্সের ভাইস প্রেসিডেন্ট— চিঠি লিখলো, তিনি প্রতিবাদ জানালেন। কোন কোন কাগজে সেই খবর বেরিয়েছিল। আমরা চেয়েছিলাম সেই ফ্যাক্টসটা আপনি দেখুন, একটু ট্রানসপারেন্ট হোন কিন্তু আপনি সেটা করেননি। মাঝে মাঝে আমার মনে হয় আপনাদের পরামর্শ দেওয়ার দরকার নেই, আপনাদের শোনানো দরকার। আপনি একা যাচ্ছেন কেন? বুদ্ধদেববাবু যাচ্ছেন কেন? আপনারা এতো কথা বলছেন আবার যে টাকা দেয় না, এস. ই. বি'র টাকা দিচ্ছে না তাকেই আবার হাসি হাসি মুখ করে সঙ্গে নিয়ে যাচ্ছেন। অন্যরা এস. ই.বি.র টাকা না দিলে তাদের জেলে ঢুকিয়ে দিচ্ছেন আর একে দেখা যাচ্ছে মুখ্যমন্ত্রী এবং আপনার সংগে হেসে হেসে বেড়িয়ে বিবৃতি দিচ্ছেন। তাদের না নিয়ে একটা কাজ আপনি করতে পারেন যাতে ইমপ্লিমেনটেশানটা ভালে হবে, তাড়াতাড়ি হবে। এ' অমিতাভ নন্দী আর

লক্ষ্মণ শেঠকে আপনাদের টিমে নিয়ে যান তার কারণ এই ইঁট, চুন, বালি থেকে শুরু করে জমি দেওয়া পর্যন্ত এদের উপরই নির্ভর করতে হয়, সরকারের উপর নির্ভর করতে হয় না। আজকে সল্টলেকে গিয়ে দেখে আসুন যে কারা দৌরাত্ম্য চালাচ্ছে। হলদিয়াতে গিয়ে দেখুন আপনাকে কেউ চেনে না, সেখানেও এই চুন, কালি, সিমেন্ট, লোহা সমস্ত কিছু ওরা ঠিক করে দেবে। কাজেই আপনি যখন কারুর সঙ্গে দেখা করতে যাচ্ছেন বা শিল্পপতিদেরর ধরে আনতে যাচ্ছেন তখন এদেরকেও আপনাদের পার্টনার করে নিন। এমনিতে তো জয়েন্ট ভেনচার করেন, এখানেও অমিতাভ নন্দী, লক্ষ্মণ শেঠদের পার্টনার করে নিন। এসব বলছি তার কারণ আপনাদের মনোভাবটাই আমি বারবার আপনাদের বোঝাবার চেষ্টা করছি। আপনারা দায়বদ্ধতার কথা বলছেন। দায়বদ্ধতাটা কি শুধু আপনার নিজের দলের প্রতি, পশ্চিমবঙ্গের মানুষের প্রতি আপনাদের দায়বদ্ধতা নেই? সেই দায়বদ্ধতার উপর দাঁড়িয়ে আপনি কি মনে করেন যা বলছেন এবং যা করছেন তা কি এক? ২৫ পারসেন্ট, কেউ বলেন ২০ পারসেন্ট আপনি তার মধ্যে ঢুকে পড়লেন, কিন্তু আপনি কি ভেবে দেখলেন না ৭৫ পারসেন্ট যেটা ইম্প্লিমেনটেশান হল না সেটা কেন হল না? এটা জানার অধিকার কি এখানকার মাননীয় সদস্যদের নেই? আপনি একটা শ্বেতপত্র প্রকাশ করলে কি এসে যেত? তাই আপনাকে বলছি, আপনি কারণগুলি অনুসন্ধান করুন। আপনিই তো বলেছেন বেসিক ইন্ড্রাস্টিগুলি ঠিক করার জন্য আপনি একটা স্টাডি টিম করবেন। আপনার সেই সাধের স্টাডি টিম হয়েছে কিনা জানি না তবে আপনার সেই স্টাডি টিম বা একস্পার্ট কমিটির রিপোর্ট পেতে আমাদের আর কতদিন অপেক্ষা করতে হবে আশা করি সেটা বলবেন। আপনাদের ভাষায় গণতান্ত্রিক উপায়ে এবং আমাদের ভাষায় দলীয়তন্ত্রে আপনারা বছরের পর বছর ক্ষমতায় থেকে যাচ্ছেন কিন্তু মানুষের কাছে আপনারা কি উত্তর দেবেন তা কি একবারও ভেবে দেখেছেন? কি কারণে তারা চলে গেল? যে কারণে তারা চলে গেল সেই কারণগুলি নতুন করে যাতে রিপিট না হয় সেটা কি আপনি দেখবেন না? আপনি বলুন এর জন্য আপনি প্রয়োজনীয় কি ব্যবস্থা গ্রহণ করেছেন। আপনি নিজে এসেছেন দু বছর হয়ে গেল, এই দু বছরে আপনাদের সার্থকতা বলুন। বলুন আপনি কটা কারখানা খুলতে পেরেছেন। এখানে সর্বদলীয় বৈঠক করে, সর্বদলীয় দল নিয়ে দিল্লিতে গিয়ে নিজেরা বলে এলেন যে রাষ্ট্রায়ত্ত শিল্প যেন বন্ধ না হয় আর নিজেরা কি করলেন? এখানে আপনাদের নিজেদের যে রাষ্ট্রয়াত্ত শিল্পগুলি আছে সেগুলি নিয়ে কি করছেন? এখানে আপনাদের ২৩টা আছে পাবলিক এন্টারপ্রাইজ, এর মধ্যে একটা আছে ডিপার্টমেন্টাল আন্ডারটেকিংস। আপনি বিবৃতি দিয়ে বলছেন যে এর মধ্যে ১৬টা লস মেকিং। দুটো সম্বন্ধে আপনি গতবার বলেছিলেন স্টেটমেন্ট দিয়ে যে বন্ধ করে দেবেন আর ১০টা বলছেন প্রাইভেটাইজ করবেন অর্থাৎ বিরাষ্ট্রীয়করণ করবেন, জয়েন্ট ভেনচার করবেন। সরকারের হাত থেকে ক্ষমতা বিকেন্দ্রীকরণ হচ্ছে। এখানে সিটু সংগঠনের সঙ্গে জড়িত অনেক লোক আছেন, শ্রমিক আন্দোলন করেন এমন অনেক লোক আছেন। আপনাদের পতাকা নিয়ে রাস্তায় রাস্তায় ঘুরে ঘুরে তারা বলেন যে বিরাষ্ট্রীয়করণের বিরুদ্ধে আপনারা নন। যদি মানুষ তাতে বাঁচে আমরা আছি। একদিকে পতাকা নিয়ে বলবেন বিরাষ্ট্রীয়করণের ব্যাপারটা আমরা মানি না অপর দিকে আপনারাই বিরাষ্ট্রীয়করণ করছেন। অর্থাৎ আমরা করলে সমস্ত কিছু মাফ আর ওরা করলেই দোষ। আজকে সারা বিশ্ব যেভাবে এগিয়ে

যাচ্ছে সেখানে দাঁড়িয়ে আপনাদের প্রকৃত শিল্পনীতিটা কি হবে সেটা পরিষ্কার করে বলুন। আপনি মণিকাঞ্চন খুঁজতে যাচ্ছেন কেন? আপনাদের পকেটেই তো অমিতাভ নন্দীরা আছেন। এর থেকে তো বড় মণিকাঞ্চন আর কেউ হতে পারে না। আগে আপনারা তাদের সামলান তারপর অন্য কিছু ভাববেন। আজকে একটা ওষুধের কারখানায় কাজ করতে গেলেও লোকাল সমস্যা হচ্ছে। প্রথমে চুন, বালি তারপর অদক্ষ শ্রমিকদের নিয়ে গিয়ে বলছে এদের দিয়ে দক্ষ শ্রমিকের কাজ করাতে হবে। স্থানীয় লোক চাকরি পাক, কিন্তু যারা চাকরি করছে তাদের চাকরিটাও থাকুক। এ ব্যাপারে আজ পর্যন্ত আপনার কোন নির্দিষ্ট পদক্ষেপ আমরা দেখতে পেলাম না। এর আগেও ৫/৬ টা করে বেঙ্গল চেম্বার অব কমার্সের এই স্টাডি টিম করা হয়েছে।

[3.05–3.15 p.m]

সেই স্টাডি টিম প্রতিটি ইসুতে সাজেসান দিয়েছিল। এই পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন রকম কনসালটেন্ট অ্যাপয়েন্টমেন্ট করেছিল। কিছু কিছু রিপোর্ট দিয়েছিল, ম্যাকেনসে তার মধ্যে একটা। তার আগে প্রাইস ওয়াটারহাউস ছিল, পার্থসারথী ঘোষের রিপোর্ট ছিল। আপনি কি এইগুলো উল্টে দেখবেন না? আপনি একটার পর একটা কমিটি করে যাবেন আর সেই কমিটির রেকমেন্ডেশান আপনি গ্রহণ করবেন না? আপনি বর্জন করলে বলে দিন এই কারণে বর্জন করলাম। যেটা গ্রহণ করলেন সেটা আপনি বলতে পারছেন না? শিল্প কি করে এগোবে? শিল্প কি এগোবে বামফ্রন্ট সরকারের তথ্য জনসংযোগ ডিপার্টমেন্ট একটা পায়রা উড়িয়ে আর কয়েকটা কলকারখানায় ছবি এঁকে বলবে আমাদের শিল্পের স্বপ্ন সফল হলো? এতো আশা ভোঁসলের গান করে ফেললেন। জীবনের গান গাইবেন কবে? শিল্পটাকে আনবেন কবে? আনতে পারছেন না কারণ বলুন। কিভাবে আনা যায় তার জন্য সর্বমুখী প্রচেষ্টা করুন। আমার মনে হচ্ছে দল যা বলছে সরকার তা বলছে না আর সরকারের দল যা বলছে নীচের তলার কর্মীরা যারা চালায় তারা তা শুনছে না। এর জন্য চাই ক্রমান্বয়ে যারা বেরিয়ার তৈরী করছে তাদের সঙ্গে কথা বলা। আপনারা সরকারে এসেছেন এই কথা বলে যে, দিনের পর দিন কাজ করো না নেতাগিরি করো, দিনের পর দিন কাজ করে ওভারটাইম ড্র করো, দিনের পর দিন কাজ করো না মিছিলে চলো। এই করতে করতে আজকে হঠাৎ তাদেরকে যদি বলেন তোমাদের কাছ থেকে এখন সব কিছু চাই, তোমাদের আর মিছিল করার দরকার নেই এখন আমরা এসে গেছি, এখন তোমাদের আন্দোলন করবার দরকার নেই, এটা হয় না। আপনরা শুধু বলেছেন শৃঙ্খলা। এই শৃঙ্খলাটাকে ভাঙবে কে? এই যে শৃঙ্খল এই যে শৃঙ্খলতা, দুটো জিনিসের মধ্যে থেকে আপনাকেই বার হয়ে আসতে হবে। আপনি কি বেরোতে পারছেন? আপনাদের পলিশিটা আপনি যদি একটু পড়েন তাহলে বুঝতে পারবেন। ১৯৭৯ সাল থেকে আজ পর্যন্ত মাননীয় শিল্পমন্ত্রী, আপনি নিজে অবাক হয়ে যাবেন যে একি আমি না অন্য কেউ? কেউ পড়ে দেখেছেন ১৯৭৮-৭৯ সালে যে কথা বলেছেন আজকে যে কথা বলছেন তার মধ্যে পার্থক্য কি? আমরা কোথায় এগিয়ে চলেছি, কোথায় পেছিয়ে চলেছি, পেছিয়ে পড়ার কারণগুলো কি? আপনাকে স্টেট ইনভেস্টমেন্টের কথা বলি। অনেকে অনেক পয়েন্ট বললেন, আমি তথ্যের মধ্যে গেলাম না। কেন? কারণ দিয়ে লাভ নেই। আপনি একটা চিঠি লিখেও বলেন না যে হ্যাঁ দেখবো,

সরকার একবারও বলে না যে এই পয়েন্টগুলো ভাল আছে আমরা দেখবো। সবটাই আপনারা দেখবেন এটা হতে পারে না। আমরা যদি কিছু ভাল জিনিস বলতে চাই আপনারা সেটা গ্রহণ করতে চান না। এটা কি বিরোধী দলের প্রতি আপনাদের সম্মান, আপনাদের ট্রেন্ডস ইন স্টেট ইনভেস্টমেন্ট দেখুন। অন্ধ্রপ্রদেশ, গুজরাট, কর্নাটক, তামিলনাড়ু, উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র, উড়িষ্যা তারপর আপনি। তারপর আমি গ্রোথ ইন এমপ্লয়মেন্ট কথা বলি। আপনাদের আর একজন তো নেই, কর্মবীর অর্থমন্ত্রী তো এখানে নেই। উনি পকেট থেকে বার করে লক্ষ লক্ষ লোকের চাকুরী দিয়ে যাচ্ছেন বছরের পর বছর। আপনি বলছেন শ্রমনিবিড় হবে না আর ওনার বক্তব্য শুনে মনে হচ্ছে সব কোম্পানিই শ্রমনিবিড় হবে। তাতে কি হলো? ১৯৮৩ সাল থেকে ১৯৮৪ পর্যন্ত এই অবস্থায় আরবানে ২ পারসেন্ট এবং রুরালে ২.২৫ পারসেন্ট। আর ১৯৯৩-৯৪ সাল থেকে ১৯৯৯-২০০০ সাল পর্যন্ত এই প্রিয়ডে আপনার কমে দাঁড়ালো আরবানে ৮০ পারসেন্ট এবং রুরালে দাঁড়ালো ১.২ পারসেন্ট। আপনি বলবেন সর্বভারতীয় ক্ষেত্রে সব জায়গাতে তো গ্রোথ ইন এমপ্লয়মেন্ট কমেছে। আপনি কি রেটটা দেখেছেন? আমি আপনার সঙ্গে একমত যে হ্যাঁ কমেছে। কিন্তু আমাদের কমার সঙ্গে তাদের কত কমেছে আপনি সেই রেটটা দেখেছেন? সেই রেটটা কি সেটা কি আমাদের জানাতে পারবেন? শুধুমাত্র আপনি দাঁড়িয়ে আছেন, চেষ্টাটা হচ্ছে না। আমাদের দুঃখ আপনি চেষ্টা করছেন না। আপনি নিজে তো বলেছেন দুটোকে বন্ধ করে দেবেন। আপনি বলেছেন কথাটা কিন্তু কবে, এর টাইম কি? কি কারণে বন্ধ করলেন? আজকে ইউ. কে-র কাছে গিয়েছেন টাকা আনতে, ডি.আই.এফ. ডির কাছে গেছেন টাকা আনতে। সেই টাকায় আপনি ভি. আর. এস চালু করবেন। একদিকে আপনাদের নেতাদের বলছেন ভি. আর. এস-এর প্রতিবাদ করো, বলছেন স্বর্ণ-করমর্দন মানি না।

অপরদিকে আপনি প্রবক্তা হয়েছেন, ওটা ভিআর এস নয়, ওটা হচ্ছে সোশ্যাল লিড। ঐ সোশ্যাল লিডের মধ্যে গিয়ে আমরা যারা আনসোশ্যাল আছি তারা কি সোশ্যাল হয়ে যাব? আপনি এখানে তৈরী করেছেন প্রোমোটাররাজ। এখানে শিল্প গড়ে ওঠেনি। কুলপী নিয়ে আপনি কতদিন গল্প শুনিয়েছেন। কুলপী বন্দর নিয়ে আমরা কতদিন ধরে গল্প শুনছি। আপনি এখনও পর্যন্ত পলিসি ঘোষণা করলেন না। আজকে আপনি একটা বিল দিয়েছেন রেজোলিউশন ফর্মে। সেই রেজোলিউশনটা কি, তা আপনি নিশ্চয় পড়ে দিয়েছেন, না পড়ে তো আর দেবেন না। সেই রেজেলিউশনে আপনি কি বলেছেন, বলেছেন ইন্ডাস্ট্রি করতে হবে অ্যাগরো বেসড্। এর ওপরে জোর দিতে হবে। প্রথমে বলেছিলেন সার্ভিস সেকটর, ইনফ্রাস্ট্রাকচারাল সেকটর'এর কথা। তারপরে চলে এলেন এডুকেশনে, হসপিটালে। আপনার নিজের বক্তৃতাতেই আছে। আপনি তো শিল্পমন্ত্রী। আপনাকে লোহালক্কড় নিয়ে কাজ করতে হবে। আমরা দেখছি, ছোট ছোট কোম্পানী ২৫ কোটি টাকার কোম্পানী, ৫০ কোটি টাকার কোম্পানী, এগুলো আসছে। এখন বলছেন, পেয়ারা আসবে, আঙুর আসবে, কলা আসবে। জবা বিক্রি হবে, গাঁদা বিক্রি হবে। করুন। কিন্তু এসব করে কি দেশ চলেবে? আপনার সবই অবজেকটিভ —করবো, হবে। হবে কবে? আপনি কি জানেন, শুধু গোলাপ করতে গেলে কি দরকার? মাসরুম করতে গেলে কি দরকার? নর্থ বেঙ্গল থেকে এগুলো আনতে গেলে দরকার পরিবহন। আপনার তা নেই।

তাহলে ওগুলো কি প্লেনে করে নামবে? এর জন্য যে কোল্ড স্টোরেজ দরকার তা আপনার নেই। আপনার প্রধান যেটা দরকার, আপনি ইনফ্রাস্ট্রাকচার ডেভালপ করুন। আপনি ইনফ্রাস্ট্রাকচার ডেভালপ করছেন না। কেন্দ্রীয় সরকার যেখানে দিনে তিন কিমি. রাস্তা তৈরী করছে, সেখানে আপনি বছরে তিনি কিমি. করছেন। আপনার তিন হাজারের মধ্যে ৬৫০টি ইমপ্লিমেন্টেড হয়েছে। আপনি নিজেও জানেন না তাতে কার লাভ হয়েছে। মানুষের কি তাতে লাভ হয়েছে? পার্সেন্টেজের কথা তো আমরা বারবার বলছি —২৫ পার্সেন্টিও হয়নি। আমি না হয় আপনাকে ৩০ পার্সেন্ট দিলাম। আপনি নিরীহ মানুষ। আপনি রাগ করেন না। আপনাকে বাদ দিলেও আপনি রেগে যান না। কিন্তু আপনি ভাবুন। এতে কি আপনার সম্মান থাকছে? আপনি অন্ধ্রপ্রদেশের ইন্ডাষ্ট্রি মিনিষ্টারের নাম জানেন? মহারাষ্ট্রের ইন্ডাষ্ট্রি মিনিষ্টারের নাম জানেন? গুজরাটের মিনিষ্টারের নাম কি জানেন? আপনি কি জানেন তাঁরা কি করেন, তাঁদের কর্মচারীরা কি করেন? তাঁদের আমলারা কি করেন? এখানে পিরামল আসলেও চলে যাবে। ঐসব রাজ্যে সেক্রেটারীরা মিটিং করেন— চিফ সেক্রেটারী, ইন্ডাষ্ট্রি সেক্রেটারী তাঁরা মিটিং করেন। তাঁদেরকে অথরিটি দেওয়া হয়। আপনার এখানে সেই অথরিটি দেওয়া হয় একটা গোষ্ঠীকে অনিলবাবু, বুদ্ধদেববাবুকে নিয়ে একটা গোষ্ঠী করে রেখেছেন। আপনি তার মধ্যে আছেন পঞ্চম পাণ্ডবের একজন হয়ে। কিন্তু এতে কি হ'ল শিল্পের? আপনি শিল্পের লোক। আপনার কাজ লোহা লক্কড় নিয়ে। এখানে তো শিল্প বলতে মানব মুখার্জীকে বোঝায়। আপনার শিল্পটা তো এখন আই. টি.তে চলে গেছে। এখানে বংশগোপালবাবু ছিলেন, তিনি চলে গেছেন। এখানে ক্ষুদ্রশিল্পে যে সমস্যা আছে, যা নিয়ে আন্দোলন করছে, আপনি কি একবারও সেদিকে ভেবে দেখেছেন? আপনি তো ইন্ডাষ্ট্রিয়াল এষ্টেট নিয়ে একবার কথা বলতে পারতেন। আমরা দেখলাম, কলকাতার মেয়রকে নিয়ে অশোকবাবু বসে আছেন। আপনি তো এক মিনিট কথা বলতে পারতেন। আপনার কি ইচ্ছা আছে শিল্প তৈরী করার? আমরা কি চাই, এখানে শিল্পের বাতাবরণ তৈরী হোক? আমরা কি কিছু করতে পেরেছি যে ডাউন দি লেভেল কথা বলবো? আপনার টাইম অবজেকটিভটা কি আছে— কি দিয়েছেন অবজেকটিভ ষ্টেটমেন্টে? আপনার কোন মিশন নেই। আপনার ভিশান নেই। আপনি একটা ভাল কথা লিখেছেন— ইনফর্মেশন টেকনোলজিতে গিয়েছেন। আপনার গুড কানেকটিভিটি কি? আপনার সঙ্গে মুখ্যমন্ত্রীর কানেকটিভিটি নেই। আমি মনে করি, এগুলো কোন কারণ নয়। আপনি অমিতাভ বাবুদের সামলাবেন কি করে? আমি মনে করি, এগুলো আপনি ইজিলি সলভ করতে পারবেন।

[3.15-3.25 p.m]

আপনি দয়া করে এই দু বছরে যতবার জাপান, ইটালী এইরকম বিভিন্ন জায়গায় আপনারা ঘুরলেন সেই টাকার খরচটা আমাদের জানাবেন। আমরা গত ২৬ বছরের হিসাব চাইছি না, আপনাদের বছর, মহারাজ, যুবরাজের দু বছরের হিসাব, কত খরচ ঘুরতে, কত খরচ হয়েছে পাবলিশিটিতে তার একটা হিসাব দেবেন এবং শিল্পের ক্ষেত্রে কত বিনিয়োগ হল এবং প্রত্যেকে কত বিনিয়োগ করল তার একটা হিসাব দেবেন। আপনার কথায় ওরা তো বললেন কিন্তু ওরা

তো দিলেন না এই বললে হবে না। ওঁরা বললেন আর ওঁরা দিলেন না আর আপনি রাজকোষ থেকে টাকা খরচ করে ঘুরে এলেন এটা তো হতে পারে না। সুতরাং এইগুলোর মধ্যে একটা ট্রান্সপারান্সি থাকা দরকার। আমি আপনাকে আবার অনুরোধ করছি যে, ১৯৯১ সাল থেকে ২০০৩ সাল পর্যন্ত যে পরিমাণে ফরেন ইনভেস্টমেন্ট হয়েছে, যাঁরা এসেছে এবং তার যতটা রূপায়িত হয়েছে সেটা আলাদা রেখে, যেগুলো রূপায়িত হয় নি তার একটা লিস্ট তৈরী করে সবাইকে বিলি করে দিন। সবাই জানুক, ওয়েবসাইটে দিন, আপনি তো ওয়েব সাইটে দিতে পারেন যে, এই লোকটা ভূষণ স্টিলে হলদিয়ায় গিয়ে জমি নিয়ে রেখেছে, আর হাওড়ায় মালা পরাচ্ছে। লোকে তো জানতে চায় সেগুলো জানান। তারপরে ওয়েবসাইটে দেখান যে, এই লোকটা-বিদ্যুতের ব্যবসা করবে বলে আমাদের বিদ্যুতের ব্যবসাতে দুশো কোটি টাকার উপরে ধার রেখে দিয়েছে, লোন নিয়ে রেখেছে, ধার শোধ করছে না, অথচ আমার সঙ্গে তারা ছবি তোলে— এইভাবে ওদেরকে চিহ্নিত করুন, সামাজিকভাবে চিহ্নিত করা হোক যে এই সমস্ত লোকগুলোর জন্য শিল্প হচ্ছে না। আপনি একদিকে বলছেন যে, ওঁরা লম্বা লম্বা কথা বলছে কিন্তু কাজের কাজ কিছু হচ্ছে না। অথচ সল্টলেকে ওদের ডাকে নীল নীল রংয়ের বাড়িতে গিয়ে সুন্দর করে প্রায় ৫ হাজার লোক বসতে পারে সেখানে বসে এবং যার জন্য ৫ লক্ষ টাকার প্যান্ডল খরচ করে মিটিং করছেন, কিন্তু তাই দিয়ে তো শিল্প আসতে পারবে না। শিল্পকে আনতে গেলে একদম বটম লাইন থেকে লাগতে হবে। একদম শিল্পের সঙ্গে যুক্ত লোকেদের সঙ্গে মিটিং করেছেন কি? আপনার শিল্পের সঙ্গে যুক্ত লোকেদের আপনাদের সরকারী আমলারা চেনেন। বেঙ্গল চেম্বার ছেড়ে দিন, এর বাইরেও তো চেঞ্জ এজেন্ট আছে, পারসোনেল ম্যানেজার, আপনার প্রোডাকশান ম্যানেজার, আপনার মার্কেটিং ম্যানেজার, আপনার ফাইনান্সিং ম্যানেজার আছেন— এঁদের সঙ্গে কথা বলেছেন কি? এইরকম হেডসদের সঙ্গে কথা বলুন। শুধুমাত্র ঘুরে-ফিরে এলাম তাতে তো হবে না। আসলে আপনার তো সেসব শোনবার অবকাশ কোথায়, যদি হত তাহলে আজকে শিল্পের পরিবর্তন আসতই আসত। কারণ আমরা সকলেই চাই বাংলার কিছু উন্নতি হোক। আমরা চাই না আমাদের ছেড়ে শিল্পপতিরা অন্য রাজ্যে চলে যাক। আমি বলছি আপনারা করে দেখান, কিছু করে দেখানে যে আমরা অপদার্থ, আপনি পদার্থ, আপনারা এফিশিয়েন্ট। এখানে তো লড়াই শুধু কে এফিশিয়েন্ট আর কে ইনএফিশিয়েন্ট। আপনি দায়িত্ব নিয়ে বলুন যে আমরা এফিশিয়েন্ট এবং এই কথাটা লোককে বোঝান। এর জন্য আমেরিকা যেতে হবে না। যেমন এখানে বসে আছেন, কথা বলছেন, তাতেই সবটা আপনার মুঠোর মধ্যে এসে যাবে। এর জন্য আপনি কেন আমেরিকা ঘুরছেন, আপনি তো বসেই সব জানতে পারবেন আসলে প্রচারের আলোতে থাকবার জন্য চলে যাচ্ছেন আমেরিকা, চলে যাচ্ছেন জাপান, শুচিকে আনতে চাইছেন। হিউম্যান রিসোর্স ডেভালাপমেন্টের ভাইস প্রেসিডেন্ট তো আপনাদের শুইয়ে দিয়েছে। আমাদের কাছে তো খবর আছে। সুতরাং আপনারা যেসব খবর দিচ্ছেন সেইসব খবর দিয়ে লোককে কেন বিভ্রান্ত করেছেন, প্রকৃত অবস্থাটা জানান। আপনার শত ছিদ্র জামা যদি হয় এবং টেলার যদি সারিয়ে দিতে পারে, তা করুন, তা না হলে আমার পরিবর্তন করে বলুন আমার জামার পরিবর্তনের দরকার, তাই করছি। কত কিছু তো করেছেন— কম্পিউটার আসতে দেব না বলে বাস পুড়িয়েছেন, ট্রাম পুড়িয়েছেন, কিন্তু সবই তো এসেছে, সবই মেনে

নিয়েছেন। প্রাইভেটাইজেশানের বিরুদ্ধে তো কত কথা বলা হয়েছিল, আজকে সময়ের প্রয়োজনে তাও মেনে নিয়েছেন। আমি শুধু বলি উন্নয়ন আমরা চাই, শিল্প আমরা চাই, পশ্চিমবঙ্গের ক্ষেত্রে আরো উন্নতি হোক আমরা চাই। এটা সবাই মিলে তো করতে হবে, শুধু কথার ফুলঝুরিতে নয়, কবিতা পাঠ করে কিন্তু শিল্প আসবে না। শিল্প আনতে গেলে তার প্রশাসনিক অভিজ্ঞ লোককে আপনার পাশে নিন। অনেক অভিজ্ঞ লোক আছে, সেই অভিজ্ঞ লোকেদের কথা শুনুন। সেখানে তাঁরা আপনরা দলের লোক নাও হতে পারে, আবার হতেও পারে আপনার দলের লোক। আপনি শিল্পমন্ত্রী হিসাবে আরো বড় করে ব্যাপ্তি করে শিল্পকে বাঁচান। কেন আপনি আমাদের কথা শুনবেন যে, ২৫ পারসেন্ট ইমপ্লিমেন্ট হয়েছে, কেন আপনি ৫০ পারসেন্ট করতে পারলেন না। আপনি নেকসট্ ইয়ারে এসে বলুন —এই যে দেখুন, আপনারা বলেছিলেন, আমি কিন্তু করে দেখিয়ে দিলাম। আপনারা দেখাতেও পারবেন না, বলতে পারবেন না। আপনি শুধু বলতে পারেন এই রাজ্য পায় নি, এই রাজ্য হয় নি। আপনি নিজেই সেই রাজ্যের বাসিন্দা হয়ে গেছেন। আরো মুশকিল হচ্ছে আপনি যে তথ্যগুলো পান সেগুলোর উপরে আপনার নিজস্ব কোন কন্ট্রোল নেই। অসীম বাবুকে দিয়ে তৈরীটৈরী করিয়ে নিচ্ছেন। অসীমবাবুর প্রতি শ্রদ্ধা নিয়ে বলছি অসীমবাবুর তথ্যের উপরে আমার একটা সন্দেহ আছে যে, ওনার তথ্যগুলো সত্য হয় না। সত্য যে হয় না তার প্রমাণ হিসাবে তিনি যখন আসবেন তখন বলব। মার্চ মাসেই বললেন তিনি এতো টাকা পাবেন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এবং দায়িত্ব নিয়ে ছেপে দিলেন, কিন্তু পাননি, আপনিও তা জানেন।

আর একটা জিনিস আপনি নিজেই লিখেছেন— আপনি কেন ভুল করবেন, নিশ্চয় কোন প্রেস ভুল করেছে। ইংরেজীতে লিখেছেন পেজ ৫, আইটেম নাম্বার ১১, প্যারাগ্রাফ ৮, চারটে পাবলিক সেক্টরকে বিজনেস অর্গানাইজেশন প্ল্যান্টস-এর জন্য নেবেন। আমার মনে হয় এটা ভুল হচ্ছে, এটা হবে ৮বি.। ৮এ তে ক্লোজারের কথা বলা আছে। কারা এমন ভুল লেখে জানি না। পেজ-৫, আইটেম নাম্বার ১১, এখানে আছে for the enterprises that 4 have mentioned in paragraph 8 (a) above, these studies will aim at detailing business optimization plans in the context of the competitive market environment." ৮ এ বলছেন - দা ক্লোজার "The closure of two structurally unviable enterprises viz ipp and Sunderban Sybarbeat processing with view to unlock their industrial assets for development in economic activit." এখানে দুটো আছে, চারটে নেই। আমার মনে হয় পারেরটাতে হবে, ৮ বি, সেখানে বলেছেন Restructring the business financial liabilities and administration of four enterprises viz Durgapur chemicals, Westinghouse saxby Farmer, Britania Engineering Gluconate Health to achieve long term liability under Government ownership" এটার কথাই বোধ হয় আপনি মিন করতে চেয়েছেন। ইংরাজীতে তো বিদেশী

ভাষা, তাতে লিখেছেন, আবার গ্লোবালাইজেশন এখানে ঢুকে গেছে। স্বদেশী করে দিলে ভুল হবে না, আর এরাও চেঁচাবে না। ভুল লিখলে আমরা ধরার চেষ্টা করি।

আপনি নিজেই বলেছেন— প্রাইস ওয়াটার হাউস, কুপার্সকে দিয়ে একটা বিজনেস অর্গনাইজেশন স্টাডি করবেন। স্টাডিটা কি, আপনার রিপ্লাইয়ের সময় বলবেন। সেটা যদি না হয়ে থাকে, তার কি কোন টাইম ফ্রেম নেই? আপনার কথাতেই আছে ১৬টা কোম্পানি লস মেকিং। সেই লসটাকে অ্যারেস্ট করার জন্য আপনি কত সময় নেবেন? আপনাকে দেখতে হবে লসটা কিভাবে অ্যারেস্ট করা যায়, আপনাকে ডিফাইন করতে হবে। আপনারা সাধের লাউ-এর মতো বারবার বলেন হলদিয়া পেট্রোকেমিক্যালস্। মুখ্যমন্ত্রী তো মনে করেন শিল্পটা বড় নয়, পাবলিক রিলেশানটাই বড়, তিনি পাবলিক রিলেশন করতে যান, শিল্পটা আপনাকে দেখতে হবে। তরুণ দাসকে সি. আই. আর থেকে নিজে এসেছেন, অত্যন্ত প্রশাসনিক লোক, এখন আপনাদের হেড - তিনি দায়িত্ব দেওয়ার পর বলেছিলেন, আপনি বলেছিলেন, মুখ্যমন্ত্রী বলেছিলেন জুন ২০০২তে আপনি সমস্ত কিছু রিঙ্ক, ফিনান্সিয়াল রিস্ট্রাকচারিং কমপ্লিট করবেন। আমরা ভেবে আপ্লুত হচ্ছি যে, আপনাদের নিশ্চয় অনেক উন্নতি হয়েছে, এই আশ্বাসে আরও উন্নতি হ'ল। এখনও কিন্তু আপনারা ঠিক করে উঠতে পারেননি যে, গেইল পাবেন না পূর্ণেন্দু চ্যাটার্জী পাবেন। আপনারা ইলেকশন অফিসারকে নিয়েছেন, যোগ্য লোককে নিয়েছেন। দেখুন তাড়াতাড়ি করতে পারেন কিনা। আমরা চাই কাজ। কাজ কি হচ্ছে? আপনার অনেক ইচ্ছা আছে, কিন্তু আপনাকে কিছুই করতে দিচ্ছে না। এই দুঃখ নিয়ে আপনার এই বাজেটের বিরোধিতা করলাম।

শ্রী কৃষ্ণকিশোর রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্পবাণিজ্য মন্ত্রী ২০০৩-০৪ সালের যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, তার উপর বিরোধীরা যে ছাঁটাই প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে বাজেটের সমর্থনে আমার বক্তব্য পেশ করছি।

পশ্চিমবাংলার শিল্প-বাণিজ্যের কথা বলতে গেলে স্বাধীনতার পরে পূর্বাঞ্চলের ক্ষেত্রে যে বৈষম্য হচ্ছে তার উল্লেখ করতেই হবে। আমরা উন্নয়নের কথা বলব, জিজ্ঞেস করব, প্রশ্ন করব কেন উন্নয়ন হয়নি, কিন্তু আগের হিসেবটা বলব না? আমি তার আগের হিসেবটা বলব, এটা একটু চর্বিতচর্বন হচ্ছে।

[3.25–3.35 p.m]

আমি ধান ভানতে শিবের গীত গাইছি। তবু আমি বলব ফ্রেট ইকুয়ালিটির নামে আমাদের যে ন্যাশনাল অ্যাডভানটেজ — লোহা, কয়লা ইস্পাতের ক্ষেত্রে পূর্বাঞ্চল যা ছিল সারাদেশের স্বার্থে উন্নয়নের স্বার্থে স্বাধীনতার পর পূর্বাঞ্চল স্বার্থ ত্যাগ করেছে এই বিষয়ে কোন সন্দেহ নেই। লাইসেন্স প্রথা প্রয়োজন ছিল সেই সময় আমরা লাইসেন্স প্রথা মেনে নিয়েছি কিন্তু সেই সময়ে যারা আজকে বিরোধিতা করছেন তারা তো সরকারে ছিলেন '৫০এর দশকে, '৬০এর দশকে, '৭০এর দশকে, লাইসেন্স বৈষম্যের কথা তারা আমার থেকে কম জানেন না। তারা

অনেক চেষ্টা করেছেন পশ্চিমবাংলার জন্য, পূর্বাঞ্চলের জন্য, লাইসেন্স তারা জোগাড় করতে পারেননি। আমি এই কথা এই জন্য বলছি যে আমার বন্ধু পার্থ চ্যাটার্জি তার সঙ্গে আমার বহুদিনের পরিচয়, উনি কতগুলো বক্তব্য রেখেছেন যে আমরা দেশের জন্য স্বার্থ ত্যাগ করেছি, কিন্তু এক সময়ে এক আমাদের পূর্বাঞ্চলে বিশেষ করে পশ্চিমবাংলায় কাপড়ের কল, কেমিকেল ইন্ডাষ্ট্রি, ওষুধের কারখানা ছিল। কিন্তু আমাদের পূর্বাঞ্চলের ক্ষেত্রে কেমিকেল হত না, সেগুলো পশ্চিমাঞ্চল থেকে আনতে হত, তুলো পশ্চিমাঞ্চল থেকে আনতে হত সেখানে ফ্রেট ইকুয়ালিটির সুবিধা আমরা পাই। আজকে মোহিনী মিল ইতিহাস হয়ে গেছে, আমাদের ওষুধের কারখানাগুলো উঠে গেছে আমি এটাকেই ইতিহাস বলছি এই জন্য, এটা না বললে পশ্চিমবাংলায় শিল্পের অবস্থাটাকে ঠিক ব্যাখ্যা করা যাবে না, এইখানে দাঁড়িয়ে আজকের তরুণ প্রজন্ম বুঝতে পারবে না কেন পূর্বাঞ্চল পিছিয়ে গেছে। আজকে একটা সমস্যা দেখা দিয়েছে, হলদিয়া পেট্রো কেমিকেল— ডেট ইকুইটি রেশিও নিয়ে যে সংকট তৈরী হচ্ছে, ব্যাঙ্ক সার্ভিস চার্জ বেড়ে যাচ্ছে এবং শিল্পের ক্ষেত্রে বিশেষ করে হলদিয়া পেট্রোকেমিকেল, অত্যন্ত আধুনিক শিল্পের থেকে এটা একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছে। যদি লাইসেন্স প্রথার বৈষম্য না থাকত, ঠিক সময়ে আমরা হলদিয়া পেট্রোকেমিকেল পেতাম আজকে ৫ হাজার ১শো কোটি টাকা হলদিয়া পেট্রোকেমিকেলে খরচ হত না। তাহলে ১৬শো কোটি টাকার মধ্যেই আমরা হলদিয়া পেট্রোকেমিকেল পেতাম, হলদিয়া পেট্রোকেমিকেল লাভের জায়গায় থাকত। ঠিক সময়ে হলদিয়া পেট্রোকেমিকেল না হওয়ার ফলে যে টাকা ব্যাঙ্ক থেকে নেওয়া হয়েছে তার জন্য যে সার্ভিস চার্জ দিতে হচ্ছে তার থেকে অনেক কম পরিমাণ টাকা ঐ ব্যাঙ্কে দিতে হত। আমি এই কথা বলছি এই কারণে লাইসেন্সের বৈষম্যের কারণে আজকে হলদিয়া পেট্রোকেমিক্যালের ক্ষেত্রে আমরা পূর্ণেন্দু চ্যাটার্জিকে খুঁজছি, ইন্ডিয়ান অয়েলকে খুঁজছি, রেশিওটাকে আমাদের এক জায়গায় দাঁড় করিয়ে রাখতে হবে। এই ডেট ইকুইটি রেশিও নিয়ে কোন ইন্ডাষ্ট্রি চলতে পারে না। কিন্তু আমি আবার বলছি যে যদি, সময়মতো আমরা হলদিয়া পেট্রোকেম পেতাম তাহলে আমাদের ব্যাঙ্কের সার্ভিস চার্জ দিতে হত না।

আমি ধান ভানতে গীত গাইছি। তবু আমি বলব ইকুয়ালিটির নামে আমাদের যে ন্যাশনাল অ্যাডভানটেজ—লোহা, কয়লা ইস্পাতের ক্ষেত্রে পূর্বাঞ্চল যা ছিল সারাদেশের স্বার্থে উন্নয়নের স্বার্থে স্বাধীনতার পর পূর্বাঞ্চল স্বার্থ ত্যাগ করেছে এই বিষয়ে কোন সন্দেহ নেই। লাইসেন্স প্রথা প্রয়োজনি ছিল সেই সময়ে আমরা লাইসেন্স প্রথা মেনে নিয়েছি কিন্তু সেই সময়ে যারা আজকে বিরোধিতা করছেন তারা তো সরকারে ছিলেন ৫০ এর দশকে, ৬০ এর দশকে, ৭০ এর দশকে, লাইসেন্স বৈষম্যের কথা তারা আমার থেকে কম জানেন না। তারা অনেক চেষ্টা করেছেন পশ্চিমবাংলার জন্য, পূর্বাঞ্চলের জন্য, লাইসেন্স তারা জোগাড় করতে পারেন নি। আমি এই কথা এই জন্য বলছি যে আমার বন্ধু পার্থ চ্যাটার্জি তার সঙ্গে আমার বহুদিনের পরিচয়, উনি কতগুলো বক্তব্য রেখেছেন যে আমরা দেশের জন্য স্বার্থ ত্যাগ করেছি কিন্তু এক সময়ে আমাদের পূর্বাঞ্চলে বিশেষ করে পশ্চিমবাংলায় কাপড়ের কল, কেমিকেল ইন্ডাষ্ট্রি,

ওষুধের কারখানা ছিল কিন্তু আমাদের পূর্বাঞ্চল এর ক্ষেত্রে কেমিকেল হত না সেগুলো পশ্চিমাঞ্চল থেকে আনতে হত, তুলো পশ্চিমাঞ্চল থেকে আনতে হত সেখানে ফ্রেট ইকুয়ালিটির সুবিধা আমরা পাই। আজকে মোহিনী মিল ইতিহাস হয়ে গেছে, আমাদের ওষুধের কারখাগুলো উঠে গেছে আমি এটাকেই ইতিহাস বলছি এইজন্য এটা না বললে পশ্চিমবাংলায় শিল্পের অবস্থানটাকে ঠিক ব্যাখ্যা করা যাবে না, এইখানে দাঁড়িয়ে আজকের তরুণ প্রজন্ম বুঝতে পারবে না কেন পূর্বাঞ্চল পিছিয়ে গেছে। আজকে একটা সমস্যা দেখা দিয়েছে, হলদিয়া পেট্রো কেমিকেল—ডেট ইকুইটি রেশিও নিয়ে যে সংকট তৈরী হচ্ছে, ব্যাঙ্ক সার্ভিসস চার্জ বেড়ে যাচ্ছে এবং শিল্পের ক্ষেত্রে বিশেষ করে হলদিয়া পেট্রো কেমিকেল, অত্যন্ত আধুনিক শিল্পের ক্ষেত্রে এটা একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছে। যদি লাইসেন্স প্রথার বৈষম্য না থাকত, ঠিক সময়ে আমরা হলদিয়া পেট্রো কেমিকেল পেতাম আজকে ৫ হাজার ১ শো কোটি টাকা হলদিয়া পেট্রোকেমিকেলে খরচ হত না। তাহলে ১৬শো কোটি টাকার মধ্যেই আমরা হলদিয়া পেট্রোকেমিকেল পেতাম হলদিয়া পেট্রোকেমিকেল লাভের জায়গায় থাকত। ঠিক সময়ে হলদিয়া পেট্রোকেমিকেল না হওয়ার ফলে যে টাকা ব্যাঙ্ক থেকে নেওয়া হয়েছে তার জন্য যে সার্ভিস চার্জ দিতে হচ্ছে তার থেকে অনেক কম পরিমাণ টাকা ব্যাঙ্ক দিতে হত। আমি এই কথা বলছি এই কারণে লাইসেন্স এর বৈষম্যের কারণে আজকে হলদিয়া পেট্রোকেমিলের ক্ষেত্রে আমরা পূর্ণেন্দু চ্যাটার্জিকে খুঁজছি, ইণ্ডিয়ান ওয়েলকে খুঁজছি, রেশিওটাকে আমাদের এক জায়গায় দাঁড় করিয়ে রাখতে হবে। এই ডেট ইকুইটি রেশিও নিয়ে কোন ইন্ডাস্ট্রি চলতে পারে না। কিন্তু আমি আবার বলছি যে যদি, সময় মতো আমরা হলদিয়া পেট্রোকেম পেতাম তাহলে আমাদের ব্যাঙ্কের সার্ভিস চার্জ দিতে হত না।

আমাদের এই হলদিয়া পেট্রোকেমিক্যালসকে উন্নত লাভের জায়গায় দাঁড় করাতে পারতাম। এটা আপনাদের জবাব দিতে হবে। বিদ্যুতের সবাইয়ের প্রয়োজন। শিল্প করতে গেলে বিদ্যুৎ লাগবে। বক্রেশ্বরের ক্ষেত্রে কি হয়েছে সেটা সবাই জানে। সময়মত আমরা পাই না। লোডশেডিংএর ভিতর আমাদের থাকতে হয়েছে। সে সিদ্ধার্থ শংকররায়ের আমলেই হোক, অথবা জ্যোতিবাবুর আমলেই হোক। সবাইকেই অভিজ্ঞতা নিতে হয়েছে। কিন্তু এটা যদি ঠিক সময়ে হত পশ্চিমবঙ্গের মানুষ লোডশেডিংএর হাত থেকে মুক্ত হতে পারত। শিল্পগুলিতে বিদ্যুতের জোগান দেওয়া যেত। সেইজন্য আমরা বলছি শুধু সমালোচনা করার জন্যই সমালোচনা নয়। আমি এখানে দুটো বছরের বঞ্চনার ইতিহাস এখানে বলতে চাই। ওয়াগন ইন্ডাষ্ট্রিতে পূর্বাঞ্চলেই হচ্ছে সবচেয়ে বড়। বিশেষ করে পশ্চিমবঙ্গ। বার্ন স্ট্যান্ডার্ডের দুটো ইউনিট আছে। ব্রেথওয়েটের আছে। জেশপের আছে। প্রাইভেট সেকটারের এইচ ডি সি, টেক্সম্যাকো আছে। ৭৫ শতাংশ ওয়াগন উৎপাদিত হয় পশ্চিমবঙ্গে। ৩৫ ভাগ ফোর হুইলার ক্যাপাসিটি আমাদের দেশে আছে। তার ৭৫ ভাগ ক্যাপাসিটি হচ্ছে পশ্চিমবঙ্গে। ১৯৯২-৯৩, ৯৩-৯৪ এই দুটো বছরের ইতিহাস আপনাদের সামনে তুলে ধরছি। বার্ন স্ট্যান্ডর্ড হাওড়া ওয়ার্কশপে বছরে উৎপাদন

ক্ষমতা ১২০০ ওয়াগন। মাসে ১০০ ওয়াগন তৈরী করতে পারে। বার্নপুরে বার্ন স্ট্যান্ডার্ডে ১২৫টা করে মাসে ওয়াগন তৈরী করতে পারে। বছরে ১৫০০ ওয়াগন তৈরী করতে পারে। এইভাবে টেক্সম্যাকো, এইভাবে জেশপ, এইভাবে ব্রেথওয়েট, এইচ ডি সি এদের ক্যাপাসিটি আছে। এরা অর্ডার পায় না। ৯১ পর্যন্ত অর্ডার পেয়েছে। ৭৫ পারসেন্ট অর্ডার পেয়েছে। '৯২-৯৩ সালে যখন জাফর শরিফ মন্ত্রী, মনমোহন সিং অর্থমন্ত্রী কেন্দ্রে, তখন যে ১২০০ ওয়াগন বছরে করতে পারে, তাকে ২৭৫ ওয়াগনের অর্ডার দেওয়া হল। যার ১৫০০ ক্ষমতা, তাকে ৪৭৫টা অর্ডার দেওয়া হল। লবি করে ওয়াগনের অর্ডার প্রাইভেট সেক্টরে দেওয়া হল। প্রাইভেট সেক্টরে তারা ক্যাজুয়াল ওয়ার্কার বসিয়ে দিল। তাদের পুরো টাকাটাই দিতে হচ্ছে। শুধু ইলেকট্রিসিটি খরচটা কম দিতে হচ্ছে। যে বার্ন স্ট্যান্ডর্ড লাভ করেছে, আমরা দেখতে পেলাম তার ২২ কোটি টাকা লোকসান হয়ে গেল। এর ফলে শুধু কারখানারই ক্ষতি হয়নি, এর ফলে হাওড়ার বহু ছোট ছোট ইঞ্জিনিয়ারিং কারখানা যেসব রয়েছে, তারা রেলের ওয়াগনের ৩০ পারসেন্ট তৈরী করত, এই ৯২-৯৩ সালে রেলের ওয়াগনের অর্ডার না পাওয়ার ফলে এই ক্ষুদ্র শিল্প মার খেল।

[3.35–3.45 p.m]

আমাদের ক্ষুদ্র শিল্প মার খেলো, আমার হাওড়া যে শেফিল্ড তার অর্ধেক কারখানা বন্ধ হয়ে গেল। এছাড়াও এই রিসেন্টলী যে ঘটনা ঘটলো এম. এম. সি. বন্ধ হয়ে গেল, বি. ও জি. এল. বন্ধ হয়ে গেল, ভারত ব্রেকস্ বন্ধ হয়ে গেল, আর. বি. আই. বন্ধ হয়ে গেল এবং যে অ্যানসিলিয়ারী ইউনিটগুলি ছিল, সেগুলি উঠে গেল। শুধু ভারত ব্রেকসে ১ কোটি টাকা পাওনা। এই আমার হাওড়ার ছোট ছোট কারখানাগুলি পায়নি, আবার মাঝে মাঝে এরা আমার কাছে ছুটে আসে, তারা বলে বি. বি. এল.এর চেয়ারম্যানকে একটা বলে দিন যাতে আমার টাকাটা অন্তত দিয়ে দেয়। আমরা যাই তাদের কাছে বি. বি. এলের নতুন চেয়ারম্যান এসেছে তাকে গিয়ে বলি এই গরীব কারখানার ছোট ছোট মালিকদের টাকাটা অন্তত দিয়ে দিন। এরা টাকা দিচ্ছে না। এই কারখানাগুলি বন্ধ হয়ে গেছে। আজকে রুগ্নতার প্রশ্নে এই কারণগুলি বাদ দিয়ে যদি পশ্চিমবাংলার শিল্পকে ভাবি তাহলে ভুল হবে। আজকে রুগ্নতার প্রশ্নে যখন এই জায়গায় দাঁড়িয়ে সেই সময় বিদেশী লগ্নির ক্ষেত্রে যদি দেখি তাহলে বলতে পারি সারা ভারতবর্ষে কোন একটা ক্ষেত্রে বিদেশী লগ্নি স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত যা হয়েছে তার সব থেকে বড় অংশটা হয়েছে পশ্চিমবাংলায়। মিতসুবিশী কোম্পানী তারা যে পি. টি. এফ. প্ল্যান্ট তৈরী করেছে হলদিয়াতে এই একটা কারখানায় যা লগ্নী হয়েছে ভারতবর্ষের আর কোন কারখানায় এই বিদেশী লগ্নী সেই পরিমাণে হয়নি। এটা একটা রেকর্ড। হয়তো পরিমাণের ক্ষেত্রে সারা বছরের যদি ডিস্ট্রিবিউশান দেখি, তাহলে দেখা যাবে ৭, ৮ নম্বর স্থানে আমরা আছি, কিন্তু আমি বলতে পারি এখনও পর্যন্ত একটা ইউনিটের ক্ষেত্রে এটাই রেকর্ড। আমি এটা বাদ দিয়ে বলবো যা বিনিয়োগ হয়েছে তার ভিতরে পশ্চিমবাংলায় গত ২ বছরে ২১.৭ পারসেন্ট বিনিয়োগ আমরা বাড়াতে পেরেছি, আর ওই একই সময়ে

সারা ভারতবর্ষে বিনিয়োগের পরিমাণের ক্ষেত্রে ৩.১ পারসেন্ট হয়েছে। এটা আমার রিপোর্ট নয়, এটা সেন্টার ফর মনিটরিং অফ ইন্ডিয়ান ইকোনমি তার যে রিপোর্ট যেটা জুলাই মাসে বেরিয়েছে আমি সেখান থেকে বলছি। উন্নয়নের ক্ষেত্রে আমাদের পঞ্চায়েত ব্যবস্থা এবং বর্গাদার আইন, ভূমিসংস্কার এই সব মিলিয়ে একটা অর্থনীতি তৈরী করেছি। পশ্চিমবাংলায় বাধা দিয়ে তাকে আটাকানো যাবে না। তাই আমি মনে করি অর্থনীতি আসবে। আমি আরেকটা কথা বলতে চাই এই সময় আমি অনুরোধ করবো মিডিয়ার বন্ধুদের যে গুজরাটে ৭০ দিন ধরে যে নারকীয় ঘটনা ঘটে গেল, বোম্বাইতে যে ঘটনা ঘটে গেল, তামিলনাড়ুতে গত কয়েক দিন আগে যে ধর্মঘট হলো সেই অবস্থা কথা বলছি তাতে যদি সব রাজ্যে বিনিয়োগ মার না খায়, তার জন্য যদি মিডিয়ার প্রচার সামনে না এসে থাকে, আমাদের কারখানাতে শ্রমিকরা ই. এস. আই. - এর টাকা পাবে না সি. পি. এফের টাকা পাবে না, আর তারা যদি আন্দোলন করে সেটা অপরাধ হয়ে যাবে? একটা ট্রাকের কারখানাতে ভাড়া নিয়ে যে ঘটনা ঘটলো তাকে নিয়ে ৬ কলামের হেড লাইন করলে পশ্চিমবাংলার শিল্পের ক্ষতি হবে। এই কথা বলে একে সম্পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী হরিপদ বিশ্বাস : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী শ্রী নিরুপম সেন, পশ্চিমবঙ্গ সরকারের রাষ্ট্রায়ত্ত উদ্যোগের ভারপ্রাপ্ত মন্ত্রী ২০০০-০৪ সালের জন্য ৪৪ নম্বর অনুদান সম্পর্কে যে বাজেট পেশ করেছেন এবং ২৯ নম্বর অনুদানের সম্পর্কে যে বাজেট পেশ করেছেন এবং শিল্প-বাণিজ্য দপ্তরের যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করে কয়েকটা কথা বলছি।

আজ থেকে ১৫০ বছর আগে কমিউনিস্ট ইশ্‌তেহারে মার্ক্স-এঙ্গেলস লিখেছিলেন, 'নিজেদের প্রস্তুত মালের জন্য অবিরত প্রসারমান এক বাজারের তাগিদ বুর্জোয়া শ্রেণীকে সারা পৃথিবীময় দৌড় করিয়ে বেড়ায়। সর্বত্র তাদের ঢুকতে হয়, সর্বত্র তাদের গেড়ে বসতে হয়, যোগসূত্র স্থাপন করতে হয় সর্বত্র।' আজকে পুঁজি ও প্রযুক্তির বিশ্বায়নের চেহারা আমাদের দেখিয়ে দিচ্ছে দেড়শো বছর আগেকার সেই বিশ্লেষণ কতটা সঠিক ছিল।

মাননীয় ডেপুটি স্পীকার স্যর, আপনার মাধ্যমে বলতে চাই, আজকে বিরোধীরা এখানে যে বক্তব্য রাখলেন এটা সম্পূর্ণ বিপরীতধর্মী। স্বাভাবিকভাবে ওদের এটা কাজ। আজকে শুধু পশ্চিমবঙ্গ নয়, গোটা ভারতবর্ষের শিল্প যে সংকটের মধ্যে পড়েছে তার প্রধান কারণ হল ডব্লু.টি.ও-র যে নীতি সেই নীতি কেন্দ্রীয় সরকার ইমপ্লিমেন্ট করছেন এবং রাজ্য সরকারের উপরও সেই দায়ভার চাপিয়ে দিচ্ছে এবং তার ফলে আজকে শুধু পশ্চিমবঙ্গ নয়, সারা ভারতবর্ষে শিল্পে সংকট বাড়ছে। সমস্ত জানালাদরজা খুলে দেওয়ার ফলে শত শত পণ্যসামগ্রী অবাধে আমাদের বাজারে ডাম্পিং হচ্ছে। বিভিন্ন বহুজাতিক সংস্থানগুলোকে আমাদের দেশের বাজার দখল করে নেওয়ার ফলে আমার অভ্যন্তরীণ বাজারের ক্ষেত্রে মন্দা দেখা দিয়েছে। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পর ভূমিসংস্কারকে কার্যকরী করার মাধ্যমে আমাদের রাজ্যের সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। কিন্তু বাইরের যে সব জিনিসপত্র এখানে আমদানি হচ্ছে তার ফলে আমাদের দেশে উৎপাদিত পণ্যসামগ্রী বাজার হারাচ্ছে। এ কথা মুর্খেও স্বীকার করে,

কিন্তু ওনারা স্বীকার করেন না।

আমাদের রাজ্যে ৬২টি পাটকলের মধ্যে বেশীর ভাগই চালু আছে, কয়েকটা বন্ধ আছে। আমাদের রাজ্যের মেজর ইন্ডাস্ট্রি হচ্ছে পাটকল। কিন্তু সেই পাটকল ধুঁকছে, সম্ভাবনা খারাপ। আশা করি এবিষয়ে বিরোধীরা একমত হবেন। পশ্চিমবঙ্গে ৪০ লক্ষ পাটচাষী আছে এবং তাদের সঙ্গে আছে কয়েক লক্ষ খেতমজুর। পাট শিল্পে ২ লক্ষের উপর মজুর কাজ করে। পশ্চিমবঙ্গের আর্থিক বিনিয়োগের অনেকটাই জুটকেন্দ্রীয়। স্বাভাবিকভাবেই ওদের যদি সামান্য বোধ-বুদ্ধি থাকে তাহলে মহামান্য হাইকোর্ট যে রায় দিয়েছেন, কেন্দ্রীয় সরকারের তা কার্যকরী করা উচিত। আমাদের দেশে ১০০ শতাংশ প্যাকেজিং জুটে করার জন্য যে রায় দিয়েছে সেক্ষেত্রে সর্বদলীয় একটা সিদ্ধান্ত হোক এই বিধানসভা থেকে এবং সর্বদলীয় পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের শিল্পমন্ত্রীর কাছে প্রস্তাব দেওয়া হোক। ভারতবর্ষের মধ্যে আমাদের রাজ্যে জুট শিল্প বেশী এবং পশ্চিমবঙ্গের পাট-চাষী বাঁচিয়ে রাখার জন্য জুটের ব্যবহারের ক্ষেত্রে বাধ্যবাধকতা করা হোক এবং এ জন্য সর্বদলীয়ভাবে কেন্দ্রীয় শিল্পমন্ত্রীর কাছে ডেপুটেশন দেওয়ার প্রস্তাব আমি রাখছি।

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, ২০০১ সালে শিল্প পুর্নগঠনের কাজ শুরু হয়। আমার বিধানসভার মধ্যে ডানবার কটন মিল এবং অন্নপূর্ণা কটন মিল আছে।

[3.45 - 3.55 p.m]

আমাদের রাজ্যের বরাদ্দকৃত যে সফ্‌ট লোন, সেই সফ্‌ট লোন দেওয়ার প্রস্তাবে বলেছিল ডানবার কটন মিলের ৭ কোটি টাকা আর অন্নপূর্ণা কটন মিলের ২ কোটি টাকা। ডানবার কটন মিল ১৯৮৪ সালে বন্ধ হয়েছিল সেখানে ৪ হাজারের উপরে শ্রমিককর্মচারী ছিল। ৩১শে জুলাই ২০০১-এ হাইকোর্ট প্রোমোটার ডি.পি.সরকেলকে ডানবার কটন মিল খোলার জন্য তাকে বরাদ্দ দেওয়ার জন্য ডি.পি.সরকেল ডানবার কটন মিল খোলার অনুমতি পায়। ডি.পি.সরকেল ডানবার কটন মিলের তালা খুলে যেসব মূল্যবান গাছ ছিল, সেগুলি কেটে নেয়। একটা প্রসাদোপম বিল্ডিং ছিল সেটাকে ভেঙে বিক্রি করে দেয়। স্ক্র্যাপ বিক্রি করে দেয়, ৩ কোটি টাকার ফিনিস গুড্‌স দা গোডাউন, বাউরিয়া গোডাউনে কাপড় রেখে সেই কাপড় বিক্রি করে দেয়। সেই সময় আমি নোয়াপাড়া থানাকে বলেছিলাম, অবৈধভাবে এই ডি.পি.সরকেল প্রায় ৭০ ট্রাক কাপড় পাচার করেছে, তাই ঐ থানার উপযুক্ত ব্যবস্থা নেওয়া উচিত ছিল। আমি আপনার মাধ্যমে বলছি ডি.পি.সরকেল সম্পূর্ণ জালিয়াতি করেছে। সেই সময় রাজ্য সরকার এবং হাইকোর্টের কাছে ডি.পি.সরকেল বলেছিল যে, ওর ২ কোটি ৩৫ লক্ষ টাকা ইন্ডিয়ান ওভারসিয়েস ব্যাঙ্কে অ্যাকাউন্টে আছে এবং এই মর্মে বরাদ্দও পেয়েছিল, কিন্তু পরবর্তীকালে দেখা যায় ওর ২ কোটি ৩৫ লক্ষ টাকা তো দূরের কথা, ২ লক্ষ টাকাও ছিল না। সেই জালিয়াতিতে পরবর্তীকালে ধরাও পড়ে। তাই আপনার মাধ্যমে বলতে চাই এই ডানবার কটন মিল খোলার আগে তার বন্ধ কারখানার শ্রমিকরা যে ৫ শত টাকা করে পেতেন সেটা বন্ধ হয়ে গেল। আবার গত ৩১শে এপ্রিল থেকে এটা চালু হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত শ্রমিকরা তা পাইনি। আগামী দিনে নিশ্চয়ই পাবে। যে কথা বলছিলাম মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন্নপূর্ণা কটন মিল সেটিও একসঙ্গে

চালু হয়েছিল সেই মিলের জন্য ২ কোটি টাকার সফ্‌ট লোন দেওয়ার কথা বলেছিল। রাজ্য সরকার ১ কোটি টাকা দিয়েছিল পরবর্তীকালে আর ১ কোটি টাকা আর্থিক সঙ্কটের জন্য দেওয়া সম্ভব হয়নি। বর্তমানে রাজ্য সরকার সেটি দিতে পারছে না তাই জমি বিক্রি করে দেবার প্রস্তাব দেওয়া হয়েছে। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে জমি বিক্রি করা সংক্রান্ত বিষয়ে মাননীয় মন্ত্রী যে রিপোর্ট পেশ করেছেন সেখানে অনেকগুলি কারখানা সম্বন্ধে প্রস্তাব দেখলাম। সেখানে জমি বিক্রি করে মাননীয় মন্ত্রী আমাদের জমি সংক্রান্ত বিষয়ে তার একটা লেখা 'বিশ্বায়ন ভাবনা দুর্ভাবনা'-য় উনি লিখেছেন এবং খুব গুরুত্বপূর্ণ বিষয় উনি লিখেছেন। জমির ব্যবহার সম্পর্কে খুব গুরুত্বপূর্ণ বিষয় উনি দিয়েছেন। আমি একটা কথা বলতে চাই যে শিল্পের জন্য যে জমি, সেই জমি কিসের জন্য ব্যবহার হবে, কি পারপাসে ক্রেতা কিনবে? শিল্পের জন্য যে জমি আজকে যে ওয়েস্টেড জমি, বেশি জমি আছে, সেই জমি বিক্রি করতে পারে রুগ্ন কারখানাকে ডিভাইড করার জন্য। কিন্তু সেই জমি কি পারপাসে বিক্রি হবে? সেই জমি যদি প্রোমোটাররা কিনে নেয় এবং কিনে নিয়ে সেখানে যদি বিল্ডিং করে, তাহলে তার জন্য আমাদের নীতি কি হবে? এই দিকে আমাদের রাজ্যে মাথাপিছু ১৬ শতক জমি আমরা বলে থাকি যে প্রতি ইঞ্চি জমি প্রতিবিন্দু জল যাতে আমরা কাজে লাগাতে পারি সেইক্ষেত্রে আমি বলব যে নগর উন্নয়নের কথা। স্বাভাবিকভাবেই এই শিল্পের জন্য যে জমি আছে —বরাদ্দকৃত যে জমি আছে সেই জমি যদি বিক্রি হয় তাহলে সেখানে যদি শিল্প স্থাপন হয় - নতুন করে যে শিল্পোদ্যোগীদের কথা ভাবা হচ্ছে তার যদি নতুন করে শিল্প স্থাপন করতে পারে, তারজন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এর সাথে সাথে বলব যে আজকে নতুন করে কৃষিজমিকে শিল্পায়নের জন্য দেওয়ার বন্দোবস্ত করা হচ্ছে এবং বলা হয়েছে তাই মাননীয় ডেপুটি স্পিকার স্যার একদিকে কৃষিজমি কমে যাবে, তার একদিকে শিল্পের জন্য যে জমি ছিল সেই জমি আমরা যদি ব্যক্তিগত মালকিানায় বিক্রি করে দিই এবং সেখানে যদি প্রোমোটাররা বিল্ডিং করে তাহলে জিনিসটা বোধহয় ভাল হবে না। এই বিষয়টি আপনার নজরে আনছি। মাননীয় ডেপুটি স্পিকার স্যার আর একটি বিষয় যে আমাদের রাজ্যের ইন্ডাস্ট্রির মধ্যে একটা অন্যতম ইন্ডাস্ট্রি হল ইটখোলা। বহু ইটখোলা আছে আমাদের রাজ্যে। এটা একটা লাভজনক ব্যবসা। আমি ব্যক্তিগতভাবে জানি, ইটখোলার মালিকরা ভীষণভাবে শ্রমিকদের শোষণ করছে। তারা শ্রম সংক্রান্ত কোন আইনের ধার ধারে না। দ্বিতীয়ত তারা যত্রতত্র ২০/২৫ ফুট ডিপ করে মাটি কেটে ইট তৈরী করছে, কিন্তু সরকারকে কোন রেভিনিউ দিচ্ছে না। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলতে চাই যে, ইটখোলাগুলোর ওপর সরকারের একটু নজর দেয়া দরকার। ওরা অনেক জায়গায় লাইসেন্স না নিয়েই ইট-খোলা চালাচ্ছে, কৃষিজমি নষ্ট করছে। আমরা মনে হয় এদের কাছ থেকে সরকার ১০% বেশী রেভিনিউ পায় না। বি.এল.আর.ও. অফিসে যোগাযোগ করে জানতে পেরেছি অনেক জায়গায় সরকারী কর্মচারীরা রেভিনিউর জন্য গেলে তাদের মারধোর পর্যন্ত করা হয়।

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি চট-কল সংক্রান্ত কয়েকটি বিষয় মাননীয় মন্ত্রীর কাছে উল্লেখ করতে চাই। আমরা দেখছি জে.সি.আই. পর্যাপ্ত পরিমাণে পাট

কেনে না এবং তারা তাদের ক্রয় কেন্দ্রগুলি এক এক করে তুলে দিচ্ছে। তারা বেশী পরিমাণে পাট কিনলে আমাদের রাজ্যের কৃষকরা উপকৃত হয়। কিন্তু তারা ১০% -এর বেশী কখনোই কেনে না। আমাদের রাজ্যে গড়ে ১০০ লক্ষ গাঁট পাট উৎপন্ন হয়। এই পাটের বেশীর ভাগটাই ফোড়ে এবং মহাজনরা চাষীদের কাছ থেকে নিয়ে মিল মালিকদের কাছে বিক্রি করে। কলকতায় জুট হাউস বলে একটা বিল্ডিং আছে। সেখানে পাট কেনা-বেচা হয়। সেখানে ফোড়ে এবং মহাজনরা পাট নিয়ে এসে কিভাবে বিক্রি করছে? একজন মহাজন পাট নিয়ে এলো, ঠিক হল ৮০০ টাকা কুইন্টল দরে সে পাট বিক্রি করবে সে হিসাবে সে এক কুইন্টল পাটের জন্য ৮০০ টাকা চেকে পেমেন্ট নিচ্ছে, তারপর আরো ১০০ টাকা ক্যাশে নিয়ে সেটা আত্মসাৎ করছে। প্রকৃত পাটের দামকে সেখানে গোপন করা হচ্ছে। এই বিষয়টির প্রতি আমি মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

এ ছাড়া আমাদের রাজ্যে যা পাট উৎপাদন হয় তা প্রয়োজনের তুলনায় একটু বেশীই বলা যায় এবং বাংলাদেশ থেকে ইদানীংকালে পাট আমদানী করা হচ্ছে। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনি জানেন আমাদের দেশে প্রচুর পেপার মিল আছে এবং আমাদের রাজ্যেও পেপার মিল করার যথেষ্ট সম্ভাবনা আছে। কাগজ তৈরীর জন্য কাঁচা পাট ব্যবহার করা যায় কিনা—কাগজ তৈরীর জন্য সাধারণত বাঁশ, কাঠ ইত্যাদি ব্যবহার করা হয়—সেটা পরীক্ষা-নিরীক্ষা করে দেখা দরকার। কাঁচা পাট দিয়ে যদি কাগজ তৈরী সম্ভব হয়, তাহলে আমাদের রাজ্যের পাটচাষীরা উপকৃত হবে।

পাট ব্যবহারের মধ্যে বৈচিত্র্য আনার প্রস্তাব আমাদের সরকার ইতিপূর্বেই গ্রহণ করেছিল। আমি মনে করি অতি দ্রুত সেই প্রস্তাবকে কার্যকরী করা প্রয়োজন। পাপোশ, কার্পেট, জুতো, ব্যাগ ইত্যাদি তৈরীর ক্ষেত্রে পাটের ব্যবহারকে আরো জোর দেয়া দরকার। এ বিষয়ে আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি, পাটশিল্পের আধুনিকীকরণের ব্যাপারে আপনি একটু উদ্যোগী হোন।

আমরা দেখছি আমাদের দেশে একটা লুমে একজন শ্রমিক দুটোর বেশী তাঁত চালায় না। অথচ চীনে একজন শ্রমিক ৮টা তাঁত চালায়। স্বাভাবিকভাবেই তাদের প্রোডাকশন বেশী হয়। সুতরাং এই সমস্ত বিষয়গুলি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটু দেখতে হবে। সম্প্রতি চায়না জুটে উন্নতি করেছে। মিল মডার্নাইজ করেছে, পাট চাষের এরিয়া বাড়িয়েছে। এখনো পৃথিবীতে পাট চাষ আমাদের রাজ্যেই বেশী হয়। তথাপি আজকে পৃথিবীর অন্যান্য দেশেও পাটের চাহিদা এবং পাটশিল্প বাড়ছে—ভিয়েতনামে বাড়ছে, আরো কয়েকটা দেশে পাটশিল্পের শ্রীবৃদ্ধি ঘটছে।

মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার সর্বশেষ প্রস্তাব পাটশিল্পকে বাঁচাবার জন্য আমাদের এই বিধানসভা থেকে একটা সর্বদলীয় সিদ্ধান্ত গ্রহণ করা হোক। আপনার মাধ্যমে আমি সেই প্রস্তাব মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি।

[3.55 - 4.05 p.m]

যে, আগামীদিনে এই পাটশিল্প এবং বাংলাকে বাঁচিয়ে রাখার জন্য আপনারা সকলে

যদি আন্তরিকতার সাথে বলেন তাহলে কেন্দ্রীয় সরকারের শিল্পমন্ত্রীর কাছে একটা ডেপুটেশন রাজ্য সরকারের কাছ থেকে দেওয়া হোক বাংলার পাট চাষকে বাঁচানোর জন্য এবং প্যাকেজিং-এ ১০০ ভাগ পাট ব্যবহার করার জন্য। পাটচাষীরা যে বীজ জমিতে নিয়ে যাচ্ছে পাট বোনার জন্য —আমরা আগে দেখতাম সেই বীজ কাপড়ের ব্যাগে থাকতে ২ কেজি বীজের ব্যাগ, এন.টি.সি. কাপড়ের ব্যাগ থাকতো, এখন দেখছি কতগুলি কোম্পানী ইদানীং পাটের বীজ যেগুলি মাঠে অঙ্কুরিত করার জন্য নিয়ে যাচ্ছে সেগুলি প্ল্যাস্টিকের ব্যাগ। এটা অত্যন্ত নির্মম। তারপর সারের বস্তা —কৃষকরা জমির খাবার হিসাবে যেটা নিয়ে যায় সেই সারের বস্তা সিন্থেটিকের। এই সিন্থেটিক আমাদের বিপদগ্রস্ত করছে, পলিউশন সৃষ্টি করছে, পরিবেশ নষ্ট করছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলবো, আমাদের রাজ্যে পলিপ্যাক যাতে কমানো যায়, তার জন্য ব্যবস্থা নেবেন এবং পাটশিল্পকে বাঁচানোর জন্য উদ্যোগ নেবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নেপাল মাহাত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রী কমার্স অ্যান্ড ইনডাসট্রি, ইনডাসট্রিয়াল রি-কনস্ট্রাকশন এবং পাবলিক এনটারপ্রেনিওরস এই ৩টি ডিপার্টমেন্টের যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তার আমি বিরোধিতা করি এবং যে কাট-মোশনগুলি আছে তাকে সমর্থন করে এই সম্বন্ধে দু-একটি কথা বলছি। আজকে সারা পশ্চিমবঙ্গে শিল্পের যে অবস্থা শিল্পমন্ত্রী নিরুপমবাবু এই দপ্তরে আসার পর পশ্চিমবাংলার অনেক মানুষের আশা হয়েছিল যে হয়তো শিল্পে কিছু উন্নতি হবে। ওনার হয়তো কিছু দোষ নেই, কারণ শিল্পের উন্নয়ন সাধনের জন্য পশ্চিমবঙ্গে যে পরিবেশ দরকার সেই পরিবেশ সঠিকভাবে না থাকার জন্য হয়তো তিনি সাকসেসফুল হতে পারছেন না। আমি আজকে তাঁর ভাষণের কয়েকটি অংশ পড়ে ব্যাখ্যা করতে চাইছি। তিনি শিল্প ও বাণিজ্য বিভাগে যে ভাষণ রেখেছেন তাতে তিনি বলেছেন, "শিল্পে কাঙ্ক্ষিত ত্বরান্বিত করতে এই রাজ্যে উপযুক্ত সামাজিক পরিকাঠামো বিদ্যমান"। তিনি একথাও বলেছেন, "পশ্চিমবঙ্গে এখন শিল্প গড়ার পরিবেশে হয়েছে"। আমি এই সম্পর্কে কয়েকটি উদাহরণ দিচ্ছি। গতকাল "প্রতিদিন" খবরের কাগজে একটা খবর বেরিয়েছে যেটা খুবই গুরুত্বপূর্ণ। তাতে লিখেছে, "জঙ্গী ইউনিয়নের তাণ্ডবে রাজ্য ছেড়ে যাচ্ছেন শিল্পপতিরা"। এতে পরিষ্কারভাবে ৩টে উদাহরণ তুলে ধরা হয়েছে। ১ নম্বর বলছে, মাছ ধরার সরঞ্জাম তৈরী করে বিদেশে একজন বাঙালী ব্যবসায়ী রপ্তানী করেন। তার একটা কারখানা আছে পুনেতে। তিনি চান আর একটু এক্সটেনশন করতে। পশ্চিমবঙ্গে এক্সটেনশন করার তার উদ্দেশ্য ছিল। কিন্তু তিনি এই পরিবেশ দেখে বীতশ্রদ্ধ হয়ে বাধ্য হয়ে সিদ্ধান্ত নিলেন পশ্চিমবাংলায় এক্সটেনশন করার যে ইচ্ছা ছিল, সেই মনোবাসনা পুরণ করা যাবে না। নম্বর ২, রাজ্যে প্রতিষ্ঠিত বণিক সভার সভাপতি রীতিমত হতাশ তার কারখানার শ্রমিকদের উৎপাদনশীলতা নিয়ে।

তার নিজের একটি কারখানা বাঙ্গালোরে আছে। সেই কারখানার শ্রমিকদের উৎপাদনশীলতা এখনাকার চেয়ে তিনগুণ বেশী। এখানে উৎপাদনশীলতার জন্য যে পরিকাঠামো থাকা উচিত, যে পরিবেশ থাকা উচিত তা না পাবার জন্য তিনি বাধ্য হয়ে ঠিক করেছেন যে তার পরবর্তী

কারখানাটি তিনি পশ্চিমবঙ্গে আর করবেন না। এই সিদ্ধান্ত তিনি নিয়েছেন। এবারে তিন নং-এ আসছি। মুখ্যমন্ত্রীর ঘনিষ্ঠ একজন শিল্পপতি তার অন্য একটি কারখানায় বা সংস্থায় যে অংশ আছে তার সেই নিজস্ব অংশ বিক্রি করার জন্য তিনি ঠিক করেছিলেন এবং তা করে পশ্চিমবঙ্গে ভেষজ কারখানার উপাদান, ওষুধ ও প্রসাধনী তৈরি করার জন্য একটি কারখানা করবেন বলে ঠিক করেছিলেন। এর জন্য প্রয়োজনীয় জমি সংগ্রহ করার জন্য তিনি দপ্তরে গেলেন, অনেক ঘোরাঘুরি করলেন, কিন্তু জমি পাওয়ার ব্যাপারে তিতিবিরক্ত হয়ে এবং জমি না পেয়ে তিনি সিদ্ধান্ত পাল্টে সেই কারখানাটি এখানে না করে পাশের উড়িষ্যাতে করবার জন্য সিদ্ধান্ত নিলেন। এই-হচ্ছে এ রাজ্যের শিল্পের পরিবেশ। মাননীয় মন্ত্রিমহাশয়, আপনার জমানায় এখানে শিল্পের পরিবেশ কিভাবে দূষিত হচ্ছে তাঁর কথা একটু বলা দরকার কারণ এর পর বলতে উঠে আপনি এখানকার পরিবেশ নিয়ে অনেক প্রশংসার কথা আমাদের শোনাবেন। আপনি কিভাবে ব্যর্থ হচ্ছেন তার কয়েকটি পরিসংখ্যান তুলে ধরছি, আশা করি এর উত্তর দেবেন। ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট— টোট্যাল ডিসপিউট ২০০২ সালে, আগের এবং পরেরটা মিলিয়ে ৪ হাজার ৩৫৬। শুধু ২০০২ সালে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট হয়েছে ২ হাজার ৫৩ টি এবং আগের জের ছিল ২ হাজার ২০৩টি। এবারে ওয়ার্ক স্টপেজের পরিসংখ্যানটা দিচ্ছি। ২০০২ সারে ৩৭১টা ওয়ার্ক স্টপেজের কেস হয়েছিল— স্ট্রাইক, লক-আউটের জন্য এই ওয়ার্ক স্টপেজ হয়েছে। এই ওয়ার্ক স্টপেজে অ্যাফেকটেড ওয়ার্কারদের সংখ্যাটা হচ্ছে ২.৩০ লক্ষ। ম্যানডেজ নষ্ট হয়েছে ২২.৩৩ লক্ষ। স্ট্রাইক এবং লক-আউট মিলিয়ে '৯৮ সালে হয়েছে —২৩৮টি, ওয়ার্কমেন অ্যাফেকটেড ১.০৮, '৯৯ সালে ২০০৮, ওয়ার্কমেন অ্যাফেকটেড—৪.৭৩। ২০০০ সালে ৩১৩, ওয়ার্কমেন অ্যাফেকটেড—৭.৭২ লক্ষ। ২০০১ সালে ৩২৯। ২০০২ সালেরটা এখনও প্রভিশনাল, পুরো হিসাবটা এখনও আসেনি, তাতে দেখছি সংখ্যাটি হচ্ছে ৩৭১। ওয়ার্কমেন অ্যাফেকটেড ২.৩০ এবং ম্যানডেজ নষ্ট হয়েছে ২২.৩৩ লক্ষ। ২০০২ সালে যে ওয়ার্ক স্টপেজ হয়েছিল তার মধ্যে থেকে আপনি বিভিন্ন আলোচনার মাধ্যমে স্ট্রাইক ১৪টি এবং লক-আউট ৪২টির সমাধান করতে পেরেছেন। পশ্চিমবঙ্গ সরকারের লেবার রির্পোট যেটা বেরিয়েছে তার থেকেই আমি তথ্যগুলি দিলাম। এই হচ্ছে আপনার দফতরের অবস্থা। এবারে আমি চাশিল্পের কথায় আসছি। পশ্চিমবঙ্গে বড় আকারের যেসব অ্যাগ্রোবেসড ইন্ডাস্ট্রিস আছে সে সম্পর্কে আলোচনা করলেই দেখতে পাবেন আপনার দপ্তরের কি অবস্থা। এখানে টোট্যাল রেজিস্টার্ড চাবাগান আছে ২৭৭টি। ডিসেম্বর ২০০২ পর্যন্ত এখানে ২.৫ লক্ষ মানুষ ডাইরেক্টলি কাজে নিযুক্ত আছেন। অনেকগুলি চাবাগান ব্যাঙ্কের ঋণের দায়ে জর্জরিত হয়ে বন্ধ হয়ে গিয়েছে। ১০টি টি গার্ডেন ইমিডিয়েটলি বন্ধ।

[4.05—4.15 p.m.]

এর ফলে প্রায় ৯৭০০ লেবার ক্ষতিগ্রস্ত হয়েছে। টি গার্ডেনের স্ট্রাইক এবং লকআউটের পরিসংখ্যান বলছে ১৯৯৮ সালে ৫টি ১৯৯৯ সালে ১১টি এবং ২০০০ সালে ১১ এবং ২০০১ সালে ১৫ এবং ২০০২ সালে ৩০। অর্থাৎ ২০০২ সালে বেড়ে গিয়ে হলো ৩০ লক আউট এবং স্ট্রাইক। এই ক্ষেত্রে ম্যানডেজ লস হয়েছে ২৬.৪৫ হাজার এবং ক্ষতি হয়েছে ১২.৮৫

লক্ষ টাকা। আজকে এই পরিস্থিতি অ্যাগ্রো বেসড ইনডাসট্রিতে। আপনি অ্যাগ্রো বেসড ইনডাসট্রি করবেন বলছেন। কি পরিস্থিতি দেখুন। এই পরিস্থিতি কত দিন চলবে? ইনডাসট্রির উপর ভিত্তি করে আমরা আশা করছি হয়ত পশ্চিমবাংলার মানুষের, পশ্চিমবাংলার বেকারদের কর্মসংস্থান হবে, অর্থনৈতিক উন্নয়ন হবে। কিন্তু পরিসংখ্যান তা বলছে না। এই সরকারের কাজ করার যে দক্ষতা তাতে আমরা কোন আশা-আকাঙ্ক্ষা দেখতে পাচ্ছি না। আজকে জুট মিলগুলোর কি অবস্থা দেখুন। আমাদের টোটাল জুট মিল হচ্ছে ৭৩টি ইন্ডিয়াতে। তার মধ্যে ওয়েস্ট বেঙ্গলে হচ্ছে ৫৯টি। আমাদের ৫টি মিল ন্যাশানাল জুট ম্যানুফ্যাকচারিং কোম্পানীর দ্বারা চলছে, আর একটা গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল চালাচ্ছে। এখানে লক আউট এবং স্ট্রাইকের সংখ্যা হচ্ছে ১৯৯৯ সালে স্ট্রাইক হয়েছে ৫টি, লক আউট হয়েছে ২১টি, মোট ২৬টি। ২০০০ সালে স্ট্রাইক ২টি এবং লক আউট ২৯টি, মোট ৩১টি। ২০০১ সালে স্ট্রাইক ২টি লক আউট ২০টি মোট ২২টি। ২০০২ সালে স্টাইক ১৭টি এবং লক আউট ২০টি, মোট ৩৭টি। ২০০২ সালে বেশী হয়েছে। দীর্ঘ দিন ধরে আপনি এই দপ্তরের নেতৃত্বে দিচ্ছেন, আমরা আশা করেছিলাম আগামী দিনে পশ্চিমবাংলার ইন্ডাস্ট্রির ক্ষেত্রে একটা উন্নয়ন দেখবো। সেটা কিন্তু আমরা দেখতে পাচ্ছি না। ১১ পৃষ্ঠায় ১.৯ অনুচ্ছেদে যে বক্তব্য আপনি রেখেছেন, বিশেষ করে ওয়েস্ট বেঙ্গল মিনারেল ডেভলপমেন্ট করপোরেশান নিয়ে, মাঝখানে এই কথা বলেছিলেন যে এই মিনারেল ডেভলপমেন্ট করপোরেশান নামে একটা সংস্থা যে সংস্থা ১৯৮৪ সালের সেন্ট্রাল মিনারেল অ্যাক্ট অনুযায়ী যদি ধরা হয় তাহলে ১৯৮৪ সালে অর্ডার দিয়েছিলেন যে তারা মিনারেল নিয়ে কাজ করবে। আজকে ১৯ বছরেও তার কোন কাজ করতে পারেনি। পুরুলিয়া এবং বাঁকুড়ার বিভিন্ন জায়গার দায়িত্ব তাকে দিয়েছিলেন। আমি নিজে ব্যক্তিগতভাবে দেখা করে বলেছিলাম যে এখানে যারা ব্যবসা করতে আসছে, ইন্টারেস্ট নিয়ে বিজনেস করতে আসছে তারা বাধ্য হয়ে কোন লাইসেন্স পাচ্ছে না। কারণ আপনার দপ্তর থেকে জানানো হচ্ছে ওয়েস্ট বেঙ্গল মিনারেল ডেভলপমেন্ট করপোরেশানের মাধ্যমে কাজ হবে। আপনাকে পরিসংখ্যান দিয়ে বলতে হবে পুরুলিয়ায় যে ছোট ছোট মিলারেলস আছে সেইগুলো ক্ষতিগ্রস্ত হলো কেন? এই দায়িত্ব আপনাকে নিতে হবে। মাননীয় বিধায়ক নিখিল নিখিল মুখার্জী এখনাকার চেয়ারম্যান, তিনি ব্যক্তিগতভাবে ব্যবসাদারদের ডেকে বলছেন যে ওদের সাথে কথাবার্তা বলে কাজ করতে হবে। এই রকম সব কথা বলা হয়েছে। মিনারেল ডেভলপমেন্ট করপোরেশনের জন্য ৫টি জায়গা বাদ রেখে বাকি জায়গায় যারা ব্যবসা করবে তারা আসতে পারে। আপনার দপ্তরের এই প্রস্তাব সঠিক প্রস্তাব। তাহলে কেন এই ১৯ বছর টালবাহানা করা হল? তাদের ১ বছরের সমস্ত অর্ডার ক্যানসেল হবে। আগে কেন এই জিনিস করতে পারলেন না? এই সব জিনিস করেছেন তাই এই বাজেটের বিরোধিতা করছি এবং কাটমোশানগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় চেয়ারম্যান, স্যার, পশ্চিমবঙ্গ সরকারের শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং বিরোধীদের আনা সমস্ত কাটমোশানকে সমর্থন করে দু-একটি কথা মাননীয় মন্ত্রী

মহাশয়ের কাছে এবং এই সভার কাছে রাখবার চেষ্টা করছি। নিরুপমবাবু যেদিন মন্ত্রী হয়েছিলেন এবং তারপর পশ্চিমবঙ্গের মানুষের মনে যে আশা জেগেছিল যে, একজন বাস্তববাদী মন্ত্রী রাজ্যের শিল্পের দায়িত্ব নিয়েছেন, স্বাভাবিকভাবে তিনি চেষ্টা করবেন, এই রাজ্যে যাতে নতুন করে শিল্প গড়ে ওঠে। ভারতবর্ষের এবং ভারতবর্ষের বাইরের শিল্পোদ্যোগীদের তিনি ডেকে আনবেন। মূলত, এই রাজ্যের যদি উন্নয়ন হয়, তার ফসল এই রাজ্যের মানুষ পাবে, রাজ্যের বেকাররা উপকৃত হবে এবং ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে পাল্লা দিয়ে আমরা এগিয়ে যেতে পারবো। কিন্তু বাস্তবে আমরা সেই জায়গায় পৌঁছুতে পারিনি। আপনি এই যে বাজেট প্রস্তাব করেছেন, তার ওপরে স্টান্ডিং কমিটি যে কথা বলার চেষ্টা করেছে—পরিকল্পনা খাতে যে ব্যয় তা প্রতি বছর ক্রমাগত কমে যাচ্ছে। শিল্প দপ্তরের প্রতি যদি সেই দৃষ্টিভঙ্গী থাকতো তাহলে রাজ্যকে এই অবস্থায় পড়তে হত না। স্ট্যান্ডিং কমিটি যেটা উল্লেখ করেছে—অতএব দেখা যাচ্ছে যে, ২০০১-২০০২ সালে প্রকৃত ব্যয় ছিল বাজেট বরাদ্দের দুই-তৃতীয়াংশ। ২০০২-২০০৩ সালে বাজেট বরাদ্দ ছিল ২০০১-২০০২ সালের বাজেট বরাদ্দের অর্ধেকের কিছু বেশী। কিন্তু প্রকৃত ব্যয় হয়েছিল তারও অর্ধেক। আবার ২০০৩-২০০৪ সালের প্রস্তাবিত বাজেট বরাদ্দ পূর্ববর্তী বছরের একচতুর্থাংশের কম। এই বরাদ্দের সম্পূর্ণ অর্থ খরচ করা গেলেও প্রকৃতপক্ষে সামগ্রিক চিত্রটি উৎসাহব্যঞ্জক বলা যায় না।' বাস্তবিক পক্ষে এই দপ্তরের প্রতি কতটা গুরুত্ব দিচ্ছে সরকার তা রাজ্যের মানুষের কাছে পরিষ্কার হয়ে গেছে। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী দু'বার বিদেশে গেলেন। আমরা দেখলাম—আপনারা শুনলে হয়তো উত্তেজিত হতে পারেন—শিল্পমন্ত্রী নিরুপমবাবুকে মুখ্যমন্ত্রী তাঁর সঙ্গে নিলেন না। আমি দীর্ঘদিন রাজনীতিতে আছি। এর আগে যিনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ছিলেন, তিনি ৪৫০ দিন বাইরে গেছেন। সেই পদাঙ্ক অনুসরণ করছেন বর্তমান মুখ্যমন্ত্রী। তিনি যে শিল্প সম্বন্ধে খুববেশী বোঝেন তা নয়। তিনি জাপানে গেলেন, তাঁর সঙ্গে নিরুপমবাবুকে নিয়ে গেলেন না। তিনি ইতালী গেলেন, সেখানেও তাঁকে সঙ্গে নিয়ে গেলেন না। নিয়ে গেলেন কাদের, এই রাজ্যের কিছু তোষামোদী ব্যবসায়ী, হর্ষ নেউটিয়া এবং গোয়েঙ্কাকে নিয়ে গেলেন। আমরা তাঁর সঙ্গে রাজ্যের শিল্পমন্ত্রীকে দেখলাম না। দপ্তরের সচিব তাঁকেও দেখলাম না। যাঁরা অনেকবেশী জ্ঞানসম্পন্ন তাঁরা সঙ্গে গেলেন না। মাননীয় মুখ্যমন্ত্রী শিল্প দপ্তরকে ভারতবর্ষের মানুষের সামনে ছোট করে দিয়েছেন। যে সমস্ত ব্যবসায়ীরা এখানে আসবেন বলে ঠিক করেছিল তারা কি এরপরে আসবে? তারা আসবে না। এখানে পার্থবাবু যে কথা বলেছেন, লেটার অফ ইনটেন্ট নিয়ে যে প্রতিশ্রুতি দিয়েছিল, তা বাস্তবায়িত হয়েছে ২১ পার্সেন্ট। আমাদের রাজ্যে যা দরকার ছিল শিল্পপতিদের জন্য, শিল্পপতিরা যা চান, অ্যাটিচিউড অফ দি গভর্নমেন্ট যে এই রাজ্যে বেশী হোক, জনগণের অ্যাটিচিউড এইরাজ্যে বেশী হোক—এটা তাঁদের সামনে তুলে ধরা। ইনভেস্টমেন্ট প্রসেসিং আর ইন্ডাস্ট্রিয়াল রিলেশানের ক্ষেত্রে সাম্প্রতিককালে আপনারা তিনটি বড় কোম্পানীকে দেখিয়েছেন, যাঁরা ইনভেস্টমেন্ট করেন। কিন্তু এমন পরিস্থিতি করেছেন—তাঁদের নাকখান খোলা আছে।

আসলে ওনারা প্রতিদিনকার বাস্তব অবস্থার সম্পর্কে কোন খোঁজখবর রাখেন না। এখানে একদিকে মুখ্যমন্ত্রী বলছেন কোন জংলী আন্দোলন হলেই মাথায় ডান্ডা পেটা করবেন। ধরে

নিলাম তিনি শিল্পপতিদের খুশী করার জন্য বলছেন, আর ওদিকে চিত্তবাবু বলছেন যে, আন্দোলন হবেই। আসলে ওইদিন ইয়োর পার্টি ইউ আর নট ট্রান্সপারেন্ট। কেন পশ্চিমবঙ্গে আসবে শিল্পপতিরা ইনভেস্ট করতে। তাঁরা আসবেন, এসে পিঠ চাপড়াবেন আপনাদের, আপনাদের সঙ্গে ব্রেকফাস্ট খাবেন, কিন্তু ইনভেস্ট এই রাজ্যে কখনোই শিল্পপতিরা করবেন না, আসলে আপনারা তাঁদের কাছে বিশ্বাসযোগ্যতা অর্জন করতে পারেননি। তাই তাঁর এখানে ইনভেস্ট করতে চাইছে না। মুখ্যমন্ত্রী একরকম বলেছেন আর আপনাদের দলের ট্রেড ইউনিয়ন নেতা আরেক রকম কথা বলেছেন। তিনি ট্রেড ইউনিয়ন নেতা হিসাবে তাঁর ভূমিকা পালন করেছেন। চিত্তবাবুর মতে শ্রমিকদের প্রতি অন্যায় হলেই আমরা আন্দোলন করবোই। কিন্তু এই যে হিংসার পথে চলে যাচ্ছে তারই একটা রিফ্লেকশান সারা রাজ্যে ঘটছে এবং ব্যবসার ক্ষেত্রে তা প্রতিবন্ধকতার সৃষ্টি করছে। আমি আপনাদের দুটো কথা বলব আপনাদের পার্টির রেজলিউশানের ব্যাপারে। আপনাদের কমিউনিস্ট পার্টির যে পলিটিক্যাল রেজলিউশান করেছিলেন তাতে আপনারা বলেছিলেন ইন্ডাস্ট্রিয়াল ক্রাইসিস নিয়ে এবং more Sector by Sector in Industry, the BJP led Government has opened up 74 percent equity ownership to foreign Capital. সেখানে কি সিদ্ধান্ত আপনারা নিয়েছিলেন - ফরেন ক্যাপিটালের ৭৪ পার্সেন্ট শেয়ার বিক্রি করে দেবার জন্য আপনারা কারখানা বন্ধ করে দেবার সিদ্ধান্ত নিয়েছেন। আমার কাছে দীপেন ঘোষের একটা বই আছে, দীপেন ঘোষ আপনাদেরই দলেরই নেতা বই বার করেছেন, সেই বইগুলো কি পড়ে দেখেছেন? সেই বইগুলোতে লেখা আছে ব্যবসাদারদের কাছে যে আপনারা যাচ্ছেন সেখানে আপানাদের attitude is not clear before the Industrialists.

আপনারা যে পরিবেশ তৈরী করেছেন তার প্রতিফলন হিসাবে আমাদের রাজ্যে ব্যবসাদাররা আর আসতে চাইছে না। অন্যান্য রাজ্যে যেখানে গাড়ি তৈরীর কারখানা গড়ে উঠছে, সেখানে আমাদের এখানে আর গাড়ি তৈরীর কারখানা আর গড়েই উঠছে না। যেখানে হিন্দ মোটর আমাদের ভারতবর্ষে গাড়ি তৈরীর ক্ষেত্রে একটা পায়োনীয়র ছিল, সেখানে আজকে কোন কোম্পানী পশ্চিমবঙ্গে আর গাড়ি তৈরী করতে আসতে চাইছে না। কেন আজকে এই অবস্থা? আপনারা তো মোটা মোটা বই ছেপে বার করেছেন এবং তাতে আপনারা কি কি অসুবিধা আছে বলেছেন এবং এর ভৌগোলিক অবস্থানের কথা বলেছেন, বাজারের কথা বলেছেন, ইন্ডাস্ট্রিয়াল সিনারিও সম্পর্কে বলছেন তা সত্ত্বেও কেন আজকে কোন একটা কোম্পানীও গাড়ি তৈরী করতে আসেনি। আপনারা তো আই টির কথাও বলেছেন এবং তার সুযোগ-সুবিধার কথাও বলেছেন, তাও কাউকেই তো আনতে পারেননি। আপনারা শুচী, মুচি তো এই রাজ্যে আসবে না। কোন এক সংবাদপত্রে নাকি বেরিয়েছে আপনারা ওদেরকে জায়গা দিতে চাইছেন কিন্তু তাদের কোন মানসিকতা নেই যে এখানে এসে ব্যবসা করে। পশ্চিমবঙ্গ এক সময়ে জুতোর ব্যবসায় বিশেষ স্থান অধিকার করেছিল। এখান থেকে অন্য রাজ্যে জুতো যেত। একটা পায়োনিয়ার হিসাবে ছিল। সারা দেশের মধ্যে একটা গ্রোথ সেন্টার করার জন্য নতুন করে চামড়ার ব্যবসার ক্ষেত্রে একটা কমপ্লেক্স তৈরী করতে চাইছেন এবং তার জন্য জায়গাও দিয়েছেন, কিন্তু সেই কমপ্লেক্স এখনো তৈরী হয়ে উঠতে পারেনি। ইনকমপ্লিট হয়ে পড়ে আছে। যাকে দায়িত্ব

দিয়েছিলেন তিনি সেই দায়িত্ব পালন করতে পারেননি এবং তার জন্য কোন ব্যবস্থা আপনারা নিলেন না। তারপরে সুতোর ব্যবসার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ এক সময়ে অগ্রণী ভূমিকা নিয়েছিল এবং একটি অগ্রণী রাজ্য ছিল। আজকে তামিলনাড়ু অনেক দূর এই ব্যাপারে এগিয়ে গেছে। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গ ক্রমশ শিল্পের ক্ষেত্রে পিছতে শুরু করেছে। তারপরে আপনারা ফার্মাসিউটিক্যাল এবং কেমিক্যালের ক্ষেত্রে নতুন কোন ব্যবসাদারদের ডাকতে পারেননি। ফলে আপনারা ক্রমশ পিছিয়ে যাচ্ছেন এবং আমাদের রাজ্য শিল্পের ক্ষেত্রে ক্রমশ পিছুর দিকে হটতে শুরু করেছে। আপনাদেরই দেওয়া স্ট্যাটিসটিক্স থেকে বলছি—

কিছুদিন আগে একটি পত্রিকা—ইন্ডিয়া টু ডে-তে বিবেক দেবরায় এবং লাভেশ ভান্ডারি একটা স্ট্যাটিসটিক্স দিয়েছিলেন-আপ টু ২০০১, জানি না আপনি পড়েছেন কিনা। তাদের তথ্যের সঙ্গে আপনাদের তথ্যের কোন মিল নেই কেন? তারা বলছে, ভারতবর্ষের মধ্যে পরিকাঠামোর ক্ষেত্রে পশ্চিমবাংলা ১৫তম রাজ্য, বিনিয়োগের ক্ষেত্রে ১৭তম, পণ্য বাজারের ক্ষেত্রে ১২তম রাজ্য পশ্চিমবাংলা। আর যেটা কিনা মূল বিষয়, আইন-শৃঙ্খলার প্রশ্ন, যা একজন ব্যবসায়ীকে উৎসাহিত করে আমাদের রাজ্যে আসার জন্য, সেই আইন-শৃঙ্খলার প্রশ্নে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার স্থান ১৬তম ইন্ডিয়া টু ডে-র সম্ভবত ১৩ই মে সংখ্যায় বেরিয়েছে। টোটাল স্টাডি করার পর দেখিয়েছে পশ্চিমবালোর স্থান ভারতবর্ষের মধ্যে ১৪তম এবং এটা দেখিয়েছে উন্নয়ন বাজেট, শিক্ষা, কৃষি, পরিকাঠামো, বিনিয়োগ, পণ্যবাজার, সমস্ত বিষয়ের উপর বিচার করেই। একটা জায়গায় দেখলাম আপনি বলেছেন - কোথাও দ্বিতীয়, কোথাও তৃতীয় ইত্যাদি। আমার মনে হয় মূলত রাজনৈতিক সঙ্কীর্ণতা, বাস্তব পরিস্থিতি বিশ্লেষণ করার অভাব, এসব কারণে পিছিয়ে আছেন। কিছুদিন আগে আপনি বম্বেতে গিয়েছিলেন, আমাদের এখানে স্বর্ণ বাজার মণিকাঞ্চন করতে, ওখানকার ব্যবসায়ীদের ধরে আনতে-এখানে একটা খেলনা তৈরীর জায়গা ঠিক করেছেন আর সোনা ও রত্নালংকার তৈরীর জায়গা করছেন। আপনি তো হোম ওয়ার্ক করেই যান, আমরা এটা জানি। কিন্তু লিডিং পেপার বলছে, আপনি তৈরী ছিলেন না এবং প্রায় ফাঁকা হলে বক্তৃতা করে চলে এসেছেন, সেখানে কোন ব্যবসায়ী ছিলেন না। সংবাদপত্র বলছে-আপনিও হোমওয়ার্ক করে যাননি।

আর একটা কথা বিশেষভাবে বলা দরকার। হলদিয়া পেট্রোকেমিক্যালসের কথা বলেছেন, লগ্নির পরিমাণ বলেছেন। আমাদের রাজ্যে লগ্নি হয়েছে, ৭৯ হাজার সামথিং লোক নিয়োগ হয়েছে, বছরে ৭৪৯১ জন লোকের চাকরি হয়েছে ১২ বছরের অ্যাভারেজে। আপনার বক্তৃতার মধ্যে দিয়েছেন। তাহলে গ্রোথটা কোথায়? এখন যে শিল্প হচ্ছে এটা তো লেবার ওরিয়েন্টেড নয়। ভারতবর্ষ স্বাধীন হবার পরে যে শিল্প হয়েছিল, সেটা ছিল লেবার ওরিয়েন্টেড, এখন হয়েছে ক্যাপিটাল ওরিয়েন্টেড এবং এখন শ্রমিক কম লাগছে। ফলে আমাদের ধারণা, যেটা আমি বলব, আপনার বক্তৃতার মধ্যে বলেছেন গ্রামীণ কৃষির উন্নয়ন করে, কৃষিভিত্তিক শিল্পের উপর গুরুত্ব দিয়ে, সেখানে বাজার তৈরী করে যদি এগনো যায়, তাহলেই উন্নতি সম্ভব। বিদেশী বিনিয়োগ বলুন, সরাসরি বিদেশী বিনিয়োগের ক্ষেত্রে বলুন বা সাধারণভাবে বিনিয়োগের ক্ষেত্রে বলুন, আমাদের রাজ্যের চিত্রটা ভালো নয়, যেহেতু আমাদের রাজ্য সেই জায়গায় পৌঁছতে পারছে না, শিল্পপতিদের বিশ্বাসাযোগ্যতা অর্জন করতে পারছে না। এখানে শিল্পের অগ্রগতির জন্য আজকে কেন্দ্রীয় সরকারেকে, প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানাই রাস্তা তৈরীর জন্য। আজকে

গোল্ডেন করিডোর হচ্ছে। ঐ একই কায়দায় গ্রামীণ বাজার তৈরী করে যদি ছোট ছোট শিল্প তৈরী করা যায়, তাহলেই একমাত্র পশ্চিমবঙ্গ বাঁচতে পারে। নাহলে ঐ দীপেন ঘোষ এরকম লিখবে, পলিটিক্যাল রেজুল্যুশন একরকম হবে, চিত্তব্রত মজুমদার একরকম বলবেন, বুদ্ধদেববাবু এরকম বলবেন। পলিটিক্যাল হিপোক্রেসি হয়ে যাচ্ছে। বিশ্বাসযোগ্যতা তৈরী হচ্ছে না। আপনি নিশ্চয়ই মিনি বাসে চড়েছেন নিরুপমবাবু? নিশ্চয়ই সেখানে মিনি বাসের কন্ডাকটরকে বলতে শুনেছেন পেছন দিকে এগিয়ে যান? তা, আমাদের রাজ্যও পেছন দিকে এগিয়ে যাচ্ছে। তাই এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4.25–4.35 p.m.]

শ্রী নির্মল দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টের যে বাজেট প্রস্তাব মাননীয় মন্ত্রী মহাশয় এখানে এনেছেন তাকে সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলছি। আমি ওদের বক্তব্য শুনেছিলাম। "নদীর এপার বলে ছাড়িয়া নিশ্বাস, ওপারেতে সর্ব সুখ আমার বিশ্বাস।" আমি আপনাদের স্মরণ করিয়ে দিচ্ছি, আপনারা যার কথা সকালে রাত্রে স্মরণ করে ওঠেন এবং ঘুমোন, সেই মহাত্মা গান্ধী বলেছিলেন সে, স্বদেশী পণ্য গ্রহণ কর, বিদেশী পণ্য বর্জন কর। ওই বিশ্ব বাণিজ্য সংস্থা গঠিত হওয়ার পরে আমাদের দেশের বৃহৎ বাজার ওরা দখল করে ফেলেছে। কংগ্রেসের আমলে অর্থমন্ত্রী বাণিজ্যমন্ত্রী প্রণব মুখার্জী এবং ড: মনমোহন সিং সেই সময় যেভাবে সেই চুক্তিতে স্বাক্ষর করে এসেছেন, তার ফলশ্রুতি হিসাবে আজকে এই দুরবস্থা। আজকে সামগ্রিক এই যে সংকট তৈরী হয়েছে, এর জন্য দায়ী আপনারাই। দীর্ঘদিন ধরেই যারা কেন্দ্রের শাসনক্ষমতায় ছিলেন এবং আছেন, তারাই মূলত এর জন্য দায়ী। পণ্ডিত নেহরু যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন বলেছিলেন যে, ভাগীরথীর তীরে যে সমস্ত চটকল আছে, সেগুলি যাতে থাকে এবং সেখানে যাতে প্রচুর শ্রমিক কাজ পায় তার জন্য ভর্তুকি দিয়ে রেশন ব্যবস্থা চালু করবেন। আর পাট উৎপাদনের ব্যবস্থা পশ্চিমবঙ্গে হবে। সেই ব্যবস্থা হলে চটকলগুলি বেঁচে যাবে। কিন্তু প্রকৃত অবস্থা আমরা সকলে জানি যে, বহুজাতিক কোম্পানীগুলি সহ বিভিন্ন দেশের শিল্পপতিদের সুবিধার জন্য আমাদের জীবন বিপন্ন করে সিনথেটিক ব্যবহার করে পাটশিল্পকে সর্বনাশের দিকে ঠেলে দেওয়া হয়েছে। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি চায়ের কথা শুনছিলাম। আমি চা এলাকার প্রতিনিধি এই মুহূর্তে দাবি করছি যে, চিপেস্ট ড্রিঙ্ক হচ্ছে টি এবং এই চা পৃথিবীতে সমৃদ্ধ হতে পারত। কিন্তু ওই বিশ্ববাণিজ্য চুক্তির ফলে ভারতের বাজার দখল করার প্রতিযোগিতা, তার বিষময় ফলন হচ্ছে চাশিল্পের সংকট। আমি অনেকবার বলেছি শুধু লেবার ডিপার্টমেন্টের ভরসা না করে এখনও পর্যন্ত ১৫টা চাবাগান বন্ধ। সেখানে ৩০ থেকে ৩৫ হাজার শ্রমিক বিপন্ন। সমস্ত বাগান পরিত্যক্ত হয়ে যাচ্ছে। আন্দোলন সংগ্রাম হয় না। আন্দোলনের কথা শুনলে আঁতকে ওঠে। প্রধানমন্ত্রী বললেন শ্রমিকশ্রেণীর কারণেই এই বেহাল অবস্থা। কিন্তু আজকে বাণিজ্যনীতি, শিল্পনীতির ফলেই ভারতের বিভিন্ন রাজ্যের প্রায় ৫ লক্ষ কলকারখানা বন্ধ। কোটি কোটি শ্রমিক কর্মচ্যুত। তার আন্দোলন করবে না তো কি ওদের ওই এন ডি এ সরকারকে সমর্থন করবে? আজকে মাননীয় শিল্পমন্ত্রী বিদেশী শিল্পোদ্যোগীদের আনার জন্য চেষ্টা করছেন। পূর্ববর্তী মুখ্যমন্ত্রী মাননীয় জ্যোতি বসু মহাশয়,

পরবর্তীকালে বুদ্ধদেববাবুও মাঝে মাঝে এই ব্যাপারে চেষ্টা করছেন এবং বিদেশ যাচ্ছেন। চেষ্টা হচ্ছে কিন্তু সেই সব শিল্প বহুজাতিক কোম্পানীরা যে সমস্ত শিল্প স্থাপন করবে, সেই সমস্ত শিল্প স্থাপন করে আমাদের এখানে বেকারদের চাকরী হবে এটা আমি বিশ্বাস করি না। কিন্তু এখানে তো শ্রম নিবিড় শিল্প করার কোন স্কোপ নেই। মডার্ন টেকনিশিয়ানদের ব্যবহার করা হবে, মডার্ন টেকনোলজি ব্যবহার করা হবে, সেখানে অনেক বেশী শ্রমিকের কাজ হবে, এটা মনে করার কোন কারণ নেই। আমি মাননীয় মন্ত্রীকে বলব যে ওই ২৩টা শিল্প আমাদের পশ্চিমবঙ্গ সরকারের নিয়ন্ত্রণে আছে সেগুলোর খুবই খারাপ অবস্থা। আমি আপনাকে অনুরোধ করব বিকল্প অনুসন্ধান করুন, বিকল্প অনুসন্ধান মানে সেগুলোকে ছেড়ে দেওয়া নয়, সেগুলো বেসরকারীকরণ করা নয়, আমি বলছি যে সেই যে মেশিনারী সেই সমস্ত যারা টেকনিক্যাল শ্রমিকরা আছেন তাদেরকে দেখুন অন্য কিছু করা যায় কিনা। কারণ আমাদের রাজ্যে পশ্চিমবাংলায় সবচেয়ে টীপেস্ট, সবচেয়ে সস্তায় শ্রমিক পাওয়া যায়। আজকে এখানে শ্রমিকদের উপর দোষারোপ করা হয়। চাশিল্পের কথা বলছিলাম চাশিল্পে আড়াই লক্ষ শ্রমিক তাদের দেওয়ালে পিঠ ঠেকে গেছে। চাশিল্পের মডার্নাইজেশনের জন্য শিল্পপতিরা—আমি একটা সংস্থার নাম বলছি, ডুয়ার্সের, সেখানে তারা প্রায় ১০ লক্ষ ৭৬ হাজার ব্যাঙ্ক লোন নিয়েছে, সব টাকা মেরে দিয়েছে। সব টাকা ডাইভার্ট করে দিয়েছে। কালচিনিতে একটা চাবাগানও মডার্নাইজেশন হয়নি এবং অন্যান্য যে সমস্ত চাবাগানগুলো ধুঁকছে তার মধ্যে কতগুলো দেখছি ডানকানের মত কোম্পানী তারা পর্যন্ত রেশন দিতে পারছে না। নিয়মিত বেতন দিতে পারছে না। গত ২৬ তারিখে আমাদের মন্ত্রী মহম্মদ আমিন গিয়েছিলেন, আমিও উপস্থিত হয়েছিলাম সেখানে আমরা দেখছি ঘবন, ফাগুয়া, কাঁঠালগুড়ি, রামঝোরা, মালাড়ি, শ্রীনাথপুর, ঘটালপাড়া, যোগেশচন্দ্র, রহিমাবাদ, কোহীনুর, মুজনাই এই সমস্ত চাবাগান সেখানে মালিকরা পালিয়ে গেছে এবং শুনলে আশ্চর্য হয়ে যাবেন মাননীয় চেয়ারম্যান স্যার, সেখানে পশ্চিমবঙ্গ সরকার এর শিল্প দপ্তর বলেছেন যে যে সমস্ত কারখানা এক বছরে বন্ধ, সেই শ্রমিকদের ৫ শো টাকা করে অনুদান দেওয়া হবে। আমাদের দুর্ভাগ্য আমি বিধানসভায় বারবার উল্লেখ করেছি যে, যে শ্রমিকরা পশ্চিমবাংলার অধিবাসী বলে চিহ্নিত তারা কেন পাবে না? মাননীয় শিল্পমন্ত্রীর কাছে আবেদন জানাব যে যাতে অবিলম্বে চা-বাগানের শ্রমিকরা যারা ১২ মাস, ১৪ মাস ধরে কর্মচ্যুত তারা যেন সেই টাকা পান। আজকে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে কলিং অ্যাটেনশনের উপর প্রশ্ন করেছিলাম সেখানে জেলায় ৪শো শ্রমিক ম্যাল-নিউট্রেশনে, স্টারভেশন নানা রোগে ভুগছে, মারা গেছে। তাদের দায় কে নেবে? কেন্দ্রীয় সরকারের পক্ষে ওকালতি করার জন্য বিরোধী বন্ধুরা খুব চেষ্টা করেছেন। চাশিল্প আমাদের পশ্চিমবাংলার অন্যতম শিল্প, ৫ হাজার কোটি টাকা ফরেন এক্সচেঞ্জ আর্ন করছে। ডিউরিং ফাইভ সয়ার্স একটা পয়সাও আমাদের কেন্দ্রীয় বাণিজ্য দপ্তর ব্যয় করেনি। কেন্দ্রীয় বাণিজ্য দপ্তর চাশিল্পের দুরবস্থার জন্য ব্যয় করেনি। একবার লোক দেখানো কিছু করেছিলেন কিন্তু কাজের কাজ কিছু হয়নি। মাননীয় শিল্পমন্ত্রীকে আবেদন করব আপনাদের যারা দপ্তরের আধিকারিকরা আছেন, জেলায় যে সমস্ত শিল্প আধিকারিকরা আছেন, তাদের আন্ডারে যে সমস্ত ব্লক আছে আধিকারিকরা আছে তাদের কিন্তু কোন হেলদোল নেই। জেলার যে সমস্ত বেকার ছেলেরা কাজ করতে যাচ্ছেন, সহযোগিতা যেভাবে দরকার সেভাবে পায় না। শুধু তাই নয়, ব্যাঙ্কের পক্ষ থেকে

লক্ষ লক্ষ কোটি টাকা পাবলিক মানি কন্ট্রোল করে। বড় বড় শিল্পপতিরা টাকা মেরে দেয়, তাদের টাকা দেয়। দিনের পর দিন নানারকমভাবে তাদের ঘোরায়। আমি শিল্পমন্ত্রীকে অনুরোধ করব এই ব্যাপারটা যেন তিনি লক্ষ্য করেন।

[4.35–4.45 p.m.]

এখানে আলোচনা হয়েছে, বারেবারে আলোচনা হয়েছে, সর্বদলীয় প্রস্তাব গ্রহণ করা [illegible] যে পাটশিল্পকে জুটশিল্পকে রক্ষা করতে হবে। সেই জন্য আমি আহ্বান জানাচ্ছি জুটমিল নয়, এখন চাশিল্পের যে দুরবস্থা সেটা নিরসনের জন্য এখনই পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে আমি অনুরোধ করছি প্রস্তাব নেওয়ার উদ্যোগ গ্রহণ করুন, মাননীয় চেয়ারম্যান, আপনি এই প্রস্তাবের কথর মিঃ স্পীকার কনভে করুন, আমি এই আবেদন জানাচ্ছি। লক্ষ লক্ষ উত্তরবঙ্গবাসীর পক্ষ থেকে বলছি অবিলম্বে সর্বদলীয় প্রতিনিধি দল নিয়ে দেখানে যান এবং চাশিল্পের সংকট নিরসনের জন্য ব্যবস্থা নিন। আমি আবেদন জানাবো আমাদের রাজ্যে যে সমস্ত উৎপাদন সেই সমস্ত উৎপাদিত সামগ্রী রাজ্য সরকারের বিভিন্ন ডিপার্টমেন্ট তারা ব্যবহার করুক, এটাকে কমপালসারি করা উচিত। শিলিগুড়ির পাশে যে চাঁদমনি চাবাগান সেই ব্যাপারে সেখানে আর.এস.পির পক্ষ থেকে বারেবারে বলেছি যে সেখানে উপনগরী করার কোন মানেই হয় না। সেখানে শ্রমিকদের অনিশ্চিত ভবিষ্যতের দিকে ঠেলে দেওয়া হচ্ছে। সেখানে কোন মন্ত্রীই বলতে পারেন না যে সেই শ্রমিকরা তাদের কাজ হারাবেন না। ইতিমধ্যেই হাজার হাজার শ্রমিক কাজ হারিয়েছে। মাননীয় শ্রমমন্ত্রী, মাননীয় মুখ্যমন্ত্রী তাদের গ্যারান্টি দিতে পারেন না যে কারোর চাকরি যাবে না। আমিও দিতে পারি না। ব্যক্তিগত মালিকানায় কেউ অ্যাসিওর করতে পারি না যে ছাঁটাই হবে না। চাঁদমনি চাবাগানের শ্রমিককর্মচারীরা যাতে ছাঁটাই না হয় সে জন্য আমি এখানে আবেদন জানাচ্ছি। লেবার ডিপার্টমেন্ট চেষ্টা করছে চাশিল্পের সংকট নিরসনের জন্য। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে ১০ তারিখে চিঠি লিখেছি, আমি অনুরোধ করেছি আপনি একটা মিটিং ডাকুন। যারা শ্রমিকদের পি.এফের টাকা, গ্রুপ ইনসিওরেন্সের টাকা মেরে দিচ্ছে, কোটি কোটি টাকা মেরে দিচ্ছে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করুন। বামফ্রন্ট সরকার যে মালিকদের পক্ষে নয়, শ্রমিককর্মচারীদের সরকার সেটা প্রমাণ করার এখন সময় এসেছে। এই কথা বলে যে ডিমান্ড এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌগত রায় : মাননীয় শিল্পমন্ত্রী যে বাজেট বরাদ্দ রেখেছেন তার বিরোধিতা করে এবং আমাদের আনা কাটমোশানগুলি সমর্থন করে আমি অল্প কথা বলবো, তার কারণ আমার সময় খুব কম। আমি যে কথা বলতে চাই যে মাননীয় শিল্পমন্ত্রী নিরুপমবাবু এবং মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব বাবু তাঁরা পশ্চিমবাংলায় একটা নতুন শিল্পায়নের জোয়ার আনার চেষ্টা করছেন এই রকম একটা পরিবেশ সৃষ্টি করার চেষ্টা করছেন। অন্তত তাঁদের কথায় এই রকম মনে হচ্ছে। আমরা পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে নিশ্চয়ই চাই পশ্চিমবাংলায় শিল্পায়ন হোক, ছেলেরা আরও চাকরী পাক। কিন্তু আমি এই প্রসঙ্গে নিরুপমবাবুকে মনে করিয়ে দিতে চাই ওঁদের পার্টির অনেক সিদ্ধান্ত পরিবর্তন করার ক্ষেত্রে পার্টির সেন্ট্রাল কমিটির মেম্বার হিসাবে উনি একটা ভূমিকা পালন করেন। আজকে উনি স্বীকার করে নিয়েছে রুগ্ন রাষ্ট্রায়ত্ত শিল্প সেগুলি রাজ্য সরকারের

হলেও সেগুলিকে বন্ধ করে দিতে হবে। আজকে সুন্দরবন সুগার বীট এবং ইন্ডিয়ান পেপার পাল্প এই দুটি কোম্পানীকে বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিরুপমবাবু নিয়েছেন। এটা ট্রাডিশনাল, এটা সি.পি.এমের লাইন থেকে সরে গিয়ে আবার উনি ১৪টি রাষ্ট্রায়ত্ত শিল্পকে এবং ২৩টি পাবলিক আন্ডার টেকিংকে রিস্ট্রাক্চারিং করার কথা বলেছেন এবং আংশিকভাবে প্রাইভেটের হাতে তুলে দিতে বলছেন। সে জন্য পুঁজিবাদী দেশ বৃটেনের ডি.এফ.আই. ডি থেকে সাহায্য নেওয়ার চেষ্টা করছেন। এ ব্যাপারে কোন সন্দেহ নেই যে পশ্চিমবঙ্গকে মার্কেট করার জন্য নিরুপমবাবু এবং বুদ্ধদেববাবু এই দুজন একটা এফোর্টে নেমে পড়েছেন এবং তার মধ্যে একটা সেন্স অফ আর্জেন্সী দেখাবার চেষ্টা করছেন। প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুও অনেক দিন লন্ডনে ছিলেন, এখানে-ওখানে তিনি ঘুরে এসেছেন। কিন্তু মুখ্যমন্ত্রী বুদ্ধদেববাবু ইটালী গেলেন, তবে রোমে মাইকেল এঞ্জেলোর বেশী ছবি দেখবেন না, চটপট সেরে চলে এলেন। ওঁদের পুরো এফোর্টটাই অ্যামেচারিস্ট। তার কারণ কাকে নিয়ে বুদ্ধবাবু গেলেন, নিরুপম বাবুকে বাদ দিয়ে? তার মধ্যে বঙ্গভাষী মানুষ একজন এবং সেই ভদ্রলোক মাছের এক্সপোর্ট ব্যবসা করেন। যাদের নিয়ে যাচ্ছেন তারা কোন্ শিল্পের অ্যাডভাইস করবেন? গুচ্চিকে নিয়ে কথা হচ্ছে। গুচ্চি ফ্যাসানেবল চামড়ার জিনিস তৈরি করে। সেখানে লেসার দিয়ে কাজ করা হচ্ছে বুদ্ধবাবু দেখে খুব ইমপ্রেসড হলেন। গুচ্চি বলছে আমরা কখনও বলিনি পশ্চিমবঙ্গে ইনভেষ্ট করব। আমাদের সাবসিডিয়ারির দু'জন অফিসার যাবেন, গিয়ে বানতলা লেদার কমপ্লেক্স দেখে আসবেন। এটা একটা বরাবরের সমস্যা। কিছু কিছু ইন্ডাস্ট্রিয়ালিষ্ট এদের ঘিরে ফেলছে যাদের মূলধান্দা বাইপাসে জমি পাওয়া। ওনার সফরের সঙ্গীদের মধ্যে ক'জন বাইপাসে জমি পেয়েছেন আর ক'জন শিল্প করেছেন এটা যদি তাহলে আমার কথা পরিষ্কার হয়ে যাবে। হয় ওরা রাজ্য সরকারের লেসি না হয় বাইপাসে জমির জন্য আপনাদের সঙ্গে ঘুরছেন। জাপান সফরে বুদ্ধদেববাবুর সঙ্গে কে ছিলেন? শিল্প দপ্তরের কেউ নয়। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই-এর মালিক যার সম্বন্ধে হাউজে অনেক কথা হয়েছে সেই আর.পি.গোয়েংকা। সি.ই.এস.সি-র আর.পি.গোয়েংকা আর কোন্ ইনভেষ্ট করেছেন পশ্চিমবঙ্গে? আমাদের বামফ্রন্ট সরকারের অনেক অনভিজ্ঞতা আছে। আগে আপনারা গণসংগ্রাম, গণ সংগঠন করতেন এখন শিল্প নিয়ে সদ্য মাথা ঘামাচ্ছেন। কে ওদের অ্যাডভাইস দেয়? আপনারা শিল্প ধরতে বম্বে গেলেন। সেলিং ওয়েষ্ট বেঙ্গল। টাটা, গোদরেজের সঙ্গে আলাদা করে দেখা করলেন। জিজ্ঞাসা করি কত টাকা ওরা ইনভেষ্ট করেছে? রতন টাটা তো হলদিয়া থেকে পুলআউট করে চলে গেলেন। গোদরেজ এখানে এক টাকাও ইনভেস্ট করার প্রতিশ্রুতি দিয়েছে? হোয়াই আর উই সেলিং আওয়ার সেলভস চিপ? অনভিজ্ঞতার জন্য আমরা নিজেদের সস্তায় বিক্রি করছি। পশ্চিমঙ্গের ক্ষেত্রে এটা মর্যাদার নয়। মাননীয় মুখ্যমন্ত্রী গুচ্চির ফ্যাশনেবল চামড়ার কাজ দেখে এলেন। গুচ্চিকে নিয়ে এসে বানতলায় কত জনকে চাকরী দেবেন? সেটা ভেবে দেখতে হবে।

মাননীয় মুখ্যমন্ত্রীকে একটা সিরিয়াস কোশ্চেন করছি। আপনি কয়েকটা ফিগার দিয়েছেন, কিন্তু আপনার ফিগার গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ফিগারের সঙ্গে মিলছে না। এটা নিশ্চয় ব্যাখ্যা করে বলবেন। মাননীয় নিরুপমবাবু যথোচিতভাবেই ওনার দিক থেকে ঠিক কমপারেটিভ ফিগার

দিচ্ছেন না কখনও, অন্য রাজ্যের সাথে তুলনায় যাচ্ছেন না। ভারতবর্ষে সাড়ে ৩০০ কিলো ইউনিট মাথাপিছু বিদ্যুৎ যেখানে কনজাম্পশন সেখানে আমেরিকায় ৮ হাজার, চীনে ৭০০ ইউনিট। আমি ইন্টারন্যাশনাল কমপারিজমে যাচ্ছি না। ভারতবর্ষ নিশ্চয় অ্যাডভান্স দেশের থেকে পেছনে। আমি ভারতবর্ষের মধ্যে কমপারিজমে যাচ্ছি। কিন্তু সেখানে নিরুপমবাবুর ফিগারে ভুল আছে সেটা নিশ্চয় বাজেট বক্তৃতার আগে লেখা হয়েছিল এবং তারপর গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার অ্যানুয়্যাল রিপোর্ট, ডিপার্টমেন্ট অফ ইন্ডস্ট্রিয়াল পলিসি অ্যান্ড প্রোমোশন সেটা বার হয়েছে। তার কিছু ফিগার আমি উদ্ধৃত করছি। সেখানে দেখা যাচ্ছে যে প্রোজেক্ট ইমপ্লিমেন্টেড যেটা হয়েছে তার হিসাব যা দিয়েছেন তার থেকে বেশী টাকা ইনভেষ্ট হয়েছে। এটা পিকিউলিয়ার। তার কারণ প্রথমে যে প্রোজেক্ট ইনভেষ্ট হয়েছে তার মধ্যে হলদিয়া ৫,১০০ কোটি এবং মিৎসুবিসির ১,৫০০ কোটির মেগা প্রোজেক্ট যদি চলে যায়, সেটা বাদ দিলে, পিকচারটা পুওর হয়ে যায়। একটা পিকিউলিয়ার জিনিস বলছি। প্রোজেক্ট ইমপ্লিমেন্টেড ১৮৯১ থেকে ৩১.১২.২০০২, একদম লেটেষ্ট ফিগার পড়ছি। সেখানে পশ্চিমবঙ্গের প্রোজেক্ট ইমপ্লিমেন্টেড হলদিয়া নিয়ে মহারাষ্ট্রের চেয়ে বেশী। পশ্চিমবঙ্গে ২৭,৬৩২ কোটি টাকা ইনভেষ্ট হয়েছে। সেখানেই মহারাষ্ট্রে ১৯৯১ থেকে ২০০২ সালে ২৭,৪২১ কোটি টাকা ইনভেষ্ট হয়েছে। এক্ষেত্রে আপনি মহারাষ্ট্রের চেয়ে এগিয়ে আছেন। কিন্তু মজাটা হচ্ছে পশ্চিমবঙ্গে এই যে প্রোজেক্ট ইমপ্লিমেন্টেড হয়েছে এতে এমপ্লয়মেন্টের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান হচ্ছে ৭ নম্বরে। এটা পিকিউলিয়ার ব্যাপারে। মহারাষ্ট্রে ২৭ হাজার কোটি টাকা ইনভেষ্ট করে ১ লক্ষ ৫০ হাজার লোকের চাকরী হচ্ছে।

[4.45—4.55 p.m.]

গুজরাট আমাদের চাইতে বেশী প্রায় ৩৪ হাজার কোটি টাকা ইনভেষ্ট করে ১ লক্ষ ৩০ হাজার লোকের চাকরি হচ্ছে, আর পশ্চিমবঙ্গে ২৭ হাজার ৬৩২ কোটি টাকা ইনভেস্ট করে ৬১ হাজার লোকের চাকরি হচ্ছে। তার মানে আপনি গুজরাটের অর্ধেকের কম এমপ্লয়মেন্ট, মহারাষ্ট্রের অর্ধেকের চেয়ে কম আপনার এমপ্লয়মেন্ট। এটা একটা পিকিউলিয়ার ফ্যামিলি। আপনার পশ্চিমবাংলায় ইনভেস্টমেন্ট স্টেরিতে দেখা যাচ্ছে এখানে এমপ্লয়মেন্টের ক্ষেত্রে আমি বললাম পশ্চিমবঙ্গ ১ নম্বরে ইন প্রোডাকটস ইমপ্লিমেনটেড তার টোটাল ইনভেস্টমেন্টে। আমরা কার কার পিছনে? আমরা গুজরাটের পিছনে এমনকি মধ্যপ্রদেশের পিছনে, পাঞ্জাবের পিছনে, রাজসস্থানের পিছনে, উত্তরপ্রদেশের পিছনে আমরা ৭ নম্বর ইন এমপ্লয়মেন্টে। আমাদের এমপ্লয়মেন্টের মধ্যে ৬৭ হাজার ৬ শত ৬ গভর্নমেন্ট ইন্ডিয়ার লেটেস্ট রিপোর্ট অনুযায়ী। আর একটা জিনিস আমি বলি ফরেন ডায়রেক্ট ইনভেস্টমেন্টে যেখানে বিদেশী পুঁজি আনার কথা বলেছেন, সেই ফরেন ডায়রেক্ট ইনভেস্টমেন্টে আমাদের স্থান হচ্ছে ৮ নম্বরে। মহারাষ্ট্র, গুজরাট, দিল্লি, অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু, কর্নাটক, মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশের পরে হচ্ছে ফরেন ডায়রেক্ট ইনভেস্টমেন্ট অ্যামাউন্ট থাকবে। পশ্চিমবঙ্গই ফরেন ডায়রেক্ট ইনভেস্টমেন্টে প্রায় ১০ হাজার কোটি টাকারও কম। সেখানে মহারাষ্ট্র ছুঁয়ে গেছে ৫০ হাজার কোটি টাকা ইন ফরেন ডায়রেক্ট ইনভেস্টমেন্টে। আমি একটা ফিগার দিই, যাতে লোকের কনফিউশান না থাকে। আপনাদের

বক্তৃতা শুনে মনে হল ৩ বছরে পশ্চিমবঙ্গ হু হু করে এগিয়ে গেছে। কিন্তু একটা ফিগার দিচ্ছি আগস্ট '৯১ থেকে ডিসেম্বর ২০০২-এই ফিগারটা শুনুন, ইন্ডাস্ট্রিয়াল এন্টার প্রেনিউয়ার মেমোরেনডাম (আই.ই.এম)-যেটা নিয়ে সকালে আলোচনা হচ্ছিল—সেখানে মহারাষ্ট্র মোট প্রোপোসড ইনভেস্টমেন্ট হয়েছে ২ লক্ষ ২৯ হাজার ৪৮২ কোটি টাকা। পশ্চিমবঙ্গের এস্টিমেটেড (আই.ই.এম) কত? না, ৩১ হাজার ৫৪৩ কোটি টাকা। এটা আমার ফিগার নয়, এটা গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ফিগার। পশ্চিমবঙ্গের উপরে কারা আছে? মহারাষ্ট্র আছে, গুজরাট আছে, তামিলনাড়ু আছে, উত্তরপ্রদেশ আছে, অন্ধ্রপ্রদেশ আছে, মধ্যপ্রদেশ আছে, রাজস্থান আছে, কর্নাটক আছে, এখানেও আমাদের স্থান হচ্ছে ৮ কি ৯ নম্বরে। এই প্রশ্নটাই সেদিন বাজপেয়ীজি করেছেন, আপনারা খুব রেগে গিয়েছেন, তিনি প্রশ্ন করেছিলেন যে পশ্চিমবঙ্গ '৬০-এর দশকের মাঝামাঝি পর্যন্ত শিল্পের ক্ষেত্রে এবং সর্বক্ষেত্রে এগিয়ে থাকত, আজকে সেই পশ্চিমবঙ্গের স্থান—সাম হোয়্যার ইন মিডিল। এটা কেন? এই প্রশ্নটাই করেছেন বলে আপনারা রেগে গিয়েছেন। উনি বলেছেন তার মূল কারণ যে ডগমা হ্যাজ রিপ্লেড প্র্যাকটিকাল সেন্স প্র্যাকমেটিজিম ইন দি স্টেট। সেইজন্য আমরা পিছিয়ে যাচ্ছি। আমি অনেকবার বলেছি হাউসে, আবারও বলছি আসলে যে ইনভেস্টমেন্ট আনার দৌড় ছিল, সেই দৌড়ে তখন আপনি মন্ত্রী ছিলেন না, এম.এল.এও ছিলেন না, সেই '৯১-৯৪ সালে তখন প্রথম লাইসেন্সিং প্রথা উঠে গিয়েছিল, ফ্রেট ইকিউয়ালাইজেশন উঠে গিয়েছিল তখন ফরেন ইনভেস্টমেন্ট নেমে গেল ৪০ পারসেন্টে। সেই সময় প্রথম থাকার দৌড়ে আপনি ৩ বছরে কেন্দ্রীয় শিল্প নীতির বিরোধিতা করলেন, আপনি '৯১ সালের জুন মাসে মনমোহন সিংয়ের নতুন ইন্ডাস্ট্রিয়াল পলিসি করলেন, ইকনমিকাল রিফর্মসয়ের কথা বললেন, তখন আপনি সেই '৯৪ সালের অক্টোবর মাসে অবশেষে রাজ্য সরকার একটা ফ্রেন্ডলি অ্যাপ্রোচ করলেন। এই যে ৩ বছরের রেসে আপনি পিছিয়ে গেছেন দৌড়ে সেখানে মহারাষ্ট্র ২ লক্ষ ২৯ হাজার কোটি টাকা আর আপনি ৫৪০ কোটি টাকা প্রায় ৬-৭ গুণ আপনার থেকে বেশি ইনভেস্টমেন্টে এগিয়ে গিয়েছে। আমি আবার বলছি যে প্রাইম মিনিস্টার যেটা বলেছেন, এটা আমরা বারবার এই হাউসে বলি—আপনারা যা করেছেন ইট ইজ টু লিটিল টু লেট, প্রথমে দেরি করে একটা আই.টি পলিসি নিলেন যে আই.টি প্রথম থেকে নিলে আজকে যে ইনটেলিজেন সিটি এখানে আপনি বানিয়েছেন এই ইনফ্রাস্ট্রাকচার ১০ বছর আগে ইনফ্রাস্ট্রাকচার থাকলে আপনি কর্নাটক, অন্ধ্রের থেকে কমপিট করতে পারতেন। কিন্তু আপনি একটা হাইটেক সিটি বানিয়ে বিল ক্লিন্টন, গিলকে নিয়ে এলেন এখন আপনি ইনটেলিজেন সিটি করছেন। ভারতবর্ষের ৭-৮ টি রাজ্য আই.সি. তে এগিয়ে গিয়েছে, আর ভারতবর্ষের মধ্যে আমরা আই.সি এক্সপোর্টে আমরা ৭ পারসেন্টে রয়েছি। বুদ্ধদেববাবু বলেছেন, 'আমরা প্রথম হতে চাই।' অ্যামবিশন ভাল, কিন্তু দেরি হয়ে গেছে। You have missed the bus. You are running for behind. আপনারা আই টি (ই-এস)-এর একটা পলিসি নিয়েছেন, আই টি এনেবল সার্ভিস, কিন্তু এগেন দ্যাট ইজ টু লেট, ২০০০ সালের পরে নিয়েছেন। তারপর আপনারা বায়ো-টেকনোলজি পলিসি নিয়েছেন। কিন্তু কখন? যখন কর্নাটকে 'খোদে' থেকে শুরু করে সমস্ত বড় বায়ো-টেকনোলজি কোম্পানী চলে গেল তখন আপনারা পলিসি নিলেন। এখানে কে এক চ্যাটার্জী কোম্পানী কি একটা করেছে, আর হলদিয়ার

কাছে আর. পি.জি. একটা বায়ো-টেকনলজি কোম্পানী করেছে। আমি যেটা বলতে চাইছি—আপনারা স্পিড যদি না বাড়াতে পারেন তাহলে কিছুই হবে না। আপনার পার্টিকে মোল্ড করে, সিটুকে মানিয়ে পলিসি নিতেই সময় চলে যাচ্ছে। পৃথিবী দাঁড়িয়ে থাকছে না। পি ওয়াল্ড ইজ রানিং ফাস্ট। ১০০টা ইনভেস্টমেন্ট ডেস্টিনেশন আছে। সেই সমস্ত ইনভেস্টমেন্ট ডেস্টিনেশনের দিকে লোকে দৌড়াচ্ছে। উই আর মিসিং আউট। একটা কথা সঠিকভাবে বলা হয়েছে— পশ্চিমবাংলা ব্রেন পাওয়ার সবচেয়ে ভাল ছিল, যদি ধরতে না পারতাম তাহলে আই.টি.; আই.টি. (ই-এস)-এ সবার আগে আমাদের এগিয়ে যাবার স্কোপ ছিল। আপনারা প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজ শুরু করলেন ইন দি লেট নাইনটিস, যখন শুরু করলেন তখন কর্নাটকে কয়েক হাজার ছেলে— অলরেডি চলে গেছে। এখনো আপনারা প্রাইভেট মেডিকেল কলেজ শুরু করলেন না। এখন আপনারা বলছেন ক্যাপিটেশন ফি নিয়ে করবেন। সেটাও হাফ হার্টেড, রিয়েলাইজ হবে কিনা জানি না! এখনো আপনারা সিটুকে কন্ট্রোল করতে পারছেন না। তিনটে রিসেন্ট গন্ডগোলের ঘটনা কাগজে ফলাও করে বেরিয়েছে - নিকোলাস পেরুমল, এল. টি. সিমেন্ট এবং রনিক্স-এর ডানকুনির কারখানায়। এই তিনটে জায়গায় গন্ডগোল হয়েছে, তিনটেই সিটু করেছে। এগুলো কাগজে বড়ো করে বেরিয়েছে। আপনারা বোম্বেতে মণিকাঞ্চনের সেল করে এলেন। অথচ শিল্পপতিরা দেখছে এখানে সিটু গন্ডগোল করছে। তাঁরা বলছেন, 'যে পার্টি পশ্চিমবাংলায় যাবার জন্য বলছে, তারাই আবার সেখানে গন্ডগোল করছে।' বুদ্ধদেববাবু বোম্বেতে গিয়ে টাটা গোদরেজ প্রভৃতিকে বুঝিয়ে এলেন। অথচ এখানে নিকোলাস পেরুমলকে নিয়ে হিমশিম খাচ্ছেন। এখানে সমস্যা আছে, তথাপি আপনারা পলিসি নিয়েছেন, উদ্যোগও নিচ্ছেন, কিন্তু you are making right choice. You are taking right term. But this is comming through late. You are so late. এতে কোন সন্দেহ নেই। যেটা প্রাইম মিনিষ্টার বলেছেন, সেটাও এই একই কথা, 'বাংলা বাস মিস করছে।' আপনাদের বাস মিস্ করা উচিত ছিল না। কারণ এখানে ট্রাডিশনাল ইনডাস্ট্রি ইজ ডোলড্রাম। জুটে, কেন্দ্রীয় সরকারে বিভিন্ন লবির জন্য জুট গুডস ইউজড যে সব ক্ষেত্রে মান্ডডেটরি ছিল সেসব ক্ষেত্র থেকে আসতে আসতে উঠে গেছে। সিমেন্ট থেকেও উঠে গেছে। জুট মিল মালিকরা দেড়শ বছর ধরে শ্রমিকদের কোন ইনক্রিজ ডি.এ. দিচ্ছে না। যদিও ন্যাচারাল ফাইবার হিসাবে এখনো জুটের কার্যকারিতা আছে। কিন্তু যেভাবে চলছে তাতে জুটের আর কোন ফিউচার আছে বলে মনে হচ্ছে না। এন জে এম সি-র দুটো জুট মিল সেন্ট্রাল গভর্নমেন্ট বন্ধ করে দেবে অ্যাজ ইট ইজ সীক্ ইনড্রাসট্রিজ এবং এটাই সেন্ট্রাল গভর্নমেন্টের পলিসি। তাঁদের এই পলিসির জন্য ওয়েষ্ট বেঙ্গল হ্যাজ বিন হার্ড হিটেড। এম.এ.এম.সি-র ক্ষেত্রে আমরা এটা দেখেছি। নিরুপমবাবু, আপনি বর্ধমানের লোক, ওটা বর্ধমানে বন্ধ হয়ে গেল-They could not keep up with time. We would not intervence in time. আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন যে, কেউ লোকসান করে বেশী দিন চলতে পারে না। আপনারাও চলতে পারছেন না। হোয়াইট ইজ দি রিজন্? একটু আগে নির্মল দাস চাবাগানের কথা বললেন যে, কি কারণে টী ইন্ডাস্ট্রির এখন খারাপ অবস্থা হয়েছে। বিগত ২০ বছর ধরে চাশিল্পে ইন্ডাসট্রিয়ালিস্টরা কোন রকম রি-ইনভেস্টমেন্ট করেনি। তারপরে আপনারা ছোট ছোট কিছু চাবাগান করতে দিয়েছেন। যার ফলে ইন্টারনাল মার্কেটের

ক্ষেত্রে প্রোডাকশন অনেক বেশী হয়ে গেছে, দাম পড়ে যাচ্ছে। আবার বাইরে আমরা চায়নার সঙ্গে কমপিট করতে পারছি না। আপনারা ওয়েষ্ট বেঙ্গলে ল্যান্ড লেবার রেশিও ফিক্স করে দিয়েছেন, বড় টী ইন্ডাস্ট্রিস সেটা মেনে নিয়েছে। অর্গানাইজড টী ইন্ডাস্ট্রি প্ল্যানটেশন লেবার অ্যাক্ট মেনে নিয়েছে। কিন্তু ছোট চাবাগানের ক্ষেত্রে কোন নিয়ম নেই। তাই ছোট চাবাগানকে আজ মেরে দিচ্ছে। চাবাগান ইন্ডাস্ট্রি আজকে বটমলেস পিট্-এর দিকে যাচ্ছে। আমাদের রাজ্যে দুটো বড় ট্রাডিশনাল ইন্ডাস্ট্রি ক্রাস হয়ে যাচ্ছে—জুট এবং ট্রী। আপনি জানেন আমাদের এ রাজ্যের মিলিটেন্ট ট্রেড ইউনিয়নিজম্-এর জন্য হোসিয়ারী ইন্ডাস্ট্রিজ সব একের বা এক এখান থেকে চলে যাচ্ছে। আজকে টি.ভি.-তে যে সব আধুনিক হোসিয়ারী গুডস-এর বিজ্ঞাপন দেখানো হয়, নানান ধরনের নতুন নতুন বিজ্ঞাপন দেখানো হয়—সেই হোসিয়ারী ইন্ডাস্ট্রিজ কলকাতা থেকে তিরুপুরে চলে গেল। আপনারা মণিকাঞ্চন আনছেন, বানতলায় গুচ্চিকে ধরে আনছেন বুদ্ধদেববাবু। অথচ লেবার ইনটেনসিভ ইন্ডাস্ট্রি, যে শিল্পের সঙ্গে বহু শ্রমিককর্মচারী যুক্ত, সেই হোসিয়ারী শিল্পকে আপনারা আটকাতে পারলেন না!

[4.55—5.05 p.m.]

কিন্তু সেই স্কোপ পাওয়া গেল না। আজকে You have a difficult job out for you. সিক্ ইনডাসট্রিগুলির ক্ষেত্রে আপনি বলেছেন উন্নতি হবে। ২৩টি সিক্ ইনডাসট্রির ক্ষেত্রে যদি ডি.এফ.আই.ডি.র লোন ভালভাবে ইউজ করতে পারেন তার একটা ব্যাপার আছে। পাবলিক আন্ডার-টেকিং এর মধ্যে মাত্র ৩টি কোম্পানি লাভ করছে আর সব লোকসান করছে। এন.টি.সি. বন্ধ হয়ে যাচ্ছে, যেগুলি গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার, তারপর এম.জে.এম.সি. বন্ধ হয়ে যাচ্ছে। যেগুলি বন্ধ হয়ে গেল, তার তো কাউন্টার করতে হবে? জুট এবং টি (চা) সিরিয়াস সিচুয়েশনে, তার তো কাউন্টার করতে হবে। সবচেয়ে বড় সানরাইজ ইনডাসট্রিজ আনতে হবে। আপনি অবশ্য কিছুটা সাক্সেস দেখিয়েছেন। আপনি ঠিকই বলেছেন, পশ্চিমবাংলায় পাওয়ার যথেষ্ট ইউজ হয় না। পাওয়ার ইনটেনসিভ ইনডাসট্রিজ যেমন, আয়রন, স্টিল সেখানে হয়েছে। গত কয়েক বছর ধরে লিমিটিড সংস্থা ইভেন হলদিয়াতে যে ফিনানসিয়াল ক্রাইসিস তাতে যে পরিমাণ ডাউন স্ট্রিম হয়েছে It does not commensurate with the investment in Haldia. ৫ হাজার ১০০ টাকা যেখানে ইনভেস্ট করার কথা ছিল সেখানে ডাউন স্ট্রিমে হয়েছে ২০৩ কোটি টাকা, does it commensurate দুটো ম্যাচ করে? করে না। আপনার স্টেপগুলি স্লো হচ্ছে, ম্যাচ হচ্ছে না, নট্ ওয়েল থট-আউট, সেখানে পার্টিকে পুরোপুরি কনট্রোল করতে পারছেন না। সেইজন্য আপনার কাছে নিবেদন করতে চাই যে, যে ইনডাসট্রিয়ালাইজেশন করবেন পশ্চিমবাংলায় উই আর অল ফর ইট, কিন্তু তার জন্য ইনফ্রাস্ট্রাকচার তৈরী করতে এতো দেরি হয়ে গেল। এখন রাস্তা হচ্ছে, নর্থ-সাউথ হাইওয়ে হবে, নিউ-টাউন হবে। কিন্তু যখন কমপ্লিট হবে তখন ২০০৬ সাল হয়ে যাবে। By that investment would have fled elsewhere এখন আপনার রাজ্য সরকারের You have no money কোন ইনফ্রাস্ট্রাকচার তৈরী করার মতো পথ তো নেই, এখন টাকা নিয়ে কাজ হচ্ছে, এ.ডি.বি.,

ডি.এফ.আই.ডি. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় হচ্ছে। এই সময়ে যে ক্রাইসিস তাতে (ইং) I have sympathies for you but I can not support your budget. You have achieved very little. Too little, too late. যেটুকু করেছেন অন্য রাজ্যের থেকে পিছনে। যেটুকু করেছেন, I don't say you are not trying আপনি চেষ্টা করেছেন। আপনার সময় ঠিক আছে, আপনার অ্যাপ্রোচ ঠিক আছে, কিন্তু অভিজ্ঞতার অভাবের জন্য অ্যামেচারিজিমের জন্য আমরা মার খেয়ে যাচ্ছি। এই কথা বলে এই বাজেটের পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সেখ্ ইলিয়াস মহম্মদ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, ২০০৩-২০০৪ আর্থিক বছরে শিল্প ও বাণিজ্য, শিল্প পুনর্গঠন এবং রাষ্ট্রায়ত্ত উদ্যোগ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী নিরুপম সেন মহাশয় ৯ নম্বর, ২৯ নম্বর এবং ৪৪ নম্বর দাবির ভিত্তিতে যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধী পক্ষের মাননীয় সদস্যগণ যে সমস্ত কাট-মোশন নিয়ে এসেছেন আমি তার বিরোধিতা করছি। এটা ঠিকই যে, ১৯৯১ সালের এক ঐতিহাসিক সন্ধিক্ষণে তৎকালীন আমাদের দেশের প্রধানমন্ত্রী নরসীমা রাও এবং তার অন্যান্য ২ জন মন্ত্রী, বর্তমানে যিনি পশ্চিমবঙ্গ কংগ্রেসের সভাপতি, শ্রী প্রণব মুখার্জী এবং অপরজন তৎকালীন সময়ের অর্থমন্ত্রী মনমোহন সিংহ তারা উদারীকরণের পথে নিয়ে এসেছিলেন এবং বলেছিলেন উদারীকরণ এবং বিশ্বায়নের ফলে ভারতবর্ষের অর্থনীতেতে স্বয়ম্ভরতা আসবে এবং আমাদের দেশ এগিয়ে যাবে। আমাদের মাননীয় মন্ত্রী শ্রী নিরুপম সেন মহাশয় সঙ্গত কারণেই একটি গুরুত্বপূর্ণ কথা বলেছেন যে, আমাদের জাতীয় অর্থনীতি এক ভয়াবহ সংকটের মধ্যে দিয়ে চলেছে। এটা ঠিকই, ১৯৯১ সাল থেকে ২০০৩ সাল পর্যন্ত এই সুদীর্ঘ ১৪ বছরে আমাদের দেশ এগিয়েছে, কি পিছিয়েছে সেটা বিচার করবেন এবং যদি বিচার করেন তাহলে দেখবেন, আমাদের দেশ অর্থাৎ ভারতবর্ষ অর্থনৈতিক দিক থেকে অনেক পিছিয়ে গেছে। আমাদের দেশে প্রায় ৫ লক্ষ কলকারখানা বন্ধ, আমাদের দেশে লোহা শিল্প, ইস্পাত শিল্প, কয়লা শিল্প, ব্যাঙ্ক, বিমা ব্যক্তিগত মালিকানার হাতে তুলে দিচ্ছে। এই হচ্ছে উদারীকরণের জন্য আমাদের দেশের অবস্থা।

এর জন্য যেমন কংগ্রেস দায়ী তেমনি অপর দিকে এন.ডি.এ-এর শরিক হিসাবে তৃণমূল কংগ্রেসও কম দায়ী নয়—দৃঢ়তার সঙ্গে আপনাদের আমি একথাটা বলতে চাই। এই প্রেক্ষাপটে দাঁড়িয়ে রাজ্য সরকার তার সীমাবদ্ধ ক্ষমতা নিয়েও মানুষের জন্য কাজ করে চলেছেন। '৯৪ সালে আমরা আমাদের নির্দিষ্ট শিল্পনীতি ঘোষণা করেছি। আমরা যখন প্রথম ক্ষমতায় আসি '৭৭ সালে তখন আমরা এসে দেখলাম আমাদের গ্রামেগঞ্জে ভয়ানক অবস্থা। গ্রামের গরিব মানুষগুলির মাথা উঁচু করে দাঁড়াবার ক্ষমতা ছিল না, তাদের সামাজিক কোন মর্যাদাও ছিল না। আমরা ভূমিসংস্কার করে ও পঞ্চায়েত ব্যবস্থার সফল রূপায়ণের মাধ্যমে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে প্রথমেই আমরা মানুষের অর্থনৈতিক বুনিয়াদকে শক্ত করলাম এবং তাতে তাদের ক্রয়ক্ষমতা বাড়লো। মানুষের ক্রয়ক্ষমতা বাড়লে স্বাভাবিক নিয়মেই শিল্পে উৎপাদিত পণ্যের চাহিদা বাড়বে এবং দেখলাম সত্যিই তাই হল। তারপর আমরা শিল্পের প্রতি অধিক গুরুত্ব দিলাম। এর জন্য

'৯১সাল থেকে ২০০৩ সালের মধ্যে আমরা আমাদের রাজ্যে অনেকগুলি কাজ করেছি। এই সময়ের মধ্যে এখানে প্রায় ৬ হাজার ৫২৭ কোটি টাকা শুধু লোহা এবং ইস্পাত শিল্পে বিনিয়োগ হয়েছে। দুর্গাপুরে আমাদের যে ইস্পাত শিল্পকেন্দ্র ছিল সেটার আধুনিকীকরণের প্রয়োজন দেখা দিয়েছিল—সেই কাজটা করা হয়েছে। ১২৫টি লৌহ শিল্পের ছোট কারখানা করার ব্যবস্থা রাজ্য সরকারের পক্ষ থেকে করা হয়েছে। হলদিয়াতে অনুসারি শিল্প গড়ার কথা বলা হয়েছে। সেখানে ৫৩৯টি অনুসারি শিল্প গড়তে আমরা সক্ষম হয়েছি। এর মধ্যে ক্ষুদ্র, মাঝারি, বৃহৎ সব রকমের শিল্প রয়েছে। আমাদের রাজ্যে শিল্পে বার্ষিক গড় উৎপাদন হার ৪.৬ শতাংশ। সারা দেশের মধ্যে বিনিয়োগের ক্ষেত্রে আমাদের রাজ্য ২০০১ সালে ছিল ৮ম স্থানে, আমাদের বিভিন্ন কার্যক্রমের মধ্যে দিয়ে ২০০২ সালে আমরা এক্ষেত্রে ৭ম স্থানে উন্নীত হয়েছি। আমাদের রাজ্যে বিনিয়োগের পরিমাণ দিনের পর দিন বাড়ছে। ২০০১ সালে এখানে বিনিয়োগের পরিমাণ যা ছিল ২০০২ সালে বিনিয়োগের পরিমান তার থেকে বৃদ্ধি পেয়েছে এবং আমরা আশা করছি আগামীদিনে এটা আরও বাড়বে। আমাদের রাজ্যে বিনিয়োগ বাড়াবার জন্য আমাদের মুখ্যমন্ত্রী এবং শিল্পমন্ত্রী অনবদ্য প্রয়াস নিয়েছেন যার জন্য আমাদের রাজ্যে শিল্পে অগ্রগতি ঘটেছে। বিরোধী পক্ষের বন্ধুদের দেখলাম এখানে বিরোধিতা করার জন্যই শুধু বক্তৃতা করে গেলেন, আমি তাদের বলব, এক্ষেত্রে আপনাদের গঠনমূলক আলোচনা করা উচিত। কারণ আমাদের রাজ্যে বিনিয়োগ বাড়াতে এবং বহির্বিশ্বের দেশগুলি থেকে এ রাজ্যে বিনিয়োগ টেনে আনতে আমি মনে করি বিরোধীদের সহযোগিতা থাকা দরকার, তাই অনুরোধ, গঠনমূলক সমালোচনা করুন এবং এ রাজ্যে যাতে শিল্পে বিনিয়োগ বাড়ে তার জন্য চেষ্টা করুন। এরপর আমি আরও কয়েকটি পরিসংখ্যান দেব। ৯ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার পর দেখা গেছে সারা দেশে গড় আভ্যন্তরীণ বিকাশের হার ছিল ৫.৪ আর আমাদের রাজ্যে ৯.২ শতাংশ। এর থেকেই প্রমাণিত হয় যে এখানে উৎপাদন বৃদ্ধির হার অন্যান্য রাজ্যের চেয়ে এবং সারা দেশের চেয়ে বেশী। এক্ষেত্রে আমরা এগিয়ে আছি। তারপর ২০০২ সালের বিশ্বব্যাঙ্কের রিপোর্টে বলা হচ্ছে যে আমাদের দেশে কেবলমাত্র দুটি সম্ভাবনাময় রাজ্য আছে এবং সেখানে পশ্চিমবঙ্গের নাম প্রথমেই রয়েছে। অর্থাৎ সারা দেশের বিভিন্ন লোক, বিভিন্ন শিল্পপতি যারা আমাদের রাজ্যে আসেন তারা ভাবেন আমাদের রাজ্যে একটা উন্নত পরিবেশ রয়েছে, এখানে শিল্প গড়ার আদর্শ পরিবেশ রয়েছে। বিশ্বব্যাঙ্কের রিপোর্টে সেই কথাটাই প্রমাণ করে। সবচেয়ে মজার কথা, পরশুদিন বিশ্বব্যাঙ্কের একটি রিপোর্ট বেরিয়েছে যাতে বলা হচ্ছে ভারতবর্ষের অর্থনীতি একটা ভয়ঙ্কর অবস্থার মধ্যে দিয়ে চলেছে।

১৯৯১ সালে যে অবস্থা ছিল, সেই সময় দেশের রাষ্ট্রীয় নেতাদের সোনা বন্ধক রাখতে বাধ্য হয়েছিলেন। আজকে যে ভয়াবহ অর্থনৈতিক অবস্থা সেই জায়গায় দাঁড়িয়ে আমরা আরো এগিয়ে যাবো এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে, বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.05—5.15 p.m.]

শ্রী নির্মল ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দীর্ঘ আলোচনা চলছে। শিল্পবাণিজ্য এবং শিল্প পুনর্গঠন দপ্তরের মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে বিরোধী দলের আনা কাট মোশানগুলিকে সমর্থন করে দু-একটা কথা মন্ত্রী মহাশয়কে বলতে চাই। একটু আগে মাননীয় সদস্য ইলিয়াস সাহেব বলেছেন। এখানে টেজারী বেঞ্চের সদস্যরা একটু যদি ভেতরে যান তাহলে দেখবেন সবাই এখন দ্বিধাগ্রস্ত। ভারতবর্ষের শিল্পোন্নয়নের ক্ষেত্রে আমাদের রাজ্য কোথায় দাড়িয়ে আছে। আপনারা রাজনৈতিক ক্ষেত্রে দ্বিধাগ্রস্ত অর্থনৈতিক ক্ষেত্রে দ্বিধাগ্রস্ত। আপনারা তার থেকে বার হয়ে এসে স্বতঃস্ফূর্তভাবে চেষ্টা করেছেন? আপনাদের জন্য ডবলু.টি.ও বসে থাকবে না, আপনারা ইউরোপিয়ান কানট্রিগুলোতে মাল তৈরী করে যদি না পাঠান তারা ভারতের জন্য বসে থাকবে না। আপনার গুনগত মান এবং উৎকর্ষতা বাড়িয়ে উৎপাদিত দ্রব্য তাদের দেশের মানুষের চাহিদা পূরণ না করতে পারেন, তাহলে কিছু হবে না। ইনক্লুডিং কোয়ানটিটি, কোয়ালিটি এবং ডিউরেশান ঠিক না রাখেন, আপনার জন্য কেউ অপেক্ষা করে থাকবে না, ইনক্লুডিং প্রাইস ঠিক না রাখেন আপনার জন্য কেউ অপেক্ষা করে থাকবে না। তাই আপনাকে চেষ্টা করতেই হবে। ভারতবর্ষের জন্য কেউ দাঁড়াবে না পশ্চিমবাংলার জন্য কেউ দাঁড়াবে না। আপনি কোথায় শুরু করেছেন? আপনি অনেক দেরিতে শুরু করেছেন। আপনি পূর্ব ভারতের পশ্চিমবাংলা, আপনি পূর্ব ভারতের বিহার নয়, আপনি পূর্ব ভারতের মণিপুরের মতো নর্থ ইষ্টের ৬টি রাজ্য নয়। আপনারা হচ্ছে ভারতবর্ষের একটা প্রথম সারির রাজ্য। মহারাষ্ট্র কর্নাটক গুজরাট পাঞ্জাব, হরিয়ানা, দিল্লির মতো অগ্রগামী রাজ্য। ষাটের দশকে আমাদের স্টেট টপে ছিল। শিল্পের ক্ষেত্রে, শিল্প উৎপাদনের ক্ষেত্রে, স্পেশালি জুটে ইঞ্জিনিয়ারিং-এ ক্যামিক্যালে এবং টি-এ। আপনারা দেখুন, আসামকে বাদ দিয়ে দেখুন, ভারতবর্ষের মধ্যে এই কটা ক্ষেত্রে আপনাদের সব থেকে বেশী প্রাধান্য ছিল। এই প্রাধান্য ষাটের দশকের মাঝামাঝি এই ১৯৬৫-৬৬ সালে ডাউনওয়ার্ড ট্রেন্ড হয়েছে। আমাকে নিশ্চয়ই বলতে হবে ১৯৭২-৭৩ সালে ডাউনওয়ার্ড ট্রেন্ড ছিল, তারপর পিক আপ করে। ১৯৭৩ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত আরো একটু উঠেছিল। আপনাকে বুঝতে হবে আপনার রাজ্য হচ্ছে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ। এখানে আপনি সব কিছু পাবেন। আপনি তো বর্ধমান জেলার মানুষ, আপনি বলুন না আপনার জেলায় কি নেই? ভারতবর্ষে যা আছে আপনার জেলাতে তাই আছে। আপনার জেলায় দুর্গাপুর আছে, স্টিল আছে, অ্যালয় স্টিল আছে, মিনি স্টিল আছে ফিরবো অ্যালয় আছে, কোল আছে, গ্যাস আছে, ওয়েল আছে। শুধুমাত্র বর্ধমান জেলায় সব কিছু আছে। কৃষিক্ষেত্রে বলুন, স্বাধীনতার আগে থেকে পশ্চিমবাংলা এগিয়ে আছে। কখনও রেট অফ গ্রোথে এগোচ্ছে। কখনও ২.৫ কখনও ২.৩ কখনও ২.১০ থেকেছে। কখনও বেড়েছে কখনও কমেছে। কিন্তু কৃষিক্ষেত্রে পূর্ব ভারতে পশ্চিমবাংলা এগিয়েছিল। আপনার বাজেট ভাষণের কনক্লুডিং স্পীচে আপনার নীতি কি সেটা স্পষ্ট নয়। এটা স্পষ্টকরণ করতে হবে। আপনার রাজনৈতিক সিদ্ধান্ত কি, আপনার অর্থনৈতিক সিদ্ধান্ত কি সেটা জানান। শুধু গ্লোবালাইজেশান বলবেন বিশ্বায়ন বলবেন, তার জন্য আপনি এগোতে পারছেন না, সেটা বললে হবে না। এতো বড় আর্থিক

সমীক্ষা দিয়েছেন ৬০ পাতার, ইউ হ্যাড টেকেন সিক্সটি পেজেস। যদি আপনি ক্ষুদ্র কুটিরশিল্প নিয়ে বলতেন তাহলে অনেক বেশী পাতা হতো, ক্ষুদ্র কুটির শিল্প বাদ দিচ্ছেন আপনার দপ্তরের নয় বলে। ৬০ পাতা নিয়েছেন সমীক্ষাতে।

সমীক্ষাতে আপনি কি দেখিয়েছেন? আমরা কোথায় চলে গেছি—আপনি ঠিকই বলেছেন। আপনি বলুন, ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে ভারতবর্ষে যখন প্রস্তুতি নেওয়া হয়েছিল, ১৯৮৯ সাল থেকে ভারতবর্ষ প্রস্তুতি নিচ্ছে খোলা অর্থনীতিকে কাজে লাগাবার জন্য। আমাদের এখানে একটা লাইসেন্সবিহীন রাষ্ট্র যদি আসে, আমাদের যদি স্বনির্ভর হতে হয়, তার প্রস্তুতিটা ১৯৮৯ সাল থেকে শুরু হয়। যখন থেকে এটা স্টার্ট হলো—এটা প্রকৃতপক্ষে শুরু হয় ১৯৯১ সাল থেকে—তখন আপনারা দাঁড়িয়ে থাকলেন। আপনারা ১৯৯৪ সালে 'শিল্পবন্ধু' তৈরী করলেন। ইন অ্যাকশান এটা হলো ১৯৯৬ সাল থেকে, অর্থাৎ প্রায় দেড় বছর লেগে গেল তৈরী হতে। প্রকৃতপক্ষে সাড়ে পাঁচ বছর মুক্ত অর্থনীতি থেকে আপনি পিছিয়ে গেলেন। অথচ সেখান থেকে আপনি অনেক বেশী সুযোগ পেতে পারতেন। কারণ এন.আর.টি.পি. উঠে গেছে। কিন্তু তখন কিছু করতে পারলেন না। আপনি ঘোষিত বলেছেন ১৯৭৫৩ কোটি টাকা—ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে আপনি এটা ইনভেস্টমেন্ট দেখিয়েছেন। আপনি সরণিতে আলাদা করে দেখিয়েছেন। ঘোষিত, প্রস্তাবিত এবং রূপায়ণ চলছে বলে আলাদা করে বলেছেন। আপনি ঘোষিত কথাটা বাদ দিন। সেটা পরে বোঝা যাবে যে কতদিন লাগছে। আপনি প্রস্তাবিত যা দেখিয়েছেন, ১০৬টা যা দেখিয়েছেন, এতে আপনি অনেক দিয়েছেন। আমি অধিগ্রহণ করেছেন। কিন্তু বিনিয়োগে আপনি দেখিয়েছেন ১৮৯৪৫ কোটি টাকা। আপনি দেখুন, ১৯৯১ থেকে ২০০২ সালের অক্টোবর—ডিসেম্বর পর্যন্ত আপনি নিয়েছেন এবং বলছেন রূপায়ণ চলছে। আপনি বলেছেন ১৯ হাজার কোটি টাকার মতো আউট অফ ৬০ ক্রোড়র্স। আপনি অন্ধ্রপ্রদেশ, গুজরাট, কর্নাটক, মহারাষ্ট্র এবং তামিলনাড়ুর তলায় আছেন। এমনকি আপনি উত্তরপ্রদেশের তলায় আছেন। এই জায়গা থেকে আপনাকে উঠে আসতে হবে। আপনি বাজেট করছেন, আপনাকে খরচ করতে হবে। আপনি ওয়েজ অ্যাণ্ড মিনসে খরচ করবেন কোথায়? আমরা গত ৭-৮ বছর ধরে চীৎকার করে আসছি, আপনাকে ইনফ্রাস্ট্রাকচার ক্রিয়েট করতে হবে। আপনি ভারত সরকারের বিরুদ্ধে রাজনৈতিক সমালোচনা করুন, তাদের আর্থিক সমালোচনা করুন, কেউ আপনাকে বাধা দেবে না। আমরাও অনেক সময়ে সমালোচনা করে থাকি। কিন্তু শিল্পটা কোথায় গিয়ে দাঁড়াবে? রতন টাটা নিজে এসে রাইটার্সে জ্যোতিবাবুর সঙ্গে দেখা করেছেন। আর এখন বুদ্ধবাবুকে বোম্বেতে গিয়ে অ্যাপয়েন্টমেন্ট করে তাঁর সঙ্গে দেখা করতে হচ্ছে। আজকে দেখুন, পার্থক্যটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে? সি.কে. বিড়লা জ্যোতিবাবুর সঙ্গে দেখা করতে এসেছিলেন রাইটার্সে। সি. কে. বিড়লা যিনি বিড়লা গ্রুপ অফ ইণ্ডাস্ট্রিজের কী-ম্যান তিনি এখানে এসে দেখা করেছিলেন জ্যোতিবাবুর সঙ্গে। তিনি বলেছিলেন, মুক্ত অর্থনীতি এসেছে, তোমরা তার সুযোগটা নাও। সৌগতবাবু যে কথা বলেছেন, আমি সেই কথা বলতে চাই না। আপনারা কাকে সঙ্গে নিয়েছেন? নেউটিয়া, গোয়েঙ্কাদের সঙ্গে নিয়েছেন। দে আর নট ইন্ডাস্ট্রিয়ালিষ্ট অ্যাট অল। এদের সম্বন্ধে আপনার অভিজ্ঞতা কম নেই। শুধু গোয়েঙ্কা সিইএসসি থেকে দু'হাজার কোটি টাকা সাইফুন

করেছে। ওয়ার্ল্ড ডেভালপমেন্ট ব্যাঙ্ক, এ.ডি.বি., আই.সি.আই.সি.আই., আই.ডি.বি.আই. থেকে সিই এসসি'র নামে দু'হাজার কোটি টাকার বেশী নিয়ে সাইফুন করেছে। আপনারা তা বরদাস্ত করেছেন। আমি সেই পথে যেতে চাই না। আপনাকে এখন ঠিক করতে হবে—রাজনৈতিক এবং আর্থিক সিদ্ধান্তটা পাকাপোক্তভাবে নিয়েছেন কিনা? তা যদি নিয়ে থাকেন তাহলে যে জায়গায় যাওয়া প্রয়োজন—হিউম্যান রিসোর্সেস—তাতে কি এই রাজ্য পিছিয়ে আছে? যে রাজ্যে ভারতবর্ষের মধ্যে এতবেশী মেধাসম্পন্ন ছেলেমেয়েরা আছে, আর কোন রাজ্যের নাম আপনি বলতে পারবেন যেখানে এটা আছে? এত স্কিল্ড ওয়ার্কার, যে কোন ফিল্ডে বলুন—কেমিকেল, ইঞ্জিনিয়ারিং, চা, ইস্পাত, ফেরয়, রিফাইনারি, যে কোন ক্ষেত্রে বলুন—উই আর টপিং। হিউম্যান রিসোর্সেস-এর ক্ষেত্রে আমরা সব চাইতে এগিয়ে আছি। একে কি করে ব্যবহার করা যায়, কি করে একে কাজে লাগাবেন, তার জন্য যে প্রযুক্তি, ইনফর্মেশান টেকনোলজি, যেটা আপনার সবচেয়ে বেশী প্রয়োজন ছিল, সেখানে দশটা বছর আপনি ল্যাপস্ করে গেছেন।

[5.15—5.25 p.m.]

দশটি বছরে আরো ল্যাপস্ করে গেছেন, যারা এসেছেন তারাও অনেক পরে এসেছেন, ২০০০ সালে কিছু কিছু আসে, আপনারা আবার এগোবার চেষ্টা করছেন ইনফরমেশান টেকনোলজিকে নিয়ে। দেখুন হার্ডওয়ার এবং সফট্ওয়ারে উই আর দি টপ ইন ইন্ডিয়া। আমাদের ছেলে-মেয়েরা সারা বিশ্বে গিয়ে নাম করেছে। আমাদেরই ছেলেরা কর্নাটক বলুন, হরিয়ানা বলুন, গুজরাট বলুন গিয়ে নাম করছে। আমাদের ছেলে-মেয়েরা এখান থেকে গিয়ে পুনা, ভারতবর্ষের অন্যান্য রাজ্য এবং ভারতবর্ষের বাইরে যেমন জাপান যাচ্ছে, ইউরোপ, আমেরিকা যাচ্ছে। আমাদের ছেলে-মেয়েরা আইদার ইন হার্ডওয়ার অর ইন সফট্ওয়ার মোস্টলি পার্টিকুলারলি ইন সফট্ওয়ার উই আর হেডিং, এতে আমাদের সবচেয়ে বেশী সম্ভাবনা আছে। সবচেয়ে বেশী মেধা আমাদের এই রাজ্যের ছেলে-মেয়েদের আছে অথচ আপনারা কবে আনলেন, আপনারা আনলেন মাত্র তিন বছর, দু'বছর কয়েক মাস। ২০০০ সাল থেকে ইনফরমেশান টেকনোলজির উপরে জোর দিলেন। ইট ইজ পার্টিকুলারলি নতুন সেঞ্চুরিতে এসে আপনাদের মনে পড়লো যে এই রিসোর্সটাকে কি করে শিল্পবাণিজ্যের ক্ষেত্রে, ক্রিয়েটিভিটিতে নিয়ে আসতে পারবো কি করে, কারণ সবাই তো নিয়ে নিয়েছে, আমরাই কেবল পিছিয়ে আছি। সুতরাং আমরাই বা কেন পিছিয়ে থাকবো? যারা গেছেন তারা প্রত্যেকেই প্রশংসিত হয়েছেন। আপনারা এই কাজ করতে চেষ্টা করছেন এবং এর জন্য আপনাদের অনেকেই প্রধানমন্ত্রীর উক্তিতে বিরক্ত হয়েছেন এবং সমালোচনা করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন যে, আপনারা এই ধরনের রাজনৈতিক আর্থিক যে গতি, সেই গতিকে আপনারা একটুও পাল্টাতে পারলেন না। একটু পিছনের দিকে তাকিয়ে দেখুন কারণ উনি জানতেন আমরা পশ্চিমবঙ্গে বসে কথা বলছি, আমি বিহারে বসে কথা বলছি না। আপনারা বলুন তো আমাদের এখানকার ছেলেরা উড়িষ্যাতে যাচ্ছে সায়েন্স এ্যান্ড টেকনোলজি পড়ার জন্য, ইনফরমেশান টেকনোলজি এবং ইঞ্জিনিয়ারিং পড়ার জন্য ভিন রাজ্যে যাচ্ছে, ডাক্তারি পড়ার জন্য একটা ছেলেকে পশ্চিমবঙ্গ থেকে উড়িষ্যাতে পড়তে যেতে হচ্ছে, How do you feel about it? সেখানে আপনারা এটা সবে এখানে

করলেন, কিন্তু আপনাদের এটা কবে করা উচিত ছিল? অনেক আগেই আমাদের স্টেটে এটা করা উচিত ছিল। অনেক আগেই আমাদের স্টেটে নেওয়া উচিত ছিল, কিন্তু আমরা নিইনি। আমরা জানি বাণিজ্যেতেই লক্ষ্মী আসে, সেখানে বাণিজ্য না করতে পারলে উৎপাদন কিভাবে হবে? শিল্প স্থাপন না করতে পারলে আমরা চাকুরী দিতে পারবো না এবং চাকুরী দিতে পারলাম না বলেই আজকে হায়েস্ট আনএমপ্লয়মেণ্ট ইন ওয়েষ্ট বেঙ্গল। এটা আমরা বিরোধী বেঞ্চ থেকে বলছি বলে তাই নয়, এটা সবারই কথা? আপনারা এই গত ১০ বছরে কি করতে পেরেছেন বলুন তো? গত দশ বছর ধরে এই যে কাজ চলছে এতে ৬০ হাজার কোটি টাকার প্রোপোজাল ইনক্লুডিং দেশী এবং বিদেশী সব মিলিয়ে রয়েছে এবং এই যে ৬০ হাজার কোটি টাকার প্রস্তাব রূপায়ণের কাজ চলছে, তাতে ১৯ হাজার কোটি টাকার প্রকল্পের কাজ এ্যাপ্রোক্সিমেটলি রূপায়িত হতে চলেছে, তাতে হলদিয়া বলুন আর আমার এক বন্ধু বক্রেশ্বরের কথা বললেন এই সব কিছু মিলিয়েও ১ লক্ষ মানুষকেও চাকুরী দিতে পারেননি। আজকে আনএমপ্লয়মেণ্ট গ্রোথ যেভাবে বাড়ছে তাতে You are heading towards 65 lakhs—highest number of unemployment in West Bengal. আপনারা বলছেন ২০ লক্ষ মানুষের চাকুরী দেবেন, কি করে দেবেন? আপনারা তো জানেন আজকের দিনে ১০ মি. মধ্যে অন লাইন বা ইন্টারনেটে আপনি জানতে পারবেন যে, আপনার রাজ্যে ২০ লক্ষ ছেলে-মেয়ে আছে, যাদের প্রকৃত অর্থে দে আর এক্সিলেন্স এবং তাদের মেধা অন্য রাজ্যের যে কোন ছেলে-মেয়ের থেকে বেশী আমি একথা না বললেও তাদের থেকে কম নয়, একথা আমি জোর দিয়ে বলতে পারি। সেই সব ছেলে-মেয়েরা পৃথিবীর যে কোন জায়গায় এই মুহূর্তে ডাক্তার হতে পারে, ইঞ্জিনিয়ার হতে পারে এবং তারা যে কোন লাইনে যথা কম্পিউটার সায়েন্সে বিরাট কিছু হতে পারে, যে কোন দিক থেকেই উন্নতি করতে পারে, কিন্তু তার দিকে আপনারা সেইভাবে নজর দেননি। আসলে আপনাদের যে ডিটারমিনেশান থাকার দরকার সেটাই নেই। আমি জানি না ওই সব ছেলে-মেয়েদের যে ডিটারমিনেশান সেই পথে ওদেরকে যেতে দেবেন কিনা। আপনি কি রাজনৈতিকভাবে এবং অর্থনৈতিক দিক থেকে সংস্কারমুক্ত হবেন কিনা—ইয়েস অর নো? আপনি যদি অর্থমন্ত্রীর মত বলেন যে মাঝখানের ওই পথ ধরে চলবো তাহলে দেয়ার ইজ নো ওয়ে ওনলি ইন বিটিউন হচ্ছে টু গো এ্যাণ্ড টু সে—সমুদ্রের জলে যাওয়া এবং সেখানে হারিয়ে যাওয়া। স্যার, আমি আপনাকে পুনর্গঠনের সম্পর্কে বলছি—মাননীয় মন্ত্রীর গত বছরের যে বাজেট ছিল এইবার আপনার বাজেট আরেকটু কেটে দিয়েছে। আমি জানি আপনার অর্থ দপ্তরের সঙ্গে সম্পর্ক কি রকম, গত বছরে যেটুকু দিয়েছিল, এই বছরে সেটাও কেটে দিয়েছে। মূল বাজেটে পুনর্গঠনের ক্ষেত্রে যে টাকা সেটাকেও তুলে দিয়েছেন। এই যে শিল্পগুলো আপনার দপ্তরের অধীনে রয়েছে যে সব রুগ্ন শিল্প, সেই শিল্পগুলোর পুনর্গঠনের ক্ষেত্রে সরকারের বাইরের যেসব শিল্পবন্ধু রয়েছে তাদের কাছ থেকে পুনর্গঠনের ক্ষেত্রে কোন সদর্থক ভূমিকা নিতে পারেননি।

আমি আলাদা কোন নাম বলতে চাই না। সেই জন্য আমি বলেছি, সদর্থকভাবে পুনর্গঠনের ক্ষেত্রে উদ্যোগ নিতে হবে। আই.পি.পি. বন্ধ করে দিলেন, দিল্লিকে সমালোচনা করছেন। সুন্দরবন সুগার বিট বন্ধ করে দিলেন। ১৬টি শিল্পকে বেসরকারিকরণ করতে, ডিসইনভেস্টমেণ্ট করতে

সরকার প্রস্তুত আর দিল্লিকে সমালোচনা করছেন? আপনারা ব্যক্তিগত মালিকানায় দেবেন, ডিসইনভেস্টমেন্ট করবেন আর দিল্লিকে সমালোচনা করবেন? তাই বলছি, ডুয়েল পলিসি না করে প্রকৃত অর্থে কি করতে চান সেটা বলুন। এই কটি কথা বলে, এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মদন বাউড়ি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্প-বাণিজ্য, শিল্প পুনর্গঠন, রাষ্ট্রায়ত্ত উদ্যোগ দপ্তরের মাননীয় মন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত কাট মোশানের বিরোধিতা করে আজকে বাজেটের উপর কয়েকটি বিষয়ে আলোচনা করতে চাইছি।

আমরা জানি বর্তমানে গোটা ভারতবর্ষে শিল্পের সঙ্কট। সেই সঙ্কটের কথা আমরা অস্বীকার করতে পারি না। বিশ্বায়ন, উদারিকরণের নামে গোটা ভারতবর্ষের শিল্প সঙ্কটের সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলায়ও তার প্রভাব কিছুটা পড়ছে। তা সত্ত্বেও আজকে ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলির সঙ্গে তুলনামূলকভাবে প্রতিযোগিতায় পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার তার শিল্পের অগ্রগতিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য উদ্যোগ গ্রহণ করেছে। আজকে আমাদের রাজ্যের শিল্পের পরিকাঠামো, শিল্পের যে উদ্যোগ তৈরী হয়েছে, সেটা বিরোধীরা স্বীকার না করলেও, আজকে যে ব্যয়বরাদ্দ পেশ করা হয়েছে তাতে সম্পূর্ণ পরিসংখ্যান দেওয়া আছে। কিন্তু আপনারা বিরোধিতা করার জন্যই বিরোধিতা করছেন। পশ্চিমবাংলায় অবস্থিত কেন্দ্রীয় সরকারের রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলোর কি অবস্থা তা বলেননি। এইচ.এফ.সি. কেন বন্ধ হ'ল? এম.এম.সি., এ.বি.এল., বি.ও.জি.এল., এদের কথা বলেননি। আসানসোলের সেন র‍্যালে কেন বন্ধ হয়ে গেল তা বলেননি। বলেননি কুলটি ইস্পাত কারখানা বন্ধ হয়ে যাওয়ার কারণ কি। আর, আগামী দিনেও বলবেন না। ইসকো, চিত্তরঞ্জন লোকোমোটিভ্ কারখানা, হিন্দুস্থান কেবল ফ্যাকটরি ও অন্যান্য রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিকে বন্ধ করার যে পরিকল্পনা গ্রহণ করেছেন তাতে ভারতবর্ষের সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলায় ভারত সরকারের রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলো একের পর এক বন্ধ হয়ে যাচ্ছে। হাউসে সমস্ত সদস্যের অবগতির জন্য জানাই যে, কয়লা একটা অমূল্য সম্পদ। আমাদের রাজ্যে কোল ইণ্ডিয়ার একটা সংস্থা ই.সি.এল.। আজকে ভারত সরকার পশ্চিমবাংলার কয়লাখনিগুলো বন্ধ করার উদ্যোগ গ্রহণ করেছে। ভূগর্ভ থেকে এক টন কয়লা উপরে নিয়ে এলে তার দাম দু হাজার টাকা। এই অমূল্য সম্পদ আজকে তারা বিক্রি করে দিতে যাচ্ছে। এইরকম অবস্থায় দাঁড়িয়ে পশ্চিমবাংলার শিল্প-বাণিজ্যের ক্ষেত্রে এই যে অগ্রগতি, একে আপনারা অস্বীকার করছেন। বিশ্ব ব্যাঙ্ক যে পরিসংখ্যান দিয়েছে, তাতে বলছে পশ্চিমবাংলায় শিল্পের অগ্রগতি বৃদ্ধি পাচ্ছে। আমরা দেখেছি আমাদের রাজ্যের সমস্ত লৌহ শিল্প, ইস্পাত শিল্পগুলোর অগ্রগতির জন্য অনেক উদ্যোগ নেওয়া হচ্ছে। দুর্গাপুর স্টিল প্ল্যান্ট, অ্যালয় স্টিল প্ল্যান্টের জন্য টাকা বরাদ্দ হয়েছে। অন্যান্য লৌহ, ইস্পাত শিল্পে টাকা বরাদ্দ করা হচ্ছে না। ডি.এস.পি, এ.এস.পি এদের অগ্রগতি শিল্পের ক্ষেত্রে যথেষ্ট। যেটা উল্লেখযোগ্য। এই সময়ের মধ্যে ১২৫টি লৌহ ইস্পাত শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে এই পশ্চিমবাংলায়। এর মধ্যে রয়েছে মিনি স্টিল প্ল্যান্ট, ফেরো অ্যালয় ষ্টিল প্ল্যান্ট এবং ষ্টিল কাষ্টিং ইউনিট। আরও মাঝারি এবং ছোট শিল্প '৯১ থেকে ২০০২ পর্যন্ত লৌহ ও ইস্পাত

শিল্পে বিনিয়োগের উন্নয়নের ক্ষেত্রে একটি উৎসাহব্যঞ্জক বছর। ১৯৯১ থেকে ২০০২ পর্যন্ত সময়ে রাজ্যে ৩০৪৪টি মাঝারি ও বৃহদায়তন শিল্প অনুমোদন লাভ করেছে যাতে লক্ষ্মীর মূল্যমান ৬০৪৫.৫৫ কোটি টাকা। ওই সময়ের মধ্যে যে ৬৫৮টি প্রকল্প রূপায়িত হয়েছে তাতে প্রায় ৮৯৮৯৫ জনের কর্মসংস্থান করা গেছে। এইগুলো তো আপনারা বলেন না। সেগুলো আপনারা স্বীকার করেন না। ২০০২ সালে ১১৩টি প্রকল্প রূপায়িত হয়েছে এবং মোট ১৯৪৯১ জনের কর্মসংস্থান করা গেছে। আমরা বারবার হলদিয়া পেট্রোকেমিকেলের কথা আলোচনার মাধ্যমে বলেছি। হলদিয়া পেট্রোকেমিকেলের অগ্রগতির কথা অনুসারী যে শিল্প এই শিল্পের মাধ্যমে কর্মসংস্থানের যে সুযোগ হয়েছে, এই কথার উল্লেখ আপনারা করেননি। বিরোধিতা করার জন্য আপনারা বলেছেন যে শিল্পের অগ্রগতি হয়নি। শিল্পের ক্ষেত্রে পশ্চিমবাংলা পিছিয়ে যাচ্ছে। '৯৮ সালের জানুয়ারী থেকে এখন পর্যন্ত এই রাজ্যে ৫৩৭টি অনুসারী শিল্প গড়ে উঠেছে। এর মধ্যে ক্ষুদ্র শিল্প ৪৯৯টি, মাঝারি শিল্প ৩৪টি এবং ৪টি বড় শিল্প প্রতিষ্ঠিত হয়েছে। ওই শিল্পে প্রায় ৩৮২ কোটি টাকা বিনিয়োগ হয়েছে এবং ১৩ হাজার ১৬১ জনের সরাসরি কর্মসংস্থানের সুযোগ করা গেছে। অন্যদিকে ২০০২ সালের শেষ পর্যন্ত পশ্চিমবঙ্গের বাইরে হলদিয়া পেট্রোকেমিকেলসের ৩৮টি অনুসারী শিল্প গড়ে উঠেছে। এর মধ্যে ১৯টি ক্ষুদ্রশিল্প। এখানে সরাসরি নিয়োগের সংখ্যা ৪ হাজার ৬৯৫ জন। এই রাজ্যে রাণিগঞ্জ কয়লাখনি অঞ্চলে কোল বেড মিথেন গ্যাসের একটা মজুত ভাণ্ডার আছে। ভারত সরকারের পেট্রোলিয়াম এবং ন্যাচারাল গ্যাস মন্ত্রক এই রাজ্যে চারটি কোল বেড মিথেন ব্লক চিহ্নিত করেছে।

(এই সময়ে লাল আলো জ্বলে ওঠে এবং মাইক অফ হয়ে যায়।)

শ্রী অপূর্ব মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়, শ্রী নিরুপম সেন যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আমাদের দলের পক্ষ থেকে পরিষ্কারভাবেই বক্তব্য পেশ করা হয়েছে। মদন বাউড়ি বলছিলেন যে আমরা নাকি ভালোটা স্বীকার করতে জানি না। আমার পূর্ববর্তী বক্তা সৌগত রায় খুব পরিষ্কার ভাষায় যে কথাগুলো বলে গেলেন তার মধ্যে ভালো যেমন ছিল, তেমনি মন্দটাকে তিনি মন্দ বলেছেন। আমি যে কথা আমি যে কথাটা বলতে চাই পুনর্গঠনের ক্ষেত্রে আপনি গত বছর যে বরাদ্দ করেছিলেন, এবারের বাজেটে ১শো কোটি টাকা বরাদ্দ কম। শিল্প পুনর্গঠন কোথা থেকে হবে? পুনর্গঠন কমিটিতে দু বছর থাকার সুবাদে কয়েকটা জায়গা দেখার সুযোগ আমার হয়েছিল। আসানসোলের মিথেন গ্যাসের ব্যাপারে আমি বিশদে যাব না।

১০ মিনিট সময়। পুরোটা বলতে পারব না। যদিও অনেক কথা বলার আছে। আমরা উত্তরবঙ্গের বিস্তীর্ণ অঞ্চলের চাবাগান দেখতে গিয়েছিলাম। এই চাবাগান থেকে শুরু করে ছোট ইণ্ডাস্ট্রি, বড় ইণ্ডাস্ট্রি, ফলতা থেকে আরম্ভ করে, দুর্গাপুর মঙ্গলপুরে সমস্ত ইণ্ডাস্ট্রিয়াল জোনগুলিতে দেখতে গিয়েছিলাম. যদিও চেয়ারম্যান স্যার, সার্ভে রিপোর্ট পেশ করতে পারেননি, তবু আমি বলব যেহেতু আমি দুর্গাপুরের মানুষ, সেহেতু দুর্গাপুরে যে কারখানাগুলি আছে, সকালে একটা প্রশ্ন রেখেছিলাম, যে প্রশ্নটা দুর্গাপুরের মানুষকে নাড়া দিচ্ছে। কেন না একটা শিল্প পরিকাঠামো তৈরী হবে। সেই শিল্প পরিকাঠামোর মাধ্যমে পশ্চিমবাংলায় সার্বিকভাবে ৬৫ লক্ষ

বেকারকে কোথায় অবজর্ভ করা যাবে, কিভাবে অ্যাকমোডেশান দেওয়া যাবে, সেটা সবচেয়ে বেশী চিন্তার বিষয়। এখানে বলছি বংশগোপালবাবুর এলাকার মঙ্গলপুর জুট মিল বন্ধ হয়ে গেছে। সেখানে বেশ কিছু মানুষ কাজ করার সুযোগ পেয়েছিলেন। দুর্ভাগ্যের বিষয় যে, সরকারের যে ওয়েজেস আছে সেটা মানা হয়নি। তাই এই মিল বন্ধ হবে গেছে। মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যে, ওয়েজেস ঠিক করে সেটা খোলার ব্যবস্থা করা হোক। দুর্গাপুরে বেশ কিছু কারখানা তৈরী হচ্ছে। আপনারা তথ্যভিত্তিক অনেক কথা বললেন। কিন্তু আমি দুর্গাপুরের মানুষ হিসাবে দেখেছি, '৫৯ থেকে '৭৭ সাল পর্যন্ত যদি পরিসংখ্যান দিই, তাহলে দেখবেন যে, ১ লক্ষ প্রত্যক্ষভাবে, আর পরোক্ষভাবে দেড় থেকে দু লক্ষ শ্রমিকের রুজিরোজগারের জায়গা তৈরী হয়েছিল। শুধু পশ্চিমবঙ্গের মানুষ নয়, বিহার, উত্তরপ্রদেশ থেকে লোক আসত এখানে চাকরীর জন্য। এটা স্বীকার করতেই হবে। ওখানে ডি পি এল কারখানা যে অবস্থা হয়ে আছে সেটা বলার কিছু নেই। এখন ডি.পি এল কারখানায় ২৭টি বাইপ্রোডাকটের জায়গায় তিনটে প্রোডাকট তৈরী হয়। আরও যে লস চলছে সেটা মেক আপ করতে গিয়ে মন্ত্রী মহাশয় বলছেন বিদ্যুতের যে ড্রেনেজ সেটা বন্ধ করতে হবে এবং ওখানকার মানুষজন বলছেন যে, এই ড্রেনেজ বন্ধ করা যাবে না। এটা যেমন চলছে তেমনই চলবে। এই ব্যাপারটা আপনি দেখবেন। ফলতায় আমরা দেখে এসেছি। ফলতা প্রসেসিং জোনের যে অবস্থা ফলতা প্রসেসিং জোনের অবস্থা খুব একটা ভালো নয়। এখানে লেবার ওরিয়েন্টেড ব্যাপার নয়। মিনিমাম ওয়েজেসের ব্যাপার নয়। রাজ্য সরকার এখনও পর্যন্ত মিনিমাম ওয়েজেস দেয় সেটা হচ্ছে ৭৮ টাকা ২০ পয়সা। অথচ এখানে যে সুতোকল আছে, সেখানে মহিলারার ৩০ থেকে ৩৫ টাকায় কাজ করে আসছেন এবং সেখানে পলুশান হচ্ছে ১০০ পারসেন্ট। উত্তরবঙ্গে ফার্মাসিউটিক্যালস ফ্যাকটারীর যে কি অবস্থা, সেটা আপনাকে নতুন করে বলতে হবে না। সেই কারখানার কর্মীবন্ধুরা প্রায় আপনাদের সমর্থনেরই মানুষ। কিন্তু তারা বলেছেন যে, ওখানে যাকে চেয়ারম্যান করে রেখে দেওয়া হয়েছে, তিনি কোন দায়িত্ব না নিয়ে যেভাবে এই কারখানা পরিচালনা করার চেষ্টা করছেন, তাতে কারখানা সিক হয়ে যাবে। এটা আপনাকে নতুন করে বলতে হবে না। আমরা দার্জিলিংয়ে ঐতিহাসিক চাবাগান দেখতে গিয়েছিলাম। ভালো লেগেছিল। ওরা আমাদের চায়ের স্যাম্পল টোকেনও দিয়েছিল। এই চা হচ্ছে উৎকর্ষ চা। সেটা আমরা খেয়েও অনুভব করেছিলাম।

[5.35—5.45 p.m.]

কিন্তু সবচেয়ে দুঃখের বিষয় সেই চাবাগানগুলি ১০০ বছর অতিক্রান্ত হয়েছে, সেখানে যে গাছগুলি আছে সেগুলিতে ভালো সার দেওয়া দরকার, সেখানে নতুন গাছ লাগানো দরকার। সেখানে পুনরুজীবনের ক্ষেত্রে যে কাজগুলি করা দরকার সেটা লালফিতার ফাঁসে আটকে গেছে। আপনি লাল ফিতার ফাঁস সরিয়ে দিন, আপনার সে মানসিকতা আছে। আপনি তাত্ত্বিক লোক, আপনি ভাবেন কিছু করবেন, কিন্তু আপনাদের পার্টির গঠনতন্ত্রের জন্য আপনার সে ক্ষমতা নেই। কেন না এখন বুদ্ধদেববাবু বলছেন কোন শ্রমিক আন্দোলন করা যাবে না, তাহলে আমরা কঠোর হস্তে তা দমন করবো। মাননীয় সদস্য কৃষ্ণকিশোরবাবু হাওড়া জেলার মানুষ তিনি হাওড়ার অনুসারী শিল্পের কথা বললেন। কিন্তু হাওড়ার এই অনুসারী শিল্পকে দুর্গাপুরের উপর নির্ভর

করে চলতে হয়। আজকে হাওড়ার শিল্পগুলি কেন উঠে যাচ্ছে এবং তার কিছু পরিসংখ্যান উনি দিয়েছেন। কিন্তু উনি এটা বলেননি দুর্গাপুরের যে ডাউন স্ট্রীম আছে—আমি একটু পিছিয়ে যাচ্ছি ১৯৬৭-৬৮ সালে মিনিমাম ওয়েজের জন্য শ্রমিকরা যে দাবি পেশ করেছিলেন, যে আন্দোলন করেছিলেন তার একটা ফল তারা পেয়েছিলেন। কিন্তু আজকে সেই দেওয়ার মানসিকতা আপনাদের নেই। শুধু নেবার মানসিকতা থাকলে চলবে না। আপনারাই এক সময় বলতেন—এখানে সাদা চুলের মানুষ অনেকে আছেন তাঁরা জানেন—বিধান চন্দ্র রায় নাকি টাটা, বিড়লার কোলে দুলছেন। আজকে যদি আপনাদের আমি প্রশ্ন করি যে আপনারা এখন কার কোলে দুলছেন? আপনারা এখন সিংহানিয়া, ভিংহানিয়াদের কোলে দুলছেন। কারণ পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারে টাকা নেই। কেন্দ্রীয় সরকার যে নীতি নিয়েছে তাতে নতুন করে আর বড় রাষ্ট্রায়ত্ত শিল্প হবে না। পশ্চিমবাংলার বুকে যদি ছোট শিল্প গড়ে তুলতে হয় তাহলে সিংহানিয়া, ভিংহানিয়াদের কোলে দুলতেই হবে। তাদের আপনারা তোষণ করেন, তাতে আমার আপত্তি নেই। কিন্তু একটা জায়গা হচ্ছে আজকে ৬৫ লক্ষ বেকার তাদের কথা ভাবতে হবে। যে কলকারখানা তৈরী হচ্ছে সেগুলির পরিস্থিতি কি? সেখানে দেখা যাচ্ছে এক কোটি টাকার শিল্পে ২ জন কাজ করবেন। এমন, শিল্পের দরকার নেই। মুনাফাখোরদের হাতে মুনাফা চলে যাচ্ছে। আপনারা বলবেন আমরা কেন বিরোধীতা করছি। আমি শিল্পাঞ্চলের মানুষ, আমরা দুর্গাপুরকে সামনে থেকে দেখে আসছি। আমি পুরুলিয়া দেখেছি সেখানে মিনারেল প্রোজেক্ট তৈরী হচ্ছে। আমি শুনেছি এবং আপনাদের প্রতিবেদনে দেখেছি সেখানে উন্নত মানের গ্রানাইট পাওয়া যাবে। ওখানে যে রকমভাবে দুর্নীতি ঢুকেছে তাতে ওখানকার ওই গ্রানাইট কোথায় গিয়ে বিক্রি হবে জানি না। এটাকে আপনি কঠোরভাবে দেখুন। এখানে দাঁড়িয়ে আমি একটি কথাই বলতে চাই আজকে পশ্চিমবাংলায় ভাঁড়ে মা ভবানী হয়ে গেছে। বুদ্ধবাবু যতই বলুন উন্নতি করছি, করবো, কিন্তু ওই লাল ফিতের ফাঁস থেকে বেরিয়ে যাওয়ার ক্ষমতা বুদ্ধবাবুর এবং নিরুপমবাবুর নেই। কালকে টিভিতে দেখলাম ফ্লাই-অ্যাস প্রোজেক্ট বন্ধ হয়ে গেছে। আপনারা এখানে চিৎকার করছেন। আপনাদের মানসিকতা বদলানো দরকার। আপনাদের মানসিকতায় যদি সম্ভব হয় করবেন। যে ভাবে বাজেট বরাদ্দ কমিয়েছেন তাতে এই টাকা দিয়ে শিল্পের পুনর্গঠন এবং শিল্পায়ণ কিছুই করা সম্ভব নয়, তাই এই বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সাধু টুডু : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০০৩-০৪ সালে পশ্চিমবঙ্গ সরকারের শিল্প-বাণিজ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় নিরুপম সেন মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, সেটাকে সম্পূর্ণরূপে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে দু-একটা কথা বলছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে শিল্প বাজেট। গোটা পৃথিবীজুড়ে শিল্পে সংকট চলছে এটা আমরা সবাই জানি। এই সংকটের মূল কারণ হচ্ছে বহুজাতিক সংস্থাগুলো, ডব্লু.টি.ও ও বিশ্ব-বাণিজ্য সংস্থা। ফলে আজকে সারা পৃথিবীর শিল্পের ক্ষেত্রে একটা সংকট চলছে। আমরা গাঁয়ের ছেলে। বিষয়টা ওরা যেভাবে বলার চেষ্টা করেছেন তাতে মনে হচ্ছে পৃথিবী তথা ভারতবর্ষের বাইরে যেন পশ্চিমবঙ্গের অবস্থান। এই রকম একটা ধারণা নিয়ে বিরোধী বন্ধুরা এখানে বক্তব্য রাখলেন। আপনারা জানেন আজ থেকে ৫৭ বছর আগে হিরোশিমা ও

নাগাসাকিতে যে অ্যাটম বোম পড়েছিল তার জেরে এখনও পর্যন্ত সেখানে মানুষ পঙ্গু হয়ে জন্মগ্রহণ করছে। এই ডব্লু.টি.ও বিশ্বায়ন এবং বহুজাতিক সংস্থা যেভাবে গোটা পৃথিবীটাকে কব্জা করেছে, তাতে সম্পূর্ণ শিল্পায়নের ক্ষেত্রটা তাদের হাতের মুঠোয় নিয়ে নিয়েছে। এইভাবে তারা গোটা পৃথিবীর উন্নয়নশীল দেশগুলোকে পঙ্গু করে রেখেছে। তার মধ্যে দাঁড়িয়ে আমাদের পশ্চিমবঙ্গের শিল্পমন্ত্রী আমাদের এখানে বীরত্বের সাথে শিল্প স্থাপনের ক্ষেত্রে একটা দিশারী হিসাবে কাজ করে চলেছেন। এই বাজেটে বিরোধী বন্ধুরা শিল্প সংক্রান্ত অগ্রগতিকে দেখে যন্ত্রণায় ছটফট করছেন। শিল্পের ক্ষেত্রে আমাদের রাজ্য পশ্চিমবঙ্গ ভারতের মধ্যে পঞ্চম জায়গা দখল করে নিয়েছে এবং আগামী কয়েক বছরের মধ্যে আমরা প্রথম স্থান দখল করতে পারব বলে আশা করছি। এজন্য বিরোধীরা যন্ত্রণা ভোগ করছেন এবং ছটফট করছেন। এক জন সদস্য বলার চেষ্টা করলেন যে শিল্পায়ন বা শিল্পের অগ্রগতি যেটা ঘটেছে তা কংগ্রেসী আমলে এবং তার পরে কারখানা বেশীর ভাগ বন্ধ হয়ে গেছে বামফ্রন্ট সরকার আসার পর। পশ্চিমবঙ্গে শিল্পে প্রথম স্থানে ছিল স্বাধীনতার পর। তা যেন ভেস্তে গিয়েছে। একটা পর্যালোচনা করতে হবে। ১৯৫১ সালে আমাদের শিল্পের ক্ষেত্রে গোটা ভারতবর্ষের জায়গা ভালো ছিল এটা অস্বীকার করার নয়, কারণ সেই সময় যুগটা অগ্রগতি, উন্নয়নের যুগ ছিল ২৮তম জায়গায় ছিলাম। এই হারে উন্নয়নের গতি ছিল। কিন্তু আমরা দেখেছি ১৯৭৮-৭৯ সাল থেকে এটা নেমে গিয়ে আস্তে আস্তে ১৯৯১ সালে টানতে টানতে ৮ শতাংশে এসে দাঁড়িয়েছে। তার মূল কারণ হচ্ছে বিরোধী বন্ধুরা। ওনারা বসে আছেন। সেই সময় উত্তর-পূর্বাঞ্চলের ক্ষেত্রে যে ব্যবস্থা ছিল তাতে মাসুল সমীকরণ নীতি ছিল। একটা লাইসেন্সি প্রথা বা লাইসেন্সিরাজ ছিল।

[5.45–5.55 p.m.]

এই প্রথার ফলে আপনারা দিল্লিতে ছিলেন, এখানেও ছিলেন, কিন্তু এই পশ্চিমবঙ্গের মানুষের জন্য শিল্পে কারখানায় ক্ষুদ্র-কুটির শিল্পের যে উন্নয়ন হওয়ার কথা সেই জায়গায় যায়নি। ফলে এই ৮ শতাংশ জায়গাটা নিয়েই আমরা ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার প্রথম থেকে যে দুটি স্তম্ভের উপর বেশি গুরুত্ব দিয়েছিলাম, সেই দুটি হচ্ছে স্তম্ভের একটি হচ্ছে কৃষি এবং অন্যটি হচ্ছে শিল্প। শিল্পকে পুনরুজ্জীবিত কিভাবে করা যায়, আপনারা যে শিল্পটাকে খতম করে দিয়েছিলেন আমরা সেটা চেষ্টা করছি কি করে উন্নতি ঘটানো যায়। কৃষিক্ষেত্রে আমরা প্রথম জায়গায় যা উৎপাদন আমরা করছি। আর শিল্পের ক্ষেত্রে আমরা যেটা করতে পারিনি আপনাদের নীতির জন্য, এই মাসুল সমীকরণ নীতি আমরা বাস্তবে যদি প্রয়োগ করতাম তাহলে আজকে এই জায়গায় পশ্চিমবাংলা আসতে হত না। আমি যেটা বলতে চাইছি এই মাসুল সমীকরণ নীতির ফলে পশ্চিমবঙ্গে শিল্পের পুনর্গঠনে যে উদ্যোগ আমরা নিয়েছিলাম, সেটা আমরা পারিনি কেন? এটা সাংবিধানিক কারণ আছে, ভূমিসংস্কারে আমরা গ্রামবাংলার একটা বড় জায়গায়, গরীব মানুষের একটা অর্থনৈতিক মানটা আরও ভাল জায়গায় আনতে পেরেছি। রাজ্যের সাংবিধানিক একটা কাঠামোর মধ্যেও ক্ষুদ্র ও কুটীর শিল্পকে একটা জায়গায় আনতে পেরেছি। কিন্তু বৃহৎ এবং মাঝারি শিল্পগুলি রাজ্য সরকারের সাংবিধানিক ক্ষমতার বাইরে। কিন্তু সেইরকম একটা অবস্থার মধ্যে দিয়েও আমরা চালানোর চেষ্টা করছি। রাজ্য সরকারের সীমিত ক্ষমতা,

মানুষের প্রতি দায়বদ্ধতা, সদিচ্ছা থাকার জন্য আজকে আমরা হলদিয়া পেট্রোকেমিকেলস তৈরি করার চেষ্টা করেছি এবং করেছিও। বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র করার চেষ্টা করেছি এবং করছিও। গোটা পরিকাঠামোটা উন্নয়ন করার জন্য চেষ্টা করেছি। এই যে হলদিয়া পেট্রোকেমিকেল্‌স সেই সময় কেন্দ্রীয় সরকার তার অনুমোদন দেওয়ার জন্য ৭ বছর দেরি করেছিল। এখানে যে শিল্প স্থাপন হবে সেখানে ৭ বছর সময় নিয়েছিল এবং তার জন্য যে অর্থ দেওয়ার কথা ছিল সেখানে তাদের বাহানা ছিল। সেটা রাজনৈতিক কারণে। পশ্চিমবঙ্গের মানুষের জন্য দরদের কথা বলছেন, কিন্তু সেদিন হলদিয়া পেট্রোকেমিকেল অনুমোদনের জন্য ৭ বছর সময় নিয়েছিল। গোটা পশ্চিমবঙ্গে শিল্পে ভারী শিল্পে, অসুবিধা থাকলেও ক্ষুদ্র মাঝারি শিল্পে, অসুবিধা থাকতে পারে না। এই বিষয়গুলি অগ্রসর করে এই জায়গাটা ১৯৯১ সালের এটা আমরা সমর্থন করি না! এই বিশ্বায়ন যে চুক্তি করেছিল সেই সময় পি. ভি নরসিমা রাও, মনমোহন সিং তাদের সেই চুক্তির আমরা বিরোধিতা করেছিলাম। ডাংকেল প্রস্তাবের বিরোধিতা করেছিলাম। এতে শিল্প কারখানায় যে শ্রমজীবী মানুষ, কলকারখানার শ্রমিকদের উপর আক্রমণ নেমে এসেছে। এটা যে নেগেটিভ দিক যা আমরা বিরোধিতা করেছি, পাশাপাশি একটা পজিটিভ দিক আমরা পেয়েছি! পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার প্রথমে বলেছে যে আমরা এই ক্ষেত্রে পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছি। এখন আমরা শিল্পের একটা ভাল জায়গা পেতে পেরেছি। আগামী দিনে ক্ষুদ্র ও কুটীর শিল্পে বিশেষ করে পাটশিল্পে যে পাটশিল্পে আমাদের এখানে ৫০ লক্ষ মানুষ এই শিল্পের সঙ্গে জড়িয়ে আছে, কিন্তু এই শিল্পে ১৯৮৭ সালে এই যে প্যাকেজিং ব্যবস্থা করার জন্য সেখানে সিনথেটিকের ব্যবহার বন্ধ হলেও হানড্রেড পারসেন্ট কেন্দ্রীয় সরকার সেটাকে বহাল তবিয়েতে চালিয়ে যাচ্ছে। পাটশিল্পের ক্ষেত্রে পৃথিবীর বিভিন্ন জায়গায় সিনথেটিক ব্যবহারে প্রতি মানুষের অনীহা দেখা যাচ্ছে, এই বিষয়গুলি আগামী দিনে পশ্চিমবঙ্গের যে পরিকল্পনা, গোটা বিশ্বায়ন, ডব্লু. টি. ও তাদের সেই আক্রমণের মধ্য দিয়েও আমাদের শিল্পমুখী যে বাজেট পেশ করেছেন, এটাকে জোরালভাবে সমর্থন করে এবং কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী মাননীয় নিরুপম সেন তিনটি অভিযানে ২০০৩-২০০৪ সালের যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। তাঁর বাজেট বিবৃতির একটা জায়গায় তিনি যে কথা বলেছেন তা অত্যন্ত গ্রহণযোগ্য বলে আমার মনে হচ্ছে। তিনি বলেছেন, "২০০২ সালের ফেব্রুয়ারী মাসে প্রকাশিত বিশ্ব ব্যাঙ্কের একটি রিপোর্টে ভারতের যে দুটি রাজ্যকে উন্নয়নের দিক থেকে সবচেয়ে বেশী সম্ভাবনাপূর্ণ বলা হয়েছে পশ্চিমবঙ্গ তাদের মধ্যে একটি। এবং এখানে শুধুমাত্র কৃষিক্ষেত্রে উন্নয়নের কথাই বলা হয়নি, প্রাকৃতিক এবং অবস্থানগত সুবিধার দিক থেকেও পশ্চিমবঙ্গের যে স্বতন্ত্র সংস্থান রয়েছে তাও উল্লিখিত রয়েছে।" অর্থাৎ শুধুমাত্র এ নিরুপমবাবুদের প্রচেষ্টা, উদ্যোগের জন্যই নয় বিশ্ব ব্যাঙ্ক বলছে প্রাকৃতিক এবং ভৌগোলিক দিক দিয়ে শিল্প সম্ভাবনার ক্ষেত্রে পশ্চিমবাংলার গুরুত্ব রয়েছে। দেরিতে হলেও এই ধরনের রিপোর্টের প্রতি যে রাজ্য সরকারের নজর পড়েছে তার জন্য আমি সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। এই আলোচনা

প্রসঙ্গে এখানে বিশ্বমানের কথা, প্রাইভেটাইজেশনের কথা বার বার উঠে আসছে। এবং কখনো কখনো কেন্দ্রীয় সরকারের কথা, পূর্বতন কেন্দ্রীয় কংগ্রেসী সরকারের কথাও উঠে আসছে। মাননীয় শিল্পমন্ত্রীর নিশ্চয়ই স্মরণে আছে স্বাধীন ভারতবর্ষে যখন প্রথম ফিসক্যাল কমিশনের রিপোর্টের ভিত্তিতে শিল্পনীতি গৃহীত হয়েছিল তখন পণ্ডিত জওহরলাল নেহরুর নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভা যে সিদ্ধান্ত গ্রহণ করেছিল তাতে তাঁরা সমাজতান্ত্রিক ধাঁচে পুরোপুরি জাতীয়করণের মধ্যে দিয়ে শিল্প বিকাশের কথা ভাবেননি। আবার জাতীয়করণ না করে শুধুমাত্র বেসরকারী শিল্প মালিকানার মধ্যে দিয়ে ভারতবর্ষের শিল্প বিকাশের কথাও ভাবেননি। তাঁরা মিক্সড ইকোনমির কথা ভেবেছিলেন। মিশ্র অর্থনীতি, যার ব্যাখ্যা অর্থনীতির প্রথম পাঠের ছাত্ররাও জানে। তার অর্থ হল সমন্বয় ঘটানো। অর্থাৎ জাতীয় অর্থনীতি, ন্যাশানালাইজড অর্থনীতির সঙ্গে প্রাইভেট ইকোনমির সংমিশ্রণের মধ্যে দিয়ে যদি কোন শিল্প নীতি গড়ে ওঠে তাহলে সেই শিল্প নীতি দেশকে সমৃদ্ধ করতে পারে। আজকে বিশ্বায়নের কথাই বলুন, অন্য যে কোন যুক্তির কথাই বলুন, প্রণব মুখোপাধ্যায়ের কথাই বলুন, মনমোহন সিং-এর কথাই বলুন, পি. ভি. নরসীমা রাও-এর কথাই বলুন অথবা মাননীয় নিরুপম সেন বা মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেবে ভট্টাচার্য — যিনি আজকে এ রাজ্যের প্রশাসনিক বন্দোবস্তকে নেতৃত্ব দিচ্ছেন, তাঁর কথাই বলুন, কেউ কি মিশ্র অর্থনৈতিক ব্যবস্থাকে অস্বীকার করার মতো কোন জায়গায় এসে পৌঁছতে পেরেছেন? আপনাদের কি একবারও মনে হয়েছে যে, আমরা যে নীতি গ্রহণ করেছিলাম, সেই নীতিটা ভুল ছিল অথবা আজকে যে নীতি চলছে এই নীতির সঙ্গে সেদিনের নীতির অনেক ফারাক আছে? হ্যাঁ, এটা ঠিকই আজকে কেন্দ্রীয় সরকারের গৃহীত নীতি অনেক বেশী উদার গ্লোবালাইজেশনের নীতি। হয়ত শিল্পক্ষেত্রে এখন অনেক সংঘাত ঘনিয়ে আসছে, যখন প্রাইভেট ইকনমি এবং ন্যাশানালাইজড ইকনমির একই জায়গায় সফল মিশ্রণ ঘটিয়ে এগিয়ে যাবার কথা। ২০০৩-২০০৪ সালের বাজেটে অথবা এর আগের বছরের, ২০০২- ২০০৩ সালের বাজেটে কংগ্রেসকে আক্রমণ করে আপনারা অনেক কথাই বলেছেন। তথাপি আপনাদের এটা নিশ্চয়ই বোঝা উচিত যে, ইনডাস্ট্রিয়াল পলিসি নিয়ে আমরা কংগ্রেস অনেক দিন আগে যা ভেবেছিলাম, আপনারা এখন তাই ভাবছেন। শুধু স্লোগানসর্বস্ব বামপন্থা দিয়ে শিল্প বিকাশ হয় না। যেটা একটু আগে অপূর্ববাবু এবং নির্মলবাবু বললেন যে, কাঁধে লাল-ঝান্ডা নিয়ে স্লোগান দিলেই বাংলার শিল্প নীতি সার্থক হবে না, বেকার সমস্যার সমাধান এগিয়ে আসবে না। আমরা এটা অনেক আগে বুঝেছিলাম, আপনারা অনেক পরে বুঝছেন।

[5.55–6.05 a.m.]

জ্যোতিবাবু যদি কোন কারণে কোন জায়গায় বলে থাকেন ইট ওয়াজ এ হিসটরিক্যাল ব্লান্ডার তাহলে আপনাকেও বলতে হবে এই ২৫-২৬ বছরে ব্ল্যান্ডার করেছি, এরই জন্য শিল্পের এই অবস্থা হয়েছে এবং এর জন্য দায়ী আমরা। আমি আপনার কাছে শুধু একটি কথা বলতে চাই যেকথা অনেকেই বলেছেন, পশ্চিমবাংলায় পাবলিক সেক্টরে যে শিল্পগুলি আছে, আজকে এতদিন পরে সেই শিল্পগুলির দিকে তাকিয়ে আপনি বলছেন, সুন্দরবন সুগার বিট তুলে দেব, নৈহাটির ইন্ডিয়া পেপার পাল্প তুলে দেব, এগুলি রাখবো না। আপনি তুলে দিয়ে কি করবেন?

ওখানকার শ্রমিকদের অবসরকালীন সুযোগ-সুবিধা দেবেন। আর আরো যে শিল্পগুলি আছে সেগুলিকে আপনি জয়েন্ট ভেনচারে নিয়ে আসবেন। এর মধ্যে আছে গ্লুকোনেট, স্যাক্সবি ফারমার, ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং, দুর্গাপুর কেমিকালস, শালিমার এবং আরো অনেক শিল্প প্রতিষ্ঠান আছে। আমি জিজ্ঞাসা করতে চাই, কতদিন ধরে এই লোকসান আমি সহ্য করলেন? আপনার আগে কি শিল্পমন্ত্রী ছিলেন না? বুদ্ধদেববাবু ছিলেন না? পার্থ চ্যাটার্জী একটা আগে যে কথা বললেন আমি সেই কথাটা শুনে ভাবছিলাম সঠিক কিনা? পরবর্তী পর্যায়ে মনে হয়েছে শিল্পমন্ত্রী হিসাবে আপনি দপ্তরে নতুন এসেছেন, বুদ্ধদেববাবুও নতুন এসেছেন। কিন্তু পুরানোদিনের জ্যোতিবাবু থেকে শুরু করে যিনি এই দপ্তরের দায়িত্বে ছিলেন আজকে তাদের পাপ আপনার উপর এসে বর্তেছে, বুদ্ধদেববাবুর উপর এসে বর্তেছে, কিন্তু কেন্দ্র সেই দায়িত্ব আপনার নয়, একথা অস্বীকার করতে পারবো না। আপনারা কার কাছে গেছেন টাকার জন্য? আপনারা ডব্লু. টি. ও.র কথা বলেন, ইন্টারন্যাশনাল ম্যানিটারি ফান্ডের কথা বলেন, ওয়ার্ল্ডব্যাঙ্কের কথা বলেন। কিন্তু আপনারা কার কাছে গেছেন টাকার জন্য? গ্রেট-বৃটেনের কাছে। তাদের গিয়ে বলেছেন টাকা দিন। বৃটিশ সরকারের যে আর্ন্তজাতিক উন্নয়ন দপ্তর আছে তারা কত টাকা দেবে বলেছেন? ১৪০ কোটি টাকা অনুদান দিচ্ছেন এবং তারা যে শর্ত দিয়েছে সেই শর্ত অনুযায়ী আপনারা কাজ করছেন। ইতিমধ্যে ১৮ কোটি টাকা নিয়েছেন। এই ১৮ কোটি টাকা দিয়ে সুন্দরবন সুগার বিট এবং ইন্ডিয়া পেপার পাল্পের শ্রমিকদের টাকা-পয়সা মিটিয়ে দেবার জন্য এই বন্দোবস্ত করেছেন। কিন্তু বাকি শিল্পগুলির পুনরুজ্জীবনের জন্য কোন সঠিক কথা বলেননি। আপনি আজকে জবাবী ভাষণে এই প্রসঙ্গে বলবেন। শালিমার ওয়ার্কস কে কিভাবে নতুন করে পুনরুজ্জীবন ঘটাবেন একথাও দয়া করে জবাবী ভাষণে বলবেন। আজকে যারা শ্রমিক নেতা অর্থাৎ যারা ট্রেড ইউনিয়ন করেন তাদের যদি হঠাৎ করে বলেন চলে যাও, গো ব্যাক টু ইওর হোম —তারা কি চলে যাবে? যেতে পারে না। সুতরাং এইসব শ্রমিকদের কথাও ভাবতে হবে, তারা কিভাবে খাবে, পড়বে তার কথা ভাবতে হবে, তাদের জীবনধারণের কথাও ভাবতে হবে। সমস্ত শিল্পগুলির ক্ষেত্রে যেগুলি পশ্চিমবঙ্গ সরকারের আয়ত্তাধীনে আছে সেগুলির কথা ভাবতে হবে। আমি আর একটা প্রশ্ন করবো, কলিং অ্যাটেনশনে জানতে চেয়েছিলাম পশ্চিমবাংলায় প্রভিডেন্ট ফান্ডের টাকা কতজন মালিক দেয়নি? ইন্ডিয়া গভর্নমেন্টের লেবার ডিপার্টমেন্টের রিপোর্টে বলছে ১৮০০ কোটি টাকা অর্থাৎ প্রায় ২ হাজার কোটি টাকা প্রভিডেন্ট ফান্ডের টাকা বাকি পড়েছে। তার মধ্যে আপনার রাজ্যের বাকি পড়েছে ৩২৪ কোটি টাকার উপর আর পাবলিক সেক্টরগুলি টাকা দিচ্ছে না ২৭ কোটি টাকা। আপনি জবাবে বলবেন এই ২৭ কোটি টাকা পি. এফে জমা দেননি কেন? কেন শ্রমিকদের টাকা মেরে খেয়েছেন তা বলবেন? আপনারা শিল্প স্থাপনের জন্য পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম করেছেন। এই শিল্প স্থাপনের জন্য জমি ছাড়া আর কি কি দরকার আছে? বিদ্যুৎ, জল, রাস্তাঘাট এগুলির প্রয়োজন আছে যদিও অনেক পরে বুঝলেন। আপনারা রাস্তা করলেন, এক মানুষ গর্ত হয়ে রইল।

এখানে আপনারা অনেকে বলেছেন রাস্তা তৈরির কথা। সৌগতবাবু সঠিকভাবেই বলেছেন রাস্তা করতে করতে তো ৪/৫বছর লাগবে। কয়েকটা ন্যাশানাল হাইওয়ে হচ্ছে কেন্দ্রের টাকায়,

কিছু কিছু এক্সট্রা করিডোর করছেন, কিছু কিছু রাস্তা নতুন করে করছেন। কিন্তু এগুলির কাজ কবে শেষ হবে? তারপর আপনি বলেছেন যে নিগমের সাহায্যে ১২টি শিল্পতালুক আপনি তৈরি করেছেন এবং আরও ৬টি গড়ে উঠেছে। নিগমের কাছে যে ১ হাজার ৫১৬ একর জমি আছে তার মধ্যে ২০০২ সালের মধ্যে আপনি ৩১৬টি ইউনিটকে জমি দিয়েছেন এবং আরও তিনটি বড় শিল্পতালুক আপনি তৈরি করছেন বোলপুর, মালদহ, জলপাইগুড়িতে। মাননীয় শিল্পবাণিজ্যমন্ত্রি মহাশয়ের কাছে আমার প্রশ্ন, যে শিল্প তালুকগুলি আপনি গড়ে তুলেছেন বলছেন এবং যেখানে ৩১৬টি ইউনিট হয়েছে বলছেন তার মধ্যে সত্যিকারের কতগুলি ইউনিট হয়েছে এবং তার মধ্যে কতগুলি বন্ধ হয়ে গিয়েছে, কতগুলি চলছে এবং কতজন শ্রমিক তাতে কর্মচ্যুত হয়েছেন, সেই পরিসংখ্যানটা দেবেন কি? যে শিল্পতালুকগুলি হয়েছে বলেছেন এবং তাতে যেসব ইউনিট হয়েছে বলছেন, তাতে মোট শ্রমিক কত ছিল, তার মধ্যে এখন কত শ্রমিক কাজ করছেন সেই তথ্যটা আমাদের জানা উচিত বলেই আমি এই প্রশ্নটা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখলাম। আমাদের এখানে শিল্প দপ্তর সংক্রান্ত যে স্ট্যান্ডিং কমিটি আছে তার রিপোর্টে আরো দেখছি বলা হয়েছে যে ২০০২/৩ সালে ৫ কোটি টাকা এর জন্য আপনাকে বরাদ্দ করা হয়েছিল, তার মধ্যে আপনাকে দেওয়া হয়েছে তিন কোটি টাকা এবং সেটা খরচ হয়েছে কিন্তু সত্যিকারের কাজের কাজ কিছু হচ্ছে না। আসলে আপনারা এদিকে সঠিকভাবে লক্ষ্য দিচ্ছেন না। এই বিধানসভার ভোট, লোকসভার ভোট, পঞ্চায়েতের ভোটে জিততে আই ওয়াশ করার জন্য পশ্চিমবঙ্গের মানুষের কাছে এই সমস্ত তথ্য তুলে ধরছেন কিন্তু কাজের কাজ কিছু হচ্ছে না। আমার যাতায়াতের পথের মধ্যেই উলুবেড়িয়া গ্রোথ সেন্টার আছে, সেখানে দেখছি দিনের পর দিন একটার পর একটা ইউনিট সিক হয়ে যাচ্ছে। সেখানকার শ্রমিককর্মচারীদের কাজ নেই বললেই চলে, মালিকরা সেখানে শ্রমিকদের উপর অত্যাচার চালাচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয়কে এদিকে নজর দিতে হবে। তারপর আমরা জানি ফলতাতে অনেকগুলি ইউনিট তৈরি হয়েছিল। সেখানে কখনও জমির জন্য, কখনও লোনের জন্য, কখনও সরকারের কাছ থেকে সুবিধা আদায়ের জন্য একই কোম্পানী বারে বারে নাম পরিবর্তন করে চলেছে। এ সম্পর্কেও আপনার দৃষ্টি দেওয়া দরকার। তারপর আপনারা বলেছেন যে এখানে কর্মসংস্কৃতি ফিরে এসেছে। কিন্তু এখানে কি রকম কর্মসংস্কৃতি ফিরে এসেছে, প্রতিদিনের সংবাদপত্রগুলির দিকে চোখ রাখলেই তা জানা যায় যে কি বিশৃঙ্খল অবস্থা এখানে চলছে। পশ্চিমবাংলায় যে শিল্প সংস্থাপন হচ্ছে না, এখানে শিল্পের অগ্রগতি ব্যাহত হচ্ছে, তার জন্য কিন্তু কংগ্রেস, তৃণমূল কংগ্রেস বা আই. এন. টি. ইউ. সি.দায়ী নয়, এর জন্য দায়ী হচ্ছে আপনাদেরই শ্রমিক সংগঠন সিটু। আপনারা বেলেঘাটার ওষুধ কারখানার কথা শুনেছেন। মহেশ ভট্টাচার্য ওষুধ তৈরির কারখানা যেটা ১০০ বছর ধরে চলছে সেখানে সিটুর লোকজন গলা ধাক্কা দিয়ে কেমিষ্টদের তাড়িয়ে দিয়ে নিজেরাই ওষুধ তৈরি করছে এবং কারখানাটি চালাচ্ছে। সেখানে ওষুধগুলি ঠিকমতন টেষ্টিং হচ্ছে না ফলে জাল ওষুধ বাজারে চলে যাচ্ছে। এর পরও আপনারা কি বলবেন যে এখানে কারখানা হবে? সেদিন জাপানের কনসাল জেনারেল বেনজির সিমিজু পশ্চিমবঙ্গের শিল্প পরিস্থিতি নিয়ে বলতে গিয়ে বলেছেন, আপনারা জাপানের উপর নির্ভর করে আছেন যে জাপান আসবে,

জাপান এখানে ইন্ডাষ্ট্রি করবে, ইতালি আসবে, এসে এখানে ইন্ডাষ্ট্রি করবে, তা কিন্তু ঠিক নয়। এই তাপসবাবুর কথামত বললে বলতে হয় তাদের এখানে আসতে বয়েই গিয়াছে। জাপানের কনসাল জেনারেল বলেছেন পশ্চিমবঙ্গে শিল্প পরিস্থিতি অনুকুল নয়।

[6.05–6.15 p.m]

এটা আমার কথা নয়, সংবাদপত্রে বার হয়েছে। মাননীয় শিল্পমন্ত্রী, আপনি জবাব দেবেন। আমার কাছে তথ্য আছে, আমি তথ্য ছাড়া কথা বলি না। জাপানের কনসুল জেনারেল বলছে পশ্চিমবাংলার শিল্প পরিস্থিতি অনুকুল নয়। তারপরেও আপনি বলবেন জাপানের ইউনিটগুলো এখানে আসবে এবং কাজ করবে? হ্যাঁ, তারপরেও একটা প্রপোজাল দিয়েছে। কি প্রপোজাল? না, কাজের সময় ১ ঘন্টা এগিয়ে আনতে হবে। অর্থাৎ যদি ওটাতে কাজ শুরু হয় তাহলে সেটা ৫টা করতে হবে, ২টোতে যদি কাজ শুরু হয় তাহলে ১টা করতে হবে। ইত্যাদি ইত্যাদি। আমি এই প্রসঙ্গে যাচ্ছে না। আমি শুধু বলছি আপনি কোন জায়গায় আছেন সেটা আপনি একটু ভেবে দেখুন। ইতালি ঘুরে আসা যাবে, জাপান ঘুরে আসা যাবে, কিছু হবে না। এই হচ্ছে অবস্থা।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

স্যার, আমাকে ২ মিনিট সময় দেবেন। আমি আপনাকে চাবাগানের কথা বলছি। চাবাগানের বর্তমান যে অবস্থা সেখানে চাবাগানের হাজার হাজার শ্রমিক বেকার হয়ে পড়ছে, না খেতে পেয়ে আত্মহত্যা করছে। এই চাঁদমনি চাবাগান। আপনি তো শিল্পমন্ত্রী, আপনি শিল্পমন্ত্রী থাকাকালীন শহর বাড়ানোর নাম করে পুলিশকে রেখে চাঁদমনি চাবাগান কাটা হয়েছে। শ্রমিকদের পেটে লাথি মারা হয়েছে। এর দুটো রাস্তা ছিল। চাঁদমনি চাবাগানের যে অসহায় অবস্থার সৃষ্টি হয়েছে তার জন্য দায়ী যদি অশোক ভটাচার্য মহাশয় হন, তাহলে বুদ্ধদেববাবুর উচিত ছিল অশোক ভট্টাচার্য মহাশয়কে পদত্যাগ করতে বাধ্য করানো। না হয় আপনার উচিত ছিল পদত্যাগ করে দিয়ে চাবাগানের শ্রমিকদের পাশে দাঁড়ানো এবং সেখানে গিয়ে লড়াই করা। আপনি কিন্তু তা করেননি। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলছি এইভাবে চাবাগানগুলো নষ্ট হচ্ছে। এইচ. পি. এল নিয়ে আপনি বার বার বলেন। আপনি বলেছেন ডাউন স্ট্রীমে শ্রমিকদের কথা। আমি স্যার এটা বলেই আমার বক্তব্য শেষ করবো। এইচ. পি. এল ডাউনস্ট্রীম ইন্ডাষ্ট্রিজ প্রোগ্রেস বিটুইন জানুয়ারী ১৯৯৮ অ্যান্ড মার্চ ২০০২-তাতে বলছে মেদিনীপুরে মোট ১৪টি ইউনিট হয়েছে। তার মধ্যে এস. এস. আই হচ্ছে ১২টি এবং মিডিয়াম স্কেল ইন্ড্রাষ্ট্রিজ হয়েছে ২টি। কত জন এমপ্লয়মেন্ট পাচ্ছে? ৪২৯জন। কি করে আপনি বার বার বলেন যে ডাউন স্ট্রীমে অনেক লোক কাজ করবে? পশ্চিমবাংলায় মোট ৪৯২টি ইউনিট হয়েছে। আপনার রিপোর্ট, অর্থাৎ ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেন্টের রিপোর্ট অনুযায়ী আজ পর্যন্ত তাতে মোট কাজ পেয়েছে ১০৯০৯ জন। মাত্র ১০৯০৯ জন ডাউন স্ট্রীমে কাজ পেয়েছে। তাই মাননীয় শিল্পমন্ত্রী তথা বাণিজ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করছি। আমি এই কথা বলতে চাই এই বন্দোবস্ত যদি চলতে থাকে, পশ্চিমবাংলায় যেখানে ৬৪ লক্ষ বেকার কাঁদছে, যেখানে একটার

পর একটা শিল্পকারখানা বন্ধ হয়ে যাচ্ছে, যেখানে আর নতুন কারখানা হবে না সেখানে পশ্চিমবাংলার যে সর্বনাশ সেই সর্বনাশ সূচিত হবে। এই বাজেটের মধ্যে কোথাও সেই আলোর ইঙ্গিত নেই। তাই এই অন্ধকার আনয়নকারী বাজেট বরাদ্দের বিরোধিতা করে কাট মোশানগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পদ্মনিধি ধর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এইমাত্র সান্ধ্যকালীন সংবাদপত্রে দেখলাম- এতোক্ষণ কংগ্রেস এবং তৃণমূল চিৎকার করছিলেন - ওঁদের দল সামলাতে ওঁরা এখন মালদাতে মহাজোট করে জেলাপরিষদ গঠন করেছেন। তাতে আমাদের মাননীয় সদস্য মহববুল হক কংগ্রেস থেকে পদত্যাগ করেছেন। তিনি তাঁর বিধায়ক পদ ছেড়ে দেবেন। গান্ধী হত্যাকারীদের সঙ্গে একসঙ্গে জোট গঠন করে মালদা জেলায় জোট গঠন করার জন্য তিনি এটা করছেন। এটাই হলো আমার ইনফরমেশান।

শ্রী অসিত মিত্র : স্যার, সত্যযুগ কাগজের একটা রিপোর্ট এনে উনি বললেন যে মহববুল হক এই সব কথা বলেছেন, মালদা কংগ্রেস আঁতাত করেছে ইত্যাদি ইত্যাদি। স্যার, আমি আপনাকে বলছি একটা কথা তা হলো মহববুল হক এই কথা সত্যযুগ পত্রিকায় বলেছেন এর কোন যথার্থতা নেই। আমি দায়িত্ব নিয়ে বলছি মহববুল হক, তিনি কংগ্রেসে ছিলেন, কংগ্রেসে আছেন এবং কংগ্রেসে থাকবেন। স্যার, এই শিল্প-বাণিজ্য দপ্তরের মতো একটা গুরুত্বপূর্ণ দপ্তরের আলোচনা চলছে সেখানে এই ধরনের কথা বলতে দেবেন না।

শ্রী তাপস রায় : স্যার, এখানে মাননীয় সুধাংশু শীল মহাশয় উপস্থিত রয়েছেন। উনি বিধায়ক এবং পৌরপিতা। দুভাগ্যের বিষয়, কলকাতা কর্পোরেশনের চেয়ারম্যান মাননীয় [***]

মিঃ ডেপুটি স্পীকার : এটা বাদ যাবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আমি একটা ইনফর্মেশন দিতে চাই। স্পীকার মহাশয় আমাদের হাউসে সংসদীয় প্রথা মেনে চলতে বলেন। স্যার, পৌরসভার বর্ষীয়ান নেতা শ্রী অনিল মুখার্জী, তাঁকে মারা হয়েছে। তাঁকে এমনভাবে মারা হয়েছে যে তাঁকে হাসপাতালে ভর্তি করতে হয়েছে। এটা সংসদীয় ক্ষেত্রে অত্যন্ত গুরুতর ব্যাপার। আমি এটা আপনাকে জানালাম।

শ্রী নিরুপম সেন : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আজকে শিল্প-বাণিজ্য এবং রাষ্ট্রায়ত্ত শিল্প এবং শিল্পপুনর্গঠন দপ্তরের বাজেট বরাদ্দের ওপরে এখানে যে বিতর্ক হয়েছে, আমি সে সম্পর্কে দু-একটি কথা এই হাউসের সামনে নিবেদন করতে চাই। স্যার, আজকে সকালে প্রশ্নোত্তর পর্বে একটা কথা উঠেছিল যে, আমাদের রাজ্যে যে পরিমাণে আই. ই. এম. আসে, যে সংখ্যায় আসে, তার মধ্যে আমাদের বিনিয়োগ কতটা হচ্ছে? পরবর্তীকালে বাজেট বক্তৃতার সময়ে বিরোধী দলের মাননীয় সদস্য শ্রীযুক্ত পার্থ চ্যাটার্জী এবং শ্রীযুক্ত সৌগত রায় তাঁরা এই প্রসঙ্গটি তোলেন। মাননীয় সদস্যদের অবগতির জন্য আমি আমি শুধু একটি তথ্য দিচ্ছি। কেন্দ্রীয় সরকারের সেক্রেটেরিয়েট অফ ইন্ডাষ্ট্রিয়াল অ্যাসিস্টান্স, তাদের যে ওয়েবসাইট আছে, সেই ওয়েবসাইটে

*** Expunjed as ordered by the chair.

যে তথ্য তারা দিয়েছে,তাতে দেখা যাচ্ছে ১৯৯১ সাল থেকে ২০০৩ সাল পর্যন্ত সমগ্র ভারতবর্ষে আমাদের আই. ই. এম. এবং এল. ও. সি.—লেটার অফ ইনটেন্ট মোট ৫২,২৭০টি এসেছে এবং ইমপ্লিমেন্টেড হয়েছে তার সংখ্যা হচ্ছে ৫,২৬০টি। শতাংশের বিচারে তা হচ্ছে ১০.০৬ শতাংশ। আমাদের থেকে দুটি শিল্পোন্নত যে রাজ্য, তার তথ্য এখানে দেওয়া হয়েছে—তাতে বলা হয়েছে, মহারাষ্ট্রে আ.ই.এম. এসেছে ১০,৪৬৩। আর প্রোজেক্ট ইমপ্লিমেন্টেড হয়েছে ৮৩১ শতাংশের বিচারে এটা হচ্ছে ৮ শতাংশের কাছাকাছি। গুজরাটে ৬,৫৬১টি আই. ই. এম. এসেছে, আর ইমপ্লিমেন্টেড হয়েছে ৯২৪—শতাংশের বিচারে এটা ১৪ শতাংশ। মাননীয় সদস্যরা পশ্চিমবঙ্গে কত হয়েছে তা সকালে জানতে চেয়েছিলেন। আমাদের এখানে প্রোজেকট ইমপ্লিমেন্টেড হয়েছে ২১ শতাংশ। কিন্তু এই বছরের মধ্যে যে যে প্রোজেকট ইমপ্লিমেন্টেড হবে বলে আমরা আশা করছি, তার সংখ্যা ধরলে আমাদের শতাংশ গিয়ে দাঁড়াবে ২৬ শতাংশের কাছাকাছি। মাননীয় সৌগতবাবু, আর একটা তথ্য তুলেছেন, উনি কেন্দ্রীয় সরকারের তথ্য থেকে উল্লেখ করেছেন। এই সময়কালে বিনিয়োগের পরিমাণের দিক থেকে পশ্চিমবঙ্গ প্রথম দিকে আছে।

[6.15–6.25 p.m]

সেখানে এমপ্লয়মেন্ট জেনারেশান অর্থাৎ কর্মসংস্থান বৃদ্ধি অন্য রাজের তুলনায় আমাদের রাজ্যে কম আছে। আমি জানি না কর্মসংস্থানের ক্ষেত্রে যে তথ্য কেন্দ্রীয় সরকারের তিনি সংগ্রহ করেছেন তার মাপকাঠি কি? আমি একথা মনে করি না আমরা যে তথ্য এখানে হাজির করছি সেই তথ্য সম্পূর্ণ সঠিক, কারণ সাধারণত এমপ্লয়মেন্টের ক্ষেত্রে যে তথ্য এই সভায় দিয়ে থাকেন সেটা হচ্ছে এই প্রকল্প যাঁরা করেন এবং সেই প্রকল্প যখন আমাদের কাছে জমা দিচ্ছেন সেখানে প্রকল্পে কত এমপ্লয়মেন্টের সুযোগ আছে, সম্ভাবনা আছে সেই সংখ্যাটাই দিয়ে থাকেন। সেই সংখ্যাটা কখনোই প্রকৃত সংখ্যার সঙ্গে সঠিক হয় না। এবং সেখানে যে তথ্যের সংখ্যাটা দিয়ে থাকেন সেই সংখ্যাটা নিয়েই আলোচনা করা হয়ে থাকে। সাধারণত একটা পদ্ধতি গ্রহণ করা হয় সেটা হচ্ছে প্রত্যক্ষ এমপ্লয়মেন্ট হবে তারসঙ্গে পাঁচ দিয়ে গুণ করে পরোক্ষ এমপ্লয়মেন্ট হবে এবং এটাই সাধারণভাবে ধরে নেওয়া হয়। এবং সেটাই সর্বভারতীয় ভিত্তিতে ধরে নেওয়া হয়। কেন্দ্রীয় সরকারের এই যে তথ্য উনি এনেছেন সেটা আমার জানা না থাকায় আমি বিশদভাবে মনে করি মন্তব্য করা সঠিক হবে না। দ্বিতীয় নং হচ্ছে এই প্রসঙ্গে বলতে চাই একটা কথা এখানে উঠেছে, মাননীয় বিরোধীদলের সকল সদস্যরাই বলেছেন যে, আমাদের মুখ্যমন্ত্রী শিল্পের ব্যাপারে বলছেন, শিল্পমন্ত্রী তিনি কি করছেন? এই বিষয়ে আপনারা যদি আমাদের উপরে ছেড়ে দেন যে আমরা মন্ত্রিসভায় কে কোন কাজ করব এবং কে কি দায়িত্ব পালন করব ভাল হয়। যেটা যদি আমাদের উপরে ছেড়ে দেন, তাহলে খুব ভাল হয় কারণ আমাদের মন্ত্রিসভার যৌথ দায়িত্বর উপরে ভিত্তি করে চলে। সেখানে সে কোন কাজ করবে, কোন বিষয়ে হস্তক্ষেপ করবে সেটা আমাদের নিজস্ব ব্যাপার। শিল্প দপ্তর বা কে কোথায় যাবে সেটা আমাদের উপরে ছেড়ে দিন। তৃতীয়ত যেটা বারেবারে উঠছে সেটা হচ্ছে বিদেশ গিয়ে আমাদের কি হচ্ছে? বিদেশ গিয়ে কি হচ্ছে জানতে চেয়েছেন সেই প্রসঙ্গে বলি যে, বর্তমান সময়ে প্রতিটি রাজ্য বিনিয়োগের

জন্য বাইরে যাচ্ছে। সেখানে আমাদের রাজ্য বিনিয়োগকারীদের আকর্ষণ করাতে এবং তাদেরকে আরো বেশী করে আকৃষ্ট করার জন্য বেশী করে যোগাযোগ করতে হচ্ছে। বিভিন্ন জায়গায় বিনিয়োগকারীদের যোগাযোগ করতে হচ্ছে, তাদের সঙ্গে সভা করতে হচ্ছে। সমস্ত রাজ্যকেই করতে হচ্ছে, সেখানে আমরা বেশী করে বিনিয়োগকারীদের আকর্ষণ করাতে চাইছি। আমাদের দায়িত্ব তো অন্য রাজ্যের চেয়ে বেশী, সেই জন্য আমরা বেশী বেশী করে চাইছি। তাছাড়া আমাদের রাজ্যের বিরোধী সদস্যদের কল্যাণে তারা যে সংখ্যা দেন এবং ভুল পরিসংখ্যান দেন সেইসব কারণে একটা আমাদের রাজ্যের প্রতি ভ্রান্ত ধারণার সৃষ্টি হয়। এই ভ্রান্ত ধারণা সারাদেশ জুড়ে এবং বিদেশেও তৈরী করার চেষ্টা করা হয়েছে। তার জন্য নিয়ত আমাদের সতর্ক থাকতে হয় এবং বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। এটাই হল আমাদের দুর্ভাগ্য পশ্চিমবঙ্গের ক্ষেত্রে। তারপরে যে কথাটা আসছি সেই ব্যাপারে বলছি যে, আজকে আমার খুব ভাল লাগল যে, গত ১ বছরের মধ্যে একটা ঐক্যতে আমরা আসতে পেরেছি। আমাদের রাজ্যের অধিগৃহীত রাষ্ট্রীয় সংস্থা সম্পর্কে আমরা যে সিদ্ধান্ত গ্রহণ করেছি আজকে মাননীয় বিরোধীদলের সদস্যরা যে বক্তব্য রেখেছেন, তাঁরা সেটাকে সমর্থন করেছেন। তাঁরা অনেকেই বলেছেন লেট হয়েছে, তবে বেটার লেট দ্যান নেভার। আমিও তাই বলি। তবে আমি স্মরণ করি আমার স্মৃতিশক্তি যদি আমার সঙ্গে তেমন বিশ্বাসঘাতকতা না করে যে, গত বছরে যখন বিধানসভাতে আমাদের রাজ্যের ১৬টি শিল্প সম্পর্কে সিদ্ধান্ত ঘোষণা করেছিলাম তখন আমাদের বিরোধী সদস্যরা সেদিন বিধানসভা থেকে ওয়াক আউট করে প্রতিবাদ করেছিলেন। সেখানে আজকে এই বক্তব্য শুনে নিশ্চয় আনন্দিত হবেন। সেখানে বিরোধী সদস্যরা সবাই একমত হয়ে বলেছেন যে, আমাদের রাজ্যের এই যে পদক্ষেপ রাজ্যের এই সমস্ত শিল্পের ক্ষেত্রে এটা সঠিক পদক্ষেপ।

এই প্রসঙ্গে আমি একটা কথার উত্তর আজকে দিতে চাইছি না, তার কারণ আমাদের রাজ্য সরকারের ডিস-ইনভেস্টমেন্ট আমরা যেটা করছি আর কেন্দ্রীয় সরকারের যে ডিস-ইনভেস্টমেন্ট-এর আমরা বিরোধিতা করছি, এই দুটোর মধ্যে স্ব-বিরোধিতার কথা এখানে উল্লিখিত হয়েছে। আমার মনে আছে, গত বছরের বাজেট বক্তৃতায় এই বিষয়টিকে প্রধান কেন্দ্রীয় বিষয় হিসাবে শোভনদেববাবু তার বক্তৃতায় তুলে ধরেছিলেন। সেদিন আমি আমার বক্তব্যে তুলে ধরেছিলাম কেন্দ্রীয় সরকারের ডিস-ইনভেস্টমেন্টের যে নীতি এবং রাজ্য সরকারের যে নীতি তার মধ্যে পার্থক্য কোথায়, নির্দিষ্ট কোন্ কোন্ ক্ষেত্রে আমাদের দৃষ্টিভঙ্গির পার্থক্য আছে। সুতরাং সেই কথার পুনরাবৃত্তি করার প্রয়োজন নেই বলেই আমি মনে করি। এই প্রসঙ্গে আমি যে-কথা বলতে চাই, আমি গত বছর বাজেট বক্তৃতার সময় যে-কথা সদস্যদের বলেছিলাম, গত এক বছর সময়ে আমরা এই বিষয়ে অগ্রসর হতে পেরেছি। এটা ঠিকই বলেছেন সদস্যরা যে, আমাদের এই যে পুনর্গঠনের প্রক্রিয়া, সেই প্রক্রিয়ায় যেহেতু আমাদের শ্রমিক কিছুটা উদ্বৃত্ত হবে এবং কর্মহীন হয়ে পড়বে, সুতরাং তাদের সামাজিক নিরাপত্তার দিকটা সবচেয়ে গুরুত্ব দিয়ে আমাদের বিবেচনা করতে হয়েছে এবং এই বিবেচনার কথা আমরা গোপন করি না। আমাদের রাজ্য সরকারের আর্থিক সীমাবদ্ধতা আছে। আমাদের রাজ্য সরকারের যদি সামর্থ্য থাকত, তাহলে এই শিল্পগুলোকে পুনরুজ্জীবিত করার জন্য যে পুঁজি বিনিয়োগ করা দরকার,

যে ধরনের দক্ষ পরিচালকমণ্ডলী নিয়ে আসা দরকার, সেটা হয়ত করতে পারতাম। বিগত দিনেও এই চেষ্টা আমরা করেছি যখন রাজ্য সরকারের সামর্থ্য কিছুটা ছিল। আমরা কিছুটা পুঁজি বিনিয়োগও করেছি, বহু কারখানাতে কিছু উৎপাদন আমরা বৃদ্ধি করেছি, কারখানার বিক্রি বাড়িয়েছি, তাদের ক্ষতির পরিমাণ কমানোর চেষ্টা করেছি। পরবর্তীকালে যে সঙ্কটের মধ্যে কেন্দ্রীয় সরকার সমস্ত রাজ্যগুলোকে ফেলে দিয়েছে, যে আর্থিক সঙ্কটের মধ্যে ফেলে দিয়েছে, সেই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের ভিন্ন সিদ্ধান্ত নিতে হয়েছে এবং এই সময়ে পুনরায় সেসব জায়গায় অর্থ বিনিয়োগ করে পুনরুজ্জীবিত করার সুযোগ আমাদের না থাকার কারণেই, যারা এই শিল্পগুলিকে পুনরুজ্জীবিত করতে পারবেন পুঁজি নিয়ে এসে, তাদের বলছি এই কারখানাগুলো পুনরুজ্জীবনের কাজ হাতে নিন। এবং সেই অর্থের জন্য আমরা বৃটিশ সরকারের যে আন্তর্জাতিক উন্নয়ন পর্ষদ আছে, সেখানে গেছি। এবং এই সময়কালের মধ্যে আমরা তাদের সঙ্গে আলোচনা করে, আমাদের রাজ্য সরকার বিনিয়োগ বা পুনর্গঠন সম্পর্কিত যে সিদ্ধান্ত নিয়েছে, তারা সেটা গ্রহণ করেছে এবং এর ভিত্তিতেই আমাদের অর্থ সাহায্য করতে রাজি হন। তাদের সঙ্গে দীর্ঘ আলোচনার পর প্রাইস ওয়াটার হাউস, কুপার্সের নাম এখানে—উঠেছে তাদের আমরা নিয়োগ করলাম। কিভাবে আমরা চারটি রাজ্য সরকারের অধীনে রাখব, সেখানে বিজনেস অপটিমাইজেশন স্টাডি কিভাবে হবে, যে দশটিকে যৌথ উদ্যোগে নিয়ে যাওয়ার কথা উঠেছে, কিভাবে সেটা নেওয়া যেতে পারে, কি সম্ভাবনার দিক আছে, কিভাবে বিনিয়োগ আসবে, কিভাবে আসতে পারে, এই সম্পর্কে যে রিপোর্ট তারা তৈরী করেছে, সেই রিপোর্ট আমাদের দিয়েছে এবং ডি.এফ.আই. ডি. সেটা গ্রহণ করেছে এবং ইন প্রিন্সিপল তারা প্রিফান্ডিং হিসাবে আই. পি. পি. এবং এস. এস. পি. এল. সুন্দরবনের জন্য ১৮ কোটি ৪৫ লক্ষ টাকা স্যাংশনও করেছে। আমি আশা করছি এই বছরের মধ্যে আমরা এই কাজগুলোকে সম্পন্ন করতে পারব। আমাদের পুনর্গঠন প্রক্রিয়া—যে প্রক্রিয়ার কথা বলতে গিয়ে মাননীয় সদস্য পার্থ চ্যাটার্জী বললেন নির্দিষ্ট সময়সীমার কথা, তিনি এখন নেই—ডি. এফ. আই. ডি.র সঙ্গে আমাদের কথা হয়েছে, দু বছরের মধ্যে এই সমগ্র প্রকল্পটি রূপায়িত করার কাজ আমরা করব এবং দ্রুততার সঙ্গে সেই কাজে অগ্রসর হচ্ছি। সমস্ত শ্রমিক সংগঠনের প্রতিনিধি যারা আছেন, তাদের সঙ্গে বিস্তারিত আলোচনা করে, তাদের সকলকে সঙ্গে নিয়ে, ম্যানেজমেন্ট, শ্রমিকদের প্রতিনিধিদের সঙ্গে নিয়ে, রাজ্য সরকার, সকলে মিলে দ্রুততার সঙ্গে কার্যকর করতে চেষ্টা করছি। শ্রমিকদের নিরাপত্তার দিকটা এই প্রসঙ্গে আমরা নিশ্চিতভাবে খুব গুরুত্ব দিয়ে দেখব।

[6.25–6.35 p.m]

এক্ষেত্রে আমরা শ্রমিকদের জন্য যে ডি আর এস স্কিম করেছি সেটা আপনারা সবাই জানেন। ইতিমধ্যে শ্রমিক সংগঠনের যারা প্রতিনিধি তাদেরকে আমরা এটা দিয়েছি। যে দুটো শিল্প বন্ধ করার সিদ্ধান্ত হয়েছে সেটা হচ্ছে আই পি পি এবং আর একটা হচ্ছে সুন্দরবন সুগারবিট, সেখানে সব শ্রমিককেই এই অফার দেওয়া হচ্ছে। আর যে শিল্পগুলি রাজ্য সরকার পুনর্গঠন করবে, নিজের অধীনে রাখবে বলে কথা হয়েছে, সেখানে প্রাইস ওয়াটার হাউস, কুপারস

তারা বিজনেস অপটিমাইজেশান স্টাডির উপর দাঁড়িয়ে তারা যে রিস্ট্রাকচারিংয়ের প্রস্তাব দিয়েছে, সেই প্রস্তাবগুলি নিয়ে ইউনিয়নের সঙ্গে ম্যানেজমেন্টের সঙ্গে আলোচনার পরে তার উপর দাঁড়িয়ে যে কনসেনসাস হয়েছে, সেটাই করা হবে। তার প্রক্রিয়া চলছে। আমরা দুটো অপশান দিয়েছি। একটা হচ্ছে যারা দেড় মাসের বেতন এভরি কমপ্লিটেড ইয়ার্স অফ সার্ভিসের জন্য। অথবা ৩৫ দিনের বেতন ফর এভরি কমপ্লিটেড ইয়ার এবং ২৫ দিনের বেতন ফর রিমেনিং ইয়ারস অফ সার্ভিস। এছাড়া নর্মাল রিটায়ারমেন্ট বেনিফিট আইনত যা প্রাপ্য তারা সেটা পাবে। এর সঙ্গে আমাদের সোশাল সিকিউরিটি কমপোনেন্ট আছে। যেটা ভারতবর্ষের অন্য কোথাও নেই। এটা আমাদের রাজ্য সরকারের নিজস্ব তহবিল থেকেই আমরা প্রভাইড করব। একটা মেডিক্যাল ইনসিওরেন্স যাতে করে স্বামী বা স্ত্রী উভয়েরই যদি চিকিৎসার প্রয়োজন হয়, তাহলে ৫ হাজার টাকা পর্যন্ত ইনসিওরেন্স পাবে। এরপর অ্যাকসিডেন্ট যদি হয়, সেক্ষেত্রে ওয়ার্কার্স ইনসিওরেন্স বেনিফিট হিসাবে ৫০ হাজার টাকা পাবে। এছাড়া সোশাল সেফটিনেট প্রোগ্রাম আমরা করেছি। সেটা হচ্ছে যারা কর্মচ্যুত হয়েছেন, তাদের মধ্যে কারোর যদি বয়স বেশী হয়, বেশীর ভাগ বয়স্ক হবে, যেহেতু কলকারখানা অনেক পুরানো, তাদের একজন্য সন্তান, সে পুত্র বা কন্যা, তাদের এই ট্রেনিং প্রোগ্রামের মধ্যে নিয়ে এসে স্বনিযুক্তি প্রকল্পের মাধ্যমে এইভাবে শ্রমিকদের স্বার্থ রক্ষা করার দিকটাও আমরা লক্ষ্য করেছি। যেটা মাননীয় সদস্য অসিতবাবু বলেছেন যা আমাদের পক্ষে যতখানি সম্ভব এবং গোটা ভারতবর্ষের সমগ্র যা চিত্র, তার মধ্যে আমাদের যা সীমাবদ্ধতা আছে, তার মধ্যে দাঁড়িয়ে আমরা শ্রমিকদের স্বার্থ রক্ষা করার চেষ্টা করছি। সুতরাং পুনর্গঠন প্রক্রিয়া যা গত বছর আমরা বলেছিলাম, সেটা জারি আছে এবং আমরা আশা করছি এটা সফল হবে। এরপর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে বলা হয়েছে। এখানে আমাদের রাজ্যে শিল্প স্থাপনের প্রয়োজনের কথা বলা হয়েছে। এখানে বলা হয়েছে যে আমরা নাকি শিল্পক্ষেত্রে অন্যান্য রাজ্যের তুলনায় পিছিয়ে পড়ছি। এই কথা ঠিক যে আমরা সারা ভারতের মধ্যে শিল্প স্থাপনের ক্ষেত্রে এই মুহূর্তে একেবারে এক নাম্বারে আছি এই দাবি করতে পারি না। কিন্তু এর অর্থ এই নয় যে, আমাদের রাজ্য সরকারের অথবা আমাদের প্রচেষ্টার অভাবের কারণেই পশ্চিমবঙ্গের এই অবস্থা দাঁড়িয়েছে। এখানে মাননীয় সদস্য বলেছেন যে, ২৪ বছরের দায়কে আমরা অস্বীকার করতে চেয়েছি। আমি দৃঢ়ভাবে এই কথা বলতে চাই যে, আমি এই মন্ত্রিসভার দায়িত্ব পেয়েছি দু বছর হল। কিন্তু তার মানে এই নয় যে, ১৯৭৮ সাল থেকে বামফ্রন্ট সরকারের যে চিত্র, সেই সময়কাল থেকে আজ পর্যন্ত যে নীতি নিয়ে চলেছি, তার দায় আমরা বহন করব না। আমরা মনে করি তার দায় আমাদেরই বহন করতে হবে।

সারা ভারতবর্ষে ট্রাক মালিকরা দিনের পর দিন লাগাতার ধর্মঘট করছে, সারা ভারতবর্ষে ট্রেডাররা ভ্যাটের বিরুদ্ধে দিনের পর দিন ধর্মঘট করছে অথচ খবরের কাগজে একটা লাইনও খরচ হয় না যে ভারতবর্ষে বিদেশীরা বিনিয়োগ করতে আসছে না এই কারণে। আজকে আমাদের এই কথা বুঝতে হবে আমরা সকলেই পশ্চিমবাংলার মানুষ। এই কথা ঠিক যে নিশ্চিত আপনারা সমালোচনা করবেন, বামফ্রন্ট সরকারের সমালোচনা করবেন। তেমনি যদি আমাদের কোন ত্রুটি থাকে তাহলে তার থেকে সংশোধন আমাদের করতে হবে কিন্তু পশ্চিমবাংলার শিল্পায়নের বিষয়, তার পরিপ্রেক্ষিতটা আমাদের দেখা উচিত। একজন মাননীয় সদস্য বলেছেন যে স্বাধীনতার সময়ে

আমাদের দেশে সারা ভারতবর্ষে শিল্পোৎপাদনের ২৪ শতাংশ ছিল পশ্চিমবাংলায়, আর ২২ শতাংশ ছিল মহারাষ্ট্রে। '৭৮-৭৯ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর শিল্পোৎপাদন পশ্চিমবাংলায় কমে এসে দাঁড়ায় ৮ শতাংশ। ভারতবর্ষের অন্যান্য রাজ্য এগিয়ে যায়। এর পর পশ্চিমবাংলায় শিল্পোৎপাদন ক্রমাগত কমতে থাকে। প্রায় ৫ শতাংশ এসে দাঁড়ায়। ৮০ র দশকে আমাদের রাজ্যের শিল্পোন্নয়ন হারে অধোগতি লক্ষ্য করা যায়। ৮০-র দশক থেকে কেন এই অধোগতি তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে, তাত্ত্বিক আলোচনা হয়েছে, নানা গবেষণা হয়েছে। পশ্চিমবাংলার শিল্পের কেন এই পরিস্থিতি হল এই প্রসঙ্গে বারবার আলোচনার চেষ্টা হয়েছে। এই নিয়ে আমাদের দেশে, রাজ্য বহু তথ্য, বহু পুস্তিকা আছে, গবেষণাপত্র আছে। এই নিয়ে আমি কিছু বলতে চাই না। একটা কথা বলা হয় যে শান্তিশৃঙ্খলার অভাব, শ্রমিক অশান্তি এই সব কারণে পশ্চিমবাংলার শিল্পের ক্ষেত্রে এই মন্দা বেশী হয়েছে এবং এটার জন্য মূলত আমাদের বামপন্থীদেরই দায়ী করা হয়। কারণ, কারণটা হচ্ছে এই যে আমরা শ্রমজীবী মানুষের স্বার্থের বিষয়টা অগ্রাধিকার দিয়ে থাকি, এটা যদি অভিযোগ হয়, তাহলে সেই অভিযোগ স্বীকার করে নিয়ে বলতে চাই যে সমস্ত শ্রমজীবী মানুষের স্বার্থে, শ্রমজীবী মানুষের স্বার্থ রক্ষার জন্য বামফ্রন্ট সরকার যদি কাজ করে থাকে সেটা আমাদের কাছে অগৌরবের নয়। পশ্চিমবাংলায় এই কারণে শিল্প বন্ধ হয়নি। অশান্তির জন্য শিল্প বন্ধ হয় একথা বলে মাননীয় সদস্য ভুল করলেন। মহারাষ্ট্রে দত্ত সামন্তর নেতৃত্বে কতদিন টেকসটাইল ধর্মঘট হয়েছিল সেকথা কি আপনারা ভুলে গেলেন। এই সময়কালের মধ্যে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে ধর্মঘট আন্দোলন হয়েছিল। এমন কোন রাজ্য আছে যে রাজ্যের শ্রমিকরা ক্রীতদাসের মতো সমস্ত সত্তাকে বিক্রি করে দিয়েছে আর সেই শর্তে মালিক বিনিয়োগে রাজি হয়েছে? শান্তিশৃঙ্খলার কথা তুললেন আপনারা। এমন তো শুনিনি যে দিলীপ কুমার আক্রান্ত হওয়ার কারণে, গুলশন কুমারকে হত্যা করার কারণে বা চিত্রতারকাদের সঙ্গে মাফিয়াদের যোগাযোগের কারণে বলিউড থেকে সমস্ত পুঁজি টলিউডে উঠে চলে এসেছে। আমরা তো শুনিনি যে গুজরাটে লাগাতার ৭৫ দিন দাঙ্গা হয়েছে, গোটা সমাজটা ধর্মের ভিত্তিতে ভারটিক্যালি বিভক্ত হয়ে গেছে, কিন্তু কোনদিন এই কথা কেউ বলেনি যে গুজরাটে বিনিয়োগ বন্ধ হয়ে গেল। দিল্লির বুকে একটার পর একটা অপরাধের ঘটনা ঘটছে তার জন্য সেখানে বিনিয়োগ কম হয়ে গেল আমরা তো কোনদিন এই কথা শুনিনি। একজন চন্দন দস্যু একটা রাজ্য সরকারকে এক পায়ে দাঁড় করিয়ে রেখেছে, কিন্তু তার জন্য কর্নাটকে বিনিয়োগ বন্ধ হয়ে গেছে কি? কেন আমরা এই কথা বলি, খবরের কাগজে বড় বড় করে লিখে রাখা হয় একটা ট্রাক মালিকের সঙ্গে, মালিকের দেনাপাওনা রয়েছে, সেটা খবরের কাগজে কলামজুড়ে হেড লাইন হয়।

[6.35–6.45 p.m]

এখানে অনেক মাননীয় সদস্য বললেন শ্রমিকদের পি. এফের টাকা দেওয়া হচ্ছে না, আপনারা অনেকে বললেন শ্রমিকদের ন্যূনতম মজুরী দেওয়া হচ্ছে না। শ্রমিকরা যদি ন্যূনতম মজুরী না পায়, পি. এফের টাকা না পায়, ই.এস. আইয়ের টাকা না পায় আর সেই শ্রমিক

যদি বলে আমাদের ই. এস. আইয়ের টাকা দিয়ে দাও, পি. এফের টাকা দিয়ে দাও, যদি ডানলপ কারখানার শ্রমিকরা বলে আমি যে কটা দিন কাজ করেছি সেই কটা দিনের বেতন আমাকে দিয়ে দাও, তাহলে কি আমাদের রাজ্য সরকার সেই শ্রমিকদের গুলি করে বলবে, না এটা তারা বলতে পারবে না। এটা হয় না। আমি বলছি এটা বিষয় নয়, কিন্তু এটাকে এমনভাবে বলা হয় এই কারণে আজকে আমাকে বলতে হচ্ছে আজকে এই বিষয়গুলিকে এমনভাবে সামনে নিয়ে আসা হচ্ছে তার থেকে আমার এটাই মনে হয় যে পশ্চিমবাংলায় যাতে শিল্প না হয় তার জন্যই একটা প্রচেষ্টা চলছে। কেউ এ কথা বলছেন না তো, কেউ, কাহিনিও বলছেন না যে.আই. টি. সি. তার হোটেল নির্ধারিত সময়ের আগেই সম্পন্ন করেছে, কেউ তো বলছেন না যে কোন্ জাদুবলে এশিয়া পেট্রোন্যাস তার বিনিয়োগ করছে এবং তাদের নির্ধারিত সময়ের আগেই তাদের কমার্শিয়াল প্রোডাকশান শুরু হয়েছে, কেউ তো এ কথা বলছেন না যে কোন্ কারণে কগনিজেন টেকনোলজি তার প্রসার সম্প্রসারণের সিদ্ধান্ত নিয়েছে? কি সিদ্ধান্তের ভিত্তিতে কোন অভিজ্ঞতার ভিত্তিতে ভিডিওকন্ ঠিক করেছে পশ্চিমবাংলায় আরও সম্প্রসারণ তারা করছে, কোন সিদ্ধান্তের ভিত্তিতে উইপ্রো ঠিক করেছে পশ্চিমবাংলায় নতুন করে তাদের সেন্টার তৈরী করবে। সে সিদ্ধান্ত করেছিল প্রাইস ওয়াটার হাউজ যারা সারা পৃথিবীটাকে চেনে কোথায় বিনিয়োগের সুবিধা, তারা এই সিদ্ধান্ত নিল যে পশ্চিমবাংলায় তারা জমি নিয়ে তাদের ব্যাক অফিস তারা করবে। আমি এই কথা বলছি আপনাদের কাছে শুধু এই জন্য যে, আপনারা এই কথা বলেন। যদি কোন ত্রুটি হয়, কোন শ্রমিক যদি হিংসা করে, কোন শ্রমিক যদি নিজের হাতে আইনশৃঙ্খলা তুলে নেয়, আমরা পরিষ্কার করে এ কথা বলতে চাই সরকারের পক্ষ থেকে এখানে দাঁড়িয়ে যে সেই ধরনের হিংসাশ্রয়ী আন্দোলনকে সরকার কখনই সমর্থন করেনি এবং সরকার সেখানে কঠোর হচ্ছে সেটা মোকাবিলা করে। এই নিন্দা যদি করতেই হয় করুন, কিন্তু আমি তার সঙ্গে আপনাদের কাছে এই অনুরোধ করি পশ্চিমবাংলায় যেখানে অসংখ্য শ্রমিকরা তাদের মাথার ঘাম পায়ে ফেলে একএকটা কারখানাকে আজকে লাভজনক করে দাঁড় করিয়েছে, যেখানে কারখানাগুলি তার উৎপাদন ক্ষমতার থেকে বেশী উৎপাদন করছে, সেখানে সেই শ্রমিকের যে ভূমিকা সেই বাংলার ছেলেদের যে ভূমিকা, সেই শিক্ষিত যুবকের যে ভূমিকা, তার যে প্রাণান্তকর চেষ্টা, সেই চেষ্টাকে কেন অপমান করবেন এইভাবে আপনারা? কি অধিকার আছে? আমাকে অপমান করতে পারেন, আমার নিন্দে করতে পারেন, আমার সমালোচনা করতে পারেন। আমি কখনও তা বলবো না, কিন্তু হলদিয়া পেট্রোকেমিক্যালের যে শ্রমিকরা ১০০ শতাংশের বেশী যারা উৎপাদন ক্ষমতা নিয়ে উৎপাদন করে যাচ্ছে, আজকে এশিয়া পেট্রোন্যাসে, কিংবা আই. টি. সিতে কিম্বা হায়াত রিজেন্সীতে, কিংবা কগনিজেন টেক্‌নোলজিতে, কিংবা আই. বি. এমে, কিংবা উইপ্রোতে, কিংবা অন্যান্য জায়গাতে এই জিনিসটা যাঁরা করছেন তাঁদের প্রশংসা আপনারা করবেন? এটা আপনাদের উপলব্ধির জন্যই বলছি সারা ভারতবর্ষের মধ্যে একটা তীব্র প্রতিযোগিতা চলছে প্রতি রাজ্যে রাজ্যে। সেই প্রতিযোগিতা হচ্ছে বিনিয়োগ আকর্ষণ করার প্রতিযোগিতা। আমাদের রাজ্যে বিনিয়োগ হবে, কি হবে না এই প্রতিযোগিতায় আমরা যখন নেমেছি এবং এই প্রতিযোগিতায় আপনিও শরিক। আপনিও এই প্রতিযোগিতায় আছেন, কারণ পশ্চিমবঙ্গে যদি বিনিয়োগ হয়

তাতে আপনারও উপকার হবে। এতে অন্য কারোর উপকার হবে না। সুতরাং সেই দিক থেকে আপনারা এই বিষয়টাকে চিন্তা করবেন এটা আমি বিশ্বাস করি। এর পরে আর যে কথাগুলি উঠেছে আমি আর বিস্তৃত বক্তব্যের মধ্যে যাচ্ছি না, আমাদের এখানে চাশিল্পের সংকট নিয়ে কথা উঠেছে, জুটের সংকট নিয়ে কথা উঠেছে। আমাদের রাজ্যসরকার এই ব্যাপারে ওয়াকিবহাল। চাশিল্পের সংকট কেন, জুটশিল্পে সংকট কেন সৌগতবাবু বলেছেন এবং মাননীয় সব সদস্যরাই জানেন যে কি কারণে আজকে এই সংকট। কি অবস্থা আজকে তৈরী হয়েছে এই ক্ষেত্রে। আমাদের রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করছে। চায়ের ক্ষেত্রে আপনারা জানেন সেলামির ক্ষেত্রে, এগ্রিকালচার ইনকাম ট্যাক্সের ক্ষেত্রে আমরা কতগুলি সিদ্ধান্ত নিয়েছি, যাতে করে চাশিল্পকে আমরা রক্ষা করতে পারি, কিন্তু সমগ্র আন্তর্জাতিক বাজারের পটভূমিতে দাঁড়িয়ে আমাদের এই বিষয়টাকে বিচার করতে হবে। চায়ের বিষয়টা কেবলমাত্র পশ্চিমবঙ্গের সমস্যা নয়, এতদসত্ত্বেও সর্বভারতীয় প্রেক্ষাপট এবং আন্তর্জাতিক বাজারের দিকে তাকিয়ে আমরা ঠিক করেছি চাশিল্প সম্পর্কে মালিকদের সঙ্গে এবং শ্রমিকদের সঙ্গে আলাদা করে বসে কিছু করা যায় কিনা, সেই বিষয় নিয়ে আমরা আলোচনা করব।

জুটের ক্ষেত্রেও একই কথা। যদিও এর মধ্যে আশার বাণী হচ্ছে আমাদের দেশে কয়েক দশক বাদে, কার্যত দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর এই প্রথম গত দু বছরে আমাদের রাজ্যে নতুন জুট কারখানা গড়ে উঠেছে উত্তরবঙ্গের কোচবিহারে।

আপনাদের জানিয়ে রাখি মনিকাঞ্চনে জেমস অ্যান্ড জুয়েলারির ক্ষেত্রে ৩০টা মডিউলের মধ্যে ২০টা মডিউল অলরেডি বুক হয়ে গেছে। আমরা আশা করছি বাকিগুলোও বুক হয়ে যাবে।

আপনাদের জানাই আমাদের লেদার কমপ্লেকসের কাজ চলছে সেখানে রিলোকেটেড ট্যানারির নির্মাণের কাজ শুরু করেছি। নতুন অনেকে জমি কিনেছেন, তারা সেখানে কাজ করবেন।

অন্যান্য বিষয় যেগুলো মাননীয় সদস্যরা তুলেছিলেন তার মধ্যে দাঁড়িয়ে একথা বলতে পারি, পশ্চিমবঙ্গে এটা ঠিক যেভাবে আমাদের শিল্পের বিকাশ হলে আমরা সকলে আনন্দিত হতে পারতাম, সেই গতিতে এগোতে পারছি তা এখনই দাবি করব না। তবে আপনাদের সহযোগিতা পেলে, যে পরিবেশ সৃষ্টি হয়েছে, যেভাবে আগ্রহ সারা দেশের বিনিয়োগকারীদের মধ্যে সৃষ্টি করতে পেরেছি, আপনারা যদি একটু সংযত হোন, পশ্চিমবঙ্গকে প্রতিযোগিতায় সহযোগিতা করেন তাহলে আমাদের দৃঢ় বিশ্বাস পশ্চিমবঙ্গকে আমরা আবার নতুন করে এগোতে পারব এবং আশা করব আপনারা সেদিক থেকে আমাদের সাহায্য করবেন। এই কথা বলে আপনাদের আনা কাট-মোশানের বিরোধিতা করে এবং আমাদের আনা বাজেট প্রস্তাবকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

Demand No. : 9

Mr. Deputy Speaker : Now I put to vote all the cut motions except Nos. 1, 4, 20 - 35 on which I understand a Division will be demanded.

The Motion except number 1, 4, 20-35 that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motions Nos. 1, 4, 20—35 that the amount of the Demand be reduced to Re. 1 and be reduced by Rs. 100/- respectively were then put and a division was taken with the following results :

The Ayes being 14, and the Noes 65, the motions were lost.

Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 112, 26, 90,000 be granted for expenditure under Demand No. 9, Major Heads : "2058— Stationery and Printing, 2551— Hill Areas, 2852— Industries, 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries, 3451—Secretariat—Economic Services, 3475— Other General Economic Services, 4407—Capital Outlay on Plantations, 4551—Capital Outlay on Hill Areas, 4856—Capital Outlay on Petro-chemical Industries, 4857— Capital Outlay on Chemical and Pharmaceutical Industries, 4859—Capital Outlay on Tele-communication and Electronics Industries, 4860—Capital Outlay on Consumer Industries, 4885—Other Capital Outlay on Industries and Minerals, 5054—Capital Outlay on Roads and Bridges, 6407—Loans for Plantation, 6551—Loans for Hill Areas, 6857—Loans for Chemical and Pharmaceutical Industries, 6859—Loans for Tele communication and Electronics Industries, 6860—Loans for Consumer Industries, 6885—Loans for Other Industries and Minerals and 7465—Loans for General Financial and Trading Institutions" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 37,42,32,000 already voted on account in March, 2003) was then put and agreed to.

DEMAND NO. - 29

The motions that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 16,04,49,000 be granted for expenditure under Demand No. 29, Major Heads : "2852-Industries, 3451 Secretariat-Economic Services, 4860-Capital Outlay on Consumer Industries, 4875-Capital Outlay

on other Industries, 6858-Loans for Engineering Industries and 6860-Loans for Consumer Industries" during the year 2003-04

(This is inclusive of a total sum of Rs. 5,34,83,000 already voted on account in March, 2003) was then put and agreed to.

DEMAND NO. 44

The motion that the amount of the demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 72,67,60,000 be granted for expenditure under Deman No. 44, Major Heads : "2852-Industries, 3451-Secretariat- Economic Services, 5075-Capital Outlay on other Transport Services, 6857-Loans for Chemical and Pharmaceutical Industries, 6858- Loans for Engineering Industries and 6860- Loans for Consumer Industries" during the year 2003-04.

(This is inclusive of a total sum of Rs. 24, 22, 54, 000 already voted on account in March, 2003.) was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5.53 p.m. till 11.00 a.m. on Thursday, the 24th July, 2003 at the Assembly House, Kolkata.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings

Vol. : 122, No. : IV

(March to July Session, 2003)

(The 14th, 15th, 16th, 17th, 18th, 21st, 22nd and 23rd July, 2003)

Date : 14th July, 2003

STARRED QUESTIONS
(to which answers were given)

*278 — শ্রী আবু আয়েশ মণ্ডল
— শ্রী দেবপ্রসাদ সরকার
— শ্রীমতী কনিকা গাঙ্গুলী
— শ্রী তপন হোড়
— শ্রী পদ্মনিধি ধর
— শ্রী অসিত মিত্র/PP-1-8
*280 — শ্রী তাপস চট্টোপাধ্যায়
— শ্রী অসিত মিত্র
— শ্রী দেবেশ দাস
— শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত
— শ্রী অসিত মাল
— শ্রী মানস মুখার্জী
— শ্রী জানে আলম মিঞা/PP-8-13
*290 — শ্রী তাপস চট্টোপাধ্যায়/PP-13-15

STARRED QUESTIONS

(to which answers were laid on the 'Table')

*279 — শ্রীমতী সোনালী গুহ/P-15
*281 — শ্রী সৌগত রায়/PP-15-16
*282 — শ্রী অজয় দে/P-16
*283 — শ্রী পঙ্কজ ব্যানার্জী/P-16
*284 — শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর/PP-16-17
*285 — শ্রী দীপক কুমার ঘোষ/P-17
*286 — শ্রী কমল মুখার্জী/P-17
*287 — শ্রী গোলাম কিবরিয়া মিঞা ও
অধ্যাপক পি.এন.রায়/P-18
*288 — শ্রী বঙ্কিম হাজরা/P-18
*291 — শ্রী দীপক কুমার ঘোষ/P-19

ADJOURNMENT MOTION

—by Shri Asit Mitra / PP-19-20

CALLING ATTENTION (NOTICE)

by (i) —Shri Asit Mitra (Selected)/P-20
(ii) —Shri Asit Kumar Mal/P-20

CALLING ATTENTION REPLY

by — by Shri Kanti Biswas/PP-20-24

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the seventh Report of the Standing Committee on Agriculture, Agriculture Marketing and Horticulture (2002-2003).

— by Shri Md. Yakub/P-24

MENTION CASES

— শ্রী দীপক কুমার ঘোষ/P-24
— শ্রী অসিত কুমার মাল/PP-24-25
— শ্রী ঈদ মহম্মদ/P-25
— শ্রী কিরীটী বাগদী/P-25
— শ্রী জানে আলম মিঞা/P-25
— শ্রী আবুল হাসনাৎ//PP-25-26
— শ্রী মানস মুখার্জী/P-26
— শ্রী পদ্মনিধি ধর/P-26
— শ্রী আশুতোষ মুখোপাধ্যায়/PP-26-27
— শ্রীমতী কনিকা গাঙ্গুলী/P-27

ZERO HOUR

— শ্রী জানে আলম মিঞা/P-27
— শ্রী ঈদ মহম্মদ/P-28
— শ্রী তপন হোড়/P-28
— শ্রীমতী কনিকা গাঙ্গুলী/PP-28-29
— শ্রী সমর হাজরা/P-29
— শ্রী পদ্মনিধি ধর/PP-29-30
— শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত/P-30
— শ্রী অসিত মাল/P-30
— শ্রী রতন পাখিরা/P-30

LEGISLATION

The Netaji Subhas Open University (Amendment) Bill, 2003

discussed by — শ্রী অসিত মিত্র/PP-31-32
— শ্রী দীপক বেরা/PP-32-33
— শ্রী সুব্রত বসু/P-33
— শ্রী তপন হোড়/PP-33-44

INTRODUCED, REPLIED AND PASSING

by — Shri Satyasadhan Chakraborty/P-31, PP-34-36

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANT

Demand No. 13, Demand No. 14,
Demand No. 15 & Demand No. 51. PP-36

Discussed by — শ্রী অসিত মাল/PP-37-42
— শ্রীমতী কনিকা গাঙ্গুলী/PP-42-44
— শ্রী গোবিন্দ রায়/PP-44-46
— শ্রী শিবদাস মুখার্জী/PP-46-49
— শ্রী তপন হোড়/PP-49-52
— শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর/PP-52-54
— শ্রী দেবপ্রসাদ সরকার/PP-54-58
— শ্রী গুরুপদ দত্ত/PP-58-60
— শ্রী ব্রহ্মময় নন্দ/PP-60-62
— শ্রী শেখ মাজেদ আলী/PP-62-63
— শ্রী অসিত মিত্র/PP-63-68

Replied by — শ্রীমতী ইভা দে/PP-68-69
— শ্রীমতী নন্দরানী ডল/PP-69-71
— শ্রী নিমাই মাল/PP-71-73
— শ্রী মহম্মদ সেলিম/PP-73-75
— শ্রী কান্তি বিশ্বাস/PP-75-79
— শ্রী সত্যসাধন চক্রবর্তী/79-84

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Presentation of the 41st Report of the Business Advisory Committee
by — Mr. Speaker/P-60

Date : 15th July, 2003

HELD OVER STARRED QUESTIONS
(to which answers laid on the 'Table')

*21 — ডঃ আশীষ ব্যানার্জী/P-85

*25 — শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়/PP-85-86

STARRED QUESTIONS
(To which oral answers were given)

*295 — শ্রী আবু আয়েশ মণ্ডল/PP-86-92

— শ্রী দেবপ্রসাদ সরকার/P-92

— শ্রী নির্মল দাস/P-92

— শ্রী বিনয় দত্ত/P-93

— শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-93

— শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর/P-93

*297 — শ্রী তাপস চট্টোপাধ্যায়/PP-93-94

— শ্রীমতী শান্তা ছেত্রী/P-94

— শ্রী আবু আয়েশ মণ্ডল/P-95

— শ্রী আবু আয়েশ মন্ডল/P-95

— শ্রী শিবদাস মুখার্জী/P-95

— শ্রী অসিত মিত্র/P-96

*293 — শ্রী তপন হোড়/PP-97-99

— শ্রী অসিত কুমার মাল/P-99

— শ্রী আবু আয়েশ মণ্ডল/P-100

— শ্রী দেবপ্রসাদ সরকার/P-100

— শ্রী সমর হাজরা/P-100

— শ্রী কমল মুখার্জী/P-101

— শ্রী নির্মল দাস/P-101

— শ্রী মানস মুখার্জী/P-102

— শ্রী নৃপেন গায়েন/P-102

STARRED QUESTIONS
(to which answers were laid on the 'Table')

* 294 — শ্রী কাশীনাথ মিশ্র/P-103
* 296 — শ্রী জ্যোতির্ময় কর/P-103
* 298 — শ্রী মইনুল হক/PP-104-105
* 299 — শ্রী জানে আলম মিঞা/P-105
* 300 — শ্রী অশোক দেব/PP-105-106
* 301 — শ্রী রামপদ সামন্ত/P-106
* 302 — শ্রী দীপক কুমার ঘোষ/P-106
* 303 — শ্রী শ্যামাপ্রসাদ পাল/PP-107-108
* 304 — শ্রী নির্মল দাস/P-108
* 305 — শ্রী শিবপ্রসাদ মালিক/PP-108-109
* 306 — শ্রী মদন বাউরী/P-109

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the 'Table')

91 — শ্রী তপন হোড়/P-110
92 — শ্রী প্রবোধ পুরকাইত এবং শ্রী দেবপ্রসাদ সরকার/P-110
93 — শ্রী কমল মুখার্জী/P-111
94 — শ্রী ব্রহ্মময় নন্দ/P-112
95 — শ্রী ব্রহ্মময় নন্দ/P-112
96 — শ্রী রামপদ সামন্ত/P-112
97 — শ্রীমতী সোনালী গুহ/P-113
98 — শ্রী তমোনাশ ঘোষ/P-113
99 — শ্রী নৃপেন গায়েন/P-119
100 — শ্রী দীপক কুমার ঘোষ/P-119
101 — শ্রী মন্টুরাম পাখিরা/P-119
102 — শ্রী মন্টুরাম পাখিরা/P-120
103 — শ্রী অশোক দেব/P-120
104 — শ্রী আবু তাহের খান এবং শ্রী হুমায়ুন রেজা/P-121
105 — শ্রী আবু তাহের খান ও শ্রী হুমায়ুন রেজা/P-122

106 — শ্রী তারক বন্দ্যোপাধ্যায়/P-122
107 — শ্রী জানে আলম মিঞা ও শ্রী আবুল হাসনাৎ/P-123
108 — শ্রী ধনঞ্জয় মোদক/P-123
109 — শ্রী ধনঞ্জয় মোদক/P-123
110 — শ্রী ধনঞ্জয় মোদক/P-125
111 — শ্রী ধনঞ্জয় মোদক/P-126
112 — শ্রী অশোক দেব/P-126
113 — শ্রী অশোক দেব/P-126
114 — শ্রী সামসুল ইসলাম মোল্লা/P-127
115 — শ্রী মহবুবুল হক/P-128
116 — শ্রী মহবুবুল হক/P-128
117 — শ্রী পরেশনাথ দাস/P-128
118 — শ্রী নির্মল চন্দ্র মণ্ডল/P-129
119 — শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত/P-129
120 — শ্রী রতন পাখিরা/P-129
121 — শ্রী রতন পাখিরা/P-130
122 — শ্রী কমল মুখার্জী/P-130
123 — শ্রী প্রমথনাথ রায়/P-134
124 — শ্রী অশোক দেব/P-134
125 — শ্রী অশোক দেব/P-136
126 — শ্রী অশোক দেব/P-137
127 — শ্রীমতী সাধনা মল্লিক/P-137
128 — শ্রী হুমায়ুন রেজা ও শ্রী আবু তাহের খান/P-138
129 — শ্রী শিবপ্রসাদ মালিক/P-138
130 — শ্রী নিয়ামত শেখ/P-139
131 — শ্রী কাশীনাথ মিত্র/P-139
132 — শ্রী শ্যামাপ্রসাদ পাল/P-140
133 — শ্রী ভূতনাথ সরেন/P-141
134 — শ্রী মহবুবুল হক ও মোস্তাক আলম/P-141
135 — শ্রী আব্দুল মান্নান/P-141

POINT OF ORDER

Raised by — Shri Debaprosad Sarker/P-142

ADJOURNMENT MOTION

Raised by — Shri Asit Mitra/P-142

CALLING ATTENTION (NOTICE)

given by — Shri Shamsul Islam Mollah/P-143
— Shri Badal Zamadar (Selected)/P-143
— Shri Nirmal Das/P-143

CALLING ATTENTION (REPLY)

made by — Shri Mohammad Amin/PP-143-146, PP-158-159
made by — Shri Hafiz Alam Sairani/PP-146-154
made by — Shri Nisith Adhikary/PP-154-158

PRESENTATION OF THE COMMITTEE REPORT

Presentation of the third Report of the Committee on Estimates (2002-2003) on Public Works (Roads) Department

by — Shri Rabin Deb/P-159

LAYING OF RULES

Amendment in the West Bengal Special Marriage Rules, 1969

— by Shri Nisith Adhikary/P-159

LAYING OF REPORT

14th Annual Report and Accounts of the West Bengal State Food Processing & Horticulture Development Corporation Limited for the Year 1999-2000.

— by Shri Probodh Chandra Sinha/P-160

MENTION CASES

— শ্রী মানিকলাল আচার্য/P-160
— শ্রী সামসুল ইসলাম মোল্লা/P-160
— শ্রী কমল মুখার্জী/PP-160-161
— শ্রী সমর হাজরা/P-161
— শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-161
— শ্রী অসিত মিত্র/PP-161-162
— শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত/P-162
— শ্রী অসিত মাল/P-162
— শ্রী কিরীটী বাগচী/P-162
— শ্রীমতী মাফুজা খাতুন/P-162
— শ্রী মুজিবর রহমান/P-163
— শ্রী নর্মদা চন্দ্র রায়/P-163
— শ্রী আবুল হাসনাৎ/P-163
— শ্রী ঈদ মহম্মদ/PP-163-164
— শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর/P-164
— শ্রী তমসের আলি/P-164
— শ্রী নির্মল দাস/P-164
— শ্রী ব্রহ্মময় নন্দ/P-165
— শ্রী শেখ জাহাঙ্গীর করিম/P-165
— শ্রী বিশ্বনাথ মণ্ডল/P-165
— শ্রী রামপদ সামন্ত/PP-165-166

ZERO HOUR

— শ্রী শেখ জাহাঙ্গীর করিম/P-166
— শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-166
— শ্রী ঈদ মহম্মদ/PP-166-167
— শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর/P-167
— শ্রী নিখিল মুখার্জী/P-167
— শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত/PP-167-168
— শ্রী অসিত কুমার মাল/P-168

— শ্রীমতী শান্তা ছেত্রী/P-168
— শ্রীমতী মাফুজা খাতুন/PP-168-169
— শ্রী তপন হোড়/P-169
— শ্রী নির্মল দাস/P-169
— শ্রী শুভেন্দু চৌধুরী/PP-169-170
— শ্রী রতন পাখিরা/P-170

LEGISLATION

The West Bengal Lokayukta Bill, 2001 as reported by the Select Committee.
discussed by — শ্রী অতীশ চন্দ্র সিনহা/PP-170-173
— শ্রী আশুতোষ মুখোপাধ্যায়/PP-173-175
— শ্রী ভক্তিপদ ঘোষ/PP-175-177
— শ্রী নির্মল দাস/P-177
replied by and passing — শ্রী নিশীথ অধিকারী/PP-178-181

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

Demand no. 5&4 /PP-181-216
discussed by — শ্রী অতীশ চন্দ্র সিনহা/PP-182-188
— শ্রীমতী মাফুজা খাতুন/PP-188-190
— শ্রী অসিত মাল/PP-190-191
— শ্রী হরিপদ বিশ্বাস/PP-191-193
— শ্রী ঈদ মহম্মদ/PP-193-195
— শ্রী অসিত মিত্র/PP-195-200
— শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর/PP-200-203
— শ্রী রামচরণ বাউড়ি/PP-203-204
— শ্রী দেবপ্রসাদ সরকার/PP-204-208
— শ্রীমতী ছায়া ঘোষ/PP-208-210
replied by — শ্রী কমল গুহ/PP-210-215

Date : 16th July, 2003

STARRED QUESTIONS
(To which oral answers were given)

* 308 — শ্রী তপন হোড়
— শ্রীমতী শান্তা ছেত্রী
— শ্রী আবু আয়েশ মণ্ডল
— শ্রী দেবপ্রসাদ সরকার
— শ্রী পরেশ চন্দ্র অধিকারী
— শ্রী নেপাল মাহাত
— শ্রী বিশ্বনাথ মন্ডল
— শ্রী ঈদ মহম্মদ
— শ্রী অসিত মাল/PP-217-221
* 310 — শ্রী আবু আয়েশ মন্ডল
— শ্রী অসিত মিত্র
— শ্রী মানস মুখার্জী
— শ্রীমতী শান্তা ছেত্রী
— শ্রী বিশ্বনাথ মন্ডল
— শ্রী গোবিন্দ রায়
— শ্রী রামপদ সামন্ত
— শ্রী নেপাল মাহাত
— শ্রী রতন দাস
— শ্রী নির্মল দাস/PP-221-227
* 312 — শ্রী রামপদ সামন্ত/PP-227-229
* 314 — শ্রী সামসুল ইসলাম মোল্লা
— শ্রী শ্যামাপ্রসাদ পাল
— শ্রী শান্তিরাম মাহাতো/PP-229-231

STARRED QUESTIONS
(To which answers laid on the 'Table')

* 309 — শ্রী সৌগত রায়/PP-231-232
* 311 — শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক/P-232
* 313 — শ্রী কাশীনাথ মিশ্র/P-233

* 315 — শ্রী অতীশ চন্দ্র সিংহ/P-233
* 316 — শ্রী তাপস চট্টোপাধ্যায়/PP-233-234
* 317 — শ্রী মইনুল হক/P-234
* 318 — শ্রী ইউনুস সরকার/P-234
* 319 — শ্রী কমল মুখার্জী/P-235
* 320 — শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ/P-235
* 321 — শ্রী কাজী আব্দুল গফ্‌ফর/P-235
* 322 — শ্রী বাঁশরীমোহন কাঁজি/P-236
* 323 — শ্রী রামপদ সামন্ত/P-236

CALLING ATTENTION (Notices) /PP-236-237

i) Shri Tapan Hosec & Shri Asit Mitra
ii) Shri Nirmal Das

STATEMENT UNDER RULE 346

Made by — Shri Nirupam Sen/PP-237-238

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Report of the Standing Committee on Education, Information & Cultural Affairs, Sports and Youth Services (2002-2003) — by Shri Padmanidhi Dhar/P-239

LAYING OF REPORTS

Reports of the Comptroller and Auditor General of India.
Laid by — Dr. Asim Kumar Dasgupta/P-239

MENTION CASES

by — শ্রী দেবপ্রসাদ সরকার/P-240
— শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-240
— শ্রী অসিত মিত্র/P-241
— শ্রী জয়ন্ত চৌধুরী/P-241

— শ্রী কমল মুখার্জী/P-242
— শ্রী কিরীটী বাগচী/P-242
— শ্রী নেপাল মাহাত/P-242
— শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত/P-242
— শ্রী অসিত মাল/P-242
— শ্রী পেলব কবী/P-242
— শ্রী শান্তিরাম মাহাতো/P-243
— শ্রী সামসুল ইসলাম মোল্লা/P-243
— শ্রীমতী শান্তা ছেত্রী/P-243
— শ্রী রতন দাস/P-244
— শ্রী শেখ নিয়ামৎ/P-244
— শ্রী নৃপেন গায়েন/PP-244-245
— শ্রীমতী মায়ারানী পাল/P-245
— শ্রী জানে আলম মিঞা/P-245
— শ্রী পবনকুমার লাকরা/P-245
— শ্রী শ্যামাপ্রসাদ পাল/P-246
— শ্রী সরেশ আঁকুড়ে/P-246
— শ্রী দিবাকান্ত রাউত/P-246
— শ্রীমতী অসীমা চৌধুরী/PP-246-247
— শ্রীমতী সুস্মিতা বিশ্বাস/P-247
— শ্রী তমশের আলি/P-247
— শ্রী পুষ্পচন্দ্র দাস/PP-247-248
— শ্রী কার্তিক চন্দ্র বাগ/P-248
— শ্রী তপন হোড়/P-248
— শ্রী নির্মল দাস/PP-248-249

ZERO HOUR

— শ্রীমতী শান্তা ছেত্রী/P-249
— শ্রী পরেশনাথ দাস/PP-249-250
— শ্রী বিশ্বনাথ মন্ডল/P-250
— শ্রী নির্মল দাস/P-250
— শ্রী জাহাঙ্গীর করিম/PP-250-251
— শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-251
— শ্রী নেপাল মাহাত/P-251

— শ্রীমতী অসীমা চৌধুরী/PP-251-252
— শ্রী জানে আলম মিঞা/P-252
— শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত/P-252
— শ্রী তপন হোড়/PP-252-253
— শ্রী শান্তিরাম মাহাতো/P-253
— শ্রী অসিত কুমার মাল/P-253
— শ্রী রতন পাখিরা/PP-253-254
— শ্রী নিয়ামত শেখ/P-254
— শ্রী আবু তাহের খান/P-255

LEGISLATION

The West Bengal Civil Service (Judicial) and the West Bengal Higher Judicial Service (Revision of Pay and Allowance) (Repeal) Bill, 2003 / PP-254-263

discussed by — শ্রী আবু হেনা/PP-255-256
discussed by — শ্রী নির্মল দাস/PP-256-257
discussed by — শ্রী সামসুল ইসলাম মোল্লা/PP-257-258
replied by — ডঃ অসীম কুমার দাশগুপ্ত/PP-258-263

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

Demand No. 40 / PP-263-302

discussed by — শ্রী অতীশ চন্দ্র সিনহা/PP-264-269
discussed by — শ্রী শ্যামাপ্রসাদ পাল/PP-269-271
discussed by — শ্রী শান্তিরাম মাহাতো/PP-271-274
discussed by — শ্রী শৈলেন মন্ডল/PP-274-277
discussed by — শ্রী অসিত কুমার মাল/PP-277-280
discussed by — শ্রী নর্মদা রায়/PP-280-281
discussed by — শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত/PP-281-282
discussed by — শ্রীমতী শান্তা ছেত্রী/PP-282-284
discussed by — শ্রী শম্ভু মান্ডি/PP-284-285
discussed by — শ্রী আবু তাহের খান/PP-285-288
discussed by — শ্রী রামপদ সামন্ত/PP-289-290
discussed by — শ্রী পদ্মনিধি ধর/PP-290-292

discussed by — শ্রী দেবপ্রসাদ সরকার/PP-292-296
replied by — শ্রী ধীরেন্দ্রনাথ সেন/PP-296-297
replied by — ডাঃ সূর্য্যকান্ত মিশ্র/PP-298-302

Date : 17th July, 2003

STARRED QUESTIONS

(to which oral answers were given)

*325 — শ্রী তপন হোড়
— শ্রী অসিত মিত্র
— শ্রী মানস মুখার্জী
— শ্রী আবু আয়েশ মন্ডল
— শ্রী বিনয় দত্ত
— শ্রী জাহাঙ্গীর করিম
— শ্রী পরেশনাথ দাস/PP-303-308
*329 — শ্রী আবু আয়েশ মন্ডল
— শ্রী দেবপ্রসাদ সরকার
— শ্রী তপন হোড়
— শ্রী অসিত মিত্র
— শ্রী মানস মুখার্জী
— শ্রী শিবদাস মুখার্জী
— শ্রী পদ্মনিধি ধর/PP-308-312
*331 — শ্রী জানে আলম মিঞা
— শ্রী বিশ্বনাথ মন্ডল
— শ্রী অতীশ চন্দ্র সিনহা
— শ্রী পুষ্প চন্দ্র দাস
— শ্রী রবীন ঘোষ
— শ্রী নৃপেন গায়েন
— শ্রী তারাপদ চক্রবর্তী

— শ্রী গুরুপদ দত্ত/PP-312-317
*333 — শ্রী পরেশনাথ দাস/PP-317-318

STARRED QUESTIONS
(To which answers were laid on the 'Table')

*326 — শ্রী সৌগত রায়/P-318
*328 — শ্রী নির্মল ঘোষ/P-319
*330 — শ্রী তারক বন্দ্যোপাধ্যায়/P-319
*332 — শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক/P-319
*334 — শ্রী কাশীনাথ মিশ্র/P-320
*335 — শ্রী নির্মল দাস/P-321
*336 — শ্রী জটু লাহিড়ী/P-321
*337 — শ্রী শিব প্রসাদ মালিক/P-322
*338 — শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর/P-322
*339 — শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-322
*340 — Shri Gyan Singh Sohanpal and Shri Abdul Mannan/P-323
*341 — শ্রী তপন হোড়/P-324
*342 — শ্রী নির্মল দাস/P-325

CALL ATTENTION (NOTICE)

(i) Shri Asit Mitra & Shri Ajoy Dey
(ii) Shri Nirmal Das
(iii) Shri Tapan Hore (Selected)/P-326

LAYING OF REPORT

by — Shri Probodh Chandra Sinha/P-326

MENTION CASES

by — শ্রী মানিকলাল আচারিয়া/PP-326-327
— শ্রী মানস মুখার্জী/P-327
— শ্রী পরেশনাথ দাস/P-327
— শ্রী ইউনুস সরকার/PP-327-328
— শ্রী অসিত মিত্র/P-328
— শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত/P-328
— শ্রী বিশ্বনাথ মন্ডল/PP-328-329
— শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-329
— শ্রী কমলাক্ষী বিশ্বাস/P-329
— শ্রী অসিতকুমার মাল/P-329
— শ্রী রতন দাস/P-330
— শ্রী তারাপদ চক্রবর্তী/P-330
— শ্রী নন্দদুলাল মাঝি/P-330
— শ্রী অজয় দে/P-331
— শ্রী জানে আলম মিঞা/P-331
— শ্রী তমাল মাঝি/P-331
— শ্রী গোবিন্দ রায়/PP-331-332
— শ্রীমতী শান্তা ছেত্রী/PP-332-333
— শ্রী দেবপ্রসাদ সরকার/P-334
— শ্রী অসিত মিত্র/P-334
— শ্রী গুরুপদ দত্ত/P-335
— শ্রী আনন্দ গোপাল দাস/P-336
— শ্রী পরেশচন্দ্র অধিকারী/P-336
— শ্রী পবনকুমার লাক্ড়া/PP-336-337
— শ্রীমতী অসীমা চৌধুরী/P-337
— শ্রীমতী মায়ারানী পাল/P-337
— শ্রী রবীন্দ্র ঘোষ/P-337

ZERO HOUR

— শ্রী অসিত মিত্র/P-337
— শ্রী শিবদাস মুখার্জী/P-338
— শ্রী রতন পাখিরা/P-338

— শ্রী গোবিন্দ রায়/P-338
— শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত/P-338
— শ্রী তপন হোড়/PP-338-339
— শ্রীমতী অসীমা চৌধুরী/P-339
— শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-339
— শ্রী বিশ্বনাথ মন্ডল/P-339
— শ্রী পরেশনাথ দাস/P-340
— শ্রী মানস মুখার্জী/P-340
— শ্রীমতী শান্তা ছেত্রী/P-340
— শ্রী জাহাঙ্গীর করিম/PP-340-341
— শ্রী নির্মল দাস/P-341

LEGISLATION

The West Bengal Valuation Board (Amendment) Bill, 2003
/PP-341-345

by—Smt. Anju Kar/P-341
— শ্রী অতীশচন্দ্র সিন্‌হা/PP-341-342
replied by — শ্রীমতী অঞ্জু কর/PP-343-344

The West Bengal Municipal (Amendment) Bill, 2003
by—Shri Ashok Bhattacharya/P-345
/ PP-345-352
— শ্রী অতীশ চন্দ্র সিনহা/PP-345-347
— শ্রী গোবিন্দ রায়/PP-347-348
— শ্রী নির্মল দাস/PP-348-349
Replied by — শ্রী অশোক ভট্টাচার্য্য/PP-349-351

POINT OF INFORMATION

by — শ্রী দেবপ্রসাদ সরকার/PP-352-353

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS
DEMAND NO. 31 / PP-353-359

discussed by— শ্রী নেপাল মাহাত/PP-353-356
— শ্রী দেবেশ দাস/PP-356-358
— শ্রী মেহেবুব মন্ডল/PP-358-359
— শ্রী সুভাষ চন্দ্র নস্কর/PP-359-360
replied by — শ্রী মানবেন্দ্র মুখার্জী/PP-360-365

PRESENTATION OF THE REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Presented by — Mr. Speaker /PP-366-368

DISCUSSION ON DEMAND NO. 32 / PP-368-403

discussed by — শ্রী নেপাল মাহাতো/PP-368-372
discussed by — শ্রী ননীগোপাল রায়চৌধুরী/PP-372-378
discussed by — শ্রী রবীন্দ্র ঘোষ/PP-378-379
discussed by — শ্রী জানে আলম মিঞা/PP-379-381
discussed by — শ্রী প্রমথনাথ রায়/PP-381-383
discussed by — শ্রীমতী অসীমা চৌধুরী/PP-383-385
discussed by — শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত/PP-385-387
discussed by — শ্রী তমশের আলী/PP-387-394
Replied by — শ্রী গণেশচন্দ্র মন্ডল/PP-394-396
Replied by — শ্রী অমলেন্দ্রলাল রায়/PP-396-403

Date : 18th July, 2003

STARRED QUESTIONS
(To which oral answers were given)

*343 — শ্রী কমল মুখার্জী

— শ্রী পরেশনাথ দাস
— শ্রী তাপস রায়
— শ্রী অতীশ চন্দ্র সিনহা
— শ্রী পদ্মনিধি ধর
— শ্রী পঙ্কজ ব্যানার্জী
— শ্রী সুধাংশু শীল
— শ্রী অসিত মিত্র
— শ্রী তপন হোড়/PP-405-411
*344 — শ্রী তপন হোড়
— শ্রী সৌগত রায়
— শ্রী আবু আয়েশ মন্ডল
— শ্রী সৌগত রায়
— শ্রী নির্বেদ রায়
— শ্রী জানে আলম মিঞা
— শ্রী নির্মল ঘোষ
— শ্রী পদ্মনিধি ধর
— শ্রী সাধন পাণ্ডে/PP-412-417
*345 — শ্রী সৌগত রায় ও
— শ্রী অম্বিকা ব্যানার্জী
শ্রী দেবপ্রসাদ সরকার/PP-417-420

STARRED QUESTIONS
(To which answers were laid in the 'Table')

346 — শ্রী আবু আয়েশ মন্ডল/P-421
347 — শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক/P-421
348 — শ্রী রামপদ সামন্ত/PP-421-422
349 — শ্রী আশীষ ব্যানার্জী/PP-422-423
350 — শ্রী নৃপেন গায়েন/P-423
351 — শ্রী দীপক কুমার ঘোষ/PP-423-424
352 — শ্রী সামসুল ইসলাম মোল্লা/PP-424-425
353 — শ্রী তমোনাশ ঘোষ/P-425
354 — শ্রী ইউনুস সরকার/P-425
355 — শ্রী জ্যোতির্ময় কর/P-425-426

356 — শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়/P-426
357 — শ্রী মন্টুরাম পাখিরা/P-426
358 — শ্রী অশোক দেব/P-427
359 — শ্রী অসিত মিত্র/P-427

UNSTARRED QUESTIONS

(To which answers laid on the 'Table')

136 — শ্রী আব্দুল মান্নান/PP-427-428
137 — শ্রীমতী সোনালী গুহ/P-429
138 — শ্রী কাশীনাথ মিশ্র/P-429
139 — শ্রী মন্টুরাম পাখিরা/PP-429-430
140 — শ্রী কমল মুখার্জী/P-430
141 — শ্রী কমল মুখার্জী/PP-430-431
142 — শ্রী অশোক দেব/P-431
143 — শ্রী জানে আলম মিঞা ও
শ্রী আবুল হাসনাৎ/P-431
144 — শ্রী ধনঞ্জয় মোদক/P-431
145 — শ্রী ধনঞ্জয় মোদক/P-432
146 — শ্রী ধনঞ্জয় মোদক/P-432
147 — শ্রী কমল মুখার্জী/P-432
148 — শ্রী নেপাল মাহাত/PP-432-433
149 — শ্রী অশোক দেব/PP-433-434
150 — শ্রী অশোক দেব/P-434
151 — শ্রী নিশিকান্ত মেহেতা/P-434
152 — শ্রীমতী মীনা সনাতনি/P-435
153 — শ্রীমতী সাধনা মল্লিক/PP-435-436
154 — শ্রী নেপাল মাহাত/P-436
155 — শ্রী কাশীনাথ মিশ্র/P-436
156 — শ্রী কাশীনাথ মিশ্র/P-437
157 — শ্রী ভূতনাথ সরেন/PP-437-438
158 — শ্রী মহবুবুল হক ও শ্রী মোস্তাক আলম/PP-438-439
159 — শ্রী আব্দুল মান্নান/P-439
160 — শ্রী নিত্যানন্দ বেরা/P-439

161 — শ্রী নিত্যানন্দ বেরা/PP-439-440
162 — শ্রী নিত্যানন্দ বেরা/P-440
163 — শ্রী মন্টুরাম পাখিরা/P-440
164 — শ্রী বিশ্বনাথ মন্ডল/P-440
165 — শ্রী জানে আলম মিঞা/P-441

ADJOURNMENT MOTION

by — শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়
— শ্রী নেপাল মাহাত / PP-441-442

CALLING ATTENTION

(i) Shri Sougata Roy (Selected)
(ii) Shri Tapan Hore
(iii) Shri Asit Mitra & Shri Nepal Mahato
(iv) Shri Gobinda Chandra Naskar
(v) Shri Sobhandeb Chattopadhyay/P-442

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORT

The Annual Report of the West Bengal State Electricity Board for the year 2001-2002
—by Shri Mrinal Banerjee/P-443

MENTION CASES

— শ্রী সৌগত রায়/P-443
— শ্রী তপন হোড়/P-443
— শ্রী সুব্রত মুখার্জী/PP-444-445
— শ্রী নেপাল মাহাত/P-444
— শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক/PP-444-445
— শ্রী প্রত্যুষ মুখার্জী/P-445

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS
DEMAND NO. 43 / PP-446-494

discussed by — শ্রী পঙ্কজ ব্যানার্জী/PP-446-450
— শ্রী নিখিল মুখার্জী/PP-451-454
— শ্রী প্রমথনাথ রায়/PP-454-457
— শ্রী বিজয় বাগদী/PP-457-459
— শ্রী সৌগত রায়/PP-459-464
— শ্রী ঈদ মহম্মদ/PP-464-467
— শ্রী অসিতকুমার মাল/PP-467-469
— শ্রী সেখ ইলিয়াস মহম্মদ/PP-469-470
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়/PP-470-473
— শ্রী পেলব কবী/473-476
— শ্রী অসিত মিত্র/476-480
— শ্রী কল্যাণ ব্যানার্জী/481-483
— শ্রী বংশীবদন মৈত্র/483-485
— শ্রী দেবপ্রসাদ সরকার/485-489
— শ্রী মৃণাল ব্যানার্জী/489-494

Date : 21st July, 2003

STARRED QUESTIONS
(to which oral answers were given)

*360 — শ্রী আব্দুল মান্নান/P-495
*361 — শ্রী তপন হোড়
— শ্রী সৌগত রায়
— শ্রী আবু আয়েশ মণ্ডল
— শ্রী দেবপ্রসাদ সরকার

— শ্রী অসিত মিত্র
— শ্রী পার্থ চ্যাটার্জী/PP-495-503
*362 — শ্রী অসিত মিত্র
— শ্রী রবীন্দ্র ঘোষ
— শ্রী অসিত কুমার মাল
— শ্রী অশোক কুমার দেব
— শ্রী মহবুবুল হক
— শ্রী কাশীনাথ মিত্র/PP-503-507
*363 — শ্রী আবু আয়েশ মণ্ডল/PP-507-508

STARRED QUESTIONS

(To which answers were laid on the 'Table')

*364 — শ্রী তমোনাশ ঘোষ/P-509
*365 — শ্রী সামসুল ইসলাম মোল্লা/P-509
*366 — শ্রী দীপক কুমার ঘোষ/P-510
*367 — শ্রী পঙ্কজ ঘোষ/P-510
*368 — শ্রী জানে আলম মিঞা/PP-510-511
*369 — শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা/P-511
*370 — শ্রী অশোক দেব/P-511
*371 — শ্রী পরেশনাথ দাস/P-511-512
*372 — শ্রী পার্থ চ্যাটার্জী/P-512

HELD OVER STARRED QUESTIONS

(To which answers were laid on the 'Table')

*277 — শ্রী আব্দুল মান্নান/P-512-513
*289 — শ্রী আব্দুল মান্নান/P-513

ADJOURNMENT MOTION

by — শ্রী সৌগত রায়/PP-513-514
— শ্রী অসিত কুমার মাল/P-514

CALLING ATTENTION (NOTICE)

P-514

by (i) —Shri Shamsul Islam Mollah
(ii) —Shri Kashinath Mishra
(iii) —Shri Sobhandeb Chattopadhyay
(iv) —Shri Tapan Hore
(v) —Shri Asit Kumar Mal
(vi) —Shri Saugata Ray & Shri Anadi Sahu (Selected)

STATEMENT BY MINISTER ON CALLING ATTENTION

by — Shri Kanti Biswas / PP-515-517

LAYING OF REPORTS AND ACCOUNTS

by — Shri Prabodh Chandra Sinha/ P-517

MENTION CASES

by — শ্রী মানিকলাল আচার্য/P-517
— শ্রী কাশীনাথ মিশ্র/PP-517-518
— শ্রী সামসুল ইসলাম মোল্লা/P-518
— শ্রী সমর হাজরা/P-518
— শ্রী ভক্তরাম পান/P-518
— শ্রী দেবপ্রসাদ সরকার/P-519
— শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-520
— শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত/P-520
— শ্রী অসিত মিত্র/P-521
— শ্রী তারাপদ চক্রবর্তী/P-521

— শ্রী নন্দদুলাল মাঝি/P-521
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়/PP-521-522
— শ্রী তপন হোড়/P-522
— শ্রী অসিত কুমার মাল/P-522
— শ্রী নৃপেন গায়েন/PP-522-523
— শ্রী সুশীল বিশ্বাস/P-523
— শ্রী রবীন্দ্র ঘোষ/P-523
— শ্রী সৌগত রায়/PP-523-524
— শ্রী অনাদি সাহু/P-524

ZERO HOUR

by — শ্রী সৌগত রায়/P-524
— শ্রী সামসুল ইসলাম মোল্লা/PP-524-525
— শ্রী কাশীনাথ মিশ্র/P-525
— শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-525
— শ্রী প্রত্যুষ মুখার্জী/P-525
— শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত/PP-525-526
— শ্রী রতন পাখিরা/P-526
— শ্রী অশোক দেব/P-526

LEGISLATION

The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 2003

Introduced, Replied and Passing/PP-526-527, PP-528-529
by — Shri Nisith Adhikary
discussed by — শ্রী কল্যাণ ব্যানার্জী/P-527
— শ্রী সামসুল ইসলাম মোল্লা/PP-527-528
— শ্রী আবু হেনা/P-528

FINANCIAL

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

Budget of the Government of West Bengal for 2003-2004

DEMAND NO. 45 & 28

/ PP-529-563

discussed by — শ্রী মহবুবুল হক/PP-530
— শ্রী ক্ষিতিরঞ্জন মন্ডল/PP-534-538
— শ্রী অসিত মিত্র/PP-536-539
— শ্রী তারাপদ চক্রবর্তী/PP-539-541
— শ্রী নির্বেদ রায়/PP-541-545
— শ্রী সরেশ আঁকুড়ে/PP-545-546
— শ্রীমতী শান্তা ছেত্রী/PP-546-549
— শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত/PP-549-550
— শ্রী অরুণাভ ঘোষ/PP-550-553
Replied by — শ্রী গৌতম দেব/PP-553-563

DEMAND NO. 6 / PP-563-583

discussed by — শ্রী অসিত কুমার মাল/PP-563-569
— ডাঃ অসীম বালা/PP-569-571
— শ্রী মহম্মদ ইয়াকুব/P-571
— শ্রী খাঁড়া সোরেন/PP-572-573
— শ্রী কিরীটী বাগদী/P-573
— শ্রীমতী শান্তা ছেত্রী/P-575
Replied by — শ্রী আনিসুর রহমান/PP-575-583

DEMAND NO. 7

Discussed by — শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর/PP-583-587
— শ্রী মকর টুডু/PP-587-589

— শ্রী বাচ্চামোহন রায়/PP-589-590
— শ্রীমতী শান্তা ছেত্রী/PP-590-592
— শ্রী অসিত কুমার মাল/PP-592-594
replied by — শ্রীমতী বিলাসীবালা সহিস/PP-594-595
— শ্রী উপেন কিসকু/PP-595-601

Date : 22nd July, 2003

STARRED QUESTIONS
(to which oral answers given)

*376 — শ্রী জানে আলম মিঞা এবং
— শ্রী আবুল হাসনাৎ
— শ্রী অসিত মিত্র
— শ্রী সামসুল ইসলাম মোল্লা
— শ্রী জ্যোতির্ময় কর
— শ্রী আবু আয়েশ মন্ডল
— শ্রী বিপ্লব রায়চৌধুরী
— শ্রী বিশ্বনাথ মন্ডল/PP-603-606
*377 — শ্রী অতীশ চন্দ্র সিংহ
— শ্রী দেবপ্রসাদ সরকার
— শ্রী জানে আলম মিঞা
— শ্রী প্রবোধ পুরকায়স্থ
— শ্রী শিবপ্রসাদ মালিক
— শ্রী ক্ষিতিরঞ্জন মন্ডল
— শ্রী নেপাল মাহাত/PP-606-612
*378 — শ্রী ব্রহ্মময় নন্দ
— শ্রী রতন দাস
— শ্রী তমোনাশ ঘোষ
— শ্রী বঙ্কিম ঘোষ

— শ্রী আব্দুল মান্নান
— শ্রী গুরুপদ দত্ত
— শ্রী পুন্ডরীকাক্ষ সাহা
— শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম
— শ্রী আবু তাহের খান
— শ্রী জাহাঙ্গীর করিম
— শ্রী কাশীনাথ মিশ্র/PP-612-615
*379 — শ্রী দীপক কুমার ঘোষ/PP-615-617

STARRED QUESTIONS

(to which answers were laid on the 'Table')

*380 — শ্রী শ্যামাপ্রসাদ পাল/P-617
*381 — শ্রী জ্যোতির্ময় কর/P-618
*382 — শ্রী নির্মল দাস/PP-618-619
*383 — শ্রী মহবুবুল হক ও শ্রীমতী সাবিত্রী মিত্র/PP-619-620

ADJOURNMENT MOTION

PP-620-622

by — শ্রী কাশীনাথ মিশ্র
— শ্রী অসিত মাল
— শ্রী দেবপ্রসাদ সরকার

CALLING ATTENTION (NOTICE)

(i) Shri Kashinath Mishra & Manturam Pakhira (Selected)
(ii) Shri Nepal Mahato
(iii) Shri Asit Mitra
(iv) Shri Asit Kumar Mal & Shri Sougata Roy/P-622

STATEMENT BY MINISTER ON CALLING ATTENTION

by—Shri Biswanath Chowdhury/PP-623-624

MENTION CASES

— শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা/P-624
— শ্রী সামসুল ইসলাম মোল্লা/P-624
— শ্রী জ্যোতির্ময় কর/P-625
— শ্রী বঙ্কিম ঘোষ/P-625
— শ্রী অখিল গিরি/P-625
— শ্রী গোকুল রায়/P-626
— শ্রী কাশীনাথ মিশ্র/P-626
— শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-626
— শ্রী নেপাল মাহাত/P-626
— শ্রী কমলাক্ষী বিশ্বাস/P-627
— শ্রী অসিত মিত্র/P-627
— শ্রী জানে আলম মিঞা/P-627
— শ্রী আব্দুল মান্নান/PP-627-628
— শ্রীমতী মাফুজা খাতুন/P-628
— শ্রী সৌগত রায়/PP-628-629
— শ্রী শেখ ইলিয়াস মহম্মদ/P-629
— শ্রী মন্টুরাম পাখিরা/P-629
— শ্রী ধনঞ্জয় মোদক/P-630
— শ্রী শান্তিরাম মাহাতো/P-630
— শ্রী ভূতনাথ সোরেন/P-630
— শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর/P-630
— শ্রী রতন দাস/P-630-631
— শ্রী অতীশ চন্দ্র সিংহ/P-631
— শ্রী ভবানী শঙ্কর হাতিয়াল/P-631
— শ্রী গোলাম কিব্রিয়া মিঞা/PP-631-632
— শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক/P-632
— শ্রী আবু তাহের খান/P-632
— শ্রী ব্রহ্মময় নন্দ/P-632

— শ্রী জাহাঙ্গীর করিম/PP-632-633
— শ্রী অসিত কুমার মাল/P-633
— শ্রী কার্তিক চন্দ্র বাগ/P-633
— শ্রী বিশ্বনাথ মণ্ডল/PP-633-634
— শ্রী আবু আয়েশ মন্ডল/P-634
— শ্রী সরেশ আঁকুড়ে/P-634
— শ্রীমতী অসীমা চৌধুরী/P-634

ZERO HOUR

— শ্রী কাশীনাথ মিশ্র/P-635
— শ্রী শেখ ইলিয়াস মহম্মদ/P-635
— শ্রী জ্যোতির্ময় কর/PP-635-636
— শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক/P-636
— শ্রী নেপাল মাহাত/P-636
— শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-636
— শ্রী সৌগত রায়/PP-636-637
— শ্রীমতী অসীমা চৌধুরী/P-637
— শ্রী রতন দাস/PP-637-638
— শ্রী বঙ্কিম ঘোষ/P-638
— শ্রী অসিত মিত্র/P-638
— শ্রী শান্তিরাম মাহাতো/P-638
— শ্রী অসিত কুমার মাল/P-639

GOVERNMENT BUSINESS

LEGISLATION

The Kolkata Land Revenue Bill, 2003
Introduction, Consideration and Passing / PP-639-654
discussed by — শ্রী সৌগত রায়/PP-640-644
— শ্রী সামসুল ইসলাম মোল্লা/PP-644-646

— শ্রী অতীশ চন্দ্র সিংহ/PP-646-649

replied by and passing — শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা/PP-649-650

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

DEMAND NO. 55 / PP-650-651

discussed by — শ্রী কাশীনাথ মিশ্র/PP-652-655

— শ্রী রতন পাখিরা/PP-655-657

— শ্রী মেহবুব মন্ডল/PP-657-659

— শ্রী মহবুবুল হক/PP-659-662

— শ্রী ধনঞ্জয় মোদক/PP-662-664

— শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত/PP-664-665

— শ্রী কল্লোল খাঁ/PP-665-666

replied by — শ্রী নন্দগোপাল ভট্টাচার্য্য/PP-666-668

DEMAND NO. 56 and 33 / PP-669-696

discussed by — শ্রী অসিত মিত্র/PP-671-674

— শ্রীমতী সাধনা মল্লিক/PP-675-676

— শ্রী জ্যোতির্ময় কর/PP-676-678

— শ্রী কমলাক্ষী বিশ্বাস/PP-678-680

— শ্রী চৌধুরী মোহন জাটুয়া/PP-680-681

— শ্রী জানে আলম মিঞা/PP-681-682

— শ্রী শেখ ইলিয়াস মহম্মদ/PP-682-683

— শ্রীমতী মায়ারানী পাল/PP-683-684

— শ্রী বিশ্বনাথ মন্ডল/PP-684-686

— শ্রী সৌগত রায়/PP-686-690

replied by — শ্রী বিশ্বনাথ চৌধুরী/PP-690-695

Date : 23th July, 2003

STARRED QUESTIONS
(to which oral answers were given)

*384 — শ্রী আব্দুল মান্নান
— শ্রী অম্বিকা ব্যানার্জী
— শ্রী আবু তাহের খান
— শ্রী তপন হোড়
— শ্রী শ্যামাপ্রসাদ পাল
— শ্রী তাপস রায়
— শ্রী কমল মুখার্জী
— শ্রী পরশ দত্ত/PP-697-705
*385 — শ্রী ইউনুস সরকার
— শ্রী পার্থ চ্যাটার্জী
— শ্রী মানস মুখার্জী
— শ্রী অতীশ চন্দ্র সিংহ
— শ্রী অরুণাভ ঘোষ
— শ্রী আবু আয়েশ মন্ডল
— শ্রী পঙ্কজ ব্যানার্জী
— শ্রী নির্মল দাস
— শ্রী অপূর্ব মুখার্জী
— শ্রী সৌগত রায়/PP-709-711
*386 — শ্রী অতীশ চন্দ্র সিংহ
— শ্রী রবীন্দ্র ঘোষ
— শ্রী নেপাল মাহাত/PP-711-714

STARRED QUESTIONS
(to which answers laid on the 'Table')

*387 — শ্রী শিবপ্রসাদ মালিক/P-715
*388 — শ্রীমতী সোনালী গুহ/P-716
*389 — শ্রী নির্মল দাস/P-716
*390 — শ্রী কাশীনাথ মিশ্র/PP-716-717
*391 — শ্রী সামসুল ইসলাম মোল্লা/P-717
*392 — শ্রী নিয়ামত সেখ/P-721
*393 — শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-717
*394 — শ্রী কমল মুখার্জী/P-718
*395 — শ্রী জানে আলম মিঞা/P-718
*396 — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা/PP-718-719
*397 — শ্রী রতন পাখিরা/P-719
*398 — শ্রী আব্দুল মান্নান/P-719
*399 — শ্রী জানে আলম মিঞা ও আবুল হাসনাৎ/P-719-720
*400 — শ্রীমতী সোনালী গুহ/P-720
*401 — শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-720

HELD OVER STARRED QUESTION
(to which answers was laid on the Table)

— শ্রী শঙ্কর সিংহ ও শ্রী আব্দুল মান্নান/PP-720-721

GRANT OF LEAVE TO NO CONFIDENCE MOTION

/PP-721-722

by—Shri Pankaj Banerjee and
Shri Saugata Roy

ADJOURNMENT MOTION

/P-722

by — শ্রী অসিত মিত্র

CALLING ATTENTION (NOTICE)

/PP-722-723

(i) Shri Jyoti Priya Mallick, Shri Kashinath Mishra & Shri Kallol Khan

(ii) Shri Asit Mitra & Shri Nepal Mahato

(iii) Shri Saugata Roy

(iv) Shri Abdul Mannan

(v) Shri Tapan Hore

(vi) Shri Manas Mukherjee (Selected)

STATEMENT BY MINISTER ON CALLING ATTENTION

replied by — Dr. Surjya Kanta Mishra/PP-723-724

— Shri Amar Chowdhury/PP-724-728

— Dr. Surjya Kanta Mishra/PP-728-732

LAYING OF REPORT

Laid by — Shri Prabodh Chandra Sinha/P-732

MENTION CASES

by — শ্রী গুরুপদ দত্ত/P-732

— শ্রী পঙ্কজ ব্যানার্জী/PP-732-733

— শ্রী মুজিবর রহমান/P-733
— শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক/P-733
— শ্রী আব্দুল মান্নান/P-733
— শ্রী জানে আলম মিঞা/P-734
— শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা/PP-734-735
— শ্রী রামচরণ বাউরি/P-735
— শ্রী কল্লোল খাঁ/P-735
— শ্রী ইলিয়াস মহম্মদ/P-735
— শ্রী নেপাল মাহাত/P-735
— শ্রী আনন্দ গোপাল দাস/P-736
— শ্রী কাশীনাথ মিশ্র/P-736
— শ্রী ভূতনাথ সরেন/P-736
— শ্রী অসিত মিত্র/PP-736-737
— শ্রী দীপক বেরা/P-737
— শ্রী কমল মুখার্জী/P-737
— শ্রীমতী সুস্মিতা বিশ্বাস/P-737
— শ্রী অজিত ভুইঞা/PP-737-738
— শ্রী ভবানী শঙ্কর হাতিয়াল/P-738
— শ্রী মন্টুরাম পাখিরা/P-738
— শ্রী নন্দদুলাল মাঝি/P-738
— শ্রী অজয় দে/PP-738-739
— শ্রী সুভাষ মন্ডল/P-739
— শ্রী সৌগত রায়/P-739
— শ্রী সরেশ আঁকুড়ে/PP-739-740
— শ্রী শান্তিরাম মাহাতো/P-740
— শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক/P-740
— শ্রী অশোক কুমার দেব/PP-740-741
— শ্রী সাম্য পেয়ারী মাহাতো/P-741
— শ্রীমতী মায়ারানী পাল/P-741
— শ্রী মানস মুখার্জী/P-741
— শ্রী প্রমথনাথ রায়/P-742
— শ্রী বংশীবদন মৈত্র/P-742
— শ্রী আবু তাহের খান/P-742
— শ্রী দিবাকান্ত রাউত/PP-742-743
— শ্রী পবনকুমার লাকড়া/P-743

— শ্রী রবীন্দ্রনাথ ঘোষ/P-743-744
— শ্রী গোলাম কিব্রিয়া মিঞা/P-744
— শ্রী মহঃ আব্দুল করিম চৌধুরী/P-744
— শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-744-745

ZERO HOUR

— শ্রী অশোক দেব/P-745
— শ্রী কাশীনাথ মিশ্র/P-745
— শ্রী সৌগত রায়/PP-745-746
— শ্রী অসিত মিত্র/P-746
— শ্রী প্রফুল্ল ভৌমিক/P-747
— শ্রী নেপাল মাহাত/P-747
— শ্রী তাপস চট্টোপাধ্যায়/P-747
— শ্রী লক্ষ্মীকান্ত রায়/P-747
— শ্রী প্রত্যুষ মুখার্জী/P-748
— শ্রী শান্তিরাম মাহাতো/P-748
— শ্রী সুব্রত বক্সী/P-748

LEGISLATION

The West Bengal State Health Service (Amendment) Bill, 2003

discussed by — শ্রী অরুণাভ ঘোষ/PP-749-752
— ডাঃ প্রভীণ কুমার সাউ/PP-752-756
Replied by and passing — ডাঃ সূর্য্যকান্ত মিশ্র/PP-756-761

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

Demand No.-9 and 44 / PP-758-814

discussed by — শ্রী পার্থ চ্যাটার্জী/PP-759-767

— শ্রী কৃষ্ণকিশোর রায়/PP-767-771
— শ্রী হরিপদ বিশ্বাস/PP-771-775
— শ্রী নেপাল মাহাত/PP-775-777
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়/PP-777-781
— শ্রী নির্মল দাস/PP-781-787
— শ্রী সৌগত রায়/PP-787-789
— শ্রী সেখ ইলিয়াস মহম্মদ/PP-789-790
— শ্রী নির্মল ঘোষ/PP-791-785
— শ্রী মদন বাউড়ি/PP-795-796
— শ্রী অপূর্ব সরকার/PP-796-798
— শ্রী সাধু টুডু/PP-798-800
— শ্রী অসিত মিত্র/PP-800-805
replied by — শ্রী নিরুপম সেন/PP-805-812